এটা অনুসন্ধান করে দেখতে হবে। আমি যতদূর খবর জানি আমার কাছে কোন অভিযোগ আসেনি।

জেলা স্কুলবোর্ড কর্মচারীদের দাবিদাওয়া সম্বলিত স্মারকলিপি

*৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯২।) শ্রীআবদুল বারি বিশ্বাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের জেলা স্কুলবোর্ড কর্মচারীদের দাবিদাওয়া সম্বলিত কোন স্মারকলিপি সম্প্রতি সরকারের নিকট আসিয়াছে কিনা; এবং

(খ) আসিয়া থাকিলে,

(১) কবে আসিয়াছে,

(২) উক্ত দাবিগুলি কি কি, ও

(৩) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

Shri Mrityunjoy Banerjee :

(ক) হ্যাঁ, আসিয়াছে।

(খ) (১) গত ৫-৩-৭৪ তারিখে উক্ত স্মারকলিপিটি শিক্ষা বিভাগে আসিয়াছে।

(২) নিম্নলিখিত দাবীগুলি উক্ত স্মারকলিপির অন্তর্ভুক্ত ছিল:

(১) গ্রাচুইটির পরিমাণ সরকারী কর্মচারীদের গ্রাচুইটির সমান করা;
(২) পেনসান চালু করা;
(৩) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাকুরীর তারিখ হইতে প্রভিডেন্ট ফান্ডের সুযোগ দান।
(৪) জেলা স্কুল বোর্ডের অফিসে কর্মচারী প্রেরণ;
(৫) উপদেষ্টা কমিটিতে কর্মচারীদের প্রতিনিধি প্রেরণ;
(৬) প্রভিডেন্ট ফান্ডে চাঁদার হার ৬$\frac{১}{৪}$% পারসেন্ট হইতে বৃদ্ধি করিয়া ৮$\frac{১}{৩}$% পারসেন্ট করা;
(৭) টাইপিস্ট/করণিক/পিওনের পদ সৃষ্টি;
(৮) এক বৎসরের অধিককাল কর্মরত কর্মচারীদের স্থায়ীকরণ;
(৯) সাইকেল ক্রয়ের জন্য অগ্রিম অর্থপ্রদান;
(১০) প্রাথমিক শিক্ষা ব্যবস্থার দায়িত্বভার বোর্ডকে প্রদান;
(১১) অফিস সুপারিনটেনডেন্ট ও কোষাধ্যক্ষের পদ সৃষ্টি;
(১২) ফাইনান্স অফিসারদের পদ প্রমোসন দ্বারা পূরণ করা;
(১৩) হেড ক্লার্ক ও একাউন্ট্যান্ট পদের বেতন হার পুনর্বিন্যাস করা;
(১৪) গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর করা;
(১৫) সহর ভাতা সংক্রান্ত শিক্ষা বিভাগের ২০-৫-৭২ তারিখের ; ৯৮৬-ই.ডি.এন(পি) নং আদেশটি বাতিল করা।

(৩) উক্ত ১৫ দফা দাবীগুলি সম্পর্কে সরকার যে যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করিতেছেন তাহা নিম্নে বর্ণিত হইল ঃ

(১) জেলা স্কুল বোর্ড কর্মচারীদের গ্রাচুইটির সর্বোচ্চ সীমা ১-৬-৭২ হইতে ১৫০০ টাকা হইতে বৃদ্ধি করিয়া ২000 টাকা করা হইয়াছে। ইহা ৩000 টাকা করার একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

(২) পেনসন—সরকারের বিবেচনাধীন আছে।

(৩) প্রভিডেন্ট ফান্ড—এই প্রকল্পটি চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে ১-৭-৭১ হইতে প্রথম চালু করা হইয়াছে। পরিষদীয় বিভাগ ও সরকারী বিধি উপদেষ্টার (লেজিসলেটিভ ডিপার্টমেন্ট এবং লিগ্যাল রিমেমব্রান্স-এর) মতানুসারে কোন বিধিবদ্ধ রুলকে পূর্ব তারিখ হইতে কার্যকর করা যায় না।

(৪) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের মাপকাঠি নির্ধারণ করিবার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত মাপকাঠির পরিবর্তন করা সম্ভব নহে।

(৫) সরকার ইহা প্রয়োজন বলিয়া মনে করেন না।

(৬) অধিকাংশ স্কুলে প্রভিডেন্ট ফান্ডে দেয় চাঁদার হার ৬$\frac{১}{৪}$% পারসেন্ট চালু আছে। এই হার পরিবর্তন করা সম্ভব হবে।

(৭) ইস্যু, ডেসপ্যাচ ক্লার্ক, টাইপিস্ট-এর পদ সৃষ্টি সরকারের বিবেচনাধীন আছে।

(৮) কোন কোন বোর্ড সরকারী অনুমোদন ব্যতিরেকে কর্মচারী নিয়োগ করায় এই সমস্যা সৃষ্টি হইয়াছে। কয়েকটি ক্ষেত্রে প্রয়োজনীয় অনুমোদন ইতিমধ্যেই দেওয়া হইয়াছে। এই সম্পর্কে সুনির্দিষ্ট কোন ঘটনা সরকারের গোচরে আনা হইলে উপযুক্ত ব্যবস্থা লওয়া হইবে।

(৯) এই বিষয়টি পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(১০) নূতন প্রাথমিক শিক্ষা আইনে শহর ও গ্রামের শিক্ষা ব্যবস্থা প্রাথমিক শিক্ষা কাউনসিলের অধীনে আনার ব্যবস্থা হইবে।

(১১) অফিস সুপারিনটেনডেন্টের বা কোষাধ্যক্ষের পদ সৃষ্টি করার প্রয়োজনীয়তা উপলব্ধি করা যাচ্ছে না।

(১২) ন্যূনতম যোগ্যতা থাকিলে বোর্ডের কর্মচারীগণও ফাইন্যান্স অফিসার পদের জন্য বিবেচিত হইতে পারেন এই মর্মে নিয়োগবিধি প্রস্তুত করা হইতেছে। অবশ্য সম্পূর্ণ বিষয়টি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেসন বিল, ১৯৭৩-এর পরিপ্রেক্ষিতে বিচার করিতে হইবে।

(১৩) ১-৪-৭০ হইতে বোর্ডের কর্মচারীদের বেতন হার সরকারী কর্মচারীদের অনুরূপ করা হইয়াছে। বর্তমানে আর কোন সংশোধন সম্ভব নহে।

(১৪) বোর্ডের কর্মচারীগণ গৃহ নির্মাণ বিভাগের নিম্ন আয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য যে প্রকল্প চালু আছে তাহার সুযোগ লইতে পারেন।

(১৫) "সহর ভাতা" ইত্যাদি সম্পর্কিত বিষয়টি হাইকোর্টের বিচারাধীন আছে

Shri Ahdul Bari Biswas :

মন্ত্রিমহাশয় জানাবেন কি, স্কুল বোর্ডে বর্তমানে যে হারে ছাত্রসংখ্যা বেড়েছে এবং তাতে কাজের পরিমাণ যে হারে বেড়েছে তাতে স্কুল বোর্ডের করণিকের সংখ্যা বৃদ্ধি করা হবে কিনা এবং আইন অনুযায়ী যে কোটা দেওয়া আছে সেই অনুসারে করণিক দেওয়া হবে কিনা?

Shri Mrityunjoy Banerjee :

আমরা এটা বিবেচনা করছি।

প্রাথমিক শিক্ষাক্ষেত্রে বরাদ্দ অর্থ ব্যয়

*৪১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৫।) শ্রীগৌতম চক্রবর্তী : শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শিক্ষা দপ্তরের গত বছরের বরাদ্দ অর্থ বিশেষ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সম্পূর্ণ খরচ হয় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) সকল জেলায় পরিকল্পনা অনুযায়ী প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইয়াছে কি না; এবং

(ঘ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

Shri Mrityunjoy Banerjee :

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, তবে সামান্য কিছু শিক্ষক নিয়োগ এখনও বাকী আছে।

(ঘ) বাকী থাকিবার কারণগুলি এইরূপ :

(১) কিছু সংখ্যক বিদ্যালয়ের প্রস্তাব জেলা স্কুল বোর্ড ও জেলা পরিদর্শকের নিকট হইতে এখনও আসে নাই,

(২) কিছু সংখ্যক বিদ্যালয় এখনও পরীক্ষাধীন ও জেলান্তরে পুনঃপ্রেরণের জন্য বিবেচনাধীন আছে, এবং

(৩) বরাদ্দের পর বিদ্যালয় অনুমোদন ও শিক্ষক নিয়োগের প্রস্তাব বিলম্বে প্রেরণ করা।

Shri Gautam Chakravartty :

উনি বললেন কিছু শিক্ষক বাকী আছে। আমার প্রশ্ন হচ্ছে মোট কত শিক্ষক নিয়োগ করা হয়নি?

Shri Mrityunjoy Banerjee :

আমাদের চতুর্থ পরিকল্পনায় যেখানে ২১ হাজার ৬০৮ জন শিক্ষক নিয়োগ করবার কথা ছিল সেখানে আমরা নিয়োগ অনুমোদন করেছি ১৯ হাজার ৭৫২ জন অর্থাৎ বাকী আছে ১৮৫৬ জন এবং বিদ্যালয় অনুমোদন বাকী আছে ১৬৫টি।

Shri Ananta Kumar Bharati :

মন্ত্রিমহাশয় বললেন জেলা পরিদর্শকের কাছ থেকে লিস্ট আসেনি। আমার প্রশ্ন হচ্ছে শিক্ষা দপ্তরের যাঁরা দায়িত্বশীল কর্মী যাঁদের গাফিলতির জন্য এই জিনিস হয়েছে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

Shri Mrityunjoy Banerjee :

এইসব সিলেকসনগুলি বোর্ড করে, শিক্ষা দপ্তর করে না। আর বোর্ড মানে এ্যাডভাইসারি কমিটি।

[1-50—2 p.m.]

Shri Gautam Chakravartty :
প্রাথমিক শিক্ষার জন্য কেন্দ্র থেকে যে বিশেষ বরাদ্দ এসেছিল তার পুরো টাকাটা কি খরচ হয়েছে?

Shri Mrityunjoy Banerjee :
আমি অফ্ হ্যান্ড বলতে পারছি না।

Shri Gautam Chakravartty :
ইহা কি সত্য যে শিক্ষা দপ্তরের গত বছরের বিশেষ বরাদ্দ অর্থ খরচ হয়নি, এই যে বিশেষ অর্থ সেটা স্টেট গভর্ণমেন্টেরও থাকতে পারে আবার সেন্ট্রাল গভর্ণমেন্টেরও থাকতে পারে—এই দুটো টাকাই বরাদ্দ করা টাকা খরচ হয়েছে কি?

Shri Mrityunjoy Banerjee :
আমি তো বললাম যে অফ্ এ্যান্ড আমি কিছু বলতে পারব না তবে নোটিশ দিলে বলতে পারি।

Shri Gautam Chakravartty :
স্যার আমার কাছে খবর আছে এডুকেশান ডিপার্টমেন্ট সেন্ট্রাল গভর্ণমেন্টের সেই টাকা খরচ করেন নাই এটা কি সত্য এবং সত্য হইলে এর কারণ কি?

Shri Mrityunjoy Banerjee :
সেন্ট্রাল আমাদের এ্যাসিসটেন্স দেয়, কতকগুলি স্কীম দেয়, কতগুলি কনডিশান থেকে সেই কনডিশানটা পূরণ হলে তবে সাহায্যটা পাওয়া যায়। তবে এই বিষয়ে আরও অনুসন্ধান করে দেখতে হবে।

Shri Mahammad Dedar Baksh :
আপনি বললেন যে ১৮০০ জনের মত শিক্ষক নিয়োগ এখন বাকী আছে, ১৬৫টী স্কুল এখনও বাকী আছে, সেটা কোন কোন জেলার স্কুল বোর্ড এখনও পাঠাতে পারেনি, মাননীয় মন্ত্রিমহাশয় সেটা একটু দয়া করে জানাবেন কি?

Shri Mrityunjoy Banerjee :
জেলাগুলির নাম এখন আমার কাছে নাই।

Cultivation of Orchid

***411.** (Admitted question No. *189) **Shri Md. Safiullah :** Will the Minister in-charge of the Forest Department be pleased to state—

(a) how many species of indigenous Orchids have been cultivated at the Takda Orchid Culture Centre;

(b) (i) how many hybrid varieties of Orchids have been cultivated there, and (ii) what are their species; and

(c) the amount of revenue earned by the Government by export of Orchids up to the 31st January, 1974, during 1973-74;

Shri Sitaram Mahato :

(a) Seventy species of indigenous Orchids have been cultivated at Takdah Centre.

(b) Thirty-five hybrid varieties of Orchids have been cultivated there.

The names of the varieties are as follows :

Species	Varieties	Species	Varieties
Cymbidium	Hybrid mixed	Cymbidium	Red start
,,	Tracyanum X Lowaimum	,,	S. J. Hendbury
		,,	Golden powelsii
Catthya	White emblem	,,	Coral sea
,,	David	,,	Red Signal
,,	Trianae X Lady	,,	Golden rod
,,	Veitchie	,,	Lillen Hall
,,	Purple	,,	Queen Elizabeth
,,	B. C. Hard Land X C. Horatius	,,	Huppoo
		,,	Alexendri
,,	Clothe X Gladiator	,,	Red
,,	B. L. C. X Peredur	,,	Cross-land
,,	L. C. X Bignor	,,	Prince of Persia
,,	L. C. X Clarkiac	,,	Hard Fordiunum
,,	B. C. Westward— H. O. X Yellow-Hammer	,,	Eda Cobe
		,,	Snow boat
		,,	Swallow
		,,	Arabian Knight
		,,	Parcel
		,,	Parrot
		,,	Golden Rose
		,,	Sizan Cherry
		,,	Grandi Florius X Lowsinum

(c) Export has not been done by the Department.

Shri Md. Safiulla :

াননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে স্পেসিস দিয়েছেন তা এই ইনডিজিনিয়াস ্পসিস-এর মধ্যে ভান্ডা এটা খুব ইমপরটেন্ট স্পেসিস, এই দুটো স্পেসিসের মধ্যে ইনক্লুড াই কেন?

Shri Sitaram Mahato :

াগুলি ইনক্লুড নাই আপনি নামগুলি দিয়ে দিবেন আমি দেখব।

Shri Md. Safiulla :

াপনি যে ক্যাটালিয়া স্পেসিসের কথা বলেছেন এটা খুব ভ্যালুএবেল এর অরকিড জিনারা াবস্পেসিস আছে—এগুলি কতগুলি আমাদের এখানে ইনট্রোডিউস করা হয়েছে বলতে পারেন?

Shri Sitaram Mahato :

৫টা অরকিড অলরেডি আমাদের এখানে ইনট্রোডিউস করা হয়েছে এবং সেই সমস্ত নাম ি এখানে দেওয়া হয়েছে।

Shri Md. Safiulla :
সিকিম এবং ভুটানের ফ্রন্ট-এ আরও অনেক দুঃষ্প্রাপ্য এবং রেয়ার জাতের অরকি পাওয়া যায়, সেই সমস্ত অরকিড ওখান থেকে কালেকশান করে তাগদায় আনা হয়েছে কি

Shri Sitaram Mahato :
আনা হয়েছে কিনা এখুনি বলতে পারব না, তবে আমাদের এইরূপ পরিকল্পনা আছে

Shri Md. Safiulla :
আপনার মেন পারপাস এক্সপোর্ট-এর জন্য তো অরকিড কালচার করছেন, আপনি বলেছে যে এক্সপোর্ট করছি না তাহলে অরকিড আমরা কালচার করছি—আমাদের তো ইনটার ন্যাশানাল মারকেট নেই তাহলে কি আমরা ইউরোপীয়ান মার্কেটের জন্য আমরা কালটিভে করছি। আমি জিজ্ঞাসা করছি এক্সপোর্ট না করার কারণটা কি?

Shri Sitaram Mahato :
আমরা এখনও এক্সপোর্ট করছি না, আমাদের বাইরে থেকে যে সমস্ত টুরিষ্ট আসে তার এখানে এসে কিনে নিয়ে যায়, এবং আমরা কিছু ভুটানে দিয়েছি, এরপরে ষ্টেট ট্রেডি কর্পোরেশানের সঙ্গে আমাদের আলোচনা চলছে যাতে আমরা বাইরে পাঠাতে পারি।

Shri Md. Safiulla :
আমরা দেখেছি তাগদা অরকিড কালচার সেন্টার এবং সেজন্য প্রশংসা করছি যে এই রক একটা স্কীম আপনি নিয়েছেন। আমার একটা প্রশ্ন আছে এই সম্বন্ধে যে এই তাগদ অরকিড কালচার সেন্টার করেছেন এতে কত একর জমি নেওয়া হয়েছে এবং আজ পর্য কত টাকা স্পেন্ড করা হয়েছে কি পারপাসে?

Shri Sitaram Mahato :
জায়গার পরিমাণটা এখন বলা সম্ভব নয়, তবে আমাদের যে স্কীমটা আছে সেটা হচ্ছে ৩ লক্ষ ২০ হাজার টাকার স্কীম যেটা আমাদের সম্পূর্ণ হলে পরে খরচ হবে।

Shri Md. Safiulla :
এখন পর্যন্ত আমরা যা দেখলাম, ওনারা বললেন যে আমরা মার্কেটে সেল করতে পারি। আমাদের ইনটারন্যাল মার্কেটে এই অরকিড সেল করে কিছু আয় হয়েছে কি, হয়ে থাকলে কত?

Shri Sitaram Mahato :
আমাদের হয়েছে আজ পর্যন্ত প্রায় দেড় হাজার টাকার মত লাভ হয়েছে।

পরীক্ষা পদ্ধতির সংস্কার

*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মা মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সর্বস্তরে পরীক্ষা পদ্ধতি সংস্কারের যে বিষয়টি বিবেচনাধীন ছিল তাহা বর্তমা কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাত উহা কার্যকর হইবার সম্ভাবনা?

Shri Mrityunjoy Banerjee :

(ক) প্রাথমিক, মাধ্যমিক এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়ের স্তরে পরীক্ষা-পদ্ধতি, পাঠক্রম, ঠ্যসূচী ইত্যাদি বিষয়ে শিক্ষক, বিশেষজ্ঞ ও অন্যান্যদের লইয়া গত বৎসর কতকগুলি লোচনাচক্র অনুষ্ঠিত হয়েছিল। আলোচনার ফলে পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত তকগুলি সুপারিশ করা হয়েছিল। প্রাথমিক স্তরে চতুর্থ শ্রেণীর শেষে চূড়ান্ত সাধারণ রীক্ষাটি তুলিয়া দেবার কথা সরকারের বিবেচনাধীন আছে।

মাধ্যমিক স্তরে মধ্যশিক্ষা পর্ষৎ ইতিমধ্যে নূতন পাঠক্রম চালু ও কিছু কিছু নূতন ধরণের রীক্ষা ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

কলেজস্তরে সুপারিশগুলি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট পাঠান হয়েছে।

বিশ্ববিদ্যালয়স্তরে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য সরকারের উদ্যোগে কয়েকটি মিটিং রা হয়েছে। এইগুলিতে যে সব সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা বিবেচনার জন্য বিশ্ববিদ্যালয়-লিতে পাঠানো হয়েছে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব বিশ্ববিদ্যালয়গুলির।

(খ) প্রশ্নটি উঠে না।

Shri Biswanath Chakrabarti :

প্লিমেন্টারি, স্যার, এখন মধ্যশিক্ষা পর্ষৎ অবশ্য তাদের নূতন পাঠক্রম চালু করতে গিয়ে ছু পদ্ধতি সাজেশ্ট করেছে, এটা দেখেছি, এবং পরিবর্তন কিছু কিছু করেছেন। এখন লেজের পরীক্ষা সম্পর্কে, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সম্পর্কে কয়েক বৎসর আগে কলকাতা শ্ববিদ্যালয়ের সিনেট তারা কতকগুলি সাজেশন উপস্থিত করেছিল সেই সম্পর্কে সরকার বিবেচনা করেছেন?

Shri Mrityunjoy Banerjee :

।, সাজেশনস্ বোধহয় নিজেদের কাছেই উপস্থিত করেছিলেন। সরকারের কাছে আনার য়াজন হয় না।

Shri Biswanath Chakrabarti :

, সরকার যখন বিশেষজ্ঞ কমিটি বসাবেন বা আলোচনা করবেন সেমিনারে বলেছিলেন খন স্বভাবতঃই একটা বিশ্ববিদ্যালয়ের সিনেট তারা যে পরীক্ষা পদ্ধতির পরিবর্তনের পারিশগুলি করলেন সেগুলিতো সরকার নিশ্চয়ই বিবেচনা করবেন আশা করতে পারি?

Shri Mrityunjoy Banerjee :

রা যদি এইগুলি সরকারের কাছে পাঠান তাহলে নিশ্চয়ই বিবেচনা করে তাঁদের কাছে রত দেবেন আবার রিপোর্টটি।

Shri Biswanath Chakrabarti :

র একটা প্রশ্ন করি, স্যার, আমাদের যে পরীক্ষা পদ্ধতি আছে সেটা সকলেই বলেছেন ই পরীক্ষা পদ্ধতির ফলে ছাত্ররা পড়াশুনা করছে কিনা সারা বৎসর ধরে টেস্টেড হচ্ছে না। খন মধ্যশিক্ষা স্তরে এবং কলেজ, বিশ্ববিদ্যালয়ের স্তরে যাতে নিয়মিত পড়াশুনা চালাবার ন্য তার এ্যাসেসমেন্ট ও রি-ভ্যালুয়েশনটাও হয় এমন কোন নির্দিষ্ট প্রস্তাব সরকারের ছে এসেছে কিনা?

Shri Mrityunjoy Banerjee :

সেরকম আসেনি।

Shri Harasankar Bhattacharyya :
আপনি হয়ত দেখেছেন ইউ.জি.সি, সারা ভারতের কতকগুলি ইউনিভারসিটিকে বলেছেন যে তোমরা পরীক্ষা পদ্ধতির সংস্কার কর। পশ্চিমবঙ্গের কতকগুলি বিশ্ববিদ্যালয়কে বলেছেন তাহলে সেই সব বিশ্ববিদ্যালয় যাতে অন্ততঃ ইউ.জি.সি,-র সুপারিশটুকু মানেন, অটনমির নাম করে সেই সুপারিশগুলি অগ্রাহ্য না করেন এইটুকু দেখবার দায়িত্ব রাজ্য সরকারের আছে বলে আপনি মনে করেন কি?

Shri Mrityunjoy Banerjee :
আমরা তাঁদের অনুরোধ করতে পারি মাত্র।

Shri Harasankar Bhattacharyya :
আপনি সেই অনুরোধটা করেছেন কি?

Shri Mrityunjoy Banerjee :
আমাদের যে সব আলোচনাচক্র হয়েছিল তার সুপারিশ পাঠানর সময় তাদের অনুরোধ করেছিলাম এই জানিয়ে যে আপনারা তাড়াতাড়ি এই একজামিনেশন সিসটেম রিফর্ম করার ব্যবস্থা করুন।

[2—2-10 p.m.]

Shri Chandra Kumar Dey :
আমাদের কলেজে যে পদ্ধতিতে পরীক্ষা দিচ্ছে বই খুলে, খাতা দেখে, মারধোর করে, সেটাকে সরকারের তরফ থেকে স্থায়ী করার জন্য কোন বন্দোবস্ত আছে কিনা?

Shri Mrityunjoy Banerjee :
এটাতো কোন পদ্ধতিই হল না।

Shri Chandra Kumar Dey :
এই যে পরীক্ষা হচ্ছে, এ সম্বন্ধে আপনারা কি ব্যবস্থা গ্রহণ করছেন জানতে পারি কি?

(কোন উত্তর দেওয়া হয়নি।)

Mr. Speaker : Question time is over. Short notice questions.

SHORT NOTICE STARRED QUESTIONS
(to which oral answers were given)
বোরো ধানের উপর লেভি

*398 (Short Notice) (Admitted question No. *2085.)

শ্রীঅশ্বিনী রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, সরকার বোরো ধানের (অল ভ্যারাইটিজ অফ প্যাডি প্রোডিউস্ ইন বোরো অ্যান্ড রবি সিজন) উপর লেভি ধার্যের সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) সত্য হইলে,
(১) উক্ত ধানের সংগ্রহ মূল্য;
(২) লেভি ধার্যের পদ্ধতি; ও
(৩) জেলা ভিত্তিতে আনুমানিক সংগ্রহ-লক্ষ্য?

Shri Prafulla Kanti Ghosh :

(ক) রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে, গ্রীষ্মকালীন বোরো ও অন্যান্য উচ্চ ফলনশীল ধানের উৎপাদনের উপর লেভী ধার্য্যের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

(খ) (১) প্রকার ও শ্রেণী অনুসারে প্রস্তাবিত সংগ্রহমূল্য প্রতি কুইন্টালে এইরূপ ঃ

প্রকার	শ্রেণী	সংগ্রহমূল্য (টাকায়)
বোরো	সব শ্রেণী	৬৬ ৭০
উচ্চ ফলনশীল	(১) সাধারণ	৭০ ০০
	(২) মিহি	৭৩ ০০
	(৩) অতিমিহি	৭৬ ০০
সুগন্ধি	সব শ্রেণী	৭৬ ০০

(খ) (২) জোতের পরিমাণ অনুযায়ী লেভী ধার্য্যের বিভিন্ন স্তর হইল এইরূপ ঃ

লেভীর পরিমাণ	লেভীরহার
(ক) দুই একর পর্য্যন্ত	একর প্রতি ২(দুই) কুইন্টাল ধান।
(খ) দুই একরের উপর	৪ কুইন্টাল ধান ও তৎসহ দুই একরের অতিরিক্ত জমির জন্য একর প্রতি ৪ কুইন্টাল হিসাবে ধান।

(খ) (৩) এই লেভীর সাহায্যে ১ লক্ষ হইতে সোয়া লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহ করা যাইবে বলিয়া সরকার আশা করেন। কোন জেলা-ভিত্তিক সংগ্রহ লক্ষ্য এখনও স্থির করা হয় নাই।

Shri Aswini Roy :

আপনি বললেন কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে, কেন্দ্রীয় সরকার ঠিক করেছিলেন গম সংগ্রহ করতে এবার ঠিক করলেন সংগ্রহ করবেন না, এবং সংগ্রহ করছেন না। তাহলে লেভী আদায়ের ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে যে বলছেন এটা কি পরস্পর বিরোধী হচ্ছে না?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্যের প্রশ্ন আমি সম্পূর্ণভাবে বুঝতে পারলাম না, তবু যতটা বুঝেছি, তার উত্তরে বলব কেন্দ্রীয় সরকার গম প্রকিওরমেন্ট উইথড্র করে নেন নি, দ্বিতীয় জিনিষ হচ্ছে গম আর বোরো এক জিনিষ নয়, এযাবৎকাল লেভি নেওয়া হতনা, আমরা রাজ্য সরকার যখন বোরোর উপর লেভি নেব, তখন কেন্দ্রীয় সরকারের প্রয়োজন।

Shri Aswini Roy :

এই যে লেভি ধার্য্য করছেন, আমনের বেলায় এটা আছে যে চাষীর যদি ১৫ বিঘা জমি থাকে তো সে সেই ১৫ বিঘাতেই আমন চাষ করবে কিন্তু বোরোর ক্ষেত্রে একজন চাষী কতটা জমি চাষ করেছে সেটা কি করে নির্ধারণ করবেন?

Shri Prafulla Kanti Ghosh :

এবার এই নির্ধারণকে সামনে রেখে আমরা এই বিবেচনা করেছি যে বোরোধান চাষীরা—তাদের বি,ডি,ও,-র কাছে গিয়ে জানিয়েছেন এই ধানের জন্য কতটা সারের প্রয়োজন বা কতটা জলের প্রয়োজন। আমি প্রতিটা বি,ডি,ও,-কে বলেছি—তাঁর কাছে যা যা চাষীরা জানাবেন তার একটা লিস্ট রাখতে এবং এই লিস্ট পাবার পর আমরা কতটা জমিতে এই ধান হচ্ছে তার সঠিক বিবরণ পাব।

Shri Aswini Roy :

এই যে বি,ডি,ও,-দের নির্দেশ আপনি দিয়েছেন যে চাষীদের সারের প্রয়োজন অনুযায় জমিটা জানাবেন—এই নির্দেশ আপনি কখন দিয়েছেন?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্য আপনি জানেন এগ্রিক্যালচার ডিপার্টমেন্ট এই লাইনে একটা কাজ করে আমরা এটাকে খুব স্পেসিফিক করবার জন্য আমরা বি,ডি,ও,-দের সেই ধরণের নির্দে দিয়েছি। এবং বি,ডি,ও,-দের কাছে অধিকাংশ ডিস্ট্রীক্টের রেজাল্ট এসে গেছে। আমর কেন্দ্রের কাছ থেকে অনুমোদন পাবার পর আমরা সেটাকে নিয়ে বসে গর্ভণমেন্ট অর্ডার ইসু করবো।

Shri Aswini Roy :

আপনি বি,ডি,ও,-দের এই নির্দেশটা কোন্ মাসের কোন্ তারিখে দিয়েছেন—সেটা বলুন?

Shri Prafulla Kanti Ghosh :

ঠিক তারিখ এবং ঠিক মাসটা আমি এখন বলতে পারছি না। তবে মাসখানেক আগে হবে।

Shri Rabindra Ghosh :

যখন বোরোধান চাষ হয়েছিল, তখন বি,ডি,ও,-দের কাছে সার গ্রামে গ্রামে পৌঁছে দিতে পারেন নি, তার হিসেবটা কি আপনার কাছে আছে?

Shri Prafulla Kanti Ghosh :

সার সর্বত্র পৌঁছে দিতে পারছি কি? তবে এটা আমরা জানিয়েছি বিভিন্ন চাষী যার বোরোধানের চাষ সামনে রেখে সারের কথা বলবেন—তাদের লিস্ট থাকবে।

Shri Aswini Roy :

সংগ্রহমূল্য যেটা বাঁধলেন, আর বাজারের মূল্য কী বর্তমানে যাচ্ছে—সেটা অনুসন্ধান করে কি মূল্য বেঁধেছেন?

Shri Prafulla Kanti Ghosh :

বাজারের মূল্যের উপর এটা নির্ধারণ করা সম্ভব নয়। কেন্দ্রের নির্দেশ অনুযায়ী আমরা এটা করতে পারি।

চাল ও কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি

***410.** (Short Notice) (Admitted question No. *1702.)

শ্রীমহঃ দেদার বক্স ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হঠাৎ গ্রাম বাংলায় চালের দর প্রতি কিলো ৩ টাকায় ও কেরোসিনের তেল প্রতি লিটার ৩ টাকায় পৌঁছেছে ও তাও ঠিকমত পাওয়া যাচ্ছে না, এবং

(খ) অবগত থাকিলে, এবিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

Shri Prafulla Kanti Ghosh :

(ক) চাল—

গ্রাম বাংলায় কোন কোন স্থানে চালের দর কিলোপ্রতি ৩ টাকায় পৌঁছেছে এরূপ সংবাদ সরকারের গোচনে এসেছে। কেন্দ্রীয় সরকার চাল ও গমের বরাদ্দ বহুল পরিমাণে হ্রাস করায় এবং আভ্যন্তরীণ সংগ্রহ আশানুরূপ না হওয়ায় প্রয়োজনানুযায়ী চাল সরকারী বন্টন ব্যবস্থার মাধ্যমে সব সময় সরবরাহ করা সম্ভব হচ্ছে না।

কোরোসিন— হ্যাঁ আছে।

(খ) চাল—

পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় ভান্ডার থেকে ন্যূনতম প্রয়োজনীয় চাল যাতে সরবরাহ পাওয়া যায় তারজন্য কেন্দ্রীয় সরকারকে বারবার অনুরোধ করা হচ্ছে। মজুত উদ্ধার অভিযান ও ধান চাল সংগ্রহ ব্যবস্থাও জোরদার করা হচ্ছে।

কেরোসিন—

আমাদের চাহিদা ৩০ হাজার মেট্রিক টন (৩৮৪০০ কিলো লিটার)। মোট সরবরাহের পরিমাণ ২২ হাজার মেট্রিক টনের মত। ঘাটতি হচ্ছে শতকরা ২৫ থেকে ৩৩।

ইন্ডিয়ান অয়েল কোম্পানীতে ধর্মঘটের ফলে কেরোসিন তেল বিভিন্ন জেলায় প্রয়োজন অনুযায়ী পৌঁচাচ্ছে না। কেরোসিনের কোটা বাড়াবার জন্য মুখ্যমন্ত্রী স্বয়ং কেন্দ্রীয় মন্ত্রীর কাছে বিশেষ অনুরোধ জানিয়েছেন। আপাততঃ সমবন্টন এবং দামের উপর সতর্ক দৃষ্টি রাখার জন্য প্রতিটি জেলার জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে—রেশনকার্ড মারফৎ কেরোসিন তেল বন্টনের ব্যবস্থার জন্য।

[2-10—2-20 p.m.]

Shri Mahammad Dedar Baksh :

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ঘাটতি আছে। কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হচ্ছে চালের ব্যাপারে এবং সংগ্রহ অভিযান ও মজুত উদ্ধার জোরদার করা হচ্ছে একথা তিনি জানিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে বললেন যে কেন্দ্রীয় সরকারকে পুনঃ পুনঃ আবেদন করেছেন এবং মজুত উদ্ধারের চেষ্টা করছেন, তা তিনি কেন্দ্রীয় সরকার থেকে কতটা পরিমাণ চাল পেয়েছেন এবং কতটা ধান এবং চাল সংগ্রহ করতে পেরেছেন?

Shri Prafulla Kanti Ghosh :

এই প্রশ্ন এ থেকে আসে না। আমি যে কথা বলেছি কেন্দ্রীয় সরকার চাল ও গমের বরাদ্দ বহুল পরিমাণে হ্রাস করায় এবং আভ্যন্তরীন সংগ্রহ আশানুরূপ না হওয়ায় প্রয়োজনানুযায়ী চাল ইত্যাদি বণ্টনের ব্যবস্থার মাধ্যমে সব সময় সরবরাহ করা সম্ভব হচ্ছে না।

Shri Mahammad Dedar Baksh :

আপনি "খ" প্রশ্নের উত্তরে বলেছেন যে কেন্দ্রীয় ভান্ডার থেকে ন্যূনতম প্রয়োজনীয় চাল যাতে সরবরাহ পাওয়া যায় তার জন্য কেন্দ্রীয় সরকারকে বার বার অনুরোধ করা হচ্ছে মজুত উদ্ধার অভিযান এবং ধান বা চাল সংগ্রহ ব্যবস্থা জোরদার করা হচ্ছে। বি পরিপ্রেক্ষিতে খাদ্যমন্ত্রী মহাশয়কে এই প্রশ্ন করেছি সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বুঝতে পারছেন। আমাদের এতে নিট্ ফল কি হয়েছে, কত পরিমাণ চাল আমরা পেয়েছি ও কত পরিমাণ চাল এবং ধান্ সংগ্রহ করতে পেরেছি সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

আজ পর্য্যন্ত চালের হিসাবে ১ লক্ষ ৬২ হাজার চাল সংগ্রহ করতে পেরেছি।

Shri Mahammad Dedar Baksh :

মাননীয় মন্ত্রী মহাশয়, কেরোসিন-এর ব্যাপারে বলেছেন যে সরকারের নিকট এইরূপ উচ্চমূল্যে বিক্রয়ের কোন সংবাদ নেই। বরং বলেছেন যে এইরূপ উচ্চমূল্যে বিক্রয়ের অভিযোগ তাঁর কাছে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই কেরোসিন নিয়ে বহু সদস্যই বার বার বলেছেন যে ৩ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় প্রশ্ন এড়িয়ে যেতে চাইছেন।

Shri Prafulla Kanti Ghosh :

আমি তা বলিনি, আমি বলেছি হ্যাঁ আছে। কেরোসিন সম্বন্ধে বলেছি যে কেরোসিনের অভাব দেখা দিয়েছে এবং সেই পরিস্থিতিতে আপনাদের কাছে নিবেদন করছি যে আমাদের চাহিদা ৩০ হাজার মেট্রিক টন ৩৮ হাজার ৪০০ কিঃ লিটার, সেই জায়গায় মাত্র আমরা পাচ্ছি ২২ থেকে ২৪ হাজার এবং এর উপরে লোড সেডিং-এর দরুন ইণ্ডিয়ান অয়েল কোম্পানীতে ধর্মঘটের ফলে ডিষ্ট্রীক্ট-এ যেভাবে কেরোসিন সরবরাহ করা উচিত ছিল তা যাচ্ছে না। সেটাও অভাবের একটা কারণ।

Shri Asamanja De :

মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে কেরোসিনের অভাব রয়েছে এবং কেরোসিন বণ্টনের জন্য রেশান কার্ডের মাধ্যমে বিলি বণ্টনের ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে পশ্চিমবাংলার মফঃস্বলে গ্রামাঞ্চলে অধিকাংশ লোকের রেশান কার্ড নেই। এবং পশ্চিমবঙ্গ সরকার নির্দেশ দিয়েছেন যে নূতন রেশান কার্ড করা হবে না। এই সমস্ত লোকের কথা কি চিন্তা করছেন জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

রেশান কার্ড নেই এটা ঠিক নয়, তবে কিছু কিছু লোকের রেশান কার্ড নেই। তারা নূতন—করে রেশান কার্ড করতে চাচ্ছেন। আজকে কেরোসিন আমরা পেঁৗছে দেবো। রেশান কার্ডের মাধ্যমে পেঁৗছানোটাই সহজ উপায় তাই আমরা এটা করছি। নিশ্চই যাদের রেশান কার্ড নেই তাদের কিছুটা অসুবিধা হচ্ছে।

Shri Asamanja De :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যে সমস্ত লোকের রেশান কার্ড নেই খাদ্য দপ্তর থেকে নির্দেশ দেওয়া হয়েছে যে নূতন রেশান কার্ড দেওয়া হবে না এই নির্দেশ মানুষের স্বার্থে প্রত্যাহার করবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

এই রকম কোন নির্দেশ দেওয়া সম্ভব নয়।

Shri Gangadhar Pramanick :

মন্ত্রী মহাশয় জানেন যে চাল না পাওয়ায় চালের দাম বেড়েছে, কেরোসিনের সমবণ্টন হচ্ছে না এবং রেশন কার্ডে এইটুকুও পাওয়া যাচ্ছে না এবং আপনি বলেছেন ডিসট্রিক্ট ম্যাজিসট্রেটকে বলা হয়েছে এই দিকে লক্ষ্য রাখার জন্য। মন্ত্রী মহাশয়কে বলছি আপনি কি মনে করেন......

Shri Prafulla Kanti Ghosh :

়া, সেটা বলেছি।

Shri Gangadhar Pramanick :

আপনি কি মনে করেন একটা ফুড কমিটি করে দেওয়া হয় ডিসট্রিক্ট এবং কন্সটিটু-য়েন্সী বেসিসে উইথ ফুল স্ট্যাটুটারী পাওয়ার তাহলে আপনি যে ক্ষমতা জেলা ম্যাজিসট্রেটকে দিয়েছেন সেটা এদের কাছে দিলে তাহলে মনে করেন কি সমবন্টন হবে এবং মূল্য কিছুটা কমবে?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্য যেটা জানালেন এটা গুরুত্বপূর্ণ কথা। আমি বিভিন্ন ডিসট্রিক্টের মাননীয় সদস্যদের সঙ্গে নিশ্চয় আলোচনা করবো এবং সেখানে যদি এই বিধি স্থিরিকৃত হয় তাহলে মন্ত্রীসভার কাছে তা পেশ করবো।

Shri Gangadhar Pramanick :

আমাদের তিন তারিখে হাউস শেষ হয়ে যাচ্ছে। তারপর ১৬ কি ১৭ তারিখে হবে। এর ভিতরে মেম্বার যারা আছেন তাদের সঙ্গে আলোচনা করে ঠিক করতে পারবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

অধ্যক্ষ মহাশয় যদি অনুমতি দেন তাহলে হাউসে বলবো ৪ তারিখে ১১টায় আমরা মিট করতে পারি।

Shrimati Geeta Mukhopadhyaya :

আমি অসুস্থ থাকায় মাঝে হাউসে উপস্থিত থাকতে পারি নি। আমি সংবাদপত্রে দেখেছি মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে স্টেটমেন্ট করেছিলেন যাতে বলা হয়েছে মডিফায়েড রেশন এরিয়াতে এবং অন্যান্য জায়গাতে যেখানে চাল পাওয়া যাচ্ছে না সেখানে চাল দেবেন। আমার খাদ্যমন্ত্রীকে জিজ্ঞাসা, খাদ্যমন্ত্রী মহাশয় সেই বিবৃতি সম্পর্কে অবহিত আছেন কি না আমি সংবাদপত্রে ভুল পড়েছি।

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্যা একটুও ভুল পড়েন নি। আমি সম্পূর্ণ অবগত আছি এবং এই লাইনে একটা পরিকল্পনা করা হচ্ছে এবং মুখ্যমন্ত্রীর কাছে পেশ করেছি। কয়েকদিনের মধ্যে আশা করছি এই মডিফায়েড রেশন এলাকাতে যেখানে তীব্র খাদ্যাভাব চলছে সেখানে চাল কিছুটা দিতে পারবো।

বসন্তরোগের প্রাদুর্ভাব

*421. (Short Notice) (Admitted question No. *2060.)

কাশীনাথ মিশ্রঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বিভিন্ন জেলায় বিশেষতঃ বাঁকুড়া জেলায় গত ডিসেম্বর হইতে বসন্তরোগের প্রাদুর্ভাব দেখা দিয়াছে এবং বাঁকুড়া জেলায় ১০ জনের উপর লোক উক্ত রোগে মারা গিয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে,

(১) বসন্তরোগ নির্মূল করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, ও

(২) বাঁকুড়া জেলায় বসন্তের প্রাদুর্ভাবের কারণ কি

Shri Ajit Kumar Panja :

(ক) হ্যাঁ, তবে ঐ সময়ে বাঁকুড়া জেলায় গুটি বসন্ত রোগে মৃত্যুর সংখ্যা দুই।

(খ) (১) গুটি বসন্ত রোগ নির্মূল করার জন্য নীচে বর্নিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে-

(১) গুটি বসন্ত রোগে আক্রান্ত রোগীর খবর সংগ্রহ,
(২) রোগাক্রান্তদের হাঁসপাতালে স্থানান্তরিত করা,
(৩) আক্রান্ত পরিবারের লোকজন এবং আশেপাশের লোকজনদের টীকা দেওয়া
(৪) প্রাথমিক টীকা দেওয়া হয়নি এই রকম শিশু ও বয়স্কদের টীকা দেওয়া
(৫) তিন বছর টীকা নেন নি এইরকম শিশু এবং বয়স্কদের টীকা দেওয়া,
(৬) হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র এবং নার্সিং হোমে নবজাতকদের টীকা দেওয়া, এবং
(৭) বহিরাগত আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা বা রাজ্য কর্তৃপক্ষকে জানান

(২) এ সম্পর্কে সরকারের কাছে কোন তথ্য নেই।

Shri Kashinath Misra :

মন্ত্রী মহাশয় দুজন-এর মৃত্যুর কথা বললেন। তাঁর কি জানা আছে ইনডাসট্রিয়াল বেল্ট বাঁকুড়ার কাছে দুর্গাপুর এবং শালতোড়া থেকে রাণীগঞ্জ বেলট্ এবং রাণীবাঁধের ওধারে মেদিনীপুরের কাছে শ্রমিকদের মধ্যে হাসপাতালে এসে মৃত্যুমুখে পতিত হয়েছে এইরকম সংবাদ আছে কি?

Shri Ajit Kumar Panja :

আপনি বাঁকুড়া ডিসট্রিক্টের কথা জিজ্ঞাসা করেছেন। বাঁকুড়া ডিসট্রিক্টে স্মল-পকসে ডিসেম্বরে মৃত্যুর সংখ্যা ২।

Shri Kashinath Misra :

বিভিন্ন জায়গা থেকে বাঁকুড়া হাসপাতালে এসেছে তাদের মধ্যে মারা গিয়েছে কত? আর একটা কথা আমি প্রথমে বিভিন্ন জেলার কথা বলেছি, তারপর বাঁকুড়া জেলার কথা বলেছি বিভিন্ন জেলার সংবাদ আছে কি?

[2-20—2-30 p.m.]

Shri Ajit Kumar Panja :

প্রতিটি জেলাওয়ারী লিষ্ট—কত সংখ্যা তা এখানে দেওয়া আছে। যদি আপনি চান তাহলে আমি নিশ্চয় দেখাতে পারি।

Shri Kashinath Misra :

টোট্যাল সংখ্যাটা কত—কতজন মারা গেছেন?

Shri Ajit Kumar Panja :

গত ডিসেম্বর থেকে ৯ই মার্চ পর্যন্ত ৩৩৩জন সারা পশ্চিমবাংলায় মারা গেছেন।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে বিভিন্ন জেলা হাসপাতালে টীকার বীজ এবং ভ্যাক্সিনেটার পর্য্যাপ্ত পরিমাণে না থাকার জন্য টীকা ঠিকমত দেওয়া হচ্ছে না, যার ফলে বসন্ত রোগ ক্রমশ ছড়িয়ে যাচ্ছে?

Shri Ajit Kumar Panja :

এই রকম কোন কমপ্লেন এ বছর আসেনি। গত বছরে এইরকম রিপোর্ট ছিল আমরা সেটা শুধরে নিয়েছি।

Shri Tuhin Kumar Samanta :

তগতভাবে স্মল-পক্স-এর রোগীদের হাসপাতালে ভর্তি করা হয় না, চিকেন-পক্সের গীদের ভর্তি করা হয়। কিন্তু রোগ প্রথম আক্রান্ত হলে সেটা চিকেন-পক্স কি স্মল- া সেটা অনেক সময় বোঝা যায় না, অর্থাৎ ভর্তি না হলে কি করে বোঝা যাবে? ানে কি পদ্ধতি অবলম্বন করা হয়। তাই চিকেন-পক্সেও যদি আক্রান্ত হয় তাহলে তাকে ি করার ব্যবস্থা সরকার পক্ষ থেকে হাসপাতালে রাখা হবে কি?

Shri Ajit Kumar Panja :

া হলেই হসপিটালাইজেসন বাধ্যতামূলক করা এখনও সম্ভব হয়ে উঠছে না।

STARRED QUESTION

(to which oral answers were laid on the table)

বীরভূম জেলার মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৮।) **শ্রীনির্মল কৃষ্ণ সিন্‌হাঃ** শিক্ষা বিভাগের ী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় যে সব মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়গুলিতে উপযুক্ত সংখ্যক শিক্ষক নাই সেই সব বিদ্যালয় প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগের কি ব্যবস্থা করিয়াছেন?

(খ) পূর্বেকার ব্যবস্থানুযায়ী বেসিক প্রাইমারি স্কুলগুলিতে একজন করিয়া মাদার ট্রেন্ড শিক্ষিকা নিয়োগের কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) তিনজন শিক্ষকবিশিষ্ট স্টাইপেন্ডারী প্রাইমারি স্কুলগুলিতে প্রধান-শিক্ষকের পদে প্যানেলভুক্ত জুনিয়ার বেসিক ট্রেন্ড প্রার্থীদের নিয়োগ করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

ক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বীরভূম জেলার যে সব মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়গুলিতে উপযুক্ত সংখ্যক ক্ষক নাই সেই সব বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগের জন্য বিভিন্ন সরকারী াদেশে কিছু অতিরিক্ত শিক্ষক বরাদ্দ করা হইয়াছে।

(খ) না। পূর্বে অনুমোদিত বিদ্যালয়েও এখন সাধারণ প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় ছাত্র- ংখ্যানুপাতে শিক্ষক অনুমোদিত হয়। এই ব্যবস্থায় নিয়োগকর্তার ইচ্ছানুযায়ী স্কুল মাদার- র সহকারী শিক্ষকের স্থলাভিষিক্ত হইতে অবশ্য কোন বাধা নাই।

(গ) স্টাইপেন্ডারী প্রাথমিক বিদ্যালয়ে প্রায় সর্বক্ষেত্রেই সংগঠক শিক্ষকেরা নিযুক্ত াছেন। এই ধরনের বিদ্যালয়গুলিতে এখনও প্রথামত অনুমোদন (ফরম্যাল রিকগনেশান) ওয়া হয় নাই। সুতরাং প্রধান শিক্ষক নিয়োগের প্রশ্ন এখন উঠে না, তবে ঐ সকল দ্যালয় অনুমোদিত হইলে, প্রথম ও দ্বিতীয় বিভাগে স্কুল ফাইন্যাল পরীক্ষায় উত্তীর্ণ বা ন্য বিভাগে ঐ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকের ২ বৎসরের শিক্ষকতা কার্যে অভিজ্ঞতা থাকিলে ঐ সকল বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হইতে বাধা থাকিবে না। ঐ সকল বদ্যালয়ের শূন্য পদে প্রধান শিক্ষকের যোগ্যতাসম্পন্ন শিক্ষকের অভাব হইলে নিয়োগকর্তা ্যানেল হইতে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষককে প্রধান শিক্ষকের পদে নিয়োগ করিতে পারিবেন।

Special Credit Schemes introduced in Banks for generating more employmei opportunities

*402. (Admitted question No. *1242). **Shri Rajani Kanta Doloi :** Will th Minister-in-charge of Development and Planning Department be pleased to state-

(a) whether the State Government has received any assurance from th Banks in the Public Sector for making special endeavours to financ schemes with a view to generating more employment in the areas o their operation; and

(b) if the answer to (a) be in the affirmative—

(i) the special credit schemes introduced or proposed to be introducei by these Banks, and

(ii) the State Government contemplating to do in the matter?

Minister-in-chargs of the Development and Planning Department :

(a) Under the Additional Employment Programme for the educatec unemployed, the guidelines issued by the Department of Banking Ministry of Finance, Government of India, have urged the banks tc participate in the Margin Money Schemes taken up under the Programme These Schemes provide for bank credit of up to 90 % of the capital requirement of various employment-oriented projects, the balanc of up to 10% being provided by the Government by way of margii money on the soft terms.

(b) (i) The schemes referred to above still can be considered as a specia credit scheme for the educated unemployed.

(ii) In respect of Additional Employment Programme, the Stat Government has been in constant touch with the banks througl meetings as various levels and continuous correspondence so a to ensure that the banks finance as many employment-orientec schemes as possible. The State Government has also taken uj the matter of banks' performance directly with the Plannin Commission and the Ministry of Finance.

পাতাল রেল

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০১।) **শ্রীনরেশ চন্দ্র চাকী :** উন্নয়ন এবং পরিকল্পন (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পাতাল রেল প্রকল্পের কাজ বর্তমানে কি পর্যায় আছে; এবং

(খ) কবে নাগাত এই কাজ শেষ হবে ব'লে আশা করা যায়?

উন্নয়ন এবং পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) পাতাল রেল প্রকল্পটি ১৭টি অংশে (কনট্রাক্ট সেকশান) বিভক্ত। কন্ট্রাক্ট সেকশা নং (১)-এর কাজ হাতে লওয়া হইয়াছে। এবং ইহার কাজ বেশ সন্তোষজনক ভাবে চলিতেছে কন্ট্রাক্ট সেকশান নং(২) জন্য চুক্তি স্বাক্ষরিত হইয়াছে ও উহার কাজ সবেমাত্র আরম্ভ হইয়াছে।

(খ) এই প্রকল্পের কাজ ১৯৭৯ সালে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশে বিলম্ব

*৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৪।) শ্রীকাশীনাথ মিশ্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে প্রতি বৎসর পশ্চিমবাংলায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বি, এ, বি, এসসি, এবং বি, কম,-এর পার্ট আই ও পার্ট টু আই এবং অন্যান্য পরীক্ষা ঠিক সময়ে না হওয়া ও পরীক্ষার ফলাফল প্রকাশের বিলম্বহেতু অনেক ক্ষেত্রে ছাত্রছাত্রীরা উচ্চ শিক্ষা এবং অন্যান্য সুযোগসুবিধা হইতে বঞ্চিত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) হ্যাঁ।

(খ) বিশ্ববিদ্যালয়গুলি স্বয়ং শাসিত প্রতিষ্ঠান। ঠিক সময়ে পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার লাফল প্রকাশ একান্তভাবে তাহাদের এক্তিয়ারে। তথাপি বিষয়টির গুরুত্ব বিবেচনা রিয়া এই বিষয়ে সরকার বিশ্ববিদ্যালয়গুলির সহিত একাধিকবার আলোচনা করিয়াছেন বং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাইয়াছেন।

বিশেষ কর্মসংস্থান প্রকল্প

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৮।) শ্রীআব্দুল বারি বিশ্বাস: উন্নয়ন এবং পরি-ল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশেষ কর্মসংস্থান প্রকল্পে ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি পর্যন্ত) সালে কোন্ জেলায় কি কি কর্মসূচী লওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত প্রকল্পাধীন কর্মসূচীর কোন্ জেলায় কতদূর অগ্রগতি ঘটিয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) বিশেষ কর্মসংস্থান প্রকল্পে ১৯৭২-৭৩ ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি পর্যন্ত) সালে গৃহীত কর্মসূচীর জেলাভিত্তিক বিবরণ সংযোজিত লিকা ২নং হইতে ৮নং স্তম্ভে দেওয়া হইল।

(খ) জেলাভিত্তিক অগ্রগতির খতিয়ান সংযোজিত তালিকার ৯নং হইতে ১২নং স্তম্ভে ওয়া হইল।

Statement referred to in question No. 415 (Ka and Kha) (টাকা—লক্ষ)

বিশেষ কর্মসংস্থান প্রকল্প

১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে গৃহীত জেলাভিত্তিক কর্মসূচী বিবরণী

জেলা	সাল	গ্রামীন রাস্তা উন্নয়ন প্রকল্প	পুষ্করিণী সংস্কার প্রকল্প	বাঁধ উন্নয়ন প্রকল্প	বিবিধ প্রকল্প	বিভাগীয় প্রকল্প সংখ্যা	মোট প্রকল্প	১৯৭২-৭৩ সালে গৃহীত প্রকল্পের অগ্রগতির খতিয়ান: সমাপ্ত প্রকল্পের সংখ্যা	খরচ	চলমান প্রকল্পের সংখ্যা	খরচ	১৯৭৩-৭৪ সালে গৃহীত চলমান ও নূতন প্রকল্পের অগ্রগতির খতিয়ান: সংখ্যা	আনুমানিক খরচ (চলমান)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
বর্দ্ধমান	১৯৭২-৭৩	১৯	—	১	১৫	৭	৪২	২৮	২৬.১৬	১৪	৪.৪৭	—	—
	১৯৭৩-৭৪	২২	২	—	১	৮	৩৩	—	—	—	—	৩৩	২১.৬৭
বীরভূম	১৯৭২-৭৩	৫	৯	২	২	৬	২৪	১১	৩.৬৫	১৩	১৩.১০	—	—
	১৯৭৩-৭৪	২	৩	৪	—	৯	১৮	—	—	—	—	১৮	১৭.৯৪
বাঁকুড়া	১৯৭২-৭৩	১১	৮	—	২	৫	২৬	২০	১১.৩৬	৬	১.৩১	—	—
	১৯৭৩-৭৪	—	২৪	১	—	৬	৩১	—	—	—	—	৩১	১০.৩৮
মেদিনীপুর	১৯৭২-৭৩	১৩	৪	১	১	৫	২৪	৮	৭.৪৮	১৬	১০.৮৪	—	—
	১৯৭৩-৭৪	১৭	১১	—	—	৮	৩৬	—	—	—	—	৩৬	২৫.০৯
হাওড়া	১৯৭২-৭৩	১	—	২	—	৫	৮	১	৭.৭০	৭	৬.৮৮	—	—
	১৯৭৩-৭৪	৮	—	১	—	৭	১৬	—	—	—	—	১৬	১১.৫২

হুগলী	১৯৭২-৭৩	১০	—	—	১	৫	১৬	১০	২০.৩৩	৬	৩.১৪	—	—
	১৯৭৩-৭৪	১৮	—	—	—	৬	২৮	—	—	—	—	২৪	১২.৪১
২৪-পরগনা	১৯৭২-৭৩	৩১	১	১	—	৬	৩৯	১৭	১০.৩০	২২	২৩.৩৫	—	—
	১৯৭৩-৭৪	২১	১	৬	২	৭	৩৭	—	—	—	—	৩৭	৪০.০৭
নদীয়া	১৯৭২-৭৩	১০	৯	৬	২১	৫	৫১	৪৪	১২.২৫	৭	২.০৪	—	—
	১৯৭৩-৭৪	৪	৬	—	২	৭	১৯	—	—	—	—	১৯	১১.০৯
মুর্শিদাবাদ	১৯৭২-৭৩	১১	—	২	১০	৫	২৮	১৪	৪.৩৫	১৪	১০.১৮	—	—
	১৯৭৩-৭৪	১০	১	২	২	৮	২৩	—	—	—	—	২৩	১৯.৫৪
পঃ দিনাজপুর	১৯৭২-৭৩	৫	৭	—	১	৫	১৮	৮	৪.৯০	১০	৬.১৩	—	—
	১৯৭৩-৭৪	৩	৭	—	—	৬	১৬	—	—	—	—	১৬	১১.২০
মালদহ	১৯৭২-৭৩	৮	৩	—	২	৬	১৯	১৩	৭.২১	৬	১.০০	—	—
	১৯৭৩-৭৪	৯	৫	—	—	৮	২২	—	—	—	—	২২	৮.০২
জলপাইগুড়ি	১৯৭২-৭৩	৩	—	—	১	৮	১২	৩	২.৫২	৯	২.০৪	—	—
	১৯৭৩-৭৪	২	৬	—	১	৮	১৭	—	—	—	—	১৭	৯.১১
দার্জিলিং	১৯৭২-৭৩	১৬	—	১	—	৭	২৪	১৪	৫.৫৮	১০	৮.৮৮	—	—
	১৯৭৩-৭৪	৩	—	—	—	৮	১১	—	—	—	—	১১	১৮.৫৬
কুচবিহার	১৯৭২-৭৩	১০	৪	—	১	৪	১৯	১০	৩.১০	৯	২.০৯	—	—
	১৯৭৩-৭৪	১০	২	১	২	৮	২৩	—	—	—	—	২৩	৮.১৫
পুরুলিয়া	১৯৭২-৭৩	৫	৭	১	৩	৬	২২	১৫	৬.০৬	৭	১.৭৫	—	—
	১৯৭৩-৭৪	১৪	৫	—	—	৯	২৮	—	—	—	—	২৮	৮.০২
কলিকাতা	১৯৭২-৭৩	—	—	—	—	৬	৬	—	—	৬	৫.৪৭	—	—
	১৯৭৩-৭৪	—	—	—	—	৮	৮	—	—	—	—	৮	২৪.০৮

বন বিভাগে আয়

*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩২।) শ্রীনারায়ণ ভট্টাচার্য: বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) এই রাজ্যে বন বিভাগের মোট কত আয় হইয়াছে;

(খ) বিগত তিনটি আর্থিক বৎসরের প্রতিটিতে ঐ আয়ের পরিমাণ কত ছিল; এবং

(গ) বন বিভাগের আয় বৃদ্ধির জন্য সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) ১৯৭৩-৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এই রাজ্যে বন বিভাগের আয় হইয়াছে আনুমানিক ৩,৫৬,০০,০০০ টাকা।

(খ)

সাল		মোট আয়
১৯৭০-৭১	—	২,২০,৫০,৮৯৩ টাকা
১৯৭১-৭২ এবং	—	৩,৪৫,০৮,১৯১ টাকা
১৯৭২-৭৩	—	৪,১২,৪৮,৪৪৩ টাকা

(গ) বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে যাহাতে বনের উন্নতি হয় এবং আয় বৃদ্ধি পায়।

Manibhanjan-Rimbic Road

***417.** (Admitted question No. *190.) **Shri Md. Safiullah** : Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the length (in kilometer) of the Manibhanjan-Rimbic Road completed so far;

(b) the utility of this forest road; and

(c) the probable date of completion of this road?

Minister-in-charge of the Forest Department : (a) 53 kilometers.

(b) The main utility of this road is opening up an area of about 70 sq. miles of undeveloped forests. This road is also a great help in supply of charcoal to Darjeeling.

(c) The road can be completed by 1974-75 if funds become available in due time.

ইন্টার কলেজ

*৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৪।) শ্রীকাশীনাথ মিশ্র: শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় নূতন শিক্ষা ব্যবস্থানুযায়ী জেলাভিত্তিক কতগুলি ইন্টার কলেজ মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত কলেজগুলির জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন; এবং

(গ) কিসের ভিত্তিতে উক্ত কলেজগুলি মঞ্জুর করা হয়?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) এ পর্য্যন্ত কোন ইন্টার কলেজ মঞ্জুর করা হয় নাই। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

Revision of pay scale of the State Government Employees

*419. (Admitted question No. *1256.) **Shri Rajani Kanta Doloi :** Will the inister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government is considering any proposal for revision of the pay scales of the State Government employees; and

(b) if so, the present position of the proposal?

Minister-in-charge of the Finance Department : (a) On 3rd January, 1974 the Government announced that two instalments of dearness allowance of Rs. 8 each would be given to whole-time Government servants drawing pay up to Rs. 1,475 with effect from 1st January 1974. The Government also announced that a further instalment of additional dearness allowance of Rs. 8 per head per month will be given to the State Government employees with effect from 1st March, 1974. The cost of the three instalments of dearness allowance will be Rs. 20 crores annually.

Further, only recently the Government announced of a scheme for introducing Intermediate/New Selection Grades.

Besides the above provisions, the Government is not at present considering any proposal for further revision of the pay scales of the State Government employees but the situation can be reviewed if occasion arises and considering the financial position of the State as also all relevant circumstances.

(b) Does not arise.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Construction of Elevated Reservoir at Ayma Zone III of Kharagpur Water Supply Scheme

221. (Admitted question No. 1538.) **Shri Rajani Kanta Doloi :** Will the linister-in-charge of the Health Department be pleased to state—

(a) the present position of the construction of 20,000 gallon Elevated Reservoir at Ayma Zone III of Kharagpur Water Supply Scheme;

(b) the estimated cost of this Reservoir; and

(c) when the construction work is likely to be completed?

The Minister for Health : (a) The construction work of the reservoir is in rogress.

(b) The cost of the work is estimated at Rs. 55,326.

(c) In view of the cease work movement of the Engineers it is not possible at iis stage to state when the work will be completed. If, however, the supervision 'ork by the Engineers starts soon it is likely to take five months to complete the 'ork.

তপসিলী জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের কর্মচারী নিয়োগ

২২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫০।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** তপসিলী জাতি এ
আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভা কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

তপসিলী জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হইয়াছে। মো ৪৯ জন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে।

(খ) উপরোক্ত কর্মচারীদের নিম্নলিখিত পদে নিয়োগ করা হইয়াছে ঃ

পদ	জন
(ক) তৃতীয় শ্রেণী	
(১) করণিক	৭
(২) টাইপিস্ট	৩
(৩) কারণিক-টাইপিস্ট	২৪
(৪) রিসার্চ অ্যাসিস্ট্যান্ট	৪
(৫) মিউজিয়াম কেয়ারটেকার	১
(৬) রিসার্চ ইন্ভেস্টিগেটর	১
(৭) অ্যাসিস্ট্যান্ট কম্পিউটর	১
(৮) টেক্নিক্যাল অ্যাসিস্ট্যান্ট	১
(৯) সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার	১
(খ) চতুর্থ শ্রেণী	
(১) পিয়ন	৬

গিরিজোড়ে আদিবাসীদের জন্য সরকার পরিচালিত জুনিয়র হাইস্কুল

২২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১১।) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** তপসিলী উপজাতি ও
আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার গিরিজোড়ে আদিবাসীদের জন্য সরকার পরি- পরিচালিত যে জুনিয়ার হাইস্কুল এবং তৎসংলগ্ন ছাত্রদের জন্য আবাসিক গৃ আছে তাহাতে প্রতিটি আবাসিক ছাত্রের জন্য মাথাপিছু ৩০ টাকা করিয়া সাহায্য দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে, বর্তমান বাজার দরের প্রতি লক্ষ্য রাখিয়া সরকার ঐ সাহায্য বাড়াে কোন পরিকল্পনা করিয়াছেন কিনা ও করিলে তাহা কি ও কবে নাগাত উ কার্যকর হইবে?

তপসিলী উপজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) গিরিজো আদিবাসীদের জন্য সরকার পরিচালিত কোন জুনিয়ার হাইস্কুল নাই। তবে ইহা সত্য গিরিজোড়ে একটি জুনিয়ার হাইস্কুল আছে এবং তৎসংলগ্ন আদিবাসীদের জন্য যে আবাসি গৃহ আছে তাহাতে প্রতিটি আবাসিক ছাত্রের জন্য মাথাপিছু ৩০ টাকা করিয়া সাহা দেওয়া হয়।

(খ) হ্যাঁ, উক্ত সাহায্যের পরিমাণ বাড়াইয়া ৪৫ টাকা করা হইয়াছে। উহা আগা আর্থিক বৎসরের ১লা এপ্রিল হইতে কার্যকর হইবে।

পূর্ত (প্রত্নতত্ত্ব-শাখা) বিভাগের কর্মচারী নিয়োগ

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৮।) শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ পূর্ত (প্রত্নতত্ত্ব শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে, ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

পূর্ত (প্রত্নতত্ত্ব শাখা) বিভাগের মন্ত্রীমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) চারজনকে নিম্নোক্ত পদগুলিতে অস্থায়িভাবে নিয়োগ করা হইয়াছে ঃ

পদ					জন
(১) অবরবর্গীয় করণিক—	—	—	—	—	১
(২) আরদালী পিয়ন —	—	—	—	—	২
(৩) গ্যালারি অ্যাটেণ্ডেন্ট —	—	—	—	—	১

Ban on recruitment in Municipalities

225. (Admitted question No. 658.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) whether the Government has imposed any ban or restriction on recruitment in the municipalities;

(b) if so,

(i) the reasons thereof, and

(ii) when the restriction was imposed;

(c) if it is a fact that a large number of employees have been recruited in the Kharagpur Municipality recently, and

(d) if so,

(i) the number thereof, and

(ii) the action taken by the Government in this regard?

The Minister of State-in-charge of the Municipal Services : (a) No; what has been actually restricted by promulgation of the Bengal Municipal (Amendment) Ordinance, 1973, on 1st December, 1973, is creation of posts by municipalities without the prior sanction of Government. This has been done mainly with the object of keeping municipal establishment cost to the level commensurate with their income and requirement. The Municipal Commissioners continue to have their existing powers, as before, of making appointments to posts as laid down in the original Bengal Municipal Act, 1932.

(b) (i) and (ii) Does not arise.

(c) No.

(d) (i) and (ii) Does not arise.

খাদ্য ও সরবরাহ বিভাগে কর্মচারী নিয়োগ

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০১।) শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এই বিভাগে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) মোট ৪৬৯ জনকে নিম্নোক্ত পদগুলিতে নিয়োগ করা হইয়াছেঃ

পদ					জন
(১) পরিদর্শক	—	—	—	—	৩৮
(২) অবর পরিদর্শক	—	—	—	—	১৪৮
(৩) অবরবর্গীয় করণিক—		—	—	—	১৫৩
(৪) মুদ্রলেখক	—	—	—	—	৫
(৫) লঘুলিপক	—	—	—	—	১
(৬) চতুর্থ শ্রেণী	—	—	—	—	১২৪
				মোট —	৪৬৯

বাঁকুড়া জেলার বিড়ি-শ্রমিক

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে প্রতি হাজার বিড়ি বাঁধার জন্য সর্বোচ্চ এবং সর্বনিম্ন বানী বিড়ি-শ্রমিকরা পায় কিনা দেখার জন্য সরকারী কি ব্যবস্থা আছে;

(খ) বর্তমানে উক্ত জেলায় চালু বিড়ি-কারখানার সংখ্যা কত;

(গ) মেদিনীপুর, পুরুলিয়া ও মুর্শিদাবাদ জেলাতে প্রতি হাজার বিড়ি বাঁধার জন্য সর্বোচ্চ এবং সর্বনিম্ন বানী কত; এবং

(ঘ) বিড়ি কুটির-শিল্প কিনা?

শ্রম বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলায় বিড়ি-শ্রমিকেরা সর্বনিম্ন মজুরী পান কিনা তাহা দেখিবার জন্য ন্যূনতম মজুরী পরিদর্শক নিযুক্ত আছেন।

(খ) আনুমানিক ৫৮টি।

(গ) প্রতি হাজার বিড়ি বাঁধার জন্য নিম্নতম মজুরী নিম্নরূপঃ

জেলা		মজুরী (প্রতি হাজার) টাকা
মেদিনীপুর	—	৫'০০
পুরুলিয়া	—	০'৮৭—২'০০
মুর্শিদাবাদ, (ধুলিয়ান, ঔরাঙ্গাবাদ এবং নিমতিতা ব্যতীত)	—	৪'৮৬
ধুলিয়ান, ঔরাঙ্গাবাদ এবং নিমতিতা	—	৪'৩০

(ঘ) হ্যাঁ।

যুবকল্যাণ বিভাগে কর্মচারী নিয়োগ

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কি কি পদে নিয়োগ করা হইয়াছে?

...কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এই সময়ে যুবকল্যাণ দপ্তরে মোট ৪১ জনকে নূতন চাকুরিতে নিযুক্ত করা হইয়াছে। তন্মধ্যে ৪০ জনকে যুব সংগঠক (ইউথ অর্গানাইজার) পদে ও ১ জনকে সহ-সম্পাদক (সাব-এডিটর) পদে নিয়োগ করা হইয়াছে।

তাহা ছাড়া ৩১১ জনকে যুব সেবাবাহিনী প্রকল্পের অধীনে শিক্ষার্থী হিসাবে নিয়োগ করা হইয়াছে।

Minimum wages for the workers in different industries

229. (Admitted question No. 552.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the present minimum wages for workers engaged in the following industries :
- (i) Jute,
- (ii) Engineering,
- (iii) Cotton Textiles,
- (iv) Tea Gardens, and
- (v) Tannery; and

(b) the minimum wages for workers engaged in these industries during the period from 1967 to 1969?

The Minister for Labour : (a) Minimum wages of the workers are as follows on 1st March, 1974 :

	Monthly rate Rs.
(i) Jute Industry	283
(ii) Engineering Industry—	
Group A—Employing 10 to 49 workers	200
Group B—Employing 50 to 249 workers ...	212
Group C—Employing 250 to 1,000 workers ...	240
Group D—Employing 10,001 and above workers ...	261
(iii) Cotton Textile Industry	278·70
	Daily rates Rs.
(iv) Tea Gardens—	
Male workers—Varies from	2·77 to 3·15
Female workers—Varies from	2·66 to 2·98 plus subsidised ration and housing, etc.
Children workers—Varies from	1·46 to 1·66½
	Monthly rate Rs.
(v) Tannery—Varies from	127 to 180

(b) The minimum wages for workers during the period from 1967 to 1969 were as follows :

	Year	Industry	Minimum wages Rs.
(i)	1967 ...	Jute	114·85
	1968 ...	Do.	131·00
	1969 ...	Do.	172·60

	Year		Industry	Minimum wages
(ii)	1967	...	Engineering	140·10
	1968	...	Do.	158·30
	1969	...	(1) 50 or more but less than 250 workmen	165·00
			(2) 250 workmen and above ...	195·00
(iii)	1967	...	Cotton Textile	118·18
	1968	...	Do.	136·18
	1969	...	Do.	162·50

	Year		Industry	Minimum wages Daily rates Rs.
(iv)	1967	...	Tea Gardens—	
			Male workers	1·80 to 2·18
			Female workers	1·70 to 2·018
			Children workers	1·008 to 1·208
	1968	...	Tea Gardens—	
			Male workers	1·87 to 2·25
			Female workers	1·76 to 2·08
			Children workers	1·01 to 1·21
(iv)	1969	...	Tea Gardens—	
			Male workers	2·07 to 2·45
			Female workers	1·96 to 2·28
			Children workers	1·11 to 1·31
(v)	1967	...	Tannery	66·10 to 87·15
	1968	...	Do.	67·98 to 88·90
	1969	...	Do.	70·43 to 91·28

উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) বিভাগে কর্মচারী নিয়োগ

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬০।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে।

উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) মোট ১০ জনকে নিম্নলিখিত পদগুলিতে নিয়োগ করা হইয়াছে ঃ

পদ					জন
সহ-বাস্তুকার	—	—	—	—	১
জন-সংযোগ আধিকারিক		—	—	—	১
উচ্চবর্গীয় সহায়ক	—	—	—	—	২
নিম্নবর্গীয় সহায়ক	—	—	—	—	১
টাইপিস্ট	—	—	—	—	১
করণিক-টাইপিস্ট	—	—	—	—	১
পিয়ন	—	—	—	—	১
দরওয়ান	—	—	—	—	১
জমাদার	—	—	—	—	১

গৃহনির্মাণ বিভাগে কর্মচারী নিয়োগ

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৯।) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ গৃহনির্মাণ বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কি কি পদে নিয়োগ করা হইয়াছে?

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তৃতীয় শ্রেণী ৫৭ জন এবং চতুর্থ শ্রেণী ২২ জন।

বাঁকুড়া জেলায় দুঃস্থ ব্যক্তিদের মধ্যে বস্ত্রসামগ্রী বিতরণ

২৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৯।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ ত্রাণ এবং কল্যাণ বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে এ পর্যন্ত বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী দুঃস্থ, অসহায়, গৃহহীন এবং অনাথ ব্যক্তিদের মধ্যে কতগুলি ধুতি, শাড়ি, কম্বল ও অন্যান্য বস্ত্রসামগ্রী সাহায্য করা হইয়াছে;

(খ) সরকার কি অবগত আছেন যে, ১৯৭৩ সালে প্রচণ্ড শীতে শীতবস্ত্রের অভাবে বাঁকুড়া শহর বাস স্ট্যান্ডে এক ব্যক্তিকে মৃত অবস্থায় পাওয়া গিয়াছিল, এবং

(গ) অবগত থাকিলে, উক্ত জেলায় কোন শীতবস্ত্র সরবরাহ করা হইয়াছিল কিনা ও না হইলে, তাহার কারণ কি?

ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপ-স্থিত করা হইল।

(খ) জানা নাই। কেহই বিষয়টি স্থানীয় কর্তৃপক্ষের গোচরীভূত করেন নাই।

(গ) অবগত নই। বাঁকুড়া জেলায় কিছু কম্বল বিতরণ করা হইয়াছিল।

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগে কর্মচারী নিয়োগ

২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৬।) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ বন্ধ ও দুর্বল শিল্প ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) শিল্প ও বাণিজ্য বিভাগে এই জে নিযুক্ত কতিপয় কর্মচারী লইয়া ১৯৭২ সালের মার্চ মাসে এই বিভাগ সৃষ্টি করা হয়।

পরে পাবলিক সার্ভিস কমিশন, বিশেষ নির্বাচন বোর্ড এবং ক্যাবিনেট সাব-কমিটির মাধ্যমে আরও কিছু কর্মচারী নিয়োগ করা হয়। মোট কর্মচারীর তালিকা নিম্নে দেওয়া হইল:

পদ	জন
(১) স্পেশ্যাল অফিসার এবং এক্স অফিসিও সেক্রেটারী —	১
(২) ডেপুটি সেক্রেটারী — — — —	১
(৩) অ্যাসিসটেন্ট সেক্রেটারী — — —	১
(৪) সেক্সন অফিসার — — — —	১
(৫) হেড্ অ্যাসিস্টেন্ট — — — —	১
(৬) আপার ডিভিসন অ্যাসিস্ট্যান্ট — — —	৪
(৭) ইনভেস্টিগেটর — — — —	৪
(৮) টাইপিস্ট গ্রেড-১ — — — —	১
(৯) টাইপিস্ট গ্রোড-২ — — — —	১
(১০) লোয়ার ডিভিসন অ্যাসিস্ট্যান্ট — — —	৩
(১১) ড্রাইভার — — — —	১
(১২) রেকর্ড সাপ্লাইয়ার — — — —	১
(১৩) জমাদার — — — —	১
(১৪) পিওন — — — — —	৪
(১৫) দপ্তরী — — — — —	১

বিধানসভা কেন্দ্রগুলিতে দুঃস্থ ব্যক্তিদের অনুদান

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস**ঃ ত্রাণ এবং কল্যা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রতিটি বিধানসভা কেন্দ্রে ৪ জন দুঃস্থ ব্যক্তিকে ২৫০ টাকা হিসাবে অনুদান হিসাবে দেবার প্রস্তাব সরকার ঘোষণা করেছেন;

(খ) সত্য হ'লে, ঘোষিত প্রস্তাব অনুসারে কোন বিধানসভা কেন্দ্রে ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে কতজন ব্যক্তিকে অনুদান মঞ্জুর করেছেন; এবং

(গ) মঞ্জুরীপ্রাপ্ত ব্যক্তিদের নাম ও স্থায়ী ঠিকানা কি কি?

ত্রাণ ও কল্যান বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রশ্নে উল্লিখিতরূপে কোন ঘোষণা করা হ নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Tea Gardens in Duars, Terai and Darjeeling

235. (Admitted question No. 753.) **Shri A. H. Besterwitch** : Will the Ministe in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of Tea Gardens in Duars, Terai and Darjeeling faile to deposit the Provident Fund money of the workers with the Governme till 28th February, 1974;

(b) the names with the amount of each of the above Tea Gardens; and

(c) the action taken by the Government in this regard?

The Minister for Labour : (a) 63.

(b) A statement showing names and amount of P.F. default is placed below.

(c) Steps have been taken by the Employees Provident Fund Organisation for ealisation of P.F. dues and prosecution of the defaulters under the E.P.F. and ;.P.F. Act, 1952, in the form of—

(i) Revenue recovery proceedings under section 8 of the Act; and

(ii) Prosecution proceedings under section 14 of the Act.

In suitable cases complaints have been lodged with the Police under sect ons)6/409, I.P.C.

Damages for delayed remittance of P.F. money have been levied.

The defaults have been brought to the notice of the Employers' and Employees' rganisation with the request to use their good offices for liquidating the amount ı arrears.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 235

tatement showing the names of defaulting unexempted Gardens in Duars, Terai and Darjeeling with the amount in default

As on 28th February 1974

:rial No. and names of T. E./Garden in Duars, Terai and Darjeeling	Amount in default (approximate)
	Rs.
WB-1305 Avangrove T. E.	99,720.00
WB-1352 Okayti T. E.	3,60,000.00
WB-1359 Rangaroon T. E.	78,272.00
WB-1366 Samabong T. E.	88,900.00
WB-1344 Montiviot T. E.	87,000.00
WB-1357 Poobong T. E.	56,000.00
WB-1343 Mohan Majana T. E.	5,300.00
WB-1316 Dilaram T. E.	86,000.00
WB-704 Sarugaon T. E.	8,12,953·05
WB-852 Mujrai T. E.	67,294·00
WB-822 Majherdabri T. E.	6,29,415·00
WB-1431 Diana T. E.	3,51,821·00
WB-869 Rahimabad T. E.	2,52,408·00
WB-1420 Chuniajhora T. E.	54,238·50
WB-887 Srinathpur T. E.	25,769·00
WB-1513 Rahimpur T. E.	1,13,922·00
WB-4383 Mohanlal Ramchandra T. E.	66,277·00
WB-944 Mathura T. E.	1,43,754·00
WB-952 Raipur T. E.	20,862·00
WB-1498 Nakhati T. E.	25,582·00
WB-1032 Bhojnarayan T. E.	33,348·00
WB-885 Singell T. E.	91,00,000·00
WB-998 Singbulli T. E.	61,760·00
WB-1062 Sing Tea Estate	84,360·00
WB-1064 Tukdah T. E.	69,790·00
WB-1284 Vah-Tukrar T. E.	1,09,511·00

Serial No. and names of T. E./Garden in Duars, Terai and Darjeeling	Amount in default (approximate) Rs.
27. WB-1304 Arya Tea Estate	39,360·00
28. WB-1321 Jogmaya Tea Estate	18,972·00
29. WB-1323 Giddapahar Tea Estate	7,598·00
30. WB-1331 Happyvally Tea Estate	45,930·00
31. WB-1353 Paudam Tea Estate	1,24,912·00
32. WB-1354 Pashok Tea Estate	2,72,152·79
33. WB-1364 Rungnut Tea Estate	21,645·00
34. WB-8174 and WB-13992 Jdmull Bhojong	15,620·00
35. Looksan Tea Estate New Mohon Tea Estate ...	4,44,994·65
36. WB-951 Madanpuri T. E.	3,11,977·81
37. WB-1448 Rupali T. E.	2,01,749·70
38. WB-870 New Glenco T. E.	1,71,029·95
39. WB-936 Kamala T. E.	1,11,341·30
40. WB-646 Marionbari T. E.	46,861·00
41. WB-928 Naxulbari T. E.	1,10,716·50
42. WB-932 Matigara T. E.	76,795·25
43. WB-1577 Naschintapur T. E.	61,675·50
44. WB-11738 Potong T. E.	57,180·00
45. WB-927 Thanjhora T. E.	1,01,271·00
46. WB-677 Pahargoomiah T. E.	57,678·00
47. WB-1569 Manjha T. E.	38,527·75
48. WB-1025 Chandmoni T. E.	48,140·50
49. WB-995 Mission Hill T. E.	88,327·25
50. WB-1311 Ceadars T. E.	1,07,630·50
51. WB-1043 Sachindra Ch. T. E.	59,482·50
52. WB-649 Kalchini T. E.	1,35,489·50
53. WB-816 Bharnobani T. E.	24,413·50
54. WB-821 Dima T. E.	1,53,173·50
55. WB-871 Mechpara T. E.	1,07,064·75
56. WB-889 Madhu T. E.	26,446·00
57. WB-916 Radharani T. E.	27,213·00
58. WB-945 Bhatapara T. E.	1,34,530·00
59. WB-949 Satali T. E.	23,712·50
60. WB-1010 Atibari T. E.	1,78,995·00
61. WB-823 Dem Dung T. E.	4,75,492·00
62. WB-799 Bundapani T. E.	3,16,500·00
63. WB-673 Moraghat T. E.	57,529·50

মুখ্যমন্ত্রীর দপ্তরে কর্মচারী নিয়োগ

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৮।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত চিফ মিনিস্টার সেক্রেটারিয়েট বিভাগের কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

মুখ্যমন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ছয়জন।

(২) (ক) সহ-সচিব; (খ) একান্ত সচিব, (গ) প্রেস সেক্রেটারী, (ঘ) রাজনৈতিক সচিব (চুক্তিবদ্ধ), (ঙ) নিজ সচিব (চুক্তিবদ্ধ), এবং (চ) সংযোগরক্ষাকারী সহায়ক (পদটির মেয়াদ ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৪ তারিখে উত্তীর্ণ হইয়াছে এবং পুনঃনবীকৃত হয় নি।)।

Mr. Speaker : Honourable members, in reply to a supplementary question connection with the question No. 420, I understand the Hon'ble Minister-in-arge of Food Department has stated that he is agreeable to meet all the M.L.A.s a certain date to discuss the matter. I have no objection if the meeting is held the Committee Room on a particular day but not in this Chamber. The meeting nnot be held in this Chamber. It may be held in the Committee Room.

Shri Prafulla Kanti Ghosh : অনেক কৃতজ্ঞ।

Shrimati Ila Mitra : সময়টা পালটানো যায় নাকি? কারণ ঐ ৮ তারিখে ১১টার সময় ইমটা আমাদের ঠিক সুটেবল হচ্ছে না।

Mr. Speaker : That is between the Hon'ble Minister and the honourable members decide. Now Calling Attention.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received 26 notices of Calling Attention on the following ıbjects :—

(1) Production of Frogs and Prawns in West Bengal for export to augment foreign exchange earning—from Shri Kashinath Misra;

(2) Reported clash between two rival unions of the Bengal Potteries in Entally area on 25th March, 1974—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghose Moulik, Shri Sarat Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(3) Reported Central allotment of Rs. 1 crore for the improvement of State Transport Services—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(4) Reported decline of Central Government to meet the West Bengal State Demands for Boiled Rice—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(5) Reported payment of compensation to the family of Late N. C. Konar, an ex-Medical Officer of Bhatar—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(6) Reported new pay-scale of University and College teachers—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(7) Reported lying out of order all civil ambulances in Calcutta from 25th March 1974—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(8) Reported Government Order to distribute Kerosene in Calcutta against Ration Card—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya and Shri Kashinath Misra;

(9) Outbreak of fire at Ghughudanga Power Transformer on 31st March 1974—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya, Shri Susanta Bhattacherjee, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Monoranjan Pramanik, Shri Mohammad Dedar Baksh, Shri Nrisinha Kumar Mandal and Shri Asamanja De ;

(10) Supply of rice, wheat and other products to the modified rationing area—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya, Shri Monoranjan Pramanik and Shri Debabrata Chatterjee;

(11) Supply of gas to D.P.L. being hampered due to shortage of coal—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Krishna Pada Roy, Shri Aftabuddin Mondal, Shri Susanta Bhattacherjee, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya, Shri Monoranjan Pramanik and Shri Debabrata Chatterjee;

(12) Starvation deaths in several districts of West Bengal—from Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Susanta Bhattacherjee, Shri Adya Charan Dutta, Shri Debabrata Chatterjee, Shri Narayan Bhattacharya, Shri Sunil Mohan Ghosh Maulik and Shri Monoranjan Pramanik.

(13) Production of fertilisers from the wastes at Kandapara and Dhapa Dumping grounds of Calcutta Corporation—from Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Debabrata Chatterjee, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Monoranjan Pramanik and Shri Susanta Bhattacherjee;

(14) Stoppage of production at Durgapur Alloy Steel Melting Shop due to strike by a section of employees—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(15) Dacoity in trains of Sealdah Division—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(16) Outbreak of small pox in the villages of West Bengal—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(17) Alleged ghost trunk calls and inflated telephone bills—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(18) Racketeering in Indo-Bangladesh passports and visas—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(19) Alleged reduction of self-employment scheme to a farce—from Shri Mohammad Dedar Baksh and Shri Nrisinha Kumar Mandal;

(20) Disruption in "Boro" crops production for want of diesel in the different districts of West Bengal—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Krishnapada Roy, Shri Aftabuddin Mondal, Shri Susanta

Bhattacherjee, Shri Debabrata Chatterjee, Shri Narayan Bhattacharya, Shri Sunil Mohan Ghosh Maulik and Shri Monoranjan Pramanik;

(21) Want of cold storage in Bankura and Burdwan—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Narayan Bhattacharya, Shri Susanta Bhattacherjee, Shri Sunil Mohan Ghosh Maulik and Shri Monoranjan Pramanik;

(22) Huge misappropriation of funds of Kalyani University—from Shri Asamanja De;

(23) Gherao of Dum Dum police-station by public for 22 hours on the 29th and 30th March, 1974—from Shri Asamanja De;

(24) Acute shortage of chemical fertilisers in Hooghly and Howrah—from Shri Krishna Pada Roy, Shri Supriya Basu, Shri Ganesh Hatui and Shri Md. Safiullah;

(25) Acute shortage of Kerosene and Diesel in Hooghly—from Shri Ganesh Hatui and Shri Md. Safiullah;

(26) Death of white tiger cubs at Alipore Zoo—from Shri Md. Safiullah.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharya, Shri Susanta Bhattacherjee, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Monoranjan Pramanik, Shri Mohammad Dedar Baksh, Shri Nrisinha Kumar Mandal and Shri Asamanja De on the subject of outbreak of fire at Ghughudanga Power Transformer on 31st March 1974.

The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 3rd, Sir.

2-30—2-40 p.m.]

Shri Abdul Bari Biswas :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুক্ষণ আগে একটি টেলিফোন পেলাম। তাতে দেখলাম সমীরণ চৌধুরী বলে বহরমপুরের একজন ভদ্রলোক, নতুন একজন ভদ্রলোক গিয়েছিলেন তাকে পর্যন্ত জয়েন করতে দেন নি। সেখানে আউটডোর খোলা হয়েছে, অথচ ঢুকতে দেওয়া হচ্ছে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আমি বারে বারে বলছি এই রকম ডাক্তার যেখানে সিজ ওয়ার্ক হয়নি সেখানে মানুষের জীবন নিয়ে ছিনি মিনি খেলছেন, নতুন ট্রান্সফার হয়ে গেছেন, কি কারণে সেই ডাক্তারের বিরুদ্ধে এ্যাকসান নেওয়া হচ্ছে না, জানতে চাই। সেখানে নতুন ডাক্তার গেছেন, ঢুকতে দেওয়া হচ্ছে না এই কথা সত্য কিনা আমি জানতে চাই, এটা বলতে হবে। দীপ্তিবাবু আমাকে টেলিফোন করেছিলেন, এই রকম একটা অস্বাভাবিক অবস্থা চলছে। টেকনিসিয়ানরা লোক মারছেন—আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো আরো যদি নিশ্চুপ হয়ে বসে থাকেন তাহলে চলতে পারে না। সমীরণ চৌধুরীর বিরুদ্ধে কি এ্যাকসান নিচ্ছেন বলুন—নতুন ডাক্তার ট্রান্সফার হয়ে গেছেন তাকে ঢুকতে দেওয়া হয়নি, আউটডোর খুলতে গেছেন, সেখানে খুলতে দেওয়া হয়নি। বাহিরে থেকে ডাক্তার এনে যখন এই খোলার চেষ্টা হচ্ছে তখন তাদের সরিয়ে দিচ্ছেন, গুন্ডা লাগিয়ে দিচ্ছেন—সমীরণ চৌধুরীর বিরুদ্ধে কি এ্যাকসান নিচ্ছেন আমরা জানতে চাই।

Shri Ajit Kumar Panja :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন বহরমপুরের অবস্থা শান্ত আছে। ওখানে আউট পেশেন্টস' ডিপার্টমেন্ট চালু হতে শুরু করেছে। ডঃ সমীরণ চৌধুরী একজন

রেডিওলজিস্ট। তার ট্রান্সফার অর্ডার এই সব গোলমালের আগে থেকে ঠিক ছিল। সেজন্য ট্রান্সফার অর্ডার অন এ্যাডমিনিস্ট্রেটিভ গ্রাউন্ডে ইস্যু করা হয়েছিল। সুতরাং বহরমপুর আউট পেশেন্টস' ডিপার্টমেন্ট যেটা প্রথম প্রথম ক্ষতিগ্রস্ত হয়েছিল, এখন আউট পেশেন্টস' ডিপার্টমেন্ট খুলে গিয়ে চালু হতে চলেছে।

Mention Cases

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী ক্ষেত্রের একটা পরিস্থিতি সম্পর্কে আপনি এবং আপনার মাধ্যমে বিশেষ করে খাদ্যমন্ত্রী মহাশয়, যাকে আমি বিশেষভাবে অনুরোধ করে-ছিলাম খানিকটা থাকার জন্য এবং শুনে যেতে, তার কাছে আমি এই বিষয়টি উৎথাপিত করছি। এর আগে সাপ্লিমেন্টারী প্রশ্নের উত্তরে চালের দাম সংক্রান্ত এবং রেশানের সংক্রান্তের কথা উঠেছিল। তখন ৩ টাকা চালের দামের কথা বলেছিলাম এবং তিনি বলেছিলেন যে উনি অবগত আছেন। সেজন্য আমি থাকতে বলেছিলাম। আমার নির্বাচনী ক্ষেত্রের মধ্যে কোলাঘাট এবং মেচেদাতে সাড়ে তিন টাকা, ৩ টাকা ৬০ পয়সা পর্যন্ত দরে চাল বিক্রয় হচ্ছে। ছোট কৃষকদের এই এলাকাতে এইরকম নিদারুণ দামে ইতিপূর্বে বহুকাল ধরে হয়নি এবং এই এলাকাটি মেদিনীপুর জেলার মধ্যে বিশেষভাবে ডেফিসিট পকেট বলে গণ্য। মানুষরা অত্যন্ত অস্থির হয়ে উঠেছে। সেজন্য খাদ্যমন্ত্রী মহাশয় থেকে জানতে চেয়েছিলাম যে একথা ঠিক কিনা যে মুখ্যমন্ত্রী মহাশয় এই আশ্বাস দিয়েছেন। আপনার মাধ্যমে বিশেষ করে তার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং দাবী করতে চাই যে আমার নির্বাচনী ক্ষেত্রের এই এলাকাগুলিতে অনতিবিলম্বে মডিফায়েড রেশান চালু করার জন্য যাতে তিনি ব্যবস্থা করেন।

Shri Bhawani Paul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮ তারিখের যুগান্তর কাগজে দেখলাম যে সি,এম,পি,ও, উত্তরবঙ্গের উন্নয়নমূলক কাজের একটা পরিকল্পনা গ্রহণ করেছে। অতীতে সি,এম,পি,ও, পরিকল্পনার কাজে যে ব্যবস্থা গ্রহণ করেছে তা দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে সেটা কার্যকরী ভালভাবে হয়নি এবং সেটায় ঠিকভাবে স্থানীয় যে সমস্যা আছে সেই সমস্যাগুলির প্রতিপালন ঠিকভাবে করা হয়নি। সুন্দরবনে সি,এম,পি,ও,-এর যে প্লান তা ব্যর্থ হয়েছে। সে জন্য বলছি সি,এম,পি,ও, উত্তর বাংলায় যে অল আউট ডেভলপমেন্ট-এর যে প্লান করেছেন, আমি মনে করি উত্তরবাংলার যে সমস্ত সদস্য রয়েছেন তাদের সঙ্গে বসে উন্নয়ণ মন্ত্রী কথাবার্তা বলুন এবং সেই প্লান সম্পর্কে কথাবার্তা বলুন।

Shri Aftabuddin Mondal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে পশ্চিমবাংলার পরিবহণ ব্যবস্থা ভেঙ্গে পড়ার মুখে এবং প্রাইভেট বাসগুলি তাদের খেয়ালখুসীমত যাতায়াত করছে। এরজন্য আমি যতদুর জানি মোটর ভেহিকল্‌স, যন্ত্রাংশ বা তেলের যা দাম বাড়ান, টিকিটের দাম বাড়ান ইত্যাদি সমস্ত নিয়ে অবস্থা যা হয়েছে এবং টায়ার নিয়ে চোরাকারবারী এই সমস্ত কারণ-গুলির জন্য পশ্চিমবাংলার পরিবহণ ব্যবস্থা সম্পূর্ণভাবে বিপর্য্যস্ত হওয়ার মুখে এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে বাজারে এক একটা টায়ার, যেগুলি অডিনারী টায়ার তার দাম ১২ থেকে ১৪ শত টাকা উঠে এবং নাইলন টায়ার যেগুলি তার থেকে ৫ হাজার টাকা দাম উঠে। আরো শুনলে অবাক হয়ে যাবেন যে আমাদের দেশে একটা প্রবাদ হয়েই গেছে বদ্রী আগরয়াল নামে একজন ব্যবসায়ী যাকে বলা হয় "কিং অব টায়ারস", তিনি সমস্ত টায়ারের চোরা কারবারীদের সঙ্গে যুক্ত আছেন

বং পশ্চিমবাংলার ঘরে ঘরে এটা সবাই জানে। সেটা জানার পর মাননীয় মন্ত্রী মহাশয়কে তে চাই যে এই এরকম একটা লোক, যিনি টায়ার এজেন্ট হিসাবে পরিচিত, যাকে কে বলে "কিং অব টায়ার" এবং সরকারী নির্ধারিত দরে টায়ার বাজারে না পাওয়া লে তার কাছে ব্লাকে পাওয়া যায়। সেই রকম একটা লোকের বিরুদ্ধে কোন ব্যবস্থা বলম্বন করা হবে কিনা। আর একটা জিনিষ স্যার, আমি আপনার মাধ্যমে পরিবহণ ন্ত্রীর কাছে বলতে চাই, সেটা হচ্ছে যে স্ক্রিনিং কমিটি আছে জেলায় জেলায়, এই স্ক্রিনিং মিটির হাতে যে টায়ার ডিষ্ট্রিবিউশানের দায়িত্ব দেওয়া থাকে সেগুলিও অর্ডিনারী টায়ার। খানে নাইনল টায়ার ডিষ্ট্রিবিউশানের কোন রকম দায়িত্ব দেওয়া থাকে না। বং আরও আশ্চর্য্যের কথা, যে টায়ার ম্যানুফ্যাকচার করে তারা কিন্তু স্ক্রীনিং কমিটিকে নায়না যে কত ম্যানুফ্যাকচার হ'ল টায়ার বা কত টায়ারের কোটা হিসাবে দিল। ননীয় অধ্যক্ষ মহাশয়, সেই জন্য এই এজেন্টের মধ্যে দিয়ে স্ক্রীনিং কমিটিকে জানাতে া যে তিনি কত কোটা জেলাওয়ারি ঠিক করেছিলেন, এই যে একটা অব্যবস্থা পরিবহণ বস্থার মধ্যে চলছে, এটা দুর করতে মন্ত্রীসভা কোন রকম ব্যবস্থা অবলম্বন করেছে কি এই চোরাকারবারী বন্ধ করবার জন্য কোন স্বার্থ ব্যবস্থা অবলম্বন করবেন কি না, মরা তাঁর মুখ থেকে জানতে চাই।

Dr. Sailendra Chattopadhyay :

ননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এই উসের সামনে উপস্থিত করতে চাই। ভয়াবহ বেকার সমস্যা যখন পশ্চিমবঙ্গকে বিস্ফোরণের খ নিয়ে এসেছে এবং সরকার উৎপাদন বাড়াবার জন্য বদ্ধপরিকর ঠিক সেই সময় মরা দেখছি যে ক্ষুদ্র শিল্প বিনিয়োগ করার জন্য প্রায় ৪০ কোটি টাকা আমরা খরচ রতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাজার হাজার শিক্ষিত বেকার যুবক যাতে দ্র শিল্প স্থাপন করে তারা উপার্জনের পথ খুঁজে পায়, সেই জন্য কেন্দ্রীয় সরকার এ্যাডি- ন্যাল এমপ্লয়মেন্ট স্কীম-এ ৫ কোটি ৩০ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছেন। থা ছিল যারা ক্ষুদ্র শিল্প স্থাপন করবেন তাদের মোট করচের শতকরা ১০ ভাগ এই কা থেকে দেওয়া হবে। বাকী অর্থ—এই নয় গুণ টাকা দেবে রাষ্ট্রায়ত্ব ব্যাংক সমস্তটা ণ হিসাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পূর্ণ ৫৩ কোটি টাকা যদি সুস্থ পরিকল্পনার ধ্যমে শিল্প স্থাপনে বিনিয়োগ করা যেত তাহলে প্রায় ৭০ হাজার শিক্ষিত বেকার যুবক জ পেত এবং পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পের প্রসার লাভ করতো।

Shri Pradyot Kumar Mahanti :

ননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে মন্ত্রীসভার কাছে শুধু যে সংবাদ পরিবেশন করছি নয়, আমি এই বিষয়ে একটা তদন্ত দাবী করছি এবং এই ঘটনা যাতে আর না ঘটে রজন্য আবশ্যকীয় ব্যবস্থা অবলম্বন করার জন্য বলছি। আমার নির্বাচনী এলাকায় তন এক নং ব্লকের গড়াগ্রামে সাত দিন ধরে কয়েকটি বিধবা, যারা নিরাশ্রয়, খেতে চ্ছিল না তিন মাস ধরে কোন ড্রাই ডোল সেখানে যায়নি এবং সাত দিন ধরে না খেতে য়ে বাড়ী বাড়ী ঘুরে যখন ভিক্ষা পর্য্যন্ত পায়নি, তখন সেখানকার যিনি গ্রাম অধ্যক্ষ কে গিয়ে বলেছিলেন যে আমরা ড্রাই ডোল পাচ্ছি না, খেতে পাচ্ছি না, মারা যাবো। নি গিয়ে এই বিষয়টা এস,ডি,ও,-র কাছে বলেছিলেন ২২-৩-৭৪ তারিখে। এস,ডি,ও, বল মাত্র বি,ডি,ও,-কে রিপোর্ট করে বলা ছাড়া কিছুই করেননি। এবং ২৩ তারিখে খেতে পেয়ে সেই বিধবা মারা গেল। এবং এইরকম খবর আরও আসছে, না খেয়ে মারা চ্ছ। সেখানে ড্রাই ডোল নেই, রিলিফ নেই, কোন ব্যবস্থা নেই। এখন গ্রামাঞ্চলে যে দ্যার হাহাকার যার জন্য অনাহারে মারা যাচ্ছে, যদি এই বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেন, ইমিডিয়েটলি যদি রিলিফ সেখানে না পৌঁছায় বিশেষ করে ড্রাই ডোল, হলে এইরকম মৃত্যু প্রত্যেক সপ্তাহে একটা করে হবে। সেই জন্য আমি আপনারা ধ্যমে এই জায়গায় যে অনাহারে মৃত্যু হয়েছে, আমি এই বিষয়ে দায়িত্ব নিয়ে বলছি যে, নাহারে মৃত্যু হয়েছে, এর পূর্ণ তদন্ত দাবী করছি এবং এই রকম মৃত্যু যাতে আর না টে তার প্রতিকারের জন্য আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে দৃষ্টি আকর্ষণ করছি

Dr. Kanai Lal Sarkar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন আজ সারা বাংলা এবং সারা ভারতবর্ষে মানুষের দুর্গতির শেষ নেই। এই যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য, তার আকাশ ছোঁয়া দর এবং সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এর কোন স্থিতি অবস্থার কোন রকম বন্দোবস্ত নেই। আপনারা জানেন আমরা যখন সরকারে এসেছিলাম দু'বছর আগে, আমরা সাধারণ মানুষের কল্যাণের জন্য রাষ্ট্রশক্তিকে পরিচালনা করবো প্রতিশ্রুতি দিয়েছিলাম। জনগণের কল্যাণের জন্য আমাদের মুখ্যতঃ চারটি জিনিসের উপর নির্ভর করতে হয়। একটা অন্ন, একটা বস্ত্র, একটা শিক্ষা এবং আর একটা হচ্ছে স্বাস্থ্য। আমরা যখন ১৯৭২ সালে এই সরকারে আসি তখন অন্নের যে অবস্থা ছিল, তার একটা নমুনা দিচ্ছি। তখন আমরা খোলা বাজারে সারা বাংলাদেশে চাল পেতাম ১ টাকা ৫০ পয়সা করে। এক বছর পরে আমাদের বর্ষ পূর্তির পর সেই চালের দাম দাঁড়িয়ে গেল তিন টাকায়। আজকে ১৯৭৪ সালে তার দাম প্রায় চার টাকার কাছাকাছি চলে গেছে।

[2 40—2-50 p.m.]

আজকে ব্যবসায়ীরা বলেছেন ৮ টাকা পর্য্যন্ত চালের দাম হবে, ইউ,এল,এফ,-এর সময় ৫ টাকা হয়েছিল এবারে তারা ৮ টাকায় নিয়ে যাবে বলছে। তাছাড়া আমরা '৭২ সালে ১ টাকা করে গম পেয়েছি আর ১৯৭৩ সালে ২-১০ পয়সা হয়েছিল, এখন ১৯৭৪ সালে গমের দাম ২-৯০ পয়সা। সরষের তেল যেটা ১৯৭২ সালে ছিল ৫ টাকা, ১৯৭৩ সালে ছিল ৬-৬০ পয়সা আর সেটা এই বছর ১৯৭৪ সালে হচ্ছে সাড়ে ৯ টাকা। বস্ত্রের আজকে যে অবস্থা হচ্ছে তাতে আমাদের আবার আদিম যুগে চলে যেতে হবে, তার কারণ মিডিয়াম সুতার য ধুতির জোড়া ছিল ১২ টাকা ১৯৭২ সালে সেটার ১৯৭৩ সালের পর এই বাজেটে দাম হচ্ছে ৩২ টাকা। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে রাষ্ট্র-শক্তিকে যে সমস্ত চোরাকারবারী এবং মজুতদার আছে তাদের বিরুদ্ধে কঠোরভাবে ব্যবহার যদি না করা যায় তাহলে চোরাকারবারী এবং মজুতদারদের রাজত্ব প্রতিষ্ঠিত হবে।

Shri Sisir Kumar Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত জরুরী ব্যাপারের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি খাদ্য দপ্তরের এবং সেই কারণে আমি খাদ্য-মন্ত্রী মহাশয়কে এখানে থাকতে বলেছিলাম, কিন্তু তিনি এখন এখানে নাই, অন্যান্য মন্ত্রী মহাশয়রা আছেন তাই আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করব যে তাঁরা বিষয়টির প্রতি একটু দৃষ্টি দেবেন। গত ২৯ তারিখে খড়দহ থানার নব-বারাকপুর অঞ্চলে একজন চাল কারবারীকে গ্রেপ্তারের কারণে, বারাকপুর সাব-ডিভিশনের এই অঞ্চল স্ট্যাটুটারি রেশনিং অঞ্চল নয়, সেই অঞ্চলে কোন চাল গম বিক্রি হচ্ছে না, চালের বাজারে চাল নেই। গত সপ্তাহে মাত্র ৭০০ গ্রাম চাল এবং ৫০০ গ্রাম গম দেওয়া হয়েছিল। নব-বারাকপুরের ক্ষুধার্ত মানুষ এই অবস্থার প্রতিকারের জন্য মন্ত্রী মহাশয়ের কাছে বার বার আবেদন জানিয়েছেন তা সত্বেও মন্ত্রী মহাশয় কিছু করছেন না দেখে, গত ১১ তারিখে মুখ্যমন্ত্রীর কাছে নব-বারাকপুরের কংগ্রেস এবং কমিউনিস্ট পার্টির লোকেরা ডেপুটেশন দিয়েছিলেন, তাতে মুখ্যমন্ত্রী বলেছিলেন যত তাড়াতাড়ি পারা যায় ব্যবস্থা করা হবে। তা সত্বেও আজকে নব-বারাকপুরের সমস্ত মানুষ ক্ষুধার্ত, ৪ টাকা করে যে চাল ছিল তাও আজ তিন দিন ধরে বাজারে বিক্রি হচ্ছে না। আমি মন্ত্রীমন্ডলীর কাছে জিজ্ঞাসা করছি যে ঐ সমস্ত মানুষ এবং শিশুরা আজকে কি খাবে? তাদের নির্বাচিত বিধান সভার সদস্য হিসাবে আমি মন্ত্রীসভার কাছে জিজ্ঞাসা করছি যে আজকে তাঁরা বিধানসভার সদস্যদের কাছে ঘোষণা করুন কি ব্যবস্থা গ্রহণ করবেন?

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমরা অনেক বার বলেছি যে এই পশ্চিমবাংলায় একটি গোষ্ঠী নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য রাষ্ট্রযন্ত্রকে খেটে খাওয়া মানুষের বিরুদ্ধে ব্যবহার করবার একটা প্রচেষ্টা করছে। প্রতিটি ক্ষেত্রে ট্রেজারি বেঞ্চের বিভিন্ন মন্ত্রী বলেন যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব। সম্প্রতি এই ধরনের একটি অত্যাচার সকল রেকর্ডকে ছাড়িয়ে গেছে, সেটা হচ্ছে কোকা-কোলা কম্পানীর ম্যানেজমেন্টের অত্যাচার। ঐ কম্পানীর খেটে খাওয়া মানুষেরা ম্যানেজমেন্টকে চার্টার অফ ডিমান্ড দিয়েছিলেন ইকোনমিক্যাল ডিমান্ডের উপর ভিত্তি করে, সেই অপরাধে সেখানকার ১৫ জন লোককে বে-আইনিভাবে ছাঁটাই করা হয়। তারা তার প্রতিবাদে স্ট্রাইক করেন। কিন্তু স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সহায়তায় ঐ ম্যানেজমেন্ট তাদের ওপর অত্যাচার শুরু করেন। সব চেয়ে আশ্চর্যের বিষয় সেখানকার স্থানীয় পুলিশ দায়িত্ব নেয় পুলিশের গাড়ী করে কোকা-কোলার যে পানীয়, তা বাজারে বিক্রি করার এবং তারা তা করছে. মালিকের সঙ্গে তারা দিন রাত ওঠ-বোস করছে। খেটে খাওয়া ঐ কম্পানীর মানুষদের বাড়ীতে গিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছে এবং তাদের গ্রেপ্তার করে নিয়ে আসছে। আজকে যখন একটি দায়িত্বশীল সরকার রয়েছেন তখন কি করে তারই রাষ্ট্রযন্ত্র এইভাবে কাজ করতে পারে? আজকে যখন মানুষ গণতান্ত্রিক পথে চলছে সেই সময় পুলিশ কি ভাবে সেই সব খেটে খাওয়া মানুষের বিরুদ্ধে মালিকের সঙ্গে হাতে হাত মিলিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছে? আগামী দিনে রাজ্যের পুলিশি ব্যবস্থা যদি এইভাবে চলে তাহলে তার বিরুদ্ধে খেটে খাওয়া মানুষ যদি শক্তিশালী প্রতিরোধ গড়ে তোলে তাহলে সেদিন আমাদের দোষারোপ করবেন না। এ বিষয়ে অনুসন্ধান করার দাবী করছি এবং আর যেন মেহনতী মানুষের রুটির লড়াইকে অবহেলা না করা হয়।

Shri Shish Mohammad :

স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সমশেরগঞ্জ থানার নিমতা অঞ্চলে গত ২৯শে মার্চ ইয়াকুব শেখ নামে একজন ব্যক্তি অনাহারে মারা গেছে। সেখানে চালের দাম ৩-৫০ পয়সা কে,জি এবং কোন কাজ নেই। এর ফলে মানুষ ক্রয় ক্ষমতাহীন হয়ে পড়েছে এবং অনাহারে মৃত্যুবরণ করছে। আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে অবিলম্বে যেন সুতী ও সমশেরগঞ্জ থানায় খাদ্য সরবরাহ করা হয়।

Shri Narayan Bhattacharya :

স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে উত্তরবঙ্গে চরম খাদ্যাভাব দেখা দিয়েছে। সেখানে রেশনের সরবরাহ বিশেষ নেই। সেখানকার মানুষ বলছে আমরা ভাষণ চাই না, রেশান চাই। পরশুদিন আমাদের বিধানসভা এ্যাডজোরণ হয়ে যাচ্ছে, তারপর আমরা আমাদের কনষ্টিটিউয়েন্সি-তে যেতে পারব কিনা সন্দেহ। সেখাকনার ক্ষুধার্ত মানুষের সামনে কিভাবে গিয়ে দাঁড়াব? আমরা খাদ্যাভাব সম্পর্কে বহু মেনশান দিয়েছি। উত্তরবঙ্গে একেবারে রেশান-এর কোন ব্যবস্থা নেই। মালদহে লোক মারা গেছে। আমি আবার মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যেন সেখানে অবিলম্বে রেশান পাঠান হয়।

Shri Debabrata Chatterjee :

স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলায় ভীষণ খাদ্যাভাব দেখা দিয়েছে। অবিলম্বে সেখানে রেশান দেওয়া ও জি,আর, টি,আর চালু যদি না করা হয় তাহলে অবস্থা আরও খারাপ হবে। সেখানে একজন মারা গেছে, কিন্তু পরে শুনব যে সেখানে কুকুর-বেড়ালের মত না খেয়ে লোক মারা যাবে। সুতরাং এ বিষয়ে সত্বর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

Shri Chandra Kumar Dey :

স্যার, এফ, সি, আই,-এর শ্রমিক ছাঁটাই সম্পর্কে আরও কিছু বক্তব্য রাখছি। এফ, সি, আই,-এর ৪টা জায়গায় গুদাম ঘর ছিল—কাঁটাপুকুর, বাগবাজার, জগন্নাথ ঘাট, বেঙ্গল জুট মিল। এই গুদাম ঘরের মধ্যে যে সমস্ত মাল ছিল সেগুলিকে শূন্য করে দেওয়া হয়েছে এবং অত্যন্ত কুখ্যাত ২ জন লোকের ঘরে এই সমস্ত মাল রাখা হয়েছে। এদের একজনের নাম হচ্ছে বি, কে, সিং, সন অফ ননদা কিশান সিং এবং আর একজন হচ্ছে রতন পাল সিং। এদের মধ্যে একজন খাদ্যে ভেজাল দেবার জন্য ১৯৬৬ সালে ডি,আই,আর-এ ধরা পড়েছিল। ফলে বহু কর্মচারীকে বেকার করে দেওয়া হচ্ছে। তারা মুখ্যমন্ত্রীর বাড়ীর সামনে অনশন করছে। কিন্তু এদিকে কোন দৃষ্টি দেওয়া হচ্ছে না এবং ধর্মঘটের কোন মীমাংসাও করা হচ্ছে না। ধর্মঘট তারা ন্যায্য কারণেই করছে। অকারণে তাদের চাকুরী থেকে ছাঁটাই করাটা অন্যায় হয়েছে। সুতরাং এফ, সি, আই কর্মীদের ধর্মঘটের মীমাংসা করার জন্য মন্ত্রী মহাশয় তৎপর হন।

[2-50—3 p.m.]

Shri Radha Raman Saha :

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি— একটি মর্মান্তিক দৃশ্যের প্রতি আকর্ষণ করছি। লোহিয়া মাতৃ সেবাসদন হাসপাতালের একজন আয়া অনাহারে মৃত্যু বরণ করেছেন। দীর্ঘদিন যাবত এই হাসপাতাল বন্ধ আছে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যাতে ঐ হাসপাতালের আর অন্য কোন কর্মচারীকে মৃত্যু মুখে পতিত না হতে হয় তারজন্য অবিলম্বে ঐ হাসপাতালটি খোলার ব্যবস্থা করুন এবং রাজ্য সরকার অর্ডিন্যান্স বলে যাতে ঐ হাসপাতালটি জাতীয়করণ করা হয় তার ব্যবস্থা নিন। এই সঙ্গে আমি আর একটা হাসপাতালের কথা উল্লেখ করছি সেটা হচ্ছে খড়দহের বলরাম সেবা সদন হাসপাতাল। এই হাসপাতালে ১ লক্ষ লোকের চিকিৎসা হয়। এই হাসপাতালটি একটা ট্রাস্টি বোর্ডের অধীনে। এই হাসপাতালের মালিক কর্তৃপক্ষ কর্মচারীদের উপর অত্যাচার করছে এবং হাসপাতালটিকে তুলে দেওয়ার ষড়যন্ত্র করছে। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

Shri Santosh Kumar Mondal :

মিঃ স্পীকার, স্যার, একটি জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওখানে ট্যাংরা দিগবাখোলা বলে একটা খাল আছে, যদিও এটা নামে একটা খাল কিন্তু নদীর মত। সেই নদীর বাঁধ ভেঙ্গে গেছে। এবং তার ফলে সেখানকার কয়েকটি গ্রাম নোনা জলে ভেসে গেছে, রবি শস্য নষ্ট হয়ে গেছে, তাদের যা কিছু সম্বল সমস্ত হারিয়ে ফেলেছে। তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে কাল কাটাচ্ছে। এই ব্যাপারে আমি সেচ মন্ত্রী মহাশয়ের কাছে গিয়েছিলাম, তিনি বললেন যতদিন পর্যন্ত না টেকনোক্র্যাটদের ধর্মঘট মিটছে ততদিন পর্য্যন্ত বাঁধ দেওয়া যাবে না। কিন্তু স্যার, এই বাঁধ না দেওয়ার জন্য হাজার হাজার মানুষ কষ্ট পাচ্ছে। আমি সেজন্য আপনার মাধ্যমে সেচ মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব তিনি যেন অবিলম্বে এই বাঁধ দেওয়ার ব্যবস্থা করেন।

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে যুদ্ধ আপনাকে করতে হয় না প্রত্যেকদিন আমাকে সেই যুদ্ধ করতে হয়। যুদ্ধের অবশ্য রূপান্তর আছে, এই যুদ্ধ আকবরের যুদ্ধ, বাবরের যুদ্ধ, মহম্মদ ঘোরীর যুদ্ধ নয়, এই যুদ্ধ রোজ ৯, সাড়ে ৯, ১০টার সময় বর্ধমান স্টেশনে সুরু হয় বর্ধমান থেকে প্রত্যেক দিন ৫ হাজার ডেলি প্যাসেঞ্জার কলকাতায় এবং শিল্পাঞ্চল সমূহে আসে। কোল ফিল্ড ট্রেনের সিডিউল টাইম ৯টা, আসে সাড়ে ৯টার সময়। তারপর বোম্বে মেল, কখনও আড়াইটা কখনও ৩ ঘণ্টা লেট। সরকারী কর্মচারী থেকে সুরু করে ফ্যাক্টরীর লোকেরা সকলেই এই ট্রেনের অপেক্ষায় বসে থাকে। এজন্য ডেলি প্যাসেঞ্জার

এ্যাসোসিয়েসান পশ্চিমবঙ্গ সরকারকে দীর্ঘদিন বলেছেন, রেলওয়ে কর্তৃপক্ষকে বলেছেন, দিল্লীতে রেলওয়ে মিনিস্টারকে বলেছেন, কিন্তু আজ পর্যন্ত ডেলি প্যাসেঞ্জারেদের সেই দাবী পূরণ করা হয় নাই। ডেলি প্যাসেঞ্জারদের দাবী ছিল হাওড়া-বর্ধমান ৯ টায় যদি একটা লোকাল থ্রু ট্রেন করা হয় তাহলে যাত্রীরা এই দুর্ভোগের হাত থেকে রক্ষা পায়। আমরা দেখেছি কোল ফিল্ড এলে তাতে বসার জায়গা থাকে না, তার উপর রেলের এমপ্লয়িজরা আছে, চালের চোরাকারবারীরা আছে, ট্রেনের মধ্যে তিন ধারণের জায়গা থাকে না, গরু-ভেড়ার মত আমাদের ঝুলতে ঝুলতে আসতে হয়। সেজন্য আমি পরিবহণ মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যাতে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা বলে বর্ধমান-হাওড়া একটা লোকাল থ্রু ট্রেন করা যায় সেটা দেখবেন।

Shri Asamanja De :

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আগেও বলেছি, আজকেও বলছি যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার করুনা কেতন সেন মহাশয়ের কতকগুলি বে-আইনী কার্যকলাপের জন্য শিক্ষার স্বার্থে অবিলম্বে সেখান থেকে তাঁর অপসারণ এবং পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক তদন্ত কমিশান বসানোর দাবী জানাচ্ছি। আমি দাবী জানাচ্ছি এই কারণে ১৯৭০ সালে নভেম্বর মাসে কার্যভার গ্রহণ কার পর এই কে, কে, সেন মহাশয় ইউনিভার্সিটি সিনেট বাজেটের কোন মিটিং ডাকেননি, বার্ষিক অডিট রিপোর্ট পেশ করর জন্য কোন মিটিং ডাকা হয়নি। ১৯৬৭ সালের স্ট্যাটুটে পরিষ্কারভাবে আছে যে ভাইস-চান্সেলর মিটিং ডাকতে বাধ্য। তাছাড়া ১৯৭৩ সালের ১১ই আগষ্ঠ এগজিকিউটিভ কাউন্সিলের মিটিং-এ যে হিসাব দাখিল করা হয়েছে তাতে দেখতে পাচ্ছি ওপনিং ব্যালেন্স ব্যাংক স্টেটমেন্টে যে টাকা দেখান হয়েছে তার চেয়ে ২৮ লক্ষ ৫৪ হাজার টাকা কম দেখান হয়েছে। ১৯৫৮ সাল থেকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ক্যাশ বুক দেখা হয়নি। কল্যাণী বিশ্ববিদ্যালয় স্টেট গভর্ণমেন্ট থেকে ম্যাচিং গ্রান্ট না পাওয়ার ফলে ইউ,সি,জি আই.সি,এ,আর, সি,এস,আই,আর-এর লক্ষ লক্ষ টাকা থেকে বঞ্চিত হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় এ্যাক্ট-এর ২৫ ধারায় আছে যে কোন ব্যাপারে যদি প্রয়োজন হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার সেখানে তদন্ত করবেন। কিন্তু দুঃখের বিষয় সরকার এই বিষয়ে নীরব। তারপর শিক্ষামন্ত্রীকে জানাচ্ছি বিশ্ববিদ্যালয় আইনে যে সমস্ত ফাইন্যান্স অফিসার থাকার কথা সেটা সেখানে নেই। পোস্টেজ স্ট্যাম্প কেনার ব্যাপারে লক্ষ লক্ষ টাকা তছরূপ করা হয়েছে এবং এই ব্যাপারে তদন্ত কমিটির রিপোর্টে রেজিস্ট্রারকে এ্যাকুজ করা সত্ত্বেও তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। শিক্ষা মন্ত্রী মহাশয় জবাব দেবেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এ, জি, ওয়েস্ট বেঙ্গলের দ্বারা অডিট কেন করান হয়নি এবং এ্যাসেট ডিভিসন কমিটি যেটা হয়েছিল সেখানে পশ্চিমবঙ্গ সরকার-এর তরফ থেকে কোন তথ্য কেন পেশ করা হয়নি। আমি সমস্ত বিষয়ে তদন্ত দাবী করছি এবং শিক্ষার স্বার্থে ভাইস-চ্যান্সেলার কে, কে, সেনের অপসারণ দাবী করছি।

Shri Sachinandan Sau :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমাদের বীরভূম জেলার সদর শহর শিউড়ি। দুবরাজপুর থেকে কোলকাতায় আসার কোন ট্রেন নেই এবং এই ব্যাপারে সেখানকার মানুষ বার বার রেলওয়ে দপ্তরকে আবেদন করা সত্ত্বেও কোন ব্যবস্থা করা হয়নি। শিউড়ি থেকে ১টি ট্রেন হচ্ছে অন্ডাল-আজিমগঞ্জ এবং আর একটি ট্রেন হচ্ছে সাঁইথিয়া-অন্ডাল। আপনি যদি দেখেন তাহলে দেখবেন এই ট্রেন দুটি চোরাকারবারীদের স্বর্গরাজ্য হয়েছে। এই ট্রেনে তারা চাল নিয়ে যাচ্ছে এবং ফিরে আসছে কয়লা নিয়ে। আপনি যদি যান তাহলে দেখবেন এমন কি ফাস্ট ক্লাশেও চাল এবং কয়লা ভর্তি থাকে এবং তার ফলে সাধারণ

মানুষ যেতে পারেনা। তারপর আর একটা অসুবিধা হচ্ছে লিংকের ট্রেন যেটা কোলকাতায় আসবে সেটা সময়মত পোঁছাতে পারে না বলে জনসাধারণের চুড়ান্ত কষ্ট হচ্ছে। আমরা আর একটা দাবী জানিয়েছিলাম সাহেবগঞ্জ টু হাওড়া একটা ডাইরেক্ট ট্রেন দিন, কিন্তু সেটা অনুমোদন করা হয়নি। এই ব্যাপারে চিন্তা করবার জন্য আমি আবেদন জানাচ্ছি। আমাদের পরিবহণমন্ত্রী কোলকাতা থেকে শিউড়ি একটা বাস দিয়েছেন। আমি তাঁকে আর একটা বাস এই রুটে দেবার জন্য অনুরোধ জানাচ্ছি এবং দুবরাজপুর থেকে যাতে একটা ট্রেনের ব্যবস্থা হয় সেই অনুরোধও জানাচ্ছি।

Shri Naresh Chandra Chaki :
মাননীয় স্পীকার মহাশয়, আমি আমাদের কৃষিমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা কৃষির উন্নতির জন্য দিকে দিকে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, রিভার লিফ্‌ট বসাচ্ছি কিন্তু অন্যদিকে আমরা তলিয়ে দেখছি না যে, এই বছরে পশ্চিমবাংলায় চালু ডিপ টিউবওয়েলগুলি বিশেষ কারণে বন্ধ হয়ে রয়েছে। আমরা লক্ষ্য করছি সেখানে সরকারের স্টাফ থাকা সত্বেও কোথাও কোথাও ডিপ টিউবওয়েলের ট্রান্সফর্মারগুলি চুরি হয়ে যাচ্ছে। পশ্চিমবাংলায় একটা দুষ্ট চক্র গড়ে উঠেছে যাদের লক্ষ্য হল ডিপ টিউব-ওয়েল এবং রিভার লিফ্‌টের ট্রান্সফর্মার চুরি কথা। এই সমস্ত ট্রান্সফর্মার যেগুলি চুরি হয়ে যাচ্ছে সেগুলি সরকার প্রথমবার রিপ্লেশ করেন কিন্তু দ্বিতীয়বার চুরি হলে আর সরকার থেকে রিপ্লেশ করা হয় না। আমার বক্তব্য হচ্ছে সরকারের স্টাফ থাকা সত্বেও যদি এগুলি চুরি হয় তাহলে তারজন্য কি চাষীরা দায়ী হবে? এই ট্রান্সফর্মারগুলি চুরি যাওয়ায় চাষীদের বলা হচ্ছে এগুলি তোমাদের টাকা দিয়ে কিনতে হবে, সরকার থেকে দেবে না। সরকার টাকা নিয়ে, ট্যাক্স নিয়ে চাষীদের জল দেন, এটা সরকারের একটা ব্যবসা। এই সমস্ত ট্রান্সফর্মারগুলি রক্ষা করবার জন্য সরকারের স্টাফ থাকা সত্বেও সেগুলি চুরি হলে স্টাফদের দোষ না দিয়ে চাষীদের টাকা দিতে বলা হবে এটা আমরা কখনও বরদাস্ত করতে পারিনা। আমি দাবী করছি এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হোক এবং সরকারের তরফ থেকে টাকা দিয়ে ট্রান্সফর্মারগুলি রিপ্লেশ করে এই সমস্ত বন্ধ ডিপ টিউবওয়েলগুলি চালু করা হোক।

[3—3-10 p.m.]

Shri Biswanath Chakrabarti :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আজকে এই সভাতে আমার বন্ধু চন্দ্র কুমার দে মহাশয় ফুড কর্পোরেশান অব ইন্ডিয়ার স্থানীয় কর্তৃপক্ষের স্বেচ্ছাচারিতার দুই একটা কথা বলেছেন। তারা চারটা গোডাউন বন্ধ করে দিয়েছে তার জন্য প্রায় ৩০০ জন কর্মচারী ছাঁটায়ের সম্মুখীন হয়েছে। আসলে ফুড কর্পোরেশান অব ইন্ডিয়ার স্থানীয় কর্তৃপক্ষ এই ভাড়া করা গোডাউনগুলি বন্ধ করে দিচ্ছেন তার কারণ তারা স্টোরিং এজেন্ট দের দুই পয়সা পাইয়ে দিতে চান। এই ফুড কর্পোরেশান অব ইন্ডিয়ার স্থানীয় কর্তৃপক্ষ ৫০ জন কর্মচারীদের ছাঁটাই করছেন। এই কর্মচারীরা স্বাভাবিক শূন্যপদে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে আইন অনুসারে এসেছিলেন এবং তাদের সকলেরই চাকরী ১ বছর পূর্ণ হতে চলেছিল। এবং আশঙ্কা করা হচ্ছে যে দুই একদিনের মধ্যে স্থানীয় কর্তৃপক্ষ আরও বেশ কিছু কর্মচারী ছাঁটাই করবেন। আশ্চর্য্য ব্যাপার, একদিকে কোন কারণ না দেখিয়ে তাদের ছাঁটাই করা হচ্ছে আবার সেই শূন্য পদগুলিকে নতুন করে লোক নিয়োগ করবার চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর এবং মাননীয় খাদ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে কেন্দ্রীয় খাদ্য বিভাগ এবং খাদ্য কর্পো-রেশানের চুক্তির বলে যে যে ট্রান্সফারের নিয়ম ছিল তা সমস্ত লঙ্ঘন করে ৫০ জন কর্ম-চারীকে বিভিন্ন জায়গায় ট্রান্সফার করা হচ্ছে। মাননীয় শ্রমমন্ত্রী যদি অবিলম্বে হস্তক্ষেপ না করেন তাহলে এমন একটা অবস্থা হবে যে ফুড কর্পোরেশানের কর্মচারীরা অত্যন্ত বিক্ষুব্ধ এবং অসন্তুষ্ট যে শেষ পর্যন্ত তারা বৃহত্তর আন্দোলনের পথে যেতে বাধ্য হবে। তখন খবরের কাগজ এবং কর্তৃপক্ষ সেই সমস্ত কর্মচারীদের দায়ী করবেন

যে খাদ্যের মুভমেন্ট-এর ব্যাপার, খাদ্য চলাচলের ব্যাপার এবং খাদ্য সংগ্রহের প্রশ্ন যেখানে আছে সেখানে তাদের দায়ী করা হবে। আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে ফুড কর্পোরেশানের কর্তৃপক্ষের সঙ্গে বসে এই জিনিষ বন্ধ করবার জন্য চেষ্টা করুন।

Shri Krishna Pada Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার সামাজিক অবক্ষয় রোধ করবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েকদিন আগে আমরা এই বিধানসভায় ক্যাবারে নাচের উপর কড়া হারে কর ধার্য করে আমরা বাজেট পাশ করেছি। স্যার, আমরা এখন লক্ষ্য করছি কলকাতার গ্রেট ইষ্টার্ন হোটেল কিম্বা নাম করা হোটেল ছেড়ে দিয়ে বাংলার রঙ্গমঞ্চের ঐতিহ্যকে নষ্ট করবার জন্য পশ্চিম-বাংলায় প্রায় প্রত্যেকটী রঙ্গমঞ্চে নাটকের নামে এই সব ক্যাবারে নাচের অনুপ্রবেশ ঘটান হচ্ছে। আপনার মাধ্যমে স্যার, সরকারের এই বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে এখানে সামাজিক অবক্ষয়-এর প্রশ্ন আছে। আজ শত বছরের বঙ্গ রঙ্গমঞ্চের উপরে এইভাবে ব্যবসায়ীর দৃষ্টিভঙ্গী দিয়ে এই রঙ্গমঞ্চের চরিত্রকে নষ্ট করা হচ্ছে। তার বিরুদ্ধে সরকার ব্যবস্থা নেবেন কিনা? আর একটা জিনিষ আমি মাননীয় অর্থ-মন্ত্রীর কাছে তুলে ধরছি যদি ক্যাবারের উপরে কড়া হারে কর ধার্য করেন এবং সেই ক্যাবারে যখন হোটেলের বাইরে পশ্চিমবঙ্গের বিভিন্ন রঙ্গমঞ্চে নিয়মমাফিক দেখান হয় প্রত্যেক দিন তাহলে অর্থমন্ত্রী এই নাটক-এর নামে মঞ্চের উপরে ক্যাবারে নাচের উপর কর ধার্য করে সরকারের আয়কে কেন বৃদ্ধি করবেন না?

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে রাখছি, যে জিনিষটা আমি কয়েকবার এই হাউসে রেখেছি, যেটার আজ পর্যন্ত সুরাহা হচ্ছে না। আমি গতকাল বাঁকুড়া গিয়েছিলাম এবং সেখানে যে খাদ্যাভাব দেখা দিয়েছে এবং চালের দাম সেখানে ৩ টাকা ৫০ পয়সা, সেখানে কোন রকম রেশনের সরবরাহ নাই। আটার সরবরাহ নাই, গম সরবরাহের কোন ব্যবস্থা করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি বাঁকুড়ার দুরবস্থার কথা জানেন, বাঁকুড়া জেলায় দিন মজুর, খেতমজুর এবং শ্রমজীবী মানুষই বেশী বাস করে, যারা দিন আনে দিন খায়। আজকে সেখানে এই সমস্ত লোকের এক মুঠো ভাত জুটছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি সেখানে এই অবস্থা হয়, বাঁকুড়া থেকে আমরা সংগ্রহ করে দিচ্ছি এবং সংগ্রহ করে আজকে সেখানে অন্যান্য জেলাকে খাওয়ান হচ্ছে কিন্তু আজকে বাঁকুড়ার যে দুরবস্থা সেই দুরবস্থায় সময় যদি সরকার না দেখে, সেখানে যদি আজকে সরকার সেখানকার মানুষের অভাব অভিযোগের কথা না শোনেন তাহলে তাদের কি অবস্থা হবে। তাই অবিলম্বে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলছি মন্ত্রী মহাশয়কে,—আমাদের জেলার মন্ত্রী মহাশয়ও আছেন তাঁকে বলছি বাঁকুড়ার যে দুর্মূল্য, যে অবস্থা হয়েছে, অবিলম্বে তার প্রতিকার করুন।

Shri Mahammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনছেন এবং খবরের কাগজে দেখছেন যে শেয়ালদা ডিভিশনের এই শেয়ালদা-লালগোলা লাইনে পলতা, উল্টাডাঙ্গা, দমদম এবং কাঁচড়াপাড়া, এই সব ষ্টেশনে প্রতিদিনই ডাকাতি এবং ছিনতাই হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই ব্যাপারে যাত্রীদের যাতায়াত করা একেবারে অসম্ভব হয়ে পড়েছে। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম দেখতে পাচ্ছি যে ইচ্ছা করে গাড়ীর চালকরা ঐসব জায়গায় গাড়ী স্লো করে দেয় এবং এদের সঙ্গে ঐ দুস্কৃতকারীরা বসে থাকছে

এবং তারপর সেই সময় তারা লুন্ঠন করে নেমে যাচ্ছে। এই গাড়ী চালকদের সঙ্গে যোগসাজস আছে কিনা এবং এমনও শোনা যাচ্ছে এই যে পুলিশি ব্যবস্থা আছে তাদের সঙ্গে এদের যোগসাজস রয়েছে। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী মহাশয়, এখানে আছেন, তাই আমি তাঁকে বলছি যে মাত্র ২৪টি স্টেশনের পুলিশের ব্যবস্থা আছে সেখানে ১৪২টি স্টেশন। গাড়ীতে রাত্রে আলো থাকেনা। আমি গত শুক্রবার, ২৯ তারিখে যখন যাচ্ছিলাম পাঁচটার গাড়ীতে, দেখি ফাস্ট ক্লাসে কোন আলো নেই। সব গাড়ীতে ব্যাটারি ডাউন হয়ে গিয়েছে, মাঝে মাঝে জ্বলছে, মাঝে মাঝে নিবছে, মেয়ে কি পুরুষ কাউকে দেখা যাচ্ছেনা। এই অবস্থার মধ্যে দুস্কৃতকারীরা সুযোগ নিচ্ছে। তাই আপনার মাধ্যমে আমি মাননীয় পুলিশমন্ত্রী মহাশয়কে বলছি উনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে এই রাজ্য পুলিশ এবং কেন্দ্রীয় পুলিশকে দিয়ে যাতে এই ব্যবস্থা জোরদার হয় তার ব্যবস্থা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে আমাকে বলতে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananta Kumar Bharati :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যেটির ব্যাপারে পশ্চিমবাংলার সাধারণ মানুষ, তাদের ব্যবসা-বাণিজ্য, ক্ষেত-খামার, সব জায়গায় আজকে তারা ক্ষতিগ্রস্ত হতে বসেছে। লোড সেডিং আজকে এমন একটা জায়গায় এসে পৌছেছে যে আজকে এই হাউসে বহু সদস্যই বলেছেন এবং আমার মনে হচ্ছে পাওয়ার মিনিস্টার আমাদের এই সমবেত ভয়েসের থেকে মোর পাওয়ারফুল। কোন কাজই আমরা দেখতে পাচ্ছিনা। তাই আমার বক্তব্য হচ্ছে যে অতি সামান্য, ছোট ছোট ব্যবসায় যেখানে ৫জন, ৭ জন, ১০ জন, ২০ জন লোক কাজ করেন সেখানে পাওয়ারের দৌরাত্মো যেসব ঘটনা ঘটেছে—কারণ আমরা জানি বড় বড় কারখানায় পাওয়ার ফেল করলে সঙ্গে সঙ্গে লোকদের লে অফ করে দেয়, তারা মাইনে পায়না, নানা রকম আইন কানুনের মধ্যে দিয়ে তারা চলে কিন্তু এইসব ছোট ছোট কারবারে যেখানে ৫ জন, ৭জন, ১০ জন, ২০ জন লোক কাজ করে এরা না পায় লে অফ করতে না কিছু। এরা এইভাবে দিনের পর দিন ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি নিজে জানি আমাদের ঐসব অঞ্চলে কয়েক হাজার ব্যবসা আছে যাদের মূলধন শেষ হয়ে গিয়েছে এই এক বৎসর লোড সেডিং-এর দাপটে। তাই আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রীমণ্ডলীর কাছে আবেদন জানাচ্ছি যাতে এর একটা আশু সুরাহা হয় তার ব্যবস্থা করবার জন্য।

Shri Ganesh Hatui :
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে বিষয়টা উল্লেখ করতে চাচ্ছি সেটা যদিও এই হাউসে মেনশন করা হয়েছে তা সত্ত্বেও আপনি যে আমাকে বলার সুযোগ দিয়েছেন তারজন্য আমি আপনার নিকট কৃতজ্ঞ। কৃতজ্ঞ এই কারণে যে গতকাল একদল বিক্ষুব্ধ জনতা কেরোসিন তেল এবং র‍্যাশন বৃদ্ধির দাবীতে আমাকে কয়েক ঘন্টা ঘেরাও করে রেখেছিল। জঙ্গীপাড়া এলাকায় কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, তার ফলে, অধ্যক্ষ মহাশয়, আপনি যদি আমাদের পল্লীবাংলায় যান তাহলে দেখতে পাবেন সাধারণ গৃহস্থর বাড়ীগুলি ভুতুড়ে বাড়ী হয়ে গিয়েছে। সেখানে ভূতের নৃত্য চলছে। সেখানে আলো জ্বলেনা বলে ছোট ছোট ছেলেমেয়েরা পড়াশুনা করতে পারছে না। সেখানে আরো একটি অন্তরায় হচ্ছে যে আমাদের জঙ্গীপাড়া এলাকায় অনেক তন্তুবায়শিল্পী বাস করে। তারা তেলের অভাবে তাঁত বুনতে পারছে না। পরীক্ষার্থীরা তেলের অভাবে পড়াশুনা করতে পারছে না। সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে এবং তার উপর ওখানে যে র‍্যাশন ব্যবস্থা সেটা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। সপ্তাহে মাথাপিছু মাত্র ১০০ গ্রাম চাল এবং ২০০ গ্রাম আটা দেওয়া হয়। এইজন্য আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-10—3-20 p.m.]

Shri Timir Baran Bhaduri :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ একটা ঘটনার প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সামনে পুলিশমন্ত্রী আছেন, তাঁর কাছে জানাচ্ছি। আজকে আনন্দ বাজার পত্রিকার চিঠি কলমের ভিতর এটা বেরিয়েছে। আজ থেকে মাস খানেক আগে ১২ই ফেব্রুয়ারীতে কলকাতায় রাত দশটায় সময় গোপীনাথ দত্ত বলে একজনের এ্যাক্সিডেন্ট হয়। সেই এ্যাক্সিডেন্ট হয়ে যাবার জন্য তার আত্মীয়স্বজন নানা জায়গায় খোঁজ-খবর করেও কোন খোঁজ না পেয়ে তারা যথারীতি ১৩ই ফেব্রুয়ারী তারিখে বড়তলায় পুলিশে ডায়েরী করে। তারপর হতে তারা পুলিশের ডি,সি, থেকে আরম্ভ করে ডি,ডি,ওয়ান ডি,ডি,টু এবং এই রকম প্রত্যেক অফিসারের সঙ্গে দেখা করে এই সম্বন্ধে খোঁজ নেয় এবং প্রত্যেকটি হাসপাতালেও খোঁজ নেয়। এই ঘটনার পর প্রায় এক মাস অতিবাহিত হয়ে যাবার পর গত ২২এ মার্চ তারিখে গোপীনাথ দত্তের ভাই কৃষ্ণ দত্ত হঠাৎ লালবাজারে গিয়ে জানতে পারে যে সেই লোক—গোপীনাথ দত্ত মেডিকেল কলেজে ভর্তি ছিল, ১৮ তারিখে মারা গিয়েছে। এই প্রশাসনযন্ত্রে যে কি ধরণের অঘটন ঘটছে এবং পুলিশের কাছ থেকে যে কোন সাহায্য পাওয়া যায় না, এই থেকেই বুঝা যায়। উপরন্তু একটা লোক মারা গিয়েছে, তার আত্মীয়স্বজন ১২ই ফেব্রুয়ারী থেকে বার বার লালবাজারে এসেছে, প্রত্যেকে পুলিশের সঙ্গে দেখা করেছে, মিসিং স্কোয়াডের সঙ্গে দেখা করে তাদের ফটো দেখিয়েছে, তথাপি তারা খাতার পাতা উল্টে ডায়েরী বই দেখেনি। আমি তাই পুলিশ-মন্ত্রীর কাছে জবাব চাইছি তিনি এই দিকে দৃষ্টি দিন, তাহলে আমাদের আত্মীয়স্বজনরা নিশ্চিন্ত হতে পারে।

Shri Rabindra Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী নেই, আমি মাননীয় মন্ত্রী-মন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বাংলাদেশে দিকে দিকে গ্রামে গঞ্জে সহরে, চারিদিকে অন্ধকার, মা বোনেরা একটুখানি কেরোসিন তেলের জন্য লাইন দিয়ে চলেছে। বাজারে তেল নেই। মাননীয় মন্ত্রিমহাশয়ও জানেন ইন্ডিয়ান অয়েলে স্ট্রাইক চলছে। মাননীয় মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন যে বাজারে তিন টাকা করে তেল বিক্রী হচ্ছে। ক্রাইসিস যদি হয়, বাজারে টাকা দিলেও তেল পাওয়া যায় না। কিন্তু তিন, চার টাকা দিলে তেল পাওয়া যাচ্ছে, যে পরিমাণ দেয় তাতে শতকরা ৫ জনও তেল পায় না। গ্রামের মানুষ একদিকে খেতে পাচ্ছে না, তাদের কাজ নাই, অন্ধকারে তারা যে ল্যাম্প জ্বালিয়ে বাস করবে সেই ব্যবস্থাও নেই। গ্রামে সরকার চাল দিতে পাচ্ছেন না, রেশন দিতে পারছেন না, একটুখানি কেরোসিন তেল দেবেন তারও সুব্যবস্থা নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা—উলুবেড়িয়া হাসপাতালে ইমার্জেন্সীতে অন্ধকারের মধ্যেই রুগী ভর্তি হয়, অন্ধকারে তেলের অভাবে রুগী বারান্দায় পড়ে শুয়ে থাকে, অন্ধকারে তাদের দেখা যায় না, এমনই তেলের অভাব। তেলের অভাবে হাসপাতাল অন্ধকার, কলকারখানা অন্ধকার, শিক্ষাক্ষেত্রে অন্ধকার, ছাত্রেরা পড়াশুনা করতে পাচ্ছে না। তাই আমি একথা বলতে চাই যে আজকে যদি বাংলাদেশে একটুখানি কেরোসিনের ব্যবস্থা না হয় স্বরূপনগরে বাদুরিয়ায় যে আগুণ জ্বলেছিল, যে অবস্থায় সৃষ্টি হয়েছিল, পশ্চিমবাংলার দিকে দিকে গ্রামে গঞ্জে কলকারখানায়, সেই অবস্থার সৃষ্টি হবে। সেজন্য তেলের ব্যবস্থা করবার জন্য মন্ত্রীমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ের আপনার দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম, মোটামুটি মাননীয় সদস্যরা মেনশনের মাধ্যমে তা এখানে তুলে ধরেছেন। সেটা হচ্ছে খাদ্য পরিস্থিতি। তাই আমি বিস্তৃত বলতে চাই না। তবে খাদ্যদ্রব্যের যে অবস্থা, সরকার যেভাবে তার মোকাবিলা করতে চাইছেন, সেটা জনসাধারণের দুঃখ দুর্দশা সামনে রেখে

মোকাবিলা করুন। সরকারী হিসাবে এখানে লোক সংখ্যা হল চার কোটি ৪৪ লক্ষ, বেসরকারী হিসাবে সেটা ৪ কোটি ৬৭ লক্ষ, কিন্তু রেশন ইউনিট সরকারী হিসাবে ৪ কোটি ৮০ লক্ষ, সরকারী হিসাবে চাইতে ৩৬ লক্ষ বেশী।

কাজেই বলা যায় এই ভুয়ো রেশন কার্ড হোল্ডারের সংখ্যা প্রায় ১৩ লক্ষ। তাই আমি বলবো নূতনভাবে এই রেশন কার্ড প্রবর্তন করা হোক্। আজ যেখানে মানুষ দুর্দশাগ্রস্ত—কোথায় এই রেশন কার্ড ছিড়ে গিয়েছে। কেরোসিন তেল পাওয়া যায় না, রেশন কার্ড দেখালে—তাড়িয়ে দেওয়া হয়। সেক্ষেত্রে ডুবলিকেট রেশন কার্ড দেওয়ার ব্যবস্থা করা হোক্। এই রেশন কার্ড যাতে সহজে এ্যাভেলেবল হয় তারজন্য মন্ত্রিমহাশয়কে বার বার অনুরোধ করেছি। ভুয়ো রেশন কার্ড ধরবার জন্যও বার বার অনুরোধ করেছি। যেখানে আজ কেরোসিন তেল লিটার তিন টাকা, চাল সাড়ে তিন টাকা—সরষের তেল ৯-১০ টাকা—এই রকম একটা অস্বাসাভাবিক অবস্থার মধ্যে বিধানসভায় দাঁড়িয়ে যদি আমরা এর কোন প্রতিকার না পাই—তাহলে গ্রাম বাংলার মানুষের কাছে গিয়ে আমরা কী বলবো? এই অবস্থায় লোকের সততা ও ন্যায়নিষ্ঠা বানচাল হতে বাধ্য। গ্রাম বাংলা থেকে অস্বাভাবিক অবস্থার খবর আমরা পাচ্ছি। এই অবস্থা মোকাবেলা করবার জন্য একটা পজিটিভ এ্যাকসান অবিলম্বে সরকার থেকে নেওয়া হোক্। খাদ্যকে নিশ্চিত করবার জন্য একটা সুষ্ঠু ডিষ্ট্রিবিউসান পলিসি নেওয়া হোক্—এই দাবী আমি মন্ত্রীসভার কাছে রাখছি। আমি আরো দাবী করছি কি কি পজিটিভ এ্যাকসান নেওয়া হলো তা বিধানসভার সদস্যদের ওয়াকিবহাল করান হোক।

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে ইন্টালী পোষ্ট এ্যান্ড টেলিগ্রাফ অফিস—পি,এম,জি, থেকে একটা অর্ডার জারী করা হয়েছে যে সারা কলকাতার মধ্যে কেবল ইন্টালী পোষ্ট এ্যান্ড টেলিগ্রাফ অফিস রাত্রি দশটা থেকে সকাল ছ'টা পর্য্যন্ত বন্ধ থাকবে। এর আগে অর্ডার ছিল রাত্রি ১০-টা থেকে সকাল ছ'টা পর্য্যন্ত কোন পোষ্ট এ্যান্ড টেলিগ্রাফ অফিস থেকে কোন টেলিগ্রাম বাড়ীতে পাঠান হতো না। সরকারী অর্ডার চালু হয়েছিল। আবার অর্ডার এসেছে—এই অর্ডার নং টি,এস,সি,বি,জেড-২৬৩, আর,এল,জি—সি,ও,আর,আর, ২১-৩-৭৩ ফ্রম পি,এম,জি, ক্যালকাটা—কেবল কলকাতার ইন্টালি পোষ্ট এ্যান্ড টেলিগ্রাফ অফিস রাত্রি ১০-টা থেকে সকাল ছ'টা পর্য্যন্ত বন্ধ কোন টেলিফোন টেলিগ্রাম করা যাবে না। শুধু বেছে বেছে ইন্টালী পোষ্ট এ্যান্ড টেলিগ্রাফ অফিস-এর জন্য এই অর্ডার কেন করা হলো বুঝতে পারছি না। আমিও ঐ এলাকার থাকি। ফলে ঐ অঞ্চলের সমস্ত মানুষের খুবই অসুবিধা হচ্ছে। তারা বললেন একথা আপনি বিধানসভায় তুলুন। এটা কার অধীন জানি না—তিনি এটা একটু দেখবেন। আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর স্যার, আর একটা বক্তব্য আমার আছে—এটা অবশ্য মেন্সন্ নয়। আমি মালদহ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি। সেটা আমি এখানে পড়ে দিচ্ছি—

"Cinema House declared illegal lockout. Not implementing settlement of 7th February on pay scale. Not paying dearness allowance. Intervene.

Indrajit Mitra,
Secretary, B.M.T.U."

[3-20—4 p.m.]

Personal Explanation

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে পারসোনাল এক্সপ্লানেসান-এ বলবার সুযোগ দিয়েছেন সেজন্য আপনাকে আমি ধ্যনবাদ জানাচ্ছি। কয়েকদিন আগে যখন এম,এল,এ,

হোস্টেলের ব্যাপারে যখন আলোচনা হচ্ছিল তখন বিধানসভার মাননীয় সদস্য শ্রীআব্দুল বারি বিশ্বাস তিনি বলেছেন যে, আমার নামে বিল বাকি আছে। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু থাকলে বলতে পারতেন যে আমি কারো কাছে এক পয়সাও ধার রাখি না। এমনকি তাঁর কাজেও নয়, এই কথা শোনবার পর থেকে আমার মাথা খারাপ হয়ে যায়। আমি আগেই বলেছি যে আমি এমনকি বিশ্বনাথবাবুর কাছেও ধার রাখি না। তিনি থাকলে আপনারা জিজ্ঞাসা করতে পারতেন। আমার মানসিক অবস্থার কথা বুঝতেই পারছেন। আমি দৌড়ে গিয়েছিলাম মাননীয় মন্ত্রী ভোলা সেনের কাছে আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে আমি তো থাকিনি কি করে ভাড়া বাকি হলো। তবে কখন কোন সময় আগে দু তিন বছর আগে একবার ঘর ভাড়া নিয়েছিলাম দু দিনের জন্য। আমি মনে করেছিলাম যে তারা বিল পেড করে দিয়ে গেছে। যা হোক তা সত্ত্বেও যদি থেকে থাকে [illegible] করে দিতে পারবো তা আমি তাঁকে জিজ্ঞাসা করলাম। মন্ত্রী মহাশয় তখন আমাকে বললেন যে আপনি এক কাজ করুন রাইটার্স বিল্ডিং-এ গিয়ে দিয়ে আসুন। দপ্তরে খোঁজ করুন। তিনি নাম দিলেন। আমি লোক পাঠালাম যে তিনি গিয়ে চেক্ পেমেন্ট করে আসুন। আমি অসুস্থ ছিলাম তাই আমি তার পরের দিন আসতে পারিনি। আমি লোককে দিয়ে ব্লাঙ্ক চেক ক্রশ চেক পাঠিয়েছিলাম সেই রাইটার্স বিল্ডিং-এ। তিনি সারা দিন ধরে সব জায়গায় খোঁজ করেছিলেন কারণ আমাকে টাকা দিতে হবে বলে। সে লোক আমার বিশ্বস্ত লোক ছিলেন তাই আমি তাঁকে দিয়ে পাঠিয়েছিলাম। এইভাবে সারাদিন ধরে খোঁজ হল যে এই অবস্থায় আমি কি করতে পারি। যাতে আমি টাকা দিতে পারি তারজন্য আমি সারাদিন ধরে খোঁজ করেয়েছি। এইভাবে আমি চিঠি দিয়েও ব্লাক পাঠালাম সমস্ত জায়গায় খোঁজ হল কোথাও লোক পাওয়া গেল না। এইভাবে সেকেন্ড দিনও সমস্ত ফাইল ইত্যাদি দেখা হল কোথাও নাম ইত্যাদি পাওয়া গেল না। আমি মহা মুস্কিলে পড়লাম কোন ফাইলে কোথাও নাম নেই। আমাদের বারি সাহেব বলছেন যে কেয়ারটেকারের কাছে তিনি প্রম্‌ট করে বলে দিচ্ছেন। আমি স্যার, ঝনঝাট করতে পারবো না। স্যার, আমি এই ব্লাঙ্ক চেক আপনার কাছে দিয়ে দিলাম। আপনি বার করে নিন এবং যেখানে আছে দিয়ে দিন। অনুরূপ পদ্ধতি সমস্ত এম,এল,এ,-দের কাছে দাবী করছি যে আগামী ৪ দিনের মধ্যে তাঁরাও যেন দিয়ে দেন যদি তাঁদের বাকি থেকে থাকে।

Mr. Speaker :

মাননীয় সদস্য, চেকটি আমার কাছে দিয়ে গেলেন আমি তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তবে আমাকে না দিয়ে লিভার অফ দি হাউসকে দিলে বোধ হয় সবচেয়ে ভালো হতো।

Laying of Reports

The Annual Reports on the working and affairs of the West Bengal Agro-Industries Corporation Ltd. for the years 1968-69, 1969-70 and 1970-71.

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Reports on the working and affairs of the West Bengal Agro-Industries Corporation Ltd., for the years 1968-69, 1969-70 and 1970-71.

The Annual Reports incorporating the audit report and comments of Comptroller and Auditor-General of India on the working and affairs of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1967-68, 1968-69, 1969-70, 1970-71, 1971-72 and 1972-73.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to lay the Annual Reports incorporating the audit report and comments of Comptroller and Auditor-General of India on the working and affairs of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1967-68, 1968-69, 1969-70, 1970-71, 1971-72 and 1972-73.

he Report of the Commission of Inquiry, Bus, Tram and Taxi Fare Structures, Parts I, II, III and IV(a) and interim and final reports of the reconstituted Commission of Inquiry on Stage Carriage Services in Calcutta and Howrah regions together with a memorandum of the action taken thereon.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to lay the Report of the Commission of Inquiry, Bus, Tram and Taxi Fare Structures, Parts I, II, III and IV(a) and interim and final reports of the reconstituted Commission of Inquiry on Stage Carriage Services in Calcutta and Howrah regions together with a memorandum of action taken thereon.

The Report of the Barman Inquiry Commission in respect of disturbances and incident of police firing at Hind Motor Railway Station in Hooghly district on the 7th July, 1973, together with a memorandum of action taken thereon.

Dr. Md. Fazle Haque : Sir, with your permission I beg to lay a copy of the Report of Barman Inquiry Commission in respect of disturbances and incident of police firing at Hind Motor Railway Station in Hooghly district on the 7th July, 1973, together with a memorandum of action taken thereon.

The Report of the Sarma Sarkar Inquiry Commission on the incident of police firing at Bartanr Hat, P.S. Jaipur, district Purulia, on the 18th June, 1973, together with a memorandum of action taken thereon.

Dr. Md. Fazle Haque : Sir, with your permission I beg to lay a copy of the Report of the Sarma Sarkar Inquiry Commission on the incident of police firing at Bartanr Hat, P.S. Jaipur, district Purulia, on the 18th June, 1973, together with a memorandum of action taken thereon.

[At this stage the House was adjourned for half-an-hour]

[After adjournment]

[4-00—4-10 p.m.]

The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974

Shri Sankar Ghose : I beg to introduce the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974.

[Secretary then read the title of the Bill]

Shri Sankar Ghose : I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974, be taken into consideration.

I may also place a statement under rule 271 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. In the Schedule to the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Act, there is an entry " nuts, excluding betel nuts ". Disputes arose as to what commodities are included under that entry. These disputes related to the question whether cashew-nuts, walnuts and ground nuts were covered by the said entry. There has been litigation with regard to the proper interpretation of the said entry. In order to remove doubts the Taxes on Entry of Goods into the Calcutta Metropolitan Area (Amendment) Ordinance, 1973, was promulgated. This Ordinance amended with retrospective effect the said entry by insertion of cashew-nuts, walnuts and ground nuts specifically in such entry. As the West Bengal Legislative Assembly was not in session the said Ordinance was promulgated by the Governor of West Bengal with the previous sanction of the President.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটির মাধ্যমে অকট্রয় আইনের সেডুলের একটি অংশের কিছু পরিবর্তন করতে চাই। এই সেডুলের একটি ইনট্রি যেটাতে বলা হয়েছে,

nuts, excluding betel nuts.

এই এনট্রির ভিত্তিতে কর ধার্য করা হচ্ছে। এবং যেহেতু সাধারণভাবে এটা ধার্য করা হয়েছিল যে নাট-এর ভিতর

cashew-nut, walnut and ground nuts.

সমস্ত পড়বে। এই এনট্রির ভিত্তিতে কর সেইভাবে ধার্য করা হয়েছিল। এযাবত্কাল কিন্তু কিছু কিছু ব্যবসায়ী এ বিষয়ে প্রশ্ন তুলেছে এবং তা নিয়ে অনেক ব্যবসায়ী মামলাও করে দিয়েছে।

আইনের ক্ষেত্রে এই অনিশ্চিয়তা থাকাটা ঠিক নয়। ১৯৭০ সালে এই আইনটা হয়েছিল এবং ১৯৭০ সালে এই এন্ট্রি হয়েছিল নাটস্, এক্সক্লুডিং বিটল নাটস, এর উপর কর ধার্য্যের ব্যবস্থা ছিল। এখন কিছু কিছু মামলা করা হয়েছে। তাতে বলা হয়েছে, না নাটের ভিতর গ্রাউণ্ড নেই, গ্রাউণ্ড-নাটকে, নাট বলা চলবে না, এটা অয়েল সিড, নাটের আওতায় আসে না। সেইভাবে বলা হয়েছে কাজু-নাট, ওয়ালনাট ইত্যাদি এই এন্ট্রির আওতায় পড়ে কিনা—যখন এই আইনটা হয়েছিল তখন ধরা হয়েছিল বিটল-নাট ছাড়া, সুপারী ছাড়া সমস্ত জাতীয় নাট গ্রাউণ্ড-নাট, কাজু বাদাম, আখরোট, চীনা বাদাম ইত্যাদি এই নাটের ভিতর রয়েছে। কিন্তু যখন এই বিষয়ে মামলা হয়েছে এবং এ্যাপিল কোর্টে একটা মামলা হয়েছে, এর বিরুদ্ধে এখন স্টে রয়েছে, সেখানে বলা হয়েছে, না গ্রাউণ্ড-নাট নাটের ভিতর নেই, কারণ গ্রাউণ্ড নাটকে সয়েল সিড হিসাবে ধরতে হবে। ১৯৭০ সাল থেকে এইটায় ট্যাক্সের ব্যবস্থা প্রচলিত রয়েছে। তাতে প্রায় ২৮ লক্ষ টাকা এই এন্ট্রির মাধ্যমে রাজস্ব রাজকোষে আসে। এখন যদি এই এন্ট্রির বৈধতা সম্বন্ধে কিম্বা কি কি দ্রব্য এই এন্ট্রির আওতায় পড়ে সেই সম্বন্ধে যদি মতবিরোধ থাকে তবে সাধারণ ব্যবসা বানিজ্যের উপর একটা অনিশ্চয়তা আসবে। এটা খুব প্রয়োজনীয় জিনিস কর ধার্য্যের যে আইন রয়েছে সেটা খুব পরিষ্কার থাকুক মানুষের কাছে যে, কি কি কর দিতে হবে এবং এই বিষয়ে মামলা হাইকোর্ট, এ্যাপিল কোর্টে হয়েছে, সুপ্রীম কোর্টেও মামলা রয়েছে, এইসব মামলার একটা যে নিষ্পত্তি হবে তার কোন নিশ্চয়তা নেই। তাই এই অনিশ্চয়তা দূর করার জন্য প্রথমে যে ধারণা ছিল নাট, বিটল নাট ছাড়া সমস্ত নাট, গ্রাউণ্ড-নাট, কাজু-নাট, ওয়ালনাটও এই এন্ট্রির আওতায় পড়বে, সেটাকে পরিষ্কার করে দেবার জন্য এই আইনটা হয়েছে। আমি আগেই বললাম যে ২৮ লক্ষ টাকা এইটার উপর নির্ভর করছে এবং এই টাকা এন্ট্রির মাধ্যমে আমাদের রাজকোষে এসেছে। ভবিষ্যৎ অনিশ্চয়তা দূর করার জন্যই এই আইনটা এসেছে—এই কথা বলে হাউসের কাছে আমি আমার বক্তব্য রাখলাম।

Shri Satya Ghosal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চেঙটি খুব ছোট, তাই জন্য আমাদের দেশে একটি কথা খুব প্রচলিত আছে সেটা হচ্ছে, ধান ভানতে শিবের গীত—কাজেই এখানে শঙ্করবাবুর বলার উপরে ধান ভানা যদি বলেন তাহলে এর উপরে একটু শিবের গীত গাইছি বলে আপনার কাছে আমি মার্জনা নিয়ে নিচ্ছি। কারণ, ধান ভানার সঙ্গে গানের একটা সম্পর্ক আছে। গান গাইতে গাইতে ধান ভানলে ধান ভানা ভাল হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রতিমাকে মূর্ত করে তোলে তার পিছনের চাল চিত্র। সেইজন্য শঙ্করবাবু এই বিল যে এনেছেন এটাতেও সেই প্রতিমার পিছনের চাল চিত্র আঁকবার চেষ্টা করেছেন। এখানে উনি যে সরল, নিরীহ বিলটি পড়লেন সেটা শুনে আমাদের বেশ নিরীহই মনে হল, অর্থাৎ উনি বিশেষ কিছু চিন্তা করছেন না। নাটস এক্সক্লুডিং বিটল-নাটস যেখানে ছিল সেখানে একটুখানি বদল করে বলেছেন নাটস ইনক্লুডিং গ্রাউণ্ড-নাটস্, কাজু-নাটস, ওয়ালনাটস

এক্সক্লুডিং বিটল-নাটস অর্থাৎ সুপারি বাদ দিয়ে বাকিগুলিকে ধরা হয়েছে। কিন্তু স্যার' মুস্কিল হচ্ছে ওয়াল-নাটস্, গ্রাউণ্ড-নাটসও নাট, আর কাজু-নাটসও নাট। এখন এই নাটেরা যদি এর ভিতর থাকেন তাহলে ঐ নাট কেন বাদ যান সেটা একটুখানি ভাবতে অবাক লাগছে। সুপারিকে বাদ দেওয়া ভাল জিনিস, তাতে আপত্তির কোন কারণ নেই। শঙ্করবাবু জানেন পেস্টাসিও নাট যাকে বলে পেস্তা—কারণ, অভিধান খুলে দেখলাম পেস্তাসিও নাট ইজ এ নাট উইথ গ্রিন করনাট—সুতরাং সেটা যদি নাট হয় তাহলে বাদ গেল কেন? সেটা কেবল পোলাও, কোপ্তা, কালিয়ার আসরে কাজে লাগে বলে বাদ গেল? কারণ পেস্তাও তো কাজে লাগে। কারণ, গ্রাউণ্ড নাটকে বাদ দিতে পারেন, ও মৃত্তিকার দীন সন্তান। গাছেরা মৃত্তিকার বীর সন্তান, গ্রাউণ্ড-নাট, মৃত্তিকার দীন সন্তান। ওদের নেমন্তন্ন পোলাও, কোপ্তা, কালিয়ার আসরে নয়, ওদের নিমন্ত্রণ জোটে রাস্তার ধারে ফুটপাতে, পথ চলতি খুন্নিবৃত্তির জন্য মাঝে মাঝে ডাক পড়ে। সেইজন্য আমি বলছি ঐ দুটোকেই রেহাই দিয়ে দিন না, যেমন সুপারিকে বাদ দিয়েছেন। আর কাজু বাদাম না হয় কিছু কুলিন যদি হয় তাহলে পেস্তা, পোলাও, কোপ্তা, কালিয়ার আসরে স্থান পেয়ে মোগলাই মহিমা সত্বেও কেন বাদ যাবে? তাকেও ঢুকিয়ে দিন। এই নাটের ভিতর।

[4-10—4-20 p.m.]

আমি বরণ তার কাছে একটা সুপারিশ করছি যাতে উনি বিবেচনা করে দেখেন। নাটস্ ইনক্লুডিং কাজু নাটস্ থাকুক। ইনক্লুডিং ওয়ালনাটস্ থাকুক, তার সঙ্গে উনি বড়িয়ে দেন ইনক্লুডিং পিসটাসিও, আর বাদ বেচারী গ্রাউন-নাট যেমন বাদ দিয়েছেন বেটেল-নাট। কারণ ধরুন এটাতে উনি কত বাড়াবেন। শুনলে মনে হচ্ছে একটু বাড়বে, আর এটা বাদ ছিল, এটা ঢুকে গেল। কিন্তু ব্যাপার ঠিক তা নয়। আমি জানি, ওনার যা ট্রেড সারকুলার আছে সেটা আপনিও দেখেছেন, যে এই কাজু বাদামের উপর আগে ট্যাক্স ছিল ৬ পারসেন্ট, এ্যাড ভালোরেম ট্যাক্স ছিল। এখন মাঝখানে থেকে এটা যখন চলে এল সিরিয়াল ৪ আইটেম(ইউ)'-এ তখন দেখা গেল এটা কমে গিয়ে হয়ে গেল দেড় পারসেন্ট। তাহলে যেখানে আগে ছিল ৬ পারসেন্ট, এই নাট-এর মধ্যে ঢুকে যাবার ফলে ওটাও হয়ে গেল দেড় পারসেন্ট, আসলে কমে গেল এবং এই কমে যাওয়াটা মেকআপ করার জন্য যখন গ্রাউন্ড নাটস-কে ঢুকিয়ে দিলেন তাতে না হয় আরো দেড় পারসেন্ট বাড়ল কিন্তু তবুও কম রয়ে গেল ৩ পারসেন্ট। সেজন্য আমি ভাবছিলাম যদি পাউন্ড অফ ফ্লেস অক্ষুন্ন রাখতে হয় তাহলে ঐ গ্রাউন্ড-নাট'-কে বাদ দিয়ে দেন, পিসটাসিও'-কে ঢুকিয়ে দেন তাহলে যা ছিল তাই থাকবে। সেজন্য সুপারিশ করছি। আপনার পাউন্ড অফ ফ্লেস অক্ষুন্ন থাকুক আর এটাও অক্ষুন্ন থাকুক। তাছাড়া আর একটা অসুবিধা আছে। যেমন ধরুন আমি ভাবছিলাম যে মেদিনীপুরের লোক আমি কাজু বাদামকে বাদ দিতে বলি। আমার মেদিনীপুর থেকে কাজু বাদাম আসে এবং বিক্রয় হয়। কাজেই কাজু বাদামটাকে বাদ দিলে মেদিনীপুরের লোকেরা আমাকে ভাল বাসবে। কিন্তু আমি বাদ দিলাম না এই ভেবে—আমি শঙ্করবাবুকে একটা কথা বলছি। অবশ্য এটাতে কোন কটাক্ষের ইঙ্গিত মনে করবেন না। শঙ্করবাবুতো কাজু বাদামের সঙ্গে কফি খান, আপনি এটার বেলায় কেন অবিচার করছেন? আপনি কফির বেলায় ট্যাক্স করেছেন এক কেজিতে ২ পয়সা। আর কাজু বাদামের বেলায় কিসের জন্য আপনি এটা করে দিয়ে গেলেন? ওটার বেলায় রইল ওজনে, অর্থাৎ এক কেজিতে। আর এটার বেলায় করলেন এডভা-লোরেম। আবার ছিল ৬ পারসেন্ট, কমিয়ে দিয়ে করলেন দেড় পারসেন্ট এবং সেজন্য দেখা গেল এক কেজি কফির দাম যদি ২০ টাকা হয়—আমি অবশ্য নিয়মিত কফি খাই না, ঠিক বলতে পারবো না, তবে মনে হয় এই রকম হবে। কাজেই ১ কেজি কফির দাম যদি ২০ টাকা হয় তাহলে আপনি ২০ টাকা ২ পয়সা আদায় করবেন। আর সেখানে আপনি যখন কাজু বাদাম খাবেন—এক কেজি কাজু বাদামের দাম যদি হয় ২০ টাকা তাহলে তার দেড় পারসেন্ট হিসাবে আদায় করলে আপনি অনেক বেশী আদায় করে ফেলবেন। এতে কি ন্যায় বিচার করা হবে? আপনি একটা প্লেট-এ কাজু বাদাম এবং এককাপ কফি নিয়ে খেতে বসবেন এবং একটার জন্য দেবেন ২ পয়সা আর একটার

জন্য দেবেন ২০ কি ২২ পয়সা এবং এটা আমাদেরও দিতে বলবেন। কাজেই এটা অবিচার হচ্ছে। এটা একটু ভেবে দেখবেন। অবশ্য আপনাকে দুইবেলা কফি খান বলেছি বলে মনে করবেন না যে কটাক্ষ করেছি। আরো অনেকে খান। কিন্তু তবুও এটা একটু বিবেচনা করে দেখবেন। তাছাড়া আমি বলছি, এর চেয়ে একটা বাড়তি জিনিষ করুন না। আপনি এখানে কিভাবে ট্যাক্স করবেন সেটা আগে ঠিক করুন। সেজন্য বলছিলাম যে ধান ভাঙ্গতে শিবের গীত হয়ে যাচ্ছে। ব্যাপারটা কিন্তু নিরিহ ভাবছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভেবে দেখবেন, কণাটি হয়ত শিশিরের কিন্তু উৎসটি হচ্ছে আকাশ। ডাকটি হয়ত ছোট্ট এক অক্ষরের 'মা' কিন্তু আর্থিকী ভুবনব্যাপী। নিরিহ একটা কাঠ কিন্তু আসলে অগ্নীমন্ত্র। কারণ দেখুন, বোম্বেতে কি চলে, দিল্লীতে কি চলে আর কলকাতায় কি চলে? অন্যান্য জায়গায় কিন্তু চলে ওজনে। আর কলকাতায় চলবে এ্যাডভ্যালোরিম-এ। আপনি এটা ভেবে দেখেছেন যে এতে ট্যাক্স বাড়ে কি বাড়ে না! আপনি অবশ্য বলতে পারেন, দিল্লীতে যদিও ওজনে চলে বোম্বেতে চলে এ্যাডভ্যালোরিম-এ। আপনি নিশ্চয়ই জানেন যে বোম্বেতে ওটা সত্যিকারের অক্ট্রয়। ওতে যেতে ট্যাক্স লাগে আসতেও ট্যাক্স লাগে। কিন্তু কলকাতায় আসলে অক্ট্রয় নয়। আসলে এটা হচ্ছে এন্ট্রি। এতে ঢোকার সময় লাগে কিন্তু বেরোবার সময় লাগে না। সুতরাং আপনি ভেবে দেখুন যে এই রকম জিনিষ চলতে দেবেন কি না এবং সেটা ঠিক ন্যায় বিচার হবে কিনা? আপনি এখানে ওজনে চালু করতে পারেন কিনা? এখানে দুটোই চলবে, কিছু এ্যাডভ্যালোরিম আবার কিছু ওজনে। কাজেই এটা আপনি একটু চিন্তা করে দেখবেন বলে আশা করি। সেই প্রসঙ্গে আপনি বলেছেন যে কিছু আয় বাড়বে, ২০ লক্ষ টাকার মত, এই রকম একটা কথা বললেন। আমি আপনাকে বলবো যে আয় বাড়াবার কি অন্য কোন সোরস্ নেই? ধরুন এই এনট্রি ট্যাক্স-এ আমি যদি আপনাকে জিজ্ঞাসা করি যে, এই এনট্রি ট্যাক্স কিসের কিসের উপর আছে, আর কিসের উপর নেই, আপনি কি জানেন? আপনার একটা ট্রেড সারকুলার দেখছিলাম, তাতে দেখলাম আরমস্-এ আছে এনট্রি ট্যাক্স কিন্তু এ্যামুনিসান-এ নেই। আবার দেখলাম কাগজে এনট্রি ট্যাক্স আছে কিন্তু বাঁশে নেই; যে বাঁশের থেকে কাগজ তৈরী হয়। আমি দেখলাম যে আলপিন-এ এনট্রি ট্যাক্স আছে কিন্তু বল-পয়েন্ট পেন-এ নেই। এই বল-পয়েন্ট পেন-এ কারা লেখেন? আমি দেখলাম বিড়ির পাতা আপনি বাদ দিয়েছেন। সেটা বাদ দিয়ে ভালো করেছেন কিন্তু বকসাইট-কে বাদ দিয়েছেন। সেটা কেন বাদ রাখলেন? আমি দেখলাম, ছবিওয়ালা যে সব ক্যালেণ্ডার যেগুলি মূল্যবান তাকে বাদ রেখেছেন। আমি দেখলাম, ছবিওয়ালা যে সব পিকচার কার্ড তারা কিন্তু আপনার ঐ ট্যাক্স-এর আওতা থেকে রেহাই পেয়েছে। তাদের কেন আপনি বাদ রেখেছেন?

সেইগুলো থেকে তো আপনাদের কিছু পয়সা আসতে পারতো। আমরা দেখেছি, যার থেকে মোজায়েক তৈরী হয় ডোলামাইট, সেই ডোলামাইটকে আপনি বাদ রেখেছেন। আপনি বাদ রেখেছেন ফেরো ম্যাঙ্গানিজ, ফেরো সিলিকন ইত্যাদি। এই সমস্ত হাজার কেন'-র কোন উত্তর পাওয়া যাচ্ছে না, আপনি এইগুলোকে কেন বাদ রেখেছেন? আপনি বলতে পারেন, যখন হয়েছে তখন আপনি মন্ত্রী ছিলেন না। কিন্তু চেকপোষ্ট যখন হয় ১০।৬।৭২ তারিখ থেকে—আমি যতগুলো পেয়েছি, তখন তো আপনি মন্ত্রী ছিলেন। এইগুলো থেকে যদি আদায় করবার ব্যবস্থা করতেন বা এখন আদায় করবার জন্য কোন সংশোধনী আনতেন তাহলে ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়ার ডেভলপমেন্টের জন্য অনেক টাকা পেতে পারতেন। এই টাকাগুলো পৌরসভাগুলোতে দেওয়া যেতে পারতো। কিন্তু তা আপনারা করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি টাকার কথা বলেছিলেন, আমার কাছে যে হিসাব আছে, আমি দেখলাম ১৯৭০-৭১ সালে যখন এটা চালু হয়েছে নভেম্বর থেকে, ওখানে আদায় হয়েছে কোটি ৭৫ লক্ষ ৯১ হাজার ৩৮২ টাকা। ১৯৭২-৭৩ সালে আদায় হয়েছে ১১ কোটি ৯ লক্ষ টাকা, ১৯৭৩-৭৪ সালে ২৩।২।৭৪ তারিখ পর্য্যন্ত ১০ কোটি ৭০ লক্ষ ৭২ হাজার ০৬ টাকা, ওখানে টাকা কত বাড়তে পারতো ভাবুন যদি এই জিনিসগুলো আপনারা রতেন? এই যে উনি আদায় করবেন—১৬৮টি চেকপোস্ট আছে, এই ১৬৮টি চেক-াস্টের ভেতর এয়ার, রেল, রোড আছে, কাস্টমস আছে, কিন্তু মজার ব্যাপার দেখুন

পোস্ট অফিসটা নেই। এত জায়গা থেকে যদি এখানে মাল এসে ধরা পড়ে পোস্ট অফিসকে উনি কেন বাদ রেখেছেন, সেখানে যদি চেকপোস্ট রাখতেন তাহলে সেখানে থেকে তো কিছু ধরা পড়তো? পোস্ট অফিস মারফত তো অনেক মূল্যবান মালপত্র চলে যায়। কিন্তু তার ব্যবস্থা তিনি কিছুই করেন নি। তারপর ধরুন যে সমস্ত চেকপোস্ট আছে, এই-গুলোতে তিন রকম ব্যবস্থা আছে, এ, বি, সি, তিন রকম ক্যাটাগোরি আছে। যেমন শালিমার, মগরা, হাওড়া, নোয়াপাড়া বানীতবলা এইগুলো এ ক্যাটাগরি, এখানে অফিসাররা থাকেন, পেট্রলম্যানরা থাকেন, কর্মচারীরা থাকেন। ওর আবার বি ক্যাটাগরি কিছু আছে যেমন, কাশীপুর, চিৎপুর, উল্টাডাঙ্গা, জয়জয়ন্তিপুর, বৃদ্ধাঙ্গি, পাহাড়পুর, শিয়ালদহ ইত্যাদি এখানে শুধু থাকেন সাব-ইন্সপেক্টার এবং পেট্রলমানরা। এ বাদে কিছু আবার সি ক্যাটাগরি আছে, যেমন বেলুড় প্রভৃতি। এখানে শুধু পেট্রলম্যানরা থাকেন এবং এখানে হলেই ওরাই সর্বেসর্বা, বুঝতেই পারছেন যে কি আদায় হবে। অথচ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আশ্চর্য্য হয়ে দেখুন এই দপ্তরে যেখানে ইন্সপেক্টারের স্যাংশণ্ড পোস্ট হল ৮০, সেখানে ওর লোক আছে ২৩। যেখানে সাব-ইন্সপেক্টারের পোস্ট ৫১২, সেখানে ওদের লোক আছে ৪০৬। যেখানে কেশিয়ারের স্যাংশণ্ড পোস্ট ৩০০ সেখানে ওর লোক আছে ১৫৫। এইভাবে আণ্ডার স্টাফ করে রেখে কি করে আদায় করবেন এবং এই স্টাফগুলোকে যদি ভর্ত্তি করতেন তাহলে অনেক বেশী টাকা আদায় হ'ত কি না, তা আমি ওঁকে ভেবে দেখতে বলবো। এবং আপনার মাধ্যমে এটা বলছি যে উনি এই বিষয়টা বিচার করে দেখবেন। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও মজার কথা বলি, ওর যে ডিরেক্টার এম, জি, কুট্টি উনি একাধারে ত্রিমূর্তি। উনি ফাইন্যান্সের কমিশনার আছেন, তাছাড়া জয়েন্ট সেক্রটারী ফাইন্যান্স এবং কর্মাশিয়্যাল ট্যাক্সের উনি কমিশনার আছেন আবার এনট্রি ট্যাক্সের ডিরেক্টার, ইনি একসঙ্গেই তিনটি কাজ করেন। যেমন দুই হাতে কালের মন্দিরা সদাই বাজে তেমনি দুই হাতে—ডাইনে বাঁয়ে কি আদায় হচ্ছে বুঝতে পারছি না। তেমনি ওখানে আছেন মিঃ ডি, কে, সিন্হা, উনি হলেন একজন লোক যার উপর দুটো ভার রয়েছে। উনি হচ্ছে কমিশনার অব দি এগ্রিকালচারাল ইনকামট্যাক্স আবার এর হলেন এ্যাডিশন্যাল ডিরেক্টার। উনি এক সঙ্গে দুটো কাজ করবেন। এরা কাজ করেন কিন্তু এর চেয়ে আর একজন ভাল কাজ করছেন এই দপ্তরে, তিনি হলেন স্পেশাল অফিসার মিঃ জে, এন, ঘটক, ইনি এ্যাসিস্ট্যান্ট ডিরেক্টার, ইনিও হলেন এ্যাপিলেট অথরিটি। এন্ট্রি ট্যাক্সে যত ফাঁকি, চুরি, হয় আণ্ডার এ্যাসেসমেন্ট হয়, যত দুর্নীতি হয়, যত কিছু হয়, ইনি নাকি তার বিচার করেন, এ্যাপিল শোনেন। এর গুণাবলি আলাদা, ভদ্রলোক এ্যাপিল শোনেন, কিন্তু এর কাছে আট হাজারটা এ্যাপিল পড়ে আছে। তিনি সেইগুলো শুনানী করবার সময় পান না এবং ধারাবাহিকভাবে কাজ করেন, যার জন্য দু নং কেস-এর বিচার এখনও পর্য্যন্ত হয়নি। অথচ কাজগুলো সিরিয়্যালি হয় না পিক এ্যাণ্ড চুজের ভিত্তিতে হয়। যেটাকে ইচ্ছা পিক করেন বেছে নেন, যা ইচ্ছা শোনেন। পদ্ধতিও বড় চমৎকার মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে উনি এ্যাপিল শোনেন। যে পার্টি অসন্তুষ্ট হন, সেই পার্টি এ্যাপিল করলো, পার্টি এ্যাপিয়ার করলো, কিন্তু যিনি এ্যাসেস করলেন তার পক্ষে কেউ এ্যাপিয়ার করবার নেই। অথচ সরকার পক্ষ থেকে কোন লোক নেই, হাকিম রায় দিয়ে দিলেন।

[4-20—4-30 p.m.]

জুট গুডসগুলি এসেম্বল নয় বলে মিঃ ঘটক রায় দিয়েছেন। এর ফলে এই ১০ লক্ষ টাকা করে সরকারের ক্ষতি হচ্ছে। এর ওপর যারা আছেন, জোনাল অফিসার আছেন, এন্ট্রি ট্যাক্স অফিসার আছেন, ইন্সপেক্টরবাবু আছেন, সাব-ইন্সপেক্টর আছেন, এরা সকলেই আছেন, এই লোকগুলির মধ্যে যারা এসেসমেন্ট আসলে করেন তারা সাব-ইন্সপেক্টর, এরা এসেসমেন্ট করেন, এদের কোয়াশি জুডিসিয়াল পাওয়ার আছে, সেই ক্ষমতাবলে তারা নিজেদের কাজের দায়িত্ব নিজেরা নেন। অথচ লক্ষ্যনীয় দেখুন, এদের পে-স্কেল আর ক্যাশিয়ারদের পে-স্কেল উনি এক করে রেখেছেন। যে ক্যাশিয়ার এদের তলায় কাজ করেন, এদের সকলের পে-স্কেল এক হলো। আরো বিচিত্র ব্যাপার হলো এই

দপ্তর, যেখানে থেকে ১১ কোটি টাকা আদায় হয় বলে আমরা আগে দেখেছি, সেখান থেকে সমস্ত নন-গেজেটেড অফিসাররা মিলে যা মাইনে পান তার পরিমাণ হলো ২.৬%, আর মুষ্টিমেয় কয়েকজন গেজেটেড অফিসার যা পান তার পরিমাণ হলো ৪.৭%। এই জাষ্টিস যদি চলতে থাকে তাহলে যে কর্মচারীরা আদায় করেন, তারা দুর্নীতি করেন, স্বাভাবিক ভাবেই তারা ঘুষ খায় এবং সেই দুর্নীতি বন্ধ করবার জন্য রকমারি ব্যাপার হয়। কিন্তু দুর্নীতি এখন আরো নানান কায়দায় চলে, যেমন ধরুন বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে এই দপ্তর খোলার সময় লোক আনা হয়েছিল এখানে, এই অফিসাররা তাদের সঙ্গে মতের মিল না হলেই তাদের ধমক দেন, বলেন তোমাকে আবার তোমার পুরোন দপ্তরে ফেরত পাঠিয়ে দেব, সুতরাং তুমি আমার সঙ্গে মানিয়ে চল এবং যদি ফেরত যেতে না চাও তাহলে সেই রকম ব্যবস্থা কর। এবং সেই সমস্ত ব্যবস্থা করতে হয়। এইসব দুর্নীতির খবর বিভিন্ন কাগজে বেরিয়েছে, স্টেটসম্যানে, আনন্দবাজার পত্রিকায়, যুগান্তরে এই সমস্ত খবর বেরিয়েছে। অন্যান্য কাগজেও বেরিয়েছে মিঃ ঘটকের ব্যাপার। আমরা এত জানতে চাইনি, কিন্তু যেটা বলতে চাই যে এই সমস্ত হচ্ছে, আরো একটা মারাত্মক দুর্নীতি চলছে, এই যে বললাম সাব-ইন্সপেক্টর এসেসমেন্ট করেন, এর ওপরে যে অফিসার আছেন, ইন্সপেক্টরবাবুরা আছেন, জোনাল অফিসাররা আছেন, এর ভেতরে ঘটক সাহেব আছেন, এরা করেন কি বড় পার্টি যখন এসে আপত্তি করে তখন টেলিফোনে বলে দেন, ওহে ওর এসেসমেন্টটা এইভাবে করবে এবং এই টেলিফোনে বলে দেওয়ার ফলে কোন লিখিত রেকর্ড থাকে না এবং লিখিত রেকর্ড না থাকার ফলে এ্যাপিল যখন করে তখন ওরা খালাস হয়ে যান, মাঝখানে থেকে এই ভদ্রলোকরা বিপদে পড়েন, যারা ঐ টেলিফোন-এর কথা শুনে এই সমস্ত কেসের এসেসমেন্ট করেন। তারপরে ট্রান্সফারের মাধ্যমে এই দপ্তরে বড় বিচিত্র দুর্নীতি চলছে। আমি বলেছিলাম তিন রকমের চেক্ পোষ্ট আছে, যেমন একটা হচ্ছে প্রাইজ পোষ্ট, এটা হলো সাধারণ পোষ্ট আর একটা ড্রাই পোষ্ট। আমি সেদিন জেনারেল এডমিনিষ্ট্রেশনের বক্তৃতার সময় বলেছিলাম যে কেউ কেউ সোয়েল করেন, কেউ কেউ গ্রো-করেন, কেউ কেউ টিকে থাকেন, এই প্রাইজ পোষ্টে যারা যান তারা টিকে থাকেন। যারা মাঝা মাঝি পোষ্টে থাকেন, তারা গ্রো করেন, আর যারা ঐ সাধারাণ পোষ্টে পড়ে থাকেন তারা ইঁদুরের মত শুকিয়ে মরেন। সুতরাং এই যে ট্রান্সফার এটা মারাত্মক, যে তোমাকে এই পোষ্ট থেকে ঐ পোষ্টে দেব, ঐ পোষ্ট থেকে ঐ পোষ্টে দেব, অতএব কি আছে নিয়ে এস। কাজেই গ্রো করবার লোভে কেউ কেউ যায়, সোয়েল করবার জন্য কেউ কেউ দেন পরে সেটা আমাদের ঘাড় থেকে আদায় করেন। আপনি দেখুন গত ২ বছরে ৮৭১টি ট্রান্সফার হয়েছে এবং এই ট্রান্সফারগুলো কি সুন্দর হয়েছে, এক একটি কর্মচারীকে ৩ বার থেকে ৫ বার বদলি করা হচ্ছে এই রকম কর্মচারীর সংখ্যা ৮০০। আমি একটা মাত্র স্পেসিফিক কেস আপনার কাছে দিচ্ছি, বেশী দেবনা, শ্রীপিনাকী রঞ্জন রায়, একে প্রথমে শাস্তির ব্যবস্থা হিসাবে বদলি করা হয়েছিল কালিঘাট থেকে ড্রাই পোষ্ট বজবজে, তিন মাসের মধ্যে ভদ্রলোককে আবার ড্রাই পোষ্ট বজ বজ থেকে প্রাইজ পোষ্ট উল্টোডাঙ্গায় ফিরিয়ে আনা হয়েছে। এর অর্ডার নম্বর যদি চান আমি দিয়ে দিচ্ছি ৬৭৬ ই, টি, ডেটেড ২১।৭।৭৩, আর একটা হচ্ছে ১০৯৬ ই, টি, ডেটেড ২১।১১।৭৩। এই দেখুন ৫ মাসের ভেতর ভদ্রলোককে এইরকম করা হয়েছে এবং এই সব দুর্নীতির ভিতর দিয়ে—যেমন দুর্নীতি চলে, সরকারের লক্ষ লক্ষ টাকা পাচার হয় এবং এই সমস্ত জিনিষ ঘটে। তারপর স্যার, আপনি দেখুন চেক পোষ্টগুলির অবস্থা কি, এই চেক পোষ্টগুলিতে লোক নেই, জল নেই, ইউরিনাল নেই, ল্যাট্রিন নেই এবং আপনার কাছে বলছি একটু খাবার জলের ব্যবস্থা নেই শালিমারের মত জায়গায়, হাওড়াতে, শিয়ালদাতে, জল পর্য্যন্ত একটু খেতে পায় না। অধিকাংশ চেক পোষ্টে কোন কাউন্টার নেই। হাওড়ায়, যেখানে লক্ষ লক্ষ টাকা আদায় হয় সেখানে কোন কাউন্টার নেই, একটা টেবিল সাজিয়ে নিয়ে ২০০।২৫০ লোকের ভীড়ে ঘেরাও হয়ে সাব-ইন্সেপেক্টর সেখানে এসেসমেন্ট করেন, টাকা আদায় করেন, অসন্তুষ্ট পার্টি সেখানে কাগজ পত্র ছুঁড়ে ফেলে দিয়ে চলে যায়। এই সমস্ত জিনিষ ঘটে, এমন কি যেখানে ষ্টেশনে বসতে হচ্ছে সেখানে এন্ট্রি ট্যাক্স অফিসারকে স্টেশন মাষ্টারের মর্জিতে বসে থাকতে হয়, স্টেশন মাষ্টার যদি এসে দয়া করে ঘর খোলেন তাহলে ঘরে গিয়ে বসেন, স্টেশন মাষ্টার ঘরে

চাবি দিয়ে গেলে ওরা বাইরে প্লাটফর্মে ঘোরে, ওদের কোন বসবার জায়গা নেই। উদাহরণ যদি চান, আমি দিচ্ছি সোনারপুরে এই অবস্থা, বারুইপুরে এই অবস্থা, বেলুড়ে এই অবস্থা।

এর আইন-কানুন খুব সর্বনেশে। ১৬৮টি চেক পোস্ট-এর মধ্যে ১২১টি রেলওয়েজ-এর মধ্যে আছে। আরও মজার ব্যাপার হচ্ছে রেলওয়ে ডিপার্টমেন্ট-এর সঙ্গে ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেন্ট-এর কোন লিখিত চুক্তি নেই। তার ফলে রেলওয়ে বেশীর ভাগ লোককেই ছেড়ে দেয়। যার প্রমাণ হচ্ছে একমাত্র শালিমারেই ৯ হাজার কনসাইনমেন্ট-কে রেল ছেড়ে দিয়েছে। তারা বলে যে ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেন্ট-এর সঙ্গে আমাদের কোন চুক্তি নেই যার ফলে যেখান থেকে ২০ লক্ষ টাকা ট্যাক্স আদায় হতে পারত তা তারা ছেড়ে দিচ্ছে। শালিমার ও হাওড়ায় ২ জন ক্লিয়ারিং এজেন্ট-এর আয় দিচ্ছি যা থেকে বুঝতে পারবেন সবির আহমেদ এ্যাণ্ড কোং ১৯৭২ সালে ২ হাজার ৫০০ কনসাইনমেন্ট-এর উপর কোন ট্যাক্স দেয়নি। হরশঙ্কর এণ্ড কোং, ১৯৭২ সালে ২৪৫০টি কেসের উপর সেল ট্যাক্স দেয়নি। এখন এ বিষয়ে ব্যুরো অফ ইনভেসটিগেশান, স্টিফহেন হাউস তদন্ত করছেন। আশা করি মন্ত্রী মহাশয় এ বিষয়ে খোঁজ নেবেন। ট্রান্সপোর্ট পাশ-এর ব্যাপারে বলব। ট্রান্সপোর্ট পাশ-এর ব্যাপার হচ্ছে যারা মেট্রোপলিটান এলাকার ভেতরে ঢোকে এবং বাহিরে চলে যায় ২৭(৩) ধারায় তাদের সম্বন্ধে বলা আছে যে তাদের একটা করে এণ্ট্রি ট্যাক্স-এর পারমিট নেবে। অর্থাৎ তারা একটা ট্রান্সপোর্ট পাশ নিয়ে ঢুকবে এবং যখন বেরুবে তারা সেই ট্রান্সপোর্ট পাশটা চেক পোস্ট-এ জমা দেবে। কিন্তু এসব কিছু না করার ফলে কি হয় দেখুন। এখানে ঢুকে অনায়াসে তারা কোলকাতার মাল বিক্রি করে এবং কোলকাতায় সেসব জিনিষ কর্না রউমড হচ্ছে। এর ফলে শালিমার দিয়েই ১৬-১১-৭৩ পর্যন্ত ৯ হাজারটি কনসাইনমেন্ট বেরিয়ে চলে গেছে। এ ছাড়াও আন্ডার এ্যাসেসমেন্ট-এর ব্যাপার আছে। আন্ডার এ্যাসেসমেন্ট-এর ব্যাপারে অডিট রিপোর্ট-এ দেখা গেছে গত ৩ বছরে ৮ লক্ষ টাকা এখানে বরবাদ হয়েছে। আন্ডার এ্যাসেসমেন্ট-এর টাকা গভর্ণমেন্ট পেতে পারত। অডিট রিপোর্ট-এ এসব কথা আছে। আশা করি আপনি এ বিষয়ে খবর নেবেন। টাকা আদায় হয়ে জমা পড়েনি এরকম ঘটনা শালিমার গোডাউন-এ আছে। ৭ লক্ষ ২০ হাজার টাকা জমা পড়েনি—অডিট রিপোর্ট-এর নম্বর হচ্ছে ৯৩৩, ডেট—২০-৩-৭২। এগুলি আপনি বিচার করে দেখবেন। সেজন্যই বলছিলাম ধান ভাঙতে শিবের গীত করতে হয়, প্রতিমার পেছনে চালচিত্র আঁকতে হয়, প্রতিমার মূর্তিকে ফোটাবার জন্য। এগুলিই শুধু নেগেটিভ দিক সম্বন্ধে বললাম। এবার পজিটিভ দিক থেকে কিছু সাজেশান দিচ্ছি যেগুলি আশা করি তিনি ভেবে দেখবেন যাতে সরকারের তহবিলে টাকা আসে। এক নং হচ্ছে এ্যাডভ্যালোরাম এর বদলে এজেন্ট ব্যবস্থা চালু করুন, রেলওয়ে স্টেশন-এ লাগেজ টিকিটে মাল নিয়ে আসে এবং লাগেজ টিকিট দেখিয়ে মাল নিয়ে চলে যায়। এখানে এটা যাতে না করতে পারে সেজন্য রানিং চেক পোস্ট-এর ব্যবস্থা করুন। রেল, বন্দর, কাসটম যেমন আছে সেরকম পোস্ট অফিস-এ চেক পোস্ট-এর ব্যবস্থা করুন এবং করতে পারলে কিছু আদায় হবে। বিভিন্ন চেক পোস্ট দিয়ে যে সমস্ত নন-স্পেসিফায়েড গুড্স বেরিয়ে চলে যায় যেমন কয়েকটা উদাহরণ দিয়েছি—সেগুলিকে এর আওতায় আনা যায় কিনা ভেবে দেখুন। দ্বিতীয় কর্মচারীদের বিষয় বলতে চাই যে সাব-ইন্সপেকটার-রা এত কাজ করে, অথচ তাদের পে স্কেল এল,ডি,ক্লার্ক-এর মত করে রেখে দিয়েছেন। এটা একটু কনসিডার করুন। ক্যাসিয়ার যারা ওদের তলায় কাজ করে তাদের সমান যদি একই র‍্যাংক হয় তাহলে তারা তো ঘুস নেবেনই। এবং যে ক্যাস তারা হ্যানডেল করে তার থেকে কিছু এদিক-ওদিক হয় কিনা সেটা আপনি বিচার করুন। ইন্সপেকটার-দের কত পোস্ট ভ্যাকেন্ট আছে তা আগে বলেছি। এইসব এস, আই,-দের মধ্যে থেকে ভ্যাকেন্ট পোস্ট-এ যদি ভর্তি করতে পারেন সে চিন্তা করুন। পেট্রোলম্যান যারা বিভিন্ন চেক পোস্ট-এ এ্যাসেস করে, আদায় করে তাদের মধ্যে বি,এ, পাশ ছেলে আছে। তাদের এস, আই, করা যায় কিনা ভেবে দেখুন এবং উপযুক্ত শিক্ষিত পেট্রোলম্যানদের প্রোমোসান দিতে পারা যায় কিনা সেটা চিন্তা করে দেখুন। বদলীর ব্যাপারে বলব যে এক বছরে এক বারের বেশী বদলি করবেন না এই রকম নুতন নিয়ম চালু করুন। সেজন্য বলব এই সব কনসিডার করে কর্মচারীদের সঙ্গে আলোচনা করে এইভাবে নুতন পদ্ধতি চালু করতে

পারেন কিনা এবং একটা সর্বাঙ্গ-সুন্দর এ্যামেন্ডমেন্ট আনতে পারেন কিনা সেটা চিন্ত করে দেখুন। সমালোচনা মনে করে আমার বক্তব্য ধরবেন না এবং আমার এগুলি কনসিডার করতে পারবেন কিনা সেটা একবার দেখুন। কারণ অন্যথায় সুপারী বাদ দিয়ে চীনাবাদাম ধরে লাভ নেই। চীনাবাদামের নাম চীনে হয় বলে নাম নয়। চীনাবাদাম আমাদের দেশের মাটিতেই হয়। সেজন্য সেস্তাকে এর মধ্যে ঢুকিয়ে দেবার কথাটাও নূতন ভাবে চিন্তা করুন। এই আবেদন করে আমি শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I rise to support the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974. It is a very simple Bill, at the same time, an essential, fruitful and purposeful Bill. This entry tax was introduced in the year 1970 and the purpose was to help the municipalities lying within the CMD areas as those municipalities were facing financial crisis. Under the existing Municipal Acts they had no source to raise the revenue. Under this Act whatever is collected, after deducting 50 per cent of that by the CMDA the rest 50 per cent is distributed among the municipalities according to the ratio of population. Under this arrangement the Calcutta Corporation is getting the maximum benefit. In 1973-74 the Calcutta Corporation received Rs. 2 crore 33 lakh. This new source of revenue was a blessing to the municipalities. When this new Act was introduced it was detected that there were some doubts. The Hon'ble Minister has come forward to remove those doubts. More than Rs. 30 lakh has been accumulated. In this Bill the articles have been clearly mentioned, namely, ground-nuts, cashew-nuts, wal-nuts, excluding betel-nuts. I think it will help Government in implementing and enforcing the law. Of course, as my friend has mentioned, *china badam* has not come from China, so it should be exempted. Sir, I may say that whatever article we have taxed belongs to our country—we have taxed so many articles and all those articles were of this country. So, I do not find any reason why *china badam* should be exempted. Sir, two corporations and 23 municipalities will be benefited by this tax. People residing in those areas will also be benefited. The municipalities in those areas will be in a position to enhance civic amenities. I would rather request the Minister to find some other sources, as there are some more items which have been left out from taxation. If those items are included and taxed the revenue will be further enhanced. Sir, the Calcutta Corporation has proposed a terminal tax in its budget. If this is introduced the Calcutta Corporation will be benefited by Rs 2 crore. Therefore, those left out sources should also be tapped. I feel that people will not be harassed. Here I find that commercial items are included in this entry tax but the commercial people will not be harassed; they will not feel any trouble. Moreover the income derived from this entry tax will be going to the treasuries of the municipalities and fifty per cent of the income will remain with the C.M.D.A. and C.M.D.A. will also spend the money for the purpose of development of that area. C.M.D.A. will also utilise fifty per cent of the money for the benefit, for the welfare and for the betterment of the municipalities and the people who reside within the areas of those municipalities. So, in all circumstances and keeping in view all the facts stated here, I feel that this is a very simple and useful proposal. At the same time I would request the Minister-in-charge to try to find more resources because the municipalities are badly in need of money and their present financial position is limited. Under the Act they cannot find any source of revenue. So if you can find the resources, if rate of the entry tax is enhanced, they will be more benefited and they will be in a better economic position and hence they will be able to help the people more efficiently and they will be able to discharge their duties more satisfactorily. I would request the Minister-in-charge to try to find more sources of revenue, to try to include more items so that the income of these municipalities can be increased.

With these few words, I again support this Bill.

Thank you.

Shri Sankar Ghosh :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য রব আনসারি বলেছেন এটা একটা সিম্পল এ্যাণ্ড ইউজফুল প্রোপোজাল। একথা ঠিক এই বিল খুব ছোট বিল এবং সিম্পল বিল আমরা বর্তমানে সমস্ত প্রকার নাট অর্থাৎ গ্রাউণ্ড নাট, কাজু নাট এবং ওয়াল নাট এই তিনটির উপর এনট্রি ট্যাক্স ধার্য করতে যাচ্ছি। এই বিলের মাধ্যমে নূতন কোন ট্যাক্স ধার্যের প্রস্তাব আসেনি। এখন কথা হচ্ছে যে বিষয় নিয়ে হাইকোর্টে মামলা সুরু হয়েছে এবং এমন কি সুপ্রিম কোর্ট পর্যন্ত চলে গেছে এবং এই কর ব্যবস্থায় অনিশ্চয়তা থাকার ফলে যারা ব্যবসায়ী তাদের পক্ষে খুব ক্ষতি হচ্ছে সেই অনিশ্চয়তা দূর করবার জন্য এবং মামলা মোকদ্দমা বন্ধ করবার জন্য আমরা এই বিল এনেছি। এই বিলের মাধ্যমে আমরা কোন নূতন কর বসাইনি বা আগে ছিলনা এখন সেটা করছি এমন ব্যাপারও এর মধ্যে নেই। এই গ্রাউণ্ড নাট, কাজু নাট এবং ওয়াল নাটের উপর ১৯৭০ সাল থেকে প্রায় ৭০ লক্ষ টাকা আদায় হয়েছে। এই টাকা যাতে রাজকোষে থাকে, মামলা মোকদ্দমার জন্য ফেরত দিতে না হয় সেই ব্যবস্থা এই বিলের মাধ্যমে হচ্ছে। গ্রাউণ্ড নাট সম্বন্ধে মাননীয় সদস্য সত্য ঘোষাল বলেছেন গ্রাউণ্ড নাটকে এই করের আওতার বাইরে নিতে পারেন কিনা সেটা দেখুন। এপর্যন্ত গ্রাউণ্ড নাটের উপর আমরা যে কর ধার্য করেছি এবং যেটা সকলেই দিয়েছেন, যারজন্য মামলা চলছে সেটা যাতে থাকে সেইজন্য রেট্রোস্পেকটিভ এফেক্ট দিচ্ছি। আমি আমার বাজেট স্পিচে বলেছি ভবিষ্যতের ক্ষেত্রে গ্রাউণ্ড নাটে যে ৬ পারসেন্ট আছে সেটাকে কমিয়ে আমরা ১ পারসেন্ট ট্যাক্স করব। ভবিষ্যতে যাতে আরও বেশী করে গ্রাউণ্ড নাট এখানে আসে এবং পশ্চিমবাংলায় যাতে বাদাম তেল হয় তার জন্য এটা করব। কিন্তু অতীতে যেটা হয়েছে, যার উপর রাজস্ব আদায় হয়েছে সেটা যাতে রাজকোষে থাকে সেটাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। আমি বলেছি যাতে পশ্চিমবাংলায় আরও গ্রাউণ্ড নাট আসে তারজন্য ৬ পারসেন্টের জায়গায় ভবিষ্যতে ১ পারসেন্ট করব অর্থাৎ বলতে গেলে প্রায় ছাড় দিয়েই দিয়েছি। কাজেই মাননীয় সদস্য সত্য ঘোষাল মহাশয় যেটা বলেছেন সেটা প্রায় আমরা করেই দিয়েছি। তারপর, সত্য ঘোষাল মহাশয় বলেছেন, আমরা ধান ভানতে শিবের গীত গাইছি।

[4-40—4-50 p.m.]

এখন বিলের ভিতরে যে ক্যাসুনাট ওয়ালনাট যেটা এনেছি মাননীয় সদস্য রোপআনসারি এবং আর সবাই সমর্থন করেছেন, মাননীয় সদস্য সত্য ঘোষাল মহাশয়ও ক্যাসুনাট এবং ওয়ালনাট সমর্থন করেছেন আর গ্রাউণ্ড নাটের বেলায় বলেছেন ভবিষ্যতে রেহাই দিতে। আমরা তা দিয়েই দিয়েছি। সুতরাং এই বিলে কারো কোন আপত্তি নাই। তবে ধান ভাঙ্গতে শিবের গীত যে পোরশানটা সেই পোরশানটা সম্বন্ধে আমি বলব যে অকট্রোবিল থেকে কর আমরা বাড়াতে পারি এবং দুর্নীতি দমন করতে পারি তার জন্য কতকগুলি ব্যবস্থা আমরা নিয়েছি। এই ব্যবস্থা নিয়েছি বলেই ১৯৭১-৭২ সালে যেখানে অকট্রো থেকে আদায় হয়েছিল ৯ কোটী ৪৫ লক্ষ টাকা, সেখানে আমরা ৭২-৭৩ সালে ২ কোটীর বেশী আদায় বৃদ্ধি করতে পেরেছি। সুতরাং আমরা নানান রকম ব্যবস্থা নিয়েছি, অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে এবং দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেবার ফলে এই জিনিষটা হয়েছে। আরেকটা কথা সত্য ঘোষাল মহাশয় বলেছেন ট্রান্সফারের কথা। আমরা দেখেছিলাম হাওড়া চেকপোস্ট এবং হাওড়া রেলওয়ে চেকপোস্ট আর শালিমার রেলওয়ে চেকপোস্ট সম্বন্ধে কিছু অভিযোগ এসেছিল এবং আমরা তদন্ত করে সেখানে বহু অফিসারকে ট্রান্সফার করে দিয়েছিলাম। এই লার্জ স্কেল ট্রানসফারের ফলে নভেম্বর ডিসেম্বর জানুয়ারী ফেব্রুয়ারী এই ৪ মাসে হাওড়া চেকপোস্টে যেখানে গত বছরে ১৯ লক্ষ টাকা আদায় হয়েছিল সেখানে আমরা ২৫ লক্ষ টাকা একটা ছোট চেক পোস্টে আদায় বৃদ্ধি করতে পেরেছি, এবং দূর্নীতি দমন করবার জন্য বুরো অব ইনভেস্টিগেশান এর উপর ভার দিয়েছি, তার এই চেকপোস্টগুলি চেক করে কিছু লোককে এ্যারেস্ট করেছে। সুতরাং যাতে অকট্রোয়ে আদায় বৃদ্ধি পায় সেজন্য আমরা জোরদার ব্যবস্থা নিচ্ছি। মাননীয় সদস্যদের কাছে যদি কোন অভিযোগ থেকে আমাকে লিখিত ভাবে দিলে আমি নিশ্চয়ই সে ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করব, যে রকম হাওড়া এবং শালিমারের ক্ষেত্রে গ্রহণ করেছি। এই কয়টি কথা বলে আমি শেষে বলব যে ওয়ালনাট এবং ক্যাসুনাটের ব্যাপারে সবাই সমর্থন করে

এবং গ্রাউণ্ডনাটের ব্যাপারে আমি বলেছি ৬ পারসেন্ট থেকে ১ পারসেন্ট করে দিয়েছি এই বলে আমি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sankar Ghose that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 4 and the Preamble

The question that clauses 1 to 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose : Sir, I beg to move that the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Resolution

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury : Sir, I beg to move the following resolution for consideration of the House :—

Whereas in terms of the provisions contained in sub-section (3) of section 65 of the Electricity (Supply) Act, 1948 (Act 54 of 1948), the maximum amount which the State Electricity Board may at any time have on loan is ten crores of rupees;

And whereas the State Government proposes that the maximum amount should be increased from ten crores of rupees to one hundred crores of rupees;

And whereas this Assembly is of opinion that the higher maximum amount of loan should be so increased;

This Assembly approves the proposal of the State Government to fix one hundred crores of rupees to be the maximum amount which the State Electricity Board may at any time have on loan.

মিঃ স্পীকার, স্যার, আমরা রোজই লোড সেডিং-এর কথা শুনি এবং এ্যাকচুয়ালি লোড সেডিং-এর ব্যাপারে ওয়েষ্ট বেঙ্গলের ইকনমি ইন জিয়োপার্ডি, এখনে অনেক সময় ফার্ম ক্যাপাসিটি, ইনষ্টলড ক্যাপাসিটি, এই সমস্ত কথা বলা হয়েছে কিন্তু আমি মনে করি বেসিক কথা হচ্ছে মিঃ স্পীকার, স্যার, যে আমাদেরকে জেনারেশন বাড়াতে হবে, আমাদেরকে ট্রান্সমিশন লাইন বাড়াতে হবে, আমাদের যে ফিফ্থ ফাইভ ইয়ারের প্রোগ্রাম সেই প্রোগ্রামে আমরা মনে করি ১১ শত ৫০ মেগাওয়াট আমরা জেনারেট করতে পারবো। সেই অনুসারে আমাদেরকে ট্রান্সমিশন লাইনও করতে হবে। আমি মনে করি মিঃ স্পীকার, স্যার, যে কলকাতা এবং তার ইনডাষ্ট্রিয়াল বেল্টে ইনডাষ্ট্রিস-এর ব্যাপারে স্যাচুরেটেড পয়েন্টে যেন চলে গিয়েছে। কলকাতাকে লোড সেডিং থেকে মুক্ত করতে হলে জেনারেশননের দিকে ত লক্ষ্য রাখতেই হবে তারপরে ট্রান্সমিশনের দিকেও আমাদের বিশেষ দৃষ্টি দিতে হবে এবং এর সঙ্গে সঙ্গে আমি মনে করি যে ডিফারেন্ট জায়গায় ইনডাষ্ট্রিয়াল কমপ্লেক্স আমাদের গড়ে তুলতে হবে। ওয়েষ্ট বেঙ্গলকে যদি হাইলি ইনডাষ্ট্রি-টিয়ালাইজ্ড করতে হয় তাহলে, স্যার, ডিফারেন্ট জায়গায় যদি ইনডাষ্ট্রিয়াল কমপ্লেক্স গড়ে তুলতে না পারি তাহলে আমি মনে করি আমরা ভবিষ্যতে এই লোড সেডিং প্রবলেম সল্ভ করতে পারবো না। পুরুলিয়ার কথা বলি, আপনার সাঁওতালদি থেকে এখন কলকাতা

আমার পক্ষে ২০ মেগাওয়াট পাওয়ার দেওয়া খুব ডিফিকাল্ট কিন্তু পুরুলিয়াতে এখন যদি দরকার হয় আমি যে কোন মুহূর্তে এই ২০ মেগাওয়াট পাওয়ার দিতে পারি। যেভাবে দিনের পর দিন টাওয়ারগুলি ভেঙ্গে পড়ছে, যেভাবে ট্রান্সমিশন লাইনগুলি ভেঙ্গে পড়ছে, সত্যি সত্যি এই ট্রান্সমিশন লাইন মেনটেন করা, এই টাওয়ার মেনটেন করা একটা বিরাট ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সুতরাং আমরা যে প্রোগ্রাম নিয়েছি এই প্রোগ্রাম নিতে হলে মিঃ স্পীকার, স্যার, আমাদের টাকার কথা ভাবতে হবে। টাকার কথা ভাবতে হলে ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানের কথা বলতে হয়। ফিফ্‌থ ফাইভ ইয়ার-এ আমরা চিন্তা করছি যে আমরা ৩০৩ কোটি টাকা খরচ করবো। কিন্তু আমরা ইনডিকেশন পেয়েছি যে মাত্র স্টেট গভর্ণমেন্টের কাছ থেকে আমরা ৬৮ ক্রোরস টাকা পাবো বলে আমরা আশা করি। বাকী, মিঃ স্পীকার, স্যার, আমাদেরকে বাইরে থেকে যোগাড় করতে হবে। আমাদের এর মধ্যে মার্কেট লোন আছে, এল,আই,সি, লোন আছে, আর,সি, কর্পোরেশন আছে এট্রসেটরা, এটসেটরা।

[4-50—5 p.m.]

এগুলি আমি প্ল্যানের মধ্যে বললাম, এ ছাড়া প্ল্যানের বাইরেও আমরা ডিফারেন্ট ফিনানশিয়াল ইনস্টিটিউশন থেকে টাকা সংগ্রহ করার চেষ্টা করছি। যেমন এগ্রিকালচারাল ফিনানশিয়াল কর্পোরেশন, হাউসিং ডিরেক্টরেট, সাবসিডাইজড্ ইন্ডাসট্রিয়েল হাউসিং স্কীম, হাউসিং এন্ড আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন, ন্যাশনালাইজড্ ব্যাঙ্কস। তারপরে মাইনর ইরিগেশন স্কীমস্, কানেকশন চার্জ এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট থেকে নিয়ে থাকি। সেজন্য তাদের কাছ থেকে টাকা পেয়ে থাকি। আজকে এই যে রেজোলিউশন এনেছি তার বেসিক কথা হচ্ছে যে আগে আমাদের বরোয়িং ক্যাপাসিটি ছিল ১০ কোটি টাকা, সেটাকে বাড়িয়ে ১০০ কোটি টাকা করার চেষ্টা করছি আন্ডার ৬৫(৩) ইলেকট্রিক সাপ্লাই এ্যাক্ট। বোর্ড যখন ১৯৫৫ সালে হয়েছিল তখন গভর্ণমেন্টের এ্যাক্টিভিটি বিশেষ ছিল না এবং গভর্ণমেন্ট যে টাকা পেত, তাতে কোন রকমে ম্যানেজ করত। কিন্তু আমাদের এখন অনেক এ্যাক্টিভিটি জেনারেশন বিল্ড আপ করার জন্য, ট্রান্সমিশন লাইন বিল্ড আপ করার জন্য, রুরাল ইলেকট্রিফিকেশন করার জন্য, এবং ইরিগেশন এসেট্রা করার জন্য আমাদের টাকার দরকার। এ ব্যাপারে হয়ত ১৯৬৯-এর আগে এল, আর, ওপিনিয়ন দিয়েছিলেন যে আমরা এ্যাট এ টাইম আপ টু টেন ক্রোরস তুলতে পারি, তার বেশী তুলতে পারব না। কিন্তু ১৯৭১-এ যখন আমরা এল, আর-এর কাছ থেকে ওপিনিয়ন নিলাম, সেই ওপিনিয়নে তিনি বললেন আমাদের লিমিট হচ্ছে সার্টেনলি আপ টু টেন ক্রোরস, এ্যাডভোকেট জেনারেলও সেই ওপিনিয়নের সঙ্গে এগ্রি করলেন, আমরা তখন ক্যাবিনেট থেকে এই রেজোলিউশন পাশ করেছি এবং সেই রেজোলিউশন এখন হাউসের কাছে এনেছি। আমাদের লোনের যে পজিশন তা মোটামুটি হাউসকে জানাতে চাই—মার্কেট লোন ফর্টি ফোর ক্রোরস, ব্যাঙ্ক লোন ১·০৩ ক্রোরস, এল, আই, সি, লোন টুয়েন্টী এইট ক্রোরস, আর, ই, সি, হচ্ছে টেন ক্রোরস, মোট এইট্টি থ্রী ক্রোরস। ১৯৬২ সালে প্রথমে একবার লোন নেওয়া হয়েছিল, সেই লোন ফেরত দিয়ে দিয়েছিল এ্যাকচুয়ালি ১৯৬৪-৬৫-এ মার্কেট লোন হচ্ছে এক কোটি ত্রিশ লক্ষ টাকা, ১৯৬৬-৬৭ সালে ১ কোটি ৫০ লক্ষ টাকা, ৬৮-৬৯ সালে ৩ কোটি ৩২ লক্ষ টাকা, ১৯৬৯-৭০ সালে ৪ কোটি ২৩ লক্ষ ৭৫ হাজার টাকা, ১৯৭০-৭১ সালে ৮ কোটি ৩৫ লক্ষ টাকা, ১৯৭১-৭২ সালে ১৩ কোটি সাম্ অড্ ফিগারস্, ১৯৭৩-৭৪ সালে ৩৫ কোটি ৫০ লক্ষ টাকা, মোট ৮৩ কোটি সামথিং এই হচ্ছে আমরা ধার করেছি। আমি হাউসের কাছে বলতে চাই যে আমাদের কাজ করতে হয়, রুরাল ইলেকট্রিফিকেশন করতে হয়, তাহলে আমাদের এই টাকা মার্কেট থেকে বের করতে হয়, কারণ অন্য কোন উপায়ে আমাদের টাকা পাবার উপায় নাই।

স্যার, আমি আর একটী কথা বলে আমার বক্তব্য শেষ করবো। এখানে অনেক সাঁওতালদির পারফরমেন্স সম্বন্ধে ক্রিটিক্যাল ওপিনিয়ন পাশ করেছেন, এখানে অনেকে রুরাল ইলেকট্রিফিকেশন সম্বন্ধেও ক্রিটিক্যাল ওপিনিয়ন পাশ করেছেন এবং আমাদের

যে সমস্ত এজেনসি আছে, সেই সমস্ত এজেনসি ঠিকমত ঠিকভাবে তাদের যা পাওয়ার দেওয়া উচিত, সেই পাওয়ার তাঁরা জেনারেট করছেন কিনা এ সম্বন্ধেও অনেকে ক্রিটিক্যাল ওপিনিয়ন পাশ করেছেন। আমি সেইজন্য মাননীয় স্পীকার, স্যার, আমি নিজে ইনিসিয়েটিভ নিয়ে একটা কমিশন করবার কথা বলেছি এবং আমাদের ক্যাবিনেট, —আই অ্যাম গ্রেটফুল টু দি চিফ মিনিষ্টার এ্যান্ড দি ক্যাবিনেট—তা এ্যাপ্রুভ করেছেন, তবে কমপোজিশান অফ দি কমিশান কী হবে সে সম্বন্ধে আমাদের ক্যাবিনেট অথোরাইজ করেছেন! চীফ্ মিনিষ্টারের উপর তিনি কয়জন সদস্য নিয়ে এই কমিশন গঠন করবেন, সে সম্বন্ধে তিনি দু-একদিনের মধ্যে এ্যানাউন্সমেন্ট করবেন। আমরা মিষ্টার স্পীকার, স্যার, চিন্তিত; আমরা যে রুরাল ইলেক্ট্রিফিকেশন করছি তার উদ্দেশ্য হচ্ছে এগ্রিকালচারাল সেকটরকে স্ট্রেনগ্‌দেন করা। আসল উদ্দেশ্য হচ্ছে যাতে আমাদের গ্রামে গ্রামে ছোট ছোট শিল্প গড়ে উঠতে পারে, যাতে আমরা স্থানীয় বেকারদের এমপ্লয়মেন্ট দিতে পারি সেদিকে আমরা চেষ্টা করছি! কিন্তু সেজন্য এত টাকা খরচ হচ্ছে। সুতরাং ন্যায়তঃ এই টাকা খরচ হচ্ছে কিনা সেটা খতিয়ে দেখবার জন্যই আমরা এই কমিশন করেছি। আশা করছি খুব তাড়াতাড়ি কমিশন তার ফাংসান সুরু করবে এবং নিশ্চয়ই কমিশনের রিপোর্ট আমি হাউসকে জানাতে পারবো। এই কয়েকটী কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable members, a notice of an amendment to this resolution has been given by Shrimati Geeta Mukhopadhyaya. I draw the attention of the honourable member and also other members to Rule 170 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly which specifically lays down the conditions of admissibility of the resolution. In rule 170(ii), it is specifically written, " it shall raise substantially one definite issue ", and 170(iii) says, " it shall not contain arguments ", etc. Now what is the main resolution? The main resolution is, " whereas in terms of the provisions contained in sub-section (3) of section 65 of the Electricity (Supply) Act, 1948 (Act 54 of 1948), the maximum amount which the State Electricity Board may at any time have on loan is ten crores of rupees ". It fixes a ceiling that the State Electricity Board cannot have a loan of more than Rs. 10 crores under the existing Act. Now if it extends the ceiling, then a resolution will have to be passed by this House. Here, in this resolution, they want to extend the ceiling upto Rs. 100 crores. That is the main point, and it has been focussed in the resolution. Now, the point before us is, whether the amendment seeks to widen the scope of this resolution. The amendment as given notice of by Shrimati Mukhopadhyaya to this resolution is, " Along with this the Assembly directs the West Bengal State Electricity Board to try to be economically self-sufficient as earliest as possible";

" As power-rationing is detrimental to the public interest as well as to the financial capability of the State and the people, that is why the Assembly directs the State Government to advise the West Bengal State Electricity Board to adopt the following measures in order to avoid power-rationing :—

" Full utilisation of the present generating capacity of the power-generating centres under West Bengal State Electricity Board and rapid creation of new generating capacity.

" Effective control on the C.E.S.C. for total harnessing of the possible generating capacity of the C.E.S.C.", etc. The rule says that it must be definite—substantially one definite issue. The definite issue in the resolution is that the ceiling of Rs. 10 crores should be extended to Rs. 100 crores. That is the definite issue before the House. Now, in the Lok Sabha Debates in 1961 and in 1965, it has been held by the Hon'ble Speaker, Lok Sabha, that it should not raise multiple issue. It should raise one definite issue. There is one definite issue in the resolution, i.e., the issue of extending the

ceiling from Rs. 10 crores to Rs. 100 crores. This is a single issue. The multiple issue as has been brought in, is the power rationing. The amendment shall not seek to widen the scope of the resolution. By introducing the issue of power rationing, i.e., by arguing why there is power rationing, how to avoid power rationing, etc., it has extended the scope of the resolution. That is denied. That has not been allowed in the Lok Sabha Debate—on 14th April 1961 that was disallowed. Now, under rule 170 and as per the precedent of the Lok Sabha Debate, I declare that the amendment is not in order. At any rate, I allow Shrimati Geeta Mukhopadhyaya to make a speech on her amendment though it is not in order.

[5—5-10 p.m.]

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে রুলিং দিয়েছেন আমি আইনের তর্কে গিয়ে সময় নষ্ট করতে চাই না। তবে একটা কথা বলি বোঝবার জন্য যে মেন যে ইস্যু সেটা কি এবং সেটাই অর্থাৎ প্রেজেন্ট ইস্যুটা হচ্ছে লোনটা এক্সটেন্ড করবার জন্য। আমার মতে লোন এক্সটেনসান করার ইস্যুটা হচ্ছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ফাইনানসিং ইমপ্রুভমেন্ট-এর ক্ষেত্রে কি করা যায় তার সে স্কোপ বা যা কিছু করার স্কোপ এর মধ্যে এসেছে। যাহোক আমি ভিতরে যাবো না। আমি যেটুকু বুঝেছিলাম যে এটা ডেফিনেটলি উইদিন দি ইস্যু। যা হউক স্যার, আমি আগেই বলেছি আমি ল এ্যবাইডিং সাবজেক্ট অর্থাৎ আপনি যা রুলিং দিয়েছেন সেটা আমি মেনে নেবো। কিন্তু এ বিষয়ে আমার একটা সন্দেহ রয়ে গেছে ভবিষ্যতে সেটা নিরশনের চেষ্টা করবো। তবে আমি আপনার কাছে কৃতজ্ঞ যে আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন।

Mr. Speaker : I am also the servant of the House.

Shrimati Geeta Mukhopadhyaya :

এখন ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড আরো বাড়তি টাকা যাতে পাবার সুযোগ পায় তারজন্য এই আইনে প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন। সভাবতঃই স্ট্রেট এ্যাসেম্বলী আদৌ কেন সিলিং বাড়াবার ব্যাপারে বলতে যায়, বলতে যাবার একমাত্র কারণ হচ্ছে এই ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা অটোনোমাস প্রতিষ্ঠান। কিন্তু তার লোন করবার ব্যাপারে স্টেট গভর্নমেন্টকে গ্যারেন্টার হতে হবে। স্টেট গভর্নমেন্ট যা করবেন তার ফাইনান্স যেহেতু শেষ পর্যন্ত এ্যাসেম্বলীতে বর্তায় সেইজন্য আমরা ক্যালেটিভ গ্যারেন্টার। অতএব সেই ক্যালেটিভ গ্যারেন্টার হিসাবে যদি লোন দেওয়ার বা সিলিং উঁচু করবার কথা বলতে হয় তাহলে যেকোন লেজিসলেটিভ এ্যাসেম্বলী ডিম্যান্ড করবে যে মহাশয় যে লোন আরো এক্সটেন্ড করবার কথা বলছেন, ইতিমধ্যে যে লোন নেওয়া হয়েছে তার বিষয় পারফরমেন্স কি হচ্ছে? আমি যে গ্যারেন্টার হবো আমার এটা জানবার দরকার আছে। এটা যেকোন লোকই বলবেন যে এটা জানতে হবে। শুধু জানবার দরকার তাই নয়, আমাদের এটা দায়িত্ব এবং কর্তব্য। যখন আমরা গ্যারেন্টার হতে যাচ্ছি তখন যাতে বাড়তি যদি টাকা এই বডির লোন নেয় তাহলে সেই টাকা যাতে যথাযথ খরচ হয় এবং তা থেকে যাতে সর্বোচ্চ্য ফয়দা হয় তার উপর ক্যালেটিভ বডি হিসাবে আমাদের মত প্রকাশ করবার প্রয়োজনীয়তা আছে। আমি সেইজন্য বলছিলাম এই স্কোপ্-এর জন্য এ্যামেন্ডমেন্ট দেওয়া। এখন কথা হচ্ছে যে মন্ত্রী মহাশয় যে এ্যাকাউন্ট ইত্যাদি দিলেন তাতে আগামী দিনে তিনি কিছু পাওয়ার বাড়াতে চান ইত্যাদি নানান কথা নানান বৃত্তান্ত দিয়েছেন। অতীত দিনের পারফরমেন্স সম্বন্ধে স্বভাবতঃই কিছু বলেননি। কিন্তু আমি এই কথা তুলতে চাই যে বোর্ডকে যখন আমরা টাকা দিতে চাইবো তেমন বোর্ডের সামনে আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের পক্ষ থেকে কতকগুলি ডেফিনিট ধারা সেখানে ধরে দিতে হবে যে কি ধরনের সে বোর্ড ফাংসান করবার চেষ্ট

করবে। আমার এ্যামেন্ডমেন্টের মাধ্যমে সে ধারা ধরিয়ে দেবার আমি চেষ্টা করেছিলাম। সেই ধারাই আবার মন্ত্রিসভার বিবেচনার জন্য রাখবো।

আমার এ্যামেন্ডমেন্টের মধ্যে সেই ধারাগুলো ধরিয়ে দেবার জন্য চেষ্টা করেছিলাম। সেই ধারাগুলো আবার মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য রাখবো এবং আশা করবো এই ধরানো ধারা সম্পর্কে তাঁর জবাব আমরা পাবো। প্রথম কথা হচ্ছে বোর্ড এমনভাবে চালাতে হবে যে অর্থনৈতিক দিক থেকে স্বয়ম্ভর হয়ে ওঠে। কালই কি হয়ে উঠবে আমি তা বলছি না। আমি বলছি স্বয়ম্ভরতার দিকে এগিয়ে নিয়ে যেতে হবে যাতে সে ক্যারেন্ট খরচা চালিয়ে বাজার থেকে লোন নিয়ে হোক বা যেভাবেই পারুক তার একটা যাতে সারপ্লাস হয় যেটা তার নূতন জেনারেশনের কাজে লাগবে—এই স্বয়ম্ভরতার দৃষ্টি-ভঙ্গী নিয়ে বোর্ডকে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টের বোর্ডে যে প্রতিনিধি আছেন সেইদিকে দৃষ্টি রেখে তাকে চালু রাখা উচিত। এইটা মন্ত্রী মহাশয় নিশ্চয় একমত হবেন যে ন্যায্য কথা। সেই লাইনেই আমাদের চালু করার চেষ্টা করা উচিত। তার মানে বাজার থেকে লোন নেবে না তা নয়—নিশ্চয় নেবে। যেভাবে পারে তাকে চেষ্টা করতে হবে অর্থনৈতিক-ভাবে স্বয়ম্ভরতার দিকে যেতে এবং সেই সূত্রে অর্থনৈতিক স্বয়ম্ভরতার দিকে যাবার সূত্রে দেবেন। যেদিন বোর্ড নিয়েছে তার পাষ্ট পারফরমেন্স সেটা যদি আমরা দেখি তাহলে পরে যে নূতন ধরনের সিলিং আমরা করতে যাচ্ছি মন্ত্রী মহাশয় যে সিলিং প্রস্তাব বাড়াতে চেয়েছেন তার বিরোধীতা করবো না। তাঁর এই প্রস্তাবের বিপক্ষেও আমি নই। আমার ঘোর সন্দেহ আছে এই প্রশ্নে যে এই সিলিং বাড়িয়ে বোর্ড যে টাকা নেবে তার পূর্ণ সদ-ব্যবহার করার দিকে যাওয়ার কোন রেকর্ড রেখেছে কিনা এবং সেবিষয়ে অতি গুরুতর সংশোধন প্রয়োজন আছে কিনা। আমার ধারণা গুরুতর সংশোধনের প্রয়োজন আছে। প্রথম কথা হচ্ছে এই সূত্রে আমি বুঝতে চাই যে এখন যেটা দেখছি সেটা হচ্ছে এই যে গত কয়েকদিন ধরে কলকাতা শহরের বিভিন্ন জায়গা থেকে পাওয়ার রেশনিং-এর কথা শোনা যাচ্ছে। মন্ত্রী মহাশয়ের যে প্রেস কনফারেন্স সেখানে তিনি বলেছেন পাওয়ার রেশনিং-এর জন্য তাঁরা একটা কমিটি করেছেন। এখানে আমরা অনেক টাকা সিলিং বাড়িয়ে দিচ্ছি এই ষ্টেট বোর্ডকে যাতে তারা ভবিষ্যতে এগিয়ে গিয়ে টাকা পয়সার সদ-ব্যবহার করতে পারে। তার সুরুতে যদি আমরা পাওয়ার রেশনিং দিয়ে সমগ্র পরিস্থিতিটা সুরু করি তার মানেই হচ্ছে এই আমার চাহিদা যা আছে সেটা পূরণ করতে পারছি না আপাততঃ সেটা ধরে নিয়েই প্রসিড করবো। বলা বাহুল্য আজকে পাওয়ার রেশনিং করে যে চাহিদা মেটাতে পারছি না বলে এ্যাডমিট করে নিলাম নেই পরিমাণ চাহিদার টাকা আমার লস হচ্ছে এ বিষয়ে সন্দেহ নেই—ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ডাইরেক্টলী হোক বা তার সঙ্গে সংশ্লিষ্ট অপরাপর প্রতিষ্ঠান হোক্। এখন এই কথা বলতে চাই, বাস্তবিক অতীতকালে বোর্ডের যে পারফরমেন্স হয়েছে সেই পারফরমেন্স-এর দরুন আজকে পাওয়ার রেশনিং ছাড়া কোন উপায় নেই বলে এইভাবে যে প্রতিভাত করবার চেষ্টা হচ্ছে, পূর্বাহ্নে যে এই হার স্বীকার করা হয়েছে তা প্রকৃতপক্ষে অবস্থা নিশ্চিত আছে বলে আমি মনে করি না। আমি মনে করি এই বিষয়ে গুরুতর খোঁজ-খবর নেওয়ার প্রয়োজন আছে। কেন এইকথা বলছি? গত বছরেও বলেছিলেন পাওয়ার রেশনিংয়ের কথা। সে রেশনিংয়ের কি হল, কি বৃত্তান্ত, কি ক্যালেনডার করা হয়েছিল, তার কোন খবরা-খবর আমরা পেলাম না এ্যাসেম্বলীর কাছে। আবার এরপর মন্ত্রী মহাশয় বললেন এইবারে গ্রীষ্মে সব ঠিক হয়ে যাবে। আবার বলেছেন সম্প্রতি, কিন্তু, না, পাওয়ার রেশনিং করতে হবে এবং নূতন ফরমুলার কথা এক এক দিন এক এক রকম কথা দেখছি। এমনও পড়ে ফেললাম, পাঁচটার পর 'সব দোকান-পাট বন্ধ করে দেওয়া হবে। আমি আশা করি এইরকম আশ্চর্য্য ধরণের ঘটনা ঘটবে না। কিন্তু এই রকম একটার পর একটা কন্ট্রাডিকটারি কথাবার্তা শুনছি। কিন্তু এইরকম পরিস্থিতি হওয়াটা কি ইনএ্যাভিটেবল—এটা বলতে হবে। তাহলে বোর্ড অতীতকালে যে টাকা পয়সা পেয়েছে, যা করেছে, যা ফাংশান করেছে, তার ভিত্তিতে কি এটা ইনএ্যাভিটেবল? এখানে মন্ত্রী মহাশয় বলে আরম্ভ করেছেন যে যতই ফার্ম ক্যাপাসিটির কথা বলুন না কেন নূতন ট্রান্সমিশান লাইন খোলা ছাড়া উপায় নেই।

[5-10—5-20 p.m.]

নূতন পাওয়ার জেনারেটিং স্টেশন খোলা ছাড়া উপায় নেই যখন—তখন নিশ্চয় খুলতে হবে। নূতন ট্রান্সমিশান লাইন নিশ্চয় খুলতে হবে। তা না হলে রোধ করতে পারা যাবে না। কিন্তু বর্তমানে যা ফার্ম ক্যাপাসিটি আছে তাকে কাজ করাতে হবেই। তা নাহলে সেগুলো কাজে লাগালাম না ও নূতন জেনারেশনের কথা বললাম লোকে বলবে 'থাকতে দিলনা ভাত কাপড়, ম'লে করবে দান সাগর'। এখন যদি ফার্ম ক্যাপাসিটিকে পূর্ণ ব্যবহার করতে না পারি তাহলে ভবিষ্যতে যে আবার এইরকম পরিস্থিতি হবে না সেকথা কে বলবে? এইদিক থেকে বলতে হয় যে আমাদের রাজ্যের যেরকম অর্থনৈতিক পরিস্থিতি এবং বোর্ডের যে রকম আর্থিক পরিস্থিতি সে দিক থেকে পাওয়ার রেশনিং এড়ানোর চেষ্টা করা একান্ত উচিত, এবং বোর্ডেরও সেইরকমভাবে সর্বপ্রকারে চেষ্টা করা উচিত। কিন্তু বোর্ডের তরফ থেকে যে পারফরমেন্স তাদের যে চেষ্টা তাতে আমি মোটেই সন্তুষ্ট হতে পারছি না। মন্ত্রী মহাশয় হয়তো ক্ষুব্ধ হবেন এই কথাতে—কিন্তু যেরকম অবস্থা দেখছি সেভাবে বলা ছাড়া উপায় নেই। গেল বছর আমরা শুনেছিলাম যে ৩০।৪০ মেগাওয়াট কম এবং মন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই গ্রীষ্মের আগে সব ঠিক হয়ে যাবে। কিন্তু এবারে কি দেখছি। কলকাতায় কি পাওয়ার পাওয়া যাচ্ছে। মন্ত্রী মহাশয় স্টেটসম্যান-এ বলেছেন ২৫শে মার্চ সকালে ৬০ মেগাওয়াট এবং বিকাল বেলায় ১০০ মেগাওয়াট আবার দেখছি ২৬শে সকালে ১০৩ আর বিকালে দেখছি ১৩০। আবার দেখছি ২৮শে মার্চ সকাল বেলায় ৭৫ মেগাওয়াট আবার বিকাল বেলায় ১২০ মেগাওয়াট—এইরকম জেনারেশন হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার পাওয়ারের ডিমান্ড কি এত ফ্লাকচুয়েটিং? তা তো নয়, আমরা জানি এবং আপনারাও বলেছেন যে কলকাতার মোটামুটি স্টেবল ডিমান্ড হচ্ছে ৫৫০।৫৬০। অথচ জেনারেশন একেবারেই ইর‍্যাটিক। এতে কি সিগনিফাই করছে? ক্যাপাসিটির অভাবের জন্য মূলতঃ নয়, এফিসিয়েন্টলি না করতে পারার জন্য ইর‍্যাটিক হয়েছে। এ কখনই হতে পারে না। আজকে পাওয়ার রেশন করে আসলে তাকেই মেনে নেওয়া হবে। এটা সম্পূর্ণ ইনএফিসিয়েন্সি ঢাকবার চেষ্টা করা ছাড়া আর কিছুই নয়। অন্যভাবে ব্যবহার করা সম্ভব ছিল কিনা এবং সেই চেষ্টা যথাযথভাবে বোর্ডের তরফ থেকে করা হয়েছিল কিনা, গভর্ণমেন্টের তরফ থেকে করা হয়েছে কিনা সেবিষয়ে আমাদের সন্দেহ আছে। আমি সাঁওতালদির কথা আজ আর বলবো না। অনেক বলেছি, আরও অনেক বলার আছে। আজ বাকীগুলিই ধরব। তার আগে আমি কি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি যে কলকাতা এরিয়ায় যে ৫৫০।৫৬০ মেগাওয়াট চাহিদা সেটা মেটাবার ব্যবস্থা কি ছিল এবং বর্তমানে কি ব্যবস্থা দাঁড়িয়েছে। ডি,ভি,সি-র টারগেট ছিল ৯৫ মেগাওয়াট—কিন্তু সে ৭৫ মেগাওয়াট বড়জোর দিতে পারছে। কিন্তু মন্ত্রী মহাশয় কি বলতে পারেন যে সেন্ট্রাল গভর্ণমেন্ট ডি,ভি,সি-র থেকে ২৫ মেগাওয়াট পাওয়ার যেটা আমাদের পাওনা সেটা অন্যত্র ডাইভার্ট করে দিচ্ছে কিনা? যদি একথা মিথ্যা হয়ে থাকে তাহলে তিনি বলবেন আমরা মেনে নেবো। কিন্তু যদি সত্যি হয়ে থাকে তাহলে সে বিষয়ে কি মুভ করেছেন? এই পাওয়ার রেশনিং-এ আমরা অন্ততঃ রোজ সকালে ও বিকালে বাড়ী গেলে চোখ জ্বেলে বসে থাকতে হবে—এ কি অবস্থা। আর শ্রমিকদের সবসময় লে-অফ হচ্ছে একথা তো সবাই জানেন।

সুতরাং কেন আমরা সেটা মেনে নিলাম, কি ফাইট দিলাম, সেবিষয়ে কি হল সেটা নিশ্চয় আমরা জানতে চাইব। ৯৫ মেগাওয়াট পাওয়া যাবে না কেন? এখন ৯৫ মেগা-ওয়াট না পাওয়া গেলে ৭৫ মেগাওয়াট পাওয়া যাবে না কেন, এর মীমাংসা কিন্তু পরিষ্কার হল না। ব্যান্ডেল এবং ডি,পি,এল সম্পর্কে যখন কৃতিত্ব ক্লেম করব তখন আমি বলব অমুক তমুক, কিন্তু যখন বিপদে পড়ব তখন বলব, না অমুক তমুক নয়—তা বললে তো হবে না। এখন ফিফ্‌থ-ফাইভ ইয়ার প্ল্যান, এ্যাপ্রোচ পেপারস যেটা স্টেট গভর্ণমেন্ট, প্ল্যানিং বোর্ড আমাদের কাছে সারকুলেট করেছেন তার বিভিন্ন জায়গার ফার্ম ক্যাপাসিটি আমরা পড়েছি। সেখানে ফার্ম ক্যাপাসিটির বাড়তি আসবে বলে আমাদের কাছে বলে দেননি, মিসলিড করবার জন্য নিশ্চয় দেন নি। তার থেকে আমরা কি দেখেছি? ব্যান্ডেল

ফার্ম ক্যাপাসিটি ১৯৭১-৭২, ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪, এই ৩ বছরে তারা ক্লেম করছেন ২১৮.৪০ মেগাওয়াট। তারপরে ডি,পি,এল ক্লেম, এ্যাপ্রোচ পেপারে করছেন কত? ডি,পি. এল ফার্ম ক্যাপাসিটি হচ্ছে ১৬৩ মেগাওয়াট। তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটো মিলিয়ে ফার্ম ক্যাপাসিটি কত হল? ৩৮১.৪০ মেগাওয়াট, পয়েন্ট .৪০ আমি না হয় বাদ দিয়ে দিলাম। তাহলে এই ৩৮১ মেগাওয়াটের মধ্যে দুর্গাপুরের চাহিদা ৫০ মেগাওয়াট রেল অন্যান্য চাহিদা হচ্ছে ৭০।৮০ মেগাওয়াট, অর্থাৎ ১২০ থেকে ১৪০ মেগাওয়াট যাচ্ছে না হয় আরো কিছু বাড়িয়ে ১৫০ মেগাওয়াট অন্যান্য জায়গায় যাবে ধরে নিলাম! বাকি তাহলে আরো ২৩১ মেগাওয়াটের মত রইল। তার মানে আমাদের কাছে দুটির ফার্ম ক্যাপাসিটি সম্বন্ধে এই বই-এর মাধ্যমে যেটা সারকুলেট করা হয়েছে ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত তাতে বলা হচ্ছে ডি,পি,এল ব্যান্ডেল থেকে ২২৫।৩০ মেগাওয়াট আসলে পারে—এই হচ্ছে ফার্ম ক্যাপাসিটি দেখতে পাওয়া যাচ্ছে। এখন যদি না আসে তাহলে আমরা সেটা মেনে নেব? কেন আসবে না, আমাদের সেটা জানতে হবে এবং আনবার জন্য সর্বপ্রকার চেষ্টা করতে হবে। এই এ্যাপ্রোচ পেপারে যে ফার্ম ক্যাপাসিটি যা দেওয়া হয়েছে সেটা কেন মানা হবে না, অধ্যক্ষ মহাশয়? তারপরে আমি যে বিষয়ে প্রধানতঃ আজকে নজর আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে কলকাতা সহরে প্রধানতঃ যারা বিদ্যুৎ সরবরাহ করে থাকেন তারা হচ্ছেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন। তারা বলতে পারেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন কি করল না করল তারজন্য স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কি করবে? ইলেকট্রিক্যাল এ্যাক্টে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ভার দেওয়া আছে সি,ই,এস,সি'কে কন্ট্রোল করতে পারবে। এই পরিস্থিতিতে সি,ই,এস,সি'র পারফরমেন্স কি—সি,ই,এস,সি'র এই বছর এ্যাভারেজ হচ্ছে ২০০ থেকে ২৩০ মেগাওয়াট। ২৩০ মেগাওয়াট যদি ফার্ম ক্যাপাসিটি ওয়ার্কআউট করে থাকে তাহলে ডি,ভি,সি ব্যান্ডেল, ডি,পি,এল-এর কাছ থেকে ৯৫ মেগাওয়াট আদায় করতে না পারলেও আমরা নিশ্চয় ৭৫ মেগাওয়াট আদায় করতে পারি। ডি,পি,এল, ব্যান্ডেল যদি ৩০ মেগাওয়াট দেয়, সি,ই,এস,সি'র কাছ থেকে যদি ১০০ মেগাওয়াটের বেশী পাই, কিছু পাওয়ার কার্টেল করলেও সাঁওতালদিকে যদি বাদ দিয়ে দিই তাহলেও কিন্তু পাওয়ার রেশনিং-এর কোন কারণ থাকে না। কাগজে যা দেখতে পাওয়া যাচ্ছে তাতে উনি বলছেন ব্যান্ডেল ৭৫ মেগাওয়াট ও ডি,পি,এল ১৮০ মেগাওয়াট ও সি,ই,এস,সি ২৩০ মেগাওয়াট ও তাহলে হচ্ছে ৪৬৫ মেগাওয়াট এবং পাওয়ার রেশনিং-এর দিকে যাবার কোন কারণ থাকে না। এই যদি ক্যাপাসিটি হয় তাহলে কিছু কিছু আসবার জন্য আমরা ডাইরেক্ট করতে পারি। তারপরে আসুন সি,ই,এস,সি দিচ্ছে ২৩০ মেগাওয়াট—তার রেকর্ড কি? স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাহলে সি,ই,এস,সি'কে কি কন্ট্রোল করছে? গত বছর সি,ই,এস,সি ৩০৭ মেগাওয়াট প্রোডিউস করেছে বলে সি,ই,এস,সি চীফ এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ২৬শে মার্চ যুগান্তর পত্রিকায় বলেছেন মাত্র ৩০৭ মেগাওয়াট, আমরা গত বছর প্রোডিউস করেছি। তাই যদি হয় তাহলে এই ৩০৭ মেগাওয়াট-এর জায়গায় ২৩০ মেগাওয়াট সি,ই, এস,সি প্রোডিউস করবে, আমি মেনে নেব কেন? তাহলে আমি তার উপর কি কন্ট্রোল করলাম?

[5-20—5-30 p.m.]

এই প্রসঙ্গে আমি বলতে চাই যে সি,ই,এস,সি'র যে প্রোডাকসান ক্যাপাসিটি সম্প্রতিকালে দেখছি তারা নাকি তাদের ওল্ড কাশিপুর স্টেশানটা সাট ডাউন করে দিচ্ছেন। আমি জানিনা আমাদের স্টেট গভর্ণমেন্ট এই বিষয়ে কি মনোভাব নিয়েছেন. তাদের সাট ডাউন করে দিতে বলছেন কিনা, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবিষয়ে কি কন্ট্রোল করার কথা বলেছেন সেটা তারাই জানেন। কিন্তু একথা জানা দরকার যে মাত্র গত বছর এই যে ওল্ড কাশিপুর স্টেশান সি,ই,এস,সি'র সেই ওল্ড কাশিপুর স্টেশান'এ গেল বছর ডিসেম্বর মাসে ১৬ মেগাওয়াট পাওয়ার প্রোডিউস করেছে। তা যদি হয়ে থাকে—আপনি সিসটেম কন্ট্রোল রেকর্ড দেখুন, আমি বাজে কথা বলে থাকি, আপনি খোঁজ করে দেখুন—আমি ওখানকার ওয়ার্কারদের কাছ থেকে জেনেছি যে গেল বছর ১৬ মেগাওয়াট পাওয়ার

প্রোডিউস করেছিল। আজকে সেটা সাট ডাউন করে দিল। ব্যাপার কি? আমরা তাই মেনে নেবো? আমরা চলে যাবো পাওয়ার রেশনিং-এর দিকে? সি,ই,এস,সি'র অবলিগেসানস ফুলফিল করার জন্য তার উপরে কি প্রেসার দিয়েছেন? এই অবস্থাতে শ্রমিকদের কাছ থেকে একথা শুনছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি,ই,এস,সি'র পরিস্থিতি যা তাতে সি,ই,এস,সি তার এই যে ৩০৭ মেগাওয়াট গত বছর প্রোডাকসান তা'ত তারা নিশ্চয়ই করতে পারেতনই, ইচ্ছা করলে তারা বাড়াতেও পারতেন। নিউ কাশিপুর-এ যে সমস্ত বয়লার আছে দীর্ঘদিন ধরে তার মেনটেনেন্স করা হচ্ছে না, দীর্ঘদিন ধরে তার ক্লাস্প পরিষ্কার করা হচ্ছে না, তার সুইট স্লেন্ড করা হচ্ছে না। এখন এসব কাজ কেন সি,ই,এস,সি করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে একটা সন্দেহ আছে। আমি মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে তাঁর কন্ট্রোল এক্সারসাইজ-কে ভাল করে ভেবে দেখতে বলবো। সি,ই,এস,সি'র সঙ্গে আমাদের একটা চুক্তি আছে। সেই চুক্তি কিছুকালের মধ্যে শেষ হয়ে যাবে। সি,ই,এস,সি কর্তৃপক্ষের এখানে নিশ্চয়ই একথা মনে হচ্ছে যে যত পার একজিসটিং যন্ত্রপাতিগুলিকে ঝাঝরাপোক্তা করে দিয়ে যাও, যাতে আর বাড়তি মেনটেনেন্স এর জন্য খরচপত্র করে পয়সা তথাকথিত নষ্ট না করতে হয়। কারণ তাদের প্রফিট গ্যারানটেড আছে। আমাদের সঙ্গে তাদের যে চুক্তি আছে, ৯ পারসেন্ট সি,ই,এস,সি'র প্রফিট গ্যারানটেড আছে। সে যা ইচ্ছা করুক, তার মিনিমাম প্রফিট ৯ পারসেন্ট গ্যারানটেড আছে। সুতরাং মিনিমাম প্রফিট ৯ পারসেন্ট গ্যারানটেড আছে, এই অবস্থার মধ্যে তার তাগিদ হওয়া উচিৎ আরো জেনারেসান করবার। আরো জেনারেসান করবার জন্য তার তাগিদ নেই। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর সি,ই,এস,সি-কে কন্ট্রোল করার যে পাওয়ার আছে সেই পাওয়ারকে ইউটিলাইজড করে ৩০৭ গত বছর প্রোডিউস যা করেছিল, তাকে আজকে ২৩০ প্রোডিউস করবে বলে মেনে নিলাম এবং মেনে নিয়ে চুপ করে বসে থাকলাম। আর আমরা তার বদলে এক নুতন ফরমুলায় পাওয়ার রেশনিং ২৫ পারসেন্ট কাট করে যাতে বিভিন্ন শিল্প ইত্যাদি দারুনভাবে বিপন্ন অবস্থায় চলে যাবে সেটা মেনে নেবো। এই যদি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর কাজের কায়দা হয়, স্বাভাবিক তাদের হাতে টাকা দিলেই সর্বোচ্চ কর্তব্য সমাধা হয়ে গেল—এটা মনে করতে পারছি না। সুতরাং সি,ই,এস,সি-কে কন্ট্রোল-এর যে ফাংশান সেই ফাংশান যাতে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড প্রপারলি করে স্টেট গভর্ণমেন্ট এই বিষয়ে অবহিত হয়ে তাদের বলুন এবং ওয়ার্কার-দের কনফিডেন্স নিন। একবার ওয়ার্কারদের জিজ্ঞাসা করেছেন? পাওয়ার রেশানিং সম্বন্ধে তাদের সঙ্গে পরামর্শ করেছেন? একবার সি,ই,এস,সি'র ওয়ার্কারদের জিজ্ঞাসা করেছেন, "আচ্ছা, তোমরা কি করতে পার?" আমার যতদূর জানা আছে তা করেন নি। কেন করেন নি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার বদলে এটা করুন। আমার সময় বেশী নেই, সুতরাং আমার এ্যামেন্ডমেন্ট-এ যেহেতু রুলিং দিয়েছেন অর্ডার-এ নেই, আমি তা প্লেস করতে না পারলেও তার স্পিরিট আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করছি যে সি,ই,এস,সি-কে কন্ট্রোল করবার জন্য এ্যাজ এ প্রিলুড ভবিষ্যতে তার হাতে নেবার জন্য, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-কে প্রপারলি ফাংশান করতে বলুন। সময়ের অভাব থাকলেও একথা বলবো যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর টাকা যদি সদগতি করাতে চান তাহলে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলবো যে, "আপনি তো বেশ লোক" এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর ফাংশান করার জন্য, ফ্যাংশানারি ওরিয়েনটেড করা হবে—এই কথায় আজকে ইঞ্জিনিয়ার ধর্মঘটের কথা ওঠে কিসে?

এক বছর আগে আপনারা এই বিধানসভা থেকে প্রস্তাব পাশ করিয়েছিলেন, সেই প্রস্তাবে এই কথা বলা ছিল যে এইদিকে অরিয়েন্টেশন দিতে হবে। আজ পর্য্যন্ত ঐ স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একজন ইঞ্জিনিয়ারকে কেন করতে পারলেন না বলুন তো, কিসে আটকাচ্ছে? ইঞ্জিনিয়ারদের স্ট্রাইকে তো যত দোষ। আপনাদের কিসে আটকাচ্ছে সেটা তো বুঝতে পারছি না? কেন আপনারা করতে পারেন নি সেটা বুঝতে পারছি না। পাইলন ভেঙ্গে পড়ে গেল, ভেঙ্গে পড়ে যাবার সঙ্গে সঙ্গে আমাদের মন্ত্রী মহাশয় স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের চেয়ারম্যানকে পাঠালেন ইলেকট্রিক পাইলন কেন ভেঙ্গে পড়ে গেল তা দেখবার

জন্য। একজন ইঞ্জিনিয়ার হোল টাইমার আছেন, তিনি তো স্ট্রাইক করেন নি, তাতে তো পাঠাতে পারলেন না? সুতরাং
special orientation of the Board.
এবং আমাদের গভর্ণমেন্টও এই বোর্ডকে কিভাবে পরিচালনা করতে চান, তার কতকগুলো অরিয়েন্টেশন দেখা যাচ্ছে। আর টাকা পয়সা বাঁচিয়ে চলার ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে বলবো, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাজকর্মের ব্যাপারে একটু খোঁজ করুন। কেন প্রত্যেক অফিসার একটা করে এ্যাম্বেসেডার—যেখানে ওপন করতে যাবেন, কালকে তো ভেঙ্গে যায়, এত খরচ বেড়েছে, লাগে টাকা দেবে গৌরী সেন, ফেল কড়ি মাখ তেল, যে যার কড়ি ফেলুন তারপর তেল মাখুন, আমরা ফেলবো কড়ি তারা মাখবে তেল, এই কায়দায় মহাশয় সিলিং উচুঁ করে দেবো স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে, এটা চলতে পারে না। সুতরাং বারেবারে এটাকে রিঅরিয়েন্টেড করার যে প্রশ্ন সেখানে আমরা বলেছি এবং সেটা দ্রুত করবার জন্য বলবো বিশেষ করে পাওয়ার রেশনিং এড়ানোর জন্য এই সমস্ত কটি জায়গাতে ইউজ করবার দিক থেকে যা করা কর্তব্য তা না করে তাদের ইনএফিসিয়েন্সি কভার করার ব্যবস্থা যাতে না করেন তার জন্য অনুরোধ করবো।

Shri Narayan Bhattacharya :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে রেজলিউশন আমাদের সামনে এনেছেন, তাকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। সমর্থন করছি এইজন্য যে আমি মনে করি আজকে আমাদের এই বহু সমস্যা সংকুলিত রাজ্যে এই সমস্ত সমস্যার হাত থেকে রেহাই পেতে হলে এবং আমাদের সামগ্রিক উন্নয়ন করতে গেলে যেটা মূল চাবিকাঠি, সেটা হ'ল বিদ্যুৎ। আজকে পশ্চিমবঙ্গে যে পাওয়ার আছে সেটা একেবারে নগণ্য। আমরা জানি এই বিদ্যুৎ যদি আমরা বাড়াতে না পারি আমাদের শিল্পে অগ্রগতি দেখা দিতে পারে না, আমাদের কৃষি এগিয়ে যেতে পারে না। তাই আমি এই প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি। গত শুক্রবার দিন এই হাউসে বিদ্যুৎ সম্পর্কে কিছু কিছু আলোচনা হয়েছিল, আমাদের বিদ্যুৎ দপ্তর সম্পর্কে কিছু কিছু সমালোচনা হয়েছিল, আমাদের প্রাক্তন পশ্চিমবঙ্গের মুখ্য মন্ত্রী বর্ষীয়ান নেতা শ্রদ্ধেয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় সমালোচনায় অংশ নিয়েছেন, আমাদের সরকারী দলের কেউ কেউ অংশ নিয়েছিলেন। সেদিন এখানে যে পরিসংখ্যান দেওয়া হয়েছিল, সেই পরিসংখ্যান, বিশেষকরে আমাদের শ্রদ্ধেয় প্রফুল্লদা যে পরিসংখ্যান এখানে রেখেছিলেন তাতে একটা দিক তুলে ধরার চেষ্টা হয়েছিল, কিন্তু আর একটা দিক মোটেই তুলে ধরা হয়নি, সেদিকের কোন উল্লেখ করা হয়নি। আপনার মাধ্যমে এই হাউসের কাছে একটা ছোট্ট পরিসংখ্যান আমি রাখতে চাই। পশ্চিমবাংলায় ১৯৪৭ সাল থেকে ১৯৭২ সাল পর্য্যন্ত মোট ৩ হাজার ৫৪টি গ্রাম এবং ছোট শহরে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছিল। গত দু বছরে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯ হাজার ১৪৩টি গ্রাম। গত ২৫ বছরে যেখানে গড়ে ১২২টি গ্রামে গেছে গত দু বছরে সেখানে প্রায় ৩ হাজার ৬০০টি করে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারা গেছে।

[5-30—5-40 p.m.]

ঐ ২৫ বছরে মোট ৯২টি স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছিল। আমরা গত দুই বছরে সেই সংখ্যা বাড়িয়ে ১৮০টি করেছি। আমাদের বর্ষীয়ান নেতা প্রফুল্লদা গান্ধীবাদী, তাঁদের আমলে এবং যুক্তফ্রন্টের আমলেও এই পশ্চিমবঙ্গে কোন হরিজন বস্তিতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়নি। গত ২ বছরে এই সরকার মোট ৩০টি হরিজন বস্তিতে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাঁওতালদি আমাদের পশ্চিমবঙ্গের গর্ব, সমস্ত দেশী প্রযুক্তিবিদ এবং যন্ত্রাংশ দিয়ে এটা নির্মাণ করা হয়েছে। সাঁওতালদি আমাদের পশ্চিমবঙ্গের কাছে এক বিরাট আশা নিয়ে দেখা দিয়েছে। সেদিন যে সমস্ত বক্তৃতা এখানে রাখা হয়েছিল, বিশেষ করে আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবু বললেন যা, তার উল্লেখ করে বলতে চাই যে, এই সরকার ক্ষমতায় আসার পর বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে এবং বিভিন্ন স্থানে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ব্যাপারে বিরাট বাধার সম্মুখীন হয়েছিল। কারণ,

বিগত ২৫ বছর দেশে এই বিদ্যুতের ব্যাপারে কোন একটা নির্দিষ্ট রূপ-রেখা তৈরী কর হয়নি। আমরা খুশী, গত ২ বছরের মধ্যে এই সরকার একটা নির্দিষ্ট রূপ-রেখা তৈরী করেছেন। আমরা একটা পুস্তিকা পেয়েছি এবং তারমধ্যে একটা ম্যাপ আমরা দেখেছি এবং এটা খুবই আশার কথা। এতে যা উল্লেখ দেখছি তাতে আমরা আশা করব যে এই পরিকল্পনার মাধ্যমে আমাদের কাজ এগিয়ে যেতে পারবে, সেদিন কিন্তু অনেক সমালোচনা হয়েছিল। গত ২৫.বছরে এমন কি যুক্তফ্রন্টের আমলেও কেউ কি বলতে পারবেন যে এটা হয়েছিল বা কোন বিদ্যুৎমন্ত্রী গ্রামে গিয়েছিলেন, গ্রামে বিদ্যুৎ দেওয়ার কাজের তদারকি করবার জন্য? কিন্তু আমরা তা বলতে পারি। কুমার দীপ্তি সেন গুপ্ত আজকে এখানে নেই, আমরা দেখেছি ওর কেন্দ্র দীর্ঘদিন মার্কসবাদী কম্যুনিস্টদের দুর্গ বলে পরিচিত ছিল, সেখানকার মানুষ শুধু ভাষণ শুনেছে আর আন্দোলন করেছে, কাজ পাননি। আমাদের বিদ্যুৎমন্ত্রী পর্ষদের চেয়ারম্যান সহ যেদিন ঐ গ্রামে মাইলের পর মাইল মেঠো পথে আলের ওপর দিয়ে হেঁটে বেড়িয়েছেন ঐ গ্রামের মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দেবার জন্য, সেদিন সেখানকার অবহেলিত, বঞ্চিত, দরিদ্র মানুষগুলির আমরা জানি চোখের জল পড়েছিল, আনন্দ অশ্রু তাদের চোখে দেখা দিয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা তাঁর ভাষণে আজ যা শুনলাম তা অত্যন্ত অল্পই শুনলাম, বাস্তবিক পক্ষে তাঁর ভাষণের মধ্যে অনেক জিনিষেরই উল্লেখ নেই, তারমধ্যে যেগুলি আমি জানি সেগুলি এখানে উল্লেখ করতে চাই, বিশেষ করে উত্তরবঙ্গের জলঢাকা সম্বন্ধে। প্রফুল্লবাবুর আমলেই এই জলঢাকা বিদ্যুৎ প্রকল্প তৈরী হয়েছিল, কিন্তু বর্ষাকালে জলঢাকা বন্ধ থাকত, আর গ্রীষ্মকালে জলঢাকায় বিদ্যুৎ তৈরী হত মাত্র ৪ মেগা ওয়াট এবং স্বাভাবিক অবস্থায় তৈরী হত মাত্র ৯ মেগা ওয়াট। আজ বর্ষাকালে উত্তরবঙ্গে আলো জ্বলে, গ্রীষ্মকালেও উত্তরবঙ্গের ছোট ছোট শহরে এবং অনেক গ্রামে আলো জ্বলে, রাতের অন্ধকার দূর করে দেয়। আজ সেখানে স্বাভাবিক অবস্থায় ৯ মেগাওয়াটের জায়গায় ১৯ মেগা ওয়াট এবং সেখানে গ্রীষ্মে ৪ মেগা ওয়াটের জায়গায় ১৪ মেগাওয়াট পাওয়া যাচ্ছে। আর জলঢাকা প্রজেক্ট (২), সেখানে যে প্রকল্প তৈরী হচ্ছে সেটা সমাপ্ত হলে আরো ৯ মেগাওয়াট আমরা পাব। দার্জিলিং জেলায় যে লিটিল রঙ্গিত প্রজেক্ট—ছোট রঙ্গিত নদীতে যে নতুন জল বিদ্যুৎ কেন্দ্র কাজ করছে সেখান থেকে আমরা পাওয়ার পাচ্ছি, সেখানে আমরা ১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ পাচ্ছি, সেই বিদ্যুৎ দিয়ে দার্জিলিং শহরের কাজ চলছে।

এছাড়া ভারত-সিকিম সীমান্তে যে রায়ন নামে নূতন বিদ্যুৎ প্রকল্পের প্রাথমিক কাজ সুরু হয়েছে সেটা হলে ৫০ মেগাওয়াট বিদ্যুৎ আমরা পাব। ফরাক্কা সুপার থারমাল পাওয়ার ষ্টেশান যদি হয় তাহলে কয়েক হাজার মেগাওয়াট বিদ্যুৎ পাব। খুব দুঃখের কথা যে সরকারের সমালোচনা আমরা করি। কিন্তু ভাল কাজের প্রশংসা আমরা করবনা। শুনছিলাম যে সমস্ত বিদ্যুতের তার গেছে তাতে ধোপায় কাপড় মেলে দিচ্ছে। পশ্চিমবঙ্গের মানুষের কাপড় কেনার পয়সা নেই তো ধোপায় কাপড় কোথা থেকে মেলবে তা জানিনা। এই সরকার ৪০ হাজার লোককে চাকরী দিয়েছে তার মধ্যে ১০ হাজার দিয়েছে বিদ্যুৎ পর্ষদ। কিন্তু আমার অভিযোগ হচ্ছে এই চাকরী পাওয়া সম্বন্ধে বহু অভিযোগ আছে। এই চাকরী যদি সমভাবে বন্টিত হোত তাহলে কিছু বলার থাকতো না। কিন্তু বন্টন ও নিয়োগের ব্যাপারে বহু অভিযোগ আছে। সেজন্য দাবী করছি এরজন্য একটা কমিশন নিয়োগ করা হোক এবং এরজন্য যে দোষী তার বিচার আমরা দাবী করছি। এই কটি কথা বলে একে সমর্থন করে আমি শেষ করছি।

Shri Shish Mohammad :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বক্তব্য রাখতে উঠে প্রথমেই টিকটিকির শব্দ পেলাম। পল্লীগ্রামে একটা কথা আছে টুকে নেওয়া। বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই টুকে নেওয়া হয়। তাই বারি সাহেব প্রথমেই টুকে . বসে আছেন। সেপক্ষ হয়ত ওঁকে তাই বলে গিয়েছেন। নারাণবাবু তাঁর বক্তৃতায় বললেন যে যুক্তফ্রন্টের যুগে কোন মন্ত্রীই গ্রামে যাননি এবং বর্তমান মন্ত্রীরা ধানের জমির আল দিয়ে যাচ্ছেন। যুক্তফ্রন্টের যুগে কতটা উন্নতি হল, না হল, কে গ্রামে গেল কি না গেল তা দিয়ে সমস্যার সমাধান করা যাবে না। বর্তমান

সমস্যায় কাজ করতে হবে। যুক্তফ্রন্টের সময় খাদ্যাভাব হয়েছিল, জমি বন্টন হয়নি এইসব বলে লাভ নেই। আজ প্রশ্ন হচ্ছে জনসাধারণের সামনে যেসমস্ত সমস্যা এসেছে তাকে কিভাবে মিট করা যায় সেটা দেখতে হবে।

এই ইলেক্‌ট্রিসিটির ব্যাপারে তিন তরফ থেকে যে তিনটি প্রস্তাব রয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তার ব্যাখ্যা করলেন। কাজেই যদি স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডের উন্নয়ন করতে হয়, আমাদের যদি গ্রাম থেকে গ্রামাঞ্চলে শিল্পাঞ্চলে এই ইলেক্‌ট্রিসিটিকে পৌঁছিয়ে দিয়ে সত্যিকারের কল্যাণ করতে হয় তাহলে টাকা আমাদের নিশ্চয়ই দিতে হবে এটা আমি অস্বীকার করছি না। কিন্তু ভবিষ্যতে ১০ কোটি টাকা থেকে ১০০ কোটি টাকার যে বক্তব্য আমরা শুনলাম সে সম্বন্ধে আলোচনা করার আগে অতীত দিনের ইতিহাসের সামান্য একটু আলোচনা করার দরকার বলে মনে করি। আমাদের পূর্বে প্ল্যান হয়েছিল যে স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড ১০ কোটি টাকার লোন নিতে পারবে। তাতে আমরা দেখতে পাচ্ছি দেশের কল্যাণ সাধিত হয়নি, যেখানে যেখানে ইলেক্‌ট্রিসিটি পৌঁছান দরকার ছিল সেখানে সেখানে ইলেক্‌ট্রিসিটি পোঁছাতে পারেনি, যারজন্য বর্তমান ডিমাণ্ড ফুলফিল করার জন্য, সাপ্লাই করার জন্য এই ১০ কোটি টাকার সিলিংকে বৃদ্ধি করে দিয়ে ১০০ কোটি টাকা করতে হবে এই প্রস্তাব এসেছে। যদি ১০০ কোটি টাকা দিলে দেশের কল্যাণ সাধিত হবে দেখি তাহলে দিতে আপত্তি নেই। কিন্তু এই ১০ কোটি টাকার লোন নেওয়ার যে ক্ষমতা দেওয়া হয়েছিল সেই ১০ কোটি টাকা ভিত্তি করে যতটুকু দেশের কল্যাণ করা উচিত ছিল আমাদের কি ততটুকু কল্যাণ সাধিত হয়েছে, যেভাবে কাজ পরিচালনা করার দরকার ছিল, যেভাবে এটাকে দেখাশুনা করার দরকার ছিল সেটা কি হয়েছে? সেটা হয়নি, সেদিক থেকে ব্যর্থ হয়েছে। সেজন্য ঘন ঘন দেখতে পাচ্ছি লোড সেডিং হচ্ছে বিশেষ করে কলকাতা শিল্পাঞ্চলে ঘন ঘন লোড সেডিং হচ্ছে। মাননীয়া সদস্যা গীতা মুখার্জী বললেন এই লোড সেডিং-এর ফলে শিল্পের ক্ষেত্রে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে মালিক বলছে আমার কাজ কারবার হচ্ছে না, আমি মজুরী দিতে পারব না। ফলে হাজার হাজার শ্রমিক তাদের ন্যায্য মজুরী থেকে বঞ্চিত হচ্ছে। সেজন্য বলি এগুলি আপনার দেখা দরকার যে কেন লোড সেডিং হচ্ছে। আমার মনে হয় ম্যানেজমেন্টে গণ্ডগোল আছে। যাঁদের আপনারা উর্ধতন কর্তৃপক্ষ হিসাবে মেনে নিয়েছেন তাঁরা আজকে দেখতে পাচ্ছি আপনাদের ল্যাণ্ড মারার চেষ্টা করছেন। আজকে সমস্ত দলীয় নীতি কার্যকরী হচ্ছে। যখন কিছু গণ্ডগোল হচ্ছে, যার বিরুদ্ধে কেউ অবজেক্‌সান নিয়ে আসছে সঙ্গে সঙ্গে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আপনাদের কাছে এম, এল, এ,-দের মারফত এসে বলছে ইনি হচ্ছেন এই দলের লোক, সেই কারণে এঁর বিরুদ্ধে অবজেক্‌সান এসেছে। সঙ্গে সঙ্গে আপনারা সাধুবাদ দিয়ে ক্ষমা করে দিচ্ছেন। বর্তমান দিনে যদি সত্যিকারে দেশের কল্যাণ করতে হয়, শতকরা ৯৫ জন লোকের কল্যাণ করতে হয় তাহলে তারজন্য ৫ জন লোকের ক্ষতি করেও তা করতে হবে। আজকে দেখুন সি, ই, এস, সি, একটি প্রতিষ্ঠান, এর চেয়ে আমাদের স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডের মার্কেট বেশী, প্রফিট বেশী, রেট বেশী, কিন্তু যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে ক্রমশঃ লস হচ্ছে। কলকাতা ইলেক্‌ট্রিক সাপ্লাই-এর যত লস না হচ্ছে আমাদের স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডের লস তার চেয়ে বেশী এসে যাচ্ছে।

আমরা বিগত কয়েক বছরের ইতিহাস দেখছি গ্রাম থেকে গ্রামান্তরে পাম্প সেট পৌঁছে দেওয়া হয়েছে, গভীর নলকূপ হয়েছে এবং সেদিক থেকে বলা যায় আমাদের ইরিগেসন পার্পাসে বিদ্যুতের খুবই প্রয়োজন। কিন্তু এই বিদ্যুতের ব্যাপারে আমরা কতদূর পর্যন্ত গেছি সেই প্রশ্ন আজ উঠেছে। লোড সেডিং হবার কারণ বলছে আমরা সাপ্লাই দিতে পারছিনা। তা যদি হয় তাহলে আমাদের দেখতে হবে কেন এই সাপ্লাই দিতে পারছিনা, কেন আমাদের ঘাটতি হচ্ছে। আমরা লক্ষ করেছি গ্রামাঞ্চলের কতগুলি ছেলের সঙ্গে আপনাদের সরকারী কর্মচারীদের খুব বন্ধুত্ব গড়ে উঠেছে। এই বন্ধুত্ব গড়ে ওঠার ফলে দেখছি তাদের নিজে.দর জায়গা থেকে যে তার চলে গেছে সেই তার থেকে তারা নিজেদের বাড়ীতে তার টেনে নিচ্ছে এবং তারজন্য তারা কোন পয়সা দিচ্ছেনা। এর ফলে আমাদের যে ক্ষতি হচ্ছে তার প্রতি আমাদের লক্ষ্য রাখতে হবে। তারপর আর একটা জিনিস দেখতে পাচ্ছি যে সমস্ত

কর্তৃপক্ষের উপর যন্ত্রপাতি ক্রয় করবার ভার থাকে তাঁরা মনে করেন আমরাই বে কর্মকর্তা, আমাদের উপরে কে আছে কাজেই তাঁরা সেকেণ্ড হ্যাণ্ড, থার্ড হ্যাণ্ড যন্ত্রপাতি কেনেন। মন্ত্রীমহাশয়রা এসব খুঁটিনাটি দেখেননা এবং এসব দেখা সম্ভবও নয়। কিন্তু কথা হচ্ছে আপনারা যখন দেশের কল্যাণ করবার জন্য শপথ নিয়েছেন তখন আপনাদের ফাস্ট' এ্যাণ্ড ফোরমোস্ট ডিউটি হচ্ছে এইসব যন্ত্রপাতি যা ক্রয় করা হচ্ছে সেগুলি পরীক্ষা করে দেখা। এগুলি দেখা হয়না বলে আমাদের অপচয় হচ্ছে এবং যেটুকু হওয়া দরকার তা হচ্ছে না। আমাদের পশ্চিমবাংলায় ৩৯ হাজার গ্রাম আছে এবং মাননীয় সদস্য নারায়ণবাবু বলেছেন এই ৩৯ হাজার গ্রামের মধ্যে মাত্র ৯ হাজার ১৪৩টি গ্রামে ইলেকট্রিসিটি গিয়েছে। আমার বক্তব্য হচ্ছে এত স্লো গতিতে যদি ইলেকট্রিসিটি যায় তাহলে পশ্চিম-বাংলার গ্রামাঞ্চলে কতদিনে সব জায়গায় ইলেকট্রিসিটি যাবে এবং কৃষির উৎপাদনের ক্ষেত্রে এই আধুনিক যুগে বিদ্যুৎ যেখানে নিতান্ত প্রয়োজনীয় জিনিস সেই বিদ্যুৎ কৃষিক্ষেত্রে কবে গিয়ে পেঁছাবে? আজকে এই বিজ্ঞানের যুগে কেন আমরা ফসল উৎপাদনের জন্য জলের দিকে চেয়ে থাকব বা তারজন্য কেন অপেক্ষা করব? আজকে এই বিজ্ঞানের যুগে কেন আমরা জলের জন্য আকাশের দিকে চেয়ে থাকব। অতিবৃষ্টির জন্য আমরা ক্ষতি স্বীকার করতে পারি কিন্তু খরার ব্যাপারে আমরা যদি বলি জলের অভাব তাহলে জনসাধারণ আমাদের ক্ষমা করবে না। আমরা যদি বৈদ্যুতিকরণের প্রসার ঘটাতে পারি, আমরা যদি গভীর নলকূপ করতে পারি তাহলে এটা কেন করতে পারবনা। আমি সেদিন বলেছিলাম মানুষ যদি ভূমি থেকে চন্দ্রলোকে যেতে পারে তাহলে আমরা কেন ইরিগেসনের ডেভেলপ্‌মেন্ট করতে পারবনা। আপনারা যদি এগুলি দেখাশুনা না করেন, শুধু গাফিলতি করেন তাহলে যেভাবে ব্যর্থ হয়েছেন সেইভাবেই ব্যর্থ হবেন এবং সরকারী কর্মচারীরা যেভাবে আপনাদের ঠকিয়েছেন সেইভাবেই ঠকিয়ে যাবেন। কাজেই শতকরা ৯৫ জন লোককে বাঁচাতে গিয়ে যদি ওই ৫টি লোককে না মারেন তাহলে ওই ৯৫ জন লোকের আপনারা কল্যাণ করতে পারবেন না। আর ৯৫টি লোকের যদি কল্যাণ করতে না পারেন তাহলে ওই ৫টি লোক আপনাদের বাঁচাতে পারবে না একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের সিদ্ধান্ত অনুসারে মাননীয় বিদ্যুৎ-মন্ত্রী মহাশয় যে রেজুলেশন মুভ করেছেন তাকে আমি সমর্থন করছি। মাননীয় সদস্য শীশমহম্মদ সাহেব, তিনি বোধ হয় সব কথা ভাল ভাবে বুঝতে পারেননি। মাননীয়া সদস্যা গীতা মুখার্জী যখনই কোন এমেণ্ডমেন্ট আনেন তখনই আমরা দেখেছি মোটামুটি ইন-অর্ডার হয়, কিন্তু আজকে দেখা গেল তাঁর এমেণ্ডমেন্ট ঠিক হলোনা। আজকে গীতাদি পারফরমেন্সের কথা বলেছেন, আজকে যে লিফলেট এখানে দেওয়া হয়েছে, যে হিসাব এখানে দেওয়া হয়েছে তাতে দেখছি ১৫-৮-৬৭ সাল থেকে ১৯-৩-৭২ সাল পর্যন্ত ৩ হাজার ৫৪টি গ্রামে বিদ্যুৎ হয়েছিল, আর ২০-৩-৭২ থেকে ১৯-১-৭৪ পর্যন্ত, অর্থাৎ এই সরকার আসার পর ৫ হাজার ৮২৫টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়েছে, অর্থাৎ মোট ৮,৮৮৯টি গ্রামে হয়েছে। ডিপ-টিউবওয়েল সেই সময়ের মধ্যে হয়েছিল ১,৩৮৯টি, আর এই সরকার আসার পরে আরো ২৯৬টি। লিভার লিফ্‌ট ইরিগেশন আগে ছিলনা, এই সরকার আসার পরে ২৩৬টি হয়েছে। স্যালো টিউবওয়েল আগে ৯৩টি ছিল, এখন ৪,২৭৪টি হয়েছে। এই যে উন্নতি, এই যে সর্বদিক দিয়ে উৎকর্ষ সাধনের চেষ্টা এর বিরুদ্ধে গীতাদি কি যুক্তি দিলেন তা আমি বুঝতে পারলামনা। বোধ হয় তিনি ভালভাবে এইসব জিনিষ দেখেননি, যার জন্য তিনি এই সব কথা বলতে পারেননি। ঐ সময়ের মধ্যে ৯২টি হেল্‌থ সেন্টারে ইলেকট্রিফিকেশন হয়েছিল, আর এই সরকারের কার্যকালে ১৮০টি হেল্‌থ সেন্টারে বিদ্যুৎ সরবরাহ করতে পারা গিয়েছে। বস্তি ইলেকট্রিফিকেশনের তখন কিছুই ছিলনা, আর এখন ৩০টি বস্তিকে ইলেকট্রিফায়েড করা সম্ভব হয়েছে, কাজেই পারফরমেন্সের কিছুটা অগ্রগতি ঘটেছে এবং সেটা যে অতীত দিনের তুলনায় অনেক

বেশী সে বিষয়ে কোন সন্দেহ নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পক্ষ এবং ওপক্ষ সবাই বলেছেন টাকার সত্যিই দরকার আছে, টাকা দিতে হবে। গীতাদি এবং শিষ মহম্মদ সাহেব, দুজনেই এটা স্বীকার করেছেন। আজকে আমরা ৬০ কোটি টাকা থেকে ১০০ কোটি টাকাতে যদি এটাকে বৃদ্ধি করি তাহলে এই লোন—আমি একটা হিসাব করছিলাম, তাতে ১-২-৭৪ পর্যন্ত মার্কেট লোন করা হয়েছে ৪৪ কোটি টাকা, ব্যাঙ্ক লোন করা হয়েছে ১৩ কোটি টাকা, এল, আই, সি, লোন ২৮ কোটি টাকা, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার ১০ কোটি টাকা। এখন কথা হচ্ছে এই যে টাকা আজকে দরকার, আজকে আমাদের যে চাহিদা, ১৯৬০ সাল পর্যন্ত কলকাতার যা চাহিদা ছিল, ১৯৬৬ সালের পর এখন ৬০০ মেগা ওয়াট অতিরিক্ত চাহিদা বেড়েছে। আজকে অস্বীকার করলে চলবে না যে আমাদের বিদ্যুৎ চাই, বাড়ীতে চাই, চাষবাসে চাই, আরামে থাকতে গেলে চাই, খেতে গেলে চাই, ভাল হোটেল করতে গেলে চাই, গ্রামের মধ্যে জল সরবরাহ করতে গেলে চাই, গ্রামের মানুষ বিদ্যুৎ ব্যবহার করতে চাইলে সেখানেও বিদ্যুৎ চাই। সুতরাং এই সমস্ত চাহিদা মেটাতে গেলে আজকে আমাদের জেনারেশন স্টেশন করতে হবে, ট্রান্সমিশন লাইন করতে হবে, রুরাল ইলেকট্রিফিকেশন করতে হবে। কারণ মাইনর ইরিগেশন বাড়াতে হবে, দেশকে খাদ্যে স্বয়ংসম্ভর করে তুলতে হবে। তাই আমি যেটা বলছিলাম যে আমাদের টোটাল নেসেসিটি পঞ্চম পরিকল্পনায় ১,৪০০ মেগা ওয়াট। আমরা এতো টাকা দিয়ে যদি ফুল-ফ্লেজেড ফোর্স নিয়ে কাজ করে যাই তাহলে ৩০০ মেগা ওয়াটের মত বিদ্যুৎ আমরা সরবরাহ করতে পারব।

তাহলে আজকে যে চাহিদা সেই চাহিদা মিটাতে হলে টাকারতো কৃপণতা করলে চলবেনা, মাননীয় অধ্যক্ষ মহাশয়। টাকা তো মন্ত্রিমহাশয়ের হাতে দিতে হবে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আমরা দেখছি সহরে, এই কলকাতা ও শিল্পাঞ্চলে যেভাবে লোক বাড়ছে তাতে শিল্প আস্তে আস্তে আজকে বিভিন্ন গ্রাম বাংলায় নিয়ে যেতে হবে এবং তারজন্য পাওয়ার জেনারেশন করতে হলে ট্রান্সমিশন লাইন নিতে হলে বিভিন্ন জায়গায় যেমন সাওতালদিতে করা হয়েছে, যেমন দুর্গাপুরে করা হয়েছে, সেইভাবে ফারাক্কা প্রকল্প করতে হবে। এই রকম কোলাঘাটেও করতে হচ্ছে এবং এটা আরো জোরদার করে করতে হবে। এইসব জিনিস যদি করতে যাওয়া হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাহলে নিশ্চিতভাবে টাকার প্রয়োজন। তাই গীতাদি আগে থেকেই বুঝেছেন যে টাকা দিতে হবে এবং সেই টাকার কথাও উনি বলে দিয়েছেন। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই যে ট্রান্সমিটারগুলি চুরি হয়ে যাচ্ছে, এই ট্রান্সমিটারের এক একটার দাম ৫ থেকে ৭ হাজার টাকা। এইগুলি কি শুধু চোরেরাই তাদের চৌর্যবৃত্তির জন্য এই সমস্ত ট্রান্সফর্মার চুরি করে নিয়ে যাচ্ছে? না, এই ব্যাপারে কোন রাজনৈতিক চক্রান্ত আছে, যে চক্রান্তে সে সমস্ত অসামাজিক ব্যক্তিদের সঙ্গে হাত মিলিয়ে এই সমস্ত রাজনৈতিক চক্রান্ত করে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বড়ই সন্দেহ হয় ওরা যারা বড় গলায় কথা বলছেন---চোরের মায়ের তো বড় গলা, এদের আজকে যোগসাজস নাই তো? এই অসামাজিক ব্যক্তিদের সঙ্গে যোগসাজসে আজকে ট্রান্সফর্মার হটিয়ে দিয়ে এই সরকারের যে প্রগতিশীল কার্যসূচী, সেই কার্যসূচীকে বানচাল করে দেবার জন্য তারা বিকল্প প্রচেষ্টা করছেন কি করছেন না, সেটাও ভেবে দেখতে হবে। গীতাদি বলেছেন যে, আজকে আমাদের পারফরমেন্স ভাল দেখাতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি একটা পজেটিভ সাজেশন রাখতে চাই যে, আপনাকে আজকে একটা পারফরমেন্সের ডেফিনিট এ্যাসিওরেন্স দিতে হবে, সেটা হচ্ছে ট্রান্সফরমার চুরির জন্য টেকনিসিয়ান এবং নন্-টেকনিসিয়ানদের নিয়ে একটা হাই-পাওয়ার কমিশন তৈরী করতে হবে, করে দেখতে হবে যে, ট্রান্সফর্মার চুরি যাবার মূলে কোন রাজনৈতিক অপকৌশল বা চক্রান্ত ছিল কিনা, এবং এটা আজকে জাতীয় স্বার্থের জন্য অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে। আমি জানি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যদি আমরা এই সমস্ত কাজ করতে চাই, তাহলে আজকে আমরা ডিপ-টিউবওয়েলের জল চাই, আজকে আমরা স্যালো টিউবওয়েলের জল চাই, আজকে রিভার লিফ্‌ট ইরিগেশনের জল চাই, আজকে গ্রামে বিদ্যুৎ নিয়ে যেতে চাই। মাননীয় সদস্য শ্রীগৌতম চকবর্তী, মহাশয় আজকে নেই

কিন্তু একটা কথায় দুঃখ লাগল যে যেখানে ৮,৮৭৯টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছি, এই মাননীয় মন্ত্রিমহাশয়, তাঁর বিদ্যুৎ দপ্তর ছাড়া সেচ দপ্তরও রাখেন, গ্রামে কত জায়গাতে এমনকি আমাদের কথা বাদ দিন সি, পি, আই, বন্ধুরা জানেন যে গ্রামে কিভাবে ক্যানেল কাটছেন, আজকে কি জানেন না তিমিরবাবু যে, এঁকিয়ে বেঁকিয়ে ধান ক্ষেতের বিলের ধার দিয়ে ইলেকট্রিক তারগুলি চলে যাচ্ছে? তাহলে লজ্জার একটা সীমা থাকা চাই, ৭৯টা আর, আই, এল, বসেছে, ওর ঐ ভাদর বিলে—আর, আই, এল,-এর ইলেকট্রি-ফিকেশন হয়েছে, লজ্জার যদি একটু সীমা থাকত তাহলে একথা বলতেন না। আজকে যদি গ্রামে গ্রামে এই বিদ্যুতের লাইনটা দেখতেন তাহলে নিশ্চয়ই একথা বলতেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গৌতম চক্রবর্ত্তী মহাশয় বলেছেন বড় ধাপ্পা, আমি বলছি যে, এটা বড় ধাপ্পা নয়, এই রকম ধরনের কথা বলা উচিত নয়। আজকে সেজন্য আমি বলি যে ধোপার কাপড় শুকাতে দেওয়া থেকে এবং এই গ্রামে-গঞ্জে চারিদিকে মানুষরা দেখতে পাচ্ছে আজকে পোষ্ট কটা হচ্ছে, আজকে ইলেকট্রিকের লাইন নিয়ে যাওয়া হচ্ছে, এর জন্য আপনারা কিছুই করতে পারেননি, যুক্তফ্রন্টের আমলে, আপনাদের পক্ষে, সম্ভব হয়নি এই রকম বিদ্যুৎ উৎপাদন করা, এই রকম ইলেকট্রিক তার টানাও সম্ভব হয়নি। কারণটা হচ্ছে আপনাদের সেই মনোবৃত্তি ছিল না। একটা কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলব যে মন্ত্রিমহাশয়ের কাছে সাজেশন দেব যে, আজকে এই রকম অসত্যের উক্তি এ্যাসেম্ব্লিতে করে কোন লাভ হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি একটা কথা খালি বলব, আজকে খাদ্যে স্বয়ংম্ভর করে তোলার প্রয়োজন আছে। খাদ্যে দেশকে স্বয়ংম্ভর করে তুলতে হলে শিল্পের উন্নতি করতে হবে এবং শিল্পে নিযুক্ত শ্রমিকদের পুরো মাত্রায় কাজ দিতে হলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করতে হবে। তার জন্য দেশে সুপার পাওয়ার প্ল্যান্ট তৈরী করতে হবে। ফারাক্কা রিজিয়নে দাঁড়িয়ে আজকে এই ষ্টেটের যে কর্মসূচী, সেই কর্মসূচীকে বাস্তবায়িত করতে গেলে মন্ত্রিমহাশয়ের হাতে আজকে যে ১০০ কোটি টাকার রিজলিউশন আনা হয়েছে, তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং ওরা যে পরোক্ষভাবে কটাক্ষ করে সমালোচনা করেছেন তাদের আমি ধিক্কার দিই এবং মন্ত্রিমহাশয়কে গ্রামে-গঞ্জে এই কর্ম উদ্দীপনাকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমি সাধুবাদ জানাই এবং এই বিদ্যুৎ উৎপাদনের মাত্রা, জেনারেশন আরো বাড়ান, গ্রামে গঞ্জে আরো বিদ্যুৎ ছড়িয়ে পড়ুক, ট্রান্সমিটার লাইন আরো বাড়িয়ে যান, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

6 00—6-10 p.m.]

Shri Asamanja De :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে প্রস্তাব উৎথাপন করেছেন, আমি তা অন্তকরণে সমর্থন করছি এবং স্বাগত জানাচ্ছি। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমার মহামতি লেনিনের কথা মনে পড়ে।

(মিঃ এ, এইচ, বেস্টারউইচঃ কি বললেন, লেনিন?)

যদি কেউ মনে করে থাকেন যে তিনি লেনিনের মৌরসী পাট্টা নিয়ে বসে আছেন তাহলে তাঁকে আমার কিছু বলবার নাই। লেনিনের বইয়ের পেটেন্ট বেস্টারউইচ সাহেব যদি পড়ে বিধানসভায় একথা বলতেন তাহলে আমি খুসী হতাম। ইলেকট্রির সোশিয়েলিজম, অর্থনৈতিক উন্নয়নের জন্য আমি মনে করি সমস্ত শক্তিকে সদ্ব্যবহারের প্রয়োজন। এইভাবে আমরা দেখেছি ভারতবর্ষের একটা প্রান্তে হরিয়ানায় গ্রামে গ্রামে বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে সেখানে সবুজ ফসল করা হয়েছে। আমরা জানি যে ইলেকট্রিক সৃষ্টির উৎসবকে সফল করতে গেলে বিদ্যুৎ শক্তির উৎপাদন বাড়ান প্রয়োজন। পশ্চিমবাংলার উন্নয়নের সব চেয়ে যে বড় বাধা বড় যে প্রতিবন্ধকতা, সেটা হচ্ছে বিদ্যুৎ শক্তির উৎপাদনে স্বল্পতা। এ পশ্চিমবাংলায় কাঠামোয় একটা ভিশাচ্ সার্কল সৃষ্টি হয়েছে। অনেক বক্তা তাঁর বক্তৃতায় বলেছেন যে ১০ কোটি টাকা খরচ হয়েছে সেটা সদ্ব্যাহার করেছেন কিনা, আমার মনে

হয় তাঁদের স্মরণ করিয়ে দেওয়া ঠিক হবে যে ১৯৫৬ সাল থেকে পশ্চিমবাংলায় এই সরকার ক্ষমতায় কায়েম হবার পূর্বে কোন ইলেকট্রিসিটি জেনারেশন হয়নি। আমরা জানি ইলেকট্রিসিটি জেনারেশন করতে গেলে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অর্থের প্রয়োজন এবং বরোয়িং ইজ দি ওনলি সোর্স অব ইনকাম। আজকে ব্যাংক ন্যাশনালাইজ হয়েছে, এল, আই, সি, ন্যাশনালাইজড্ হয়েছে, আজকে অনেক ফিনান্‌শিয়াল কর্পোরেশন গড়ে উঠেছে, কি উদ্দেশ্যে? জনসাধারণের কল্যাণমূলক খাতে যাতে অর্থের ব্যবহার ঘটতে পারে, ইলেকট্রিসিটি বোর্ডের মত প্রতিষ্ঠানের উপযুক্ত শক্তি উৎপাদনের নিমিত্ত অর্থকে বিনিয়োগ করতে পারে, তারজন্য সেই সুযোগ গ্রহণ করতে হবে। সেজন্য স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বরোয়িং ক্যাপাসিটি বাড়াবার যে প্রস্তাব এসেছে, আমি তাকে বিশেষভাবে সমর্থন জানাই। সমর্থন করি এই কারণে পঞ্চম পরিকল্পনায় আমরা দেখি পাওয়ার এক্সপেন্ডিচার এই খাতে ৩০৩ কোটি টাকা, গভর্ণমেন্ট প্ল্যান মানি ৭০ কোটি টাকা, মোট যদি পঞ্চম পরিকল্পনার কর্মসূচীর সমস্ত কার্য্যকলাপ এবং প্রোগ্রামকে বাস্তবে রূপায়িত করতে হয়, তাহলে আমাদের বরোয়িং-এর প্রয়োজন আছে ২৪৩ কোটি টাকা। ফিফ্‌থ প্ল্যানে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য হচ্ছে ১৯৫০ মেগাওয়াট, বর্ত্তমানে আমরা উৎপাদন করতে পারছি ৫৫০ মেগাওয়াট, আমাদের লক্ষ্যে পৌছাতে গেলে আমি আরও মনে করি যে ১০০ কোটি টাকা পর্য্যন্ত বাড়ালেই হবে না, আরও বেশী বাড়ান দরকার। পরিকল্পনার সমস্ত কাজ বাস্তবে রূপায়িত করতে গেলে, ইলেকট্রিসিটি উৎপাদনের লক্ষ্য হচ্ছে ১৯৫০ মেগাওয়াট এবং সেটা পর্য্যন্ত উৎপাদন বাড়াতে গেলে কেবল ১০০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ না রেখে, আমি বিদ্যুৎ মন্ত্রীকে বলব যে ভবিষ্যতে উৎপাদনের স্বার্থে, ভবিষ্যতে অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে ভবিষ্যতে সমস্ত কর্মসূচী বাস্তবে সাফল্যমন্ডিত করতে প্রয়োজনবোধে এই লিমিটের পরিমাণ আরও বেশী বাড়িয়ে বিধানসভায় প্রস্তাব আনবেন এবং সেই প্রস্তাবকে আমরা নিশ্চয়ই স্বাগত এবং সমর্থন জানাব। অনেকে এটা মনে করেন এই এক্সপেন্ডিচার ওয়েস্টেজ কিনা, এটা আমি মনে করি প্রোডাক্‌টিভ, যার ফলে ইনফ্লেশনারী গ্যাপ কমবে। ব্যালেন্সড ডেভেলপমেন্টের জন্য মন্ত্রিমহাশয় গ্রামাঞ্চলে ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স সৃষ্টি করার পরিকল্পনা দিয়েছেন, এটা বিশেষ অভিনন্দনযোগ্য। আজকে গ্রামাঞ্চলে ইলেকট্রিসিটি হচ্ছে, অনেকে বলছেন কিছুই হচ্ছে না। কিন্তু আবদুল বারি সাহেব স্ট্যাটিসটিক্স দিয়েছেন, আমি শুধু বলতে চাই ১৯৪৭ সাল থেকে ১৯৭২ সাল পাওয়ার জেনারেশন ইনসটল্ড ক্যাপাসিটি হয়েছিল ৪১২ মেগাওয়াট, ১৯৭২-৭৪ সালে পাওয়ার জেনারেশন ইনসটল্ড ক্যাপাসিটি হয়েছে ১৩৫ মেগাওয়াট। এটা কিন্তু আমাদের প্রত্যেকের মনে রাখা উচিত।

এটা কিন্তু আমাদের প্রত্যেকের মনে রাখা উচিত যে সরকার বিদ্যুৎ দপ্তরকে নিয়ে তার কাজ করে জনসাধারণের কল্যাণের জন্য কতদূর অগ্রগতির পথে এগিয়ে যেতে সমর্থ হচ্ছে। আজকে যে কোন উপায়ে বিদ্যুৎ বাড়াতে হবে। আমরা গ্রামাঞ্চলের মানুষ--আমরা দেখেছি--আজকে পাম্প বসান হয়েছে, অথচ ডিজেলের দাম বাড়তে বাড়তে আজকে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গেছে। ফলে এর কসটিং ধরলে তা প্রোডাকটিভ হচ্ছে না—এবং যারা ফলে ইকোনমিক্যালি ভাইএব্যাল হচ্ছে না--ইউনিটটা এবং যার ফলে ইকোনমিক ভাইএবিলিটি না থাকার ফলে ব্যাংকও ঐ পাম্প কেনার জন্য ফাইন্যান্স করছে না। এইজন্য ডিজেলের পরিবর্তে ইলেকট্রিসিটি দিয়ে যদি পাম্প পরিচালনা করা হয়, তাহলে ইউনিটগুলি ও ইকোনমিক্যালি ভাইএবেল হবে এবং ইউনিটগুলি ইকোনমিক্যালি ভাএবেল হলে তার ব্যাংকের মারফৎ ফ্যাইন্যান্স-এর স্কোপগুলি গ্রহণ করে গ্রামাঞ্চলের সমস্ত মানুষের অর্থনৈতিক উন্নয়নের পথে এগিয়ে যাওয়া সম্ভব হবে। আমি মনে করি আজকের এমপ্লয়মেন্ট-এর অপারচুনিটি বৃদ্ধির জন্য বিদ্যুৎ জেনারেশান-এর সুযোগ বৃদ্ধি করা দরকার। তবে এটা বলা দরকার যে নানান ত্রুটির ফলে সরকার-বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য পূরণ করতে পারছেন না। যেমন সাঁওতালডি প্রোজেক্ট-এর যেখানে উৎপাদনের লক্ষ্য ছিল ১২০ মেগাওয়াট, কিন্তু সেখানে উৎপাদন হচ্ছে মাত্র ৪০ মেগাওয়াট। আমরা সেখানে অনুসন্ধান করে দেখেছি সেখানে ডিফেক্টস ইন মেসিন্যারী রয়েছে, আমরা অনুসন্ধান করে দেখেছি--সেখানে স্কারসিটি অফ মেটিরিয়ালস রয়েছে। আমরা অনসন্ধান করে দেখেছি সেখানে--স্কারসিটি ইন কোল রয়েছে, আমরা অনসন্ধান

করে দেখেছি—সেখানে স্কারসিটি অফ ফুয়েল এ্যান্ড অয়েল রয়েছে। আপনার মাধ্যমে স্যার আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আমার প্রস্তাব প্রত্যেকটি প্রকল্প গ্রহণ করবার আগে তিনি যেন এই সব ফ্যাকটরগুলো বিবেচনা করে তাঁর সিদ্ধান্ত গ্রহণ করেন। তা নাহলে কেবল বসিয়ে দিলাম, কাজ কি হচ্ছে না হচ্ছে এটা যদি উপযুক্তভাবে তত্ত্বাবধান না করতে পারি, তাহলে আমাদের কোন প্রকল্প, কোন পরিকল্পনা বাস্তবে সার্থক সাফল্যমণ্ডিত হতে পারে না।

আমি এই প্রসঙ্গে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে বিশেষভাবে অভিনন্দন জানাচ্ছি--কারণ কেবল মাত্র জেনারেটার বা প্লান্ট বসান নয়, তার উৎপাদিকা শক্তি অনুযায়ী তার উৎপাদন হচ্ছে কিনা--সমস্ত অবস্থা পর্য্যবেক্ষণ করবার জন্য, সমস্ত অবস্থা সরেজমিনে তদন্ত করবার জন্য, তিনি যে একটা তদন্ত কমিশন বসাবার প্রস্তাব করেছেন, সেই তদন্ত কমিশন বসানোর প্রস্তাবকে আমি বিশেষভাবে স্বাগত ও সমর্থন জানাচ্ছি। তার সাথে সাথে আমি অনুরোধ করছি—নিশ্চয়ই টাকা বৃদ্ধি করা হোক্। আমার প্রস্তাব কনসিসটেন্সি এ্যান্ড কোহোরেন্সি ইন প্ল্যানিং—এটা যেন দেখা হয়। আমার প্রস্তাব—ওরিয়েনটেশান অফ দি এ্যাডমিনিস্ট্রেটিভ মেসিন্যারি অফ দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড—এটা যেন করা হয়।

আপনি ক্যাপাসিটি অনুযায়ী প্রকল্প গ্রহণ করুন। তা নাহলে ওয়েস্টেজ হবে। এর সাথে সাথে উৎপাদিকা শক্তি অনুযায়ী উৎপাদন বাড়ছে কিনা—এটা দেখার জন্য যেমন আপনি একটা তদন্ত কমিশন বসানোর ব্যবস্থা করেছেন। ঠিক তেমনিভাবে আজকের এই অর্থনৈতিক চরম সঙ্কটের দিনে স্বল্প উৎপাদিত শক্তির সম্পূর্ণ সদ্ব্যবহার হচ্ছে কিনা—সেটাও দেখা দরকার। এই তো কারখানা চলছে, গ্রামের পাম্প চলছে না, ফেকটারি বন্ধ হয়ে গেছে। অথচ এখান থেকে বেরিয়ে শেক্সপিয়ার সরনী দিয়ে যখন যাই, তখন দেখি এয়ার কন্ডিশোনেড মার্কেটে কত বিপুল পরিমাণ বিদ্যুৎ অপচয় করা হচ্ছে! এটাও কিন্তু ভাবতে হবে। তাই শুধু উৎপাদিত শক্তির উপর লক্ষ্য রাখলে চলবে না, সেই উৎপাদিত শক্তির যেন সম্পূর্ণ সদ্ব্যবহার ঘটে। সেই সম্পর্কে একটা মেশিনারী, সেই সম্পর্কে একটা কমিটি, সেই সম্পর্কে গঠিত কমিটিকে স্টেটুট্যারি পাওয়ার দিয়ে সম্পূর্ণ তত্ত্বাবিধানের দায়িত্ব সরকারের দেওয়া উচিত। খালি উৎপাদন করলেই হবে না; সেই উৎপাদনের সদ্ব্যবহার প্রয়োজন; তবেই অর্থনৈতিক প্রগতি, অগ্রগতির ও উন্নয়ন সম্ভব হবে।

আমি প্রস্তাবটাকে স্বাগত ও সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Shri Monoranjan Pramanik :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়, যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের টাকা ধার করবার যে আইন সেই আইন হচ্ছে ১৯৪৮ সালের আইন। ১৯৪৮ সাল থেকে আজ পর্য্যন্ত সমাজের অনেক পরিবর্তন হয়েছে এবং বিদ্যুতের চাহিদাও অনেক ক্ষেত্রে অনেক বেশী বেড়ে গেছে। তাছাড়া ১৯৪৮ সালের আইনের সম্পূর্ণ পরিবর্তনের দরকার আছে বলে আমি মনে করি। তাই আমি এই ১০০ কোটি ধার প্রস্তাব সমর্থন করছি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর বক্তৃতার মধ্যে শুনতে পেলাম লিগ্যাল রিমেমব্রানসার এবং এ্যাডভোকেট-জেনারেল তাঁরাও এই প্রস্তাবের পক্ষে অভিমত প্রকাশ করেছেন। তাহলে এর মধ্যে কতকগুলি যুক্তি নিশ্চয়ই আছে। সেই যুক্তি আমি আপনার মাধ্যমে এখানে উপস্থাপিত করছি।

আমরা দেখতে পাই যে—সরকার এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে কোন টাকা দেন না। বোর্ডকে টাকা লোন নিয়ে কাজ করতে হয়। বোর্ড বাজার, এল,আই,সি, স্টেট রুরাল ইলেকট্রিফিকেশান সেনটার—এই সবের মাধ্যমে টাকা ধার করেন এবং সেই টাকার মাধ্যমে সব কাজ তাঁরা করে থাকেন। আমরা প্ল্যানের মধ্যে দেখেছি—যে প্ল্যান বাজেট আমাদের কাছে উপস্থাপিত করা হয়েছে। সেই ফিফ্‌থ প্ল্যান-এর মধ্যে ৩৩০০ কোটি টাকা এই বিদ্যুৎ খাতে ব্যয় হবে বলে ধরা হয়েছে।

[6-10—6-20 p.m.]

৩০৩ কোটী টাকা এই বিদ্যুৎ খাতে ব্যয় হবে এটা ধরা হয়েছে। তার মধ্যে স্টেট গভর্ণমেন্ট এবং সেন্ট্রাল গভর্ণমেন্ট এই ৩০৩ কোটী টাকার মধ্যে মাত্র ৬০ কোটী টাকা স্টেট গভর্ণমেন্ট এবং সেন্ট্রাল গভর্ণমেন্ট দিচ্ছে। তাহলে ফিফ্‌থ প্ল্যান-এর লক্ষ্য যদি এই হয় তাহলে বাকি টাকা যে কোথা থেকে আসবে তা স্টেট গভর্ণমেন্ট এবং সেন্ট্রাল গভর্ণমেন্ট বলে দেন নি, যার জন্য এই ১০০ কোটী টাকা ধার করবার দরকার, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে এই টাকা দেবার প্রয়োজন আছে বলে আমরা মনে করি। তাই আমি বলি এরূপ একটা বিল পূর্বেই আনা উচিত ছিল। আজকে পশ্চিমবাংলায় বিদ্যুতের অভাব, বিদ্যুতের অভাবে মানুষ জর্জরিত। বিভিন্নভাবে আজ উৎপাদন ব্যাহত হচ্ছে। সেই কারণে এরূপ একটা বিল আরো পূর্বে আনা প্রয়োজন ছিল বলে আমরা মনে করি। আমরা যদি উৎপাদন বাড়াতে না পারি তাহলে আমরা কষ্টের লাঘব করতে পারবো না। তাই রেজলিউসান-এর মাধ্যমে যে প্রস্তাব এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমি বলবো যে সচ এবং বিদ্যুৎ আমাদের বিশেষ প্রয়োজন। এরূপ বিল আগে এনে তার মাধ্যমে আমরা টাকা তুলতে পারতাম। এরূপ বিল এনে টাকা যাতে তুলতে পারা যায় সে অধিকার বিধিবদ্ধভাবে দেওয়া প্রয়োজন ছিল। এই প্রস্তাব তাই আমি সমর্থন করছি। আজকের দিনে যে লোড শেডিং হচ্ছে আমাদের সব বাড়ীতে মা-বোনেরা রান্না করতে পাচ্ছে না আলোর অভাবে, পড়া করতে যাচ্ছে অমনি আলো নিভে যাচ্ছে, কেবলই লোড শেডিং হচ্ছে। তাই বলি কেবল লোড শেডিং বলে চিৎকার করলেই হবে না। এই লোড শেডিং-কে কউ সমর্থন করে না। কিন্তু যদি আমরা বিশ্লেষণ করি কেন হচ্ছে তাহলে পরিষ্কার দেখতে পাবো যে, যে সমস্ত জেনারেটর ছিল সেই জেনারেটরগুলি ১৯৬৬ সালে স্থাপন করা হয়েছিল। আজও সেই জেনারেটর দিয়েই কাজ চালানো হচ্ছে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে বিদ্যুতের চাহিদা অনেক বেড়ে গেছে। সেখানে নিশ্চয়ই এটা বাড়ান আগে উচিত ছিল, ও জেনারেটর ও ট্রান্সফরমার বাড়ান উচিত ছিল। আমি আরো বলছি যে, গত কয়েকদিন আগে বিদ্যুৎ মন্ত্রীর কাছ থেকে আমরা একটা বই পেয়েছি ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর। সুন্দর বই—পারফরমেন্স এ্যান্ড প্রমিস ইন দি ফিফ্‌থ প্ল্যান—এ সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। সুন্দর ছবি, নক্সা গেট-আপ ইত্যাদি সব চমৎকার দেখতে পেলাম। সত্যি যদি একে বাস্তবে রূপ দিতে হয়, যে কথা বলা হয়েছে যে বিদ্যুতের অভাবে আমরা সবুজ বিপ্লবের কথা, যা মুখে বলে থাকি তা আমরা করতে পারছি না। বিদ্যুৎ যদি করতে না পারি তাহলে আমরা সবুজ বিপ্লব করতে পারবো না। সবুজ বিপ্লব যদি করতে হয় তাহলে বিদ্যুৎ শক্তিকে গ্রামে ভিতরে পৌঁছে দিতে হবে। বিদ্যুৎকে সেচের মাধ্যমে বা আমাদের সুপার থারমাল পাওয়ার প্ল্যান্ট করার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মাঠের মধ্যে দেখি যে সুন্দর ঘর, সেই ঘরের মধ্যে ডিপ টিউবওয়েল বসানো হয়েছে। কিন্তু সেই ডিপ-টিউবওয়েল থেকে জল পাওয়া যায় না। ট্রান্সফরমার সব চুরি হয়ে গেছে। বাংলায় একটা কথা প্রচলিত আছে, "থাকতে গরু না দেয় হাল, তার দুঃখ চিরকাল"। ঠিক এইরূপভাবে সরকার ডিপ-টিউবওয়েল করছেন, সেখানে মাহিনা করা লোক আছে, নাইট গার্ড আছে, সব কিছু আছে কিন্তু জমিতে জল দেওয়া হয় না। কারণ ট্রান্সফরমার চুরি হয়ে গেছে। তাই এই ট্রান্সফরমার যাতে চুরি না হয় তারজন্য ব্যবস্থা করার প্রয়োজন আছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমরা দেশের মধ্যে দেখতে পাচ্ছি যে বেকার সমস্যা ভয়ানকভাবে দেখা দিয়েছে। এই বেকার সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে শুধুমাত্র হোয়াইট কালার জব দিয়ে চাকরি দিয়ে বেকার সমস্যার সমাধান করা যাবে না। এরজন্য প্রয়োজন প্রোডাকশান বাড়ানো, এই প্রোডাকশান কৃষিক্ষেত্রে হোক আর শিল্পক্ষেত্রে হোক আমি বলবো যে গ্রামে বিদ্যুতের প্রসার হওয়া প্রয়োজন। আমি বলছি না যে গ্রামে বড় বড় বাড়ীতে আলো ঝোলাবার জন্য বিদ্যুতের প্রয়োজন বা সুন্দর বিদ্যুতের আলোর জন্য বিদ্যুৎ পাওয়ার প্রয়োজন আছে। আমি বলবো সেখানে প্রোডাকশান যদি আমরা বাড়াতে পারি তাহলে আমরা সমস্যার সমাধান করতে পারবো। কৃষিক্ষেত্রে সেচের মাধ্যমে আমাদের প্রোডাকশান বাড়াবার চেষ্টা করতে হবে। এই কথা বলে এই যে রেজলিউশান এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-Deroze : Mr. Deputy Speaker, Sir, in extending my support to this resolution of the Hon'ble Shri Khan Chaudhury I wish to make it clear that I do so with the utmost reservation. Sir, I think it is public knowledge that in the last two years the only thing that has really increased under the State Electricity Board is the size of its ineffective clerical establishment. Sir, we would all be happy to give the State Electricity Board power to borrow not merely one hundred crores but two hundred crores if we could be sure that the money will be converted into electricity. According to the official Labour Department publication " Labour in West Bengal, 1973 ", out of 6,45,324 persons unemployed due to lay-offs in industrial establishments, 5,53,799 persons, that is to say, 85·82 per cent. have been laid off due to failure of power supply. Sir, one of my friends in the House said that this Department has given employment to ten thousand people, but, Sir, on the other hand, it has created unemployment for 5½ lakhs of people. Sir, I leave it to you to judge the quality of economic thinking which has led to such a result. Sir, the record of the Hon'ble Minister and his bureaucrats and technocrats cannot be described as glorious. Sir, school children cannot do their lessons; doctors cannot see their patients; judges and lawyers cannot do their home work; learned societies cannot function; hotels cannot feed their clientele; industry is coming to a grinding half. Sir, it may be that the Hon'ble Minister and those working under him have a deep and sincerest sense of the urgency and the gravity of the situation. It may be, Sir, that the Hon'ble Minister, his bureaucrats and technocrats are all working day and night on war footing—it may be so, Sir,—but I must say with regret that if there are any visible causes of this increased chaos, they are not visible to the common man in the street or the common citizen. Therefore, I repeat that I support this resolution but with the deepest reservation.

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে রেজুলেসান নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে আমরা বিগত দিনের ইতিহাস দেখেছি। বিগত দিনে আমাদের গ্রামাঞ্চলে বিদ্যুতের কি অবস্থা ছিল এবং বর্তমানে কি অবস্থায় এসেছে আমরা সেটা ভালভাবে উপলব্ধি করেছি। হয়তো আমাদের যেটা প্রয়োজন সেটা আমরা পাচ্ছি না। কিন্তু যেটুকু আমরা এতদিনেও পাইনি তার কিয়দংশ পেয়েছি সেটা স্বীকার করতে হবে। এটা যদি আজকে আমরা স্বীকার না করি তাহলে আমরা বিবেকের কাছে হার স্বীকার করবো।

[6-20—6-30 p.m.]

আমরা সেই সত্য জিনিসটি যদি ঠিকমত তুলে ধরতে না পারি তাহলে এই বিধানসভায় আমাদের আসা উচিত নয়। আজকে প্রত্যেকে বুকে হাত দিয়ে বলুন যে আমাদের বিদ্যুৎ-মন্ত্রী বা বর্তমান মন্ত্রীসভার প্রচেষ্টায় কাজ ত্বরান্বিত হচ্ছে কিনা। হয়তো অনেক বাধা আছে, হয়তো সেই বাধা অতিক্রম করতে সময় লাগছে। যেটা হয়তো আরও তাড়াতাড়ি করা যায় পারিপার্শ্বিক অবস্থার মধ্যে পড়ে হচ্ছে না। আমরা তো দেখেছি যে গত ২৫ বছরে কি হয়েছে? মাত্র ১২২টি গ্রামে বৈদ্যুতিকীকরণ করা হয়েছে। কিন্তু বর্তমানে আমরা দেখতে পাচ্ছি ৮৮৭১টি গ্রামে বিদ্যুৎ চলে গেছে। আমাদের মাননীয় সদস্য কি ধারণা নিয়ে বললেন জানি না যে বিদ্যুতের তার গেছে—কিন্তু সেখানে ধোপাদের কাপড় শুকাতে দেওয়া হয়। আপনারা নিশ্চয় জানেন যে বিদ্যুতের তার থাকে ২২ থেকে ২৫ ফুট উপরে। সেখানে ধোপারা কি করে কাপড় শুকাতে দেবে? কয়লা অঞ্চলে যে উপরের তারের সাহায্যে ট্রলি চালানো হয় হয়তো বলবেন সেখানেও কাপড় শুকাতে দেওয়া হয়। এই সমস্ত অবাস্তব কথা বলে কোন লাভ নেই। আজকে মাননীয় সদস্যদের ভাবতে হবে যে কোন জিনিস এই পবিত্র বিধানসভায় পরিবেশন করছেন—সে যাই হোক। এই রকম জিনিস অন্তত এই পবিত্র বিধানসভায় পরিবেশন করা উচিত নয়। আজকে আমাদের

সরকারের যে চেষ্টা সেটা স্বীকার করতে আমাদের কি দোষ? আজকে আমাদের সরকার যে নিরলস চেষ্টা করে চলেছেন সেটার নিশ্চয় দাম দিতে হবে। আমরা দেখেছি এই মন্ত্রীসভার তরফ থেকে ৪৩৬৭টি অগভীর নলকূপ কাটা হয়েছে, ৪৩৬৭টি গভীর নলকূপ, ১৬৫৭টি রিভার লিফ্‌ট ইরিগেসন-এর ব্যবস্থা করা হয়েছে। আজকে বিরোধী পক্ষ থেকে যে হরিজনদের কথা বলা দুবেলা ধরে আমরা সেই ২৩৬টি হরিজন বস্তীতে বিদ্যুৎ নিয়ে যেতে পেরেছি। যেসব স্বাস্থ্য কেন্দ্রে যেগুলি এক কিলো মিটার দূরে অবস্থিত যেখানে অন্ধকারে লোকের ভালভাবে চিকিৎসা হোত না সেখানে বিদ্যুতের আলো পৌঁছে দিতে পেরেছি। এগুলি স্বীকার করতে আমাদের কোন দোষ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও হয়তো যেগুলি পাঁচ কিলো মিটার দূরে অবস্থিত সেগুলিতে নিশ্চয় আমরা চেষ্টা করবো বিদ্যুৎ পৌঁছে দিতে—যেসব বাধা আছে সেগুলি অতিক্রম করে। আজকে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৬-৬৭ সালে ২১৫ মেগাওয়াট বিদ্যুৎ দিতে সক্ষম হয়েছে, ১৯৬৯-৭০ সালে ৩০০ মেগাওয়াট আর এই ১৯৭৩-৭৪ সালে ৩৫৬ মেগাওয়াট বিদ্যুৎ আমাদের এই সরকার দিতে পেরেছে। এগুলি আমাদের দেশ থেকে যেমন ব্যান্ডেল, গৌরীপুর, জলঢাকা থেকে উৎপাদন করা হচ্ছে। আজকে সাঁউতালদিতে আমাদের দেশের নাগরিকরা আমাদের দেশের টেকনোক্রাটস্‌রা শিক্ষা দিয়ে দেশের মধ্যে একটা নূতন জিনিস তৈরী করেছে। হয়তো অনেক সেখানে ভুলত্রুটি আছে, আমাদের সেগুলি সংশোধন করতে হবে। আজকে শিক্ষা পদ্ধতির ভুলত্রুটির জন্য এই অবস্থা হয়েছে। নিশ্চয় আমাদের সেগুলি পরিবর্তন করতে হবে। আজকে মন্ত্রীসভাকে দোষ দিয়ে কোন লাভ নেই, মন্ত্রীসভাকে অপদার্থ বলে কোন লাভ নেই।

আজকে সেই চেষ্টা আমাদের দেখতে হবে। তাই তার এই চেষ্টাকে আমি সাপোর্ট করি, অভিনন্দন জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শেষ পৃষ্ঠায় আপনি দেখেছেন, গত সেসানে আমি এই বিধানসভায় প্রশ্ন করেছিলাম, আবার এবারে সেটার উল্লেখ করছি জোয়ার ভাটা থেকে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা এই সরকার খতিয়ে দেখছেন। এটা একটা নতুন জিনিস। তখন মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় বলেছিলেন এই ব্যাপার নিয়ে অনুসন্ধান করবার জন্য বাহিরে থেকে একদল বিশেষজ্ঞ এসেছেন। এটা নিয়ে তারা খতিয়ে দেখছেন কিভাবে ইন্ট্রোডিউস করা যায়। আজকে হয়তো নানারকম অসুবিধা দেখা দিয়েছে এরপরে কংসাবতী সম্পর্কে কিছু বলা দরকার। কেন না, এই কংসাবতী নদী আমাদের বাঁকুড়া জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে এবং মেদিনীপুরের মধ্য দিয়েও প্রবাহিত। এই নদী মেদিনীপুর, বাঁকুড়ায় অনেক আশা জুগিয়েছে। সেই আশা নিভে যায়নি, পুনরায় জাগরিত হয়েছে সেজন্য আজকে প্রশংসা করতেই হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎমন্ত্রী নতুনভাবে চিন্তা করছেন। দামোদর থেকে রিভার লিফ্‌ট ইরিগেসনের মাধ্যমে জল তুলে কাজে লাগাবার চেষ্টা হচ্ছে, কোলাঘাটে বিদ্যুৎ উৎপাদনের চেষ্টা, ফরাক্কায় বিদ্যুৎ উৎপাদনের চেষ্টা, বিভিন্নভাবে এই সব যে চেষ্টা করছেন তারজন্য নিশ্চয় তাকে অভিনন্দন জানাতেই হবে। এই কথা বলে আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীকে আর একবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্‌॥

[6-30—6-40 p.m.]

Shri Bhawani Paul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের টাকা ধার করবার জন্য যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করি। সমর্থন করি এইজন্য আজকে যদি এমপ্লয়-মেন্ট পোটেনসিয়্যালিটিজ বাড়াতে হয়, উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে বিদ্যুতের প্রয়োজন রয়েছে। কলকাতা এবং ইন্ডাস্ট্রিয়াল বেল্টে লোড সেডিং হবার জন্য আন-এমপ্লয়মেন্টের সংখ্যা যেমন বেড়েছে তেমনি উৎপাদনও ব্যাহত হচ্ছে। আজকে সেই জন্য প্রয়োজন গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স ছড়িয়ে দেওয়া—বিভিন্ন জেলায় জেলায় ইন্ডাস্ট্রিয়্যাল কমপ্লেক্স ছড়িয়ে দিয়ে ছোট ছোট ট্রান্সমিশন সেন্টার বসিয়ে যদি উৎপাদনে হাত দিতে পারি তাহলে একটা সেন্ট্রালাইজ্‌ড প্লেস থেকে বিদ্যুতের যে অসুবিধাগুলি হচ্ছে

সেই অসুবিধাগুলির হাত থেকে বাঁচতে পারি। আমি উত্তরবঙ্গ থেকে এসেছি। উত্তরবাংলায় একমাত্র বিদ্যুৎ উৎপাদনের কেন্দ্র হচ্ছে জলঢাকা হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্ট। ১৯৬৭ সাল পর্যন্ত আমরা আশা করেছিলাম এই জলঢাকা প্রোজেক্টের মাধ্যমে উত্তরবাংলার চা-বাগানগুলিতে নতুন করে ইঞ্জিন বসবে, সেখানে আর কয়লার ইঞ্জিন চলবে না। কর্ম সংস্থান বাড়বে, ছোট ছোট ইন্ডাষ্ট্রি গড়ে উঠবে। চা বাগানের উপর ছোট ছোট বেস ইন্ডাষ্ট্রি গড়ে উঠবার যে সম্ভাবনা ছিল সেগুলি কার্যকরী হবে। কিন্তু দুঃখের বিষয় জলঢাকা প্রোজেক্ট তৈরী হবার পরে যে রেটে বিদ্যুৎ উৎপাদন হবার কথা ছিল সেই রেটে উৎপাদন হয়নি। আজকে সি,পি,আই সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী বলেছেন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং ডিপার্টমেন্টের যেভাবে কাজ কর্ম হচ্ছে তাদের সহযোগিতার উপর নির্ভর করছে। আমি বহু জায়গায় দেখেছি কর্মীদের অসহযোগিতা এবং অনমনীয় মনোভাবের জন্য অনেক সময় জলঢাকা হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্টের কাজ ভাল ভাবে করা সম্ভব হয় নি। ১৯৬৭ সালে এর একটা চরম অবস্থা গেছে। সেখান থেকে বিদ্যুৎ উৎপাদন হয় নি। যে সমস্ত চা বাগানগুলিতে কয়লা, ডিজেল ইঞ্জিন বন্ধ করে দিয়ে ইলেকট্রিফাই করার কথা ছিল সেই সব চা বাগানগুলির কেউ কেউ ফ্যাক্‌ট্রি বন্ধ করে দেয়, ২।৩টি চা বাগানের ফ্যাক্‌ট্রি ওয়ার্কার কাজ বন্ধ করে দেয়, কয়লা না পাবার জন্য অসুবিধা হচ্ছে। ছোট ছোট ট্রান্সমিশন সেন্টারের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সাধারণ কর্মীদের অনমনীয় মনোভাবের জন্য তাদের অগ্রগতি ব্যাহত হচ্ছে, এদিকে আমাদের নজর দিতে হবে। আমরা যারা ট্রেড ইউনিয়ন অর্গানাইজেসন করি আমরা জানি ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কর্মচারীদের বেশী মাহিনা দেওয়া সত্বেও তারা মাঝে মাঝে এমন ধরণের ব্যবহার করেন যার ফলে বিদ্যুৎ উৎপাদনের কাজ ব্যাহত হয়, জনসাধারণের প্রচুর ক্ষতি হচ্ছে। এই জলঢাকা হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্টের কাজ কর্ম যদি ঠিক-ভাবে হত তাহলে এর কার্যকরী শক্তি আরো বেড়ে যেত। এটা না হবার জন্য কি হয়েছে? দার্জিলিং, কুচবিহার, জলপাইগুড়ি ইত্যাদি বিভিন্ন জায়গায় ইলেকট্রিসিটি পৌছে দিতে পারলে পাম্প চলত, ছোট ছোট ইন্ডাষ্ট্রি গড়ে উঠতে পারত, সেগুলি আজকে গড়ে উঠতে পারেনি বিদ্যুতের অভাবে।

আজকে উত্তরবাংলায় সম্পদ থাকা সত্বেও, যোগাযোগ ব্যবস্থা পরিপূর্ণভাবে বিকাশ লাভ করা সত্বেও সেখানে নুতন নুতন ইন্ডাষ্ট্রি গড়ে উঠছে না। ইন্টারপ্রিনার যিনি বলছেন যে বিদ্যুৎ নেই, জলঢাকা হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্ট যে আশার আলো বহন করে এনেছিল, সেটা একদম ১৯৪৭ সাল থেকে ১৯৭০ সাল পর্য্যন্ত একটা অন্ধকারের যুগ চলেছিল—১৯৬৯ সালের পর থেকে ১৯৭৩-৭৪ সালের অবস্থার অনেক উন্নতি হয়েছে, আমি আশা করি ভবিষ্যতে আরো উন্নতি হবে। হাইড্রো-ইলেকট্রিক প্রোজেক্ট কাশিয়াং, দার্জিলিং-এ রমাম প্রোজেক্টে যে হাত দেওয়া হয়েছে, আমি অনুরোধ করবো সেই কাজ যাতে আরও ত্বরান্বিত হয়, আজকে গ্রামগুলোতে শুধু জলসেচ করার জন্য, বিদ্যুৎ ব্যবস্থা করলে চলবে না, সঙ্গে সঙ্গে যদি ইন্ডাষ্ট্রি না করতে পারি তাহলে যে সমস্ত কামার কাজ করতো, সমস্ত তাঁতী তাঁত বুনতো, আজকে যদি আমরা ইলেকট্রিফায়েড না করতে পারি ছোট ছোট ইন্ডাষ্ট্রির মাধ্যমে তাদের কাজের সুযোগ না করে দিতে পারি, শুধু চাষের উপর নির্ভর করে গ্রামীণ অর্থনীতি গড়ে উঠতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি তাই বলবো ১০০ কোটি কেন, যদি ৩০০।৪০০ কোটি টাকার প্রয়োজন হয়, সেই টাকা ইনভেসমেন্টে রিটার্ন আসবে, উৎপাদনমুখী ইনভেস্টমেন্ট যেটা হবে, তার জন টাকা আরও বাড়ান। আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়ের কাছে যে আমাদের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কার্য্যকলাপের উপর তীব্র নজর রাখুন, অপচয় যেন না হয়, কর্মীরা কোন রকম ভাবে প্রয়োজনীয় জিনিসের উপর গাফিলতি করে অনমনীয় মনোভাব দেখিয়ে যেন কাজের ক্ষতি না করতে পারে।

Shri Bhupal Chandra Panda :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এই যে অতিরিক্ত ঋণ সংগ্রহ সুবিধার্থে মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন, সেই রেজলিউশন সম্পর্কিত বিষয়ে

বলতে গিয়ে আমি অন্যান্য বিষয়ে বেশী যাবো না। আমাদের গ্রামাঞ্চলের অবস্থা কি দাঁড়াচ্ছে, সেই সম্পর্কে মাননীয় মন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রি মহাশয় এই কথা বলেছেন যে এর প্রধান লক্ষ্য হবে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন এর মাধ্যমে সেচের উন্নতির উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া। অর্থাৎ সেচের মাধ্যমে আমাদের উৎপাদন বৃদ্ধির দিকে প্রধানতঃ লক্ষ্য থাকবে। কিন্তু খুব দুঃখের কথা যে এই পর্য্যন্ত যেভাবে বন্টন ব্যবস্থা দেখছি তাতে কিছুটা হতাশা অনুভব করছি। যেমন ১৯৭১-৭২-এর মধ্যে যদি কমপেয়ার করি তাহলে দেখবো যে বিদ্যুৎ যা উৎপাদন হয়েছে সেখানে ইন্ডাষ্ট্রিয়্যাল এবং কমার্শিয়্যাল পাওয়ার কনজাম্পশনের দিকে তারা বাড়িয়েছে, পাবলিক ওয়াটার সাপ্লাই -এর দিক থেকে কিছু বেড়েছে কিন্তু রেসিডেন্সিয়্যাল কনজাম্পশন বা পাবলিক লাইটিং এবং বিশেষ করে ইরিগেশন সেদিকে পাওয়ারের পরিমাণ কমানো হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে লক্ষ্য করতে বলছি যে এটা কিভাবে কমলো? এবং কি কারণে এটা কমানো হয়েছে? অথচ এই কথা প্রকাশ্যে ঘোষণা করছেন মন্ত্রীসভার পলিশি হিসাবে এবং মিনিষ্টার নিজেই বলেছেন এখানে দাঁড়িয়ে যে ইরিগেশনকে বাড়ানোর দিকে গুরুত্ব দেবার জন্য এই ব্যবস্থা। তাহলে ১৯৭০-৭১ সালে যেখানে ইরিগেশন ২১-১ মিলিয়ন কিলো ওয়াট ছিল, সেটা ১৯৭১-৭২ সালে কমিয়ে ১৯-৯ হয়েছে। আবার এদিকে দেখা গেল--এবারের অবস্থা আমরা বুঝি না, সেখানে কোন অবস্থা দাঁড়ালো। তার মানে টোটাল ইরিগেশনের দিকে দেখছি ফোর পারসেন্ট ইরিগেশন পারপাসে তারা লাগাচ্ছেন, এই যদি অবস্থা দাঁড়ায় তাহলে বক্তব্যের সঙ্গে কার্য্য-ক্ষেত্রে একটা বিরাট গরমিল দেখা যায়।

যাই হোক আমি অন্যান্য বিষয়ে বলতে চাই না। এখানে অনেক মাননীয় সদস্য একথা বলেছেন যে অনেক বেশী গ্রামে বিদ্যুৎ ক্রমাগতভাবে প্রসারমান এবং হিসাবের অংকে দেখা যাচ্ছে যে প্রায় ৮ হাজার ৮ শত ৭১টি গ্রামে বিদ্যুৎ অলরেডি পৌঁছে দেওয়া হয়েছে। বিদ্যুতিকৃত এই সংখ্যার মধ্যে আমি অন্যান্য জেলার কথা বলতে পারি না, তবে আমার জেলার বিষয় আমার যে অভিজ্ঞতা আছে সেই সম্পর্কে আমি বলছি। আমার জেলায় গ্রামের সংখ্যা হচ্ছে ১০ হাজার ৬ শত ১৮। এই গ্রামের মধ্যে ১ হাজার ২ শত ৫৫টি গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে হিসাবের অংকে এবং সেখানে যেটা সেচের পারপাজে নিযুক্ত হয়েছে তার হিসাবের অংক যদি দেখি তাহলে দেখা যাবে যে সেখানে অগভীর নলকূপ ২৮৩টি এবং গভীর নলকূপ হচ্ছে ১৪৫টি এবং রিভার লিফ্ট ৩০টি এবং এগুলি থেকে সেচের দিকে সরবরাহ হয়। কিন্তু একটা বড় প্রশ্ন হচ্ছে যে সেচের দিকে যদি কন্ক্রিটলি দেখি, তুলনামূলকভাবে তাহলে দেখবো যে গ্রামে বিদ্যুৎ সঞ্চারণের দিক থেকে যে হিসাব, সেচের প্রত্যক্ষভাবে নিযুক্ত যে বিদ্যুৎ তার পরিমাণ সেদিক থেকে যথেষ্ট কম। দ্বিতীয় আর একটা কথা হচ্ছে, এই যে রুরাল ইলেকট্রিফিকেশানের হিসাব দেওয়া হয়েছে, আমার নিজের অভিজ্ঞতা যা আছে এবং এখানে অনেক মাননীয় সদস্য রয়েছেন তারাও একথা জানেন যে এর অনেক গ্রামে বিদ্যুৎ যাবে এই কথাটি পেঁাছেছে কিন্তু সেখানে এখনও মাল পৌঁছায়নি। তৃতীয়তঃ যেখানে মাল পৌঁছেছে সেখানে পোষ্টগুলি এখনও খাড়া করা হয়নি। এই রকম অনেক গ্রাম আছে। আবার যেখানে পোষ্ট খসড়া করা হয়েছে সেখানে বিদ্যুতের তার এখনও টাঙ্গানো হয়নি। বিদ্যুৎ যাবে এটা ঠিক। আমি উদাহরণ দিয়ে বলছি ভগবানপুর, নন্দীগ্রাম এই সমস্ত থানাগুলিতে দেখতে পাবেন। আবার যেখানে তার গিয়ে পেঁাছেছে সেখানে যেহেতু কন্সট্রাকশান সাইড এখনও মেইনটেনেন্সের হাতে চার্জ হ্যান্ড ওভার করা হয়নি। সুতরাং এনার্জি পাচ্ছে না। এনার্জি লেইড আউট করা হচ্ছে না এবং সেগুলি এনার্জি পাবার মত ল্যাম্প জ্বললেও এখনও ডিপ-টিউবওয়েল-এর সঙ্গে, স্যালো টিউবওয়েলের সঙ্গে পাওয়ার সঞ্চার করার ব্যবস্থা হয়নি। সেটা বাকী থাকার ফলে কি দাঁড়াচ্ছে? যেখানে তার টাঙ্গানো হয়েছে, বিদ্যুৎ যাচ্ছে সেখান থেকে দরখাস্ত করা হচ্ছে যে আমাদের পাওয়ার দেওয়া হোক। আমাদের স্যালো টিউবওয়েলের সঙ্গে বা ডিপ-টিউবওলেরে সঙ্গে সংযুক্ত করা হোক। দরখাস্ত পড়ে রয়েছে ব্যক্তিগত স্যালো টিউবওয়েলওয়ালাদের, তাদের দরখাস্ত এখন পর্যন্ত মঞ্জুরীকৃত হয়নি এবং টাকা জমা পড়েনি। ফলে পাম্প পাচ্ছে না। এর পরিণতি দাঁড়াচ্ছে, বেশীরভাগ ঐ সমস্ত স্যালো

টিউবওয়েলকে ঐ ডিজেল পাম্প-এর সাহায্যে যেটুকু জল তুলতে হয় সেটাই তারা তুলতে বাধ্য হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন যে এই পিরিয়ডে ডিজেল কাহাসস কি রকম। সুতরাং এখানে ডিজেল পাম্পের সাহায্যে ইরিগেশন চালানো যথেষ্ট ব্যয়সাধ্য এবং সেটা ক্ষতিকারক। এটাতে লাভজনক হচ্ছে না। সেই কারণে যত তাড়াতাড়ি এগুলিকে এনার্জি দেওয়া যায়, লিঙ্ক করা যায় তার ব্যবস্থার দিকে মন্ত্রিমহাশয় বিশেষ দৃষ্টি দেবেন এবং এটাতে দৃষ্টি দেওয়া দরকার। সেই সঙ্গে আর একটা কথা সেটা হচ্ছে, আমাদের সরকারী পরিকল্পনার ক্ষেত্রে গুচ্ছহারে যেসব জায়গায় স্যালো টিউবওয়েল বসান হচ্ছে সেই গুচ্ছগুলিকেই এখন এনার্জি দেওয়ার জন্য বিদ্যুৎ সঞ্চারিত হচ্ছে। কিন্তু সেই গুচ্ছহারে হবে না। যেখানে অনেক আগে থেকে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে কিম্বা যাকে বলা যায়--সরকারী ঋণের সাহায্যে, সরকারের মাধ্যমে যে ঋণগুলি নেওয়া হয়েছে তাতে যে সমস্ত টিউবওয়েল হয়েছিল সেই টিউবওয়েলগুলিতে এখন পর্যন্ত পাশের গুচ্ছগুলিতেও এনার্জি গেল না, তারা এনার্জি পাচ্ছে না। এই বিষয়ে যে অক্ষমতা আ অসমব্যবহার আছে সেটা দুরীভুত করা প্রয়োজন। আর একটা বিশেষ আবেদন মাননী মন্ত্রিমহাশয়ের কাছে যে সেচের উন্নতির জন্য আমাদের যেভাবে বর্তমানে এনার্জি সরবরা করা হচ্ছে, বা যেখানে ডেভলপমেন্টের জন্য প্ল্যানিং করা হচ্ছে, আমার মনে হয় সেটাে মস্ত বড় একটা ত্রুটি থেকে যাচ্ছে। সেই ত্রুটি কিভাবে সংশোধন করা যায় সেটা লক্ষ করা দরকার।

[6-40—6-50 p.m.]

এখন এটা কি করে সংশোধন করা যায় সেদিকে লক্ষ্য করা দরকার। আমাদে ইন্ডাস্ট্রিয়্যাল, এগ্রিকালচারাল, গ্রোথ সেন্টার হিসাবে যেগুলিকে ধরছি, সেগুলির কাছে কা এনার্জি সরবরাহের চেষ্টা করতে হবে। কারণ এই সব ইন্ডাস্ট্রিয়্যাল গ্রোথ সেন্টারগুলির দিকে লক্ষ্য রেখে আমাদের কাজ করতে হবে, কারণ এই সব জায়গায় অনে সংখ্যক মানুষ এসে বাস করবে, যেমন আমরা তুলনামূলকভাবে বলতে পারি হলদিয়া খড়গপুর ইত্যাদি জায়গার কথা এবং এসব জায়গার চারিপাশে যে কৃষি উৎপাদন, তাকে দ্রুত বাড়াবার চেষ্টা করতে হবে, তার জন্য সেচের ব্যবস্থা করতে হবে এবং তার জন্য পাশাপাশি ঐ মহীশাদল, নন্দীগ্রাম ইত্যাদি এই সব জায়গার সেচের জন্য যাতে বিদ্যুৎ যেতে পারে তার দিকে লক্ষ্য রাখতে হবে, বিশেষ করে গভীর এবং অগভীর নলকূপের দিকে দৃষ্টি দিতে হবে, সেদিকে সাধারণত দৃষ্টি দেওয়া হয় না। আজকে প্ল্যানিং-এর মাধ্যমে এই সমস্ত ব্যবস্থা একান্ত প্রয়োজন।

Shri Sachinandan Sau :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রিমহাশয় যে প্রস্তাব সভায় উত্থাপন করেছেন তাকে আমি সর্বতোভাবে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাব। এই জন্য যে আমরা দেখলাম যে যখন ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ১৯৫৫ সালে হলো এবং তারপর থেকে আমরা দেখতে পাচ্ছি যে ১ কোটি টাকার বেশী বোর্ডের ছিল না, তখন আজকে আমরা দেখছি তাকে ১০০ কোটি টাকায় বাড়াবার জন্য তিনি সময়োপযোগী প্রস্তাব এনেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি পশ্চিমবাংলা ডেফিসিট স্টেট, এই ডেফিসিট স্টেটের যে খাদ্য সমস্যা সেই সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে নিশ্চয়ই গ্রামে গ্রামে যে কৃষিজীবী মানুষ আছেন, তাদের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। আজকে চাষী যদি বোঝে যে সুইচ টিপলে আরো জল পাওয়া যায় তাহলে একটা, দুটো নয় তিনটে ফসল গ্রামের চাষী তুলতে পারে এবং আমাদের শ্রদ্ধেয়া নেত্রী ইন্দিরা গান্ধী যে গরীবী হঠাও-এর ডাক দিয়েছেন এবং আমরা যে সমাজতন্ত্রের কথা বলছি সেই সমাজতন্ত্রের বাস্তব রূপ দিতে পারব তার মধ্যে দিয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মন্ত্রিমহাশয়, সুচিন্তিতভাবে এই ১০০ কোটি টাকা যে চেয়েছেন, দাবী করেছেন, তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। কারণ গ্রামে গ্রামে ডিপ-টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, রিভার লিফ্‌ট পাম্প, এইগুলির কাজ দ্রুত চালু হবে,

এই জিনিস চালু হলে চাষী উপযুক্ত পরিমাণ ফসল ফলাতে পারবে। সেই সঙ্গে আজকে ডিজেলের যেভাবে দাম বেড়েছে সেদিক দিয়েও যদি অধিক বিদ্যুৎ গ্রামে পৌঁছে দিতে পারি তাহলে সব থেকে বেশী সুবিধা চাষীর হবে এবং চাষীর সুবিধা হলেই আমরা খাদ্য সমস্যার সমাধান করতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি পশ্চিমবাংলায় এর আগে জেনারেশন বাড়াবার কোন চেষ্টা করা হয়নি, অথচ আজকে '৭৪ সাল পর্য্যন্ত বিদ্যুতের ডিমাণ্ড বেড়েই চলেছে। আজকে এই যে ৮০০ মেগাওয়াটের কথা বলা হচ্ছে, এ কথা এর আগে কোন দিন কোন সরকার চিন্তা করতে পারেননি, আজকে এই সরকারের বিদ্যুৎমন্ত্রী চিন্তা করেছেন জেনারেটিং স্টেসন বাড়াতে হবে এবং ট্রান্সমিশন লাইন বাড়াতে হবে, রুরাল ইলেকট্রিফিকেশন বাড়াতে হবে এবং মাইনর ইরিগেশনে এনারজাইসেসন করতে হবে। এগুলি যদি আজকে করতে হয় তাহলে তাঁর যে দাবী সেই দাবীকে সমর্থন করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিন্তু আমরা দেখেছি ইন্ডাষ্ট্রিয়্যাল কমপ্লেক্সগুলি আজকে শুধু কলকাতার মধ্যে সীমাবদ্ধ হয়ে রয়েছে এবং এই কলকাতা সহরতলীর মধ্যেই সীমাবদ্ধ থাকছে, গ্রামাঞ্চলের দিকে নজর দেওয়া হয় না। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলায় কোন রকম ইন্ডাষ্ট্রিয়্যাল কমপ্লেক্স করা হয়নি এবং বীরভূম জেলায় কোন রকম ইন্ডাষ্ট্রি করার দিকে নজর দেওয়া হয়নি। তাই আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলতে চাই যে ম্যাসাঞ্জরের কাছে বীরভূম জেলায় ইন্ডাষ্ট্রিয়্যাল কমপ্লেক্স গড়ে তোলা সম্ভব।

বীরভূম জেলায় প্রাইভেট সেকটর-এ যেখানে ইন্ডাষ্ট্রি করতে যাচ্ছেন তাতে সেখানে পাওয়ার ইন্ডাষ্ট্রি, মিনি ষ্টিল ইন্ডাষ্ট্রি, সার ইন্ডাষ্ট্রি হতে পারে। আজ আপনার মাধ্যমে বলব যে ইন্ডাষ্ট্রিয়্যাল কমপ্লেক্সগুলি বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলার গ্রামাঞ্চলে ছড়িয়ে দেওয়া প্রয়োজন। আর.এস.পি সদস্য স্বীকার করেছেন যে আজ বিদ্যুতের প্রয়োজনীয়তা আছে এবং যে টাকা সরকার বাড়াতে চাইছেন তাকেও তারা মেনে নিয়েছেন। ট্রান্সফরমার যন্ত্রপাতি চুরি যাওয়ার দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন চুরি বন্ধ করেন। সর্বশেষে আমাকে বলার সুযোগ দেওয়ার আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং যে ১০০ কোটি টাকার দাবী মন্ত্রিমহাশয় রেখেছেন তাকে সমর্থন করে শেষ করছি।

Shri Abdul Bari Biswas :

স্যার, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমি এখুনি জানলাম যে সাধু সিং নামে একজন কালোবাজারী মুর্শিদাবাদ জেলার সালারে এক ওয়াগন তেল নাবিয়ে ফেলে এবং বলে যে এই তেল বহরমপুরে যাচ্ছে। সেই তেল মাটির নীচে নিয়ে গিয়ে ৪ টাকা করে বিকি করছে। এই সাধু সিংকে এখুনি এ্যারেস্ট করা দরকার এবং কাল আমাদের হাউসে জানান যে সে এ্যারেস্ট হয়েছে।

Shri Suniti Chattaraj :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই রেজলিউসান'কে সমর্থন করে এর বাস্তবকে স্বীকার করে গঠনমূলক সমালোচনা যাঁরা করেছেন তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু যাঁরা বাস্তবকে অস্বীকার করে, অতীত ইতিহাসকে অস্বীকার করে পশ্চিমবাংলার মানুষের কাছে আশার আলো দিতে পারেননি তাঁদের বলছি হতাশার কথা বলে পশ্চিমবাংলার ক্ষুধার্ত মানুষকে দিয়ে আন্দোলন করে ট্রাম বাস পোড়ান যায়। ধ্বংস করা যায়—অথচ তাতে কাজ হয় না। তাই তাঁদের কাছে অনুরোধ করব শুধু হতাশার আলো পশ্চিমবাংলার যুবক ও সাধারণ মানুষের কাছে পৌঁছে দিলে চলবে না। বরং মাঝে মাঝে আশার আলো যুবক ও সাধারণ মানুষের কাছে পৌঁছে দিন যাতে তারা আশা করতে পারে যে পশ্চিমবাংলার সুদিন আসছে। ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পর্য্যন্ত পশ্চিমবাংলার মানুষের প্রতি খ্যাপা কুকুরের মত, পশুর মত আচরণ করে তাদের পশুতে পরিণত করা হয়েছিল। তারা কোন আশার আলো দেখাতে পারেনি। এই ইতিহাস পশ্চিমবাংলার মানুষ কোনদিন ভুলবে না। ১৯৭২ থেকে ১৯৭৪ সালের যে ইতিহাস তা সবজ

আলোর ইতিহাস তাতে লাল কালি দিলে তা জ্বলজ্বল করবে। ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্য্যন্ত এস,ই,বি-এর যে কার্য্যপদ্ধতি সে সম্বন্ধে কিছু বলতে চাই না।

[6-50—7-00 p.m.]

আমি বলতে চাই না ১৯৬৭ সাত থেকে ১৯৬৯ সালে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পারফর্ম্যান্সের মধ্যে কতটা ইনএফিসিয়েন্সি ছিল, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পারফর্ম্যান্সের দ্বারা মানুষের কাছে কতটা সুবিধা তুলে দেওয়া যায়নি সেই ইতিহাসের মধ্যে আমি যাব না, ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালে এই সরকার আসার পর সত্যই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের মধ্যে কোন সজীব প্রাণবন্যা ফিরিয়ে আনতে পারা গেছে কিনা সেটা গোটা পশ্চিমবঙ্গের মানুষ স্বীকার করছেন এবং স্বীকার করবেন। যাঁরা অবাস্তববাদী, যাঁরা রেড সিগন্যাল নিয়ে পশ্চিমবঙ্গের সবুজ সিগন্যালের স্বপ্ন দেখতে পান না, সৃষ্টির যে লীলা খেলা ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালে হয়ে গেছে তার স্বীকৃতি পশ্চিমবঙ্গের মানুষের কাছে পৌঁছে দিতে তাঁদের কণ্ঠে বাঁধে। আমি মাননীয় সদস্যদের জানাতে চাই ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে আমরা যে ৩০৩ কোটি টাকার বাজেট নিয়েছি তার মধ্যে ১৫৫ কোটি টাকা ব্যয় করা হবে পাওয়ার জেনারেশানের জন্য। এই সরকারের সুপারভিসানে উপযুক্ত প্ল্যান্ড ওয়েতে পশ্চিমবঙ্গ ধাপে ধাপে এগিয়ে যাচ্ছে। যাঁরা আনপ্ল্যান্ড ওয়েতে লাল সংকেত দিয়ে পশ্চিমবঙ্গকে পিছিয়ে নিয়ে যাবার স্বপ্ন দেখেছিলেন তাঁদের সেই স্বপ্ন ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। যাঁরা মানুষের মনের মাঝখানে হতাশার ছবি ফুটিয়ে তোলার চেষ্টা করছেন তাঁদের কাছে অনুরোধ করছি তাঁরা একবার বাস্তব অবস্থার দিকে লক্ষ্য রাখুন। আজকে বাজেটের ৩০৩ কোটি টাকার মধ্যে ৮০ কোটি টাকা স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সিদ্ধান্ত নিয়েছেন ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে ট্রান্সমিসান লাইন করে রিমোট ভিলেজে কি করে ইলেকট্রিসিটি নিয়ে যাওয়া যায়। আজকে এই ৩০৩ কোটি টাকার মধ্যে ৬৫ কোটি টাকা কিভাবে ভিলেজ ইলেকট্রিফিকেসান করা যায় সেই দিকে লক্ষ্য রেখে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এই ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে। আজকে ৩ কোটি টাকা ইনভেস্টিগেসান সার্ভের জন্য রাখা হয়েছে রুরাল ইলেকট্রিফিকেসানের জন্য। আমরা প্ল্যান্ড ওয়েতে এগিয়ে যাবার কথা চিন্তা করছি। অনেকে ২৫ বছরের স্ট্যাটিস্টিক্স দিয়ে গেছেন, আমি সেই পুরান স্ট্যাটিসটিক্সের মধ্যে যেতে চাই না, আজকে বাস্তব অবস্থার কথা চিন্তা করতে হবে। আজকে লোড সেডিং হচ্ছে বলে চিৎকার করে মিছিল করে মানুষকে ক্ষেপিয়ে দিয়ে দুটো ট্রান্সফরমার চুরি করা যায়, দুটো ট্রান্সমিসান লাইন-এর তার কাটা যায়, মানুষকে ক্ষেপিয়ে দিয়ে বিদ্যুৎ কেন্দ্রকে ভেঙ্গে দেওয়া যায়, কিন্তু পাওয়ার জেনারেসান নতুন করে সৃষ্টি করা যায় না। প্ল্যান্ড ওয়েতে কিভাবে এগিয়ে যাওয়া যায় সেই চিন্তা করুন। আপনারা সেই নিন্দুক ব্রাহ্মণের ভূমিকা পরিত্যাগ করুন। আমি আমার ঠাকুরদাদার কাছে একটা গল্প শুনেছিলাম, সেই গল্পটা হচ্ছে আমাদের বীরভূম জেলায় এক নিন্দুক ব্রাহ্মণ ছিলেন, সেই নিন্দুক ব্রাহ্মণের স্বভাব ছিল শুধু সমালোচনা করার। ভাল হোক, মন্দ হোক শুধু সমালোচনা করাই হল সেই নিন্দুক ব্রাহ্মণের কাজ। সে লোকের বাড়ীতে নিমন্ত্রণ খেতে যেত এবং খাবার পরে বলত, খাওয়া-দাওয়া ভাল হয়নি, পরিবেসন ভালভাবে করা হয়নি ইত্যাদি, ইত্যাদি। আমি আমার ঠাকুরদাদার কাছে গল্প শুনেছি, একবার গ্রামের জমিদার তাকে নিমন্ত্রণ করেন এবং যাতে কোন রকম সমালোচনা করতে না পারে সেই জন্য বেশ পরিপাটি করে তাকে ভোজন করান। খাওয়ার পরে জমিদার তাকে জিজ্ঞাসা করল কেমন খাওয়া-দাওয়া হল? তখন সেই নিন্দুক ব্রাহ্মণ বললেন, এত আয়োজন করা ভাল হয়নি। অর্থাৎ সমালোচনা করে করে তার এমনই অভ্যাস হয়ে গেছে যে সমালোচনা না করে তিনি কিছুতেই ছাড়বেন না। কাজেই ওঁদের বলছি নিন্দুক ব্রাহ্মণের ভূমিকা ত্যাগ করে বাস্তবকে স্বীকার করুন। মাননীয় স্পীকার মহাশয়, আজকে ফর আরগুমেন্টস সেফ্‌ একটা কথা বলছি, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের যে পারফরমেন্স দেখেছি তাতে ১০ কোটি টাকার বেশী ঋণ দেবার অধিকার তাদের দেওয়া উচিত নয়। আমরা যদি এরকম রেজোলিউসন আনতাম তাহলে ওঁরা বলতেন এটাকে বাড়ান উচিত। আজকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সরকারের প্রোপার সুপারভিসনে এবং প্ল্যান্ড ওয়েতে চলছে। আজকে

তিমিরবাবু স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে চাকুরীর ব্যাপারে বারি সাহেবের কথা বললেন ইলেকট্রিসিটি বোর্ডে যদি কোন ক্যান্ডিডেটকে চাকুরী দিয়ে থাকে তাহলে আমি বলব সেখানে ডাইরেক্টলী চাকুরী দেবার ক্ষমতা আমাদের নেই, কারণ ওটা অটোনোমাস্ বডি। সেখানে সিলেকসন কমিটি আছে কাজেই আপনিও চেষ্টা করতে পারেন। বারি সাহেব কয়টা পেয়েছে সে কথা ছেড়ে দিন। আমি লক্ষ্য করছি আপনারা বাস্তবকে উপলব্ধি না করে শুধু সমালোচনা করেন। আপনারা চিন্তা করুন ১৯৭২ থেকে ১৯৭৪ সালে মানুষ কি পেয়েছে এবং আগামীদিনের মানুষ কি পাবে। আজকে গীতা দেবী অনেক কথা এখানে বলেছেন। আমি জানি যাঁরা শুধু ধ্বংসের স্বপ্ন দেখছেন, যাঁরা পশ্চিমবাংলাকে অন্য দেশের কাছে বিক্রি করবার স্বপ্ন দেখছেন তাঁরা আজকে এ্যাসেম্বলীর বাইরে আছেন। আমাদের ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে ৩০৩ কোটি টাকার যে বাজেট করেছি সেই রিসোর্সটা কোথা থেকে আসবে এই চিন্তা করুন। আমাদের সঙ্গে এরকম কোন চুক্তি হয়নি যে, রাশিয়া থেকে বিনা পয়সায় আমাদের যন্ত্রপাতি পাঠিয়ে দেবে। কাজেই আমাদের রিসোর্স দেখিয়ে দিতে হবে, ওয়ে দেখিয়ে দিতে হবে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কোথা থেকে অর্থ পায় সেটা আমাদের দেখতে হবে। শুধু ইনএফিসিয়ান্সি, ইনএফিসিয়ান্সি একথা বলে চিৎকার করলে হবে না, বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে সমালোচনা করতে হবে। আজকে যাঁরা এই রেজলিউসনকে সমর্থন করেছেন আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি এবং যাঁরা এখনও বাস্তব-বাদী হতে পারেননি, তাঁদের বাস্তববাদী হতে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি জয়হিন্দ, বন্দেমাতরম্।।

[7-00—7-19 p.m]

Shri Abul Barkat Atwal Ghani Khan Chowdhury :
মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এখানে নারানবাবু, গীতা মুখার্জী, শীশ মহম্মদ সাহেব আব্দুল বারি বিশ্বাস, অসমঞ্জ দে, মনোরঞ্জন প্রামাণিক এবং আরো অনেক সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন। গীতা মুখার্জী মহাশয়া কতকগুলি বক্তব্য রেখেছেন তার উত্তরে আমি প্রথমেই বলতে চাই যে, তিনি বলেছেন, কন্ট্রোল অব স্পেনডিং—যে কোন দায়িত্বশীল গভর্ণমেন্টই হোক না কেন তারা চেষ্টা করে যাতে ওয়েস্টফুল স্পেনডিং এ্যাভয়েড করা যায়। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা অটোনমাস বডি, সেখানে আমাদের ডাইরেক্ট কন্ট্রোল না থাকলেও ইনডাইরেক্ট কন্ট্রোলের মাধ্যমে সেটাকে কন্ট্রোল করার চেষ্টা করি। মিস্টার ডেপুটি স্পীকার স্যার, আমরা কেবল মুখে বলি না, কাজেও সেটাকে ইমপ্লিমেন্ট করে দেখাই। একটু আগে আমি যে কথা বলছিলাম যে আমি নিজে ইনি-সিয়েটিভ নিয়ে যাতে কমিশন এ্যাপয়েন্ট হয় সেটা আমি করেছি। ঠিক তেমনি করে আমি নিজে ইনিসিয়েটিভ নিয়ে যাতে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের যে এ্যাক্ট আছে সেটার এ্যামেণ্ডমেন্ট আনবার জন্য লিগ্যাল ডিপার্টমেন্টে পাঠিয়েছি। আমি মনে করি এইভাবে এ্যামবিসাস স্কীম নিয়েছি। যেখানে আমরা টাকা পয়সা খরচ করবো সেই টাকা পয়সা খরচা বজায় রাখতে গেলে আমাদের আরো কনট্রোল থাকা উচিত। সুতরাং লিগ্যাল ডিপার্টমেন্টের ওপিনিয়ন পেলেই যে সমস্ত এ্যামেন্ডমেন্ট আনবার জন্য বলেছি সেই সমস্ত এ্যামেন্ডমেন্ট আনার চেষ্টা করবো। স্যার, আগের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে পার্ট টাইম এ্যাকাউন্ট মেম্বার ছিল। এখন আমরা ফুল টাইম এ্যাকাউন্ট মেম্বার করেছি। ফাইনান-সিয়াল কমিশনারকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পার্ট টাইম মেম্বার করেছি। পাওয়ার কমিশনার ওখানে আছেন।

Budget is prepared by the Board and sent to the State Government by February. The State Government places the budget on the Table of the House and the Budget is open for discussion by the Legislature but is not subjected to vote.

আমি একথা বলছি না যে অপচয় হচ্ছে না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা অটোনমাস বডি, সেখানে ডে টু ডে এ্যাডমিনিস্ট্রেসানে আমাদের কোন হাত নেই। তবে আমরা যতটা পারি কন্ট্রোল করছি। আমাদের কোন ইনফ্রাস্ট্রাকচার ছিল না, সেটা করতে গিয়ে অনেক টাকা খরচা করতে হচ্ছে। আমরা গ্রামে গ্রামে বা মাঠে মাঠে যখন ট্রান্সমিশান

লাইন নিয়ে যাচ্ছি, যখন ট্রান্সফরমার বসাচ্ছি তখন নিশ্চয় খরচা হচ্ছে সেটাকে এ্যাভয়েড করা যাবে না এবং সেই সঙ্গে সঙ্গে আমি মনে করি,
rural electrification is the only answer to West Bengal's very many ills.
সেইজন্য আমরা রুরাল ইলেকট্রিসিটির উপর জোর দিয়েছি এবং আমরা মনে করি রুরাল ইলেকট্রিফিকেসান সম্বন্ধে আমাদের বর্তমান গভর্ণমেন্ট রেকর্ড সৃষ্টি করবে। যদিও পাওয়ার রেশনিং এখানে আসে না তবুও আমি হাউসকে জানাবার জন্য বলছি যে, আপনারা নিশ্চয় জানেন, আমাদের ৪টি এজেন্সি আছে যার থেকে আমরা ক্যালকাটা এবং ইন্ডাষ্ট্রিয়াল বেল্টের জন্য পাওয়ার পেয়ে থাকি সেটা হচ্ছে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ডি,পি,এল, সি,ই,এস,সি এবং ডি,ভি,সি। আমি কোন ক্যামোফ্লেজের কথাবার্তায় যাব না, আমি পশ্চিমবাংলার মানুষকে কনফিউসানের মধ্যে রাখতে চাই না, আমার কোন ইটোপিয়ান চিন্তাধারা নেই, আমাদের রিয়েলিষ্টিক চিন্তাধারা আছে, তাই আমি গীতাদিকে বলব, ফরগেট ইটোপিয়ান, রিমেম্বার নাইনটিন সেভেনটিফোর।

১৯৭৪-এর কথা বলতে গিয়ে এই কথা বলবো যে ডি,পি,এল, তার লোকাল কনজামশন মিট করে কলকাতা সেকটরকে তারা ৮০ মেগাওয়াট দিচ্ছে। এই মেগাওয়াট নিয়ে কিন্তু অনেকবার আলোচনা হয়েছে। দিল্লী থেকে যে সব বিশেষজ্ঞরা আসেন তাঁদের সঙ্গে আলোচনা করা হয়েছে, বহুবার আলোচনা করা হয়েছে। এমন সপ্তাহ নেই যে এ্যাজ এ পাওয়ার মিনিষ্টার অব ওয়েষ্ট বেঙ্গল আমি এই কলকাতার লোড সেডিং সম্বন্ধে আলোচনা করি না। যখনি আলোচনা করি, যাঁরা এই সমস্ত পাওয়ার জেনারেটিং এজেন্সিতে আছেন তাঁরা কথা দিয়ে যান যে তাঁরা যে তাঁরা এত পাওয়ার এই সপ্তাহে দেবেন কিন্তু খুব কম সপ্তাহেই দেখেছি যে তাঁরা তাঁদের কথা ঠিক রাখতে পেরেছেন। তার কারণের মধ্যে একটা কারণ হচ্ছে যে যাঁরা বিশেষজ্ঞ আছেন তাঁরা একথা বলেন যে থার্মো প্ল্যান্ট-এ নাকি ফ্লাকচুয়েশন ইনহেরেন্ট। হাইড্রো—ইলেকট্রিসিটিতে নাকি জল থাকে সেই জলটা থাকায় ফোরকাষ্ট অনেক পজেটিভ হয়। কিন্তু সো ফার এ্যাজ থার্মো ইজ কনসার্ণড এতে ফ্লাচুয়েশনস আর ইনহেরেন্ট। যে কথা বলবার চেষ্টা করছিলাম যে আমরা র‍্যাশনিং করবো না, আমরা ষ্ট্যাগারিং করবো এখনো ঠিক করিনি। যাঁরা বিশেষজ্ঞ আছেন তাঁদেরকে ফরমুলা ইভলভ করতে বলেছি। আমরা চাই যে যাতে আমরা ম্যাক্সিমাম জেনারেশনস্ যেটা আছে সেটা প্রডাকটিভ পারপাসে ইউস করতে পারি তার চেষ্টা করছি। র‍্যাশনিং সম্বন্ধে আমাদের কোন একটা এ্যাটাচমেন্ট নেই, আমরা মনে করি না র‍্যাশনিং করলেই সমস্ত সমস্যার সমাধান হবে। কিন্তু আমরা যেটা চেষ্টা করছি আমরা এমন একটা ফরমুলা ইভলভ্ড করতে যে ফরমুলার দ্বারা আমাদের যে প্রডাকটিভ এ্যাপারেটাস আছে কলকাতার ইন্ডাষ্ট্রিয়াল বেল্টে যেখানে ম্যাকসিমাম এমপ্লয়মেন্ট হতে পারে, যেখানে ম্যাকসিমাম প্রডাকটিভ পারপাসে খরচ হতে পারে এবং যেগুলি ওয়েষ্টফুল যেগুলির কনজামশন আছে সেগুলিকে এ্যাভয়েড করার জন্য। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, সেটা আমরা যাঁরা বিশযজ্ঞ আছেন তাঁদেরকে দিয়েছি এবং তার মধ্যে আরো যারা বড় বড় কনজিউমার আছেন তাঁদেরকে মেম্বার করা হয়েছে এবং দরকার হলে আরো আমরা আলোচনা করবো। আমরা চেষ্টা করছি। ইর‍্যাটিক সাপ্লাইটাকে এ্যাভয়েড করার জন্য, আমরা চেষ্টা করছি ষ্টেডি সাপ্লাই যেন মেনটেন করতে পারি। বর্তমানে যেটা অসুবিধা দেখা দিয়েছে সেটা হচ্ছে আনসিডিউল্ড লোড সেডিং। আনসিডিউল্ড লোড সেডিং-এর, ফলে নানা রকম কমপ্লিকেশনস্ এ্যারাইজ করছে। সেইজন্য মিঃ ডেপুটি স্পীকার, স্যার আমরা চেষ্টা করছি যাতে এই আনসিডিউল্ড লোড সেডিংকে এ্যাভয়েড করতে পারি। আমরা যেকথা বলবার চেষ্টা করছিলাম, সেদিন গভর্ণমেন্ট অব ইনডিয়ার ইরিগেশন এ্যান্ড পাওয়ার মিনিষ্টার পন্থের সঙ্গে আলোচনা করেছি। তিনি অনেক আমাকে আশ্বাস-বাণী দিয়েছেন। তিনি বললেন চন্দ্রপুরাতে যে ডি,ভি,সি, প্ল্যান্ট হয়েছে সেই প্ল্যান্টের সমস্ত পাওয়ার বোখারোতে লাগবে না, কিছু পাওয়ার তারা আমাদের দিতে পারবেন। সত্যি সত্যিই যদি তাঁরা আমাদের দিতে পারেন তাহলে কলকাতার যে লোড সেডিং আছে সেই লোড সেডিং অনেক কমে যাবে। তারপর আমাদের সাঁওতালদি সম্বন্ধে অনেক ক্রিটিসিজিম করা হয়েছে। আমি তো কমিশন বসিয়েছি যে এটা কার দোষ, কিজন্য

হয়েছিল, কেন বিলম্ব হয়েছিল, তাড়াতাড়ি করা যেতো কিনা ইত্যাদি ইত্যাদি। আমি মনে করি যে সাঁওতালদি থেকে যদি আমরা পাওয়ার আনতে পারি ক্যালকাটা সিস্টেমে ইনডাইরেক্টলি, মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি পশ্চিমবাংলার মানুষকে কনফিউস করবো না, আমি পশ্চিমবাংলার মানুষের চোখে ধোঁয়া দেবার চেষ্টা করবো না, হাউসের সামনে পরিস্কার চিত্র রাখবার চেষ্টা করছি।

আমরা ডি,ভি,সি-কে সেই পাওয়ার ইনডাইরেক্টলি দিচ্ছি, ৫০ মেগাওয়াট ক্যালকাটা সিস্টেমর জন্য চেষ্টা করছি, মোটামুটি হল এই কথা। আমি তর্কের মধ্যে যাব না, আমরা চেষ্টা করছি। আমি ধরে নিচ্ছি যদি ৫০০ মেগাওয়াট কলকাতাকে দিতে পারি তাহলে একটা ফরমূলা ইভল্ব করা যাবে, লোকে বেশী কষ্ট পাবে না। ক্যালকাটা ইলেকট্রিসিটি আমাদেরই লাইসেন্সী, আমাদের বিদ্যুতের ক্রাইসিস আছে, তা না হলে আমরা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে আমরা ন্যাশনেলাইজ করে নিতাম, আমি ডক্ট্রিন নই, ডক্ট্রিনেট হওয়া পছন্দ করি না, ওয়েস্ট বেঙ্গলের পক্ষে যেটা মঙ্গল, সেটাই আমাদের করতে হবে। এটা বলতে পারি যে আমরা চেষ্টা করেছিলাম সাঁওতালদি থেকে পাওয়ার আনতে, স্ট্রাইকের জন্য আমাদের পারফরমেন্ট যা, তাতে হচ্ছে না। আমি কারও উপর রেসপনসিবিলিটি শিফ্ট করতে চেষ্টা করছি না। রুরাল ইলেকট্রিফিকেশনের কথা বলি, আমাদের মনে রাখতে হবে, এগ্রিকালচারাল সেক্টারের কথা, আমরা যদি এগ্রিকালচারাল সেক্টারে বিদ্যুৎ না দিতে পারি তাহলে ভেরি পারপাস অব ইলেকট্রিফিকেশন উইল বি ফাস্ট্রেটেড। সুতরাং আমি সদস্যদের অনুরোধ করছি, আমাদের কতকগুলি জায়গায় ল্যাপ্সেস থাকতে পারে, কারণ এটা একটা বিরাট কাজ, বিরাট কর্মযজ্ঞ, এর আগে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এত বড় রেসপনসিবিলিটি নিয়ে কাজ করতে জানত না। এখানে দুটি ডিপার্টমেন্টের কো-অপারেশন, কো-অর্ডিনেশন দরকার, যদিও হচ্ছে, নানা জায়গায় ল্যাপসেস আছে। যদি এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট রিকুইজিশন না দেয়, অমুক জায়গায় টিউবওয়েল ড্রিল করেছি, কানেকশন দাও, আমরা দেব না। যেমন শ্যালো টিউবওয়েল করে কনজুমার কানেকশন না চায়, আমরা নিজে থেকে দিচ্ছি না। অনেক সদস্য ক্রিটিসাইজ করেছেন, আমরা নাকি তার কেটে দিয়েছি, কোন সদস্য বলেছেন তারের উপর কাপড় মেলা হচ্ছে, আমি চ্যালেঞ্জ করে বলতে চাই যে সেই জায়গায় যে তার গিয়েছে, তাতে কমিশন হচ্ছে না। তার দুটি কারণ যেমন পুরুলিয়াতে অবস্থা এত খারাপ সেখানে কোন ডিমান্ড নাই, সেদিন অর্ডার দিয়েছি কোন লোক যখন চায় না, গ্রামে একটা করে বাল্ব জ্বালিয়ে দাও এ্যান্ড দ্যাট উইল ইনডিকেট দ্যাট দি পার্টিকুলার এরিয়া ইজ ইলেকট্রিফাইড। যা আছে তার কো-অর্ডিনেশন দরকার, আমি স্বীকার করছি যে তাতে কো-অর্ডিনেশন করা যায়নি। আমি আপনার মাধ্যমে সদস্যদের অনুরোধ করব—সেসনের পরে, আমি সমস্ত এ্যারেঞ্জ করব যেখানে যেখানে যে কোন জেলায় সাওতালদি বলুন আর জলঢাকাই বলুন, আপনারা যেতে চান আপনারা যাবেন এবং দেখে এসে যে রিপোর্ট আপনারা দেবেন, সেই রিপোর্ট আমি হাউসের কাছে প্লেস করব। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch : Sir, the Hon'ble Minister in charge of Irrigation and Power has given a very fine policy speech. It was the duty of the departmental officers—Head of the Department—to be present in the House. But we find that the gallery is absolutely empty. It is very unfortunate, Sir.

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury that :—

Whereas in terms of the provisions contained in sub-section (3) of section 65 of the Electricity (Supply) Act, 1948 (Act 54 of 1948), the maximum amount which the State Electricity Board may at any time have on loan is ten crores of rupees;

And whereas the State Government proposes that the maximum amount should be increased from ten crores of rupees to one hundred crores of rupees;

And whereas this Assembly is of opinion that the higher maximum amount of loan should be so increased;

The Assembly approves the proposal of the State Government to fix one hundred crores of rupees to be the maximum amount which the State Electricity Board may at any time have on loan, was then put and a division taken with the following results :—

AYES—56

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bapuli, Shri Satya Ranjan.
Bhattacharya, Shri Narayan.
Bhattacharyya, Shri Pradip.
Biswas, Shri Kartic Chandra.
Chaki, Shri Naresh Chandra.
Chakravartv, Shri Bhabataran.
Chattaraj, Shri Suniti.
Chatterjee, Shri Debabrata.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Sisir Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Motahar Hossain, Dr.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mundle, Shri Sudhendu.
Panja, Shri Ajit Kumar.
Parui, Shri Mohini
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Samanta, Shri Tuhin Kumar.

AYES—*Contd.*

Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Sarkar, Shri Nitai Pada.
Sarker, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

NOES—3

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 56 and the Noes 3, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-19 p.m. till 1 p.m. on Tuesday, the 2nd April 974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provision of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd April, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 127 Members.

[1—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take oath)

Held over starred question
(to which oral answers were given)

Rape Seed

***15.** (Admitted question No. *9.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the names of places in the State wherefrom the State Government obtains supply of rape seed;

(b) if it is a fact that the supply of rape seed oil through ration shops in greater Calcutta and the rural areas is insufficient and irregular;

(c) if so, the reasons thereof;

(d) if it is a fact that large quantity of rape seed was damaged recently in different Government godowns in Calcutta; and

(e) if so—

(i) the quantity of rape seed damaged, and

(ii) the consequent action taken?

Shri Prafulla Kanti Ghosh :

(a) The State Government receives supply of rape seed from State Trading Corporation godowns, Calcutta, against allotments made by the Central Government out of the stocks imported from Canada.

(b) and (c) The State Government is totally dependent on Central supplies for its rape seed oil distribution scheme.

The quantity of imported rape seed alloted by the Central Government to this State from time to time is not sufficient for meeting the full demands of the public distribution system. Irregular supply of rape seed by Government of India and Labour trouble in State Trading Corporation godowns were responsible for occasional irregular supplies of rape seed oil through public distribution system in the recent past.

(d) No, not in large quantity. There are, however, reports that a small stock of rape seed have been damaged in the godowns of the State Trading Corporation in Calcutta.

(e) (i) About 2325 M.T. of rape seed are reported to have become unfit for human consumption in the godowns of State Trading Corporation in Calcutta.

(ii) State Trading Corporation authorities have been requested not to supply the stock of damaged rape seed to mills nominated by this State Government.

Shri Md· Safiullah :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই কলকাতার মিল মালিকদের সাথে কোন ভদ্রলোকের চুক্তি হয়েছিল কিনা?

Shri Prafulla Kanti Ghosh :
ভদ্রলোকের চুক্তি বলে কোন কিছু হয়নি।

Shri Md· Safiullah :
আপনি আপনার উত্তরে বললেন যে ২,৩২৫ মেট্রিক টন রেপ সীড আনফিট ফর হিউম্যান কনজামসান। আপনি কি দয়া করে জানাবেন যে এই যে আনফিট ফর হিউমান কন-জামসান হল এত রেপসীড—মানুষের খাবার অযোগ্য এটা কি করে ঘটেছে?

Shri Prafulla Kanti Ghosh :
এটা এফ, সি, আই-এর মেন্‌লি। সেখানে এফ, সি, আই-এর বক্তব্য হল কর্মীদের একাংশের এক সময় অসহযোগিতার ফলে যেরূপ দেখা দরকার তা পারেননি।

Shri Md· Safiullah :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে আমরা সংবাদপত্রে দেখলাম যে গোডাউনে রেপ-সিড পচে যাচ্ছে। দিনের পর দিন এইভাবে রেপ সিড নস্ট হয়ে গেছে এটা কতটা সত্য জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
এই কথা আংশিক সত্য, এবং এর ফলে ঐ পরিমান রেপ সিড নষ্ট হয়ে গেছে। আমি নিজে রিপোর্ট এফ, সি, আই-এর কাছ থেকে চেয়ে পাঠিয়েছিলাম।

Shri Md· Safiullah :
আমি আর একটা কথা জানতে চাই যে আমাদের সরষের তেলের উপর কোন নিয়ন্ত্রন আছে কিনা। কারণ আমরা দেখতে পাচ্ছি যে ৯ টাকা, ১০ টাকা, ১১ টাকা দরে সরিষার তেল বিক্রি হচ্ছে। সরকার দর কমাবার কি ব্যবস্থা করছেন জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
তেলের খোলের উপর আমাদের কোন নিয়ন্ত্রন নেই। আমরা যে রেপ সীড দিই তার খোলের উপর কথা কইতে পারি এবং তেল ভাঙ্গানোর দাম যখন দিই তখন খোলের দাম বাদ দিয়ে ধরি অর্থাৎ মিল যখন ভাঙ্গানোর দাম পায় তখন খোলের দাম ধরে থাকি।

Shri Niranjan Dihidar :
যখন রেপ সিড পচে যাচ্ছে খবর পেয়েছিলেন তখন রক্ষা করার কি ব্যবস্থা করেছিলেন এবং কতটা রক্ষা করতে পেরেছিলেন?

Shri Prafulla Kanti Ghosh :

এর উত্তর আগেই দিয়েছি। আমি খবর পাওয়ার সঙ্গে সঙ্গে নিজেই গোডাউনে গিয়েছিলাম। যেটুকু ভাল আছে সরিয়ে নিয়েছি। যেটুকু হিউম্যান কন্‌জামসানের অনুপযুক্ত বলে ডাক্তাররা মত প্রকাশ করেছিলেন সেগুলো বাদ দিয়ে বাকি রেপ সীডের যাতে ব্যবস্থা করতে পারি তার ব্যবস্থা নেওয়া হয়েছিল।

Shri Kashi Kanta Maitra :

মন্ত্রিমহাশয় কি জানেন এই ক্যানাডিয়ান রেপ সীড যেটা সেন্ট্রাল গভর্ণমেন্ট আনেন এবং দেন সেটা পশ্চিমবাংলাকে কত মাসে এ্যালটমেন্ট হয়েছিল এবং পশ্চিমবঙ্গ সরকারের সরবরাহ দপ্তর থেকে কতটা ব্যবস্থা করছেন এবং যে পরিমাণ রেপ সীড অয়েল বিধিবদ্ধ রেশন এলাকাতে দেওয়া হচ্ছে তার পরিমাণ কি?

Shri Prafulla Kanti Ghosh :

গত কয়েক মাসে আমরা বিধিবদ্ধ রেশন-এর মাধ্যমে রেপ সীড অয়েল দিতে পারছি না। কারণ কেন্দ্র এটার সবটাই কন্ট্রোল করেন। কেন্দ্রের কাছে অনুরোধের ফলে কেন্দ্র আগামী মাসে দু হাজার টন করে দেবার প্রতিশ্রুতি দিয়েছেন এবং তারা বলেছেন সবশুদ্ধ ৮ হাজার টন মতো দিতে পারবেন। কারণ ভবিষ্যতে রেপ সীড আনছেন না।

Shri Kashi Kanta Maitra :

রেপ সীড অয়েল কেন্দ্রীয় সরকার ৪ হাজার টন বরাদ্দ করেছিলেন। সেটা কেটে ২ হাজার টন করেছিলেন। কিন্তু পরে সেটা বাড়িয়ে ৪ হাজার মেট্রিক টন করেছিলেন। আমরা জানতাম এই রেপ সীড বিধিবদ্ধ রেশন এলাকাতে পাওয়া যাবে। ফলে কলকাতার শতকরা ২০ ভাগ চাহিদা এই দপ্তর মেটাতে পারবেন। যেটুকু সরকার পারেন সেটা কি সরবরাহ করতে পেরেছিলেন এবং সেটা কি দামে বিক্রি করেছিলেন?

Shri Prafulla Kanti Ghosh :

যেটুকু পাওয়া গিয়েছিল সেটুকু সবটাই যথোচিত দামে সরবরাহ করা হয়। আগে বিক্রি হয়েছিল চার টাকা ৪০ পয়সায়। রেপ সীডের দাম অনেক বেড়ে গিয়েছে এবং কেন্দ্র ভাবছেন আর এই রেপ সীড আনবেন না এবং এই যে ২ হাজার টন করে পাবার প্রতিশ্রুতি পেয়েছি তার প্রাইস্‌ কোন ইনডিকেট করেন নি।

Shri Asamanja De :

পশ্চিমবঙ্গ সরকার যে রেপ সীড সরবরাহ করে থাকেন তার কত পারসেন্ট তেল হিসাবে পেয়ে থাকেন?

Shri Prafulla Kanti Ghosh :

আমি দুঃখিত মাননীয় সদস্যের উত্তর এখনই দিতে পারছি না।

Shri Harasankar Bhattacharyya :

কাশীবাবুর প্রশ্ন ছিল সেন্ট্রাল গভর্ণমেন্ট কি পরিমাণ রেপ সীড দেন এবং সেই রেপ সীড-এর বদলে কি পরিমাণ তেল রেশন কার্ডের মাধ্যমে কলকাতায় সরবরাহ করতে পারেন। মন্ত্রিমহাশয় বললেন ৪ হাজার টন মাসে পেয়ে আসছিলেন, কিন্তু তেল দেওয়া হয়নি—এইটা কি সত্য কথা? এটা কনফিউসান হচ্ছে।

Shri Prafulla Kanti Ghosh :

যতদিন পর্যন্ত রেপ সীড পাওয়া গিয়েছে সেটাকে তেল করে রেশন সপের মাধ্যমে দেওয়া হয়েছে। গোড়ার দিকে আড়াইশো গ্রাম করে দেওয়া হয়েছিল পরে ১০০ গ্রাম করা হয়েছিল। যেমন যেমন পাওয়া গিয়েছে কমিয়ে বাড়িয়ে সেইভাবে দেওয়া হয়েছে।

Rise in price of Cocoanut Oil

***23.** (Admitted question No. *11.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware that (i) cocoanut oil is not easily available in the market, and (ii) its price is rising from day to day; and

(b) if so—

(i) the reasons thereof, and

(ii) the measures taken by Government to arrest the rise in price and to ensure its easy availability?

[1-10—1-20 p.m.]

Shri Prafulla Kanti Ghosh :

(a) (i) and (ii) There is no specific report to the effect that cocoanut oil is not easily available in the market. However, there are reports regarding rising trend in the price of cocoanut oil as in many cases of other essential commodities.

(b) (i) This State has to depend to a large extent on other producing States for supply of cocoanut oil. The rise in price of this commodity is mainly due to rise in price of the same in the producing State, rise in price of related commodities and also, to some extent, due to increase in transport and incidental charges.

(ii) Cocoanut oil is not a controlled commodity and at present there is no statutory provision for controlling the price and distribution of this commodity.

Shri Md. Saffiullah :

কোকোনাট অয়েল কন্ট্রোল কমডিটি নয়, এটা আমাদের জানা আছে এবং নয় বলেই বাজারে এখনও পাওয়া যাচ্ছে, নাহলে বাজার থেকে ভ্যানিস হয়ে যেতো। আমার প্রশ্ন হচ্ছে এই কোকোনাট অয়েল আমাদের এই রাজ্যে বছরে কতটা লাগে এবং কোন কোন স্টেট থেকে এই কোকোনাট অয়েল আনা হয়।

Shri Prafulla Kanti Ghosh :

নোটিশ চাই।

Shri Md. Safiullah :

আপনি জানেন কিনা জানি না যে কোকোনাট অয়েল বাজারে ১৬।১৮।২০ টাকা করে কে,জি এবং এই কোকোনাট অয়েল একটা নিত্য প্রয়োজনীয় জিনিসের মধ্যে অপরিহার্য জিনিস। যাতে আমাদের স্টেট-এ এটা প্রডিউস হতে পারে এই ক্রাইসিস মেটাবার জন্য সে সম্পর্কে আপনি চিন্তা করছেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
এটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের ব্যাপার।

Shri Md. Safiullah:
প্রতি বছর কলকাতায় কোটি কোটি ডাব আসে। সেই ডাব ঐভাবে নষ্ট না করে তেলে কনভার্ট করা যায় সেইভাবে আপনার ডিপার্টমেন্ট চিন্তা করছেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
এটাও এগ্রিকালচার ডিপার্টমেন্টের উত্তর দেবার কথা। আপনি সেখানে প্লেস করবেন।

Shri Md. Safiullah :
আপনি বলেছেন এটা কন্ট্রোলড্ কমডিটি নয়, আমার প্রশ্ন হচ্ছে আজকে নারকেল তেলের যে অবস্থা তাতে অদূর ভবিষ্যতে এর দাম কমাবার জন্য আপনার ডিপার্টমেন্ট কি ব্যবস্থা অবলম্বন করছেন?

Shri Prafulla Kanti Ghosh :
মাননীয় সদস্য বোধহয় অবগত আছেন যে আমরা একটা কর্পোরেশন করেছি এসেনসিয়াল কমডিটিজ কর্পোরেশন—তাতে এই কোকোনাট অয়েলকে তার অন্তর্ভুক্ত করে নিয়েছি যাতে ভবিষ্যতে কন্ট্রোল প্রাইসে বা রিজনেবল প্রাইসে পাওয়া যায়।

Shri Abdul Bari Biswas :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কোকোনাট অয়েলের যখন দাম বেড়েছে—হঠাৎ ২০।২২ টাকা করে যে বেড়ে গেছে এই কারণেই কি যে পশ্চিমবাংলা বেশী কনজিউম করছে তাই—না—অন্যান্য সাপ্লায়িং স্টেটে এর প্রডাক্সন কমে গেছে। অর্থাৎ চাহিদা বেড়ে গেছে বলে কোকোনাট অয়েলের দাম বেড়েছে—না—অন্য কোন কারণ আছে?

Shri Prafulla Kanti Ghosh :
মাননীয় সদস্যরা অবগত আছেন যে দুঃখের বিষয় সব জিনিসেরই দাম বেড়েছে। কোকোনাট অয়েলের ১ বছর আগে দাম ছিল ১০-২০ এবং ৯।২।৭৪ তারিখে আমি যে দামে নিয়েছি তা হচ্ছে ১৮ টাকা। মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন মাদ্রাজ, কোচিনে কোকোনাট অয়েলের দাম বেড়ে গেছে এবং কেন বেড়ে গেছে তার ব্যাখ্যা আমি আমার প্রশ্নের উত্তরেই দিয়েছি।

Shri Abdul Bari Biswas :
প্রোডিউসিং স্টেট্‌স এন্ড সাপ্লাইং স্টেট্‌সে বর্তমানে কত দাম বেড়েছে সেটা মাননীয় মন্ত্রি-মহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
এখন যে দাম আছে সেটা আমি বলে দিতে পারব। মাদ্রাজে এখন দাম হচ্ছে ১,২৭২ টাকা পার কুইন্টাল এবং কোচিনের দাম হচ্ছে ১,১৬২ টাকা পার কুইন্টাল।

Shri Abdul Bari Biswas :
১ বছর আগে মাদ্রাজ, কোচিনে কোকোনাট অয়েলের দাম কত ছিল এবং বর্তমানে কি পরিমানে বেড়েছে, সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
এখন বলা আমার পক্ষে সম্ভব হচ্ছে না।

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বুঝতে পারা যাচ্ছে যে প্রোডিউসিং এন্ড সাপ্লাইং স্টেট্‌স কোচিন, মাদ্রাজে তেলের দাম বেড়েছে সেইজন্য পশ্চিমবাংলায় দেখতে পাওয়া যাচ্ছে ১২ টাকার জায়গায় ২২ টাকা হয়েছে। এখন এই যে ১০ টাকার ডিফারেন্স হচ্ছে বিটুইন দি মার্কেট প্রাইস অফ ওয়েস্ট বেঙ্গল এন্ড ম্যাড্রাস, এটা আপনি কি মনে করছেন—এটাতে কি কালোবাজারীদের হাত আছে, না সেই সরকার এই সরকারের মধ্যে যে লেনদেন হচ্ছে তার মূলে কোন ত্রুটি আছে যে কারণে বেড়েছে?

Shri Prafulla Kanti Ghosh :

প্রথম কারণ যে কথা আমি আগেই বলেছি কস্ট্‌ অব প্রোডাক্‌সান বেড়েছে। আজকে ট্রান্সপোর্ট চার্জও বেড়েছে এবং এর পিছনে কিছু অসাধু ব্যবসায়ীর যে হাত আছে সেটা আপনাদেরকে আর নতুন করে বোঝাবার বোধহয় দরকার নেই।

Shri Abdul Bari Biswas :

যে সমস্ত ব্যবসায়ী পশ্চিমবাংলায় কোকোনাট অয়েল সরবরাহ করে থাকেন, কোকোনাট অয়েলের দ্রব্যমূল্য বৃদ্ধির দরুণ যে অসুবিধা সৃষ্টি হয়েছে, এই সমস্ত কালোবাজারী ব্যবসায়ীদের বিরুদ্ধে এখন পর্যন্ত সরকার কি ব্যবস্থা গ্রহন করেছেন এবং কতজনকে কোন্‌ আইনে এ্যারেস্ট করা হয়েছে, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

অন্যান্য অত্যাবশ্যক জিনিসের দাম যেভাবে বেড়েছে তার দিকে সরকার অনেক বেশী নজর দিচ্ছেন, কিন্তু কোকোনাট অয়েলের দিকে সেইভাবে নজর দেন নি, এটা আমি নিশ্চয় স্বীকার করছি।

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অসাধু ব্যবসায়ীদের জন্য আজকে কোকোনাট অয়েলের দাম প্রায় ডাবল হয়ে গেছে। আমার প্রশ্ন হচ্ছে তিনি বা তার দপ্তর কজন অসাধু ব্যবসায়ীকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছেন বা তাদের বিরুদ্ধে কেস্‌ করতে সক্ষম হয়েছেন, এটা তিনি জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

নোটিশ দিলে বলতে পারব। তবে এটুকু শুধু বলতে পারি মাননীয় সদস্যদের অবগতির জন্য যে অনেকগুলি ধরা হয়েছে এবং এমনও হয়েছে অসাধু ব্যবসায়ীদের কোমরে দড়ি দিয়ে লালবাজার টু কোর্ট পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে।

Mr. Speaker : Hon'ble members, you are going far from the main question. Let us pass over to the next question.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

ভূমি দুর্নীতি অনুসন্ধানে তদন্ত কমিটি

***১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভূমি বিতরণ ক্ষেত্রে দুর্নীতি অনুসন্ধানের জন্য সরকার ১৯৭৩ সালে একটি তদন্ত কমিটি গঠন করিয়াছিলেন; এবং

খ) সত্য হইলে—
(১) উক্ত তদন্ত কমিটির সদস্যদের নাম (যোগ্যতাসহ);
(২) অনুসন্ধানের বিষয়াবলী; ও
(৩) অনুসন্ধান কাজ বর্তমানে কোন্ স্তরে আছে?

Shri Prafulla Kanti Ghosh :

ক) এ সম্বন্ধে খাদ্য ও সরবরাহ বিভাগ কিছুই অবগত নহে।

খ) (১), (২) ও (৩) এ প্রশ্ন ওঠে না।

20—1-30 p.m.]

Shri Harasankar Bhattacharyya :

ননীয় স্পীকার স্যার, ভূমি বিতরণের ব্যাপারে দুর্নীতির অনুসন্ধানের জন্য একটা কমিটি য়েছে খাদ্য বিভাগ অবগত নয়, মন্ত্রিমহাশয় এই উত্তর আজকে দিলেন। খাদ্য বিভাগ বগত নন, আপনি মন্ত্রিসভার সদস্য এবং মন্ত্রিসভার সদস্য হিসাবে আপনি কি জানেন ইরকম কোন কমিটি হয়েছে কি না?

Shri Prafulla Kanti Ghosh :

টা সম্পূর্ণ সাবজুডিস জিনিষ, কাজেই আমি এর উত্তর দিতে পারবো না।

Shri Harasankar Bhattacharyya .

াননীয় মন্ত্রিমহাশয়, এটাতো ঠিক যে এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। ভূমির ব্যাপারে কজন মন্ত্রী পদত্যাগ করেছেন, তিনি জড়িত হয়েছেন বা তাঁর নাম জড়িত ছিল এবং ার একজন মন্ত্রী সেই জায়গায় এসেছেন।

(কংগ্রেস বেঞ্চ থেকেঃ—এটা সম্পূর্ণ আলাদা ব্যাপার, এটাকে জড়াচ্ছেন কেন)
(গোলমাল)

Mr. Speaker : Mr. Bhattacharyya, I understand, the matter is subjudice.

Shri Harasankar Bhattacharyya :

াননীয় মন্ত্রিমহাশয়, বর্তমান ভূমি বিতরণের যে পদ্ধতি চলছে সেই পদ্ধতি কি পূর্বের ুলনায় উন্নত, এটা কি মন্ত্রিমহাশয়ের ধারণা সেটা বলবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

খাদ্য দপ্তর ভূমি নিয়ে কোন কাজ করছে না। এটা বন্টনের ভার অন্য ডিপার্টমেন্টে গেছে।

Damage to Potato Crops due to untimely rain

***194.** (Admitted question No. *55.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the extent of the damage caused to the potato crop by the untimely rain and cyclone in the second week of December, 1973 at Champadanga, Tarakeswar, Jangipara and Chanditala;

(b) the nature of financial assistant given to the potato growers of these areas;

(c) if Government supplied good varieties of potato seed to the cultivators; and

(d) if so—

(i) the names of the varieties; and

(ii) the quantity of potato seed distributed to the potato growers of the areas in 1973-74 (up to 31st January 1974)?

Shri Ananda Mohan Biswas :

(a) During 1972-73 a total area of 17,500 acres were covered under potato in Champadanga, Tarakeswar, Jangipara and Chanditola in the district of Hooghly. 80% area was covered by sowing before the rain and cyclone on 8th and 9th December, 1973, and the crop was not affected. 20% of the area was covered after middle of November, 1973 till before the rains. 5—10% of seeds sown rotted, but gap filling by fresh seeds was also done in most cases.

(b) Seed purchase loans are given to the affected cultivators through the respective District Magistrates, who in their turn distributed the same through the B.D.Os. It may be mentioned that the seed loan is mainly used for cereal crops. Because the cost of potato seeds are very high such loan assistance is not taken advantage of by potato growers.

(c) Yes; from the produce of Government farms of Hooghly district.

(d) (i) Burma, Bhutan, E 3797, Kufri Jyoti and other varieties.

(ii) 50 M.T.

Shri Md. Safiullah :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ২০ পারসেন্ট যেটা ড্যামেজ হচ্ছে সেই ড্যামেজের পরিমান কত?

Shri Ananda Mohan Biswas :

এটা স্ট্যাটিসটিক্স-এর ব্যাপার, কাজেই আপনি নোটিশ দিলে জানাব।

Shri Md. Safiullah :

আপনি তো এ্যাসেসমেন্ট করেছেন। এ্যাসেসমেন্ট করেছেন যখন তখন বলতে পারবেন না

Shri Ananda Mohan Biswas :

এগুলি উইদাউট স্ট্যাটিসটিক্স বলা মুস্কিল। স্ট্যাটিসটিক্স থেকে সঠিক ফিগার না পাওয় গেলে ভেগ জবাব দেওয়া যায়না। আপনি নোটিশ দেবেন পরে জানাবো।

Shri Md. Safiullah :

মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি এই সীডস্ যেটা কাফরী, জ্যোতি এবং আরো ভ্যারাইটি কথা বললেন—আমার কথা হচ্ছে হুগলী জেলায় আলুর অত্যন্ত অগ্রাধিকার আছে। এই সীডস্-এর কথা বলেছেন যে ভুটান, বার্মা—এই সমস্ত সীডের মধ্যে অনেক ডিফেক দেখা যায়। এই সমস্ত সীড যে সাপ্লাই করছেন, এগুলি শোধন করে সাপ্লাই করছেন কি

Shri Ananda Mohan Biswas :

মরা যে সমস্ত স্টেট থেকে সীড পেয়েছিলাম সেইগুলো সরবরাহ করা হয়েছিল এবং ই ধরনের কোন অভিযোগ আমাদের কাছে নেই।

Shri Md. Safiullah :

মাদের খবর আছে সীড যেটা গভর্ণমেন্ট থেকে সাপ্লাই করা হয় তার মধ্যে প্রচুর ফেক্ট ছিল যার জন্য আলুর খুব ক্ষতি হয়েছে। এই রকম কোন খবর আপনাদের ছে আছে কি?

Shri Ananda Mohan Biswas :

ধরনের কোন খবর আমাদের ডিপার্টমেন্টে আসেনি।

Shri Tuhin Kumar Samanta :

মহাশয় জানাবেন কি যে কি কি প্রকারে সীড চাষীদের কাছে সরবরাহ করেছেন ং সেইগুলো কোন কোন স্টেট থেকে আনা হয়েছে এবং তিনি এটাও জানাবেন কি যে লা, কুলু মানালী থেকে চন্দ্রমুখী নামে খুব উৎকৃষ্ট ধরনের আলুর বীজ যে পাওয়া য সেটা পশ্চিমবঙ্গ সরকার আনার কোন চেষ্টা করছেন কি না?

Shri Ananda Mohan Biswas :

৭৩-৭৪ সালে আমরা বিহার থেকে ১৬ হাজার ২০০ কুইন্টাল, আসাম থেকে ৮৪ জার ৪০০ কুইন্টাল, ইউ,পি থেকে ২২ হাজার ৮০০ কুইন্টাল, হিমাচল প্রদেশ থেকে ৩ হাজার ৩২৫ কুইন্টাল এবং পাঞ্জাব থেকে ১৭ হাজার ৩০০ কুইন্টাল আমরা আলুর জ আমদানি করেছি।

Shri Tuhin Kumar Samanta :

মুখী সীড আনার কোন ব্যবস্থা করেছেন কি?

Shri Ananda Mohan Biswas :

ড়া আমরা ভুটান থেকে এবং বার্মা থেকে সীড আনার চেষ্টা করছি এবং ইতিমধ্যে মরা ৪০৮ মেট্রিক টন বার্মা সীড নিয়ে এসেছি।

Shri Tuhin Kumar Samanta :

মার প্রশ্ন ছিল কুলু মানালীতে যে ভাল জাতের সীড পাওয়া যায় সেই সীড আনার ন ব্যবস্থা করবেন কি?

Shri Ananda Mohan Biswas :

মরা সিড যা আনি সেটাকে শোধন করে ডিস্ট্রিবিউট করা হয়।

Shri Pankaj Kumar Banerjee :

মহাশয় হিসাবের মাধ্যমে দেখালেন যে কয়েক লক্ষ মেট্রিক টন বীজ নানা প্রদেশ কে আনা হয়েছে। এই প্রদেশের যে চাহিদা সেটা পূরণ করবার জন্য একটা নিজস্ব র্পোরেশন তৈরী করবার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

Shri Ananda Mohan Biswas :

বর্তমানে সেই পরিকল্পনা সরকারের নেই তবে এ্যাগ্রো ইণ্ডাস্ট্রির মাধ্যমে আমাদের যা প্রয়োজন আমরা সেটা বাইরে থেকে আনার চেষ্টা করছি।

Shri Pankaj Kumar Banerjee :

আমরা দেখতে পাচ্ছি যে অন্যান্য প্রদেশ এই সিড বিক্রয় করে লক্ষ লক্ষ টাকা নিয়ে চ যাচ্ছে, অথচ রাজ্য সরকার তাদের কাছ থেকে সিড কিনে নিয়ে এসে পশ্চিমবাংলার চাষীদের চাহিদা মেটাচ্ছে, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে রাজ্য সরকার কো নীতি, পরিকল্পনা করবার বাসনা আছে কি?

Shri Ananda Mohan Biswas :

আমাদের এই ধরনের কোন পরিকল্পনা হুগলীতে হবার জন্য বিবেচনাধীন আছে।

Shri Phani Bhusan Singhbabu :

মন্ত্রিমহাশয় বললেন যে আমরা বিভিন্ন স্টেট থেকে কিছু কিছু আলু বীজ আনছি, এই আলু বীজ এই পশ্চিমবাংলার চাহিদার পক্ষে যথেষ্ট কি না, তিনি জানাবেন কি?

Shri Ananda Mohan Biswas :

আমি এর আগে বলেছি যে আমাদের হুগলীতে যাতে উন্নত ধরনের সিড প্রডাকশন করা যায় তার জন্য সরকার কয়েকটা স্কীম নিয়েছেন, এইগুলো আমরা এখন বিবেচনা করছি।

Shri Pankaj Kumar Banerjee :

কেন্দ্রীয় সরকার কি রাজ্য সরকারকে নিজস্ব সিড কর্পোরেশন তৈরী করবার কোন নির্দেশ দিয়েছেন?

Shri Ananda Mohan Biswas :

আলু সিড করার জন্য স্পেসিফিকেলি কোন নির্দেশ নেই তবে আমাদের সিড কর্পোরেশন করার নির্দেশ কেন্দ্রীয় সরকার দিয়েছেন, সেটা আমরা গ্রহন করতে পারিনি কারণ আমাদের প্রদেশে কমপ্রিহেন্সিভ এরিয়া ডেভলপমেন্ট স্কীম যেটা নেওয়া হয়েছে তার ভেতর অন্য ধরনের সিড করা এবং তা রিজার্ভ করার একটা প্রভিশন আছে বলে মনে করি।

তারকেশ্বরে পানীয় জল-সরবরাহের ব্যবস্থা

*১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৭।) **শ্রীবলাইলাল শেঠ**ঃ স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তারকেশ্বরে পানীয় জল-সরবরাহের জন্য কোন বিশেষ প্রকল্প গ্রহণ করা হইয়াছে কি; এবং

(খ) হইলে, কতদিনে প্রকল্পের কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

[1-30—1-40 p.m.]

Shri Ananda Mohan Biswas :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Balai Lal Sheth :

আপনার দপ্তর থেকে জেলা শহর এবং শহরতলীতে যে জল সরবরাহের প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেই প্রকল্প অনুযায়ী হুগলী জেলার কোথাও কি এই প্রকল্পে কাজ হচ্ছে?

Mr. Speaker : This question relates to Tarakeswar only. How can he speak of the entire district?

Shri Balai Lal Sheth :

আমি এমন একটি জায়গার কথা উল্লেখ করেছি, যে জায়গায় ভারতবর্ষের সব জায়গার মানুষ আসে, সেইজন্য সে জায়গায় যাতে ভালভাবে জল সরবরাহ ব্যবস্থা থাকে তারজন্য এই প্রকল্প অনুযায়ী যাতে সেখানে ব্যবস্থা করা যায় তারজন্য চিন্তা করছেন কি?

Mr. Speaker : It is an indirect request for action.

ক্ষুদ্রসেচ করপোরেশন

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১১।) **শ্রীদুকুমার বন্দ্যোপাধ্যায় :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সম্প্রতি ক্ষুদ্রসেচ করপোরেশন গঠন করেছেন;

(খ) সত্য হ'লে, ঐ কর্পোরেশনের উপর কি কি কাজের দায়িত্ব দেওয়া হয়েছে;

(গ) ক্ষুদ্রসেচ কর্পোরেশনের কোন পরিচালক সমিতি গঠন করা হয়েছে কিনা; এবং

(ঘ) হয়ে থাকলে, সমিতির সদস্যদের নাম ও যোগ্যতার বিবরণ?

Shri Ananda Mohan Biswas :

(ক) হ্যাঁ।

(খ) এই কর্পোরেশনের উপর প্রধানতঃ নিম্নলিখিত কাজগুলির ভার দেওয়া হয়েছে:—

(১) সেচের জন্য গভীর নলকূপ ও নদী জলোত্তলন কেন্দ্র স্থাপন এবং অন্যান্য ক্ষুদ্রসেচ প্রকল্প গ্রহণ;

(২) চাষের জল সরবরাহ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং যন্ত্রাংশ নির্মাণ ও বিক্রয়;

(৩) পশ্চিমবঙ্গ সরকারের চালু নলকূপ ও নদী জলোত্তলন কেন্দ্রগুলি পর্যায়ক্রমে অধিগ্রহণ করে সেগুলি চালনা ও রক্ষণাবেক্ষণ করা;

(৪) নূতন ও পুরাতন উভয় প্রকার নলকূপ ও নদী সেচ প্রকল্পের মাধ্যমে চাষের জন্য জল সরবরাহ করা এবং জলকর আদায় করা;

(৫) অন্যান্য রাজ্য সরকার, পঞ্চায়েত প্রভৃতি প্রতিষ্ঠানের এবং সাধারণ লোকের ঠিকাদার হিসাবে তাদের জন্য নলকূপ ও নদীসেচ কেন্দ্র স্থাপন করা;

(৬) নলকূপ ও অন্যান্য ক্ষুদ্রসেচ পরিকল্পনার বিষয়ে কারিগরি পরামর্শ ও মেরামতির সুযোগ-সুবিধা দেওয়ার জন্য গবেষণাগার ও কারখানা স্থাপন;

(৭) অন্য রাজ্য সরকার, সাধারণ লোক, কোম্পানী কিংবা কোন প্রতিষ্ঠানকে যন্ত্রপাতি ইত্যাদি ভাড়া দিয়া সাহায্য করা।

বর্তমানে এই কর্পোরেশন ১৬০টি গভীর নলকূপ এবং ৬০টি নদী জলোত্তলন কেন্দ্র স্থাপনের কাজ হাতে নিয়েছেন।

১৯৭৪-৭৫ সালে এই কর্পোরেশনের ৩০০টি গভীর নলকূপ এবং ৪০০টি নদী জলোত্তলন কেন্দ্র স্থাপন করার কার্য্যসূচী আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) পরিচালক সমিতির সদস্যদের নাম ও যোগ্যতা নিম্নরূপঃ—

(১) শ্রী কে, পি, এ, মেনন্, আই,এ,এস, কমিশনার, কৃষি ও সমষ্টি উন্নয়ন এবং সচিব (পদাধিকার বলে), কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার—চেয়ারম্যান্

(২) শ্রী জে, সি, তালুকদার, আই,এ,এস, চেয়ারম্যান্, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষৎ—পরিচালক।

(৩) শ্রী এস, আর, দাস, আই,এ,এস, অর্থ কমিশনার ও সচিব, অর্থ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার—পরিচালক।

(৪) শ্রী সি, এন, পেন-অ্যানথনি, আই,এ,এস, সেচ ও বিদ্যুৎ কমিশনার ও সচিব, বিদ্যুৎ, সেচ ও জলপথ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার—পরিচালক।

(৫) শ্রী ডি, পি, চট্টোপাধ্যায়, চিফ ইঞ্জিনীয়ার(১), সেচ এবং জলপথ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার—পরিচালক।

(৬) শ্রী ডি, এম, মুখার্জী, চিফ ইঞ্জিনীয়ার (কৃষি), পশ্চিমবঙ্গ—পরিচালক।

(৭) শ্রী বি, মন্ডল, কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ—পরিচালক।

(৮) শ্রী জে, কে, জৈন, যুগ্ম কমিশনার, ক্ষুদ্র সেচ, কৃষি মন্ত্রক, ভারত সরকার—পরিচালক।

(৯) শ্রী এ, কে, রায়, ভারত সরকারের অধীনে কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের ভূতপূর্ব মুখ্য ভূ-জল তত্ত্বাবিদ্; তৎপূর্বে তিনি দীর্ঘকাল যাবৎ জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার পুর্বাঞ্চলের ভূ-জল সম্পদ বিষয়ের অধিকর্তা ছিলেন—ম্যানেজিং ডাইরেক্টার।

(১০) শ্রীবঙ্কিম চন্দ্র ত্রিবেদী, গ্রাম ও পোঃ পুরন্দরপুর, জেলা মুর্শিদাবাদ—পরিচালক।

(১১) শ্রীনিয়ামৎ খালি শেখ, গ্রাম বেলডাঙ্গা, পোঃ দিয়ারারাধানগর, জেলা বর্ধমান—পরিচালক।

পরিচালকমন্ডলীর সদস্যদের মধ্যে প্রথম নয় জন উচ্চপদস্থ সরকারী কর্মচারী এবং শেষের দুইজন হলেন প্রগতিশীল চাষী।

Shri Abdul Bari Biswas:

মাননীয় মন্ত্রিমহাশয়, কি জানাবেন যে এই কর্পোরেশনের এখন কত টাকার মলধন আছে৲ এর সদর অফিস কোথায়, এবং কোন লোককে কর্পোরেশনের পরিচালনায় নিয়োগ করা হয়েছে?

Shri Ananda Mohan Biswas:

প্রোপোসড অথরাইসড ক্যাপিটাল ৬ কোটি টাকা, সরকার এখানে ১ কোটি টাকা এখন দেবে, বাকি টাকার ইকুয়াল সেয়ার তোলা হবে। এই কর্পোরেশনের অফিস এবং কার্যকরী বোর্ড তৈরী করা হয়েছে। শ্রী কে, পি, এ, মেনন (এক্স-অফিসো চেয়ারম্যান), কমিশনার, কৃষি ও সমষ্টি উন্নয়ন। জে, সি, তালুকদার, চেয়ারম্যান, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষৎ,

পরিচালক। এস, আর, দাস, অর্থ কমিশনার, পরিচালক। সি, এন, পেন-অ্যানথনি, সচিব, বিদ্যুৎ, সেচ ও জলপথ বিভাগ, পরিচালক। ডি, পি, চট্টোপাধ্যায়, চিফ ইঞ্জিনীয়ার; সেচ ও জলপথ বিভাগ, পরিচালক। ডি, এম, মুখার্জী, চিফ ইঞ্জিনীয়ার (কৃষি), পরিচালক। বি, মন্ডল, কৃষি অধিকর্তা, পরিচালক। জে, কে, জৈন, যুগ্ম-কমিশনার, ক্ষুদ্র সেচ, কৃষি মন্ত্রক, ভারত সরকার, পরিচালক। এ, কে, রায়, ম্যানেজিং ডাইরেক্টার। শ্রীবঙ্কিম চন্দ্র ত্রিবেদী, মুর্শিদাবাদের পুরন্দরপুরের, ইনিও পরিচালক, নিয়ামৎ আলি শেখ, বর্ধমানের, এই দুজন প্রগতিশীল চাষী। এদের নিয়ে বোর্ড গঠন করা হয়েছে।

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের বাস বিক্রয়

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১০।) ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট ১৯৭৩ সালে কয়েকটি বাস বিক্রয়-করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) কতগুলি বাস বিক্রয় করা হইয়াছে;

(২) প্রতিটি বাসের বিক্রয় মূল্য কত; ও

(৩) কিভাবে উহা বিক্রয় করা হইয়াছে?

Shri Gyan Singh Sohanpal : (a) Yes.

(b) (i) In all six unserviceable buses were sold.

(ii) Selling prices of six buses were as follows : Rs. 2,425, Rs. 2,700, Rs. 2,925, Rs. 3,450, Rs. 1,525 and Rs. 1,175.

(iii) Sold to the highest bidder through auction.

Dr. Ramendra Nath Dutt :

কোন ডিপো থেকে কটা বিক্রি করা হয়েছিল?

Shri Gyan Singh Sohanpal :

ডিপোর কথা এখানে বলা হয়নি।

Dr. Ramendra Nath Dutt :

সরকারের বিক্রির যা রেট তা কি এই বাসগুলির বেলার ধার্য্য করা হয়েছিল?

Shri Gyan Singh Sohanpal :

হ্যাঁ।

Dr. Ramendra Nath Dutt :

তার চেয়ে কত কমে বিক্রি হয়েছিল?

Shri Gyan Singh Sohanpal :

Reserve price was fixed at Rs. 4,000 for three vehicles, Rs. 2,000 for two vehicles and Rs. 3,000 for one vehicle.

Reserve price of these buses was fixed considering their condition and depreciated value as also the factors that all serviceable parts and accessories were to be removed for utilising them in other running vehicles.

Dr. Ramendra Nath Dutt :

পাবলিসিটির আগে অকসানে দেওয়া হয়েছিল কি না?

Shri Gyan Singh Sohanpal :

ইট ইজ এক্সপেকটেড যে পাবলিসিটি দেওয়া হয়েছিল।

Shri Gautam Chakraborty :

২ হাজার টাকায় যেখানে বাস বিক্রি হল সেখানে সেই বিক্রি বন্ধ করলেন না কেন?

Shri Gyan Singh Sohanpal :

North Bengal State Transport Corporation, Durgapur State Transport and Calcutta State Transport Corporation are autonomous bodies.

সেই বোর্ড ওদের কনডেম করেছে। তাতে ইঞ্জিনিয়ার একাউনটেন্ট আছে এবং তাদের রেজলিউসান অনুসারে কনডেম হয়েছে। তারপর ওদের রিপোর্ট সেগুলি বোর্ড-এর স্পেসিফিক রেজলিউসান আছে যে এই প্রাইস-এ বিক্রি করা হবে। অন দি বেসিস অফ দিজ এ্যাডভারটাইজমেন্ট করা হয়। পাবলিসিটি দেওয়া হয় এবং তারপর পাবলিক অকসন-এ হাইয়েস্ট বিল্ডারকে সেল করা হয়েছে।

[1-40—1-50 p.m.]

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এইভাবে জলের দামে বাসগুলি যখন বিক্রি হয়ে যাচ্ছে তখন গভর্ণমেন্টের তরফ থেকে বাস বিক্রি করার আগে অন্ততঃ কোন কোন বাস বিক্রির উপযোগী, কত দামে বিক্রি হতে পারে তা ঠিক করে দেবার জন্য একটা এক্সপার্ট কমিটি করবেন কি?

Shri Gyan Singh Sohanpal :

আমি আগেই বলেছি কর্পোরেশান একটা অটোনোমাস বডি, তার ডে টু ডে এ্যাডমিনিস্ট্রেসানে স্টেট গভর্ণমেন্টের পিকচার আসে না।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই যে তাঁর দপ্তর ২ হাজার, আড়াই হাজার টাকায় বাস বিক্রি করেছেন এই বিক্রিত বাস প্রাইভেট মালিকরা রাস্তায় চালাচ্ছে?

Shri Gyan Singh Sohanpal :

আমি ঠিক বলতে পারছি না চলছে কি চলছে না।

Shri Pankaj Kumar Banerjee :

আমি স্পেসিফিক বাসের নাম্বার দিতে পারি সেই বাস বিক্রি হওয়ার পর প্রাইভেট বাস রূপে চলছে এবং প্রফিট আর্ন করছে সেখানে মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা গ্রহণ করবেন?

Shri Gyan Singh Sohanpal :

আপনি নাম্বার দেবেন, আমি দেখে বলতে পারব।

Shri Niranjan Dihidar :

ই যে বাসগুলি যাঁদের কাছে বিক্রি করা হয়েছে তাঁদের নাম কি?

Shri Gyan Singh Sohanpal :

মার জানা নেই।

Shri Nitai Pada Ghosh :

ননীয় মন্ত্রিমহাশয় যে দাম বললেন আমরা জানি বাজরে একটা পুরান চেসিসের দাম হাজার টাকা, ব্যাংক স্যাফ্‌ট বিকি হচ্ছে ২ হাজার টাকায় এবং বাসকে যদি ভেঙ্গে ান দরে বিক্রি করা যায় তাহলে তার দাম হবে অন্ততঃ ৬।৭ হাজার টাকা, সেখানে ছেন ২ হাজার টাকায় একটা বাস বিক্রি হয়েছে এবং অটোনোমাস বডি বলে আমাদের রার কিছু নেই। এই যে ১০ হাজার টাকা দামের জিনিস ২ হাজার টাকায় বিক্রি হচ্ছে মি প্রশ্ন করছি তাহলে কি আমাদের কিছু করার নেই, না, করার কিছু আছে?

Shri Gyan Singh Sohanpal :

মি বলছি নর্থ বেঙ্গল ট্রান্সপোর্ট কর্পোরেশান একটা অটোনোমাস বডি, সেখানকার টু ডে ফাংকসানে আমার করার কিছু নেই।

Shri Abdul Bari Biswas :

সমস্ত কন্‌ডেমড বাস গভর্ণমেন্ট ওয়াজ কম্পেল্ড টু সেল তার একটা বাসের নাম্বার হ্ছ ২৪২৫। এই রকম ৩টি বাস এখন চলছে। আপনি কি দয়া করে জানাবেন যে সগুলি বিক্রি হয়েছে এই বাসগুলি কবে কেনা হয়েছিল?

Shri Gyan Singh Sohanpal :

ট এখন বলতে পারছি না কিন্তু
have covered 15 years, one 11years and the balance to 10years of serviceable age.

Shri Tuhin Kumar Samanta :

ননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কর্পোরেশানের কোন ফান্ড আছে কিনা এবং কর্পো-শান মোটামুটি সরকারের টাকায় চলে কিনা এবং সরকারের টাকায় যদি কর্পোরেশান ন এবং সমুদয় অর্থ যদি সরকার দিয়ে থাকেন তাহলে সেখানকার দৈনন্দিন কাজে কারের হস্তক্ষেপ চলবে না কেন?

Shri Gyan Singh Sohanpal :

কার নিশ্চয়ই রিজন মিন্‌স এ্যাডভান্স দেয়।

Shri Nandalal Banerjee :

সমস্ত ভেহিকল আছে তাদের প্রতিটির হিস্ট্রি সিট আছে কিনা?

Shri Gyan Singh Sohanpal :

কার কথা।

Shri Nandalal Banerjee :

স্ট্রি সিট যদি থাকে তাহলে যখন বিক্রি হয়েছে তখন হিস্ট্রি সিটে কি দেখান আছে নক পার্টস মিসিং?

Shri Gyan Singh Sohanpal :
আমি বলেছি পার্টসগুলি খুলে অন্য গাড়ীতে লাগান হয়েছে।

Shri Nandalal Banerjee :
বাসগুলি বিক্রি করার আগে কি জাংকে পরিণত হয়েছিল?

Shri Gyan Singh Sohanpal :
মোর অর লেস।

Shri Sankar Das Paul :
পরিবহনমন্ত্রি মহাশয় বললেন অটোনোমাস বডিতে ইঞ্জিনিয়ার্স, এক্সপার্টস আছে, ত
দাম ঠিক করে দিলেন ১২০০ কি ২০০০ টাকা, সেটার এ্যাপ্রুভ্যাল নেওয়ার দরকার
কি পড়ে না?

Shri Gyan Singh Sohanpal :
এ্যাপ্রুভ্যাল লাগে না।

Shri Nitai Pada Ghosh :
এই যে বাস এত কম দাবে বিক্রি হল এবং যার জন্য সরকার পুরানো বাসের যথা
দাম পেল না এটং ঠিকমত প্রচার না হওয়ার জন্যই হয়েছে। ভবিষ্যতে এই অটোনোম
বডি এইভাবে যাতে বাস বিক্রি করতে না পারে সরকার তার জন্য কোন ব্যবস্থা নে
কি? এই পুরানো বাস নিলাম হবার আগে যদি খবরের কাগজে বিজ্ঞাপন দেওয়া
তাহলে আমি মনে করি এই রকম কোয়েশ্চেন উঠবে না।

Mr. Speaker :
আপনি যে বলছেন 'মনে করি' তার মানে এটা হচ্ছে ম্যাটার অব ওপিনিয়ান। ইট
কমপ্লিটলি ইয়োর পারসোন্যাল ওপিনিয়ান। ওটা না বলে বলুন, কোন কোন কাগ
বিজ্ঞাপন দেওয়া হয়েছিল এই বাস বিক্রি করার আগে, এই ধরনের স্পেসিফিক কোয়েশ
করুন। অর্থাৎ আপনি কোয়েশ্চেন করুন যে, কোন্ কোন্ কাগজে কি কি তারিখে বিজ্ঞা
দেওয়া হয়েছিল মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Rathin Talukdar :
স্যার, আমার মনে হয় কোলকাতা কেন বাংলাদেশের কোথাও ঠেলাগাড়ীও এত কম দ
পাওয়া যায় না। আমি জিজ্ঞাসা করছি, এই বাস বিক্রির ব্যাপারে যে বিরাট দুর্নীতি হ
সেই দুর্নীতি তদন্ত করার জন্য তিনি কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

Mr. Speaker : Please do not [put] that to the Minister himself. It misleading.
দুর্নীতি হয়েছে সেটা উনি স্বীকার করেছেন কি? আগে সেটা জিজ্ঞাসা করুন।

Shri Sunil Kar :
কুচবিহারে যে বাস অকসান করা হয়েছে ৭ দিন আগেও সে বাস রাস্তায় চলেছিল।
বাসের দাম এত কম হওয়াটা সমিচীন হয়েছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal :
আমার জানা নেই।

Shri Rajani Kanta Doloi :

নীয় মন্ত্রিমহাশয় বললেন যে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট ং দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট এগুলি কর্পোরেশন এবং অটোনোমাস বডি। আমার াস্য, সরকার চিন্তা করছেন কি এই সমস্ত স্টেট ট্রান্সপোর্ট নিজের কন্ট্রোলে ার জন্য?

Shri Gyan Singh Sohanpal :

50—2-00 p.m.]

Shri Bijoy Singh Nahar :

যে ৬টি বাস বিক্রয় হয়েছে এই বাসগুলি কতদিন পর্যন্ত রাস্তায় চলেছিল এবং কবে ং কোন বাস কনডেম্ড হয়েছে মন্ত্রিমহাশয় সেই তারিখগুলি জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal :

টিশ চাই।

Shri Bijoy Singh Nahar :

নীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়ের কাছে যখন সব তথ্য নেই তখন আজকে এই বন্ধ রেখে কালকে ধরুন। কয়টা বাস কিনেছে, কয়টা বাস কনডেম্ড হয়েছে এইসব রা জানতে চাই। আজকে উনি উত্তর দিতে পারছেন না, ফল্টার করে যাচ্ছে।

(নো রিপ্লাই)

(নয়েজ) শ্রীগঙ্গাধর প্রামাণিক রোজ টু স্পিক।

Shri Abdul Bari Biswas :

এ পয়েন্ট অব অর্ডার, স্যার। উই সিক ইওর প্রোটেকসন।

Mr. Speaker :

ং টেক ইওর সিট। আই এ্যালাউ শ্রীগঙ্গাধর প্রামাণিক।

(শ্রীআবদুল বারি বিশ্বাস রোজ টু স্পিক)

Shri Nitai Pada Ghosh :

নীয় স্পীকার মহাশয়, আমি প্রত্যেকদিনই লক্ষ্য করছি আমাদের মত সদস্যেরা বলতে লেই আবদুল বারি বিশ্বাস বার বার আমাদের বলতে বাধা দেন। আমি মনে করি ্যকটি সদস্যকেই বলতে দেওয়া উচিত।

Mr. Speaker : I do appreciate the feeling as expressed by the honourable member. ri Biswas, you should not stand up when I call upon another member to speak. ıny of the honourable members have this grievance against you. When I l the name of any particular honourable member, please be seated. Do not nd up unless I call you by name.

Shri Abdul Bari Biswas :

ন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, এই যে ১৯৯নং প্রশ্ন তার "খ"-তে আছে, কতগুলি স বিক্রয় করা হয়েছে এবং তার উত্তরে উনি বললেন ৬টি বাস। তারপর প্রশ্ন করা

হয়েছে, এগুলি কার কাছে বিক্রয় করা হয়েছে? কাজেই আপনি বলুই হোয়েদার দি কোশ্চেন ওয়াজ রেলেভেন্ট অর নট? কিছুদিন আগে এটাই বলা হয়েছিল যে, অল দি কোশ্চেন ওয়েদার রেলেভেন্ট অথচ আজকে মন্ত্রিমহাশয় কোন উত্তর দিচ্ছেন না। কাজেই আপনি সমস্ত জিনিসটা চিন্তা করে দেখুন। মন্ত্রিমহাশয় যদি যথাযথভাবে প্রশ্নের উত্তর দেন তাহলে আমরা নিশ্চয়ই সন্তুষ্ট হব।

Mr. Speaker :

প্রশ্ন যদি রেলেভেন্ট হোত তাহলে বলতে দিতাম অথবা ডিকলেয়ার করতাম ইট ইজ ইররেলেভেন্ট, অর আউট অব অর্ডার, অর ডাজ্ নট এ্যারাইজ। মিনিস্টারের কাছে যে ইনফর্মেসন আছে সেটা তিনি বলেছেন। ইট্‌মে বি দ্যাট হি হ্যাজ আস্কড ফর টাইম এ্যান্ড সেড, "আই উইল লেট ইউ নো ল্যাটার অন অর আই উইল লেট দি হাউস নো লেটার অন। তাঁর কাছে এখনই সমস্ত ইনফর্মেসন নেই, এটা অনেক সময় হতে পারে এবং তার জন্য তিনি সময় চাইতে পারেন।

Shri Gangadhar Pramanick :

মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দেবার সময় বলেছেন এই সমস্ত অটোনমাস বডিতে এক্সপা কমিটি আছে, এক্সপার্ট কমিটি বিবেচনা করে সব জিনিস দেখে, আলোচনা করে, এক দাম নির্ধারিত করে দিয়েছে সেই হিসাবে জিনিসগুলি বিক্রয় হয়েছে। এটা যদি তাঁ বক্তব্য হয় তাহলে নিশ্চয়ই তাঁর পক্ষে বলা সম্ভব যে সেই এক্সপার্ট কমিটি হবে সে বাস চলেছিল কবে বন্ধ হয়েছিল এবং কি অবস্থায় এসে কনডেমেশন হয়েছে সেই ফাই নিশ্চয়ই মন্ত্রিমহাশয়কে পাঠাবেন যখন এই কোশ্চেনটা তাঁর দপ্তরে গিয়েছিল। তি সেখানে যদি উত্তরে বলেন যে আমার কাছে কিছু নাই, সেখানে আপনার কাছে প্রটেকশ চাচ্ছি, মন্ত্রিমহাশয় না বুঝে বলেছেন, কি তিনি পরে বুঝে আমাদের জানাবেন তাহলে স্যার, এতগুলি সাপ্লিমেন্টারি হওয়ার অবকাশ থাকে না। এটা আপনার কাছে নিবেদ করছি যে এই সম্বন্ধে মন্ত্রিমহাশয় সঠিক তথ্যটা জানালে ভাল হয়।

Shri Gyan Singh Sohanpal :

স্যার, আমি বলছি অনারেবেল শ্রীবিজয় সিং নাহারের কোশ্চেনের জবাবে যে কোন্ কো রুটে চলছে, কবে কবে চলেছে, কোন্ কোন্ তারিখে চলেছে সেটা আমার কাছে নাই ওজিনিস আমি বলতে পারবো না। কিন্তু আমি বলেছি যে সেখানে একটা কনডেমেশ বোর্ড হয়েছে। বোর্ডের মধ্যে চিফ ইঞ্জিনীয়ার চেয়ারম্যান ছিলেন, এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়া রায়গঞ্জ, মেম্বার ছিলেন, সার্ভিস ইঞ্জিনীয়ার, কুচবিহার, মেম্বার ছিলেন, তাদের রিপো নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বোর্ডের কাছে প্লেস করেছিল সেখানে বোর্ড সে এ্যাক্সেপ্ট করেছে। একথার বাইরে আমি আর কিছু বলতে পারবো না।

Shri Sankar Das Paul :

আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে ঐ অটোনমাস বডি যেটা আছে সেই অটো নমাস বডি যখন আপনি বুঝতে পারছেন, আপনি কি মনে করছেন না যে বাসগুলি ১২ শত, ২ হাজার টাকায় বিক্রি হয়েছে সেটা ঠিক ন্যায়সঙ্গত দাম হয়নি। আপনি জানেন যে একটা বাসের চেসিস, বডিটা যদি লোহার দরেও বিক্রয় করা হয় তাতেও ৩।৪ হাজার টাকা হয়ে যায়। যদি অটোনমাস বডি একটা ভুল করে সেই ভুলটা কি আপনি মনে করছেন যে এই ভুলটা করার জন্য এই অটোনমাস বডি ভাঙ্গা দরকার?

(নো রিপ্লাই)

Shri Nandalal Banerjee :

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই সমস্ত বাস থেকে পার্টস খুলে নিয়ে অন্য বাসে লাগিয়ে জাংকে পরিণত করা হয়েছে—এটা তিনি এ্যাডমিট করেছেন, সেখানে একটা তদন্ত

করবার অবকাশ আছে যে ইচ্ছাকৃতভাবে যদি একটা বাসের পার্টসগুলি খুলে নিয়ে অন বাসে লাগিয়ে তাকে জ্যাংকে পরিণত করা যায় তাহলে তার মূল্য ২ হাজার, ১ হাজা হতে পারে—ভাঙ্গা লোহার মূল্য যা তাই। এখানে মন্ত্রিমহাশয়কে বলছি যে তিনি এ বিষয় একটা তদন্ত করবেন যে এই পার্টসগুলি খুলে নিয়ে অন্য জায়গায় লাগান হয় কেন আমি কলকাতা কর্পোরেশনের অভিজ্ঞতা থেকে বলছি সেখানেও চলতি বাস হয়ত সামান একটা পার্টস খারাপ হয়ে গিয়েছে, বদলাবার জন্য এসেছে, পার্টস তার খুলে নিয়ে অন পার্টস লাগিয়ে তাকে কনডেম করে ঐরকম দেড় হাজারা দু হাজারে বিকি করা হয় এই পরিপ্রেক্ষিতে মন্ত্রিমহাশয় কি তদন্ত করবেন? উনি বলেছেন যে পার্টস খুলে নিয়ে অন্য বাসে লাগিয়ে জাংকে পরিণত করা হেয়েছে।

Shri Gyan Singh Sohanpal :

আমি বলেছি যে ঐ বাস কয়েকটি যা বিক্রয় হয়েছে তার মধ্যে ৩টি তার লাইফ ছিল ১৫ বৎসর, ৪টি বাসের লাইফ ছিল ১১ বৎসর আর যে ১টি বাস ছিল তার লাইফ ছিল ১০ বৎসর। সুতরাং এটা ঠিক নয় যে ভাল গাড়ীর মাল খুলে অন্য গাড়ীতে লাগান হয়েছে।

Shri Pankaj Kumar Banerjee :

আমরা কি জানতে পারি যে এই বাসগুলি বিক্রয় করার আগে কতদিন আগে শেষ রাস্তায় চলেছিল?

(নো রিপ্লাই)

আমি অ্যানসারটা পেলাম না, স্যার।

Shri Gyan Singh Sohanpal :

আমি তো আগেই উত্তরে বলেছি।

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এত অল্প দামে বিক্রি করাটার মধ্যে কোন দুর্নীতি আছে কিনা। দুর্নীতি থাকলে দুর্নীতির বিরুদ্ধে তদন্ত করবেন কিনা?

Shri Gyan Singh Sohanpal :

রেকর্ডে যা পাওয়া যাচ্ছে তার বাইরে আমার পক্ষে বলা সম্ভব নয়। আপনার যদি স্পেসিফিক কোন কমপ্লেন থাকে, আপনার স্পেসিফিক যদি কোন ইনফর্মেশন থাকে, স্পেসিফিক যদি আপনার কিছু জানা থাকে তবে আমাকে জানালে আমি নিশ্চয়ই দেখবো।

[2-00—2-10 p.m.]

Shri Abdul Bari Biswas :

এই যে ৬ খানা বাস করার প্রস্তাব দেওয়া হয়েছিল, এটা কি কোন খবরের কাগজে কোন পাব্লিক্ প্লেসে দেওয়া হয়েছিল, যদি দেওয়া হয়ে থাকে কোন্ দৈনিক কাগজে দিয়েছিলেন?

Shri Gyan Singh Sohanpal :

এটা স্টেট গভর্ণমেন্ট করে না কর্পোরেশন করে, ইট ইজ এক্সপেক্টেড যে হয়েছিল, নইলে পাবলিক অক্শনে হতে পারে, নোটিশ দিলে খবর নিয়ে বলতে পারব।

Shri Susanta Bhattacherjee :

একটা প্রশ্ন আমাদের মনে জেগেছে, সকলের মনেই এই সন্দেহ হচ্ছে যে বাস দু হাজার টাকায় বিক্রী হয়েছে, নিশ্চয়ই এর মধ্যে দুর্নীতি রয়েছে, হাউসের অধিকাংশ সদস্য-এর মত এই যে একটা তদন্ত করা উচিত, এই তদন্ত করবেন কি?

Shri Gyan Singh Sohanpal :

এটা ম্যাটার অব ওপিনিয়ন, এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Rabindra Ghosh :

যে বাসগুলি বিক্রী হয়েছে, কোন্ কোন্ নামে বিক্রী হয়েছে জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal :

আমার যতদূর মনে হচ্ছে তার মধ্যে কোন সর্দারজী ছিল না।

Shri Gautam Chakraborty :

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর কোন বাস যখন এভাবে নীলাম করা হবে কনডেম করে, সেক্ষেত্রে সরকার থেকে কোন কন্ট্রোল করবেন কিনা?

Mr. Speaker : That is hypothetical question. Question hour is over. Now short-notice question.

STARRED SHORT NOTICE QUESTION

(to which oral answer was given)

Increase in quota of Rice and Wheat

***422.** (Short Notice) (Admitted question No. *2056) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has placed any demand before the Central Government for increasing the quota of rice and wheat for the State; and

(b) if so, the results thereof ?

Shri Prafulla Kanti Ghosh : (a) The State Government is repeatedly urging upon the Central Government to meet the minimum requirement of rice and wheat for the public distribution system in West Bengal and to increase the State's quota.

(b) The result has not been satisfactory.

Shri Rajani Kanta Doloi :

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি আমাদের মিনিমাম্ রিকয়ারমেন্ট কত?

Shri Prafulla Kanti Ghosh :

আমরা দুভাবে বন্টন করি, স্ট্যাটুটারি রেশনিং আর মডিফাইড রেশনিং-এ। স্ট্যাটুটারি রেশনিং-এ এক হাজার গ্রাম চাল আর এক হাজার গ্রাম গম করে দিতে আমাদের ৪০ হাজার

টন চাল আর ৪০ হাজার টন গমের দরকার হয়, মডিফায়েড রেশনিং—ক ও খ-কে যদি দিই, তাহলে লাগবে ৫০ হাজার টন চাল আর ৫০ হাজার টন গম।

Shri Rajani Kanta Doloi :

সেন্ট্রাল গভর্ণমেন্ট আমাদের কত দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন?

Shri Prafulla Kanti Ghosh :

গত মাস পর্য্যন্ত আমাদের দিয়েছিলেন চাল বাবদ ৩০ হাজার টন এবং গম বাবদ ৯০ হাজার টন, এপ্রিল মাস থেকে ইন্ডিকেশন পেয়েছি চাল পাচ্ছি ৪২ হাজার টন এবং গম ৯০ হাজার টন।

Shri Rajani Kanta Doloi :

খবরের কাগজে দেখলাম পাশ্চিমবঙ্গ প্রদেশ যুব কংগ্রেস সভাপতি সুদীপ ব্যানার্জী এবং প্রিয়রঞ্জন দাসমুন্সী, এঁরা গিয়ে ইউনিয়ন ফুড মিনিস্টারের সঙ্গে দেখা করেছিলেন, সেই বসিসেই ইউনিয়ন ফুড মিনিস্টার বার হাজার টন এক্সট্রা রাইস দেবার প্রতিশ্রুতি দিয়েছেন, এটা ঠিক কিনা জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্যের কথাটা একটু ক্লারিফিকেশন দরকার। ১২ হাজার টোট্যাল—অর্থাৎ গত মাসে ৩০ হাজার টন দিয়েছিলেন—পয়লা এপ্রিল থেকে সেটা ১২ হাজার টন হয়েছে। আগে ১০ হাজার টন দিতেন। পরবর্তীকালে যুব কংগ্রেসর নেতারা তাঁদের সাথীদের নিয়ে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার পর আরো আমরা ২ হাজার টন পেয়েছি। তাতে মোট দাঁড়িয়েছে ১২ হাজার টন।

Shri Tuhin Kumar Samanta :

পশ্চিমবঙ্গের যুব-কংগ্রেসের প্রতিনিধি দল কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে খাদ্যের দাবী করেছিলেন, স্ট্যাটুটারি রেশনিং এলাকায় কেন্দ্রীয় সরকার খাদ্যশষ্য সরবরাহ করবেন বলে আশ্বাস কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী দিয়েছিলেন—সেটা সম্বন্ধে ষ্টেট গভর্ণমেণ্ট কিছু জানেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

হ্যাঁ, সম্পূর্ণ জানি। আমি মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি আমি সেই নেতার কাছে টেলিগ্রাম করে কৃতজ্ঞতা জানিয়েছি—তিনি যে এই কেস সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে তুলেছিলেন এবং তার দলে আমরা এই দু হাজার টন অতিরিক্ত পেয়েছি।

Shri Sisir Kumar Sen :

এখন কি মডিফায়েড রেশনিং এলাকায় চাল দেওয়া হচ্ছে বা সেই সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন মন্ত্রিমহাশয়?

Shri Prafulla Kanti Ghosh :

হ্যাঁ, দেওয়া হচ্ছে। তবে fringe rationing রেশনিং এলাকায় আমরা চাল দিচ্ছি ৭৫০ গ্রাম এবং বিভিন্ন ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেট-এর কাছে আমরা সামান্য চাল এবং কিছুটা গম পাঠাই, ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেট প্রয়োজন অনুযায়ী তাঁর ডিস্ট্রিক্টের ভেতর সেটা বন্টনের ব্যবস্থা করেন।

Statement under Rule 346

Mr. Speaker : The Chief Minister will make a statement under Rule 346.

Shri Siddhartha Shankar Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনার কাছে এবং আপনার মাধ্যমে বিধানসভার মাননীয় সদস্যদের কাছে ক্ষমা চাচ্ছি। কালকে ধর্মঘটরত যে ডাক্তার ও ইঞ্জিনীয়াররা ছিলেন, তাঁদের সঙ্গে যে চুক্তি হয়েছে তা হাউসকে আমি জানাতে পারিনি। কারণ যে সময় চুক্তিটা স্বাক্ষর করা হয়, সে সময় রাত ১১টা বাজতে ১০ মিনিট বাকী। সেই চুক্তি স্বাক্ষরিত হবার পর সর্বপ্রথম যে সুযোগ আমি পেয়েছি, সেই সুযোগে আপনার সাহায্যে বিধানসভার সদস্যদের কাছে কী হয়েছে, সেটা রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এগ্রিমেণ্ট হয়েছে তা সদস্যদের কাছে বিলি করবার জন্য সাইক্লোস্টাইল করা হয়েছে। যে এগ্রিমেণ্ট হয়েছে সেটা আমি পড়ে দিচ্ছি

1. The striking doctors and engineers are withdrawing their cease-work forthwith pursuant to the Chief Minister's request, and all matters are left to the Chief Minister, and the Government will decide the questions fairly and sympathetically, subject to its financial commitments within 45 days after obtaining a report from a Committee to be appointed for the purpose with a few Ministers, two Members of the Planning Board, the Chief Secretary and some other officials.

2. If the striking doctors and engineers rejoin by the 3rd April, 1974, no action will be taken against them except that the period of the cease-work will be adjusted against leave due for the purpose of pay, and applications will be made by the concerned doctors and engineers for that purpose.

3. Everyone will try his best, immediately after rejoining, to make up for the time lost and see to it that the tempo of all development work and other services is raised forthwith.

এখানে সই করেছেন কনফেডারেসনের জয়েণ্ট কনভেনার ডাঃ আর কে, সামন্ত এবং ডাঃ এস, বি, চক্রবর্তী—এঁরা সই করেছেন,

We agree subject to ratification by the general body tomorrow.

আজকে তাঁদের জেনারেল বডির মিটিং হচ্ছে। আমি আশা করবো জেনারেল বডি এটা অনুমোদন করবেন এবং এই এগ্রিমেণ্ট অনুসারে সমস্ত কেস ওয়ার্ক তুলে নিয়ে তাঁরা কাজ সুরু করবেন।

Shri Ajoy Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকদিন ধরে এই ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধর্মঘট চলছিলো। এটা খুবই আনন্দের কথা যে এটা মিটে গেছে। আর যে টুকু জের আছে আমি মনে করি না যে তাতে গোলমাল হবে। আমি ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধন্যবাদ জানাই। দেশের একটা অশান্তি দূর হয়েছে। আশা করি তাঁরা সুষ্ঠুভাবে কাজে যোগদান করবেন।

Shri Pradyot Kumar Mahanti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধর্মঘট মিটে যাওয়ার ফলে জনসাধারণের যে দুঃখ ও কষ্ট হচ্ছিল সে কষ্টের লাঘব হবে। তারা ধর্মঘট তুলে নিয়ে কাজে যোগদানের ফলে সাধারণ মানুষ স্বস্তির নিশ্বাস ফেলেছে ও আমরা বিধানসভার সদস্যরা স্বস্তির নিশ্বাস ফেলতে পেরেছি। আমি ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মুখ্যমন্ত্রী অশেষ ধৈর্য্যের সঙ্গে এই ধর্মঘটজনিত অবস্থার মোকাবিলা করতে চেষ্টা করেছেন। তাদের উপর কোন বিদ্বেষ পোষণ যেন না করেন। যদিও তাঁর মন্ত্রীসভার কেউ কেউ

দের বিরুদ্ধে আনচেরিটেবল রিমার্কস করেছেন। তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী অশেষ ধৈর্য্য য়ে পশ্চিমবাংলার অশেষ কল্যাণ করেছেন এবং ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধর্মঘট তুলে ওয়ার সাহায্য করলেন। আমি এর জন্য ধন্যবাদ জানাচ্ছি।

Shri Biswanath Chakraborti :

ননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের ধর্মঘট আমরা দ্বেগের সঙ্গে লক্ষ্য করছিলাম। এই সভাতে টেকনোক্র্যাটদের নিয়ে অনেক তর্ক বিতর্ক য়েছে। যা হোক শেষ পর্যন্ত সব মীমাংসা হল। আমরা যারা কমিউনিস্ট পার্টিতে ছি তারা সকলেই খুশী হয়েছি। আমরা আশা করবো যে জেনারেল বডির যে মিটিং ছে তাতে এটা পাশ হয়ে যাবে। আমি বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো, ডাক্তার ইঞ্জিনীয়ারদের বলবো যেন এটাকে জয় পরাজয়-এর ক্ষেত্র হিসাবে না নেন, এবং গজে যে প্রতিশ্রুতির কথা বেরিয়েছে সেগুলি যেন নিদৃষ্ট সময়ে পালিত হয়—ভবিষ্যতে ান মন্দ অনুভূতির জনক না হয় এইটুকু আমি বলছি।

Shri Nandalal Banerjee :

ননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কনস্টিটিউয়েন্সিতে আর, জি, কর মেডিকেল কলেজ ড় যার কথা আমি বার বার বলেছি। আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রীর উপস্থিতিতে আর, , কর মেডিকেল কলেজ যে বন্ধ ছিলো তার আউটডোর ইমারজেন্সি ওয়ার্ড তা তারা ল দিচ্ছেন বলে সিদ্ধান্ত নিয়েছেন এবং আজকেই তারা খুলে দিয়েছেন।

STARRED QUESTIONS

(to which oral answers were laid on the table)

মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বহরমপুর সেন্ট্রাল জেল হইতে কয়েদীর মুক্তি

*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: স্বরাষ্ট্র (কারা) ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭০-৭২ হইতে ১৯৭২-৭৩ সালের মধ্যে বহরমপুর সেন্ট্রাল জেল হইতে কারাবরণের নির্দিষ্ট মেয়াদ শেষ হইবার পূর্বে কিছুসংখ্যক বন্দীকে মুক্তি দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ কোন্ সালে কয়জন করিয়া ঐরূপ বন্দীকে মুক্তি দেওয়া হইয়াছে; ও

(২) ইহার কারণ?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী:

(ক) ও (খ) বহরমপুর সেন্ট্রাল জেল হইতে কিছু সংখ্যক বন্দীর নির্দিষ্ট সময়ের পূর্বে মুক্তি পাবার ঘটনা সম্প্রতি সরকারের গোচরে আসে। এ বিষয়ে যথাযথ তদন্ত করে পূর্ণাঙ্গ রিপোর্ট দাখিল করার জন্য মুর্শিদাবাদের জেলা শাসককে বলা হয়েছে।

রাষ্ট্রীয় পরিবহণে লোকসান

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০।) শ্রীনিতাইপদ সরকার: স্বরাষ্ট্র (পরিবহণ) ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাষ্ট্রীয় পরিবহণের ভাড়া বাবত গত ছয় মাসে (আগস্ট, ১৯৭৩ হইতে জানুয়ারি, ১৯৭৪ পর্যন্ত) প্রভুত অর্থ লোকসান হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি; ও (২) ঐ ছয় মাসের (মাস অনুযায়ী) আয়ের তালিকা; এবং

(গ) ১৯৭২-৭৩ সালের ঐ সময় উক্ত আয় কিরূপ ছিল?

স্বরাস্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

		সি, এস্, টি, সি	এন্, বি, এস্, টি, সি	ডি, এস্, টি, সি
(ক)		হ্যাঁ।	না।	না।
(খ) (১)		স্থানীয় ধর্ম্মঘট, সাধারণ ধর্ম্মঘট, ভাড়াবৃদ্ধি প্রতিরোধ অন্দোলন এবং কর্মচারীদের শৃংখলাবোধের অবনতির জন্য কম বাস রাস্তায় বেরিয়েছে এবং আয় কমেছে	প্রশ্ন ওঠে না।	প্রশ্ন ওঠে না
(২) আগস্ট, ৭৩	—	৪৩,২০,৪৭৪	১৯,৪৮,০৩২	৩,১০,৩৩৪ টা
সেপ্টেম্বর, ৭৩	—	৩৬,৭৭,৭৩৫	১৯,৪২,৪১৪	৩,০৪,৭৯৫ „
অক্টোবর, ৭৩	—	৩৬,৭০,৩৮৭	২১,৪০,৮৯২	৩,০৪,০৭১ „
নভেম্বর, ৭৩	—	৩৮,৮৭,০৯৪	২০,২১,১৯৭	৩,০১,০২০ „
ডিসেম্বর, ৭৩	—	৩০ ৪৪,৫২১	২০,৪৪,১১৮	২,৯২,০৫৩ „
জানুয়ারী, ৭৪	—	৩৭,৯৮,০৭৭	২১,৩২,৫৫৪	৩,৫৭,৪৩৩ „
		২২৩,৯৮,২৮৮	১২২,২৯,২০৭	১৮,৮৫,৬৮৬ টা
(গ)		২৬৩.৪৮,১০৯	১১৩,৫৫,৫৬৮	১৩,২৬,৫২১ টা

পশ্চিমবঙ্গে চিনি সরবরাহ

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বৎসরে মোট কত পরিমাণ চিনির প্রয়োজন হয়;

(খ) এই চিনি কোথা থেকে ও কিভাবে পাওয়া যায়;

(গ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রেশনে ও খোলাবাজারে চিনি পাওয়া যাইতেছে না;

(ঘ) অবগত থাকিলে, চিনি না পাওয়ার কারণ কি;

(ঙ) ১৯৭২ সালের এপ্রিল মাসে ও ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে খোলাবাজারের চিনির কিলোপ্রতি মূল্য কত ছিল; এবং

(চ) মূল্য বৃদ্ধি হইয়া থাকিলে, তাহার কারণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আনুমানিক ৩,৫০,০০০ মেট্রিক টন।

(খ) ভারত সরকার এই রাজ্যের জন্য মাসিক ভিত্তিতে বাৎসরিক প্রায় ২,৫০,০০০ মেট্রিক টন লেভি চিনি বরাদ্দ করেন। এই চিনি বিভিন্ন রাজ্যে অবস্থিত চিনি কল হইতে বরাদ্দ মত ফুড করপোরেশন অফ্ ইন্ডিয়া আমদানী করেন। বাকী আনুমানিক ১,০০,০০০ মেট্রিক টন চিনি খোলা বাজারের চিনি ব্যবসায়ীরা বিভিন্ন রাজ্য হইতে আমদানী করে।

(গ) গ্রামাঞ্চলে রেশনে চিনির বণ্টন ব্যবস্থা কিছু দিনের জন্য বিঘ্নিত হইয়াছিল। খোলা বাজারে চিনি না পাওয়ার সংবাদ সরকার অবগত নহেন।

(ঘ) গত নভেম্বর মাসে রেলের লোকো কর্মচারীদের ধর্মঘটের ফলে পর্যাপ্ত পরিমাণ ওয়াগন না পাওয়ার জন্য ফুড করপোরেশন মাসিক বরাদ্দকৃত লেভি চিনি আনিতে পারেন নাই।

(ঙ) এই রাজ্যে ১৯৭২ সালের এপ্রিল মাসে ও ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহে চিনির কিলোপ্রতি গড় দাম যথাক্রমে ৩·০৭ টাকা এবং ৪·১৭ টাকা ছিল।

(চ) খোলা বাজারে চিনির উপর আবগারী শুল্ক ও চিনি কলগুলি কর্তৃক চিনির বিক্রয় মূল্য বৃদ্ধি।

লালগোলা স্পেশাল জেলের সংস্কার

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৬।) শ্রীমহম্মদ দোস্তার বক্স ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় লালগোলা স্পেশাল জেলের অধিকাংশ গৃহ ভাঙ্গিয়া পড়িবার উপক্রম হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহা সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না; কিন্তু জেল ভবনের কিছু কিছু অংশে ফাটল দেখা গিয়াছে;

(খ) পূর্ত বিভাগের মুখ্যবাস্তুকারকে ইতিমধ্যেই প্রয়োজনীয় মেরামতী কার্য সত্বর গ্রহণ করিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

ইউরিয়া সারের দুষ্প্রাপ্যতা

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯।) শ্রীগণেশ হাটুই ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে বর্তমানে ইউরিয়া সার একরকম দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছে এবং

(খ) সত্য হইলে—

(১) চাষীদিগকে সুলভমূল্যে ইউরিয়া সার সরবরাহের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা; ও

(২) করিয়া থাকিলে, তাহা কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ইউরিয়া সারের অত্যন্ত অভাব আছে সেই সম্বন্ধে সরকার অবগত আছেন।

(খ) (১) সরকার নির্দ্ধারিত মূল্যে ইউরিয়া সার সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে।

(২) কেন্দ্রীয় সরকার ও ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়ার নিকট হইতে ফেব্রুয়ারী হইতে এপ্রিল মাসের জন্য ১৫,৭৮২ মেট্রিক টন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গিয়াছে। এই সার জেলা শাসকগণের তত্বাবধানে বি, ডি, ও-গণের দেওয়া পার্মিট সাপেক্ষে বিলি করার ব্যবস্থা করা হইয়াছে।

ধানভানা কলের মাধ্যমে ধান-চাল সংগ্রহ

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬।) শ্রীসুধীর চন্দ্র দাস ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামাঞ্চলে ছোট ছোট ধানভানা কলের মাধ্যমে ধান্য ও চাউল সংগ্রহের পরিকল্পনা গ্রহণ করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, পরিকল্পনার বিস্তৃত বিবরণ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এবং (খ) গ্রামাঞ্চলে লাইসেন্স প্রাপ্ত ধানভানা কলের মাধ্যমে চাউল সংগ্র একটি পরীক্ষামূলক পরিকল্পনা আছে। এই পরিকল্পনা অনুযায়ী গ্রামাঞ্চ যাঁহারা ধানভানা কলে ধান ভানাইতে আসিবেন, কলের মালিকগণ তাঁহা নিকট হইতে ধানভানার জন্য প্রাপ্য মজুরী অর্থে না লইয়া চাউলে লইবে এইভাবে মজুরী বাবদ যে চাল আদায় হইবে তাহা সরকারী এজেন্টদের নি কলের মালিকগণ সরকার নির্ধারিত সংগ্রহ মূল্যে-এ বিক্রয় করিবেন। পরিকল্পনা যেখানে যতদূর সম্ভব কার্য্যকরী করার জন্য জেলা কর্তৃপক্ষ নির্দেশ দেওয়া হইয়াছে। কিন্তু এটি বাধ্যতামূলকভাবে চালু করার নি দেওয়া হয় নাই।

দুর্গাপুর স্টেটট্রান্সপোর্টের নূতন বাসরুট

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৯।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন কর্তৃপক্ষ রাজ্যের অন্যা জেলার সহিত যোগাযোগের জন্য কয়েকটি নূতন বাসরুটে বাস সার্ভিস চা করিবার সিদ্ধান্ত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত পরিকল্পনার বিস্তৃত বিবরণ;

(২) উহাতে কতজন লোকের চাকুরি হইবার সম্ভাবনা;

(৩) উক্ত সার্ভিস চালু করিতে মোট কত টাকা ব্যয় হইবে; ও

(ঘ) কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ চালু হইবে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) প্রদেশের ভিতরে ও বাহিরে প্রধান স্থানগুলি সংযুক্ত করার জন্য কতিপয় বাস সার্ভিস খুলিবার পরিকল্পনা দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের আছে;

(খ) (১) এই রুটগুলিতে ঐ বাস সার্ভিসগুলি চলিবার পরিকল্পনা আছে—দুর্গাপুর-সিউড়ি, দুর্গাপুর-বাঁকুড়া, দুর্গাপুর-হলদিয়া, পুরুলিয়া-বাঁকুড়া, পুরুলিয়া-ধানবাদ, দুর্গাপুর-টাটা, দুর্গাপুর-কলিকাতা, দুর্গাপুর-শান্তিনিকেতন, দুর্গাপুর-রামপুরহাট, দুর্গাপুর-দীঘা, দুর্গাপুর-ঝাড়গ্রাম, বৰ্দ্ধমান-আসানসোল, দুর্গাপুর-মেদিনীপুর, দুর্গাপুর-দেওঘর, দুর্গাপুর-কালনা, দুর্গাপুর-কাটোয়া, দুর্গাপুর-বিষ্ণুপুর, দুর্গাপুর-মালদা এবং দুর্গাপুর-ধানবাদ;

(২) ৭৬৬ জনের;

(৩) পরিকল্পনার অনুমিত ব্যয় ৯৭·২১ লক্ষ টাকা;

(৪) এখন বলা সম্ভব নয়।

বড়ঞা থানার সাহেবনগর ও হাতিশালায় রিভার পাম্প বসানোর কাজ

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮।) শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিকঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বড়ঞা থানার অন্তর্গত সাহেবনগর ও হাতিশালা নামক স্থানে রিভার পাম্প-এর সাহায্যে জলসেচের জন্য যে পাইপ লাইন বসানো হইতেছে তাহার কাজ এখনও পর্যন্ত কমপ্লিট না হওয়ার কারণ কি;

(খ) কত দিনের মধ্যে এই দুই স্থানের পাইপ লাইন বসানের কাজ সম্পূর্ণ হইবে;

(গ) ইহা কি সত্য যে, হাতিশালার রিভার পাম্প-এর দুইটি মেশিন-এর মধ্যে একটি অচল হইয়া পড়িয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত মেশিন মেরামত বা রিপ্লেস না করার কারণ কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) উক্ত নদী সেচ প্রকল্প দুটির পাইপ লাইন ১৯৭০-৭১ সালে সম্পূর্ণ হইয়াছিল কিন্তু পর পর দুইবার বন্যার জন্য উক্ত পাইপ লাইন ক্ষতিগ্রস্থ হয় এবং উহাতে কিছু ছিদ্র পরিলক্ষিত হয়। ঐ ছিদ্রগুলি মেরামত করার পর আরও কিছু নূতন ছিদ্র দেখা যায়। সেগুলিও মেরামতের জন্য ব্যবস্থা লওয়া হইতেছে;

(খ) আশা করা যায় আগামী বর্ষার পূর্বেই পাইপ লাইনটি মেরামত হইয়া যাইবে;

(গ) সত্য;

(ঘ) বর্ত্তমানে অচল পাম্পটির বদলে অন্য একটি পাম্প সাময়িকভাবে বসাইয়া জল দেওয়া হইতেছে।

বনগ্রামে রেশন সরবরাহ ব্যাহত

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৪।) শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বনগ্রামে রেশন দোকান হইতে দীর্ঘদিন যাবৎ কোন রেশন সরবরাহ করা হইতেছে না; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি; ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

খাদ্য এবং সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) চাল ও গমের প্রাপ্যতা অনিয়মিত এবং অপ্রতুল হওয়ায় কেবলমাত্র বনগ্রাম নয় ২৪-পরগণা জেলার অনেক জায়গায় রেশন দোকান মারফৎ চাল ও গম বণ্টন মাঝে মাঝে বিঘ্নিত হয়।

(খ) (১) সরকারী বণ্টন ব্যবস্থা সার্থক এবং সুষ্ঠুভাবে চালু রাখার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরবরাহ এবং আভ্যন্তরীণ সংগ্রহের উপর নির্ভরশীল। কিন্তু কেন্দ্রীয় সরবরাহ যথেষ্ট না হওয়ায় এবং আভ্যন্তরীণ সংগ্রহ আশানুরূপ না হওয়ার ফলে বণ্টন ব্যবস্থা মাঝে মাঝে বিঘ্নিত হইতেছে।

(২) রাজ্য সরকার ন্যূনতম প্রয়োজন মিটাইবার জন্য কেন্দ্রীয় সরকারকে বারংবার অনুরোধ করা হইতেছে। ইহা ব্যতীত আভ্যন্তরীণ সংগ্রহ ব্যবস্থা এবং উদ্বৃত্ত মজুত উদ্ধার অভিযান জোরদার করা হইতেছে।

Comprehensive Area Development Projects in Midnapore district

***207.** (Admitted question No. *517.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to include any area in Midnapore district for implementation of the Comprehensive Area Development Projects for cluster farming in the near future; and

(b) if so,

(i) which portion of the district has been chosen; and

(ii) the total amount proposed to be spent for the purpose?

Minister-in-charge of the Agriculture and Community Development Department :—

(a) Yes. A compact area of 126 mouzas in Debra Block has been selected for implementation of C.A.D.P. in Midnapore (West) district.

It has also been decided that another area will be selected in Midnapore (East) district in near future.

(b) (i) 126 mouzas of Debra Block have been chosen for this purpose. A list thereof is enclosed.

(ii) An amount of Rs. 1 lakh has already been allotted for carrying out project preparation work. It has been estimated that a sum of Rs. 2·30 crores will be expended for implementation of C.A.D.P. in this selected area.

Statement in referred to question No. 207(b)

DEBRA DEVELOPMENT BLOCK

List of Mouzas Selected for Comprehensive Area Development Programme

Sl. No.	Name of Mouza	Sl. No.	Name of Mouza
1.	Dhamtore	2.	Benia
3.	Chak-kumar	4.	Lachipur
5.	Dalapatipur	6.	Jot Ankur
7.	Kismat Debra	8.	Debra
9.	Hasimpur	10.	Kabilpur
11.	Panigeria	12.	Kalyanpur
13.	Dwarikpur	14.	Hibat
15.	Alisagarh	16.	Madhabpur
17.	Baichari	18.	Chakmadkatpur
19.	Salkuti	20.	Ashutia
21.	Narayanbati	22.	Harasankarpur
23.	Santuria	24.	Kishorepur
25.	Kharegenia	26.	Baitabar
27.	Barakotai	28.	Dhandggeria
29.	Taradighi (1st part)	30.	Saiodchak
31.	Simnasudhadrapat	32.	Taradighi (2nd part)
33.	Haricharan	34.	Chaksahabaj
35.	Balichak	36.	Doluchak
37.	Kanuram	38.	Chandia
39.	Paschimbeguni	40.	Chakkumar
41.	Gangaramchak	42.	Chakshyampur
43.	Baragarh	44.	Kulgeria
45.	Purbabeguni	46.	Alampur
47.	Kushia	48.	Purusottampur
49.	Barmahamudpur	50.	Baijoyram
51.	Chaknarsingh	52.	Sekhandarpur
53.	Madhyamsatkona	54.	Barabandi
55.	Paschimsatkona	56.	Barapratap
57.	Chakradhavallav	58.	Sankachua
59.	Chakrameshwar	60.	Mahishagerya
61.	Chakangula	62.	Barananta
63.	Jagadishpur	64.	Bhagawanpur
65.	Alipur	66.	Barjesuhua
67.	Jesua	68.	Gobindapur
69.	Gosanipur	70.	Shyamsundarpur
71.	Gopalpunja	72.	Panchgeria
73.	Jagannathpur	74.	Belgerya
75.	Malichka	76.	Mukundapur
77.	Bhitgerya	78.	Sabigerya
79.	Kajalgerya	80.	Dogerya
81.	Srikrishnapur	82.	Digbarasati
83.	Barkhola	84.	Paschimlahana
85.	Chakshyampur	86.	Chaklahana
87.	Chaltagerya	88.	Panifalia
89.	Kuldiha (1st part)	90.	Sangoswnipur

List of Mauzas Selected for Comprehensive Area Development Programme—Concld

Sl. No.	Name of Mouza	Sl. No.	Name of Mouza
91.	Kuldiha (2nd part)	92.	Chakgakul
93.	Bhupatipur	94.	Phulgerya
95.	Durgapur	96.	Gopinathpur
97.	Matkatpur	98.	Basudevpur
99.	Brindabanpur	100.	Raghunathpur
101.	Belageria	102.	Jagatmoni
103.	Bharatpur	104.	Asari
105.	Jagul	106.	Arjuni
107.	Burigerya	108.	Chakbalaram
109.	Chaksujal	110.	Goylageria
111.	Papanchak	112.	Dhubani
113.	Khanamohan	114.	Chakkhanjadi
115.	Sherpur (1st part)	116.	Balbanda (2nd part)
117.	Chakbahadurpur	118.	Jumanabaishnabchak
119.	Amodpur	120.	Rustampur
121.	Baldundha (1st part)	122.	Chaksherpur
123.	Sherpur (2nd part)	124.	Chakgobinda
125.	Chakbalbandhi	126.	Santalchak

ব্যারাকপুর মহকুমার পৌরাঞ্চলে পূর্ণ রেশনিং ব্যবস্থা

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০।) **শ্রীশিশিরকুমার ঘোষঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর মহকুমায় সমস্ত পৌরাঞ্চলে পূর্ণরেশনিং ব্যবস্থা প্রবর্তিত হয়েছে কিনা; এবং

(খ) না হলে—

(১) কোন্ কোন্ অঞ্চল পূর্ণরেশনিং-এর আওতার বাইরে আছে;

(২) সেইসমস্ত পৌরাঞ্চলকে পূর্ণরেশনিং-এর আওতার বাইরে রাখার কারণ কি; ও

(৩) ঐ অঞ্চলে পূর্ণরেশনিং-এর অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কতদিনের মধ্যে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) ও (খ) (১) ব্যারাকপুর মহকুমায় যে সব পৌরাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং বর্তমানে চালু আছে তাহা হইলঃ—দক্ষিণ দমদম, দমদম, বরাহনগর, কামারহাটি, পাণিহাটি, খড়দহ, টিটাগড়, দক্ষিণ ব্যারাকপুর, উত্তর ব্যারাকপুর, গারুলিয়া, ভাটপাড়া, নৈহাটি, হালিসহর, কাঁচড়াপাড়া ও উত্তর দমদমের কিয়দংশ। এই সব পৌরাঞ্চলগুলিতে বিধিবদ্ধ রেশনিং প্রবর্তিত হয় নাই।

(গ) (২) ও (৩) এইরূপ কিছু অঞ্চল বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় আনা সম্বন্ধে কয়েকটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন। কিন্তু কেন্দ্রীয় ভান্ডার হইতে চাল ও গমের বর্তমান বরাদ্দের অপ্রতুলতা ও ভবিষ্যৎ বরাদ্দের ব্যাপারে অনিশ্চয়তার জন্য এবং বর্তমানে আভ্যন্তরীণ চাল সংগ্রহ সন্তোষজনক না হওয়ার ফলে এই বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া সরকারের পক্ষে এখন সম্ভবপর নহে।

ক্লাস স্কীম ফর রুরাল এম্‌প্লয়মেন্ট

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২।) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ কৃষি এবং সমষ্টি-য়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্লাস স্কীম ফর রুরাল এম্‌প্লয়মেন্ট-এর অধীনে রাস্তার জন্য ইঁট তৈয়ারির কাজে যে সকল শ্রমিককে নিযুক্ত করা হইবে তাহাদের ট্রেনিং-এর কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) না করিয়া থাকিলে, এইরূপ ব্যবস্থা চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) ইহা কি সত্য যে, উপরোক্ত স্কীমের অধীনস্থ রাস্তাগুলি ভবিষ্যতে পাকা করার পরিকল্পনা সরকারের আছে; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত পরিকল্পনা অনুযায়ী রাস্তা, ব্রিজ, কালভার্ট ইত্যাদি পাকা করার কোন নির্দেশ কি সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দিয়েছেন?

ষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) না;

(খ) 'ক'-এর অনুরূপ;

(গ) না;

(ঘ) 'গ'-এর অনুরূপ।

হাস্কিং মিলে ধানভানার সময় বাধ্যতামূলক চাল আদায়

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৩।) শ্রীকানাই ভৌমিক, শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ও সরোজ রায়ঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মিল-গুলিতে ধানভানাতে এলে তাঁদের ধানের পরিমাণ যাহাই হোক না কেন ঐ ধানের শতকরা ২০ ভাগ চাল সরকারী দামে বিক্রী করতে বাধ্য করা হচ্ছে, এবং

(খ) অবগত থাকিলে, এরূপ করার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) ধান ও চাল সংগ্রহের পরিমাণ বৃদ্ধির উদ্দেশ্যে মেদিনীপুরের জেলা শাসক হাস্কিং মিলগুলিতে যাঁরা ধান ভানাতে আসবেন তারা যেন তাঁদের ধানের শতকরা ২০ ভাগ অথবা সেই পরিমাণ ধান থেকে উৎপন্ন চাল ডি, পি, এজেন্টদের বিক্রি করেন এই মর্মে একটি আদেশ জারী করেছিলেন। আদেশটি এখন স্থগিত রাখা হয়েছে। এ ব্যাপারে কাহাকেও ধান চাল দিতে বাধ্য করা হয়নি। জেলাশাসক জেলার ধান চাল সংগ্রহের কাজে সহ-যোগিতা করে হাস্কিং মিলে যাঁরা ধান ভানাতে আসেন তাঁরা যেন শতকরা ২০ ভাগ চাল দেন সেইজন্য সকলের কাছে আবেদন করেছেন।

(খ) ধান ও চাল সংগ্রহের পরিমাণ বৃদ্ধির জন্যেই এই ব্যবস্থা নেওয়া হয়েছিল।

Supply of unboiled rice through Ration Shops

***211.** (Admitted question No. *57.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware that unboiled rice (atap) is being supplied through Ration Shops in Greater Calcutta ;

(b) if so, the reasons thereof ; and

(c) the steps taken or proposed to be taken by Government for the supply of good quality boiled rice through Ration Shops ?

Minister-in-charge of the Food and Supplies Department :

(a) Yes. Rice supplied by the Government of India from other States are mostly raw (atap). Bengal rice is always of parboiled variety.

(b) Many rice mills in the surplus State, which procure rice for the Central Pool, have no parboiling equipments and produce raw rice only as the local people prefer such rice to parboiled rice.

(c) After repeated requests from this Government since November, 1972, the Central Government agreed in April, 1973 to the State Government's suggestion that a price premium of Rs. 2 per quintal be offered, over and above the procurement price, as an incentive for production of parboiled rice in Punjab, Haryana and Madhya Pradesh from the beginning of the 1973-74 kharif season. The Central Government's decision was communicated to all the State Governments concerned simultaneously.

The State Government is urging the State Governments concerned to encourage production of parboiled rice so that West Bengal may recieve adequate supplies of parboiled rice from the Central Pool. Even the Chief Minister has sent personal note to Chief Ministers of respective States so that Central Government's sanction may be given effect to by Punjab, Harayana and Madhya Pradesh Governments at an early date.

শ্রীসালিমুদ্দিন সেখের গ্রেপ্তার

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭।) শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেলডাঙ্গা থানার ৮ই আগষ্ট, ১৯৭৩ তারিখের ১৩নং কেসের আসামী শ্রীসালিমুদ্দিন সেখের জামিন মঞ্জুর না হওয়ায় আইনতঃ জেলখানায় থাকার কথা সত্ত্বেও তাহাকে জেলের বাহিরে পাওয়া গিয়াছিল এবং তৎপরে কোর্টের আদেশে তাহাকে গ্রেপ্তার করা হয়; এবং

(খ) সত্য হইলে, জামিন না পাওয়া সত্ত্বেও উক্ত ব্যক্তি কিরূপে জেলের বাহিরে আসিতে সক্ষম হইয়াছিল?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) শ্রীসালিমুদ্দিন সেখকে ৪-১-৭৪ তারিখে বহরমপুর 'সাবডিভিশনাল জুডিশিয়াল ম্যাজিস্টেটের আদালতের প্রাঙ্গণে উক্ত আদালতের আদেশে গ্রেপ্তার করা হয়।

(খ) প্রাথমিক তদন্তে বহরমপুর সেন্ট্রাল জেল কর্তৃপক্ষের গাফিলতি থাকে বলে সন্দেহ হয়। এ বিষয়ে পূর্ণাঙ্গ তদন্তের আদেশ দেওয়া হয়েছে।

এসপ্লানেড-হরিণখোলা বাস সার্ভিস

***২১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬০।) **শ্রীগণেশ হাটুই:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এসপ্লানেড হইতে হরিণখোলা পর্যন্ত যে সরকারী বাস সার্ভিস চালু আছে তার মাসিক গড় আয় কত;

(খ) এই সরকারী বাস সার্ভিসকে ফেয়ার ওয়েদার ব্রীজ-এর উপর দিয়া আরামবাগ পর্যন্ত বর্ধিত করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) মার্টিন রেল উঠিয়া যাওয়ার ফলে জনগণের যাতায়াতের যে অসুবিধা হইয়াছে তাহা দূরীকরণের জন্য এসপ্লানেড হইতে ডোমজুড় ও জাঙ্গীপাড়া হইয়া আরামবাগ পর্যন্ত সরকারী বাস চালু করার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কবে নাগাত চালু হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—

(ক) ১৬,৮০০ টাকা;

(খ) না;

(গ) বর্ত্তমানে হাওড়া হইতে ডোমজুর পর্য্যন্ত সরকারী বাস সার্ভিস চালু আছে। এই সার্ভিস জাঙ্গীপাড়া হইয়া আরামবাগ পর্য্যন্ত চালু করার কোন পরিকল্পনা আপাততঃ নাই।

আমন ধান

***২১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত বৎসর কি পরিমাণ জমিতে আমন ধান চাষ হইয়াছিল;

(খ) উক্ত সময়ে উৎপাদিত ধানের পরিমাণ কত; এবং

(গ) ধানের অধিক ফলনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—

(ক) ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গে মোট আমন ধান চাষের জমির পরিমাণ ৮৪ লক্ষ ২১ হাজার একর;

(খ) উক্ত সময়ে উৎপাদিত ধানের পরিমাণ ৪৩,৭৩,৭৩০ মেট্রিক টন;
(উপরের তথ্যাদি জেলা কৃষি আধিকারিকগণের সংগৃহীত তথ্যসুত্রে প্রাপ্ত)

(গ) উচ্চ ফলনশীল চাষের প্রবর্ত্তন, বীজ, সার, কীটের ঔষধাদির সরবরাহ, সেচ ব্যবস্থার সুযোগদান, চাষীদের নিকট উন্নত মানের চাষের জন্য শিক্ষণ ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধের ব্যবস্থা

***২১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সম্প্রতি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর দাম বেঁধে দিয়েছেন;

(খ) সত্য হ'লে, বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের কিলোগ্রাম-প্রতি সর্বোচ্চ দর কত

(গ) নির্ধারিত দরে পশ্চিমবঙ্গে নিত্যপ্রয়োজীয় দ্রব্য সরবরাহের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(ঘ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ক্রমবর্ধমান মূল্য রোধের জন্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) না;

(খ) এ প্রশ্ন উঠে না;

(গ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সরকার কর্তৃক কোন নির্দ্ধারিত দর না থাকায় এ প্রশ্ন উঠে না।

(ঘ) কতকগুলি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধের জন্য সরকার যে সব বিশেষ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, তাহা হইলঃ—

(১) তন্ডুল-জাতীয় নয় এরূপ নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্য সংগ্রহ করিয়া ন্যায্য মূল্যে বিতরণের জন্য Non-cereal Essential Commodities Directorate গঠন;

(২) ব্যবসায়ীদের কতকগুলি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের প্রতিদিনের মজুত সহ খুচরা দর যথাযথ বিজ্ঞাপিত করিবার জন্য

"West Bengal Declaration of Stock and Price of Essential Commodities Order, 1971"

নামক আদেশ জারী এবং কতকগুলি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মজুতের এককালীন উর্দ্ধসীমা নির্দিষ্ট করিয়া দেওয়ার জন্য

"West Bengal Prevention of Hoarding of Essential Foodstuffs Order, 1972,

নামক আর একটি আদেশ জারী;

(৩) আমদানীকারক ও মজুতদারদের ডাল, সরিষা, সরিষার তৈল ইত্যাদির মজুত একটি নির্দ্ধারিত পরিমাণ অতিক্রম করিলে তাহার সাপ্তাহিক বিবরণ Non-cereal Essential Commodities অধিকর্তাকে দিবার জন্য

"West Bengal Essential Foodstuffs (Declaration of Stocks by Importers and Godown-keepers) Order, 1973"

নামক একটি আদেশ জারী করা হইয়াছে।

Boro and Wheat cultivation

***216.** (Admitted question No. *520.) **Shri Rajani Kanti Doloi :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that due to shortage of fertilisers major portion of the land selected for Boro and Wheat cultivation is not likely to be covered this year ; and

(b) if so, the steps the Government is contemplating to take in the matter?

Minister-in-charge of the Agriculture and Community Development Department :

(a) Due to scarcity of fertiliser this year wheat cultivation has been affected to some extent.

As State Government has since obtained a considerable quantity of fertilisers and as there is time for application of fertilisers for Boro cultivation the State Government expects that Boro culivation may not suffer this year for want of fertilisers.

(b) As there is no time for application of fertilisers on wheat question of taking effective steps for supply of fertiliser for wheat cultivation does not arise at this stage.

As regards Boro cultivation the State Government has already arranged supply of adequate quantity of fertilisers in the Boro belt of West Bengal on top priority basis. The available fertiliser is being distributed to the farmers cultivating Boro paddy against permits to be issued by the Block Development Officers on preference basis and this is being done under the direct supervision of the District Magistrates/Deputy Commissioner.

Besides the supplement the need of chemical fertilisers the State Government has decided to explore the availability of manurial resources as far as possible.

বর্ধমান জেলে বিচারাধীন বন্দী

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৩।) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে জেলে বন্দীদের (১) শতকরা প্রায় ষাটজন মানুষই বিচারাধীন, (২) উহাদের মধ্যে অনেকেরই পুলিশ রিপোর্টের অভাবের জন্যই দীর্ঘদিন ধরিয়া (কোন কোন ক্ষেত্রে এক বৎসরের উপর) কারা জীবন ভোগ করিতে হইতেছে; এবং (৩) বিচারাধীন বন্দী ব্যক্তিদের কোনরূপ পোশাক বা আচ্ছাদন দেওয়া হয় না;

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

স্বরাষ্ট্র (জেল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) (১) হ্যাঁ;

(২) জেলে যে সমস্ত বিচারাধীন বন্দী রহিয়াছেন তাহাদের মধ্যে কিছু সংখ্যক বন্দীর ক্ষেত্রে পুলিশ তদন্ত এখনও শেষ হয় নাই;

(৩) না;

(খ) বিচারাধীন বন্দীদের দীর্ঘস্থায়ী মামলাগুলির তদন্ত ত্বরান্বিত করিবার জন্য সরকার সচেষ্ট আছেন।

গোবিন্দনগর বাসস্ট্যান্ড

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮।) শ্রীকাশীনাথ মিশ্র : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় গোবিন্দনগর বাসস্ট্যান্ড ও নেহেরু পার্ক টারমিনাস করার যে প্রস্তাব ছিল তাহার কাজ এখনও শেষ না হওয়ার কারণ কি;

(খ) উক্ত কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছিল; এবং

(গ) কবে নাগাদ উহার কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) গোবিন্দনগর বাস রেস্ট শেড ২২,৯০০ টাকা ব্যয়ে সম্পূর্ণ হইয়াছে। এই রেস্ট শেডে স্যানিটারি ব্যবস্থার পরিকল্পনা কার্য্যকরী করার জন্য বাঁকুড়া জেলা ম্যাজিস্ট্রেটের

নিকট হইতে ১৬,০০০ টাকার একটি ব্যয়-বরাদ্দ পাওয়া গিয়াছে। আগামী আর্থিক বৎসরে এই টাকা বরাদ্দ করার বিষয় বিবেচনাধীন আছে।

নেহেরু পার্কে বাস টার্মিনাসের কোন প্রস্তাব এই বিভাগে পাওয়া যায় নাই।

(খ) ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে ২০,০০০ টাকা এবং ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে ২,৯০০ টাকা উক্ত কাজের জন্য বরাদ্দ হইয়াছিল।

(গ) ক্যাবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী রেষ্ট শেড তৈরীর কাজ সম্পূর্ণ হইয়াছে। পরিকল্পনার অন্য অংশটির বিষয় পঞ্চম পরিকল্পনার সময়ে বিবেচিত হইবে।

বোর্ড অব স্টেট টেক্সটাইল করপোরেশন গঠন

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২।) ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন বোর্ড অব স্টেট টেক্সটাইল করপোরেশন ফর্‌ম করা হয়েছে কিনা;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, (১) কবে উহা ফর্‌ম করা হয়েছে, (২) উহার মেম্বার কাদের করা হয়েছে, ও (৩) তাঁদের যোগ্যতা ও তাঁরা কি কি কাজ করেন; এবং

(গ) '(ক)' প্রশ্নের উত্তর না হলে, ঐরূপ কোন করপোরেশন ফর্‌ম করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) এই প্রকার কোন সংস্থা পশ্চিমবঙ্গে গঠন করা হয়েছে কিনা তাহা এই বিভাগের জানা নেই;

(খ) প্রশ্ন উঠে না;

(গ) এই প্রকার কোন সংস্থা গঠন করার পরিকল্পনা বর্তমানে এ বিভাগের নেই।

বাসরাস্তা মঞ্জুরীদানে সরকারী নীতি

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৭০১।) শ্রীঅশ্বিনী রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাসরাস্তা মঞ্জুরীদানের ক্ষেত্রে কোন সরকারী নীতি আছে কি; এবং

(খ) থাকিলে, তাহার বিবরণ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) সংশিষ্ট পরিবহণ কর্তৃপক্ষ ১৯৩৯ সালের মোটর যান আইনের ৪৭ ধারার (১) উপধারার বিধান অনুসারে বাসরাস্তা মঞ্জুর করেন। আন্তঃ রাজ্য বাসরাস্তার বিষয়ে উক্ত আইনের ৬৩ ধারার (৩ক) এবং (৩খ) উপধারার বিধানগুলিও পালন করিতে হয়। যদি কোন রুট বা এলাকা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা কর্তৃক ১৯৩৯ সনের মোটর যান আইনের ৬৮(গ) ধারা অনুসারে প্রস্তুত ও প্রকাশিত কোন প্রকল্পের অন্তর্ভুক্ত হয়, তবে রাজ্য সরকার উক্ত আইনের ৬৮(ঘ) ধারা অনুসারে উক্ত প্রকল্প মঞ্জুর কিংবা সংশোধন করিতে পারেন। উক্ত আইনের বিধানগুলির পরিপ্রেক্ষিতে এই বিষয়ে সরকার কোন নীতি নির্ধারণ করেন নাই;

(খ) প্রশ্ন উঠে না।

জঞ্জাল থেকে জৈবিক সার উৎপাদন

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮।) শ্রীনিতাইপদ সরকারঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা ও অন্যান্য পৌরসভা এলাকার দৈনন্দিন জঞ্জাল হইতে জৈবিক সার উৎপাদনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনাটি কি এবং তাহা কি পর্যায়ে আছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) হ্যাঁ;

(খ) রাজ্যের পৌরসভাগুলি কর্তৃক কম্পোস্ট সার প্রস্তুত প্রকল্পের প্রসারে আর্থিক ও প্রযুক্তি বিষয়ক সহায়তা দিবার জন্য আগামী পঞ্চম বার্ষিক পরিকল্পনার অধীনে একটি প্রস্তাব বিবেচনাধীন আছে। অর্থ বরাদ্দ সাপেক্ষে উক্ত পরিকল্পনা আগামী ১৯৭৪-৭৫ আর্থিক বৎসর হইতে কার্যকর করার চেষ্টা হইতেছে।

এছাড়া কলিকাতা পৌর এলাকাহীন অঞ্চলের জঞ্জাল হইতে যান্ত্রিক উপায়ে কম্পোস্ট সার প্রস্তুতির সম্ভাবনা খতাইয়া দেখিবার জন্য একটি অনুসন্ধানমূলক প্রকল্প গ্রহণের ব্যবস্থা বিবেচনাধীন আছে। এ ব্যাপারে তদারকির জন্য গঠিক প্রোজেক্ট কমিটির রিপোর্ট পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সিমেণ্ট বিলি

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৬।) শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালে বনগ্রামে মোট কত বস্তা সিমেন্ট সরবরাহ করা হয়েছে;

(খ) এই সিমেন্টের কত অংশ ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত বিলি করা হয়েছে, এবং

(গ) সিমেণ্ট বিলির পদ্ধতি কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) ১২,৩৮৯ বস্তা;

(খ) ১৯৭৩ সালে যা পাওয়া গিয়েছিল তা'র সমস্তটাই ১৯৭৩ সালের মধ্যে বিতরণ করা হয়েছে।

(গ) প্রতি তিন মাস অন্তর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যের জন্য সিমেন্টের বরাদ্দ পান। তার একটা অংশ সাধারণ খরিদ্দারদের প্রয়োজন মটাবার জন্য পশ্চিমবঙ্গ সরকার আলাদা করে রাখেন। এর পরিমাণ হলঃ

(ক) জুলাই-সেপ্টেম্বর '৭৩	—	—	—	৮৬,০০০ টন
(খ) অক্টোবর-ডিসেম্বর '৭৩	—	—	—	৬৪,৫০০ টন
(গ) জানুয়ারী-মার্চ '৭৪	—	—	—	৫৬,৩৫৪ টন

সেই অংশটি রাজ্য সরকারের নির্দেশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের অধীনস্থ পূর্বাঞ্চলীয় সিমেন্ট অফিসার বিভিন্ন সিমেন্ট প্রস্তুতকারকদের সেলিং এজেন্টদের মাধ্যমে বাজারে ছাড়ার ব্যবস্থা করেন।

সেই নির্দেশানুসারে সিমেন্ট প্রস্তুতকারকেরা সিমেন্ট ছাড়েন এবং পশ্চিমবঙ্গের লাইসেন্স-প্রাপ্ত বিভিন্ন সিমেন্ট স্টকিস্টদের মারফৎ সেই সিমেন্ট জনসাধারণের কাছে বিক্রয় করা হয়।

পাটচাষের বদলে ধানচাষ

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কত একর জমিতে পাটের চাষ করা হয়ঃ

(খ) ১৯৬০ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত প্রতি বৎসর কি পরিমাণ পাট উৎপন্ন হয়েছে;

(গ) ইহা কি সত্য যে, পাটচাষের ফলে সংশিষ্ট জমিতে ধানচাষ সম্ভব হয় না; এবং

(ঘ) সত্য হলে, পাটচাষ বন্ধ করে ধানচাষ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) ১৯৭৩-৭৪ সালে মোট ১৪ লক্ষ ৩৭ হাজার একর জমিতে পাটের চাষ হইয়াছে।

(খ)

সাল	উৎপাদন (হাজার বেল হিসাবে ১ বেল প্রায় ৫ মণ ২ কুইন্টালের কিছু কম)
১৯৬৭-৬৮	৩৮২৩·২৬
১৯৬৮-৬৯	১৩২৯·৫০
১৯৬৯-৭০	৩৩৬৯·৯৪
১৯৭০-৭১	২৬৬২·১৮
১৯৭১-৭২	৩৪৪২·৩৩
১৯৭২-৭৩	২৭১২·৩০
১৯৭৩-৭৪	এখনও সঠিক হিসাব পাওয়া যায় নাই।

(গ) অবস্থাভেদে সম্ভব। আগাম বৃষ্টি বা সেচের সুবিধা থাকিলে আমন ধানের জমিতে আমন ধান চাষের পুর্বে পাট চাষ করা যাইতে পারে।

(ঘ) না।

বিচারাধীন বন্দীর জেলখানায় অনুপস্থিতি

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮।) শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৪ই জানুয়ারি, ১৯৭৪ তারিখে জেলা জজসাহেব ও জেলাশাসকের প্রতিনিধিগণের জেল পরিদর্শনকালে বহরমপুর সেন্ট্রাল জেলে জনৈক শ্রীঅনিল পাল নামে বিচারাধীন বন্দীকে জেলখানায় না পাওয়ার কোন সংবাদ সরকারের জানা আছে কিনা; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, আছে।

(খ) সংশ্লিষ্ট কারাধ্যক্ষের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের আদেশ জারী করা হইয়াছে এবং আরও তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ডেপুটী জেলারকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে।

Nationalisation of the Calcutta Tramways Company Ltd.

***225.** (Admitted question No. *178.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has any proposal for nationalising the Calcutta Tramways Company Ltd.;

(b) if not, the reasons thereof; and

(c) whether any improvements have been made either in the administration or in the services or in both of the said Company since the take over of management of the same by the State Government?

Minister-in-charge of the Home (Transport) Department :

(a) A proposal for produce of the undertaking of the Calcutta Transport Company Limited is under consideration of Government.

(b) Does not arise.

(c) There has been such improvement both in the administration and in the services. When the management was taken over on 19th July 1967, not only the financial condition of the Company was critical but the assets of the Company like the Rolling Stock, truck, etc., were also in deplorable condition. There was also huge backlog of maintenance, repairs and renewals. Almost the entire backlog has since been wiped out. There has been no major labour unrest after the taking over of management by Government.

ধানসংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের ব্যবস্থা

***২২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪১০।) **শ্রীনরেশচন্দ্র চাকি ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবাংলায় কি পরিমাণ ধান উৎপন্ন হয়েছে ;

(খ) কি পরিমাণ ধানসংগ্রহের সিদ্ধান্ত করা হয়েছে ;

(গ) ১১ই ফেব্রুয়ারি ১৯৭৪ তারিখ পর্যন্ত কোন্ জেলায় কি পরিমাণ ধানসংগ্রহ হয়েছে ; এবং

(ঘ) ধানসংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাষের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ সম্পর্কে কৃষি বিভাগ থেকে এখনও কোন সরকারী হিসাব পাওয়া যায় নি। ব্যুরো অব এ্যাপ্লায়েড ইকনমিক্স এণ্ড ষ্ট্যাটিষ্টিক্স এর সার্ভে অনুযায়ী এ বৎসর আমন চালের উৎপাদনের পরিমাণ ৪৬৩৩১·৫ হাজার টন বলা যায়।

(খ) চালের হিসাবে ১৯৭৩-৭৪ সালে সংগ্রহের লক্ষ্য ৫ লক্ষ টন ধার্য্য করা হয়েছে।

(গ) ১।১১।৭৩ থেকে ১১-২-৭৪ পর্য্যন্ত জেলাওয়ারী সংগ্রহ হল—

		(চালের হিসাবে টনে))
বর্ধমান	..	১৪,০৯৯
বীরভূম	..	২৪,১৪২
বাঁকুড়া	..	৬,১৩১
পুরুলিয়া	..	২,৬২০
মেদিনীপুর	..	৬,৬৬৬
হুগলী	..	১,৪০০
হাওড়া	..	৩৮
২৪-পরগণা	..	৪,০৭৭
নদীয়া	..	২৪০
মুর্শিদাবাদ	..	২,৫৮২
মালদহ	..	৪৯৯
পশ্চিম দিনাজপুর	..	১৫,২১২
কোচবিহার	..	৫,৯৬১
দার্জিলিং	..	৩৩৪ এবং
জলপাইগুড়ি	..	৩,১৩৩
	মোট—	৮৭,১৩৪ টন।

(ঘ) এ বিষয়ে সরকার চাল কলের উৎপাদনের উপর শতকরা ৬০ ভাগ লেভি ধার্য্য করেছেন। সেচ এলাকায় ? একরের বেশী এবং সেচ এলাকায় ১০ একরের বেশী জোতে যাঁরা ধান উৎপাদন করেছেন, তাঁদের উপরেও লেভি ধার্য্য করা হয়েছে। উদবৃত্ত জেলা ও এলাকাগুলির বিধিবদ্ধ রেশন এলাকাগুলির এবং রাজ্যের সীমানা বরাবর যথাযথ কর্ডনিং-এর ব্যবস্থা করেছেন। তাছাড়া মজুত উদ্ধার ও চোরা চালান রোধের জন্যও সরকার ব্যাপক অভিযান চালাচ্ছেন।

ওয়াকফ কমিশনার ও ডেপুটি কমিশনার নিয়োগের পদ্ধতি

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫।) **শ্রীঅশ্বিনী রায়**ঃ বিচার (ওয়াকফ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ওয়াকফ কমিশনার ও ডেপুটি কমিশনার পদে নিয়োগের কোনও মাপকাঠি বা নিয়মাবলী আছে কি; এবং

(খ) থাকিলে,

(১) তাহা কি;

(২) উক্ত নিয়মাবলীর কোন সংশোধন করা হইয়াছে কিনা; ও

(৩) হইলে, কোন সময়ে ও কি কি ধারা সংশোধন করা হইয়াছে?

বিচার (ওয়াকফ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৩৪ সালের বঙ্গীয় ওয়াকফ্ আইনের ১৬ ও ১৬-এ(১) নম্বর ধারা অনুসারে যথাক্রমে ওয়াক্ফ কমিশনার ও ডেপুটি ওয়াক্ফ কমিশনার নিয়োগ করা হয়।

নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধিগুলি উপরিউক্ত আইনের ১৬-এ(২), ১৬বি ১৭, ১৮, ১৯, ২০ ও ২১ নং ধারায় বিধিবদ্ধ আছে।

(২) হ্যাঁ।

(৩) ১৯৭৩ সালের বঙ্গীয় ওয়াক্ফ (সংশোধন) আইনের বলে উত্তরের খ(১) অংশে বর্ণিত ধারাগুলির মধ্যে ১৬, ১৭, ১৮, ১৯, ২০ এবং ২১ নং ধারা সংশোধিত হইয়াছে এবং ১৬-এ ও ১৬-বি এই দুইটি নূতন ধারা সংযোজিত হইয়াছে।

জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা থানার উচ্চফলনশীল চাষের জন্য গভীর নলকূপ

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১।) শ্রীগণেশ হাটুই ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গীপাড়া ও চন্ডীতলা থানায় উচ্চফলনশীল চাষের ব্যাপক প্রসারে এবং জলের চাহিদা পূরণের জন্য "গভীর নলকূপ" বসানোর পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, মোট কয়টি নলকূপ বসানো হইবে এবং তাহার কাজ কবে নাগাত শুরু হইবে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না ; এই বৎসরে এরূপ কোনও পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

মুড়ির উপর সরকারী বাধানিষেধ

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৫।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিভিন্ন স্থান হইতে আন্দুল, বাগনান, দুর্গাপুর প্রভৃতি স্থানে মুড়ি রপ্তানি করিয়া বাঁকুড়া জেলার বহু বিধবা মহিলা ও বেকার যুবক জীবিকা নির্বাহ করিত এবং বর্তমানে সরকারী আদেশে তাহা বন্ধ হইয়া যাওয়ায় উক্ত মহিলা ও যুবকগণ বেকার হইয়া পড়িয়াছেন এবং ফলে উহাদের পরিবারবর্গ অনাহারে দিন যাপন করিতেছেন ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ঐরূপ নির্দেশ কবে দেওয়া হইয়াছে;

(২) ঐরূপ নির্দেশ দেওয়ার কারণ কি ;

(৩) উক্ত বেকারদের জন্য সরকার কি কোনও বিকল্প ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; ও

(৪) করিয়া থাকিলে, তাহা কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বাঁকুড়া জেলা শাসকের একটি আদেশ বলে কেবলমাত্র মহকুমা নিয়ামকের অনুজ্ঞা-প্রাপ্ত ব্যক্তি ছাড়া বাঁকুড়া জেলা হইতে কেহই রাস্তা যোগে মুড়ি রপ্তানি করিতে পারিবেন না এবং আর একটি আদেশক্রমে রেলযোগে মুড়ি রপ্তানি বন্ধ করা হইয়াছে। যাঁহারা মুড়ির ব্যবসা করিয়া জীবিকা নির্বাহ করিতেন তাঁহাদের পক্ষে জেলার অভ্যন্তরে মুড়ির ব্যবসা করিতে কোন বাধা নাই।

(খ) (১) প্রথম আদেশ ১০।১।৭৪ তারিখে এবং পরবর্তী আদেশ ৬।২।৭৪ তারিখে।

(২) ব্যাপক মুড়ি রপ্তানি সরকারের ধান চাল সংগ্রহ নীতির পরিপন্থী বলিয়া বিবেচিত হওয়ায়, ঐরূপ নির্দেশ দেওয়া হইয়াছে।

(৩) ও (৪) যেহেতু জেলার অভ্যন্তরে মুড়ির ব্যবসার উপর কোনরূপ বিধিনিষেধ আরোপ করা হয় নাই। সেই হেতু যাহারা বাঁকুড়া জেলা হইতে মুড়ি রপ্তানি করিতেন, তাহারা জেলার অভ্যন্তরে মুড়ির ব্যবসা করিতে পারেন। অতএব কোন রকম বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রশ্ন উঠে না।

বনগ্রাম মহকুমা জেলের অভ্যন্তরে চিকিৎসা ব্যবস্থা

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম মহকুমায় জেলের অভ্যন্তরে নিয়মিত চিকিৎসার জন্য কোন চিকিৎসক এবং কম্পাউন্ডারের ব্যবস্থা আছে কি না; এবং

(খ) না থাকিলে—

(১) ইহার কারণ কি ; ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বনগ্রাম মহকুমা জেলের অভ্যন্তরে পুরা সময়ের জন্য পৃথক কোন চিকিৎসক বা কম্পাউণ্ডার নাই; তবে বনগ্রাম মহকুমা মেডিক্যাল অফিসার আংশিক সময়ের জন্য ঐ জেলের চিকিৎসক এবং ঐ জেলের চিকিৎসা সংক্রান্ত ব্যাপার তিনিই দেখাশুনা করেন।

(খ) (১) প্রতিটি মহকুমা জেলে আংশিক সময়ের জন্য মেডিক্যাল অফিসার হইলেন ঐ মহকুমারই মেডিক্যাল অফিসার। পদাধিকার বলে ঐ কারাবিধি অনুযায়ী তিনিই ঐ মহকুমা জেলেরও ডেপুটি সুপারিন্টেণ্ডেন্ট কাজেই তিনিই মহকুমা জেলর চিকিৎসা সংক্রান্ত যাবতীয় বিষয় দেখাশুনা করেন।

(২) বনগ্রাম মহকুমা জেলের জন্য কম্পাউণ্ডারের একটি পদ সৃষ্টির প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

পশ্চিম দিনাজপুর জেলায় অকেজো পাম্পসেট সরবরাহ

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৩।) শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিম দিনাজপুর জেলায় গত ১৯৭১, ১৯৭২ এবং ১৯৭৩ সালে চাষীদের মধ্যে যে পাম্পসেট সাপ্লাই করা হয়েছিল তার মধ্যে অধিকাংশই খারাপ ছিল;

(খ) অবগত থাকিলে—

(১) মোট কয়টি ক্ষেত্রে খারাপ হওয়ার অভিযোগ পেয়েছেন;

(২) এই পাম্পসেটগুলি কোন্ কোন্ কোম্পানীর;

(৩) খারাপ পাম্পসেটগুলি রিপ্লেস করবার ব্যবস্থা হয়েছে কি না; এবং

(গ) যাঁরা অকেজো পাম্পসেট পেয়েছেন তাঁদের লোন-এর টাকা শোধ দেওয়ার ব্যাপারে কোন সুযোগসুবিধা দেওয়া হয়েছে কি না?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭১ সালে কোন পাম্পসেট বিলি হয় নাই; ১৯৭২ এবং ১৯৭৩ সালে বিলিকৃত পাম্পসেটের মধ্যে সামান্য কিছু সংখ্যক খারাপ ছিল;

(খ) (১) মোট বিলিকৃত ১,৯৫৩টি পাম্পসেটের মধ্যে ২৬৬টি খারাপ হওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে;

(২) প্যারী এণ্ড কোং লিমিটেড; গ্রীভস কটন এণ্ড কোং; মেশিন ক্র্যাফ্‌টস; ইস্টার্ণ ইণ্ডিয়া ঊষা কর্পোরেশন; মার্ক এ, ই, সি, ইণ্ডাস্ট্রীজ লীমিটেড; কৃষি সেলস সার্ভিস মার্টিন বার্ণ লিমিটেড; ইউনিভার্সাল ইঞ্জিনিয়ারিং এণ্ড ট্রেডিং কোং; ইউনিভার্সাল ইঞ্জিনিয়ার এণ্ড ট্রেডার্স; সিগিল ইণ্ডিয়া; ইণ্ডিয়ান ন্যাশনাল ডিজেল কোং; এগ্রিড কর্পোরেশন;

(৩) কয়েকটি ক্ষেত্রে পাম্পসেটগুলি বদলাইয়া দেওয়া হইয়াছে এবং বেশ কিছু সংখ্যক ক্ষেত্রে পাম্পসেটের খারাপ যন্ত্রাংশ পাল্টাইয়া দেওয়া হইয়াছে;

(গ) সুতরাং অকেজো পাম্পসেট পাওয়ার অজুহাতে ঋণ পরিশোধ ব্যাপারে সুযোগ সুবিধা দেওয়ার প্রশ্ন উঠে না।

Production of Urea at the F.C.I. Factory at Durgapur

***233.** (Admitted question No. *521.) **Shri Rajani Kanta Doloi : Will the** Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has sought the permission of the Union Government to consume the entire oputput of Urea produced at the F.C.I. Factory at Durgapur;

(b) if so, what response has been received from the Union Government in the matter?

Minister-in-charge of the Agriculture and Community Development Department.

(a) Yes.

(b) In the last Eastern Zonal Conference held in Calcutta it was expressed that during the next six month,i.e., from February to July the Durgapur Unit of the Fertiliser Corporation of India will produce about 10,000 tonnes of Urea. The Government of India has earmarked this entire 10,000 tonnes of Urea for West Bengal.

কেন্দ্র হইতে পশ্চিমবঙ্গে খাদ্যশস্য সরবরাহের পরিমাণ

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৯।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) গত ১৯৭০, ১৯৭১, ১৯৭২ এবং ১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পশ্চিমবাংলার জন্য কি কি ও কত পরিমাণ খাদ্যশস্য পাওয়া গিয়াছে;

(খ) উক্ত বৎসরগুলি কোন্ বৎসরে রাজ্য সরকার কি কি ও কি পরিমাণ খাদ্য কেন্দ্রীয় সরকারের নিকট চাহিয়াছিলেন; এবং

(গ) বর্তমান বৎসরে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে অধিক পরিমাণে খাদ্যশস্য পাওয়ার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিলে, তাহা কি কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ১৯৭০, ১৯৭১, ১৯৭২ এবং ১৯৭৩ সা যথাক্রমে ৩'৪০, ৬'৭১, ৪'৫২ ও ৪'১৭ লক্ষ টন চাল এবং ১১'১১, ১৩'৪০, ১৪'২৭ ও ১৩'৪ লক্ষ টন গম সরবরাহ করিয়াছিলেন।

(খ) ঐ বৎসরগুলির জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট যথাক্রমে ৩'৪ ৬'৭১, ৪'৫২ ও ৭'৮০ লক্ষ টন চাল এবং ১৪'১৫, ১৫'৫৩, ১৮'৫৫ ও ১৬'৪০ লক্ষ টন গম চাহিয়াছিলেন।

(গ) সরকারী বণ্টন ব্যবস্থা সার্থক এবং সুষ্ঠুভাবে চালু রাখিতে হইলে কেন্দ্রীয় ভা হইতে মাসিক ন্যূনতম ৪০,০০০ টন চাল এবং ১,২০,০০০ টন গম এই রাজ্যের প্রয়োজন কিন্তু কেন্দ্রীয় সরকার কয়েক মাস যাবৎ মাসিক ৩০,০০০ টন চাল এবং ৯০,০০০ টন গম এই রাজ্যকে বরাদ্দ করিয়েছেন। ঐ ঘাটতি পূরণের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে উক্ত ন্যূনতম প্রয়োজন অনুসারে চাল এবং গমের মাসিক বরাদ্দ ও সরবরাহ করিবার জন্য বারংবার অনুরোধ করিয়া আসিতেছেন। ইহা ব্যতীত সরকার অভ্যন্তরীণ সংগ্রহ ব্যবস্থা এবং উদ্বৃত্ত মজুত উদ্ধার অভিযান জোরদার করিতেছেন।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

বনগ্রাম মহকুমায় শ্যালো টিউবওয়েল পাম্প-এ বিদ্যুৎ সরবরাহ

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত বনগ্রাম মহকুমায় কয়টি শ্যালো টিউবওয়েল পাম্প-এ বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে;

(খ) উক্ত সময় মধ্যে শ্যালো টিউবওয়েল পাম্প-এ বিদ্যুৎ সরবরাহের জন্য কতজন চাষী টাকা জমা দিয়েছিলেন; এবং

(গ) উক্ত অঞ্চল চাষীদের নিকট থেকে টাকা জমা না লইয়া বিদ্যুৎ সরবরাহ করিবার কাজ কবে নাগাত আরম্ভ হবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ৫৮টি।

(খ) ৫৮ জন চাষী।

(গ) এই ধরনের কোন প্রস্তাব নাই।

তহশীল কার্যে নিযুক্ত কর্মচারিগণ

২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪০।) **শ্রীশিশিকুমার সেন ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে তহশীল কার্যে নিযুক্ত কতজন তহশীলদার, মোহরার ও পি আছেন;

(খ) এইসমস্ত কর্মচারী মাসিক কত টাকা করিয়া মাহিনা পান;

(গ) উক্ত কর্মচারীদের মাহিনা বাবত ১৯৭৩ সালে সরকারের কত টাকা খরচ হইয়াছে এবং

(ঘ) উহাদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, তা কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১লা সেপ্টেম্বর, ১৯৭৩ হইতে ৩১এ আগস্ট, ১৯৭৩ পর্যন্ত সময়ের জন্য ৫,৬২৭টি তহশীলদারের পদ মঞ্জুর করা হইয়াছে। তাঁহাদিগকে সাহায্য করার জন্য ৫,৬২৭টি পিওনের এবং চারমাসের জন্য ৫,৬২৭টি মোহরারের পদেরও ব্যবস্থা আছে।

(খ) মাসিক পারিশ্রমিকের পরিমাণঃ—

পদ			টাকা
তহশীলদার	—	—	৫৭·৫০
মোহরার	—	—	৫২·৫০
পিওন	—	—	৩৭·৫০

এ ছাড়া তহশীলদারগণ আদায়ের উপর কমিশন পাইয়া থাকেন।

(গ) প্রায় ৭৫,৬৬,৪৫০ টাকা খরচ হইয়াছে।

(ঘ) সরকার পারিশ্রমিকের হার বাড়াইবার বিষয়ে বিবেচনা করিতেছেন।

ধানভাঙ্গা মেসিনের উপর লেভি ধার্য

২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৪।) **শ্রীসামসুল আলম খানঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ধানভাঙ্গা মেসিনের উপর শতকরা ২০ ভাগ লেভি ধার্য হইয়াছে; এবং

(খ) সত্য হইলে কোন্ কোন্ ক্ষেত্রে উহা প্রযোজ্য এবং কত অশ্বশক্তিবিশিষ্ট মেসিন ইত্যাদির উপর ধার্য?

খাদ্য এবং সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ধান-চালের সংগ্রহের পরিমাণ বৃদ্ধির জন্য সরকার হাসকিং মিল হইতে চাল সংগ্রহের একটি পরিকল্পনা করেন। এই পরিকল্পনায় ঠিক করা হইয়াছিল যে, যেসব ব্যক্তি হাসকিং মিলে ধান ভাঙ্গাইতে আসিবেন তাহারা মিল মালিককে মজুরী অর্থে না দিয়া চালে দিবেন এবং এইভাবে যে চাল হাসকিং মিলের মালিকগণ সংগ্রহ করিবেন তাহা তাহারা সরকারী এজেন্টদের সরকারী সংগ্রহমূল্যে বিক্রয় করিবেন।

এই পরিকল্পনা যতদূর সম্ভব কার্যকর করার জন্য জেলাশাসকদের নির্দেশ দেওয়া হইয়াছিল এবং ইহা সব হাসকিং মিলের ক্ষেত্রেই প্রযোজ্য। কিন্তু কোথাও ইহা বাধ্যতামূলক করা হয় নাই।

জাঙ্গীপাড়া থানা এলাকায় বর্গাদার

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫।) **শ্রীগণেশ হাটুইঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী হুগলী জেলার জাঙ্গীপাড়া থানায় বর্তমানে কতজন বর্গাদার আছেন;

(খ) ইহাদের মধ্যে ৩১শে জানুয়ারি, ১৯৭৪ পর্যন্ত কতজন নথীভুক্ত হওয়ার জন্য আবেদন করেছেন; এবং

(গ) কতজনকে উক্ত সময় পর্যন্ত নথীভুক্ত (রেকর্ডেড) করা হয়েছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সেটেলমেণ্ট রেকর্ড অনুযায়ী ৩,০৪৪ জন।

(খ) এঁরা ছাড়া ১১৮ জন আবেদন করেছেন।

(গ) এ যাবত ৭৮ জন।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগে কর্মচারী নিয়োগ

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৬।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ ধালের ফেব্রুয়ারি পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) বিবরণী নিম্নে দেওয়া হইল:

শ্রেণী ও পদের নাম পদ		মহাকরণ দপ্তর	মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী দপ্তর
		জন	জন
৩য় শ্রেণী			
লোয়ার ডিভিসান অ্যাসিস্টেন্ট	— — —	৬	—
টাইপিস্ট	— — —	২	—
ক্লার্ক-কাম্-টাইপিস্ট	— — —	—	২
ড্রাইভার	— — —	—	১
৪র্থ শ্রেণী			
পিওন, অর্ডারলি, ইত্যাদি	— — —	২	৫

জেলাওয়ারী দুঃস্থদের মধ্যে কাপড়-চোপড় বিলি

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৯।) শ্রীমহম্মদ দেদার বক্সঃ ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৪ সালের ২১শে ফেব্রুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ এলাকায় দুঃস্থদের মধ্যে কাপড়-চোপড় বিলি করা হয়েছে;

(খ) তন্মধ্যে মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ ব্লকে এবং কয়টি করিয়া কম্বল দুঃস্থদের মধ্যে বিলির ব্যবস্থা করা হয়েছে; এবং

(গ) দুঃস্থ জনসাধারণের বর্তমান আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যাপকহারে দুঃস্থদের মধ্যে কাপড়-চোপড় বিলি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতেই ঐ সময়ের মধ্যে কাপড়-চোপড় বিলি করা হইয়াছে।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল ঃ

Statement referred to in reply to (Kha) of unstarred question No. 242.

মুর্শিদাবাদ জেলা

	ব্লকের নাম					বিলি করা কম্বলের সংখ্যা
১।	বহরমপুর	—	—	—	—	৯৫
২।	ডোমকল	—	—	—	—	৭৮
৩।	জলঙ্গী	—	—	—	—	৬৭
৪।	বেলডাঙ্গা—১	—	—	—	—	৬৫
৫।	বেলডাঙ্গা—২	—	—	—	—	৫২
৬।	নওদা	—	—	—	—	৫২
৭।	হরিহরপাড়া	—	—	—	—	৬১
৮।	বহরমপুর (পৌর এলাকা)		—	—	—	২০০
৯।	মুর্শিদাবাদ (জিয়াগঞ্জ)		—	—	—	৭৬
১০।	লালগোলা	—	—	—	—	৫৫
১১।	ভগবানগোলা—১	—	—	—	—	৫৯
১২।	ভগবানগোলা—২	—	—	—	—	৫৯
১৩।	রাণীনগর—২	—	—	—	—	৫৯
১৪।	নবগ্রাম	—	—	—	—	৫৯
১৫।	খড়গ্রাম	—	—	—	—	১৩৫
১৬।	বড়ঞা	—	—	—	—	১৩৫
১৭।	ভরতপুর—১	—	—	—	—	১৩৫
১৮।	ভরতপুর—২	—	—	—	—	১৩৫
১৯।	কান্দি	—	—	—	—	১৩
২০।	রঘুনাথগঞ্জ—১	—	—	—	—	৭৬
২১।	সাগরদীঘি	—	—	—	—	৭০
২২।	সূতি—১	—	—	—	—	৪
২৩।	সূতি—২	—	—	—	—	১৩৪
২৪।	সমসেরগঞ্জ	—	—	—	—	১৩৪
২৫।	ফরাক্কা	—	—	—	—	১৩৩

(গ) না।

আবগারী বিভাগে কর্মচারী নিয়োগ

২৪৩।(অনুমোদিত প্রশ্ন নং ১৪৬০।) শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

আবগারী বিভাগের মন্ত্রীমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) ১২৬ জনকে নিম্নোক্ত পদগুলিতে নিয়োগ করা হইয়াছেঃ

পদ						জন
এক্সাইজ সুপারিন্টেণ্ডেন্ট—	—	—	—	—		৪
সাব-ইন্সপেক্টর	—	—	—	—	—	৯
অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর	—	—	—	—		৭
লোয়ার ডিভিশন ক্লার্ক	—	—	—	—	—	৫
টাইপিস্ট	—	—	—	—	—	৪
এক্সাইজ কন্সটেবল	—	—	—	—	—	৯৭
				মোট	—	১২৬

আবগারী বিভাগের কর্মচারীদের বেতন ও ভাতা

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৮।) **শ্রীমহম্মদ দেদার বক্স**ঃ আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় আবগারী বিভাগের বিভিন্ন অফিসে মোট কতজন কর্মচারী বর্তমানে কাজ করছেন;

(খ) এদের বেতন, ভাতা ইত্যাদি বাবত ১৯৭৩ সালে মোট কত টাকা খরচ হয়েছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় দিলফোরবাগ নামে একটি গাঁজা ফার্ম আছে; এবং

(ঘ) অবগত থাকলে, উক্ত গাঁজা ফার্মে বর্তমানে মোট কতজন কর্মচারী কাজ করছেন, তন্মধ্যে কতজন স্থায়ী এবং কতজন অস্থায়ী?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবাংলায় অন্তঃশুল্ক অধিকারের অধীনে বিভিন্ন অফিসে মোট ২,৭৭৬ জন কর্মচারী কাজ করেন।

(খ) এদের বেতন ভাতা ইত্যাদি বাবত ১৯৭৩-৭৪ সালে একুনে (প্রায়) ১,০৮,৮০,০০০ টাকা খরচ ধরা আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) গত কয়েক বছর ধরিয়া গাঁজা চাষের মরসুমে দিলফোরবাগ-এ প্রতি বছর নবেম্বর হইতে পরবর্তী মার্চ মাস পর্যন্ত গাঁজার চাষ হইয়া থাকে। যখন চাষের কাজ হয় তখন অস্থায়িভাবে কিছুসংখ্যক কর্মী নিযুক্ত হয়। এই সংখ্যা গাঁজা চাষের জমির পরিমাণের উপর নির্ভর করে। বর্তমানে ঐ গাঁজা চাষের কাজ সম্পন্ন হইয়া গিয়াছে এবং কোন কর্মচারী ওখানে কাজ করেন না।

বনগ্রাম সেটেলমেন্ট অফিসে নূতন লোক নিয়োগ

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬২।) **শ্রীঅজিত কুমার গাঙ্গুলী**ঃ ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরিপের জন্য বনগ্রাম সেটেলমেন্ট অফিসের কোন্ কোন্ বিভাগে কতজন নূতন লোককে সম্প্রতি নিয়োগ করা হয়েছে; এবং

(খ) যাহারা নিযুক্ত হয়েছেন তাঁদের নাম ও ঠিকানা?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জরিপের জন্য বনগ্রাম সেটেলমেন্ট অফিস এখনও খোলা হয় নি। তবে ওখানে একটি সেটেলমেন্ট ট্রেনিং ক্যাম্প খোলা হয়েছে। ঐ ক্যাম্পের জন্য মাত্র একজন নাইট গার্ড নিযুক্ত করা হয়েছে। ৮৭ জন শিক্ষানবিস আমিন এবং ১৮ জন শিক্ষানবিস জাঁচ-মোহরারকে ওখানে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(খ) নিযুক্ত নাইট গার্ডের নাম ও ঠিকানা—শ্রীবারীণকুমার মণ্ডল, পোঃ ও গ্রামঃ কুষ্ঠিয়া, জেলা ২৪-পরগনা।

পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন শাখা) বিভাগে কর্মচারী নিয়োগ

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ২৯ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজার (সরকারী কলেজ হইতে আই, ডি, ডি, পাশ করা)।

(২)	১ জন সিকিউরিটি ইন্সপেক্টর	প্রাক্তন সৈনিক
(৩)	৪ জন হেড সিকিউরিটি গার্ড	
(৪)	৩০ জন সিকিউরিটি গার্ড	
(৫)	১ জন হেড ওয়ারম্যান	
(৬)	৩ জন ফিটার	অনিয়মিত কর্মচারীদের থেকে নিয়মিতকরণের মাধ্যমে।
(৭)	৫ জন অ্যাসিস্ট্যান্ট মেকানিক	
(৮)	১ জন ড্রাফটসম্যান (জুনিয়ার)	
(৯)	২ জন কারপেন্টার	
(১০)	৩ জন স্মিথ	
(১১)	৩ জন টিন স্মিথ	
(১২)	১ জন ব্লাকস্মিথ	
(১৩)	১২ জন ক্লিনার	
(১৪)	১ জন পিওন	
(১৫)	২ জন লেবরেটরি অ্যাটেণ্ডান্ট	

৯৮ জন

রাজ্যসরকারী কর্মচারীদের মধ্যে তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের সংখ্যা

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৯।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ২রা এপ্রিল হইতে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত সময়ের মধ্যে নিযুক্ত রাজ্যসরকারী কর্মচারীদের মধ্যে তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের কতজন; এবং

(খ) তন্মধ্যে ১ম ও ২য় শ্রেণীর কোন শ্রেণীর কতজন করিয়া?

তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী চাকুরীতে মোট ১২,৯৭৬ জন নিয়োগের সংবাদ এযাবৎ সংগ্রহ করা গিয়াছে। তাহার মধ্যে তফসিলী জাতি ১,৫৪৮ জন এবং আদিবাসী ৪৭৪ জন।

(খ)

শ্রেণী				তফসিলী জাতি	আদিবাসী
				জন	জন
১ম শ্রেণী	—	—	—	৬	২
২য় শ্রেণী	—	—	—	৩৬	১৪

পৌরকার্য বিভাগে কর্মচারী নিয়োগ

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৭।) **শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ

(ক) মোট ১৪২ জন।

(খ) প্রথম ও দ্বিতীয় শ্রেণী কিছুই নাই।

তৃতীয় শ্রেণীর					জন
(১) ফায়ার ম্যান	—	—	—	—	৭১
(২) ফায়ার ইঞ্জিন অপারেটর-কাম-ড্রাইভার			—	—	১৫
(৩) স্টাফ কার ড্রাইভার	—	—	—	—	৫
(৪) করণিক	—	-	—	—	১১
(৫) অ্যাসিস্ট্যান্ট সাব-লাইনিং অফিসার			—	—	২৭
					১২৯

চতুর্থ শ্রেণী					
(১) পিয়ন/অর্ডারলী, ইত্যাদি		—	—	—	১০
(২) ঝাড়ুদার	—	—	—	—	৩
					১৩

কো-অপারেটিভ এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে দাবি-দাওয়া সম্বলিত মেমোরেণ্ডাম

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৫।) **শ্রীকংসারী হালদারঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭৩ সালের ডিসেম্বর মাসে কো-অপারেটিভ এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে দাবি-দাওয়া সমন্বিত কোন মেমোরেণ্ডাম সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে—

(১) কি কি দাবি; ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) "কো-অপারেটিভ এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন" নামে কোন মেমোরেণ্ডাম পাওয়া যায় নাই। তবে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট কো-অপারেটিভ অ্যাসোসিয়েশনের ইন্সপেক্টর ও অডিটারদের দুইটি শাখা হইতেই দাবি-দাওয়া সমন্বিত মেমোরেণ্ডাম পাওয়া গিয়াছে।

(খ) (১) তাহাদের বেতনক্রমের পুনর্বিন্যাস সহ বিভিন্ন আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা।

(২) দাবিগুলির অধিকাংশই আর্থিক দায়দায়িত্ব সংক্রান্ত। বর্তমানে ইহা সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

সাদি খাঁচদেয়াড় বিদ্যানিকেতন হইতে পাজরাপাড়া ভায়া কজসননগর রাস্তা

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮০।) **শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকের সাদি খাঁচদেয়াড় বিদ্যানিকেতন হইতে পাজরাপাড়া ভায়া কজসননগর রাস্তাটি স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম অনুসারে অগ্রাধিকারের ভিত্তিতে উন্নয়ন করার প্রস্তাব করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত রাস্তার কাজ কবে নাগাত আরম্ভ হইবে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম-এ মুর্শিদাবাদ জেলার জন্য ১৮·৫৭ লক্ষ টাকা দেওয়া হইয়াছে। তন্মধ্যে ঐ জেলায় বিভাগীয় চালু প্রকল্পের জন্য ৪·২০ লক্ষ টাকা, গত বছর হইতে জেলাশাসকের চালু প্রকল্পের (ডি, পি, সি, কর্তৃক অনুমোদিত) জন্য ১৩·৮২ লক্ষ টাকা দেওয়া হইয়াছে। নূতন প্রকল্পের জন্য মাত্র ৫২ হাজার টাকা প্রাপ্য থাকায় ঐ জেলাকে বাড়তি আর ১ লক্ষ টাকা দেওয়া হইয়াছে। মোট ১·৫২ লক্ষ টাকার মধ্যে জেলাশাসক কর্তৃক দেয় অগ্রাধিকারের ভিত্তিতে এবং ডি, পি, সি,-এর অনুমোদন সাপেক্ষ ৬টি ছোট ছোট প্রকল্প সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে। তাহার মধ্যে এই প্রকল্পটি নাই।

(খ) প্রশ্ন উঠে না।

দুবরাজপুরে নূতন মিউনিসিপ্যালিটি

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৫।) **শ্রীশচীনন্দন সাউঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুরে নূতন মিনিসিপ্যালিটি করার কোন সিদ্ধান্ত সরকার নিয়েছেন কি; এবং

(খ) নিয়ে থাকলে,

(১) কোন তারিখে নিয়েছেন; ও

(২) উক্ত সিদ্ধান্ত কার্যকর করতে দেরি হওয়ার কারণ কি?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) বীরভূম জেলার দুবরাজপুরে নূতন মিউনিসিপ্যালিটি করার সিদ্ধান্ত ১৯৭৩ সালের ৩০এ মার্চ তারিখে লওয়া হয়।

(২) উক্ত সিদ্ধান্ত অনুসারে ১৯৭৩ সালের ১৯এ এপ্রিল তারিখে দুবরাজপুর অঞ্চলকে "মিউনিসিপ্যাল এলাকা" হিসাবে ঘোষণা করিয়া একটি সরকারী প্রজ্ঞাপন প্রকাশ করা হয়। বর্তমানে দুবরাজপুর মিউনিসিপ্যালিটি সংক্রান্ত শেষ সরকারী প্রজ্ঞাপন প্রকাশ করার বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন। এ বিষয়ে যথাসম্ভব শীঘ্রই ব্যবস্থা গ্রহণ করা হইবে।

স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ শাখা) বিভাগে কর্মচারী নিয়োগ

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৯।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নতুন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) ২৬৭ জন।

	পদ	জন
(১)	সাব-অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ার (সিভিল)	১১৬
(২)	সাব-অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ার (মেকানিক্যাল)	২০
(৩)	লোয়ার ডিভিসন ক্লার্ক	২
(৪)	ওয়ার্ক অ্যাসিস্টান্ট	৭
(৫)	স্টোর কীপার	১
(৬)	ওয়ার্ক চার্জড ওয়ার্ক অ্যাসিস্টান্ট	২
(৭)	হেলপার	১৩
(৮)	পিওন	৫৬
(৯)	ক্লীনার	১
(১০)	গার্ড ও দারোয়ান	৪৯

বর্ধমান জেলায় নূতন টিউবওয়েল

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—গত ১৯৭৩ সাল হইতে ফেব্রুয়ারি, ১৯৭৪ পর্যন্ত বর্ধমান জেলায় কোন্ থানার অধীনে কোন্ গ্রামে ও কয়টি নূতন টিউবওয়েল বসানো হইয়াছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ ১৯৭৩-এর জানুয়ারি থেকে ১৯৭৩-এর ডিসেম্বর পর্যন্ত বর্ধমান জেলার বিভিন্ন ব্লকে পল্লী জল-সরবরাহ প্রকল্পের মাধ্যমে যেসব নতুন নলকূপ বসান হয়েছে তার হিসাব নিম্নে দেওয়া হ'ল। উক্ত জেলার থানা ও গ্রাম ভিত্তিক নলকূপের হিসাব আপাতত হাতে নেই। ১৯৭৪-এর জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের নলকূপের হিসাব সংগ্রহ করা হচ্ছে।

	ব্লকের নাম	নতুন নলকূপ খননের সংখ্যা
১।	বর্ধমান	—
২।	মেমারী-১নং	২
৩।	মেমারী-২নং	১
৪।	জামালপুর	২
৫।	গলসী-১নং	১
৬।	গলসী-২নং	—
৭।	আউসগ্রাম-১নং	১৯
৮।	আউসগ্রাম-২নং	১২
৯।	রাইনা-১নং	১৫
১০।	রাইনা-২নং	—
১১।	ভাতার	—
১২।	খণ্ডঘোষ	৪
১৩।	কালনা-১নং	২
১৪।	কালনা-২নং	—
১৫।	পূর্বস্থলী-১নং	৬
১৬।	পূর্বস্থলী-২নং	৫
১৭।	মন্তেশ্বর	—
১৮।	কাটোয়া-১নং	—
১৯।	কাটোয়া-২নং	১৪
২০।	কেতুগ্রাম-১নং	২২
২১।	কেতুগ্রাম-২নং	১৫
২২।	মঙ্গলকোট	২৩
২৩।	ফরিদপুর	—
২৪।	কাঁকসা	৩
২৫।	আসানসোল	—
২৬।	রাণীগঞ্জ	—

ব্লকের নাম					নতুন নলকূপ খননের সংখ্যা
২৭। হীরাপুর —	—	—	—	—	—
২৮। সালানপুর —	—	—	—	—	—
২৯। কুলটী —	—	—	—	—	—
৩০। জামুরিয়া-১নং	—	—	—	—	—
৩১। অণ্ডাল	—	—	—	—	—
৩২। জামুরিয়া-২নং	—	—	—	—	—
৩৩। বরাবনী —	—	—	—	—	—
					১৪৬

সি এস টি সি-র বাস

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৯।) শ্রীগণেশ হাটুই: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের সি এস টি সি-র অধীনে বর্তমানে কতগুলি বাস আছে;

(খ) ইহার মধ্যে কতগুলি (১) চালু, এবং (২) অচল অবস্থায় আছে;

(গ) অচল বাসগুলি মেরামতের জন্য সি এস টি সি-র অধীনে কোন কারখানা আছে কি; এবং

(ঘ) থাকিলে, ঐ কারখানায় কতজন কর্মী কাজ করেন ও তাহাদের জন্য মাসে কত টাকা ব্যয় করা হয়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) ১,৩৪৮।

(খ) (১) ৯৮৩।

(২) ৩৬৫ (অতিরিক্ত বয়সের ও বাতিলের যোগ্য)।

(গ) মেরামতযোগ্য বাস মেরামতের জন্য একটি কেন্দ্রীয় কারখানা আছে।

(ঘ) কেন্দ্রীয় কারখানায় কর্মীর সংখ্যা ৯৯০ এবং তাহাদের জন্য মাসিক ব্যয় হয় গড়ে টাকা ৩·৯৭ লাখ।

স্বরাষ্ট্র (কারা) বিভাগে কর্মচারী নিয়োগ

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০০।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) উক্ত সময়ের মধ্যে কারাধিকারের অধীনে মোট ৩১৯ জন নূতন কর্মচারী নিম্নলিখিত পদে নিয়োগ করা হইয়াছেঃ

	পদ	জন
(১)	জেলা কারাধ্যক্ষ — — — —	৩
(২)	জেলর — — — — —	১
(৩)	ডেপুটি জেলর — — — —	২
(৪)	ওয়েলফেয়ার অফিসার — — —	২
(৫)	অ্যাসিস্টেন্ট সাইকোলজিস্ট — — —	১
(৬)	ডিসিপ্লিন অফিসার — — — —	৫
(৭)	টেকনিকেল অ্যাসিস্টেন্ট গ্রেড-২ — — —	২
(৮)	করণিক — — — — —	১০
(৯)	টাইপিস্ট — — — — —	২
(১০)	টাস্কটেকার — — — —	১
(১১)	সিকিউরিটি অফিসার — — — —	৭
(১২)	কম্পাউণ্ডার — — — —	৫
(১৩)	কারারক্ষী — — — —	২৭৭
(১৪)	পিয়ন — — — — —	১

হোমগার্ডের জন্য জেলাওয়ারী বাৎসরিক ব্যয়

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমগার্ডের জন্য গত দুই বৎসরের প্রতি বৎসরে কত টাকা করিয়া জেলাওয়ারী ব্যয় হইয়াছে;

(খ) হোমগার্ডদের স্থায়িভাবে নিয়োগ করার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(গ) বর্তমানে হোমগার্ড নিয়োগের ক্ষেত্রে কি কি যোগ্যতা থাকা প্রয়োজন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) একটি তথ্য নিম্নে দেওয়া হইল।

(খ) না।

(গ) সাধারণত ১৮ হইতে ৪০ বৎসর বয়স্ক ভারতীয় নাগরিকদের দৈহিক মানের ভিত্তিতে নিয়োগ করা হয়।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 256

"ক" প্রশ্নের উত্তরে জেলাওয়ারী তথ্য

জেলা				১৯৭১-৭২	১৯৭২-৭৩
পুরুলিয়া —	—	—	—	১,৭২,৮০৫	২,২৪,২৭৯
বাঁকুড়া —	—	—	—	৮৯,৫৪৯	৬৩,৭৬৭
বর্ধমান —	—	—	—	১,৪৫,০৩২	১,৭৯,০৩১
বীরভূম —	—	—	—	—	—
মেদিনীপুর —	—	—	—	৪৬,৬০৫	১,০৩,০০০
হুগলি —	—	—	—	৩,৫৪,২০০	৪,৪৯,৩৫৬
হাওড়া —	—	—	—	১,২১,১২৫	১,৫৫,০০০
২৪-পরগনা	—	—	—	৫,৫০,০০০	৭,৫৬,০০০
মুর্শিদাবাদ —	—	—	—	২,৭১,১৬৬	৩,০০,০০০
নদিয়া —	—	—	—	৫,৮৭,৪৩০	৩,৮৪,১৭৫
জলপাইগুড়ি	—	—	—	২,৪১,৯০০	২,৮৩,৬২৯
পশ্চিম দিনাজপুর	—	—	—	২,৬৯,৫০৮	২,৭৪,৫১৯
মালদা —	—	—	—	৮৬,৬৮০	৭১,৬৪০
কুচবিহার —	—	—	—	৫৯,৭৮৩	৪৬,৫৪৮
দার্জিলিং —	—	—	—	১,৭৯,৬৪০	১,৪০,০০০
কলিকাতা —	—	—	—	১৯,৪৬,৭৪০.৪৫	১৭,২৯,৩২২.০৯

জেলাওয়ারী মিসা ও ডি আই রুলে গ্রেপ্তার

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৩।) **শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ স্বরাষ্ট্র (বিশেষ)** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ হইতে ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত কোন্ জেলায় কতজন লোককে মিসা ও ডি আই রুলে গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) তন্মধ্যে কোন্ জেলায় কতজনকে (১) মাননীয় হাইকোর্ট কর্তৃক ও (২) অ্যাডভাইসারি বোর্ড কর্তৃক খালাস দেওয়া হইয়াছে?

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে আটক ও মুক্তিপ্রাপ্ত পরিসংখ্যান নিম্নে দেওয়া হইল।

(খ) ডি আই আর-এ গ্রেপ্তার ও মুক্তির সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 257

১৯৭২ সালের মাচ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা আইনে আটকের এবং ঐ সময়ের মধ্যে কোর্ট ও উপদেষ্টা পর্যতের সুপারিশ অনুযায়ী আটক হইতে মুক্তিপ্রাপ্ত ব্যক্তির জিলা ভিত্তিক সংখ্যা ঃ

জিলার নাম			আটকের সংখ্যা	কোর্টের আদেশে মুক্তিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা	উপদেষ্টা পর্ষতের সুপারিশ অনুযায়ী মুক্তিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা
২৪-পরগনা	—	—	১,২৩৬	২৬৫	১৯৮
হাওড়া	—	—	২৬৪	১০১	৫৫
নদিয়া	—	—	২৭৯	৪৪	৮২
মুর্শিদাবাদ	—	—	৩৪৩	৮২	৫৩
বর্ধমান	—	—	১,১৮৩	২৯২	২৩৫
বীরভূম	—	—	২৬০	১৫৩	৫৩
বাঁকুড়া	—	—	২০৮	৪৭	৩৮
মেদিনীপুর	—	—	২১৮	৪০	২৮
হুগলি	—	—	৩৩৩	১৫৮	৭৮
পুরুলিয়া	—	—	৪২	৪	৬
জলপাইগুড়ি	—	—	২৬৬	৩৬	৫৯
দার্জিলিং	—	—	১৫৪	৯	২৫
পশ্চিম দিনাজপুর	—	—	২৭৭	২৯	৬১
মালদা	—	—	১৮৬	৫৫	২৯
কুচবিহার	—	—	১৫৪	২৯	৩৭
কলিকাতা	—	—	১,২১৫	৪০৫	১৯৫

তফসিলী ও আদিবাসীদের ট্রাডিশনাল প্রফেশনে আর্থিক সাহায্য

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৯।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে তফসিলী ও আদিবাসীদের "ট্রাডিশনাল প্রফেশন"-এ আর্থিক সাহায্যের জন্য যে অর্থ বরাদ্দ ছিল তাহা জেলাওয়ারী কত করিয়া বরাদ্দ ছিল;

(খ) ২৪-পরগনা জেলায় বনগ্রাম মহকুমায় এই অর্থের কত বরাদ্দ হইয়াছিল এবং এপর্যন্ত কত খরচ হইয়াছে; এবং

(গ) উক্ত অর্থ কোন কাজে এবং কে কে সাহায্য পাইয়াছেন?

তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) বংশানুক্রমিকভিত্তিতে কতিপয় নির্দিষ্ট বৃত্তিতে নিযুক্ত তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত কারিগরদের আর্থিক সাহায্য প্রদানের প্রকল্পে ১৯৭৩-৭৪ সালের জেলাওয়ারী আর্থিক বরাদ্দের একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) উক্ত প্রকল্পে সমগ্র ২৪-পরগনা জেলার জন্য নিম্নলিখিত পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে ঃ

তফসিলী মঙ্গল খাতে	—	৫,৬০০ টাকা
আদিবাসী মঙ্গল খাতে	—	১,৬০০ টাকা

বনগ্রাম মহকুমার জন্য স্বতন্ত্রভাবে কোন অর্থ বরাদ্দ করা হয় নাই।

বনগ্রাম মহকুমার তফসিলী বা আদিবাসী সম্প্রদায়ের কোনও যোগ্য প্রার্থীর নিকট হইতে কোন আবেদনপত্র না পাওয়ায় ঐ মহকুমায় উক্ত প্রকল্পাধীনে কোনরূপ অর্থ মঞ্জুর করা সম্ভব হয় নাই।

(গ) এ প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to clanse (ka) of unstarred question No. 258

বংশানুক্রমিক ভিত্তিতে কতিপয় নির্দিষ্ট বৃত্তিতে নিযুক্ত তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত কারিগরদের আর্থিক সাহায্য প্রদান প্রকল্পে ১৯৭৩-৭৪ সালের জেলাওয়ারী আর্থিক বরাদ্দের তালিকা ঃ

জেলার নাম		১৯৭৩-৭৪ সালের আর্থিক বরাদ্দ তফসিলীদের জন্য	আদিবাসীদের জন্য
১। বর্ধমান	—	৩,৪০০	২,৬০০
২। বীরভূম	—	১,৮০০	১,৮০০
৩। বাঁকুড়া	—	২,২০০	২,৪০০
৪। মেদিনীপুর	—	২,৪০০	৫,৪০০
৫। হুগলি	—	২,১০০	১,২০০
৬। হাওড়া	—	১,৪০০	৮০০
৭। কলিকাতা	—	৩০০	—
৮। ২৪-পরগনা	—	৫,৬০০	১,৬০০
৯। নদিয়া	—	১,৬০০	১,০০০
১০। মুর্শিদাবাদ	—	১,২০০	৬০০
১১। মালদা	—	৮০০	১,৪০০
১২। পশ্চিম দিনাজপুর	—	১,২০০	২,৪০০
১৩। জলপাইগুড়ি	—	১,৮০০	২,০০০
১৪। দার্জিলিং	—	১,২০০	২,৪০০
১৫। কুচবিহার	—	২,২০০	৪০০
১৬। পুরুলিয়া	—	৮০০	৪,০০০
মোট	—	৩০,০০০	৩০,০০০

কান্ট্রি লিকার ও ফরেন লিকারের দোকান

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৭।) **শ্রীআব্দুলবারি বিশ্বাস:** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি পর্যন্ত) আথিক বৎসরে কান্ট্রি লিকার ও ফরেন লিকার-এর কোন দোকানের মঞ্জুরী দেওয়া হইয়াছে কি; এবং

(খ) দেওয়া হইয়া থাকিলে, জেলাওয়ারী কয়টি ও তাহাদের নাম ও ঠিকানা?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের জেলাওয়ারী দেশী ও বিলাতী মদের দোকান মঞ্জুরী সংখ্যা এবং তাহাদের ঠিকানার একটি বিবরণী পৃথক ভাবে দেওয়া হইল।

[2-10-- 2-20 p.m.]

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received 24 notices of calling attention on the following subjects, namely :

(1) Drive against ghost ration cards in Calcutta—from Shri Md. Shafiulla and Dr. Ramendra Nath Dutt;

(2) Rationing of kerosine in rural areas—from Shri Narayan Bhattacharyya, Shri Md. Shafiulla, Shri Netaipada Sarkar and Shri Sakti Kumar Bhattacharyya;

(3) Sanction of T.R. and G.R. for labourers in closed tea estates in Darjeeling and Jalpaiguri districts—from Shri Md. Safiulla;

(4) Damage of betel leaf cultivation in several districts—from Shri Kashinath Patra and Shri Md. Shafiulla;

(5) Demonstration and hunger strike by Ananda Marge Avadhoots in Calcutta—from Shri Md. Shafiulla, Shri Bhowani Prosad Sinha Roy, Shri Ganesh Chandra Hatui and Shri Mahadev Mukherjee;

(6) Power rationing in West Bengal from 8th April, 1974—from Shri Krishnapada Roy, Shri Supriya Basu and Shri Md. Shafiulla;

(7) 25 new engines purchased by Calcutta Corporation at a cost of Rs. 8 lakhs lying immobilised—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mondal;

(8) Bursting of one automatic point at Dum Dum junction on 29th March, 1974—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mondal;

(9) Reported disciplinary action against some of the striking technocrats—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharyya and Shri Kashinath Misra;

(10) A state bus colliding with a two-storied building on Chowringhee on 29th March, 1974 killing two pedestrians—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mondal;

(11) Snatching of ten thousand rupees in Bongaon at the point of dagger—from Shri Md. Dedar Baksh, Shri Jokhilal Mondal, Shri Adya Charan Dutt, Shri Abdul Bari Biswas, Shri Susanta Bhattacharyya, Shri Monoranjan Pramanik, Shri Narayan Bhattacharyya, Shri Md. Dedar Baksh and Shri Debabrata Chatterjee;

(12) Disruption in water supply in Calcutta due to scarcity of coal—from Shri Md. Dedar Baksh, Shri Jokhilal Mondal, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta, Shri Debabrata Chatterjee, Shri Susanta Bhattacharya, Shri Monoranjan Pramanick, Shri Gautam Chakravartty, Shri Tuhin kumar Samanta and Shri Abdur Rauf Ansari;

(13) Looting of paddy in the villages of Bankura—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mandal;

(14) Clash between Police and wagon breakers—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mandal;

(15) Distress of middle class people due to high price of essential commodities—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mandal;

(16) Properties left behind in Bangladesh—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mandal;

(17) Rise in price of controlled cloth--from Shri Md. Dedar Baksh and and Shri Jokhilal Mandal;

(18) Mosquito menace at Ultaadang—from Shri Md. Dedar Baksh and Shri Jokhilal Mandal;

(19) Serious condition of certain prisoners in Midnapur Central Jail due to strike by Doctors—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Debabrata Chatterjee, Shri Jokhilal Mandal, Shri Gautam Chakrabartty, Shri Susanta Bhattacharya, Shri Monoranjan Pramanick, Shri Adya Charan Dutta, Shri Md. Dedar Baksh and Shri Tuhin Kumar Samanta;

(20) Reported strike in Indian Oil Corporation from 3rd April, 1974—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Debabrata Chatterjee, Shri Monoranjan Pramanick, Shri Gautam Chakrabartty, Shri Susanta Bhattacharya, Shri Adya Charan Dutta and Shri Tuhin Kumar Samanta;

(21) Round the clock work of Howrah Telegram office—from Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharya, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Bhattacharya, Shri Tuhin Kumar Samanta and Shri Monoranjan Pramanick;

(22) Damage to crops and dwellings and loss of life due to recent heavy rainfall and hailstrom—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Adya Charan Dutta, Shri Debabrata Chatterjee, Shri Susanta Bhattacharya and Shri Narayan Bhattacharya;

(23) Bursting of Transformer at Ghughudanga on 31st March, 1974—from Shri A. H. Besterwitch, Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri; and

(24) Starvation death in different villages throughout West Bengal—from Shri A. H. Besterwitch, Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri, Shri Kashinath Misra, Shri Gautam Chakrabartty, Shri Adya Charan Dutta, Shri Tuhin Kumar Samanta, Shri Debabrata Chatterjee, Shri Susanta Bhattacharyya and Shri Narayan Bhattacharya.

I have selected the notice of Shri Md. Dedar Baksh, Shri Jokhilal Mandal, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta, Shri Debabrata Chatterjee, Shri Susanta Bhattacharya, Shri Monoranjan Pramanick, Shri Gautam Chakravarty, Shri Tuhin Kumar Samanta and Shri Abdul Rauf Ansari. On the subject of disruption in water supply in Calcutta due to scarcity of coal. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : Tomorrow, Sir.

Mention Cases

Shri Nasiruddin Khan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পবিত্র বিধানসভায় আমি একটা মর্মান্তিক কাহিনী—অতীব দুঃখের এবং অতীব কষ্টের—আপনার মাধ্যমে রাখবো এবং প্রতিকার দাবী করবো। আমাদের শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী মহাশয় ২৮শে মারচ তারিখে নং ১৮৩।এইচ, ই, চিঠিতে তিনি অর্ডার দিলেন

Please arrange to disperse the grant for 1973-74 through the Secretary of this present Committee of Naoda Junior High School as a special case as ordered by the Hon'ble Minister of Education.

[2-20—2-30 p.m.]

এই চিঠিখানি নিয়ে ডি, আই;-এর কাছে ৩০ তারিখে গিয়েছিলাম। তিনি ঐ চিঠিখানি দেখে বললেন এদের মাথায় কিছু নেই। স্যার, আমি এম, এল, এ, হিসাবে শপথ করে দায়িত্ব নিয়ে বলছি যে এটা সত্য কথা। জনগণের নির্বাচিত প্রতিনিধি মন্ত্রী মহাশয়ের অর্ডার নিয়ে গেছি, টাকা তো দিলোই না। আমি লিখিতভাবে তখন জানালাম তখন তাঁরই সম্মুখে এ, আই, বসেছিলেন এবং আরও দুজন ভদ্রলোক ছিলেন একজন কালো একজন ফরসা। আমি লিখিতভাবে যখন বললাম তখন তিনি বললেন যে এ টাকা সারেন্ডার হয়ে গেছে ১৫ দিন আগে। আমি লিখিতভাবে চিঠিখানি দিয়ে তাঁকে বললাম যে এর একটা উত্তর দয়া করে আমাকে দিন। তখন তিনি বললেন যে আপনার চিঠির উত্তর দেবার জন্য কি আমি এখানে বসে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম, এল, এ, হিসাবে আমাদের যে গণতান্ত্রিক অধিকার আমাদের যে দাবী তা পূরণ তো হোলই না—শেষ পর্যন্ত ঘৃণার কথা হোল এই যে এমন টনটিং টোনে তারা সব কথাবার্তা বলতে লাগলেন যে মনে হোল সে ঘর থেকে বেরিয়ে আসতে পারলে যেন বাঁচা যায়। আমি আমার নিজের এম, এল, এ, প্যাডে সেই চিঠি দিয়েছিলাম। মন্ত্রী মহাশয়কে এমন ইনসালটিং টোনে সব কথা বলতে লাগলো যে শেষ কালে প্রাণ বাঁচিয়ে চলে এলাম। স্যার, এই জিনিসটি হাউসের সামনে আপনার মাধ্যমে রেখে এর প্রতিকার চাচ্ছি।

(গোলমাল)

Shri Mrityunjoy Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা যদি ঘটে থাকে তাহলে খুবই দুঃখজনক। আমি নিশ্চয় এ বিষয়ে অনুসন্ধান করে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবো।

(গোলমাল)

Shri Nasiruddin Khan :

যদি আবার কি স্যার, এ ঘটনা সম্পূর্ণ সত্য।

(গোলমাল)

Mr. Speaker : I understand that the Hon'ble Minister has assured that he will take necessary action in this matter.

(Several members rose to speak)

Mr. Speaker : Honourable members, you have expressed your deep concern over this matter as has been pointed out by Shri Khan Nasiruddin. The Hon'ble Minister, I understand, has given some short of assurance before the House that he would take necessary action in the matter. I think, we should not lose any more time on this issue.

Shri Gangadhar Pramanick :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার এবং মাননীয় সদস্যদের অবগতির জন্য দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ক্লাশ ১ থেকে ক্লাশ ৫ পর্যন্ত ফ্রি হয়েছে এবং ক্লাশ ৮ পর্যন্ত ছাত্রীদের ফ্রি হয়েছে। এখানে শিক্ষামন্ত্রী আছেন তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি যে তিনি এগুলি করতে পেরেছেন এবং এখানে অবৈতনিকভাবে প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া শুরু হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি আদিবাসী এবং তফসীল জাতির যে সমস্ত দরিদ্র শ্রেণীর মানুষ গ্রাম্য দেশে থাকেন, আজকে বস্ত্রের যেরকম দাম হয়েছে তাতে তারা ছেলেদের কাপড় জোগাড় করতে পারছে না, কিনতে পারছে না। সেই কারণে এই সমস্ত অধ্যুসিত এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে তাদের ছেলে মেয়েদের লেখা পড়া শেখানের ইচ্ছা থাকা সত্বেও স্কুলে পাঠাতে পারছে না, কোন রকম লজ্জা নিবারণের ব্যবস্থা তাদের নেই। তারা যে রোজগার করে তাতে তাদের সংকুলান হয় না। এই হিসাবে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সুযোগ থাকা সত্বেও তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। মাননীয় মন্ত্রী এখানে আছেন আমি তার মাধ্যমে সোসাল এডুকেসন ডিপার্টমেন্টকে বলব এই সমস্ত ছেলেদের বাস্তবিক যদি লেখা পড়া শেখানো না যায় তাহলে আমরা যাদের আর্থিক অবস্থার উন্নতি করতে চাচ্ছি এবং সমাজের ভেদাভেদ দূর করতে চাচ্ছি, এত চেষ্টা করা সত্বেও বাস্তবিকই তাদের এই সুযোগ থেকে বঞ্চিত করছি। এই ব্যবস্থা যদি না করতে পারা যায় তাহলে সরকার যে এতগুলি টাকা খরচ করছেন তার কোন ব্যবস্থাই হবে না।

Shri Jokhi Lal Mondal :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার মানিকচক কেন্দ্রে বর্তমানে দারুণ খাদ্যাভাব দেখা দিয়েছে। সেখানকার জনসাধারণের কোন কাজ নেই, বসে আছে। এখন সেখানে ধানের দাম ৭০।৮০ টাকা মন, চালের দাম ৩ টাকার উপরে। নিত্য প্রয়োজনীয় জিনিসের খুব অভাব দেখা দিয়েছে। রেশনে যে মাল দেওয়া হয় তাও প্রয়োজনের তুলনায় খুব কম। লোকে আজকে না খেয়ে দিন কাটাচ্ছে। সেখানকার জনসাধারণ যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিস পায় তার ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং

জি, আর, বাড়ানো দরকার এবং টি, আর,-এর মাধ্যমে সেখানকার লোকেরা যাতে কাজ পায় তার ব্যবস্থা [করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিষয়ে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় সেদিকে আপনি লক্ষ্য রাখবেন।

Shri Sisir Kumar Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যাপারে গত বছর ১৯৭৩ সালে মাননীয় মন্ত্রী সাত্তার সাহেব প্রতি ব্লকে ৩০টি করে টিউবওয়েল স্যাংসান করেছিলেন। কিন্তু দুঃখের কথা আজ পর্যন্ত সেই সমস্ত টিউবওয়েলের কাজ সুরু হয়নি। প্রতি ব্লকে মাত্র ২।৩টি করে টিউবওয়েলের কাজ সুরু হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে এই ব্যাপারে আলোচনা করে জানতে পেরেছিলাম টিউবওয়েলের প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং পাইপ, স্ট্রেনার ইত্যাদি সরবরাহের অভাবে এই কাজগুলি হচ্ছে না। আজকে গ্রীষ্মকাল পড়ে গেছে, গ্রামাঞ্চলে অত্যন্ত জল কষ্টের অভাব দেখা দিয়েছে। বিগত দিনে যে সমস্ত টিউবওয়েল হয়েছিল সেই সমস্ত টিউবওয়েলের পাইপ অকেজো হয়ে যাওয়ার জন্য সেই পাইপ দিয়ে নোনা জল সরবরাহ হচ্ছে। তারফলে পানীয় জলের অভাবে গ্রামাঞ্চলের মানুষ অত্যন্ত কষ্ট পাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি গত বছরে যে স্যাংসান করা হয়েছিল প্রতি ব্লকে ৩০টি করে টিউবওয়েল করা হবে তার প্রয়োজনীয় পাইপ, স্ট্রেনার ইত্যাদি যাতে সত্বর সরবরাহ করা হয় সেদিকে লক্ষ্য রাখুন এবং অবিলম্বে গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করুন।

[2-30—2-40 p.m.]

Shri Sankar Das Paul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও তিনি এখানে নেই তবুও আমি আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে বহরমপুর একটা গুরুত্বপূর্ণ জায়গা। আমরা যারা লালগোলা ট্রেনে যাওয়া আসা করি, সেই ট্রেনের অবস্থা দেখলে মনে হয় যে আমরা কখন বহরমপুর গিয়ে পৌঁছাবো জানিনা। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট বলে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের বহরমপুরে একটা হল্টিং স্টেশান আছে। কিন্তু এখান থেকে যে বাস ছাড়ে তাতে প্রায়ই জায়গা পাওয়া যায় না। নর্থ বেঙ্গল থেকে যেটা আসে তাতেও জায়গা পাওয়া যায় না। একটা স্টেট ট্রান্সপোর্টের বাস চলে এবং বিকাল ৩ টার সময় ছাড়ে এবং তার পরের দিন সকাল ৭ টার সময় ছাড়ে। আমার বক্তব্য হচ্ছে যে বহরমপুরের লোকেরা যাওয়া আসার জন্য বাসে কোন জায়গা পায়না এবং ট্রেনে গেলে কখন কলকাতায় পৌঁছাবে তার কোন ব্যবস্থা নেই। সে জন্য আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আরো ২ খানা বাস শুধু বহরমপুরের জন্য কলকাতা থেকে সকাল ৭টায় এবং সন্ধ্যা ৭টায় যেন ছাড়ে তার পরের দিন বহরমপুরে আসে তাহলে বহরমপুরবাসীদের অনেক সুবিধা হবে এবং প্রত্যেকে তাড়াতাড়ি আসতে পারবে এবং বাসে জায়গা পাবে। এই কথা বলে আমি আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Monoranjan Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছু দিন যাবত বসুমতী পত্রিকার ৫৫০ জন কর্মচারী শোচনীয় আর্থিক দুরবস্থার মধ্যে রয়েছেন। মাননীয় শ্রমমন্ত্রী ডঃ গোপাল দাস নাগ গত ২৮শে মার্চ এই বিধানসভায় আমার এবং মাননীয় কাশীনাথ মিশ্রের একটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উল্লেখ করে বলেছিলেন যে বসুমতী পত্রিকার ২ জন কর্মচারী আর্থিক অনটনের মধ্যে মারা গেছে এবং বহু কর্মচারী মৃত্যুপথযাত্রী। তিনি ৭৫ বছরের ঐ পুরানো ঐতিহ্যপূর্ণ

বসুমতী পত্রিকার কর্মচারীদের জন্য সহানুভূতি প্রকাশ করেন। গত ২৫শে নভেম্বর রাজ্যসভার শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীভগবত ঝা আজাদ, তিনি এই কর্মচারীদের জন্য উদ্বেগ প্রকাশ করেছেন এবং তিনি বলেছেন যে বিষয়টি রাজ্য সরকারের এক্তিয়ারে আছে। গত ২৩শে নভেম্বর মালিক পক্ষ সরকারের ত্রিপাক্ষিক চুক্তিকে অগ্রাহ্য করেছেন গত ৩০শে মার্চ সি, বি, আই; দিল্লী, প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট মালিকপক্ষের বিরুদ্ধে চার্জসীট দিয়েছেন। আপনার মাধ্যমে সরকারকে বলি শুধু কথার চিড়ে ভেজানতে চলবে না। এই সভা এবং রাজ্যসভা মৃত্যুপথযাত্রী কর্মচারীদের শুধু সহানুভূতি জানালেই চলবে না। সরকারকে পজেটিভ ওয়ে নিতে হবে। ৫৫০ জন কর্মচারী এই এক বছর বিনা বেতনে না খেয়ে অনাহারে থাকবে আর সরকার নীরব দর্শকের ভুমিকায় থাকবে এটা চলতে পারে না। তাই আমি সরকারকে অনুরোধ করি এটা অবিলম্বে হস্তক্ষেপ করুন এবং বসুমতী পত্রিকা সরকার নিজ হাতে গ্রহণ করুন। এই বিষয়ে মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর কাছে আজকে আবেদন জানাচ্ছি।

Shri Supriya Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে প্রাণে চাই যে পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় জেলায় এবং সামগ্রিকভাবে খেলাধুলার উন্নতি হোক। সেজন্য পশ্চিমবঙ্গ সরকার একটা দপ্তর করেছেন, একজন ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ মহাশয় এখানে আছেন এবং এই বিষয়ে ব্যয়বরাদ্দ হয়েছে। যদিও গিলোটিনের মাধ্যমে সমস্ত স্পোর্টস ডিপার্টমেন্ট, পশ্চিমবাংলার স্পোর্টসের গিলোটিন করে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবরের কাগজে নানা রকম স্টেটমেন্ট দেখছি। আমি একজন যুবক, আমি একজন খেলোয়াড়। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি সমগ্র পশ্চিমবাংলায় কোন স্কীম নেই, কোন রকম কোচিং স্কীম নেই এবং ট্রেনিং স্কীম নেই। তাই আপনার কাছে অনুরোধ করছি যে এই স্কীম করার জন্য, এই ট্রেনিং সেন্টার করার যে বত্তি থাকে, যে স্টেট কাউন্সিল অব স্পোর্টস যেটাকে স্পোর্টস্ কাউন্সিল বলি, যার মাধ্যমে বিশেষজ্ঞ থাকে খেলাধুলায় নানা রকম স্কীম তৈরী করে। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, ১৯৭০ সালের পর যুক্তফ্রন্ট যাবার পর সেটা বাতিল হয়ে গেছে কিন্তু আজ পর্যন্ত সেই স্পোর্টস কাউন্সিল তৈরী হয়নি। আমাদের ক্রীড়া মন্ত্রী মহাশয়ের টেবিলে ২ বছর ধরে ফাইল পড়ে আছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে মাননীয় ক্রীড়া মন্ত্রী মহাশয় যেন অবিলম্বে একটা শক্তিশালী—এত বড় নয়, ৪৫।৪৬ জনকে নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য নয়,—একটা ছোট এবং শক্তিশালী স্পোর্টস কাউন্সিল তৈরী করুন যার মাধ্যমে সমগ্র পশ্চিমবাংলায় সত্যিকারের খেলাধুলার উন্নতি করতে পারবো। মাননীয় মুখ্যমন্ত্রী কলকাতায় বিশ্ব টেবিল টেনিসের ব্যবস্থা করছেন, কিন্তু তারও এখন পর্য্যন্ত কিছু হচ্ছে না। কারণ এসবগুলি না থাকলে কোন কিছুই হবে না। তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে অবিলম্বে একটি স্পোর্টস কাউন্সিল খোলার ব্যবস্থা করুন।

Shri Phani Bhusan Singhababu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আমার জেলার চিত্র আপনার সামনে রাখছি এবং আপনার মাধ্যমে মন্ত্রীসভার নিকট তুলে ধরছি। আজকে বাঁকুড়া জেলার সর্বত্র খোলা বাজার থেকে চাল গম উধাও হয়ে গিয়েছে। সেখানকার খেটে খাওয়া সাধারণ মানুষের ঘরে কোন রকম চাল গম নেই, যাদের কেনবার পয়সা আছে তারাও আজকে বাজার থেকে চাল গম কিনে খেতে পাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে তিনি অবিলম্বে ঐ জেলায় রেশনের মাধ্যমে চাল এবং গম সরবরাহ করুন। গত পরশু দিন বাঁকুড়া জেলার মানকোনা গ্রামের একজন সাধারণ মানুষের ঘর থেকে চাল গম ছিনতাই হয়ে গিয়েছে। আমি আমার নির্বাচন কেন্দ্রে গিয়েছিলাম, সেখানেও এই রকম রাহাজানি, চুরি, ছিনতাই, ডাকাতি লেগেই আছে খাদ্যাভাবের জন্য। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে

তিনি অবিলম্বে সেখানে চাল এবং গমের সরবরাহ পাঠিয়ে ঐ জেলার মানুষদের অনাহারের হাত থেকে বাঁচান।

Shri Dasarathi Soren :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা মারাত্মক বিষয় আপনার মাধ্যমে আমাদের তপশীলী ও আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার নয়াগ্রামে থানায় গত ২৫-৪-৭৩ তারিখে একটা প্রচণ্ড ঘূর্ণী ঝড় হয়ে গিয়েছে, এর ফলে বহু ঘর-বাড়ী, গাছ-পালা ধ্বংস হয়ে গিয়েছে। সেখানে ৫টি পরিবারের পড়ে গিয়েছে এবং যার ফলে তাদের আজকে থাকবার মত, মাথা গুঁজে থাকবার কোন স্থান নেই। সেখানকার বি, ডি, ও -কে বলা হয়েছিল, কিন্তু তিনি বিশেষ কিছুই দিতে পারেননি। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যাতে অবিলম্বে আমাদের আদিবাসী কল্যাণ দপ্তরের থেকে এই কয়টি আদিবাসী পরিবারের জন্য গৃহ নির্মাণের ব্যবস্থা করা হক; অথবা তাদের গৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়া হোক।

Shri Bhawani Prosad Singha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। সাধারণ চিত্র যা সরকারী কর্মচারীদের মধ্যে রয়েছে সেটা আপনার মাধ্যমে সভার কাছে প্রকাশ করবার চেষ্টা করছি। স্যার, আরব্য উপন্যাসের সেই কুকুরের ল্যাজ সোজা করবার মত ব্যাপার এটা। একটা এমন অবস্থায় এসে পেঁ ৗছেছে যে সেটা সম্বন্ধে না বলে পারছি না। আজকে স্পেশাল এমপ্লয়মেন্ট-এর ব্যাপারে, এডিসনাল এমপ্লয়মেন্টের ব্যাপারে ব্যাঙ্কের কাছ থেকে বেকার ছেলেরা টাকা নেবে, সেখানে আজকে গরীব চাষীদের টাকা দেওয়া হচ্ছে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল থেকে জল পাবার জন্য। আমরা জানি স্যার, কি ভাবে মানুষ এই সব টাকা আদায় করে এবং এই টাকা আদায় করতে পয়সা দিতে হয়। কিন্তু সবচেয়ে আশ্চর্যের ব্যাপার আজকে পুলিশ পুলিশের কাছ থেকে ঘুষ নিচ্ছে, পুলিশের টি, এ; বিল পাশ করবে তার জন্য পয়সা নিচ্ছে, বদলি হবে তার জন্য পয়সা নেবে। আর এই বদলির ব্যাপারে, টি, এ-র ব্যাপারে পয়সা না দিলে তারা অসন্তুষ্ট হয়ে যেখানে সেখানে বদলি করে দিয়ে ডিসটার্ব করছে। আমার এখানে আপনার মাধ্যমে নিবেদন মন্ত্রীমহাশয়ের কাছে, যে, তিনি সবই জানেন এবং বিস্তারিত ভাবে জানেন, আরো ভালভাবে জানেন, সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করছি যে আপনি একটি কমিটি তৈরী করে সমস্ত ব্যাপারটায় একটা তদন্ত করুন।

Shri Md. Saffiullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি জানেন স্যার, আমার কেন্দ্র চণ্ডীতলা থানার ভিতরে একটি স্টিল ফ্যাক্টরী আছে, অন্ধ্র স্টিল ফ্যাক্টরী।

[2-40—2-50 p.m.]

আপনি শুনলে অবাক হয়ে যাবেন সেই কারখানায় গড়ে এখনও পর্য্যন্ত ২২৫ জন লোককে নিয়োগ করা হয়েছে। কিন্তু ঐ ২২৫ জনের মধ্যে মাত্র চার জন হচ্ছে আমাদের স্থানীয় লোক। আমার এলাকায় মাত্র ঐ একটাই কারখানা। সেখানে বাংলার বাইরে থেকে লোক নিয়ে জোর জবরদস্তি করে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আসাম ফর আসামীজ, বিহার ফর বিহারিজ, উড়িষ্যা ফর উড়িষ্যাজ, কিন্তু বেঙ্গল ফর অল, এই জিনিস আজকে চলতে পারে না। আজকে এই অজুহাতে এই জিনিস চলছে। যেখানে বাংলার লক্ষ লক্ষ বেকার ছেলে রয়েছে সেখানে এই অবস্থায় বাইরে থেকে লোক নিয়ে এসে ঢুকিয়ে নেওয়া হচ্ছে। এইভাবে সেখানে স্বজন পোষণ চলছে। এই কেলেঙ্কারির মধ্যে সেখানকার দুজন লোক জড়িত রয়েছে, তাদের এই কারখানায় ঢুকিয়ে নিয়ে আর সেখানে স্থানীয়

লোক নেওয়া হচ্ছে না, তাদের নাম হচ্ছে যথাক্রমে প্রবোধ কুমার মুখার্জী ওরফে বাদল এবং আর একজনের নাম হচ্ছে বাদল সরকার, তাদের ঐ কারখানায় ঢুকিয়ে নিয়ে আর স্থানীয় লোক নেওয়া বন্ধ করে দিয়েছে, এবং এই দুজনের সহযোগিতায় সেখানে মারপিঠ করে বাইরের লোক ঢোকানো হচ্ছে, সেখানে একটা অগ্নিগর্ভ অবস্থার সৃষ্টি হয়েছে। এর যদি প্রতিকার না হয় তাহলে আগামী দিনে হয়তো বাধ্য হয়ে আমাদের ঝাঁপিয়ে পড়তে হবে এই অন্যায় অবিচার বন্ধ করার জন্য।

Shr i Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলায় ফরাক্কায় যে ব্যারেজ তৈরী হয়েছে সেখানে মৎসজীবীদের পক্ষে একটা উপযোগী জায়গায়। সেখানে জংগীপুর সাবডিভিশন এবং কালিয়াচক থেকে প্রায় ৮০ হাজার মৎসজীবী সম্প্রদায় সেখানে মৎস ধরতে যায়। কিন্তু সেখানে ব্যারেজের কাছে মাছ ধরতে দেওয়া হয় না। অথচ ব্যারেজ পাহারা দেবার জন্য যে রক্ষী বাহিনী আছে, তারা সেখানে মাছ ধরতে দেয় না কিন্তু যারা অবস্থাপন্ন তারা সেখানে তাদের পয়সা দিলে মাছ ধরবার সুযোগ সুবিধা পায়। না পয়সা দিলে তাদের মাছ ধরবার সুযোগ দেওয়া হয় না। গত বছর এই বিষয়ে আমি বলেছিলাম এবং মিনিস্টার-এর কাছ থেকে জানিয়েছিলেন যে এই সম্বন্ধে একটা কমিটি করা হয়েছে, সেখানকার কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তারপর সেখানে দেখা গেল যে একমাস পর্য্যন্ত তাদের মাছ ধরতে দেওয়া হয়েছে কিন্তু তারপর আর তাদের দেওয়া হয়নি। এই বিষয়ে আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Mahammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শীদাবাদ জেলায় একটা মেডিকেল কলেজ স্থাপনের কথা শুধু এবারেই নয়, এই নিয়ে আরও তিনবার বলা হয়েছে। মুর্শীদাবাদ জেলার জনসংখ্যা প্রায় ২৯। থেকে ৩০ লক্ষ। সেখানে যদি একটা মেডিকেল কলেজ স্থাপন করা হয় তাহলে শুধু মুর্শীদাবাদ জেলাই নয়, নদীয়া, মালদহ, বীরভূম, মুর্শীদাবাদ এই চারটি জেলা এর দ্বারা উপকৃত হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে হাজার হাজার গ্রাম-বাংলার ছাত্রছাত্রী মেডিকেল কলেজের অভাবে পড়াশুনা করতে পারছে না, তাই সেখানে যদি একটা মেডিকেল কলেজ স্থাপন করা যায়, তাহলে তাদের শিক্ষার জন্য সুবিধা হবে।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা অত্যন্ত গুরুত্বর্ণপূ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রাণী বাঁধ অঞ্চলে প্রায় শতকরা ৪০ ভাগ উপ-জাতি সম্প্রদায় এবং শতকরা ৩০ ভাগ তপশীলী সম্প্রদায়ের লোক বাস করে। ডাঃ রায় এই এলাকার উপজাতি এবং তপশীলী জাতিদের প্রতি নজর দিয়েছিলেন। ডাঃ রায় রাণীবাঁধ এলাকার ঝিলিমিলি এলাকাকে বলেছিলেন দ্বিতীয় ভূস্বর্গ। সেই এলাকা আজকে অবনতির দিকে এগিয়ে যে চলেছে তার কথা আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাই। ঐ এলাকায় যে উলফ্রামের ওর রয়েছে এবং যেটা একমাত্র পাওয়া যায় রাজস্থানে, সেই ওর একজন বড় ব্যব-সায়ী বিক্রি করে প্রচুর মুনাফা করছে কিন্তু সরকারকে মাত্র দিচ্ছে বছরে ৩৪ হাজার টাকা। আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে জানাতে চাই, কিছুদিন আগে সেখানে তামার ওর পাওয়া গেছে, কিন্তু দেখা যাচ্ছে সেই তামার ওর বিহারের টাটায় পাঠিয়ে দেওয়া হচ্ছে, কিন্তু সরকারকে কোন টাকা পয়সা দেওয়া হচ্ছে না। আজকে ঐ এলাকার অধঃপতন হচ্ছে। আজকে খনিজ সম্পদ এবং বহু সম্পদে পরিপূর্ণ ঐ এলাকা আজকে অধঃপতনের দিকে এগিয়ে যাচ্ছে এই ব্যবসায়ীদের জন্য।

Shri Tuhin Kumar Samanta :

স্যার, চালুনীতে বালি আটকাতে দিলে সে যেমন পড়ে যায়, ঠিক তেমনি বর্ধমান জেলার ডিস্ট্রিকট্ কর্ডনিং—এর বেলায় তাই হয়েছে। একথা সত্য যে কর্ডনিং শুধু মাত্র প্রোকিওরমেন্টের ক্ষেত্রে সহায়তা করেনি। বর্ত্তমানে কর্ডনিং-এর জন্য সরকারের কিছু টাকা খরচ হয়। কিন্তু আপনার মাধ্যমে প্রশ্ন করছি যে এই কর্ডনিং কিসের জন্য? এটা কি শুধু পুলিশের হাতে কিছু ঘুস পাইয়ে দেবার জন্য বা চোরাকারবারীদের সাহায্য করার জন্য? আমি একটা দৃষ্টান্ত দিতে পারি যে সাইকেলে, হাঁটা পায়ে, ট্রেন যোগে কিভাবে এ জিনিষ চলেছে। কর্ডনিং শুধু নামে মাত্র করা হয়েছে। এগুলি সব পুলিশের ঘুস খাওয়ার আখড়ায় পরিণত হয়েছে এবং চোরাকারবারীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। নদীয়া জেলা শাসক নবদ্বীপে চাল কেনার পারমিট দিয়েছেন। কিন্তু নবদ্বীপ কি রাইস প্রোডিউসিং এরিয়া? তাহলে নদীয়া জেলা শাসক কার কাছ থেকে চাল কিনবেন? বর্ধমান জেলার কর্ডনিং ভেঙ্গে দিয়ে সাইকেলে, করে, মাথায় নিয়ে, ট্রেনে করে চাল পাচার হয়ে যাচ্ছে। এদিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রীসভাকে অনুরোধ করছি।

Shri Sachinandan Sau :

স্যার, আপনি জানেন যে গ্রামবাংলায় কৃষি মজুরদের মাহিনা ২৷২·৫০ টাকা। বীরভূম জেলায় যে জি, আর, স্কীম চালু আছে সেদিকে আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এদের স্বার্থে তিনি একটা উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করেছেন যাতে এদের মাহিনা বাড়ান যায়। সরকার প্রথম দৃষ্টান্ত স্থাপন করুন যাতে এদের মাহিনা ৫ টাকা করা যায়। জি, আর, সি, এস, আর-এ রাস্তার কাজ, পুকুরকাটা স্কীম গুলি যে নেওয়া হবে সেই সমস্ত স্কীম ক্ষেতমজুর যাদের কাজ নেই তাদের এস, আর-এর মাধ্যমে ৫ টাকা করে দেবার ব্যবস্থা সরকার থেকে গ্রহণ করা হোক। দুবরাজপুর এলাকায় বন্যা ও খরার জন্য ফসলের ক্ষতি হয়েছে। বীরভূম থেকে প্রচুর চাল এই এলাকা দিয়ে পাচার হয়ে যাচ্ছে। সুতরাং অবিলম্বে টি, আর-এর কাজ চালু হলে এই চাল পাচার বন্ধ হবে এবং গরীব কৃষিমজুরদের বাঁচান যাবে।

[2-50—3-30 p.m.]

Shri Narayan Bhattacharya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা নির্দিষ্ট গুরুতর অভিযোগ আমি মন্ত্রীসভার সামনে আনছি। আমার কেন্দ্র আলিপুরদুয়ারে বড়শাল কুমার বলে একটা জায়গা আছে। সেখানে ভূমি রাজস্ব বিভাগের হাতে যে খাস মহল আছে সেখানে প্রচুর মূল্যবান শাল বৃক্ষ ছিল। আলিপুরদুয়ারের জেঃ এলঃ আরঃ ওঃ অন্যায়ভাবে এই সমস্ত শাল গাছ চোরাই পথে বিভিন্ন পাচারকারীদের হাতে তুলে দিয়ে অনেক টাকা আত্মসাৎ করেছেন। এই ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ পেয়ে আলিপুরদুয়ারের জেলা শাসক যে গাছগুলিকে জেঃ এলঃ আরঃ ওঃ অন্যায়ভাবে হ্যামার মার্ক করেছিলেন বিক্রি করার জন্য সেগুলি তিনি সিজ করেন এবং সেখানে একটা কেস রুজু করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেই জে, এল, আর, ও, যিনি এই সমস্ত কর্মকাণ্ডের নায়ক তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা আজ পর্যন্ত গ্রহণ করা হয়নি। আমি ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে দাবি করছি আলিপুরদুয়ারের জে, এল, আর, ও,-কে খাস মহলের সম্পত্তি চোরাই পথে নষ্ট করার জন্য শাস্তি দিতে হবে। আর একটা কথা আমাদের সরকারের নীতি হচ্ছে ভূমিহীন কৃষককে বর্গাদারকে জমির স্বত্ব দিতে হবে। কিন্তু এই জে, এল, আর, ও, ভূমিহীন কৃষককে বর্গাদারকে জমির স্বত্ব না দিয়ে যারা উৎকোচ দিতে পারছে, যাদের জমিজমা আছে তাদের জমি দিচ্ছে। এই ধরণের অসাধু কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

Shri Debabrata Chatterjee :

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার তথা বিধান সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। কিছু কিছু কুচক্রী আমলাদের চক্রান্তে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এবং বিভিন্ন জায়গায় যারা প্রকৃত ভূমিহীন কৃষক, দিন মজুর, ক্ষেত মজুর, তারা আজ মৃত্যুর পথে এগিয়ে চলেছে। এইসব কুচক্রী আমলারা সরকারের যে নীতি ভূমিহীনকে ভূমিদান, গরীবদের ভূমিদান, সেই নীতি কার্যে পরিণত হতে দিচ্ছে না। সেজন্য ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে বলতে চাই অবিলম্বে এই কুচক্রী আমলাদের বিরুদ্ধে যদি দৃঢ় হস্তে ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আগামী দিনে সরকারী নীতি ব্যর্থতায় পর্যবসিত হবে। তাই আপনার মাধ্যমে এই অনুরোধ রেখে আমি বিদায় নিচ্ছি।

Shri Ananta Kumar Bharati :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৮-১২-৭৩ এবং ৪-২-৭৪ তারিখের ঘটনার প্রতি মন্ত্রী সভার বিশেষ করে হক সাহেবের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮-১২-৭৩ তারিখে গ্রে স্ট্রীট এক্সটেনসানে যে আন্ডার গ্রাউন্ড ড্রেন আছে তার ভেতর ১২।১৪ বছরের একটি ছেলের মৃতদেহ পাওয়া গেছে। পাড়ার ছেলেরা বলছে সাট্টা খেলার পরিণতি হিসাবে এই ছেলেটিকে মেরে ড্রেনের মধ্যে রেখে দেওয়া হয়েছে। আজ পর্য্যন্ত তার কোন হদিশ পাওয়া গেল না। তারপর ২৬-১-৭৩ তারিখে একটা বাচ্চা ১৪।১৫ বছরের মেয়ের উপর তার পাড়ার ছেলেরা অত্যাচার করে, ফলে সে মারা যায়। স্থানীয় যুব কংগ্রেসের ছেলেরা আসামীকে ধরে কিন্তু আসামীকে ছেড়ে দেওয়ার চক্রান্ত হচ্ছে। তারপরের ঘটনা ৪ঠা ফেব্রুয়ারী ক্যানাল ইস্ট রোড যেটা নারকেলডাঙ্গা থানার অধীনে, সেখানে একজন ৩১ বছরের যুবক নাম যশোদা সাহা তার স্ত্রীকে সঙ্গে নিয়ে রাস্তা যাচ্ছিল, কয়েকজন দুষ্কৃতকারী ছেলে তাকে ধরে মারে। তারপর তাকে হাসপাতালে স্থানান্তরিত করা হয় কিন্তু সে হাসপাতালে মারা যায়। সামান্য কয়েক দিনের মধ্যে মানিকতলা থানায় এবং তার পাশে এইভাবে ৩টি প্রাণী চলে গেল, পুলিশ নিষ্ক্রিয়। স্থানীয় জনসাধারণের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। পুলিশ মন্ত্রী এখানে রয়েছেন, তাঁর কাছে অনুরোধ করছি, এইভাবে যে কত নিষ্পাপ প্রাণ দিনের পর দিন চলে যাচ্ছে সাধারণ মানুষ তার খবর রাখে না, এই সম্বন্ধে তাঁর বক্তব্য রাখবেন বিধান সভায়।

Shri Abdul Bari Biswas :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা খুব খুসী যে স্বাস্থ্যমন্ত্রীমহাশয় তাঁর কার্যকালের সময় সাধারণ মানুষের ঘরের ছেলেমেয়েদের কথা চিন্তা করে ডিস্ট্রিক্ট ওয়াইস্ কোটা করে মেডিকেল কলেজে ভর্তির সুযোগ করে দিয়েছেন। আজকে ডাক্তার এবং ইঞ্জিনিয়াররা তাঁদের ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছেন কাজেই স্বাস্থ্যমন্ত্রীমহাশয় নিশ্চয়ই খুব হাসিমুখে এবং খুসী মনে আছেন। যাহোক, আমার বক্তব্য হচ্ছে সাধারণ মানুষের স্বার্থের কথা চিন্তাকরে যেমন তিনি ডাক্তারী পড়বার সুযোগ করে দিয়েছেন ঠিক তেমনি নার্সিং পড়বার ক্ষেত্রেও এরকম একটা সুযোগ করে দিন। আদিবাসী সম্প্রদায়ের মেয়েরা এবং বিশেষকরে এডুকেসন্যালি এ্যান্ড ইকনমিক্যালি ব্যাকওয়ার্ড কমিউনিটির মেয়েরা আজকে নার্সিং পড়বার সুযোগ পেতে চায়। আদিবাসী এবং অনুন্নত সম্প্রদায়ের মেয়েরা যদি শহরগুলির মেয়েদেই সঙ্গে জ্ঞানে, গুণে, চেহারায় এবং ভঙ্গিমায় কমপিট্ করতে না পারে তাহলে কি তারা এর নার্সিং পড়বার সুযোগ পাবে না? এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে মন্ত্রীমহাশয় বলেছিলেন, নিশ্চয়ই পাবে। তাই আমি বলছিলাম লোকসংখ্যার ভিত্তিতে যেমন মেডিকেল কলেজে পড়বার সুযোগ দেওয়া হয়েছে তেমনি নার্সিং পড়বারও সুযোগ আপনি দিন। আপনি যদি এই ব্যাপারে কোন বিধান এ্যাসেম্বলীতে আনতে চান তাহলে সেটা আনুন, আমরা সর্বসম্মতিক্রমে সেটা পাশ করে দেব। আজকে পশ্চিমবাংলার গ্রামের ছেলেমেয়েরা ডাক্তারী পড়তে পারছে বলে আপনার যেমন প্রশংসা করছে ঠিক তেমনিভাবে আপনি গ্রামের মেয়েদের নার্সিং ট্রেনিং পাবার সুযোগ করে দিয়ে তাদেরও প্রশংসাভাজন হন।

Shri Ajit Kumar Panja :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেডিকেল স্টুডেন্টস্‌দের জন্য এই যে ডিস্ট্রিক্ট ওয়াইজ কোটা করা হয়েছে এটা একটা নূতন আইন। আমরা এই নূতন আইনটি এই বছরই চালু করেছি এবং আমরা দেখতে চাই কিভাবে এই নূতন আইন চালু হচ্ছে এবং বাস্তবিকই এতে ছেলেমেয়েদের উপকার হচ্ছে কিনা। আমার নিজস্ব ইচ্ছা আছে এই নার্সিং সম্বন্ধেও ডিস্ট্রিক্ট ওয়াইজ কোটা করি। তবে গভর্ণমেন্ট চালাতে গেলে আমাদের দেখতে হয় জনসাধারণের জন্য যে আইন আসবে তাতে সত্যসত্যই লোকের উপকার হচ্ছে কিনা। যদি দেখি এতে উপকার হচ্ছে তাহলে নার্সিং এবং অন্যান্য টেক্‌নিক্যাল সাবজেক্ট যেগুলো আছে, যেমন এক্স-রে এ্যাসিসট্যান্ট ইত্যাদি তাদের প্রতি আমরা লক্ষ্য রাখব।

Shri Susanta Bhattacherjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাওড়া জেলার একটি গুরুত্বপূর্ণ ঘটনা খাদ্যমন্ত্রীর কাছে উপস্থিত করছি। আমরা জানি হাওড়া একটি ডেফিসিট ডিস্ট্রিক্ট এবং বর্তমানে সেখানে চালের দর সাড়ে তিনটাকা/চারটাকা। রেশনে কিছু মাল দেওয়া হচ্ছে এবং চালের নামে যেটা দেওয়া হচ্ছে সেটা আসলে চাল না চালের মণ্ড সেটা আপনি যদি যান তাহলে দেখতে পাবেন। খাদ্যমন্ত্রী এখানে নেই তাই আমি সেই চালের নমুনা আপনার টেবিলে প্লেস করছি এবং আপনি দেখুন এটা চাল না অন্য কিছু। আমি অনুরোধ করছি চালের নামে এরকম চালবাজি বা রসিকতা যেন না করা হয় এবং এই ধরনের চাল দেওয়া যেন বন্ধ করা হয়। তারপর আমার অনুরোধ হচ্ছে মাইলো যেটা দেওয়া হচ্ছে সেটা আরও বাড়িয়ে দিন, গমও বাড়িয়ে দিন এবং চাল নিয়ে এই ধরনের ছলনা বন্ধ করুন। মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী এখানে নেই তাই আপনার কাছে আমি এই চালের নমুনা দিচ্ছি এবং অনুরোধ করছি আপনি দয়া করে এটা খাদ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিন।

Presentation of the Sixteenth Report of the Committee on Estimates

Shri Puranjoy Pramanik : Mr. Speaker, Sir, I beg to present the Sixteenth Report of the Committee on Estimates.

(At this stage the House was adjourned for half-an-hour)

[3-30—3-40 p.m.]

(After adjournment)

LEGISLATION

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1974

Shri Gurupada Khan : Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1974.

(Secretary then read the title of the Bill)

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1974, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচ্য বিধেয়কটিতে ভূমি সংস্কার আইনের বর্তমান কয়েকটি ধারা সংশোধন এবং কয়েকটি নূতন ধারা সংযোজন করার প্রস্তাব আছে। ভূমি সংস্কার আইনের ঊর্ধসীমা সংক্রান্ত বিধানবলীর প্রয়োগ ক্ষেত্রের প্রসারণ এবং জনকল্যাণার্থে প্রতিষ্ঠিত ধর্মীয় বা দাতব্য ট্রাস্ট ও প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রে এ জমির ঊর্ধসীমা কিছুটা শিথিল করা,

ভাগচাষীদের স্বার্থ আরো সুরক্ষিত করা, দার্জিলিং-এর পার্বত্য এলাকার কৃষিজীবীদের রাজস্ব হার নির্ধারণ ব্যাপারে কিছুটা সুবিধা দেওয়া এবং উর্ধসীমার অতিরিক্ত জমি খুঁজে বের করার সুবিধার জন্য নূতন পদ্ধতিতে সেটেলমেন্ট রেকর্ড প্রস্তুত করা যাতে সম্ভব হয়, প্রধানতঃ সেই উদ্দেশ্যে এই বিধেয়কটি আনা হয়েছে।

ভূমি সংস্কার আইনে যে নূতন ৪(ক) ধারাটি সংযোজন করার প্রস্তাব বিধেয়কটিতে করা হয়েছে সেটি গৃহীত হলে ফলের বাগান সমূহের উপযুক্ত রক্ষণাবেক্ষণ রায়তদের পক্ষে বাধ্যতামূলক হবে এবং জমি অন্য কোন উদ্দেশ্যে কাজে লাগানোর জন্য বাদান নষ্ট করা সম্ভব হবে না। বর্তমান আইনে সেচসেবিত এলাকার যে সংজ্ঞা দেওয়া আছে তা কিছুটা অসম্পূর্ণ। ১৩৭৭ সালের পর যদি কোন এলাকা সরকারী সেচ প্রকল্পের আওতায় আসে আইনের বর্তমান সংজ্ঞা অনুযায়ী সে এলাকার জমি সেচসেবিত জমি বলে গণ্য করা সম্ভব হবে না। সেচের জলের সুবিধা পাওয়া সত্বেও সে সকল ক্ষেত্রে সেচসেবিত জমির অনুরূপ উর্ধসীমা বা নূতন রাজস্ব হার বর্তমান আইনের বলে প্রয়োগ করাও সম্ভব হবে না। অপর কতগুলি এলাকা সরকারের রিভার প্রকল্পের সঙ্গে রিভার লিফ্‌ট সেচ প্রকল্পের আনুকূল্যে সেচের জল পায়। সেচ এলাকার সংজ্ঞায় অন্যান্য অনুল্লেখ সেই এলাকাগুলিকে সেচসেবিত এলাকা বলে গণ্য হওয়ার পক্ষে অন্তরায় হতে পারে; তাই সরকারী রিভার লিফ্‌ট প্রকল্পথেকে যে সকল জমি সেচের জল পায় বা ভবিষ্যতে পাবে সে সকল জমিও সেচ এলাকার সংজ্ঞাভুক্ত করার প্রস্তাব বিধয়কটিতে আছে।

রামকৃষ্ণ মিশনের মতো জনকল্যাণার্থে প্রতিষ্ঠিত কিছু কিছু বড় দাতব্য ও ধর্মীয় ট্রাস্ট বা প্রতিষ্ঠান আছে। এঁদের কর্মক্ষেত্র বিস্তৃত এবং একটি কেন্দ্রীয় ট্রাস্ট বা প্রতিষ্ঠানের অঙ্গ হিসাবে রাজ্যের নানান জায়গায় তাঁদের শাখা প্রতিষ্ঠান আছে। এ সকল শাখা প্রতিষ্ঠানের অনেকগুলিই দান হিসাবে প্রাপ্ত জমির আয়ের উপর নির্ভরশীল। এ সকল জমির আয় ব্যক্তিগত এই সকল জমির আয় ব্যক্তিগত স্বার্থে কাজে লাগানো হয়না। জনহিতার্থে ব্যয় করা হয়। বর্তমানে আইনের যে বিধান আছে তাতে এই ধরণের প্রতিষ্ঠান তার সমস্ত শাখা সমেত একটি রায়ত বলে গণ্য করা হয় এবং শাখা প্রতিষ্ঠানের জন্য পৃথক জমি রাখতে দেওয়া যায়না। বর্তমান বিধেয়কটিতে এরূপ প্রতিষ্ঠান সিলিংএর মধ্যে কতটা জমি রাখতে পারবে তা নির্ধারণ করার জন্য যে সকল শাখা ১৯৬৯ সালের ৭ই আগস্টের পূর্বে প্রতিষ্ঠিত হয়েছে তাদের প্রত্যেকটিকে একটি পৃথক রায়ত হিসাবে গণ্য করার প্রস্তাব করা হয়েছে ফলে এধরণের প্রতিষ্ঠানগুলির কল্যাণমূলক কাজ ব্যাহত হবার আশঙ্কা দূরীভূত হবে।

বর্তমান ভূমি সংস্কার আইনের ১৪টি ধারা অনুসারে যে সকল রায়তদের উর্ধসীমার অতিরিক্ত কৃষিজমি আছে তাঁদের রিটার্ণ দাখিল করতে হয়। উক্ত সীমার মধ্যে কোন্ কোন্ জমি তাঁরা নিজেদের দখলে রাখতে চান এবং কোন্ কোন্ জমি ছেড়ে দিতে চান তা রিটার্ণে উল্লেখ করতে হয়। প্রায়ই দেখা যায় তাঁরা যে সকল জমি ছেড়ে দিতে চান তা বিভিন্ন জায়গার খণ্ড খণ্ড বা অন্যান্য শরিকের সঙ্গে দখল করা জমি অবিভাজিত অংশ। খণ্ড খণ্ড জমি বিতরণ ভূমিহীনদের পক্ষে লাভজনক হয়না আর জমির অবিভাজিত অংশের দখল নিতে সরকারকে নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। তা ছাড়া তার বিতরণও কার্যকরী হয়না। তাই আলোচ্য বিধেয়কটিতে এমন ব্যবস্থা করার প্রস্তাব আছে যা গৃহীত হলে সংশ্লিষ্ট রাজস্ব আধিকারিক যে পরিমাণ জমি রায়তের উদ্বৃত্ত হবে রায়তের যে কোন এক বা প্রয়োজন হলে একাধিক প্লট থেকে তার সম পরিমাণ জমি সরকারে ন্যস্ত হয়েছে বলে নির্ধারণ করতে পারবেন। এর ফলে যে সকল জমি সরকারে ন্যস্ত হবে তার অধিকাংশই ভূমিহীনদের মধ্যে বিতরণযোগ্য হবে।

ভূমি সংস্কার আইনের ২১ ধারায় একটি নূতন উপধারা সংযোজন করার প্রস্তাব বিধেয়কটিতে আছে যেটি গৃহীত হলে কোন ব্যক্তি বর্গাদার কিনা তা সম্পূর্ণরূপে ভাগচাষ আধিকারিক এবং আপীলে মহকুমা শাসকের বিচার্য বিষয় হবে। এ ব্যাপারে দেওয়ানী

বা ফৌজদারী আদালতের কোন এক্তিয়ার থাকবে না। এর ফলে অসাধু জোতদারা বর্গাদার উচ্ছেদের কৌশল হিসাবে আদালতের আশ্রয় অবলম্বনের পথ রুদ্ধ হবে।

দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বিশেষ অবস্থা বিবেচনা করে স্থির করা হয়েছে যে ঐ এলাকার যে সব রায়ত খাজনা ছাড় পাবেন তাঁরা পূর্বের হারেই রাজস্ব দেবেন।

মাননীয় সদস্যরা অবগত আছেন যে ১'২১৪ হেক্টার পর্যন্ত কৃষিজমি সম্পূর্ণরূপে রাজস্বদায় মুক্ত হবার পর মাত্র অপেক্ষাকৃত সঙ্গতিসম্পন্ন জমির মালিকদেরই রাজস্ব দিতে হবে। সঙ্গতি থাকলেও এবং জমির আয় অনেক বৃদ্ধি পেলেও অনেক রায়তই সহজে রাজস্ব দিতে চান না। আইনের ৩৮ ধারাটি বর্তমান আইনে যেরকম, তাতে বকেয়া রাজস্বের জন্য সার্টিফিকেট করে তাদের যে সম্পত্তির জন্য রাজস্ব দেয় তাছাড়া অন্য সম্পত্তি ক্রোক না নীলাম করা যায় না। বর্তমান পরিস্থিতিতে বকেয়া রাজস্ব আদায়ের ব্যাপারে এই বিধিনিষেধ থাকায় সঙ্গতি থাকলেও রাজস্ব ফাঁকি দিতে চান তাঁদেরই আনুকূল্য করছে। বকেয়া রাজস্ব আদায়ের সুবিধার জন্য তাই বিধেয়কটিতে আইনটির ৩৮ নং ধারা সংশোধন করার জন্য এমন ব্যবস্থা রাখা হয়েছে তাতে ঐ উদ্দেশ্যে সার্টিফিকেট প্রসিডিংস-এর মাধ্যমে অন্যান্য সরকারী পাওনার মতই ভূমি রাজস্ব আদায়ের জন্যও অস্থাবর সম্পত্তি বা যে কোন স্থাবর সম্পত্তি ক্রোক এবং নীলাম করা সম্ভব হয়।

[3-40—3-50 p.m.]

ভূমি সংস্কার আইন অনুসারে বর্তমানে পাঁচটি জেলায় রিভিশনাল সেটেলমেন্টের কাজ চলছে বা আরও নয়টি জেলায় তা অচিরেই আরম্ভ হবে। আইনটিতে কৃষিজমির যে ঊর্ধ্বসীমা নির্ধারিত হয়েছে এবং বর্গাদারদের অধিকার সংরক্ষণের জন্য যে সমস্ত বিধান আছে তার সুষ্ঠু ও নিশ্ছিদ্র প্রয়োগ সুনিশ্চিত করাই এই রিভিশনাল সেটেলমেন্টের মুখ্য উদ্দেশ্য। এ কাজ সহজ হবে যদি একজন রায়তের একটি মৌজায় যত কৃষিজমি আছে তা একটি খতিয়ানের অন্তর্ভুক্ত করে সেটেলমেন্ট রেকর্ড প্রস্তুত করা হয় এবং কৃষি ও অকৃষি জমির জন্য পৃথক পৃথক খতিয়ান তৈরী করা হয়। বর্তমানে রিভিশনাল সেটেলমেন্টের রেকর্ড যাতে এক মৌজা এক রায়ত, এক খতিয়ান—এই নীতির ভিত্তিতে তৈয়ারী করা যায় বিধেয়কটিতে তার প্রস্তাব করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ আলোচ্য বিধেয়কটি বিনা দ্বিধায় সমর্থন করবেন।

Mr. Speaker : There are motions for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. I call upon Shri Timir Baran Bhaduri to move his motion.

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 7th of May, 1974.

Shri Timir Baran Bhaduri :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ভূমি সদ্ব্যবহার মন্ত্রী আমাদের সামনে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস্ (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৪ রাখলেন। এর উপর আমি সার্কুলেশন মোশন দিয়েছি। তার কারণ হচ্ছে ভূমি সদ্ব্যবহার মন্ত্রী বা তাঁর দপ্তর ভূমি সদ্ব্যবহারের কথা যেভাবে বলেন বা প্রয়োগ করার উদ্দেশ্য নিয়ে কথা বলেন, তা বাস্তব ক্ষেত্রে দেখতে পাই না। আমরা দেখি যে সাধারণ গরীব চাষী, নিপীড়িত মানুষ, তাদের যে সমস্ত অধিকারগুলি আছে, সেই অধিকারগুলি তাঁরা ঠিকমত পান না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমিদারী নেওয়া হয়েছে, কিছু কিছু বিলিও হয়েছে কিন্তু সেই বিলির ভিতর যে ফাঁক এবং ফাঁকি আছে, তাতে সাধারণ গরীব মানুষের কোনো

উপকার ঘটেনা। এই বিলি করার ব্যাপারে এই মন্ত্রিসভা বা এই দপ্তর একটা ল্যাণ্ড এ্যাড্‌ভাইসরি কমিটি করেছে। প্রত্যেক জে এল আর ও অফিসে গেলে দেখা যাবে, তারা পারতপক্ষে জোতদারদের সহায়ক হিসাবেই কাজ করে। ব্যক্তিগতভাবে আমি বিশেষ করে জানি বেলডাঙাতে ল্যাণ্ড এ্যাড্‌ভাইসরি কমিটি আছে, কিছু জমি ফিক্‌টিশাস্‌ কো-অপারেটিভের নামে রাখা হয়েছে, মৌজা মাটাটার সেই জমিগুলি বর্গাচাষী আবাদ করে আসছে, বর্গাদারদের কেউ সেই সোসাইটির মেম্বারের ভিতর নাই, অন্য লোকেরা জোতদার ধরনের লোক যাদের ব্যক্তিগত জমি আছে দু হেক্টার করে, বা তাদের অন্য রুজিরোজগারও আছে, এই রকম লোকগুলিই একটা ফিক্‌টিশাস্‌ কো-অপারেটিভ করে বর্গাদারদের কাছ থেকে ৫০।৫০ ভাগে ফসল ফলিয়ে নিয়ে আসছে, সরকারের যে আইন আছে ২৫।৭৫ ভাগে নেওয়ার সেটা তারা মানছে না। এই সম্পর্কে সরকারী দপ্তরে জে এল আর ও অফিসে, এস এল আর ও বহরমপুরে এবং এ ডি এম-এর দপ্তরে বার বার অভিযোগ করা সত্ত্বেও কোনরকম ব্যবস্থা হল না। আমি এই অঞ্চলের এম এল এ, ল্যাণ্ড এ্যাড্‌ভাইসরি কমিটির মেম্বার, ৩০।১২।৭৩ তারিখে ল্যাণ্ড এ্যাড্‌ভাইসরি কমিটির একটা চিঠি পেলাম।

সেই চিঠিতে যে এ্যাজেণ্ডা ছিল, সেই এ্যাজেণ্ডার ভেতর সেই মাট্টা মৌজার কো-অপারেটিভের জমি বিলি করবার কোন এ্যাজেণ্ডা ছিল না। আমি সেদিন বহরমপুর কোর্টে একটা কাজে গিয়েছিলাম। আমার এই অনুপস্থিতির সুযোগ নিয়ে তারা এ্যাজেণ্ডা বহির্ভূত বিষয় এনে সেই জমিগুলো অন্য লোককে দেওয়ার প্রস্তাব পাশ করিয়ে নেওয়া হলো, এই ফিক্‌টিশাস কো-অপারেটিভ-এর মিটিং-এ রেজলিউশন পাশ করিয়ে নেওয়া হলো--যেটা এ্যাজেণ্ডার মধ্যে ছিল না সেটা ইন্‌ক্লুড করা হলো তাদের নামে--রায়তি ইয়ার টু ইয়ার বন্দোবস্ত দেবার জন্য—এটা পাশ করান হলো। আমি ফিরে এসে শুনতে পেলাম এবং এর বিরুদ্ধে অভিযোগ করলাম, কিন্তু শেষ পর্য্যন্ত দেখা গেল এর কিছু হলো না। তলায় তলায় দেখতে পেলাম এই ল্যাণ্ড এ্যাড্‌ভাইসরি কমিটির যাঁরা মেম্বার তাঁদের আত্মীয়-স্বজন এই ফিক্‌টিশাস্‌ কো-অপারেটিভ সোসাইটির ভেতরে যাঁরা আছেন তাঁদের আত্মীয়-স্বজনকে এই জমি দেওয়া হয়েছে।

A voice : আপনি কোন্‌ জায়গার কথা বলছেন?

বেলডাঙ্গা ব্লক—১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সম্পর্কে অভিযোগ করার পরেও কোন প্রতিকার হলো না। হাইকোর্ট থেকে ইন্‌জাংশন্‌ করলেন—যথারীতি হাইকোর্টের রুল হয়ে গেল, ব্যাক্‌ ডেট্‌ দিয়ে চেক্‌ পর্য্যন্ত কাটা হয়ে গেল ভূমি সদ্ব্যবহার বিভাগ থেকে। কাদের জন্য ভূমি সদ্ব্যবহার? গুরুপদবাবু তো এই বিভাগের মন্ত্রী। তিনি একটু দেখুন--এই ব্যাপারে একটু নজর দিন। কাদের জন্য এই ব্যবস্থা কোন্‌ গরিব মানুষ এই জমি পাচ্ছে? দেখা যাচ্ছে--যে সমস্ত ল্যাণ্ড এড্‌ভাইসরি কমিটি আছে তার যারা মেম্বার এবং অফিসের আমলারা কিছু কিছু টপ্‌ লেবেল থেকে নীচের লেভেল পর্য্যন্ত টাকা-পয়সা খেয়ে ব্যাক্‌ ডেট্‌ দিয়ে এই সমস্ত চেক্‌ এই সমস্ত অপরচুনিষ্ট লোকদের দিয়ে দেওয়া হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী নাকি অর্ডার দিয়েছেন ট্রাইব্‌স্‌ এবং সিডিউল্ড কাষ্টদের জমি দিতে হবে। খুব সুন্দর কথা। এ সম্বন্ধে আমার দ্বিমত নাই। নিশ্চয়ই সিডিউল্ড কাষ্টদের জমি দেওয়া দরকার। কিন্তু দেখা যাচ্ছে—গরিবে গরিবে লড়াই লাগিয়ে দেওয়া হচ্ছে। যে জমি বিলি একবার করা হয়েছে, যে জমি খাস হবার আগে ওপর থেকে যে সমস্ত খাস জমিতে তাঁরা বসে আছে, সেখানে তারা ইন্‌টেন্‌সনালি এইরকম করছে। কমিটী মেম্বার বা তহশীলদাররা গিয়ে বলছে—তোমার নামে ঐ জমি বন্দোবস্ত করে দেব আমাদের কিছু টাকা-পয়সা দাও। তারপর আবার আমিনরাও আছে। সে সব জমিতে মিলিটারী লোকদেরও কিছু কিছু বন্দোবস্ত দেওয়া হচ্ছে। সিডিউল্ড কাস্টদের দেওয়া হচ্ছে। এর যে ফরম্যান—যে খাস জমি যে সমস্ত চাষী দখল করে থাকবে, তারা যদি এ্যালিজিব্‌ল হয় সরকারী নীতি অনুসারে তাহলে তাদের নামে বন্দোবস্ত দেওয়া হবে, তাদের রায়তি সেটেলমেন্ট দেওয়া হবে, তাদের প্রেফারেন্স দেওয়া হবে। এ্যালিজিব্‌ল না হওয়া স্বত্বেও প্রচুর জমি বেআইনীভাবে অন্য লোকের নামে বন্দোবস্ত দেওয়া হচ্ছে।

Shri Guru Pada Khan :

মাননীয় সদস্যের কাছে আশা করবো, তিনি কেন বিলটীকে সার্কুলেসনে দিতে চাচ্ছেন, দয়া করে সে সম্বন্ধে একটু আলোকপাত করলে খুসী হবো।

Shri Timir Baran Bhaduri :

মন্ত্রী গুরুপদবাবু আমাকে ইনটারপ্ট করলেন। তিনি এখানে বলেছেন, ভূমি সদ্ব্যবহার যে বিল তিনি এনেছেন সে সম্বন্ধে আমি একটু গৌরচন্দ্রিকা করলাম। যে দপ্তরে তিনি আছেন তার অতীত ঐতিহ্যের কথা যদি একটু না বলি, তাহলে বে-মানান হয়ে যাবে। এই দপ্তর কীভাবে জমিচোরদের দিয়ে আইনকে ফাঁকি দিয়ে এবং আইনের ফাঁক দিয়ে জমিচোরের দল সেই সুযোগ নিচ্ছেন সেটা কিছু কিছু বলার প্রয়োজন আছে এই ভূমি সদ্ব্যবহার বিলের প্রসঙ্গে। তিনি যে পার্ট ভেষ্টেড জমির কথা বলেছেন—

[3-50—4-00 p.m.]

এই যে নূতন সিলিং হল এতে দেখা যাবে কিভাবে জোতদাররা পার্ট ভেষ্টেড ল্যান্ড তারা ফাঁকি দিয়ে ১ শতক, ২, আড়াই বা ৩, ৪ শতক জমি পার্ট ভেস্টেড করে দিয়ে নিয়ে নিয়েছেন। মাননীয় গুরুপদবাবু কি সেদিকে দৃষ্টি দিয়েছেন—যদি দিয়ে থাকেন তো ভাল। যদি জোতদাররা বি ফর্ম দাখিল করেন জোতদারদের বেলায় তখন আইনে এ প্রযোজ্য হবে না কেন? বি ফর্ম দাখিল করবার পর জোতদার ঐ ১, ২, বা আড়াই বা ৩ শতক জমি খাসে নিয়ে গেল--তার জমি ১০(১) বা ১০(২) ধারায় পজেসান নিয়ে তারপর জমিগুলি এন, এণ্ড এল, আর দপ্তরের আধিকারিক যিনি হবেন তিনি সেই জমি কোন্ কোন্ জমি ছাড়বেন না ছাড়বেন তা ঠিক করবেন। আমি গুরুপদবাবুকে বলি এই বিল আনবার আগে তিনি বাংলাদেশের কতগুলি জোতদারের বিরুদ্ধে এরূপ ইল্লিগাল কাজের বিরুদ্ধে এ্যাকসান্ নিয়েছেন। কি এ্যাকসান্ তিনি প্রয়োগ করেছেন তা জানাবেন কি? যে পার্ট ভেস্টেড ল্যান্ড কিভাবে তারা রেখেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবাক হয়ে যাবেন শুধু জমি নয় যে সমস্ত জমি, বাড়ী, বসত বাটী করার জন্য ভিটে জমির উল্লেখ করা হয় সেই ভিটে বাড়ীর কোন জায়গা পার্ট ভেস্টেড ল্যান্ড গরীব মানুষকে দেওয়া হয়েছে? গরীব মানুষকে হয়তো কোন জমি বন্টন করবার পর, যে জায়গা সরকার দিয়েছেন সেই ১০(১) বা (১০(২) ধারায় পজেসান নেবার পর--সরকার দেবার পরও সে জায়গা দখল দেওয়া হয়নি। জোতদার সেখানে বলছে যে তোমায় কোন ধার দিয়েছি পূর্ব দিক, না পশ্চিম দিক, না উত্তর বা দক্ষিণ দিক, না মাঝখান তা তো উল্লেখ করে দিইনি অতএব এই জমি তোমার দখলে দেবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে গোটা পশ্চিমবাংলায় এই জিনিষ চলেছে। তিনি একটা বিল এনেছেন কিন্তু বিলটা কবে থেকে একজিকিউসান হবে বা পুরান আইন যা আছে দীর্ঘদিন আগে থেকে সেই ১০(১) বা ১০(২) ধারায় পজেসান যে সমস্ত জমির ক্ষেত্রে তা প্রযোজ্য হবে কি না, নূতন যে সিলিং তা হবার আগে যে জমি সরকারের পজেসানে এসেছে সেই সমস্ত জমির যে কমপেনসেসানের টাকা জোতদার পেয়ে গেছে তার বিরুদ্ধে কোন লিগাল এ্যাকসান্ নেবেন কিনা? যদি তা না নেন তাহলে জানতে হবে যে উদ্দেশ্যমূলকভাবে এই বিল এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বর্গাদারদের সম্পর্কে বলেছেন ও এ্যামেন্ডমেন্ট এনেছেন। আমরা জোরের সঙ্গে বলছি যে—যে অফিসারকেই দেন না কেন, যে বাবুকেই দেন না কেন, আমরা তার উপর আস্থা রাখি না---আমরা কোনই আস্থা রাখি না। যে সমস্ত কীর্ত্তি-কলাপ প্রত্যেক সার্কেলে যেভাবে ঘটছে তা আমরা জানি। আমরা বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে এই সব দেখেছি। আমাদের তাদের উপর আস্থা নেই। যদি গুরুপদবাবু বর্গাদারদের অধিকার দিতে চান তাহলে আমি মনে করি একটা বোর্ড গঠন করা দরকার এবং সেই বোর্ডে নমিনেটেড অন্ততঃ তিন থেকে ৫ জন সদস্য থাকা দরকার। এখনও গ্রামবাংলায় ঠিকমত কাকে বর্গাদার বলা হবে—কে আসলে বর্গাদার তা ঠিক হয় নি। এখনও আমাদের বাংলাদেশে দেখা যায় যে, পাঁচুনে ভাগ বা গতরে ভাগ—অর্থাৎ গতর যত খাটবে সে মত, বা ১৮।২২এর ভাগ আছে। এইভাবে প্রচুর এ জিনিষ আছে এবং

আইন এইভাবে রাখা হয়েছে যে বর্গাদার তার অধিকার পায় না। এই জিনিষ গুরুপদবাবুর এলাকায় আছে কিনা জানি না। গুরুপদবাবু বলেছেন যে তিনি বর্গাদারদের নামে নূতন রেকর্ড করে দিয়েছেন। আমি তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি এতদিন পরে দিয়েছেন আনন্দের কথা। তিনি দপ্তরের দায়িত্ব নেবার পর তাঁর জ্ঞান চক্ষু ফিরেছে। কিন্তু যারা জোতদার আছে, গ্রামবাংলার সেই সমস্ত জোতদার তারা সাধারণ মানুষের অভাবের সুযোগ নিয়ে, তারা চাষীদের অভাবের সুযোগ নিয়ে থাকে। আপনি ঐ ১৮।২২ ভাগ যে আছে সে সমস্ত প্রথার বিরুদ্ধে বা ঐ ধরনের আইনের বিরুদ্ধে কোন এ্যামেন্ডমেন্ট এনেছেন কিনা?

আজকে গ্রামে যদি গতরে মানুষ কি পাঁচলে ভাগ মানুষ যখন এ্যাপিল করতে যায় এবং বলে আমার নামে জমি রেকর্ড করিয়ে দাও, জে, এল, আর, ও, সাহেবের ক্ষমতা নেই তার নামে রেকর্ড করে দেওয়ার। আপনি আইন আনছেন, মাঝে মাঝে এ্যামেন্ডমেন্ট এনে নিজে প্রগতিবাদী সাজছেন। ওইভাবে সাজলে হবে না। আপনি চিন্তা করে একটা কমপ্রেহেনসিভ বিল আনুন। এর আগে মুখ্যমন্ত্রী সেদিন বলেছেন একটা হাই পাওয়ার কমিশন নাকি নিয়োগ করেছেন। ঠিক আছে করুন। করে একটা বিল আনুন জমিকে যদি সদ্ব্যবহার করতে হয় নিজের নাম অনুযায়ী যদি রাখতে হয়। ভূমি সদ্ব্যবহারমন্ত্রী হয়েছেন, নূতনভাবে বিশেষণে আখ্যায়িত করেছেন করুন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু ঠিকভাবে যদি গরীব চাষীর স্বার্থরক্ষা করতে চান! সেই যে গতরে মানুষ, লক্ষ লক্ষ চাষী, লক্ষ লক্ষ টাইপ সিডিউল্ড কাস্ট ওই বীরভূম এলাকাতে দেখেছি, মুর্শিদাবাদের সাগরদীঘি এলাকাতে দেখেছি সেখানে প্রত্যেকটি বর্গাদারকে খাটিয়ে নেওয়া হচ্ছে ভীষণভাবে। গরীব মানুষ তারা কোন অধিকার পায় না! শুধু এক বেলা খেতে পায় আর একটা গামছা পায়--ব্যাস, আর কোন অধিকার নেই। তাদের বর্গাদার বলে আপনি রেকর্ড করবেন কিনা, তারা বর্গাদার হবে কিনা--আমি আপনার কাছে পরিষ্কারভাবে এটা জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গুরুপদবাবু কতকগুলো জায়গায় ইরিগেসানের কথা বলেছেন। ভাল কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অভিযোগ নয়, কংগ্রেসের অনেক সদস্য আছেন, তাঁরা অভিযোগ করেছেন যে অফিসে একটা সবুজ মার্ক করা আছে, ইরিগেসান এলাকা বলে। সে জায়গাতে যান দেখতে পাবেন সমস্ত এলাকা ইরিগেটেড হয় নি, সমস্ত জায়গায় জল যায় নি, চাষী পায় নি। আজকে গুরুপদবাবু জল না দিলে তাদের উপর ডবল কি তিন ডবল যে খাজনা ধার্য্য করেছেন তাহলে আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা গ্রহণ করতে বলবো। সেখানে যদি দুটো কুপের জল না পায় চাষীরা তাকে ইরিগেটেড এলাকা বলে চিহ্নিত করা চলবে না। আপনি বলেছেন বা আপনার অফিসিয়ালরা বলুক কিন্তু আপনি যদি তাদেরকে দুটো কুপের জল না দিতে পারেন তাহলে তিন ডবল খাজনা আদায়ের আপনার কোন অধিকার থাকবে না। খেতে দেবেন না আবার কিল মারার গোঁসাই। জল দেবেন না আবার তিন ডবল খাজনা নেবেন--এটা চলবে না। পরিষ্কারভাবে বলি ডবল জল দিতে আপনাকে আমরা খাজনা দেবো। আর ডবল জল যদি না দিতে পারেন, চাষীরা যদি দুটো বা তিনটে কুপের জল না পায় সেই এলাকাকে ইরিগেটেড এলাকা বলে চিহ্নিত করা চলবে না। একবার জলের কথা বলবেন, আর একবার তেলের কথা বলবেন, ডিজেলের কথা বলবেন--ওইভাবে ভাঁওতা দেওয়া চলবে না। পরিস্কারভাবে দিতে হবে যদি চাষীর কাছ থেকে পয়সা নিতে হয়। আপনি চাষীকে অধিকার দেবেন না অথচ পয়সা নেবেন। সেইজন্য আমি এই বিলে এ্যামেন্ডমেন্ট এনেছি। দার্জিলিং এলাকাতে যদি আমরা যাই তাহলে দেখতে পাওয়া যাবে চাষীরা বাঁশের চোঙায় করে কোন রকমে জল নিয়ে আসে। আপনি ইরিগেটেড বলে চিহ্নিত করেই ডবল, কি তিন ডবল পয়সা নেবেন এটা হবে না। গুরুপদবাবু এদিকে নজর দেবেন আমি আশা করবো। গুরুপদবাবু নজর দিয়ে সেটা দেখবেন যদি এটা না হয় তাহলে জানতে হবে আপনি চাষীদের সঙ্গে ঠিকমতো কাজ করছেন না। আপনার দপ্তরের নাম দিয়েছেন ভূমি সদ্ব্যবহার। কিন্তু সেটা মোটেই সদ্ব্যবহার করছেন না এবং অপব্যবহারই করছেন। এর পরবর্ত্তীকালে আপনাকে অপব্যবহার মন্ত্রী বলে চিহ্নিত করবো।

[4—4-10 p.m.]

যাহোক আরও অনেক ছোট ছোট ক্লজ এনেছেন। এবং সেই সব ক্লজের মধ্যে দেখা যাচ্ছে একটা সময় বেঁধে দিয়েছেন। ক্লজ-8-এর ভেতর দেখা যাচ্ছে ১৯৬৯ সালের ৭ই আগষ্ট পর্যন্ত সময় সীমা নির্ধারণ করে দিয়েছেন। এখানে আমাদের প্রশ্ন হচ্ছে এই যে ডেট আপনি বেঁধে দিয়েছেন সেটাকে আরও বাড়িয়ে দিতে হবে। এবং এই ডেট যদি বাড়িয়ে নিয়ে যান তাহলে আরও অনেক জমি আপনি পাবেন। যুক্তফ্রন্ট সরকারের প্রতিষ্ঠা হবার সময় আমরা দেখেছি যে কি ভাবে জোতদাররা জমি লুকিয়ে রেখে দিয়েছিল। আমরা সেখানে আইন করে দেখেছি যে আইনের মাধ্যমে বর্গাদারদের গরীব চাষীদের জমি দেওয়া যাবে না। তাই আমরা ঐ আইনের সঙ্গে সঙ্গে তার পাশাপাশি আন্দোলন গড়ে তুলেছিলাম গরীব বর্গাদার চাষীদের আমরা সংঘবদ্ধ করেছিলাম এবং অনেক সময় গায়ের জোরে জমি দখল করে নিতে বাধ্য হয়েছিলাম। যদি আইনের সুযোগ নিয়ে এটা করতে যান তাহলে কোন দিন কোন জায়গায় সেটা করা যাবে না। তাই আমরা জোত-দারদের বাধ্য করেছিলাম। তারপর আপনি যে ঐ ডেট ঘোষণা করেছেন যুক্তফ্রন্ট সরকার আসার আগে থেকে অর্থাৎ ১৯৬৫-৬৬ থেকে যদি করেন তাহলে খুব সুবিধা হবে এবং অনেক জোতদার আইনকে ফাঁকি দিয়ে যে জমি রেখে দিয়েছে তারা এই নূতন যে সিলিং করছেন সেখানে এই আইন প্রয়োগ না হলে তারা আবার সেই মহামান্য আপনাদের হাইকোর্ট আছে তার ফাঁকে তারা বেরিয়ে যাবে। আপনারা কি জমি পেয়েছেন? কোন জায়গাই জোতদারদের কাছ থেকে বেশীর ভাগ বিল—বেরিয়ে এসেছে মজা খাল নালা, বিল মজা জমি। তাই আমি অনুরোধ করছি যে ঐ টাইম সীমা বেঁধে দিলে হবে না। তাহলে অনেক জমি পাবেন- অনেক গরীব মানুষদের আপনারা জমি দিতে পারবেন। এই আইন করে আপনারা প্রগতিবাদ বলে আর নিজেদের জাহির করবেন না—আপনারা বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এই কাজে হাত দিন।

Shri Saniti Chattaraj :

শুধু আর, এস, পি হলেই প্রগতিবাদ হওয়া যাবে, কি বলেন?

Shri Timir Baran Bhairu :

আর, এস, পি, হওয়া অতো সোজা নয়। এইভাবে আর, এস, পি-র মেম্বার হওয়া যায় না। কচুরী পানায় ভেসে এলেন তারপর মন্ত্রী হয়ে গেলেন। আমি জোর করে বলতে পারি যে সমস্ত মন্ত্রী আজকে আছেন তারা কেউই জাতীয় আন্দোলনের সময় একটা পোষ্টারে একটু আটা লাগালেও বুঝতাম। যাহোক মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণমেন্টের ষ্ট্যাটিস-টিক্সে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলায় বর্গাদারদের সংখ্যা, অল্প জোতের মালিকের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে। তাই আমার সাজেসন হচ্ছে বর্গাদারদের রক্ষা করার জন্য একটা বোর্ড হওয়া দরকার। এই সমস্ত ল্যান্ডলেস পেজেন্টসদের রক্ষা করতে হলে তাদের রিপ্রেজেনটেটিভ নিয়ে এবং আমাদের পশ্চিমবাংলায় যে ক'টি কৃষি সংগঠন আছে তাদের থেকে নমিনেটেড মেম্বার নিয়ে সেই বোর্ড গঠিত হওয়া দরকার। তা নাহলে বর্গাদারদের স্বার্থ রক্ষা করা যাবে না। এখানে যে আইন আছে তার ফাঁক দেখে আমরা অবাক হয়ে যাই। আপনারা এই সমস্ত বিল এনে আগে যে আইন করে দিয়েছেন তাতে সেকসন ৫০-তে জে, এল, আর, ও অফিসারকে ইনক্লুড করে দেওয়া হয়েছে যে তিনি এনকোয়ারী করে বর্গাদারেরের নাম রেকর্ড করে দেবেন। কিন্তু জোতদাররা ঐসব রেকর্ড করা বর্গাদারদের বিরুদ্ধে মুনসেপ কোর্টে আপীল করে সেটেলমেন্ট রেকর্ড এনে মুনসেপকে দেখালেন হুজুর তার নামে কোন রেকর্ড নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জে, এল, আর, ও, একটা সাদা কাগজে মিস কেস ষ্টার্ট করে শুধু বর্গাদারেরের নাম রেকর্ড করল। জে, এল, আর, ও, একটা কপি ভূমি সংস্কার আইন অনুযায়ী সেটেলমেন্ট অফিসে পাঠালেন। সেটেলমেন্ট অফিসার বললেন যে আমি বর্গাদারের নাম করব যাকে সেকসান ৫০ অনুযায়ী একজিকিউট করার অধিকার দেওয়া

হয়নি। এই আমার অধিকার আপনারা রেকর্ড করলেন, এখন আমি এটা মেনে নেব কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, গুরুপদবাবু কাগজে, রেডিওতে, যেখানে মিটিং করছেন প্রত্যেকটি জায়গায় বলছেন বর্গাদের জন্য এইভাবে আইনকে ইনডিউস করে দিয়েছি। কিন্তু আইনের ভিতর যে ফাঁক আছে, সেই ফাঁকের ভিতর যে কারচুপি ঢোকান আছে আজ পর্যন্ত গুরুপদবাবু সেটা তলিয়ে দেখেন নি। আইনের সেই সেক্সান ৫০ অনুসারেই তাদের উৎসাহিত করা হচ্ছে তোমরা সেটেলমেন্টে নাম রেকর্ড কর, অথচ সেক্সান ৫০ অনুসারেই বলা হচ্ছে তোমাদের অধিকার নেই। বর্গাদাররা ৩।৪ টাকা খরচ করে যাচ্ছে, অথচ আইনের আওতায় দেখা যাচ্ছে সেটেলমেন্ট ক্যাম্পে তাদের একটি নামও রেকর্ড করা হয় নি। এটাই হচ্ছে বাস্তব অভিজ্ঞতা। মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টের বহরমপুর সেটেলমেন্ট ক্যাম্পে জে, এল, আর, ও, অফিস কর্তৃক যেসমস্ত রেকর্ড হয়েছে—তার একটিও রেকর্ডেড্ হয়েছে কি, এটা আপনি বলুন? আপনি করবেন বর্গাদারের স্বার্থ রক্ষা, আর সেই বিলকে আমাদের সাপোর্ট করতে হবে? এই বিল আনবার আগে আপনি কেন আইনের সংশোধন করলেন না, এতদিন ফেলে রেখেছেন কাদের জন্য? আমি জানি আপনি ফেলে রেখেছেন যারা আজকে দল ভারী করেছেন, তারা কোন্ শ্রেণীর লোক, কোন্ ঘরের লোক? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতবারে এই বিধানসভায় মুখ্যমন্ত্রীর জমির বিষয়ে অভিযোগ করেছিলাম। অভিযোগটা কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলেছিলাম তার নামে এই সমস্ত জমি আছে। এটা অনেক দিন আগেই কাগজে বেরিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন সেই তহশীলদার কোর্টে স্টেটমেন্ট দিয়েছে। সিদ্ধার্থবাবুর নামে জমি ছিল। কিন্তু এটা ঠিক সিদ্ধার্থবাবুর কোন জমি দেখছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই তহশীলদার কারা? ঐ সিদ্ধার্থবাবুর নামে জমি যে লুকিয়ে রেখেছে সেই জমিদার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহরমপুরের জে, এল, আর, ও, যতগুলি আছেন তারা সকলেই জোতদার শ্রেণীর ঘর থেকে এসেছেন। জমিদারী প্রথা উচ্ছেদ হবার পরেই ঐ জোতদার শ্রেণীর ঘরের ছেলেরাই জে, এল, আর, ও, হয়েছেন। প্রত্যেক জেলায় এটা দেখতে পাবেন। ঘটনা চক্রে আমাদের মুর্শিদাবাদ জেলায় স্বর্গতঃ বিমল সিংহ মহাশয় যখন ভূমি রাজস্বমন্ত্রী ছিলেন তার দয়াপরবশ হয়েই হোক, কিম্বা যে কোন কারণেই হোক গোটা মুর্শিদাবাদে সার্কেলে জে, এল, আর, ও, হয়েছে। এই সারকেলের হিসাব নিয়ে যদি দেখা যায় তাহলে দেখা যাবে ঐ সব আল্লালের ঘরের দুলাল, জোতদার শ্রেণীর ঘরের ছেলেরাই জে, এল, আর, ও, হয়েছে। তারা করবে গরীব বর্গাদারের স্বার্থ রক্ষা, আর এই দপ্তরেরমন্ত্রী গুরুপদবাবু তিনি যে বিল আনবেন তাকে আমাদের সাপোর্ট করতে হবে? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভাবতে অবাক লাগে তিনি হচ্ছেন প্রগতিবাদী। আমি আশা করব গুরুপদবাবু আমার জবাবী ভাষণ দেবার আগে তিনি এই সেক্সান ৫০ সম্পর্কে উত্তর দেবেন। এইভাবে চলবে না। হাউসে এক কথা বলবেন, আর বাহিরে গিয়ে আর এক রকম করবেন, এটা চলবে না। আপনি বর্গাদারদের স্বার্থ যদি সত্যিই রক্ষা করতে চান তাহলে আইনের ফাঁকটাকে আগে বন্ধ করুন। আপনার দপ্তরের যারা অফিসার আছেন তারা ভেবে দেখেন নি, চিন্তা করেন নি যে কি ভাবে বর্গাদারদের চিট করছে, কিভাবে ইনডিউস করে বর্গাদারের নাম রেকর্ড করছে। গরীব বর্গাদারকে ৩।৪ টাকা খরচ করে কালেক্টরের কাছে যেতে হয়। তারপরে ১২।১৩ টাকা খরচ করে তাকে জে, এল, আর, ও, অফিসের রেকর্ড বের করতে হয়। গ্রামবাংলায় বীজ, সার, ইত্যাদি সব বন্ধ হয়ে গেছে। থানায় যেতে গেলে কিছু দিতে হবে, তবেই কিছু পাওয়া যাবে। জে, এল, আর, ও, অফিসের ব্যাপারেও তাই দেখা যাচ্ছে। বি, ডি, ও, অফিসে গেলেও দেখতে পাবেন পয়সা দিলে সার পাবেন, না দিলে সার পাবেন না। সার, বীজ, ইত্যাদি পেতে গেলে ঘুষ দিতে হবে, না হলে পাওয়া যাবে না। চারিদিকে সমস্ত জায়গাতেই একটা ঘুষের রাজত্ব হয়ে গেছে। সেইজন্য আমি বলছি একজন আমলার উপর অধিকার দিলে বর্গাদারের স্বার্থ রক্ষা হবে না। বর্গাদার বোর্ড করুন, সেখানে তাদের রিপ্রেজেনটেটিভ রাখুন, সেখানে কৃষক শ্রেণীর রিপ্রেজেনটেটিভ রাখুন, তবেই বর্গাদারদের খানিকটা স্বার্থ রক্ষা হবে। এ্যাডভাইসারি কমিটির ব্যাপারটা দেখুন—আপনি জানেন স্যার, ল্যাণ্ড এ্যাডভাইসারি কমিটি করেছেন হাইকোর্ট তার বিরুদ্ধে বলেছে তার কোন লিগ্যাল পাওয়ার আপনি দেন নি। এখন এই ল্যাণ্ড এ্যাডভাইসারি কমিটিকে লিগ্যাল পাওয়ার না দেবার

জন্য যে সমস্ত জমি বিলি হচ্ছে হাইকোর্ট থেকে কিভাবে ইনজাংসান দেওয়া হচ্ছে সেটা আপনি দেখেছেন। হাইকোর্ট থেকে কি রুলিং বেরিয়েছে সেটা আপনি জানেন। যাই হোক, এইভাবে দু-একটি এ্যামেণ্ডমেন্ট এনে কিছু সুবিধা হবে না, একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। আপনি হাই পাওয়ার কমিশন করেছেন খুব ভাল কথা, কিন্তু তারা কি বলবেন সেটা আমি জানি না। আমি আশা করব সেই সমস্তগুলি ভাল করে দেখে সেইভাবে বিল এনে হাউসের সামনে রাখবেন, নিশ্চয় বিলকে সমর্থন করব। এখন আমি এই বিলটিকে সমর্থন করতে পারছি না, সেই কারণের জন্যই আমার সারকুলেসন রেখেছি যে জনমত কি করে সেটা আপনি একটু চিন্তা করে দেখুন। হাউসে বসে চীৎকার করলে এর চরিত্র পরিষ্কার হবে না, তার চেয়ে জনমানসে এটা সারকুলেসনের জন্য দিন, তাতে পরিষ্কার বুঝতে পারবেন, বাস্তব অভিজ্ঞতা আসবে, ভূমি সংস্কার, ভূমির সৎ ব্যবহার, অপব্যবহার ইত্যাদি তার সমস্ত কিছুই বুঝতে পারবেন। এইকথা বলে আমি আমার সারকুলেসন মোসান মুভ করে বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

Shri Shib Sankar Bandopadhayay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিসদ্ব্যাবহার মন্ত্রিমহাশয় যে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্ম (এ্যামেণ্ডমেন্ট) বিল এনেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি এবং সমর্থন করতে উঠে সর্ব প্রথমে যে কথা বলতে চাই, তিমিরবাবুর যে অপ্রাসঙ্গিক প্রলাপ উক্তি এতক্ষণ ধৈর্য্য ধরে শুনলাম, যে অপ্রাসঙ্গিক প্রলাপ তিনি করে গেলেন তার সঙ্গে এই বিলের কোন সম্পর্ক আছে কি আমার জানা নেই। তিনি বিলের বিরোধিতা করেছেন। আমি এক একটা করে দেখিয়ে দেবো যে এই বিলের বিরোধীতা করা মানে ঐ যে হাঙ্গর-ভাঙ্গরের কথা বললেন সেই হাঙ্গর-ভাঙ্গরদেরই সমর্থন করা হয় তা কিন্তু এই আলোচনার ভিতর দিয়ে প্রকাশ হয়ে পড়েছে। এই বিলের বিরোধিতা যারা করেন তারা প্রকৃতপক্ষে হাঙ্গর-ভাঙ্গরদেরই সমগোত্রীয় এবং তাদের নিকট আত্মীয়। এই বিলটি যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে বিলে সর্বপ্রথমে বলা আছে যে এখানে অর্চাডের সীমা ম্যাক্সিমাম কত থাকবে তার কথা বলা আছে। এই যে বাগানের কথা বলা হয়, অনেকে অনেক বড়বড় বাগান রেখে দেন সেটা সিলিংয়ের আওতায় পড়ে না। এখানে নির্ধারিতভাবে বলা হয়েছে, এবারে সিলিংয়ের জমি ছাড়া, অর্চাড বাবদ মাত্র ২ একর রাখতে পারবেন এবং নট অনলি দ্যাট অর্চাডের ক্যারেকটার তিনি চেঞ্জ করতে পারবেন না। আমি দেখছি এখানে লেখা আছে জমির রকম—রেকর্ড অব রাইটস থেকে দেখা যায় যে জমির রকম লেখা আছে বাগান। আমরা সেখানে খোঁজাখুঁজি করে কোন বাগান দেখি না। তবে কল্পনার বাগান আছে কি না সেটা জানা নেই। চাষের জমি অথচ বাগান বলে তিনি ঐ সিলিংয়ের হাত থেকে রেহাই পেয়ে যান। কাজেই তাদের সেই সব জমিচুরি বন্ধ করার জন্য এই অর্চাডের কথা বলা হয়েছে এবং তার ম্যাকসিমাম সিলিংয়ের কথা বলা হয়েছে এবং আরো বলা হয়েছে যে ক্যারেকটার অর্চাডের চেঞ্জ করা যাবে না। কাজেই এই বলার মাধ্যমে এই বিলের বিরোধীতা করে কি তিমিরবাবু ঐসব জমিচোরদের সহায়তা করলেন না? স্যার, পরিবারের ক্ষেত্রে এক জায়গা বলা আছে—ইরিগেটেড ল্যাণ্ড যেগুলি, রিভার পাম্প-এর সাহায্যে যেগুলি, ঐ স্টেট ক্যানেলের সাহায্যে যেগুলি, ডিপ টিউবয়েলের সাহায্যে, যেগুলি ইরিগেটেড হবে সেই ইরিগেটেড ল্যাণ্ডের খাজনা ৩ গুণ হবে এবং এ কথা আগে বলা হয়েছিল, এই হাউসের অনেক মেম্বার বারবার তারস্বরে চিৎকার করে বলেছেন, আমরা আমাদের রেভিনিউ বেশী করতে পারছি না, সরকার যখন ইরিগেশানের সুযোগ দিয়ে রেভিনিউ বাড়াবার চেষ্টা করেছেন সেখানে এই ইরিগেটেড এরিয়ার রেভিনিউ বাড়ান হোক। যখন এই রেভিনিউ বাড়ানোর বিরুদ্ধে, এই বিলের বিরুদ্ধে কথা বলছেন তিমিরবাবু তখন কি তিনি ঐ হাঙ্গর-ভাঙ্গরদের সমর্থন করে কথা বলছেন না?

স্যার, ৪নং ক্লজে মাননীয় সদস্য বিশ্বনাথ বলেছেন যে এই ক্লজ তুলে দেওয়া হোক। আমি এটা বুঝতে পারছি না এই ক্লজের মধ্যে মূল কথা ছিল এই যে আমাদের দেশে

যে সমস্ত চ্যারিটেব্‌ল ইনস্টিটিউশন আছে, সেইগুলো আমি বিশেষ করে জানি এবং এই বিষয়ে শাস মহম্মদ সাহেবও জানেন যে ওঁদের মুর্শিদাবাদ জেলায় বহরমপুরের কাছে একটা রামকৃষ্ণ মিশন আছে, এই রকম বহু আশ্রম আছে যে আশ্রমগুলো সেই স্থানের সেবামূলক কাজ করেন এবং তাদের একমাত্র সোর্স অব আর্নিং হচ্ছে এই জমি। এইজন্য বলা হয়েছে প্রত্যেকটি প্রতিষ্ঠান তাদের যে সব বিভিন্ন কেন্দ্র আছে সেই কেন্দ্রগুলোকে এক একটা রায়ত ধরে নিয়ে তাদের ম্যাক্সিমাম সিলিং অনুযায়ী জমি রাখবেন। এই কথা বলার মধ্যে দিয়ে দেশের সেবামূলক প্রতিষ্ঠানকে দেশের গরীব সাধারণ মানুষের সেবা করবার সুযোগ বাড়িয়ে দেওয়া হয়েছে, এই বিলের মধ্যে সেই জিনিসই করা হয়েছে। আর একটা কথা আমি বলতে চাই, আমি কিছুতেই বুঝতে পারলাম না যে আমাদের মাননীয় সদস্য তিমিরবাবু পার্ট ভেস্ট করার কথা বলে অনেক বক্তৃতা করেছিলেন, আমার মনে হয় উনি বোধ হয় সরকারের বিলের পক্ষেই কথা বলছিলেন। কারণ পার্ট ভেস্ট জমিগুলো মূলতঃ হয়েছিল কি, এই ভেস্টিং-এর বাইরে জমির মালিকদের থাকার জন্য জমির মালিক করতো কি, ২।৫ কাঠা জমি ভিটা, বাড়ি নালা, ডোবা ইত্যাদি সরকারকে বুড়ো আঙুল দেখাতো আইনের সুযোগ নিয়ে। তারা নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য এটা করতো। এবারে আইনের মধ্যে ক্যাটাগোরিক্যালি বলা হয়েছে যে এই রকম করা চলবে না। গোটা জমির খানিকটা অংশ, পার্ট অব দি ল্যাণ্ড ভেস্ট করলে, তা করা চলবে না। এখানে সরকারের হাতে ক্ষমতা রইলো। এর মূল উদ্দেশ্য হচ্ছে যে ভূমিহীন কৃষকদের মধ্যে সহজতম পদ্ধতিতে এই সব অধিকৃত জমি কেমন করে বন্টন করে দেওয়া যায়, তার দিকে লক্ষ্য রেখে এটা করা হয়েছে। সুতরাং এই বিল বিরোধিতা করা মানে বড় বড় জোতদার যারা নানা আইনের অজুহাত দেখিয়ে সাধারণ মানুষকে ফাঁকি দিচ্ছিল, সরকারী নিয়মকে ফাঁকি দিচ্ছিল, তাদেরকে বন্ধ করা হয়েছে। সুতরাং এই বিলের বিরোধিতা করে আমার মনে হয় মাননীয় বন্ধু তিমিরবাবু তাদের দালালী করছেন। এখানে বর্গাদারদের সুযোগের কথা রয়েছে, এখানে একটা হ'ত কি, একবার কে কে এ্যাকচুয়েল বর্গাদার, আর কে এ্যাকচুয়েল প্লট শেয়ারার এই নিয়ে বিরোধ বাধতো। তখন একবার জে, এল, আর, ও, বা ভাগচাষ কোর্টে এই বিরোধ-এর মীমাংসা না হলে সিভিল কোর্টে যেতে হ'ত। বর্তমানে বোর্ডই এটা করে দেবে, এই ব্যবস্থা করে দিয়ে আমার মনে হয় বর্গাদারদের স্বার্থ সংরক্ষণ করা হয়েছে। এই আইনের মাধ্যমে সত্যকারের বর্গাদারদের সুযোগ করে দেওয়া হয়েছে। যাতে করে তারা বিপদের সম্মুখীন না হয়। সেভেন লাইন সম্বন্ধে বলছি, এটা অমিট করার কথা কেউ কেউ বলেছেন। কিন্তু এটা সেক্সান অত্যন্ত জরুরী এবং প্রয়োজনীয় বিষয় বলে আমি মনে করি। এর আগে ছিল মুভেব্‌ল এবং ইমমুভেব্‌ল প্রপার্টি বা যে জমির জন্য খাজনা সেই জমি বাদ দিয়ে তাদের মধ্যে যদি হোমস্টেড ল্যাণ্ড অন্যান্য জিনিস থাকে তাহলে সেল দেওয়া যাবে না, এই সব জিনিস ছিল। এবারে এই আইনে বলা হয়েছে যে মুভেব্‌ল ইমমুভেব্‌ল প্রপার্টিও নেওয়া যাবে। এখানে বক্তৃতায় অনেকে বলেছেন ৯ কোটি টাকা ল্যাণ্ড রেভিনিউ আদায় করতে ৮ কোটি টাকা খরচ হয়। ল্যাণ্ড রেভিনিউ দেয় না ইত্যাদি। সুতরাং ল্যাণ্ড রেভিনিউ সম্বন্ধে আমি ঝাড়গ্রামের লোক হিসাবে জানি, চাষীর বলদ যদি ক্রোক হবার ভয় থাকে, নিলাম হবার ভয় থাকে, চাষী খাজনা মিটিয়ে দেয়। এও যেমন জানি, তেমনি উল্টো দিকটাও জানি সমস্ত জমি যা এতদিন ছিল, যে জমিটা এ্যাটাচ করার ফলে কি হ'ত আমি জানি এই হাউজে আমি মেনশনও করেছি। একটা লোকের ৯ বিঘা জমি, ১০০ টাকা খাজনা বাকী, এর দায়ে জমা টাকার নিলাম হয়ে যেত, সরকারী কর্মচারীদের নানা রকম গোপন হাত থাকার ফলে, এই আইনে কিন্তু সেই অসুবিধা দুর হয়েছে বরং আরও সহজ হয়েছে। কেমন করে খাজনা আদায় করা যাবে এবং পক্ষান্তরে সেটা চাষী যাতে মাত্র ১০০ টাকার দায়ে ৯ বিঘা জমি না যায়, তার সুযোগ আছে।

যারা সত্যিই সরকারে জমি দেয়নি, আর যারা সত্যিকারের জমির সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত, যারা মাটির কাছাকাছি আছে তারা শুধু চোখের জল ফেলছেন, তাদের কথা চিন্তা করেই আজকে এই বিল আনা হয়েছে। যিনি এই বিলকে ভালভাবে দেখেননি, বোঝেননি, তিনিই এই বিলের বিরোধিতা করতেন, এই কথা বলে আমি এই বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

4-20—4-30 p.m.]

Shri Biswnath Mukherjee :

াননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও ভূমি সংস্কার আইনের সংশোধনের সাধারণ আলোচনায় কটা সুযোগ দেন, তাহলেও যেহেতু আমাদের বাজেটে আলোচনার সময় সেই আলোচনার যোগ আমরা পেয়েছি সেইজন্য আজকে আমি বিশেষভাবে সেই সাধারণ আলোচনায় যতে চাই না। শুধু একটা কথা বলি যে জমিদারী দখল আইনকে এখন পর্য্যন্ত ভীষণভাবে াঁকি দিচ্ছে। আমি ভূমি সংস্কার আইনের বিভিন্ন ধারায় উল্লেখ করছি, জোতদার, অবস্থাপন্ন াকেরা, প্রভাবশালী লোকেরা ফাঁকি দিচ্ছে। আইনের অনেক ত্রুটি আছে, যা সংশোধন ওয়া উচিত। আমরা একটা বিলের ড্রাফ্ট করে মন্ত্রিমহাশয়কে দেব এবং প্রাইভেট ম্বারস বিলে যাতে সুযোগ পাওয়া যায় তার জন্য আপনাকেও বলব। কিন্তু আইনের াই উন্নয়ন করতে, অর্থাৎ যে আইন আছে সেই আইন ঠিকমত কার্য্যকরী হচ্ছে না এই ষয়ে প্রতিদিন অসংখ্য অভিযোগ পাওয়া যাচ্ছে, চাষীদের ব্যাপারে, উদ্বৃত্ত জমির ব্যাপারে ত্যাদি। কয়েকদিন পর আমরা এখানে এই মন্ত্রীসভার কাছে তুলব এবং আপনার মাধ্যমেই াটা রাখব যে একজন এডভোকেট, যিনি হয়ত শীঘ্র বিচারপতি হবেন, সে ২৪০০ বিঘা মি নিজের আত্মীয় স্বজনের নামে বেনামী করে রেখে এখনো ভোগ করছেন। এইরকম ত আছে, তার ঠিক ঠিকানা নেই। জমি দখল যখন হবে তখন জমি দখলের পর ভূমি ংস্কার আইনের বিভিন্ন ধারা নানা ভাবে লঙ্ঘিত হচ্ছে, যেখানে কৃষক সংঘবদ্ধ নয় সেখানে ারা বেশীরভাগ জায়গায় এই সমস্ত সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এটা ইম্পলিমেন্টেশনের শ্ন। এখানে এখন আমি বর্তমানে যে সংশোধনী মন্ত্রিমহাশয় এনেছেন তার উপর আমার ালোচনা সীমাবদ্ধ রাখতে চাই। এই সংশোধনীর কয়েকটি ধারাকে আমি স্বাগতঃ ানাচ্ছি এবং এইগুলিকে আমরা পরিপূর্ণ সমর্থন করব। কিন্তু কয়েকটি ধারায় আমি রোধিতা করব, কয়েকটি ধারাতে আমরা সংযোজন করতে চাই। আমার, মাননীয় দস্য অজিত বসু এবং ডাঃ ওমর আলীর নামে যে সংশোধনীগুলি সার্কুলেটেড হয়েছে তার াকে আপনারা এটা বুঝতে পারবেন। সমর্থন চাই যেগুলিকে সেগুলি হচ্ছে, তিনটি ল্লেখযোগ্য বিষয় মন্ত্রিমহাশয় এনেছেন, অনেক আগেই আনা উচিত ছিল, এইগুলি ানার ফলে এইগুলি মূল আইনকে খানিকটা আরো শক্তিশালী করবে, উন্নত করবে। রমধ্যে সব থেকে বড় যেটা সেটা হলো ভূমি সংস্কার আইন বর্গাদার অধ্যুষিত, সেখানে র্গাদার কি বর্গাদার নয় সেই সংক্রান্ত বিষয়ের সিদ্ধান্ত নেওয়া দরকার। যে অফিসার বং অথরিটিকে দায়িত্ব দেওয়া হচ্ছে----তা সত্ত্বেও আমরা দীর্ঘ দিন ধরে দেখছি যে তাদের ম্পূর্ণ অগ্রাহ্য করে সিভিল কোর্ট, ক্রিমিনাল কোর্ট, জাজমেন্ট ও ইসু দিচ্ছে। তারা বলছে টা বর্গাদার কি বর্গাদার নয়, এই ইসু নয়। কোথাও মানি সুট হচ্ছে, কোথাও ফৌজদারী চ্ছ, কোথাও ধান লুঠ করতে গিয়েছে, নানা ব্যাপার। তাতে চাষীর পক্ষ থেকে যখন বী করা হচ্ছে যে আমি ভাগচাষী, ধানতো আমিই তুলব, এটা লুঠ কিসের?

ম্বা আমি তাকে অংশ দিয়েছি ও অংশ নিতে আসেনি। আমি মামলা করেছি। এমন ় যেখানে জে, এল, আর, ও, তদন্ত করে সেখানে জে, এল, আর, ও, সব সময় ন্যায় বিচার করেন নয়; বা অফিসাররাও সব সময় করেন না। তা সত্ত্বেও যেখানে তাঁরা স্বীকার করেন তদন্ত রান যে বাস্তবিকই ভাগচাষী সেখানে আদালত তা মানি না বলে নাকচ করে দিয়েছেন। সেজন্য ামরা বলেছিলাম ভূমি সংস্কার আইনে যা ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতার বিরুদ্ধে যা খুশী ধিকার আদালতের নেই। ওটা তিনি এনেছেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আর একটা জিনিষ তিনি এনেছেন সেটা নিয়ে বিতর্ক থাকলেও আমরা সমর্থন করি। সেটা হচ্ছে রেকড-এর ব্যাপারে খানে ফাইনাল হবার পর বা সেখানে যে পদ্ধতি আছে তাতে ট্রাইবুনাল হবার পর সিভিল কোর্ট- নিয়ে গিয়ে এগুলি বাতিল করা হচ্ছে। এখানে কোন কোন ক্ষেত্রে অবিচার হোত। আদালতে াবার অধিকার সম্বন্ধে অনেকে বলেছেন যে আদালতকে বাদ দেওয়ার উচিত নয়। কিন্তু আমি লছি আদালতে যাবার সুযোগটা বেশীর ভাগই বড় বড় মালিকেরা নেন এবং সেখানে নানা রকম াবে তাঁরা এগুলিকে বাতিল করার চেষ্টা করেন। অর্থাৎ গরীব মানুষরা এই সুযোগ নিতে পারে া। সুতরাং মন্ত্রিমহাশয় যে এটা এনেছেন সেটা ভাল। আর একটা হচ্ছে রিটার্ণ-এর ব্যাপারে

।মিদারী দখল আইনে এই ব্যাবস্থা থাকার ফলে এখানে গভর্নমেন্ট-এর কোন অধিকার না থাকার চলে এবং বারে বারে রিটার্ণ পরিবর্ত্তন করার ফলে কে কত জমি লুকিয়েছে তার শেষ নেই। যে নমি দিয়েছে তার ডিমারকেশন করা যায় না, দখল করা যায় না। এই রকম কিছু জমি আছে া চাষীকে দেওয়া যায় না। সুতরাং ভবিষ্যৎ সম্বন্ধে তিনি যা এনেছেন তাতে এগুলি ওরিজিনাল ভূমি সংস্কার আইনে থাকতো তাহলে ভাল হোত। রিট্রোস্পেকটিভ এ্যাফেক্ট ভূমি সংস্কার আইনে কতটুকু দেওয়া যায় তা জানি না। তবে ভবিষ্যৎ সম্বন্ধে তিনি যা এনেছেন সেটা আমি সমর্থন করি। আর যেসব খুচরো খুচরো ব্যাপার আছে সে সম্বন্ধে বলার দরকার করি না। কিন্তু কয়েকটা বষয়ে তাঁকে অনুরোধ করি আপনি পুনর্বিবেচনা করে দেখুন এগুলির দরকার কিনা। যেমন স, এল, ৪ যেটা তিনি এনেছেন ট্রাস্ট প্রোপারটি সম্বন্ধে। তারা সিলিংএর বাহিরে ছিল পরে সংশো-ন করে সিলিং-এ আনা হল। এখানে কি তদ্বির হয়েছে যে তাদের এখানে সেন্টার সেখানে সেন্টার, ১৭টা সেন্টার সব রেকর্ড বলে গণ্য করতে হবে এবং সব সিলিং অনুসারে দিতে হবে এবং দিয়ে তাদের ৫।৭।১০ ফুট বাড়িয়ে দিতে হবে। ট্রাস্ট-এর নামে চ্যারিটেবেল্ রিলিজিআস হলেই সেখানে আইনে বলা হয়েছে এন্‌কোয়ারী করে দেখা যাবে। একজন মোহন্ত পূজার নাম করে বা একজন কুল কলেজের নাম করে ২ হাজার বিঘা জমি রেখে সে ভোগ করবে এইরকম সংশোধন আমরা করব? স্কুল, কলেজ, হাস্‌পাতালের নাম করে ওই মালিক এইভাবে জমি ভোগ করে। এই অবিচারই সংশোধন করে সিলিংএর মধ্যে আনা হল এবং আনার পর সেই ধারাটাকে এরকমভাবে তরল করে দিয়ে আবার একটা বিরাট ফাঁক সৃষ্টি করার চেষ্টা করছেন কেন জানি না। হয়ত খুব প্রভাবশালী লোকেরা তদ্বির করে এটা করেছেন। এর ফলে এই আইনকে এগিয়ে না নিয়ে গিয়ে পিছিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। কি এমন দরকার পড়েছে যে ৭।৮।১০টি সেন্টার বা যত সেন্টারই হোক তা ১৯৬৯ সালের আগে সেন্টার হতে হবে। এখানে আমার সহকর্মী শ্রীঅজিত বসু বলেছেন ১৯৬৫ বলা হোক। তিমিরবাবুও বলেছেন ১৯৬৫ সাল বলা হোক।

[4-30—4-40 p.m.]

আমি বলি ৬৫ কি ৬৭ কি ৬৯ এইসব সেন্টারের নাম করে ট্রাস্টকে আরো বহুগুণ বেশী জমি রাখার সুযোগ দেওয়ার ফাঁকটা আবার করার কি দরকার আছে? অরিজিন্যাল আইন অসংখ্য ফাঁকে ভর্তি ছিল, ক্রমশ ক্রমশ সংশোধনের মাধ্যমে সেই ফাঁক বন্ধ করার চেষ্টা করা হচ্ছে, আবার সংশো-ধনের মাধ্যমে সেই ফাঁক বাড়িয়ে দেওয়ার কি দরকার আছে আমি জানি না। সেজন্য আমি ওট ডিলিট করার কথা বলেছি। আপনি হয়ত টেক্‌নিক্যাল গ্রাউণ্ড বা অন্য কোন ডিফিকাল্‌টির কথ বলে জবাব দেবেন, সে তর্কের মধ্যে আমি যেতে চাই না, কিন্তু ওটা যদি ডিলিটেড না হয় তাহলে আমি আমার এ্যামেণ্ডমেন্ট ইনসিস্ট করছি না, অন্ততঃ ওটা আজকে উইথড্র করুন, করে আপা ভাবুন, আলোচনা করে দেখুন, পরে যা হয় করবেন। তারপর ৬ নং ক্লজ এ যেটা এনেছেন তা আদারওয়াইজ এটা ইনসার্ট করার কি দরকার হল আমি জানি না। আইনের ১৮(১)তে পরিষ্ক লেখা আছে অথরিটিকে অফিসারকে, তারপরে তার আদারওয়াইজ বলার কি দরকার আমি জা না। বহুদিন ধরে ফর্‌মুলেশান রয়েছে, আমরা সকলে দেখেছি, তার আদারওয়াইজ বল কোন কারণ আছে বলে মনে করি না। সেজন্য আমি ওটার ডিলিসান চেয়েছি। আ আর একটা ডিলিশান চেয়েছি সেটা হচ্ছে ক্লজ ৯। এই যে রায়ত সেখানে মস্তবড় এক ভুল করেছেন। আমরা তখনই বলেছিলাম যে খাজনার ব্যাপারে ছোট-মাঝারী-বড়-চা জোতদার সব একাকার করে দেবেন না, দিলে এমন একটা লাইন অপ হ যেটা মারাত্মক, আপনারা পারবেন না। ছোট চাষীর ৩ একর বাদ গেছে। আমরা বলেছিল মাঝারী চাষীর খাজনা ডাবল ৩ গুণ করে দেওয়া সেটা করবেননা, তাদের বাদ দিন, তা আপনা দেননি। এখন নানা জায়গা থেকে আমরা অভিযোগ পাচ্ছি যে ইরিগেটেড নয়, পাম্প ইরিগেশানে ইনক্লুড করা হয়েছে তবুও ঐ ধারাতে, সেজন্য আমি কোন সংশোধন আনিনি, লিফ্‌ট ইরিগেশ যদি থাকে তাহলে লিফ্‌ট ইরিগেশান-এর রেকর্ড হওয়া উচিত, সেজন্য সংশোধন আনিনি, কি এই যে খাজনা বৃদ্ধি করেছেন এতে লোকের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করেছেন। বেশীর ভাগ ক্ষে বন্যা শুকো কিছুই রিপোর্টেড হয় না, বাদ যায় না, ইরিগেশান নেই তাও ধরে বাকি খাজনার ৩ গু ধরে আদায় করার চেষ্টা করছেন, সার্টিফিকেট করছেন, এই নিয়ে একটা দারুণ বিক্ষোভের সৃ হয়েছে। আপনাদের পাওয়ার ছিল ১৮৮৫ সালের আইনের ভেতর যে আমার যে সম্পত্তির খাজ

বাকি পড়েছে আপনি আমার সেই সম্পত্তিটা ধরতে পারেন, নিলাম করতে পারেন, কিন্তু আমার অন্যান্য সম্পত্তি ধরবার জন্য যে ক্ষমতা বাড়িয়ে নিচ্ছেন সেই ক্ষমতা বাড়িয়ে নেওয়ার কি দরকার আছে? সেই সম্পত্তির খাজনা কি সেই সম্পত্তির দামের চেয়ে বেশী হতে পারে? তা কখনও হতে পারে না। সেই ক্ষেত্রে তার সব সম্পত্তি এর মধ্যে নিয়ে আসার অধিকার কেন বাড়িয়ে নিচ্ছেন তা আমি জানি না। যাই হোক আমার যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সংশোধন সেটা হচ্ছে সংযোজন। আমি দুই জায়গায় সংযোজন করবার চেষ্টা করেছি সেটা হচ্ছে, উনি একটা প্রগ্রেসিভ মেজার নিয়েছেন যেটা আমি সমর্থন করছি, ৭ নম্বর ক্লজে—

" If any question as to whether a person is or is not a bargader arises in the course of any proceedings before any Civil or Criminal Court, the Court shall refer it to the officer or authority mentioned in sub-section (1) of section 18 for decision."

এখন কথা হচ্ছে এর কোন রেট্রস্পেক্টিভ এফেক্ট হবে কিনা জানি না, অসংখ্য কেস হয়েছে, আমার কাছে যে কত কন্‌ক্রিট কেস এসেছে তা বলা যায় না, কিন্তু ভবিষ্যতে কি হবে জানি না ধরুন পুরান আইনে ছিল এই বিষয়ে বিচার করবেন অফিসার তার অথরিটি।

চোখে আংগুল দিয়ে দেখিয়ে দেওয়া সত্ত্বেও, চাষীর তরফ থেকে উকিল আদালতে বলা সত্ত্বেও আদালত সেটা মানল না। আপনি আজকে আইন যেটা করলেন সেটা করা সত্ত্বেও যদি না মানে তাহলে কি হবে? তাহলে কি তাকে এনফোর্স করবার জন্য সেই বর্গাদারকে হাইকোর্টে আসতে হবে? মনে করুন সিভিল কোর্ট বলল আমি মানব না, বর্গাদার আইন আমি জানি না, কিংবা ক্রিমিন্যাল কোর্ট বলল এটা ল এ্যান্ড অর্ডারের ব্যাপার তোমরা ধান লুঠ করেছো আমার কাছে অভিযোগ এসেছে। তখন কি হবে? মনে করুন ক্রিমিন্যাল কোর্ট ইনজাংসন দিচ্ছে। ১৪৪, ১৪৫ হয়ে যাচ্ছে এবং সে এসে বলছে, হুজুর, আমি বর্গাদার। অতএব আপনি যে ধারায় যাচ্ছেন ভূমি সংস্কারের নূতন আইন অনুসরণ করে আমি সেটাকে রেলেভেন্ট মনে করছি না। আপনি মনে করুন একটা ইনজাংসন দিয়ে দিল উইদাউট রেফারিং টু দি অফিসার অর অথরিটি কনসার্নড অর্থাৎ তাকে রেফার না করে রায় দিল তা সেটা ইনজাংসনই হোক বা ১৪৪-ই হোক সে দিয়ে দিল। তাহলে কি হবে? তার জন্য কোন কোন প্রতিবাদ এই আইনে নেই। তাহলে কি একজন গরীব ভাগচাষীকে সিভিল কোর্ট এবং ক্রিমিন্যাল কোর্টের রায়ের বিরুদ্ধে তাকে এ্যাপিলের জন্য যেতে হবে ডিস্ট্রিক্ট কোর্ট থেকে হাইকোর্ট পর্যন্ত এবং তাকে বলতে হবে, হুজুর, গভর্নমেন্ট এই রায় দিয়েছে এটা ভ্যালিড নয়?

Shri Biswanath Mukherjee :

আপনি যেটা বলছেন সেটা করার পরেও যদি আদালত না মানেন তাহলে কি করবেন? অর্থাৎ আপনার এ্যামেন্ডমেন্ট গ্রহণ করবার পরও যদি না করে তাহলে কি হবে?

Shri Supriya Basu :

আই হ্যাভ টেকেন ফুল কেয়ার অ্যাবাউট দ্যাট। সেইজন্য আমি আমার এ্যামেন্ডমেন্টে বলছি, ইট উইল নট বি ভ্যালিড অর বাইনডিং অন দি পার্টি। সে মানল কিনা তাতে কিছু যায় আসে না। পার্টির উপর বাইনডিং নয় বলে যদি লেখা থাকে তাহলে সুবিধা হচ্ছে আমার উপরে যদি কোন এ্যাপিল হয় তাহলে তার বিরুদ্ধে আমি দাঁড়াতে পারব, যে কোন কোর্টে দাঁড়াতে পারব, ওই বিচার ঠিক হয়েছে কিনা সেটা আমাকে দেখতে হবে না। এরজন্য দুইভাবে যাওয়া যেতে পারে। একটা হচ্ছে বিচারে আইনকে লঙ্ঘন করা হয়েছে এবং আর একটা হচ্ছে আইনে লেখা রয়েছে এটা আমার উপরে বাইনডিং নয়, ভ্যালিড নয় এবং তখন আমি আদালতে যেতে পারব। আমি মনে করি এই দুটোর মধ্যে আকাশ পাতাল তফাত রয়েছে। আমি বলতে পারব এটা আমার উপর বাইনডিং নয়, ভ্যালিড নয় এবং তখন আমার উপরে কোন রকম জবরদস্তি করতে পারবে না। আমি যদি আদালতে যাই তাহলে আমি বলব না যে, বিচার ঠিক হয়নি, আমি বলব এটা

আমার উপরে বাইনডিং নয়, ভ্যালিড নয়। এ সম্বন্ধে আমার সহযোগী মাননীয় সদস অজিত বসু মহাশয় যে দীর্ঘ এ্যামেন্ডমেন্ট দিয়েছেন তাতে তিনি এ সম্বন্ধে পয়েন্ট বাই পয়েন্ট আলোচনা করবেন। আমি যে ছোট্টট এ্যামেন্ডমেন্টা দিয়েছি সেটা দিয়েছি ওনলি টু স্ট্রেংদেন দিস্ ল, টু স্ট্রেংদেন দি হ্যান্ডস্ অব দি বর্গাদার। এটা যদি এর সঙ্গে থাকে এবং এটা যদি পয়েন্টেড আউট হয় টু এনি কোর্ট যে আমার উপরে এটা ভ্যালিড বা বাইনডিং হবে না তাহলে তার হাত শক্তিশালী হবে এবং তখন বিচারকও একটু চিন্তা করবেন যে এরকম রায় দেব কিনা কারণ এরকম রায় দিলে হয়ত হাইকোর্ট আমার উপরে স্ট্রিকচার দেবে।

[4-40—4-50 p.m.]

হাইকোর্ট এ্যাকশান নিতে পারে, সেজন্য আমি সাজেস্ট করছি আরেকটা এ্যামেন্ডমেন্ট সেটা হচ্ছে আপনি বলতে পারেন দরকার নাই, কিন্তু আমি মনে করি এটার দরকার আছে— যেখানে একটা খতিয়ান, একটা মৌজায় সমস্ত জমি ঢ়ুকানোর কথা বলছেন। একটা নিশ্চয় চালু করুন রেকর্ড অব রাইট প্রত্যেক গ্রামের জন্য করা উচিত, প্রত্যেক মৌজার জন্য করা উচিত, সেটা চাষীর কাছে থাকবে। তেমনি একজনের কত জমি আছে— প্রত্যেক মৌজায় খতিয়ানে সেটা মেনসন্ড থাকা উচিত, সেখানটার কোন দাগ নাম্বার আসবে না। কিন্তু মেনশান থাকা উচিত কেন না বিভিন্ন আইন করছেন যাতে এটা প্রয়োজন। এটা ভূমি সংস্কার আইনের জন্য প্রয়োজন, জমিদারী দখল আইনের জন্য প্রয়োজন, খাজনার জন্য প্রয়োজন। আপনি যে মেন্টী বসাচ্ছেন তার জন্য প্রয়োজন, অসংখ্য আইন-এর জন্য প্রয়োজন, আপনি যদি এগ্রিকালচার ইনকাম ট্যাক্স করেন তার জন্য প্রয়োজন, বহু আইনের জন্য প্রয়োজন এবং জানবার জন্য প্রয়োজন যে, হ্যাঁ, আমার টোটাল ল্যান্ড কত। সুতরাং সেই জিনিষ যাতে ফাঁকি না হয়। যে আইন প্রয়োগ করবে আপনার কর্তৃপক্ষ, আইন প্রয়োগ করবে যে মেসিনারী—প্রত্যেকের চক্ষের সামনে এটা থাকা দরকার যে এই লোকটার এই মৌজায় এই জমি আছে। সেটা চক্ষের সামনে থাকা দরকার, সেজন্য আমি সাজেস্ট করেছি সেটা আপনি গ্রহণ করুন। মূল কথা যেটা আমি বলতে চাই সেটা হচ্ছে এই যে টাস্ট প্রপার্টি, বেশী রাখবার সুযোগ দেওয়ার কোন দরকার নাই। এটা আপনি উইথড্র করুন, আর দ্বিতীয় কথা আপনি যে প্রধান এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেই এ্যামেন্ডমেন্টের কোন ফাঁক দিয়ে যেন এটা না পারে—অর্থাৎ বর্গাদার কি বর্গাদার নয় এই প্রশ্ন যদি অন্য কোন মামলায় উঠে বর্গাদার সংক্রান্ত মামলা নয়, কোন মামলায় যদি এই প্রশ্ন উঠে তাহলে সেটা রেফার করতে হবে অফিসারকে—এই জন্য যে সে কোন রকম ফাঁকি দিতে না পারে সেজন্য সেটাকে আরও স্ট্রেংদেন হয়, তার পরবর্তী এ্যামেন্ডমেন্ট যেটা আমি এনেছি এই রকম না করলে সেটা ভ্যালিড হবে না এবং সেটা বাইনডিং হবে না সেটাই গ্রহণ করতে পারেন। কিম্বা অজিতবাবু যে ভাবে এনেছেন সেটা গ্রহণ করা যায় কিনা সেটা চিন্তা করে দেখুন এটা বললে স্ট্রেংদেন হয় কিনা। আমি আজকে কিছুটা সম্মতি কিছুটা আপত্তি জানিয়ে আমি আবার মনে করিয়ে দিচ্ছি যে আইনে এখনও বহু ত্রুটী বহু গলদ রয়ে গেছে কম্প্রিহেনসিভ এ্যামেন্ডমেন্ট হওয়া উচিত। এই হচ্ছে এক নম্বর, আর দুই নম্বর হচ্ছে যে ইমপ্লিমেনটেশানে যে দারুন গলদ সেটা দূর করা কিভাবে যাবে সে সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করা উচিত।

Shri Satya Ranjan Bapuli :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটী এনেছেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন করি। কারণ এই বিলে যে কয়টা ধারাতে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে তার প্রত্যেকটাই জনসাধারণের স্বার্থে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে। স্যার, এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি একটা কথা বলব যে অরিজিন্যাল বিল হয়েছিল ১৯৫৫ সালে ৬০টী ধারা-বিশিষ্ট একটা এ্যাক্ট যেটা আজকে এ্যামেণ্ডমেন্ট এসেছে—এটাই আমি পড়ে দেখলাম ১০টি সেক্শানের উপর—অবশ্য প্রত্যেকটী অত্যন্ত গুরুত্বপূর্ণ, প্রত্যেকটী দরকারী। আর যেখান থেকে এ্যাক্টটা হয়েছে তারপর এ্যামেণ্ডমেন্ট হয়েছে ১১ বার।

৬০টী সেকশান-বিশিষ্ট একটী এ্যাক্ট ১১বার এ্যামেণ্ডমেন্ট হয়ে গেছে, আর আজকে এ্যামেণ্ডমেন্ট হচ্ছে ১০টী সেক্‌শানের। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের বিষয় যদিও মন্ত্রিমহাশয়, অত্যন্ত প্রগ্রেসিভ মাইণ্ডের পরিচয় দিয়েছেন কিন্তু একটী সন্দেহ আছে কারণ আমার সন্দেহ আছে এই ছেঁড়া আইন নিয়ে আর কতদিন সাধারণ চাষীর উপকার করা যাবে। এই ভূগির ক্ষুধা মিটান যাবে। আজকে যদি বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এই আইনটা প্রণয়ন করা হতো তাহলে মনে হয় ১১বার এর এ্যামেণ্ডমেন্ট করতে হতো না, আর প্রতিবার এ্যাসেম্বলী সেসন বসলেই একটা করে ভূমি সংস্কারের এ্যামেণ্ডমেন্ট বিল আনতে হবে এটাও হতো না। তার জন্য বিশ্বনাথবাবু একটু খুবই ভাল কথা বলেছেন যেটা আমি প্রশংসা করবো, তিনি বলেছেন যে কমপ্রিহেনসিভ একটা এ্যাক্ট হওয়া দরকার যেটা ভূমি সংস্কারের প্রথম সূত্র থেকে আরম্ভ করে শেষ পর্যন্ত ভূমি সংক্রান্ত যত ব্যাপার এই সমস্তগুলি নিয়ে পর্যালোচনা করে একটা এ্যাক্ট হওয়া উচিত ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে বেঙ্গল টেনান্সি এ্যাক্ট ছিল আগে যার বইটা ছিল অত্যন্ত মোটা। দাম ছিল প্রায় ৮০ টাকা, সেটা পরিবর্তন করে একটা ছোট্ট চটি বই করা হয়েছে, এতে ৬০টি সেক্‌সন আছে, তার প্রতিটা সেক্‌সনে ৫।৬টি লাইন-এর বেশী লেখা নেই। ল্যাণ্ডের ব্যাপারটা অত্যন্ত বড় ও অত্যন্ত জটিল পশ্চিম বাংলায়। সেই সমস্ত গুরুত্বপূর্ণ ব্যাপারকে একটা ছোট্ট আইনে আনার ফলে প্রথম দিন থেকেই এই এ্যামেণ্ডমেন্টগুলি কথায় কথায় আনতে হচ্ছে, অত্যন্ত বেশী করে আনতে হচ্ছে। এইটিতে আমার একটা সাজেশন মাননীয় ভূমি সংস্কারে মন্ত্রীর কাছে যে তিনি একটা কমিটি গঠন করুন যাতে ল'ইয়ার থাক, রিটায়ার্ড জাজ থাক, তাতে কৃষক থেকে সমাজসেবী থেকে আরম্ভ করে ভূমির এক্সপার্ট থাক। এইরকম নিয়ে একটা কমিটি তৈরী করে একটা কমপ্রিহেনসিভ, এক্‌সটেনসিভ এ্যাক্ট করুন যাতে প্রটেক্‌সন টু দি বর্গাদারস্, প্রটেক্‌সন টু দি টিলার অব দি সয়েল এবং ডিসপিউট ইন রেসপেক্ট অব ল্যাণ্ড সমাধান করা যেতে পারে। তা যদি না হয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই ৬০টা আইন-বিশিষ্ট, ধারা-বিশিষ্ট একটা আইনকে যদি ১১ বার পরিবর্তন করতে হয় আর আজকে যদি আমাদের এই ১০টি ধারার উপর এ্যামেণ্ডমেন্ট আনতে হয় আমি আপনার সামনে রাখতে পারি, আরো ৫।৬টি জিনিস রাখবো যার প্রত্যেকটা এ্যামেণ্ডমেন্ট দরকার চাষীর স্বার্থে, কৃষকের স্বার্থে, ভূমি সমস্যা সমাধানের স্বার্থে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যদি সোসিয়াল ফিলোসফির উপর বিশ্বাস করে আইন না হয়, বাস্তব দৃষ্টিভঙ্গী না রেখে যদি আইন তৈরী করা হয় তাহলে প্রত্যেক ক্ষেত্রেই আইনের পরিবর্তন দরকার করবে, পরিবর্ধন দরকার করবে। তার ফলে অরিজিনাল এ্যাক্টের চেয়েও এ্যামেণ্ডমেন্ট অনেক বড় হয়ে যাবে। আজকে আমাদের এই প্রগতিশীল সরকার চেষ্টা করছেন অত্যন্ত কঠিনভাবে কি করে ভূমি সংস্কারে করা যায় ভাল করে। কিন্তু আমি বলবো যে কাঠামোর উপর সংস্কার করার চেষ্টা হচ্ছে এই কাঠামোটা জরাজীর্ণ, এই কাঠামোটায় ঘুন ধরে আছে। সুতরাং আমাদের রাজস্বমন্ত্রী অত্যন্ত চেষ্টা করছেন, আমাদের ভূমি সংস্কারমন্ত্রী উনি অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে চেষ্টা করছেন, ভাবছেন এবং আমি কয়েকবার তাঁর সঙ্গে দেখা করেছি। তিনি আলোচনা করেছেন আমাদের সঙ্গে কিন্তু আমি বলবো অত্যন্ত দুঃখের সঙ্গে তিনি যেটার উপরে রূপ দেবার চেষ্টা করছেন সেই আসল ষ্ট্রাকচারটা অত্যন্ত খারাপ। সুতরাং এই ষ্ট্রাকচারে তিনি কতবার তালি দেবেন। তিনি কতবার এই ষ্ট্রাকচারটা পালটাতে চেষ্টা করবেন আমি জানি না। মূল কাঠামো যদি ভুল হয়, মূল কাঠামোটা যদি বাস্তব দৃষ্টিভঙ্গী দিয়ে তৈরী না হয়, এই দেশের সমস্যার সঙ্গে যদি সম্বন্ধ না রাখা হয়? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি যতবার এ্যামেণ্ডমেন্ট আনুন এই এ্যামেণ্ডমেন্টের পরে আরো এ্যামেণ্ডমেন্ট আনতে হবে। প্রত্যেক বার এ্যামেণ্ডমেন্ট এনে প্রতিবার দেখা যাবে এ্যামেণ্ডমেন্টের সংখ্যা অরিজিনাল এ্যাক্টের চেয়ে চার গুণ বেশী হয়ে গিয়েছে। আজকে সংখ্যা দাঁড়িয়েছে তাই। আমি গিয়ে অফিসারের কাছে দেখছিলাম তাদের কাছে যে বইটা আছে তাতে ছোট ছোট কাগজ জোড়া। দেখা যাচ্ছিল শতছিদ্র আইনটাকে। আমাদের মাননীয় ভূমি সংস্কারের মন্ত্রী আপ্রাণ চেষ্টা করছেন যে একটু ভাল করে তৈরী করা কিন্তু হতে পারে না। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ভূমি সংস্কার অত্যন্ত কঠিন। পাঞ্জাব নয়, হরিয়ানা নয়, বিহার নয়, আসাম নয়, গুজরাট নয়, উড়িষ্যা নয়, আজকে পশ্চিমবাংলার লোক সংখ্যা আর তার

ভুমি, তার সঙ্গে যদি তুলনা করা যায় দেখা যাবে যে ভূমির সমস্যা অত্যন্ত বেশী, ভূমির চাহিদা লোকের অত্যন্ত বেশী। অন্যান্য দেশে লোকসংখ্যার তুলনায় জমির সংখ্যা যেমন বেশী আমাদের দেশে লোক সংখ্যার তুলনায় জমির সংখ্যা তত কম।

[4-50—5 p.m.]

অথচ এই ভূমির উপর নির্ভর করে শতকরা ৭০ জন মানুষ বাঁচে, চাষীরা বাঁচে। সি পি আই-এর মাননীয় সদস্য বিশ্বনাথবাবু কতকগুলি এ্যামেণ্ডমেন্টের কথা বলেছেন, আমি বলব তাঁর বাস্তব দৃষ্টিভংগীর কিছু কিছু ক্ষেত্রে অভাব হচ্ছে। তিনি হয়ত পড়েন নি, এ্যাক্টে বলা আছে যদি প্রসিডিংস নিয়ে ডিস্‌পিউট এরাইজ করে ইন রেস্‌পেক্ট অব এনি বর্গাদার, তাহলে সেই অফিসার পাঠাবে টু দি কন্‌সার্নিং অথরিটি টু ডিসাইড দি কেস্‌, অত্যন্ত ভাল কথা, এটা উপযুক্ত-ভাবেই হয়েছে, কিন্তু আমি একটা কথা বলব। আপনারা চেষ্টা করছেন রেকর্ড অব রাইট তৈরী করার জন্য, মাননীয় মন্ত্রী দক্ষতার সংগে চেষ্টা করছেন, কিন্তু চেষ্টা করলে কি হবে? বর্গাদার রেকর্ড করবে কিসের উপর, রসিদ কোন মালিক দেয় নি, অতীতের রেকর্ড কি করে হয়েছে বলা হয়নি, যে সমস্ত অফিসার আছেন, সকালে দেখবেন রেকর্ড আছে, বিকালে দেখবেন সেই রেকর্ড কাটা হয়ে গেছে, কথা হচ্ছে যদি ইম্‌প্লিমেন্ট না করতে পারেন, আপনি এ্যাক্ট করবেন, সংশোধন করবেন, কাজ হবে না। তবে আমাদের ভূমি সংস্কার প্রথম দিক থেকে কিছুটা উন্নত হয়েছে, কিন্তু দাঁড়াচ্ছে কোথায়? আমরা দেখলাম সকাল থেকে সন্ধ্যা পর্য্যন্ত আইনের যে পরিবর্তন হয়েছে, আমরা যে তিমিরে ছিলাম সেই তিমিরেই আছি, কাজ কিছু হয়নি। আজকে একটা টাইটল্‌ সুট করে জমি আটকে রাখা যায়। সুন্দর বনের একটা জায়গায় একটা বিগ সেটেলমেন্ট হয়েছিল লাষ্ট বারে, তারপরে আর কোন সেটেলমেন্ট হয়নি। কিন্তু সুন্দরবনের শতকরা ৯০ জন মানুষ ভাগচাষী। আর এই সমস্ত জমির মালিক যারা তার বিভিন্ন জায়গায় থাকে, এদের নামে রেকর্ড হচ্ছে না। আমার সামনে হাজার হাজার কেস আছে। ভাগচাষী হিসাবে তাদের নাম রেকর্ডেড নাই, অথচ তারা বংশ পরম্পরায় সেই জমি চাষ করছে, রেকর্ড করতে যাওয়ায় হল জে, এল, আর, ও-অফিসে, রেকর্ড হল কিন্তু প্রয়োজনের সময় গিয়ে দেখা গেল সেই নাম সব কাটা গেছে। কোথায় গেল সেই চাষী? তাই বলছি আপনি আইন করছেন, কিন্তু এমন একটা আইনকে কেন্দ্র করে করেছেন, যে আইনের রন্ধ্রে রন্ধ্রে ঘূণ ধরে গেছে। তাই আইনটার কাঠামো পাল্টে এর নূতন রূপ দিতে হবে। এই যে অর্‌চার্ড বাঁচাবার চেষ্টা করছেন, এটা অত্যন্ত ভাল পদক্ষেপ নিয়েছেন। নিশ্চয়ই জানেন যে এই আইনটা পাশ করা হলে অর্‌চার্ড ল্যাণ্ড মেন্টেইন করতে হবে, আমরা দেখব মেন্টেইণ্ড হচ্ছে না। জানা প্রয়োজন বিচার করবে কে? যদি সর্ষের ভিতর ভূত ঢুকে থাকে তাহলে সেই সর্ষে দিয়ে ভূত ছাড়াবেন কি করে? কাজেই আইনটা যদি ইম্‌প্লিমেন্টেড না হয় তাহলে হতে পারে না। আমার দু তিনটি সাজেশন আছে। গরীব ভূমিহীন চাষী-দের ভূমি দেবার ব্যবস্থা করেছেন, আমরা বহু পাট্টা দিয়েছি কিন্তু সেই সব পাট্টা আজকে মুড়ি মুড়কির মত বিক্রী হয়ে যাচ্ছে, দেড় বিঘা দুই বিঘা জমি ইউটিলাইজ করবার কোন আশা নাই। এর জন্য কোন প্রটেক্‌শন না থাকে, কোন সেফ্‌গার্ড না থাকে গরীব লোকেরা দেখবে যে মুখেই শুধু বলা হচ্ছে বর্গাদারদের স্বার্থ রক্ষার কথা কিন্তু কাজে ইম্‌প্লিমেন্ট হবে না। আমি তাই সাজে-শন রাখছি যে অবিলম্বে একটা কমিশন করুন এবং তাদের উপর ভার থাকবে যে সমস্ত কাজগুলি আইনের ভিতর থাকবে, সেই কাজ অফিসাররা করছেন না, সেটা হাই পাওয়ার কমিটি অন দি স্পট ডিসাইড করে দেবেন এবং সেটাই ফাইনাল, এর বিরুদ্ধে কোন আপীল চলবে না। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri Braja Kishore Maiti :

মাননীয় উপধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যে ভূমি সংস্কারের উপর এ্যামেণ্ডমেন্ট বিল এনেছেন তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু বক্তব্য রাখছি। আজকে যে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে এই এ্যামেণ্ডমেন্ট আজকে প্রয়োজন হয়ে পড়েছে বলেই তিনি এটা এনেছেন। একটা এ্যামেণ্ডমেন্ট আছে যাতে ভূমির শরিকগুলো না পাল্‌টে যায়, তার কোন রূপান্তর না হয়। অর্চা-র্ডের ক্যারেক্টার বদল করা চলবে না। সেই অনুসারে আইন আনা হয়েছে। মাননীয় সত্য

বাপুলী মহাশয় ও বিশ্বনাথবাবু যে কথা বলেছেন আমি তাঁদের সঙ্গে একমত। আজকে এই যে ঘুনধরা কাঠামো আছে, এর মধ্যে আসলে কিছু করা যাবে না। একটা ছিদ্র বন্ধ করবেন তো আর একটা নূতন ছিদ্র সৃষ্টি হবে। হাইল্যাণ্ড একটা, তাকে কেটে ভেড়ী করা হলো তার জন্য এ্যামেণ্ডমেন্ট আনতে হবে। এই ভাবে এ্যামেণ্ডমেন্ট এখানে সেখানে না এনে এমন একটা সামগ্রিক আইন নিয়ে আসুন যার দ্বারা আর এ সব হতে পারবে না। ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে সেই আশাই আমরা করবো ভবিষ্যতে তিনি যেন একটা কম্প্রিহেন্সিভ বিল এই সভায় আনার ব্যবস্থা করেন—যাতে করে ভূমি নিয়ে যে নানারকম খেলা চলছে সেই খেলা চিরতরে বন্ধ হতে পারে। অফিসার ও রাজনৈতিক দলগুলি ভূমি নিয়ে যে ভাবে রাজনীতি করছে তার সমস্ত পথ বন্ধ করে দিয়ে ভূমির ব্যাপারে চূড়ান্ত একটা সমাধান খুঁজে পাওয়া যায়। যদিও চূড়ান্ত সমাধান বলে বাস্তবে কিছু নাই—তথাপি অন্ততঃ কিছু দিনের জন্য নিশ্চিন্তে থাকা যায় এমন একটা বিল এই সভায় তিনি আনবেন এই আশা করি, এই প্রত্যাশা তাঁর কাছে রইল।

আজকে মাননীয় বিশ্বনাথবাবু বললেন এটা হওয়া উচিত নয়, এটা হওয়া উচিত—যেমন ধর্মীয় সম্পত্তি ইত্যাদি যে সমস্ত কথায় ট্রাস্ট্ বডির কথা বলা হচ্ছে। এও একটা বিতর্কিত বিষয়। এখানে বলা হয়েছে—"প্রকৃত"। সেই "প্রকৃত" শব্দটীর সংজ্ঞা কী? এই "প্রকৃত" কথাটীর সংজ্ঞা যদি না পাই, তাহলে সব উড়িয়ে দেওয়া হবে! কোন সংস্থাকে দেব না। বিশ্বনাথবাবু বলেছেন—রামকৃষ্ণ মিশন একটা সেবামূলক প্রতিষ্ঠান সেখানে জমি পাওয়া যাবে। আমার এলাকার একটা স্কুল আছে—যার ২৫ একর জমির আয়ে চলে, এ্যাফিলিয়েশন নাই। বিনা পয়সায় যেখানে ছেলেরা পড়ছে। তার একটা ট্রাস্ট আছে। সেই জমি যদি নিয়ে নেওয়া হয়, সেটা কল্পনা করতে আমি শিউরে উঠছি। অনেকে ধর্মের নামে জাল জুয়াচ্চুরি করছে। কারো বা ছেলের নামে, নাতি নাত্নীর নামে সেই জমি রেখে দিয়েছে। এইভাবে জাল-জুয়াচ্চুরি করে যাচ্ছে। এটাকে রোধ করতে হবে। রন্ধ্র যে সমস্ত এখানে সেখানে আছে তা যদি প্রকৃতভাবে বন্ধ করতে হয়, তাহলে কেবল এই রকম প্যাচ-ওয়ার্ক করে করা যাবে না। আমাদের এই ভূমির ব্যাপারে খুব ধীর স্থির ভাবে চিন্তা করে ওঁদের সঙ্গে একমত হয়ে একটা কম্প্রিহেনসিভ বিল আনতে হবে। যার ভেতরে এমন সংস্থান থাকবে যাতে করে বর্তমানে যে সব জাল-জুয়াচ্চুরির ব্যাপার ঘটছে তার পুনরাবৃত্তি না হতে পারে।

মাননীয় তিমিরবাবু এই বিলের বিরোধিতা করে যে বক্তব্য রেখেছেন, এই বিলের ধারা সমূহের তবুও তাঁর সেই অপ্রাসঙ্গিক কথার উত্তরে বলতে চাই যে, আজকে জে, এল, আর, ও, তার সরিকদলরা আমাদের কন্সটিটিউয়েন্সিতে তাঁকে চ্যালেঞ্জ জানাচ্ছি তিনি চলুন সেখানে যারা ল্যাণ্ডলেস সেখানে তারা খাস জমি পেয়ে সত্যিকারের উপকৃত হচ্ছে কিনা। সেখানে বর্গাদার যারা এইযে প্রকিউরমেন্ট পিরিওড্-এ যে সমস্ত জোতদার তাদের রসিদ দেয়নি, আমরা বর্গাদারদের সঙ্গে নিয়ে সম্মিলিতভাবে গিয়ে জে, এল, আর, ও-র কাছ থেকে তাদের রসিদ পাওয়ার ব্যবস্থা করে দিয়েছি কিনা! দেখুন গিয়ে সেখানে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় অত্যন্ত কম। আবার আমি বলছি যে, যে বিল উনি এনেছেন এ বিল পাশ হোক। আমি এ প্রস্তাব রাখছি যে মন্ত্রিমহাশয় একটা কম্প্রিহেনসিভ বিল এনে ভূমির ব্যাপারে যে সমস্ত সমস্যা আছে তার সমাধান করবেন। আমি এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

Shri Tuhin Kumar Samanta:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্যায়, অত্যাচার, শোষণ যে সময় হাতিয়ার দেখি সেই হাতিয়ারের প্রধান কারণগুলি যদি দেখি তাহলে দেখতে পাবো যে জমির স্থানই সর্বাগ্রে। বর্গাদার উচ্ছেদের কথা ও বর্গাদারদের জমি দেবার কথা যখন ভাবি তখন বেদনা হয়। তখন সামাজিক বেদনা হয় আমাদের সামাজিক লজ্জা হয়। তাই ন্যায়নীতি বোধে দৃষ্টান্ত নিয়ে এই জিনিষ আজকে বিচার করার প্রয়োজন আছে। এতে আইনের কচ্‌কচানি

বা শুধু মাত্র এম্যাণ্ডমেন্ট এনে যদি আমরা এটা বিচার করবার চেষ্টা করি তাহলে আমরা দেখবো যে আমরা সঠিকভাবে বাস্তব ভিত্তিতে আমরা প্রয়োগ করছি না। আজকে যে বর্গাদার একদিন সে ছিল জমির মালিক। সামাজিক অত্যাচার অবিচার ও শোষণে তাকে বর্গাদারে পর্য্যবসিত করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ভূমিরাজস্ব মন্ত্রীকে বলি আপনি দীর্ঘ দিনের হিষ্ট্রি অফ দ্যা ল্যাণ্ড যদি গ্রহণ করবার চেষ্টা করেন তাহলে দেখতে পাবেন যে হয় হ্যাণ্ডনোট না হয় ৫ টাকা ধার নিয়ে হয়তো ৫ বিঘা জমি লিখিয়ে নেওয়া হয়েছে। আজকে এর বিরুদ্ধে যদি আমরা সংগ্রাম না করতে পারি, আইনানুগ ব্যবস্থা অবলম্বন করতে না পারি বর্গাদার আগামী দিনে বর্গাদার থাকবে কিনা তা প্রয়োগ কিভাবে আমরা করতে পারি। আপনি বলেছেন আইনে যাবার দরকার হবে না, ভূমি আধিকারিক যিনি তিনি সমস্ত ব্যবস্থা করবেন। ভূমি আধিকারিক বা ভূমির উচ্চ পর্য্যায়ের জেলা সচিব এরা কারা? আমরা যুক্তফ্রন্ট আমলের কথা বলি। তিমিরবাবু বড় বড় গলায় বলে গেলেন যে জেলায় জেলায় এক বর্গাদার আর বর্গাদারকে উচ্ছেদ করছে। আমরা দেখিছি তাঁদের সময় এক বর্গাদারকে হাটিয়ে দিয়ে আর এক বর্গাদারকে তাঁরা বসিয়ে ছিলেন। আমরা এই সব ঘটনার কথা জানি। আমরা ডুয়ার্সে, আলিপুরদুয়ারে এই সব জিনিষ হয়েছে আমরা তা জানি। আমরা যদি রিপোর্ট নিই তাহলে দেখবো আমরা যদি ঐ টোটাল সার্ভে এ্যাণ্ড রিপোর্ট করি তা হলে দেখতে পাবো যে বিভিন্ন জায়গায় এইসব জিনিষ হয়েছে। বিভিন্ন জায়গায় এই সমস্ত জেলার সচিব জে, এল, আর, ও, বা এস, এল, আর, ও, কি ডিষ্ট্রিক্ট অফিসার তারা পর্য্যায়ক্রমে সেম রিপোর্ট তারা দিয়ে গেছেন। পঞ্চায়েত কমিটি তারাও সেম রিপোর্ট দিয়ে গেছেন আইনের আশ্রয় নেবার জন্য প্রত্যেকেরই অধিকার আছে। আমি আগেই মাননীয় মন্ত্রিমহাশয়কে বলেছি যে আইনে গেলে আমাদের কি করবার আছে? আমাদের কিছুই করবার নেই। সে পথে কি সামাজিক ন্যায় বিচারের ক্ষেত্রে আমরা তা খুঁজেবার করতে পারবো? আমাদের তা খুঁজে বার করতে হবে। ২২৬ ধারার এখনও আমরা কিছু করতে পারিনি। এটা একটা সামাজিক অবিচার। এবং আমি মনে করি এটা একটা সামাজিক শোষণ। এই সামাজিক শোষণের বিরুদ্ধে লড়াই করার দরকার, জনমত সৃষ্টি করবার প্রয়োজন আছে। বর্গাদার উচ্ছেদের কথায় এ দিক দিয়ে সরকারি পর্য্যায়ে আইন তৈরি হচ্ছে। আমি ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়কে বলি আমার কেন্দ্র মন্তেশ্বর সেখানে হঠাৎ একটা সারকুলার গেলো কিছু কিছু লোকের নাম গেল, বর্গাদার যারা চাষ করছে, ভেসটেড্ জমি চাষ করছে তাদের রায়তি দেবার ব্যবস্থা হচ্ছে, হঠাৎ দেখা গেল কতকগুলি এক্স মিলিটারি পার্সোনেল তাদের নামে এগুলি রায়তি দিয়ে দেওয়া হল। এবং এ্যাডিসানাল ডিষ্ট্রিকট্ ম্যাজিসট্রেট দিয়ে দিলেন বর্গাদারের অধিকার সেখানে রক্ষিত হলো না। এই system of the distribution and system of maintaining records তার যদি সুসঙ্গত ব্যবস্থা না হয় তাহলে কিছুই করা যাবে না। বর্গাদার উচ্ছেদ রোধ করা যাবে না। তাই পদ্ধতিগুলিকে সঠিকভাবে রাখার প্রয়োজন আছে, সঠিকভাবে চিন্তা করার প্রয়োজন আছে। পুলিশ জোতদার বর্গাদারের উপর অত্যাচার করে এটা স্বীকৃত ধারনা। পয়সা যার আছে যে পয়সার খেলা খেলতে পারে সে কোর্টের মাধ্যমেই হোক বা অফিসারের মাধ্যমেই হোক সে যে কোন মাধ্যমেই হোক ব্যবস্থা করে নেবে। এর বিরুদ্ধে আমাদের সোচ্চার জনমত সৃষ্টি করতে হবে। এবং তা যদি না করতে পারি, ন্যায়সঙ্গত সংগ্রাম বর্গাদার কে নিয়ে আন্দোলন করতে না পারা যায় তাহলে এই এ্যামেণ্ডমেন্ট বিল এ্যামেণ্ডমেন্ট বিলই থেকে যাবে। কোর্টে চ্যালেঞ্জ হবে তা সে টাইটেল সুট অর মানিসুট যে কোন মাধ্যমেই হোক বা যে কোন প্রকারে হউক যে কোন সভ্য অধিকারের মধ্যে দিয়ে হোক তা থেকে যাবে। আমি আনন্দ পেলাম আমাদের ভূমিরাজস্বমন্ত্রী ভাগচাষিদের যে ভাবে ব্যাখ্যা করেছেন। মোর অর লেস পশ্চিমবাংলা অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে আছে। কিন্তু একটা প্রশ্ন যে প্রশ্নটা বিশ্বনাথবাবু রেখে গেছেন যে কথাটা আমারাও বার বার বলি ভাগচাষিদের ক্ষেত্রে যে এখনও পর্য্যন্ত ভেড়ির যারা মালিক তাদের কিছু করা গেল না। অনেক বড় বড় ভেড়ির মালিক আছেন সেই ভেড়ি সম্বন্ধে সরকার কোন সিদ্ধান্ত নিলেন না।

তারপর বলছেন, আমরা ভূমি সম্পর্কে একটা সিদ্ধান্ত নেব, সিলিং সম্পর্কে একটা সিদ্ধান্ত নেব। ধর্মীয় সম্পত্তির ক্ষেত্রে আমি তাঁকে বলবো বাঙালীর জীবনে ধর্মীয় সম্পত্তি একটা

পার্ট প্লে করে। বহুদিনের দুর্গাপূজা, বহুদিনের কালীপূজা, বহুদিনের লক্ষীপূজা তার মধ্য দিয়ে সমাজ জীবনের একটা সাংস্কৃতিক অঙ্গ প্রতিভাত হয়। আমি তাঁকে অনুরোধ করবো ঐতিহ্যময় যে সমস্ত সম্পত্তি আছে ঐতিহ্যময় যে সমস্ত ট্রাস্ট আছে তাকে রক্ষণাবেক্ষণে দায়ীত্ব এবং তার একটা রেকর্ড সৃষ্টি করা এই দপ্তরের উচিত বলে মনে করি। এক জমি, এক মৌজা, এক খতিয়ানের কথা তিনি বলেছেন। আমি জানি আমার এক গাঁয়ে বাস আর এক গাঁয়ে জমি আছে, গ্রামবাংলায় এখনও অনেকেরই ৪।৫টা গ্রামে জমি থাকে, আমি বুঝতে পারলাম না কি করে কেমন করে সেটেলমেন্টের মধ্য দিয়ে এক জমি এক খতিয়ান, এক মৌজায় পর্য্যবসিত হতে পারে। পরিশেষে এই বিলকে সমর্থন জানিয়ে বলবো আর একটা কমপ্রিহেনসিভ বিল আনলে খুব আনন্দিত হব। এই কথা বলে বক্তব্য শেষ করছি।

Shri Aftabuddin Mondal :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি সদ্ব্যবহার মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করি এবং সমর্থন করি এইজন্য কৃষকদের স্বার্থরক্ষা করার একটা শক্ত হাতিয়ার তিনি বিধানসভার বুকে আমাদের সামনে পেশ করেছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে বলতে চাই সরকারের প্রগতিশীল আইন এবং সেই আইন বাস্তব রূপ দেওয়ার দুটো ক্ষেত্র কিন্তু কোনভাবে সমন্বয় সাধন করা হচ্ছে না। আমরা দেখেছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বর্গাদার সম্বন্ধে বলা হচ্ছে, তুহিন সামন্ত বলেছেন আমরাও বলছি, এখানে প্রগতিশীল আইন এক এবং তাকে বাস্তবে রূপ দিতে গেলে যে, বাধা সেই বাধাকে কিন্তু আমরা অতিক্রম করতে পারিনি। শহরের দিকে শ্রমিক স্বার্থ রক্ষার দিকে আন্দোলন হয়, রাজপথে মিছিল হয়, সেখানে শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য আমরা সবাই ছুটি। গ্রামে শতকরা ৪০ জন যারা এই রকম রেকর্ডেড বর্গাদার বা বর্গাদার হিসাবে চাষ করছে, তারা কিন্তু আইনের সাহায্যে বাঁচতে পারছে না। কারণ আমরা দেখেছি আজকের যুগে এ্যাডমিনিস্ট্রেসান বা সরকারী আমলাদের হাতে যাদের হাতে বর্গাদারদের জীবন বা স্বার্থরক্ষার জন্য আইন তুলে দেওয়া হয়েছে তারা বর্গাদারদের স্বার্থের বিরুদ্ধে কাজ করছে। যেমন দেখেছি জমিদার এবং জমিদার প্রতিভূ বা অনেক ক্ষেত্রে দেখেছি জোতদার তাদের হাত থেকে এদের আপনার এ্যামেন্ডমেন্ট রক্ষা করতে পারবে না। এই বর্গাদারদের রক্ষা করতে গেলে পুলিশের সাহায্য আগে দরকার। অত্যন্ত দুঃখের কথা, অত্যন্ত পরিতাপের কথা বর্গাদারদের স্বার্থরক্ষার জন্য পুলিশের যতখানি এগিয়ে আসা উচিত ছিল পুলিশ ততখানি এগিয়ে আসতে পারেনি। বরং মালিকদের স্বার্থরক্ষা করেছে। তার কারণ বিধানসভার বুকে আমি নূতন করে বলতে চাই না। অনেক সদস্য আমাদের বর্গাদারদের স্বার্থরক্ষার জন্য চিন্তা করছেন এবং সেইজন্য আজকে সাজেসান রাখছি। আজকে বিভিন্ন জায়গায় সেটেলমেন্ট হচ্ছে, জেলাওয়ারী সেটেলমেন্ট হতে চলেছে। তিনি কেন একটা ফর্ম ছাপিয়ে বর্গাদারদের বললেন না, তোমরা এই ফর্ম লিখে গভর্ণমেন্টের ঘরে দাও এবং তার বেসিসে কেন এনকোয়ারী হল না যে কে বর্গাদার আর কে বর্গাদার নয়। এই আমলাদের আমি বিশ্বাস করি না। আমি বিশ্বাস করি না তারা বর্গাদারদের স্বার্থরক্ষা করতে পারে। যারা মাঠে মাঠে ঘুরবেন না একটা জায়গায় বসবেন, মানুষের মুখের কথা শুনবেন, পান খাবেন, সিগারেট খাবেন, খানাপিনা করবেন আর বর্গাদারদের স্বার্থের বিরুদ্ধে তারা কাজ করে আসবেন। সুতরাং সেদিকে আমরা যেতে চাইছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ভূমিরাজস্বমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি অন্তত এই ব্যবস্থা করুন জেলায় জেলায় বর্গাদারদের বলুন তারা লিখিতভাবে ফর্ম ছাপিয়ে তাতে লিখে দিক বা লিখিত এ্যাপ্লাই করুন যে তারা বর্গাদার তাদের রেকর্ড করিয়ে দেওয়া হক। আর একটা জিনিষ এই যে রামকৃষ্ণ মিশনের মতো বা অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের মতো কিছু কিছু যে প্রতিষ্ঠান আছে সে বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টিগোচরে আনছি। এদের জমি খাজনা থেকে রেহাই দেওয়া হয়েছে। আমি মনে করি এটা ভাল করেছেন। কিন্তু সবাই তো গুণগত দিক থেকে রামকৃষ্ণ মিশনের মতো নয়, অনেক ক্ষেত্রে এই রকম ভুয়ো প্রতিষ্ঠান আছে, অনেক ক্ষেত্রে

অনেক লোক এই রকম ভুয়ো প্রতিষ্ঠানের আড়ালে থেকে মানুষের স্বার্থকে ক্ষুন্ন করছে এবং সাধারণ কৃষককে তার জমি থেকে সরিয়ে দিচ্ছে।

[5-10—5-20 p.m.]

আমি এটার প্রতিকারের জন্য এবং ভাল করে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করছি। আর একটা জিনিস—সেচ এলাকার নাম করে একটা ডিপ টিউবওয়েল বা একটা রিভার লিফ্‌ট ইরিগেসন কিংবা একটা স্যালো টিউবওয়েল বসিয়ে দিয়ে সমস্ত মৌজাটাকে জলসেচ এলাকা বলে দিয়ে লোকদের কাছ থেকে তিন গুণ ট্যাক্স আদায় করা চেষ্টা করা হচ্ছে। এটা কিন্তু ঠিক হচ্ছে না। সব জমিতে জল যায় না, কোথায়ও বৈদ্যুতিক গন্ডগোল বা কোন কোন পাম্প খারাপ যার ফলে সমস্ত মৌজার জমিগুলিতে আমরা জল দিতে পারছি না। সেইজন্য আপনাদের কাছে অনুরোধ যে, ডিপ টিউবওয়েল অপারেটারদের রিপোর্ট । ঐ এলাকার এম,এল,এ বি,ডি,ও জে,এল,আর,ও-দের নিয়ে একটা কমিটি করুন এবং তারা বিচার করে দেখুন কোন্ কোন্ এলাকা বা মৌজায় জল দিতে পারা গেছে, কোন্ কোন্ এলাকা সত্যিকারের জল পাচ্ছে না—তার উপর আপনারা কর ধার্য করুন—অন্যভাবে করবেন না। আরও দুটি জিনিস আপনাকে বলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সদ্‌-ব্যবহারের নাম করে আমরা যে জিনিসটা করছি সেটা কিন্তু ঠিক নয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি বা বলছি যে গত বছর আমরা এটা করেছি যে একটা মৌজায় ১০ একরের বেশী জমি থাকলে তার উপর সারচার্জ ফেলা হয়েছে—ভাল জিনিস সরকারের উপায় হচ্ছে সারচার্জ দেওয়া উচিত—কিন্তু আমি বলি আপনি যদি বলেন রাশিয়ার মত সমাজ তৈরী করবেন—আরও বেশী করে শস্য ফলাতে চান তাহলে জমিগুলিকে একত্রিত করার সব চেয়ে বেশী দরকার। আজকে আমরা একটা টেন্ডেন্সি দেখতে পাচ্ছি যে কোন মালিক একটা মৌজায় ১০ একর জমি রাখছে না—তারা বিভিন্ন মৌজায় রাখছে। এটা যে কমপ্যাক্ট করার যে চেষ্টা ছিল সেদিকে লক্ষ্য করা হচ্ছে না। আর একটা কথা একটা জমির মালিক যারা ৪।৫।৬। বিঘা যদি জমি থাকে তাহলে তা ৫।৬ জায়গায় পড়ে থাকে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে সেই জায়গায় ভূমি সদ্‌ব্যবহার বা ভূমি সংস্কারের নাম করে সেই জমিগুলি যে মৌজায় তার সব থেকে বেশী জমি আছে সেইখানে তাকে ৫।৬ বিঘা জমি একত্রিত করে দিন। তাহলে দেখবেন যে আমরা জমি থেকে যা পাচ্ছি তার থেকে ২০ পারসেন্ট বেশী ফসল ফলাতে পারবে, এবং এগ্রিকালচ্যারাল ল্যান্ড আরও বেশী পাবো এই আমার বিশ্বাস। আমি এই কয়েকটি কথা বলে মন্ত্রিমহাশয়ের বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Paresh Chandra Goswami :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে একটা সুন্দর এবং কতকগুলি সদিচ্ছা প্রণোদিত এমেন্ডমেন্ট বিল এনেছেন তাকে সমর্থন করছি। এবং সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলবো। গত বছর উনি ভূমি আইন উৎথাপন করেছিলেন। তখন সেই আইনে কতকগুলি বৈশিষ্ট্য দেখে তিনি খুব উল্লসিত হয়েছিলেন। কিন্তু আমি তাঁকে সাবধান করেছিলাম কতকগুলি ব্যাপারে। তাতে তিনি আত্মসন্তুষ্টি লাভ করেছিলেন যে বোধ হয় সমাজতন্ত্র এসে গেল ভূমি সমস্যার সমাধান হয়ে গেল। এবং সেটা যে হয়নি তার প্রমাণ হোল যে সেই বিলেরই কতকগুলি সংশোধন আবার তিনি আজকে উৎথাপন করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার একটা গল্প মনে পড়ছে। একটা আত্মসন্তুষ্ট রাজা বলেছিলেন যে আমি যে পোশাক পরে আমার রাজধানী থেকে বেরুবো যারা পাপী তারা কিন্তু সেই পোশাক দেখতে পাবে না—আর যারা পুন্যবান তারা সেই পোশাক দেখতে পাবে। মহারাজা বেরুলেন গ্রামে গঞ্জে সর্বত্র—সবাই তার পোশাক দেখলো না, তিনি ছিলেন দিগম্বর—তাঁর কোন পোশাক ছিল না। কিন্তু রাজা যেহেতু বলেছেন পাপীরা পোশাক দেখতে পাবেন না—তখন সকলেই বলছেন যে কি অমূল্য পোশাক পরে রাজা বেরিয়েছেন। কিন্তু একটা শিশু বললো যে আরে

মহারাজা যে উলঙ্গ—মহারাজার যে কোন পোষাকই নেই। তখন মহারাজের মোহ ভঙ্গ হয়েছিল কিনা জানি না—কিন্তু আজকে সকলেই যে বলেছিলেন ভূমি সংস্কারের মাধ্যমে সমাজতন্ত্র এসে গেল সব গরীবরা ভূমি পেয়ে গেল বর্গাদার উচ্ছেদ আর হবে না—তা কোথায় গেল? দেখুন আজকে গ্রামে গঞ্জে কি হাহাকার কি দুঃখ দুর্দশা তা আমরা সকলেই লক্ষ্য করেছি এবং এ খবর মন্ত্রী মহাশয় নিশ্চয় পেয়েছেন। কাজেই মন্ত্রী মহাশয়ের স্তাবকের দল যে তাঁকে বাহবা দিয়েছিলেন আজকে নিশ্চয় হয়তো তাঁর মোহ ভঙ্গ হয়ে গেছে সেই শিশুর মত সরল গ্রামের মানুষদের দিকে তাকিয়ে। যারা ঐ যে দাঁড়ায়ে নত শীর ম্লান মুখে, দাঁড়ায়ে শত শতাব্দীর বেদনার ক্রোড় কাহিনীর অপমান ভরা যারা যুগে যুগে। রাজছত্র ভেঙ্গে পড়ে সাম্রাজ্য ধ্বংস হয়ে পড়ে—তারা কাজ করে মাঠে প্রান্তরে—তারা বলেছিলো যে এ কি হোল? আমাদের ভাল ভাল আইন আছে, আমাদের বর্গাদার উচ্ছেদের বিরুদ্ধে কিছু নাই? আমাদের জমির স্বত্ব রক্ষার জন্য মন্ত্রী মহাশয় আইন পেশ করেছেন অথচ দেখছি কোর্টে গিয়ে যে জবরদস্ত করে বর্গাদারকে উচ্ছেদ করে দেওয়া হচ্ছে তাদের সেই জমির যে অধিকার সেই অধিকার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। এবং সেটা উপলব্ধি করেই আমাদের মন্ত্রী মহাশয় বিলে এমন একটা সুন্দর পরিচ্ছেদ যুক্ত করেছেন যে কে বর্গাদার, আর কে বর্গাদার নয় এটা ঠিক করবে কোর্ট নয়, সেখানকার অফিসার সেটা ঠিক করে দেবেন এবং তার ভিতর দিয়েই ডিটারমাইন্ড হবে। এই যে একটা সুন্দর জিনিস তিনি উপলব্ধি করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি এই প্রসঙ্গে আরো বলব সকলেরই মূল কথা হল সোসালিজম—আমরা সোসালিজম কমিট করেছি, সোসালিজম চেয়েছি। এটা শুধু শ্রীমতী ইন্দিরা গান্ধী চাননি, কংগ্রেস দল চায় নি, সারা ভারতবর্ষের কোটি কোটি মানুষ এটা চেয়েছেন। সমাজতন্ত্র যদি আনতে হয় তাহলে সোর্স অব প্রোডাকসনের যন্ত্র, উৎপাদনের যন্ত্র যে মুষ্টিমেয় কয়েকজনের হাতে আছে সেটাকে তাদের হাত থেকে নিয়ে জনসাধারণের মধ্যে বিলিয়ে দিতে হবে। সমাজতন্ত্র যদি আনতে হয় শিল্পে একচেটিয়া পুঁজিপতিরা উৎপাদনের যন্ত্রকে যে কব্জা করে রেখেছে এবং শতকরা ৮০ ভাগ যে জমির উপর নির্ভরশীল, বড় বড় জোতদাররা তাকে যে কব্জা করে রেখেছিল সেই জন্য ভূমি সংস্কার আইনের মাধ্যমে তাদের হাত থেকে সেই সমস্ত উৎপাদনের যন্ত্র ক্ষমতাকে নিয়ে জনগণের মধ্যে দেবার চেষ্টা হয়েছে—সেই জন্য নীতিগতভাবে আমি মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীর এই বিলকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অকৃষিজীবীদের হাত থেকে যদি কৃষিজমিকে রক্ষা করতে না পারি, অর্থাৎ যারা জমির উপর নির্ভরশীল নয় সেই রকম আমি দেখতে পাচ্ছি। ডাক্তারদের ফি যেমন ৬৪ টাকা বা ব্যারিষ্টারদের ফি ২ হাজার টাকা, "বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে", গৃহহারা, জমিহারা কৃষক হাইকোর্টে কেস করতে পারে না, হাজার হাজার টাকা যাদের মাসে ইনকাম তাদের হাত থেকে জমি নিয়ে নিতে হবে। তুহিনবাবু ভেড়ীর সিলিং বাঁধা সম্বন্ধে বললেন। আমি বলি জমি যেমন অকৃষিজীবীদের হাতে রাখা চলবে না, তেমনি অমৎসজীবীদের হাত থেকে মৎস চাষের ব্যবসা তুলে নিতে হবে। মৎসজীবীদের হাত থেকে জমি কেড়ে নেবার যে ষড়যন্ত্র হচ্ছে, মৎসজীবী নয়, অথচ তার হাতেই ভেড়ীর ব্যবসা, এটা হয়ত সখের ব্যবসা, তাকে যদি একজন জেলের মেয়েকে বিয়ে করতে বলা হয় তাতে কিন্তু রাজী হবে না, কিন্তু প্রসাদ গ্রহণ করতে তার লজ্জা হয় না। কাজেই তিনি যে এই একটা বেসিক সমস্যার দিকে হাত দিতে যাচ্ছেন তখন অমৎসজীবীদের হাত থেকে মৎসচাষের ব্যবসা, অকৃষিজীবীদের হাত থেকে কৃষিজমির অধিকার কেড়ে নিতে হবে। আপনি এই বিষয়ে সাহসী হোন, জনগণের স্বার্থ রক্ষা করবার জন্য, সমাজতন্ত্র আনবার জন্য আমরা যে প্রতিশ্রুতিবদ্ধ তার জন্য জনসাধারণ আপনার পিছনে এসে দাঁড়াবে এই প্রতিশ্রুতি আমি আপনাকে দিতে পারি—এই হাউসেই সে কথা বলে যাচ্ছি।

Shri Ganesh Chandra Hatui :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্বমন্ত্রী পশ্চিমবংগ ভূমি সংস্কার সংশোধনী যে বিলটি এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমি এই প্রসংগে বলতে চাই যে এই রকম টুকরো টুকরো সংশোধন বিল এনে নিশ্চয় ভূমি সংস্কার আইনকে সফল করা যাবে না। ভূমি

সমস্যাকে সফল করতে হলে একটা কম্প্রিহেনসিভ বিল আনা প্রয়োজন বলে আমি মনে করি। তবে ভূমি রাজস্বমন্ত্রী যে সমস্ত প্রগতিশীল আইন প্রনয়ন করেছেন সেই সমস্ত প্রগতিশীল আইনকে হাতিয়ার করে ক্রমশঃ মানুষ যে অধিকার চাইছে তাকে বাস্তবে রূপ দেবার জন্য আমাদের এগিয়ে যেতে হবে। আমরা জানি যে আমরা বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে পারছি না, জোতদাররা অন্যায়ভাবে বর্গাদারদের উচ্ছেদ করছে। জোতদাররা অনেক সময় বর্গাদারদের বিরুদ্ধে মিথ্যা মামলা রুজু করে তাকে জমি থেকে উচ্ছেদ করবার চেষ্টা করছে।

5-20—5-30 p.m.]

তবু এই যে আইন মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন সে জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। এটা অনেকটা মন্দের ভালো। কারণ যাদের পয়সা আছে সেই রকম লোকেরা আদালতের কাছে গিয়ে নানা রকম ভাবে ঐ বর্গাদারদের হয়রানী করে উচ্ছেদ করে। এবারে সেই বর্গাদারদের বিরুদ্ধে সিভিল কেস বা ক্রিমিনাল কেস নিয়ে কোন জোতদার যদি আদালতের স্মরণাপন্ন হয় তাহলে সেই বর্গাদারদের একটা প্রোটেকশান বা সিকিউরিটি এখানে দেওয়া আছে। যতক্ষণ না জে, এল, আর, ও তার ফাইনাল ডিসিশান দিচ্ছে, যে সত্যি সে বর্গাদার কিংবা বর্গাদার নয় এই যে ডিসিশান এটা একটা হ্যাণ্ডিক্যাপ। এইরূপ ডিসিশান মুনসেফ কোর্টের উপর নিশ্চয় একটা হ্যাণ্ডিক্যাপ; এই বিলে লেখা আছে ফর ডিসিশান, এটার জন্য মুনসেফকে একটু ভাবতে হবে আমি সত্যিকারের কি রায় দেবো এবং এই রায় দেবার জন্য কেসটাকে জে,এল,আর,ও অফিসে ফেরত পাঠাতে হবে। ফেরত পাঠানো এখানে অন্ততঃ গরীব মানুষ যথার্থ একটা প্রোটেকশান পাবে। কিন্তু আমাদের পশ্চিম বাংলায় যে সমস্ত জে, এল, আর, ও আছে তার উপরে সবটাই নির্ভরকরা খুব মুস্কিল। অনেক সময় দেখেছি যে তারা টাকা পেলে হ্যাঁ কে না করে দেন। যে সত্যিকারের বর্গাদার তাকে বর্গাদার নয় বলে রিপোর্ট দেন। কাজেই এই জে, এল, আর, ওকে যাতে কন্ট্রোল করা যায় তার জন্য আর একটা কমিটি থাকা প্রয়োজন বলে মনে করি। আর একটা ব্যাপার হচ্ছে, যে একটা মৌজায় একটা রায়তের একটা খতিয়ান থাকবে এটা সত্যি কথা এবং এই খতিয়ানের মধ্যে দুটো জিনিষ থাকবে। একটা হচ্ছে, কৃষি আর একটা হচ্ছে অকৃষি। কতখানি তার কৃষিজমি আর কতখানি তার অকৃষিজমি। তাছাড়া এই যে অকৃষিজমি এটার আবার দুটো ভাগ আছে। একটা হচ্ছে সেচ এলাকার জমি, আর একটা হচ্ছে অসেচ এলাকার জমি। তাহলে এই খতিয়ানের মধ্যে তাকে নোট করতে হবে ৩টি জিনিষ—একটা অকৃষিজমি আর কৃষিজমির মধ্যে পড়ছে—একটা সেচ এলাকা, আর একটা অসেচ এলাকা। এটা যদি ঠিক-মত নির্ণয় করতে পারেন তাহলে সত্যি অনেক কাজের সুবিধা হবে। আমার জংগীপাড়া এলাকার কথা বলেছিলাম, আপনি সার্টিফিকেট করে দিলেন খাজনা আদায়ের জন্য। জংগীপাড়া থানা যেহেতু ওটা সেচ এলাকা, ইরিগেশান কমাণ্ড এরিয়া অতএব তার বাস্তুভিটা, বাঁশবাগান যা কিছু অ-চ্ছ সব তিনগুন খাজনা এবং খাজনা আদায় করতে আরম্ভ করেছেন এবং অনেকের কাছ থেকে নেওয়া হয়ে গেছে। আমি জেনেছি যে এটা ঠিক নয়, এটাতে তাদের একটা রিটার্ণ দাখিল করতে হবে যে কোনটা সেচ এবং কোনটা অসেচ এলাকা এবং কোনটা অকৃষি এবং তার পর খাজনা আদায় হবে। কিন্তু আপনার ওখান থেকে সার্টিফিকেট চলে গেছে। অনেক চাষী ভয়ে কি জানি কি হবে তিনগুন খাজনা দিচ্ছে এবং খাজনা নেওয়া তহশীলদারদের খুব সুবিধা হয়ে গেছে, কোন হিসাব করতে হচ্ছে না। কারণ কোনটা ২গুন, কোনটা তিনগুন হবে কিন্তু সমস্ত খাজনা যার যা ছিল সব তিনগুন করে আদায় করে নিয়েছেন। সে জন্য এই ব্যাপারটা আপনি একটু ভেবে দেখবেন যে সত্যিকারের যাদের ভালোর জন্য আইন প্রনয়ন করেছেন, সেই আইনকে বাস্তবে রুপায়িত করবেন যারা, যাদের উপর ভার দিয়েছেন তারা কিন্তু আইনটাকে ঠিকভাবে বাস্তবে রুপায়িত করছে না, সেখানে গলদ থাকছে বেশী। আর একটা কথা হচ্ছে বড় বড় জোতদারদের জমি ভেস্টেড হবার পর তাদের একটা সুযোগ দেওয়া হয়—কোন জমি তারা সরকারকে দেবেন। তারা এমন সমস্ত জমি পার্ট পার্ট করে সরকারকে দেন যে জমিটা বিলি করলে সেই জমিটা কোন কজে আসেনা। এই বারে যে সিদ্ধান্ত নিয়েছেন একটা প্লট ভেস্টেড করবেন এবং তার ফলে যেসমস্ত গরীব চাষীকে জমি বিলি করা হবে তারা উপকৃত হবেন বলে মনে করি। কাজেই এই সংশাধিত আইনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Pradyot Kumar Mahanti :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি রাজস্বমন্ত্রী যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন, সেই এ্যামেণ্ডমেন্টে ২।৩টি ছাড়া আমি মনে করি সবগুলি সমর্থন করা উচিত। আমি যে ২টি এ্যামেণ্ডমেন্টের বিরুদ্ধে বলতে দাঁড়িয়েছি সেটা হচ্ছে, আমার যতদূর মনে হয় ১৯৭২ সালে আমরা যে এ্যামেণ্ডমেন্ট পাস করেছিলাম বোধ হয় ওয়েষ্ট বেংগল এ্যাক্ট অব ১৯৭২।

তার জন্য এই দুটো এ্যামেণ্ডমেন্ট। তাঁর এ্যামেণ্ডমেন্ট হচ্ছে সেকশন ২১ এবং সেকশন ৫১সি। এই দুটো এ্যামেণ্ডমেন্ট আনতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর স্টেটমেন্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিন্সের মধ্যে বলেছেন

exclusive jurisdiction of the officers or authority so that cultivation by a bargadar cannot be terminated through recourse to the Civil or Criminal Courts.

আর ৫১সি এ্যামেণ্ডমেন্ট করতে গিয়ে তিনি ভেগলি একটা কথা বলে গেছেন বার টু দি জুরিসডিকশান অব দি সিভিল কোর্ট কেন এটা করতে চাচ্ছেন সেটা বলেননি। যেমন এক্সক্লুসিভলি বলেছেন ২১কে এ্যামেণ্ডমেন্ট করতে গিয়ে। অবশ্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের গণতান্ত্রিক রাষ্ট্রে, আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে চাই। কিন্তু সেই সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে গিয়ে এই হাউসে বিরোধী দলই হোক বা যে সরকার পক্ষের লোকই হোক, সকলেই আমরা একমত যে রাষ্ট্রযন্ত্র এমনই ঘুনে ধরা, দূর্নীতিপূর্ণ, রাষ্ট্রযন্ত্রের মনোভাব সমাজতান্ত্রিক ধাঁচ না বদলানোর জন্য আমরা সকলেই একমত যে এই রাষ্ট্রযন্ত্রের উপর যত কম নির্ভর করা যায় ততই জনকল্যাণ মূলক রাষ্ট্রে তৈরী করা সম্ভব। সেই ক্ষেত্রে যে সরকার বলেছেন আমরা প্রগতিশীল সরকার, যে সরকার বলেছেন সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে চাই বিভিন্ন আইনের মাধ্যমে, সেই সরকারের উদ্দেশ্যে বলছেন এক্সক্লুসিভ অথারিটি আমি আনতে চাই রাষ্ট্রযন্ত্রের উপর এবং সেই জন্য যদি কোন সিভিল বা ক্রিমিন্যাল কোর্টে-কে বর্গাদার বা বর্গাদার সম্পর্কে কোন ডিসাইড করার কোন কোশ্চেন আসবে কোর্টের সামনে। এ্যামেণ্ডমেন্ট এনে মণ্ডলী বা সরকার বলে দিতে চাইছেন যে আমাদের সরকারী কর্মচারীদের উপর মন্ত্রীমহাশয়ের আস্থা নেই, এই হাউসের আস্থা নেই, অবশ্য সব সরকারী কর্মচারীদের উপর নয়, রাষ্ট্রযন্ত্রের উপর তাকে এক্সক্লুসিভ অথরিটি দেওয়া হচ্ছে, তিনি ডিসাইড করে দেবেন যে কে বর্গাদার বা কে বর্গাদার নয়। স্যার আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, তার নিশ্চয়ই জানা আছে যে এই সমস্ত মামলা যে হচ্ছে কে বর্গাদার, কে চাসের অংশ পাবে বা কোর্ট কার ফেভারে ডিসাইড করবে, এই সমস্ত করতে গিয়ে যদি কোন ক্রিমিন্যাল কেস হয়, সেই ক্রিমিন্যাল কেস-এ জুডিশিয়্যাল ম্যাজিষ্ট্রেট বিচার বিভাগ পৃথক হবার পর এই কেসগুলো আইনের মধ্যে না থাকা সত্ত্বেও জে, এল, আর, ও'-র কাছে রেফার করে দিচ্ছেন, রিপোর্ট নিচ্ছেন কে বর্গাদার, কে বর্গাদার নয় এবং সেই ক্ষেত্রে দেখতে পাচ্ছি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর অভিজ্ঞতা আছে যে প্রকৃত বর্গাদারকে বেশীর ভাগ ক্ষেত্রে জে, এল, আর, ও, বা এস, এল, আর, ও'-র রিপোর্ট প্রকৃত তথ্য উদ্ঘাটিত হচ্ছে না। কারণ বহু রকম থাকতে পারে, আলাপ থাকতে পারে, দুর্নীতি থাকতে পারে, বিভিন্ন রকম থাকতে পারে। কিন্তু আমরা জানি ইট ইজ এসটাব্লিশ্ড যে জুডিশিয়ারিকে কোন রকম পক্ষপাতমূলক করা এবং আর একটা সরকারী অফিসারকে পক্ষপাতমূলক করে তোলা—জুডিসিয়ারির থেকে অনেক বেশী সহজ। মন্ত্রী মহাশয় এই এ্যামেণ্ডমেন্টটা আনতে গিয়ে তাঁর যে রাষ্ট্রযন্ত্র, সেই যে কর্মচারী এস, এল, আর, ও, বা জে, এল, আর, ও, হোক তাকে মোর অনেস্ট, মোর রিলায়েবল বলে এর মধ্যে বলতে চাইছেন। তার ফলে বর্গাদার প্রকৃত কে, সেটা ডিসাইড করা যাবে না। যদি না আমরা তাকে বিফোর দি জুডিশিয়্যাল ট্রাই করবার কোন সুযোগ না দিই। জে, এল, আর, ও,-র রিপোর্টকে ফাইন্যাল এবং এভিডেন্স বলে যদি ধরে নিই তাহলে সেটা ভুল হবে এই কথা আমি আপনার মাধ্যমে তাঁর কাছে রাখতে চাই। আর একটা সেকশনের কথা বলতে চাইছি সেটা হচ্ছে ৫১সি। ৫১সি ছিল ওয়েষ্ট বেংগল এ্যাক্ট অব ৭২তে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য জানাতে চাই সেই ৫১সি মহামান্য কলিকাতা হাইকোর্টের কাছে চ্যালেন্জড্ হয়েছিল আণ্ডার আর্টিক্ল ২২৬ এবং আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই কলিকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি পি, কে, ব্যানার্জী যে রায় দিয়েছেন, সেই রায়ে এই সেকশন আল্ট্রাভায়ার্স না করলেও সেই আইনের দ্বারা

যে সমস্ত কেসগুলো দেওয়ানী আদালতে এ্যাবেড হয়ে গিয়েছিল, সেই রায়ের দ্বারা এবং সমস্ত কেস আবার চালু হয়েছে।

[5-30—5-40 p.m.]

তিনি একথা বলেছেন তার রায়েতে, যেটা আমরা খবরের কাগজের মাধ্যমে পড়েছি, ক্যালকাটা উকিল নোটিশ যেটা, সেটাতে তিনি বলেছেন রেকর্ড অফ্ রাইট্সকে চ্যালেঞ্জ করা যাবে, টাইটেল ডিসাইড করবার ক্ষমতা সিভিল কোর্টে থাকবে। অতএব সেই রায়ের পরিপ্রেক্ষিতে আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি যখন তার রাইট অফ্ রিপ্লাই দেবেন সেই সময় মহামান্য হাইকোর্ট-এর এই রায়ের কথা তিনি জানেন কিনা এবং জানলে জানা সত্বেও আবার কেন এই ভাবে এনে পশ্চিম বাংলার জুডিসিয়ারির কাছে পশ্চিম-বাংলার যারা ভূমিবান এবং যারা ভূমিহীন, তাদের কেন এই রকম একটা বিভ্রান্তির দিকে নিয়ে যাওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা শুধু পশ্চিম বাংলার ক্ষেত্রেই নয়, সমগ্র ভারত-বর্ষের ক্ষেত্রেও এটা বলা চলে যে জুডিসিয়ারিকে বাইপাস করে আইন করলে এই অবস্থাই হবে। তবে আমি ভারতবর্ষ সম্বন্ধে বলতে আসিনি, বলবার আমার অধিকারও নেই। কিন্তু পশ্চিম-বংগের জন্য যে ভূমি সংস্কার বিলের এ্যামেণ্ডমেন্ট এনেছেন, তাতে হাইকোর্টের জাজমেন্ট থাকা সত্বেও তাকে বাইপাস করে, উপেক্ষা করে এটা আনা হচ্ছে। আমরা যদি এই এ্যামেণ্ডমেন্টকে পাশ করিয়েও দিই তাহলেও সেটার ওপর আবার এ্যাপিল হবে। এই এ্যামেণ্ডমেন্ট পাশ করিয়ে দিলেও এটা কার্যকরী করা যাবে না। আর যদি করা যায়, নতুন করে যদি ফাণ্ডামেন্টাল রাইটস ব্যাপারে আবার এগ্রিভড হয় তাহলে সেই রিড্রেস হবে কার কাছে, না একজন সরকারী কর্মচারীর বিরুদ্ধে আর একজন সরকারী কর্মচারীর কাছে গ্রিভান্স যাবে। এখন এই গ্রিভান্সের রিড্রেস পেতে হলে জুডিসিয়ারিতে যেতে হবে না, সেই রাইট দেওয়া যাচ্ছে। কিন্তু মন্ত্রী মহাশয় বলবেন যে তাড়াতাড়ি এক্সপিডাইট করবার জন্য হাইকোর্টকে বাইপাস করা হচ্ছে, জুডিসিয়ারিকে বাই-পাস করা হচ্ছে। কিন্তু হাইকোর্টকে বাদ দিয়ে এটা আনলে ইট ইজ এ্যাগেইন্ দি ফাণ্ডা-মেন্টাল রাইট্স অফ্ দি সিটিজেন্স। অতএব আজকে জুডিসিয়ারি থেকে এটাকে বাদ দিয়ে দিলে ম্যালাফাইড ডিসিসন অফ দি এক্সিকিউটিভ তার বিরুদ্ধে কি করে সাধারণ বিচার পাবেন, তার ব্যবস্থা সরকারের আগে করা উচিত ছিল। এই ৫১(সি) এমেণ্ড করবার পর, অথবা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে জানতে চাই যে এই দুটো সেকশন যদি পেণ্ডিং হয়ে যায় এবং জে, এল, আর, ও, যদি অন্যায় করে, অসত্ উদ্দেশ্য নিয়ে প্রকৃত বর্গা-দারকে রেকর্ড না দেয়, তাহলে তার কি রেমিডি হবে? আর যদি কোন এক্সিকিউটিভ অথরিটি ম্যালাফাইড ইনটেনশন নিয়ে বা ভুল করে রেকর্ড অফ রাইটস না দেয় বা দিতে রাজি না হয় তা-হলে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর রাইট অফ রিপ্লাইতে বলবেন যে কি করে আমরা ন্যায় বিচার পাব? এই কয়েকটি কথা বলে যদি সম্ভব হয় এই ধারার পরিবর্তন করবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mahammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আমাদের ভূমি সংস্কার, ভূমি সদ্ব্যবহার ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৪, পবিত্র বিধান-সভার অনুমোদনের জন্য পেশ করেছেন, তাকে আমি স্বাগত জানাচ্ছি এবং পূর্ণ সমর্থন জানাচ্ছি। প্রথমেই মন্ত্রী মহাশয়কে আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে আমরা দেখেছি যে এতে মোটামুটি ব্যবস্থা রয়েছে যাতে বর্গাদারদের স্বার্থ সংরক্ষিত করা যায়। দ্বিতীয়তঃ যে ভূমি চোর জোতদার তাদের লুকিয়ে রাখা জমি পুন-রুদ্ধারের ব্যবস্থার জন্য রিভিসনাল সেটেলমেন্ট এনেছেন। তৃতীয়তঃ আমরা দেখেছি এই যে এরি-য়ারস পড়ে থাকে ভূমিরাজস্ব, সেটা আদায়ের এর মধ্যে ব্যবস্থা রয়েছে। তারপর জনহিতকর যে সমস্ত প্রতিষ্ঠানগুলির ১৯৬৯ সালের রাইটস অনুযায়ী তাদের যে সমস্ত সেবামূলক কাজ সেগুলি ব্যহত না হয় তার ব্যাবস্থা।

এই বিলে আরও অনেক ভাল জিনিষ করা হয়েছে যেমন এই যে সিলিং-১ যে রায়ত তার যে বাগানে হল তার প্রকৃতি পরিবর্তন করতে পারবে না এবং করলে তার হিয়ারিং-এর

সুযোগ দিলে ২ হাজার টাকা জরিমানা হবে এবং তারপরে যদি ফাঁকি করতে থাকে তাহলে প্রত্যেক দিনের জন্য ২ হাজার টাকা জরিমানার ব্যবস্থা করা হয়েছে। অতএব যা খুশী সে করতে পারবে না। তারপর সেচ এলাকা সম্প্রসারণ করা হয়েছে এবং তারজন্য রিভার লিফ্‌ট-এ যে সমস্ত ইরিগেটেড এলাকা তার সম্প্রসারণের ব্যবস্থা করে রাজস্বের ব্যবস্থা করা হয়েছে। দার্জিলিং জেলার পার্বত্য এলাকার যে সমস্ত ছোট ছোট পরিবার যাদের জমি কম অর্থাৎ ১.১৪ হেক্টরের তাদের রেহাই করা হয়েছে। রাজস্ব থেকে যে রেহাই পায়নি তার খাজনা বৃদ্ধি করা হবে না। এটা ভাল ব্যবস্থা করা হয়েছে। আরও খাজনা যেগুলি পড়ে থাকে সেগুলি আদায় করার জন্য পাবলিক ডিমান্ডস সারটিফিকেট-এর ব্যবস্থা করা হয়েছে। আগে রেসট্রিকশান ছিল সে জমি নীলাম বা ক্রোক করা হবে সেগুলি রাজস্ব। কিন্তু এসব অস্থাবর, স্থাবর সমস্ত কিছু নীলাম করে রাজস্ব আদায় করা যাবে সারটিফিকেট সিসটেম-এ আজকের দিনে ভূমি সংস্কার করতে গেলে এটা খুব কার্য্যকর হবে যে এক মৌজায় একজনের বিভিন্ন খতিয়ানে জমি থাকল সেগুলিকে একত্রিত করে একটা খতিয়ান হওয়ায় অনেক সময় দেখা যায় কৃষির নয়, কিছু অ-কৃষি, আবার অ-কৃষি নয়, কিছু কৃষি। এগুলির ব্যবস্থা করা হয়েছে পৃথকভাবে দেওয়ার---খাজনা, রেন্ট সমস্ত কিছু পৃথক করে দেওয়ার। এটাতে যে রির্টান দেওয়া হয় তাতে জোতদাররা সেই রির্টান-এ অনেকেই জমির অংশ-গুলি তুলে দিয়ে সরকারকে ঠকায়। সেজন্য অফিসারকে ক্ষমতা দেওয়া হয়েছে তিনি নাকচ করতে পারেন এবং দরকার হলে একটা প্লট কিম্বা একাধিক প্লট নিয়ে সিলিং-এর বাদবাকীগুলি সরকারে ভেস্ট হবে এবং এগুলি ভূমিহীনদের মধ্যে বিতরিত হবে। তিনি আগে বলেছিলেন একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন, কিন্তু তিনি একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন। আমি বলব কমপ্রিহেনসিভ বিল আনার জন্য আর একটা কথা বর্গাদারদের সিভিল, ক্রিমিন্যাল, প্রোসিডিয়োর চেয়ে সেখানে ল্যান্ড রির্ফমস কমিটির সঙ্গে পরামর্শ করে ঠিক হবে। তিমিরবাবু তিমিরেই আছেন। তিনি বিলের ধারে আসতে পারেননি--অযথা ডোবায় হাবুডুবু খাচ্ছেন। আমাদের মোর্চার বিশ্বনাথবাবুও সংগঠন কংগ্রেসের প্রদ্যোতবাবু বিলের অনেক কিছু সমর্থন করেছেন। কাজেই এই বিলকে পুনরায় সমর্থন করে এবং যে সমস্ত ভাল জিনিষ করলেন সেগুলি যাতে প্রকৃত কার্য্যকরী হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

[5-40—5-50 p.m.]

Shri Ajit Kumar Basu :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অমৃতবাজার পত্রিকায় আমাদের যোজনা মন্ত্রী ডি, পি, ধরের কিছু কিছু বক্তব্য পাওয়া গেল, তা থেকে আমি দু'একটা কথা বলছি। প্রথমতঃ তিনি বলেছেন আমাদের দেশে পলিটিক্যাল এন্ড এ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রাকচার, রাজনৈতিক এবং প্রশাসনিক কাঠামোর একটা দ্রুত আমূল পরিবর্তন দরকার। প্রশাসনিক কাঠামোর একটা আমূল পরিবর্তন দরকার এবং তাড়াতাড়ি এটা দরকার বহুদিন ধরে বলা হচ্ছে। রাজনৈতিক কাঠামোর যে একটা বড় পরিবর্তন দরকার এটা ভেবে দেখার মত কথা। তারপর তিনি বলেছেন আমাদের দেশে রাজনৈতিক কাঠামো এমন একটা জিনিস যেটা ওয়েভস ইন ফেভার অব দি এক্সপ্লয়টার্স, শোষক শ্রেণীর অনুকুলে একটা রাজনৈতিক কাঠামো আমাদের দেশে রয়েছে। তৃতীয় কথা, তিনি বলেছেন আমাদের এই পিছিয়ে পড়া দেশকে ৪।৫ বছরের মধ্যে জায়ান্টিক ড্রাইভ দিয়ে এগিয়ে নিয়ে যেতে হবে যাতে একটা আগুয়ান দেশ হয়ে যেতে পারে, অত্যন্ত তাড়াতাড়ি লম্বা লম্বা পা ফেলে যে নেগলেক্টেড সেকসান অব দি সোসাইটি আছে তাদের পভার্টি রিমুভ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে ভাগচাষী যাদের নিয়ে কি রগড়ারগড়ি হল, ১৯৫১ সালে যখন থেকে তাদের পক্ষে কিছু কিছু আইন হচ্ছে তখন থেকে তাদের মাথায় বার বার লাঠি পড়ছে, তাদের বার বার মাটিতে শুইয়ে দেওয়া হচ্ছে, আবার তারা মাথা তুলে দাঁড়াচ্ছে যেটুকু অধিকার তারা পেয়েছে সেইটকু অধিকারকে কাজে লাগাবার জন্য। এই রকম একটা নেগলেক্টেড সেকসানের সম্বন্ধে যখন আমরা ভাবছি তখন মাননীয় মন্ত্রী মহাশয় যে কথাটা বলছেন, নিশ্চয়ই সেটা তাদের পক্ষে এনেছেন, এটা অনেকখানি ভাল কাছ করবে, কিন্তু আজকে শুধু এটুকু করলেই হবে না, কম্প্রিহেনসিভ বিলের দরকার। গ্রামাঞ্চলে সবচেয়ে

নির্যাতিত যে স্বীকৃতি দেওয়া হত না, আজকে দেখতে পাওয়া যাচ্ছে এই বিধানসভায় দলমতনির্বিশেষে সকলে উঠে বলছেন এদের উপর যে অন্যায় হয়েছে তার প্রতিকার হওয়া দরকার। কাজেই তাদের স্বার্থ রক্ষা করার জন্য যে ক্লজ এনেছেন সেটা নিশ্চয়ই সমর্থনযোগ্য, কিন্তু শুধু ওটা করলে হবে না, সেকসান ১৯(বি)-তে যে ফাঁক রয়েছে সেগুলি যদি একই সঙ্গে ভরাট না করেন তাহলে হবে না। বর্গাদারদের পক্ষে আইন হয়েছে কিন্তু এর মধ্যে প্রচুর ফাঁক রয়েছে যারজন্য আজকে বর্গাদার উঠে দাঁড়াতে পারছে না। দেশকে এগিয়ে নিয়ে যাবার মূল কথা হচ্ছে এটাকে সামগ্রিকভাবে বিচার করতে হবে, একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গীর দরকার আছে এবং তারজন্য চাই একটা কমপ্রিহেনসিভ বিল। একথা আমরা বহুদিন ধরে বলে আসছি এবং আপনার কাছে আমরা তাড়াতাড়ি এই সম্বন্ধে একটা কমপ্রিহেনসিভ বিলের খসড়া দিতে পারব এবং আপনি তার যথাযোগ্য সুবিবেচনা করবেন আশা করছি। এই সঙ্গে আর একটা কথা বলতে চাই যে আইন আছে সেই আইন ত্রুটিপূর্ণ, তার ফাঁকগুলি ভরাট করতে হবে। আইন যে ইমপ্লিমেন্টেড হচ্ছে না তার দুটি কারণ আছে, একটা হচ্ছে প্রশাসনের মধ্যে গলদ আছে যেটা গণেশবাবু বলেছেন, তারজন্য হচ্ছে না। জে.এল.আর.ও. কি করছেন সেটা আমরা সকলেই দেখতে পাচ্ছি।

কাজেই একদিকে প্রশাসনিক গলদ যেটা আছে সেটা দূর করতে হবে এবং অন্যদিকে আইনের ইমপ্লিমেনটেসনের দিক থেকে নানা রকম ইন্টারপ্রিটেসন যেটা হচ্ছে তারজন্য আটকে যাচ্ছে। আমি মনে করি এটা যাতে আটকে না থাকে তার ব্যবস্থা করা দরকার। আজকে ভাগচাষীদের ন্যায্য পাওনা দিতে পারেন কিনা, তাদের ন্যায্য অধিকার দিতে পারেন কিনা; সেটা দেখা দরকার, তাদের উপর সুবিচার করা দরকার। এটা করা দরকার শুধু সামাজিক বিচারের দিক থেকেই নয়, দেশের অগ্রগতির জন্যও করা দরকার। আমি এই কারণে ডি. পি. দাসের কথা বললাম এবং আরও বলছি যে, আইনের দিক থেকে ভরাট করতে গেলে সেকসন ১৯(বি) (২) সংশোধন করা দরকার। তারপর, যে ক্লজ এনে আপনি তাদের সিভিল কোর্টের আওতা থেকে বাদ দিচ্ছেন তাতে আমি বলতে চাই এবং আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি তার মূল লক্ষ্য হচ্ছে অন্ততঃ ইমপ্লিমেনটেসনের ক্ষেত্রে কি করব না করব সেই সমস্ত বলে দেওয়া হোক। আইন এক জিনিস, কিন্তু লক্ষ্য রাখতে হবে সেই আইনের মধ্যে যে প্রচুর ফাঁক আছে সেটা ভরাট করতে হবে। আমার বক্তব্য হচ্ছে ইমপ্লিমেনটেসনের ব্যাপারে প্রশাসনিক গলদগুলি দূর করা দকরার এবং এই প্রসঙ্গে মাননীয় সদস্য গনেশবাবু যে কথা বলেছেন আমি তার সঙ্গে একমত। এমপ্লিমেনটেসনের ক্ষেত্রে আমার এ্যামেন্ডমেন্টে দেওয়া নেই কিন্তু আমি বলতে চাই এবং এটা বলা দরকার যে পিপলস্ কমিটি রাখা দরকার। পিপলস্ কমিটি ওভার দি হেড অব জে.এল.আর.ও অথবা এ্যাসোসিয়েটেড উইথ জে.এল.আর.ও যদি না থাকে তাহলে এই আইন ইমপ্লিমেনটেড হবে না। আমার দ্বিতীয় কথা হচ্ছে আইনকে কিভাবে ইমপ্লিমেনটেড করতে হবে তার সুস্পষ্ট নির্দেশ যদি আইনের মধ্যে না থাকে তাহলে সেটা ইমপ্লিমেনটেড হতে নানা দিক থেকে বাধা পাবে। মনে করুন হয়ত একটা অর্ডার দিল তারপর হয়ত বলবেন আমাকে তারা বলেছে এঁরা ভাগচাষী কাজেই আপনি এটা করতে পারবেন না অথবা হয়ত বলবেন সিভিল কোর্ট শুনছে না, ফৌজদারী কোর্ট শুনছে না ইত্যাদি, ইত্যাদি। কাজেই এগুলি চিন্তা করে দেখুন। আমি যে ডিটেল্ড এ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে এগুলি সব কভার করছে। এটা ঠিক যে, যতক্ষণ ওখানে ডিসিসন না হবে ততক্ষণ পর্যন্ত কিছু হবে না। কিন্তু আরও সুস্পষ্টভাবে বলুন এবং যেখানে যেখানে থেকে যাচ্ছে বা ভবিষ্যতে থাকতে পারে সেটা এক্সপ্লিসাইটলি বলুন এবং এটা যদি না বলেন তাহলে দেখবেন ইমপ্লিমেনটেসনের ক্ষেত্রে আপনার সদিচ্ছা থাকা সত্বেও পদে পদে ইমপ্লিমেনটেসন আটকে যাচ্ছে। সেইজন্য আপনার কাছে সবিনয় নিবেদন করছি ইমপ্লিমেনটেসনের ক্ষেত্রে আপনি যে আইন আনছেন সেটা যাতে না আটকায় তারজন্য আমি যে ডিটেল্ড এ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে আমি কোন ফাঁক রাখিনি। ভাগচাষীদের উপর যত রকম চাপ আসে তার প্রতি লক্ষ্য রেখে আমি এগুলি দিয়েছি। দেওয়ানী কোর্টে সিদ্ধান্ত নাহলে কিছু হবে না একথা বললে হবে না। আপনি জানেন ইনজাংসন ইজ অ্যাজ গুড অ্যাজ এভিকসন। সিভিল কোর্ট অনেক সময় ইনজাংসন দিয়ে দিচ্ছে এবং বলছে এখন ইনজাংসন দিলাম, পরে দেখা

যাবে। আমরা দেখেছি ফৌজদারী কোর্টের ১৪৪ ধারা জারি করে ইনজাংসন দেবার রেওয়াজ আছে এবং দেওয়ানি কোর্টের ১৪৪ ধারা জারি করার রেওয়াজ আছে।

[5-50—6-00 p.m.]

কেননা ইনজাংসন দেওয়া আর ১৪৪ ধারা জারী করা এটা তো ভেরিটেবল ইনজাংসন। এই এ্যভিকশান যাতে না হয়, টেমপোরারি এভিকশান যাতে না হয় তারজন্য মোটামুটি ভালভাবে এটা খোলাখুলি ভাবে বলে দেওয়া দরকার। আমরা এই জন্য এই সমস্ত কথাগুলি এনেছি। দ্বিতীয় কথা যেটা বলতে চাই ধরুন ভাগচাষী কিনা এইভাবে কেসটা না এসে কে চাষ করেছে এইভাবে কেসটা এসে গেল, কিন্তু ফৌজদারী আদালতে কিম্বা দেওয়ানী আদালতে সে ভাগচাষী কিনা সেইভাবে কোন কথাবার্তাই হলনা, ভাগচাষীকে সেইভাবে কথা কইবার কোন সুযোগ দেওয়া হলনা—যে মহাশয়, আমি ভাগচাষ করি। জমিতে কে চাষ করেছে সেটাই আমরা বিচার করব। এই রকমভাবে এই আইনকে বাইপাস করা যায় সিভিল কোর্টে এবং ফৌজদারী কোর্টে অনেক সময় এই রকম দেখা যায়। তার আগে আমি সেজন্য ঐকথা বলে দিয়েছি। আমাদের দেশে পলিটিক্যাল স্টাকচার এমনি যে সেখানে ভেসটেড ইনটারেসট বা এক্সপ্লয়টাররাই বেশী গুরুত্ব পায়, এবং আজও তারাই পেয়ে যাচ্ছে। সেজন্য এই নেগলেকটেড পিপ্‌ল তাদের বাঁচাতে গেলে এই পথ ধরে সে ভাগচাষী কিনা সে বিচার হচ্ছে না। কে চাশ করছে এইভাবে বিচার হবে। সেজন্য এই বিচারের ভার যাতে দেওয়ানী আর ফৌজদারী বিচারালয়ে উপর না থাকে সেইজন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দেবার চেষ্টা করছি। ধরুন যদি খোলাখুলিভাবে যদি না বলতে হয়, বলা যায় এই এতদিনে মধ্যে রেফার করতে—রেফার করার পরে এতদিনের মধ্যে কেস আসবে, এবং সেই কেসের ডিসপোজ অফ এইভাবে হবে। এইভাবে যদি আপনি না বলে দেন তাহলে দেখবেন সে রিলিফ পাবে না, যে রিলিফ আপনি তাদের দিতে চাইছেন। অথচ জিনিষটা পড়ে থাকবে তিন চার বছর ইতিমধ্যে সে জমি লোপাট হয়ে যাবে। কেননা ভাগচাষীরা দুর্বল পক্ষ। সামাজিক ন্যায় বিচার তারা খুব অল্প পায়। যদিও এই কথাটা এখন উঠেছে, কিন্তু আজও সামাজিক ন্যায় বিচার খুব পাচ্ছে। আইনের সুযোগ সুবিধা সে খুবই কম নিতে পারছে। আজও আইন হচ্ছে এক্সপ্লয়টার এবং ভেসটেড ইনটারেস্টের পক্ষেই বেশী দেখছে। কাজেই কেস দীর্ঘদিন ধরে পেনডিং না থাকে সেজন্য আমরা বলবার চেষ্টা করেছি যে পেনডিংগুলি ঠিক করে দিন। যেকথাই উঠুক রেফার করতে হবে স্পেশাল অফিসারের কাছে। তিনি জানিয়ে দেবেন এতদিনের মধ্যে এবং জানাবার পর এতদিনের মধ্যে কেস ডিসপোজ অফ করতে হবে। এইজন্য আমরা এই ভাবে জানিয়ে দিচ্ছি। আপনি শুধু ডিসিশান করলে হবে না। আমি পড়ে দিচ্ছি—

" In a Civil suit or Criminal case as soon as a bargadar will appear in a Civil Court as a defendant or in a Criminal Court as an accused and raise the dispute as to the cultivation of the disputed land by him as bargadar the jurisdiction of the Civil or Criminal Court will cease and the Civil Court or the Criminal Court shall at once refer the dispute to the Bhagchas Court to decide the dispute as to whether a person claiming to be a bargadar is really a bargadar or not. On receipt of the reference case referred to above the Bhagchas Court hearing both parties shall decide the question as to bargadarship and will send back the case to the proper Court with his decision. If the Bhagchas Court decides that the defendant or the accused is a bargadar, the Civil suit or the Criminal case shall at once be dismissed with compensatory costs to the bargadar."

কাজেই আমরা এটার ভিতর দিয়ে মোটামুটি প্রসিডিয়োরটা ঠিক করে দিতে চাই যাতে এই কেসগুলি দীর্ঘস্থায়ী না হয়, দেওয়ান কোর্টে না হয়, ফৌজদারী কোর্টে পেনডিং না পড়ে থাকে। সেইজন্য আমরা এই প্রোসিডিয়োরগুলি ঠিক করে দিতে চাই। এবং শেষকালে আমরা যেটা বলতে চাই ভাগচাষী কটা উঠেছে আদালতে তাতে চুরির মামলায়, লুঠের মামলায় ধরে নিয়ে গিয়েছে ধান লুঠ করেছে বলে। সে যদি কোর্টে গিয়ে দেখায় যে

দেখুন এই জমিতে আমার ভাগচাষের রশিদ রয়েছে বা দেওয়ানী কোর্টে বা ট্রাইবুনাল কোর্টে সেখানে যদি সে সেই রশিদটা দেখাতে পারে যে আমি এই জমিতে ভাগচাষী এই দেখুন আমার রশিদ রয়েছে তাহলে সঙ্গে সঙ্গে কোর্ট যেন এই ব্যাপারে আর প্রসিড না করে এবং এই ব্যাপারে কোন রেফার করারও দরকার নেই। মোটামুটিভাবে এই ভাবেই তার নিষ্পত্তি করে দেওয়া যাবে। অর্থাৎ ভাগচাষী তার রিলিফ পেতে গেলে কোর্টের প্রশাসনিক ব্যবস্থার দীর্ঘসূত্রতার জন্য এবং তার প্রতি একটু নজর কম থাকার জন্য এবং কায়েমী স্বার্থের দিকে বেশী নজর থাকার জন্য যে টিলারস্ 'ল' হয় এবং যে পিরিয়ডে ভাগচাষী সেই জমির ধারে ঘেঁষতে পারে না সেইজন্য আমি এই সমস্ত জিনিসগুলি যাতে তাড়াতাড়ি হয় এবং ভাগচাষীর পক্ষে যাতে সুবিধা হতে পারে সেই কথাগুলি আমরা এখানে বলবার চেষ্টা করেছি। কাজেই এটা শুধু আমার মনে হল তা নয়, মন্ত্রী মহাশয়ও বলেছেন, নিশ্চয়ই সেই মন নিয়ে বলেছেন এই ব্যাপারে, আমিও তাঁকে বলছি যে আমিও ঠিক মন নিয়েই বলছি যে আমরা এই জিনিসগুলি চাচ্ছি এই কারণে যে এটা মোটামুটি একটা প্রসিডিয়োরের ব্যাপার এবং ভাগচাষীকে সাধ্যমত যতটা রিলিফ পাইয়ে দেওয়া যায় তার-জন্য এই এ্যামেন্ডমেন্টগুলি আমরা এনেছি। ২নং কথা হচ্ছে যে হাইকোর্টের ব্যাপারে নিশ্চয়ই আপনি জানেন হাইকোর্টের হাত থেকে নিষ্কৃতি কারো নেই কিন্তু তবুও আমরা মনে করি এই আইনটা পাশ করা দরকার যেটা আমরা প্রথম এ্যামেণ্ডমেন্টে দিয়েছি। হাইকোর্টে ২২৬-এ যে যাবে সেতো সব সময়েই যাবে সে অধিকার ত আছে। সম্পত্তির ব্যাপারে যাঁরা পারবেন তাঁরা ২২৬-এ নিয়ে যাবেন তবু এই আইনটা দেওয়ানী কোর্টে ফাংশন করবে। আমরা বলেছি হাইকোর্টের যেটা সেটিং ইন এ রিট কোর্ট অর এ্যাপেলেট কোর্ট এটা দেওয়া থাক, দিলে ভাল হবে। এখন এই জুরিসডিকশন মানুষের সব সময়েই অধিকার আছে ২২৬-এ যাওয়ার কিন্তু তবুও এটা থাক যাতে দেওয়ানী আদালতের বাইরে এটা পড়ে সেইজন্য আমরা এটা দিয়েছি এবং শেষকালে এই কথাটা আপনার কাছে আমরা রাখতে চাই যে নিশ্চয়ই এটা একটা বড় পদক্ষেপ কিন্তু দিস ইজ নট এ জায়েন্ট ষ্ট্রাইড যে কথাটা আমি গোড়াতেই উল্লেখ করেছিলাম। আজকে জায়েন্ট ষ্ট্রাইড দরকার। ভূমি সংস্কার কত দিনের পুরানো সে সম্বন্ধে অনেক বন্ধু বলেছেন। কতদিনের পুরানো ল্যান্ড—স্টেট এ্যাকুইজেশন এ্যাক্ট কিন্তু দেখুন আজও বেনামীতে কত শত বিঘা জমি মানুষ ভোগ করছে নানা রকম কায়দা করে আইন ফাঁকি দিয়ে এবং এর কোন ব্যবস্থাই করতে পারা যাচ্ছে না। কাজেই যে কথাটা আমাদের মাননীয় সদস্য বিশ্বনাথবাবু বলেছিলেন আমি এনেছি মন্ত্রী মহাশয়ের জন্য একটা কপি তার। একটা ভদ্রলোক শোনা যাচ্ছে যে তিনি হাইকোর্টের জাজ হবেন, তাঁর সারা বাংলা দেশে কত জমি, আমরা সমস্ত দাগ খতিয়ান দিয়ে স্বনামে বেনামে এবং নিকট আত্মীয়দের নামে কি কায়দায় তারা এই সমস্ত জমিগুলি হস্তান্তর করেছে, আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছে। এই যে ব্যাপারটা প্রতি নিয়ত আমাদের দেশে ঘটে যাচ্ছে, আমাদের দেশে জমি নিয়ে কত অন্যায় হয়েছে আগেকার দিনে, আগেকার দিনে ফিউডাল সোসাইটিতে হওয়া স্বাভাবিক কিন্তু আজো যত অন্যায় হয়ে যাচ্ছে মোটামুটি জীবনের অন্য কোন ক্ষেত্রে এতখানি অন্যায় হয়না।

[6—6-10 p.m.]

[এবং অত্যন্ত তাড়াতাড়ি দেশের অগ্রগতির জন্য এই অন্যায় সংশোধন করা দরকার। যদিও কমপ্রিহেনসিভ বিলের কথা হচ্ছে, এখান থেকেই আরম্ভ করা দরকার। জমি সমাজের স্যাংশন নয়, আইনের স্যাংশন দেশের অগ্রগতির জন্য। সেজন্য যারা এইভাবে জমি লুকিয়ে রেখেছে, সেগুলি বার করার ব্যবস্থা করতে হবে। তা করতে গেলে ৫(ক) ধারা সংশোধনের দরকার। তা নইলে জমি বার করবেন কি করে? যেমন করেই হোক্ জমি বার করতে হবে। আইনের যে সমস্ত ফাঁক আছে, সে সম্বন্ধে আমাদের অভিজ্ঞতা আছে, আমরা জানি কোথায় কোথায় ফাঁকি আছে, সেগুলি বার করার পর ইমপ্লিমেন্টের ক্ষেত্রে দেখতে হবে, ওদিকের বন্ধুরা অনেকে বললেন ইমপ্লিমেন্ট হচ্ছে না, এ ব্যাপারে তাঁদেরও অভিজ্ঞতা আছে, আমাদেরও অভিজ্ঞতা আছে। এটা আমরা জানি আজকে এখানে বে-আইনীভাবে অন্যায় করে যাচ্ছে এক দল লোক, কায়েমী স্বার্থের লোক, তার

সমাজের উঁচু জায়গায়ও রয়েছে, নীচু জায়গায়ও রয়েছে এবং এই সমস্ত লোক অন্যায় করে পার পেয়ে যাচ্ছে। তার জন্যই ৫(ক) ধারার সংশোধন দরকার। আজকে সিলিং-এর কথা বলা হয়েছে, একথা ঠিক যে শুধু সিলিং করলেই হবে না, আইনে সে রকম ব্যবস্থা করতে হবে। নইলে হাইকোর্ট বলে দেবে আল্ট্রা ভাইরিস্। আমি এই প্রসঙ্গে একটা কথা বলব। কেরল গভর্ণমেন্টের মত নাইন্থ শেডুলের অন্তর্ভুক্ত যে ব্যবস্থা, সেই রকম যাতে করা যায় সেটা আপনাকে দেখতে হবে। আমার দু নম্বর কথা হচ্ছে জমি জায়গার ব্যাপারে যে অন্যায় হচ্ছে তা সংশোধনের জন্য বন্ধুরা বলেছেন, আমিও সেকথা রিপিট করব যে একটা ভাল কমিশন করা দরকার, তাতে আইনজ্ঞরা থাকুন,—পলিটিক্যালরা থাকুন, সকলে মিলে থাকুন এবং এই ৫(ক) ধারা সংশোধন করে যে কোন প্রকারে এই যে জমি লুকিয়ে রেখেছে তা বার করে দিতে হবে। তার মানে একটা কমপ্রিহেনসিভ বিল আনতে হবে। সেজন্য জায়েন্ট স্ট্রাইড নয় একথা বলে মনে করবেন না মন্ত্রী মহাশয়, যে তাঁর অমর্য্যাদা ঘটিয়েছি, আপনি এর ভিতর ভাগচাষীদের পক্ষে মত প্রকাশ করেছেন, এজন্য বিশ্বনাথবাবু অভিনন্দন জানিয়েছেন, তিনি আমাদের মনোভাব বুঝতে পারেননি, জায়েন্ট স্ট্রাইড কমপ্রিহেনসিভ বিল মারফৎ আনতে হবে, লুকান জমি বার করতে হবে এবং সব চেয়ে নিপীড়িত সে সেকশন চাষী, তাদের উপর যে সামাজিক অবিচার দীর্ঘকাল ধরে চলে আসছে, সেটা যাতে নিরস্ত হয় বোথ ইন রেস্পেক্ট অব লিগেল টেকনিক্যালিটিজ্ এন্ড ইনরেসপেক্ট অব ইমপ্লিমেন্টেশন, তার ব্যবস্থা করতে হবে। এই বলে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Phani Bhusan Singhababu :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৪, এই সভায় উপস্থিত করেছেন, আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানাই। বহু মাননীয় সদস্য এই নিয়ে আলোচনা করেছেন। আমার সময় খুব অল্প তাই কয়েকটি কথা বলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভাগচাষীদের স্বার্থ রক্ষার জন্য ১৯৭২ সালে এই সভায় একটা ভাগচাষ বিল আনা হয়েছিল, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, বহু ক্ষেত্রে আমরা দেখব জে, এল, আর, ও, ভাগচাষ অফিসার সরেজমিনে তদন্ত করে তার নিজস্ব যে মতামত পাঠায় পুলিশের কাছে, সেই সমস্ত রিপোর্টে প্রকৃত ভাগচাষীদের স্বার্থ কোন দিনই বলা হয়না। অতীব দুঃখের কথা যে সেই সব ভাগচাষী, বর্গাদার দিনের পর দিন যারা জমি চাষ করে আসছে, গ্রামবাংলায় তারা অবহেলিত। এই সম্প্রদায়ই গ্রামবাংলার উন্নয়নসাধনের জন্য, অর্থনীতিক পুনরুজ্জীবনের জন্য সারাদিন পরিশ্রম করে ফসল ফলায়, কিন্তু অনেক সময় দেখা যায়, তারা সেই ফসল ঘরে তোলার সময় বিভিন্ন জোতদার, শক্তিশালী মানুষ পুলিশের সাহায্যে এবং সহযোগিতায় তাদের সেই ফসল তুলতে বাধা দেয়।

আমি সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিনীত আবেদন জানাচ্ছি—তিনি এই বিলের ২১ নম্বর ধারায় একটা প্রস্তাব রেখেছেন—যিনি ভাগচাষ আধিকারিক মহাকুমা শাসককে ক্ষমতা প্রদান করা হয়েছে। আমি বলবো তাকে কেবল ক্ষমতা প্রদান করলেই হবে না, তার দ্বারা কী ভাবে ভাগচাষী ফসল ঘরে তুলতে পারে, তার ব্যবস্থা রাখা এখানে প্রয়োজন। পুলিস জোতদারদের সঙ্গে হাত মিলিয়ে ভাগচাষীর ফসল নিয়ে যায়। এই ভাগচাষীর ফসল কী ভাবে তারা ঘরে তুলতে পারে সেদিকে যেন মন্ত্রীমহাশয় দৃষ্টি রাখেন।

আমাদের ১৩৭৭ সালের পয়লা বৈশাখ কলকাতা গেজেটে যেটাকে ইরিগেটেড এরিয়া বলে ঘোষণা করা হয়েছে সেই বাঁকুড়ার দক্ষিণ অংশে কংসাবতী প্রকল্পে সেই সমস্ত এলাকার বহু জায়গা জলসেচ পায়না, তবুও সেটা ইরিগেটেড এরিয়া বলে ঘোষিত হয়েছে। মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন তিনি যেন সরেজমিনে তদন্ত করে দেখেন এবং যাতে খাজনা বৃদ্ধি সেটা করা হয়েছে, তা কার্য্যকরী না হতে পারে। পশ্চিমবাংলার ৬৮ লক্ষ কৃষকের মধ্যে ৫৬ লক্ষ কৃষকের রাজস্ব খাত যেটা বৃদ্ধি করা হয়েছে, তা থেকে মকুব করেছেন। যদিও ২২ লক্ষ লোক যাদের বহু জমি আছে যেখানে তারা জল পায়নি। যাদের ৯ বিঘার উপর জমি আছে কংসাবতীর ক্যানেল থেকে

তাদের জমিতে জল পৌঁছায় নাই। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো যেভাবে কংসাবতীর এলাকা ঘোষণা করা হয়েছে জলসেচ এলাকা বলে, ইরিগেটেড এরিয়া বলে, তা বাস্তবিক অন্যায় করা হয়েছে। সেখানে বহু জমিতে জল যায় না। বাঁকুড়ায়ও নয়, মেদিনীপুরের বিভিন্ন অংশে জল না গেলেও ইরিগেটেড এরিয়া বলে ঘোষণা করা হয়েছে। এরা প্রকৃতপক্ষে জল পাচ্ছে কিনা সেটা সরেজমিনে তদন্ত করে দেখতে অনুরোধ জানাচ্ছি। সেখানকার খাজনা বৃদ্ধি যেন রহিত করা হয়।

এই বিলের ১৪ নম্বর ধারায় রায়তি স্বত্ব দখলের যে সময় দেওয়া হয়েছে, তা কী করে কার্য্যকরী করা হবে বুঝতে পারছিনা। বহু জোতদার সরকারের কাছ থেকে জমি লুকিয়ে রেখেছে, রাখবার চেষ্টা করছে। তারা স্বনামে বেনামীতে তাদের ক্ষমতাকে প্রয়োগ করার চেষ্টা করছে। আদালত ও হাইকোর্টের আশ্রয় নিয়ে ভূমিহীন ভাগচাষী বর্গাদারদের কী ভাবে জমি থেকে উচ্ছেদ করছে। এর বহু কেস্ হাইকোর্টে ও বিভিন্ন নিম্ন আদালতে পড়ে রয়েছে। কি করে এই কেসগুলি মিটিয়ে ফেলা যায়—সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সাধারণ চাষী ভূমিহীন ক্ষেত মজুরদের সঙ্গে নিয়ে আমরা বলিষ্ঠ পদক্ষেপে সকল মানুষের স্বার্থে সমাজতন্ত্রের পথে এগিয়ে যাবার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গের গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবন করতে হলে আমাদের কৃষি ব্যবস্থাকে আরো জোরদার করতে হবে। আমাদের যে সমস্ত পরিকল্পনা গৃহীত হয়েছে, তার বাস্তব রূপায়ণ করতে হবে। এই বিল বিধানসভায় আমরা পাস করছি বলে আত্ম-সন্তুষ্ট থাকলে চলবেনা, আমাদের বিভিন্ন জেলায় যে রিভিসনাল সেটেলমেন্টের কাজ সুরু হয়েছে, তাতে নানা রকম কারচুপি করা হচ্ছে। আমার এলাকার একটি ঘটনা আমি মন্ত্রীমহাশয়কে লিখিতভাবে জানাবো যে এমন একজন জোতদার আছে যিনি ২২ বছর ধরে যে জমি দখল করে থাকলেও . . . .

[6-10—6-20 p.m.]

এই ধারায় এই ভাবে বলা হয়েছে যে জমি দখল করে থাকলে সে জমি ভূমিহীন কৃষকদের হাতে যা দেওয়া হয়েছে তার কথা, কিন্তু দুঃখের বিষয় আমরা দেখতে পাচ্ছি যে সেখানে তালডাঙ্গা বিধানসভা কেন্দ্রে একটা গ্রামে রাজপুত ও অন্যান্য চাষীরা নিবু লোহার যারা চাষ করে আসছিল এখন রিভিসান সেটেলমেন্টের সেটা জোতদারদের নামে কি ভাবে সেটেলমেন্ট করা হো'ল তা আমি বুঝতে পারছি না। আমি এ সম্বন্ধে সভার মাধ্যমে আপনার কাছে জানালাম যে এই সেটেলমেন্টের ব্যাপারে কোন কোন জায়গায় অন্যায় হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই সব দিকে যেন নজর রাখেন। পরিশেষে এই কথা বলে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

বন্দে মাতরম্

Shri Giasuddin Ahamad :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী ১৯৭৪ সালের এই যে ভূমি সংশোধনী বিল এনেছেন একে আমি পূর্ণ সমর্থন করছি। গ্রাম প্রধান পশ্চিমবাংলায় সমগ্র জনসংখ্যার শতকরা ৮০ ভাগ লোক গ্রামে বাস করে। এই গ্রামের লোকের ভিতর দারিদ্র্য বেকার, আধা বেকার, ইত্যাদি অত্যন্ত প্রকট। এই বেকার সমস্যার সমাধান করতে হলে কৃষি উন্নয়নের দ্বারাই সম্ভব শিল্প উন্নয়নের মাধ্যমে এই বিরাট সমস্যার সমাধান করা যাবেনা। সবুজ বিপ্লব কৃষির পূর্ব সত্ত্ব ও অব্যাহত শান্তি, সুষ্ঠু ভূমিসংস্কার আইন প্রণয়ণ এবং তার যথাযথ প্রয়োগ। ১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন প্রনয়ন করা হয়েছিল তার মধ্যে বহু ত্রুটি বিচ্যুতি রয়ে গেছে। সেগুলি সংশোধনের জন্য বর্তমানে এই বিল আনা হয়েছে। বর্তমানে এই বিল পূর্বের সংশোধিত আইনের পরিপূরক। যে আইনটা পরিপূরক হিসাবে কাজ করবে যা এই বিলে বাগিচা রক্ষার ব্যবস্থা করা হয়েছে। কোন ব্যক্তি টু-স্টান্ডার্ড হেক্টার-এর বেশী জমি বাগিচা রূপে রাখতে পারবেন না। এবং বাগিচার ক্যারেকটার কখনই পাল্টাতে পারবেন না। তার পর সেগুলির রক্ষা করবার চেষ্টা করার প্রয়োজন আছে। ফল আমাদের খাবারের একটা অংশ পূরণ করে। স্বাস্থ্যের কারণেও এই ফলগুলি রাখা প্রয়োজন আছে। এখন বাগান রাখা কৃষি জমিতে কম লাভজনক হওয়ায় অনেক জমি খালি করে বাগান

উড়িয়ে দিচ্ছেন। সে বাগানকে রক্ষা করবার জন্য এই যে ধারা রাখা হয়েছে এতে বাগান রক্ষা হবে। ট্রাষ্টগুলির একটা ট্রাষ্টের অধীনে অনেকগুলি সেন্টার আছে। পূর্বে শুধু ট্রাষ্ট রায়তি হিসাবে গণ্য হতো। ট্রাষ্টের অস্তিত্ব অক্ষুন্ন রাখবার জন্য প্রত্যেক সেন্টারকে একটি রায়তি হিসাবে গণ্য করবার ব্যবস্থা এই বিলে আছে। এতে সেন্টারগুলির অস্তিত্ব বিপন্ন হবে না। কোন ধর্মীয় বা জনকল্যাণ মূলক এই যে ট্রাষ্ট-এর সেন্টার গুলি তা বাঁচিয়ে রাখবার প্রয়োজন আছে। কারণ তারা জনকল্যাণের কাজ করে থাকে। কিন্তু কোন কোন ক্ষেত্রে ট্রাষ্টের মোট জমি পরিমাণ যতগুলি সেন্টার আছে তার সিলিং-এর পরিমাণ কোন ক্ষেত্রে বেশী হবে না। ইতিপূর্বে জমির মালিকরা তার জমির মধ্যে কিছু কিছু অংশ সুবিধা মত ভেষ্ট করে রাখতেন। এতে সরকার একই প্লট থেকে সামান্য পরিমাণ ভেষ্ট জমি নিতে পারতেন না, নিলেও বন্টনের ক্ষেত্রে অত্যন্ত অসুবিধা দেখা দিত। এখন এরূপ ব্যবস্থা হচ্ছে যে একটা প্রজাকে খণ্ড, অখণ্ড যে জমি ভেষ্ট হবে তাতে জটিলতা কমবে। বর্গাদার নির্দ্ধারণের ক্ষেত্রে ভূমি বিভাগের কর্মচারীদের উপর চুড়ান্ত ক্ষমতা দেওয়া হয়েছে। এই বিষয়ের প্রতি অনেক মাননীয় সদস্যই সংশয় প্রকাশ করেছেন। কিন্তু আমি ব্যক্তিগতভাবে মনে করি দীর্ঘসূত্রতা এবং ব্যয় বহুল মামলায় কোন দরিদ্র প্রজাই কোন দিন বড় প্রজার বিরুদ্ধে কেস থেকে জিতে ফিরে আসতেন না। তাই জে, এল, আর, ও, অফিসে কৃষি অফিসার-এর উপর নির্ভর করে। জে, এল, আর, ও, উপর বর্গাদার নির্দ্ধারণ করবার চুড়ান্ত সিদ্ধান্ত করবার দায়িত্ব দেওয়া উচিত বলে আমি মনে করি। এতে ক্যানেল ইরিগেসেন ডিপ টিওবওয়েল ইত্যাদির সঙ্গে রিভার লিফ্‌ট ইত্যাদি প্রকল্প সেচ এলাকা বলে গণ্য করবার ব্যবস্থা এই বিলে আছে।

তাই জে, এল, আর, ও, অফিসে কিছু অবিচার হয় হক। তবু জে, এল, আর, ও,-র সুবুদ্ধির উপর নির্ভর করে এই বর্গাদার নির্ধারণ ব্যবস্থার চূড়ান্ত সিদ্ধান্তের দায়িত্ব ছেড়ে দেওয়া উচিত বলে মনে করি। ক্যানেল ইরিগেসান এবং ডিপ-টিউবয়েলের সংগে রিভার লিফ্‌ট দেখছি। সেচ এলাকা বলে ঘোষণা করার ব্যবস্থা এই বিলে আছে। এই ব্যবস্থা করার প্রয়োজন আছে। কারণ যে এলাকা সেচ এলাকা বলে গণ্য হচ্ছে সেখানকার চাষীরা ধনী হচ্ছে। তারা সরকারের বরাদ্দ খাজনা যদি না দেয় তাহলে শহরে যেমন ধনী সম্প্রদায় আছে গ্রামেও নূতন করে ধনী সম্প্রদায়ের সৃষ্টি হবে। কাজেই গ্রামের উপর সেচ এলাকা ধার্য্য করে খাজনা আদায়ের সার্থকতা আছে। রেকর্ড অফ রাইট্‌স চুড়ান্ত করার দায়িত্ব ভূমি বিভাগের কর্মচারীদের উপর দেওয়া হয়েছে। এতে দীর্ঘ সূত্রতা লোপ পাবে এবং দরিদ্র, অশিক্ষিত গ্রামের চাষীরা তাদের সেই রেকর্ড অফ রাইট্‌স প্রতিষ্ঠা করার যে আইন তার দীর্ঘসূত্রতা থেকে মুক্তি পেতে পারবে। খাজনা আদায়ের ক্ষেত্রে যে ব্যবস্থাদি করা হয়েছে প্রজাদের প্রতি এটা একটা হার' কারণ ইতিপূর্বে তাদের স্থাবর-অস্থাবর সমস্ত খাজনার দায়ে বিক্রি করে নেবার কথা ছিল না। শুধু মুভএ্যাবল প্রপার্টি যেমন বলদ, গরু সেইটা নেওয়ার ব্যবস্থা হত তাহলে আমার বক্তব্য ছিল না। এই ব্যবস্থা কিছু খারাপ বলে মনে করি।

Shri Sachinandan Sau :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার সংশোধন বিধেয়ক, ১৯৭৪ যে বিলটা আমাদের সামনে উপস্থাপিত করেছেন আমি সর্বতোভাবে সমর্থন জানিয়ে বলতে চাই, আমি দেখেছি এই বিলে ১৪ ধারার সংশোধন, ৫১ ধারার সংশোধন, ৩৮ ধারার সংশোধন—এগুলো রয়েছে। সত্যি বিলকে আমি সমর্থন করছি। কিন্তু আজকে এই কথা ঠিক যে আইন সরকার আনছেন সরকারের যে চিন্তাধারা মন্ত্রী মহাশয় গুরুপদবাবু তিনি একজন বিবেচক লোক এবং বিবেচনা করে যে সমস্ত আইন প্রণয়ন করছেন সে আইনগুলো যদি সত্যিই কার্য্যকরী হতো তাহলে আমাদের বলার কিছু ছিল না। কিন্তু আজকে দুঃখের সঙ্গে বলতে হয়, 'এ কেবল দিনে রাত্রে জল ঢেলে ফুটা পাত্রে বৃথা চেষ্টা তৃষ্ণা মিটাবারে' রবীন্দ্রনাথের সেই কথা বার বার মনে পড়ছে। মন্ত্রী মহাশয় বলুন এবং সরকার বলুন আমলাতন্ত্রের জন্য সমস্ত প্রচেষ্টা আজকে ব্যর্থ হয়ে যাচ্ছে। আমি একটা উদাহরণ দিয়ে বলতে চাই আমি গ্রামবাংলার ছেলে। বীরভূম জেলায়

যেখানে কৃষির উপর নির্ভরশীল মানুষ যেখানে বলা যেতে পারে প্রায় সমস্ত মানুষ কৃষিতে জীবন নির্বাহ করে সেখানে কি দেখলাম? এই বছর সরকার এমন সুন্দর আইন প্রণয়ন করছেন, কিন্তু তার সত্যিকারের একজিকিউসান হচ্ছে না, ইমপ্লিমেনটেসান হচ্ছে না। যখন ধান কাটা হয় সেই মরশুমে পর্য্যন্ত দেখা গেলো আশ্বিন মাস, কার্ত্তিক মাস এবং পৌষ মাস ধান কাটা হয় তার পূর্বে ওই জে.এল.আর.ও তিনি ডিক্লারেসান দিয়ে দিতে পারলেন না। এই এই লোক বর্গাদার এই লিস্ট তিনি দিলেন না। আমার যে কেন্দ্র ইলামবাজারে গেলাম। সেখানে আমি জে.এল.আর.ও অফিসে জিজ্ঞাসা করলাম বর্গাদারদের লিস্ট দেন নি কেন? বললেন কে বর্গাদার আর কে বর্গাদার নয়? সেইজন্য পুলিশ বলছে কার পক্ষ আমরা অবলম্বন করবো? নিশ্চিতভাবে দেখা যাচ্চে যে পক্ষের পয়সা পাবে পুলিশ সে পক্ষে যেতে পারে।

[6-20—6-30 p.m.]

ওখানে আমাদের দাঁড়িয়ে থেকে, মাঠের মাঝখানে দাঁড়িয়ে পরিষ্কারভাবে বলতে হচ্ছে বর্গাদারদের জন্য চেষ্টা করতে হচ্ছে। কেন জে.এল.আর.ও আগে থেকে বর্গাদারদের একটা লিস্ট টাঙিয়ে দিতে পারে না? তারা তা দেবে না। যাতে মারামারি হয় একটা গোলমাল বাধে এবং সেইরকম হলে যাতে তাদের পকেটে কিছু টাকাপয়সা আসে সেই-রকম মনোভাব নিয়ে তাঁরা চলছেন, এবং এইখানেই ঐ শীশ মহম্মদ সাহেবের দল আমাদের বিরুদ্ধে কিছু বলবার সুযোগ পাচ্ছে। আজকে আমাদের সরকারী প্রচেষ্টা সব ব্যর্থ হয়ে যাচ্ছে ঐ সরকারী কর্মচারীদের কার্যকলাপের দ্বারা। এমন কি মন্ত্রিসভার সদস্যারা হেয় প্রতিপন্ন হয়ে যাচ্ছে। যে সমস্ত ভাল ভাল আইন করা হচ্ছে সেগুলি ইমপ্লি-মেন্টেসনের ক্ষেত্রে দেখা যাচ্ছে সেগুলি সব বানচাল হয়ে যাচ্ছে। আজকে আমরা যে শপথ নিয়েছি ইন্দিরা গান্ধীর নেতৃত্বে গরীবী হটাও সেখানে এইসব বর্গাদারদের আমরা বাঁচাতে পারছি না। যারা ভোর চারটা থেকে কাঁধে লাঙ্গল নিয়ে চাষ করছে—মাথার ঘাম পায়ে ফেলে তারা রাত্রে ফিরে এসে একটা বিছানা পর্য্যন্ত পায় না, তাদের স্ত্রীর পরনে কাপড় থাকে না, তাদের না আছে পথ্য, না আছে ঔষধ। আজকে জোতদারদের কাছ থেকে জমি উদ্ধারের ক্ষেত্রে যে সমস্ত সরকারী আইন তৈরী করা হচ্ছে সেগুলি ইমপ্লি-মেন্টেসনের ক্ষেত্রে দেখা যাচ্ছে তারা ফাঁকি দিয়ে চলে যাচ্ছে। আমরা যে শপথ নিয়েছিলাম আমাদের প্রধান নেতৃ ইন্দিরা গান্ধী যে শপথ নিয়েছিল যে বর্গাদারদের আমরা রক্ষা করবো—সেই শপথ আমরা রক্ষা করতে পারছি না। তাই আমি মন্ত্রী মহাশয়কে বলবো এদিকে তিনি যেন বিশেষভাবে সজাগ দৃষ্টি রাখেন। ইরিগেসনের ব্যাপারে দেখা গেছে ইরিগেটেড এরিয়ায় তিনগুণ খাজনা আমরা বাড়িয়েছি। আমরা দেখেছি কোন কোন জায়গায় জল ঠিকমত যায় নি অথচ জলের কর প্রদানের জন্য চাষীদের উপর নোটিশ করে দেওয়া হচ্ছে। এই অবস্থা হয় তাহলে অফিসারের কি প্রয়োজন? কেন অফিসাররা এইসব জিনিস লক্ষ্য করেন না। এটা তাদের ইমপ্লায়েড ডিউটি। তাই আমি মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করবো আমরা যে সমস্ত আইন তৈরী করছি তার ইমপ্লিমেন্টেসনের ক্ষেত্রে সরকারী কর্মচারীদের যে ভূমিকা সেইদিকে তিনি যেন সতর্ক দৃষ্টি রাখেন। এই আবেদন জানিয়ে এই আইনের যে উদ্দেশ্য তা যথাযথ সার্থক করার জন্য ইমপ্লিমেন্টেসনের ক্ষেত্রে সরকারী কর্মচারীদের উপর বিশেষ দৃষ্টি রাখার অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Saktipada Maji :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি সৎব্যবহার, ও ভূমি রাজস্বমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস্ (এ্যামেন্ডমেন্ট) বিল যেটা এনেছেন আন্তরিকভাবে আমি তা সমর্থন করছি। আমাদের মন্ত্রী মহাশয় ও মন্ত্রিসভা জমিকে সৎব্যবহার করার জন্য আন্তরিক-ভাবে যে সমস্ত আইন প্রণয়ন করছেন সেই আইনগুলি যদি ঠিকমত কার্য্যকরী না হয় তাহলে সেটা খুবই বেদনাদায়ক। আজকে যে এ্যামেন্ডমেন্ট অনুমোদনের জন্য আনা হয়েছে ১৯৫৫ সালে সেই আইন তৈরী হয়েছিল সে আইন কোথায় চলে গেছে এবং সেই

আইনের ফাঁকে জোতদাররা জমি চুরি করে রাখছে বিচ্ছিন্নভাবে সরকারী আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছে। তাই এই আইন আনা হয়েছে। ফলের বাগান সিলিংয়ের মধ্যে ছিল না। আজকে এই আইনের মাধ্যমে কতখানি ফলের বাগান রাখতে পারা যাবে তা এই আইনে নির্দিষ্ট করে রাখা হয়েছে এবং যাতে অনুমতি ব্যতিরেকে এগুলি অন্য কাজে না লাগায় তারজন্য এই এ্যামেন্ডমেন্টের মধ্যে সেগুলি রয়েছে। যাতে ফলের বাগানের নাম করে জোতদাররা চাষের জমি ফাঁকি দিতে না পারে সেটা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। সেইজন্য আমি এই বিলকে সমর্থন করছি।

বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য আজকে একটি এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় অনেক মাননীয় সদস্য বলেছেন আমরা আইন করে দিচ্ছি, আইনের রূপান্তর বা বাস্তব ক্ষেত্রে প্রয়োগের অভাবে বর্গাদারদের স্বার্থ রক্ষা হচ্ছে না। স্যার, আমি ব্যক্তিগতভাবে জানি আমার কেন্দ্রে এই বছর এইরকম কান্ড হয়েছিল। সত্যিকারে যারা জমি চাষ করেছিল তারা তাদের মর্যাদা পায়নি, এক শ্রেণীর দালাল জে,এল,আর,ও অফিসে এসে তাকে ইনফ্লুয়েন্স করে, তার সঙ্গে হাত মিলিয়ে তাদের এগেনস্টে রিপোর্ট দিয়ে কোর্ট থেকে ১৪৪ ধারা জারি করে, বর্গাদারদের বিরুদ্ধে এ্যাকসান নেবার জন্য লড়েছিল। কিন্তু বর্গাদার কোর্টের রিপোর্ট পেয়ে ধান কাটার সুযোগ পেয়েছিল। সেই ধান কাটার সুযোগ তখন পেল যখন সব ধান কাটা শেষ হয়ে গেছে। এইভাবে বর্গাদার আইন প্রয়োগের অবিচারে তাদের স্বার্থ যদি রক্ষা করা না হয় তাহলে আমরা যতই আইন করি না কেন সেটা কিছুতেই কার্যাকরী হবে না। আমি তাই অন্যান্য মাননীয় সদস্যদের সুরে সুর মিলিয়ে বলব যে সমস্ত আইন প্রণয়ন করা হয়েছে বা যে সমস্ত সংশোধনী আনা হচ্ছে সেগুলি যাতে কার্যকরী হয় সেদিকে দৃষ্টি রাখবেন। ১৯৭২ সালে যখন খাজনা বৃদ্ধির প্রস্তাব আনা হয়েছিল তখন সেই বিলকে আমরা পাশ করেছিলাম। তাতে সেখানে খাজনা বৃদ্ধি করা হয়েছে। সেই সময় আমি উল্লেখ করেছিলাম বাঁকুড়া, পুরুলিয়ার মাটি অন্যান্য জেলার মত নয়। সেখানে সেচের সুবিধা নেই, বিশেষ করে উত্তর বাঁকুড়ার মাটির ন্যাচারাল ক্ষমতা নেই। সেখানে উৎপাদন ক্ষমতা খুব অল্প, সেখানকার খাজনার হারটা সংশোধনের কথা বলেছিলাম। যাই হোক, আজকের এই বিলের মধ্যে সে বিষয়ে কোন কথা নেই, সেটা যেন বিবেচনা করা হয় এবং পরবর্তীকালে এই সমস্ত সংশোধনী যাতে আনা সম্ভব হয় সেটা একটু চেষ্টা করে দেখবেন। এই কথা বলে আমি আর একবার বিলটিকে সমথন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sakti Kumar Bhattacharjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী বে বিল এনেছেন সেই এ্যামেন্ডমেন্ট বিলের পরিপ্রেক্ষিতে মাননীয় বিশ্বনাথ মুখার্জী কিছু কিছু এ্যামেন্ডমেন্ট যে নিয়ে এসেছেন আমি এই দুটোকেই সমর্থন করে আমার বক্তব্য রাখার চেষ্টা করছি। বিলের ৩নং ধারায় সেচ এলাকা, অসেচ এলাকার যে প্রশ্নটি এসেছে—অনেক সদস্য বলে গেছেন যে সেচ এলাকা, অসেচ এলাকা আগে নির্দ্ধারণ হওয়া দরকার। এটা যদি নির্দ্ধারণ না হয় তাহলে অনেক চাষী ক্ষতিগ্রস্ত হবেন। আজকে সামগ্রিক আইনটাই বর্গাদারদের মূল বিষয়েই বেশীর ভাগ সীমাবদ্ধ। বর্গাদাররা চারিদিক থেকেই অত্যাচারিত হচ্ছে বহুদিন যাবৎ, তাদের রক্ষা করবার জন্য চেষ্টা চরিত্র হচ্ছে বটে, কিন্তু আইন করতে গিয়ে আইনের ভিতর এমন কতকগুলি ফাঁক থেকে যাচ্ছে সেই ফাঁকের মাঝখানে বর্গাদাররা প্রতিনিয়তই উচ্ছেদ হয়ে যাচ্ছে। আমাদের মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী যে চেষ্টা করছেন না, সেকথা আমি বলতে চাই না। তিনি বহুবার চেষ্টা করছেন, কিন্তু আইনের মধ্যে কিছু কিছু ফাঁক থেকেই যাচ্ছে, সেটা বন্ধ করা দরকার এবং বিশ্বনাথ মুখার্জী যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেইজন্য আমি এই দুটোকেই সমর্থন করছি। বর্গাদাররা যেভাবে অত্যাচারিত হয়—বর্গাদাররা যখন রেকর্ড করাবার দরখাস্ত করেন তখন বর্গাদারদের রেকর্ড করানো নিয়ে জে,এল,আর,ও সাহেবের গাফিলতি বা জমির মালিক শ্রেণীর ঘেঁষা নীতির জন্য তাকে অনেকখানি ব্যাহত করছে। বর্গাদাররা দরখাস্ত করেছেন রেকর্ড

করানোর জন্য, আমরা অনেক নির্দেশ দিয়েছিলাম কিন্তু আজ পর্য্যন্ত সেটা রেকর্ড করানো হচ্ছে না এবং ধানাই পানাই করে ঘোরান হচ্ছে। আমার হরিণঘাটা এলাকায় জে,এল,আর, ও সাহেব বর্গাদারদের রেকর্ড করাতে নিরুৎসাহিত করছেন এবং জমির মালিকদের তিনি সাহায্য করছেন।

[6-30—6-40 p.m.]

এ জিনিষটা বন্ধ হওয়া দরকার। বর্গাদার রেকর্ড করার জন্য দরখাস্ত হচ্ছে। জে,এল, আর,ও অফিস থেকে ইন্সপেকসান করা হচ্ছে এবং খবরাখবর করা হচ্ছে, এমন সময় জমির মালিক গিয়ে থানা অফিসারের কাছে নালিশ করছে। থানা থেকে অফিসার নিয়ে গিয়ে উচ্ছেদ করার জন্য বর্গাদারদের হুমকি দেওয়া হচ্ছে। কাজেই পুলিশের এই যে অত্যাচার এটার দিকে দৃষ্টি দেওয়া দরকার এবং পুলিশ যাতে বর্গাদারদের সাহায্য করে তারজন্য পুলিশকে বাধ্য করা দরকার। বর্গাদার উচ্ছেদ করার জন্য হাইকোর্ট বা জজ্‌কোর্ট বা অন্যান্য কোর্টে মামলা করা হয়, বর্গাদার মামলা স্থগিত থেকে যায় হাই-কোর্ট-এ তার ইনজাংসান জারী হয়ে যায়। এইরকম ইনজাংসান অনেক জায়গায় জারী হয়েছে সেকথা অনেক সদস্য বলেছেন। আমি শুধু আমার নিজের এলাকার একটা ঘটনার কথা বলবো। আমার এলাকায় মথুরা বলে একজন বর্গাদারকে উচ্ছেদ করার জন্য জমির মালিক কোর্ট-এর আশ্রয় নেয়। কোর্ট-এর আশ্রয় নেওয়ায় মামলা চলছে। আর জে,এল,আর,ও-এর যে বর্গাদার মামলা সেটা স্থগিত রয়েছে, আর জজ্ কোর্ট-এর মামলায় তাকে উচ্ছেদ করার চেষ্টা চলছে। অপরদিকে অন্যান্য জেলা যেমন ভাংগর থানায় দেখা যাচ্ছে সমীর সরকার, প্রদীপ সরকার বর্গাদার উচ্ছেদ করেছেন। ১০ বছর আগে বর্গাদারের বিরুদ্ধে হাইকোর্ট-এ ইনজাংসান জারী করেছেন, ২২৬ ধারা প্রয়োগ করেছেন। ১০ বছর আগে ৬ শত বিঘা জমির মালিক, তিনি চাষ করছেন এবং আজকে ইনজাংসান-এর ফলে সেখানে মস্ত বড় একটা মাছের ভেড়ী তৈরী করেছেন, সেখানে চাষাবাদ উঠে গেছে। এইরকম ধরণের অনেক দৃষ্টান্ত দিতে পারি যাতে বর্গাদার উচ্ছেদ হচ্ছে। তাই, যাতে বর্গাদার উচ্ছেদ বন্ধ হয় সেজন্য ঐ ধারাটা রয়েছে সেটা একটু পাল্টে দিয়ে যাতে হাইকোর্ট বা অন্য কোন কোর্ট-এর সাহায্য না নিতে পারে জমির মালিক তার ব্যবস্থা করা দরকার। আর শেষ কথা হচ্ছে, ঐ যে জমির খতিয়ান, এই খতিয়ান সম্পর্কে একটু চিন্তাভাবনা করা দরকার। আপনি বলছেন যে, জমির খতিয়ান—একটা মৌজায় একটা খতিয়ান একটা রায়তের থাকবে। কিন্তু এতে অসুবিধা হবে যাতে করে জমি খুঁজে পাওয়া যাবে না তার সিলিং বহির্ভূত জমি। কাজেই প্রতিটি রায়তের জন্য একটা খতিয়ান কিম্বা সেই খতিয়ানে প্রত্যেক রায়তের পিছনে কার কোন্ কোন্ খতিয়ানে জমি আছে সেটা উল্লেখ থাকা দরকার। এই বিষয়ে আপনি একটু দৃষ্টি দেবেন তাহলে অনেক ভেসটেড ল্যান্ড সেটা খুঁজে পাওয়া সম্ভব হবে। শেষে একথা বলি—আইনের কথা বাদ দিয়ে আরো কয়েকটি কথা ভেসটেড ল্যান্ড ডিসট্রিবিউসান সম্বন্ধে বলি। সম্প্রতি দেখা গেছে যে এ্যাডভাইসরি কমিটি যখন ভেসটেড ল্যান্ড ডিসট্রিবিউট করতে যাচ্ছেন এবং কিছুটা সুষ্ঠুভাবে করবার চেষ্টা করেছেন। যদিও বাধাবিঘ্ন অনেক এসেছে তাদের বিলি করার ভিতর দিয়ে। সম্প্রতি চাকদাহের জে,এল,আর,ও-তে একটা নোটিশ গেছে যে প্রাইওরিটি লিষ্ট করতে হবে ভূমিহীনদের মধ্যে। সেই প্রাইওরিটি লিষ্ট-এ সিডিউল্ড কাষ্টদের অগ্রাধিকার থাকবে। সেই অগ্রাধিকার অনুযায়ী যে প্রাইওরিটি লিষ্টটা জে,এল আর,ও অফিস তৈরী করবেন তাকে এ্যাডভাইসরি কমিটিকে সমর্থন করতে হবে এবং এ্যাডভাইসরি কমিটি অনুমোদন করে দেবেন এবং যখন জমি বিলি হবে তখন ঐ প্রাইওরিটি অনুযায়ী ১,২,৩ ইত্যাদি করে জমি বিলি হবে। এতে এতদিন ধরে যেভাবে জমি বিলি হয়েছিল তাতে যে অসুবিধার সৃষ্টি হয়েছিল, এই অসুবিধায় কি করে সম্ভব হয়েছে। এই যে প্রাইওরিটি লিষ্ট তৈরী করার যে সারকুলার, সেটা আমি দেখলাম যে হরিণঘাটা ব্লকে যায়নি, চাকদহ ব্লকে গেছে। কিন্তু অন্যান্য ব্লকে গেছে কিনা আমি বলতে পারিনা। কিন্তু এইরকম একটা বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি করেছে এবং এটা সৃষ্টি হবার দরুন সেদিন এ্যাডভাইসরি কমিটি চাকদহ এলাকায় কোন কাজ করতে পারেনি,

কাজ বন্ধ করতে বাধ্য হয়েছে। তাই, মাননীয় মন্ত্রীমহাশয়কে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য এবং প্রতিকার করার জন্য সুষ্ঠুভাবে যাতে জমি বিলি করা যায় তারজন্য আমি অনুরোধ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jokhi Lal Mondal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন সেটাকে আমি সমর্থন করে বলতে চাই যে এই বিলে বাগান সংরক্ষণের কথা বলা হয়েছে এটা ঠিক, কিন্তু এই যে বাগানের একটা সিলিং বেঁধে দেওয়া হল ২ হেক্টরের বেশী বাগান রাখা যাবে না, এতে আমি মালদহ জেলার কথা বিশেষ করে বলতে চাই যে মালদহ জেলাতে আম বাগান একটা বিশেষ শিল্প বলে পরিচিত। এই যে ২ হেক্টরের কথা বলা হল এতে মালদহ জেলার অনেক আম বাগান নষ্ট হয়ে যাবে। সুতরাং এটা আরো কিছু বাড়িয়ে রাখা উচিত বলে আমি মনে করি। বিলে যে জিনিষটা বলেছেন যে বাগান হুকুম ছাড়া কাটা চলবে না বা পরিবর্তন করা চলবে না, এটা ঠিক হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৩(বি) সেকসনের কথা বলেছেন, যেটায় দার্জিলিং-এর ক্ষেত্রে কিছুটা ছাড় দেওয়া হয়েছে। আমি বলব মালদহের ক্ষেত্রেও অনেক জায়গায় যেটা ভাঙনের সম্মুখীন সেইসব ক্ষেত্রে এই নিয়ম চালু করা উচিত। আর একটা কথা বলব বিলে বলা হয়েছে ফাইন্যালি পাবলিশ্‌ড হয়ে যাবার পর কোন ব্যক্তি আদালতে যেতে পারবে না, আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করব। কেননা, এতে অনেক অফিসারের গলদ থাকে। তার ভুলের জন্য আমরা অনেক সময় সুবিচার পাই না। সেই ক্ষেত্রে কোর্টে যাবার অধিকার যদি বন্ধ করে দেওয়া যায় তাহলে যে অফিসার অবিচার করবেন তারজন্য রক্ষা কবচ হিসাবে আমাদের কিছু থাকল না। বিলে বর্গাদারদের কথা বলা হয়েছে। সবাই বলেছেন যে বর্গাদারদের সঙ্গে জোতদারদের বিরোধ হয়, এটা কিন্তু ঠিক নয়। অনেক সময় দেখা যায় বর্গাদার বর্গাদারের বিরুদ্ধে লাগে। সেই ক্ষেত্রে বর্গাদার এবং বর্গাদারের মধ্যে যে বিরোধ সেটা মীমাংসা করার কোন উল্লেখ নেই। এতে যে ভাগচাষী অফিসার এটা মীমাংসা করবেন এটা ঠিক নয়। এই ব্যাপারে আমার মনে হয় জনপ্রতিনিধি এবং অফিসার এবং অন্যান্য কয়েকজন মিলে যদি একটা কমিটি করে দেওয়া যেত তাহলে ফল ভাল হত। কারণ, অফিসারের উপর সম্পূর্ণ নির্ভরশীল হয়ে থাকা উচিত নয়। সেই ক্ষেত্রে কোর্টে যাবার অধিকার যদি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয় তাহলে প্রপার্টি রাইটকে খর্ব করা হবে এবং আমরা সুবিচার পাব না। আর একটা কথা বলতে চাই। পার্ট ভেস্টেড কথা যেটা বলা হয়েছে সেটা আমার মনে হয় কোন রায়তী এটা আপত্তি করবে না। যদি মনে করা যায় কিছু জমি ভেস্টেড হয়েছে সেই ভেস্টেড জমিটা সমগ্র জমি থেকে বলা যদি হয় যে কোন একটা বিশেষ প্লটে কিম্বা নিজের ইচ্ছামত যদি দিয়ে দেয় তাহলে ভাল হত। ধরুন ৫ বিঘা জমি ভেস্ট হয়েছে, যেকোন জায়গা থেকে রায়তী ইচ্ছা করলে ৫ বিঘা জমি দিয়ে দিতে পারে। এটা করলে আমার মনে হয় আরো ভাল হয়। মন্ত্রী মহাশয় এর আগে যখন বিলটা এনেছিলেন তখন তিনি বলেছিলেন যে কম্প্রিহেনসিভ বিল এনে ভূমির ব্যাপারে যে গলদ আছে সেটা দূর করবেন। ১৯৭৪ সালে তিনি সংশোধন আনলেন, কিন্তু এখনও কম্প্রিহেনসিভ বিল তিনি আনতে পারেন নি। ১৯৫৩ সালে যে আইন পাশ হয়েছে, তারপর অনেক সেটেলমেন্ট হল আবার একটা সেটেলমেন্ট আসছে, শুনছি তাতে ভূমি সমস্যার কোন সমাধান হচ্ছে না। আমার মনে হয় একটা কমিটি বসিয়ে একটা কম্প্রিহেনসিভ বিল আনুন এবং তাতে এমন কতকগুলি ব্যবস্থা নিন যাতে জোতদার যেন ভূমি চুরি করতে না পারে এবং ভূমি সম্পর্কে যে বিতর্কের সৃষ্টি হয়েছে সেটা কেটে যাবে। ১৯৭২ সালে যখন আমরা এখানে এসেছিলাম তখন সহরের সম্পত্তির উপর একটা প্রস্তাব পাশ করে নেওয়া হল। আমরা এখানে আশ্চর্য হয়ে যাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমার মনে হয় ভূমিতে দুনিয়ার যত বেশী ইনকাম এবং সহরে যারা সম্পত্তি রেখেছেন আজ পর্যন্ত সে সম্বন্ধে কিন্তু কোন বিল পাশ করা হল না। লক্ষ লক্ষ টাকা ইনকাম করছে তার উপর কোনরকম বিল আনা হচ্ছে না।

[6-40—6-50 p.m.]

এরা মফঃস্বলের যে সমস্ত জোতদার আছেন তাদের চেয়ে অনেক বেশী টাকা করেছেন। আমার মনে হয় এটা ঠিক নয়, তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনি

শহরের সম্পত্তিকেও এই বিলের আওতার মধ্যে নিয়ে আসুন তা নাহলে আমার মনে হয়, ভূমি চোর যারা নয় সেই সমস্ত ভূমির মালিক যাদের সিলিং-এর মধ্যে ভূমি আছে তাদের উপর অন্যায় করা হবে। কলকাতায় ৭০ হাজার টাকা কাঠা বিক্রি হয় আর আমাদের এলাকায় একটা সিলিং-এর দামও ৭০ হাজার টাকা নয়। একজন সিলিং-এর মালিক তার জমি থেকে সারা বৎসরের মোটা ভাত আর মোটা কাপড় জোগাড় করতে পারেনা। আর কলকাতায় এক কাঠা জমি রেখে আরামে খাচ্ছে, এর বিচার চাই, তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি এটা দেখুন। তারপর খাজনা যেটা ধরা হয়েছে আজকে সেটার কোন ভিত্তি নেই, অতীতকালে আকবরের আমলে বলা হয়েছিল জমির খাজনা হবে কিভাবে, না, জমির উর্বরতা অনুসারে। আজকে মালদহর অনেক জায়গা আছে বাকুড়ার হিল এরিয়া আছে যেখানে উৎপাদন খুবই কম, সেখানকার খাজনা হচ্ছে বর্ধমানের জমির সংঙ্গে একইরকম। আজকে মালদহ জেলার বর্ধমানের সংঙ্গে তুলনা হতে পারেনা, মুর্শিদাবাদের সংঙ্গে বা হুগলীর সংঙ্গেও তুলনা হতে পারেনা। মালদহ জেলার ৭০ বিঘা জমি সমান বর্ধমান বা হুগলী জেলার ১০ বিঘা জমি এবং এই খাজনাটা যদি জমির উৎপাদনের ভিত্তিতে করা হয় তাহলে ঠিক হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে—কারণ আপনি আমাকে বেশী সময় দিয়েছেন, আমার বক্তব্য শেষ করছি।

Shri Gurupada Khan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গভীর মনোযোগের সংগে আমি এই বিধান সভায় আমাদের মাননীয় ১৮ জন সদস্যের বক্তব্য শুনেছি। অধিকাংশ বক্তাই আমার আনিত এই যে বিধেয়ক এটাকে সমর্থন করেছেন। কেউ কেউ একটু একটু, যদিও তা জোর দিয়ে নয়, সমালোচনা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা কথা পরিস্কার হয়ে যাচ্ছে যে মোর্চা সম্বন্ধে আমাদের অনেক আলোচনা হচ্ছে, কিন্তু তবুও লক্ষ্য করছি যে মোর্চার বন্ধুদের সংগে আমাদের অন্তরের যে টান সেটা ঘুচে যায়নি এবং এটা লক্ষ্য করা যাচ্ছে। মোর্চা এখনো ঠিকই আছে, তা ভিন্ন বিশ্বনাথবাবুদের মত তেজস্বী বক্তা অত্যন্ত নরম সুরে বক্তব্য রেখেছেন এবং অনেক জায়গায় সমর্থন করেছেন, যা আগে দেখা যায়নি।

সেজন্য আমি আমার মোর্চার বন্ধুদের আপনার মাধ্যমে ধন্যবাদ দিচ্ছি। যদি তাঁরা যে যে সমালোচনা বা আলোচনা করেছেন নিশ্চয় আমি তার উত্তর দেব। তার আগে তিমিরবাবু যে কথাগুলি বলেছেন আমাদের একজন সদস্য বন্ধু শিবশঙ্কর ভট্টাচার্য্য ওরফে গোরা তার ভাল উত্তর দিয়ে দিয়েছেন। তিমিরবাবু আমাদের বিলের যা বক্তব্য ছিল তার চৌহদ্দীর মধ্যে তাঁর ভাষণকে আবদ্ধ না রেখেই বলেছেন। তবুও প্রাসঙ্গিকভাবে তিনি যে কথাগুলি উল্লেখ করেছেন তার উত্তর দিচ্ছি। তিনি সারকুলেশনএর কথা বলেছেন। তাঁকে জিজ্ঞাসা করি তাঁর নিজের প্রতি তাঁর আস্থা আছে কিনা? জনগণের দ্বারা নির্বাচিত হয়ে তিনি এসেছেন এবং জনগণের মুখপাত্র হিসাবেই তিনি কথা বলেছেন। বলার অধিকার সমস্ত সদস্যদেরই আছে। যখনই ভূমি সংস্কার সম্বন্ধে আলোচনা হয় তখনই তিনি একথা বলেন যে আমাদের ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের সেকশন ১৫তে যে ধারা আছে সেটেলমেন্ট কর্মচারীরা সেগুলি মানেন না। তাঁকে আশ্বাস দিচ্ছি এ সম্বন্ধে কড়া ব্যবস্থা নেব, তবুও যদি কোন স্পেসিফিক অভিযোগ থাকে সেগুলি এখানে না বলে যদি আমাকে লিখে দিতেন তাহলে আমি ব্যক্তিগতভাবে দেখতাম। বিশ্বনাথবাবু কয়েকটা প্রশ্ন করেছেন। এর আগে তিনি সংশোধনী নিয়ে এসেছেন তাতে আপনি লক্ষ্য করবেন তিনি ক্লজ-4 তুলে দেবার চেষ্টা করেছেন। আমরা ক্লজ-4-এ দেখছি যা আছে তাতে ব্যক্তিগতভাবে বা একজন লোকের সুবিধা করার জন্য বা প্রভাবশালী লোকের তদ্বিরে আমরা এটা করিনি—জনসাধারণের উপকার করার জন্য যে সমস্ত প্রতিষ্ঠান আছে সেগুলি যাতে দীর্ঘদিন ধরে ওরা ভালভাবে জনসাধারণের উপকার করতে পারে তার একটা রক্ষা কবচের ব্যবস্থা করা হয়েছে। আমরা এখানে বলেছি কোন একটা ট্রাস্ট বা কোন একটা ইনস্টিটিউট যেগুলি রিলিজিয়াস বা চ্যারিট্যাব্‌ল পারপাস-এ তৈরী হয়েছে তাদের সম্বন্ধে বলা হয়েছে। আইনটা ফাঁকি দেবার জন্য ট্রাস্ট করার সুযোগ আমরা দিচ্ছিনা। ১৯৬৯ সালের ৭ই অগাস্ট যেদিন আমাদের ফ্যামিলী সম্বন্ধে আইনের কনসেপসন

হয়েছিল অর্থাৎ ৭ই অগাস্ট, ১৯৬৯-এর আগে পর্যন্ত যে সমস্ত ট্রাস্ট হয়েছে তারাই এই আইনের সুযোগ পাবে। তারপরে যদি কেউ ওইরকম ধরনের ইন্‌স্টিটিউট করে থাকে তাহলে এই আইনের সুযোগ পাবে না। অনেকে জানে যে এইরকম অনেক প্রতিষ্ঠান আছে ভারতবর্ষের বিভিন্ন জায়গায়—যদিও এই আইন আমাদের পশ্চিমবাংলার বাহিরে যাবে না—যেগুলি জমির উপরে নির্ভর করেই আছে। অনেক বদান্য ব্যক্তি এই জমিগুলি দান করেছেন যা দিয়ে কোথাও দাতব্য চিকিৎসালয় করা হয়েছে, কোথাও স্কুল করা হয়েছে কারীগরী শিক্ষা দেবার জন্য, বিভিন্ন রকমের জনসাধারণের উপকারের জন্য, তাদের নৈতিক মান উন্নয়নের জন্য এইসব প্রতিষ্ঠান হয়েছে এবং তারা কাজ করছে।

[6-50—7-00 p.m.]

আজকে যদি বিভিন্ন জায়গায় যে দাতব্য ধর্মীয় প্রতিষ্ঠানগুলি জনসাধারণের দ্বারা সমৃদ্ধ হয়ে গরীব জনসাধারণের উপকারে লাগছে তাদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে কেন্দ্রীয় যে বডি আছে তাকে একমাত্র দায়িত্ব দিয়ে দিতাম তাহলে এইসব প্রতিষ্ঠানগুলি যেগুলি জনসাধারণের কল্যাণ করবার জন্য সৃষ্টি হয়েছে বন্ধ হয়ে যেত। সেজন্য কারোর তদ্বিরে প্রভাবান্বিত হয়ে নয়, ব্যক্তিগত উপকার করবার জন্য নয়, জনসাধারণের কল্যাণ যাতে অব্যাহত গতিতে পরিচালিত হতে পারে তারজন্য রক্ষা কবচের ব্যবস্থা এখানে করেছি। এ্যামেন্ডমেন্ট নামবার ৬ থেকে ৮-এর মধ্যে অজিতবাবু, বিশ্বনাথবাবু, ওমরআলি সাহেব এটা অ্যামেন্ড করতে বলেছে শ্রদ্ধেয় অজিতবাবুর সঙ্গে আমার এই ব্যাপারে অনেক আলোচনা হয়েছে, তিনি এটাকে নতুন রূপ দেওয়ার চেষ্টা করেছেন। এই রকমভাবে একই দলের অন্তর্ভুক্ত হয়ে কেন এই রকম এ্যামেন্ডমেন্ট দিতে গেলেন আমি বুঝতে পারলাম না। অজিতবাবু যেকথা বলেছেন তাঁর সমস্ত সন্দেহের নিরসন ঘটিয়ে অজিতবাবুকে বলব তিনি যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন মূল বিলের সেকশান ২১ যেটা সংশোধন করতে চেয়েছি সেখানে আমরা কি বলেছি, বলেছি

If any question as to whether a person is or is not a Bargadar arises in the course of any proceedings before any Civil or Criminal Court, the Court shall refer it to the officer or authority.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সাধারণতঃ বর্গাদার সঠিকভাবে হলেও যখন কোন একজন জোতদার সেই বর্গাদারকে উচ্ছেদ করার জন্য ক্রিমিন্যাল অর সিভিল কোর্টে যায় তখন সেই জোতদার সেই বর্গাদারকে বর্গাদার হিসাবে নালিশ করেনা, ট্রেসপাস হিসাবে নালিশ করে, ফৌজদারী মামলা জুড়ে দেয়, টাইটেল সুট নিয়ে আসে, নানাভাবে জটিল আইনের মধ্য দিয়ে জোতদার বর্গাদারের বিরুদ্ধে ক্রিমিন্যাল কোর্ট, সিভিল কোর্টে মামলা দায়ের করে। কিন্তু যিনি বর্গাদার তিনি যদি এটা বলেন যে আমি বর্গাদার তাহলে সেটা যাচাই করবার জন্য আমি এখানে বলেছি

If any question as to whether a person is or is not a Bargadar arises in the Course of any proceedings before any Civil or Criminal Court, the Court shall refer it to the officer or authority mentioned in sub-section (1) of section 18 for decision.

আমরা আইন করে ঠিক করে দিচ্ছি যে এই ডিসিসান নিতে হলে কোর্টকে এটাকে রেফার করতে হবে অফিসার অথবা অথরিটির কাছে। বিশ্বনাথবাবু, অজিতবাবু সন্দেহ প্রকাশ করেছেন যে আইনের মধ্যে যদি এই বাইন্ডিংগুলি না দিয়ে দিই তাহলে সেই আইন মানতেও পারে, নাও মানতে পারে। আমরা বিধান সভায় যে আইন প্রণয়ন করেছি কোর্ট সেই আইন মানবে, সেইমত বিচার করবে। বিশ্বনাথবাবু যে সংশোধন নিয়ে এসেছেন সেই সংশোধন যদি তর্কের খাতিরে গ্রহণও করে নিই তাহলে সেই আইনও তো কোর্ট নাও মানতে পারে। কাজেই কোর্ট এছাড়া কোন ডিসিসান নিতে পারবে না। জোতদার যখন কোর্টে কোন একজন বর্গাদারের বিরুদ্ধে মামলা দায়ের করে তখন সেই মামলাটা করে ফৌজদারী বা ট্রেসপাসিং-এর, সেখানে সে বর্গাদারের উল্লেখ করবে না, কিন্তু বর্গাদার উপস্থিত হয়ে যদি বলে যে আমি বর্গাদার এজন্য আমার বিরুদ্ধে মামলা নিয়ে এসেছে,

তখন সেই মামলা কোর্টের আওতা থেকে ভাগচাষ অফিসারের কাছে বা অথরিটির কাছে যাবে ডিসিসানের জন্য। আমরা রুলস্ করে বলে দেব যে এত দিনের মধ্যে রিপোর্ট পাঠাতে হবে, এই এই প্রোসিডিওর তাঁকে পালন করতে হবে।

কাজেই তাঁদের মনের মধ্যে যে আশঙ্কা দেখা দিচ্ছে এবং আরও বেশী করে চাকুরী দিতে চাচ্ছেন সেগুলি আনবার কোন প্রয়োজনীয়তা নেই একথা আমি বিনয়ের সঙ্গে অজিতবাবু এবং বিশ্বনাথবাবুকে বলতে পারি। তারপর আর একটি কথা যা বলেছেন তা অত্যন্ত মারাত্মক। তাঁরা যে এ্যামেন্ডমেন্ট এনেছেন সেকসন এইট্ টিন-এ, ৭নং এ্যামেন্ডমেন্ট তাতে বলেছেন,

If there be any conflict of decision between the orders passed by the Bhagchas Officer and judgement passed by a Civil Court as to whether a person is a Bargadar or not, the order passed by the Bhagchas Officer shall have overriding effect upon the judgement of the Civil Court.

এটা কি করে হয়? একটা প্রপার্টি থাকতেই হবে। ভাগচাষ অফিসার একজন অধস্তন অফিসার কাজেই তিনি যেটা বলবেন সেটাই থাকবে এটা হতে পারেনা। তারপর, অজিতবাবু ৯নম্বর এ্যামেন্ডমেন্ট দেখুন,

In a Civil suit or Criminal case as soon as a Bargadar will appear in a Civil Court as a defendant or in a Criminal Court as an accused and raise the dispute as to the cultivation of the disputed land by him as Bargadar the jurisdiction of the Civil or Criminal Court will cease and the Civil Court or the Criminal Court shall at once refer the dispute to the Bhagchas Court to decide the dispute as to whether a person claiming to be a Bargadar is really a Bargadar or not.

আমি জিজ্ঞাসা করছি এপিয়ার হবার সঙ্গে সঙ্গেই যদি কোর্ট থেকে মামলা খারিজ হয়ে যায় তাহলে কি হবে? তাহলে তো কোর্ট বন্ধ করে দিতে হবে? শুধু বর্গাদার সংক্রান্ত ব্যাপারই হয়, আরও অন্যান্য ব্যাপারে শুধু কোর্টে গেছে, আইনের আশ্রয় নিয়েছে বা মামলা করেছে এক্ষেত্রে কিন্তু ল্যান্ড রিফর্মস্ এ্যাক্টে বর্গাদারের সঙ্গে আলোচনা করছি। বর্গাদার অপরাধ করলে মামলা খারিজ হবে এটা হতে পারেনা। কাজেই বর্গাদারকে এটা ঠিক করতে হবে। আমরা এই যে সংশোধনী এনেছি তাতে চাচ্ছি কে বর্গাদার সেটা আগে ঠিক করতে হবে এবং সেটা না হওয়া পর্যন্ত কোর্টে কোন ডিসিসন হতে পারবে না। আমরা দেখেছি অনেক জোতদার হঠাৎ কোর্টে গিয়ে ইনজাংসন নিয়ে নিচ্ছে এবং বর্গাদারকে উচ্ছেদ করছে এবং বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে। সেইজন্য আমরা বলেছি এটা কোর্ট বিচার করবে না, আমাদের যিনি ভাগচাষ অফিসার রয়েছেন, জে.এল.আর.ও রয়েছেন তাঁদের রিপোর্টের উপর নির্ভর করে কোর্টকে ডিসিসন নিতে হবে।

Shri Timir Baran Bhaduri :

তার বিরুদ্ধেই তো আমাদের এ্যামেন্ডমেন্ট।

Shri Gurupada Khan :

কাজেই অজিত বসু যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা ছোট আকারে থাকলেও আমি মনে করি তাঁর সমস্ত আশঙ্কা এটা দ্বারা দূর হবে। তারপর, বিশ্বনাথবাবু এবং ওমর আলি যেটা এনেছেন এ্যামেন্ডমেন্ট নং ১০—১২ তাতে বলছেন,

If any Civil or Criminal Court in a case when in course of proceedings any question over whether a person is a Bargadar or not passes an order or a judgement against a person claiming to be a Bargadar without referring the question whether, the person is Bargadar or not to the officer or authority mentioned in sub-section (1) of section 18 or disregarding the decision made by such officer or authority that such an order or a judgement shall not be deemed valid and shall not be binding on the person concerned.

এটা সম্ভব হতে পারেনা। কারণ কোর্টে কি হচ্ছে না হচ্ছে সেটা না দেখা পর্যন্ত আমরা যদি আইন করে দেই তাহলে কি করে হবে? মনে করুন এমনও হতে পারে, কোর্টে গিয়ে কেউ বলল আমি একজন বর্গাদার বা কোথা থেকে একটা রিসিট সংগ্রহ করে বলল আমি বর্গাদার, তাহলে তো ন্যায় বিচার হবে না। যাঁদের উপর আমরা ক্ষমতা দিচ্ছি সে বর্গাদার কিনা সেটা ঠিক করবে তাঁদের কাছ থেকে যতক্ষণ পর্যন্ত না আমরা ইনফর্মেসন পাচ্ছি এবং জ্ঞাতব্য বিষয় কোর্টে রেফার্ড না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কে বর্গাদার এটা ঠিক করা কণ্টকর হবে বলে আমি মনে করি।

[7-00—7-10 p.m.]

আর কটা জিনিষ আমি বলছি অর আদারওয়াইজ ক্লজ ৬-এ কেন দিয়েছি—আমি কেন দিয়েছি বলেছেন বোঝার পক্ষে সুবিধা হচ্ছে না।

In section 18 of the said Act, after the words, brackets and figure referred to in sub-section (1) "the words or otherise" shall be inserted.

আপনি যদি মূল আইনটা দেখেন মাননীয় অধ্যক্ষ মহাশয়

If in deciding any dispute referred to in sub-section (1).

কিসে কিসে রেফার করা হয়েছে ডিভিসান(এ)

A division or delivery of land.

তারপর (এএ)

recovery of Produce under section 26(2).

তারপর (বি)তে

termination of cultivation by the Bargadar.

আমরা কি বলেছি অর আদারওয়াইজ কথাটা বলে আমরা কি বলতে চেয়েছি

If in deciding any dispute referred to in sub-section (1) or otherwise.

কিম্বা অন্য কোন ব্যাপারের জন্য যেমন একটু আগেই বলেছিলেন যে লোকটা বর্গাদার ছিল কিনা সে সম্বন্ধে যদি প্রশ্ন উঠে, কিম্বা বর্গাদারের মৃত্যু হবার পর বর্গাদারের ছেলে বর্গাদার হতে পারবে কিনা সে সম্বন্ধে যদি প্রশ্ন আসে এটা যদি অর আদারওয়াইজ এইটা যদি প্রশ্ন আসে সেটাকে বিচার করবার ক্ষমতা এখানে আমরা রেখেছি। এই জন্য অর আদারওয়াইজ এই ছোট্ট কথাটা আমরা এখানে রেখেছি। এখানে যে আমাদের চিন্তা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখলেন যে কেবল মাত্র এখানে

If in deciding any dispute referred to in sub-section (1).

মাত্র তিনটী জিনিষ আছে কি কি জিনিষ ডিভিশন অর ডেলিভারি রিকভারি অফ প্রডিওস আন্ডার সেকশান ২৬-এ যার জমি তাদের পক্ষ ন্যায্য, টারমিনেশান অফ কালটিভেশান বাই বর্গাদার। কিন্তু হোয়েদার হি ইজ এ বর্গাদার অর নট এই সমস্ত কোশ্চেন যদি আসে তাহলে এগুলি বিচার সংক্রান্ত আমরা রেখেছি বলেই বর্গাদারদের সুযোগ এবং সুবিধা আমরা আরও বেশী দিতে পারব বলে আমরা মনে করছি। স্যার, ক্লজ-৯ তার সম্বন্ধে কোন কোন বন্ধু আলোচনা করেছেন ক্লজ নাইনের সেকশান ৩৮ ছিল সেটী আমরা পরিবর্ত্তন করেছি। স্যার, আপনি ভাল করে নিশ্চয়ই লক্ষ্য করেছেন, আমাদের একটু মাননীয় সদস্য শিবশঙ্করবাবু বলেছিলেন যে এখন পর্যন্ত আমাদের যে আইন রয়েছে তাতে যে জমির স্বত্বভোগ করছিলেন সে জমিটা সেল করতে পারেন। আমরা এখানে কি চেয়েছি, সেই জমিতে শুধু নয় যদি আমাদের প্রয়োজন হয় তাহলে কোন অস্থাবর সম্পত্তি পর্যন্ত ক্রোক করে আমরা আদায় করতে পারব। দুটো কারণে—একটা কারণ হচ্ছে—পটভূমিকা আমাদের মনে রাখতে হবে। এই বিধান সভার সদস্যরা পাশ করেছেন ৩ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের আমরা খাজনা ছাড় দিয়েছি, মাননীয় সদস্যরা যার জন্য গর্ব অনুভব করেন। এর পর থেকে খাজনা আদায়ের জন্য আমাদের জোরদার চেষ্টা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিভিন্ন রকমের উন্নয়ন মূলক

পরিকল্পনাতে রাজস্ব আদায়ের জন্য যতটুকু আয় আমাদের পশ্চিম বঙ্গ সরকারের হয়—অর্থাৎ রাই কুড়িয়ে বেল, বিভিন্ন ভাবে আমাদের সম্পদ সংগ্রহ করতে হবে, সেই সম্পদ সংগ্রহে বাধা যারা সৃষ্টি করতে চাচ্ছেন, দেবার যাদের ক্ষমতা আছে তাদের কাছ থেকে আদায় করতে হবে। এই একটা উদ্দেশ্য, পরিস্কার ভাবে একথা জানাতে চাই। দ্বিতীয় প্রশ্ন কেন এটা করেছি—কোন একজন ব্যক্তির ১০ বিঘার জন্য একটা খাজনা নির্দিষ্ট করা আছে তার ১০০ টাকা খাজনা বাকী পড়েছে, তার ১০০ টাকার মূল্যের যে জিনিষগুলি আছে সেগুলি আমরা এ্যাটাচ্ করব তাহলে তার জমি বেচে যাবে। দুটো লাভ হল—অস্থাবর সম্পত্তি ক্রোক্ হবে বলে তাড়াতাড়ি সে দেবার চেষ্টা করবে দ্বিতীয় ঐ যে জমি ১০ বিঘা হউক ৫ বিঘা হউক সেই জমিটা তারই থেকে গেল সেগুলি এ্যাটাচ করতে গেলাম না। এইজন্য আমাদের এটা করতে হয়েছে। ওর পিছনে আমাদের যে উদ্দেশ্য রয়েছে তা নিশ্চয়ই সফল হবে। এইভাবে আমরা সারটিফিকেট করে আদায় করছি এবং পরোক্ষভাবে তাদের উপকার করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০নং ক্লজে ওয়ান ম্যান ওয়ান খতিয়ান সম্বন্ধে বিশ্বনাথবাবু একটা প্রশ্ন তুলেছিলেন আমি বিশ্বনাথবাবুকে এবং অন্যান্য সদস্য যাঁরা সন্দেহ প্রকাশ করেছেন তাঁদের পরিস্কার করে জানিয়ে দিতে চাই তাঁরা যে এ্যামেন্ডমেন্ট এনেছেন আমিতো পড়ে কিছু বুঝতে পারছিলাম না, অজিতবাবু এনেছেন তিনি লক্ষ্য করে দেখুন এটা কিছুতেই নেওয়া যেতে পারে না

If a Raiyat holds lands in more than one mauza then all lands held by such a Raiyat in different mauzas shall be mentioned in all the Khatians for such a Raiyat.

এত মুশকিল ব্যাপার। আমার যদি ১০টি মৌজাতে জমি থাকে তাতে ১০টি জায়গায় বিভিন্ন জেলাতেও থাকতে পারে, বিভিন্ন জায়গাতে আমাদের অফিসাররা সেটেলমেন্ট সুরু করবে, এস,ডি,ওরা যাবেন সেখানে সব কিছু জানাতে হবে এবং একটা খতিয়ান তৈরী হবে একটা মৌজার জন্যে। এ, বি, সি, ডি, ই করে প্রত্যেকটা খতিয়ানের প্রত্যেকটি মৌজার নাম লিখতে হয় ১০ বার করে, তাতে কোন লাভ নেই। দেখুন আমরা কি করতে চেয়েছি, আমরা একটা মৌজাতে একটা খাতিয়ান করবো। আপনি আপনার এ্যামেন্ড-মেন্টে যা বলেছেন দেখুন

If a Raiyat holds land in more than one mauza then all lands held by such a Raiyat in different mauzas shall be mentioned in all the Khatians for such a Raiyat.

মানে হল এ,বি,সি,ডি, করে ১০টি মৌজার যে খতিয়ান হবে যদি তাতে (এ) মৌজার যে খতিয়ান করবো তারপর আর ৯টাতে আমাকে এন্ট্রি করতে হবে, আবার (বি) যখন করবো তখন বাদবাকী ইনক্লুড করতে হবে। এটা করার কোন দরকার নেই। আপনি যেটা চাচ্ছেন আমিও সেটা চাচ্ছি। সেটা হচ্ছে এই ওয়ান মৌজা ওয়ান খতিয়ান কার্ড ইনডেক্স, একটা রায়তের একটা মৌজার একটা খতিয়ান আমরা করলাম তারপর তার উল্লেখ করে আমরা সমস্ত ওয়েষ্ট বেঙ্গলে একটা লোকের কত আছে সেটা আমরা করবো। মাননীয় অজিতবাবুকে বলে দিই যে আমরা আরো একটু এগিয়ে গিয়েছি, আমি চাচ্ছি এখনি একটি পরিবার যে মৌজায় তার জমি আছে সেই ষ্টেটমেন্ট আমি নিতে বলেছি, কতকগুলি ফর্ম আনিয়ে নিয়ে সেগুলি পাঠিয়ে দিয়েছি। একটা পরিবার বলতে আইনে যে ডেফিনিশন দেওয়া আছে সেই পরিবারের কত লোক-সংখ্যা এবং তারা কত জমি রাখতে পারবে সেটা আইনে আছে সেই পরিবারের কার কার নামে জমি আছে সেটা রেকর্ড করছি তারপর একটা কার্ড ইনডেক্স করে সমস্ত পশ্চিম বাংলায় একজিকিউটিভ অর্ডার করে পাঠিয়ে দেওয়া হবে। বিভিন্ন কাজের জন্য বিশ্বনাথবাবু যে কথা বলেছেন সেটা খাঁটি কথা, আমাদের যদি লেভি করার প্রয়োজন হয়, খাজনার জন্য এটা প্রয়োজন হয়, সিলিং-এর জন্য প্রয়োজন হয়, বিভিন্ন কারণে বিভিন্ন জিনিসে রূপ দেবার জন্য আমাদের এটা প্রয়োজন হচ্ছে কাজেই এই রকম করার আমাদের নিশ্চয়ই একটা উদ্দেশ্য আছে এবং শুধু এটা ওয়ান ম্যান ওয়ান খতিয়ান নয় আমরা এখন থেকে গ্রাউন্ড ওয়ার্কটার প্রিপারেশন নিচ্ছি, আমার এখন থেকেই আসল যে ভিত্তিটা সেটা করতে সুরু করে দিয়েছি।

সেটেলমেন্টে আমরা ফ্যামিলি বেসিসে এখন থেকে সেটেলমেন্ট করে নেবার চেষ্টা করছি। যাতে ভবিষ্যতে ফ্যামিলি বেসিসে কার্ড ইনডেক্স করবার জন্য কোন অসুবিধা না হয়। কাজেই অজিতবাবুকে বলছি তিনি যেটা ভাবছেন আমরা নিশ্চয়ই সেটা ভাবছি এবং অনেকখানি তার জন্য আমরা এগিয়েও গিয়েছি মোটামুটি তাঁরা যে এ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন সেই সমস্ত এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে আমি আলোচনা করলাম। আর অনেকে যে সব প্রশ্ন তুলেছিলেন তার মধ্যে সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে যে আমরা কমপ্রিহেনসিভ বিল আনছি না কেন, আমরা কেন এখানে ভূমি সমস্যার বিভিন্ন দিকগুলি নিয়ে উল্লেখ করে যাতে আর কোন প্রশ্ন না আসে সেইভাবে বিল করছি না কেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন অনেক দিন থেকে অনেক বড় বড় ল'ইয়ার এই বিল প্রণয়ন করেছেন তবুও এর এ্যামেন্ডমেন্ট প্রয়োজন হয়েছে। আমরা ভূমি সংস্কার সম্বন্ধে যা করছি, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আপনার মাধ্যমে নিবেদন করতে চাই আমাদের এই মন্ত্রীসভা—আমি আগেও এই বিধানসভায় ঘোষণা করিছিলাম, ল্যান্ড কমিশন আমরা এখানে গঠিত করবো। আমরা এই মন্ত্রীসভা সেটাকে অনুমোদন করেছি। এখন তার যে টার্ম্স অব রেফারেন্স সেগুলি আপনার মাধ্যমে বিধানসভায় উল্লেখ করে দিতে চাই। এটা বাইরের প্রচারের প্রয়োজনীয়তা আছে। এই মন্ত্রীসভা ভূমি সংস্কার সম্বন্ধে কি বিবেচনা করছেন, কোন প্রগতিশীল পথে তাঁরা এগিয়ে যাচ্ছেন আপনি যদি এইগুলি শোনেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাহলে বুঝতে পারবেন আমরা যে টার্মস অব রেফারেন্স দিয়েছি,

[7-10—7-20 p.m.]

এক নম্বর হচ্ছে—

To evaluate the achievement so far made in implementing various land reform measures, sort out different problems and bottlenecks and suggest remedial measures, including streamlining of administrative machinery and involvement of beneficiaries in implementation.

আমরা চাই যারা বেনিফিসিয়ারিজ তাদের আমরা ইনভল্‌ভ করব। সত্যিইতো যাদের উপকারের জন্য করতে যাচ্ছি তাদের যদি আমরা বিরোধী হই জোতদার হয়ে তাহলেতো আমরা তাদের কোন উপকার করতে পারব না। সেজন্য যাদের উপকারের জন্য এটা করতে যাচ্ছি তাদের আমরা ইনভল্‌ভ করবো।

দু নম্বর হচ্ছে—

To examine how landless cultivators are utilising the vested lands settled with them and to what extent such lands are going out of their hands to big land owners and Mahajans and suggest remedial measures, if any, required.

অনেক সময় প্রশ্ন উঠেছে, বিশ্বনাথবাবুও বলেছেন, অনেক আরও সদস্য বলেছেন যাদের আমরা ল্যান্ড দিচ্ছি, সেই ল্যান্ড বিক্রী করে দিচ্ছে, আমাদের এটা ভালভাবে দেখা দরকার। সুতরাং একটা তদন্ত হয়ে যাক্।

তিন নম্বর হচ্ছে—

To examine how far the Bargadars have been able to avail themselves of the rights already conferred by Law and suggest measures for ensuring full enjoyment of the rights.

আমরা জানি, ৭৫ ভাগ ফসলের ভাগ কজন পাচ্ছে? যে রাইট দিচ্ছি আইনে, তা বাস্তবে কজন পাচ্ছে? সেই কারণে রাজনৈতিক আবহাওয়া সৃষ্টি করবার চেষ্টা করেছি। আমরাতো মুখে বড় বড় সমাজতন্ত্রের কথা বলি, আমি প্রত্যেককেই বলি যে নূতন রাজনীতিক আবহাওয়ার সৃষ্টি করতে হবে। মাননীয় সদস্য তিনি যে কোন দলেরই হোন না কেন, নিজের স্বার্থে যখন আঘাত লাগে তখন কতখানি আমরা এগিয়ে যাই সেটা চিন্তা করতে হবে, আজকে স্বার্থেও আঘাত লাগলেও এগিয়ে যেতে হবে। কেন না বর্গাদাররা চিরদিন নিপীড়িত হয়ে আসছে, তাদের পাশে আমাদের সকলের এক সঙ্গে একযোগে দাঁড়াতে হবে। আমরা এটা জানি যে বর্গাদাররা আজকে বিভিন্ন কারণে, জোতদারদের ভয়ে পিছিয়ে যাচ্ছে। কজন গিয়ে জোতদারদের পাশে দাঁড়িয়েছে এই প্রশ্ন জিজ্ঞাসা করছি। একবার আমি নিজে চন্ডীতলা বলে একটা জায়গায় গিয়েছিলাম, গিয়ে সেখানে যুবকদের কাছে আবেদন করে-ছিলাম বর্গাদারদের ডেকে নিয়ে আসুন, আমি মন্ত্রী এসেছি, আমি সামনে থেকে তাদের

রেকর্ড করিয়ে দিয়ে যাব। কিন্তু দুঃখের কথা, কোন সাড়া পেলাম না। এই যে ভাব এটার পরিবর্তন করতে। মুখে বলব নিম্নশ্রেণী, অধঃপতিত হয়ে যারা রয়েছে তাদের বড় করে তুলব, কিন্তু কাজের বেলায় সকলে মন লাগিয়ে কাজ করতে পারছি না। কিন্তু দায়িত্ব আমাদের সকলের, অজিতবাবুর যেমন দায়িত্ব তেমনি আমাদের দায়িত্ব। আজকে আইনে যদি কোন দোষ ত্রুটি থাকে, সে সম্বন্ধে আমি এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে বলছি ভাল আইন আমরা প্রণয়ন করব, আইনের দিক থেকে জোতদারদের সমর্থনে যাতে কিছু না থাকে সেটা দেখব, আইন যাতে বর্গাদারদের পক্ষে যায়, ফেবারে যায় তার জন্য নিশ্চিত আইন প্রণয়ন করব এবং আমরা সেজন্য মন্ত্রীসভা থেকে সব সময় উদগ্রীব হয়ে রয়েছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে চার নম্বর টারম্‌স অব রেফারেন্স যেটা অত্যন্ত সুদূরপ্রসারী। এর ফলে লক্ষ্য করে দেখুন আমরা নূতন ধরণের আইন আনতে যাচ্ছি,

To examine the question whether the Bargadars should be made owners of the land they cultivate and the implications of such a measure on the small Raiyats who are incapable of cultivating their lands personally.

আমাদের সমাজের চার দিকে লক্ষ্য করতে হবে। এই বিধানসভায় আমরা সকল স্তরের লোক এসেছি, সব দিক আমাদের দেখতে হবে। যারা দুঃখী, দরিদ্র সব মানুষের দিকে লক্ষ্য রাখবার জন্য কমিশন্‌কে বলছি এবং তাদের লক্ষ্য করতে বলেছি। অনেকে বললেন আমাদের এম,এল,এ'দের মধ্যে, পাঞ্জাব, হরিয়ানায় সফল হয়েছে, আমরা তাদের সঙ্গে যোগাযোগ রাখছি, কেমন হয়েছে না হয়েছে, আমরা সেটা এখানে দেখতে চাই।
তারপর পাঁচ নম্বর—

To examine whether consolidation of holding should be made compulsory having regard to the fact that a large majority of the cultivators have not got enough land to consolidate, and if consolidation of holding is to be made on a compulsory basis whether such consolidation should be made on the basis of ownership holding or operational holding.

নেকস্‌ট আমরা এটাকে করেছি। এখন যেভাবে সেটেলমেন্টের কাজ করছি, তার মধ্যে এর কথা নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন—আমার বাজেট বক্তৃতার সময় বলেছিলাম—আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অত্যন্ত আন্তরিক প্রচেষ্টা ও দিল্লীতে বার বার দৌড়াদৌড়ি ও যাতায়াতের ফলে, যা ভারতবর্ষের কোন রাজ্যে সম্ভব হয়নি, আমরা এই সেটেলমেন্টের ব্যয় নির্বাহের জন্য ২২ কোটী টাকা পঞ্চম পরিকল্পনার কালে পেয়েছি। এ ব্যাপারে বহু খরচ, বহু সময় এবং বহু লোক নিয়োগ করতে হয়। আমরা এমন একটা সেটেলমেন্ট করতে যাচ্ছি, এমন একটা সিস্‌টেমের মধ্যে আনতে চাচ্ছি—যে সিস্টেমের মধ্য দিয়ে যে আধুনিকিকরণের কথা আমরা বলে থাকি, সেই আধুনিকিকরণের কাজ আপনা থেকে হতে থাকবে। আমাদের যে কর্মচারী বাহিনী থাকবে তাঁদের দ্বারা,

To examine the facility of introduction of Patwari System in this State.

অন্যান্য ষ্টেটে যেমন আছে। আমাদের মিউটেশনের জন্য বহু কেস পড়ে আছে, আমরা নোটীস দিয়েছি, হয়নি, সব গাদাবন্দী হয়ে পড়ে আছে। আমরা এর মধ্যে পাটোয়ারী সিষ্টেম্‌ ইনট্রোডিউস করছি, বিভিন্ন রকম পরিবর্তন যা ঘটতে পারে, সে সবের ট্রেনিং দেওয়া হচ্ছে আমাদের কর্মীদের। কিছু কিছু সেটেলমেন্টের কাজের জন্য তাদের পাটোয়ারী কাজে নিতে হবে। এঁরা সব এমন লোক হবেন—যারা নক্সা তৈরীর কাজ জানবেন। ম্যাপ তৈরীর কাজ করতে পারবেন, সিকস্থী পয়স্থী ইত্যাদির কাজও করতে হবে। রেকর্ড, ম্যাপ ইত্যাদি তাড়াতাড়ি করবার ইচ্ছা থাকবে। সেটা এখনই এই টারম্‌স অফ রেফারেন্সের মধ্যে রাখছি।

To examine whether land revenue structure should be rationalised on the basis of yield and the size of the holding.

এই ল্যাণ্ড রিফরম্‌সের কাজটা বড় জটিল ব্যাপার, অনেক ভেবে দেখবার। আমাদের যুক্তফ্রন্ট সরকার একটা জিনিষ ইন্‌ট্রোডিউস করতে চেয়েছিলেন কিন্তু তাঁরা পারেন নাই। ফ্যামিলি বেসিসে কার কত জমি। ২৩ এর "বি" ধারা অনুযায়ী রাজস্ব পুনবিন্যাসের সিস্টেম হলে ভাল হ'তো। তাও আমরা চেষ্টা করে পারি নাই। তাই বলে কি আমরা হাত পা গুটিয়ে চুপ করে ব'সে থাকবো? এই এগ্রিকালচারাল হোলডিং কতখানি এখানে হবে না হবে তা দেখতে তার জন্য আমরা এটা রুখতে চাইছি।

অনেক মাননীয় সদস্য জানেন নন্‌-এগ্রিকালচারাল ল্যাণ্ড অনেক আণ্ডার টেনেন্টস আছে—সেটা তুলে দেওয়া যায় কিনা বা তার খাজনার ব্যাপারটা পুনর্বিন্যাস করা যায় কিনা তাও দেখার প্রয়োজন আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো একটা বিশেষ ব্যবস্থার কথা অনেক বন্ধু বলেছেন, আমাদের এই টারম্‌স অফ রেফারেন্সের মধ্যে সেটা রেখেছি। আপনারা শুনলে নিশ্চয়ই সকলে আনন্দিত হবেন—

To examine whether subsisting intermediary interest in regard to non-agricultural lands should be abolished and the rent structure of the non-agricultural land should be revised.

কাজেই আমাদের কি এবিষয়ে কোন চিন্তা নাই? নিশ্চই আছে। যাঁরা পল্লীগ্রাম থেকে এসেছেন সেইসব মাননীয় সদস্যরা কলকাতাকে বাদ দিতে চান না। কাজেই আমাদের সমস্ত দিক থেকে বিচার করে দেখতে হবে। তাই বলেছি—

Any other matter which may be specifically referred to the Commission.

কাজেই আমরা এটাও চিন্তা করছি, আমরাও চাচ্ছি গোটা পশ্চিমবাংলা এর মধ্যে আসুক মহামতী গোখেলে একদা বলে গেছেন—

What Bengal thinks today, the rest of India thinks tomorrow.

আমরা তাই চাই। সমাজতন্ত্রের যে শিক্ষা, সেই শিক্ষাকে সমাজের ৮০ পারসেন্ট লোক যার এগ্রিকালচার-এর সঙ্গে ডাইরেক্টলি জড়িত রয়েছে, তাদের কাছে পৌঁছে দেবার জন্য আমরা অবিরাম প্রচেষ্টা করে চলেছি। শান্তিপূর্ণ উপায়ে আমরা সেই বিপ্লবাত্মক পরিবর্তন আনতে চাই। আর যারা অশান্তি সৃষ্টি করতে চায়, যারা রক্তপাতের মধ্যে দিয়ে বিপ্লব আনতে চায়, আমরা তাদের বিরোধী। আমি বলতে চাই—আমাদের এই বিপ্লবে কোন রক্তপাতের স্থান থাকবে না। আমাদের পশ্চিম বাংলার যে সমাজ সংগঠন ছিল, তাকে আমরা নতুন করে ভেঙ্গে দুমড়ে একটা সমাজ কাঠামো সৃষ্টি করতে চলেছি আইনের মাধ্যমে।

আমাদের যে সংশোধনী রয়েছে আমি আশা করবো আপনারা সকলে তা গ্রহণ করবেন এবং বলিষ্ঠ পদক্ষেপে সমাজতন্ত্রের পথে এগিয়ে যেতে সাহায্য করবেন। আমাদের যে আইন রয়েছে তাকে প্রয়োজন মত সংশোধন করে আমরা এগিয়ে যাবো এবং প্রয়োজন দেখা দিলে একটা কম্প্রিহেনসিভ বিল আনবার কথা ভাববো। এখনই তার কোন দরকার নাই। তবে আমাদের এই ল্যাণ্ড কমিশন যে রিপোর্ট দেবেন, সেটা বিচার বিবেচনা করে আরো এগিয়ে যাবার চেষ্টা করবো। ধন্যবাদ। আমি বিরোধী পক্ষের সারকুলেশন মোশন ওপোজ করছি।

[7-20—7-30 p.m.]

The motion that the Bill be criculated for the purpose of eliciting opinion thereon' was then put and a division taken with the following results—

NOES—51

Abdul Bari Biswas, Shri.
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar.

NOES—51—*Concld.*

Banerjee, Shri Nandalal.
Basu, Shri Ajit Kumar (Singur).
Bhattacharya, Shri Harasankar.
Bhattacharyya, Shri Keshab Ch.
Bhattacharyya. Shri Pradip.
Bhattacharya, Shri Sakti K.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dihidar, Shri Niranjan.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed. Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Nitai Pada.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Kansari.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Nitaipada.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES—3

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 51, the motion was lost.

The motion of Shri Gurupada Khan that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Mr. Speaker : Honourable members, four hours were fixed for discussion on this Bill and that will expire at 7-30 p.m. But we will have to go through the second and the third readings of the Bill, and there are number of amendments. So, with the sense of the House, under rule 290, I want to extend the time by 45 minutes if the House has got no objection.

[Voices : No objection]

So, with the sense of the House, I extend the time by 45 minutes.

Clause 2

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that in Clause 2, line 9, for the words "Board of Revenue", the words "Collector, or Deputy Commissioner of the district where the orchard is situated" be substituted.
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যামেণ্ডমেন্টের ভিতরে আমি বলছি অরচার সম্বন্ধে উনি যার উপর অধিকার দিয়েছেন সেটা হচ্ছে বোর্ড অফ রেভিনিউ। আমরা সেটা বলছি যারা ছোট ছোট জমির মালিক আছে, অরচারের মালিক আছে তারা বোর্ড অফ রেভিনিউয়ের সুযোগ পাবে না। সেইজন্য বলেছি কালেক্টারের উপর পাওয়ারটা দেওয়া হক এবং যেখানে কালেক্টার নেই সেখানে দেওয়া হক ডেপুটি কমিশনারের উপরে। আশা করি এটার বাস্তবিক দিক বিচার করে ও বাস্তবের প্রতি দৃষ্টি রেখে এটা মেনে নেবেন এবং আমার এ্যামেণ্ডমেন্ট আমি মুভ করছি।

Shri Ajit Kumar Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে রূপান্তর হবে না ঠিক বলেছেন। কিন্তু বাগানে গাছ কাটতে পারে। কিন্তু ড্যামেজ কথাটা ব্যবহার করলে বোধ হয় ভাল হয়। তা না হলে একটা জমি চাষ না করলে বা খালি রেখে দিলে অরচারের এই রূপান্তর-এর ভিতর দিয়ে বোধ হয় বন্ধ হচ্ছে না।

Shri Gurupada Khan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় অজিতবাবু যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন এখানে আছে, any orchard shall maintain and preserve the orchard.
তার মানে গাছগুলো কেটে দিলে প্রিজারভ করা যাবে না, মেনটেনও করা যাবে না। যদিও তাঁর এ্যামেণ্ডমেন্ট নেই তবুও যেহেতু বলেছেন সেইজন্য উত্তর দিলাম।

মাননীয় সদস্য তিমিরবাবু বোর্ড অফ রেভিনিউয়ের জায়গাতে কালেক্টার করতে বলছেন। সাধারণতঃ কালেক্টার বা ডেপুটি কমিশনার যেগুলো পাঠান বেশী কিছু খারাপ না থাকলে সেগুলো এ্যাপ্রুভ করে দিই। সুতরাং তাঁর এ্যামেণ্ডমেন্ট দুঃখের বিষয় এ্যাকসেপ্ট করতে পারছি না।

[7-30—7-40 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 3, line 9, for the words "Board of Revenue", the words "Collector of Deputy Commissioner of the district where the orchard is situated" be substituted, was then put and a division taken with the following result :—

NOES—49

Abdul Bari Biswas, Shri,
Anwar Ali, Shri Sk.

NOES—49—*Concld.*

Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Nandalal.
Basu, Shri Ajit Kumar (Singur).
Bhattacharyya, Shri Harasankar.
Bhattacharya, Shri Keshab Ch.
Bhattacharyya, Shri Pradip.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dihidar, Shri Niranjan.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Ghaiasuddin Ahmed, Shri.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Nitai Pada.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Jokhi Lal
Moslehuddin Ahmed, Shri.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Nitaipada
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES 3

Besterwitch Shri A. H.
Bhaduri, Shri Timir Baran
Shish Mohammad Shri.

The Ayes being 3 and the Noes 49, the motion was lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in clause 3, in line 5, after the words "State (power driven deep tubewell)", the words "or State (power driven shallow tubewell)" be inserted.

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that the following proviso be added to clause 3, namely :—

"Provided that no area shall be deemed as irrigated area which will not receive adequate supply or water for two consecutive crop season in a year from the State Canal or River lift or Deep Tubewell system."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ-৩-তে আমি একটু গুরুপদবাবুকে বলি যে খাজনা বাড়িয়েছেন এবং খাজনা বাড়ানোর জন্য যেসব জিনিষ ধরেছেন তাতে খাজনা ডবল হয়ে যাচ্ছে। গত বছরই তো ডবল খাজনা ধরেছিলেন। আজকে যেখানে আপনারা ইরিগেসন দিতে পারছেন না, জল যেখানে দিতে পারছেন না, পাওয়ার ঠিকমত যেখানে দিতে পারছেন না, সেখানে আমরা এই এ্যামেণ্ডমেন্ট দিয়েছি যে, অন্তত যে সমস্ত এলাকায় দুটি কলেতে জল পাবে না সেই সমস্ত এলাকা গুলিকে 'এ' ক্লজ থেকে বাদ দিন। আশা করবো মন্ত্রিমহাশয় আমার বক্তব্য বুঝে আমার এ্যামেণ্ড-মেন্টটি এ্যাক্সেপ্ট করবেন।

Shri Gurupada Khan :

মিঃ স্পীকার স্যার, তিমিরবাবুর যে আশঙ্কা মনের মধ্যে রয়েছে আমি সেটা দূরীভূত করে দিচ্ছি। তিমিরবাবু যেখানে আমরা ইরিগেসনের জল দিতে পারবো না সেখানটা ছেড়ে দিতে বলেছেন। আমাদের ইরিগেসনের জন্য যেখানে জল দেবো সেটা ছেড়ে যেখানে আমরা জল সেচ করতে পারবো না এবং সেখানে যদি ফসল হানি হয়ে থাকে তাহলে সেখানে আমরা খাজনা ছেড়ে দিই। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন তিমিরবাবু তো লক্ষ্য করেননি তিনি তো ল্যাণ্ড রিফর্মের কথা বলেন—আমর বক্তব্য হচ্ছে তিনি নিজে ল্যাণ্ড রিফর্ম করার কথা বলেন। আমি হিসাব নিয়েছি—বেলডাঙ্গায় ল্যাণ্ড রিফর্ম কমিটির ২৩টি মিটিং হয়েছিল তার ৯টিতে গিয়েছিলেন। দু নং বেলডাঙ্গায় মিটিং হয়েছিল ১২টি, তিনি গিয়েছিলেন মাত্র একটিতে।

আমাদের এই মন্ত্রীসভা গঠিত হবার পরে আমরা যে খাজনা ছেড়ে দিয়েছি সেটা একটুখানি বলে দিই। আমরা ৫।৭।৭২ তারিখে একটা অর্ডারে ৭ হাজার ৮০৬ টাকা ছেড়ে দিয়েছি, ১২।৯।৭৩ তারিখে ৮ লক্ষ ৯৩ হাজার ৩'৪৯ টাকা মালদহের ছেড়েছি, ২০।৭।৭৩ ও ৬।৭।৭৩ তারিখে হুগলী এবং বীরভূমে ৯ লক্ষ ৬৫ হাজার ৩৭৬'৭ পয়সা ছেড়ে দিয়েছি। এ ছাড়া এ' দুটি জেলায় ২৮।২।৭৪ তারিখে আরো ১৬ লক্ষ ৮১ হাজার ৮৫৬, সামথিং ছেড়ে দিয়েছি। সুতরাং যখনই আমরা দেখতে পাব জনসাধারণের প্রভূত কষ্ট হচ্ছে তখনই ছেড়ে দিচ্ছি এবং ইরিগেটেড এরিয়াতেও ছেড়ে দিয়েছি। সুতরাং আশঙ্কিত হবার কোন কারণ নেই। মাননীয় বেন্টারউইচ সাহেব আপনি জানেন যেদিন প্রশ্ন করেছিলেন যে আমি সারকুলার পাই নি, কেমন করে নন-ইরিগেটেড এরিয়া হওয়া সত্বেও ইরিগেটেড এরিয়া হয়ে গেল—আমি সেদিন প্রত্যেকটি এম, এল, এর কাছে সেই সারকুলার পাঠিয়ে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে সেদিন এখানে বিতরণ করেছিলাম। তবুও আমি বলছি কোন এরিয়া হয়ত ইরিগেটেড এরিয়া নয়, সেটা ইরিগেটেড এরিয়া বলে ডিক্লেয়ার হয়ে থাকে, আমাদের এই আইনে বিধান আছে উপযুক্ত তদন্ত করে যদি দেখা যায় সেগুলি জলসেচ এলাকা নয় তাহলে সেগুলির খাজনা বাদ দিয়ে দেব এ বিষয়ে কোন সন্দেহ নেই। (শ্রী এ, এইচ, বেন্টারউইচ : আই হ্যাভ নট রিসিভড এনি সার-কুলার) বেন্টারউইচ সাহেব আপনি বোধ হয় সেদিন এই হাউসে উপস্থিত ছিলেন না, সেই জন্য

আমি বলছি সেই সারকুলারের কপি আমি নিজে আপনার কাছে পৌঁছে দেব। তবে সেদিন যদি আপনি উপস্থিত থাকতেন তাহলে নিশ্চয় পেতেন। তিমিরবাবু যে কথাটা বললেন সে বিষয়ে আশঙ্কার কোন কারণ নেই, অতএব তার এই সংশোধনীটা নেবার কোন প্রয়োজনও নেই। আর জ্ঞান সিং সোহনপাল মহাশয় যেটা নিয়ে এসেছেন সেটার প্রয়োজন আছে এবং যুক্তিপূর্ণ, সেই জন্য আমি এটা গ্রহণ করছি।

[7-40—7 50 p. m.]

The motion of Shri Timir Baran Bhaduri that the following proviso be added to clause 3, namely :—

'Provided that no area shall be deemed as irrigated area which will not receive adequate supply of water for two consecutive crop season in a year from the State Canal or River lift or deep tubewell system."

was then put and a division taken with the following result :—

NOES—40

Abdul Bari Biswas, Shri.
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Nandalal.
Bhattacharya, Shri Keshab Ch.
Bhattacharyya, Shri Pradip.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit.
Ghiasuddin Ahmed, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Nitai Pada.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Saha, Shri Radha Raman.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES—3

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 40, the motion was lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 3, in line 5, after the words " State (power driven deep tubewell) ", the words "or State (power driven shallow tubewell) " be inserted, was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker : Amendment Nos. 2 to 4 and 25 and 26 are out of order under clause (viii) rule 81, of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Amendment No. 5 is in order. I call upon Shri Ajit Kumar Basu to move his amendment.

Shri Ajit Kumar Basu : I beg to move that in clause 4(2A), line 5, for the words and figures " the 7th day of August, 1969 " the words and figures " the 1st day of April, 1966 " be substituted.

আমি এটা মুভ করছি। এখন জিনিষটা হচ্ছে আমরা এটাতে অন্য কিছু বলিনি '৬৬ হয়ে গেছে, আমি '৬৫ লিখেছিলাম কিন্তু ছাপার জন্য '৬৬ হয়ে গেছে। এখন যেটা '৬৯ এর মধ্যেও আমি বলেছি, এধরণের এ্যামেণ্ডমেন্ট এনেছি, মোটামুটি এটাকে '৬৫ করা হোক। এটা আমরা বারে বারে বলে এসেছি এবং সেই ভাবে এটাকে রেখেছি

Shai Gurupada Khan :

আমাদের অজিতবাবু যে সংশোধনী এনেছেন সেটা আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Ajit Kumar Basu that in clause 4(2A), line 5, for the words and figures " the 7th day of August, 1969 " the words and figures " the 1st day of April, 1966 " be substituted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 6

Mr. Speaker : There are amendments to clause 6 by Shri Biswanath Mukherjee, Shri Ajit Kumar Basu and Dr. Sk. Omar Ali (Amendment Nos. 6-8). The amendments are out of order under clause (viii) of Rule 81 of our Rules of Procedure, having the effect of negative vote. But there is also an amendment by Shri Ajit Kumar Basu (Amendment No. 9) which is in order. So I call upon Shri Ajit Kumar Basu to move his amendment.

Shri Ajit Kumar Basu : Mr. Speaker, Sir, I beg to move that for clause 6, the following clause be substituted, namely :—

Amendment of section 18

"6. In section 18 of the said Act, after sub-section (6), the following sub-sections shall be added, namely :—

(7) If there be any conflict of decision between the orders passed by the *Bhagchas* Officer and judgement passed by a Civil Court as to whether a person is a *bargadar* or not, the order passed by the *Bhagchas* Officer shall have overriding effect upon the judgement of the Civil Court.

(8) Since an injunction order passed by the Civil Court or Criminal Court against a *bargadar* tantamounts to his eviction from the *barga* land the injunction order so passed by the Civil Court, Criminal Court or the High Court sitting in a Writ Court or Appellate Court will not be binding on the *bargadar.*

(9) In a Civil suit or Criminal case as soon as a *bargadar* will appear in a Civil Court as a defendant or in a Criminal Court as an accused and raise the dispute as to the cultivation of the disputed land by him as *bargadar* the jurisdiction of the Civil or Criminal Court will cease and the Civil Court or the Criminal Court shall at once refer the dispute to the *Bhagchas* Court to decide the dispute as to whether a person claiming to be a *bargadar* is really a *bargadar* or not. On receipt of the reference case referred to above the *Bhagchas* Court hearing both parties shall decide the question as to *bargadarship* and will send back the case to the proper Court with his decision. If the *Bhagchas* Court decides that the defendant or the accused is a *bargadarr*, the civil suit or the criminal case shall at once be dismissed with compensatory costs to the *bargadar :*

Provided if in the Civil Court or in the Criminal Court the *bargadar* produces *bhag* receipt granted by the owner or his agent or the orders or the *bhagchas* court declaring a person as a *bargadar,* the case shall not be referred to the *bhagchas* court but at once be dismissed with compensatory costs to the *bargadar.*

(10) The *Bhagchas* Officer shall decide all disputes between the *bargadar* and the owner of the land."

Shri Ajit Kumar Basu :

আমি এটার উপরে বিশদভাবে আলোচনা করেছি। মন্ত্রিমহাশয় বলছেন এটার কোন প্রয়োজন নেই। আমি মন্ত্রিমহাশয়কে আবার অনুরোধ করব তিনি এটা যেন গ্রহণ করেন।

Gurupada Khan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশদভাবে কিছুক্ষণ আগে এটার উত্তর দিয়েছি এবং দেখিয়ে দিয়েছি যে ক্লজ ৭ যেটা রয়েছে সেটাই যথেষ্ট। সেই জন্য আমি সংশোধনীটা গ্রহণ করতে পারলাম না বলে দুঃখিত।

The motion of Shri Ajit Kumar Basu that for clause 6, the following clause be substituted, namely :—

Amendment of section 18

"6. In section 18 of the said Act, after sub-section (6), the following sub-sections shall be added, namely :—

(7) If there be any conflict of decision between the orders passed by the *Bhagchas* Officer and judgement pass d by a Civil Court as to whether a person is a *bargadar* or not, the order passed by the *Bhagchas* Officer shall have overriding effect upon the judgement of the Civil Court.

(8) Since an injunction order passed by the Civil Court or Criminal Court against a *bargadar* tantamounts to his eviction from the *barga* land the injunction order so passed by the Civil Court, Criminal Court or the High Court sitting in a Writ Court or Appellate Court will not be binding on the *bargadar*.

(9) In a Civil suit or Criminal case as soon as a *bargadar* will appear in a Civil Court as a defendant or in a Criminal Court as an accused and raise the dispute as to the cultivation of the disputed land by him as *bargadar* the jurisdiction of the Civil or Criminal Court will cease and the Civil Court or the Criminal Court shall at once refer the dispute to the *Bhagchas* Court to decide the dispute as to whether a person claiming to be a *bargadar* is really a *bargadar* or not. On receipt of the reference case referred to above the *Bhagchas* Court hearing both parties shall decide the question as to *bargadarship* and will send back the case to the proper Court with his decision. If the *Bhagchas* Court decides that the defendant or the accused is a *bargadar*, the civil suit or the criminal case shall at once be dismissed with compensatory costs to the *bargadar* :

Provided if in the Civil Court or in the Criminal Court the *bargadar* produces *bhag* receipt granted by the owner or his agent or the orders of the *bhagchas* court declaring a person as a *bargadar*, the case shall not be referred to the *bhagchas* court but at once be dismissed with compensatory costs to the *bargadar*.

(10) The *Bhagchas* Officer shall decide all disputes between the *bargadar* and the owner of the land."

was then put and a division taken with the following result :—

NOES—41

Abdul Bari Biswas, Shri.
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Nandalal.
Bhattacharya Shri Keshab Ch.
Bhattacharyya, Shri Pradip.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.

NOES—41—*concld.*

Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed, Shri.
Ghose, Shri Sankar,
Ghosh, Shri Nitai Pada.
Gyan Singh, Shri Shohanpal.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Saha, Shri Radha Raman.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES—10

Basu, Shri Ajit Kumar (Singur).
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharyya, Shri Harasankar.
Dihidar, Shri Niranjan.
Ghosal, Shri Satya.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Sarkar, Shri Nitaipada.
Shish Mohammad, Shri.

The Ayes being 10 and the Noes 41, the motion was lost.

[7-50—8-00 p.m.]

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

Mr. Speaker : There are amendments to clause 7 by Shri Biswanath Mukherjee, Shri Ajit Kumar Basu and Dr. Sk. Omar Ali—amendment Nos. 10 to 12. The amendments are in order.

There are also amendments to clause 7 by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad—amendment Nos. 27 and 28. The amendments are not in order.

Shri Ajit Kumar Basu : Sir, I beg to move that after clause 7(3), the following new clause be added, namely :—

"(4) if any civil or criminal court in a case when in course of proceedings an question over whether a person is a *bargadar* or not passes an order or a judgement against a person claiming to be a *bargadar* without referring the question whether the person is *bargadar* or not to be officer or authority mentioned in sub-section (1) of section 18 or disregarding the decision made by such officer or authority that such an order or a judgement shall not be deemed valid and shall not be binding on the person concerned.".

এটা সম্বন্ধে আমরা আগেই বলেছি। একটু যদি মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে মন্ত্রিমহাশয় যা বলেছেন এখানে সেটা আছে, শুধু একটা জিনিষ বেশী আছে সেটা হচ্ছে বাইন্ডিংস-এর কথাটা। কেন আমরা বাইন্ডিং-এর কথাটা রেখেছি সেটা বিশ্বনাথবাবু ভাল করেই বলেছেন। তারপর যে কথা আছে সেটা তিনি রেখেছেন এবং একই সঙ্গে আছে, কাজেই আমি এই বাইন্ডিংস-এর কথাটা এই এ্যামেন্ডমেন্ট-এ নেবার জন্য অনুরোধ করছি।

Gurupada Khan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়ে গিয়েছে। আমি অত্যন্ত দুঃখিত যে আমি অজিতবাবুর এ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Ajit Kumar Basu that after clause 7(3), the following new clause be added, namely :—

"(4) if any civil or criminal court in a case when in course of proceedings any question over whether a person is a *bargadar* or not passes an order or a judgement against a person claiming to be a *bargadar* without referring the question whether the person is *bargadar* or not to the officer or authority mentioned in sub-section (1) of section 18 or disregarding the decision made by such officer or authority that such an order or a judgement shall not be a deemed valid and shall not be binding on the person concerned.".

was then put and a division taken with the following results—

NOES—41

Abdul Bari Biswas, Shri.
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Nandalal.
Bhattacharya, Shri Keshab Ch.
Bhattacharyya, Shri Pradip.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed, Shri.
Ghosh, Shri Sankar.
Ghosh, Shri Nitai Pada.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembrom, Shri Patrash.
Khan, Shri Gurupada.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Saha, Shri Radha Raman.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES—10

Basu, Shri Ajit Kumar (Singur).
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharyya, Shri Harasankar.
Dihidar, Shri Niranjan.
Ghosal, Shri Satya.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Sarkar, Shri Nitaipada.
Shish Mohammad, Shri.

The Ayes being 10 and the Noes, 41, the motion was lost.

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Mr. Speaker : There are amendments to clause 9 by Shri Biswanath Mukherjee, Shri Ajit Kumar Basu and Dr. Sk. Omar Ali amendment Nos. 13-15. The amendments are out of order under rule 81(viii) of the Rules of Procedures and Conduct of Business in the West Bengal Legislative Assembly, having the effect of negative voting.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shri Ajit Kumar Basu : Sir, I beg to move that after clause 19(5), the following new clause be added, namely :

"(6) if a raiyat holds lands in more than one mouza then all lands held by such a raiyat in different mouzas shall be mentioned in all the khatians for such a rayat."

স্যার, আমরা যেটা বলেছি সেটা আবার রাখছি। মন্ত্রিমহাশয় যেভাবে ব্যাখ্যা করলেন আমরা সেইভাবে বলিনি। একটা খতিয়ান হবে ঠিক-ই, কিন্তু বিভিন্ন মৌজায় যে খতিয়ান থাকবে সেটা অত্যন্ত বেশী। মন্ত্রিমহাশয় বললেন এটা থাকলে আমাদের কাজের অসুবিধা হবে, লেভি ইত্যাদি ব্যাপারে। কাজেই আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা গ্রহণ করলে অসুবিধাগুলি দূর হবে।

Shri Gurupada Khan :

স্যার, এ সম্বন্ধে আমি অনেক আলোচনা করেছি। যাহোক আমি এটা এ্যাকসেপ্ট করতে পারছি না বলে দুঃখিত।

The motion of Shri Ajit Kumar Basu that after clause 10(5), the following new clause be added, namely :

"(6) if a raiyat holds lands in more than one mouza then all lands held by such a raiyat in different mouzas shall be mentioned in all the khatians for such a rayat.", was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 11, 12 and Preamble

The question that clauses 11, 12 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gurupada Khan : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8 p.m. till 1 p.m. on Wednesday, the 3rd April, 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 3rd April 1974, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 166 Members.

[1—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

[There was none to take Oath]

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

চণ্ডীতলা থানা এলাকায় কে/১এ খালের উপর রেগুলেটার-কাম-কাটসেতু নির্মাণ

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২।) **শ্রীগণেশ হাটুই ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার চণ্ডীতলা থানা এলাকায় আঁইয়া অঞ্চলের কৃষ্ণনগর মৌজায় কে/১এ খালের উপর একটি রেগুলেটর-কাম-কাটব্রীজ নির্মাণ করিয়া ঐ এলাকার ৪০০ বিঘার মত জমিতে জলসেচের ও স্কুলের ছেলেমেয়েদের সুষ্ঠু যাতায়াতের ব্যবস্থা করা হইবে;

(খ) সত্য হইলে, সরকার কৃষি উন্নয়ন ও জনগণের স্বার্থে ঐ রেগুলেটার-কাম-কাটব্রীজ নির্মাণ করার জন্য কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে, কবে নাগাত উহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) এই ধরনের একটি পরিকল্পনা আছে।

(খ) এই বিষয়ে উপযুক্ত সমীক্ষা চলিতেছে।

(গ) সমীক্ষান্তে ও স্কীম মঞ্জুর হইলে কার্য্য সুরু হইবে।

Shri Ganesh Hatui :

রেগুলেটারটা তৈরী করলে পর ৪শ বিঘা জমির জল সেচ হতে পারে, অথচ দুঃখের বিষয় ২ বছর ধরে এই সমীক্ষার কাজ চলছে। মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে আর কত বছর লাগবে সমীক্ষার কাজ হতে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

দিস ইজ আণ্ডার ইনভেস্টিগেশান এবং এই ইনভেস্টিগেশান ইজ নট ইয়েট কমপ্লিট, সুতরাং আমার পক্ষে বলা সম্ভব নয়।

সাঁওতালডিহি তাপবিদ্যুৎকেন্দ্র

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪।) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাঁওতালডিহি তাপবিদ্যুৎকেন্দ্র সম্পূর্ণ হওয়ার আগেই তাহার উদ্বোধন করা হয়;

(খ) সত্য হইলে, উদ্বোধনের দিনে শতকরা কত ভাগ কাজ অসম্পূর্ণ ছিল; এবং

(গ) কনভেয়ার সিস্টেম সম্পূর্ণ করিতে ও চালু করিতে কতদিন সময় লাগিবে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) বয়লার এবং এক নম্বর টারবো জেনারেটর ইউনিট নির্দিষ্ট গতিবেগে চালু করিবার পরেই ১৫।১০।৭৩ তারিখে সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করা হয়। তখন কোন বিদ্যুৎ উৎপাদন হয় নাই, যেহেতু ইউনিটটি পরীক্ষামূলক "মেকানিকাল রান"-এ ছিল।

(খ) উদ্বোধনের সময় এক নম্বর ইউনিটটি সর্বতোভাবে সম্পূর্ণ ছিল। কেবলমাত্র কোল এবং এ্যাস হ্যাণ্ডলিং প্লান্টস উদ্বোধনের একমাস পরে সম্পূর্ণ হইয়াছিল।

(গ) কনভেয়র সিস্টেম সহ পুরা কোল হ্যাণ্ডলিং প্লান্টটি চালু আছে।

Dr. Sailendra Chattopadhyay :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ১নং ইউনিটটি কার্যকরীভাবে বিদ্যুৎ উৎপাদন ও যোগান দিতে সুরু করে কবে থেকে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

বিদ্যুৎ উৎপাদন ১লা জানুয়ারী ১৯৭৪ সালে আরম্ভ হয়।

Dr. Sailendra Chattopadhyay :

গড়পড়তা কতটা পরিমাণ বিদ্যুৎ সাধারণতঃ উৎপাদন হচ্ছে ঐ ইউনিটে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

এখন টিথিং ট্রাবল চলছে, আমরা ম্যাক্সিমাম ৬০ মেগাওয়াট পর্যন্ত ওখান থেকে পেয়েছি, এখনও পার্ফেক্ট স্টেজে পৌঁছায়নি, পার্ফেক্ট স্টেজে পৌঁছালে কত মেগাওয়াট দিতে পারব তখন বলতে পারব।

ডি ভি সি

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪।) শ্রীনরেশ চন্দ্র চাকীঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ডি ভি সি-র জন্য ১৯৭২-৭৩ সাল পর্য্যন্ত মোট কত টাকা ব্যয়িত হয়েছে;

(খ) এই অর্থের শতকরা কত অংশ কেন্দ্রীয়, বিহার ও পশ্চিমবঙ্গ সরকার দিয়াছেন;

(গ) এর সদর দপ্তর কতদিন ধরে এবং কোথায় আছে;

(ঘ) ইহা কি সত্য যে, ডি ভি সি-র সদর দপ্তর অন্যত্র সরাবার চেষ্টা হচ্ছে; এবং

(ঙ) সত্য হ'লে, কোথায় এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) ২৬৬ কোটি ২০ লক্ষ ৪০ হাজার ২ শত ৪৭ টাকা।

(খ) কেন্দ্রীয় সরকারের দেয় শতকরা ২৭·৭৬ অংশ বিহার সরকারের দেয় শতকরা ২৫·২৪ অংশ এবং পশ্চিমবংগ সরকারের দেয় শতকরা ৪৭ অংশ।

(গ) ১৯৪৮ সালের ৭ই জুলাই হইতে ডি, ভি, সির সদর দপ্তর কলিকাতার ভবানী-ভবনে (পূর্বতন এ্যাণ্ডারসন হাউস)-এ অবস্থিত আছে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) বিহারের মাইথন ও পাঞ্চেতে। সরকার এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সংগে পত্রালাপ করছেন। পশ্চিমবংগ থেকে ডি, ভি, সির সদর দপ্তর স্থানান্তরীকরণের প্রস্তাবে পশ্চিমবংগ সরকার (কখনো) সায় দেবেন না।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় মন্ত্রিমহাশয় ৪৭ পারসেন্ট বলেছেন, কিন্তু আমাদের কাছে খবর যে আরও বেশী টাকা দিয়ে থাকি, যাই হউক তাহলে পঃ বংগ এই প্রকল্পে অনেক বেশী টাকা খরচ করেছে অথচ পঃ বংগের এই সদর দপ্তর অন্যত্র সরাবার চক্রান্তের কারণ কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

এটার সম্বন্ধে ডেফিনিট এখনও ডিসিশান আসেনি, বিহারের চীফ মিনিস্টার চেয়েছিলেন কেন সেটা আমি জানি না, তবে পঃ বংগ থেকে এটা সরানো যাবে না এটাই হচ্ছে আমাদের গভর্নমেন্টের দৃঢ় সংকল্প।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে ১২।১২।৭৩ তারিখে কে. সি. পন্থকে যে চিঠি লিখেছিলেন সেই চিঠির কপি আপনি পেয়েছেন কিনা, এবং সেই চিঠি সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

অফিসিয়াল সোর্সে সেই চিঠি আমি পাইনি, তবে আমি যোগাড় করেছিলাম যখন আমি পত্রিকায় দেখেছিলাম, আমি নিজে এ্যাজিটেটেড হয়েছিলাম এ্যাণ্ড so I tried to get hold of a copy of the letter.

Shri Naresh Chandra Chaki :

সে খবর পাওয়ার পরে কি আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছিলেন এবং কেন্দ্রীয় সরকারের মনোভাব কি তা জানতে পেরেছিলেন?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

এই স্টেজে আমি এখন কিছু বলতে চাই না।

Shri Gautam Chakravartty :

মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে ৪৭ পারসেন্ট ইনভেস্ট করেছে, এই ডি, ভি, সি, প্রোজেক্ট থেকে পঃ বাংলা কত পারসেন্ট বেনিফিট পাচ্ছে।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

ডি. ভি. সির দুটো পার্ট আছে একটা হচ্ছে ইরিগেশান, আরেকটা হচ্ছে পাওয়ার—আপনি কোনটা মিন করছেন সেটা বুঝতে পারছি না।

Shri Gautam Chakravartty:

ইরিগেসন এ্যাণ্ড পাওয়ার বোর্ড।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

আমি নোটিশ চাই।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় মন্ত্রিমহাশয়, জোরের সংগে বলেছেন যে ডি, ভি, সি, হেডকোয়ার্টার যাতে এখান থেকে না যায় সে ব্যাপারে পঃ বংগ সরকার খুব দৃঢ় সংকল্প, এই জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে ডি, ভি, সি, হেডকোয়াটার এখান থেকে সরিয়ে নেবার চেষ্টা হচ্ছে এবং যে প্রস্তাব এসেছে কোন কোন প্রিন্সিপালের উপর এই লোকেশানাল ফ্যাক্টর ডিপেন্ড করে এবং এই প্রিন্সিপালগুলি যদি বলেন তাহলে আমরা বুঝতে পারি এবং তাহলে বিধান সভার সদস্যরা তাদের মতবাদ ব্যক্ত করতে পারেন এবং কি প্রিন্সিপালের উপর ডি, ভি, সি হেডকোয়া-র্টার সরাতে চাইছেন—কারণ যখন ডি, ভি, সি পরিকল্পনা হয় তখন আমাদের সবচেয়ে বেশী ক্ষতি হয়েছিল এবং আমাদের উপকারের জন্য মাষ্টার প্ল্যান এবং পাইওনীয়ার প্ল্যান হয়েছিল সুতরাং মন্ত্রি মহাশয় যদি প্রিন্সিপ্যালগুলি ইনডিকেট করেন তাহলে আমাদের সুবিধা হয়।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

মাননীয় সভ্যদের কনসার্ন আমি এ্যাপ্রিসিয়েট করি কিন্তু বিহারের চীফ মিনিষ্টার যে চিঠি লিখে-ছিলেন সেই চিঠি আমার চক্ষে পড়েছে তাতে কোন প্রিন্সিপ্যালের কথা ছিল না, বোধ হয় মনে হয় দ্যাট ওয়াজে এ পলিটিক্যাল ডিসিশান করে তারা করতে চেয়েছিলেন। আমরা অনেক দূর এগিয়ে গিয়েছি, হাইয়েষ্ট লেভেলে কথা হয়েছে এবং তারা আমাদের এ্যাসিওরেন্স দিয়েছে যে এটা ট্রান্স-ফার করা হবে না তার কারণ আমি এখন বলতে চাচ্ছি না, অথোরেটিভ চিঠিটা আমার হাতে নেই, সেই জন্য হাউসকে সম্পূর্ণ কথা বলতে চাচ্ছি না, যেটুকু জানি তাই খবর দিলাম।

সাঁওতালডিহি বিদ্যুৎকেন্দ্র

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৭।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালডিহি বিদ্যুৎকেন্দ্রের কাজ কবে নাগাদ পুরোদমে চালু হইবে;

(খ) উক্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হইতে বর্তমানে কত মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়; এবং

(গ) উক্ত প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত মোট টাকার পরিমাণ?

[1-10—1-20 p.m.]

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) ১ নম্বর ইউনিট ইতিমধ্যেই চালু হইয়াছে এবং বিদ্যুৎ উৎপাদিত হইতেছে। ২ নম্বর ইউনিট নির্মাণের কাজও অগ্রসর হইতেছে।
তিন ও চার নম্বর ইউনিটের পাওয়ার হাউস তৈয়ারী ও ভিত্তিস্থাপনের কাজ অগ্রসর হই-তেছে।

(খ) পঞ্চাশ হইতে ষাট মেগাওয়াট।

(গ) এই প্রকল্পটি কেন্দ্রীয় সরকার ৭৫ কোটি টাকা বরাদ্দে অনুমোদন করিয়াছিলেন। এই বরাদ্দকৃত টাকা বৃদ্ধি পাইয়া ৯০ কোটি টাকা হইবে বলিয়া মনে হয়।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রি মহাশয় জানাবেন কি, ২ নং ইউনিটের নির্মাণের কাজ যে অগ্রসর হচ্ছে এটা কবে নাগাদ চালু হতে পারে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

সেকেন্ড ইউনিটে আমরা যেভাবে টাইম টেবেল সাজিয়েছিলাম তাতে ডিসেম্বরে শেষ হবার কথা। এবং আমাদেরকে গভর্ণমেন্ট অব ইন্ডিয়া যে সমস্ত জিনিসপত্র তাদের মাধ্যমে আমরা পাই সেই-ভাবে তাঁরা এ্যাসিয়োরেন্স দিয়েছিলেন কিন্তু ষ্ট্রাইকের ফলে—এখনো ঐ ষ্ট্রাইক চলছে, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের জুনিয়ার ইঞ্জিনিয়াররা এখনো জয়েন করেনি, সুতরাং ঐ ষ্ট্রাইকের ফলে ঠিক টাইম টেবেলটা আমরা মেনটেন করতে পারবো কিনা আমি জানি না তবে আমরা প্রাণপণ চেষ্টা করছি যাতে আমরা টাইম টেবেলটা মেনটেন করতে পারি।

Shri Kashinath Misra :

৩ এবং ৪ নং ইউনিটের যে ভিত্তি স্থাপননের কাজ অগ্রসর হচ্ছে এটা কবে নাগাদ ভিত্তি স্থাপন হতে পারে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

ঐ ৩ এবং ৪ নং ইউনিটের কিছু কাজ আমরা খুব তাড়াতাড়ি আরম্ভ করবো। আর ২নং-এ আমরা অনেক অগ্রসর হয়ে গিয়েছি। সিভিল কাজ কমপ্লিট হয়ে গিয়েছে এবং মেকানিক্যাল কাজ যেগুলি হয় সেগুলি চলছে। সিভিল কাজ এখানে আরম্ভ হয়ে গিয়েছে।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ঐ যে ৯০ কোটি টাকা যেটা বৃদ্ধি পাচ্ছে এটা তার প্রয়োজনের তুলনায় কম কিনা এবং যদি আরো প্রয়োজন হয় তাহলে কেন্দ্রীয় সরকার তার বরাদ্দ বাড়াবেন কিনা?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

আলোচনার সময় আমি হাউসে বলেছিলাম এর আগে যে সমস্ত টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট আমাদের দেয় না। আমাদের কিছু টাকা স্টেট গভর্ণমেন্ট, সেন্ট্রাল গভর্ণমেন্ট এবং আমরা মার্কেট থেকে লোন এ্যাকয়ার করি, করে আমাদের যে প্রোগ্রাম সেই প্রোগ্রাম আমরা ইম্প্লিমেন্ট করার চেষ্টা করি। এখানে যে টাকা বেড়েছে সেখানে জিনিষপত্রের দাম বেড়েছে, ওয়েজেস বেড়েছে, এই সবের জন্য বেড়েছে। আমি আগেই হাউসে বলেছি যে সাঁওতালদী সম্বন্ধে আমরা একটা কমিশন করেছি, সেই কমিশন স্পেন্ডিং এ্যাণ্ড আদার ম্যাটার্স, ডিলে এবং যে সমস্ত ব্যাপারে মেম্বাররা কনসার্ন এক্সপ্রেস করেছেন দে উইল লুক ইন টু দ্যাট।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও বলেছেন এবং এটা সকলেরই জানা যে জিনিষপত্রের দর বেড়েছে এবং বর্তমানে সাঁওতালদীতে নিজেদের জিনিষপত্রই ব্যবহার করা হচ্ছে সেই কারণে এখানে যদি আরো টাকার প্রয়োজন হয়—আপনি নিশ্চয়ই টাকা লোন হিসাবে অন্যান্য পথ দিয়ে নিচ্ছেন কিন্তু কেন্দ্রীয় সরকারের এই ব্যাপারে যেহেতু রাজ্যে নিজেদের দক্ষতার সংগে এটা করছে সেখানে টাকা বাড়াবেন কিনা সেটা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

কেন্দ্রীয় সরকার মোটামুটি ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে একটা টাকা আমাদের দেবেন সেটার ইনডিকেশন দিয়েছেন, সেটা এখনো ঠিক হয়নি কিন্তু আমাদের যে পরিকল্পনা সেই পরিকল্পনা

আমরা মার্কেট থেকে লোন নিয়ে, আদার ফাইনানশিয়াল ইন্স্টিটিউশন থেকে লোন নিয়ে আমরা সেই পরিকল্পনা বাস্তবে পরিণত করবো। সেন্ট্রাল গভর্ণমেন্টের সংগে যতটা পারা যায় আমরা টাকা নেবার চেষ্টা করবো।

ডালখোলা তাপবিদ্যুৎ কেন্দ্র

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫।) ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডালখোলা তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে—

(১) কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে,

(২) কত দিনের মধ্যে স্থাপনের কাজ আরম্ভ হবে,

(৩) কোন্ বৎসরের মধ্যে কাজ শেষ হবে, এবং

(৪) ঐ কেন্দ্রে কত লোকের চাকরি পাওয়ার সম্ভাবনা?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশন ডালখোলায় কেন্দ্রীয় উদ্যোগে একটি ২×১২০ মেগা-ওয়াট ক্ষমতাসম্পন্ন তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রজেক্ট রিপোর্ট প্ল্যানিং কমিশনের নিকট পেশ করিয়াছেন।

(খ) প্ল্যানিং কমিশন এখনো ঐ প্রকল্পটি মঞ্জুর করেন নাই। সুতরাং এ সব প্রশ্নের উত্তর এখনই দেওয়া সম্ভবপর নয়।

There is enough indication that the Planning Commission will sanction the scheme.

Dr. Ramendra Nath Dutt :

যদি স্যাংশন হয়, কত দিনের মধ্যে জানতে পারব?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

স্যাংশন করলে আমাদের মেইন ডিফিকাল্টি হচ্ছে জিনিষপত্র পাওয়া, তার সংগে একথা বলতে পারি যে সয়েল টেস্টিং করতে হবে, জলের ব্যবস্থা করতে হবে, কিছু জমি একুইয়ার করা প্রয়োজন হবে, টাউনশিপ করবার জন্য আপনাদের জেলার মন্ত্রী খুব এ্যাক্টিভ, সেজন্য আমি জানি যে জমিটমি খুব তাড়াতাড়ি পাওয়া যাবে।

Dr. Ramendra Nath Dutt :

আমার জিজ্ঞাসা হচ্ছে স্যাংশন করেছে কিনা এটা কতদিনে জানতে পারব আমরা?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

এটা বলা মুস্কিল, প্ল্যানিং মিনিস্টার এশিওর করেছেন মোটামুটি, কাগজপত্রে পাইনি, তাঁর মুখে শুনেছি।

Shri Bireswar Roy :

সরকার কি মনে করেন অনুন্নত উত্তর বংগের কৃষি শিল্পের উন্নতির জন্য এই থার্মো প্ল্যান্ট অপরিহার্য্য?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :
নিশ্চয়।

Shri Bireswar Roy :
তাহলে তাড়াতাড়ি স্যাংশন করার জন্য পশ্চিমবংগ সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করবেন?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :
আমরা প্ল্যানিং মিনিস্টারের কাছে গিয়েছি, তাঁর সংগে কথাবার্তা বলেছি, আমাদের মুখ্যমন্ত্রী প্ল্যানিং মিনিস্টারকে অনুরোধ করেছেন, কথাবার্তা বলেছেন, প্ল্যানিং মিনিস্টার এশিওরেন্স দিয়েছেন এটা করে দেবেন।

বরঞা বিধানসভা কেন্দ্রে গ্রাম বৈদ্যুতিকরণ

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৬।) **শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক** ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গত দুই বৎসরে বরঞা কনস্টিটুয়েন্সীর অন্তর্গত কতগুলি ও কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতিকরণ হইয়াছে; এবং

(খ) ১৯৭৪ সালে উক্ত কনস্টিটুয়েন্সীর কতগুলি গ্রাম বৈদ্যুতিকরণ করিবার পরিকল্পনা আছে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) ১৯৭২ সনে বরঞা থানার অন্তর্গত একটি গ্রাম যথা ঃ নিমবাহাদুরপুর (১৩০), ১৯৭৩ সনে সাতটি গ্রাম যথা ঃ বাবরপুর (৭৩), কালি (৩৬), নবগ্রাম (৬১), মোনাই কোনদ্রা (৬২), কাপাস ডাঙ্গা (৬৩), শ্রীহট্ট (১২৩) ও গৌরীনগর (১১৭)।
বন্ধনীতে জে. এল. নং দেখানো হইয়াছে।

(খ) ১৯৭৪ সালে মার্চে বেলগ্রাম (১৪২) গ্রামটি বৈদ্যুতিকরণ করার পরিকল্পনা আছে। ১৯৭৪ সালের বাকী সময়ে উত্তর বরঞা থানার গ্রাম বৈদ্যুতিকরণে পরিকল্পনা এখনও চূড়ান্ত হয় নাই।
(রাজ্য বিদ্যুৎ পর্ষদ থানাভিত্তিক তথ্য রাখে কনস্টিটুয়েন্সীভিত্তিক নহে।)

এতে অনেকগুলি গ্রামের নাম আছে, আমি এটা পড়ব?

Mr. Speaker : It may be placed on the table.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :
ফর ইয়োর ইন্‌ফর্মেশন, মুর্শিদাবাদ জেলায় অক্টোবর ১৯৭৩ সালে ৫৫৩টি গ্রাম ইলেক্ট্রিফাইড হয়েছে, নভেম্বরে হয়েছে ৫৬৩টি, ডিসেম্বর পর্য্যন্ত ৫৭২টি, জানুয়ারী পর্য্যন্ত ৫৮৭টি, ফেব্রুয়ারী ১৯৭৪-এ আর ২০টি গ্রামে করার কথা, করা হয়েছে কিনা খবর নাই, ইন আদার ওয়ারড্‌স পশ্চিম বাংলায় অন্যান্য জেলায় করেছি শতকরা ২১.৯ পার সেন্ট কিন্তু মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে এটা ২৮ পার সেন্ট।

[1-20—1-30 p.m.]

Shri Sunil Mohan Ghosh Moulik :
আমার প্রশ্নের উত্তর দুটী একটু পড়ে দিলে সুবিধা হয় বুঝতে। ১৯৭২ সালে কত ও ১৯৭৩ সালে এবং ১৯৭৪ কত হবে আমার বরঞা কনস্টিটুয়েন্সিতে।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক) ১৯৭২ সনে হচ্ছে বরঞা—থানার অন্তর্গত—একটা গ্রাম যথা ঃ নিমবাহাদুরপুর (১৩০), ১৯৭৩ সনে হচ্ছে সাতটী গ্রাম যথা ঃ বাবরপুর (৭৩), কালি (৩৬), নবগ্রাম (৬১), মোনাই কোন্দ্রা (৬২), কপাসডাঙ্গা (৬৩), শ্রহট্ট (১২৩) ও গৌরীনগর (১১৭)।

(খ) ১৯৭৪ সালে মার্চে বেলগ্রাম গ্রামটী বৈদ্যুতিকরণ করার পরিকল্পনা আছে। ১৯৭৪ সালের বাকী সময়ে উক্ত বরঞা থানার গ্রাম বৈদ্যুতিকরণের পরিকল্পনা এখনও চূড়ান্ত হয় নাই রাজ্য বিদ্যুৎ পর্ষদ থানাভিত্তিক তথ্য রাখেন, কন্‌স্টিট্যুয়েন্সিভিত্তিক তথ্য রাখেন না।

আমি, স্যার, সদস্যদের ইনফরমেসন-এর জন্য বলছি এখন থেকে পর্ষদ যাতে কন্‌স্টিট্যুয়েন্সি-ভিত্তিক তথ্য দিতে পারে তার জন্য আমি অর্ডার দিয়েছি।

Shri Sunil Mohan Ghosh Moulik :

আমাদের আন্দিতে বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা আছে কি? সেখানে মিল হয়েছে একটা ইন্ডাস্ট্রিয়াল বেল্ট সেটা—এটা হওয়া খুব ইমপরটেন্ট।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

আমাদের মেইন প্রিন্সিপ্যাল হচ্ছে—আমাদের টাকা নাই। আমরা নর্ম্যালী আর, ই, সি-র কাছ থেকে টাকা নিয়ে এই কাজগুলো করি। আর, ই, সি, তাদের কতকগুলি স্টাণ্ডার্ড আছে, সেই স্টাণ্ডার্ড অনুসারে তাঁরা আমাদের স্কীমগুলি মঞ্জুর করেন।

আর দ্বিতীয় কথাগুলো আমরা যে স্কীমগুলি পাঠাই, তাঁরা সব স্কীম প্রায়রিটি হিসাবে স্যাংশন করে না। অনেক সময় দেখা যায় একটা গ্রাম আমরা বৈদ্যুতিকরণ করলাম, মাঝখানে হয়ত ৫টী গ্রাম থেকে গেল, আর একটি গ্রামে গিয়ে আমরা কাজ করছি। তার কারণ আর, ই, সি, ঐ গ্রাম স্যাংশন করেছে আর মাঝখানের ৫টী গ্রাম স্যাংশন করে নাই। আমরা যেমন যেমন স্যাংশন পাই, তেমন তেমন কাজ করি।

Shri Sunil Mohan Ghosh Moulik :

এই আন্দি গ্রামটীর খুব ইমপরটেন্স। এখানে মিল হয়েছে, লোক সংখ্যা বেশী, একটী ইনডাস্ট্রিয়াল বেল্ট-এ পরিণত হয়েছে। এর বৈদ্যুতিকরণ যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

নিশ্চয়ই আমি দেখবো।

Shri Krishna Pada Roy :

অন্যান্য জেলায় বৈদ্যুতিকরণের হার হচ্ছে ২১ পারসেন্ট, আর মুর্শিদাবাদ হচ্ছে ২৮ পারসেন্ট, এই পারসেন্টের পার্থক্যের কারণ কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

এই ডিফারেন্স কেন হয়েছে আমি জানি না। তবে বোধ হয় আমাদের এগ্রিকালচার মিনিস্টার তার এগ্রিকালচার-এর উপর বেশী জোর দেওয়ার ফলে এই ট্রান্সমিশন লাইন সেখানে বেশী টানা হয়েছে।

Shri Krishna Pada Roy :

তাহলে কি মনে করবো মুর্শিদাবাদ জেলা ছাড়া অন্যান্য জেলায় এগ্রিকালচার-এর জন্য ইলেক্ট্রিফিকেশনের প্রয়োজন নাই?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

আমি সেকথা বলছি না। তবে এগ্রিকালচার ডিপার্টমেন্ট আমাদের কাছে যেখানে যেমন রিকুই-জেশন দেন, সেখানে তেমন আমরা কাজ করি। আপনারা হাওড়া জেলার এম, এল, এ-রা যদি বেশী করে রিকুজিশন আনতে পারেন আমি এ্যসিওর করছি, তাহলে আমরা বেশী করে ট্রান্স-মিশন লাইন টানবো।

জাঙ্গীপাড়া গ্রুপ ইলেক্‌ট্রিসিটি হইতে এক্সটেনশন সার্ভিস

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৮।) **শ্রীগণেশ হাটুই ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০-৭১, ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ সালে হুগলী জেলায় ডব্লু বি স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড-এর অধীনে জাঙ্গীপাড়া গ্রুপ ইলেক্‌ট্রিসিটি হইতে কতগুলি এক্সটেনশন সার্ভিস দেওয়া হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে ইলেক্‌ট্রিসিটি এক্সটেনশন সার্ভিস-এর জন্য বেশ কিছু দরখাস্ত জাঙ্গী-পাড়া গ্রুপ ইলেট্রিসিটি অফিসে বহুদিন পূর্বে জমা দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কোন কানেক-শন দেওয়া হয় নাই; এবং

(গ) সত্য হইলে, কবে নাগাত ঐগুলিকে কার্যকরী করা হইবে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

(ক)	১৯৭০-৭১	—	৬
	১৯৭১-৭২	—	২৭
	১৯৭২-৭৩	—	১৫

(খ) হ্যাঁ।

(গ) ইলেকট্রিক কনেকসন্ দিতে হইলে ইচ্ছুক গ্রাহকদের প্রয়োজনীয় তথ্যাদি যেমন মৌজা ম্যাপ, ওয়েলিভ সার্টিফিকেট ইত্যাদি জমা দেওয়া দরকার প্রসঙ্গত ৫০ জন ইচ্ছুক গ্রাহককে সার্ভিস কনেকসন চার্জ জমা না দেওয়ার জন্য কনেকসন দেওয়া যাইতেছে না।

আমি হাউসের ইনফরমেশানের জন্য বলছি,

I am changing this cumbersome procedure.

Shri Ganesh Hatui :

মন্ত্রিমহাশয় বললেন ১৯৭০-৭১ সালে ৬, ১৯৭১-৭২ সালে ২৭ এবং ১৯৭২-৭৩ সালে কমে ১৫টা হয়েছে। এটা আমি জানি যে সমস্ত প্রয়োজনীয় জিনিষ দরকার তার অনেক কিছু জমা দেওয়া হয়েছে। কিন্তু জমা দেওয়া সত্ত্বেও মিটার এবং বৈদ্যুতিক তারের অভাবে ইচ্ছুক গ্রহীতাদের সারভিস ক্যানেকসান দেওয়া যাচ্ছে না—এটা সত্য কিনা জানাবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

তা ঠিক নয়। এটা আর, ই, সি-র যে প্রিন্সিপ্যাল, তাদের সেই প্রিন্সিপ্যালের সংগে আমাদের মতের মিল হচ্ছে না। আর, ই, সি-র কথা হচ্ছে, তোমরা দুটো কি তিনটে পোল দিয়ে বলে দাও পারটিক্যুলার ভিলেজ ইজ ইলেকট্রিফায়েড। আর, ই, সি;-র কাজ হয়ে গেলো। মেন্টেন্যান্স ডিমান্ড অনুসারে সেখানে চালু করবে এবং তারা সেখানে আরও কতকগুলো কণ্ডিসান্স করছে।

আমরা অর্ধেক দরখাস্ত স্ক্রুটিনি করি। সেগুলো টাইম কনজিউমিং ফ্যাক্টার এবং এই আগলি প্রসিডিওর ছিল অনেক দিন থেকে। এটা চেঞ্জ করছি। আমি কালকেই অর্ডার দিয়েছি
To change the Procedure and simplify it as far as practicable.

STARRED QUESTIONS
(to which oral answers were given

শিল্পের মূলধন স্থানান্তরণ

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত কয়েক বৎসর ধরে বিভিন্ন শিল্পপতি ও শিল্পপতিগোষ্ঠী পশ্চিমবঙ্গ থেকে মূলধন সরিয়ে নিয়ে যাচ্ছেন;

(খ) সত্য হ'লে—

(১) কোন্ সাল থেকে মূলধন সরানো হতে থাকে, এবং

(২) কোন্ কোন্ শিল্পপতিগোষ্ঠী কিভাবে ও কত মূলধন সরিয়েছেন; এবং

(গ) এই মূলধন সরানোর চেষ্টা বন্ধ করার জন্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করেছেন?

Shri Tarun Kanti Ghosh :

(ক) পশ্চিমবঙ্গ থেকে প্রতিষ্ঠিত কোন শিল্প সরানো হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Shri Sukumar Bandyopadhyay :

মন্ত্রিমহাশয় বলেছেন পশ্চিমবঙ্গ থেকে কোন প্রতিষ্ঠিত শিল্প সরানো হয় নি। তাহলে কি অন্য-ভাবে মূলধন সরানো হয়েছে?

Shri Tarun Kanti Ghosh :

প্রথম কথা হচ্ছে মূলধন কথাটার মানে কি সেটা জানতে পারলে বুঝবো।

Shri Sukumar Bandyopadhyay :

মন্ত্রিমহাশয় কি বলবেন মূলধন সরানোর যে বিষয়টা রয়েছে, যে প্রশ্ন রয়েছে সেটা বলতে গিয়ে বলেছেন কোন প্রতিষ্ঠিত শিল্প সরানো হয় নি। আপনার কাছে কি কোন খবর আছে যে পরোক্ষ-ভাবে এখানকার শিল্প থেকে কোন মূলধন অন্য রাজ্যে নিয়ে গিয়ে সেখানে শিল্প স্থাপন করা হয়েছে কিনা?

Shri Tarun Kanti Ghosh :

মূলধন কথাটা বুঝতে পারছি না। কোন শিল্প সরিয়ে নিয়ে যাওয়া হয় বুঝতে পারি। কত কোম্পানীর ব্যাঙ্কে টাকা আছে, চেক আছে, সেই চেক কেটে টাকা ভাঙ্গাতে পারে। এখানে টাকা ভাঙ্গিয়ে নিয়ে গিয়ে মাদ্রাজ বা অন্য রাজ্যে যেতে পারে। কলকাতা থেকে চেক ভাঙ্গাতে পারে।

[1-30—1-40 p.m.]

মূলধন সরান মানে যদি বলেন কোন শিল্প সরিয়েছে কিনা তাহলে আমি বলব কোন শিল্প সরান হয়নি। তবে এখানে যাদের হেড অফিস আছে তারা অন্য কোথাও তাদের ব্রাঞ্চ এক্সপ্যানসন করেছে কিনা সেটা খোঁজ নিয়ে বলতে পারি।

Shri Sukumar Bandyopadhyay :

মূলধন সরান বলতে কি কারখানা সরান বোঝায়?

Shri Tarun Kanti Ghosh :

সেই ফিগার আমাদের কাছে থাকে না। হাজার কোম্পানি আছে এবং তাদের কোথায় কত টাকা আছে, কোথায় সেই টাকা খরচ করছে সেটা বলা কি সম্ভব।

Shri Kashi Kanta Moitra :

ফাইনানসিয়াল ইন্সটিটিউট, যেমন রাষ্ট্রায়ত্ব ব্যাংক, এল. আই. সি. ইউনিট ট্রাস্ট প্রভৃতি প্রতিষ্ঠান থেকে বা রি-ফাইনানসিং কর্পোরেসন বা এই সমস্ত ফাইনানসিয়াল ইন্সটিটিউসন থেকে এই রাজ্যের যে সমস্ত বৃহৎ শিল্পে টাকা লগ্নী করা হয়েছে সেই টাকা এখান থেকে উত্তর প্রদেশে, পাঞ্জাবে, মহারাষ্ট্রে শিল্পপতিরা সিফন অফ্ করে নিয়ে যায় তাহলে সেটা তো ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে? আমার প্রশ্ন হচ্ছে এটা যে ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে সেটা আপনি স্বীকার করেন কিনা অর্থাৎ রাজ্যের টাকা রাজ্য থেকে বেরিয়ে যাচ্ছে এটা স্বীকার করেন কিনা?

Shri Tarun Kanti Ghosh :

আপনার প্রশ্নটা আমি ঠিক বুঝতে পারলাম না।

Shri Kashi Kanta Moitra :

আপনাকে আমি কনক্রিট ইন্সট্যান্স দিচ্ছি। আপনি যদি মিস্ট্রি অব বাজোরিয়া এ্যান্ড জালান এই বইটি পড়েন তাহলে দেখবেন এই রাজ্যের বড় বড় কয়েকজন ধুরন্দর শিল্পপতি কিভাবে রাজ্যের ফাইনানসিয়াল ইন্সটিটিউসন থেকে কোটি কোটি টাকা নিয়ে সেটা অন্য রাজ্যে পাঠিয়ে দিয়ে এই রাজ্যের যে সমস্ত শিল্পে টাকা লগ্নী করা হয়েছে তাকে ঝাঝরা-ফোফরা করে দিয়েছে। এইভাবে তারা শ্রমিককে ঠকিয়েছে, রাজ্যকে ঠকিয়েছে এবং তার সমস্ত বিবরণী এই বইতে রয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী এটা জানেন এবং তিনি বলেছিলেন আমি দেখছি। ফাইনানসিয়াল ইন্সটিটিউট থেকে টাকা দিচ্ছে কিন্তু আমরা দেখছি সেই টাকা এখান থেকে সরে যাচ্ছে। মাননীয় সদস্য প্রশ্ন করেছেন এই টাকা যদি এই রাজ্য থেকে সিফন অফ করে অন্য রাজ্যে পাঠিয়ে দেওয়া হয় তাহলে সেটাকে কি আপনি অর্থনীতির পরিভাষায় ফ্লাইট অব ক্যাপিটাল বলবেন না? ফ্লাইট অব ক্যাপিটাল মানে কি কলকারখানাকে বডিলি এখান থেকে লিফ্‌ট করে আর একটা জায়গায় নিয়ে যাওয়া, না, টাকা নিলেও ফ্লাইট অব ক্যাপিটাল হয়?

Shri Tarun Kanti Ghosh :

একটা শিল্পের হেডকোয়াটার যদি বোম্বেতে হয় তাহলে সেখানকার ফাইনানসিয়াল ইনস্টিটিউসন থেকে সে ধার নিতে পারে, তার টোট্যাল এ্যাসেট ধার নিতে পারে এবং যে কোন জায়গায় বিজনেস্ করতে পারে। ফাইনানসিয়াল ইন্সটিটিউসনের টাকা কোন রাজ্যের টাকা নয়, এটা হচ্ছে ভারতের টাকা। কাজেই সেই টাকা যদি সে এখান থেকে নিয়ে যায় তাহলে নিশ্চয়ই তাকে ফ্লাইট অব ক্যাপিটাল বলব না। মনে করুন এই রাজ্যের জন্য লাইসেন্স পাবার পর বা লেটার অব ইনটেন্ট পাবার পর যদি সে সরাত

তাহলে সেটাকে ফ্লাইট অব ক্যাপিটাল না বলে বলতে পারি ইনডাস্ট্রি সারিয়েছে। ধরুন, ন্যাসনালাইজড ব্যাংক থেকে টাকা ধার নিলাম অর্থাৎ যেহেতু কোলকাতায় বাস করি সেহেতু কোলকাতার ব্যাংক থেকে টাকা ধার নিলাম কিন্তু ইট ডাস্ নট মিন দ্যাট কোলকাতার টাকা নিলাম।

Shri Kashi Kanta Moitra :

মন্ত্রিমহাশয় জানাবেন কি, ফাইনানসিয়াল ইন্সটিটিউসন থেকে যে টাকা লগ্নী করা হয় সেটা লগ্নী করবার সময় এরকম কোন স্টিপুলেশন বা কনডিসন থাকে কিনা যে টাকাটা শিল্পে নিযুক্ত হবে? না, কি এরকম হয় যে টাকাটা নিযুক্ত হবার পর সে অন্যভাবে টাকা এখান থেকে নিয়ে যেতে পারবে? এরকম করলে তো আপনার শিল্প নষ্ট হয়ে যাবে এবং এটাও তো একটা ফ্লাইট অব ক্যাপিটাল হচ্ছে।

Shri Tarun Kanti Ghosh :

মাননীয় সদস্যদের একটা কথা জানাতে চাই যে, ফাইনানসিয়াল ইন্সটিটিউসন একটা পয়সাও দেবে না আন্টিল এ্যান্ড আনলেস্ দেয়ার ইজ এ ভায়াবেল প্রোপোজাল। এই ভায়াবেল প্রোপোজাল করতে গেলে তাকে জানাতে হবে কেন তারা এই টাকা চাচ্ছে, কোথায় শিল্প হচ্ছে, কি শিল্প হচ্ছে, কি জিনিস তারা তৈরী করবে, তার ভায়াবালিটি কি ইত্যাদি। এই সমস্ত রিপোর্ট দেখার পর তাদের দেওয়া হবে। আমাকে যদি এরকম কোন কেস দিতে পারেন যে একটা প্রোপোজাল দিয়েছিল যে এখানে শিল্প করবে কিন্তু তারপর দেখা গেল স্যাংসন পাবার পর সে এখানে সেটা না করে অন্য জায়গায় নিয়ে গেছে তাহলে আপনি যেটা বলছেন সেটাই হবে যে, এটা সিফন অফ অল মানিস্ এ্যাওয়ে ফ্রম ওয়েস্ট বেঙ্গল।

Shri Kashi Kanta Moitra :

আমি মন্ত্রিমহাশয়কে চ্যালেঞ্জ করছি আপনি খোঁজ নিয়ে দেখবেন বাজোরিয়া এবং জালানরা ফাইনানসিয়াল ইন্সটিটিউসন থেকে যখন টাকা নিয়েছে তখনও এই সমস্ত ব্যাংক রাষ্ট্রায়ত্ত হয়নি। কিন্তু সেই টাকা তারা চা বাগানে খরচা না করে শ্রমিকদের ঠকিয়েছে, রাষ্ট্রকে ঠকিয়েছে এবং ২ কোটি টাকা এখান থেকে নিয়ে মহারাষ্ট্রে তারা কটন মিলস্ করেছে এবং অনুরূপ আর একটি কারখানা হয় উত্তরপ্রদেশে, কানপুরে এবং দেড়কোটি টাকা খরচ করে পাটনাতে এরকম একটা কারখানা তারা নিয়ে গেছে। আমি আপনাকে বলছি এইভাবে তারা পশ্চিমবাংলাকে ফোকরা করে দিয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে বলছি, অনুরোধ করছি, আপনি কোন কমপ্লাসেন্ট এ্যাটিচুড নেবেন না কিন্তু আপনি লক্ষ্য করুন পশ্চিমবাংলার দারুণ ক্ষতি হচ্ছে। এইভাবে তারা লুকিয়ে, চুরি করে টাকা নিয়ে যাচ্ছে।

Shri Tarun Kanti Ghosh :

আমি মাননীয় সদস্যকে বলতে চাই, দি ব্যাংকস্ ওয়েয়ার ন্যাসনালাইজড ফর দিস্ ভেরি পার্পাস্। এখন ব্যাংকের কনট্রোল থাকবে গভর্ণমেন্টের হাতে যাতে কোন শিল্পপতি অন্যায়ভাবে টাকা নিতে না পারে। তবে আপনি যেটা বলছেন সেটা আজকের দিনে সম্ভব নয়। ১৯৬৯ সালে কি হয়েছে সেটা আমি বলতে চাই না।

Shri Sisir Kumar Ghosh :

মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাজোরিয়া কোম্পানী টিটাগড়ের ব্রিটানিয়া কোম্পানী থেকে মূলধন সরিয়ে নিয়ে মোকামায় টাকা লগ্নী করেছে কিনা?

Shri Sukumar Bandyopadhyay :

এখানে লেটার অব ইনটেন্ট, লাইসেন্স পাবার পর পশ্চিমবঙ্গে শিল্প স্থাপন না করে অন্য জায়গায় শিল্প স্থাপন করা হয়েছে এই রকম কোন সংবাদ মন্ত্রিমহাশয়ের জানা আছে কিনা জানাবেন কি?

Shri Tarun Kanti Ghosh : During the period from 1st April 1969 to 31st December 1969, 12 applications were received for transfer of licence, which were meant for West Bengal. These applications were, for transfer of licences, outside West Bengal. All these cases were opposed by the State Government. Of these 12 cases, one was allowed by the Government of India, 3 cases were withdrawn by the party and the rest were rejected by the Government of India. The project for expansion of Calcutta unit was transferred to Hyderabad on defence ground.

Shri Pankaj Kumar Banerjee :
এমন কতকগুলি কারখানা আছে যেমন জয় ইঞ্জিনিয়ারিং কারখানা এখানে ভলিউম অব প্রোডাকসান কমিয়ে দিয়ে অন্য জায়গায় ভলিউম অব প্রোডাকসান বাড়িয়ে দিচ্ছে তার ফলে আমরা এখানে সাফার করছি, আমাদের কস্ট অব প্রোডাকসান বেড়ে যাচ্ছে, এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি কমে যাচ্ছে, তার জন্য কোন বিধিব্যবস্থা করছেন, বলা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Tarun Kanti Ghosh :
আপনি কি ট্রান্সফারের কথা বলছেন?

Shri Pankaj Kumar Banerjee :
নাউ হ্যাজ অলরেডি বিন দেয়ার—এই জিনিস যদি কেউ করে তাহলে আপনি সে সম্বন্ধে কি ব্যবস্থা করবেন?

Shri Tarun Kanti Ghosh :
ফিলিপস কোম্পানী এখানে কারখানা সম্প্রসারণ করে উৎপাদন বাড়ানোর জন্য অনুমতি পেয়েছিল সেটা এখানে না করে অন্যত্র সম্প্রসারণের চেষ্টা হচ্ছে। আমি তাদের সঙ্গে কথা বলে এখনেই যাতে প্রোডাকসান বাড়ে তার বন্দোবস্ত করেছি। এই রকম জিনিস যদি হয় তাহলে সেটাকে একটা লুকিয়ে ঘুরিয়ে ট্রানসফারই আমি বলব, সেটা জানতে পারলে সে সম্বন্ধে নিশ্চয় আমরা ব্যবস্থা গ্রহণ করব।

Shri Pankaj Kumar Banerjee :
জয় ইঞ্জিনিয়ারিং কোম্পানী এখানে প্রোডাকসান কমিয়ে দিয়ে হায়দ্রাবাদে প্রোডাকসান বাড়িয়ে দিচ্ছে, এটাকে প্যারালাইজ করার চেষ্টা চলছে, সে সম্বন্ধে আপনি কি ব্যবস্থা করছেন জানাবেন কি?

Shri Tarun Kanti Ghosh :
সেটা আমি খোঁজ করব।

Shri Madhu Sundan Roy :
বড় বড় শিল্পপতিরা তাদের মূলধন সরানোর ফলে ব্যাংক ছোট ছোট ব্যবসায়ী এবং শিল্পপতিদের টাকা দাদন করা কমিয়ে দিয়েছে—এটা কি জানেন?

Shri Tarun Kanti Ghosh .
এ রকম কোন খবর নেই।

Shri Gautam Chakravartty :
মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি বললেন জয় ইঞ্জিনিয়ারিং কোম্পানী প্যারালাইজ করে দেবার চেষ্টা হচ্ছে, এত বড় একটা খবর তিনি জানেন না, এর কারণ কি তিনি বলবেন?

Shri Tarun Kanti Ghosh :

না, আমার কাছে এই রকম কোন খবর আসেনি।

Shri Bhowani Prosad Sinha Roy :

মূলধন সরিয়ে নেওয়া না নেওয়ার ব্যাপারে শিল্প বিভাগের কোন ব্যবস্থা আছে কিনা, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Tarun Kanti Ghosh :

লেটার অব ইনটেন্ট বা লাইসেন্স সিফটিং যদি কেউ করতে চায় তাহলে ন্যাচারালি ইট কামস টু আওয়ার নলেজ এবং আমরা সেই পারমিসন অপোজ করি।

Shri Bhowani Prosad Sinha Roy :

শিল্পের মূলধন বলতে কি বোঝায় সেটা আমি জানতে চাচ্ছি—শুধুমাত্র ফাইন্যানসিয়্যাল ইন্সটিটিউসন-এর টাকাগুলিই কি মূলধন, না অন্য কোন মূলধন আছে, মূলধন বলতে কি বোঝায়?

Shri Tarun Kanti Ghosh :

এটা কি প্রশ্ন হচ্ছে আমি বুঝতে পারছি না।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে যদি কোন প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গ থেকে সরিয়ে নিয়ে যাবার চেষ্টা হয় তাহলে তা রুখবার জন্য আমাদের সরকার পক্ষ থেকে সে রকম পর্যাপ্ত আইন আছে কিনা?

Shri Tarun Kanti Ghosh :

এর ফাইন্যাল অথরিটি হচ্ছে গভর্ণমেন্ট অব ইন্ডিয়া। তবে এখনও পর্যন্ত কাউকে আমরা যেতে দিইনি।

Yarn Crisis in West Bengal

***424.** (Admitted question No. *223.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the reasons for yarn crisis in West Bengal in 1973;

(b) the action taken by the Government to tackle the same; and

(c) the present position of yarn supply?

[1-40—1-50 p.m.]

Shri Atish Chandra Sinha :

(ক) ১৯৭৩ সালের প্রথমভাগে সুতার অভাব, বিশেষ করে মিহিসুতার অভাব পশ্চিমবঙ্গে দেখা দেয়। ইহার কারণ হইল:—

(১) পশ্চিমবঙ্গের সুতাকলগুলি মাঝারি সুতা উৎপাদন করে, কিন্তু মিহিসুতার জন্য পশ্চিমবঙ্গ দক্ষিণ ভারতীয় রাজ্যের উপর নির্ভরশীল। এই সকল রাজ্যে ১৯৭২ সালে প্রচণ্ড বিদ্যুৎ ঘাটতি দেখা দেয় এবং সুতার উৎপাদন বহুল পরিমাণে ব্যাহত হয়।

(২) সুতার উৎপাদন ব্যাহত হওয়ায় বাজারে মাঝারি ও মিহিসুতার অভাব দেখা দেয়।

(৩) সর্বভারতীয় ক্ষেত্রে ১৯৭২ সালের তুলনায় ১৯৭৩ সালে বাজারজাত সুতার পরিমাণ ১/৫ অংশ কমে গেছে। তামিলনাড়ুতে শতকরা ৭৫ ভাগ বিদ্যুৎ ঘাটতির জন্য সুতার উৎপাদনের পরিমাণ বহুলাংশে হ্রাস পায়। তামিলনাড়ু ভারতের ১/৩ অংশ সুতার উৎপাদনকারী।

(৪) ১৯৭০-৭১ সালে তুলার উৎপাদন কম হয় এবং ইহার ফলে তুলার মূল্য বৃদ্ধি পায়। স্বভাবতই সুতার উৎপাদন হ্রাস পায় এবং সুতার মূল্য বৃদ্ধি পায়।

(খ) (১) সর্বভারতীয় সুতার সমস্যা মোকাবিলার জন্য কেন্দ্রীয় সরকার ১৯৭৩ সালের ১৩ই মার্চ সুতার উপর নিয়ন্ত্রণ আরোপ করেন। সুতার নিয়ন্ত্রণের পর টেক্সটাইল কমিশনার বিভিন্ন সময়ে এই রাজ্যের জন্য সুতা বরাদ্দ করেন।

(২) তখন থেকে রাজ্যসরকার টেক্সটাইল কমিশনার-এর অফিস থেকে বরাদ্দকৃত সুতা বণ্টনের জন্য নিম্নে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করেন।

(৩) বিভিন্ন সময়ে টেক্সটাইল কমিশনার অফিস থেকে রাজ্যসরকার যে সুতা পেয়েছেন তার মোট বরাদ্দ বিভিন্ন জেলার জন্য ভাগ করে দেওয়া হয়েছে এবং এই সুতা তাঁতিদের মধ্যে বণ্টনের দায়িত্ব দেয়া হয়েছে প্রত্যেক জেলার জেলা সমাহর্তার এবং ডিষ্ট্রিক্ট লেভেল এড্‌ভাইসরী কমিটির উপর।

(৪) এই রাজ্যের জন্য টেক্সটাইল কমিশনার-এর বরাদ্দ করা সুতা ১৭টি (১টি সরকারী, ২টি সমবায় সংস্থা এবং ১৪ জন ব্যবসায়ী) কেন্দ্রীয় ডিলারের মাধ্যমে মিল হতে তোলার ব্যবস্থা করা হয়েছে।

(৫) মিল হতে প্রাপ্ত সুতা জেলার সমাহর্তাগণ নিজ নিজ জেলার ডিলারের (সাব্‌-ডিলারের) মাধ্যমে তন্তুজীবিদের মধ্যে সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা করেন।

(গ) বর্তমানে ৮০নং পর্যন্ত সুতা সর্বপ্রকার নিয়ন্ত্রণমুক্ত হয়েছে। স্বভাবতই ৮০নং এর উর্দ্ধে সকল কাউন্টের সুতা ভারত সরকারের নিয়ন্ত্রণাধীন। এখন ৮০নং পর্যন্ত সুতা বাজারে পাওয়া যাচ্ছে। তবে নিয়ন্ত্রণাধীন (কন্ট্রোলড্‌ ভ্যারাইটি অফ্‌ ইয়ার্ন) সুতার অভাব বর্তমানে আছে। গত অক্টোবর '৭৩ থেকে নিয়ন্ত্রণাধীন সুতার এলটমেন্ট টেক্সটাইল কমিশনার-এর দপ্তর থেকে আমরা পাই নি। সম্প্রতি (২২।২।৭৪) আমরা টেক্সটাইল কমিশনার-এর দপ্তর থেকে ১০০নং কাউন্টের ৩৬১৫৩.৬ কেজি সুতার বরাদ্দ পেয়েছি এই সুতা মিল থেকে পাওয়া গেলে, এই রাজ্যের বিভিন্ন জেলার তন্তুজীবিদের মধ্যে বণ্টনের ব্যবস্থা করা হবে। আশা করা যায় এখন ৮০ কাউন্টের ওপরের সুতা টেক্সটাইল কমিশনার-এর দপ্তর থেকে পাওয়া যাবে এবং এই রাজ্যের তন্তুজীবিদের মধ্যে উহা সুষ্ঠুভাবে জেলা সমাহর্তাদের মাধ্যমে বণ্টন সম্ভব হবে

Shri Md. Saffiullah :

গত এক বছরে ৮০ কাউন্টের সুতার উপর সরকারী নিয়ন্ত্রণ ছেড়ে দিলেও এর দাম অস্বাভাবিক রকমভাবে বৃদ্ধি পেয়েছে—মন্ত্রিমহাশয় জানাবেন কি এই দাম অস্বাভাবিক রকম বৃদ্ধির কারণ কি?

Shri Atish Chandra Sinha :

মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে ৮০ কাউন্টের সুতা তৈরী করতে গেলে ভারতবর্ষে যে তুলা উৎপাদন হয় তাতে হয় না, বাইরের থেকে যেমন সুদান ইজিপ্ট থেকে সেই তুলা আনতে হয় এবং সেই তুলার দাম অস্বাভাবিক রকমভাবে বৃদ্ধি পেয়েছে। এবং সেইজন্যই হায়ার কাউন্টের সুতার দাম অস্বাভাবিক রকম বেড়ে গেছে। যেমন আগে এই তুলার দাম

ছিল পার ক্যাণ্ডি ৫ হাজার টাকা এখন সেখানে তার দাম ১৫ হাজার টাকা হয়ে গেছে। যে তুলা আমাদের এখানে আসছে তার অস্বাভাবিক মূল্য বৃদ্ধির জন্যই হায়ার কাউন্টস সুতার দাম এতো বৃদ্ধি পেয়েছে।

Shri Md. Saffiullah :

মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বলেছেন যে মাঝারী সুতা আমরা উৎপাদন করছি। তা যদি হয় তাহলে গত এক বছরে কতটা উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে জানাবেন কি?

Shri Atish Chandra Sinha :

আমি আমার প্রশ্নের উত্তরে জানিয়েছি যে কত কয়েক বছরে, ১৯৭১-৭২ সালের পরে ১৯৭২-৭৩ সালে তুলার উৎপাদন ভারতবর্ষে কমে যায় এবং তার ফিগার আমি আপনাদের দিয়েছি যে ১৯৭১-৭২ সালে যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে ৬৪·২৫ লাখ বেলস উৎপন্ন হয়েছিল। ১৯৭২-৭৩ সালে সেখানে কমে গিয়ে ৬২·৬০ লাখ বেলস উৎপন্ন হয়েছে। কাজেই মাঝারী সুতার ক্ষেত্রে সেটারও দাম বেড়েছে এবং এটা অস্বীকার করি না যে মাঝারী সুতার বেলাতেও দাম বেড়েছে। তার কারণ আপনারা দেখবেন যে তুলার দ্বারা আমরা মাঝারী সুতা উৎপন্ন করি অর্থাৎ ভারতবর্ষে যেটা প্রোডাকশান হয়, সেই প্রোডাকশানটা কমে গেছে যেখানে মাঝারী সুতার চাহিদা বেড়ে গেছে। সেজন্য মাঝারী সুতার দামও বেড়ে গেছে। বাইরে থেকে যেটা আমরা আনি সেটারও দাম বেড়ে গেছে এবং যার জন্য সুতার দাম হায়ার কাউন্টেও বেড়ে গেছে।

Shri Md. Saffiullah :

মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বলেছেন যে মিহি সুতার জন্য আমরা দক্ষিণ ভারতের উপর নির্ভরশীল। তাই যদি হয় তাহলে এই নির্ভরশীলতা দূর করার জন্য মিহিসুতার উৎপাদনের জন্য কোন ব্যবস্থা করেছেন কি?

Shri Atish Chandra Sinha :

এটা আমি বলতে পারবো না। তার কারণ আপনারা জানেন যে মিহিসুতা, পশ্চিমবাংলার শুধু ২৪-পরগনায় যে তুলা উৎপন্ন হয় এবং যেটা জানি সেটা মিহিসুতা তৈরী করার মত নয়। ভারতবর্ষে যা হয়, গুজরাট, মহারাষ্ট্রে হয়, সেই তুলায় ৬০ কাউন্টের মত সুতা তৈরী করবার উপযুক্ত। আমি জানি না যদি ভারত সরকার কোন স্কীম নিয়ে থাকেন যে তারো বেশী উন্নতমানের তুলা তৈরী করার জন্য যার দ্বারা এই হাই কাউন্টের সুতা তৈরী হতে পারে, এটা আমার জানা নেই।

Shri Md. Saffiullah :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রাজ্যে আমাদের যে সাম্প্রতিক এক্‌কিউট লোড সেডিং চলছে, এই লোড সেডিংয়ের ফলে কল্যাণী, হাবড়া ইউনিট-এ উৎপাদন কতটা হ্রাস পেয়েছে?

Shri Atish Chandra Sinha :

এটা তথ্য ছাড়া বলতে পারবো না। তবে আমি মাননীয় সদস্যর সঙ্গে একমত যে লোড সেডিংয়ের জন্য আমাদের কল্যাণী স্পিনিং মিলসের প্রোডাকশান অত্যন্ত ব্যাহত হচ্ছে এবং সেজন্য শুধু কল্যাণী স্পিনিং মিলসই নয়, আমাদের আরো অন্যান্য সরকারী সংস্থাতেও অত্যন্তভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সে জন্য আমরা অর্থ দপ্তরের কাছে সেখানে যাতে ডিজেল জেনারেটিং সেটস স্থাপন করে উৎপাদনকে অব্যাহত রাখতে পারি তার প্রস্তাব দিয়েছি। আশা করবো অর্থ দপ্তর আমাদের সেটা মঞ্জুর করবেন।

Shri Nasiruddin Khan :

মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে বাইরে থেকে সুতা আমদানী করতে হয়। এখন আবার বললেন যে বৈদ্যুতিক কারেন্টের অভাবে সুতা উৎপাদন ব্যাহত হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে সুঁতা উৎপাদন ব্যাহত হচ্ছে তুলার অভাবে না কারেন্টের অভাবে সেটা জানাবেন কি?

Shri Atish Chandra Sinha :

প্রোডাকশান ব্যাহত হয় বিভিন্ন কারণে, কারেন্ট তার মধ্যে একটা। কিন্তু যেটা র-মেটা-রিয়াল সেটা যদি কম হয় ন্যাচারালি উৎপাদন ব্যাহত হবে।

Shri Nasiruddin Khan :

মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি র-মেটেরিয়াল বলতে কি ভাবছেন এবং দেশের তুলা উৎপাদন প্রয়োজন মত করা সম্ভবপর হবে কি না এটা জানাবেন?

Shri Atish Chandra Sinha :

এটা আমার আয়ত্তের মধ্যে নেই। এটা সর্বভারতীয় ব্যাপার। আমি আগে প্রশ্নোত্তরে বলেছি যে ভারতবর্ষে কত উৎপাদন হবে সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়। সেটা কেন্দ্রীয় সরকারের আয়ত্তে পড়ে।

Shri Nasiruddin Khan :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, সল্ট এরিয়ার যে তুলা চাষের ব্যবস্থা নেওয়া হয়েছে, মানে সুন্দরবন এলাকায় এবং সেটা নাকি বেশি পাওয়া যাচ্ছে, সাকসেসফুল হচ্ছে। এটাতে আপনি সেখানে কি পরিমাণ পেলে আপনার প্রয়োজন মেটাতে পারবেন বলে মনে করেন?

Shri Atish Chandra Sinha :

এই প্রশ্নের উত্তর আমার দপ্তর থেকে দেওয়া সম্ভব নয়, এটা কৃষি দপ্তর থেকে দেওয়া উচিত।

সরকার-নিয়ন্ত্রিত শিল্পে লাভ ও ক্ষতি

*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০২।) শ্রীনরেশচন্দ্র চাকী: সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার-নিয়ন্ত্রিত শিল্পসমূহে গত ১৯৭১, ১৯৭২ ও ১৯৭৩ সালে কত লাভ বা লোকসান হয়েছে; এবং

(খ) এই সংস্থাগুলিতে বর্তমানে মোট কত লোক কাজ করেন?

Shri Atish Chandra Sinha :

(ক) এই বিভাগের দ্বারা পরিচালিত দশটি সংস্থার লাভ-লোকসানের খতিয়ান সংশ্লিষ্ট তালিকায় দেখা যাইতে পারে।

(খ)

(১) দুর্গাপুর প্রজেক্টস্ লিমিটেড	৬,২৩৭ জন
(২) দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড	৯২২ জন
(৩) কল্যাণী স্পিনিং মিলস্ লিমিটেড	২,৭৮৪ জন
(৪) ওয়েস্টীংহাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড	১,৮৬৪ জন
(৫) ইলেকট্রো মেডিক্যাল এ্যান্ড এ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিঃ	৯০ জন
(৬) এ্যাগ্রোইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড	৩৭৩ জন
(৭) ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী এ্যান্ড পোল্ট্রী ডেভালাপমেন্ট কর্পোরেশন লিমিটেড	১০৪ জন
(৮) ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড	২২৫ জন
(৯) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশন	৪৭১ জন
(১০) ওয়েস্ট বেঙ্গল ফিন্যান্সিয়াল কর্পোরেশন	৫৯ জন

Statement referred to in question No. 428(Ka)

লাভ লোকসানের খতিয়ান

	১৯৭০-১৯৭১	১৯৭১-১৯৭২	১৯৭২-১৯৭৩
(১) দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড	(−) ৩.৬৪,১৫,৬৩০ (ক্ষতি)	(−) ৩,৭৬,৩৬,১৪৫ (ক্ষতি)	(−) ১,২৬,২৫,১৩২ (ক্ষতি)
(২) দুর্গাপুর কেমিক্যাল্স লিমিটেড	(−) ২,৭৩,৭৬,৪৩৩ (ক্ষতি)	( ) ২,৭২,২৩,৯৯০ (ক্ষতি)	( ) ১,৮৩,৫১,১১৭ (ক্ষতি)
(৩) কল্যাণী স্পিনিং মিল্স লিমিটেড	(−) ৫৪,৮০,২১৪ (ক্ষতি)	(−) ৯৫,৮৮,৪৭৬ (ক্ষতি)	(−) ৫৫,৩১,৫১৭ (ক্ষতি)
(৪) ওয়েষ্টিং হাউস হ্যাক্সবি ফার্মার লিঃ	(−) ৭৫,৭৪,০০০ (ক্ষতি) (১-৭-৭০ থেকে ৩০-৬-৭১)	(−) ৭২,৩৯,০০০ (ক্ষতি) (১-৭-৭১ থেকে ৩০-৬-৭২)	(−) ৪৫,৫৫,০০০ (ক্ষতি) (এষ্টিমেটেড) (১-৭-৭২ থেকে ৩০-৬-৭৩)
(৫) ইলেক্ট্রোমেডিক্যাল এ্যান্ড এ্যালায়েড ইন্ডাষ্ট্রিজ লিমিটেড	(−) ৩,০০,৮১৩ (ক্ষতি) (১-৭-৭০ থেকে ৩০-৬-৭১)	(−) ৩,৫২,৮৯১ (ক্ষতি) (১-৭-৭১ থেকে ৩০-৬-৭২)	(−) ১,৩৪,৬১৯ (ক্ষতি) (১-৭-৭২ থেকে ৩০-৬-৭৩)
(৬) এ্যাগ্রোইন্ডাষ্ট্রিজ করপোরেশন লিঃ	(−) ২,৭২,৫৭১ (ক্ষতি)	(−) ১,৪৩,৮৭২ (লাভ)	(+) ১৫,০০,০০০ (লাভ) (এষ্টিমেটেড)
(৭) ওয়েষ্টবেঙ্গল ডেয়ারী এ্যান্ড পোল্ট্রী ডেভোলাপমেন্ট করপোরেশন লিঃ	(+) ১,১০,৬৮১ (লাভ)	(+) ১,৫৭,৪৪৬ (লাভ)	(+) ৩,৬৮,৪৪৯ (লাভ) (এষ্টিমেটেড)
(৮) ওয়েষ্টবেঙ্গল স্মল ইন্ডাষ্ট্রিজ করপোরেশন মিলিটেড	(+) ৩,৩২,৩৬৬ (লাভ)	(+) ৩,৮৯,৬২৩ (লাভ)	(+) ১,১৬,৮৫১ (লাভ)
(৯) ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ওয়্যারহাউসিং করপোরেশন	(+) ২,৮৯,২২২ (লাভ)	(+) ৪,২৩,৮৫৮ (লাভ)	(+) ৩,৫৭,৮৪৬ (লাভ) (এষ্টিমেটেড)
(১০) ওয়েষ্ট বেঙ্গল ফিন্যানসিয়াল করপোরেশন	(+) ১৭,৫১,০০০ (লাভ)	(+) ১৭,১৬,০০০ (লাভ)	(+) ১৯,০৯,০০০ (লাভ)

[1-50—2-00 p.m.]

Shri Naresh Chandra Chaki :

ন্ত্রিমহাশয় কি জানাবেন যে তিনি যে তালিকা পেশ করেছেন তা থেকে দেখা যাচ্ছে তি বছর বিরাট পরিমাণ লোকসান হচ্ছে এইসব শিল্পগুলোতে। এইসব ব্যাপক হারে লাকসানের কারণগুলো কি একটা দয়া করে বলবেন?

Shri Atish Chandra Sinha :

আমি মাননীয় সদস্যকে জানাতে পারি এই যে বছরের পর বছর বিরাট লোকসান হয়ে যাচ্ছে বলছেন এটার সঙ্গে আমি একমত নই। যে তথ্য আমি সংস্থাপিত করেছি সেই তথ্য যদি দেখেন তাহলে দেখবেন ১৯৭০-৭১ সালে মোট যে ১০টি পাবলিক আন্ডারটেকিংস আছে, তার মধ্যে ছয়টা লোকসানে চলতো এবং ৬টার লোকসানের পরিমাণ হচ্ছে ৬ কোটি ৭ লক্ষ সেটা ১৯৭২-৭৩ সালে ৫টাতে দাঁড়িয়েছে এবং তার ক্ষতির পরিমাণ ৬ কোটি ৭ লক্ষ'র জায়গায় ৪ কোটি ১৩ লক্ষ টাকা মত দাঁড়িয়েছে। এবং যে বাকী চারটি লাভ করেছে তার লাভের পরিমাণ ২৫ লক্ষ এবং সেটা ১৯৭২-৭৩ সালে সংখ্যায় বেড়ে ছয় হয়ে লাভের পরিমাণ দাঁড়িয়েছিল প্রায় ৫১ লক্ষ'র মত। এইভাবে একদিকে যেমন আমরা ক্ষতির পরিমাণ কমিয়েছি তেমনি অন্য যেগুলোতে লাভ হ'ত তার পরিমাণও বেড়ে গেছে। এটাকে যদি একসঙ্গে দেখেন তাহলে দেখবেন আমরা এই দুটো বছরের মধ্যে প্রায় ২ কোটি ৯০ লক্ষ টাকা বাঁচিয়েছি অথবা লাভ করেছি।

Shri Naresh Chandra Chaki :

মন্ত্রিমহাশয় বললেন যে তিনি কিছুটা উন্নতি করেছেন। এখনও কিন্তু কোটি কোটি টাকা লোকসান হচ্ছে এবং এইসব লোকসানগুলো দূর করবার জন্য ওঁর দপ্তর থেকে আরও কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানাবেন কি?

Shri Atish Chandra Sinha :

মাননীয় সদস্য জানেন, সেই সমস্ত পাবলিক আন্ডারটেকিংসগুলোতে যাতে লোকসানের বহর কমানো যায় সেইজন্য এই দপ্তর সৃষ্টি হয়েছে এবং আমরা যে ক্ষতির পরিমাণ কমাতে পেরেছি সেটা আপনাদের একটু আগে জানালাম যে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি বলে ক্ষতির পরিমাণ কমেছে। কি কি ব্যবস্থা গ্রহণ করেছি সেটা যদি ডিটেল্‌সে চান তাহলে এটা বলতে পারি যে কারণে এইগুলো ক্ষতি হ'ত প্রধানতঃ তার চারটি কারণ আছে। একটা হচ্ছে ব্যাড ম্যানেজমেন্ট, একটা হচ্ছে ডিসএ্যাডভান্টেজেস
Inefficient supply of raw materials.
একটা হচ্ছে লেবার ট্রাব্‌ল চতুর্থ হচ্ছে
এই চারটির ক্ষেত্রে যাতে আরো সুষ্ঠুভাবে আমরা পরিচালনা করতে পারি, প্রাইসিং পলিসি-গুলো যাতে উন্নত হয় তার যাতে লেবার ট্রাব্‌ল্‌স কম হয় তার জন্য ইউনিয়নগুলোর সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলা এবং যাতে র-মেটিরিয়্যাল্‌স পর্য্যাপ্ত পরিমাণে পাওয়া যায় তার জন্য চেষ্টা করা এই চারটি করার জন্য আমাদের এই সংস্থাগুলোর কিছুটা উন্নতি হয়েছে।

Shri Naresh Chandra Chaki :

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তুলনামূলকভাবে প্রাইভেট ফ্যাক্টরীতে যে দরে জিনিস প্রডাকশন হয়, এখানকার কস্ট অব প্রডাকশন তুলনামূলকভাবে বেশী হয়, এটা কি ঠিক এবং ওভারহেড চার্জ বেশী এটা কি ঠিক?

Shri Atish Chandra Sinha :

এটা সাধারণভাবে বলা যায় কিছু কিছু ক্ষেত্রে পাবলিক আন্ডারটেকিং-এর কস্ট অব প্রডাকশন নিশ্চয়ই প্রাইভেট আন্ডারটেকিংগুলোর থেকে বেশী এই বিষয়ে কোন সন্দেহ

নেই। তার কারণ অনেক রকম আছে। যেমন এখানে একটা জিনিস তৈরী করতে গেলে যে পরিমাণ শ্রমিক প্রয়োজন অনেক ক্ষেত্রে আমরা দেখেছি, যেমন কল্যাণী স্পিনিং মিলে পরিমাণের থেকে অনেক বেশী লোক আছে। তাছাড়া স্যোসাল সার্ভিসেস যেগুলো, যেগুলো সরকারী সংস্থা থেকে দেওয়া হয় সেইরকম সোস্যাল সার্ভিসেস প্রাইভেট আন্ডারটেকিং-এ দেওয়া হয় না যার জন্য আজকে মাননীয় সদস্যগণ প্রাইভেট সংস্থাগুলোর বিরুদ্ধে এত জোরদার আন্দোলন এবং নানারকম প্রশ্ন করছেন।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় মন্ত্রিমহাশয়, প্রশ্নের উত্তরে বললেন স্টেট ওয়্যার হাউজিং-এ চারশত শ্রমিক আছে। তিনি কি জানেন এফ,সি,আই-এর একটা সার্কুলারের জন্য সেখানকার প্রায় ১৫০ জন শ্রমিক কর্মচারী রিট্রেঞ্চড হয়ে যাচ্ছেন?

Mr. Speaker :

এই প্রশ্ন আসে না, এটা সেন্ট্রাল গভর্ণমেন্টের এক্তিয়ারে।

Shri Pankaj Kumar Banerjee :

সেন্ট্রাল গভর্ণমেন্টের এমপ্লয়ি নয়, এমপ্লয়ি স্টেট গভর্ণমেন্টের। সেন্ট্রাল গভর্ণমেন্টের ফুড স্টাফ যেখানে থাকে তারা একটা সার্কুলার দেবার ফলে এদের রিকল করে নিতে হচ্ছে এবং ইতিমধ্যে সেখানে ক্লোজার নোটিশ সার্ভ করা হয়েছে, সে সম্বন্ধে তারা কি ব্যবস্থা গ্রহণ করছেন?

Dr. Zainal Abedin :

মাননীয় মুখ্যমন্ত্রী স্বয়ং এটা দেখছেন। আমরা সব জায়গায় যোগাযোগ করেছি। আমরা মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করেছি তিনি নিজে সেটা দেখছেন।

Shri Tuhin Kumar Samanta :

মন্ত্রিমহাশয় জানাবেন কি দুর্গাপুর কেমিক্যালে লাভ কত এবং দুর্গাপুর কেমিক্যালের শ্রমিকদের কিছু সংখ্যায় টাকা বাড়ানো হয়েছে, কোন্ কোন্ ভিত্তিতে এই অর্থ বাড়ানো হয়েছে?

Shri Atish Chandra Sinha :

যদিও এই প্রশ্ন এর থেকে আসে না, তবুও আমি যতটুকু জানি বলছি। দুর্গাপুর কেমিক্যালে ১৯৭২-৭৩ সালে ক্ষতির পরিমাণ যদিও ১ কোটি ৮৩ লক্ষ টাকা হয়েছে কিন্তু মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন, এই তথ্য আমরা বিধানসভায় রেখেছি। সম্প্রতি কয়েকমাস ধরে আমাদের দুর্গাপুর কেমিক্যাল্‌সের প্রডাকশন অত্যন্ত ভাল হচ্ছে। এবং যেটার আমরা হাল ছেড়ে দিয়েছিলাম, বাস্তবক্ষেত্রে সেটার থেকেই আজকে ৩৬।৩৭ লক্ষ টাকার মাসে প্রডাকশান হচ্ছে। এটার জন্য ১ কোটি ৮৩ লক্ষ টাকা আজকে যেটা দেখছি, সেটা সম্বন্ধে আগামী বছরে প্রশ্ন রাখলে বলতে পারব।

Shri Tuhin Kumar Samanta :

কোন্ কোন্ কারণে আরো ৫০ টাকা শ্রমিকদের বেশী মজুরী দেওয়া হচ্ছে?

Shri Atish Chandra Sinha :

এখনই বলতে পারছি না, স্পেসিফিক কোশ্চেন করলে বলতে পারব।

Shri Bireswar Roy :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ব্যাড ম্যানেজমেন্টের জন্য লোকসান হচ্ছে, তাহলে এই ব্যাড ম্যানেজমেন্ট দূর করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Shri Atish Chandra Sinha :

প্রায় সবগুলিতে নতুন বোর্ড অফ ডিরেকটরস দ্বারা একটা করে পরিচালকমন্ডলী গঠন করা হয়েছে। যেখানে যেখানে আমরা দেখেছি, সেখানকার ম্যানেজার, এ্যাসিটেন্ট ম্যানেজার, প্রডাকশন ম্যানেজার, প্রডাকশান দিতে পারছেন না তাদের সেখান থেকে, তাদের পজিশন থেকে সরিয়ে দেওয়া হচ্ছে। অনেকগুলি ক্ষেত্রে আমরা দেখেছি এতে ফল ভালই হচ্ছে।

Shri Puranjay Pramanick :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে দুর্গাপুর ক্যামিকেলের ১৩ জন সিনিয়ার অফিসারকে কার্যচ্যুত করার পর কি ইমপ্রুভমেন্ট হয়েছে?

Shri Atish Chandra Sinha :

আমরা নিশ্চয়ই মনে করি এবং এই জন্যই বলেছিলাম যে এই সংস্থার সম্বন্ধে হাল ছেড়ে দেওয়ার পর প্রডাকশান ৩৬।৩৭ লক্ষ টাকার বেশী হচ্ছে প্রতি মাসে।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে স্টেট ওয়্যারহাউসিং-এর ঐ সমস্ত কর্মচারীর রিট্রেঞ্চমেন্টের ব্যবস্থা হয়নি, সেটা হবে?

Dr. Zainal Abedin :

রিট্রেঞ্চমেন্টের ব্যাপার কোশ্চেনের মাধ্যমে হয় না, এটা রিকোয়েস্ট ফর একশান।

সমবায় সমিতির মাধ্যমে সংগৃহীত ধান ও চাল

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯৪।) শ্রীকাশীকান্ত মৈত্র ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে রাজ্যের সমবায় দপ্তরের কর্তৃত্বাধীনে বিভিন্ন সমবায় সমিতির মাধ্যমে ফেব্রুয়ারি, ১৯৭৪ পর্য্যন্ত মোট কি পরিমাণ ধান বা চাল সংগৃহীত বা খরিদ করা হয়েছে;

(খ) উক্ত সময়ে খাদ্য করপোরেশন মোট কি পরিমাণ সুদ-মুক্ত ঋণ সমবায় সমিতি কর্তৃক ধান খরিদের জন্য দিয়েছেন;

(গ) উক্ত সময়ের মধ্যে উক্ত সুদ-মুক্ত ঋণের (ইন্টারেস্ট ফ্রি লোনস) মধ্যে সমবায় সমিতি বা দপ্তর মোট কত টাকা সদ্ব্যবহার করতে সক্ষম হয়েছে; এবং

(ঘ) কি দরে সমবায় সমিতিগুলি ধান বা চাল খোলাবাজার থেকে খরিদ করছেন?

Shri Atish Chandra Sinha :

(ক) ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মধ্যম পর্য্যন্ত সমবায় সমিতিগুলি মোট ১৭,০০৭ মেট্রিক টন ধান সংগ্রহ করিয়াছে।

(খ) খাদ্য কর্পোরেশন মোট ১ কোটি টাকা বিনা সুদে এই বাবদ অগ্রিম হিসাবে মঞ্জুর করিয়াছেন।

(গ) ঐ মঞ্জুরী কৃত টাকার মধ্যে মোট ৪৬.৫ লক্ষ টাকা সমবায় সমিতি ধান ক্রয় করিবার জন্য নিতে সক্ষম হইয়াছে।

(ঘ) সমবায় সমিতিগুলি খাদ্য কর্পোরেশনের এজেন্ট হিসাবে কেবলমাত্র সরকার নির্ধারিত দরে ধান খরিদ করিতেছেন।

Shri Kashi Kanta Moitra :

আমি দুটো কোশ্চেন করব, প্রথমতঃ, ১ কোটি টাকা ইন্টারেষ্ট ফ্রি এডভান্স খাদ্য কর্পোরেশন থেকে যা পেয়েছেন তার মধ্যে আপনি বললেন যে ৪৬ লক্ষ টাকা সমবায় সমিতি নিয়েছে, সেই সমবায় সমিতি এই টাকা দিয়ে ধান কিনেছে, না য়্যাকাউন্টে রেখেছে কেনবার জন্য?

Shri Atish Chandra Sinha :

আমি বলেছি যে সমবায় সমিতি ১৭ হাজার ৭০০ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে এবং সেটা করতে গিয়ে এই টাকার প্রয়োজন হয়েছে।

Shri Kashi Kanta Moitra :

মাননীয় মন্ত্রী বললেন যে সরকারের যে সংগ্রহ মূল্য সেই সংগ্রহ মূল্যে সমবায় সমিতিগুলি ধান ক্রয় করেছে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে আমরা খাদ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম তাতে খাদ্য দপ্তর থেকে বিভিন্ন সময় এইভাবে নির্দেশ দেওয়া হয়েছে বিভিন্ন জেলার সমবায় সমিতিগুলি যে আছে তাদের কাছে ধান চাল বাজারে যে দাম, অর্থাৎ মার্কেট প্রাইসে কেনবার জন্য এবং তার উপর ২।১ টাকা দিয়ে ছাড়বার কথা বলেছেন, এটা কি আপনি জানেন?

Shri Atish Chandra Sinha :

এ সম্বন্ধে আমরা কিছু জানিনা।

[2—2-10 p.m.]

ইন্ডাস্ট্রিয়াল এস্টেট্

*৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৭।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবাংলার কয়টি জেলাতে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট্ গঠন করা হইয়াছে;

(খ) বাঁকুড়া জেলায় উক্ত এস্টেট্ কবে নাগাত গঠিত হইবে; এবং

(গ) কি কি কারণে উক্ত সংস্থা গঠন করা হইয়াছে?

Shri Atish Chandra Sinha :

(ক) ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত ছয়টি জেলাতে মোট সাতটি ইন্ডাসট্রিয়াল এস্টেট গঠন করা হইয়াছে।

(খ) বাঁকুড়া জেলায় পঞ্চম পরিকল্পনাকালে একটি ইন্ডাসট্রিয়াল এস্টেট গঠনের সম্ভাবনা আছে।

(গ) নতুন শিল্পপ্রতিষ্ঠা বা শিল্পসম্প্রসারণের উদ্দেশ্যে শিল্পোদ্যোগীদের রাস্তা, বিদ্যুৎ, জল প্রভৃতি বিভিন্ন প্রয়োজনীয় সুযোগ সমন্বিত শেড গঠন করা হয়।

Shri Kashinath Misra :

কোন্ কোন্ জেলার ৭টি ইন্ডাসট্রিয়াল এস্টেট হয়েছে?

Shri Atish Chandra Sinha :

২৪-পরগনা জেলার বারুইপুর, নদীয়া জেলার কল্যাণী, বর্ধমানের শক্তিগড়, দার্জিলিং-এর শিলিগুড়ি, কোলকাতার মানিকতলা এবং হাওড়ায় একটা করে ইন্ডাসট্রিয়াল এস্টেট গঠন করা হয়েছে।

Mr. Speaker : The question hour is over. Now short notice question.

Short Notice Questions

(to which oral answers were given)

Death of a Rhinoceros

***464.** (Short Notice) (Admitted question No. *2488.) **Shri Mohammad Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if it is a fact that a lone Rhinoceros at Patlakhawa forest in Jalpaiguri district was found dead in the 1st week of March this year; and

(b) if so,

(i) under what circumstances it died; and

(ii) whether any inquiry into the matter was made?

Shri Sitaram Mahato : (a) Yes.

(b) No definite cause of death has yet been established.

(i) The matter is still under investigation.

(ii) The Divisional Forest Officer, Cooch Behar Division, made a preliminary enquiry on 7th March 1974.

Shri Md. Safiulla :

আমি এতে সন্তুষ্ট নই। আমরা এ বিষয়ে এনকোয়ারি কমিশন দাবী করেছিলাম। একটা গণ্ডারের মূল্য ১ লক্ষ টাকা। কিন্তু এরকমভাবে একটার পর একটা গণ্ডার মারা যাবে এটা হতে পারে না। আপনি হাউসে ভুল তথ্য দিয়েছেন। অপদার্থ অফিসারদের দূর করছেন না কেন। ৬ই মার্চ কুচবিহার রেঞ্জ-এ পাতলাখাওয়ায় যে গণ্ডারটির মৃতদেহ পাওয়া যায় সেটা ডি কম্পোস্‌ড স্টেজ পাওয়া যায়। আমার প্রশ্ন হচ্ছে গণ্ডারটি যখন মারা যায় তখন তার মাথায় হর্নস ছিল কি?

Shri Sitaram Mahato :

না, তার হর্নস্ হয়নি।

Shri Md. Safiullah:

পাতলা খাওয়া বিট অফিস-এর মাত্র ওয়ান কে, এম এর মধ্যে এটা মারা যায় তা জানেন কি?

Shri Sitaram Mahato :

না।

Shri Md. Safiullah:

ঐ জঙ্গলে এন, ভি, এফ্ পোস্টেড করা হয়েছে কি?

Shri Sitaram Mahato :

না, সেখানে নেই।

Shri Md. Safiullah:

পাতলাখাওয়ার গণ্ডারটি ধরে দেবার জন্য চিড়িয়াখানায় কর্ত্তৃপক্ষ কোন আবেদন করেছিল কী?

Shri Sitaram Mahato :

না, জানা নেই।

Shri Md. Safiullah:

বসু কমিশন রাইনো হান্টিয়ের যে রির্পোট দিয়েছেন তার ১১ পৃষ্ঠায় একটা রেকমেণ্ডেশান-এ বলা আছে

" proper amendment of MISA may be considered so that it may be possible to detain the people who kills Rhino or finance the action."

রাজ্য সরকার এই সুপারিশ কবে গ্রহণ করবেন জানাবেন কি?

Shri Sitaram Mahato :

আমরা সেই সুপারিশগুলি এক্সজামিন করছি।

Shri Tuhin Kumar Samanta :

সেই গণ্ডারটির বয়স কত এবং ভবিষ্যতে এইরকম হলে এম, এল, এ-কে দিয়ে ওয়ান-ম্যান কমিশান গঠন করবেন কি?

Shri Sitaram Mahato :

গণ্ডারটির বয়স ৪ বৎসর।

HELD OVER QUESTIONS

(to which anwsers were laid on the table)

Super Thermal Power Plant at Kolaghat

*86. (Admitted question No. *519.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state the progress so

far made regarding implementing the proposal for setting up of a Super Thermal Power Plant at Kolaghat in Midnapore district?

Minister-in-charge of the Power Department :

কোলাঘাটে অতিকায় তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিভিন্ন পর্যায়ের বর্তমান অবস্থা নিম্নরূপ:

(১) জমি—

(ক) কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় ৪০০ একর জমি ইতিমধ্যে অধিগ্রহণ করা হইয়াছে।

(খ) টাউনসিপ স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজ অগ্রসর হইতেছে।

(২) ফিল্ড ওয়ার্ক—

(ক) মাটি অনুসন্ধানের কাজ আরম্ভ হইয়াছে। ইহা বিদ্যুৎ কেন্দ্রের সরঞ্জামের ভিত্তি স্থাপনের নক্সা চূড়ান্ত করিবার জন্য প্রয়োজন।

(খ) বিদ্যুৎ কেন্দ্র অঞ্চলের প্রবেশপথ নির্মাণের কাজ খুব শীঘ্রই হাতে লওয়া হইবে। এই কাজের জন্য ইতিমধ্যেই টেন্ডার আহবান করা হইয়াছে।

(গ) বিদ্যুৎ কেন্দ্র অঞ্চলের যেসব অধিবাসী বাস্তুজমি হারাইয়াছে তাহাদের পুর্নবাসনকল্পে জমি উন্নয়নের জন্য টেন্ডার আহ্বান করা হইয়াছে।

(ঘ) অস্থায়ী অফিসঘর, গুদামঘর প্রভৃতি নির্মাণের কাজ শীঘ্রই হাতে লওয়া হইবে। এই জন্য টেন্ডার আহ্বান করা হইতেছে। আনুসঙ্গিক অন্যান্য অত্যাবশ্যকীয় "সিভিল ওয়ার্ক" সম্পর্কিত কাজের সবিস্তার পরিকল্পনা তৈয়ারীর কাজও হাতে লওয়া হইয়াছে।

(ঙ) কার্যাঞ্চাল কাজ তদারকির জন্য অফিস স্থাপন করা হইয়াছে।

(৩) ইকিউপমেন্টস—

বয়লার ও টারবাইন সরবরাহের জন্য যথাক্রমে মেসার্স এসোসিয়েটেড ভিকার্স এণ্ড ব্যাবকক্ এবং ভারত হেভী ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড-কে আদেশ দেওয়া হইয়াছে। ইহার জন্য চার কোটি টাকার কিছু বেশী অগ্রিম দেওয়া হইয়াছে। নক্সা ও ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজ অগ্রসর হইতেছে।

বিধাননগরে কংগ্রেস অধিবেশনে বিদ্যুৎ সরবরাহ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৭।) শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র: বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ডিসেম্বর মাসে বিধাননগরে এ আই সি সি-র অধিবেশনে রাজ্য বিদ্যুৎ পর্ষদ উক্ত এলাকায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করেছিল কিনা; এবং

(খ) ক'রে থাকলে,

(১) কংগ্রেস অধিবেশনে বিদ্যুৎ সরবরাহের জন্য মোট কত টাকা রাজ্য বিদ্যুৎ পর্ষদের পাওনা হয়েছিল;

(২) প্রাপ্য টাকা কবে পর্ষদ দপ্তরে জমা পড়েছে;

(৩) বিদ্যুৎ সরবরাহের পূর্বে জামিন হিসাবে কত টাকা (সিকিউরিটি মানি) দাবি করা হয়েছিল ; ও

(৪) জামিন হিসাবে কত টাকা পর্ষদ দপ্তরে জমা পড়েছিল এবং কবে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) বিদ্যুৎ বিল বাবদ টা. ২,০৮,৭৬৭.৫০।

(২) এখনও জমা পড়ে নাই।

(৩) সিকিউরিটি মানি পর্ষৎ দাবী করে নাই।

(৪) উপরোক্ত উত্তরের ভিত্তিতে প্রশ্ন ওঠে না।

বনগ্রাম সীমান্ত এলাকায় বৈদ্যুতিক সম্প্রসারণ

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭২।) শ্রীঅজিতকুমার গাঙ্গুলি ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম সীমান্ত এলাকায় এখনও পর্যন্ত বৈদ্যুতিক সম্প্রসারণের কার্য চালু না হওয়ার কারণ কি; এবং

(খ) কবে নাগাত উক্ত এলাকার বৈদ্যুতিক সম্প্রসারণের কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ২৪ পরগনা জিলার বনগ্রাম থানার অন্তর্গত সীমান্ত এলাকার প্রায় সব জায়গায়ই বৈদ্যুতিক লাইন বসানো হইয়াছে।

(খ) ইতিমধ্যেই কাজ আরম্ভ হইয়া গিয়াছে।

STARRED QUESTIONS

(to which answers are laid on the table)

পুরুলিয়া জেলায় টুরিস্ট লজ নির্মাণ

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৯।) শ্রীশরৎ দাস ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় পর্যটক আবাসের জন্য চলতি আর্থিক বৎসরে কোন টাকা খরচ করা হয়েছে কিনা এবং না হলে, তার কারণ কি;

(খ) পুরুলিয়া জেলায় টুরিস্ট লজ নির্মাণ করার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকলে, তার কাজ কতদূর অগ্রসর হয়েছে এবং তার জন্য কোন স্থান নির্বাচন করা হয়েছে কিনা, হয়ে থাকলে, কোথায়?

স্বরাষ্ট্র পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পুরুলিয়া জেলায় একটি ট্যুরিস্ট লজ নির্মাণের পরিকল্পনা আছে। ঝালদা সহরের নিকট ৩ একর জমি নির্বাচন করা হোয়েছে। এ জমি এগ্রি. ও কম্. ডেভ. ডিপার্টমেন্ট-এর অধীনে। জমি হস্তান্তর এখনও হয় নাই। এইজন্য এই বৎসর টাকা খরচ করা সম্ভব হয় নাই।

মুর্শিদাবাদ জেলায় বর্গাচাষীর নাম রেকর্ড পত্তন

*৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১০১।) শ্রীতিমিরবরণ ভাদুড়ী ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় প্রতিটি জে, এল, আর, ও কর্তৃক ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি) পর্যন্ত কতগুলি বর্গা রেকর্ড (সেক্সান ৫০) করা হইয়াছে;

(খ) উক্ত রেকর্ড প্রতিটি সেটেলমেন্ট অফিস তাঁহাদের নিজ রেকর্ডে ২৩ কলমে বর্গা-চাষীর নামে রেকর্ড পত্তন করিয়াছে কি না, এবং

(গ) না করিয়া থাকিলে, তাহার কারণ কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারী পর্য্যন্ত) সালে মুর্শিদাবাদ জেলায় জে, এল, আর, ও-দের দ্বারা মোট ৮৫৬ জন বর্গাদারের নামে রেকর্ড করা হইয়াছে।

(খ) ও (গ) মুর্শিদাবাদ জেলায় ভূমি সংস্কার আইনের ৫১ ধারা অনুযায়ী রিভিসন্যাল সেটেলমেন্টের কার্য্য শুরু হইয়াছে। এখন বর্গাদারগণ তাহাদের নিজ নিজ এলাকায় উপস্থিত থাকিয়া তাহাদের নাম বর্গাদার হিসাবে রেকর্ড করাইয়া লইতেছেন। রিভিসন্যাল সেটেলমেন্ট চলাকালীন ১৯৭২-৭৩ সালে ২৮৪ জন এবং ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারী পর্য্যন্ত) সালে ১৩২৩ জন বর্গাদারের নাম রেকর্ড করা হইয়াছে।

তোর্ষা নদীর ভাঙ্গন রোধের ব্যবস্থা

*৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৮।) শ্রীনারায়ণ ভট্টাচার্য ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জলপাইগুড়ি জেলায় তোর্ষা নদীতে প্রতি বৎসর ভাঙ্গন ও বন্যার ফলে হাজার হাজার একর আবাদী জমি, বনাঞ্চল ও জনপদ ধ্বংস হইয়া যাইতেছে;

(খ) অবগত থাকিলে, উক্ত ভাঙ্গন ও প্লাবনের হাত হইতে ঐ অঞ্চলের অধিবাসীদের রক্ষার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি;

(গ) আগামী (১৯৭৪-৭৫) আর্থিক বৎসরে তোর্ষা নদীতে বাঁধ নির্মাণের জন্য কোন টাকা বরাদ্দ করা হইয়াছে কিনা; এবং

(ঘ) বরাদ্দ করা হইলে, তাহার পরিমাণ ও কার্যের বিবরণ কি?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

(গ) ১৯৭৪-৭৫ এর আর্থিক বৎসরে উক্ত প্রকল্পের জন্য সুনির্দিষ্টভাবে কোন টাকা বরাদ্দ হয় নাই।

(ঘ) '(গ)' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন বর্ত্তমানে উঠে না।

Construction of Shipyard and Petro-Chemical Complex at Haldia

*431. (Admitted question No. *567.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the progress so far achieved in the construction of the proposed Shipyard and Petro-Chemical Complex at Haldia in Midnapore district?

Minister-in-Charge of the Commerce & Industries Department :

The proposed Haldia Shipyard and Petro-Chemical Complex at Haldia are projects for the Central Government to decide. The State Government have not received any formal Communication regarding either of these two projects from the Government of India.

সাগরদীঘি ও নবগ্রাম থানা এলাকায় খাজনা মকুব

*৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৩।) শ্রীনৃসিংহকুমার মণ্ডল ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত বাংলা ১৩৭৯ সনে মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি ও নবগ্রাম থানা এলাকায় প্রচণ্ড খরার দরুণ কোন ফসল হয় নি;

(খ) অবগত থাকলে, উক্ত বৎসরের জন্য ঐ এলাকায় খাজনা মকুব করা হয়েছে কি না; এবং

(গ) না হলে—

(১) এর কারণ কি; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বাংলা ১৩৭৯ সনে খরার দরুণ মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানা এলাকায় এবং নবগ্রাম থানা এলাকার ৯৮টি মৌজায় ফসল হানি হইয়াছে।

(খ) ও (গ) ঐ সকল এলাকায় বাংলা ১৩৭৯ সনের জমির খাজনা মুকুবের প্রশ্নটি বিবেচনা করা হইতেছে।

মুর্শিদাবাদ শহরে টুরিস্ট লজ

*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৯।) শ্রীমহঃ দেদার বক্স ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে (১) মুর্শিদাবাদ শহরে হাজারদুয়ারী, [illegible], কাটরার মসজিদ ইত্যাদি ঐতিহাসিক স্থান আছে;

(২) ঐসব ঐতিহাসিক স্থান দর্শনের নিমিত্ত বহু বিদেশী ও স্বদেশী পর্যটক প্রতি বৎসর এখানে আসেন;

(খ) অবগত থাকলে, মুর্শিদাবাদ শহরে এখনও একটি টুরিস্ট লজ নির্মাণের ব্যবস্থা না করার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

স্বরাষ্ট্র (পর্য্যটন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ শহরের অনতিদূরে ঐ জেলায় বহরমপুর শহরে বর্তমানে একটি সরকারী ট্যুরিস্ট লজ স্থাপিত আছে। মুর্শিদাবাদ শহরের দর্শনীয় স্থানগুলির দর্শনার্থীগণ ঐ বহরমপুর ট্যুরিস্ট লজ হইতে আসিয়াই ঐ স্থানগুলি দর্শন করে। এইজন্যই মুর্শি-দাবাদ শহরে কোন ট্যুরিস্ট লজ নির্মাণের ব্যবস্থা সরকারের বিবেচনা নাই।

(গ) ৫ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উপযুক্ত অর্থ বরাদ্দের ব্যবস্থা হইলে মুর্শিদাবাদ জেলার লালবাগে একটি ট্যুরিস্ট লজ নির্মাণের পরিকল্পনা হাতে লইবার কথা সরকার চিন্তা করিতেছেন।

Industrial Estates

***438.** (Admitted question No. *1519.) **Shri Birendra Bijoy Malla Deb :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state the number of Industrial Estates functioning at present with their names?

The Minister in-charge of the Cottage and Small Scale Industries :

(a) Seven Industrial Estates one each at Manicktolla (Calcutta), Kalyani (Nadia), Saktigarh (Burdwan), Howrah, Siliguri, and two at Baruipur in 24-Parganas are now functioning under the administration of Cottage & Small Scale Industries Department.

মালদা কালেক্টরেটে কর্মচারী নিয়োগ

*৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৭।) শ্রীগৌতম চক্রবর্তী ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদার কালেক্টরেট-এ সম্প্রতি যে কয়েকজনকে নূতন নিয়োগপত্র দেওয়া হইয়াছে তাহাদের অনেকেরই বয়স ত্রিশ বৎসরের ঊর্ধ্বে;

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি; এবং

(২) ঐ নিয়োগ সরকারী আইন অনুযায়ী বৈধ কি না?

ভুমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মাত্র তিন জনের বয়স ৩০ বৎসরের উর্দ্ধে বলিয়া রিপোর্ট পাওয়া গিয়াছে।

(খ) (১) ও (২) রাজস্ব পর্ষৎ-এ ৩ জনের সরকারী কাজে নিয়োগের বয়স সীমার অতিরিক্ত বয়স প্রমার্জন করিয়াছেন। সুতরাং ঐ সমূহ নিয়োগ বৈধ।

খড়্গপুরে স্কুটার কারখানা স্থাপন

*৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৪।) শ্রীরবীন্দ্রনাথ বেরা ঃ শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে খড়্গপুরে একটি স্কুটার কারখানা স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হলে—

(১) ঐ কারখানা খড়্গপুরের কোন্ জায়গায় সংস্থাপিত হবে;

(২) কবে নাগাত তা চালু হবে; এবং

(৩) কত সংখ্যক বেকার যুবকের কর্মসংস্থান হবে?

শিল্প এবং বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ। তবে কোথায় হইবে তাহা ঠিক হয় নাই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) ১৯৭৬-৭৭ সাল নাগাদ চালু হবে আশা করা যায়।

(৩) প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কতজনের নূতন কর্মসংস্থান হবে তা ফিজিবিলিটি রিপোর্ট পাওয়ার পর বলা সম্ভব হবে।

ভুমিহীনদের মধ্যে খাস জমি বিতরণ

*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪১।) শ্রীশিশিরকুমার সেন ঃ ভুমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন জেলায় কত খাস জমি বিলি করা হইয়াছে;

(খ) কতজন ভুমিহীন লোককে এই জমি বিলি করা হইয়াছে; এবং

(গ) কতজন বাস্তুহীন লোককে বাস্তু করার জন্য জমি দেওয়া হইয়াছে?

ভুমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) একটি বিবরণী টেবিলে রাখা হইল।

(খ) যে সকল ব্যক্তিকে এই জমি বিলি করা হইয়াছে তাহাদের মধ্যে ভুমিহীনের সংখ্যা ৫ লক্ষের কিছু বেশী।

(গ) প্রায় ৬০ হাজার পরিবারকে বাস্তু জমি দেওয়া হইয়াছে।

Statement in referred to question No. 44.

জেলার নাম					৩১শে ডিসেম্বর ১৯৭৩ পর্য্যন্ত বিলিকৃত জমির পরিমাণ	
					জমিদারী গ্রহণ আইন অনুযায়ী সরকারে ন্যস্ত জমি	ভূমি সংস্কার আইন অনু- যায়ী সরকারে ন্যস্ত জমি
					(একর)	(একর)
২৪-পরগনা	—	—	—	—	৩৯,৯৯৬	৪৯৯
হাওড়া	—	—	—	—	৯৪৬	৩৬
নদীয়া	—	—	—	—	৫,৫৪৮	৩৭
মুর্শিদাবাদ	—	—	—	—	২১,৯৪৩	৩৩৯
হুগলী	—	—	—	—	৩,৮২৭	১২৭
বর্ধমান	—	—	—	—	১৭,৩৬৮	১,৪৬৮
বাঁকুড়া	—	—	—	—	১৯,৯৫২	১০১
বীরভূম	—	—	—	—	৯,৮৭৮	৫৩৪
মেদিনীপুর	—	—	—	—	১,০১,১২০	২৮২
পুরুলিয়া	—	—	—	—	১৫,৯৫৭	১৫৭
মালদা	—	—	—	—	৩৪,৮৩২	১০৫
পশ্চিম দিনাজপুর	—	—	—	—	৫৬,২২১	৬২৪
জলপাইগুড়ি	—	—	—	—	৫৫,১৮৮	৩৭০
কুচবিহার	—	—	—	—	২৬,৫০৩	১০৬
দার্জিলিং	—	—	—	—	১২,৩৯৩	১৩
				মোট —	৪,২১,৬৭২	৪,৭৯৮

ফারাক্কায় শিল্প স্থাপন

*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০।) শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ফারাক্কাতে সরকার শিল্প স্থাপনের ব্যাপারে কতদূর অগ্রসর হইয়াছেন?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

ফরাক্কাতে একটি নূতন শিল্পকেন্দ্র (গ্রোথ্ সেন্টার) গড়ে তোলার প্রস্তাব রাজ্যের পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় আছে। ওয়েস্ট বেঙ্গল ইনডাস্ট্রিয়াল ইনফ্রা-স্ট্রাক্চার ডেভেলপমেন্ট কর্পোরেশন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করছেন।

সিমলাপাল থানায় ভাগচাষ সংক্রান্ত কেস

*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৫।) শ্রীফণীভূষণ সিংহবাবু ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) বাঁকুড়া জেলার সিমলাপাল থানায় ভাগচাষ সংক্রান্ত কতগুলি কেস হইয়াছে; এবং

(খ) কেসগুলি সম্বন্ধে সরকার কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৩-৭৪ সালের ফেব্রুয়ারী পর্য্যন্ত ১১টি কেস হইয়াছে।

(খ) ৭টি কেস বর্গাদারদের সপক্ষে নিষ্পত্তি হইয়াছে। ৩টি কেস বিভিন্ন আদালতে মামলা হওয়ার জন্য মুলতুবি (পেন্ডিং) আছে। একটি কেসে সংশ্লিষ্ট জমি সাপ্তাহিক হাটের জন্য ব্যবহার করা হয়।

ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠা

*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৬।) শ্রীশঙ্করদাস পাল ঃ শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের শিল্প বাণিজ্য সম্প্রসারণের স্বার্থে যাহারা ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠায় ইচ্ছুক এবং লাভজনক শিল্প গড়ে তুলতে চায় তাহাদের সর্বাত্মক অর্থাৎ অর্থ ঋণ দিয়ে, পরামর্শ ও পরিকল্পনা (কারিগরী) ইত্যাদি সাহায্য দেওয়ার জন্য কোন সংস্থা বর্তমানে আছে কি না; এবং

(খ) থাকিলে, বর্তমানে এই সংস্থার সদস্য কাহারা এবং এই সংস্থা এ পর্যন্ত কি কি কাজ করিয়াছেন?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) ক্ষুদ্র শিল্পের ব্যাপারে কুটীর ও ক্ষুদ্র শিল্প দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন এবং এই সম্বন্ধে বিশদ্ বিবরণ ঐ দপ্তর থেকে পাওয়া যাবে।

মাঝারি ও বড় শিল্পের ক্ষেত্রে বাণিজ্য ও শিল্প বিভাগের অধীনে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা করিয়া থাকেন।

(খ) পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন সংস্থার (ডব্লু,বি,আই,ডি,সি) সদস্যদের একটি তালিকা এবং ঐ সংস্থা এ পর্য্যন্ত যে কাজ করেছেন তার একটি তালিকা লাইব্রেরী হলে রক্ষিত হইল।

মিনি ইস্পাত শিল্প স্থাপন

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৪।) শ্রীআবদুল বারি বিশ্বাস: বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে এই রাজ্যে মিনি ইস্পাত শিল্প স্থাপনের কোন প্রস্তাব ছিল কি; এবং

(খ) থাকিলে—

(১) ঐ প্রস্তাব অনুসারে এ পর্যন্ত সরকার কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(২) তাহাতে কত বেকারের কর্মসংস্থান হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) সরকারের কোন প্রস্তাব ছিল না।

(খ) প্রশ্ন ওঠে না।
তবে বেসরকারী ক্ষেত্রে ১৭টি মিনি-স্টীল প্লান্ট স্থাপনের প্রস্তাব অনুমোদন করা হইয়াছে।

ডিসেরগড় ও শিবপুর পাওয়ার সাপ্লাই

*৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: বিদ্যুৎ দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার অবগত আছেন কি না যে আসানসোল মহকুমার ডিসেরগড় পাওয়ার সাপ্লাই ও তার সহযোগী সংস্থা শিবপুর পাওয়ার সাপ্লাই-এর পরিচালনা ব্যবস্থা যথাযথভাবে রূপায়িত না হওয়ায় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে এবং বিদ্যুৎ সরবরাহ ও সংলগ্ন এলাকায় বিদ্যুৎ সম্প্রসারণের কাজ ব্যাহত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) আসানসোল মহকুমার ডিসেরগড় অঞ্চলের জনসাধারণ বিদ্যুৎ ঘাটতির জন্য যে অসুবিধা ভোগ করিতেছেন তাহার জন্য ডিসেরগড় পাওয়ার সাপ্লাই ও তাহার সহযোগী সংস্থা এ্যাসোসিয়েটেড পাওয়ার কোম্পানীর পরিচালন ব্যবস্থা দায়ী নহে।

(খ) ডিসেরগড় ও এ্যাসোসিয়েটেড পাওয়ার কোম্পানী বিদ্যুৎ সরবরাহ সংস্থাদ্বয়কে বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি করিবার জন্য রাজ্যসরকার ডি,ভি,সি,-কে অনুরোধ করিয়াছেন।

Erosion of Digha Sea Beach

***447.** (Admitted question No. *592.) **Shri Rajani Kanta Doloi : Will the** Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether Government has drawn up any comprehensive scheme for prevention of erosion of the Digha Sea Beach; and

(b) if so, the salient points of the scheme?

Minister-in-charge of Irrigation and Waterways Department :

(a) A comprehensive scheme is under preparation.

(b) The proposed scheme consists of construction of a massive sea-wall and nourishment of the beach with coarse sand transported by trucks from nearby areas.

আঁটপুরে টুরিস্ট লজ নির্মাণ

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৭।) শ্রীগণেশ হাটুই ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি বৎসর প্রচুর সংখ্যক টুরিস্ট হুগলী জেলার স্বামী প্রেমানন্দের জন্মস্থান আঁটপুরে (যেখানে স্বামী বিবেকানন্দ, স্বামী প্রেমানন্দ প্রমুখ সাতজন মহাপুরুষ সন্ন্যাস ধর্ম গ্রহণের জন্য সংকল্প নেন) বেড়াইতে আসেন; এবং

(খ) অবগত থাকিলে, আঁটপুরে একটি টুরিস্ট লজ নির্মাণের কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে, কবে নাগাত তাহা নির্মাণ করা হইবে?

স্বরাষ্ট্র (পর্য্যটন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

আঁটপুর ধর্ম্মীয় দিক হইতে বৈশিষ্ট্যপূর্ণ জায়গা। কিন্তু এখানে টুরিষ্ট লজ নির্ম্মাণের কোন দাবী এখনও আসে নাই। কাজেই কোন পরিকল্পনা সরকারের নাই।

বাঁকুড়া জেলায় ভাগচাষী উচ্ছেদ

*৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪১।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ১৯৭৩ সালের জুলাই-আগস্ট মাসে বাঁকুড়া জেলার বিষ্ণুপুর এবং ঘড়া অঞ্চলে শালতোড়, সোনামুখী, বাঁকুড়া ব্লক-১ প্রভৃতি এলাকায় বলপূর্বক কয়েকজন ভাগচাষীকে উচ্ছেদ করা হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নিম্ন দামোদর পরিকল্পনা

*৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৫।) শ্রীশিশিরকুমার সেন ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর পরিকল্পনার কাজে মোট কত টাকা মঞ্জুর হইয়াছে এবং তন্মধ্যে (১৯৭৩) সালের ডিসেম্বর মাস পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে;

(খ) ঐ পরিকল্পনার অন্তর্ভুক্ত গড়চুম্বক স্লুইসের নির্মাণ কার্য আরম্ভ হইয়াছে কিনা;

(গ) আরম্ভ হইয়া থাকিলে কতদিনের মধ্যে তাহার কাজ শেষ হইবে; এবং

(ঘ) সমগ্র পরিকল্পনাটির কাজ কতদিনের মধ্যে শেষ হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নিম্ন দামোদর এলাকার উন্নয়ন প্রকল্পের প্রথম পর্য্যায়ের জন্য ৬ কোটি ৮২ লক্ষ টাকা মঞ্জুর হইয়াছে। ১৯৭৩ সনের ডিসেম্বর মাস পর্য্যন্ত ৬ কোটি ৪০ লক্ষ ৩৪ হাজার টাকা খরচ হইয়াছে।

(খ) না।

(গ) উক্ত (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষীতে এই প্রশ্ন বর্ত্তমানে উঠে না।

(ঘ) যদি সমগ্র প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা সম্ভব হয় এবং অন্য কোন বাধা বা জনপ্রতিরোধ না আসে, তাহা হইলে প্রকল্পের প্রথম পর্য্যায়ের বাকী কাজ শেষ করিতে ২ বৎসর এবং দ্বিতীয় ও তৃতীয় পর্য্যায়ের কাজ শেষ করিতে আনুমানিক ৫ বৎসর লাগিবে।

Load-shedding in Calcutta and industrial belts

***451.** (Admitted question No. *225.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the reasons for load-shedding in Calcutta and also in the industrial belts of Howrah, Durgapur and Asansol areas; and

(b) the measures taken by Government to improve the situation?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কলিকাতা এবং হাওড়া, দুর্গাপুর ও আসানসোল শিল্পাঞ্চলে লোড শেডিং-এর প্রধান কারণ হইল যে, এই সব অঞ্চলে বিদ্যুৎ শক্তির যোগান মোট চাহিদার তুলনায় কম।

(খ) ১৯৭২ সালে ডিসেম্বরের শেষ নাগাদ কলিকাতা এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের দক্ষিণ-বঙ্গ অঞ্চলে বিদ্যুতের ব্যবহার নিয়ন্ত্রণ করিয়া ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি (মেইন্টেনান্স অফ সাপ্লাই অরডার) ১৯৭২ জারি করা হইয়াছে। তাহা ছাড়া বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজের উন্নতি সাধন এবং নূতন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের কাজ হাতে লওয়া হইয়াছে।

বিলচোটি ও আঁধারমানিক মৌজার চাষীদের কাছ হইতে অধিক হারে খাজনা আদায়

***৪৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২২৭।) **শ্রীশঙ্করদাস পাল ঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার অন্তর্গত মৌজা বিলচোটি, আঁধারমানিক মৌজার নল বিল, চাঁদোর বিল ইত্যাদি সারা বৎসর জলমগ্ন থাকা সত্ত্বেও এই বিলগুলিকে সেচ এলাকা বলিয়া ঘোষণা করা হইয়াছে;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি; এবং

(গ) উপরের বিল এলাকাগুলিতে প্রতি বৎসর ধান না হওয়া সত্ত্বেও এই এলাকার চাষীদের নিকট হইতে অধিক হারে খাজনা আদায় করার কারণ কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিলচৌটি মৌজা সেচ এলাকা বলে ঘোষণা করা হয়নি, আঁধার মাণিক মৌজা হয়েছে।

(খ) আঁধারমাণিক মৌজা ডীপ টিউবওয়েল দ্বারা সেচ সেবিত বলে প্রজ্ঞাপিত হয়েছে।

(গ) কোন সেচ সেবিত এলাকায় কোন বৎসর ফসল না হলে, সেই বৎসরের জন্য খাজনা মকুবের প্রশ্ন ওঠে। কিন্তু সে জন্য ঐ এলাকাকে অসেচ এলাকা বলা চলে না। তবে যদি সেচ সেবিত এলাকা বলে প্রজ্ঞাপিত কোন মৌজার কোন অংশ ১৩৭৭ সনে সেচের জল পায় নাই বা তার জল পাবার সম্ভাবনা ছিল না বলে প্রমাণিত হয়, তা হলে এস, এল, আর, ও, ঐ অংশকে সেচ এলাকা নয় বলে নির্ধারণ করতে পারেন।

রাজ্যে বিদেশী টুরিস্ট বাবত আদায়

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৯।) শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৫টি আথিক বৎসরের কোন্ বৎসরে কতজন বিদেশী টুরিস্ট এই রাজ্যে আসিয়াছেন; এবং

(খ) ঐ সমস্ত টুরিস্টের নিকট হইতে কোন্ আথিক বৎসরে কত বৈদেশিক মুদ্রা অর্জিত হইয়াছে?

স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পাঁচটি আথিক বৎসরে কত বিদেশী ট্যুরিস্ট এই রাজ্যে আসিয়াছেন তাহার হিসাব এই বিভাগের পক্ষে দেওয়া সম্ভব নহে। কিন্তু ভারত সরকারের পর্যটন বিভাগ হইতে বিগত পাঁচটি ক্যালেণ্ডার বৎসরে কত বিদেশী ট্যুরিস্ট কলিকাতায় আসিয়াছেন তাহার যে হিসাব পাওয়া গিয়াছে, তাহা নিম্নরূপ ঃ—

১৯৬৯	সালে	—	২৬,৪৬০	জন
১৯৭০	,,	—	২৭,০৪৬	,,
১৯৭১	,,	—	২২,৮৯১	,,
১৯৭২	,,	—	২৯,১৮৫	,,
১৯৭৩	,,	—	৩৩,২৩১	,,

(খ) বিদেশী ট্যুরিস্টের নিকট হইতে অর্জিত বৈদেশিক মুদ্রার হিসাব এই বিভাগের পক্ষে দেওয়া সম্ভব নহে।

সুপার থার্মাল পাওয়ার স্টেশন নির্মাণ

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যুৎ শক্তির দিক থেকে পশ্চিমবঙ্গকে স্বনির্ভর করার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) উক্ত পরিকল্পনাগুলির কোন্‌টির কাজ কবে নাগাত শুরু হবে; এবং

(গ) পশ্চিমবঙ্গে সুপার থার্মাল পাওয়ার স্টেশন নির্মাণের জন্য কোনও স্থান নির্বাচিত করা হয়েছে কিনা; এবং হলে, কোথায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এইজন্য সাঁওতালডিহিতে প্রতিটি ১২০ মেগাওয়াটের দুইটি, ব্যাণ্ডেলে বর্ত্তমান তাপবিদ্যুৎ কেন্দ্রে ২০০ মেগাওয়াটের একটি এবং কোলাঘাটে প্রতিটি ২০০ মেগাওয়াটের তিনটি ইউনিট স্থাপন পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। ইহার অতিরিক্ত দুর্গাপুরে দুর্গাপুর প্রকল্পের অধীনে ১১০ মেগাওয়াটের একটি ইউনিট অন্তর্ভুক্ত করা হয়েছে। তদুপরি কলিকাতা বিদ্যুৎ সরবরাহ সংস্থার বর্ত্তমান বিদ্যুৎ উৎপাদনকারী যন্ত্রের কিছু পুরাণো বয়লার প্রতিস্থাপনের পরিকল্পনা আছে। ইহা কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিবেচনাধীন।

(খ) উপরোক্ত সাঁওতালডিহির দুইটি অতিরিক্ত ইউনিটের জন্য পূর্তকাজ অনেকখানি অগ্রসর হয়েছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহের অর্ডার দেওয়া হয়েছে। কোলাঘাটের জন্য প্রয়োজনীয় জমির দখল লওয়া হয়েছে। কোলাঘাট এবং ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটের জন্য প্রয়োজনীয় বয়লার, টারবাইন প্রভৃতির অর্ডার দেওয়া হয়েছে এবং অন্যান্য যন্ত্রপাতির জন্য টেণ্ডার ডাকার ব্যবস্থা হইতেছে। এই দুইটি জায়গার পূর্ত-কাজও শীঘ্র আরম্ভ হইবে।

(গ) কেন্দ্রীয় জল বিদ্যুৎ কমিশন দেশে সুপার থার্মল পাওয়ার ষ্টেশন স্থাপনের জন্য একটি স্থান নির্ব্বাচক কমিটি নিয়োগ করিয়াছেন। উক্ত কমিটি পশ্চিমবঙ্গে রানীগঞ্জ ও ফারাক্কাতে সুপার থার্মল পাওয়ার ষ্টেশন স্থাপনের উপযুক্ততা বিচার করার জন্য শীঘ্রই উক্ত স্থান দুইটি পরিদর্শন করবেন।

Irregularity in Gas Supply

***456.** (Admitted question No. *595.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if it is a fact that Gas supply to Calcutta from Durgapur has become very irregular during the last six months (August, 1973 to January, 1974); and

(b) if so,—

(i) the reasons thereof,

(ii) the action taken by the Government in this regard?

Minister-in-charge of the Public Undertakings Department :

(a) Yes.

(b) (i) 1. Inadequate, irregular and erratic supply of coking coal and washable coal.

2. Supply of sub-standard quality of coal resulting in low generation of gas.

3. Failure in movement of coal by the Railways due to various reasons.

4. In mid-January, 1974, for 3/4 days, there was difficulty in production in Durgapur Projects Limited's own plant as a result of fire in the power plant on 12th January, 1974.

(b) (ii) 1. Besides action taken at the plant level, prompt contacts were made with Ministry of Steel and Mines, Government of India, Coal Controller, B.C.C.L., C.M.A. and Railway authorities to ensure regular and adequate supply of coking coal and washable coal of required qualities.

2. A number of high level meeting were held for prompt movement of coking coal and washable coal.

3. To keep the plant running 8000 M.T. of direct feed coal and 2000 M.T. of washable coal was brought by road.

জমি জরিপের কাজে আমিন, পেসকার ও জাঞ্চ মহরার নিয়োগ

*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২।) শ্রীগণেশ হাটুই ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে যে সকল যুবকদের আমিন, পেসকার ও জাঞ্চ মহরার ট্রেনিং দেওয়া হইতেছে তাহাদের ট্রেনিং শেষ হইলেই, জরিপের কাজে নিয়োগ করা হইবে;

(খ) সত্য হইলে, কতদিন যাবৎ ট্রেনিং দেওয়া হইবে এবং কবে নাগাত উহাদের কাজে নিয়োগ করা হইবে;

(গ) এই বৎসরে (১৯৭৪) কোন্ কোন্ জেলায় জমি জরিপের কাজ শুরু হইবে; এবং

(ঘ) হুগলি জেলায় জাঙ্গীপাড়া ব্লকে এই বৎসর জরিপের কাজ শুরু হওয়ার কোন সম্ভাবনা আছে কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) শিক্ষার্থীগণ (ট্রেইনী) সন্তোষজনক ভাবে ট্রেনিংএ উত্তীর্ণ হইলে এবং তাহাদের পুলিশ রিপোর্ট এবং স্বাস্থ্যসম্বন্ধীয় রিপোর্ট সন্তোষজনক হইলে ট্রেনিং অন্তে তাঁহাদের জরীপের কার্য্যে নিয়োগ করা হইবে।

(খ) প্রত্যেক শিক্ষার্থীকেই অন্ততঃ চারিমাস ট্রেনিং লইতে হইবে। প্রয়োজনে শিক্ষণের কাল বর্দ্ধিত হইতে পারে। সে সকল শিক্ষার্থী (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত সর্তগুলি পূরণ করিবেন তাঁহাদের ১৯৭৪ সালের এপ্রিল মাসে নিয়োগ করা হইবে।

(গ) পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় এই বৎসর (১৯৭৪) ২৪-পরগণা, হাওড়া, নদীয়া, বৰ্দ্ধমান, বীরভূম, মেদিনীপুর, মালদহ, জলপাইগুড়ি ও কুচবিহার এই নয়টি জেলায় জরীপের কার্য শুরু হইবে।

(ঘ) জাঙ্গীপাড়া থানার জরীপের কাজ ১৯৭৬ সালের নভেম্বর মাসে আরম্ভ করার চেষ্টা করা হইতেছে।

ঐতিহাসিক স্থানসমূহের উন্নয়ন

*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭০।) শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থানগুলি উন্নয়ন ও টুরিস্টদের আকর্ষণীয় করিয়া তোলার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কি?

স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থানগুলি আরকিওলজিক্যাল সারভে অফ ইণ্ডিয়া এর তত্ত্বাবধানে-এই বিষয়ে স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের উপস্থিত কিছু করিবার নাই। আরকিওলজিক্যাল সারভে অফ ইণ্ডিয়া কে এই ঐতিহাসিক স্থানগুলি সম্বন্ধে একটি রিপোর্ট দিবার জন্য অনুরোধ করা হইয়াছে। তবে, মুর্শিদাবাদ জেলায় বহরমপুর সহরে একটি ট্যুরিস্ট লজ নির্মাণ করা হইয়াছে। এখান হইতে মুর্শিদাবাদের দর্শনীয় স্থান দেখিবার সুবিধা আছে।

শিল্প উন্নয়ন

*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৪।) শ্রীগৌতম চক্রবর্তী ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুই বৎসরে সরকার পশ্চিমবঙ্গে নূতন শিল্পের কি কি লাইসেন্স কোন্ কোন্ জেলার জন্য এনেছেন;

(খ) ইহাদের কি কি কাজ এ পর্যন্ত হয়েছে;

(গ) উক্ত সময়ে শিল্প উন্নয়নের কাজে বাণিজ্য ও শিল্প দপ্তরের মন্ত্রিমহাশয় কতবার দিল্লী গিয়েছিলেন; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের শিল্প উন্নয়নের জন্য দিল্লীতে বিভিন্ন সময়ে উক্ত মন্ত্রিমহাশয় কি কি কাজ করেছিলেন?

শিল্প ও বানিজ্য বিভাগের ভারপাপ্ত মন্ত্রী ঃ

(ক) ও (খ) এ বিষয়ে একটি তালিকা লাইব্রেরী হলে রক্ষিত হইল।

(গ) বলা সম্ভব নহে।

(ঘ) বলা সম্ভব নহে।

Statement referred to in Question No. 461 (*Ka and Kha*)

	Industrial Licences and Letters of Intent			
	1972-73	1973-74	1972-73	1973-74
(*i*) New Unit	11	9	26	30
(*ii*) Substantial Expansion ...	11	22	15	17
(*iii*) New articles	14	13	13	12
(*iv*) Carrying on basis	7	8	—	—
(*v*) Shifting	—	—	—	—
Total :	43	52	52	59

Registration of units under Automatic Registration Scheme

	1972	1973	1974 upto February
(*i*) New Unit	18	32	1
(*ii*) Substantial Expansion ...	3	2	—
Total :	21	34	1

Implementation of Industrial Projects

Year	No. of projects implemented
1972-73	49
1973-74	67

Statement referred to in question No. 461 (*Ka and Kha*)

Districtwise break-up of Industrial licences and letters of Intent issued by the Government of India

Name of the District	Licence	Letters of Intent	Licence	Letters of Intent
1. Calcutta ...	12	10	18	8
2. 24-Parganas ...	11	16	14	13
3. Howrah ...	5	1	2	6
4. Hooghly ...	7	4	7	8
5. Midnapore ...	—	3	1	2
6. Bankura ...	—	1	—	2
7. Burdwan ...	4	6	2	4
8. Purulia ...	2	2	1	1
9. Nadia ...	—	5	2	3
10. Darjeeling ...	1	1	1	—
11. Jalpaiguri ...	1	—	—	—
12. Cooch-Behar ...	—	—	—	1
13. Locations not yet finalised ...	—	3	4	11
West Bengal ...	43	52	52	59

Hydel Project at Rinchingjong

***456.** (Admitted question No. *226.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether there is any proposal for construction of a Hydel Project at Rinchingjong;

(b) if so, when the proposal is likely to be implemented;

(c) the quantity of power (in MW) likely to be obtained from this Project; and

(d) the areas to be supplied with power from this Project?

(ক) হ্যাঁ আছে।

(খ) প্রকল্পটি রূপায়ণের কাজ আরম্ভ হইয়াছে।

(গ) ২ মেগাওয়াট।

(ঘ) দার্জিলিং জেলার দার্জিলিং, কার্শিয়াং ও শিলিগুড়ি অঞ্চলে এই প্রকল্প হইতে বিদ্যুৎ সরবরাহ করা হইবে।

অধিক সংখ্যক পর্যটক আকর্ষণ করার জন্য ডোরমিটোরি, টুরিস্ট কটেজ নির্মাণ

*৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৬।) শ্রীশঙ্করদাস পাল ঃ স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন আয়ভুক্ত জনসাধারণের জন্য সরকার পশ্চিমবঙ্গের দর্শনীয় স্থানসমূহে অল্প ব্যয়ে থাকার জন্য আরও ডোরমিটোরি টুরিস্ট কটেজ ইত্যাদি নির্মাণ করার কথা চিন্তা করিতেছেন কি;

(খ) ১৯৭২ ও ১৯৭৩ সালে মোট কতজন বিদেশী পর্যটক পশ্চিমবঙ্গে আসিয়াছিলেন; এবং

(গ) পশ্চিমবঙ্গে অধিক সংখ্যক পর্যটককে আকর্ষণ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে বিদেশী পর্যটকের আগমনের কোন হিসাব নাই, তবে কলকাতায় আগমনের একটা হিসাব (কলিকাতাস্থ গভঃ অফ ইন্ডিয়া ট্যুরিস্ট অফিস থেকে প্রাপ্ত) নিম্নে দেওয়া হলো।

১৯৭২ সনে ২৯,১৮৫ জন।
১৯৭৩ সনে ৩০,২৩১ জন।

(গ) সরকার প্রচার কার্য্য মাধ্যমে অধিক সংখ্যক পর্য্যটককে আকর্ষণ করার চেষ্টা করছেন। এ ছাড়া দার্জিলিং-এ বিশেষ নিয়ন্ত্রণ তুলে দেওয়ার চেষ্টা চলছে। বিভিন্ন কনভেশন

মারফৎ বিদেশীদের পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থান সম্বন্ধে অবগত করা হচ্ছে। এ ছাড়া দার্জিলিং-এর উপর হিমালয়ান ফ্যানটাসি নামে একটি চলচিত্র নির্ম্মান করে ভারত সরকারের পর্য্যটন বিভাগের বিদেশস্থ অফিস এবং এয়ার ইনডিয়া অফিস মারফৎ দেখানোর বন্দোবস্ত করা হচ্ছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Ropeway under Kalimpong Forest Division

260. (Admitted question No. 370.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) when the ropeway between Samsing and Mo Block under Kalimpong Forest Division was constructed;

(b) the quantum of timber carried by this ropeway during 1972-73 and 1973-74 (up to February); and

(c) whether there is any other ropeway there for similar purpose?

The Minister for Forests : (a) In the year 1972-73.

(b) 1972-73 .. .. .. 1,307 m
1973-74 (up to February, 1974) .. 830 m

(c) Yes.

শ্রম বিভাগে কর্মচারী নিয়োগ

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫২।) শ্রী আবদুল বারি বিশ্বাস: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) মোট ৪৩২ জন তাহার মধ্যে প্রথম শ্রেণীর ৫ জন, দ্বিতীয় শ্রেণীর ১৫ জন, তৃতীয় শ্রেণীর ২১৮ জন এবং চতুর্থ শ্রেণীর ১৯৪ জন।

Bhagawatipur Island under Namkhana Range of the Sunderbans

262. (Admitted question No. 380.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) Whether the Bhagawatipur Island under Namkhana Range of the Sunderbans was encroached;

(b) if so—

(i) when and by whom the Island was encroached; and

(ii) when the Island was made free from encroachment; and

(c) the measures taken by the Government to prevent such encroachment of forest land in the Sunderbans?

The Minister for Forests : (a) Yes.

(b)(i) In May, 1969 and again in 1970 by the local people of mauzas Shibarampu Patibunia, etc.

(ii) On 6th May 1970 and during March, 1971, respectively.

(c) Constant watch is kept on the areas and afforestation work has been starte(

Different species of carnivora and herbivora in the Forests of Southern Circle of We Bengal

263. (Admitted question No. 373.) **Shri Md. Safiullah :** Will the Mini ter-in-charge of the Forests Department be pleased to state –

(a) the existing number of different species of carnivora and herbivora in tl forests in Southern Circle of West Bengal ; and

(b) the measures proposed to be taken by the Government to protect these anima from becoming extinct ?

The Minister for Forests : (a) As no census of wild animals (other than tige in the forests of Southern Circle has been done, the existing number of differe species of carnivora and herbivora cannot be furnished.

(b) The Wild Life (Protection) Act, 1972, has been enforced in this State wi effect from 1st May 1973. The intention of enforcing the said Act is to prote the wild animals, both carnivora and herbivora, particularly the rare animals

জেলাওয়ারী রবীন্দ্রসদন নির্মাণ

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৪।) শ্রীনিতাইপদ সরকারঃ শিক্ষা বিভাগের মা মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের প্রতিটি জেলায় রবীন্দ্রসদন নির্মিত হয়েছে কি;

(খ) না হয়ে থাকলে, তার কারণ কি; এবং

(গ) যেগুলি নির্মিত হয়েছে সেগুলির রক্ষণাবেক্ষণের জন্য সরকার কি কি ব্যব গ্রহণ করেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) রবীন্দ্রসদন জেলার উদ্যোগে কয়েকটি সর্ত সাপেক্ষে তৈরি হয়। যেসব জে উদ্যোগ নিয়েছেন সেসব জেলায় রবীন্দ্রসদন তৈরি হয়েছে বা হচ্ছে।

(গ) জেলায় নির্মিত রবীন্দ্র ভবনের রক্ষণাবেক্ষণের দায়িত্ব স্থানীয় কমিটির। প্রয়োজ নির্মাণকল্পে দেয় সরকারী সাহায্যের শতকরা আড়াইভাগ অর্থ বৎসরে রক্ষণাবেক্ষণের জ দেওয়া হয়।

Setting up of deer park in each district

265. (Admitted question No. 377.) **Shri Md. Safiullah :** will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the Government has any proposal to set up a deer park in each of the districts of West Bengal ;

(b) if so, the details of the proposal ;

(c) whether the Government has received any recommendation from the State Wild Life Board to establish a deer park at Debanandapur in Hooghly district ; and

(d) the present position of the deer parks at Parmadan, Bethuadihri and Ballavpur ?

The Minister for Forests : (a) No.

(b) In view of the reply made against "(a)" above, this question does not arise.

(c) No.

(d) All the 3 Deer Parks are flourishing satisfactorily.

Creation of a separate State Wild Life Wing

266. (Admitted question No. 217.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the Government has received any communication from the Central Government for the creation of a separate State Wild Life Wing ; and

(b) if so, the action taken by the Government in the matter ?

The Minister for Forests : (a) Yes.

(b) No separate State Wild Life Wing has been created in this State as yet due to paucity of funds. There is, however, a State Wild Life Officer to look after Wild Life in this State. A Forest Ranger is also attached to him. With the enforcement of the Wild Life (Protection) Act, 1972, in this State with effect from 1st May 1973, a contingent of staff has been appointed to adminster the Act for the sole purpose of preservation of Wild Life in the State. The work relating to Wild Life Act in the different districts is being administered by the concerned territorial forest officers.

জেলাওয়ারী চাল সংগ্রহের পরিমাণ

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৮।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৪ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিমবাংলার কোন্ জেলায় কি পরিমাণ চাল সংগৃহীত হইয়াছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় ঃ ১৯৭৪ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আভ্যন্তরীণ সংগ্রহের পরিমাণ চালের হিসাব

নিম্নে দেওয়া হইল। লেভিমুক্ত চালের সংগ্রহের পরিমাণ বন্ধনীর ভিতর দেখান হইয়াছে।

জেলার নাম				জানুয়ারি, ১৯৭৪	ফেব্রুয়ারি, ১৯৭৪ (মেট্রিক টনে)
বর্ধমান	—	—	—	৮,১৭৬ (১৫৯)	৭,১১৭ (২৯৭)
বীরভুম	—	—	—	১১,৪২০ (১,২৬১)	১০,১৭৪ (৩,০৭২)
বাঁকুড়া	—	—	—	২,৫২৫	৩,২৪৯ (৩২৯)
পুরুলিয়া	—	—	—	৬৬৭ (১৫৫)	১,১১২ (৩)
হুগলি	—	—	—	৭৪৩ (৪)	১,১২১ (১)
মেদিনীপুর	—	—	—	৩,৭৯৩	৫,৪৭৬
হাওড়া	—	—	—	২১	৫২
২৪-পরগনা	—	—	—	১,৭৩৮	৪,৯৩৪ (২৫৩)
নদিয়া	—	—	—	১৬৯	৭৯
মুর্শিদাবাদ	—	—	—	১,৫৬২	১,০০৫
মালদহ	—	—	—	৩১০	২৯৪
পশ্চিম দিনাজপুর		—	—	৮,৫৫০ (৪০৭)	৭,৭৪২ (২,২২২)
কুচবিহার	—	—	—	৩,৭৮৫	১,৯৩১
জলপাইগুড়ি	—	—	—	২,২৫৮ (৬)	১,৮৫৫
দার্জিলিং	—	—	—	১৮৪ (৪)	১৪৯
		মোট	—	৪৫,৯০১ (১,৯৪৩)	৪৬,২৯০ (৬,১৭৭)

Migratory and resident birds in the Salt Lake area

268. (Admitted question No. 197.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether any survey for ascertaining the number of species of migratory and resident birds in the Salt Lake area has been made ;

(b) if so, the findings thereof ; and

(c) the reasons for the delay in setting up a Bird Sanctuary there ?

The Minister for Forests : (a) Yes.

(b) Survey revealed that the Salt Lake areas harbour a wide variety of avifauna as well as mammalian fauna.

(c) The Fisheries Department raised some objections for the alleged depredation of fishes by predatory birds likely to congregate in the santuary. Confusions were also created by the Acrodrome Authorities as regards safety of acroplanes. All these objections were carefully reviewed by us and adequately met. The matter is now under correspondence with the Government of India.

Plantation of Casuarina on the sandy beach of Mechuar Char under Bagmara Block and Kalas under Chulkati Block

269. (Admitted question No. 384.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state –

(a) the total area (in acre) brought under plantation for growing Casuarina on the sandy beach of Mechuar Char under Bagmara Block and Kalas under Chulkati Block in the Sundarbans up to January, 1974 ;

(b) the other plantations for growing Casuarina in the Sundarbans ; and

(c) whether there is any proposal for plantation of more Casuarina on the sandy tract of the Sundarbanas and on the sandy beach of the Bay of Bengal ?

The Minister for Forests : (a) 133 acres at Mechuar Char and 40 acres at Kalas.

(b) Casuarina plantations at other places in the Sundarbanas are at Mayadwip, New Moor Island, Bakkhali and Haliday Island.

(c) No.

Spill-over Scheme for the development of Digha

270. (Admitted question No. 205.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to State—

(a) If it is a fact that the money sanctioned under Spill-over Scheme in 1968-69 for the development of Digha could not be spent ;

(b) if so, the reasons thereof ;

(c) the amount of money spent during the period from 1st January, 1973 to 31st January, 1974 for the development of above site ;

(d) if any joint efforts were made by the Home (Tourism), and Forests and Public Works Departments. to save Digha Sea Beach from erosion ; and

(e) if so the results thereof ?

The Minister for Development and Planning : (a) Yes, the full amount of ultimate reduced allocation could not be spent in 1968-69.

(b) Owing to non-finalisation of tenders in time, non-completion of road alignments, partial execution of pipe laying works, communication difficulties,etc.

(c) Rs. 2,30,246.

(d) and (e) In addition to the above a sum of Rs. 15 lakhs (approx.) has been sanctioned for various development works at Digha including particularly work relating to protection of sea beach from erosion. These works are being executed through various Departments of the Government, such as, Irrigation and Waterways Department, Public Works (C.B.) Department, Forests Department, etc,, and the co-ordination is done by the Development Department. The results of the works have been encouraging.

National Park in the Southern Circle

271. (Admitted question No. 371.) **Shri Md. Safiullah :** Will the Ministe in-charge of the Forests Department be pleased to state—

(a) the latest position of the proposal for setting up of a National Park in tl Southern Circle ; and

(b) when the work of setting up the Park is expected to be started ?

The Minister for Forests : (a) There is no proposal for setting up of a Nation: Park in the Southern Circle.

(b) Does not arise in view of the reply to (a) above.

মেজিয়াঘাট সেতু

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া ও পুরুলিয়া জেলার সঙ্গে আসানসোল মহকুমার খনি অঞ্চল ও শিল্প এলাকা সরাসরি যোগাযোগের জন্য রাণীগঞ্জের নিকট মেজিয়াঘাট সেতু নির্মাণের কাে বিলম্বের কারণ কি; এবং

(খ) এই সেতুটি কতদিনের মধ্যে নির্মাণ করা হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) সদরঘাটে দামোদরের উপর একটি সেতু নির্মা করা হইতেছে। সীমিত অর্থ বরাদ্দের মধ্যে মেজিয়াঘাটে দামোদরের উপর আর একা সেতু নির্মাণ করা আপাতত সম্ভব নয়।

Police Personnel killed in Calcutta, Asansol, Durgapur and Siliguri

273. (Admitted question No. 47.) Shri **Md. Safiulla**h: Will the Ministe in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of police personnel including traffic police killed in Calcutta Asansol, Durgapur and Siliguri from January, 1973 to 31st January, 1974 ;

(b) in how many cases the accused persons were caught red-handed; and

(c) the amount of compensation paid to the families of each of the victims ?

The Minister for Home (Police) : (a) Two ; Calcutta—1, Siliguri—1.

(b) None. But they were subsequently arrested.

(c) (i) Rs. 10,000 to the widowed wife of the constable attached to the Calcutt Police.

(ii) Regarding the constable attached to the West Bengal Police the compen sation case is under process.

কিড্ স্ট্রীটস্থ রাজ্য বিধানসভার সদস্য আবাসের ক্যান্টিন

২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭।) শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পূর্ত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলকাতার কিড্ স্ট্রীটস্থ রাজ্য বিধানসভার সদ আবাসের ক্যান্টিনের ছাদ ও দেয়াল চুঁইয়ে পায়খানার নোংরা জল ক্যান্টিনে

পাকশালায় পড়ে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) পায়খানার নোংরা জল ক্যান্টিনের পাকশালায় পড়ে না। তবে উপর তলার নবনির্মিত ফ্ল্যাটগুলিতে পানীয় জলের ব্যবস্থা করিবার সময় পরিস্রুত জল ক্যান্টিনের ছাদ ও দেয়াল দিয়া ক্যান্টিন ও সংলগ্ন লাউঞ্জে পড়িয়াছিল।

(খ) যথাযথ ব্যবস্থা গ্রহণ করার ফলে এখন জল পড়া বন্ধ হইয়াছে।

হাঙর ও ট্যাংরা জলনিকাশী প্রকল্প

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫।) শ্রী নিতাইপদ সরকারঃ গত ২২এ মার্চ, ১৯৭৩ তারিখে প্রদত্ত অতিরিক্ত ১৮৭ (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৫) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাঙর জলনিকাশী এবং ট্যাংরা জলনিকাশী প্রকল্প দুইটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ হাঙর জলনিকাশী প্রকল্পের কাজ আরম্ভ করা হইয়াছিল। কিন্তু জনসাধারণের জমি সংক্রান্ত বিষয়ে বাধা দানের ফলে কাজ চালাইয়া যাওয়া সম্ভব হয় নাই।

ট্যাংরা জলনিকাশী প্রকল্পটি হাতে নেওয়া হলেও অর্থাভাবে পুনরায় শুরু করা যায় নাই।

উভয় প্রকল্পের কাজ অর্থের সংকুলান হইলে ও জমি পাওয়া গেলে শুরু করা যাইবে।

Scarcity of X-ray films in West Bengal

2?7. (Admitted question No. 1749.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the scarcity of X-ray films in the State ; and

(b) if so, the steps the Government has taken to ensure regular supply of X-ray films in the X-ray Clinics ?

The Minister for Health : (a) There is no scarcity of X-ray films in the State.

(b) Does not arise.

আসানসোল পৌরসভার অন্তর্গত ছাতাপাথরে জল ও বিদ্যুৎ সরবরাহ এবং আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৫।) শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল পৌরসভার অন্তর্গত ছাতাপাথরে-

(১) পৌরসভা হইতে জল, বিদ্যুৎ ইত্যাদি সরবরাহের ও আবর্জনা পরিষ্কারের কোন ব্যবস্থা নাই, ও

(২) উক্ত এলাকায় প্রায় ৬০টি হোল্ডিং আছে এবং উক্ত হোল্ডিংগুলি থো আসানসোল পৌরসভা নিয়মিত অর্থ আদায় করেন; এবং

(খ) অবগত থাকিলে, ঐ এলাকার অধিবাসীদের পৌরসভার সুযোগসুবিধা থেকে বি করার কারণ কি?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক) (১) আসানসোল পৌরসভ হাতাপাথর এলাকায় জল সরবাহের পাইপ বিস্তৃত না থাকায়, গ্রীষ্মের সময় লরি যোগে সরবরাহ করা হয়। ইচ্ছা থাকিলেও বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব আসানসোল পৌরসভ নয়। উক্ত এলাকা হইতে নিয়মিত আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা আছে।

(২) পৌরসভা উক্ত এলাকা হইতে জল ও রাস্তা আলোকের জন্য কর আদায় করেন এবং উক্ত এলাকার ১ হইতে ৫৭নং হোল্ডিং-এর মালিকগণ পৌরসভাকে কোন আদায় দেন না।

(খ) পৌরসভার আর্থিক সঙ্গতির মধ্যে উক্ত এলাকার অধিবাসীদের যতটা সম্ভব সুযো সুবিধা দেওয়া হয়ে থাকে।

আসানসোল শহরে সুপারমার্কেট

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৬।) শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌরকার্য বিভা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য, আসানসোল শহরে কয়েকটি সুপারমার্কেট প্রতিষ্ঠা করা হয়ে

(খ) সত্য হ'লে, ঐ সুপারমার্কেটগুলি বাবত আসানসোল পৌরসভা কি পরিমাণ ব্যয় করেছেন;

(গ) ঐ সুপারমার্কেটগুলি চালু করা হয়েছে কিনা এবং সুপারমার্কেটগুলি থেকে আস সোল পৌরসভা গড়ে মাসে কি পরিমাণ অর্থ আয় করেন; এবং

(ঘ) ইহা কি সত্য যে, আসানসোল শহরের শশিভূষণ গড়াই রোডস্থ সুপারমার্কেট দরজা-জানালা সব চুরি হয়েছে এবং সেখানে একটি মোষের খাটাল করা হয়ে

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক) না; পৌরসভার অধীনে সুপারমার্কেট নেই।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

টি আর-এর কাজের জন্য জেলাওয়ারী মঞ্জুরীকৃত অর্থ

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৫) শ্রী শিশিরকুমার সেনঃ ত্রাণ ও কল্যাণ বিভা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে কোন টি-আর-এর কাজ করার জন্য কোন অর্থ ম করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, জেলাওয়ারী কত টাকা করিয়া [illegible] হইয়াছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 279.

১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার টেস্ট রিলিফের কাজ চালু রাখার জন্য ১লা এপ্রিল, ১৯৭৩ হইতে ২৭শে মার্চ, ১৯৭৪ অবধি মোট অর্থ মঞ্জুরির হিসাব

জেলার নাম	মোট অর্থমঞ্জুরির পরিমান (টাকায়)
(১) বাঁকুড়া	২১,৪২,৪৯৮
(২) বর্ধমান	৯,০০,০০০
(৩) বীরভুম	৫,০০,০০০
(৪) হুগলী	৫,০০,০০০
(৫) মেদিনীপুর	২৫,২১,০০০
(৬) পুরুলিয়া	১০,৮৮,০৭০
(৭) হাওড়া	৩,০০,০০০
(৮) ২৪-পরগনা	৮,০০,০০০
(৯) নদীয়া	৯,৬০,০০০
(১০) মুর্শিদাবাদ	৪,০০,০০০
(১১) মালদহ	৭,০০,০০০
(১২) পশ্চিমদিনাজপুর	৯,০০,০০০
(১৩) জলপাইগুড়ি	৬,০০,০০০
(১৪) কোচবিহার	২২,১৪,০০০
(১৫) দার্জিলিং	১,০০,০০০
মোট	১,৪৬,২৫,৫৬৮

মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হওয়ার জন্য জেলাওয়ারী কোটা

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৬) শ্রী মধুসূধন রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হওয়ার জন্য কোন্ জেলায় কত কোটা আছে; এবং

(খ) গত বৎসরে জেলাওয়ারী কত ছাত্রছাত্রী ভর্তি হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ শিক্ষাবছরে পশ্চিমবঙ্গের আটটি মেডিক্যাল ও ডেন্টাল কলেজের প্রি-মেডিক্যাল কোর্সে ৬১৬টি আসন জেলার ভিত্তিতে বন্টিত হয়েছে। জেলার ভিত্তিতে বন্টিত আসনের একটি তালিকা (ইংরেজীতে টাইপ করা) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) গত বছরে জেলার ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি হয়নি। তাই জেলাওয়ারী হিসেব রাখা হয়নি।

প্রি-মেডিক্যাল কোর্সে জেলাওয়ারী ছাত্রছাত্রী ভর্তির সংখ্যা

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৭৮) শ্রী মহঃ দেদার বক্সঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালে প্রি-মেডিক্যাল কোর্সে যে সকল ছাত্রছাত্রী ভর্তি হয়েছে জেলাওয়ারী উক্ত ছাত্রছাত্রীর সংখ্যা কত?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ঃ ১৯৭৩-৭৪ শিক্ষা বছরে পশ্চিমবঙ্গের আটটি মেডিক্যাল ও ডেন্টাল কলেজের প্রি-মেডিক্যাল কোর্সে ৬১৬টি আসন জেলার ভিত্তিতে বন্টিত হয়েছে। জেলাওয়ারী বন্টিত আসনের একটি তালিকা (ইংরেজীতে টাইপ করা) এই সঙ্গে সংলগ্ন করে দেওয়া হ'ল। মেধার ভিত্তিতে নির্বাচিত সমসংখ্যক ছাত্রছাত্রী ঐসব অসনে ভর্তি হবার সুযোগ পেয়েছেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of acute crisis of Kerosene in rural Bengal—Attention called by Dr. Ekramul Haque Biswas, Shri Mohammad Dedar Baksh, Shri Habibur Rahaman, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Debabrata Chatterjee, Shri Monoranjan Pramanick, Shri Gautam Chakravartty, Shri Sarat Chandra Das, Shri Adya Charan Dutta and Shri Assamanja De on the 29th March, 1974.

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে আমি এই বিবৃতি দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে কেরোসিন সঙ্কট যে ক্রমশই গুরুতর হয়ে উঠেছে, রাজ্য সরকার এ সম্পর্কে সম্পূর্ণ সচেতন। সম্প্রতি বিদ্যুৎ ছাঁটাইয়ের জন্য কেরোসিনের ব্যবহারও বেড়ে গেছে, যার ফলে সঙ্কট আরো তীব্র হয়েছে। পল্লী অঞ্চলের মানুষ বিশেষ করে এই কেরোসিন তেলের উপরেই নির্ভর করে থাকেন। ছাত্র-ছাত্রীদের পড়াশুনাও কেরোসীনের অভাবে অত্যন্ত ব্যাহত হচ্ছে। সরকার এ ব্যাপারে সম্পূর্ণ সহানুভূতির সঙ্গে সবকিছু দেখেশুনে কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করছেন, বারবার তাগাদা দিচ্ছেন যাতে এই রাজ্যের কেরোসিনের বরাদ্দ আরও বাড়ানো যায় এবং বরাদ্দ কেরোসিন যাতে নিয়মিত সরবরাহ করা হয়। কেরোসিনের চাহিদা পশ্চিমবঙ্গে মাসিক ৩৮,৪০০ কিলো লিটারের জায়গায় গত বছর ডিসেম্বর মাস থেকে এই রাজ্যের জন্য কেন্দ্রীয় বরাদ্দ মাসিক ২৬,০০০ কিলো লিটারের চেয়ে বেশী হচ্ছে না। যেমন এই জানুয়ারীতে ১৫,৫২৬ কিলো লিটার, ফেব্রুয়ারীতে ২২,৫১৫ কিলো লিটার, মার্চে ২৪,৪৪০ কিলো লিটার। সংশ্লিস্ট দপ্তরের একান্ত প্রচেষ্টার ফলে বিভিন্ন তেল কোম্পানী বরাদ্দের শতকরা ৯৩ থেকে ৯৬ ভাগ পর্যন্ত তেল সরবরাহ করতে পেরেছিলেন। কিন্তু মার্চ মাস থেকে অবস্থার অবনতি হয়েছে। এখন ৬৯ পার্সেন্ট তেলও সরবরাহ হচ্ছে না। পশ্চিমবঙ্গের সর্বত্র বিদ্যুৎ ছাঁটাইয়ের সমস্যা এবং ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক শ্রেণীর কর্মীর অসহযোগিতার মনোভাব, কর্মে

মন্থরতা, কর্ম বিরতি ইত্যাদি এইজন্য দায়ী। প্রধানতঃ এই কারণেই কেরোসিন সঙ্কট এত বেড়ে গেছে। পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলাসহ পূর্ব ভারতের কয়েকটি রাজ্যে কেরোসিন তেলের সরবরাহ হয়ে থাকে ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশনের মৌরিগ্রাম কেন্দ্র থেকে। কেন্দ্রটি বহুলাংশে বিদ্যুৎ চালিত এবং স্বয়ংক্রিয় হওয়ায় বিদ্যুৎ ছাঁটাইয়ের ফলে তেল সরবরাহের কাজ দারুণভাবে ব্যাহত হচ্ছে। আগেই বলা হয়েছে রাজ্যব্যাপী বিদ্যুৎ ছাঁটাইয়ের ফলে জনসাধারণের মধ্যে কেরোসিনের চাহিদাও বেড়ে গেছে, ফলে এই রাজ্যের বহু এলাকায় আপ্রাণ চেষ্টা সত্বেও অনেক সময়ে কেরোসিনের যোগান অব্যাহত রাখা সম্ভব হচ্ছে না। শহরে যাঁরা এতদিন রান্নার কাজে গ্যাস ব্যবহার করতেন, গ্যাস সরবরাহের ঘাটতির ফলে বর্তমানে তাঁরাও কেরোসিনের উপর নির্ভর করছেন। সম্প্রতি এই রাজ্যে ডিজেলের অত্যন্ত অভাব হওয়ার দরুণ, ডিজেলের বদলে কেরোসিনের ব্যবহার বেড়ে গেছে। এই সমস্ত কারণেই কেরোসিনের চাহিদাকে আগের তুলনায় অনেক বেশী বাড়িয়ে দিয়েছে। কেরোসিন তেলের বর্তমান সঙ্কটের মোকাবিলার জন্য রাজ্য সরকার যেসব ব্যবস্থা নিয়েছেন তা হলঃ (১) ভারত সরকারকে রাজ্য সরকার এই রাজ্যের বরাদ্দ বাড়াবার জন্য বারবার অনুরোধ করেছেন। বর্তমান সঙ্কট থেকে উত্তীর্ণ হওয়ার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী গত ২৬শে মার্চ'৭৪ কেন্দ্রীয় তৈল ও রসায়ন মন্ত্রীকে বাড়তি আরও ১০,০০০ কিলো লিটার কেরোসিন তেল এই রাজ্যকে দেবার জন্য অনুরোধ করেছেন।

[2-10—2-20 p.m.]

(২) সরকার বিভিন্ন জেলায় অবিলম্বে কেরোসিন তেলের রেশনিং ব্যবস্থা গ্রহণের কথা ভেবেছেন। এই ব্যবস্থায় কোলকাতা ছাড়া এস, আর এলাকায় রেশন কার্ড অথবা এম, আর এলাকায় ফ্যামিলি আইডেণ্টিটি কার্ডের ভিত্তিতে জনসাধারণের মধ্যে সমানভাবে কেরোসিন তেল বন্টন করা হইবে। হাসপাতালে, ছাত্রাবাস প্রভৃতিকে পারমিটের মাধ্যমে কেরোসিন সরবরাহ করা হবে। কেরোসিনের অভাব ছাত্র—ছাত্রীদের পড়াশুনার যাতে কোন রকম ক্ষতি না হয়, সরকার সেদিকে বিশেষ দৃষ্টি দেবেন। মাথাপিছু কতটা কেরোসিন দেওয়া হবে তা নির্ভর করবে প্রয়োজন এবং সরবরাহের পরিমানের উপর।

(৩) কেরোসিন যাতে ডিজেলের বিকল্প হিসেবে ব্যবহৃত হতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।

(৪) জেলা শাসকদের সম্প্রতি এক জরুরী নির্দেশে বলা হয়েছে যে তাঁরা যেন নিজ নিজ জেলায় এজেন্টদের কেরোসিন তেলের পুরো বরাদ্দ তোলার ব্যাপারে নজর রাখেন। তেল কোম্পানীগুলিকে বলা হয়েছে যে তারা তাঁদের এজেন্টদের প্রতি বরাদ্দের পরিমান জেলা শাসককে জানাবেন এবং সেইসব এজেন্টও যেন জেলা শাসককে তেল পৌঁছানোর সংবাদ সম্পর্কে সব সময় অবহিত রাখেন। এই নির্দেশে জেলা শাসকদের আরও বলা হয়েছে যে রেশন কার্ডের মাধ্যমে তেল বিক্রির নিয়ন্ত্রনের জন্য যেন ব্যবস্থা করা হয়। বিশেষকরে ছাত্র এবং পরীক্ষার্থীদের অসুবিধার কথা বিবেচনা করে তাঁদের যেন প্রয়োজন মত তেল বিক্রির ব্যবস্থা করা হয়। প্রয়োজন ভিত্তিতে রেশনিং ব্যবস্থায় কেরোসিন দেবার পরিমান স্থির করা ও তার ন্যায্য বন্টনের প্রতি যেন বিশেষ দৃষ্টি দেওয়া হয়, তার জন্যও এই নির্দেশে বলা হয়েছে।

(৫) মৌরী গ্রামে বিদ্যুৎ ছাঁটাইয়ের দরুণ ইণ্ডিয়ান অয়েল কর্পোরেসনের সরবরাহ কেন্দ্রের কাজ এতদিন ব্যাহত ছিল। মুখ্যমন্ত্রী সম্প্রতি ওই অঞ্চলে বিদ্যুৎ ছাঁটাই বন্ধের নির্দেশ দিয়েছেন।

(৬) রাজ্যের শ্রমমন্ত্রী ইণ্ডিয়ানঅয়েল কর্পোরেসনের শ্রমিক অসন্তোষের ব্যাপারে দৃষ্টি দিয়েছেন, যার ফলে এই সঙ্কট তারা জনসাধারণের অসুবিধার কথা ভেবে সরকারের পাশে এসে দাঁড়ান।

(৭) নদীয়া জেলায় বিশেষ অভাবের খবর পেয়ে সরকার ইণ্ডিয়ান অয়েল কর্পোরেসনকে অনুরোধ করেছেন যাতে এখনই অন্তত ১০০ কিলো লিটার তেল ওখানে পাঠানো হয়। ওই তেল এর মধ্যে পৌঁছে গেছে।

Shri Gangadhar Pramanick :

অন এ পয়েন্ট অব ক্লারিফিকেসন। আপনি যে মোট তেল পান তার মধ্যে কতটা শহ দেন এবং কতটা গ্রামাঞ্চলে দেন সেটা জানাতে

We are very much interested to know.

Shri Prafulla Kanti Ghosh :

সেটা আমার পক্ষে এখনই বলা সম্ভব নয়।

Mr. Speaker : The Minister-in-charge of the Power Department will make statement on the subject of outbreak of fire at Ghughudanga Power Transformer.

(Attention Called by Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Suni Mohan Ghosh Maulik, Shri Sarat Chandra Das, Shri Susanta Bhattacharya Shri Narayan Bhattacharyya, Shri Debabrata Chatterjee, Shri Md. Dedar Baksh Shri Nrishinha Mandal and Shri Asamanja De)

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Mr. Speaker, Sir, with referenc to the three Calling Attention Notices on the subject of the fire in an Electrica transformer at Ghugudanga, I have the honour to make a statement of the fact of the case as now available to the Power Department of this Government.

At about 10.30 a. m. on Sunday the 31st March, 1974, a 300 KVA outdoo transformer at the Seven Tanks Estate, Ghugudanga, caught fire following a shor circuit falt on its high tension 6 KV Isolator Chamber. This is the Calcutta Electri Supply Corporation's present assessment of the initial cause.

This transformer was part of the Calcutta Electrical Supply Corporation's larg distribution system, which has over 800 such distribution transformers installed in th Calcutta Electric Supply Corporation's area of supply. These transformers ar meant to provide supply to the Calcutta Electric Supply Corporation's low tensio and medium pressure domestic and industrial consumers. The transformer i question was installed to provide low tension, medium pressure AC supply to th consumers in the Seven Tanks Housing Estate at Ghugudanga and in the adjoining areas. There are a number of failures in these distribution transformers every year. The Calcutta Electric Supply Corporation reports that their experience show that most of the failures can be attributed to manufacturing defects or to the low safety factor to which the transformers are now being built.

The failure of a transformer necessitates its total replacement and in this cas the cost of replacement is about Rs. 30,000. This indicates that it was not a majo plant which was destroyed. Failures are not usually accompanied by such con flagrations as was experienced at Ghugudanga, where the extent of damage sufferec by the transformer indicates that the fault was accompanied by internal explosions Even though such damage is unusual, the source of supply, the New Cossipore Power Station, is not far away and this is understood to be a complicating factor. As, however, a number of failures occur every year, the distributing agency, the Calcutta Electric Supply Corporation, do not think that this failure can be attributed to an act of sabotage.

As a matter of normal precaution the Calcutta Electric Supply Corporation houses all their ground-mounted distribution transformers within as strong brick-built enclosure so that in the event of fire, the fire remains confined within the enclosed area, as it did in the present case of the Ghugudanga transformer.

The area affected by failure in power supply by this transformer trouble was the Seven Tanks Housing Estate on Dum Dum Road and the adjoining locality. The Calcutta Electric Supply Corporation's emergency duty staff working non-stop round-the-clock were able to restore all essential supplies, including the supply to the pumps serving the Housing Estate, between 1.30 a.m. and 10.30 a.m. in the morning of the 1st April, 1974 by drawing on the adjacent sources of power. The replacement of the damaged transformer was completed and normal supply fully restored at 6-30 a.m. in the morning of the 2nd April, 1974.

The Calcutta Electric Supply Corporation has reported that they are carrying out a thorough investigation of the failure and the resulting fire, and in addition, the Power Department is directing the Chief Electrical Inspector of the Government of West Bengal to have the incident very carefully investigated from the Government side by the Electricity Directorate and when the findings of the investigation are known, I shall be in a position to supplement this statement of the facts of the case.

[2-20—2-30 p,m.]

Mr. Speaker : The Minister of State-in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of disruption in water supply in Calcutta due to scarcity of coal.

Attention called by Shri Mohammad Dedar Baksh, Shri Jokhilal Mandal, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta, Shri Debabrata Chatterjee, Shri Susanta Bhattacharya, Shri Manoranjan Pramanik, Shri Gautam Chakravarti, Shri Tuhin Kumar Samanta and Shri Abdur Rauf Ansari on the 2nd April, 1974.

Shri Subrata Mukhopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল কাশীপুরে জল সরবরাহ ব্যাহত হইয়াছে, কিন্তু কয়লার অভাবে নয়, টালাতে জল সরবরাহের একটি পাম্প মেরামত করার প্রয়োজন হয়, এইজন্য কাশীপুরে সকাল সাড়ে নয়টা হইতে বেলা একটা পর্যন্ত জল সরবরাহ বন্ধ রাখিতে হয়। পুনরায় একটার পর যথারীতি চালু করা হয়। কলিকাতা অঞ্চলে সাড়ে নয়টা হইতে সাড়ে দশটা পর্যন্ত প্রতিদিনই জল সরবরাহ বন্ধ থাকে। সাড়ে দশটায় নিম্ন চাপে জল সরবরাহ করা হয়। ঐ মেশিন মেরামতের জন্য এই সরবরাহও বন্ধ থাকে এবং পুনরায় সাড়ে তিনটার বদলে আড়াইটার সময় হইতে উচ্চচাপে সরবরাহ চালু হয়।

কয়লা সরবরাহের অব্যবস্থা

কোল মাইনিং অথরিটি হওয়ার পূর্বে কয়লা খনির মালিকরা অথবা তাঁদের এজেন্টরা করপোরেশনে কয়লা সরবরাহের টেন্ডার দিতেন এবং টেন্ডার গৃহীত হইলে তাঁহারাই সরাসরি বিভিন্ন পাম্পিং ষ্টেশনগুলিতে কয়লা সরবরাহ করিতেন। গত বৎসর জানুয়ারী (১৯৭৩ জানুয়ারী) মাসে সি, এম, এ, কর্পোরেশনকে বলেন যে তাঁহারা সরবরাহের দায়িত্ব লইতে পারিবেন না কিন্তু করপোরেশনের বিশেষ অনুরোধ আগাম রেল ভাড়া লইয়া ১৯৭৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কয়লা কলিকাতায় পাঠাইতে রাজি হন। কিন্তু পরে সি, এম, এ, আর এরূপ ব্যবস্থা চালু রাখিতে রাজী হন না। রেলওয়ে কর্তৃপক্ষও বলেন যে রেলভাড়া অন্ডালে যাইয়া আগাম জমা দিতে হইবে। নগদ ১০।১৫ হাজার টাকা লইয়া বারেবারে অন্ডালে যাওয়া সমীচীন বা সন্তোষজনক ব্যবস্থা বলিয়া মনে হয় নাই। তখন রেলওয়ে কর্তৃপক্ষ বলেন ৩০ হাজারেরও অধিক টাকা জমা রাখিয়া চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। তদনুযায়ী ব্যবস্থা করা হইতেছে। ইতিমধ্যে অন্ডাল হইতে কয়লা না আসায় কর্পোরেশনের অনুরোধে পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ কয়েকবার অন্যের ওয়াগন ভর্তি করিয়া কর্পোরেশনকে সরবরাহ করিয়াছেন। রেলওয়ে কর্তৃপক্ষের এই সাহায্য না পাইলে পাম্পিং ষ্টেশন চালু রাখা হয়ত সম্ভব হইত না। যাহা হোক ২-৪-৭৪ তারিখে ১২ ওয়াগন কয়লা পৌঁছিয়াছে, ইহাতে আপাতত সাত দিন পাম্পিং ষ্টেশন চালু রাখা যাইবে।

টালায় সাধারণভাবে ২০টন কয়লা প্রতিদিন প্রয়োজন হয়। কিন্তু ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে টালাতে একটি ইলেকট্রিক পাম্প বিকল হইয়া যায়। এইটাই সর্বপেক্ষা বড় পাম্প, এই পাম্প বিকল হওয়ার জন্য বর্তমানে একমাত্র টালাতেই দৈনিক ৭০টন কয়লা খরচ হইতেছে। কয়লার অবস্থা খারাপ হওয়ার একটিই প্রধান কারণ। আশা করা যায় আগামী ২।১ দিনের মধ্যে এই পাম্পটি চালু হইবে ও কয়লার খরচ কমিবে। টালাতে কয়লার অনটন ঘটায় অন্যান্য পাম্পিং ষ্টেশন হইতে কয়লা পাঠাইয়া টালা পাম্প বরাবর চালু রাখা হইয়াছে।

কয়লা সরবরাহ ও সি, এম, এ, কর্তৃপক্ষ

করপোরেশনের প্রতি বৎসর প্রায় ১৪ লক্ষ টাকার কয়লা প্রয়োজন হয়। সি, এম, এ, ৩।৪ লক্ষ টাকার কয়লা সরবরাহ করিয়াছেন এবং এই টাকা তাঁহাদের পাওনা আছে। সময়মত বিল না দেওয়ায় এবং অন্য প্রতিষ্ঠানকে দেওয়া কয়লা বাবদ ভুলক্রমে কর্পোরেশনে বিল পাঠানোর জন্য কর্পোরেশনের পক্ষে এই টাকা দেওয়া সম্ভব হয় নাই। সি, এম, এ, কর্তৃপক্ষকে একথা জানানো হইয়াছে। সি, এম, এ, কর্তৃপক্ষ বলিতেছেন কর্পোরেশনকে অন্ডালে লোক নিযুক্ত করিতে হইবে এবং তাহারা কোন কয়লার ওয়াগন ভাল খারাপের জন্য দায়িত্ব লইবেন না। সব কয়লা সব কাজে লাগে না বা কর্পোরেশনের পাম্পে চলে না, এজন্যও অসুবিধা হইতেছে। কর্পোরেশনের কমিশনার সি, এম, ডি, এ-র ম্যানিজিং ডাইরেক্টর শ্রীকুমারমঙ্গলমের সহিত কথা বলিয়াছিলেন। শ্রীকুমারমঙ্গলমও বলিয়াছিলেন যে টাকা বাকী থাকার জন্য সরবরাহ ব্যাহত হইবে না। কিন্তু সি, এম, ডি, এ-র অন্য অফিসারগণ বলিতেছেন পুরা টাকা জমা না দিলে কয়লা সরবরাহ করা হইবে না।

টিউবওয়েল

কলিকাতার কোন কোন অংশে টালার জলের সহিত ডীপ টিউবওয়েল হইতে জল সরবরাহ করিয়া জলের চাপ বজায় রাখা হয়। সমগ্র টালীগঞ্জ অঞ্চলে টালার জল যায় না, একমাত্র ডীপ টিউবওয়েল হইতেই জল সরবরাহ করা হয়। প্রায় সবক্ষণ লোড শেডিং-এর জন্য এইসব অঞ্চলে জল সরবরাহ অত্যন্ত অনিশ্চিত হইয়া পড়িয়াছে। কখন বিদ্যুত পাওয়া যাইবে না জানায় পাম্প চালানোর জন্য লোক সবক্ষণ রাখা সম্ভব হইতেছে না। এই অঞ্চলে ডীপ টিউবওয়েল দ্বারা জল সরবরাহের দায়িত্ব লইয়াছেন সি আই টি, সি এম ডি এ-র টাকায়, তাঁহারা এখনও অনেক টিউবওয়েল বসাইতে পারেন নাই। ওভারহেড ট্যাঙ্ক মাত্র একটি চালু হইয়াছে। সি আই টি টিউবওয়েলগুলি করপোরেশনকে হস্তান্তর করিতে চান কিন্তু সি এম ডি এ এইসব টিউবওয়েলগুলি বা ওভারহেড ট্যাঙ্ক বা পাইপ রক্ষণাবেক্ষণ-এর জন্য কোন টাকার ব্যবস্থা করেন নাই। সি এম ডি এ-কে কয়েকখানা চিঠি লেখা হইয়াছে কিন্তু টাকার কোন সুরাহা হয় নাই, ১৯০টি ডীপ টিউবওয়েলের মধ্যে ১৮০টি মোটামুটি চালু আছে। যেগুলি খারাপ আছে, উহা মেরামতের ব্যবস্থা হইতেছে।

Mr. Speaker : I have received 33 notices of calling attention on the following subjects, namely—

1. Dacoity committed in a bank at Bongaon on 1st April 1974, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

2. 25 new engines worth Rs. 8 lakh lying unused with the Calcutta Corporation, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

3. Damage to crops in Midnapur due to heavy hail storm, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal;

4. Scarcity of kerosene and diesel in Murshidabad, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

5. Seizure of one wagon load of stone chips meant for mixing with food by Police Enforcement Branch, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

6. Coal manure for West Bengal, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

7. Starvation death of one Amina Khatun and her eight year old daughter in a village of Midnapore, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal ;

8. Reported outbreak of small pox (epidemic) in Jalpaiguri district, from Shri Mohammad Dedar Baksh, Shri Jokhi Lal Mondal, Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra and Shri Sunil Mohan Ghosh Moulik;

9. Demand for food ration in rural Bengal, from Shri Mohammad Dedar Baksh, Shri Jokhi Lal Mondal, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Adya Charan Dutta, Shri Kartic Chandra Biswas, Shri Md. Safiullah, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhyay and Shri Asamanja De;

10. Harassment to the Manager of Durgapur Steel Factory, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal;

11. Acute scarcity of kerosene and diesel in rural Bengal, from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Mohammad Dedar Baksh, Shri Jokhi Lal Mondal, Shri Abdul Bari Biswas, Shri Md. Safiullah, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Susanta Bhattacharjee, Shri Adya Charan Dutta, Shri Asamanja De, Shri Monoranjan Pramanik and Shri Gautam Chakravartty;

12. Take over of collieries under Birbhum and Bankura districts, from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra;

13. Eviction of families of congress supporters at Raniganj by CPI(M) supporters, from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra;

14. Mismanagement of Calcutta Telephones, from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Monoranjan Pramanik, Shri Md. Safiullah, Shri Susanta Bhattacharjee and Shri Adya Charan Dutta;

15. Pressure on Central Government for supplying rice, wheat, etc., to West Bengal, from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Monoranjan Pramanik, Shri Adya Charan Dutta and Shri Asamanja De;

16. Proposed strike by Railway employees from the 10th April, 1974, from Shri Mohammad Dedar Baksh and Shri Jokhi Lal Mondal;

17. Alleged illegal closure in J. K. Nagar Aluminium Factory of Asansol since September 1973, from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra;

2-30—2-40 p.m.]

18. Starvation death of 15 persons due to non-implementation of any G. R. or T. R. scheme in Midnapur district, from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Md. Shafiulla, Shri Adya Charan Dutta, Shri Kartick Chandra Biswas, Shri Monoranjan Pramanik and Shri Sukumar Bandyopadhyay ;

19. Stabbing of one INTUC leader, Shri Ram Lakshman Kairi at Ballavpur under Ranigunj P. S. on 2nd April 1974, from Shri Sukumar Bandyopadhyay, Shri Asamanja De and Shri K. N. Misra ;

20. Hospitalisation of food-poisoning cases in Midnapur Central Jail, from Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra ;

21. Widespread theft and dacoity cases in rural West Bengal, from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhayay, Shri Susanta Bhattacharya and Shri Asamanja De ;

22. Clash between police and the public in Howrah, from Shri Asamanja De and Shri Kashinath Misra ;

23. Rise in price of rice in Nadia, from Shri Asamanja De and Shri Kashinath Misra ;

24. Gherao and ransacking of B. D. O. office of Habra Block-II on 2nd April 1974, from Shri Asamanja De and Shri Kashinath Misra ;

25. Increase in taxi and minibus fares, from Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Md. Shafiulla and Shri Basudev Hazra ;

26. Reported loss of several crores of rupees on account of telephone charges in Calcutta during the last twenty-four years, from Shri Asamanja De ;

27. Discharge of 60 class III employees of F. C. I., from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Sukumar Bandyopadhayaya Shri Monoranjan Pramanik, Shri Adya Charan Dutta, Shri Susanta Bhattacharya and Shri Asamanja De ;

28. Outbreak of cholera in several districts, from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhayay and Shri Asamanja De ;

29. Robbery committed in the Office of State Electricity Board at Gopalnagar and Mahestala, from Shri Md. Shafiulla, and Dr. Ramendra Nath Dutt ;

30. Malpractices at different examination centres in Calcutta, from Shri Ganesh Chandra Hatui, Shri Md. Shafiulla, Shri Bhowani Prosad Sinha Roy and Shri Mahadev Mukherjee ;

31. Distribution of compost manure to peasants from Dhapa and Kadapara dumping grounds, from Shri Md. Shafiulla ;

32. Ransacking and gherao of Habra B. D. O. II Office by the Socialist Party demonstrators, from Shri Md. Shafiulla, Shri Krishnapada Roy, Shri Supriya Basu and Shri Mrigendra Mukherjee ; and

33. Suspicious movements of one Mr. Peter Barle of American Embassy, from Dr. Omar Ali and Shri Harasankar Bhattacharya.

I have selected the notice of Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Md. Shafiulla and Shri Basudev Hazra on the subject of increase in taxi and minibus fares.

Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : A statement will be made on the next working day.

MENTION CASES

Shri Santi Kumar Das Gupta

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই—প্রধানতঃ শ্রমমন্ত্রীর এবং সেই সঙ্গে কেবিনেটের। হাওড়ায় প্রায় চার বছর ধরে একটা মিল—হাওড়া কংলাওয়ার মিল বন্ধ হয়ে আছে। প্রায় দু-বছর আমি চেষ্টা করেছি যাতে মিলটা খোলান যায়। আমাদের শ্রমমন্ত্রী, শ্রম বিভাগের রাষ্ট্রমন্ত্রী এঁদের সঙ্গেও অনেক কথা বলেছি, মালিকদেরও ডেকে আনা হয়েছিল। কিন্তু দেড় লক্ষ টাকা তাদের কাছে পাওনা আছে—এফ সি আই এবং ইন্ডিয়া গভর্ণমেন্টের—এই অজুহাতে তারা টাকা শোধ দেবার ইচ্ছা প্রকাশ না করে, তারা মিলটা বন্ধ করে রেখেছে। আমাদের শ্রমমন্ত্রী একসময় একটা সদিচ্ছা প্রকাশ করেছিলেন যে প্রয়োজনমত তিনি এই মিল অধিগ্রহণ করবেন। কিন্তু আশ্চর্য্য হলাম শুনে—তাঁরই একজন ডেপুটী সেক্রেটারী বললেন আইনগত কোন অধিকার আমাদের নাই, যেহেতু এটা ম্যানুফ্যাকচারিং কনসার্ন নয়। যেভাবেই হোক আইনগত অধিকার নাই বলে আজ মালিকদের টালবাহানায় বহুশত শ্রমিক সেখানে চার বছর ধরে বেকার হয়ে আছে, অনাহারে আছে। আমার বাড়ীতে মাঝে মাঝে তারা বাচ্চা-টাচ্চ নিয়ে আসেন দেখেছি সকলে দুরবস্থার মধ্যে চালাচ্ছেন। অথচ আইন নেই। এই ব্যাপারে মালিকদের টালবাহানার কাছে আমরা আত্ম সমর্পণ করছি। আমি বলতে চাই বলা হচ্ছে আমরা সমাজবাদের পথে এগোচ্ছি, সমাজবাদের চিন্তা নাকি আছে, গণতন্ত্রের পথে এগোচ্ছি। কিন্তু সাধারণ মানুষ আইনের পথ না থাকায় চরম দুরবস্থার মধ্যে যাচ্ছে। আমি মন্ত্রি-সভার সদস্যদের কাছে রাখতে চাই, আইন সংশোধন করতে হলেও, কেন্দ্রীয় সরকারের কাছে যেতে হলেও, তারা তৈরী হন। তা নাহলে সাধারণ মানুষ বাঁচবে না। এই অনুরোধ জানালাম।

Shri Dwija Pada Saha :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার খয়রাসোল থানার অন্তর্গত রতনপুর গ্রামে একটা আর, পি, আই স্কীম চালু করা হয়েছে প্রায় দু বছর আগে। সেখানে অপারেটার, এ্যাসিসটেন্ট অপারেটার, নাইট গার্ড নিয়োগ করা হয়েছে। তারা যথারীতি বেতন পেয়ে যাচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা সেই স্কীমের এক ফোঁটা জলও আজ পর্য্যন্ত চাষী পেলো না। চাষীরা বারবার এই ব্যাপারে জেলা সমাহর্তার নিকট আবেদন-নিবেদন করেছেন। জেলা সমাহর্তা বি, ডি, ও-কে জানিয়েছেন। তিনিও অন্যান্য বিভাগীয় অফিসারদের জানিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত এর কুল-কিনারা সম্ভবপর হল না। যে স্কীম দু বছর হল চালু হল সেখানে সরকারী পয়সায় অপারেটার, এ্যাসিসটেন্ট অপারেটার এবং নাইট গার্ড নিয়মিত বেতন পেয়ে যাচ্ছে কিন্তু চাষীরা অত্যন্ত আগ্রহসহকারে অপেক্ষা করছে দীর্ঘদিন ধরে কবে জল পাবে এবং ফসল ফলাবে এবং তাদের শস্যভান্ডার পূর্ণ হবে। তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাই যেন এই স্কীম পুনরায় চালু করা হয় তিনি যেন সতর্কতার সঙ্গে এটা বিবেচনা করে দেখেন।

Shri Puranjoy Pramanick :

মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং শ্রম দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বর্ধমান জেলার জে, কে, নগর অ্যালুমিনিয়াম কারখানায় গত ১৫-৯-৭৩ তারিখ থেকে আজ সাত মাস লক-আউট ঘোষিত হয়েছে। কিন্তু লক-আউট ঘোষিত হওয়ার পর সেখানকার তিনশত শ্রমিক তাদের পরিবারের লোকসংখ্যা প্রায় ২০ হাজার আজ অনশনে এবং অর্ধাশনে দিন যাপন করছে এবং একে খোলাবার কোন ব্যবস্থা সরকারের দিক থেকে দেখা যাচ্ছে না। একে খোলাবার ব্যবস্থা করা উচিত কিংবা জাতীয়করণ করা উচিত। যদি জাতীয়করণ করতে হয়, অবিলম্বে

না করলে বর্ষার পূর্বে না করলে এ্যালুমিনিয়াম ফ্যাক্টারীর যে সেল হাউস সেটা নষ্ট হয়ে যাবে এবং সেটা নষ্ট হয়ে গেলে এই কারখানা কোনদিনও চালু হবে না। সেইজন্য দৃষ্টি আকর্ষণ করে বলছি এই কারখানা অবিলম্বে জাতীয়করণ করে চালু করার ব্যবস্থা করা হোক। আজকে ২০ হাজার পরিবারের লোক যারা অনশনে-অর্ধাশনে দিন কাটাচ্ছে তাদের খাওয়াবার ব্যবস্থা যাতে হয় তারজন্য আবেদন জানাচ্ছি।

Shri Sachinandan Sau :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে কবিগুরু রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত শান্তিনিকেতন—বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়কে বাঁচাবার জন্য আপনার মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী আমাদের মহান্ নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এবং পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী সহ পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার সদস্যদের এবং বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শান্তিনিকেতন, কবিগুরু রবীন্দ্রনাথের স্মৃতি-বিজড়িত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় আজকে আদর্শহীন হয়ে পড়েছে। আপনি জানেন, গত ২৫শে মারচ যুগান্তর কাগজে এই বিশ্বভারতী যে ক্রমশঃ আদর্শচ্যুত হচ্ছে এই সংবাদ পরিবেশিত হয়েছে। এই বছর যে সমাবর্তন উৎসব হয়েছিল সেই সমাবর্তন উৎসবে নীহাররঞ্জন রায়ও যিনি রবীন্দ্র পরিবেশে মানুষ এবং যিনি সরকারের কাছের লোক তিনিও সেদিন বলেছেন বিশ্বভারতী যথা নির্দিষ্ট পথে চলছে না, রবীন্দ্রনাথের আদর্শ মেনে চলছে না। কেন্দ্রীয় সরকার সেখানে কমিটি করেছেন। কিন্তু দেখেছি ভারতবর্ষের প্রধানমন্ত্রী সেখানে উপস্থিত হয়েছেন অথচ সদস্যরা সেখানে উপস্থিত হতে পারেন নি। আমি আজকে বলতে চাই যে কবিগুরু রবীন্দ্রনাথের স্মৃতি-বিজড়িত যে জেলা সেই জেলার মানুষদের সঙ্গে কোন সম্পর্ক না রেখে চলে এই বিশ্বভারতী। সেখানে আমাদের যে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী গিয়েছিলেন যিনি উপাচার্য আছেন তিনি তাঁদের যথাযথ সম্মান প্রদর্শন করেছিলেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। ঐ জেলার যিনি জনপ্রতিনিধি তাকে গত সমাবর্তন উৎসবে কোন আহ্বান জানানো হয় নি। সেখানে চারিদিকে এই বিশ্বভারতীর মধ্যে একটা স্বার্থগোষ্ঠীর চক্র গড়ে উঠেছে। শিক্ষক, কর্মী, অধ্যাপক এবং উপাচার্য সকলেই কবিগুরুর আদর্শে পরিচালিত হয় না। তাই আমি আপনার মাধ্যমে এই উপাচার্যের অপসারণ দাবী করছি। কারণ আজকে বিশ্বভারতী আদর্শহীন হতে চলেছে।

[2-40—2-50 p.m.]

Shri Satyanarayan Singh :

স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে ৮৫নং বাসটি বারাকপুর-কাঁচড়াপাড়া রুটে চলে। সেখানে এই বাসে মানুষের এতো চাপ যে তা মানুষ সহ্য করতে পারে না। এবং সেখানে কি অবস্থা না দেখলে বোঝা যাবে না। তাই আমি অনুরোধ করছি যে এই রুটটিতে সরকারী বাস চালানো হোক। কারণ এইরকম ভীড় ও চালানোর অসুবিধার জন্য সেখানে ভয়ঙ্কর এ্যাক্সিডেন্ট হচ্ছে। তাই আমি অনুরোধ করছি যে এই ৮৫নং বাস রুটটিতে সরকারী বাস চালানো হোক। যদি তা না সম্ভব হয় তাহলে এই রুটে যাতে মিনি বাস যথাসম্ভব চালানো যায় তার ব্যবস্থা করুন। এই মিনি বাস চালালে দেখা যাবে যে জনসাধারণের খুব উপকার হবে। এই বিষয়টি আমি আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি তিনি নিশ্চয় বিহিত ব্যবস্থা করবেন।

Shri Sheikh Daulat Ali :

মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বহু আলোচিত বহু বিতর্কিত বিষয়টি আবার আপনার কাছে তথা মন্ত্রী মন্ডলীর কাছে পেশ করছি। স্যার, আপনি জানেন যে

ডায়মন্ডহারবার এলাকায় এখনই ৩৮০ পয়সা কে, জি চালের দাম হয়ে গেছে। গ্রামের মানুষ কচুপাতা—যে বুনো কচু মানুষে খায় না সেই বুনো কচু সিদ্ধ করে খাচ্ছে। অনেকে আমাকে জিজ্ঞাসা করে মাইলো কি জিনিস। আজকে কলকাতার মানুষ মাইলো কি তা জানে না। অথচ আমরা ঐ গ্রামের মানুষ ধান দিয়ে মাইলো খাচ্ছি। আজকে ডায়মন্ড-হারবার এলাকায় রেশনে মাইলো দেওয়া হচ্ছে। অথচ এই ডায়মন্ডহারবার এলাকা একটা ডেফিসিট এলাকা। সেখানে ধান সংগ্রহ অভিযানে আমাদের উপর যা বরাদ্দ হয়েছিল তা তুলে দিতে পেরেছি। একদিকে ডায়মন্ডহারবার এলাকার মানুষ তেল পাচ্ছে না, খাদ্য নাই। খাদ্যমন্ত্রী মহাশয়কে টেলিগ্রাম করা সত্বেও তিনি নীরবতা পালন করছেন। এরপরে আমি আর একটি বক্তব্য মন্ত্রিসভার কাছে রাখতে চাই সেটা হচ্ছে যে ডায়মন্ড-হারবার এলাকার চাষীরা যারা বাইরে চাষ করেছে তাদের ধান সেখান থেকে আনতে দেওয়া হচ্ছে না। ডিহোডিং-এর সেখানে ব্যবস্থা করা হয়েছে তবুও তারা ওখানে ধান আনতে পারছে না। আমি সরকারের কাছে জানতে চাই যে কেন এই ধরণের বৈষম্যমূলক ব্যবস্থা চলবে। তারা সরকারকে ধান দিয়েছে—এখন তারা খেতে পাচ্ছে না। কর্ডন ব্যবস্থা সম্বন্ধে আমরা যে সমস্ত বক্তব্য রেখেছিলাম সরকারকে বারবার জানিয়েছিলাম তার কোনকিছু হয় নি। এরপরে ঐ গ্রামবাংলায় যে অশান্তি দেখা দেবে তার পূর্বাভাষ আমি আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই।

Shri Moslehuddin Ahmed :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গ্রামবাংলায় গরীব চাষীদের ঋণ বিতরণের ব্যাপারে এ, আর, ও নামে এক সরকারী কর্মচারীর উপর দায়িত্ব ন্যাস্ত ছিল। সেই দায়িত্ব পালিত হচ্ছে এমনভাবে যে গরীব চাষীদের ঘুষের বিনিময়ে বিভিন্ন প্রকার আদান-প্রদানের বিনিময়ে সার্টিফিকেট দিয়ে ঋণের ব্যবস্থা করা হচ্ছে। এবং আজকে এই সমস্ত গরীব প্রান্তিক চাষীদের উপর এই ঋণের তাগাদা দেওয়া হচ্ছে এবং ডি, এম, এর কাছে তাদের দেখান হচ্ছে। এর ফলে এই গরীব চাষীরা এক সঙ্গে এই ঋণ পরিশোধ করতে পারছে না। সেইজন্য আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি তাদের এই ঋণের দায় থেকে মুক্তি দেওয়া হোক, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Sk. Omar Ali :

মাননীয় স্পীকার, স্যার, মেদিনীপুর জেলার ছোট গরীব চাষীদের সর্বপ্রকার বকেয়া ঋণ আদায় করার জন্য সরকারী কর্তৃপক্ষ ব্যাপকভাবে সার্টিফিকেট জারি করে স্থাবর-অস্থাবর সম্পত্তি ক্রোক করতে সুরু করেছে। নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য যখন আকাশ ছোঁয়া, খাদ্যসঙ্কট যখন তীব্র, ধান-চালের দর যখন হুহু করে বাড়ছে, পেটের ভাত জোগাড় করতেই যখন গরীব লোকেরা হিমসিম খাচ্ছে তখন ঠিক সেইসময় ঋণ আদায়ের নামে পুলিশ, ব্যাঙ্ক, সরকারী কর্তৃপক্ষ গরীব কৃষকদের অবশিষ্ট অংশটুকুও কেড়ে নিতে চাইছেন। এতে উৎপাদন বন্ধ হয়ে যাবে এবং সঙ্কট আরো তীব্রতম হবে। স্যার, আপনি নিশ্চয় জানেন বিগত বছরের বিধ্বংসী বন্যায় মেদিনীপুর জেলার ২০ লক্ষ লোক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং ৭ লক্ষ একর জমির ফসল বিনষ্ট হয়েছে। আর এখন জেলার বিভিন্ন অঞ্চলে ব্যাপকভাবে অনাহার, অর্দ্ধাহার চলছে, অনাহারে মৃত্যুর খবর পাওয়া যাচ্ছে বিভিন্ন এলাকা থেকে এবং একমাত্র পাঁশকুড়ায়, আমার এলাকায় এখন পর্যন্ত ৬ জনের অনাহারে মৃত্যু ঘটেছে। সুতরাং এই অবস্থায় ঋণ আদায়ের জুলুম পরিস্থিতিকে আরো জটিল এবং ভয়াবহ করে তুলবে। স্যার, এখন দরকার ব্যাপক ক্ষয়রাতি সাহায্য ও নিয়মিত রেশন, ঋণ পরিশোধের জন্য যথেষ্ট সময়—তাছাড়া দরকার ক্ষেত্রবিশেষে ঋণ বন্ধ অথবা আংশিক মকুব এবং গরীব কৃষকদের ঋণ দেবার ব্যবস্থা করা। আমি এই বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

Dr. Ramendra Nath Dutt :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমদিনাজপুর জেলায় গত ৬ মাস যাবৎ কোন মেথিলেটেড স্পিরিট যায় নি। এর ফলে ছুঁতোর মিস্ত্রী বেকার হয়ে গেছে, ডেনটিস্ট কাজ করতে পারছে না, ডাক্তারের লেবরেটরি বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। ১০ হাজার লিটার স্পিরিট ৬ মাস আগে এই জেলার জন্য বরাদ্দ হয়েছিল। কিন্তু সরকারী টালবাহানার জন্য আজ পর্যন্ত সেই স্পিরিট যায় নি। কয়েকদিন আগে সেখানকার ডিলার মারা গেছেন। আমি আপনার মাধ্যমে এক্সাইজ মিনিস্টারের কাছে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে নতুন ডিলার এ্যাপয়েন্ট করে এই জেলায় স্পিরিট পাঠানোর ব্যবস্থা করেন। জয়হিন্দ্‌।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গবাসী এবং পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে এক হীন এবং জঘন্য ষড়যন্ত্র সুরু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন শিল্পের আমরা জানি অধিকাংশ শ্রমিকই বহিরাগত। কিন্তু কোনদিন পশ্চিমবঙ্গবাসীর মনে এর জন্য বিন্দুমাত্রও ক্ষোভ সৃষ্টি হয় নি, বরং পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রদেশের যে বাসিন্দা আছেন তাদের সংগে সৌহার্দ ও সম্প্রীতি নিয়ে বসবাস করছেন এবং করবেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি, পি, এম, নেতা ই, এম, এস, নাম্বুদ্রিপাদ তিনি ত্রিবান্দ্রম থেকে ঘোষণা করেছেন পশ্চিমবঙ্গ সরকার নাকি স্থানীয় যুবকদের চাকরি দেবার ব্যাপারটা অগ্রাধিকার দিয়েছেন এবং অন্য কেউ চাকরি পাচ্ছে না এবং পশ্চিমবঙ্গে নাকি মহারাষ্ট্রের শিব সেনার মত সেনাদলের উদ্ভব হয়েছে। অধ্যক্ষ মহাশয়, বক্তব্য হয়ত সাদা-মাটা, কিন্তু এর পিছনে একটা গভীর চক্রান্ত আছে, এর একটা গভীর তাৎপর্য রয়েছে। নাম্বুদ্রিপাদ তিনি কেরলে বসে সাপ হয়ে কামড়াবেন, আর পশ্চিমবঙ্গে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু ওঝা হয়ে ঝাড়বেন। নাম্বুদ্রিপাদ মহাশয় তামাক খাবেন, আর এখানে জ্যোতি বসু দুধ খাবেন, অর্থাৎ এখানকার মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি বেকারদের জন্য আন্দোলন করবেন, বেকারদের স্বপক্ষে কথা বলবেন, নাম্বুদ্রিপাদ পশ্চিমবঙ্গে প্রাদেশিক দাঙ্গাহাঙ্গামা সৃষ্টি করার চেষ্টা করছেন।

Mr. Speaker : Mr. Banerjee. in a mention case you should state the bare facts only. You are not to criticise any Government policy or any person.

[2-50—3-00 p.m.]

Mr. Speaker : Mr. Bandyopadhyay, I think you were absent for quite a pretty long time in the House. All the members are taking not more than two minutes' time. Today I have received 40 notices of mention cases and I have to cover them up all. So, I cannot allow more than 2 minutes' time to any honourable member. I now call upon Shri Abdur Rauf Ansari to mention his case.

Shri Sukumar Bandyopadhyay : Sir, it is a very serious matter and so I want to draw the attention of the Government to it.

Mr. Speaker : I know that you have brought a serious matter like all other honourable members. No honourable member brings to the notice of the House and of the Government a matter which is not at all important.

Shri Sukumar Bandyopadhyay : Sir, as the matter is very serious I have drawn your attention and the attention of the Government. I have not finished my speech yet.

Mr. Speaker : If the other members will give you chance to mention for more time than is allotted at the cost of their chance, then only I can allow you. What is the sense of the House ? Is it the sense that you should be allowed to continue at the cost of other honourable members' time ?

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I want to draw the attention of the Minister-in-charge of Municipal Services. It is a fact that for various reasons dislocation is caused in the supply of filtered water in the Tala-Palta line which usually supplies 140 million gallons. Sir, it has now come down to 95 million gallons. There are about 193 deep tubewells out of which 10 to 15 per cent. are out of order. In my own constituency almost all the deep tubewells are not function-ing properly and the supply has come down to about 20 to 25 percent causing trou-bles to about 30 to 40 thousand people. Every year we see the things go on in this way. Now, Sir, we are entering into the summer season. Naturally the consumption of filtered water will go up. So, I request the Hon'ble Minister to take necessary steps not only to repair these deep tubewells or not only to bring the normal supply from Tala-Palta line, but also to arrange for sinking of at least 1000 small-diameter tube wells, to augment and to meet the shortage of filtered water in different parts of the city.

Shri Kamala Kanta Hembram :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রিলিফমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়ায় এই বছর ভয়াবহ দুর্বিপাকবশতঃ শতকরা ৫০।৬০ ভাগের বেশী ধান উৎপন্ন হয়নি। বড় বড় জোতদারদের উদ্বৃত্ত ধান যা ছিল তা লেভী ডিহোডিং-এর মাধ্যমে সংগ্রহ হয়েছে। ফলে দেশে সত্যিকারের অন্নাভাব দেখা দিয়েছে। কৃষি শ্রমিকরা বেকার হয়ে অনাহরে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। চুরী-ডাকাতির সংখ্যা বেড়েছে, লুঠতরাজ আরম্ভ হয়েছে। যদি এইরকম চলতে থাকে এবং এদের কাজে নিযুক্ত করা না হয় তাহলে দেশের অবস্থা ভয়াবহ আকার ধারণ করবে। আমি সেজন্য মাননীয় রিলিফ-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে বাঁকুড়ার সর্বক্ষেত্রে ব্যাপকভাবে রিলিফের কাজ যাতে আরম্ভ হয়। জি, আর যা দেওয়া হয় তার সংখ্যা যেন বাড়ান হয় এবং এখন যা জি, আর দেওয়া হয়, আমি রিলিফমন্ত্রীর কাছে আবেদন করছি এই জি, আর বাড়িয়ে শতকরা ৫ ভাগ করা হোক। মডিফাই রেশনিং এলাকা বলতে বাঁকুড়ায় খুব কম জায়গায় দেওয়া হয় সে বিষয়েও তার দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই অপারেশান এলাকা আরো ব্যাপকভাবে বাড়ান। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Saktipada Majhi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার বিভিন্ন স্থানে বিশেষকরে উত্তর বাঁকুড়ার শাল-তোড়া, মেজিয়া, গঙ্গাজলঘাটি এবং বড়জোরা, এইগুলো প্রকৃতির দানের উপর নির্ভরশীল। এই সমস্ত স্থলকে কয়েক বছর ভাল চাষাবাদ হয়নি। গত পরশুদিন দৈনিক সংবাদপত্রে বেরিয়েছে যে ধান লুঠ হয়েছে একটা গ্রামে। শুধু একটা গ্রামেই নয়, বিভিন্ন গ্রামে প্রকাশ্যে রাস্তার উপর দিনদুপুরে হয়তো কেউ এক কেজি, বা দুই, তিন কেজি বা কিছু পরিমান বেশী ধান বা চাল নিজের খাবার জন্য নিয়ে যাচ্ছে, সেইগুলো প্রতিদিন শোনা যাচ্ছে লুঠপাট হয়ে যাচ্ছে। গ্রামে খাদ্য নেই, ধান চাল পাওয়া যাচ্ছে না, দিন মজুরদের কাজ নেই। কিছুদিন আগে আমরা মন্ত্রিসভাকে এই বিষয়ে জানিয়েছি, আমাদের মুখ্যমন্ত্রীকে জানিয়েছি কিন্তু এখনও পর্যন্ত সেই সমস্ত জায়গায়, বিশেষকরে যেসব অঞ্চলে দিন-মজুররা দীর্ঘদিন ধরে বসে আছে, সেখানে সত্বর কাজ আরম্ভ না করতে পারলে আমাদের ভীষণ অসুবিধায় পড়তে হবে। অনাহারে মৃত্যুর সংবাদ বিভিন্ন জায়গা থেকে আসছে, আমাদের ওখান থেকেও হয়তো আরও এই খবর আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাঁকুড়া জেলার অন্তর্গত মেজিয়া থানায় কিছু কোলিয়ারি আছে, এইগুলো দীর্ঘদিন বন্ধ থাকার ফলে দিন-মজুর এবং শ্রমিকরা বেকার হয়ে পড়েছে।

Shri Asamanja De :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কেরোসিন তেলের বাজারে শুধু যে আকাল এবং

সংকট দেখা দিয়েছে তা নয়, বেপরোয়া কিরকম ভেজাল কারবার চলছে, তারই একটা নজীর আমি আপনার সামনে স্যাম্পল সহ তুলে ধরবো। আমার জেলার চাকদহ থানার মদনপুর অঞ্চলে শীকারপুর বিবেকানন্দ হাই স্কুলের ছাত্ররা ২৪শে মার্চ তারিখে বি, ডি ও অফিসের কাছে কেরোসিন তেলের দাবীতে ডেপুটেশন দিল। চাকদহের বি, ডি, ও, চাকদহের একজন ডিলার বলরাম সাধুখাঁকে ১০০ লিটার কেরোসিন তেল বিলি করতে দিল। ছাত্র-ছাত্রীরা লাইন দিল, কেরোসিন তেল দেওয়া হ'ল, কিন্তু নমুনা আমি এনেছি, একটু পরেই আমি আপনাকে দেবো, সেটা কেরোসিন তেল নয়, পোড়া মোবিল মিশ্রিত। তাঁরা এর প্রতিবাদে ডিলারের দোকানের সামনে বিক্ষোভ দেখালো, ডিলার কিছু গুণ্ডা নিয়ে স্কুলের ছাত্র-ছাত্রীদের তাড়িয়ে দিল। তারপর ২৫ তারিখে তারা বি, ডি, ও অফিসে ডেপুটেশন দিল, বি, ডি, ও কিছু করতে পারলো না। সেই দুর্নীতিপরায়ণ ডিলারের শাস্তির দাবীতে গতকাল বিবেকানন্দ হাই স্কুলের ছাত্ররা স্ট্রাইক করলো। তাতেও কিছু হ'ল না। তারপর আমার কাছে তারা ডেপুটেশন দিয়ে আমাকে আপনার কাছে বলতে বললো যে আপনার বাড়ীতেও তো লোডশেডিং হয়, আপনার বাড়ীতেও আপনাকে হারিকেন, লন্ঠন ব্যবহার করতে হয়, এই স্যাম্পেলটা আপনার কাছে আমার মাধ্যমে আপনাকে পৌঁছে দিতে তারা বলেছে। আজকে স্যার, লোড শেডিং এর সময় হারিকেন এবং লন্ঠনে পুরে দেখুন যে লন্ঠনে জ্বলে কিনা, যদি না জ্বলে তাহলে এদের দাবী যুক্তিযুক্ত, তাহলে এই যে দুর্নীতি-পরায়ন অসৎ ডিলার, এর বিরুদ্ধে আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে দাবী জানাচ্ছি যেন তার বিরুদ্ধে অবিলম্বে শাস্তির ব্যবস্থা করা হয়।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে দেখলাম যে মাননীয় মুখমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছেন যে আগামী এপ্রিল থেকে সেপটেম্বর-এর মধ্যে রাজ্যকে ৬ লক্ষ টন চাল এবং গম দিতে হবে, তা নাহলে আইনশৃংখলা পরিস্থিতি অত্যন্ত খারাপ হয়ে দাঁড়াবে। মুখ্যমন্ত্রী মহাশয়ের এই চিঠির মধ্যে দিয়ে রাজ্যের দারুণ সংকটের কথা প্রতিফলিত হয়েছে এবং উদ্বেগের ব্যাপকতাও পরিস্ফুট হয়েছে স্পষ্টভাবে। আমি আপনাকে বলছি কিছুদিন আগে যখন কাগজে বেরিয়েছিল যে আমাদের বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশন কাট হবে তখন মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে কাট তো হবেই না বরং বরাদ্দ আরও বাড়ানো হবে। যা রেশন আছে তা আরও বাড়ানোর চেষ্টা চলছে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে। কিন্তু তিনি পরিষ্কারভাবে জানিয়েছিলেন যে গ্রামবাংলার লোককে ২৫০ গ্রাম করে রেশন বাড়াবার চেষ্টা করা হবে। আজকে হয়ে এই বিধানসভা ১৪ দিন বন্ধ থাকবে, আমাদের মাননীয় সদস্যরা প্রত্যেকে প্রত্যেকের কেন্দ্রে ফিরে যাবেন। দাম যা সে সম্বন্ধে বিভিন্ন মাননীয় সদস্য দারুণ উদ্বেগ প্রকাশ করেছেন। নদীয়া জেলাতে ৩'৫০ পঃ করে চালের দর উঠেছিল। কিন্তু যখন কাগজে বেরুল যে নদীয়া এবং বর্ধমান এই ঘাটতি এবং বাড়তি জেলাকে একটা খাদ্যাঞ্চল করার চেষ্টা হচ্ছে, এই সংবাদ পাবার সংগে সংগে কিন্তু ২৫ থেকে ২০ টাকা করে কুইন্টল প্রতি চালের দাম কমে গেল। তার-পরও যখন এই সম্পর্কে সুস্পষ্টভাবে সরকারী নীতি ঘোষিত হ'ল না, তখন আবার চালের দাম বেড়ে ৩.৫০ পয়সায় পৌঁছে গেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইজন্য আমরা আপনার মাধ্যমে জানতে চাই যে খাদ্যমন্ত্রী আমাদের জানান যে আমরা কেন্দ্রে ফিরে গিয়ে কি বলব মানুষকে? রেশন যদি বাড়াতে না পারা যায় এবং মিনিমাম রেশন যদি দিতে না পারা যায় তাহলে অবস্থা শোচনীয় হবে। আমি নদীয়ার জেলাশাসকের সংগে দেখা করেছি, তিনি বলেছেন তার জেলায় গম নেই, রাজ্য সরকার গম না দিলে তিনি দিতে পারবেন না এবং চালের ব্যাপারে রাজ্যসরকার বর্দ্ধিত চাল না দিতে পারলে, তিনি চালও দিতে পারবেন না। তাই আমি বলছি এই ধানের সংকট সম্বন্ধে মন্ত্রিসভার পক্ষ থেকে মুখ্যমন্ত্রী বা খাদ্যমন্ত্রী বলে দিন যে আমরা আমাদের কেন্দ্রে গিয়ে কি বলব? পরিশেষে এই কথা বলছি যে আমাদের বিভিন্ন জেলার খাদ্য সংকটের কথা আমাদের মাননীয় সদস্যরা এখানে বলেছেন, এই সংকটের মোকাবিলার জন্য রেশনিং

ব্যবস্থার মাধ্যমে অতিরিক্ত খাদ্য পৌঁছে দেবার কথা মুখ্যমন্ত্রী বলেছেন এবং তিনি বলেছেন যে রাজ্যের বিধিবদ্ধ রেশনিং এলাকায় ৮৬ লক্ষ লোকের দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে। আমার মনে হয় এ বিষয়ে বিধানসভার সদস্যরা একমত। তিনি ৬ লক্ষ টন বর্দ্ধিত খাদ্য দাবী করেছেন, সে বিষয়েও আমরা একমত। সুতরাং অবিলম্বে রেশনের বরাদ্দ যদি না বাড়ানো যায়—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি খাদ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং তিনি কিছু টাকা মঞ্জুর করেছেন। আমি জানি বিভিন্ন জেলায় কিছু টাকা পৌঁছেছে। কিন্তু এই বিধানসভায় সকল সদস্য বলেছেন গ্রামবাংলায় টি, আর,-এর কাজ চালু নাহলে, গ্রামের একশ্রেণীর লোকের হাতে পয়সা না গেলে, রেশনে চাল দিলেও তারা চাল কিনতে পারবেন না। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমলাদের ওপর আর এসব ছেড়ে দেবেন না, কারণ টেস্ট রিলিফের কাজ এখনও চালু হচ্ছে না।

[3-00—3-10 p.m.]

Shri Phani Bhusan Singhababu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলায় বিভিন্ন রাস্তায় তার এই দপ্তর যে কাজ শুরু করেছেন এবং সেখানের রাস্তাগুলিতে যে মেরামতি কাজ শুরু হয়েছে এবং কাজ হয়েছে, তাতে অত্যন্ত দুঃখের কথা যে সেই সকল রাস্তা দিয়ে যানবাহন দূরের কথা সাইকেল পর্য্যন্ত যেতে পারেনা। তাই আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ভোলা সেন মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, মানুষ আমাদের কাছ থেকে বহু আশা করেছিল এইসব রাস্তা মেরামত হলে বিভিন্ন গ্রামের সংগে বিভিন্ন শহরের যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে। কিন্তু দুঃখের কথা সেসকল রাস্তা দিয়ে মানুষ যানবাহন তো দূরের কথা সাইকেল পর্য্যন্ত নিয়ে যেতে পারছে না। তা ছাড়া বিভিন্ন রাস্তার ওপর যে ব্রিজ বা কালভার্টগুলি আছে সেগুলিও ভেঙে পড়ছে। আমার নির্বাচনীর এলাকা তালডাঙ্গায় ধোপজলা খালের ওপর একটি ব্রিজ করা হয়েছিল, কিন্তু কন্‌ট্রাক্টার দিয়ে পি, ডাব্লু, ডি, ডিপার্টমেন্ট যে ব্রিজ করেছিল সেটা ৬ মাসের মধ্যে ভেঙে গিয়েছে। আজকে সেখানকার যোগাযোগ ব্যবস্থা রাস্তার অভাবে ভেঙে পড়েছে, তাই আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিষয়ের প্রতি।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, যে সি, এম, ডি, এ, এলাকার মধ্যে মিউনিসিপ্যাল এলাকা আছে এবং তারমধ্যে পঞ্চায়েত এলাকাও আছে। এর আগে পঞ্চায়েত সম্বন্ধে আমাদের একটা প্রশ্ন ছিল, যে এই মিউনিসিপ্যাল এলাকায় কত টাকা খরচ হচ্ছে এবং পঞ্চায়েত এলাকায় কত টাকা খরচ হচ্ছে। তাতে পঞ্চায়েতের বেলায় কয়েক লক্ষ টাকা, আর মিউনিসিপ্যালিটির বেলায় কয়েক কোটি টাকা খরচ হচ্ছে। তখন এই বিভাগের তদানীন্তন রাষ্ট্রমন্ত্রী বিবরণ দিয়েছিলেন। কিন্তু অবস্থার পরিবর্তনে এই ১ বছরে কিছুই হয়নি। গ্রামাঞ্চলের লোক যারা সি, এম, ডি, এ-র মধ্যে আছেন তারা জানেন ২ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে কয়েকটি অঞ্চলের জন্য এবং সম্পূর্ণ হয়নি, পরিকল্পনাগুলি যা হচ্ছে সেখানে তাতে লোকাল অথরিটির সংগে কোন সম্পর্ক রেখে হচ্ছে না। এমনভাবে হচ্ছে যে তাদের সংগে আলোচনাও হচ্ছে না, এইভাবে স্কীমগুলি তাদের খুশী মত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের এই বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, আশা করছি মন্ত্রী মহাশয় এই দিকে দৃষ্টি দেবেন।

Shri Chandra Kumar De :

স্যার, আপনার মাধ্যমে দুঃখের সঙ্গে জানাচ্ছি যে চুঁচুড়ায় রবীন্দ্রভবন তৈরীর কাজ ১০ বছর ধরে চলছে। কিন্তু সেটা আজ পর্য্যন্ত অসম্পূর্ন। সেখানে যেটুকুন কাজ হয়েছে তাও নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের জেলা কর্তৃপক্ষ যিনি এটা তদারকী করেন তিনি এবিষয়ে

কি করছেন তা জানি না। সেই জায়গাটা এখন জনসাধারণের পস্রাব, পায়খানার স্থান হয়েছে এবং অনেক অসামাজিক কাজ সেখানে হয়। সেখানে থেকে করগেটেড সীটগুলি চুরি হয়ে যাচ্ছে। আমি প্রস্তাব করছি এই ব্যবস্থার যে পরিচালকমণ্ডলী আছে তাকে সুপারসিড করে নূতন কমিটি করা হোক। কারণ তারা প্রমাণ করেছে যে তারা এ কাজ করতে অপারক। সরকার যে সাহায্য দিয়েছিলেন তাতো শেষ হয়ে গেছে। সুতরাং সরকারী সাহায্যের আরও দরকার। আমি তাই এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Jokhilal Mandal :

স্যার, একটা গুরুত্বপূর্ন বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটি হচ্ছে বকেয়া ঋণ সম্বন্ধে। মালদহ জেলায় খাদ্যদ্রব্য, নিত্য প্রয়োজনীয় জিনিষের অভাব, গম-যব ভাল হয়নি, এবং কয়েকটি বন্যা ও খরার জন্য সেখানকার মানুষের আর্থিক অবস্থা ভেঙ্গে গেছে। অথচ এই অবস্থার পরেও সমস্ত রকম লোন আদায় করা হচ্ছে এবং কোথাও কোথাও জুলুম করা হচ্ছে। এটা যেন না হয় এবং সমস্ত আদায় যেন বন্ধ থাকে সেদিকে যেন মন্ত্রীসভা দৃষ্টি দেন।

Shri Monoranjan Pramanik :

স্যার, বেশ কয়েকদিন যাবৎ মাননীয় সদস্যরা নিজ নিজ এলাকার দ্রব্যমূল্য বৃদ্ধি ও হাহাকারের কথা বলেছেন। কিন্তু এখুনি এই যে "ফ্যান দাও" আওশাজ উঠেছে সেই আওয়াজ মন্ত্রীরা ও উচ্চপদস্থ কর্মচারীরা শুনতে পাচ্ছেন কিনা জানিনা। চৈত্র মাসেই ৩ টাকা দরে চাল কিনে খাবার ক্ষমতা মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ও তপশীলী সম্প্রদায়ের নেই। সেজন্য এদের জন্য কয়েকটি ব্যবস্থা সত্বর গ্রহণ করুন। রেশানে চাল, গম সরবরাহ, চিফ্ ক্যান্টিন করে রুটি, ডাল, তরকারী সরবরাহ এবং গ্রামে গ্রামে টি,আর-এর কাজ শীঘ্র চালু করতে হবে—এর ফলে একদিকে যেমন গ্রামের মানুষ কাজ পাবে, অন্যদিকে গ্রামের উন্নয়নমূলক কাজ করাও সম্ভব হবে।

Shri Gangadhar Pramanick :

স্যার, আমি এডুকেশন, স্মল স্কেল এবং ইনডাষ্ট্রি মিনিষ্টার-দের দৃষ্টি আকর্ষণ করে আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই। ক্লাস-৫ পর্যন্ত ছেলেরা এবং ক্লাস-৮ পর্য্যন্ত মেয়েরা ফ্রি প্রাইমারি এডুকেশন সুযোগ সবাই পাচ্ছে। কিন্তু যারা মূকবধির তাদের একটা বিশেষ ডেফিসিয়েন্সি থাকা সত্ত্বেও তাদের স্ট্যানডার্ড ক্লাস-৫ পর্য্যন্ত তারা এই সুবিধা পাচ্ছে না। এই সমস্ত স্কুলে ১৪ টাকা করে মাহিনা দিয়ে ছেলেদের পড়তে হয়। সাধারণ গৃহস্থ পরিবারের মধ্যে এদের জন্ম এটা স্টাটিসটিক্স নিয়ে দেখা গেছে। এই সমস্ত স্কুলে ইনডাস্ট্রিয়াল ট্রেনিং—প্রিন্টিং, ওয়েভিং ইত্যাদি সমস্ত শিক্ষা ১৪ টাকা খরচ করে ছেলেদের দেওয়ার মত ক্ষমতা মধ্যবিত্ত পরিবারের নেই। অথচ যখন প্রাথমিক বিদ্যালয়ে বিনা বেতনে শিক্ষালাভের সুযোগ পাবে তখন এরা কেন পাবে না এটা আমার জিজ্ঞাস্য? আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করবো ঐ বিষয়ে সচেষ্ট হয়ে যাতে তারা বিনা বেতনে শিক্ষালাভ করতে পারে তার ব্যবস্থা যেন করা হয়।

[3-10—3-20 p.m.]

Shri Biswanath Chakrabarti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলে বিদেশী সামাজবাদী চক্রান্ত বেশ কিছুকাল ধরে প্রবল গতিতে চলেছে। এর কথা আমরা শুনেছি, কাগজে দেখেছি এবং সরকার নিশ্চয়ই অবহিত আছেন। এই সমস্ত চক্রান্ত যারা সৃষ্টি করছে তার মধ্যে বসে আছে মাকিন সাম্রাজ্যবাদের অনুচররা এবং মাকিন কনসুলেট অফিসের একজন পলিটিক্যাল অফিসার যাঁর নাম পিটার বার্লে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত এক বছর ধরে এই অফিসারটি পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যে ঘুরে ঘুরে গোলযোগ

এবং হাঙ্গামা সৃষ্টির চেষ্টা করছে। তাঁর আসল উদ্দেশ্য হচ্ছে পলিটিক্যাল সিসটেম গণতান্ত্রিক যে শাসন ব্যবস্থা আছে তাকে ধ্বংস করা, অন্তর্ঘাত সৃষ্টি করা। এই লোকটি গত বছর আসামে গিয়ে গণ্ডগোলের সৃষ্টি করেছে, ছাত্র হাঙ্গামা তৈরি করেছে যার ফলাফল আমাদের পশ্চিমবঙ্গকে ভোগ করতে হয়েছে। সেখানে আসামী-বাঙালী ছাত্রদের দাঙ্গা আমরা দেখেছি। আপনি জানেন গত বছর উড়িষ্যাতে এই লোকটি গিয়েছিলেন এবং তার ফলে সেখানে হাঙ্গামা তৈরি হয়, রাউড়কেল্লাতে উড়িয়া-বাঙালী গণ্ডগোল আপনি দেখেছেন। তারপর এই লোকটি হাজারিবাগে যান, সেখানে আদিবাসীদের মধ্যে সেন্টিমেন্ট আছে, সেখানে ঝাড়খণ্ড পার্টি এবং স্বতন্ত্র পার্টির মধ্যে যে বিক্ষোভ আছে তা উস্কে দিয়ে পুলিশের সঙ্গে আদিবাসীদের সংঘর্ষ বাধায়, সেই সংঘর্ষে আদিবাসী মারা যায়। এই হল ১৯৭৩ সালের কথা। তারপর সেই লোকটি সিকিমে যায়, সেখানে রাজনৈতিক গণ্ডগোল পাকাবার চেষ্টা করে। এই লোকটি যখন সিকিমে যায় তখন আমেরিকা কনসালের গাড়ী ব্যবহার না করে প্রাইভেট বাসে করে যায়, এবং সেখানে প্রচণ্ড গোলমাল করার চেষ্টা করে, তার ফলে ভারত সরকারকে ঘোষণা করতে হয়েছিল সিকিমে কোন বিদেশী বিনা অনুমতিতে ঢুকতে পারবে না। তারপর কিছুদিন ছুটি নিয়ে দূর প্রাচ্যে এই লোকটি চলে যায়, কিন্তু ফিরে এসে আবার গণ্ডগোলের সৃষ্টি করে। গত মার্চ মাসে এই লোকটি বিহারে যায় এবং সেখানে ১৬,১৭,১৮ তারিখে গণ্ডগোল লাগে, সেখানে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সলা-পরামর্শ করে এই লোকটি। বিহারে যে ভীষণ গণ্ডগোল হয়েছিল তাতে এই লোকটি সুচিন্তিতভাবে পরিকল্পনা রচনা করেছিল বলা যেতে পারে। মিঃ স্পীকার, স্যার, ললিত নারায়ণ মিশ্র, কেন্দ্রীয় রেল মন্ত্রী বলেছেন বিহারের দাঙ্গার পিছনে সাম্রাজ্যবাদীদের চক্রান্ত আছে। আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবি করছি এই লোকটিকে পশ্চিমবঙ্গ থেকে বহিষ্কার করার ব্যবস্থা করুন। এই লোকটির বহিষ্কার সম্বন্ধে আসাম বিধানসভায় দাবি উঠেছে। কিছুদিন আগে এই লোকটি মিজোরামে গিয়েছিল এবং অত্যন্ত লজ্জার কথা সেই মিজোরামে যাওয়ার পর মিজোরামের লেফ্‌টন্যান্ট গভর্ণর-এর উপর আক্রমণ হয় সেকথা জানেন এবং এই লোকটি ইউ, এস, এ-র কনসাল-এর সঙ্গে মিজোরামে গিয়েছিলেন। সেখানে বিদ্রোহী মিজোদের উস্কানির ব্যাপারে এই পিটার বার্লের হাত আছে। সেজন্য মন্ত্রীমণ্ডলীর কাছে দাবি করব আমাদের দেশের অভ্যন্তরীণ নিরাপত্তার প্রশ্নে এই সাম্রাজ্যবাদী চরকে পশ্চিমবঙ্গ থেকে বহিষ্কার করা হোক, তা না হলে আবার দেশে চরম বিশৃঙ্খলা পাকাবার চেষ্টা করবে।

Shri Gautam Chakravortty :

মাননীয় স্পীকার মহাশয়, সি, পি, আই, বন্ধু বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় এই হাউসে "পিটার বার্লে" সম্বন্ধে যে বক্তব্য রাখলেন আমি তাঁর সঙ্গে একমত। এই পিটার বার্লে আমাদের বিভিন্ন স্টেট-এ গিয়ে আমাদের গণতান্ত্রিক সিসটেমকে ভেঙ্গে দেবার যে চক্রান্ত করেছেন তার দিকে আমাদের সরকারের তীক্ষ্ণ দৃষ্টি দেওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দাবী করছি এই কুখ্যাত মার্কিন নায়ক পিটার বার্লেকে সমস্ত রাজনৈতিক দৃষ্টির উর্ধে রেখে একজন দেশদ্রোহীকে যে রকম শাস্তি দেওয়া হয় বা একজন দেশদ্রোহীর বিরুদ্ধে যে রকম বিধি ব্যবস্থা অবলম্বন করা হয় এই পিঠার বার্লের বিরুদ্ধেও সেই রকম বিধি ব্যবস্থা অবলম্বন করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বনেজঙ্গলে বাঘ এলে যেমন নিরীহ পশুরা ঐক্যবদ্ধ হয় ঠিক তেমনি আমি মনে করি পশ্চিমবাংলায় পিটার বার্লে এসেছে কাজেই পশ্চিমবাংলার প্রত্যেকটি রাজনৈতিক পার্টিকে আজ দলমত নির্বিশেষে এই পিটার বার্লের বিরুদ্ধে বিক্ষোভ জানাতে হবে এবং অবিলম্বে আমাদের পশ্চিমবাংলা থেকে এই পিটার বার্লেকে বহিষ্কার করতে হবে। আমি পশ্চিমবাংলা সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছেও অনুরোধ করছি অবিলম্বে এই কুখ্যাত নায়ক পিটার বার্লেকে ভারতবর্ষ থেকে বহিষ্কার করা হোক। বন্দেমাতরম, জয়হিন্দ॥

Mr. A. H. Besterwitch : Mr. Speaker, Sir, this is a very serious allegation. So, I think the House has got the right to ask the Home Minister to make a statement or to take action immediately in this matter.

Shri Naresh Chandra Chaki :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ন ঘটনা শিক্ষামন্ত্রী মহাশয়ের নজরে আনছি এবং দেখাচ্ছি কিভাবে গৌরী সেন-এর টাকার শ্রাদ্ধ হচ্ছে। এই শ্রাদ্ধ হচ্ছে একটি স্কুলের বিলডিং কনসট্রাকসনের ব্যাপারে এবং টাকার শ্রাদ্ধ করছেন রানাঘাট মহকুমার এস.ডি.ও.। এই হতভাগ্য স্কুলটির নাম "নাসরা গার্লস হাই স্কুল"। ১৯৬৬ সালে এই স্কুলের বিলডিং কনসট্রাকসনের জন্য আর. আর. ডিপার্টমেন্ট থেকে টাকা মঞ্জুর করা হল এবং ৫২ হাজার টাকা স্কুল ফান্ডে দেওয়া হল। তখন ওখানে ম্যানেজিং কমিটি ছিল না, এস.ডি.ও. অ্যাডমিনিসট্রেটর হিসেবে ছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয় এই মহকুমা শাসক সেই টাকা স্কুল ফান্ডে না রেখে তাঁর ব্যক্তিগত ফান্ডে রাখলেন। তারপর আরও সাংঘাতিক ঘটনা স্কুল বিলডিং কনসট্রাকসনের জন্য কোন রকম টেন্ডার কল না করে যার কোন রকম বিলডিং কনসট্রাকসনের ব্যাপারে অভিজ্ঞতা নেই তেমন একজন লোককে এই বিলডিং কনসট্রাকসন করতে ভার দিলেন। তারপর দেখা গেল এই অনভিজ্ঞ লোকের মাধ্যমে যে কনসট্রাকসন হল তাতে সিলিং খুলে পড়ল, ছাদ ভেঙ্গে পড়ল এবং সমস্ত বিলডিং কোলাপ্স করল। আশ্চর্যের বিষয় এই ছাদ ভেঙ্গে পড়া সত্ত্বেও সেই মহকুমা শাসক সেই কন্ট্রাকটরকে পুরো টাকা দিয়ে দিলেন এবং আজও দেখছি সেই হতভাগ্য নাসরা গার্লস্ হাই স্কুলের মেয়েরা সেখানে স্কুল করে যাচ্ছে। আমি গত বছর মেনসন করেছিলাম এবং শিক্ষামন্ত্রী মহাশয় সমস্ত ঘটনা স্বীকার করে বলেছিলেন মহকুমা শাসক অন্যায়ভাবে কাজ করেছে। তারপর আমি শিক্ষা দপ্তরে এবং ত্রাণ দপ্তরে কয়েক-শত পিটিসন করেছি। আজকে আমি জানতে চাই এই হতভাগ্য স্কুলের শত শত মেয়েরা কি অপরাধ করল, কেন তারা পড়াশুনা করতে পারবে না? আমি অনুরোধ করছি এই পবিত্র বিধানসভার প্রতি সম্মান প্রদর্শন করে অবিলম্বে ওই মহকুমা শাসকের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

Shri Md. Safiulla :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিক আব্দুল জব্বর আজ মৃত্যুর পদধ্বনি শুনছেন। আপনি শুনলে আশ্চর্য হবেন তার সামান্য মাসহারা ৭৫ টাকা শিক্ষা দপ্তর বন্ধ করে দিয়েছেন। তিনি ১৬ খানা বই লিখেছেন এবং তাঁর বিখ্যাত বই হচ্ছে "বাংলার চালচিত্র"। এই বই-এর ভূমিকা লিখেছেন আমাদের জাতীয় অধ্যাপক সুনীতি কুমার চাটার্জী এবং তিনি এই বই-এর ভূয়সী প্রশংসা করেছেন। আমি মনে করি সত্যজিত রায়ের মত ডাইরেকটরের ছোঁয়াছ পেলে এই বই-এর দ্বারা একটি সিনেমা হতে পারত। তিনি যেসব বই লিখেছেন সেগুলি হল, "ইলিস মারির চর", বাংলার চালচিত্র, মুখের মেলা, মাতালের হাঠ, জনপদজীবন, বদর বাউল, বিদ্রোহী বাসিন্দা, ঝিনুকের নৌকা, রূপের আগুন, মাটির কাছাকাছি, বদলিওয়ালা, মুখের মিছিল, তিন তালাক, রাতপাখির ডাক, রাতের মোহিনী, পল্লীর পদাবলী। অথচ দুঃখের বিষয় আজকে এরকম একজন লেখক মৃত্যুর পদধ্বনি শুনছেন এবং তাঁর সামান্য মাসহারার টাকাটাও বন্ধ করে দেওয়া হয়েছে। তিনি তাঁর করুণ চিঠিতে লিখেছেন তিনি আত্মহত্যা করতে চলেছেন।

[3-20—3-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চিঠির অংশ বিশেষ আপনাকে পড়ে দিচ্ছি আজকে আমাদের দেশের সাহিত্যিকদের কি অবস্থা দেখুন। "দুর্ভাগ্য আমার যে আমি অতি দরিদ্র ঘরে চাষী-শ্রমিকের বাড়ী অখ্যাত, অবজ্ঞাত অন্ধকার গ্রামের মধ্যে জন্মেছি—জন্মেছি আমার উপেক্ষিত অসংস্কৃত অবচেতন মুসলমান সমাজে। আমি এবং আমার পরিবারে দিনের পর দিন প্রায় নিরন্ন থেকে এই দ্রব্যমূল্য স্থিতির দিনে মারা যেতে বসেছি। আমি মারা গেলে কাগজে হয়ত ছবি ছাপা হবে, হায়, হায় চুক চুক, করবার জন্য দুচারজন লোকের হয়ত অভাব হবে না—মধুসূধন গেছে, মানিকবাবু গেছেন, সুকান্ত গেছে, নজরুল ইসলাম বোধ হয় ঝুলছে আর আবদুল জব্বর হয়ত হঠাৎ যাবে। এই হল গরীব সাহিত্যিকের

শেষ পরিণতি। রোগ জীর্ণ এখন আমার যে শারীরিক অবস্থা অর্থাভাবে বিনা চিকিৎসায় *মারা পড়তে আমার আর বেশী দেরী নেই।"*

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বইটা আপনাকে দিয়ে দিচ্ছি এবং চিঠির অংশ বিশেষ যেটা পড়লাম সেটাও দিচ্ছি। আমি কেবল একটা অনুরোধ করবো যে ৭৫ টাকাতো বন্ধ করবেনই না যেটা ডঃ বিধান চন্দ্র রায়ের আমল থেকে চলে আসছে, স্বর্গত হুমায়ূন কবীর সাহেব যেটা বন্দোবস্ত করেছিলেন সেটা আড়াই শত টাকা করা হোক, তাকে বাঁচতে দেওয়া হোক। স্যার, একজন তরুন ও নবীন সাহিত্যিককে বাঁচানর জন্য মন্ত্রীসভাকে অনুরোধ করছি।

Shri Dasharathi Soren :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোপীবল্লভপুর ব্লকে নয়াবসন গ্রামকে জয়ন্তীগ্রাম করা হয়েছে। তাতে ৩৪টি বাড়ী হচ্ছে সেই বাড়ীগুলি কাঠের দ্বারা তৈরী হচ্ছে। তেতুঁল, আম, বয়ড়া, এই সমস্ত বাজে কাঠ দিয়ে বাড়ী তৈরী করা হচ্ছে। আমি বলতে চাই যে এই সমস্ত কাঠ দিয়ে যদি বাড়ী তৈরী করা হয় তাহলে অল্পদিনের মধ্যে সেগুলি ভেঙ্গে পড়ে যাবে তাই আমি গতবার স্পেশাল অফিসারের সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছিলেন যে ডিরেক্টর নির্দ্দেশ দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে ডিরেক্টর সাহেবের কাঠের সম্বন্ধে কোন অভিজ্ঞতা নাই অথবা কোন কিন্তু আছে। এ ছাড়া তিনি একথা বলতে পারেন না। স্যার, আমি আপনার মাধ্যমে তাই ট্রাইবাল ওয়েলফেয়ার মিনিষ্টারের কাছে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে এই সমস্ত কাঠের দ্বারা বাড়ী তৈরী নিষেধ করুন, শালকাঠের দ্বারা বাড়ী তৈরী করার নির্দ্দেশ দিন। নতুবা সরকারের প্রচেষ্টা ব্যার্থ হবে।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে বাঁকুড়ার বিশেষ কিছু বিষয় জানাতে চাই। স্যার, আপনি জানেন যে বাঁকুড়ার বেশীর ভাগই তন্তুজীবি, জেলে সম্প্রদায়, চর্ম শিল্পী এবং কুম্ভকার শ্রেনীর লোক বাস করে। এমনকি মৃৎ শিল্পীর সংখ্যা বেশী। যার অস্তিত্ব আজ সারা বাংলাদেশে আছে। কিন্তু আজ প্রায় লুপ্তপ্রায়। সেই সমস্ত শিল্পীদের কোন রকম বাঁচাবার কোন চেষ্টা করা হচ্ছে না। আজকে যদি আমরা হিসাব করি যে ২০ বছর আগে বাঁকুড়ার কি অবস্থা ছিল আর আজ কি অবস্থা হয়েছে, তার হিসাব করলে কিছু বলতে পারব না। বাঁকুড়াতে আমরা কিছুই পাইনি। বাঁকুড়াতে একটা রাস্তাও তৈরী হয়নি। আজ দুঃখের বিষয় লজ্জার বিষয়—আমরা যারা বাঁকুড়ার প্রতিনিধি হয়ে এসেছি বাঁকুড়ার জনসাধারণের কাছে আমরা কোন উত্তর দিতে পারিনা। তাদের আমরা মুখে অন্ন দিতে পারিনা তেমনি চলাচলের পথ যে রাস্তা তাও দিতে পারিনা। সেখানকার মানুষের কাজে আমরা একটা কাঁটা হয়ে দাঁড়িয়েছি, সেজন্য আমরা দাবী করছি যে বাঁকুড়াতে অবিলম্বে একটা উন্নয়ন পর্ষদ গঠন করা হউক। এটা আমি মাননীয় মন্ত্রীসভার কাছে দাবী করছি।

Shri Ananta Kumar Bharati :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটী অতি পুরাতন এবং প্রচলিত ঘটনার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গের পুলিশ বিভিন্ন সময়ে চোর এবং দুস্কৃতকারীদের ধরেন, কিন্তু এমন অনেক সময় দেখা যায় বহু লোককে সন্দেহ করে ধরেন। এবং এই সমস্ত চোর এবং বদমায়েসদের কথার উপর বিশ্বাস করে অনেককে ধরা হয়। বহু ভদ্রলোককে এইভাবে ধরা হয় এবং তাদেরকে একই সঙ্গে হাজতে রাখেন এবং হাজতগুলির অবস্থা আপনি স্যার একজন দায়িত্বশীল নাগরিক আপনি জানেন এবং আপনি নিশ্চয়ই অনেক কথা শুনেছেন। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। সেখানে পায়খানা প্রস্রাবখানা নেই, অত্যন্ত জঘন্য পরিবেশ তাতে এই সমস্ত ভদ্রলোকের ছেলেদের রাখতে হয় এবং পরে ছেড়ে দেওয়া হয়। আজকে আমি মন্ত্রীসভার দৃষ্টি

আকর্ষণ করছি আপনার মাধ্যমে যে আজকে যে সমস্ত আসামীকে এইভাবে তাঁরা সন্দেহ করে ধরেন এবং তাদের মধ্যে যাদের ভদ্রলোক বলে মনে করেন তাদের জন্য নিশ্চয়ই আলাদা বন্দোবস্ত থাকা উচিত। আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Rabindra Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের ও স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশের মানুষ যখন কাঁচা কয়লার জন্য—যে সমস্ত ইটখোলার কর্মচারীরা আজকে কাজ পাচ্ছেনা, অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে সেই সময় হাজার হাজার টন কয়লা নিয়ে গাড়ী করে চলে যাচ্ছে। কোথা থেকে এই কয়লা আসছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, উলুবেড়িয়া স্টেশন, ফুলেশ্বর স্টেশন দেখলে মনে হয় আমাদের পশ্চিমবাংলার খাদ্যমন্ত্রী সেখানে কয়লার খনি করবেন কিনা ঠিক জানিনা। হাজার হাজার টন কয়লা সেখানে বস্তা বোঝাই করে লরী করে মালগাড়ীতে ভরা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সব ওয়াগন এবং লরীর নম্বর এনেছি। গত ২-৪-৭৪ তারিখে এই ওয়াগন নম্বর হচ্ছে সি,আর, ২৯১৪১, এস,আর, ১৮৭০৬, এস,আর ১০৫৪৭, এবং লরী নম্বর ডবলিউ,জি,বি ২৮১৪, ডবলিউ,বি,আই, ২৪২৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৭টি ওয়াগন ও লরীর নম্বর এনেছি। এই রকম হাজার হাজার টন কয়লা বস্তা বোঝাই হয়ে হরিয়ানা, পাঞ্জাব ও রাজস্থানে যাচ্ছে। আমি কয়েক-দিন ধরে সেখানকার মাননীয় মহকুমা শাসককে, পুলিশ দপ্তরে এবং রেলওয়ের জি,আর, পি'-কে জানিয়েছি কিন্তু প্রতিকার না হওয়ায় গতকাল আমি এস,পি'-র কাছে হাওড়ায় গিয়ে দেখা করে আলোচনা করেছি। কালকে হঠাৎ ডি,এস,পি, থেকে একটা ফোন করে জানান হয়েছে সেই লোডিং বন্ধ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি এই কয়লার অভাবে বাংলাদেশের মানুষ, হাজার হাজার ইটখোলার মানুষ যারা আজকে বেকার হয়ে দিন কাটাচ্ছে, তা তাদের কাটাতে হতোনা। অথচ সেই কাঁচা কয়লা হরিয়ানা, পাঞ্জাব ও রাজস্থানে পাচার হচ্ছে। আমি মনে করি সেন্ট্রাল ইনটেলিজেন্স ব্যুরোকে দিয়ে তদন্ত করে ঐ কয়লা কোথায় যাচ্ছে দেখা দরকার, যেখানে বাংলাদেশে কয়লা পাওয়া যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনি এই তদন্তের ব্যবস্থা করা হোক।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অনেক সদস্যই গ্রামবাংলা থেকে এই বিধানসভায় এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবার এই বাংলাদেশের চাষীরা উৎসাহিত হয়ে উচ্চ ফলনশীল গমের চাষ করেছিল। তাদের সরকার সার দিতে পারেননি এবং উত্তম বীজের অভাবে তাদের সেচেরও ব্যবস্থা হয়নি। তাই যেটা ফলেছিল তাতে অনেক আশা করেছিল গরীব চাষীভাইরা যে এবার দুটো খেতে পাবো। কিন্তু প্রকৃতি বিরূপ হল এবং এবং তাদের অনেকের এই শিলা-বৃষ্টি হওয়ায় ফসল নষ্ট হয়ে গিয়েছে এবং যেগুলি কেটে রাখা হয়েছিল সেগুলি পচে গেল। আপনার মাধ্যমে তাই কৃষিমন্ত্রী তথা মন্ত্রী-সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে তাদের যেন বাঁচার ব্যবস্থা করা হয়। আর এই সরকার যেখানে সংগ্রহ করছেন ৫ টাকায় আর বিক্রি করছেন ১৫০ টাকায়। তারা যাতে ঠিকমত দর পায়, তারা যাতে দুটো পয়সা পায় এই বিষয় সহানুভূতির সঙ্গে বিবেচনা করবার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেল্‌ফ এমপ্লয়মেন্ট স্কীম আজকে কোথায় বেকার যুবকরা তাদের পরিকল্পিত যে কাজ এবং যে পদ্ধতি তাঁরা গ্রহণ করেছেন ন্যাশনালাইজড ব্যাংকের চক্রান্তের ফলে এবং বিভিন্ন ব্যাংকের চক্রান্তের ফলে আজকে বেকার যুবকদের সেই আশা নষ্ট হতে বসেছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা দৃষ্টান্ত দিচ্ছি। আমার কেন্দ্রে একটি যুবক অটো রিক্সা চালাতে চায়, শিক্ষিত বেকার যুবক, নাম স্বপন কুমার সিংহ, বাড়ী

রায়গ্রাম। আজকে ৬ মাস ধরে মেমারী ইউনাইটেড ব্যাংকের ম্যানেজারের কাছে যাচ্ছে। একটা ইনডাস্ট্রিয়াল ম্যানেজারের কাছে যাচ্ছে। আমি জানতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবং আপনাকেও জানাতে চাই যে এই ব্যাংকের ম্যানেজার বারবার তাকে ঘুরিয়ে দিচ্ছে এবং বলছে হয় সম্পত্তি এ্যাটাচমেন্ট কর নয়ত সাক্ষী রাখো, সিকিউরিটি রাখো। রাজ্য সরকার বলেছিলেন যে ১০ পার্সেন্ট রাজ্য সরকার দেবেন বাকী ন্যাশনালাইজড ব্যাংক দেবে। এই সমস্ত ব্যাংকগুলি বা অধিকাংশ ব্যাংকই এই সমস্ত বেকার যুবকদের ডিপ্রাইভ করছে, তাদের ঠিকমত অর্থ তারা সাহায্য করছে না। এবং রাজ্য সরকারের যে নির্দেশ সেই নির্দেশকে তারা অমান্য করছে। এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশকেও তারা অমান্য করছে। কখনো তারা বেকার যুবকদের ২০ পার্সেন্ট দেবার কথা বলেন, কখনো ৬০ পার্সেন্ট দেবার কথা বলেন। বেকার যুবকরা হাতে কলমে কাজ চায়। এটাই যদি নীতি হয় আজকে এদের চক্রান্তে সেটা ব্যার্থতায় পর্যবসিত হতে চলেছে। রাজ্য সরকার কিছু করছেন না তাই আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[3-30—4-10 p.m.]

Shri Ardhendu Sekhar Naskar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সকাল দশটার সময় এবং বিকাল ৫।৬টার সময় সহর চঞ্চল হয়ে পড়ে। এই পিক্ আওয়ার্সের সময় যানবাহন চলাচলের যে অসুবিধা হয়, ছোট ছোট গাড়ী—রিক্সা, ঠেলা ইত্যাদির জন্য, তা আমি পুলিশ বাজেটে বহুবার উল্লেখ করেছি। এটা বলেছি যে কর্মচঞ্চল সহরে স্লো-মুভিং ভিহিকল্ ঠেলাগাড়ি রিক্সা ইত্যাদির জন্য ট্রাফিকের খুবই অসুবিধা হয়। আপনি স্যার, হাওড়ায় যান, আপনি জানেন এই সময়ে হাওড়ার পুলে কি রকম অসুবিধা হয়। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২২এ ফেব্রুয়ারী থেকে আজ পর্যন্ত আপনি আমাদের বিধান-সভায় রাখলেন, হয়ত আজকে কয়দিনের জন্য ছুটি দেবেন যা শুনেছি। এই ছুটির কটা দিনও আরামে কাটানো ভাগ্যে জুটলনা। এই বিধানসভা চলাকালীন আমি এবং অন্যান্য সদস্যরা বহুবার আপনার মাধ্যমে খাদ্যের অভাবের কথা, চালের এবং খাদ্যদ্রব্য মূল্য বৃদ্ধির কথা, কেরোসিনের অভাবের কথা, ডিজেলের অভাবের কথা, সর্ষে তেলের অভাবের কথা, এই রকম অনেক কথাই জানিয়েছি। কিন্তু পেলাম কি সরকারের কাছ থেকে? সাড়ে তিন টাকা কেজি চাল যেখানে ছিল সেখানেই রইল, গ্রামের দিকে রাতের অন্ধকার আরও তীব্রতর হচ্ছে কেরোসিন তেলের অভাবে, ডিজেলের অভাব এমন পর্য্যায়ে পৌঁছেছে, অধ্যক্ষ মহাশয়, আপনি খবরের কাগজ নিশ্চয়ই দেখেছেন, মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত উন্নত ধরণের চাষ হচ্ছিল, সেই সমস্ত চাষের কাজ বন্ধ হয়ে গেছে। আজকে ভেবে দেখতে হবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২২এ ফেব্রুয়ারী থেকে এই বিধানসভায় আপনার মাধ্যমে এই হাউসের সামনে যে কথা তুলে ধরেছিলাম, আজকে যাবার বেলায় আমরা কি পেলাম। আমার মনে হচ্ছে এঁরা যেন কাণে দিয়েছি তুলো, পিঠে বেঁধেছি কুলো, এই ভাব নিয়েছেন, তাই আজকে যখন আমরা যাব মারধোর, ঘেরাও যা হবার আমাদের উপরই হবে, সেজন্য তা থেকে অব্যাহতি পাবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই বক্তব্য রাখতে চাই, আমরা বাড়ীর দিকে ফিরছি, কিন্তু সেখানে টেস্ট রিলিফের কাজ নাই, গ্রামের মানুষের হাতে কাজ নাই, এই অবস্থায় আপনি এটাকে জরুরীকালীন অবস্থার মত বলে ঘোষণা করুন এবং টি, আর,-এর কাজ যাতে আরম্ভ হয়, তার ব্যবস্থা করুন। যারা একশত মাটি কাটে তাদের আজকে পাঁচ টাকা করে দিতে হবে, যেখানে তিন টাকা চালের কেজি সেখানে একশত মাটির জন্য পাঁচ টাকা ধার্য্য হওয়া উচিত। এর জন্য অতিরিক্ত টাকার দরকার হলে, মাননীয় মুখ্যমন্ত্রী মন্ত্রীসভার বিশেষ এবং জরুরী সভা ডেকে অন্ততঃ আজকে ১০ কোটি টাকার মঞ্জুর করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই প্রসংগে বলতে চাই, কেরোসিনের অভাব চলছে, ৩।৪ টাকা কেজি দরে বিক্রী হচ্ছে, এই যখন অবস্থা তখন মুশিদাবাদে সাধু সিং নামে একজন লোক এক ওয়াগন যেটা নিয়ে যাবার কথা সালারে সেটা চলে গেল ভুলে খাগরাঘাট স্টেশনে। আমি গত শুক্রবার এই নিয়ে দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে এই সাধু সিংকে এ্যারেষ্ট করা হোক, আমি জানতে চাই সেই তেল কেন ঘুরিয়ে আনা হবেনা। আমি আজকে দাবী করছি যে সাধু সিংকে মিসায় এ্যারেষ্ট করা হবে কি হবেনা। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাড়ী ফিরে গেলে যদি লোকেরা এসে ঘেরাও করে, তাহলে ১৬ তারিখে আবার ফিরে এসে এই পশ্চিম বাংলার বিধানসভায় গ্রামের মানুষের কথা যেভাবে উচ্চ সুরে তুলে ধরতে হয়, সেইভাবে তুলে ধরব।

Mr. Speaker : Mr. Biswas try to mend yourself.

Shri Keshab Chandra Bhattacharya :

মাননীয় স্পীকার মহাশয়, আমি অন্তরের একটা গভীর উদ্বেগের কথা আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে বলছি। আমাদের এখানে চালের দাম ৪ টাকা কেজি, সেটা উদ্বাস্তু অঞ্চল। গত সোমবার দিন কয়েক হাজার মানুষ বি, ডি, ও অফিস ঘেরাও করেছিল এবং সমস্ত অফিসের ফাইলপত্র এদিক ওদিক ছড়িয়ে দিয়ে সেখানকার কেরাণী এবং অফিসারদের খুব লাঞ্ছিত করেছে। আমি বার বার খাদ্যমন্ত্রীকে বলেছি যে আমাদের ঐ অঞ্চলে খাদ্যদ্রব্য দিন কিন্তু তিনি আমাদের কথা ভ্রুক্ষেপ করছেননা, আমরা জানি যেদিন আগুন জ্বলে উঠবে আমরা সেই আগুনে পুড়ে মরব, বহু লোক প্রাণত্যাগ করব, বারি সাহেব যেকথা বলেছেন আমরা মার খাব, বাড়ীতে যদি চড়াও হয়, কে তখন আমাদের সাহায্য দেবে, আমরা সদস্যরা বার বার তাই আবেদন জানিয়েছি যে গ্রামবাংলায় আমাদের সাহায্য দিন, দয়া করে সেখানকার মানুষকে বাঁচাবার দায়িত্ব গ্রহণ করুন, তা যদি না পারেন তাহলে পদত্যাগ করে চলে যান।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বার বার করে গ্রামবাংলার দুর্দশার কথা বলেছি—যেখানে মানুষ আজ খেতে পাচ্ছেনা, চালের দাম চার টাকায় উঠেছে। গ্রাম অন্ধকার কেরোসিন নাই। আমি উদ্বাস্তু এলাকার প্রতিনিধি তাদের দুর্দশার অন্ত নাই। আপনারা গ্রামের লোকের খাদ্য দিন। না খেয়ে লোক মারা যাচ্ছে। আমি জানিনা এর ভয়ংকর পরিণতি কি হবে। আমরা গ্রামে ফিরে গিয়ে আমরা তাদের কি জবাব দেব। বারি সাহেব যেমন বল্লেন আমাদের পিঠে কুলো বাঁধলেও আমরা পার পাব না। আমি আপনার মাধ্যমে শেষবারের মত শেষ সময়ে জানাচ্ছি আপনারা দয়া করে গ্রামবাংলার এই দুঃস্থ লোকদের বাঁচাবার দায়িত্ব গ্রহণ করুন। তা যদি না পারেন—আপনারা পদত্যাগ করে চলে যান।

Presentation of the 3rd, 4th, 5th, 6th and 7th Reports of the Committee on Government Assurances.

Shri Mohammad Idris Ali : Sir, I beg to present before the House, the 3rd, 4th, 5th, 6th and 7th Reports of the Committee on Government Assurances.

Final Report of the Committee on Rules

Shri Monoranjan Pramanik : Sir, I beg move that the Final Report of the Committee on Rules, which was laid on the table on the 2nd April, 1974, be adopted.

Mr. Speaker : I hope the House agrees.

(Voices—Yes)

The motion was agreed to.

(At this stage the House was adjourned for 30 minutes.)

(After adjournment)

LEGISLATION

The West Bengal Labour Welfare Fund Bill, 1974

Dr. Gopal Das Nag : Sir, I beg to introduce the West Bengal Labour Welfare Fund Bill, 1974,

(Secretary then read the title of the Bill)

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Labour Welfare Fund Bill, 1974, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটী আজকে বিধানসভায় আলোচনার জন্য পেশ করতে গিয়ে আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে এই বিলের প্রয়োজনীয়তা কী। আজ সরকারী প্রশাসকবৃন্দ, উন্নত চিন্তা সমৃদ্ধ নিয়োগকারী, ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, অর্থনীতিবিদ শিল্পসমাজ, বিজ্ঞানী ও মনস্তত্ত্ববিদরা--সাধারণভাবে উপলব্ধি করেছেন যে কোন একজন শ্রমিক কোন একটা বিশেষ কাজে কতখানি যোগ্যতা ও কর্ম-ক্ষমতা প্রকাশ করতে পারবে, সেটা নির্ভর করে সে কোন বাস্তব ও মনস্তাত্বিক পরিবেশে কাজ করে তার উপর। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন শিল্প স্বাস্থ্য ও শিল্পের উন্নতি ও উৎপাদন বৃদ্ধি সম্পর্কে বিশেষজ্ঞগণ আজ এই ঐক্যমতে উপস্থিত হয়েছেন যে একজন ভারতীয় শ্রমিক তার কাজে কঠোর পরিশ্রম করতে ও নৈপুণ্য প্রকাশ্য করতে প্রাচ্য ও পাশ্চাত্যের শিল্পোন্নত দেশগুলির কোন শ্রমিকের চাইতে কম যোগ্য নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি অর্থনৈতিক উন্নতির যে কোনও পরিকল্পনার মানবিক উপাদান সর্বাপেক্ষা গুরুত্বপূর্ন স্থান গ্রহন করে। এই হিউম্যান ফ্যাকটার মাস্ট এ্যান্ড উইল বি এ ডিসিসিভ ফ্যাকটার। এই উপাদানটির প্রতি যদি যথাযোগ্য গুরুত্ব আরোপ করা যায়, তবে এমন একটা পরিবেশ সৃষ্টি হবে--যেখানে শ্রমিক কঠোরতম পরিশ্রমের সাহায্যে তার শ্রেষ্ঠতম অবদান উৎসর্গ করতে অনুপ্রাণিত হবে। যদি এই মানবিক উপাদানকে আমরা অবহেলা করি, তবে আমরা আমাদের সমস্ত পরিকল্পনা, উৎপাদন প্রচেষ্টা ও প্রগতিমূলক কাজ গভীর সংকটের মুখে প্রবাহিত করবো—এ বিষয়ে আমি নিঃসন্দেহ।

আজকে যখন দেখছি যে পাব্লিক সেকটরে শ্রমিক মালিক সম্পর্কের উন্নতি হচ্ছে না, পাব্লিক সেকটরে শ্রমিকের যে সামগ্রিক শিল্প সম্বন্ধে চিন্তা, সেই চিন্তায় সরকারী দায়িত্বে শিল্প অধিগ্রহণের পরেও কোন পরিবর্তন আসছে না, তখন প্রশ্ন জাগছে কোথাও ত্রুটি থাকছে কিনা!

[4-10—4-20 p.m.]

কতকগুলি অনিবার্য প্রশ্ন আজ আমাদের সামনে উপস্থাপিত হচ্ছে—আমাদের চিন্তায় ও কাজে কি কোনো ফাঁক আছে যে জন্য আমরা শ্রমিকদের অনুপ্রাণিত করতে পারছি না এবং আমাদের আকাংখিত উদ্দেশ্য সাধনে তাঁদের উপযোগিতা ও বুদ্ধিমত্তাকে আকর্ষণ করতে পারছি না? আমরা কি আজও স্বীকার করতে কুন্ঠিত হচ্ছি যে, কোনো সামাজিক ও অর্থনৈতিক পরিকল্পনার মূল শক্তি যন্ত্র থেকে আহরণ করা যায় না। মূলতঃ মানবিক উপাদানগুলিই প্রগতির প্রাণ-প্রতিষ্ঠা করে। আমরা কি আমাদের অজ্ঞাতসারে একথাই ভেবে নিয়েছি যে মানুষের মঙ্গলের দায়ীত্ব শুধুমাত্র যন্ত্রের উপরই অর্পণ করতে হবে? স্নেহ, দয়া-দাক্ষিণ্য এবং পৃষ্ঠপোষকতার মনোভাব নিয়ে কিছু কিছু কল্যানমূলক কাজের দায়িত্ব গ্রহণ করা এবং জনগণের জন্য ব্যাপক কল্যানমূলক পরিকল্পনা গ্রহণ করা এই দুটি যে এক কাজ নয় এই পার্থক্যবোধ কি আমরা অনুভব করছি? শ্রমিক যা কিছুর জন্য পরিশ্রম করে এবং যা কিছু সে উৎপাদন করে তাতে তার যে একটি গুরুত্বপূর্ণ অংশ এবং অধিকার আছে এই উপলব্ধিবোধ আজও যে আমরা সৃষ্টি করতে পারিনি এ ব্যর্থতার

কি জবাব আমরা দেব? এগুলি অত্যন্ত সংগত প্রশ্ন। এই প্রশ্নের পরিষ্কার এবং ন্যায়-সঙ্গত জবাব আজ হোক কাল হোক আমাদের দিতেই হবে।

বিভিন্ন পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলির মাধ্যমে শিল্পোন্নয়নের কার্যক্রমগুলিকে নানাভাবে উৎসাহ দেওয়া হয়েছে। শিল্পের সমৃদ্ধির জন্য বহু সুবিধাও আমরা দিয়েছি। কিন্তু যে মানুষগুলি এই শিল্পোন্নয়নকে সার্থক করবার জন্য কোনোরকমে জীবন ধারণের ন্যূনতম চাহিদাগুলি থেকে আজও বহুলাংশে বঞ্চিত। এর ফলে উৎপাদনের কাজ বারবার বাধা-প্রাপ্ত হয়েছে। দেশে হতাশা এবং ক্রোধ ফেটে পড়েছে এবং স্বাধীনতার অভ্যুদয়ে সাধারণ মানুষের মনে যে উচ্চ আশা এবং প্রত্যয়বোধ সৃষ্টি হয়েছিল আজ তা নিভে যাচ্ছে। দেশের লক্ষ্য লক্ষ্য মানুষের ভবিষ্যৎ মঙ্গলের সনদ রচনা করার দায়িত্ব যাঁদের উপর তাঁদের স্থির বুদ্ধিমত্তা ও দূরদর্শিতা দিয়ে একথা চিন্তা করতে হবে যে একটি গতিশীল এবং প্রাণ প্রাচুর্যময় শিল্প অর্থনীতি সৃষ্টি করতে গেলে শ্রমিক ও তার পরিবারের ব্যক্তিরা যেন অন্ততঃ ন্যূনতম সামাজিক এবং অর্থনৈতিক সুযোগ সুবিধাগুলি পেতে পারেন সে অবস্থা সৃষ্টি করে নিতে হবে। এই পথে একদিকে অধিক উৎপাদন এবং অন্যদিকে সামাজিক ন্যায় বিচার এই দুটি মূল প্রশ্নের সমন্বিত সমাধান সম্ভব হতে পারে।

আমি আজ যে বিধেয়কটি এই সভার সামনে উপস্থাপিত করেছি সেটি একটি সর্বব্যাপী কল্যান পরিকল্পনার কাঠামো এ দাবী না করেও আমি মনে করি যে আমাদের উদ্দেশ্য সাধনের পথে যে এই বিধয়কটি আমাদের বহুলাংশে সাহায্য করবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শাসনতন্ত্রের চতুর্থ খণ্ডে রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্ম নীতি-সমূহ লিপিবদ্ধ আছে। সরকারের কার্যধারা ওই মূলনীতিগুলির ভিত্তির উপর প্রতিষ্ঠিত হতে হবে। রাষ্ট্রের প্রচেষ্টা হবে যেন আইনসমূহ প্রণয়নের ক্ষেত্রে ওই নীতিগুলি প্রতি-ফলিত হয়। শাসনতন্ত্রে উল্লেখ আছে যে রাষ্ট্রের প্রচেষ্টা হবে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুবিচার যতদূর সম্ভব অর্জন ও রক্ষা করে জনগণের কল্যাণ বৃদ্ধি করা। কেন্দ্রীয় এবং রাজ্যসরকারগুলি শ্রমিকদের কাজের পরিবেশ এবং মজুরির বিভিন্ন দিক সংক্রান্ত বিভিন্ন আইন প্রণয়ন করেছেন। শাসনতন্ত্রের ৪৩ ধারায় কৃষি, শিল্প, প্রভৃতি বিভিন্ন কাজে নিযুক্ত শ্রমিকদের সামাজিক ও সাংস্কৃতিক সুযোগ সমন্বিত অবসর বিনো-দনের সুবিধা প্রদানের কথা বলা হয়েছে। আমাদের রাজ্যে এ পর্য্যন্ত এইরূপ কোনো ব্যাপক আইন প্রণয়ন করা হয় নাই। কারখানা আইনের মাধ্যমে কারখানার অভ্যন্তরে শ্রমিকরা যাতে নিরাপদে কাজ করতে পারে তার ব্যবস্থা করা যায়। কিন্তু কারখানার বাইরে শ্রমিকদের জীবন রাষ্ট্রের নিকট কম গুরুত্বপূর্ণ নয়। শ্রমিককেরা যন্ত্র নহেন। উৎপাদনের চাকায় তাঁরা এক একটি যন্ত্রাংশ নহেন এবং মালিকের মুনাফা সর্বোচ্চহারে বৃদ্ধি করার জন্যে তাঁদের যেমন খুশীভাবে ব্যবহার করতে দেওয়া চলে না। বিশ্বাস করি এবং স্বীকার করি সেদিন ফুরিয়ে গিয়েছে। শ্রমিকরা রক্ত মাংসের মানুষ এবং আমরা যে ভারতবর্ষে ওয়েলফেয়ার সৃষ্টির স্বপ্ন দেখছি সেই ওয়েলফেয়ার সৃষ্ঠি করার কাজে অন্যতম সহায়ক শ্রমিক সমাজ।

শ্রমিক একজন রক্ত মাংসের মানুষ এবং রাষ্ট্রের যে কোন নাগরিকের মতই তাঁর আশা এবং আকাংখা ও হৃদয়ের অনুভূতি আছে। সেইজন্য আইনের মাধ্যমে এমন কতকগুলি সুযোগ সৃষ্টি করা দরকার যার দ্বারা অবসর সময়ে তাঁর জীবন সামাজিক ও সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গিতে সমৃদ্ধ হয়ে উঠতে পারে। সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় হল যে তিনি উৎপাদনের প্রক্রিয়ায় একজন অপরিহার্য সহকর্মী। তিনি জাতির সম্পদ উৎপাদন করেন। উৎপাদনের কর্মক্ষেত্রে তাঁর কর্মধারা যেরূপ আইনগত সমর্থন দাবী করতে পারে উৎপাদনের পরিধির বাইরে তাঁর ব্যক্তিসত্তার বিকাশের প্রশ্ন ঠিক ততখানিই প্রতিষ্ঠানগত সাহায্যের দাবী করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিধেয়কটি সভার সম্মুখে উপস্থিত করছি সেই বিধেয়কটির উদ্দেশ্য হল নিয়োগকারী এবং রাষ্ট্রের কর্তব্যগুলি অন্তত কিছুটা প্রতিপালন করার ব্যবস্থা করা।

Mr. Speaker : There are motions for reference of the Bill to the Select Committee by *Shri A. H. Besterwitch*, Shri Shish Mohammad and Shri *Timir Baran Bhaduri—Nos. 1—3. The motions* are out of order as the conset of the members proposed *in the Select Committee has not been taken from* the members whose names appear *in the list, i.e., Shri Pradip Bhattacharyya and others, and the Minister himself who has introduced the Bill in the House and is in charge of this Bill has not been made* a member of the Select Committee. At any rate, I allow Shri A. H. Besterwitch to speak on his motion.

Shri A. H. Besterwitch : Mr. Speaker, in this Bill there are certain factors with which I agree but the conditions under which I had brought this motion for sending the Bill to the Select Committee are three-fold. One is the bitter experience that I have gathered about the amounts deducted by the employers in the tea gardens from the labours there. This went into my head very seriously and, I think, I had told the Labour Minister too. With an intention to let the House know the conditions in the tea plantations, only the other day I had given an unstarred question. You will find there the amount of provident fund that is being robbed of the labourers by the employers. In this Bill too I find similar provision whereby the employers are empowered to deduct the amount from the wages of the workers. For instance, in clause 4, which I vehemently oppose—that is why I brought this motion—and I expected that the Minister would take this factor into account.

Dr. Gopal Das Nag : In reply I will take this into account.

Shri A. H. Besterwitch : Sir, clause 4 says, the Board shall consist of twenty members appointed by the State Government from amongst employers, employees and independent persons including women.

Who are these independent persons ? Why there should not be the members of central organisations of all trade unions ? Whether they are recognised or not, members of all the central trade union organisations should be represented in the board.

[4-20—4-30 p.m.]

Dr. Gopal Das Nag : Employees are here.

Shri A. H. Besterwitch : Employees are there but I think the House will agree and even the trade union workers amongst us will agree that members of central trade union organisations should be represented in the board. That is the point that struck my mind when I brought an amendment to refer it to the Select Committee. Then again, if you go through clause 9 you will find the mention of employees' contribution there. I know this is a good Bill and that the Labour Minister has got the intention of doing something for the welfare of the labours but intention only won't do. The machinery that he has got, if that machinery is really worthwhile then I am certain that employees should not pay any contribution to it because it is meant for the welfare of the employees. On the other hand, employees can make their own contributions, employees can make their own fund for their welfare. So why should they contribute to anything? Now regarding provident fund, they are contributing money and that is being deducted but the amount is not deposited with the authorities. Hence lakhs and lakhs of rupees are not being deposited and about Rs. 91 lakhs from Singali tea estate have not been deposited. There are thousands of cases but no action is being taken. The Minister says that action is being taken but what action he is going to take? Employees are being cheated and those employers should have been put into the jail long time ago under the MISA or DIR. But nothing has yet been done. If a blackmarketeer sells a commodity worth ·25 paise at Rs. 2·50 then he is sent to jail and he is made to suffer

an imprisonment of about six months but here these big blackmarketeers should have been put into jail long time ago. No action has yet been taken in this regard. That is why I have got some doubts about the measure. To start with it will be all right but at a later stage the employers will not pay anything though money will be taken from the workers. Government may come in, Government may go but you will not get a single farthing from any of these employers at a later stage. If the intention of doing something good for the workers was there, the amount should not have been deducted, as stated in the Bill, from the workers, because it is for the welfare of the workers and so it is for the Government to come forward and catch the throat of the employers and make them pay the amount. This is a welfare scheme and every Government will expect welfare of the labour which means welfare of the industry, and hence the industry whichever it may be should come forward to help in the welfare of the labour. Now, Sir, let us see the pros and cons of this Bill. I say it is a very good piece of legislation. But if the labour is kept out of this contribution then I think it would have been one of the best legislations in India. It is unfortunate that the labour has also to contribute. I request the Labour Minister to consider this and see that labour is kept out of this. Sir, I am betwixt and between - to support or not to support—but if the Hon'ble Minister deletes the caluse about labour contribution I think I can support it. If he does not agree to delete, I have got no other alternative but to go against it.

Shri Niranjan Dihidar :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল রাখার সময় মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তার বক্তব্যে বেশ কয়েকটি ভাল কথা বলেছেন। তিনি বলেছেন যে শ্রমিকদের প্রতি স্নেহ, মমতা, দয়া দিয়ে শ্রমিকদের সামাজিক ন্যায় বিচার, রাজনৈতিক, অর্থনৈতিক সুবিচার ইত্যাদি। যাইহোক তার ভিতর আমি যাব না। আমি শুধু একটি কথা বলবো যে শ্রমিকরা তারা দয়া চায় না, তারা তাদের ন্যায্য পাওনা চায়। শ্রমিকরা দয়া নিয়ে বেঁচে থাকতে চায় না, তারা তাদের ন্যায্য অংশ নিয়ে বেঁচে থাকতে চায় যেটা তারা পায়না। তার বক্তব্যে এবং কাজে অনেক ফারাক আছে সেটা তিনি জানেন। তার বক্তব্য ভাল এই বিষয়ে ভুল নেই। এই বিলের উপর আলোচনা করার সময় আমি আমার যে সংশোধনীগুলি, আমি সব কয়টা মুভ করে এই বিলের সম্পূর্ণ বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। আমি মনে করি এই বিলের যে ১১ নম্বর ধারার ২ নম্বর উপ-ধারায় যেখানে এ,বি,সি,ডি আছে তাতে তিনি শ্রমিকদের সামাজিক উন্নতির জন্য খেলাধূলা, বেড়ান, আমোদ-আহ্লাদ, হলিডে হোম ইত্যাদির জন্য এই বিল এনেছেন। এর আগেও ১১ লক্ষ শ্রমিককে এর আওতায় আনা আছে। তহবিল কিভাবে গড়ে উঠবে? মালিকরা মাথাপিছু দেবেন এক টাকা, শ্রমিকরা দেবেন এক টাকা, আর সরকার দেবেন এক টাকা এবং এই ভাবে এই তহবিল গড়ে উঠবে। যে সমস্ত এসটাবলিশমেন্ট এই সমস্ত সুযোগগুলি পায় সেখানে কিন্তু তা দেওয়া হবে না। সেখানে সেটা করা হবে না—এটা কি নুতন কিছু? কয়লাখনিতে দেড় লক্ষ শ্রমিক কাজ করে—আজকে জাতীয়করণ করেছেন, কিন্তু তার আগেও এই সমস্ত সুযোগ সুবিধা পেত।

[4-30—4-40 p.m.]

এবং তারা বাড়ী ভাড়া পেত। আজকেও ইনডিয়ান অক্সিজেনে যান, সেখানে তার তাদের বেড়ানোর জন্য বছরে একবার ফিজ পায়। র্যাকিট এ্যান্ড কোলমান ইত্যাদি কারখানাগুলো পেয়েছে, তাহলে নুতন কি করলেন? তারা একটা জিনিস করলেন সেটা হচ্ছে শ্রমিকদের কাছ থেকে টাকা দিতে হবে একটা করে বছরে, এর ভেতর নুতন কিছু নেই। মালিকরা দুহাত তুলে আশীর্বাদ করবে কিন্তু শ্রমিকরা এরজন্য আশীর্বাদ করবেন না। আজকে এটা সমাজের দায়িত্ব, সরকারের দায়িত্ব, মালিকশ্রেণীর দায়িত্ব শ্রমিক শ্রেণীদের সুযোগ সবিধাগুলি দেবার যে কথা তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছিলেন। তাই আমি বলবো শ্রমিকদের উপর এই জিনিস করে তিনি কি সুবিধা এনেছেন, তাঁর মনকে হয়তো তিনি সান্ত্বনা . তে পারেন, তাঁর যে বিবেক দংশন হচ্ছে তা থেকে মুক্তি-লাভ করার একটা প্রয়াস করতে পারেন কিন্তু তাতে কিছু হবে না, এতে সত্যকারের

সমস্যার সমাধান হতে পারে না। স্যার এর আগে, ই,এস,আই, স্কিম হয়েছিল, তখনও এই রকম কথা বলা হয়েছিল। তাতে দেখেছি ওয়ার্কার্স কনট্রিবিউশন, মালিকদের কনট্রিবিউশন, সরকারের কনট্রিবিউশন ইত্যাদি হয়েছে। আমরা দেখেছি তার কি পরিণতি। স্যার, এতে দেখা গেছে যে এখনও পর্য্যন্ত এই ই,এস,আই, স্কিমে ৭০টা কোম্পানী টাকা জমা দেয়নি। এর মধ্যে সবচেয়ে বড় দু-তিনটে কোম্পানীর নাম বলছি, কেন বলছি, তিনি আর একটা স্কিম করছেন, যে স্কিমের মধ্যে দিয়ে মালিকদের আবার একটা টাকা মারার ব্যবস্থা করা হচ্ছে। কেন না যারা টাকা দেয়নি, তাদের বিরুদ্ধে কিছু করতে পারেন নি। আমি একটা কথা বলতে চাই, যেমন ধরুন ন্যাশন্যাল কোম্পানী লিমিটেড' ১৪ লক্ষ ৫৯ হাজার টাকা আজ পর্য্যন্ত জমা দেয়নি, ই,এস,আই স্কিমে, শ্রী অম্বিকা জুট মিল ১১ লক্ষ ৫ হাজার টাকা জমা দেয়নি, শ্রী প্রেমচাঁদ জুট মিল ১৫ লক্ষ ৪৭ হাজার টাকা জমা দেয়নি, কেলভিন জুট মিল ১২ লক্ষ ৮২ হাজার টাকা জমা দেয়নি। এই রকমে ৭০টি কোম্পানী টাকা জমা দেয়নি। এদের বিরুদ্ধে কোন এ্যাকশন নেওয়া হয়েছে কি? তাদের বিরুদ্ধে কোন কার্য্যকরী ব্যবস্থা আপনারা নিতে পারেননি, কি পদক্ষেপ সরকার বা শ্রমমন্ত্রী নিতে পেরেছেন? এর পরে আসুন প্রভিডেন্ট ফান্ড স্কিম আমাদের দেশে আছে, সেখানেও এই একই অবস্থা হচ্ছে, সেখানে এক লক্ষ থেকে আরম্ভ করে তদুর্ধে এই কোম্পানীগুলো টাকা ফাঁকি দিচ্ছে, টাকা জমা দেয়নি। তার সংখ্যা হচ্ছে ৭৩টি, তার মধ্যে কয়েকটি কোম্পানীর নাম বলছি যারা টাকা ফাঁকি দিয়েছে। যেমন এ্যালবার্ট ডেভিড কোম্পানী ১২ লক্ষ ৬৮ হাজার টাকা, লক্ষ্মীনারায়ন কটন মিল ১৩ লক্ষ ৫৩ হাজার টাকা, ন্যাশন্যাল আইরন এ্যান্ড স্টিল ১১ লক্ষ ৪ হাজার টাকা ফাঁকি দিয়েছে, রামপুরিয়া কটন মিল ১৫ লক্ষ ১২ হাজার টাকা, সারদা টি এসটেট ১০ লক্ষ ৬৮ হাজার টাকা ফাঁকি দিয়েছে, এর বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন? যদি বুঝতাম এদের বিরুদ্ধে কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যদি বুঝতাম এদের মিশায় গ্রেপ্তার করা হয়েছে, যদি বুঝতাম এদের বিরুদ্ধে ডি,আই, রুল প্রয়োগ করে গ্রেপ্তার করা হয়েছে, তাহলে আজকে আবার একটা নুতন যে ফান্ড হচ্ছে সেটা সত্যকারের কার্য্যকরী হবে এবং সেই ফান্ডটা মালিকরা ফাঁকি দেবেনা এবং শ্রমিকদের স্বার্থে আসতে পারে। তাই এখানে সন্দেহের অবকাশ আছে। আমি আরও বলতে চাই যে আমাদের এই যে ফান্ড যেটা চালু করেছেন এটার উপর আলোচনা করতে গিয়ে দু একটা অপ্রাসংগিক কথা বলবো। এই কারণে বলবো সেটা মন্ত্রী মহাশয়ের জবাব দিতে সুবিধা হবে। কারণ তিনি বলবেন অপ্রাসংগিক এবং বাইরে জনসাধারণের কাছেও যখন রূঢ় বাস্তবের সামনে দাঁড়াবেন তার জন্য তিনি প্রস্তুতি নিতে পারবেন। আজকে যখন তিনি এই বিল এনেছেন, আমি বলতে চাই আজকে পশ্চিমবাংলার এই রাজ্যে সবচেয়ে বেশী সমস্যা কি? যার উপর প্রথম বিল আনার কথা, এই রাজ্যে ৬৩৬টি কারখানা বন্ধ এবং ৭০ হাজার শ্রমিক বেকার, সেই বেকার শ্রমিকদের কাজ দেবার জন্য তিনি কি সেই বিল এখানে এনেছেন? এই প্রশ্ন আমি তাঁর কাছে করতে চাই। কারণ এটা সর্বাগ্রে আমার প্রশ্ন, যে মানুষেরা কিছুদিন আগে চাকরি করতো, আজকে তারা ভিক্ষার পাত্র নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, না খেয়ে প্রাণ দিচ্ছে, সেই সমস্ত শ্রমিকদের সম্পর্কে তিনি কি করেছেন?

স্যার, এই হাউসে মেনশন করা হয়েছিল বসুমতির কয়েকজন কর্মচারী না খেতে পেয়ে মারা গিয়েছেন। এটা অত্যন্ত লজ্জার কথা, তার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? আর আজকে বিল এনেছেন শ্রমিক কল্যাণের জন্য, ১ টাকা করে চাঁদা দিয়ে তাদের খেলতে দেওয়া হবে, তাদের জন্য হলি ডে হোম করা হবে, এই রকম হাস্যকর কথা আর কি হতে পারে? আমাদের দেশে সাংবাদিকদের নাকি একটা বিশেষ মর্য্যাদা আছে, একটা বিশেষ স্থান আছে, কিন্তু দুর্ভাগ্য আমাদের দেশের যে আজও এই দেশের ২৭ বছর স্বাধীন হওয়ার পর তিন জন সংবাদপত্রসেবীকে না খেয়ে প্রাণ দিতে হয়েছে, এই রকম লজ্জার, দুঃখের, ক্ষোভের কথা আর কি হতে পারে? এরচেয়ে লজ্জার আর কিছু থাকতে পারে না। স্যার, পশ্চিমবঙ্গের শ্রমিকদের অবস্থার কথা বক্তৃতা প্রসংগে আমরা অনেকবার বলেছি। আজকে এই বিলের মাধ্যমে ৭০ হাজার শ্রমিককে যখন খেলার কথা বলা হয়, বেড়াবার কথা বলা হয়, পড়ার কথা বলা হয়, লাইব্রেরীর কথা বলা হয় তখন তারা একে

নিষ্ঠুর পরিহাস ছাড়া আর কিছু ভাবতে পারেনা। যখন তারা বাঁচতে চাইছে, কি খেয়ে বাঁচবে সেই রাস্তা জানতে চাইছে, তখন শ্রম মন্ত্রী এইভাবে হলি ডে হোমের কথা বলে শ্রম মন্ত্রী সমস্যাকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন বলে আমি মনে করি। তিনি যদি সত্যি সত্যিই শ্রমিকদের কল্যাণ চাইতেন তাহলে সর্বপ্রথমে বন্ধ কারখানাগুলি খোলার জন্য প্রথম পদক্ষেপ নিতেন। আমি হাউসের কাছে প্রস্তাব করব যে আসুন দলমতনির্বিশেষে আমরা মিলিত হয়ে প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিই এই বন্ধ কারখানা-গুলির জন্য। কেন্দ্রীয় সরকার অবিলম্বে এই বিষয়ে বলিষ্ঠ পদক্ষেপ নিন। আমি এই সম্পর্কে শ্রম মন্ত্রীর কাছে আবেদন করব, এটা আজকের পশ্চিমবঙ্গের সবচেয়ে গুরুতর সমস্যা। মাননীয় স্পীকার স্যার, আমরা দেখেছি কারখানা খোলার জায়গায় অনেক কার-খানা আবার বন্ধ হচ্ছে, আমরা জানি কিছু দিন আগে রাণীগঞ্জ পেপার মিল বন্ধ হয়েছিল, সেই রাণীগঞ্জ পেপার মিলকে ডি, আই, আর-এর মাধ্যমে খুলে দেওয়া হলো, সেখানে জি, আর, পি, বসিয়ে দিয়ে কারখানা খুলে দেওয়া হলো, কেননা কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করেছেন, কারণ কাগজ বন্ধ হয়ে গেলে কেন্দ্রীয় সরকার অচল, রাজ্য সরকার অচল, তাই কারখানা খুলতে হবে এবং এটা জরুরী প্রয়োজন। অর্থাৎ সরকার যতক্ষণ পর্য্যন্ত অচল না হচ্ছে, তাতে শ্রমিক মারা যাক, দেশের মানুষ মারা যাক, অনশনে থাক, তাতে কিছু যায় আসে না। অথচ সরকার অচল হলেই কারখানা খুলে দেওয়া হবে। তাই আমি শ্রম মন্ত্রীকে এটা ভাবতে বলছি। এবং আপনার মাধ্যমে আরো বলতে চাই যে, ১৯৭২ সালে আমাদের দেশে যে টোটাল ম্যানডেস লষ্ট হয়েছিল তাতে দেখা গিয়েছে ৭৩·৯০ পারসেন্ট। এই বিলে কি কোন প্রভিশন আছে যে, লক-আউট পর্য্যায়, যেটা মালিকরা করে থাকে, সেই লক-আউট পর্য্যায় শ্রমিকদের রিলিফ দেওয়া হবে? সেটা যদি থাকে তাহলে না হয় বুঝতাম যে একটা কিছু করা হচ্ছে। যে কারখানাগুলি চালু আছে সেখানকার শ্রমিকরা কিভাবে থাকছেন, এক দিকে বন্ধ কারখানা, সেগুলি খোলা হচ্ছে না আর এই ক্ষেত্রেও লক-আউট হলে কারখানা খোলার ব্যবস্থা হচ্ছে না, অন্য দিকে আজকের এই বিলের মধ্যে সেই লক-আউট কারখানাগুলি খোলার কোন প্রভিশনও নেই বা এই রকম কোন বিলও আনা হচ্ছে না। আজকে শ্রম কল্যাণের নাম, লেবার ওয়েলফেয়ারের নাম শুনলে বিরোধিতা করবার প্রশ্ন আসে না। কিন্তু কনটেন্ট অফ দি খিং, বিলের যখন ভিতরে যাওয়া যাচ্ছে তখন দেখা যাচ্ছে যে একে সমর্থন করা উচিত নয়। আজকে মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন উত্পাদন আজকের দিনে বাড়ানো দরকার। তিনি বলেছেন কারখানার মধ্যে শান্তি, বাইরে শান্তি ইত্যাদি করা দরকার। কিন্তু আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে স্যার, আপনি জানেন, সবাই জানেন বিভিন্ন কারখানাগুলির মধ্যে যে ধরনের ইন্টার ইউনিয়ন রাইভালিটি, ফলে যে মারামারি ইত্যাদি চলছে সেগুলি বন্ধ করবার জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? আজকে শ্রমিক কল্যাণের জন্য তিনি ব্যবস্থা করছেন, ভিতরে এবং বাইরের শান্তির জন্য তিনি ব্যবস্থা করবেন এটা তিনি কি করে মনে করতে পারছেন যখন আজকে রাণীগঞ্জ পেপার মিলের ভিতরে শ্রমিক খুন হচ্ছে।

[4-40—4-50 p.m.]

আজও আমার কাছে খবর আছে ইণ্ডিয়ান অক্সিজেন-এর শ্রমিক কারখানার ভেতরে মরেছে। এসব বন্ধ করার কি পদক্ষেপ তিনি নিয়েছেন? বেঙ্গল ল্যাম্প গত ২০ মাসে ৫ বার লক-আউট করেছে। ফরেন এক্সেঞ্জ আরনার বলে সরকারের তরফ থেকে এদের নানারকম সাহায্য করা হয়। তাদের সেই সাহায্য বন্ধ করে লক-আউট বন্ধ করার কোন ব্যবস্থা করেছেন কি? সেখানে ১২০০ শ্রমিক কাজ করে। অথচ তিনি শ্রমিকদের মঙ্গল করার জন্য একটা বিল আনছেন। কিন্তু দেখতে হবে সত্যি সত্যি আসল সমস্যা কোথায়। আমি জিজ্ঞাসা করছি ডি, পি, এল, হিন্দুস্থান পিলকিংটন, হোটেল হিন্দুস্থান, ব্রেথওয়েট ইত্যাদির শ্রমিকরা আজও যে কাজে যোগ দিতে পারছেনা তার কি ব্যবস্থা করেছেন, সেটা আমরা জানতে চাই? কোন ব্যবস্থাই তিনি করতে পারেননি। তিনি নূতন-ভাবে শ্রমিকদের অনশনের মধ্যে ঠেলে দিচ্ছেন। এর কেন কোন প্রোটেক্শনের ব্যবস্থা নেই। তিনি যখন শ্রমিক কল্যাণের কথা বলেছেন, নিরাপদ সামাজিক জীবনের কথা বলছেন তখন তাঁর কাছে আবেদন করব ট্রেড ইউনিয়ন আন্দোলনের নামে এই যে agitation

চলছে তার একটা ব্যবস্থা করুন। ওয়ারকার্স বারগেনিং ক্যাপাসিটি হ্রাস পাচ্ছে, শ্রমিকের স্বাধীন চিন্তার বিকাশ হচ্ছেনা। এর ফলে শ্রমিকরা উৎপাদন বৃদ্ধি করতে পারছে না, এতে তাদের মধ্যে যে হতাশা এসেছে সেটা আরও গভীরে যাবে এবং জগদ্দল পাথরের মত চেপে বসবে। এটা দেশের অগ্রগতির পক্ষে অত্যন্ত বাঁধা এবং অন্তরায় হিসাবে দেখা দেবে। বিভিন্ন ইণ্ডাস্ট্রিতে যেসমস্ত শ্রমিক কাজ করে তাদের আজ জীবনের, চাকরীর কোন নিরাপত্তা নেই। সেখানে আজ সেই শ্রমিকদের জন্য মঙ্গলের কথা কেন বলছেন? অতএব সেগুলিকে কার্যকরী করার মত কোন পদক্ষেপ কি নিয়েছেন? এর জবাব যদি আমাদের কাছে নাও দেন, তাহলে বাহিরে রুক্ষ বাস্তবের কাছে একদিন এই জবাব দিতেই হবে। তারপর ১৯ নম্বরের ২(ঙ) উপধারায় তিনি বলেছেন শ্রমিকদের হলিডে হোম তৈরী করার কথা। তিনি কি জানেন শ্রমিকদের গড় আয় কত? তাদের গড় আয় হচ্ছে মাসে ১৫০ টাকা। ৪ জনের যদি ইউনিট ধরি তাহলে মাথা পিছু ৩৭.৫০টাকা হয়। তাহলে কি করে হলিডে হোম হবে, সেখানে কি নিয়ে যাবে, সেখানে কি খাবে এসব কথা চিন্তা করেছেন?

এই যে বিল এনেছেন এই বিল আহামরি কিছু নয়, এই বিলের আমরা বিরোধিতা করব। এই বিল আমি মনে করি সমস্যাকে এড়িয়ে যাওয়ার একটা চেষ্টা, এই বিল শ্রমিকশ্রেণীর জীবনে কোন উৎসাহ আনতে পারে না, উৎপাদনে তার কোন প্রতিফলন হবে না। এই বিল বিবেকের দংশন থেকে মুক্তি পাওয়ার একটা প্রয়াস হতে পারে, এছাড়া আর কিছু নয়। সেদিন শ্রম দপ্তরের রাষ্ট্র মন্ত্রী প্রদীপবাবু ক্ষেত মজুর ইত্যাদিদের নিয়ে একেবারে দয়ায় বিগলিত হয়ে কি সুন্দর ভাষণ দিয়েছিলেন, আজকে সেই শ্রমিকদের হলিডে হোমের কথা বলেছেন। যাদের ৩ টাকা ডেলি ইনকাম, এ্যাকচুয়াল ইনকাম হচ্ছে দেড় টাকা, তার বেশী নয়, তাদের জন্য হলিডে হোমের ব্যবস্থা, বোধ হয় এরচেয়ে বড় পরিহাস শ্রমিকশ্রেণীকে এর আগে কোনদিন করা হয়নি। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে বলছি আপনি কান পেতে শুনুন, বাইরের দিকে দেখুন লোক মেরে, ঐ রেলের শ্রমিকরা ১০ই এপ্রিল হরতালের দিকে এগিয়ে যাচ্ছে। মনে করে দেখুন ১৯৪৭ সালে ডাক তার হরতালের কথা, রেলওয়ে শ্রমিকদের হরতালের কথা, মনে করে দেখুন কন্যাকুমারিকা থেকে আরম্ভ করে সারা ভারতবর্ষ একটা নতুন আন্দোলনে উদ্বেলিত হয়ে উঠেছিল, তার ফলে কিছু পট পরিবর্তন ঘটেছিল। পশ্চিমবঙ্গে সেই পট পরিবর্তন হবে, পশ্চিমবঙ্গে বিহার গুজরাটের মত অবস্থা হবে না, পশ্চিমবঙ্গে সেই পট পরিবর্তনে হয়ত বাম এবং গণতান্ত্রিক শক্তি, আমরা হয়ত বা তার নেতৃত্ব দিতে পারব। সংকট খুব গভীর, সেদিকে চিন্তা করুন। মিঃ স্পীকার, স্যার, আর দু' একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আমি মনে করি এই বিলের মাধ্যমে শ্রমিকশ্রেণীর অর্থনৈতিক সমস্যার কোন মৌলিক সমাধান হবে না। আমি মনে করি দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে রিয়াল ইনকাম কমে যাচ্ছে এই বিল তা রোধ করতে পারবে না। চতুর্দিকে বেকারীর ফলে কমরত শ্রমিকের চাকুরির স্থায়ীত্ব বিপন্ন হয়ে পড়বে। রাজনৈতিক গুন্ডাবাজীর ফলে ট্রেড ইউনিয়নের অধিকার, কালেক্টিভ বার্গেনিংএর ক্ষমতা কমে যাচ্ছে, এই বিলের দ্বারা কোন মৌলিক সমস্যার সমাধানের ধারে কাছে তিনি যেতে পারবেন না।

উপসংহারে বলি, আপনি সমাজতন্ত্র সমর্থন করেন, শ্রীমতী ইন্দিরা গান্ধী সমর্থন করেন আমিও সমাজতন্ত্র সমর্থন করি, আসুন আমরা এমন একটা বিল আনি যে বিলের মাধ্যমে উৎপাদন যন্ত্রের মালিকানা শ্রমিকশ্রেণীর হাতে দেওয়া যাবে এবং পুরান মালিকদের সাহায্য করার জন্য বার্ষিক ১ টাকা চাঁদা শ্রমিকরা দেবে। আপনি সেই পথ বেছে নিন এবং সেই ধরণের বিল আনুন, আপনাকে শ্রমিকশ্রেণী সাধারণ মানুষ সর্বস্তরের মানুষ দু'হাত তুলে আশীর্বাদ করবে, দেশ এগিয়ে যাবে, সমাজতন্ত্রের সত্যিকারের পথ পরিষ্কার হবে। এই কথা বলে এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bijoy Singh Nahar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড বিল এসেছে তারজন্য আমি অভিনন্দন দিচ্ছি শ্রম মন্ত্রীকে। এই বিলের পরিকল্পনা আমি যখন শ্রম মন্ত্রী

ছিলাম তখন থেকে পশ্চিমবঙ্গে এসেছিল। কিন্তু যখন ইউ এফ গভর্ণমেন্ট হয় তখন তাঁরা কোন কল্যাণের কাজ করেননি, কেবল ঝগড়া করেছেন। তাই শ্রমজীবী মানুষের কল্যাণের জন্য শ্রম মন্ত্রী ডাঃ নাগ এবং প্রদীপ ভট্টাচার্য্য যে বিল এনেছেন তারজন্য তাঁরা অভিনন্দন পাবার যোগ্য। নিরঞ্জন ডিহিদার মহাশয় খুব জোর গলায় পশ্চিমবঙ্গের শ্রমিকদের মঙ্গলের কথা লড়াই-এর কথা বলে গেলেন, কিন্তু বিলে, লড়াই-এর কথা নেই, অন্য কথা নেই, শ্রমিকদের কি করে ভাল হতে পারে তা বিলের মধ্যে রয়েছে। উনি বিলটি ভাল করে পড়েননি। যদিও সরকারী দলের সঙ্গে আংশিকভাবে জড়িত রয়েছেন, কিন্তু বিরোধিতা করা বৈপ্লবিক হতে পারে সেজন্য বিরোধিতা করছেন।

[4-50—5-00 p.m.]

আমি তাঁকে মনে করিয়ে দেই ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন এই শ্রম কল্যাণের ব্যাপারটা নিয়ে বহুদিন ধরে নানা রকম স্তরে চেষ্টা করা হচ্ছে। এই ব্যাপারে হোয়াইটলে কমিটি, রেগ কমিটি প্রভৃতি হয়েছে এবং ১৯৬৬ সালে যে ন্যাসনাল কমিশন অব লেবার হয়েছিল তাতে ওঁদেরও প্রতিনিধি ছিলেন। তাঁদের রেকমেনডেসনে তাঁরা যেকথা বলেছিলেন সেটা শুধু কংগ্রেসের কথা নয়, সারা ভারতবর্ষের প্রতিনিধিদের কথা তাঁরা বলেছিলেন। তাঁরা বলেছিলেন,

We recommend that statutory labour boards on the lines of the existing boards should be brought into being in all states. The activities of these boards should be financed in the same way as is being done at present in States where they are already functioning.

তখন মহারাষ্ট্রতে ফাংসন করছিল কাজেই ঠিক সেইরকম ভাবে যাতে প্রত্যেক স্টেট-এ হয় সেকথা তাঁরা বলেছিলেন। আজকে বিরোধিতা করতে হবে বলে মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার সেসব কথা ভুলে যাচ্ছেন। ওঁরা যে রেকমেনডেসন করেছিলেন সেটা আন্যানিমাস্ রেকমেনডেসন। তারপর, আমাদের ভারতীয় সংবিধানের ৪৩ ধারায় যেটা আছে সেটাও আমি তাঁকে মনে করিয়ে দিচ্ছি। সেখানে রয়েছে,

The State shall endeavour to secure by suitable legislation or economic organisation or in any other way, to all workers, agricultural, industrial or otherwise, work, a living wage, conditions of work ensuring a decent standard of life.

একথাটা ভাল করে শুনবেন

And full enjoyment of leisure and social and cultural opportunities and, in particular, the State shall endeavour to promote cottage industries on an individual or cooperative basis in rural areas.

আমাদের যে সংবিধান ওঁরা আগে মানতেন না এখন নিশ্চয়ই সেটা মানছেন এবং সেই সংবিধানেই বলছে এটা করতে হবে। আমি মনে করি এটা তারই একটা বিরাট পদক্ষেপ। ভারতবর্ষের অন্যান্য স্থানের মত আমাদের পশ্চিমবাংলায়ও শ্রমিক কল্যাণের ব্যবস্থা চলে আসছে। তাদের প্রভিডেন্ট ফান্ড রয়েছে, ই এস আই রয়েছে, হাউসিং-এর ব্যবস্থা রয়েছে। বিতর্ক হচ্ছে যে ঠিকভাবে সুব্যবস্থা হচ্ছে না। এই যে সুব্যবস্থা হচ্ছে না তার কারণ হচ্ছে এইসব ব্যাপার লেবার ডাইরেকটোরেট-এর অন্তর্গত একটি ছোট্ট বিভাগ যারা এক কোণে পড়েছিল, যারা এগুলি দেখাশুনা করেন তাদের নানারকম অসুবিধা এবং সমস্যা আছে। লেবার কমিশনারকে তো দেখি তিনি সব সময়ই শুধু ঝগড়া মিটিয়ে বেড়াচ্ছেন। আপনারা ইউনিয়ন থেকে স্ট্রাইক করান, বিভিন্ন দাবী দাওয়া পেশ করেন এবং এই এখনই বললেন আগামী ১০ তারিখ থেকে স্ট্রাইক হবে। কাজেই লেবার কমিশনার আপনাদের এই ঝগড়া মেটাবেন, দাবী দাওয়া মেটাবেন, না তিনি এইসব শ্রমিক কল্যাণের দিকে লক্ষ্য রাখবেন? এইসব গন্ডগোলের জন্য তিনি ভালভাবে লক্ষ্য করতে পারেন না। আজকে সরকার যেটা এনেছেন তাতে বলা হচ্ছে একটা আলাদা অটোনমাস্ বডি হবে লেবার ডাইরেকটোরেটের আন্ডারে। এতে সরকারের রিপ্রেজেনটেটিভ থাকবে, শ্রমিকের রিপ্রেজেনটেটিভ থাকবেন, মালিকের রিপ্রেজেনটেটিভ থাকবেন এবং আরও কিছু বাইরের লোক যাঁরা এসব কাজে সময় দিচ্ছেন, যাঁরা এসব জানেন তাঁরা থাকবেন, তাঁদের নিয়ে

কমিটি হবে। এই বোর্ডের হাতে ক্ষমতা থাকবে এবং যেখানে এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে সেখানে তাঁরা কথা বলবেন, নিজেরা লোক এ্যাপয়েন্ট করে নিজেরা যেভাবে কাজ করাতে চাইবেন সেইভাবে করতে পারবেন এইসব ব্যবস্থা এর মধ্যে রয়েছে। আমি মনে করি যেখানে এই ট্রাইপার্টাইট বডি থাকবে সেখানকার অবস্থা নূতনভাবে ভাল হবে। আজকে যাঁরা কাজ করছেন তাঁদের কাজের দিক থেকেই নয়, তাঁদের মনের দিক থেকেও বিকাশ দরকার। এই ট্রাইপার্টাইট বডিতে সব রিপ্রেজেনটেটিভ থাকবে, তাতে কাজ ভাল হবে, স্বাস্থ্য ভাল হবে—খেলাধূলা তারা করবেন, তাদের পড়াশুনার ব্যবস্থা হবে বিভিন্ন রকম কাজের ভেতর দিয়ে এবং এর ভেতর আপনারা দেখবেন ক্ষুদ্র কুটির শিল্প এবং হাতের কাজের শিক্ষা এর মধ্যে দিয়ে আনা হয়েছে। এটাকে কার্যকরী করার দায়িত্ব প্রত্যেকের থাকবে এবং এটাকে ঠিক মত পরিচালনা করার জন্য দায়িত্ব থাকবে। এটাকে যদি রূপ দিতে পারা যায় নিশ্চয়ই দেশের এবং সমাজের কল্যাণ হবে। স্যার, আমি একটু একটা ছোট দৃষ্টান্ত দিই, আমার একটু খেলাধূলার সখ আছে, আমি ইস্ট জার্মানীতে লিবজিকে গিয়ে দেখলাম যে, সেখানে খেলাধূলা খুব ভালভাবে প্রত্যেক লাইন অফ স্পোর্টস শেখাচ্ছে। সেখানে খেলাধূলা ছেলেমেয়েদের কম্পালসারী। আমি তখন মন্ত্রী ছিলাম, আমাদের সঙ্গে সেখানকার মন্ত্রীও ছিলেন, তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে, তোমরা এই সব শেখাচ্ছ, এত সুন্দর ব্যবস্থা করেছ, কিন্তু তোমরা অলিমপিকে গোল্ড মেডেল পাওনা কেন? দুনীয়া থেকে রিফ্রেস কোর্স শিখতে আসে এখানে আর তোমরা পাওনা কেন? তাতে একটি মাত্র উত্তর দিলেন, আমরা আমাদের দেশের প্রত্যেকটি ছেলেমেয়েদের, প্রত্যেকটি কর্মীদের এই খেলাধূলার মধ্যে রাখছি, স্বাস্থ্য উন্নতির মধ্যে রাখছি, আনন্দ দেবার জন্য রাখছি, তাতে তাদের অসুখ করেনা, তাতে এ্যাবসেন্ট কম হয়, কাজের প্রডাকশন ভাল হয়, তাদের মন ভাল থাকে এবং আমাদের এখানে উন্নততর উৎপাদন আমরা তৈরী করতে পারছি। আমাদের চিকিৎসার খরচ কমে গিয়েছে, অন্যান্য বাজে খরচ কমে গিয়েছে, এরা ছুটির দিনে বাইরে আনন্দ করতে যান, বেড়াতে যান এবং সমস্ত রকম সুযোগ-সুবিধা তারা পান। এই খেলাধূলার মাধ্যমে তাদের মনের শক্তি, শরীরের শক্তি খুব বেশী হয়। এখানেও আমরা ঠিক সেই জিনিষ করবার প্রচেষ্টা চালাচ্ছি। আপনারা বাধা দেবেন না, আপনারা বাধা দিচ্ছেন কেন, এইজন্যই কি, যে রাশিয়া বড় হোক আর ভারতবর্ষ নীচে পড়ে থাকুক? এই মন নিয়ে আপনারা বাধা দিচ্ছেন, এই মন নিয়ে আপনারা আন্দোলন করছেন। কিন্তু আমি বলছি আমাদের দেশের পরিস্থিতিতে, আমাদের দেশের পরিবেশে আপনাদের বাধা দেওয়া সত্বেও এগিয়ে যাবে শ্রমিকভাইরা। যারা এইসব মঙ্গলের কাজে বাধা দেবেন তাদের ছুড়ে ফেলে দেবে এটা আপনাদের মনে করিয়ে দিচ্ছি। এই বিলটা আপনাদের ছেলেমেয়েদের আনন্দ দেবার জন্যই আসছে। ইতিহাসই দেখিয়ে দেবে—'৪৭ সালের ইতিহাস আপনাদের দেখিয়েছে, আগামী দিনেও তা দেখিয়ে দেবে। যখন চীন আক্রমণ করেছিল, সেই ইতিহাসটা আপনাদের মনে করিয়ে দিচ্ছি, সেদিন মিথ্যা কথা বলেছিলেন, সেজন্য মানুষ আপনাদের ছুড়ে ফেলে দিয়েছে। এখনও যদি সেই পথে চলেন তাহলে মানুষ আপনাদের ভুলবে না। আপনারা যদি এইসব নিয়ে আবার যোগবিয়োগ করেন তাহলে ভবিষ্যতে আপনাদের কোন স্থান থাকবে না, আমি এই কথাটা মাননীয় সদস্য দিহিদার মহাশয়কে মনে করিয়ে দেব যে অনুগ্রহ করে বিলটা পড়ুন, চীনের কথা না বলে সাধারণ মানুষের কথা যদি বলেন তাহলে তাদের উপকার করা হবে। আর আপনার বক্তৃতা এ্যাসেম্বিলিতে চলেনা, এটাই মনে করিয়ে দিচ্ছি। আমি আপনার কথা শুনেছি, আপনি লক-আউট, ক্লোজারের কথা বলেছেন, এই বিলের সঙ্গে তার কোন সম্পর্ক নাই। আপনি বলেছেন যে এখানে নিষ্ঠুর পরিহাস হবে, মালিকদের কোনরকম সাহায্য [শ্রমিকরা চায়না। অদ্ভুত কথা শুনলাম। আজকে দরকার হচ্ছে শ্রমিকরা নিজের পায়ে [দাঁড়াবে তাদের আত্মচেতনা বোধ জেগে উঠবে এবং তারা এখানে মালিকানা নেবে, এটা ভুলে] যাবেন না। আজকে কংগ্রেস এই নীতি গ্রহণ করেছে এবং কংগ্রেসই এটা ভারতবর্ষের সমস্ত জায়গায় করেছে এবং পৃথিবীব্যাপী এটাই চলেছে যে, শ্রমিকরা ম্যানেজমেন্টের অংশীদার হবেন। সেই দিক দিয়ে যদি তারা এগিয়ে যেতে পারেন, নিজেরা এই বোর্ডে এসে তারা যদি নিজের ব্যবস্থা করতে পারেন তাতে বাধা দেওয়ার কিছু নেই। আপনারা একটি কথা বলেছেন যে টাকাটা কি ভাবে আদায় হবে?

[5-00—5-10 p.m.]

আপনারা একটা কথা বলেছেন যে টাকাটা কি করে আদায় হবে। ই, এস, আই, এর টাকাটা পাওয়া যাচ্ছেনা, প্রভিডেন্ট ফান্ডের টাকাটা পাওয়া যাচ্ছে না। সেইজন্য একটা আলাদা বোর্ড তৈরী করা হয়েছে তারা এই টাকাটা গুণে নেবেন, আর তাদের খরচ করা চলবে না। এটা সরকার বা গৌরী সেনের টাকা নয় যে খরচ করে দেবো পরে দেখা যাবে। তাদের যদি আদায় না হয়, যারা এর দায়িত্বে আছেন তাদের তো ছেড়ে দেবেন না। আর আপনারাও তো থাকছেন আপনারা তো ছেড়ে দেবেন না। এতে এই দলও এবং ঐ দলের সকলেই থাকবেন। প্রতি বছর ঠিক সময় আদায় করবে তার ব্যবস্থা এই বিলের মধ্যে রয়েছে এবং আমি বলবো এবং শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো যে পেনাল ক্লজ দিয়ে দেওয়া হোক—স্টিনজেন পেনাল ক্লজ, আরো এ্যাড করে দেওয়া হোক পরে যাতে যারা এই টাকাটা না দেবেন সময়মত তাদের উপর কেবল ডবল ফাইন হবেনা সঙ্গে সঙ্গে তাদের যারা দায়িত্বশীল পদে আছে তাদের জেল কিম্বা অন্য ব্যবস্থা হবে। এটা দিয়ে দিতেই হবে, শ্রমিকদের কল্যাণের জন্য এর মধ্যে বোধ হয় এটা দেবার দরকার হবে। স্যার, খুব বেশী বলতে চাইনা, আমি শুধু এটাই বলবো আরো দু'একটা জিনিস এই বিলের মধ্যে আনা উচিত ছিল। শ্রমিক কল্যাণের মধ্যে একটা বড় জিনিস রয়েছে—যেটা ই, এস, আইতে অবশ্য রয়েছে, টি, বি, হলে তাদের অনেকরকম ব্যবস্থা আছে, অসুখ হলে ব্যবস্থা আছে, কিন্তু এখানে শুধু রোগের ব্যবস্থার জন্য নয় এখানে কিছু খাবার ব্যবস্থা করারও দরকার হবে। যারা রুগী রয়েছে তাদের খাবারের ব্যবস্থা হোক, যারা সেইরকম গরীব রয়েছে তাদের ছেলেমেয়েদের বিয়ের সময় তারা যাতে সাহায্য এই বোর্ডের কাছে পেতে পারে সেই ব্যবস্থাও এর মধ্যে রাখা দরকার। এইগুলি আসবে। আমিতো আশা করেছিলাম যে আপনারা এইগুলি এ্যামেন্ডমেন্ট আনবেন কিন্তু এ্যামেন্ডমেন্ট আনেননি, সেদিক দিয়ে যাননি, সেই পথই মাড়ান নাই, শ্রমিকদের যাতে কল্যাণ হবে সেদিকে আমাদের আর, এস, পি, নেতারা যাননি দেখতে পাচ্ছি। আমি বলছি বারবার যে এইগুলি এর মধ্যে আনতে হবে, এই ক্ষমতা বোর্ডকে দিতে হবে। কেবল যে কয়েকটি জিনিস লেখা রয়েছে তা নয় এছাড়াও শ্রমিকদের কল্যাণের জন্য আর যা যা করা দরকার তা করতে হবে। আইনে না থাকে তাহলে আইনে যোগ দিতে হবে এবং তাদের সেই ক্ষমতা দিতে হবে যাতে এটা সত্যিকারের শ্রমিক কল্যাণের বিষয় হয়। আমাদের এখানে এখন শ্রমিক কল্যাণ কেন্দ্র, লেবার ওয়েলফেয়ার সেন্টার ৫৫টি আছে, মডেল ওয়েলফেয়ার সেন্টার ২০টা আছে, সরকারের তরফ থেকে চলছে, ভালভাবে খারাপভাবে যাই চলুক চলছে। কিন্তু এই বোর্ডের হাতে এই কয়েকটিই নয় আরো অনেক বেড়ে যাবে। কেবল আজকে এই শ্রমিক কল্যাণ কেন্দ্র যে রূপ নিয়েছে, যে ধারায় চলছে সেই ধারায় নয় নূতন ধারায় তারা চলবে। সত্যিকারের লোকের মনে যাতে আনন্দ ফুটে উঠে, লোকেরা তাদের ছেলে-মেয়েদের সঙ্গে থাকবে, তার মনের বিকাশ হবে সেই পথ নিতে হবে, সেইভাবে ব্যবস্থা নিতে হবে। আমি একথা বলবো যে শ্রমমন্ত্রী ডাঃ গোপাল দাস নাগ এই চেষ্টা চালাচ্ছেন, এই মন নিয়ে করছেন এবং এটা করা যায় এবং আশা করবো সকলের সহযোগিতা পেলে নিশ্চয়ই এটা হবে এবং এর যেটা সুযোগ আছে সেটা নিশ্চয়ই গ্রহণ করা হবে। আমি একটা কথা বলবো মিঃ বেষ্টারউইচ অনেকগুলি কথা বলেছেন, তিনি বোধহয় ভুলে গিয়েছেন তাঁর চা বাগান এই বিলের আওতায় নেই যেমন কয়লাখনি নেই। উনি খালি চা বাগানের কথাই বলে গিয়েছেন। মিঃ বেষ্টারউইচকে অনেকদিন ধরে দেখছি এবং আমি যখন লেবার মিনিষ্টার ছিলাম তখন তিনি চা বাগান নিয়ে অনেক কথা বলেছিলেন। বোধহয় এখনো তাঁর সেই ৭ বছর আগেকার মনই রয়ে গিয়েছে আর আমাকে দেখেই বোধহয় মনে পড়ে গিয়েছে কিন্তু এই চা বাগানের কথা এর মধ্যে একেবারেই নেই। তিনি অনেক জিনিস বলে গিয়েছেন যা এর মধ্যে পড়ে না। চা এবং কয়লাখনি সেন্ট্রাল এ্যাক্টের মধ্যে রয়েছে তা এর মধ্যে আসেনা। এটাকেও যদি ভালভাবে কাজ করান যায় তাহলেও ভাল হবে। আর ডিহিদার মহাশয় শেষকালে বললেন এই বিলটা নিষ্ঠুর পরিহাস। আমি এটা বুঝতে পারলাম না, শ্রমিকদের যদি অল্প কল্যাণ করবার কেউ চেষ্টা করেন তাকে যদি তিনি পরিহাস বলে উড়িয়ে দেন তাহলে আমি অন্ততঃ মনে করবো তাঁরা শ্রমিকদের কোন কল্যাণ চান না। আন্দোলনের মুখে নিশ্চয়ই দলকে শক্ত করার কথ

ছাড়া আর তাঁদের মনের মধ্যে কিছু নেই একথা কি আমরা ধরে নিতে পারবো না স্যার? মিঃ স্পীকার স্যার, আপনি শুনেছেন তাঁদের বক্তৃতা তাঁরা কেবল সেই ১০ তারিখের হরতালের কথা আর ঐরকম নিষ্ঠুর পরিহাস এইসব বলেন এবং অন্যান্য কথাও বলেছেন, লক আউটের কথা বলেছেন, ক্লোজারের কথা বলেছেন, এইরকম নানা কথা বলে গিয়েছেন এইগুলি এর মধ্যে একেবারে আসেনা।

অন্যান্য জায়গার কথা বলেছেন, ক্লোজড মিলের কথা, সিক্ মিলের কথা বলেছেন, নানারকম কথা বলেছেন। এগুলি এর মধ্যে আসেনা। তাঁরা অনুগ্রহ করে ভাল করে বিলটা পড়েননি, যদি পড়তেন তাহলে তাঁদের কাছ থেকে কন্সট্রাক্টিভ সাজেশন পেতে পারতাম। এই বিলে আমি দেখতে পাচ্ছি আরও নানারকম ব্যবস্থা করা হচ্ছে। এখন ফ্যাকটরি এ্যাক্টে যে নিয়মগুলি আছে, মালিকদের যে দায়িত্ব আছে সেগুলি তো থাকছেই, সেটার উপর এই বিলের আওতায় এইসব কল্যাণমূলক কাজ যেগুলি, সেটা বেশ ভাল কাজ হয়েছে। ফ্যাক্টরি এ্যাক্টে শ্রমিক কল্যাণের কাজ যেগুলি সেগুলি করতেই হবে, সেগুলির সঙ্গে আরও এগুলি জুড়লে ভাল কাজ হবে। এই দুটির যাতে কো-অর্ডিনেশন হয় সেটা দেখা দরকার। ফ্যাক্টরি ইন্সপেক্টারের হাতে ছেড়ে দিয়ে যেভাবে মরিবান্দ অবস্থা চলছে, তাতে এ দুটির সমন্বয় সাধন হয়, ডুপ্লিকেশন না হয়, সুন্দরভাবে গড়ে উঠে, সেটা করবেন নিশ্চয়ই আশা করি। যেমনভাবে মহারাষ্ট্রে হয়েছে, সেইরকম করলে বেশ ভাল হবে। আপনি শুনলে অবাক হবেন অধ্যক্ষ মহাশয়, শ্রমিক ফান্ড থেকে মহারাষ্ট্রে খেলার স্টেডিয়াম হয়েছে। তারা খেলাধূলাও করে, শুধু কাজই করেনা, এইরকমভাবে এই ফান্ড থেকে নূতন নূতন পরিকল্পনা নিয়ে, আমি জোরের সঙ্গে এবং তেজের সঙ্গে বলছি, কাজ করতে হবে এবং তা যদি করতে পারি তাহলে আমরা শ্রমিক কল্যাণের দিকে পশ্চিমবঙ্গে আরও এগিয়ে যাব এবং তাদের আরও সুষ্ঠু সবল করতে পারলে উৎপাদন ভাল হবে। এইরূপে ট্রেড ইউনিয়ন দলবাজী করবে না, তারা বুঝতে পারবে তাদের মঙ্গল কোথায় এবং অমঙ্গল কোথায়। একথা বলে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শ্রমমন্ত্রী বিধানসভায় শ্রমিক কল্যাণ তহবিল যে বিল এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। শ্রম পরামর্শ-দাতা কমিটির সভায় এই সম্পর্কে আমরা আলোচনা করেছিলাম। আলোচনা প্রসংগে একটা সুপারিশ করেছিলাম এই যে যখন বিল আসবে এই সম্পর্কে শ্রমিকদের কল্যাণের জন্য, চাঁদার যে বরাদ্দ করা হবে, সেই চাঁদার বরাদ্দের আনুপাতিক হার শ্রমিকদের যেন কম করা হয়। চাঁদা বন্ধ করতে পারবেন না, কারণ শ্রমিকরা দয়ার কাজ চাননা। যে কল্যাণের জন্য এই বিল তৈরী করা হচ্ছে, সেই কল্যাণ যাতে হতে পারে তারজন্য তাদের দায়িত্ব নিশ্চয়ই গ্রহণ করা উচিত। কিন্তু এই বিলে দেখছি, সরকার মালিক এবং শ্রমিক পক্ষের সমানই চাঁদার হার। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব শ্রমিকদের চাঁদার হার যেন ২৫ পয়সা করা হয়, এবং বাকী যে টাকা থাকবে সেটা যদি মালিক এবং সরকার এই দুই পক্ষ মিলে দেন, তাহলে বিলটা সর্বাঙ্গসুন্দর হবে।

আর একটা কথা আমি শ্রমমন্ত্রীকে নিবেদন করি। অনেক সময় দেখা যায় যদিও ম্যানেজ-মেন্ট ব্যালেন্স শিটে ওয়েলফেয়ার ফান্ডে টাকা ধরে কিন্তু বছরের শেষে ম্যানেজমেন্ট সেই টাকা খরচ না করে কোথায় যে রেখে দেয় তার হিসাব থাকে না। মালিক পক্ষের ব্যালেন্স শিটের এই ওয়েলফেয়ার ফান্ডের টাকা যাতে এই তহবিলে আসে এবং তারজন্য উপযুক্ত ব্যবস্থা থাকে সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

আর একটা কথা। অনেক সময়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখা যায় বদলী শ্রমিক যারা কাজ করে, তাদের অনেকের টাকা, দু-পাঁচ দিনের বেতন, ছেড়ে যায়। পেমেন্ট

অব ওয়েজেস এ্যাক্‌ট অনুযায়ী ছয় মাসের মধ্যে সেই টাকা না নিলে সেই টাকা মালিকের ফাণ্ডে ফিরে যায়। মালিকদের কৌশলে সেই টাকা যাতে অন্যত্র না গিয়ে [illegible] ফাণ্ডে জমা পড়ে, সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

[5-10—5-20 p.m.]

আর একটী কথা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কল্যাণের কথা বলা হয়েছে এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি বলতে চাই যারা সত্যিকার সংগঠিত, যাদের ক্ষমতা এবং জোর আছে, তাদের কল্যাণের কথা গভীরভাবে সরকার চিন্তা করছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিক ও কৃষি শ্রমিক যারা আছে, তাদের সংখ্যা প্রায় ৪০ লক্ষ এবং তাদের উপর নির্ভরশীল মানুষের সংখ্যা পশ্চিমবঙ্গ রাজ্যের জনসংখ্যার প্রায় অর্ধেক। সেই হাকিম শেখ ও রামাকৈবর্তের দল যারা আছে, তাদের কল্যাণের জন্য কেন বিধানসভায় কোন বিল এলো না সেটা আমি বুঝতে পারছি না। যে সংখ্যাগরিষ্ঠের কল্যাণের কথা গণতন্ত্রে বলে থাকি গণতন্ত্রের সেই সংখ্যাগরিষ্ঠের কল্যাণের কথা এখানে নাই, তাদের সম্পূর্ণভাবে উপেক্ষা করে এই বিল আনা হয়েছে। এর জন্য আমি ব্যক্তিগতভাবে মর্মাহত। যদিও জানি শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য্য তাঁর এই কৃষি শ্রমিক ও অসংগঠিত শ্রমিকদের জন্য দরদের অবধি নাই, তাঁর চিন্তারও অবধি নাই এবং তিনি সবসময় চেষ্টা করছেন। দিল্লীতে গিয়েও তিনি এই সম্পর্কে কেন্দ্রের কাছে আলোচনা করছেন, কথাবার্তা হচ্ছে। আমি বলছি যদি সত্যিকারের কল্যাণ করতে হয়, কল্যাণকে আনতে হয়, তাহলে যারা হচ্ছে সমাজের সংখ্যাগরিষ্ঠ এবং যারা দীনদরিদ্র মজদুর, যাদের জীবনযাত্রার মান বলে কোনকিছু নাই, তাদের পেছনে সর্বাগ্রে সরকারকে দাঁড়ান উচিত। তাদের পেছনে আজকে সরকার না দাঁড়িয়ে কেবলমাত্র সংগঠিত শক্তিশালী কয়েক লক্ষ শ্রমিকদের পাশে দাঁড়িয়ে সমাজের বৃহত্তর মঙ্গল এই বিলের দ্বারা সাধন করা সম্ভবপর নয়। আমি আশা করি শ্রমমন্ত্রী মহাশয় এদিকে লক্ষ্য রাখবেন।

আর একটী কথা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকথা আলোচনা করা হয়েছে। আজকে যে বিল এখানে আলোচিত হচ্ছে তখন দেখতে পাচ্ছি একটী সংবাদপত্রের কর্মীরা তিলে-তিলে মৃত্যুমুখে চলে পড়ছে। মণীন্দ্র নাথ মুখার্জী সহ ৩জন বসুমতীর শ্রমিক যারা জীবন দিয়েছে, তাদের কয়েক লক্ষ টাকা শ্রমিক এবং সাংবাদিকদের বসুমতী কোম্পানীর পরিচালন কর্তৃপক্ষ হরণ করেছে। একবছর হয়ে গেল, আজও তারা মৃত্যুর পরোয়ানা হাতে নিয়ে লড়াই করছে। শ্রমিকদের কল্যাণ সম্পর্কে কথা বলতে গিয়ে—এই যে বসুমতী সংবাদপত্র—সেই সংবাদপত্রের সাংবাদিকদের এবং অসাংবাদিক কর্মচারীদের বাঁচাবার জন্য যদি আজকে সরকার কোন ব্যবস্থা করতেন তাহলে নিশ্চয়ই বিধানসভার মাননীয় সভ্যরা সরকারকে দু-হাত তুলে আশীর্বাদ করতেন। কিন্তু দুঃখের বিষয় শ্রমিককল্যাণ সম্পর্কে বলতে গিয়ে আজকে যখন চোখের সামনে দেখছি কলকাতার বুকে একটী প্রতিষ্ঠান তিলে তিলে মৃত্যুর দিকে এগিয়ে চলেছে; আর তার শ্রমিকরা মৃত্যুর দিন গুনছে। যাঁরা চালাচ্ছেন বসুমতী, তাঁরা চালাতে আর পারছেন না। তার সম্পর্কে সরকার আজ নির্বিকার, নীরব, কোন কথাই সরকার বলছেন না। আজকে নিশ্চয়ই শ্রমদপ্তরের মন্ত্রীমহাশয়ের কাছ থেকে বা প্রতিমন্ত্রীর কাছ থেকে এই নীরবতা ও নিষ্ক্রিয়তা আমি আশা করতে পারি না। যদিও এই বিলের সঙ্গে এটা সংশ্লিষ্ট নয়, তবুও যেহেতু এটা একটা গুরুত্বপূর্ণ এবং জরুরী বিষয়, তাই আমি এই কথাগুলো বলছি। বসুমতীর শ্রমিক-কর্মচারীদের রক্ষার জন্য সরকার এগিয়ে আসুন।

এই বিলের সমালোচনা করতে গিয়ে সি-পি-আই-এর বন্ধুরা অনেক কথা বলেছেন। বিপ্লব তো ডিহিদারবাবু তা দিচ্ছেন। আজকের এই বিধানসভায় প্রফুল্লবাবু বিপ্লব করলেন। আর একটু আগে বিপ্লব করেছিলেন নিরঞ্জন ডিহীদার মশায়। তিনি একেবারে বিপ্লবের নামে রেলওয়ে শ্রমিকদের ধর্মঘট আহ্বান করে ফেললেন এই বিল সম্পর্কে আলোচনা

করতে গিয়ে। এদের তো বিপ্লবের কোন ফসল নাই. কোন জনসমর্থন নাই, বিপ্লব করার দায়ত্ব নাই, অধিকার নাই। এদের কেবল আছে বন্ধ্যা বিরোধিতার কৌশল। এই বিরোধিতার কৌশল দিয়ে এঁরা সস্তায় বাজিমাৎ করতে চাচ্ছেন; সস্তায় কিস্তিমাৎ করতে চাচ্ছেন। জিজ্ঞাসা করতে পারি কি মহামতি লেনিন নভেম্বর বিপ্লবের পর যখন ১০ বছর ধরে সোভিয়েত রাশিয়াতে বা তার বেশী সময় ধরে চালিয়েছিলেন, তখন লক্ষ লক্ষ মানুষ দুর্ভিক্ষে মারা যান নি? জিজ্ঞাসা করতে পারি কি রুশবিপ্লবের পরে একটা ঘরে ১৮ জন শ্রমিক বাস করতেন না? ভানুমতীর খেল বা ছু'-মন্তর দিয়ে কোনদিন কোন কল্যাণ করা সম্ভবপর হয়নি। জিজ্ঞাসা করতে পারি কি কোন সি-পি-আই বন্ধুকে ঐ পরনির্ভর দুশো-বছর পরাধীনতার শৃঙ্খলে আবদ্ধ, যাদের অর্থনীতি বলে কিছু ছিল না, সেই ভারতবর্ষ যখন স্বাধীন হলো তখন কৃষিতে, কলে, কারখানায় উৎপাদন বৃদ্ধির জন্য একটী কথাও কমুনিষ্ট পার্টীর পক্ষ থেকে কোনদিন বলা হয়েছে? কোনদিন কি বলা হয়েছে এই দীনদরিদ্র জন্মভূমি এটা আমাদের মাতৃভূমি এবং এর লক্ষ লক্ষ দীনদরিদ্র মানুষ আমাদের আত্মার আত্মীয়, ভাই? ঐ দারিদ্র-লাঞ্ছিত ও ক্ষুধ-জর্জরিত এই মাতৃভূমির কল্যাণের জন্য আসুন আমরা সোভিয়েত রাশিয়ার মহামতি লেনিনের আদর্শে কঠোর পরিশ্রমের দ্বারা দেশকে তৈরী করি? একথা তো আপনারা কোনদিন বলেন নাই। কেবল এখন বড় বড় কথা বলে তো লাভ হবে না। ঠাকুর রামকৃষ্ণের কাছে একসময় এক পাগল আসতেন। একদিন পাগলকে ঠাকুর একটা কাজ করতে বললেন। তাতে পাগল বল্লে— আমি কেবল খাই-দাই বগল বাজাই—কাজতো কিছু বুঝি না। ঠাকুর বললেন—শালা, বলে কি রে! আমাদের সি-পি-আই বন্ধুরাও তেমনি জীবনে কোন কাজ করে না, খায়-দায় বগল বাজায়—আর কংগ্রেসের সমালোচনা করেন। পেছনে জনসমর্থন কিছু নাই—খালি শ্রমমন্ত্রীকে উপদেশ দেন। এই হচ্ছে তাদের কাজকর্ম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আপনার কাছে নিবেদন করতে চাই—সে কথাটা হচ্ছে এই যে আজকে একথা সত্যি হয়ে দাঁড়িয়েছে যে আজকের সরকার এব আজকের শ্রমমন্ত্রী তাঁর দৃষ্টিভঙ্গী ও চরিত্র সম্পর্কে কারো কোন সন্দেহ নাই। আইন তৈরী হচ্ছে ঠিকই; এই অধিকার কে দেবে, কে বলবৎ করবে, সংসদে গৃহীত এবং বিধানসভায় গৃহী বিধি এবং আইন? বলবৎ করবেন গণতান্ত্রিক দুনিয়ায় একমাত্র জবাব সরকার—আমি কি জিজ্ঞাসা করতে পারি এত শ্রমিককল্যাণ আইন তৈরী করেছেন, বলবৎ করার ক্ষেত্রে কি ক্ষমতা গ্রহণ করেছেন মাননীয় শ্রমমন্ত্রী? আজকে পর্যন্ত শ্রম দপ্তর মালিকদের কাছে একটা পোষ্ট অফিস ছাড়া কিছু নয়, এখন পর্যন্ত কনসিলিয়েসন করা ছাড়া অন্য কোন ক্ষমতা এদের দপ্তরের হাতে নেই। ভারত রক্ষা আইন প্রয়োগ করছেন তার জন্য আপনাকে সাধুবাদ জানাই, পুঁজিপতিদের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছেন তারজন্য আপনাকে অভিনন্দন জানাই। আমি স্বীকার করি মাননীয় শ্রমমন্ত্রী আইন তৈরী করছেন, কিন্তু আইন বলবৎ করার ক্ষেত্রে কোন ক্ষমতা হাতে গ্রহণ করেন নি। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় অনেক কল্যাণমূলক আইন তৈরী করেছেন, এখন বলবৎ করার জন্য সত্যিকারের ক্ষমতা শ্রমদপ্তর গ্রহণ করবেন—এই আশা এবং বিশ্বাস রেখে আমি এই বিলকে সর্বতোভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্।।

Mr. Speaker : Honourable members, we are discussing on a motion that the Bill be taken into consideration. What will be the scope of our discussion has been detailed in Rule 76. It is specifically stated there that our discussion must be with regard to the principle of the Bill and its provisions may be discussed generally, but the details of the Bill shall not be discussed at this stage. This is a very limited sphere on which we can travel in our discussion. You are transgressing the limit set out in Rule 76 of our Rules of Procedure and Conduct of Business. So, I draw your attention to try to confine your discussion within the limit of Rule 76.

I now call upon Shri Sisir Kumar Ghosh to speak.

[5-20—5-30 p.m.]

Shri Sisir Kumar Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ওয়েস্টবেঙ্গল লেবার ওয়েলফেয়ার বিল মাননীয় শ্রমমন্ত্রী এনেছেন সেই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমার একটি কথা মনে পড়ছে সেটা হচ্ছে এই, যখন ই, এস, আই, স্কীম শ্রমিকদের কল্যাণের জন্য আনা হয়েছিল, সেই ই, এস, আই, স্কীম আনার সময় এই হাউসের তৎকালীন সভ্যরা অনেক আশা ভরসা পেয়েছিলেন যে ই, এস, আই, স্কীম যথাযথভাবে পরিচালিত হবে, শ্রমিকদের কল্যাণ হবে এবং শ্রমিকরা যথেষ্ট সুযোগ সুবিধা পাবে। মাননীয় শ্রমমন্ত্রী হয়ত বলবেন যে এটা ই, এস, আই, স্কীমের বাজেট নয়। কিন্তু শ্রমিক কল্যাণের সাথে যুক্ত বলেই আমি ই, এস, আই, স্কীমের কথা না বলে পারছি না।

Dr. Gopal Das Nag : Sir, the E.S.I. Scheme is a Social Security measure and it is a Central Act.
তার সঙ্গে এর কোন সম্পর্ক নাই।

Mr. Speaker : Under the rules, in case of a statute that has been passed by the Central Government and a statute that has been passed by the State Assembly, we cannot criticise that Act unless there is a substantive motion before the House. When there is no substantive motion we cannot criticise any such thing.

Shri Sisir Kumar Ghosh :

মিঃ স্পীকার স্যার, আইনের সমালোচনা করিনি। কিন্তু সেই যে স্কীম সম্পর্কে আমর যা আশা করেছিলাম সেই আশা ফলবতী হয়নি। এই কথাই আমি বলতে চেয়েছিলাম আমি উদাহরণ দিতে পারি অনেক শ্রমিক কল্যাণের জন্য যে আশা আমরা করেছিলাম মালিক শ্রেণীর যোগসাজসে সেটা চূর্ণবিচূর্ণ হয়ে গেছে অনেককিছু বাধাপ্রাপ্ত হয়েছে— সেদিকে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি রাখার জন্য আবেদন করছি। সেই স্কীমের যে ভাল দিকগুলি ছিল তা বন্ধ হয়ে গেল ওষধ পেল না, হাসপাতালের ব্যবস্থা হোল না। এখন পশ্চিমবঙ্গ সরকার বলে দিচ্ছে যে টোট্যাল ওয়ার্কারদের মধ্যে যেন ৬ পারসেন্ট-এর বেশী সিকনেস সার্টিফিকেট না দেওয়া হয়। এই হচ্ছে পরিস্থিতি এবং এই পরিস্থিতিতে আজকে এই বিলকে বিচার করে দেখতে বলছি। বর্তমানে যে বিলটি এনেছেন এর পরিণতি কি হবে? কিভাবে পশ্চিমবাংলার শ্রমিক জনসাধারণকে উপকার করবেন তা পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ নিশ্চয় জানেন। শ্রমিক কল্যাণ বিল এসেছে বলে আনন্দে দিশাহারা হয়ে গেলাম--কিন্তু তাতে কি আমাদের কষ্ট লাঘব হবে? শ্রমিকদের ভবিষ্যতে উন্নতির জন্য এবং আগামী দিনে মালিকদের বিরুদ্ধে যে লড়াই, আমাদের যে সংগ্রাম তাকে কি আগিয়ে নিয়ে যেতে পারবো? আমর কি চাই? আমরা চাই শ্রমিক লড়বে সেই লড়াইয়ে মালিক যেন চূর্ণবিচূর্ণ হয়ে যায় এই আশাই আমরা করি। এই বিলের মাধ্যমে যে ফান্ডের ব্যবস্থা হোল সেই ফান্ডের টাকার ব্যবস্থা কি হবে যখন সেই কারখানা ক্লোজার হবে, স্ট্রাইক হবে, শ্রমিকের টেমপুরারী ডিসমিস্যাল হবে, লক আউট হবে? তখন এই ফান্ডের টাকা যদি শ্রমিক-মালিক বিরোধ সম্পর্কে লড়তে না পারি কি হবে? এর জন্য শ্রমিক-মালিকের বিরুদ্ধে যাতে লড়তে পারে সেই ব্যবস্থা এতে রাখতে হবে এবং সেই ব্যবস্থা করলে সত্যিকারের শ্রমিককল্যাণ হোত বলে মনে করি। পশ্চিমবাংলায় যে নীড-বেসড ওয়েজ সম্পর্কে যে অবস্থা রয়েছে তাতে শ্রমিকরা হতাশ হয়েছে—তারা আজকে যে আর্থিক অবস্থার মধ্যে টিকে রয়েছে এই শ্রমিকশ্রেণী সেদিকে দেখুন। আজকে পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ খেলাধুলার সুযোগ পাবে, ফ্রি রিডিং রুম পাবে, এনটারটেনমেন্ট পাবে, এগুলি দিয়েছেন তাতে কোন প্রশ্ন নাই। কিন্তু এ দিয়ে কি শ্রমিক বাঁচবে? তাদের আজকে সেই লড়াইয়ের উপাদান যুগিয়ে দিতে হবে। আজকে প্রতিটি কারখানায় তাদের যেসব অন্যান্য ফান্ড এবং এই যে ফান্ডের ব্যবস্থা হচ্ছে সে সম্পর্কে তারা যাতে লড়াই করার

সুযোগ সেটা যদি করতে পারতেন তাহলে নিশ্চয় এই বিলকে আমরা পূর্ণ সমর্থন করতাম মিঃ স্পীকার স্যার, স্বভাবতঃ প্রশ্ন আসে বারবার যে এই যে ই,এস,আই জনিত বিভিন্ন মালিকদের যে টাকা বাকী পড়ে আছে এবং সেই টাকা নিয়ে যে মালিকরা ব্যবসা করছে বর্তমানে শ্রমিকদের যে থেকে ফান্ড আদায় হবে সেই টাকাতেও ঐ মালিকরা ব্যবসা করবে। আজকে খড়দা জুট মিলের ই,এস,আই-এর ১০ লক্ষ টাকা বাকী আছে, ইন্ডিয়ান অক্সিজেনের মত বিদেশী কোম্পানীর ৩ লক্ষ টাকার উপর বাকী আছে, বৃটানিয়া ইঞ্জিনীয়ারিং কোম্পানীর ২ লক্ষ ৪৪ হাজার টাকা বাকী রয়েছে। যেসব ঔষধ দেবার কথা একটু চিন্তা করে দেখুন যে ওয়ার্কারদের টি,বি, হয়। তাদের খাদ্যের ই,এস,আই-এর চার্ট আছে।

যদি কোন ওয়ার্কারের টি, বি হয় সেই টি,বি হওয়ার সাথে সাথে কারখানা থেকে ৫০ পারসেন্ট ওয়েজ দিয়ে দিল। অর্থাৎ যেখানে বেশি মাইনে পাওয়া উচিত ছিল, তার ডায়েটের জন্য বেশি টাকা পাওয়া উচিত ছিল যাতে ওই রোগ সারে আরও অর্থের প্রয়োজন ছিল সেখানে ৫০ পারসেন্ট তার ওয়েজ হয়ে সে কোন মতে নিজে এবং সংসার প্রতিপালিত করতে পারছে না। এই যখন পরিস্থিতি আমি নিশ্চয় বিশ্বাস করি মাননীয় শ্রমমন্ত্রীর উচিত ছিল যাতে যাদের টি,বি হবে তাকে ওয়েলফেয়ার ফান্ড থেকে তাদের সাহায্য করা হবে এবং সেইভাবে সাহায্য করা উচিত যাতে সে নূতন জীবন নিয়ে আসে। আপনি দেখেছেন পশ্চিমবঙ্গে শ্রমিকের অবস্থা কি! এখানে শ্রমিকদের মালিকরা এমনভাবে রেখে দিয়েছে যে কোন মতে খেয়ে এসে উৎপাদন করতে পারে। সেইরকম ব্যবস্থা এমন পরিস্থিতি করে রেখে দিয়েছে। এখন খাদ্যও জোগাড় করতে পারছে না যখন চার টাকা চাল। যখন এই পরিস্থিতি তখন শ্রমিকদের স্বার্থে বিল আরও সুন্দরভাবে, সুস্থভাবে নিয়ে আসলে ভাল হত। সেই ই,এস,আই বোর্ডের চেহারাটা দেখেছেন। সেখানে মালিকেরা লক্ষ লক্ষ টাকা বাকি রেখে দিয়েছে। এই যে বোর্ড তৈরী হবে এখানে এমপ্লইদের ফিফটি পারসেন্ট মেম্বার থাকা উচিত এবং মালিক পক্ষের কোন মতেই টোয়েনটি পারসেন্টের বেশি থাকা উচিত নয় এবং ডিফলটার মালিক যারা ই, এস, আইয়ের টাকা জমা দেয়নি তারা যেন কোনমতে বোর্ডের মেম্বার না হতে পারে। আমি একথা বলবো—শ্রমিকের কল্যাণের দায়িত্ব এবং উৎপাদন ক্ষমতা রক্ষার দায়ীত্ব সরকারের এবং মালিকপক্ষের। তাই শ্রমিকের কল্যাণের জন্য যে টাকা সেটা পুরোপুরি দেওয়া উচিত মালিকপক্ষকে। বহু জায়গায় মালিকপক্ষই শ্রমিকের কল্যাণের জন্য টাকা দেয়। সেটা আমরা এখানেও চাই। এখানে শ্রমিকদের যে ৫০ পয়সা ধরা হয়েছে আমি আশা করি শ্রমমন্ত্রী এই সভায় বলবেন বলে আশা করি যে শ্রমিকদের কাছ থেকে এই পয়সা নেওয়া হবে না। যদি কোন শ্রমিক অসুস্থ হয়ে পড়ে তাহলে এই ফান্ডের এমন ব্যবস্থা হওয়া উচিত যাতে তার বেতনের ৭৫ ভাগ সেই অসুস্থ শ্রমিকদের দেওয়া উচিত। ক্লোজার এবং লক-আউটের সময় শ্রমিকরা যাতে ওয়েজের ৭৫ ভাগ পায় তার ব্যবস্থা করা উচিত।

[5-30—5-40 p.m.]

আমাদের সভ্য নিরঞ্জনবাবু বলেছেন, গ্রেট ব্রিটেনে সেখানকার শ্রমিকরা কিভাবে এই ওয়েলফেয়ার ফাণ্ড-এর সুযোগ নিয়ে সরকারের সাহায্যের সুযোগ নিয়ে, মালিকপক্ষের সুযোগ নিয়ে কিভাবে লড়ছে এবং ঐ লড়াইয়ে কিভাবে একটা সরকারের পতন ঘটিয়ে দিলো। অর্থাৎ সেখানকার শ্রমিকের যে অধিকার সেই অধিকার তারা প্রতিষ্ঠা করেছিল। এর প্রমাণ আপনাদের কাছে আছে। মাননীয় স্পীকার স্যার, আমি একথা বলতে চাই, শ্রমিক স্ট্রাইক করে তার শেষ অস্ত্র হিসাবে, যখন তাদের আর কোন রাস্তা থাকে না। যখন মালিকদের নিষ্পেষণে বারবার নিষ্পেষিত হয় তখন স্ট্রাইক করে। এই অবস্থায় যদি স্ট্রাইক করতে বাধ্য হয় তাহলে যেন সেই শ্রমিক অন্ততঃ বেতনের শতকরা ৫০ ভাগ এই ওয়েলফেয়ার ফাণ্ড থেকে পেতে পারে সেই ব্যবস্থা থাকা উচিৎ। আর একটা কথা বলতে চাই, লক-আউট-এর কথা বারবার বলা হয়েছে। লক-আউট আমরা জানি যে মালিকপক্ষের শয়তানিতে বেশীর ভাগ হয়ে থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেকথা বলছিলাম যে গতকাল এই খড়দাহ জুট মিলে ১০ লক্ষ টাকা ই, এস, আই-র বাকী আছে।

[5-20—5-30 p.m.]

Shri Sisir Kumar Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ওয়েস্টবেঙ্গল লেবার ওয়েলফেয়ার বিল মাননীয় শ্রমমন্ত্রী এনেছেন সেই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমার একটি কথা মনে পড়ছে সেটা হচ্ছে এই, যখন ই, এস, আই, স্কীম শ্রমিকদের কল্যাণের জন্য আনা হয়েছিল, সেই ই, এস, আই, স্কীম আনার সময় এই হাউসের তৎকালীন সভ্যরা অনেক আশা ভরসা পেয়েছিলেন যে ই, এস, আই, স্কীম যথাযথভাবে পরিচালিত হবে, শ্রমিকদের কল্যাণ হবে এবং শ্রমিকরা যথেষ্ট সুযোগ সুবিধা পাবে। মাননীয় শ্রমমন্ত্রী হয়ত বলবেন যে এটা ই, এস, আই, স্কীমের বাজেট নয়। কিন্তু শ্রমিক কল্যাণের সাথে যুক্ত বলেই আমি ই, এস, আই, স্কীমের কথা না বলে পারছি না।

Dr. Gopal Das Nag : Sir, the E.S.I. Scheme is a Social Security measure and it is a Central Act.

তার সঙ্গে এর কোন সম্পর্ক নাই।

Mr. Speaker : Under the rules, in case of a statute that has been passed by the Central Government and a statute that has been passed by the State Assembly, we cannot criticise that Act unless there is a substantive motion before the House. When there is no substantive motion we cannot criticise any such thing.

Shri Sisir Kumar Ghosh :

মিঃ স্পীকার স্যার, আইনের সমালোচনা করিনি। কিন্তু সেই যে স্কীম সম্পর্কে আমর যা আশা করেছিলাম সেই আশা ফলবতী হয়নি। এই কথাই আমি বলতে চেয়েছিলাম আমি উদাহরণ দিতে পারি অনেক শ্রমিক কল্যাণের জন্য যে আশা আমরা করেছিলাম মালিক শ্রেণীর যোগসাজসে সেটা চূর্ণবিচূর্ণ হয়ে গেছে অনেককিছু বাধাপ্রাপ্ত হয়েছে—সেদিকে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি রাখার জন্য আবেদন করছি। সেই স্কীমের যে ভাল দিকগুলি ছিল তা বন্ধ হয়ে গেল ওষধ পেল না, হাসপাতালের ব্যবস্থা হোল না। এখন পশ্চিমবঙ্গ সরকার বলে দিচ্ছে যে টোট্যাল ওয়ার্কারদের মধ্যে যেন ৬ পারসেন্ট-এর বেশী সিকনেস সার্টিফিকেট না দেওয়া হয়। এই হচ্ছে পরিস্থিতি এবং এই পরিস্থিতিতে আজকে এই বিলকে বিচার করে দেখতে বলছি। বর্তমানে যে বিলটি এনেছেন এর পরিণতি কি হবে? কিভাবে পশ্চিমবাংলার শ্রমিক জনসাধারণকে উপকার করবেন তা পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ নিশ্চয় জানেন। শ্রমিক কল্যাণ বিল এসেছে বলে আনন্দে দিশাহারা হয়ে গেলাম--কিন্তু তাতে কি আমাদের কষ্ট লাঘব হবে? শ্রমিকদের ভবিষ্যতে উন্নতির জন্য এবং আগামী দিনে মালিকদের বিরুদ্ধে যে লড়াই, আমাদের যে সংগ্রাম তাকে কি আগিয়ে নিয়ে যেতে পারবো? আমর কি চাই? আমরা চাই শ্রমিক লড়বে সেই লড়াইয়ে মালিক যেন চূর্ণবিচূর্ণ হয়ে যায় এই আশাই আমরা করি। এই বিলের মাধ্যমে যে ফান্ডের ব্যবস্থা হোল সেই ফান্ডের টাকার ব্যবস্থা কি হবে যখন সেই কারখানা ক্লোজার হবে, স্ট্রাইক হবে, শ্রমিকের টেমপুরারী ডিসমিস্যাল হবে, লক আউট হবে? তখন এই ফান্ডের টাকা যদি শ্রমিক-মালিক বিরোধ সম্পর্কে লড়তে না পারি কি হবে? এর জন্য শ্রমিক-মালিকের বিরুদ্ধে যাতে লড়তে পারে সেই ব্যবস্থা এতে রাখতে হবে এবং সেই ব্যবস্থা করলে সত্যিকারের শ্রমিককল্যাণ হোত বলে মনে করি। পশ্চিমবাংলায় যে নীড-বেসড ওয়েজ সম্পর্কে যে অবস্থা রয়েছে তাতে শ্রমিকরা হতাশ হয়েছে—তারা আজকে যে আর্থিক অবস্থার মধ্যে টিকে রয়েছে এই শ্রমিকশ্রেণী সেদিকে দেখুন। আজকে পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ খেলাধূলার সুযোগ পাবে, ফ্রি রিডিং রুম পাবে, এনটারটেনমেন্ট পাবে, এগুলি দিয়েছেন তাতে কোন প্রশ্ন নাই। কিন্তু এ দিয়ে কি শ্রমিক বাঁচবে? তাদের আজকে সেই লড়াইয়ের উপাদান যুগিয়ে দিতে হবে। আজকে প্রতিটি কারখানায় তাদের যেসব অন্যান্য ফান্ড এবং এই যে ফান্ডের ব্যবস্থা হচ্ছে সে সম্পর্কে তারা যাতে লড়াই করার

২৬ বছর পরেও যদি আজকে একথা আমাদের সামনে আলোচনার জন্য আসে যে পশ্চিম-বাংলার শ্রমিকশ্রেণীর মধ্যে অনাহারে মৃত্যু হচ্ছে, কলকারখানায় বেকার সৃষ্টি করে মারার চেষ্টা হচ্ছে, নিশ্চয়ই এটা গৌরবের কথা নয়, আনন্দের কথা নয়, এটা অত্যন্ত বেদনার বস্তু।

দরিদ্র দেশ আমাদের, এই দেশে যত বেশী সমস্যা, সব সমস্যা একেবারে সমাধান করা যাচ্ছে না, এই কথা আমরা উপলব্ধি করি, এই কথা আমরা বিশ্বাস করি। কিন্তু এই সমস্যার বিরুদ্ধে সংগ্রাম করার সততা আমরা রাখি, দেশের মানুষ যদি এই কথা বিশ্বাস করেন তাহলে সংগ্রাম করে আনন্দ আছে, দেশের মানুষের কাছে নিজের সংগ্রামী রূপ তুলে ধরার একটা আনন্দ আছে। এই বিলের মারফত পশ্চিমবাংলার শ্রমিকদের কল্যাণের জন্য একটা ফাণ্ড সৃষ্টি হচ্ছে, এই ফাণ্ডে কে কত দেবেন, ৬ মাসে ৫০ পঃ মালিকরা দেবেন, ৫০ পঃ শ্রমিকরা দেবেন, ৫০ পঃ গভর্নমেন্ট দেবেন এবং এই ১'৫০ পঃ দিয়ে একটা ফাণ্ড তৈরী হবে। এই ফাণ্ড দিয়ে লোকেদের কল্যাণ হবে, তারজন্য স্টেটমেন্ট অব অবজেক্ট্স এ্যাণ্ড রিজন্সে বলা আছে

It is necessary for them to have reasonable scope and opportunity for various forms of recreation and entertainment, games and sports, excursions, tours and other activities of corporate nature.

আমি শুধু এই কথা নিবেদন করতে চাইছি এক্সকার্শন নিয়শ্চই দরকার। মনের খোরাক পেটের খোরাক জোগানোর পরে মনের খোরাক জুগিয়ে দেওয়ার দায়িত্ব আজকের সরকারের আছে কিন্তু যে রাজ্যে, যে দেশে এখনও পর্য্যন্ত পেটের ক্ষুধা মেটানোর মত সাহসের কথা সরকার বলতে পারছে না সেখানে মনের ক্ষুধা দূর করার দায়িত্ব আমরা নিচ্ছি, এই কথা দেশের মানুষ যেমন বিশ্বাস করতে পারছে না, তেমনি আমরাও দোমনা হয়ে যাচ্ছি আমরা ঠিক পথে চলছি কি না। যে সব কাজ করার কথা স্টেটমেন্ট অব অবজেক্ট্স এ্যাণ্ড রিজিন্সে বলা হয়েছে এর মধ্যে কি সাহস করে আমরা এই কথা বলতে পারি যে কারখানায় গেম্স, এক্সকার্শন এর সংগে সংগে কো-অপারেটিভ সৃষ্টি করে তাদের জন্য রেশনের দোকান করে আমরা দিতে পারবো। আমরা কি বলতে পারবো শ্রমিকরা রেশন কার্ড অত্যন্ত সহজে পেয়ে যাবে এবং এই ওয়েলফেয়ার ফাণ্ড দিয়ে একটা রেশনের দোকান এবং অন্যান্য এ্যালায়েড জিনিষ তাদের কাছে পৌঁছে দেবার দায়িত্ব আমরা নেব। যদি আমরা এই কথা বলতে পারি শ্রমিকদের কাছে, যে তোমাদের জন্য রেশন দোকান এবং তোমাদের দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহ করার জন্য যে নিত্যপ্রয়োজনীয় জিনিষ দরকার, এই নিত্য-প্রয়োজনীয় দরকার জোগানোর জন্য এই ওয়েলফেয়ার ফাণ্ডকে নেওয়া হবে। আমি মনে করি পশ্চিমবাংলার সাধারণ মানুষ তো বটেই শ্রমিকরা বিশেষভাবে আমাদের আশীর্বাদ করবেন দুহাত তুলে। গেম্স, স্পোর্টর্স, এক্সকার্শন তাদের কাছে অত্যন্ত মূল্যবান হতে পারে যাদের পেটে কিছু আছে, যারা সাধারণভাবে বেঁচে থাকার সুযোগসুবিধা পাচ্ছে। কিন্তু যাদের অন্ন নেই, এই কথা অনস্বীকার্য, আজকে ব্ল্যাক মার্কেট ছাড়া স্ট্যাচুটারী এলাকার মানুষ বাঁচতে পারে না। সেই এলাকার মানুষের কাছে নিত্যপ্রয়োজনীয় জিনিস পৌঁছে দেওয়া হবে। কারখানা থেকে যারা লক্ষ লক্ষ টাকা মুনাফা লুটছে, ৫০ পঃ দান করে ৬ মাসে দায়িত্ব এড়িয়ে যাবেন, ওয়েলফেয়ার ফাণ্ড করে দেবেন এবং সেই ওয়েলফেয়ার ফাণ্ড ঠিকমত কাজে লাগলো কি লাগলো না এই দেখার দায়িত্ব কে নিচ্ছেন আমি জানি না, কারণ অতীতে অনেকগুলো বোর্ড হয়েছে এবং সেই বোর্ডের প্রত্যেকটি এনকোয়ারীর জন্য এনকোয়ারী কমিশন বসাতে হয়েছে। আর একটা এনকোয়ারী কমিশনের পথ আমরা এর মধ্যে দিয়ে খুলে দিচ্ছি কি না, সেটা এই বিলকে রূপায়িত করার আগে নিশ্চয়ই আমাদের বিবেচনা করে দেখতে হবে। আমাদের জানতে হবে কাদের কল্যাণের জন্য এটা করছেন, এটা ঠিকমত তাদের কাজে লাগবে কি না। আমি ই, এস, আই এর কথা বলছি না, আমি প্রভিডেণ্ড ফাণ্ডের কথা বলছি না, অত্যন্ত তিক্ত অভিজ্ঞতা আছে অতীতের, কিন্তু বর্ত্তমান পটভূমিতে দাঁড়িয়ে লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল সমর্থন জানাতে গিয়ে আমি একটা কথা না বলে পারছি না, যে যাদের কল্যাণের জন্য এটা করা হচ্ছে, আমাদের সমস্ত সদিচ্ছা সত্বেও যারা এর অংশীদার তারা আমাদের চেয়ে অত্যন্ত বুদ্ধিমান, তারা

আমাদের চেয়ে অত্যন্ত চালাক এবং -হিংস্র। তারা কিছুতেই সাধারণ মানুষকে ভালভাবে বাঁচতে দেবে না, তারা চক্রান্ত করে এই ফাণ্ডকে নিজেদের কাজে লাগাবে। অতীতে আমরা লেবার বাজেট আলোচনা করেছি, কোন খাতে খরচ হয়েছে, কিভাবে খরচ হয়েছে, আমরা সমস্ত আলোচনা করেছি। আমি জানি না বিলটা পড়ে যেটুকু বুঝলাম তাতে আমার মনে হয় বোর্ডের এই খরচ-খরচার ব্যাপারে বিধানসভায় আলোচনা করা আমাদের স্কোপ থাকবে না এবং যদি বিধানসভায় আলোচনা করার স্কোপ না থাকে তাহলে এই টাকা যে ৯।৬ হবে না তা কে বলতে পারে? কে আজকে স্পর্ধা করে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে দাঁড়িয়ে বলতে পারেন যে দুর্নীতির উর্ধে এই বোর্ডকে রাখা যাবে, চারিদিকে যখন দুর্ণীতিতে দেশ ছেয়ে গেছে, হতাশায় যখন সমাজ জীবন অন্ধকার কলুশিত হয়ে গেছে, ঠিক সেই মুহূর্তে এই কথা সাহস করে কে বলতে পারেন যে দুর্নীতিমুক্ত একটা বোর্ড গঠন করে পশ্চিমবাংলার শ্রমিককে আমরা উপহার দিতে পারবো?

[5-40—5-50 p.m.]

আমি পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীকে অভিনন্দন যেমন জানিয়েছি তেমনি সাবধানও করে দিতে চাই অত্যন্ত বিনয়ের সংগে যে এই বিলকে রূপায়িত করবার জন্য আরো পরিষ্কারভাবে, আরো দৃঢ়তার সংগে এমন কিছু বিধিনিষেধ সৃষ্টি করুন, যাতে করে যাদের কল্যাণের জন্য এটা করা হচ্ছে তাদের কল্যাণে এটা পুরোপুরি রূপায়িত করা যায়। আমি শুধু নিবেদন করতে চাই যে তিনি এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্ট এণ্ড রিজনস-এ মূলতঃ পরিষ্কারভাবে একটা আশ্বাস দিয়েছেন যা পশ্চিমবাংলার বিধানসভায় ২৫ বছরে কেউ দিতে পারেননি। এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্ট এণ্ড রিজনস-এ তিনি বলছেন

"For the proper development of the body and the soul, the labour".

আমার মনে হয় এই রিজন্স ঐতিহাসিক রিজন্স এবং এটা আমি পরিষ্কার করে বলতে চাই, বিশেষকরে আমাদের শ্রম মন্ত্রী বার বার করে বলেছেন

"For the proper development of the body and the soul, the labour, like any other human being".

এটা বলার জন্য আমরা গর্ব বোধ করছি। এটা আত্মার কল্যাণের জন্য ব্যবস্থা করা হচ্ছে ইত্যাদি যদি হয়, তাহলে আমি বিনীতভাবে জিজ্ঞাসা করছি গত কয়েকদিনে যারা ট্রেনের নীচে প্রাণ দিল, যারা এসিড খেয়ে অনাহারে মারা গিয়েছে, যারা চাকুরী করে মাইনে পায়নি, তাদের আত্মার সদ্‌গতি হবে কি? ডেভালপমেন্ট কি কারণে, না, তিনি বলেছেন, তাদের সোল দিয়ে বলেছেন সাধারণ মানুষের সোলের জন্য, আত্মার জন্য, এদের আত্মা এই মালিকদের চক্রান্তের জন্য নিস্পে ষিত হয়ে গিয়েছে, তাদের ঐ আত্মার কল্যাণের জন্য নিশ্চয়ই আমার মনে হয় এই ফাণ্ডের মাধ্যমে কোন ব্যবস্থা করা হবে। তারপর শ্রমিকদের সম্বন্ধে এখানে বলা হচ্ছে

"Like any other human being".

লেবার যে হিউম্যান বিয়িং এই প্রথমবার স্বীকার করা হলো। লেবার হিউম্যান বিয়িং এই স্বীকৃতি আমি মনে করি একটা বিরাট স্বীকৃতি এবং গণতন্ত্রের মাধ্যমে একটা বিরাট জয়-এর কথা জানান হচ্ছে। এই অবজেক্টস এ্যাণ্ড রিজন্স স্টেটমেন্টের মধ্যে দিয়ে যেখানে শ্রমিকদের প্রথম বলা হচ্ছে তারা হিউম্যান বিয়িং এবং এটা আমরা স্বীকার করে নিচ্ছি, এইজন্যই শুধু অভিনন্দন জানান যায় এই বিলকে এবং যারা এই বিল ড্রাফ্‌ট করেছেন তাদেরও আজকে অভিনন্দন জানাতে চাই, তারা আমাদের শ্রমিকদের হিউম্যান বিয়িং বলে স্বীকার করেছেন। আমি মনে করি এই সমস্ত নিশ্চয়ই অত্যন্ত আন্তরিকতার সংগে তুলে ধরা হয়েছে এবং যে আন্তরিকতার সংগে তুলে ধরা হয়েছে সেই আন্তরিকতাকে আমি সমর্থন জানাচ্ছি। শ্রমমন্ত্রীর কাছে একটা নিবেদন করছি, রুলের মধ্যে যেখানে টাকা পয়সার ব্যাপার আছে, একুমুলেটেড ফাণ্ডের কথা আছে, সেখানে একটি পয়েন্ট তুলে ধরতে চাইছি, বহু কারখানায় বিশেষতঃ চটকলে এবং অ্যান্য কারখানায় বহু আনক্লেমড ওয়েজেস নিশ্চিতভাবে জমা থাকে। সেই আনক্লেমড ওয়েজেস মালিকদের কাছে জমা

থাকে এবং মালিকরা সেখানকার অধিকর্তা, কর্তা ব্যক্তিরা তা ফাঁকি দেন এবং মেরে দেন। অডিটে ফাঁকি দেন, গভর্ণমেন্টকে ফাঁকি দেন, শ্রমিকদের ফাঁকি দেন, সেয়ারহোল্ডারদের ফাঁকি দেন।

Dr. Gopal Das Nag :

এ বিষয়ে বিলের মধ্যে আছে।

Shri Krishna Kumar Shukla :

ঐ আন ক্লেমড ওয়েজ সম্বন্ধে বিলে যেটা রেখেছেন সেটা সম্বন্ধে আমি বলছি। আমি বিলে যেটা দেখেছি এবং আমি যেটা বলছি, এককথা নয়। বহু শ্রমিক আছেন, যারা কোন কারণে মারা যান, এক্সিডেন্টে মারা যান, ডিসমিস হয়ে যান, তারা তাদের লাস্ট ওয়েজ পান না এবং লাস্ট ওয়েজের হিসাব মালিক কারো কাছে দেয় না, এটাই বাস্তব সত্য। লক্ষ লক্ষ টাকা বড় বড় কারখানার কর্তৃপক্ষ মেরে দিয়েছে এবং দিচ্ছে। এই টাকা যাতে বার করা যায় তারজন্য একটা মেশিনারি, তারজন্য একটা ব্যবস্থা শ্রম দপ্তরকে করতে হবে এটা আমি শ্রমমন্ত্রীর কাছে নিবেদন করছি। তারপর দুর্গাপুরে স্টিল প্রজেকট-এর মত বড় বড় কারখানা, যারা ভারত সরকারের দায়িত্বে আছে তারা এক্সকার্সন, স্পোর্টস্ ইত্যাদির যে ব্যবস্থা করেন, লেবার ওয়েলফেয়ার ফাণ্ড হয়ে গেলে, ট্রান্সফার হয়ে গেলে তারা ঐগুলি করবেন না বন্ধ করে দেবেন, এটা আমি মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি। যদি বন্ধ করে দেন তাহলে এক্সিসটিং ফেসিলিটিস কার্টেল করা হচ্ছে, আর যদি ওরা ঐগুলি চালু রাখেন তাহলে বলা যাবে যে এখানকার বড় বড় কারখানার শ্রমিকরা দুই দিক দিয়ে উপকৃত হবেন। আর ছোট কারখানার শ্রমিকদের দিকে তাকাবার কেউ থাকবে না। তাই আমি বলছি যে ভবিষ্যতে যাতে কোন এ্যানোমালি না থাকে, বৈষম্য না থাকে তারজন্য এই আইনকে আরো পাকাপোক্ত করে বিধানসভায় যাতে পরিবর্তন করা যায় তার ব্যবস্থা করা প্রয়োজন হয়ে পড়েছে।

আর একটা কথা বলেই শেষ করব। এই লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল নিশ্চয় একটা ভাল বিল। এই বিলকে সমর্থন করার সঙ্গে সঙ্গে মনের সন্দেহের কথাও বলছি। আমি মনে করছিনা যাদের হাতে এই বিলকে রূপায়িত করার দায়িত্ব দেওয়া হবে তারা অন্যান্য ব্যাপারে গাফিলতি করলেও এই ব্যাপারেও সেই একই পথ অনুসরণ করবে। শ্রমিকদের প্রতি যদি খুব দরদ থাকতো তাহলে হিউম্যান বিয়িং বলা হোত না। শ্রমিকরাও যে অন্যান্যদের মত হিউম্যান বিয়িং যেটা তারা এতদিন উপলব্ধি করেনি তাদের সেই মনোভাবা এইভাবে ফুটে উঠত না। সেজন্য আমি মনে করছি এই বিলকে রূপায়িত করার দায়িত্ব এমন লোকের হাতে দিন যিনি সাধারণ শ্রমিকদের কল্যাণের জন্য কাজ করবেন। যদি এই কাজ করতে পারি তাহলে এই বিলের উদ্দেশ্য সাধন করা হবে এবং পশ্চিম-বাংলার শ্রমিকদের কিছুটা কল্যাণ করতে পারব। তা নাহলে অতীতেও যেমন আন্তরিকতার সঙ্গে বহু বিল সমর্থন করেছি সেইরকমভাবে এই বিলকেও সমর্থন করব। কিন্তু এই বিল কাগজ চাপা পড়ে যাবে, শ্রমিকদের কোন কল্যাণ হবে না এবং শ্রমিকরা যে তিমিরে আছে সেই তিমিরেই থাকবে। এই কথা বলে এই বিলকে আমি সমর্থন করছি।

Shri Bhawani Paul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ শ্রমিককল্যাণ ফাণ্ড বিল সমর্থন করতে গিয়ে বলব যে দেরীতে হলেও আজ শ্রমিক কল্যাণের জন্য যে বিল এসেছে তা ভারতবর্ষের অন্যান্য প্রভিন্স-এ এইরকম বিল কাজ করছে। পশ্চিমবাংলার শ্রমিক কল্যাণ সম্পর্কে যেভাবে পশ্চিমবাংলার শ্রম দপ্তর বিভিন্ন জায়গায় কাজ করছেন তাতে এই বিল যদি কার্য্যকরী সেইভাবে হয় তাহলে আমার সন্দেহ হয় এর কার্য্যকরীও কতখানি হবে। পশ্চিমবাংলার যে সমস্ত শ্রমিককল্যাণ কেন্দ্রগুলি স্থাপিত হয়েছে তাতে শ্রমিকদের সামাজিক জীবনের সঙ্গে কোন সামঞ্জস্য নেই। এটা থাকার জন্য সত্যিকারের কোন কল্যাণ হয় না। চা বাগান এলাকায় যে সব শ্রমিককল্যাণ কেন্দ্রগুলি কাজ করছে সেখানে যে ধরনের সামাজিক পরি-বেশ সেই পরিবেশের বাহিরেই সমস্ত অনুষ্ঠানগুলি হয় তাতে শ্রমিকদের সঙ্গে তার কোন

সম্পর্ক থাকেনা। অতএব শ্রমিক কল্যাণের দৃষ্টিভঙ্গীর যদি পরিবর্ত্তন না করেন, তাদের সামাজিক ও মানষিকতার দিকে যদি দৃষ্টি না দেন তাহলে এই বিল ব্যর্থতার ইতিহাসে পরিণত হবে। আর্থিক উন্নতি করলেই শ্রমিকদের কল্যাণ করা যায় না। তাদের যদি মানষিক, সামাজিক এবং শিক্ষা ব্যবস্থা পরিপূর্ণভাবে না করা যায় তাহলে সরকারী আইন করে তাদের আর্থিক উন্নতি করলেই সেই বর্ধিত টাকা তাদের নিজেদের সামাজিক উন্নতির জন্য খরচ হয়না। সেজন্য আজ প্রয়োজন হয়েছে আর্থিক আন্দোলনের সংগে সংগে সামাজিক ও আত্মিক আন্দোলন করতে হবে। কিন্তু আমরা আন্দোলনকে সীমাবদ্ধ রাখতে চাই আর্থিক আন্দোলনের মধ্যে। আমার এক বন্ধু বললেন আমরা স্ট্রাইককে শেষ হাতিয়ার হিসাবে নিই। কিন্তু আমরা দেখেছি ইন্টার ইউনিয়ন রাইভ্যালরীতে নিজেকে প্রতিষ্ঠা করতে হলে প্রথম হাতিয়ার হিসেবে আমরা স্ট্রাইককে নিই।

স্ট্রাইকটাকে যদি শ্রম আন্দোলনের প্রথম ধাপ হিসাবে নিই তাহলে তাতে শ্রমিকদের ভাল করার চেয়ে খারাপ বেশী করা হয়। আজকে শ্রমিকদের শিক্ষা, দায়িত্ব, সামাজিকতা সম্বন্ধে যদি একটা সুনির্দিষ্ট মনোভাব গড়ে তুলতে না পারি তাহলে ইনডাষ্ট্রিতে তাদের যে দায়িত্ব আছে সেই দায়িত্ব তারা পালন করতে পারে না। সেজন্য সবথেকে বেশী প্রয়োজন তাদের মানসিকতা তৈরী করা, তাদের স্বাস্থ্য, শিক্ষার দিকে আমোদের নজর দেওয়া। আজকে ওয়েলফেয়ার ফাণ্ড সত্যিকারে কার্যকরী রূপ নেবে যদি তাকে তাদের শিক্ষা, স্বাস্থ্য এবং তাদের ট্রেনিং-এর দিকে নিয়ে যাওয়া যায় এবং যেজন্য এই বিল নিয়ে এসেছেন সেইদিকে অগ্রসর হতে পারা যাবে। আমরা দেখেছি ইমপ্লিমেন্টেসান যাদের হাতে থাকে তাদের ইণ্ডাষ্ট্রিতে কাজ করা শ্রমিকের সামাজিকতা মানসিকতা সম্বন্ধে ধারণা না থাকায় যেভাবে তাঁরা কার্যকৃম নেন তাতে সেটা শ্রমিক বিরোধী হয়ে যায়। তাই বলব ওয়েলফেয়ার ফাণ্ড ইমপ্লিমেন্টেসানের ব্যাপারে যে সমস্ত কর্মী থাকবেন তাঁরা যেন সত্যিকারে শ্রমিকদের সম্পর্কে ওয়াকিবহাল থাকেন এবং শ্রমিক আন্দোলনের সংগে জড়িত যাঁরা তাঁদের সংগে যেন কনসাল্ট করেন। বোর্ডের মেম্বার যেন তাঁরাই হন যাঁরা শ্রমিকদের সমস্যা সম্বন্ধে ওয়াকিবহাল এবং এই ধরণের কর্মীকে দিয়ে যেন ফাণ্ড ব্যবহার করান হয়। তারপর বিভিন্ন জায়গায় প্রভিডেন্ট ফাণ্ড, ই, এস, আই ফাণ্ড-এর ক্ষেত্রে অনেক মালিক টাকা দেয় না। মালিকরা যাতে টাকা ঠিকমত জমা দেয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। চা-বাগান প্ল্যানটেসান লেবার এ্যাকটে ওয়েলফেয়ারের যে মেজার আছে মালিক পক্ষ সেই প্ল্যানটেসান লেবার ওয়েলফেয়ার কার্যকরী করছে না। সেটাকে কার্যকরী করার জন্য সরকারকে দৃঢ় হস্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

Shri Chandra Kumar Dey:

মঃ স্পীকার, স্যার আজকে এই শ্রম কল্যাণ বিল সম্পর্কে আমার কতকগুলি মন্তব্য আছে। শ্রমিক কল্যাণ সাধন আমাদের পশ্চিমবঙ্গ সরকার করবেন এই সম্পর্কে নতুন করে কিছু বলার নেই, তবে শ্রমিক কল্যানের জন্য যে বিল আজকে আনা হয়েছে তার দিকে তাকিয়ে বর্তমান শ্রমিক সমাজ কতটা আশা লাভ করবে সে সম্পর্কে আমার সন্দেহ আছে। শ্রমিক কল্যানের প্রচেষ্টা পশ্চিমবঙ্গ সরকারের এটা নতুন নয়, অনেকদিন ধরে বিভিন্ন ওয়েলফেয়ার সেন্টারের মাধ্যমে পশ্চিমবঙ্গের শ্রমিকরা কল্যাণ লাভ করার আশা পেয়েছে। এই যে সামগ্রিক বিল আনা হয়েছে এতে পশ্চিমবঙ্গ সরকার কি চিন্তা করেছেন সেটা আমি উপলব্ধি করতে পারছি না, তবে আমার মনে হয় শ্রমিক সম্প্রদায় সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের যে নীতি রয়েছে সেই নীতি মূলগতভাবে খুব সফল হয় নি এবং যে ব্যর্থতা শ্রমিক পলিসির মধ্যে রয়েছে তাকে ঢাকবার জন্য এইরকম একটা সামগ্রিকভাবে বিল আনা হয়েছে বলে মনে হয়। শ্রমিকরা উপলব্ধি করছে এই বিলের ফলাফল তারা উপলব্ধি করতে পারবে বলে মনে হয় না। যে সমস্ত ওয়েলফেয়ার সেন্টারগুলি রয়েছে, বিভিন্ন স্কীম যেগুলি হয়েছে শ্রমিক কল্যানের জন্য সেগুলির যে কার্যক্রম আমরা

দেখেছি তাতে শ্রমিক সম্প্রদায় যে খুব সন্তুষ্ট, তাদের যে সমস্যা মিটে গেছে সে কথা পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তর খুব ভালভাবেই বলতে পারবেন। শ্রমিকদের নিচু মানের জীবনযাত্রা উন্নত করবার জন্য সরকারী নীতি যে কতখানি সফল হয়েছে তা আমরা সকলেই জানি। যাদের মানসিকতা, চাকরীর নিরাপত্তা সম্বন্ধে কোন চিন্তা নেই, যাদের জীবন সহজ সরল হতে পারে না, তাদের জীবনে এই ফাণ্ড কতখানি সার্থক হবে এই বিষয়ে আমার সন্দেহ আছে। যে সমস্ত স্কীম আছে সেই স্কীমের মাধ্যমে শ্রমিকদের নৈতিক জীবন যাত্রা, তাদের স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি সম্পর্কে সরকার বিশেষ যে প্রগতিমূলক চিন্তাধারা স্থাপন করতে পেরেছেন, তাদের মধ্যে সঠিক মূল্য আনতে পেরেছেন একথা বলতে পারি না।

আজকে আমরা দেখছি কোন শ্রমিক আহত হলে বা শরীরের দিক থেকে ক্ষতিগ্রস্ত হলে তাদের প্রাপ্য কম্‌পেনসেসন পেতে দেরী হয় এবং চাকরীর শেষে প্রভিডেন্ট ফান্ডের টাকা পেতে তাদের হয়রান হতে হয়। আমি মনে করি শ্রমিকদের মধ্যে এখনও যে সমস্ত সংকট রয়েছে সেটা দূরীভূত করা উচিত ছিল এবং এই ব্যাপারে যে স্কীম ছিল তার প্রতি আরও বেশী করে নজর দেওয়া উচিত ছিল। এই বিলের মাধ্যমে যে ব্যবস্থা করা হয়েছে তাতে দেখছি শ্রমিকদের জন্য রিক্রিয়েসনের ব্যবস্থা করা হবে এবং এই যে রিক্রিয়েসনের ব্যবস্থা করা হবে তাতে শ্রমিকদের আংশিকভাবে অর্থ দান করতে হবে। আমি এটা সমর্থন করতে পারছি না। আমি মনে করি এটা ম্যানেজমেন্টের তরফ থেকে দেওয়া উচিত ছিল। শ্রমিকদের জীবন সহজ করবার জন্য যে এই অর্থ ব্যয় করা হবে তার কোন প্রতিশ্রুতি নেই। শ্রম দপ্তরের নিজস্ব চিন্তাধারা অনুযায়ী এই বিল আনা হয়েছে কাজেই আমি মনে করি এই বিল ভালভাবে সার্কুলেট করা উচিত ছিল ম্যানেজমেন্ট এবং শ্রমিক-দের মধ্যে। এই জিনিস যদি করা হোত তাহলে আরও অনেক বেশী সাজেসন্স পাওয়া যেত এবং তার ফলে শ্রমিকদের চিন্তাধারা এর মধ্যে প্রতিফলিত হতে পারত। কিন্তু আমি দেখলাম সেই জিনিষ করা হয়নি। তারপরের কথা হচ্ছে, বড়বড় কারখানার মধ্যে যে সমস্ত শ্রমিকরা রয়েছে তাদের কল্যাণের একটা চিন্তাধারা এর মধ্যে রয়েছে এবং এটার মাধ্যমে তাদের কিছু হতে পারে। কিন্তু ছোট ছোট কারখানার কর্মচারী যারা রয়েছে, মোটর ট্রান্সপোর্টের কর্মচারী যারা রয়েছে বা ছোট ছোট এস্টাবলিসমেন্টের কর্মচারী যারা রয়েছে এর মাধ্যমে তাদের কিভাবে উপকার হবে সে বিষয় আমার সন্দেহ রয়েছে। কাজেই এই যে বিল আনা হয়েছে এটাকে আমি সামগ্রিকভাবে গ্রহণ করতে পারছি না। আমি মনে করি এই বিল আনার চেয়ে অন্যান্য যে সমস্ত জিনিসগুলি রয়েছে, যেমন ওয়েল-ফেয়ার স্কীম সেগুলি এনে শ্রমিকদের কাছে উপস্থিত করা উচিত ছিল এবং তার যথেষ্ট কারণও আছে। বর্তমানে শ্রমিকদের জীবনযাত্রা যেভাবে হতাশা নেমে এসেছে এবং তাদের আর্থিক ক্ষেত্রে যে দুরবস্থা চলছে তাতে এই নূতন ফাণ্ডে তাদের যদি চাঁদা হিসেবে টাকা জমা দিতে হয় তাহলে আমি মনে করি তাদের জীবনযাত্রার মান আরও নীচু হবে। আমি যেকথাগুলি বল্লাম আশাকরি শ্রমমন্ত্রী মহাশয় সেগুলি চিন্তা করে দেখবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Eleventh Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Eleventh Report of the Business Advisory Committee which at its meeting held on the 3rd April, 1974, in my chamber considered the question of dates and time for the disposal of legislative business and recommended as follows :—

Thursday, the 18th April, 1974 (1) The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974 (Introduction, Consideration and Passing)—2 hours.

(2) The West Bengal Electricity Duty (Amendment) Bill, 1974 (Introduction, Consideration and Passing)—2 hours.

Friday, the 19th April, 1974 — Motion under rule 185 regarding construction of Ship Building Yard at Haldia by Shri Ahindra Misra—2½ hours.

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, I beg to move that the Eleventh Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker : I think the motion is adopted.

(Voices—Yes)

The motion was then adopted.

[6-00—6-10 p.m.]

Shri Pradip Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল, ১৯৭৪ যে নূতন আইনটা বিবেচনার জন্য আনা হয়েছে আমি সেটা পূর্ণ সমর্থন করি। এই সভার কয়েকজন বক্তা তাদের বক্তব্যের মধ্যে দিয়ে এমন সমস্ত ভাব প্রকাশ করেছেন, মনে হচ্ছিল যে এই লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল সম্বন্ধে তারা সচেতন নন। অথবা কেন এটা তৈরী করা হয়েছে সে সম্পর্কে তারা কেউ ওয়াকিবহাল নন এবং তাদের জানবার আগ্রহও তাদের নেই। তারা আজকে এই বিলের আলোচনায় এমন কতকগুলি অপ্রাসংগিক বিষয়বস্তুর অবতারণা করেছিলেন যে অপ্রাসংগিক বিষয়বস্তুগুলি তারা লেবার সম্পর্কীয় যে কোন আলোচনায় টেনে নিয়ে আসবার চেষ্টা করেন এবং এক একটা জিনিষের যে বাস্তব দৃষ্টিভংগী আছে, যে দৃষ্টিভংগী থেকে তারা দূরে সরে দাঁড়ান। আমি তাই মাননীয় সদস্যদের কাছে আবেদন করব যে সমালোচনা করবার অধিকার নিশ্চয়ই আছে কিন্তু সেই সমালোচনা বাস্তবমুখী হওয়ার প্রয়োজন আছে। সি. পি. আই সদস্য মাননীয় ডিহিদার মহাশয় তাঁর বক্তব্যে ভাল ভাল কিছু বাংলা দিয়ে রুক্ষ মাটি এই সমস্ত বলে তিনি বোঝাবার চেষ্টা করেছিলেন। তাঁর বক্তব্যে ভালভাবে বাংলার রুক্ষ মাটি ইত্যাদি বলে ভাল ভাষা ব্যবহার করেছেন। এই সম্পর্কে আমরা কেউ ওয়াকিবহাল নই। আমি ডিহিদার মহাশয়কে বলব, রুক্ষ মাটি সম্পর্কে আমাদের ভাল জ্ঞান আছে, আমরা এ সম্পর্কে পরিচিত, রুক্ষ মাটি নিয়েই আমরা কারবার করি এবং রুক্ষ মাটিতে দাঁড়িয়েই এই বিলের কথা চিন্তা করি এবং রুক্ষ মাটিতে দাঁড়িয়ে এই বিলকে ইমপ্লিমেন্ট করবার কথা ভাবি। আমরা রুক্ষ মাটি দেখে ভয় পেয়ে পালিয়ে যাই না কিম্বা তারস্বরে চিৎকার করে আর্তনাদ করি না। আমরা মনে করি, এই জিনিষটা ফেস করা দরকার। এটাই হওয়া উচিত বিবেক-বান, বুদ্ধিমান, মানুষের কাজ। সুতরাং সে দিক থেকে আমরা এই কঠোর বাস্তব সমস্যাকে সমাধানের মানসিকতা নিয়েই এগিয়ে যাচ্ছি। স্যার, আপনি যদি এই বিলটা পড়েন তাহলে দেখবেন, আমরা এই বিলের মাধ্যমে কতকগুলি সুযোগ আনতে চেয়েছি, যা থেকে এখনও শ্রমিকরা বঞ্চিত আছেন। আমাদের যে প্রচলিত ধারা সেই ধারায় আমরা কোথাও ওয়েল-ফেয়ার সেন্টার, কোথাও মডেল ওয়েলফেয়ার সেন্টার করেছি কিন্তু আমরা দেখেছি যে এই ওয়েলফেয়ার কিম্বা মডেল ওয়েলফেয়ার সেন্টারগুলির মাধ্যমে আমরা সমস্ত শ্রমিক-শ্রেণীকে উপকৃত করতে পারছি না। আমাদের এখন পর্য্যন্ত যে ৫৬টির মতন লেবার ওয়েলফেয়ার সেন্টার আছে তার মধ্যে ২০টি মডেল ওয়েলফেয়ার সেন্টার আর ৩৬টি অর্ডিনারী ওয়েলফেয়ার সেন্টার। এই ওয়েলফেয়ার সেন্টারের মধ্যে অর্গানাইজড সেক্টার বেশী, আনঅর্গানাইজড্ সেক্টার খুব কম। আনঅর্গানাইজড সেক্টারে আমরা সবে মাত্র কাজ শুরু করেছি। ডাঃ নাগ আরো বলেছেন, দায়টা শ্রমিকদের। তিনি আরো বলেছেন, মানুষের কিছু সুকোমল বৃত্তিকে জাগিয়ে দিতে হবে। এই সুকোমল বৃত্তিকে জাগাবার জন্য উপযুক্ত পরিবেশ বা অবস্থা তৈরী করার জন্যই এই ওয়েলফেয়ার সেন্টারগুলি কাজ করছে। তাতে আমরা দেখছি, মাত্র তিন লক্ষের মত শ্রমিক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে উপকৃত হচ্ছেন।

কিন্তু আমরা জানি, এই তিন লক্ষ শ্রমিক বিরাট কিছু নয়। যদি আমরা কোন পরিকল্পনা না করি তাহলে আমাদের অসুবিধা হবে। তাই আমাদের সামগ্রিক দৃষ্টিভংগী নিয়ে এই দিকটার কথা চিন্তা করেছি। মাননীয় উপাধ্যক্ষ্য মহাশয়, তাই আমি যে কথা বলতে চাইছিলাম যে, স্বাভাবিকভাবে আমরা জানি, শ্রমিকদের জীবনে দুটি দিক আছে। একটা হচ্ছে, তার জৈব জীবনের দিক আর একটা হচ্ছে তার মানষিক ধারার দিক।

সাধারণতঃ গতানুগতিক ধারায় দৃষ্টিভংগী নিয়ে আমরা এখন পর্যন্ত শ্রমিক আন্দোলন করি। তাই শ্রমিক নেতারা স্বাভাবিকভাবে শ্রমিকদের উন্নতির মানে বোঝেন যে তাদের কিছু পাইয়ে দিলেই তাদের সমস্যার সমাধান হয়ে যায়। কিন্তু, উপাধ্যক্ষ মহাশয়, এই অভিজ্ঞতা আমার আছে বহু শিল্পে শ্রমিকদের মাইনে বাড়ানর পরেও, বহু শিল্পে শ্রমিকদের ডিয়ারনেস এ্যালাউন্স ইনক্রিজ করার পরেও আমরা দেখতে পাচ্ছি যে সেই সমস্ত জায়গায় তাদের দৃষ্টিভংগী, সমাজ সম্পর্কে দৃষ্টিভংগী কিম্বা মানুষের জীবন সম্পর্কে গতানুগতিক যে দৃষ্টিভংগী সেই দৃষ্টিভংগী পরিবর্তন হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জুট ইণ্ডাষ্ট্রির শ্রমিকদের জন্য এই সরকার ক্ষমতায় আসার পর শ্রমিকদের মাইনে বৃদ্ধি করা হয়েছিল এবং মাইনে যখন বৃদ্ধি করা হয় তারপর পশ্চিমবঙ্গের সমস্ত ট্রেড ইউনিয়ন সংস্থার পক্ষ থেকে অভিনন্দন জানান হয়েছিল কিন্তু কিছুদিন পর ঐ এলাকার কিছু সংখ্যক মজদুর ভাইকে যখন জিজ্ঞাসা করেছিলাম যে আমরা এই যে মাইনে বাড়ালাম এতে তোমাদের জীবনের কোন পরিবর্তন হয়েছে কিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন তাঁরা কিন্তু জানিয়েছেন যে তাঁদের কোন পরিবর্তন হয়নি। পরিবর্তন হয়নি এইজন্যই যে তাঁদের প্রচলিত যে জীবন সেই প্রচলিত জীবন ধারা থেকে তাঁরা কেউ বেরিয়ে আসবার সুযোগ পাচ্ছেন না। বাইরে বেরিয়ে আসবার সুযোগ তাদের করে দেওয়া হয়নি, বাইরে বেরিয়ে আসবার সুযোগ মালিকদের পক্ষ থেকে করে দেওয়া হয়নি এবং শ্রমিক আন্দোলনের যাঁরা নেতৃত্ব দেন তাঁরা, অকারণে কিম্বা কারণে জানিনা, তাঁরাও কিন্তু সেদিককার কথা বিবেচনা করেননি তাই তাঁদের কাছে শ্রমিক মংগল বলতে একটা মাত্র জিনিষই বোঝায় সেটা হচ্ছে তাদের কিছু পাইয়ে দেওয়া। কিন্তু এটা আমরা বিশ্বাস করি যে তাদেরকে কিছু পাইয়ে দিলেই সমস্যার সমাধান হয়না, তাদের ভিতর কিছু মৌলিক মানবিক দৃষ্টি আছে সেই মৌলিক বা মানবিক দৃষ্টিগুলো যেগুলি যন্ত্রের কাছাকাছি এসে কিম্বা গতানুগতিক ধারার মধ্যে এসে কিম্বা গতানুগতিক পরিস্থিতির মধ্যে পড়ে গিয়ে সেগুলি নষ্ট হয়ে যায়। সেই মানবিক অনুভুতিগুলি যদি জাগাতে হয় তাহলে তার মত উপযুক্ত পরিবেশ করে দিতে হবে। কারখানার সংগে জড়িত যে শ্রমিক ৮ ঘন্টা কয়লা নিয়ে কালি নিয়ে কাজ করে তারা নিশ্চয়ই সেই ৮ ঘন্টা কাজ করার সময় চিন্তা করার অবসর পায়না যে তাদের ব্যক্তিগত জীবনে কতখানি নূতন প্রতিভা আছে, তারা নিশ্চয়ই একথা ভাবেন না যে আমাদের ভিতরে কিছু মানবিক শক্তি আছে সেই শক্তিকে যদি আমরা প্রকাশ করতে পারি তাহলে পরে আমরা ভবিষ্যতে এমন একটা স্থান পাবো যে স্থানের মধ্যে দিয়ে সমাজ আমাদের পরিধিকে আরো বাড়াতে পারবো। আমরা জানি সেই জিনিসকে প্রতিষ্ঠা করতে গেলে পরে ঐ ৮ ঘন্টা কাজ করা শ্রমিকটিকে এমন একটা জায়গায় নিয়ে আসতে হবে যে জায়গায় কারখানার যে গতানুগতিক ধারা, যন্ত্রের যে স্বাভাবিক গতি, যন্ত্রের যে স্বাভাবিক ঘড় ঘড় শব্দ তার সংগে সে পরিচিত হবেনা, এখানে সে পাবে তার বন্ধুকে, এখানে পাবে তার পরিচিত মানুষকে এবং সব চেয়ে বড় কথা এখানে সে তার নিজস্ব প্রতিভাকে বিকশিত করার সুযোগ পাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেউ কেউ বলেছেন যে কোন কোন কারখানায় ম্যানেজমেন্ট এই ব্যবস্থা করে থাকেন কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি খোঁজ নেন তাহলে দেখতে পাবেন যে সে খুব অল্প সংখ্যক, কিছু শ্রমিক হয়ত ম্যানেজমেন্টের কাছ থেকে সাময়িকভাবে কিছু সাহায্য পেতে পারেন কিন্তু সামগ্রিকভাবে তারা কেউ পায়না। সুতরাং এই দৃষ্টিভংগী নিয়ে আমাদের এগিয়ে যাওয়া উচিত যে দৃষ্টিভংগীতে আমরা দেখতে পাবো যে শ্রমিকদের সার্বিক কল্যাণ সাধিত হচ্ছে। তাই এই বিলটাকে রচনা করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেউ কেউ হয়ত বলবেন যে লক আউট হচ্ছে, লে অফ হচ্ছে, শ্রমিকদের অর্থনৈতিক অবস্থার পতন হচ্ছে, আস্তে আস্তে নীচে নেমে আসছে সুতরাং এই বিল এই মুহূর্তে আনা

তাদের কাছে হাস্যকর ও নিরর্থক মনে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কিন্তু খুব জোরের সংগে একথা বলতে চাই যে যারা গতানুগতিক ধারায় শ্রমিকদের জীবনকে প্রবাহিত করতে চান তাঁরা কখনই চাননা যে শ্রমিকদের অর্থনৈতিক জীবনমানের উন্নতির সাথে সাথে সামাজিক জীবন মানেরও পরিবর্তন হোক।

[6-10—6-20 p.m.]

কারণ তাঁরা জানেন সামাজিক জীবনের পরিবর্তন হলে, গতানুগতিক ধারার পরিবর্তন হলে শ্রমিক সমাজ অনেক ক্ষেত্রে তাঁদের নেতৃত্ব সম্পর্কে প্রশ্ন তুলতে পারে। তাই আজকে এই সমস্ত কথা তুলে আজকের এই সুন্দর বিলটাকে বাধা দেওয়া যেতে পারেনা। আমি জানি আজকে আমাদের কতকগুলি সমস্যার মধ্য দিয়ে এগুতে হচ্ছে, শ্রমিকদের সমস্যা প্রতি মুহূর্তে লে-অফ্, লক-আউট সমস্যা আছে, কাজ বন্ধ হওয়ার সমস্যা আছে, তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপের কথা, ব্যবস্থার নিশ্চয়ই চিন্তা করছি। এই পশ্চিমবঙ্গ সরকার বহুবার এই সম্পর্কে তাদের বক্তব্য কেন্দ্রীয় সরকারের কাছে পরিষ্কার করে রেখেছে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন, এই সম্পর্কে যখন আমরা চিন্তা করছিলাম, তখন কিন্তু সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন এর নেতৃপক্ষ থেকে বাধা দেবার চেষ্টা করা হয়েছিল। তার জন্য এই সরকার কুণ্ঠিত নয়। শ্রদ্ধেয় গোপাল দাস নাগ মহাশয় যখন আইনের কথা চিন্তা করছিলেন, তখন কিন্তু তাঁকে বাধা দেওয়া হয়েছিল, যখনই কোন ভাল স্টেপ নিতে যাব, একটা চিন্তা গ্রহন করতে যাব, যে চিন্তার মধ্য দিয়ে শ্রমিক সমাজের অর্থনৈতিক অবস্থার এবং সংগে সংগে তাদের সামাজিক অবস্থার পরিবর্ত্তণ করা যাবে, ঠিক সেই মুহূর্তে আমাদের কাছে বাধা আসবে। আমি এখানে বিশেষ করে বলতে চাই যে তাদের বাধার মধ্য দিয়ে আমাদের কাজের অগ্রগতিকে বিন্দুমাত্র স্তব্ধ করতে পারবেনা, বন্ধ করতে পারবেনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি এই বিলটা ভাল করে পড়েন, দেখতে পাবেন যে কথা বলা হয়েছে তার মধ্যে সেটা হচ্ছে একটা স্ট্যাটুটারি কমিটি, ত্রিপাক্ষিক কমিটি তৈরী করা হবে, তাতে ইউনিয়নের নেতৃত্ব থাকবে এবং তারা প্রয়োজন বোধে সেই কমিটির কাছে সাজেশন দিতে পারবে, শুধু তাই নয়, একথা বলা আছে, যদি প্রয়োজন হয়, এই যে লেবার বোর্ড তৈরী হবে শ্রমিকদের নেতৃত্বে, সেই লেবার বোর্ডের কাছে সরকার টাকা দিতে পারবে শ্রমিকদের উন্নতি করার জন্য। সুতরাং এই যে দৃষ্টি-ভংগী তার সংগে পরিচিত না হয়ে যদি আগে থেকেই সভায় এসে কিছু ভাল ভাল কথা বলেন, তাহলে পরে বুঝতে হবে বিলের উদ্দেশ্য সম্পর্কে, বিলের স্পিরিট সম্পর্কে তাঁরা নিজেরা কেউ সচেতন হতে চাচ্ছেননা এবং তাঁরা আগে থেকেই কতকগুলি বায়াসড ওপি-নিয়ন তৈরী করে আগে থেকে নিজ নিজ মনে কল্পনা করে, সেই কল্পনার ভিত্তিতে এই সভায় দাঁড়িয়ে বক্তব্য রাখার চেষ্টা করছেন। আমি তাই মাননীয় সদস্যদের কাছে আবেদন করি, তাঁরা যেন বিলটা ভাল করে পড়ে দেখেন বিলের উদ্দেশ্য কি। একজন কংগ্রেসী শ্রদ্ধেয় সদস্য ঠিক কথাই বলেছেন। কেন্দ্রীয় সরকার থেকে দীর্ঘদিন ধরে বিভিন্ন স্টেটকে এটা জানিয়ে দেওয়া হচ্ছিল যে এই বিল তৈরী কর, অনেক স্টেট তৈরী করেছে, পশ্চিমবঙ্গ সরকার এখনও সেই আইন তৈরী করতে পারেনি। সেজন্য যে এতে বিরাট কিছু আঘাত করা হচ্ছে তাত নয়। তাই এর জন্য চীৎকার করার মত কারণ খুঁজে পাওয়া যাচ্ছেনা। এর মধ্যে শ্রমিকদের প্রতি যদি অন্যায় থাকত, তাদের কোন অশান্তির কারণ ঘটত তাহলে এইকথা বলার কারণ থাকত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একথা পরিষ্কার করে বলব যে এই বিলের মাধ্যমে নিঃসন্দেহে শ্রমিকদের চিন্তার, শ্রমিক সমাজের এবং তাদের মানসিকতার, প্রচলিত চিন্তাধারার পরিবর্ত্তনের সুযোগ দিতে পারব। তার এই যে প্রচলিত চিন্তাধারার পরিবর্ত্তনের চেষ্টা চালিয়ে যাচ্ছি, এই ব্যাপারে সাহায্য করার জন্য কেবল মাত্র যে প্রশাসন যন্ত্রই বসে আছে তা নয়, আমরা নিজেরাই কেবল চেষ্টা করছি তা নয়, এমন-ভাবে তৈরী করা হবে, সে কমিটিতে শ্রমিক প্রতিনিধিরা থাকবে, তাদের চিন্তাধারা যথাযথ মর্য্যাদার সংগে গ্রহণ করা হবে। তাই সেদিক থেকে এই বিল শ্রমিক কল্যাণের জন্য নিঃসন্দেহে নূতন পদক্ষেপ, সে বিষয়ে সন্দেহ নাই।

তাই আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাতে চাই এবং আমি বিশ্বাস করি এই বিলের মাধ্যমে আমরা পশ্চিমবঙ্গে অন্ততঃ কয়েক লক্ষ শ্রমিককে আমরা একটা নূতন সুযোগ

দিতে পারবো, যে সুযোগের মাধ্যমে তাঁরা তাদের জীবনের অপ্রকাশিত যে প্রতিভা, সেই প্রতিভাকে প্রকাশ করবার সুযোগ পাবেন। এই কথা কয়টি বলে এই বিলকে পরিপূর্ণ সমর্থণ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল, ১৯৭৪—একে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আলোচনায় শুনছিলাম লেবার কন্সালটেটিভ কমিটির সভাতে এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এবং সেখানে তাঁরা এই সভার মাননীয় সদস্য গিরিজা মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন এ, আই, টি, ইউ, সি-র পক্ষ থেকে, কম্যুনিষ্ট পার্টীর পক্ষ থেকে। সেখানে কিন্তু এই বিলের বিষয়বস্তু নিয়ে, প্রিন-সিপ্যালস নিয়ে বিরোধিতার কোন কথা সেখানে দেখিনি। মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার মহাশয়ের কথা—তাঁরা এই বিলের সমর্থন করছেন না। এখন এখানে যে যুক্তিগুলো তিনি উপস্থিত করছেন, সেইসব যুক্তি সেদিন তাঁর দলের পক্ষ থেকে রাখা হয় নাই।

এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে যাঁরা যাঁরা এর বিরোধিতা করছেন তাঁরা কিন্তু সকলে এই বিলের আসল বিষয়বস্তু থেকে অনেক দূরে সরে গেছেন। এই ই, এস, আই-এর ভূমিকা, প্রভিডেন্ট ফাণ্ডের গোলমাল আমরা সবাই জানি, কিন্তু এই বিলের আসল যে ফিলজফি সেদিকে লক্ষ্য দেবার অবকাশ তারা পাননি, তাই তারা এর বিরোধিতা করছেন। মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার বলে গেছেন যে, শ্রমিকদের যে কল্যাণ, সেই কল্যাণের ক্ষেত্রে অন্যান্য যেদিকগুলো আছে বা তাদের যে ব্যবস্থা রয়েছে, তারা সেই কল্যাণের কাজ করতে পারবে কিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়—

Shri Niranjan Dihidar : On a point of information, Sir, এই যে summary proceedings রয়েছে, সেখানে আছে Girija Bhusan Mukherjee, however expressed himself totally against the proposed measures on principle. (Annuxure-B).

Shri Bhawani Prosad Sinha Roy :

কোন ডিফারেন্স ছিল না—এই লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিলের প্রিন্সিপ্যালস এর বিরুদ্ধে যে বক্তব্য, সেই বক্তব্য মাননীয় সদস্য সেদিন রাখেন নাই। এই প্রিন্সিপ্যালস শুধুমাত্র কন্সালটেটিভ কমিটির নয়, বিভিন্ন স্টেটে, বিভিন্ন জায়গায় একথা বলা হয়েছে। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শ্রমিকরা কী জীবনযাত্রা অতিবাহিত করেন, কেমন জায়গায় আছেন—বৃহদায়তন শিল্পগুলির শ্রমিকদের জীবনযাত্রা কেমন জানেন। বারবার এই নিয়ে আই, এল, ও-তে পরিষ্কারভাবে বলা হয়েছে তাদের যদি মানসিক উন্নতি না ঘটে, শুধুমাত্র তাদের জীবনের জৈব দিকগুলির উন্নতি ঘটলে কখনো প্রোডাক্সন-ওরিয়েনটেড হতে পারে না, কাজের মধ্যে তারা কোন ইমপিটাস পেতে পারেনা এই কথা বলা হয়েছে। সেখানে নানারকম ত্রুটিবিচ্যুতি থাকতে পারে। অসাধারণ ব্যাপার কিছু নয়। কিন্তু প্রিন্সিপ্যালস ব্যাপারে তো বিরোধিতার কোন অবকাশ আছে বলে মনে করছি না। আজকে এই শ্রমিকরা বলছে বা বহু শ্রমিকদের যে আয় তার মধ্য দিয়ে তাদের হলিডে হোমে যাবার উপায় নাই। আপনি জানেন স্যার, আপনি ভ্রমণ বিলাসী লোক ভারতবর্ষের বিভিন্ন জায়গায় গিয়েছেন, কাজেই অল্প আয়ের যে শ্রমিক সে যদি আজ ভারতবর্ষের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ঘোরার সুযোগ পায়, সে আনন্দলাভের একটা উৎস খুঁজে পাবে। শুধুমাত্র পয়সা দিলে তা হয় না।

[6-20—6-30 p.m.]

এখানে যদি সেই সুযোগটা বাড়িয়ে দেওয়ার অবকাশ থাকে তাহলে শুধু বিরোধিতার কারণ আছে বলে মনে করি না। এখানে মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন ডিহিদার বলেছেন লক-আউটের সময় এখান থেকে যদি সুবিধা পেতো তাহলে উনি সমর্থন করতে পারতেন

এই বিলে ওই বোর্ডকে অধিকার দেওয়া আছে তারা যেখানে বিচার করবে সেই বিচারের মধ্য দিয়ে এই সুযোগসুবিধা দিতে পারবেন। সেখানে যদি দেখা যায় লক-আউটে শ্রমিকের এই অসুবিধা হচ্ছে তাহলে তারা দিতে পারবেন। আমি সবাইকে বলবো এর পিছনে যে ফিলজফি আছে, মানুষের যে জৈবিক কারণ নয়, টোটাল গ্রোথ সেটা যদি ঠিক করতে হয় সেই প্রসংগ যদি রাখতে হয় তাহলে শ্রমিকদের এইসব দিক দেখা উচিত। আমি বলবো শ্রমমন্ত্রী যে বিল এনেছেন আমার বোধ হচ্ছিল এটা এডুকেসান ডিপার্টমেন্টের বিল কিনা। শিক্ষার সংগে সম্পর্ক রয়েছে। আমার মনে হয় এই বিলটা নূতন দিক খুলে দেবে। অবশ্য এটা ভারতবর্ষের পক্ষে নূতন নয়। কিন্তু পশ্চিমবংগে এটা নূতন দিক খুলে দেবে। তবে যদি কিছু ত্রুটিবিচ্যুতি থাকে পরবর্তীকালে এটা ঠিক করে নেওয়া যাবে। তাই বলে এটাকে সমর্থন করছি না যদি বলেন তাহলে শ্রমিকদের মধ্যে যে আনন্দ, তার রুজি-রোজগারের দিক ছাড়া, জৈবিক প্রয়োজনের বাইরে সেই দিকটা বিকাশের যে সুযোগ দেওয়া হয়েছে সেটা একটা নূতন দিক এবং এই কারণে মাননীয় শ্রমমন্ত্রীর বিলকে সমর্থন করছি।

Shri Girija Bhusan Mukhopadhayay :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই লেবার ওয়েলফেয়ার ফাণ্ড বিল যেটা এসেছে এটা ঠিক আজকে আমাদের দেশের যা অবস্থা তার পক্ষে উপযুক্ত নয়। এখানে কথাটা হচ্ছে এতে যে কাজগুলো করার কথা বলা হয়েছে এর প্রত্যেকটা আমরা দেখেছি সবগুলো ম্যানেজমেন্টের ফ্যাংশনস। শ্রমিকরা কারখানায় কাজ করে এবং তারপর অনেকদিন আগে দেখেছি বিভিন্ন অঞ্চলে কারখানার মালিকরা শ্রমিকদের ছেলেদের জন্য স্কুল করেছিল এবং বিভিন্ন উপাদান তারা সাপ্লাই করতো এবং এখনও কোন কোন ক্ষেত্রে করে থাকে। শ্রমিকদের কারখানার বাইরে তার মানসিকতা বুঝিয়ে রাখা সমাজের স্বার্থে এবং আমাদের স্বার্থে শুধু নয়, ম্যানেজমেন্ট সেটা তারও কাজ। কারখানার বাইরে তার মনকে সঠিকভাবে বজায় রাখা এটা ম্যানেজমেন্টের দায়িত্ব। এখানে যে কথা বলা হয়েছে সত্যি কথা বলতে গেলে ম্যানেজমেন্টের ফ্যাংশানস এবং আমাদের সেদিকে দেখা উচিত ছিল যাতে ম্যানেজমেন্টকে দিয়ে এইসব কল্যাণের চেষ্টা করা উচিত ছিল। একটা কথা বলে রাখি আমার বন্ধু ভবানীবাবু বললেন কনসালটেটিভ কমিটিতে আমি এর বিরুদ্ধে বলি নি। কিন্তু যেটুকু বিবরণী লেখা আছে, শেষ জায়গায় লেখা আছে এবং এ্যানেক্সারে লেখা আছে। শ্রদ্ধেয় সদস্য শ্রীবিজয় সিংহ নাহার বললেন ন্যাশনাল কমিশন অন লেবারে এ, আই, টি, ইউ, সি-র প্রতিনিধি ছিলেন, তাঁরাও এগুলো সমর্থন করেছেন।

কিন্তু যখন সিদ্ধান্তগুলো গৃহীত হয়েছে তার আগেই এ, আই, টি, ইউ, সি-র সেক্রেটারী কমরেড ডাঙ্গে—তিনি ঐ কমিশনে রেজিগনেশন দিয়ে দিয়েছিলেন। এন্টি লেবার এ্যাটিচিউড-এর জন্য কমিশন থেকে বেরিয়ে গিয়েছিলেন। কিন্তু কমিটিটা ছিল এবং তার সিদ্ধান্তও হোল। সুতরাং উনি যে এখানে ওটা ইনকরপোরেট করলেন সিদ্ধান্ত হয়েছিল বলে যে কথা বলে দিয়ে গেলেন এটা ঠিক নয়। সেদিক থেকে আমি বলতে চাই এই বিল সম্পর্কে যে প্রথমতঃ উদ্দেশ্যগুলি আরও বাড়ানো উচিত। আমার বন্ধু ভবানী বললেন যে Such other objects as would be in the opinion of State Government তাতে কি লক-আউটের পিরিয়ড আসবে? হয়তো দুর্গাপূজার চাঁদা দেওয়ার প্রশ্নটা কনসিডার করতে পারে—লক-আউট পিরিয়ডের ওয়েজ দেবে? আজকে বোর্ডকে এই পাওয়ার দিতে হবে। বোর্ডকে স্টেটের আণ্ডারে করে দিয়েছেন। সেটা আমরা ডিলিট করে দিচ্ছি। এখন কথা হচ্ছে এই যে সত্যিই যেখানে ওয়েজ ইরোড করছে যেকোন কারণেই হোক সেখানে তাকে যদি কিছুটা রিএমবার্স না করা যায় তাহলে কিসের ওয়েলফেয়ার? হলিডে হোম হবে সে তো আমরা যাবো এক্সকারসন হবে সেখানে তো আমরা যাবো অর্ডিনারী ওয়ার্কাররা কি যাবে? নিশ্চয় যেতে পারবে না। সে চান্স তার বহু দূরে। ১১ লক্ষ ওয়ার্কার আছে, যারা কারখানায় কাজ করে যারা এক্‌জিকিউটিভ কমিটির মেম্বার নয় তাদের চান্স পেতে জিব বেরিয়ে যাবে সব ফুরিয়ে যাবে। সেইজন্য এ্যাকচুয়েলি এগুলিতে সত্যিকারের খুব একটা বেনিফিট হবে না। খেলাধূলার যে সামান্য টাকা আছে—এ্যাকচুয়েলি কিছু কিছু যে চালু আছে এখন আশঙ্কা হচ্ছে সেগুলিও না বন্ধ হয়ে যায়।

এই যে ধরুন এ্যাংগাস জুট মিল এখানে একটা হিন্দী, একটা উর্দু, একটা বাংলা স্কুল চলে। সেখানে এটা হলে আমার আশংকা হচ্ছে স্কুলগুলি আর চলবে না। তারা আর স্কুলের জন্য টাকা দেবে না।

ডানলপে এখনও বেশ ভাল ব্যবস্থা আছে। সেখানেও আস্তে আস্তে এগুলো বন্ধ করে দেবে ঝাঁপ ফেলে দেবে। এখনও এতো প্রগ্রেসিভ ম্যানেজমেন্ট নাই যে এদিকেও দেবে আবার ওদিকও বাঁচিয়ে রাখবে। যখন ঐ টাকা বাধ্যতামূলক হবে তখন তার এটাকাগুলি বন্ধ হয়ে যাবে। সেদিক থেকে রিয়েল বেনিফিট্ যেটা ওয়ার্কারদের তা করতে আমরা পারছিনা। তারা বাঁচবে কিসে? যদি সেখানে একটা দোকান খোলা হয় সে কাজ থেকে বেরিয়ে এসে এখানে ওখানে লাইন লাগিয়ে রেশন দোকানে ধরণা দিয়ে কোথায় কি পাওয়া যাচ্ছে কোথায় কয়লা কোথায় কেরসিন তেল--এই করে যে জীবন অন্ত হয়ে যাচ্ছে তার ব্যবস্থা যদি করা যায় তাহলে অনেক তাদের সুবিধা হবে। কারণ এটা কেউ মনে করবেন না যে এটা সাময়িক—কিন্তু দিনের মধ্যে এই অবস্থা কেটে যাবে। এ চট্ করে কাটবে না—অনেক সময় লাগবে। এ্যাট অল কাটবে কিনা সন্দেহ। আমাদের মাননীয় সদস্য শুক্লা সাহেব বলেছেন রিয়েল বেনিফিটের দিক থেকে যে ওয়েলফেয়ার ফাণ্ডের টাকা দিয়ে দোকান খোলা হোক তাহলে সত্যিকারের উপকার হবে। কিন্তু সে প্রশ্ন এর মধ্যে নেই। আমি সেইজন্য বলছি যে ওয়েজ যেখানে ইরোড করছে সেখানে এই টাকা দিয়ে রিইমবার্স করা হোক। দ্বিতীয়তঃ তাদের রিয়েল বেনিফিট দেবার জন্য এই টাকা থেকে দোকান খোলা হোক। যেটা আমাদের একটা দাবী আছে। তাহলে সে দাবীও মিটবে এবং আমাদের এ বিলও পাশ হবে। যদি এটা ঠিক হয় তাহলে বিশ্বাস হবে যে এর মধ্য দিয়ে তাদের কিছু হবে। তারপর দেখছি একটা জিনিষ এতে নেই। বোর্ড যেটা হবে সেই বোর্ডে শ্রমিক প্রতিনিধি--মালিক প্রতিনিধি ও সরকারের প্রতিনিধি থাকবে—কিন্তু প্রোপোরসনটা কত তা লেখা নেই। এখন ই, এস, আই, বোর্ড আছে—যেখানে আমরা আছি মালিক প্রতিনিধি সরকার প্রতিনিধি আছে। চার বছর হয়ে গেল একটা এ্যাক্সিডেন্ট হয়েছে তার জন্য একটা মেডিক্যাল বোর্ড বসাতে পারলাম না।

নানা গণ্ডগোল করে দিল্লী বোর্ড। ক্যালকাটা বোর্ড করে তিন বছর হয়ে গেছে বসাতে পারছিনা। সুতরাং এখানে এই বোর্ডকে আরও কোয়ালিটী করে রাখতে হবে যে এই বোর্ডে ৫০ পারসেন্ট ওয়ার্কার্স রিপ্রেসেনটেটিভ হবে। আমি এ্যাবসলিউট মেজরিটি চাচ্ছি না। ৫০ পার্সেন্ট ওয়ার্কার্স রিপ্রেসেনটেটিভ থাকলে বুঝতে পারা যাবে যে এই বোর্ড উইল এ্যাক্ট ফর দি বেনিফিট অফ দি ওয়ার্কার্স।

[6-30--6-40 p.m.]

নইলে মালিক একদিকে টানবে, সরকারের যখন সুবিধা হবে তখন তারা টানবে, মালিকের যখন সুবিধা হবে তারা টানবে, এটা ঠিক পেণ্ডুলামের মত দুলবে। সেদিক থেকে যদি ৫০ পারসেন্ট ওয়ার্কাস রিপ্রেজেনটেটিভ থাকে তাহলে নিশ্চয় একটা বেনিফিট আদায় করতে পারা যাবে। এই ওয়েলফেয়ার ফাণ্ড বিল পাশ হবার পরে কি হবে—শ্রমিকদের মনে একটা ধারণা হবে যে তারা এর থেকে কিছু বেনিফিট পাবে। আমি কনসালটেটিভ কমিটিতে বলেছিলাম প্রাইমারী স্কুল ফর দি চিলড্রেন অব দি ওয়ার্কাস, সেটা এতে নেই। এডুকেসান ডিপার্টমেন্টের সংগে ৪ বছর ধরে চেষ্টা করেও আমি ওড়িয়া ভাষী ছেলেদের একটা স্কুল খোলাতে পারলাম না। ৪০ জন ছেলে আছে, তাদের জন্য এটা হল না। এই ফাণ্ডের মধ্যে কোন স্কোপ নেই। তাই আমি বাস্তব অবস্থার ভিত্তিতে বলছি থিয়োরেটিক্যালি নিশ্চয় তাদের মানসিক, আর্থিক উন্নতি করতে হবে। কিন্তু সেই থিওরিটা নিশ্চয় বাস্তব বর্জিত হবে না। সুতরাং বাস্তব ভিত্তিতে যাতে রিয়েল বেনিফিট হতে পারে সেগুলি এতে ইনকরপোরেট করা হোক। ইন সর্ট হয়েছে যেখানে রিয়েল ওয়েজস সেটা রি-ইমবার্স করে ওয়ার্কাসদের বেনিফিটের জন্য দোকান খোলা এবং ওয়ার্কাস চিলড্রেনের জন্য যেখানে স্কুল নেই মাতৃভাষা পড়ানোর জন্য, সেখানে মাতৃভাষায় পড়ানোর জন্য ওয়ার্কাস চিলড্রেনদের স্কুল খোলা হোক, তবেই ওয়ার্কারদের সত্যিকারে বেনিফিট হবে, নইলে এই বিল খুব একটা ইউজফুল হবে বলে মনে হচ্ছে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Gopal Das Nag :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটির উপর বিতর্কে যোগ দিতে গিয়ে কেউ কেউ কিছু কিছু গঠনমূলক সংযোজন করেছেন সেগুলিতে আমি পরে আসব, তাতে আমরা উপকৃত হয়েছি এবং সেদিক দিয়ে আমার মনে হয় তাদের সেই গঠনমূলক সংযোজনগুলি আমাদের ভবিষ্যৎ কাজের জন্য নিশ্চয় গ্রহণ করব। কিন্তু মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদারের টোটাল রিজেকসান—যদিও নিরঞ্জনবাবু ব্যক্তিগতভাবে আমার খুব ঘনিষ্ট বন্ধু, তবুও মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে বাধ্য হচ্ছি তিনি আমাকে ইরিটেট করা ছাড়া আর কিছুই করেন নি। তাই আমি অন্য প্রসংগে আসার আগে নিরঞ্জনবাবুকে একটু এডুকেট করতে চাই। আমি ঠিক এই এডুকেট কথাটির ভাবার্থ ব্যবহার করছি না, শুধু বলব নিউটন সাহেবের ভাষায় আমরা কেউই সর্বজ্ঞ নই, সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ বৈজ্ঞানিক নিউটন সাহেব বলতে পারেন জীবনসায়াহ্নে এসে জ্ঞানের সাগরে নুড়ি কুড়োচ্ছি, তিনি যদি এই কথা বলতে পারেন তাহলে আমার বলতে আপত্তি নেই যে সেই সেনসেই আমি নিরঞ্জনবাবুকে এডুকেট করব। আমি জানি না ওদের পার্টি লাইন চেঞ্জ হয়ে গেছে কিনা, তাহলে অবশ্য নাচার—পার্টি লাইন যদি চেঞ্জ না হয়ে গিয়ে থাকে তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটি নিয়ে আমরা আলোচনা করছি তাতে কোন অভিনবত্ব দাবি করছি না। এই বিল রচনায় আমার কোন মৌলিক চিন্তা নেই। দীর্ঘ অর্দ্ধ শতাব্দীর ইতিহাস এই বিলের পিছনে আছে এবং সেই ইতিহাস বারে বারে বিভিন্ন সময়ে যা বলা হয়েছে তাই থেকে আমরা এইটুকু রিপ্রোডিউস করছি এবং সত্যিকথা বলতে কি ভারতবর্ষের অন্য প্রান্তে এই বিলটি ২০ বছর আগেই চালু হয়েছে, এই ধরণের আইন আমি নিজে গিয়ে দেখে এসেছি। আজ সেই প্রদেশে গেলে অন্য কোথাও যাই আর না যাই অন্ততঃ এই ওয়ার্কাস কাঙ্গার ষ্টেডিয়াম যেটা আছে, ওয়ার্কাসদের ফাংসানে গিয়ে একটু বসি।

সেখান থেকে আমি একটা কপি পেয়েছি। আমি বসে ভাবছিলাম যদি গ্রাচ্যুইটির জন্য অর্ডিন্যান্স না করে বিল আনতাম অর্থাৎ সেদিন ১৯৭১ সালে না করে তাহলে নিরঞ্জনবাবু এইভাবেই বলতেন টোটাল রিজেকশান। কারণ এই গ্রাচ্যুইটি এ্যাক্টের মধ্যে তো ঐ ইন্টার-ইউনিয়ন রাইভ্যালরির কোন উত্তর পেলাম না? আমার শ্রমিক হিন্দুস্থান পিলকিংটন মার খেল, তাদের তো কোন রিলিভ দিতে পারা গেল না? আমি ভাবছিলাম যে ক্লোজার সম্বন্ধে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টের অডিন্যান্স-এর যে এ্যামেণ্ডমেন্ট এনেছিলাম সেটা যদি আজকের পরিবেশ আমি বিলের আকারে আনতাম তাহলে কিন্তু এই রিসেপশনই পেতাম। আমি শ্রদ্ধেয় নিরঞ্জনবাবুকে দেখাচ্ছি, এই বিলটি নূতন কোন অভিনব চিন্তা নয়। এটা আমরা ষ্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডে দিয়েছি। এটা আমরা কনসালটেটিভ কমিটিতে দিয়েছি। আমাদের কাছে কনসালটেটিভ কমিটিরও মিনিটস আছে। আর ষ্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডেরও মিনিটস আছে। তার দুটোরই কিছু কিছু শোনাই। এখানে উনি বলেছেন টোটাল রিজেকশন। এখন পার্টি লাইনের ষ্ট্রাটেজি জয়নালবাবুর ভাষা আমি ব্যবহার করছি না। ষ্ট্রাটেজি পরিবর্তন হল কি না আমি সেটা ভাবছি। আমি কৌশলের কথা এখানে আনছি না। ষ্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডে শ্রীঅরুণ সেন অব এ, আই, টি, ইউ, সি, তিনি বিশ্বনাথ বাবুর সংগে একমত হলেন। বিশ্বনাথবাবু বলেছিলেন যে আমার শুধু একটা আপত্তি যে স্কীম সবই ঠিক আছে শুধু ওয়ারকার কনট্রিবিউশানটা যদি বাদ দিয়ে করতে পারেন তাহলে দেখুন। অরুণবাবুও তাই বলেছিলেন,

He also said that there should be no deduction from the wages of workers to finance the scheme in the Bill.

এটা আমি বুঝি। অরুণবাবু আরো কি সাজেষ্ট করেছিলেন?

He suggested that if necessary cess on the finished products may be imposed to raise necessary fund.

কয়লাখনি সম্বন্ধে কেউ কেউ বলেছেন সেস। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন direct taxation on the productive commodity as it is bound to be reflected in its price in the market.

সুতরাং সেসের কনসেপ্ট নেই। নূতন কনসেপ্ট আমি দেখাচ্ছি এবং আপনার মাধ্যমে নিরঞ্জনবাবুকেও দেখাচ্ছি যে এই কনসেপ্ট কোথাও গ্রহণ করা হয়নি। অরুণবাবু আরো কি বলেছিলেন? তিনি আরো এ্যাকটিভিটিসভাবে এক্সপেন্ড করে বললেন,

As regards welfare activities contemplated in the scheme he suggested that items of adult education, education of worker's children, after-case of T.B. patients should be inciuded in the list of activities.

এটা অরুণবাবুর অবজারভেশান ইন দি স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ড। যখন প্রদীপবাবু এই বিলটি লেবার এ্যাডভাইসরি বোর্ডের সামনে দিয়েছিলেন। আরো অন্যান্য ট্রেড ইউনিয়ন নেতারা—সিটু, ইউ, টি, ইউ. সি'র নেতারা আছেন, মনোরঞ্জন রায় মহাশয়, কানাই ভট্টাচার্য, ফটিক ঘোষ ইত্যাদি আরো অন্যান্য নেতারা আছেন কিন্তু আমি সেই বিষয়ে যাচ্ছি না। তার আগেরদিন এটা কনসালটেটিভ কমিটিতে এল। একটা ছবি ছাপান হয়েছে, অস্বীকার করতে পারবেন না, এখানে গিরিজাবাবুর ছবি আছে। এখানে কি হল?

The consensus of the meeting in relation to the West Bengal labour welfare Fund Bill.

আমি মাননীয় সদস্য গিরিজাবাবুর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে দি কনসেনসাস অব দি মিটিং, এই কনসেনসাস কথার মানে নিশ্চয়ই গিরিজাবাবু জানেন।

The consensus of the meeting in relation to the Labour Welfare Fund Bill was as follows. What were those?

(1) Workers should contribute at a lesser rate and employers' contribution should be correspondingly raised. Roughly the rate was Rs. 1·50 for the employers and ·50 for the workers.

(2) Education of the workers' children should be provided for as one of the items of activities of the Labour Welfare programme.

এই হচ্ছে কনসেনসাস। গিরিজাবাবু সেখানে ছিলেন। তিনি বলেছেন নোট অব ডিসেন্ট। সেম নোট অব ডিসেন্ট, একই ভাষায়, একই ফর্মে স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডে অরুণবাবু মাননীয় সদস্য ঐ স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডে এ, আই, টি, ইউ, সি'র মত শ্রীঅরুণ সেন মহাশয়ও দিয়েছেন, সেম ল্যাংগুয়েজে গিরিজাবাবু দিয়েছেন। কিন্তু কিসের বিরুদ্ধে?

[6-40—6-50 p.m.]

The underlying idea of restricting the rights to form a union is long and agains our standing in this regards.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ঐ কমিটিতে, ঐ কনসালটেটিভ কমিটির মিটিং-এ লেজিসলেটিভ প্রগ্রাম বলে স্টেট মিনিস্টার শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফাণ্ড, ১৯৭৩ এ্যাপয়েন্টমেন্ট

Of Chief Presiding Officer for the Tribunal of Labour Court in its amendment of the Industrial Disputes Act, 1947, in its application to West Bengal in new sub-caluse under section 10(b) to meet certain contingencies in the industrial relation, etc. আলাদা আলাদা amendment এ বললেন summoning power to the Conciliating Officer—Penal Provision—amendment of the Trade Union Act.

গিরীজাবাবু নোট অব ডিসেন্ট দিয়েছিলেন, ঐ যে লেজিসলেটিভ মেজার, সেইগুলোর বিরুদ্ধে

Not against the West Bengal Labour Welfare Fund Act.

গিরিজাবাবুর কাছে বই আছে সেইগুলো পড়ে দেখুন, এটা টোটাল রিজেকশনের কথা বলেছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কিন্তু নিরঞ্জনবাবুকে ইরিটেট করতে চাই না, কারণ নিরঞ্জনবাবু আমার মত হৃদরোগে আক্রান্ত, তিনি উত্তেজিত হয়ে যাচ্ছিলেন বলে আমি খুব চিন্তিত হয়ে পড়েছিলাম। আমি ন্যাশন্যাল কমিশন অব লেবারের রিপোর্ট থেকে

কিছু অংশ উধৃত করতে চাইছি। এই যে লেবার ওয়েলফেয়ারের যে কনসেপ্ট এটা কি াদের কনসেপ্ট? এটা কি নিরঞ্জনবাবুর কনসেপ্ট, এটা কি কংগ্রেসী ট্রেড ইউনিয়ন াদের কনসেপ্ট? ইভন এটা কি ইনডিয়ান ন্যাশন্যাল কংগ্রেসের কনসেপ্ট, অথবা এটা া বিশ্বের কনসেপ্ট, আমি সেখানে আসতে চাইছি। হুইটলে কমিশনের কথা বিজয়দা ছেন, আজকে গিরীজাবাবু বললেন এবং শুকলাজী একটা কথা বলেছেন যে সব তো নজমেন্টের ফাংশান, আমি আসছি সেটা সম্বন্ধে ডিটেলসে। এখানে হুইটলে কমিশন জ সরকারের সময় যেটা হয়েছিল সেটা থেকে পড়ছি, তিনি কি বলেছেন,

hat in a few cases the employer accepted the financial burden on account of fare activities. Where they did provide the amenities it was more a matter paternalistic approach to labour rather than a recognition of workers' needs.

লে কমিশন বলে গেছেন সাহেব এমপ্লয়ার্সদের সম্পর্কে, আমি জানি না আপনার কি না সাহেবদের সম্বন্ধে। এখন ব্রাউন এমপ্লয়ার্সরা এসে গেছেন হোয়াইট এমপ্লয়ার্সদের জায়। এর থেকে কিছু এ্যাপ্রোচ হয়েছে কি না, যদি আপনার অভিজ্ঞতা থাকে যে নিশ্চয়ই সমাজবাদের চিন্তার আর দরকার নেই, ইফ ইউ থিংক যে আজকে যারা এমপ্লয়ার্সরা এসেছেন তারা এর থেকে কিছু ভাল এ্যাপ্রোচ দেখাতে পেরেছে। তাহলে

it is the necessity of Samajtantra ?

কে ন্যাশনালাইজেশন করবার দরকার কি? যদি

nsformation of the hearts of the brown employers

দিয়ে থাকে, তারা যদি সমস্ত ওয়ার্কারদের নিড আইডেনটিফাই করে থাকে। সমস্ত কদের নিড মিট করবার জন্য এ্যাডিকোয়েট মেজার নিয়ে থাকে তাহলে

e is no necessity of the demand of nationalisation of the Jute Industry.

ল হয়নি, আপনি এ্যানার্কিজিম করলে তো হবে না গিরীজাবাবু, কথার তো সামঞ্জস্য হবে। আপনি যদি বলেন আপনার ব্রাউন এমপ্লয়ার্সরা সমস্তই তো করছে মশাই, নতুন করে আর কি আনতে চাইছেন, সবই তো করে দিল। আমাদের একসকার্শন . রিক্রেন এডুকেশন আছে, মেডিক্যাল, মানসিক, দৈহিক সব কিছু ক্ষুধাই আমার মিটছে এমপ্লয়ার্সদের দিয়ে তাহলে আর কেন ন্যাশন্যালাইজ করবো? তারপর হুইটলে শনের পর রেগে কমিশন গঠিত হয়েছিল ১৯৪৬ সালে, আপনাদের মনে আছে বোধ হয়। না থাকে তাহলে পার্টি অফিসে গিয়ে দেখে নেবেন, সেখানে তিনি কি বলছেন?

hile recognising that some aspects of welfare had been receiving attention in idual centres/establishments mainly from local associations of employers, red to the effect of welfare measures on the general atmosphere in the factory their contribution to the maintenance of industrial peace. It recognised the both of the employer and of the Government in this regard and listed a number ilities which, if provided, were likely to promote a feeling amongst the workers they had a stake in the industry as much as anyone else and reduce labour over and absenteeism and stabilise on economically efficient working force.

ন আই, এল, ও-তে আসুন, আমি যেজন্য বললাম বিষয়টা আপনার নয়, আমার ভারতবর্ষের নয়, সমগ্র বিশ্বের। ১৯৭৪ সালে আই, এল, ও-র কনভেনশনে

our Welfare as such services, facilities and amenities as adequate canteens etc.

হলো। ১৯৫৩ সালে আই, এল, ও গভর্নিং বডি-তে সেটা রেটিফায়েড হলো। আই, ও, কি বলছে, আই, এল, ও, বলছে এটাকে দুভাবে ক্লাসিফাই করে একটা ইন্টার- । অর্থাৎ

are and amenities within the precincts of the establishment.

া সেটা

will be responsibility of the management.

আর একভাবে ক্লাসিফাই করে আউট সাইড দি এসটাবলিসমেন্ট, এখন এই

আউট সাইড দি এসটাবলিসমেন্ট বলতে কি কি বলছে? দি আই, এল, ও, কি কি এ্যামি-নিটিস আউট সাইড দি এক্সট্রামুরাল করছে,

Maternity benefit, social insurance measures including gratuity, pension, provident fund and rehabilitation; benovolent fund

ইত্যাদি ইত্যাদি করে ১২ দফা আই, এল, ও, বলে দিল এইগুলো

extramural, welfare outside the establishment

এরজন্য ন্যাশানাল কমিশন অফ লেবার ওয়েলফেয়ার কি বললে, এই ন্যাশানাল কমিশন অফ লেবার এ্যাপয়েন্টেড ইন ১৯৬৮, কমঃ ডাঙ্গে, তিনি—এই যে ১৯৬৬ সালে ন্যাশানাল কমিশন অফ লেবার এ্যাপয়েন্টেড হলো আর ১৯৬৮ সালের সেপ্টেম্বর মাসে কমঃ ডাঙ্গে রিজাইন করলেন, আমরা জানিনা কারণ কি? এই রিপোর্টের কোথাও তার নোট অফ ডিসেন্ট পাইনি। এই যে রেকমেনডেশন অফ দি ন্যাশানাল কমিশন হলো এতে বলছে ১৯৬৯, দি কমিটি এ্যাপয়েন্টেড, এটা হলো

The study team appointed by the Government of India in 1959 to examine Labour welfare activities then existing, divided the entire range of these activities into three groups.

বলে এই কথা বলছে এই ভিত্তিতে আমরা রিপোর্ট দিচ্ছি, এখানে আপনাদের সদস্য ছিলেন এবং তিনি রিজাইন করেননি এই ১৯৬৯ সালের কমিটি থেকে। এই ঐতিহাসিক তথ্য দিয়ে বলা যায় মহারাষ্ট্রে এই য়্যাক্ট করেছে, গুজরাটে এই য়্যাক্ট করেছে, ন্যাশানাল কমিশন অফ লেবার রেকমেণ্ডেশন করবার আগে মহারাষ্ট্রে এই য়্যাক্ট করেছে এবং গুজরাট তখন মহারাষ্ট্রের সংগে এক ছিল বাইফারকেশনের পর গুজরাটও করেছে। পর-বর্তীকালে পাঞ্জাব ও কর্ণাটক এই য়্যাক্ট করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা ইন্টারেস্টিং ফিচার আছে, আমি নিরঞ্জনবাবুকে আগে আপনার মাধ্যমে বলেছি, উনি যদি কিছু মনে না করেন তাহলে আমি ওকে একটু এডুকেট করবার চেষ্টা করছি। একটু দেখে শুনে করলে মুর্শকিলে পড়তে হয়না, নিরঞ্জনবাবু বললেন দিস বিল আই টোটালি রিজেক্ট। আমি হতাশ হয়ে গেলাম, হতভম্ব হয়ে গেলাম, ২৭শে মার্চ স্টেটসম্যানে খবর বেরিয়েছে বোম্বে লেবার ওয়েলফেয়ার ফাণ্ড য়্যাক্ট এটাকে অপোস করেছিল, অরবিন্দ মিলস লিমিটেড এ্যাণ্ড সাম আদার মিলস অফ মহারাষ্ট্র এণ্ড গুজরাট, বোম্বাই হাইকোর্টে কেস হয়েছিল, কেসে মিল কর্তৃপক্ষ, অরবিন্দ মিল এ্যাণ্ড সাম আদার মিলস মামলায় জেতে এবং তারা বোম্বে ওয়েলফেয়ার ফাণ্ড য়্যাক্টের অপোস করেছিল। অথচ সরকার সেটা একসেপ্ট না করে, আমেদাবাদ হাইকোর্টের বিপক্ষে গুজরাট সরকার সেই রায়ের নির্দেশ না মেনে সুপ্রিম কোর্টে এপিল করেন। সুপ্রিম কোর্ট বলছে আমরা এই য়্যাক্টকে আপহেল করছি,

Labour Welfare Fund Act is valid by Supreme Court.

২৭শে মার্চ নিউ দিল্লীর স্টেটসম্যানের খবরটা দেখুন। আমি শুনে অবাক হয়ে গেলাম নিরঞ্জনবাবু বললেন আমি রিজেক্ট করছি, আমি ভাবলাম কি অরবিন্দ মিলের রিপ্রেজেন-টেটিভের কথা নিরঞ্জনবাবুর ভিতর থেকে আসছে। আমি সেইজন্য নিরঞ্জনবাবুকে বলছি যে একটু দেখে শুনে এলে বিপদে পড়তে হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা পয়েন্ট ওরা তুলেছেন, শ্রমিককে কনট্রিবিউট করতে বলছি কেন? আমি তো ভেবেছিলাম ওরা বলবেন শ্রমিক কনট্রিবিউট করবে। আমি একটু উল্টো কথা বলি, আগেও বলেছি এবং আজকেও দেখছি বোকা তো মধ্যে মধ্যে একমত হয়

[6-50—7-00 p.m.]

এখানেও ঠিক সেইকথা ন্যাশন্যাল কমিশন অব লেবার তার রিপোর্টে বলছে,

The industrial worker of today has acquired a dignity not known to his predecessor. He has now a personality of his own.

সুতরাং আজ কিছুটা ডিগনিটি, কিছুটা পারসোনালিটি এসেছে। তাঁরা আরও বলছেন

With the changing industrial landscape , growth of the new industrial townships

dispersal of activities, a process of industrial centralisation of working class set in.

কিং ক্লাস-এর একটা নূতন কালচার হয়েছে, সেই কালচার-এ তারা ভিক্ষা করতে পারে এখানে আমরা বলেছি,

Vorking class will directly participate in implementing the programme, in ntifying their needs.

াৎ পুরো রেসপনসিবিলিটি শেয়ার করতে হবে এবং তার জন্য তাকে নমিন্যাল চাঁদা দিতে । সুতরাং নিরঞ্জনবাবু আনর্ডিগনিফাইড ...শন-এ ওয়ার্কিং ক্লাস-কে নিয়ে যেতে ছেন তাতে গত ২ বছরে যেটুকু সম্পর্ক তাদের সঙ্গে আমার গড়েছে বিভিন্ন সেক্টর ত আমার ধারণা এদের ডিগনিটিবোধ এবং পারসোনালিটি এসেছে অর্থাৎ

y will never mind contributing particularly when

ার এভারেজ ইনকাম এই অরিজিন্যাল সেক্টর-এর হয়ে ৩½ হাজার টাকা হয়েছে। ম তাঁর দৃষ্টি আকর্ষণ করব যে এই ৩ টাকা চাঁদাই কি সর্বস্ব—১ টাকা সরকার টাকা মালিক, ১ টাকা শ্রমিক। তা নয়। এই আইন যদি দেখেন তাহলে দেখবেন ায়ভাবে মালিকরা যে টাকা তারা নেয় শ্রমিকদের ন্যায্য প্রাপ্য টাকা কত বছর ধরে বনা তারা ফাঁকি দিচ্ছে। পশ্চিমবঙ্গের শিল্পের ইতিহাস ১৮৩৮ সাল থেকে আরম্ভ ছে—হাওড়ার ঘুসড়ীতে ১৮৩৮ সালে একটি কল এবং রিষড়াতে ১৮৩৮ সালে প্রথম মল হয়েছিল।

:laimed wages, unpaid wages all fines realised from the employees

াদি টাকা মালিকের কাছে জমা আছে তার কোন হিসাব নিকাশ নেই। হয়ত মালিকের ায় সেসব আছে। আজ আমরা বলছি সেই টাকা এই আইনের মাধ্যমে এই বোর্ডের ত আসবে। শ্রমিকদের কল্যাণের জন্য কে সেই টাকা পরিচালনা করবে, সে টাকা ব্যয় করবে? সেই টাকা ব্যয় করবে একটা অটোনমি বোর্ড এবং তাতে প্রতিনিধি হিসেবে বে শ্রমিক, ইনডিপেনডেন্ট পারসনস, মালিক এবং সরকারের নির্বাচিত সদস্যরা। রাষ্ট্র লেবার ওয়েলফেয়ার বোর্ড-এর যিনি ডাইরেক্টর তাঁর সঙ্গে আমি নিজে বিশদ লাচনা করেছি। তাঁর নাম ভুলে গেছি। তিনি এ, আই, টি, ইউ, সি,-র একজন বিশিষ্ট া। তিনি শুধু এর কাছে হ্যাপি নন, ঐ সেনট্রার-এর সমস্ত কাজে তিনি এ্যাক্টিভলি টিসিপেট করছেন উইলফুল এনথিউজিয়াজিম। আমি দেখেছি হিন্দি ফিল্ম-এ বিখ্যাত বমা স্টার ডেভিড ওখানকার একজন বিনা বেতনের হোলটাইম ডিরেক্টর হিসেবে রাত্র পরিশ্রম করছেন

the welfare activities of the workers Independent

ডিপেনডেন্ট সম্বন্ধে বেন্টারউইচ সাহেব সন্দেহ করেছেন। কিন্তু তাঁকে বলছি যে াদের দেশে অনেক হিউম্যানিষ্ট আছেন যাঁরা মানুষের জন্য চিন্তা করেন, রাজনীতি াদের মত করেন না। সুতরাং আপনার এবং আমার যে সমস্ত ফোরাম আছে—আই, , টি, ইউ, সি; এ, আই, টি, ইউ, সি; সি, আই, টি, ইউ—তার মধ্য দিয়ে আনা সম্ভব ।

কন্তু তাঁরা সত্যই মানবিকতার দাবি এমনভাবে করুন যে তাঁরা মানুষ। মাননীয় অধ্যক্ষ শয়, আপনি একজন মানবিকতার দাবি প্রতিষ্ঠার প্রয়াসী মানুষ। আপনি জানেন কত ষ আছেন যাঁরা রাজনীতি করেন না, কিন্তু এই সমস্ত কাজে তাঁরা এগিয়ে আসতে চান, সমস্ত লোকের এখানে স্থান করে দেওয়ার জন্য ইনডিপেনডেন্ট কথাটা ব্যবহার করতে হে। সেই ইনডিপেনডেন্ট ট্রেড ইউনিয়ন লিডাররা হতে পারেন, ইউনিভার্সিটির প্রফেসর পারেন, সমাজ বিজ্ঞানী হতে পারেন, সেই ইনডিপেনডেন্ট মানব দরদী হবেন। সুতরাং ডিপেনডেন্ট দেখে চমকে যাবার কিছু নেই। ইনডিপেনডেন্ট কথার মধ্যে কোন কারচুপি । মাননীয় বেন্টারউইচ সাহেব বলেছেন ইট উইল বি এ গুড পিস অব লেজিসলেসান আমি ঐ ওয়ার্কার্সদের চাঁদা তুলে দিই। ওয়ার্কার্সদের চাঁদা থাকলেই ইট উইল বি এ পিস অব লেজিসলেসান আমি এই ডিফারেন্স বুঝতে পারলাম না। সুতরাং আমি

বেস্টারউইচ সাহেবকে ওবলাইজ করতে পারছি না, ওয়ার্কার্সদের চাঁদা থাকবে। যদি ওয়ার্কার্সরা ডাইরেক্টলি পার্টিসিপেট করে, ডাইরেক্টলি ম্যানেজ করে তাহলে বাস্তবিক ১ টাকা চাঁদা দিতে তারা কুণ্ঠা বোধ করবে না এই বিশ্বাস আমার শ্রমিক সমাজের প্রতি আছে, এই পার্সোন্যালিটি শ্রমিক সমাজের প্রতিনিধির থাকা উচিত বলে আমি বিশ্বাস করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নতুন কথা উঠেছে বসুমতী সম্পর্কে, আমি জানি না এই প্রসংগে এই কথা উল্লেখ করা উচিত ছিল কিনা। এই সম্পর্কে সরকারের মতামত আমি জানিয়ে দিয়েছি। আমি নিরঞ্জন বাবুকে বলছি যে নতুন আইন দেখলে আপনারা চমকে যান, কিন্তু পুরাতন আইনে যা আছে তার উপযুক্ত সদ্ব্যবহার কি করেছেন? তাও করছেন না। আপনারা ই, এস, আই, সম্পর্কে আমার ঘাড়ে দোষ দেন, প্রভিডেন্ট ফাণ্ড সম্পর্কে আমার ঘাড়ে দোষ দেন, যদি আমি তর্কের খাতিরে সেই দোষ মেনেও নিই, কিন্তু আমি জিজ্ঞাসা করছি ফ্যাক্টরীজ এ্যাক্টে ওয়ারকারসদের সম্বন্ধে যে সমস্ত প্রোটেকটিভ মেজার্স আছে শ্রমিক নেতা হিসাবে সেইসব প্রোটেকটিভ মেজার্স ইমপ্লিমেন্টেড হচ্ছে কি না হচ্ছে কারখানায় কারখানায় এই দাবি নিয়ে কোন দিন কোন নেতা শ্রমমন্ত্রীর কাছে কি এসেছেন? ৯ লক্ষ ৮২ হাজার লোক পশ্চিমবঙ্গের কলে কারখানায় ১ বছরের মধ্যে আহত হয়েছে, পঙ্গু হয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত এ, আই, টি, ইউ, সি'র পক্ষ থেকে শ্রমমন্ত্রীর কাছে একটা কেসও কি নিয়ে এসেছেন যে অমুক কারখানায় সেফটি মেজার্স প্রতিপালিত হচ্ছে না? মানুষ মারা গেলে আপনারা আসবেন ৩ কি ৪ হাজার টাকার কমপেনসেসানের দাবি নিয়ে। কিন্তু মানুষকে মৃত্যুর হাত থেকে রক্ষা করবার জন্য কারখানায় মিনিমাম সেফটি মেজার্স প্রতিপালিত হচ্ছে কি না হচ্ছে সেই দায়িত্ব ট্রেড ইউনিয়ন নেবেন না। এই অবস্থার মধ্যে আমরা এখনও আছি। তাই সরকারকে আইন করতে হয়, তাই কালেক্টিভ বার্গেনিং-এর বিষয় বন্ধ হতে বাধ্য। মাননীয় সদস্য বিজয় সিং নাহার মহাশয় যেকথা বলেছেন আমি শ্রদ্ধার সংগে তা গ্রহণ করি, আমাদের ফাঁক যাতে না হয় প্রভিডেন্ট ফাণ্ড, ই, এস, আই'র মত সেজন্য যেমন গ্র্যাচুইটি এ্যাক্টে পেনাল মেজার করেছি এখানে তেমনি পেন্যাল মেজারের কথা ভাবতে হবে। মনে হয় সেটা করে দেওয়া যাবে। মাননীয় সদস্য সুকুমার বন্দোপাধ্যায় মহাশয় বলেছেন এগ্রিকালচারাল লেবারের কথা শ্রম মন্ত্রী ভাবেন নি। খুব সত্য কথা। এগ্রিকালচারাল লেবারের উপর বর্তমান আইন প্রযোজ্য নয়। কিন্তু একথা মনে করবার কোন কারণ নেই যে এই আইন এগ্রিকালচারাল লেবারদের উপর প্রযোজ্য নয় বলে এগ্রিকালচারাল লেবার অবহেলিত। সুকুমার বাবুকে বলছি এগ্রিকালচারাল লেবার সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার একটা হাই পাওয়ার কমিটি করেছেন, যার চেয়ারম্যান হবেন শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য্য মহাশয়। সেই সাব-কমিটি ইন ইটস টোটালিটি তাদের সমস্ত প্রবলেমস এবং তাদের সমস্ত দিক বিচার বিবেচনা করবেন এবং বিচার বিবেচনা করে একটা রেকমেণ্ডেসান করবেন, সেই রেকমেণ্ডেসান অনুযায়ী সরকার ব্যবস্থা গ্রহণ করবেন এবং এই সম্বন্ধে প্রয়োজন মত যথা সময়ে বিল নিয়ে আসবেন এই আশ্বাস সুকুমার বাবুকে দিচ্ছি। মাননীয় সদস্য শুক্লা বলেছেন এগজিসটিং ফেসিলিটিজ কার্টেলড হয়ে যাচ্ছে কিনা—আমি আগেই বলেছি এটা ইনট্রামুর‍্যাল, এক্সট্রামুর‍্যাল। ইন্ট্রামুর‍্যাল ফেসিলিটিজ যা ফ্যাক্টরীজ এ্যাক্টের আওতায় আছে সেটা বাধ্যতামূলক, তা থেকে কোন কারখানা এগজেম্পসান পাচ্ছে না, এমন কি পাবলিক সেক্টর আণ্ডারটেকিংও পাচ্ছে না, সরকারী কারখানাকেও ফ্যাক্টরী এ্যাক্টের যা ওবলিগেসান তা করতে হবে, উপরন্তু এই টাকা দিতে হবে এক্সট্রামুর‍্যাল এ্যাক্টিভিটিজের জন্য।

আর একজন ভদ্রলোক বললেন এটা সার্কুলেসনে দেওয়া উচিত ছিল। তাঁর কোন জ্ঞান নেই কাজেই আমি তাঁর প্রশ্নের উত্তর দিচ্ছিনা। ৫০ বছর ধরে ভারতবর্ষের বিভিন্ন কমিটি বিভিন্ন যুগে, বিভিন্ন রাজনৈতিক পরিবেশে, বিভিন্ন শাসনযন্ত্রের তত্ত্বাবধানে যে বিষয়ের উপর বিচার বিবেচনা করে ভারতবর্ষের অন্তর্গত ৪টি প্রদেশে যে আইন বলবত আছে সেই আইন পশ্চিম-বাংলায় প্রবর্তন করবার জন্য এবং যে আইন সুপ্রিমকোর্ট-এর দ্বারা ভেলিড বলে ডিকলেয়ার্ড হয়েছে সেই আইনের জন্য সার্কুলেসনের দরকার হয় সেটা আমি মনে করি না। তিনি জানেন না তাই অজ্ঞের মত বলতে পারেন। আমি তার সাজেসন্স গ্রহণ করতে পারছি না একথা বলে এই বিল গ্রহণ করবার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

The motion of Dr. Gopal Das Nag that the West Bengal Labour Welfare Func Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreec to.

[7—7-10 p m]

Clause 4

Shri Shish Mohammad : I beg to move that in clause 4(1), line 6, for the words "independent persons" the words "representatives of all Central Trade Unions" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে জমি থাকে, লাঙল থাকে কিন্তু তা সত্ত্বেও একজন চালকের দরকার হয়। এখানে বলা হয়েছে ইনডিপেনডেন্ট পার্সন এবং উনি বলেছেন হিউম্যানিস্ট-এর কথা। আমার বক্তব্য হচ্ছে যারা শ্রমিকদের স্বার্থ নিয়ে চিন্তা করে, যারা শ্রমিকদের কথা ভাবে তাদের বাদ দিয়ে এটা কি করে সম্ভব? জমি, লাঙল থাকলেই যেমন চাষ হয় না, একজন চালক দরকার, ঠিক তেমনি যারা শ্রমিকদের কথা ভাবে তাদের বাদ দিলে এই জিনিষ হয় না এবং সেইজন্যই আমরা ট্রেড ইউনিয়ন লিডার্স-এর কথা বলছি। কাজেই অনুরোধ করছি আপনি দয়া করে ইনডিপেনডেন্ট পার্সন একথাটা ওমিট করে রিপ্রেজেনটেটিভস্ অব অল সেন্ট্রাল ট্রেড ইউনিয়নস যেকথা আমি বলেছি সেটা গ্রহণ করুন। আমি মনে করি এটা গ্রহণ করলে এই বিল পূর্ণাংগ হবে এবং ক্লজ পূর্ণাংগ হবে। আমি আবার অনুরোধ করছি এটা গ্রহণ করুন কারণ ট্রেড ইউনিয়ন লিডাররাই শ্রমিকদের কথা ভালভাবে জানেন।

Shri Niranjan Dihidar : I beg to move that the following proviso be added to clause 4(1), namely :

> " Provided that 50 per cent. of the members of the Board shall be the representatives of employees and in no case the representatives of the employers will be more than 20 per cent. of the members of the Board."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর উপর আগেই বলেছি কিন্তু আবার বলছি এই যে বোর্ড গঠিত হলে তাতে শ্রমিকদের রিপ্রেজেনটেটিভ হবে শতকরা ৫০ ভাগ এবং মালিকদের ক্ষেত্রে বলেছি শতকরা ২০ ভাগ। আমি আশাকরি শ্রমমন্ত্রী মহাশয় আমার এই এ্যামেণ্ডমেন্ট সম্বন্ধে ভেবে দেখবেন বিশেষ করে অতীতের ঘটনাবলী অর্থাৎ ই, এস্, আই—এর কথা চিন্তা করে।

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যামেণ্ডমেন্টের কোন দরকার আছে বলে আমি মনে করি না। এখানে আমরা ইনডিপেনডেন্ট পার্সন ডেফিনিট্‌লী ডু নট এক্সক্লুড ট্রেড ইউনিয়ন লিডার্স একথা বলেছি। আমরা এখানে যে এমপ্লয়ীজ বলেছি সেই এমপ্লয়ীজ বলতে কি ট্রেড ইউনিয়ন লিডার্স বোঝায়না? ইনডিপেনডেন্ট পার্সন বলতে কি ট্রেড ইউনিয়ন লিডার্স নট কানেকটেড উইথ এনি আনডারটেকিং এটা বোঝায়? সুতরাং রুলস্-এ ট্রেড ইউনিয়ন লিডার্স দেওয়া যেতে পারে। কিন্তু যদি বলেন এক্সক্লুসিভলী ট্রেড ইউনিয়ন লিডার্স তাহলে মহারাষ্ট্রে যেটা দেখেছি অর্থাৎ সিনেমা এ্যাক্টর ডেভিড অনারারি হোলটাইমার হিসেবে এর পিছনে লেগে রয়েছেন যদি সেরকম লোক পশ্চিমবাংলায় আমরা পাই তাহলে ভেবে দেখব। কাজেই শুধু ট্রেড ইউনিয়ন লিডার্স নেব, হিউম্যানিস্ট নেব না এটা হতে পারে না। মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার এবং গিরিজাবাবু যেকথা বলেছেন সেটা রুলস্-এর ব্যাপার কতজন কোথা থেকে আসবে। আমি আপনাদের একথা বলে আশ্বস্ত করতে পারি যে, কোন অবস্থাতেই মালিকদের প্রতিনিধি ২০ জনের বেশী হবে না।

কারণ এটা স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ড নয় যে ৫০ঃ৫০ রিপ্রেজেন্টটেশান হবে, ব এটা ঐ ধরনের কোন স্টেট্টুটারী কমিটি—এই ধরনের নয় যেখানে ৫০ঃ৫০ রিপ্রেজেন্টটেটিভ থাকে, সুতরাং মালিকদের প্রতিনিধি বেশী হবে একথা চিন্তা করবার কোন কারণ নাই। রুল্‌সে দ্যাট ক্যান বি টেকেন কেয়ার অফ।

Shri Niranjan Dihidar :

স্যার, মন্ত্রী মহাশয় যখন আশ্বাস দিয়েছেন যে ২০ পারসেন্টের বেশী মালিকপক্ষ থাকবে না সেজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Shish Mohammad that in clause 4(1), line 6, for the words "independent persons" the words "representatives of all Central Trade Unions" be substituted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that the following proviso be added to clause 4(1), namely :

" Provided that 50 per cent. of the members of the Board shall be the representatives of employees and in no case the representatives of the employers will be more than 20 per cent. of the members of the Board."

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Girija Bhusan Mukhopadhyaya : Sir, I beg to move that in sub-clause (1) of clause 5, after item (*d*), the following item be inserted, namely —

" (e) is an employer or the representative of an employer, if the employer is a defaulter in paying contribution under the Employees' Provident Funds and Family Pension Fund Act, 1952, or under the Employees' State Insurance Act, 1948."

এটা (৫ডি)-এর প্যারাতে এ্যাড করা হউক।

Dr. Gopal Das Nag : I accept the amendment.

The motion of Shri Girija Bhusan Mukhopadhyaya that in sub-clause (1) of clause 5, after item (*d*), the following item be inserted, namely :—

" (e) is an employer or the representative of an employer, if the employer is a defaulter in paying contribution under the Employees' Provident Funds and Family Pension Fund Act, 1952, or under the Employees' State Insurance Act, 1948."

was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

[7-10—7-20 p.m.]

Clauses 6 to 8

The question that Clauses 6 to 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 9(1), lines 3 to 5, the words beginning with "contribution payable" and ending with "the employee's contribution" be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 9(2), lines 4 and 5, the words beginning with "and the contribution" and ending with "every six months" be omitted.

Shri Shish Mohammad : Sir, I beg to move that clause 9(2) be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 9(3), in line 1, the word "both" be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 9(3), lines 2 and 3, the words beginning with "and the employee's" and ending with "of 50 paise" be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that clause 9(4) be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that clause 9(5) be omitted.

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 9(6), line 1, the words 'and employee's" be omitted.

Dr. Gopal Das Nag : Sir, I have already stated that I do not think it will be wise for us to have in the Bill that the workers will be participants but not the contributors. So I cannot accept the amendment. Sir, in regard to amendment of another member, my humble submission is this that the concept of Labour Welfare Fund is a dynamic one. The contents are bound to change from region to region and even in our country. The contents may also change from time to time as and when the needs of the workers will change.

সুতরাং কোন অবস্থাতেই এই এ্যামেণ্ডমেন্টগুলি গ্রহণযোগ্য বলে আমি মনে করছি না।

The motion of Shri Niranjan Dihidar that in clause 9(2), lines 4 and 5, the words beginning with "and the contribution" and ending with "every six months" be omitted, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that clause 9(2) be omitted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that in clause 9(3), in line 1, the word "both" be omitted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that in clause 9(3), lines 2 and 3, the words beginning with "and the employee's" and ending with "of 50 paise" be omitted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that clause 9(4) be omitted. was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that clause 9(5) be omitted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that in clause 9(6), line 1, the words "and employee's" be omitted, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that in clause 9(1), lines 3 to 5, the words beginning with "contribution payable" and ending with "the employee's contribution" be omitted, was then put and a division taken with the following result :—

NOES—40

Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Chaki, Shri Naresh Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Baid Baran.
Das, Shri Rajani.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Gyan Singh, Shri Sohanpal.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisr Kumar.
Khan, Shri Gurupada.
Mahanto, Shri Madan Mohan.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah Shri.
Md. Shamsuzzhao, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mondal, Shri Aftaduddin.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrrimati Ila.
Saren, Shrimati Amala.
Saker, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan. .
Sinha Roy, Shri Bhawani Prosad
Tudu, Shri Budhan Chandra.

AYES—9

Chakrabarti, Shri Biswanath.
Dihidar, Shri Niranjan.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Nitaipada.
Shish Mohammad, Shri.
Soren, Shri Jairam.

The Ayes being 9, and the Noes 40, the motion was lost.

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed

Clause 10

The question that clause 10 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 11

[7-20—7-30 p.m.]

Mr. Speaker : There are amendments to clause 11 by Shri Niranjan Dihidar and Shri Girija Bhusan Mukhopadhyaya—amendment Nos. 38-39 and 40-41.

Shri Niranjan Dihidar :

স্যার, আমি এই ৪০ এ্যাণ্ড ৪১ এ্যামেণ্ডমেন্ট দুটো মুভ করছি।

Sir, I beg to move that after clause 11(2)(h), the following new sub-clause be added, namely :—

"(i) compensate the loss of wages during the period of absences due to sickness of an employee,

(j) provide subsistance allowance to an employee for temporary termination of services either due to dismissal, discharged at retrenchment at the rate of 75 per cent. of the earning of the workmen,

(k) provide subsistance allowance at the rate of 75 per cent. of the earning of an employee during the period of closure or lockout of an establishment,

(l) provide benefit at the rate of 50 per cent. of the earning of an employee during the period of strike".

এটার উপর বক্তব্য আগেই রেখেছি। কাজেই এখন আর কোন বক্তব্য রাখছি না। কেবল আমি মুভ করছি।

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে আইনটা করছি এটা শ্রমিক কল্যাণ আইন। এটা সোসাল সিকিউরিটি মেজার নয়, এটা স্ট্রাইক ফাণ্ড তোলবারও আইন নয় বা স্ট্রাইক—লক আউট এনকারেজ করারও আইন নয়। কাজেই এই রকম একটা অবাস্তব সাজেসন, আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি—গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Only two amendments have been moved—amendment Nos. 40 and 41.

The motion of Shri Niranjan Dihidar that after clause 11(2)(h), the following new sub-clause be added, namely—

"(i) compensate the loss of wages during the period of absences due to sickness of an employee,

(j) provide subsistance allowance to an employee for temporary termination of services either due to dismissal, discharged at retrenchment at the rate of 75 per cent. of the earning of the workmen,

(k) provide subsistance allowance at the rate of 75 per cent. of the earning of an employee during the period of closure or lockout of an establishment,

(l) provide benefit at the rateiof 50 per cent. of the earning of an employee during the period of strike."

was then put and a division taken wtih the following results—

NOES—41

Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Supriyo.
Chaki, Shri Naresh Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Gyan Singh, Shri Sohanpal.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Mahanto, Shri Madan Mohan.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mondal, Shri Aftabuddin.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tudu, Shri Budhan Chandra.

AYES—9

Chakrabarti, Shri Biswanath.
Dihidar, Shri Niranjan.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar
Mukhopadhyaya, Shri Girija Bhusan,
Panda, Shri Bhupal Chandra.

Sarkar, Shri Nitaipada.
Shish Mohammad, Shri.
Soren, Shri Jairam.

The Ayes being 9, and the Noes 41, the motion was lost.

The question that clause 11 do stand part of the Bill, was then put and agreed to..

Clauses 12 to 17

The question that clauses 12 to 17 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 18

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 18(2), lines 1 and 2' the words "with the approval of the State Government" be omitted.

এই বলে আমি আমার এ্যামেণ্ডমেন্ট মুভ করছি।

Dr. Gopal Das Nag :

আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Shish Mohammad that in clause 18(2), lines 1 and 2, the words "with the approval of the State Government " be omitted, was then put and a division taken with the following results :—

NOES—41

Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Supriyo.
Chaki, Shri Naresh Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Gyan Singh, Shri Sohanpal.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Mahanto, Shri Madan Mohan.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mondal, Shri Aftabuddin.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Gobinda Chandra.

Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tudu, Shri Budhan Chandra.

AYES—1

Shish Mohammad, Shri.

The Ayes being 1 and the Noes 41, the motion was lost.

The question that clause 18 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 19 and 20

The question that Clauses 19 and 20 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 21

[7-30—7-34 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in clause 21,—

(i) for the marginal note, the following marginal note be substituted, namely—

"Penalties"

(ii) the existing clause be numbered as sub-clause (1), and

(iii) after sub-clause (1) as so numbered, the following sub-clause be added, namely—

"(2) If an employer—

(a) fails to pay any contribution which under this Act, he is liable to pay, or

(b) is guilty of any contravention of or non-compliance with any of the requirements of this Act or the rules made thereunder, in respect of which no penalty is provided,

he shall be punishable with imprisonment for a term which may extend to one year or with fine which may extend to two thousand rupees or with both."

Dr. Gopal Das Nag : Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 21,—

(i) for the marginal note, the following marginal note be substituted, namely—

"Penalties"

(ii) the existing clause be numbered as sub-clause (1), and

(iii) after sub-clause (1) as so numbered, the following sub-clause be added, namely—

"(2) If any employer—

(a) fails to pay any contribution which under this Act, he is liable to pay, or

(b) is guilty of any contravention of or non-compliance with any of the requirements of this Act or the rules made thereunder, in respect of which no penalty is provided,

he shall be punishable with imprisonment for a term which may extend to one year or with fine which may extend to two thousand rupees or with both."

was then put and agreed to.

The question that clause 21, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Shri Niranjan Dihidar : Sir, I beg to move that in clause 22(2), line 3, after the words "Welfare Commissioner", the words "by the employee directly" be inserted.

Sir, I also beg to move that after clause 22(3), the following new sub-clause be added, namely—

"(4) The State overnment will specify the courts which shall deal with the cases."

Dr. Gopal Das Nag : Sir, I regret I cannot accept the amendments.

The motion of Shri Niranjan Dihidar that in clause 22(2), line 3, after the words "Welfare Commissioner", the words "by the employee directly" be inserted, was then put and lost.

The motion of Shri Niranjan Dihidar that after clause 22(3), the following new sub-clause be added, namely—

"(4) The State Government will specify the courts which shall deal with the cases."

was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 23 to 28 and Preamble

The question that clauses 23 to 28 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Labour Welfare Fund Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-34 p.m. till 1 p.m. on Thursday, the 18th April, 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 18th April, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 161 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance.

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

[There was none to take Oath]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Prevention of Blindness

*465 (Admitted question No. *22) **Shri Md. Shafiullah :** Will the Minister-in-Charge of the Health Department be pleased to state :

The measures (short-term and long-term) taken or poposed to be taken by Government for the prevention of blindness in rural and urban areas ?

Shri Ajit Kumar Panja : (i) Arrangement for treatment of eye diseases exists in all the State General Hospitals in Calcutta as well as in the district and subdivisional hospitals ;

(ii) A Retina Research Centre is functioning at the Eye Infirmary, Medical College Hospitals, Calcutta ;

(iii) Liberal financial assistance is being extended to the Dr. M. N. Chatterjee Memorial Eye Hospital, Calcutta (100 bedded) and the Netaji Eye and General Hospital, Ramchandrapur Ashram, Purulia (100 bedded) whch are rendering services to a large number of patients suffering from eye diseases. Large grant is being paid to the Association for the Prevention of Blindness,, Bengal, which is running four Travelling Eye Dispensaries and also to the National Association for Blind, West Bengal State Branch, which is holding Free Eye Camps in rural and semi-urban areas at regular intervals.

Arrangement proposed :

(i) Recently sanction of Government has been accorded to the setting up of Eye Camps in Health Centres to provide adequate facilities to the rural people for operation of cataract and treatment of other eye diseases.

Each camp shall have arrangement for operations and treatment of 100 cases.

(ii) The facilities for indoor treatment will be augmented by providing more beds for eye diseases in the State hospita .

Shri Md. Shafiulla :

এই রাজ্যে শিশুদের চক্ষুরোগ বেশী হয়, শিশুদের এই চক্ষুরোগ বেশী হবার কারণ কি, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ajit Kumar Panja :

শিশুদের চক্ষুরোগ বেশী হয় বলে এই রকম কোন তথ্য আমাদের কাছে নেই।

Shri Md. Shafiulla :

যে রেটিনা রিসার্চ সেন্টার মেডিকেল কলেজে স্থাপন করা হয়েছে সেখানে গবেষণার কি কি অগ্রগতি হয়েছে সেটা জানাবেন কি?

Shri Ajit Kumar Panja :

ওখানে অনেক রকম গবেষণা হয় যেমন রেটিনাল ডিটাচমেন্ট কেন হচ্ছে তার কারণ কি এবং নতুন আধুনিক পদ্ধতিতে কিভাবে অপারেশন করা যায় এবং তাতে আবার দৃষ্টি শক্তি ফিরিয়ে আনা যায় তার জন্য ব্যবস্থা হচ্ছে।

Shri Md. Shafiulla :

হুগলী জেলার হাটপুকুরে একটি চক্ষু হাসপাতাল আছে এবং জমি অধিগ্রহণ করা হয়েছে। এই আই হসপিটালে বহুদূর দূরান্ত থেকে লোক আসে এটা একটা টেমপোরারি বিলডিং। আমার জিজ্ঞাস্য হচ্ছে মন্ত্রী মহাশয় এটাকে একটা স্থায়ী হসপিটালে পরিণত করবার জন্য আমাদের সাহায্য করবেন কি?

Shri Ajit Kumar Panja :

এটা একটা নির্দ্দিষ্ট জায়গার হসপিটাল সম্বন্ধে প্রশ্ন রাখলেন, নোটিশ দিলে আমি বলতে পারব।

Shri Md. Shafiulla :

গত দু বছরে কলকাতা এবং মফঃস্বলে কি ধরণের চক্ষু রোগ বেড়েছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ajit Kumar Panja :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন থেকে ওটা ওঠে না, তাই এখন বলা সম্ভব নয়।

Shri Md. Shafiulla :

আপনি সমস্ত আই ডিজিজের কথা বলেছেন এর মধ্যে গ্লোকিউমা বা চোখের অন্যান্য মারাত্মক রোগের চিকিৎসার জন্য মোবাইল ট্রিটমেন্টের ব্যবস্থা আছে কিনা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ajit Kumar Panja :

মোবাইল ইউনিটগুলিতে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা আছে এবং ডাইগোনিসস করার জন্য স্পেশালিস্ট ডাক্তার এবং অন্যান্য চক্ষু বিশেষজ্ঞরা আছেন। তবে মোবইল ইউনিট-গুলিতে বড় অপারেশন করা সম্ভব নয়। সেখান থেকে সম্ভব হলে আই ইনফরমারিতে বা আর, এন, রায় হাসপাতালে পাঠান হয়। তবে মোবাইল ইউনিটগুলিতে এবং স্বাস্থ্য-কেন্দ্রে যে ব্যবস্থা আমরা করতে যাচ্ছি ... ক্যাটারাক্ট অপারেশন আমরা করতে পারবো।

Shri Ganesh Hatui :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, অন্ধদের চোখ ফিরিয়ে দেবার জন্য এখানে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

Shri Ajit Kumar Panja :

আমাদের যে আই-ব্যাংক আছে ক্যালকাটা মেডিক্যাল কলেজ হাসপাতালে আই ইনফার-মারিতে সেই ব্যাংকে যদি আমরা ঠিক মত চোখ সংগ্রহ করতে পারি এবং ডাক্তাররা যদি মনে করেন কোন ক্ষেত্রে অপারেশন করে অন্ধত্ব দূর করা সম্ভব তখন সে ক্ষেত্রে অপারেশন করা হয়। খুব সম্প্রতি আমরা এন, আর, এস, মেডিক্যাল কলেজে ঠিক এরকম একটা চক্ষু ব্যাংক স্থাপন করেছি এবং সেটা কাজ করতে সুরু করেছে।

Shri Ganesh Hatui :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ভাবে ব্যাংকে কত চোখ সংগ্রহ করা আছে?

Shri Ajit Kumar Panja :

সেটা এখনই বলা সম্ভব নয়।

Shri Biswanath Chakrabarti :

আমি যতদূর শুনেছি কিছুদিন আগে একজন ডাক্তারের একটি প্রস্তাব প্রধান বিচারপতি মাননীয় শ্রীশঙ্করপ্রসাদ মিত্রের সুপারিশ সহ মন্ত্রী মহাশয়ের কাছে গিয়েছে। প্রস্তাবটি হচ্ছে, মৃত্যুর ৪ ঘণ্টার মধ্যে মৃত ব্যক্তির করনিয়াটা তুলে নিয়ে যদি লাগান যায় তাহলে অনেকে চোখ ফিরে পেতে পারে এবং ব্লাইন্ডনেস দূর করা যায়। এ সম্পর্কে একটি আইন করার জন্য আপনার কাছে যে প্রস্তাবটি পাঠান হয়েছে সেটা আপনি পেয়েছেন কি?

Shri Ajit Kumar Panja :

হ্যাঁ, সে সুপারিশ এসেছে।

Shri Biswanath Chakrabarti :

এই সেশানের মধ্যে সম্ভব না হলেও অতি শীঘ্র সেই আইন আনার কথা মাননীয় মন্ত্রী মহাশয় ভাবছেন কি?

Shri Ajit Kumar Panja :

বাধ্যতামূলকভাবে যদি চোখ নিতে হয় তাহলে আইন করার প্রয়োজন হয়, সুপারিশ পাবার পর সেটা এখন এগজামিন করে দেখছি। তবে আপাতত জনসাধারণ যাতে এমনিতেই এগিয়ে আসেন সেটা আমরা চেষ্টা করছি। এই প্রসঙ্গে আপনাদের জানাচ্ছি, অনেক গরীব জনসাধারণ যাদের বারিং এক্সপেনসেস দেবার ক্ষমতা নেই অথচ রোগী হাসপাতালে মারা গিয়েছেন সে ক্ষেত্রে যদি সেই মৃত ব্যক্তির চোখ নিতে এ্যালাউ করা হয় তাহলে সে ক্ষেত্রে কিছু টাকা দেবার প্রস্তাব রেখেছি যাতে সেই চোখ নিয়ে অন্ধ লোকেদের দিতে পারি।

Shri Biswanath Chakrabarti :

৫০ টাকা করে বোধ হয় দেন চোখ দিলে এখন এ ক্ষেত্রে গরীব লোকেরা দেবে বড় লোকেরা দেবে না একথাটা এসে যাচ্ছে। যে দেশে ৯০ হাজার শিশু প্রায় প্রতি বছর অন্ধ হয়ে যায় এবং ৫০ লক্ষ লোক অন্ধ সে দেশে বৈজ্ঞানিক কারণে কি সেন্টিমেন্টাল ভ্যালুটা সরকার এ্যাভয়েড করতে পারেন কি?

Shri Ajit Kumar Panja :

এখানে গরীব বড় লোকের প্রশ্ন নয়, আমরা এই ব্যবস্থাটা করতে যাচ্ছি প্রথম পদক্ষেপ হিসাবে। যারা উপযুক্ত চোখ দিতে চাইছেন তাদের আমরা বার্নিং এক্সপেনসেস হিসাবে কিছু টাকা দিচ্ছি। তবে হাসপাতালে কোন রোগী মারা গেলে বাধ্যতামূলকভাবে তার করনিয়া নিয়ে গ্রাফটিং করতে পারি কিনা সেটা আমরা পরীক্ষা করে দেখছি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, র‍্যাটিনা ডিটাচমেন্ট রোগের ব্যাপারে এখনও পর্যন্ত অনুসন্ধান করে কোন কারণ জানা গিয়েছে কিনা এবং জানা গিয়ে থাকলে সেগুলি কি কি?

Shri Ajit Kumar Panja :

অনুসন্ধান চলছে, সমস্ত কারণ জানা যায়নি। তবে প্রাথমিক কারণ হিসাবে জানা গিয়েছে যে যারা খুববেশী লেখাপড়া করেন বা চোখ ব্যবহার করেন—রিসার্চ ওয়ার্ক করেন, প্রফেসার স্টুডেন্ট ইত্যাদি, তাদের ক্ষেত্রে এটা বেশী করে দেখা যায়।

[1-10—1-25 p.m.]

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন, এটা কি সত্য যে আপনি নিজে মৃত্যুর পূর্বে আপনি আপনার চোখ আই ব্যাংকে আপনার মৃত্যুর পরে দান করবার জন্য অঙ্গিকারবদ্ধ হয়েছেন, এটা কি সত্য?

Shri Ajit Kumar Panja :

এটা সত্য।

Shri Nandalal Banerjee :

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে খুব বেশী লেখাপড়া করলে চোখ নষ্ট হয়ে যায়, তাহলে আশুতোষ মুখার্জী, বিদ্যাসাগর প্রভৃতি মণীষীদের কি চশমা ছিল ?

Mr. Speaker : It is a matter of opinion. Please take your seat.

বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিক

*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত;

(খ) বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকদের বর্তমান ন্যূনতম বেতন হার কত এবং তাঁরা অন্যান্য কি কি সুযোগ সুবিধা পান; এবং

(গ) সরকার নির্ধারিত সুযোগ সুবিধা শ্রমিকরা ঠিকমত পান কিনা তা দেখার জন্য সরকারের কি কি ব্যবস্থা আছে?

Dr. Gopal Das Nag :

(ক) বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিকের সংখ্যা প্রায় ১,৩০,০০০।

(খ) বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকদের বেতনের হার নিম্নরূপঃ

জেলা				মজুরীর হার প্রতি ১,০০০ টাঃ পঃ
কলিকাতা	—	—	—	৮'০০
২৪ পরগণা	—	—	—	৭'৮৭
হাওড়া —	—	—	—	৭'৭৫
হুগলী —	—	—	—	৬'৫২
বর্ধমান —	—	—	—	৫'৪৬
নদীয়া —	—	—	—	৪'৮৬
মুর্শিদাবাদ (ধুলিয়ান ঔরঙ্গাবাদ এবং নিমতিতা)		—	—	৪'৮৬
পঃ দিনাজপুর	—	—	—	৪'৬৬
জলপাইগুড়ি	—	—	—	৬'০৬
দার্জিলিং	—	—	—	৫'৮৬
কুচবিহার	—	—	—	৬'০০
মালদা —	—	—	—	৪'৬০
বীরভূম —	—	—	—	৫'৪০
মেদিনীপুর	—	—	—	৫'০১
বাঁকুড়া —	—	—	—	৫'০০
ধুলিয়ান ঔরঙ্গাবাদ এবং নিমতিতা			—	৪'৬০

পুরুলিয়ায় নিম্নতম মজুরীর হার প্রতি হাজারে ৮৭ পঃ হইতে ২ টাকা পর্যন্ত ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী মজুরীর হার প্রতি হাজারে ৩ টাকা ৬০ পয়সা নির্ধারিত হইয়াছিল। বিড়ি কারখানার মালিকগণ উক্ত বর্ধিত মজুরীর হার যাহাতে কার্যকরী করা না হয় ও ন্যুনতম মজুরী নির্ধারণ কমিটি যাহাতে বেতন নির্ধারণ না করিতে পারে সেজন্য মহামান্য হাই কোর্ট দ্বারা ইনজাংশান জারী করাইয়াছেন। এতদ্ ভিন্ন শ্রম আইনে প্রদত্ত অন্যান্য সুযোগ সুবিধা তাহারা ভোগ করিয়া থাকেন।

(গ) শ্রমিকেরা ঠিকমত সুযোগ সুবিধা পান কিনা তাহা দেখিবার জন্য পরিদর্শকের বিভিন্ন শিল্পসংস্থা পরিদর্শন করিয়া থাকেন।

Shri Sukumar Bandyopadhyay:

মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে বিড়ি শ্রমিক যারা বিভিন্ন জেলায় ঠিকা বিড়ি তৈরী করেন, তাদের বেতনের হার অন্য সমস্ত বিড়ি শ্রমিকদের বেতনের হারের তুলনায় সমতুল্য করবার ব্যবস্থা করবেন কি?

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে শ্রেণীর বিড়ি শ্রমিকদের কথা উনি বললেন, সেই শ্রেণীর বিড়ি শ্রমিকদের সম্বন্ধে কিছু করা শ্রম দপ্তরের পক্ষে সম্ভব নয়। আমরা কেবল মাত্র মজুরী ধার্য্য করতে পারি বা আইনানুগ ব্যবস্থা অবলম্বন ব্যবস্থা করতে পারি, সেই ধরনের বিড়ি শ্রমিকদের জন্য যারা নির্দিষ্ট বিড়ি কারখানায় কাজ করেন। ঠিকা নিয়ে বাড়ীতে বসে কাজ করেন, তাদের সম্বন্ধে একটা প্রাইভেট চুক্তি হয়, সেখানে শ্রম দপ্তরের যে সমস্ত নির্ধারিত বেতন হার, বা অন্যান্য আইনানুগ সুবিধা কোন মালিক দেন না, সেটাকে বাই-পার্টাইট চুক্তি ঠিকা শ্রমিক এবং মালিকদের মধ্যে হয়, যেখানে আমাদের হস্তক্ষেপ করার কোন সুযোগ সুবিধা নেই।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ইনডাস্ট্রিয়্যাল মজুরী আইন অনুযায়ী সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করার অপরাধে পশ্চিমবাংলায় কটা বিড়ি মালিকদের বিরুদ্ধে কেস দায়ের করা হয়েছে?

Dr. Gopal Das Nag :

প্রসিকিউশনের কটা কেস করা হয়েছে, তার সংখ্যা জানতে চাইলে নোটিশ দিতে হবে।

Shri Sukumar Bandyopadhyay :

কোন মালিক যদি ইন্ডাস্ট্রিয়্যাল ডিসপিউটস এ্যাক্ট অনুযায়ী যে মজুরী ধার্য্য করা হয়েছে, সেই মজুরী যদি ফাঁকি দেয়, তাহলে সেই মালিকের শাস্তির সর্বোচ্চ সীমারেখা কি?

Dr. Gopal Das Nag :

ইন্ডাস্ট্রিয়্যাল ডিস্‌পিউটস্‌ এ্যাক্টে যা আছে মাননীয় সদস্য সেটা ভাল ভাবেই জানেন। ১০০ টাকা পর্য্যন্ত ফাইন করা হয়।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় শ্রমমন্ত্রী পশ্চিমবঙ্গে বিভিন্ন শ্রমিকদের কল্যাণ করার জন্য বহু বলিষ্ঠ কর্মপন্থ গ্রহণ করেছেন, এই যে শাস্তির সর্বোচ্চ সীমারেখা, এটাকে বাড়িয়ে দিয়ে সশ্রম কারাদন্ড পাঁচ বছর এবং পাঁচ হাজার টাকা জরিমানা, এই রকম একটা কিছু করবার কথা চিন্তা করছেন কি?

Mr. Speaker : It is a matter of statute.

Shri Sarat Chandra Das :

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে মিনিমাম ওয়েজ হিসাবে যে বেতন দেবার কথা, পুরুলিয়া জেলার সমস্ত বিড়ি মার্চেন্টরা তার বিরুদ্ধে হাইকোর্টে কেস করার ফলে সেটা ইমপ্লিমেন্টেশন হতে পারছে না, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে মার্চেন্টরা হাইকোর্টের ঐ কেসে হেরে গেছে?

[1-25—1-35 p.m.]

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে এই তথ্য এখনো এসে পৌছয়নি। যদি হাইকোর্টে মামলায় হার হয়ে থাকে তাহলে এখানে যে চুক্তি আছে, সেই চুক্তিকে এখানে বলবত করায় কোন অসুবিধা নেই।

Shri Sarat Chandra Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এক মাস পূর্বে তারা হাইকোর্টে এই কেসে হেরে গিয়েছে এবং শ্রমিকদের কল্যাণের জন্য যে আইন এত দিন বাধাপ্রাপ্ত হচ্ছিল সেই বাধা অপসারিত হয়েছে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে হাইকোর্ট থেকে খবর এলে পর করবেন না আপনি নিজে ইনিসিয়েটিভ নিয়ে যাতে শ্রমিকদের তাড়াতাড়ি সুযোগ সুবিধা দেওয়া যায় তার ব্যবস্থা করবেন?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তরে আমি যে কথা বললাম সেটা হচ্ছে এই যে, যদি হাই কোর্টে মামলার রায় শ্রমিকদের ফেবারে হয়ে থাকে তাহলে এই ক্ষেত্রে এখন আর কোন অসবিধা নেই।

Shri Abdul Bari Biswas :

াননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার বিড়ি মিকদের পক্ষ থেকে এই রিপ্রেজেনটেশন পেয়েছেন কিনা, যে সুপ্রিম কোর্টের কাছে লিকপক্ষ যে মামলা করেছিল সেই মামলায় তারা হেরে গিয়েছে এবং কন্ট্রাক্ট প্রথা লোপ করে শ্রমিকদের কল্যাণের জন্য সর্ব্বভারতীয় ভিত্তিতে শ্রমিকদের মজুরী নির্ধারণের র্দেশ দেওয়া হয়েছে, ন্যূনতম মজুরী, এই বিষয়ে আপনি বড় বিড়ি শ্রমিক ইউনিয়নের াছ থেকে রিপ্রেজেনটেশন পেয়েছেন কিনা?

Dr. Gopal Das Nag :

ই রিপ্রেজেনটেশন আমি পেয়েছি। যে সর্বভারতীয় মজুরীর হার উনি বলছেন, ১৭ই নুয়ারী ১৯৭৩ সালে সারা ভারতবর্ষের শ্রম মন্ত্রীদের একটি সম্মেলনে ঠিক হয় যে মস্ত রাজ্যের এই বিড়ি শ্রমিকদের মজুরীর একটা ন্যূনতম মজুরী হার থাকা দরকার, লে যে ফ্লাইট অফ ইন্ডাস্ট্রি হচ্ছে। আমাদের প্রান্তবর্তী যে জেলাগুলি আসাম, বিহার বং উড়িষ্যার সঙ্গে রয়েছে সেখানে এই বিপর্যয় দেখা দিয়েছে, কারণ পশ্চিমবাংলার জুরীর হার থেকে তিনটি প্রদেশের মজুরীর হার অত্যন্ত কম, তার ফলে বর্ডার ডিস্ট্রিকটের বিড়ি শিল্পগুলি আছে তার মালিকরা বা পরিচালকরা অধিকাংশ সময় শ্রমিকদের সঙ্গে রোধ দেখা দিলে কারখানা বন্ধ রেখে বর্ডার ক্রস করে এই সমস্ত প্রদেশে গিয়ে কাজ রান। আমরা বার বার চাপ দেওয়ার পর ভারত সরকার ১৭ই জানুয়ারী ১৯৭৩ সালে র্বভারতীয় শ্রমমন্ত্রী সম্মেলন করেন এবং সেখানে ধার্য হয় ন্যূনতম মজুরী হার ৩ টাকা ৫০ পয়সা হবে। তখন আমরা বলি পশ্চিমবঙ্গে এর থেকে অনেক বেশী মজুরী চালু াছে। তখন ভারত সরকার বলেন পশ্চিমবঙ্গ, কেরালা, মহারাষ্ট্র ইত্যাদি অন্যান্য প্রদেশে ্যূনতম হারের চেয়ে বেশী যে বেতন হার চালু আছে সেখানে সেটাই চালু থাকবে। সুতরাং াননীয় সদস্য যে কথা বললেন তাতে জঙ্গিপুর মহকুমা ইত্যাদি তাঁর এলাকায় বেশী রেট চালু আছে। সেটা ইমপ্লিমেনটেশন করবার যে অসুবিধা ছিল সেটা সম্প্রতি দূর য়েছে। আমরা তাড়াতাড়ি ব্যবস্থা করব যাতে সেই নির্ধারিত রেট ইমপ্লিমেনটেড হয়।

Shri Jyotirmoy Majumdar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম মন্ত্রী ইতিপূর্বে এই বিধানসভায় বিড়ি শ্রমিকদের ন্যূনতম বেতন নির্ধারণের জন্য ঘোষণা করেছিলেন ভারতবর্ষের পূর্বাঞ্চলের সব কয়টি রাজ্যের বিড়ি শ্রমিকদের বেতন নির্ধারণের জন্য একটা কমিটি করা হচ্ছে এবং সেই কমিটি সার্ভে করে একটা রিপোর্ট দেবে। সেই রিপোর্টের উপর ভিত্তি করে আমাদের বিধানসভায় একটা বিল আনা হবে। শ্রমমন্ত্রী কি জানাবেন যে সেই কমিটির রিপোর্ট পেয়েছেন কিনা?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রসঙ্গে উত্থাপন করেছেন তাতে আমি বলেছিলাম যে সমস্ত সেকটরের নিযুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরী রিভাইস করবার জন্য একটা ষ্টেট লেভেল কমিটি গঠিত হচ্ছে, এর চেয়ারম্যান শ্রম দপ্তরের রাষ্ট্র মন্ত্রী। সেই কমিটি শুধু বিড়ি শ্রমিকদের জন্য নয়, এই ধরণের বিভিন্ন শ্রেণীর যে শ্রমিকরা আছেন বিভিন্ন শিল্পে, যাদের দ্বিপাক্ষিক চুক্তির দ্বারা বেতন হার নির্ধারণ করা যায়নি তাদের জন্য আলোচনা করে প্রতিটি শ্রেণীর ন্যূনতম বেতন হার কি হবে সেটা রেকমেন্ড করবেন। সরকার সেটা গ্রহণ করবেন, এর জন্য বিধানসভায় কোন বিল আনার দরকার নেই। করার। মিনিমাম ওয়েজ এ্যাক্ট অনুযায়ী সরকারের ক্ষমতা আছে নিম্নতম মজুরী ধার্য্য এখনও পর্য্যন্ত কমিটির পূর্ণ রেকমেণ্ডেশন পাইনি।

Shri Kashinath Misra :

বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকরা দীর্ঘদিন ধরে মজুরী বৃদ্ধির জন্য আন্দোলন করছিল বলে মজুরী কিছু বৃদ্ধি পেয়েছে, কিন্তু মালিকরা ঠিকমত সেই মজুরী দিচ্ছেনা এবং তারা কাজ কমিয়ে দিচ্ছে বলে কয়েকটা কারখানায় লক-আউট হয়েছে--এ সম্বন্ধে আপনি কি ব্যবস্থা অবলম্বন করবেন?

Dr. Gopal Das Nag :

এ সম্বন্ধে আমার কাছে তথ্য নেই বলে কিছু বলতে পারবোনা।

Shri Abdul Bari Biswas :

পশ্চিমবাংলার মুর্শিদাবাদ জেলার, পুরুলিয়ার ঝালদা ইত্যাদি এলাকার বিড়ি শ্রমিকদের কল্যাণের জন্য কো-অপারেটিভ-এর মাধ্যমে কিম্বা সরকারের অন্য সংস্থা থেকে টাকা নিয়ে এই শিল্পের শ্রমিকদের কারখানা করে দেবার পরিকল্পনা আছে কিনা?

Dr. Gopal Das Nag :

বিষয়টি আমার এক্তিয়ারভুক্ত নয়। এরকম একটা প্রচেষ্টা কেরল সরকার করেছেন এবং তার সাফল্য সম্বন্ধে আমরা খবর পেয়েছি। তবে আপনি যে প্রস্তাব করলেন সেটা কো-অপারেটিভ দপ্তরের মন্ত্রীমহাশয়ের গোচরে আনব যদি তিনি এ বিষয়ে কোন ব্যবস্থা করতে পারেন।

ভিক্ষাবৃত্তি নিবারণ

*৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬২২।) শ্রী মহঃ দেদার বক্স: ২৭শে ফেব্রুয়ারী ১৯৭৩ তারিখের *২১৫ নং প্রশ্ন (অনুমোদিত প্রশ্ন নং ৪১৬)-র প্রত্যুত্তরের পরিপ্রেক্ষিতে ত্রাণ ও কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি:

ভিক্ষুকদের ভিক্ষাবৃত্তি থেকে নিবৃত্ত করার জন্য যে সকল পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল তাহার ফলাফল বর্তমানে কি দাঁড়াইয়াছে?

Shri Santosh Kumar Roy :

বেঙ্গল ভেগ্রেন্সি এ্যাক্ট, ১৯৪৩ অনুসারে বর্তমানে ১,৮০০ ভিক্ষুককে বিভিন্ন আবাসে আটক রাখা হইয়াছে। কলিকাতা শহরে শিশু ও কিশোরদের মধ্যে ভিক্ষাবৃত্তির প্রবনতা দূর করিবার জন্য গৃহীত প্রকল্প অনুসারে প্রতিষ্ঠিত দুইটি কেন্দ্রে ৮০ জন শিশু ও কিশোরকে শিক্ষা দেওয়া হইতেছে এবং পশ্চিমবঙ্গে ১০,৭৫০ জন নিঃসম্বল ও শারীরিক পরিশ্রমে অক্ষম বৃদ্ধ বৃদ্ধাদের বার্দ্ধক্য ভাতা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

Shri Dedar Baksh :

ভিক্ষাবৃত্তি অবলম্বন করে জীবিকা নির্বাহ করছে তার সংখ্যা কত?

Shri Santosh Kumar Roy :

ওসম্বন্ধে সম্পূর্ণ তথ্য জানা নেই।

Shri Dedar Baksh :

এই সংখ্যা সংগ্রহ করার চেষ্টা করবেন কি?

Shri Santosh Kumar Roy :

ভিক্ষুক আবাস পঞ্চম পরিকল্পনায় আরও বাড়াবার চেষ্টা করছি।

Shri Mohammad Dedar Baksh :

সংখ্যা নির্ধারণ না হলে কি করে কাজ হবে?

(উত্তর নাই)।

[1-25—1-35 p.m.]

Shri Nandalal Banerjee :

আমার এলাকায় সি, এম, ডি, এ,-র পাইপের মধ্যে বণ্য পশুর মত যারা আছে তাদের সম্বন্ধে কিছু করবেন কি?

Mr. Speaker : It is a request for action.

Shri Santosh Kumar Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা জানেন যে আমাদের সীমিত সম্পদের মধ্যে সব কাজ করতে হয় এবং আমাদের যে ভিক্ষুক আবাস আছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প। সেজন্য পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১ হাজার ভিক্ষুক আবাস বাড়ানর চেষ্টা করছি, কিন্তু সেটা মোট যা প্রয়োজন তার তুলনায় অত্যন্ত অল্প। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি যে এটাকে ন্যাশান্যাল প্রবলেম বলে ট্রিট করা হোক। কেননা, আমাদের পশ্চিমবঙ্গের যা ভিক্ষুক তার আনুমানিক প্রায় ৬০ ভাগ অন্য রাজ্য থেকে এসে ভিক্ষাবৃত্তি অবলম্বন করছে। আমি জানি অসুবিধা আছে, কিন্তু এই অবস্থার মধ্যে কতটা সুরাহা করতে পারব সে সম্বন্ধে মাননীয় সদস্যরা অবগত আছেন।

Shri Sarat Chandra Das :

মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা ভিক্ষুকের সংখ্যা এই কারণে অনেক বৃদ্ধি পেয়ে গেছে যে যারা গরীব ছিল বর্তমানে তারা ভিক্ষুকে পরিণত হয়েছে এবং যারা নিম্ন মধ্যবিত্ত ছিল তারা গরীবে পরিণত হয়েছে?

Mr. Speaker : It is a matter of opinion.

Shri Mohammad Idris Ali :

দিনের পর দিন এই যে ভিক্ষুকের সংখ্যা বেড়ে যাচ্ছে এই সংখ্যা যাতে বৃদ্ধি না হয় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় চেষ্টা করবেন কি?

(নো রিপ্লাই)

Shri Saroj Roy :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ভিক্ষুক আবাসগুলিতে কত সংখ্যক ভিক্ষুক আছে এবং যাদের কুষ্ঠ রোগ আছে তাদের সম্পর্কে আলাদা কোন ব্যবস্থা আছে কিনা?

Shri Santosh Kumar Roy :

১৮ শো ভিক্ষুক বিভিন্ন আবাসে রয়েছে এবং কুষ্ঠ রোগীদের জন্য আলাদা ব্যবস্থা আছে।

Shri Saroj Roy :

কুষ্ঠ রোগী যারা ভিক্ষুক তাদের আলাদা সংখ্যা কত?

Shri Santosh Kumar Roy :

নোটিশ চাই।

Shri Nandalal Banerjee :

আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে, বৃদ্ধদের ভাতা দেবার যে প্রথা প্রচলিত আছে সে সম্বন্ধে দিন ১৫ আগে ওঁকে জানিয়েছিলাম যে একজন বৃদ্ধ ভাতার জন্য এ্যাপ্লাই করেছিলেন, কিন্তু যখন পেলেন তার পরের মাসে তিনি মারা গেলেন। তাঁর বৃদ্ধা তখন মুখ্যমন্ত্রী মহাশয়ের এ্যাটেনসান ড্র করলেন। তিনিও ৩।৪ মাস বসে আছেন, মৃত্যুমুখে এগিয়ে যাচ্ছেন। মন্ত্রিমহাশয়কে যে কাগজপত্র দিয়েছিলেন তিনি ঐ কাগজপত্র ডিপার্টমেন্টে পাঠিয়ে দিয়ে বললেন ভবিষ্যতে করেসপণ্ডেন্স এই ডিপার্টমেন্টের সাথে করবেন। যেখানে হাজব্যাণ্ড মারা গেছে, এ্যাপ্লাই করে এক মাস বৃদ্ধ ভাতা ২০ টাকা সরকারের কাছ থেকে পেয়েছে, সেখানে তাঁর বৃদ্ধা ঐ ভাতা না পেয়ে মৃত্যুমুখে এগিয়ে যাচ্ছে। এটাকে ত্বরান্বিত করার ব্যবস্থা করবেন কি?

Shri Santosh Kumar Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যারা বাজেট অনুমোদনের সময় নিশ্চয়ই লক্ষ্য রেখেছেন যে আমরা ১০,৭৫০ জনকে বৃদ্ধ ভাতা দিতে পারব এবং মাননীয় সদস্য আমার কাছে যখন বলেছিলেন তখন তাঁকেও বলেছি যে এই ভাতা একটা জায়গা যতক্ষণ না খালি হচ্ছে মৃত্যুর কারণে অথবা অন্য কোন ভাবে ততক্ষণ আর একজনকে দেবার মত অবস্থা নেই। আমরা জানি প্রয়োজন অনেক আছে, অনেক আবেদন আমাদের কাছে পড়ে আছে কিন্তু আর্থিক অসামর্থ্যের জন্য এটাকে মঞ্জুর করতে পারছি না।

Shri Nandalal Banerjee :

হ্যাজব্যাণ্ড মারা গেছে, সেই জায়গায় ওয়াইফ এ্যাপ্লাই করেছে, এটা কোন নতুন কেসের ব্যাপার নয়, নতুন ভেকেন্সির প্রশ্নও নয়, দয়া করে এই কেসটি করে দেবেন কি?

Mr. Speaker : Mr. Roy says that he will look into the matter.

ঠাকুরপুকুর-দাসপাড়া রোডে বসবাসকারী উদ্বাস্তু পরিবার

*৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭০।) শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ উদ্বাস্তু ত্রাণ ও পুর্ণাবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বেহালা থানার অন্তর্গত ঠাকুরপুকুর-দাসপাড়া রোডে প্রাক্তন কালিঘাট-ফলতা রেলপথের পরিত্যক্ত জায়গায় উদ্বাস্তুরা বহুদিন যাবৎ বসবাস করছেন; এবং

(খ) অবগত থাকলে, এই উদ্বাস্তুদের জবর দখল করা জমি বৈধকরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Shri Santosh Kumar Roy :

(ক) হ্যাঁ, অন্যান্যদের সঙ্গে কিছু উদ্বাস্তু পরিবার এ অঞ্চলে বসবাস করছেন;

(খ) এঁরা যে জমিতে বসবাস করছেন তা জবরদখল করা নয় বলে এ প্রশ্ন ওঠে না।

Shri Biswanath Chakrabarti :

মন্ত্রিমহাশয়ের উত্তর যেটা আমি দেখলাম তাতে আমার মনে হয় আপনার ডিপার্টমেন্ট আপনাকে ভুল তথ্য দিয়েছে। বেহালার অন্তর্গত ঠাকুরপুকুরের কাছাকাছি একটা পল্লী

গড়ে উঠেছে যেখানে রেল কলোনীর লোকদের নিয়ে বসিয়েছে। আমি ওটার কথা বলছিনা, আমি বলছি বেহালা থানার অন্তর্গত ঠাকুরপুকুরে দাসপাড়া রোডে প্রাক্তন কালীঘাট ফলতা রেলপথের পরিত্যক্ত জায়গায় একটা জবর দখল কলোনী গড়ে উঠেছে যার নাম হচ্ছে শহিদ পূর্নেন্দুনগর কলোনী সেটা সম্বন্ধে কি চিন্তা করেছেন?

Shri Santosh Kumar Roy :

আমার কাছে যে রিপোর্ট ছিল সেটা আমি দিয়েছি। যাহোক, আপনি ওই কলোনীর নামটা আমাকে আর একবার বলুন লিখে নিচ্ছি।

Shri Biswanath Chakrabarti :

আমি যে কলোনীর কথা বলছি তার নাম হচ্ছে শহিদ পূর্নেন্দুনগর কলোনী।

Shri Santosh Kumar Roy :

মাননীয় স্পীকার মহাশয়, এ সম্বন্ধে আমার কাছে কোন তথ্য নেই। ১৯৫০ সালে যারা এসে জবরদখল করেছিল সেগুলি রেগুলারাইজ করবার জন্য কেন্দ্রীয় সরকার রাজী হয়েছেন। পরবর্তীকালে যেগুলি জবরদখল হয়েছে তার মধ্যে অনেকগুলো রেগুলারাইজ করবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি। এখন মাননীয় সদস্য যেটার কথা বল্লেন সেটা কবে হয়েছে সে সম্বন্ধে বিস্তৃত তথ্য জেনে আমি ব্যক্তিগতভাবে ওঁনাকে জানিয়ে দেব।

Shri Biswanath Chakrabarti :

এখানে যে সমস্ত উদ্বাস্তুরা বসেছে তারা কোন ব্যক্তিগত মালিকের জমিতে বসেনি এবং ডায়মণ্ডহারবার রোড যে এক্সটেনসন হচ্ছে সেদিকে থেকেও কোন রকম অসুবিধা এদের জন্য হবেনা। আমার বক্তব্য হচ্ছে তারা ইনসটলমেণ্টে আগেকার দামেই এটা সরকারের কাছ থেকে কিনতে চায়, কাজেই সরকার তাদের জন্য সেই ব্যবস্থা করে দেবেন কিনা?

Shri Santosh Kumar Roy :

মাননীয় সদস্য যদি প্রস্তাব নিয়ে আমার কাছে আসেন তাহলে আমি দেখব।

উপজাতি উন্নয়ন প্রকল্পে বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থ

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯।) শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ তপশীলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে উপজাতি উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে কোন অর্থ বরাদ্দ করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, কত টাকা বরাদ্দ করিয়াছিলেন;

(গ) উক্ত বরাদ্দকৃত অর্থ হইতে মেদিনীপুর জেলা কত টাকা পাইয়াছে; এবং

(ঘ) উক্ত বরাদ্দকৃত টাকা হইতে এক্স-ক্রিমিন্যাল ট্রাইবস-এর জন্য কত টাকা কি কি বাবদ মেদিনীপুর জেলায় খরচ করা হইয়াছে এবং অন্যান্য উপজাতিদের জন্য কোন কোন বাবদ খরচ করা হইয়াছে?

Shri Santosh Kumar Roy :

হ্যা।

কেন্দ্র প্রবর্তিত পরিকল্পনায় উপজাতি উন্নয়নের জন্য ২৫,২০,০০০ টাকা এবং বিমুক্ত জাতি সমুহের উন্নয়নের জন্য ২,৭৫,০০০ টাকা বরাদ্দকৃত হইয়াছিল। কেন্দ্রীয় সরকার

পরবর্তীকালে উক্ত বরাদ্দ হইতে যথাক্রমে ১,৫৫,০০০ টাকা এবং ২৭,৫০০ টাকা হ্রাস করার নির্দেশ দেন।

উক্ত বরাদ্দকৃত অর্থ; হইতে মেদিনীপুর জেলা উপজাতি উন্নয়নের জন্য ২,২১,৬২০ টাকা এবং বিমুক্ত জাতিসমূহের উন্নয়নবাবদ ৭৮,৭০০ টাকা পাইয়াছে।

বিমুক্ত জাতিদের দুইটি পুনর্বাসন প্রকল্প রূপায়ণের জন্য মেদিনীপুর জেলায় মোট ৭৮,৭০০ টাকা বরাদ্দ করা হইয়াছে, তার মধ্যে কত টাকা খরচ হইয়াছে তাহা এখনই বলা সম্ভব নয়।

অন্যান্য উপজাতিদের উন্নয়নের জন্য উক্ত জেলায় নিম্নলিখিত অর্থ বরাদ্দ করা হইয়াছে:

১। প্রবেশিকোত্তর শ্রেনীতে পাঠরত ছাত্রছাত্রীদের বৃত্তিপ্রদানের জন্য ৪০০০ টাকা।

২। একটি ছাত্রীনিবাস নির্মাণের জন্য ২০,০০০ টাকা।

৩। দুইটি আদিবাসী ঘনবসতিপূর্ণ ক্ষুদ্র অঞ্চলের সার্বিক উন্নয়নের উদ্দেশ্যে দুইটি "ট্রাইবাল সাব-ব্লক" স্থাপনের নিমিত্ত ১,১৪,৯২০ টাকা।

৪। ছয়টি নূতন সমবায় শস্যভাণ্ডার স্থাপনের নিমিত্ত এবং ৮টি স্থাপিত সমবায় শস্য-ভাণ্ডার ও ১টি স্থাপিত শ্রম সমবায় সমিতির—রক্ষণাবেক্ষণের নিমিত্ত মোট ৮২,৭০০ টাকা।

উক্ত বরাদ্দ সমূহ হইতে কি কি পরিমাণ অর্থ খরচ হইয়াছে তাহা এখনই বলা সম্ভব নয়।

[1-35---1-45 p.m.]

Shri Prodyot Kumar Mohanti :

আপনার হিসাব থেকে আমি যা অনুমান করতে পারছি তাতে মেদিনীপুর জেলায় শুধু নয় এই পশ্চিমবাংলায় যে সমস্ত জেলাতে এই সমস্ত উপজাতি এবং এক্স-ক্রিমিন্যাল ট্রাইব আছে তাদের যে টাকা সরকার বরাদ্দ করেছেন তাতে প্রপোরসানাটলি এক্স ক্রিমিন্যালদের টাকা খরচা না হয়ে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবের জন্য টাকাটা খরচা হয়ে যাচ্ছে। এই কারণে আপনার কাছে প্রশ্ন করতে চাই যে দয়া করে আপনি কি লক্ষ্য রাখবেন যে এই বরাদ্দ টাকা দেওয়া হয় সেই বরাদ্দ টাকার প্রপোরসানাটলি টাকা যাতে এক্স-ক্রিমিন্যাল ট্রাইবের জন্য খরচা হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন কি?

Shri Santosh Kumar Roy :

নিশ্চয়ই যাদের জন্য বরাদ্দ হয়েছে সেই বাবদে খরচা করবার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়।

Shri Prodyot Kumar Mohanti :

আপনারা যখন টাকা বরাদ্দ করেন তখন কি তার মধ্যে ইয়ারমার্ক করে দেন যে এক্স-ক্রিমিন্যালদের জন্য কত টাকা খরচা হবে—এই ইয়ারমার্ক না থাকার জন্য দেখা যায় সেখানকার অফিসার যিনি আছেন এবং এ্যাডভাইসরি কমিটি যা আছে—সেখানে এ্যাডভাইসরি কমিটিতে এক্স-ক্রিমিনাল ট্রাইবের কোন প্রতিনিধি না থাকার জন্য তাদের মেজর টাকাটা সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবের জন্য খরচা হয়ে যায়। সেজন্য বলছিলাম ইয়ারমার্ক করুন অথবা প্রপোরসানাটলি যাতে খরচ হয় সেজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

Shri Santosh Kumar Roy :

আমি (খ) প্রশ্নের জবাবে বলছি যে ৭৮ হাজার ৭০০ টাকা ওদের বাবদ বরাদ্দ করা হয়েছে এবং ঐ টাকাটা এক্স-ক্রিমিন্যাল ট্রাইবদের জন্য খরচা করা হবে।

Re-opening of Calcutta Glass Works at Belgachia

***471** (Admitted question No. *2173) **Shri Nandalal Banerjee** : Will the Minister-in-Charge of the Closed and Sick Industries Department be pleased to state :

(a) the steps taken or poposed to be taken by the present Government for re-opening of the Calcutta Glass Works at Belgachia, and

(b) the number of persons unemployed due to closure of this factory ?

Dr. Gopal Das Nag : (a) The Government of India were moved in August, 1972 for an investigation into the affairs of this unit under the provisions of the Industries (Development and Regulation) Act. The Government of India did not agree and suggested in November 1972, that the question of reconstruction of the unit should be taken up with IRCI. The matter was, accordingly, taken up with the IRCI. After their study of the unit the IRCI expressed the view that the unit was not likely to be a viable one. In view of the hardship of the workers, who have been thrown out, the matter has been taken up both with the Government of India and the IRCI at the highest level.

(b) About 400.

Shri Nandalal Banerjee : Will the Hon'ble Minister kindly enlighten us about the steps taken by him for giving relief to the suffering workers ?

Dr. Gopal Das Nag : This is not in the hands of the State Government. For the nformation of the honourable member I may point out that the custodian of the ndustries (Development and Regulation) Act is the Industrial Development Ministry of the Government of India. Only that Ministry can take a decision whether a unit will be taken over or not. In spite of the fact that the West Bengal Government imes without number requested for a study before taking over, the Ministry did not even agree to go in for a study on the ground that it is a small unit and is of no national importance, and glass containers are not in short supply within the country. We were advised to take up the matter with the Industrial Reconstruction Corporation of India which is supposed to do the new type of work for revival of such closed and sick units. Now, as per our request IRCI did study this unit in detail. After study they also expressed the view that they were not willing to take over the responsibility of reconstructing the unit. The IRCI may have changed their old stand. Now, they are moving in a line, with a bias rather, that they will provide a soft loan to the management for reviving any closed unit. And if they are not satisfied with the viability of the unit as well as the resourcefulness and integrity of the management they will not go into soft loaning. Taking all this into consideration and as 400 workers are suffering, the Chief Minister of the State wrote a letter to the Union Minister-in-Charge of Industrial Development as well as to the new Chairman of the IRCI for reconsideration of their respective stand. This is the latest position.

Shri Ananta Kumar Bharati :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আজকে কাঁচ শিল্পের ওখানে ম্যানুফ্যাকচারিং হয় ত আমাদের দেশে কমতি নেই এবং স্টেট ইন্টারেষ্ট নেই এবং অল্প লোক কাজ করে, ছোট কারখানা তার জন্য আই, আর, সি, আই. ও. তাকে উপযুক্ত বলে বিবেচনা করছেন না। আমাদের আজকে বক্তব্য হচ্ছে যে আজকে যেখানে আন-এমপ্লয়মেন্টের জন্য দেশে একটা হাহাকার পড়ে গিয়েছে সেখানে কারখানাটি ছোট হলেও অন্তত ৪ শত লোক কাজ করে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের স্টেট গভর্ণমেন্ট হোক আর কেন্দ্রীয় সরকারই হোক আজকে ঐ কারখানাটিকে আই, আর, সি, আই, হোক বা যে কোন সোর্সেই হোক ওটাকে পুনরুজ্জীবিত করে এই মানুষগুলি যারা ওখানে কাজ করে তাদের রুজী রোজগারের কোন কথা চিন্তা করছেন কি?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিস্তারিত বলেছি, একথা একবারও বলিনি যে পশ্চিমবঙ্গ সরকার মনে করেন যে এটা ছোট এবং এটিতে যে গ্লাস কনটেনার হয় তার জাতীয় প্রয়োজন নাই এটা পশ্চিমবঙ্গ সরকারের মত নয়। ভারত সরকাকে আমরা বারবার অনুরোধ করার পরে ইণ্ডস্ট্রিয়াল ডেভেলপমেন্ট মিনিস্ট্রি একথা বলেন যে যেহেতু এটা ছোট ইউনিট এবং এর কোন জাতীয় প্রয়োজন নেই, গুরুত্ব নেই, আর আমাদের দেশে গ্লাস কন্টেনারের সর্টেজ অব প্রডাকশন নেই সেইজন্য তারা এটা এনকোয়ারি করার প্রয়োজন অনুভব করেননি। বারবার আমরা বলা সত্ত্বেও তারা আই, আর, সি, আইন ঘাড়ে দায়িত্ব দিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের অবগতির জন্য পুনরায় আমি জানাচ্ছি যে পশ্চিমবংগ সরকারের হাতে এমন কোন আইন নেই যে আইন পশ্চিমবংগ সরকার নিজের থেকে প্রয়োগ করে এই কারখানাটির দায়িত্ব গ্রহণ করে নিজের টাকা দিয়েও পুনরায় প্রতিষ্ঠা করবার প্রয়াস পায়। এই আইন সম্পূর্ণরূপে ভারত সরকারের এবং তারা যদি এই সিদ্ধান্ত নেন যে তারা এর দায়িত্ব অধিগ্রহণ করলেন তার পরবর্তী পর্যায়ে তারা পশ্চিমবংগ সরকারকে বলতে পারেন যে তোমরা এটা আমাদের হয়ে পরিচালনা কর। সেই প্রস্তাবও আমরা দেওয়া সত্ত্বেও ভারত সরকারের ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট মিনিস্ট্রি আমাদের প্রস্তাবে রাজী হননি। তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় শেষ চেষ্টা হিসাবে আই, আর, সি, আই-এর চেয়ারম্যান এবং ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট মিনিস্ট্রি ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়কে ব্যক্তিগত পত্র দিয়েছেন তবে এখনো কোন ফল আমরা দেখতে পাইনি।

Shri Nanda Lal Banerjee : May I know the contents of the letter of the Hon'ble Chief Minister ?

Dr. Gopal Das Nag : It is not possible for me to give the contents of the letter of the Chief Minister which was of personal in nature but the sense was that he also urged upon the Minister in-Charge of Industrial Development as well as the Chairman of the I. R. C. I. so that they may review the position and reconsider their own stand so that this unit can be revised either by taking over under the Industrial Development (Regulation) Act or by participation of I. R. C. I. in the reconstruction of this unit.

[1-45---1-55 p.m.]

Shri Niranjan Dihidar :

আমার প্রশ্ন হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই সমস্ত পরীক্ষা নিরীক্ষা চিঠি চালাচালি সাপেক্ষে অন্তর্বর্তীকালীন অবস্থায় ৪০০ শ্রমিককে বাঁচাবার জন্য স্টেট গভর্ণমেন্ট থেকে কোন রিলিফ-এর ব্যবস্থা করার কথা চিন্তা করছেন কিনা?

Dr. Gopal Das Nag :

রিলিফ দেওয়ার দায়িত্ব আমার নয়, আমার সামনে ত্রাণমন্ত্রী বসে আছে, আমি এই প্রস্তাব তাঁর কাছে পৌঁছে দেব।

Shri Niranjan Dihidar :

মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর দপ্তর থেকে ত্রাণমন্ত্রীর কাছে কোন রিকমেণ্ডেশন বা অনুরোধ করেছেন কি বা করবেন কি?

Dr. Gopal Das Nag :

১৯৭২ সালে একবার আলোচনা করেছিলাম কিন্তু সেই আলোচনায় কন্সেনসাস্ ছিল কারখানা বন্ধ হয়ে গেলে শ্রমিকদের রিলিফ দেবার জন্য ব্যবস্থা করার জন্য, কিন্তু সেটা নীতিগতভাবে গ্রহণ করা সম্ভব হয়নি। সেজন্য সিলেক্‌টেড্ কেসে অন মেরিট রিলিফ দেওয়া হয়, যেমন শ্রীরামপুরের দুটি কাপড়ের কলে জি, আর, দেওয়া হয়েছিল।

Shri Nandalal Banerjee :

আমি শ্রমিককে কোন ডোল বা রিলিফ দেবার কথা বলছি না। তারা কাজ করছিল, ফ্যাক্টরি বন্ধ হয়ে গেছে, তারা কাজ চান, আমাদের কল্যাণ রাষ্ট্রের দক্ষ শ্রমিক মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি এই ৪০০ শ্রমিকের জন্য ইন্টেরিম কোন ব্যবস্থা করতে পারেন কিনা?

(কোন উত্তর দেওয়া হয়নি।)

Refugee colonies in Alipore Assembly Constituency

*473.(Admitted question No. *986) **Dr. Kanailal Sarkar :** Will the Minister-in-Charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state :

(a) the number of the refugee colonies in the "Alipore Assembly Constituency' with their situation,

(b) the names of the proprietors of the aforesaid colonies,

(c) whether the refugees already dwelling in those colonies will be rehabilitated in the same place,

(d) if not, where and when they will be rehabilitated. and

(e) if the Government has any plan to provide these refugees with the benefit of civic amenities such as,

(i) Electric Light, (ii) Drains and connected privies, (iii) Drinking Water, and (iv) Improvement of the passages within the colonies ?

Shri Santosh Kumar Roy : (a) No. Govt. Sponsored or regularisable refugee squatters' colony exists in the Alipore Assembly Constituency;

(b), (c), (d) and (e) –Does not arise.

Dr Kanai Lal Sarkar :

কয়টি কলোনী আছে বলতে পারেন কি মন্ত্রিমহাশয়?

Shri Santosh Kumar Roy :

আমি জবাবেই বলেছি স্পনসর্ড কলোনী, স্কোয়াটার্স কলোনী যেগুলি রেগুলারাইজ করার কথা, এ ছাড়াও আরও কলোনী থাকতে পারে, তার সংখ্যা আমার কাছে নাই।

Dr. Kanai Lal Sarkar :

পাঁচটি কলোনীর মধ্যে দুটি এ্যাপ্রুভড্ কিছু কিছু উদ্বাস্তু পুনর্বাসন করেছেন, আমার প্রশ্ন হচ্ছে ১৯৪৭ সালের পর যারা ওখানে বসে আছে, বাস করছে, তাদের ওখানে পুনর্বাসন করা হবে কিনা, না অন্য কোন জায়গায় পুনর্বাসন করা হবে?

Shri Santosh Kumar Roy :

মাননীয় সদস্য কি দুর্গাপুর সাহাপুর কলোনীর কথা বলছেন?

Dr. Kanai Lal Sarkar :

দুর্গাপুর, সাহাপুর, মাঝেরহাট, সাউথ রেল কলোনী প্রভৃতির কথা বলছি।

Shri Santosh Kumar Roy :

আমি ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে বলেছি আমাদের কন্‌স্টিটিউশনের যে ধারা আছে তার সুযোগ নিয়ে কোন কিছু করা যায় কিনা, কোন মূল্য ধার্য্য করে কোন জায়গা একুইয়ার

করা যায় কিনা, সে সম্বন্ধে কোন সিদ্ধান্তে উপনীত হতে পারিনি, বিবেচনা করা হচ্ছে, দুর্গাপুর, সাহাপুর, ডিফেন্স ডিপার্টমেন্ট রিজেক্ট করে দিয়েছে, রিভিউ কমিটি রিজেক্ট করে দিয়েছে, আমি মাননীয় সদস্যকে বুঝিয়েছি কোন জায়গাটায়গা খুঁজে একুইয়ার করে সেখানে পুনর্বাসন করার জন্য। ওখানে পুনর্বাসন করা মুস্কিল হবে।

Dr. Kanai Lal Sarkar :

কত দিনের মধ্যে হতে পারে বলতে পারেন কি সাহাপুর মাঝেরহাট এই সব কলোনীতে?

Shri Santosh Kumar Roy :

ডিফেন্স ডিপার্টমেন্টের মধ্যে যেটা আছে, সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় ডিফেন্স ডিপার্টমেন্টকে বলেছেন পুনর্বিবেচনা করার জন্য, সে সম্বন্ধে এখনও কিছু পাওয়া যায়নি। ডিফেন্সের বাইরে যেগুলি আছে, সেগুলিতে অন্য উপায়ে পুনর্বাসন করা যায় কিনা দেখছি, এল, আর, ডিপার্টমেন্ট এক্‌জামিন করে দেখছে কিভাবে করা যায়।

Dr. Kanai Lal Sarkar :

একটা জিনিষ হচ্ছে যারা গত ২৭ বছর ধরে ঐ নিউ আলিপুর এলাকায় কলোনীতে বসবাস করছে—সেখানে তাদের পায়খানা করবার কোন জায়গা নাই পানীয় জলের কোন বন্দোবস্ত নাই, আলোর কোন ব্যবস্থা নাই। মন্ত্রিমহাশয় আগে কথা দিয়েছিলেন—যতদিন না তারা রিহ্যাবিলিটেড হয়, ততদিন মিনিমাম এ্যামিনিটিজ যেমন পানীয় জল, আলো, স্যানীটারী পায়খানার ব্যবস্থাদি করবেন এখন সি, এম, ডি, এ,-কে দিয়ে কম্যুনিটি প্রিভি তিনি করতে পারবেন কি?

Shri Santosh Kumar Roy :

মাননীয় সদস্য তিনি জানেন—অন্যের জমিতে কি করে এই সমস্ত ব্যবস্থা করা যায়।

Shri Biswanath Mukherjee :

এই সাহাপুর, মাঝের হাট ও দুর্গাপুর এই তিনটী ক্যাম্প উদ্বাস্তুদের সম্বন্ধে জিজ্ঞাসা করতে চাই এরা তো সুরু থেকেই ওখানে বসে আছে এবং স্বভাবতই কলকাতার মধ্যেই একেবারে বলা যেতে পারে ওখানে ২৭ বছর ধরে তাদের জীবন-জীবিকা ওতঃপ্রোতভাবে জড়িয়ে গেছে। এখন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করে কি এমন কোন ব্যবস্থা করা যায় না যাতে ওরা ওখানে থাকতে পারে?

Shri Santosh Kumar Roy :

আগেই বলেছি আমি নিজে লিখেছি, মুখ্যমন্ত্রী মহাশয় ও লিখেছেন ডিফেন্সকেও রেলওয়ে মিনিস্ট্রিকে ওখানে ওদের পুনর্বাসনের ব্যবস্থা অনুমোদন করবার জন্য। অন্যান্য জায়গায় যেখানে ডিফেন্স প্টাব্লিসমেন্ট ছিল ১৫%, ডিফেন্স ডিপার্টমেন্ট-এর টাকা। এ দুটো কলোনী ওখানে স্বীকৃত হয় নাই। পুনর্বাসনের জন্য আমাদের যে আর্থিক সীমা তার মধ্যে কলকাতা বা কলকাতার কাছাকাছি কোথাও জমি সংগ্রহ করা সম্ভব নয়। অন্যান্য জায়গায় পুনর্বাসন করান যায় সেই রকম কোন পরিকল্পনা যদি উনি দিতে পারেন, আমাদের আর্থিক সীমার মধ্যে যেটা আমাদের করবার ক্ষমতা আছে, তাহলে নিশ্চয়ই তা করাবো। আমরা এ্যাক্‌জামিন করতে দিয়েছি এল, আর, ডিপার্টমেন্ট-এ নতুন কন্‌ষ্টিটিউসন এ্যামেণ্ডমেন্ট-এর ব্যবস্থা অনুযায়ী আমরা ওদের জমি এ্যাকুইয়ার করে নিতে পারি কিনা। সেটা তাঁরা পরীক্ষা করে দেখছেন প্রাইস ডিটারমাইন করছেন। এটা না জানা পর্য্যন্ত আমরা কোন সিদ্ধান্তে আসতে পারছি না।

Dr Kanai Lal Sarkar :

াটামুটি এটা সরকারী জমি এল, আই, সি, জমি প্রাইভেট জমি যারা জবরদখল করেছে, খানে যদি তাদের ব্যবস্থা করে দিতে পারেন—খাবার জল, আলো দেবার ব্যবস্থা করে তে পারেন। আর সরকারী জায়গায় একটু আলো, রাস্তার ব্যবস্থা, পায়খানা মিনিমাম ামিনিটিজ সি, এম, ডি, এ,-কে দিয়ে কমিউনিটী প্রিভির ব্যবস্থাদি করা কী অসুবিধা াছে বুঝতে পারি না।

Shri Santosh Kumar Roy :

ল, আই, সি, একটা সংস্থা তারা অনুমতি দিচ্ছে না। আমরা এ্যাকুয়ার করবার কথা ন্তা করছি। বর্তমান বাজার দরে এ্যাকুয়ার করতে গেলে সরকার টাকার ব্যবস্থা করতে রবেন না। রিফিউজিরাও নিজেদের টাকা দিয়ে কিনে নিতে পারবে না। অন্য কোন পায়ে কোন ব্যবস্থা করা যায় কিনা সেটা পরীক্ষা নিরীক্ষা করে দেখা হচ্ছে।

Shri Rathin Talukar :

নুষের প্রয়োজনে যেখানে আমরা দেখছি কোন কিছু করা অসম্ভব নয়, সেখানে এই উ আলিপুরের এই সমস্ত উদ্বাস্তু ভাইবোনদের বসবাসের জন্য কি কিঞ্চিৎ কিছু করা ম্ভব নয়?

(নো রিপ্লাই)

Mr. Speaker : Now *474.

Shri Abdul Bari Biswas : Mr. Speaker Sir, may I request you to kindly take up 81 also ? It is on the same subject.

Mr. Speaker : *474 and *481 may be taken together.

জাঙ্গিপাড়া ব্লকের মৎস্যজীবি

*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৩।) শ্রীগনেশ হাটুই ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারী পর্য্যন্ত) হুগলী জেলার জাঙ্গিপাড়া ব্লকের কতজন মৎস্যজীবিকে সরকারী সাহায্য দেওয়া হয়েছে;

(খ) তন্মধ্যে ১৯৭৪ সালের জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে ঐ ব্লকে কতজন মৎস্যজীবিকে ঐরূপ সাহায্য দেওয়া হয়েছে এবং ঐ অর্থ সাহায্যের পরিমাণ কত;

(গ) ১৯৭৩-৭৪ সালে ঐ ব্লকের মৎস্যজীবি অধ্যুষিত এলাকায় পানীয় জল সরবরাহের জন্য কোন টিউবওয়েল মঞ্জুর করা হয়েছে কিনা; এবং

(ঘ) হয়ে থাকলে, কতগুলি টিউবওয়েল বসানো হয়েছে?

মৎস্যজীবিদের সাহায্যকল্পে মঞ্জুরীকৃত অর্থ

*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৬।) শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ মৎস্য বিভাগের ন্ত্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে মৎস্যজীবিদের সাহায্যের জন্য অনুদান হিসাবে কোন জেলায় কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(খ) উক্ত দুইটি আর্থিক বৎসরের প্রতিটিতে কোন জেলায় মঞ্জুরীকৃত অংশ খরচ করা হইয়াছে?

[1-55—2-05 p.m.]

Shri Santosh Kumar Roy:

(ক) জাঙ্গিপাড়া ব্লকের মৎস্য জীবিদের সাহায্যের জন্য ঋণ ও অনুদান হিসাবে বরাদ্দকৃত ৫,০০০ টাকার কোন অংশই ব্লক ফিসারি এ্যাডভাইসরি কমিটি-র সুপারিশ না পাওয়ার জন্য ফেব্রুয়ারী ১৯৭৪ পর্যন্ত বিতরণ করা যায়নি মার্চ মাসে অর্থ বিতরণের কাজ শুরু হয়েছে।

(খ) (ক) অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ক) এবং (খ) মৎস্যজীবিদের সাহায্যের জন্য ফিসারমেন ওয়েলফেয়ার স্কীম্-এর মাধ্যমে ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে অনুদান হিসাবে জেলাওয়ারী মঞ্জুরীকৃত অর্থ ও তাহার খরচের হিসাব নিম্নরূপ:—

জেলার নাম	১৯৭২-৭৩		১৯৭৩-৭৪	
	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ	খরচের হিসাব	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ	খরচের হিসাব
	টাকা	টাকা	টাকা	
১। হাওড়া ..	৩,০০০	৩,০০০	২,০০০	
২। ২৪-পরগনা (উত্তর)	৫,০০০	৩,০০০	৪,০০০	
৩। ২৪-পরগনা (দক্ষিণ)	৬,০০০	৩,৯৭০	৫,০০০	
৪। বর্দ্ধমান ..	৮,০০০	৭,৯৩০	১০,০০০	
৫। হুগলী ..	১১,৯০০	১১,৯০০	৮,০০০	
৬। বাঁকুড়া ..	৩,০০০	৩,০০০	৪,০০০	
৭। মেদিনীপুর (পূর্ব) ..	১০,১০০	৯,১২০	৫০,০০০	
৮। মেদিনীপুর (পশ্চিম)	৯,০০০	৮,৬৩০	৮,০০০	খরচের সঠিক হিসাব এখনও পাওয়া যায়নি
৯। মুর্শিদাবাদ ..	৯,০০০	৭,০০০	১০,০০০	
১০। নদীয়া ..	৫,০০০	৪,৯৫০	১০,০০০	
১১। বীরভুম ..	৪,০০০	৪,০০০	৪,০০০	
১২। মালদহ ..	৭,০০০	৬,৬৬০	১০,০০০	
১৩। পঃ দিনাজপুর ..	৫,০০০	৫,০০০	৮,০০০	
১৪। কোচবিহার ..	৮,০০০	১,৮৪০	৯,০০০	
১৫। দার্জিলিং ও জলপাইগুড়ি ..	২,০০০	১,৮৬০	৪,০০০	
১৬। পুরুলিয়া ..	৪,০০০	৪,০০০	৪,০০০	
মোট	১,০০,০০০	৮৫,৮৬০	১,৫০,০০০	

Shri Md. Safiulla :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ১৯৭৩-৭৪ সালে ঐ ব্লকে মৎসজীবিদের পানীয় জল সরবরাহ করবার জন্য কোন টিউবওয়েল দেওয়া হয়নি। ঐ ব্লকে মৎসজীবি অধ্যুষিত এলাকায় পানীয় জলের জন্য অন্য কোথাও টিউবওয়েল দেওয়া হয়েছে কিনা জানাবেন কি?

Shri Santosh Kumar Roy :

আমরা এ বাবদ সুতা কেনার জন্য অর্থ দিয়েছি যাতে নাকি তারা ঐ অর্থে জীবিকা নির্বাহ করতে পারে, এটা হলে তারা অন্যান্য কাজ করে নিতে পারবে। এ বাবদে সমস্ত অর্থ আমরা ব্যয় করেছি।

Shri Md. Safiullah :

আপনি বলেছেন যে ৫ হাজার টাকা ব্লক এ্যাডভাইসারি কমিটির সুপারিশ না পাওয়ার জন্য ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত তা বিতরণ করা যায়নি। ফেব্রুয়ারী পর্য্যন্ত জানি যে সেখানে ব্লক এ্যডভাইসারি কমিটির মিটিং ডাকা হয়নি। এম, এল, এ-রা সেখানে সদস্য আছেন। সেখানে কনভেনার হচ্ছেন সাবডিভিশানাল ফিসারি অফিসার। সেখানে এম, এল, এ যারা মেম্বার তাদেরও ডাকা হয়নি। বি, ডি, ও তার মেম্বারের সঙ্গে যোগাযোগ করলেও দেখা যায় যে সেখানে কোন উত্তর পাওয়া যায়নি। আপনি এটা সুষ্ঠুভাবে বন্টনের ব্যবস্থা করবেন কি? এবং কেন সেখানে মিটিং ডাকা হয়নি সেটা দেখবেন কি?

Shri Santosh Kumar Roy :

মাননীয় সদস্য অভিযোগ করেছেন আমি তদন্ত করে দেখবো। তবে আমার কাছে যে তথ্য আছে তাতে মার্চে মিটিং হয়েছে এবং অর্থ বিলি করা হয়েছে। এর উত্তর অনেক আগে দেওয়া হয়েছিল।

Shri Md. Safiullah :

এই যে টাকা ল্যাপস হয়ে যাবে সেটা দেখবেন কি?

Shri Santosh Kumar Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে অভিযোগ রেখেছেন যে তাঁ ।।. ঠি দেওয়া সত্ত্বেও মিটিং ডাকা হয়নি, যদি দেখা যায় যে আমাদের ফিসারি অফিসার ডাকেননি তাহলে ব্যবস্থা গ্রহণ করবো।

Shri Md. Safiullah :

আপনি যে এ্যাডভাইসারি কমিটির কথা বলেছেন এটা কনস্টিটিউয়েন্সি ওয়াইজ করেছেন। সেখানে কমিটি রয়েছে অথচ মিটিং ডাকা হয়নি ও সেখানে কোন কাজ হচ্ছে না।

Shri Santosh Kumar Roy :

মিটিং যদি দেখা যায় সরকারী অফিসারের দোষে ডাকা হয়নি, সুপারিশ-এর জন্য না হয়ে থাকে তাহলে আমি তা দেখবো।

Shri Ganesh Hatui :

আপনি দোষ দেখছেন কিন্তু সেখানে টাকা বিলি করা হল না গরীব মৎসজীবিরা টাকা পেল না। তারা যদি টাকা না পায় তাহলে কি হবে? তাদের টাকা দেবার ব্যবস্থা করবেন কি?

Shri Santosh Kumar Roy :

তাদের টাকা দিতে হবে।

Shri Gangadhar Pramanick :

সেখানে মিটিং ডাকা হয়নি এবং এর জন্য বরাদ্দ অর্থ যা দেবার কথা ছিল তা ফেরত যাচ্ছে। এটা আপনার গোচরিভূত হয়েছে কিনা, তাদের টাকা দেওয়া হয়েছে কিনা, না দেওয়া হলে কি ব্যবস্থা করবেন?

Shri Santosh Kumar Roy :

ব্লক এ্যাডভাইসারি কমিটির সুপারিশক্রমে টাকা ব্যয় করা হয়, যদি দেখা যায় অফিসারের দোষে মিটিং ডাকা হয়নি, টাকা ল্যাপস হয়ে গেছে তাহলে শাস্তিমুলক ব্যবস্থা নেওয়া হবে।

Shri Gangadhar Pramanick :

এই যে বিভিন্ন সাব-ডিভিসানে কনভেনাররা মিটিং না ডাকায় টাকা উদ্বৃত্ত হয়ে ফেরত হয়ে যায় সে কর্মব্যবস্থা মন্ত্রিমহাশয়ের দপ্তরে থাকে কিনা প্রত্যেক সাব-ডিভিসানে মিটিং না ডাকার জন্য ব্যবস্থা নেওয়ার?

Shri Santosh Kumar Roy :

যেখানে এই ঘটনা ঘটেছে সেখানে ব্যবস্থা নেওয়া হয়েছে।

Mr. Speaker : The question hour is over.

SHORT NOTICE QUESTION

আবগারী দোকান কর্মচারীদের দাবী-দাওয়া

***545.** (Short Notice) (Admitted Question No. *2675.) **Shri Aswini Ryy :**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ২৫শে মার্চ, ১৯৭৪ তারিখে তারকাচিহ্নিত *৩১৩নং (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৫) প্রশ্নোত্তরের সময় আবগারী দপ্তরের মন্ত্রিমহোদয় একটি অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাইয়াছিলেন যে আবগারী দোকানের কর্মচারীদের দাবী-দাওয়া সম্পর্কে আবগারী দপ্তরের সুপারিশগুলি শ্রমদপ্তরে পাঠান হইয়াছে তাহা উল্লেখ করিয়া মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সুপারিশগুলি কি কি;

(২) কবে ঐ সুপারিশ পাইয়াছেন; এবং

(৩) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

Dr. Gopal Das Nag :

(১) এবং (২) আবগারী দোকানে নিযুক্ত কর্মীবর্গের দাবী-দাওয়া সম্পর্কে কিছু কাগজপত্র আবগারী বিভাগ গত ২৯-৩-৭৪ তারিখে শ্রমবিভাগে পাঠাইয়াছেন। ইহাতে বলা হইয়াছে, যে কর্মীবর্গের দাবী-দাওয়ার ব্যাপারে হাইকোর্টে একটি মামলা বিচারাধীন আছে এই কারণে মালিকপক্ষ কোনকিছু মন্তব্য করিতে অস্বীকার করিয়াছেন। ইহাও বলা হইয়াছে যে আদালতে বিচারাধীন বিষয়ে বর্তমানে কোন ব্যবস্থা গ্রহণ সম্ভব নয়। সমগ্র ব্যাপারটির আইনগত ও অন্যান্য দিক শ্রমবিভাগে বিশদ পর্যালোচনা করিয়া দেখা হইতেছে।

(৩) এখনই কোন সিদ্ধান্ত সম্ভব নয়। বিশদ পর্যালোচনার পর এ বিষয়ে যথাবিহিত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

Shri Harasankar Bhattacharyya:

মন্ত্রিমহাশয়ের স্মরণে আছে তিনি বিধানসভায় বলেছিলেন যে আবগারী বিভাগের থেকে উত্তর এলে পরে আবগারী কর্মচারীদের যে সমস্যা তা তিনি মিটিয়ে দেবেন যদি আইনগত ব্যাপারে মালিক তা আটকিয়ে না রাখে। উনি অত্যন্ত দ্রুত সময় বলে দিন যে সময়ের ভিতরে শ্রম বিভাগ আবগারী দোকান কর্মচারীদের সমস্যা মিটমাট করে দেবেন। একটা সময়সীমা নির্দিষ্ট করার কথা ভাবছেন কি?

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পক্ষ থেকে সময়সীমা নির্ধারণের অসুবিধা নেই যদি না হাইকোর্ট-এর কোন নিষেধাজ্ঞা না থাকে। নিষেধাজ্ঞায় যদি আমার হস্ত বদ্ধ করে না রাখেন তাহলে মে মাসে এই মীমাংসা করে দেওয়া সম্ভব।

Shri Harasankar Bhattacharyya:

আমরা যতদূর জানি হাইকোর্টের কোন ইঞ্জাংসান নেই। যেটা আছে মালিক-কর্মচারী বিরোধ। সেটা মালিকদের সংগে ইন্ডিভিজিয়াল ব্যক্তিগত বিরোধ অনেক থাকে। যদি কোন পজিটিভ ইনজাংসান না থাকে তাহলে মন্ত্রিমহাশয় মে মাসের মধ্যে সিদ্ধান্ত ঘোষণা করবেন কি?

Dr. Gopal Das Nag:

যদি হাইকোর্টের আমার উপর কোন নিষেধাজ্ঞা না থাকে রেসট্রেইনিং দি গভর্ণমেন্ট টু ফাংশন তাহলে করে দেবো।

STARRED QUESTIONS

(to which oral answers were laid on the table)

*৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৮) শ্রীনরেশ চন্দ্র চাকী: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?—

(ক) বর্ত্তমানে পশ্চিমবংগে প্রতি মাসে কি পরিমাণ মাছ প্রয়োজন হয়;

(খ) তন্মধ্যে কি পরিমাণ মাছ কিভাবে পাওয়া যায়; এবং

(গ) মাছের চাহিদা পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সরকারী হিসাবে পশ্চিমবঙ্গে প্রতিমাসে মাছের প্রয়োজন প্রায় ৬৭ হাজার ৫ শত মেট্রিক টন।

(খ) উপরোক্ত মাসিক চাহিদার মধ্যে পশ্চিমবঙ্গের আভ্যন্তরীণ জলাশয় হইতে সরবরাহের পরিমাণ ১৯ হাজার মেট্রিক টন। ইহা ছাড়াও প্রায় ৩ হাজার মেট্রিক টন মাছ ভারতবর্ষের অন্যান্য রাজ্য ও বাংলাদেশ হইতে প্রতিমাসে পশ্চিমবঙ্গে চালান আসে।

(গ) সরকারী উদ্যোগে রাজ্যের বিভিন্ন জেলায় মৎস্যবীজ উৎপাদনকেন্দ্র ও মাছ উৎপাদনের খামার স্থাপন, বিল-বাওড় ইত্যাদির সংস্কার সাধন, বেসরকারী মালিকানাধীন পুকুরগুলিতে মাছ চাষের জন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক তথা অনুরূপ সংস্থা হইতে ঋণ গ্রহণে সাহায্য-প্রদান, মাছ চাষীদের মধ্যে সস্তাদরে উন্নতমানের চারাপোনা বিতরণ, গভীর সমুদ্র এবং উপকূলবর্তী অঞ্চল হইতে মাছ ধরার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান ও সচেষ্ট হওয়া ছাড়াও রাজ্য সরকার ভারত সরকারের মাধ্যমে বাংলাদেশ হইতে বাণিজ্যচুক্তিবলে মাছ আমদানীর ব্যবস্থা করিয়াছেন।

মৎস্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় কর্তৃক অনুমোদিত।

পশ্চিমবঙ্গে টি, বি, রোগীর সংখ্যা বৃদ্ধি

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) শ্রীনিতাইপদ সরকার: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিলবঙ্গে টি, বি, রোগীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে;

(খ) অবগত থাকিলে (১) এইরূপ বৃদ্ধির কারণ কি, এবং (২) উক্ত রোগীদের চিকিৎসার জন্য সরকার কি কি ব্যবস্থ্যা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী—

(ক) এমন কোন রিপোর্ট নেই।

(১) প্রশ্ন ওঠে না।

(২) যক্ষ্মারোগীদের চিকিৎসার জন্য নিম্নলিখিত ব্যবস্থা রয়েছে;

(অ) হাসপাতাল এবং স্যানাটোরিয়মে অন্তর্বিভাগীয় চিকিৎসার জন্য শয্যা সংস্থান;

(আ) অনেকগুলি চেস্ট ক্লিনিক এবং ডোমিসিলিয়ারী ইউনিট স্থাপিত হইয়াছে;

(ই) যক্ষ্মারোগ নিরাময়ের জন্য ডিস্ট্রিক্ট টি, বি, সেন্টার খোলা হয়েছে;

(ঈ) সকল হাসপাতাল এবং ক্লিনিক-এর মাধ্যমে যক্ষ্মানিরোধক ঔষধ বিনামূলে দেওয়া হচ্ছে।

টি, আর, প্রকল্পে রাস্তা মেরামত ও পুকুর খনন

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২২১) শ্রীরবীন্দ্র ঘোষ: ত্রাণ ও কল্যাণ বিভাগের মিন্ত্র-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টি, আর, কাজের মাধ্যমে কাঁচা রাস্তা মেরামত ও পুকুর খনন করা হয় কিনা; এবং

(খ) হাওড়া জেলায় টি, আর-এর কাজ কবে নাগাদ চালু হইবে?

ণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) টি, আর, কাজের মাধ্যমে কাঁচা রাস্তা মেরামত এবং সাধারণের ব্যবহার্য্য পুকুর নন করা হয়।

(খ) বর্ত্তমানে টি, আর,-এর কাজ চলিতেছে।

জলপাইগুড়ি জেলায় বন্ধ চা-বাগানের ত্রিশ হাজার শ্রমিক

*৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৯) শ্রীপ্রেম ওরাঁও: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-র্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে (১) জলপাইগুড়ি জেলার সোনালি, রূপালী, গুডহোপ' হিলা, কুমাই, সারুগাঁও, লোকসান, বহিনপুর ও বাঁধাপানি প্রভৃতি এই নয়টি চা-বাগানের মালিকরা উক্ত বাগানগুলি বন্ধ করিয়া দিয়াছেন এবং ফলে প্রায় ত্রিশ হাজার শ্রমিক বেকার হইয়া পড়িয়াছেন; এবং

(খ) উক্ত এলাকায় যে সব চা-বাগান বর্ত্তমানে চালু আছে তাদের মালিকগণ চা-শ্রমিকদের রেশন বন্ধ করিয়া দিবার নোটিশ দিয়াছেন; এবং

(গ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) প্রশ্নে উল্লিখিত সবকয়টি চা-বাগান বন্ধ হয় নাই। বাঁধাপানি চা-বাগান চালু াছে, যদিও এখানে শ্রমিকবর্গের বেতন প্রদানের ব্যাপারে মাঝে মাঝে অসুবিধা ঘটে। হিমপুর চা-বাগানে এক ত্রিপাক্ষিক চুক্তি'র ফলে লক্-আউট প্রত্যাহৃত হইয়াছে। রূপালী া-বাগানটি এর মালিকদ্বয় কর্তৃক পরিত্যক্ত হওয়ার পর সেখানেকার শ্রমিকবর্গ নিজেরাই ালাইতেছেন। বাকী ছয়টি চা-বাগান অবশ্য বর্ত্তমানে বন্ধ রহিয়াছে। ইহার মধ্যে লুকসান া-বাগানের পরিচালনভার কলিকাতা হাইকোর্ট একজন রিসিভারের (Receiver) হস্তে র্পণ করিয়াছেন। নিযুক্ত রিসিভার অবশ্য এখনও এ চা-বাগানের পরিচালনভার গ্রহণ করেন নাই। ছয়টি চা-বাগান বন্ধ হওয়ার ফলে চার হাজারের কিছু বেশী শ্রমিক কর্মচ্যুত হইয়াছেন।

(২) এরূপ একটি নোটিশ দেওয়া হইয়াছিল বটে তবে তাহা সরকারী ব্যবস্থাদির ফলে কার্য্যকর হয় নাই। শ্রমিকবর্গ যথারীতি রেশন পাইতেছেন।

(খ) বন্ধ বাগিচাগুলি অধিগ্রহণের অথবা চালাইবার প্রশ্ন বর্ত্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

তপশীলি সম্প্রদায়ভুক্ত অধিবাসীদের জন্য গৃহ নির্মাণ

*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৩) শ্রীশিশির কুমার সেন: তপশীলি জাতি ও আদি-বাসী কল্যাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় তপশীল সম্প্রদায়ভুক্ত অধিবাসীদের গৃহ নির্মাণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, এ বাবদ ১৯৭৩-৭৪ সালে কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

তপশীলি ও আদিবাসী জাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হাওড়া জেলায় তপশীলি সম্প্রদায়ভুক্ত অধিবাসীদের গৃহনির্মাণের জন্য রাজ্য সরকারের তপশীলি জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের অধীনে তিনটি পৃথক প্রকল্প আছে।

১৯৭৩-৭৪ সালে হাওড়া জেলার তপশীলি সম্প্রদায়ভুক্ত অধিবাসীদের গৃহনির্মাণের জন্য সর্বমোট ১,৪৫,৬০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

বালুরঘাট সাধারণ হাসপাতালে এক্সরে মেসিন

*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৮) শ্রীবীরেশ্বর রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বালুরঘাট সাধারণ হাসপাতালে কোন এক্সরে মেসিন আছে কিনা;

(খ) থাকিলে, উহা বর্তমানে চালু আছে কিনা; এবং

(গ) চালু না থাকিলে, (১) ইহার কারণ কি; এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) আছে।

(খ) তিনটির মধ্যে দুইটি চালু আছে।

(গ) (১) বৈদ্যুতিক শক্তির (ভোল্টেজ) স্বল্পতার জন্য ৯০০এম্, এ মেসিনটি চালু করা যাচ্ছে না।

(২) হাসপাতাল কর্তৃপক্ষ ওয়েস্ট বেঙ্গল স্টেট্ ইলেক্ট্রিসিটি বোর্ডের স্থানীয় কর্তৃপক্ষে কাছে ভোল্টেজ্ বাড়াবার অনুরোধ জানিয়েছেন।

Utilisation of Land taken possession of by Refugee, Relief and Rehabilitation Department near Jhargram town

***479.** (Admitted question No. *1018) **Shri Birendra Bijoy Malla Deb :** Will the Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department be pleased to state—

(a) if it is a fact that about one thousand bighas of land near Jhargram town has been taken possession of by the Refugee, Relief and Rehabilitation Department, and

(b) if so,

(i) when the possession of this land was taken, and

(ii) the scheme if any, for utilising the above land ?

Minister-in-charge of R. R. and R. Department :

(a) Yes, about 642.50 acres in four blocks ;

(b) (i) On 21st June, 1951 ;

(ii) Some portion of the land is being utilised for the rehabilitation of the service and the ex-service personnel and non-camp and ex-camp refugees and some for the development of industries through private entreprenuers.

শ্রীদুর্গা প্রসেসিং মিলের শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৮) শ্রীশক্তি কুমার ভট্টাচার্য্য: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যাঘাট শ্রীদুর্গা প্রসেসিং মিলের মালিকগণ উক্ত মিলের শ্রমিকদের দেয় প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দিয়াছেন কিনা;

(খ) জমা না দিয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) জুন ১৯৬৯ হইতে মিল-মালিকগণ ঠিকমত টাকা জমা দেন নাই।

(খ) কর্মচারী ভবিষ্যনিধি আইনের ৮ ধারা অনুসারে জানুয়ারী '৭৩ পর্যন্ত অনাদায়ী কার জন্য সার্টিফিকেট রুজু করা হইয়াছে। ইহা ব্যতীত জুন '৭১ পর্যন্ত টাকা জমা দিবার জন্য মালিকগণের বিরুদ্ধে কর্মচারী ভবিষ্যনিধি আইনের ১৪ ধারা অনুসারে ৌজদারী মামলা দায়ের করা হইয়াছে।

খাড়ি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৬) শ্রীঠাকুর দাস মাহাতো: তপশীলি জাতি এবং াদিবাসী-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষালাভের জন্য পশ্চিমবংগের খাঁড়ি সম্প্রদায়ভুক্ত তপশীল জাতির ছাত্রছাত্রীগণকে সরকারী বৃত্তি দেওয়ার বেসরকারী নির্দেশ বহাল ছিল বর্তমানে চালু আছে কিনা;

(খ) চালু না থাকিলে, কোন তারিখ হইতে উক্ত নির্দেশ বাতিল করা হইয়াছে; এবং

(গ) অনুরূপ সিদ্ধান্ত গ্রহণের কারণ কি?

পশীলি ও আদিবাসী জাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে খাঁড়ি সম্প্রদায় তপশীলি জাতির তালিকাভুক্ত নহে। মাধ্যমিক বিদ্যালয়ে ঠরত উক্ত সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীগণকে তপশীলি জাতি হিসাবে কখনই কোনরূপ সরকারী ত্তি দেওয়া হইত না বা হয় না।

(খ) ও (গ) এ প্রশ্ন ওঠে না।

গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪৩) শ্রীফনীভূষণ সিংহ বাবু: ত্রাণ এবং কল্যাণ ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে গ্রামীণ কর্মসংস্থান রুর‍্যাল ওয়ার্ক্স প্রজেক্ট প্রকল্পাধীন জেলা-ওয়ারী সাহায্য কি পরিমাণ এবং কিসের ভিত্তিতে দেওয়া হইয়াছে; এবং

(খ) ১৯৭৪-৭৫ সালে উক্ত পরিকল্পনাধীন কত টাকা বাঁকুড়া জেলার ক্ষেত্রে মঞ্জুরী হইবে, কি বাবদ উক্ত টাকা খরচ করা হইবে এবং কবে নাগাদ কার্য্যকরী হইবে?

াণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ত্রাণ ও কল্যাণ দপ্তর থেকে ১৯৭৩-৭৪ সালে রুরাল ওয়ার্কস্ প্রোজেক্টস (স্টেট রিলিফের) মাধ্যমে গ্রামাঞ্চলে বেকার মজুরদের কাজের সংস্থানের উদ্দেশ্যে বিভিন্ন জেলায় পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছিল তার একটি বিবরণী টেবিলে রাখা হল।

পল্লী অঞ্চলের পরিস্থিতি বিশেষ করে বেকার মজুরদের অবস্থা বিবেচনা করে ঐ অর্থ ঞ্জুর করা হয়েছিল।

(খ) ১৯৭৪-৭৫ সালে রাজ্য সরকারের আর্থিক সংগতি সাপেক্ষে এবং বাঁকুড়া জেলার গ্রামাঞ্চলের অবস্থার পরিপ্রেক্ষিতে বেকার মজুরদের কাজের সংস্থানের জন্য প্রয়োজন অনুসারে ঐ প্রকল্প বাবদ অর্থ মঞ্জুর করা হবে। ১৯৭৪ সালের ১৬ই ফেব্রুয়ারীর পর থেকেই প্রয়োজনমত টেস্ট রিলিফের কাজ চালু করার হুকুম দেওয়া হয়েছে এবং জেলাশাসককে দরকার মত টাকাও দেওয়া হয়েছে।

(ক) অনুচ্ছেদের উত্তরে বর্ণিত বিবরণী ১৯৭৩-৭৪ সালে টেস্ট রিলিফ বাবদ জেলাওয়া: সরকারী অর্থ মঞ্জুরীর বিবরণ:—

জেলার নাম	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ (টাকা)
১। বাঁকুড়া	২১,৪২,৪৯৮
২। বর্ধমান	৯,০০,০০০
৩। বীরভুম	৫,০০,০০০
৪। হুগলী	৫,০০,০০০
৫। মেদিনীপুর	২৫,২১,০০০
৬। পুরুলিয়া	১০,৮৮,০৭০
৭। হাওড়া	৩,০০,০০০
৮। ২৪ পরগণা	৮,০০,০০০
৯। নদীয়া	৯,৬০,০০০
১০। পশ্চিম দিনাজপুর	৯,০০,০০০
১১। মুর্শিদাবাদ	৪,০০,০০০
১২। মালদা	৭,০০,০০০
১৩। জলপাইগুড়ি	৬,০০,০০০
১৪। কোচবিহার	২২,১৪,০০০
১৫। দার্জিলিং	১,০০,০০০
	১,৪৬,২৫,৫৬৮

পদ্মজা নাইডু আরোগ্য নিকেতন নিবাস ও কল্যাণপুর কুষ্ঠ নিবাসের উন্নয়ন

***৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯০) শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ: অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার পদ্মজা নাইডু আরোগ্য নিকেতন নিবাস ও কল্যাণপুর কুষ্ঠ নিবাসে: যে সমস্ত দুঃস্থ কুষ্ঠ রোগী এবং তাহাদের পরিবারবর্গ বাস করেন তাঁহাদিগবে সরকার হইতে কোন সাহায্য দেওয়া হয় কিনা;

(খ) হইলে, কি কি সাহায্য ও পরিবারপিছু কত করিয়া; এবং

(গ) কলোনীগুলির উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে তাহার বিবরণ ও কবে নাগাদ তাহা কার্য্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) হয়।

(খ) একটি তালিকা পেশ করা হল।

(গ) বর্তমানে কোন প্রস্তাব স্বাস্থ্য বিভাগে নেই।

Statement in referred to question No. 484 (kha)

পদ্মজা নাইডু আরোগ্য নিকেতনের প্রায় ২২৫ জন কর্মক্ষম রোগী সপ্তাহে ২ বা ৩ দিন দৈনিব দুটাকা হারে টি, আর, পেয়ে থাকেন।

প্রায় ৩০০ জন বৃদ্ধ ও অক্ষম রোগী জি, আর, বাবদ মাসে ৮ কেজি হারে গম পেয়ে থাকেন। অপ্রাপ্তবয়স্কগণ পায় ৪ কেজি হারে।

পরিবারপিছু কিছু দেওয়া হয় না।

রাজ্যপাল গত অক্টোবরে এই প্রতিষ্ঠান পরিদর্শনকালে এখানে বিদ্যালয় ও নলকুপের জন্য ১০,০০০ টাকা দিয়েছেন।

কল্যাণপুর কুষ্ঠ নিবাসের প্রায় ১৫০ জন কর্মক্ষম রোগী পদ্মজা নাইডু আরোগ্য নিকেতনের কর্মক্ষম রোগীদের হারে টি, আর, পান। আর ৭৫ জন বৃদ্ধ ও অক্ষম রোগী পদ্মজা নাইডু আরোগ্য নিকেতনের বৃদ্ধ ও অক্ষম রোগীদের মতই জি, আর, পেয়ে থাকেন।

এখানেও পরিবারপিছু কিছু দেওয়া হয় না।

মুর্শিদাবাদে বেকার যুবকদের কর্মসংস্থান

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪২) শ্রীশীশ মহম্মদ: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৭৩ সালে মুর্শিদাবাদ জেলায় থানাওয়ারী কতজন বেকার যুবককে সরকারী চাকুরী দেওয়া হইয়াছে?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৭২ সালের স্পেশাল রিক্রুটমেন্ট রুল অনুযায়ী ১৯৭৩ সালে মুর্শিদাবাদ জেলায় সরকারী চাকুরীর জন্য মোট ৫৪২ জন যুবকের নাম সুপারিশ করা হইয়াছে। থানাওয়ারী তালিকা রাখা হয় নাই।

মালদায় শরণার্থীদের মধ্যে কম্বল ও অন্যান্য দ্রব্য বিতরণের হিসাব

*৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৪) শ্রীগৌতম চক্রবর্ত্তী: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদায় অবস্থিত পূর্বপাকিস্থানের (বর্ত্তমান বাংলাদেশ) শরণার্থীদের যে সমস্ত কম্বল ও অন্যান্য দ্রব্য দেওয়া হইয়াছিল তাহার কোন হিসাব পরীক্ষা করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে তাহার ফলাফল?

উদ্বাস্তু ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) উক্ত দ্রব্যাদি বিতরণের হিসাবপত্রে সামান্য কিছু ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হইয়াছে।

দেবশাল গ্রামে আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য 'ছাত্রাবাস' নির্মাণ

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৬) শ্রীমনোরঞ্জন প্রামানিক: তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার বুদবুদ থানার জংগলমহল এলাকায় দেবশালা গ্রামে আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য 'ছাত্রাবাস' স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উক্ত জংগলমহল এলাকায় সাঁওতাল আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য একটি ছাত্রাবাস স্থাপন করা হইবে কিনা এবং হইলে, কবে?

তপশীলি ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

দেবশালা গ্রামে ছাত্রাবাস নির্মাণের কোন প্রস্তাব এ যাবৎ এই বিভাগে পাওয়া যায় নাই। এমতাবস্থায় উল্লিখিত ছাত্রাবাস স্থাপন করার কোন পরিকল্পনা গ্রহণ করার প্রশ্ন উঠে না।

প্রয়োজনীয় প্রস্তাব পাওয়া গেলে বিষয়টি বিবেচনা করা হইবে।

Kharagpur Water Supply Scheme

*488 (Admitted question No. *584) **Shri Rajani Kanta Doloi : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—**

(a) the arrangements the Government has made for the operation and maintenance of the Kharagpur Water Supply Scheme ;

(b) whether the Government has finalised the arrangements for individual house connections ; and

(c) when the work on the 2nd Phase of this Scheme is likely to be completed ?

Minister-in-charge of Health Department :

(a) Pending take-over by the Municipality of the Water Supply System which has been recently commissioned, the same is now being temporarily maintained by the Public Health Engineering Directorate.

(b) No Power to give house-connections rests with the Municipality under the B. M. Act, 1932.

(c) The 2nd Phase which has been included in the Urban Water Supply Programme of the 5th Plan is yet to be taken up. The probable time of completion of the 2nd Phase cannot as such be indicated at this stage.

উদ্বাস্তুদের জমির মালিকানা স্বত্ব দান

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯৫) **শ্রীপংকজ কুমার ব্যানার্জী: উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের** মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ববংগাগত উদ্বাস্তুদের জমির মালিকানাস্বত্বের ঘোষণার পর রাজ্য সরকার স্বত্বদানের বিষয়টির ব্যাপারে কতদূর অগ্রসর হয়েছেন; এবং

(খ) কবে নাগাদ উদ্বাস্তুরা এই জমির মালিকানা স্বত্ব পেতে পারেন?

উদ্বাস্তু ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কেন্দ্রীয় সরকার প্রকল্পটি মঞ্জুর করেছেন; কিন্তু স্বত্বাধিকার দান সম্পর্কে দলিলের বিস্তারিত সর্তাদি এখনো রাজ্য সরকারকে জানান নি;

(খ) উক্ত কারণে কোনো সময়-সীমা এখনি নিশ্চিত করে বলা সম্ভব নয়। তবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সর্তাবলী পাওয়া গেলে তৎপরতার সঙ্গে ব্যবস্থাদি গ্রহণ করা হবে।

রাণীগঞ্জ কোলফিল্ড ওয়াটার ওয়ার্কস

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৭) শ্রীনিরঞ্জন ডিহিদার: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণীগঞ্জ কোলফিল্ড ওয়াটার ওয়ার্কস্ হইতে উক্ত এলাকার কয়টি কয়লাখনি অঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে; এবং

(খ) উক্ত এলাকায় খনি শ্রমিকদের পানীয় জল সরবরাহের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই প্রকল্পের মাধ্যমে অন্যান্য সহরাঞ্চল, গ্রামাঞ্চল ও শিল্পাঞ্চল ছাড়াও ৪৮টি কয়লা খনিতেও জল সরবরাহের ব্যবস্থা আছে। এ পর্য্যন্ত কয়টি কয়লা খনিতে জল সরবরাহ করা হচ্ছে তার সঠিক তথ্য স্থানীয় বাস্তুকার (ইঞ্জিনিয়ার) গণের কর্মবিরতির জন্য সংগ্রহ করা যায়নি।

(খ) অন্যান্য অঞ্চলে গ্রামবাসীদের মত খনি অঞ্চলে শ্রমিকগণের জন্যও রাস্তার পাশে উপযুক্ত সংখ্যক কল (হাইড্রেন্ট) এর ব্যবস্থা করা হয়েছে।

রহিমাবাদ চা-বাগান শ্রমিকদের পাকা বাস গৃহ

*৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৯) শ্রীনারায়ণ ভট্টাচার্য্য: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে জলপাইগুড়ি জেলার 'রহিমাবাদ' চা-বাগানের মালিকপক্ষ বিগত ১৫ (পনের) বৎসর যাবৎ বাগানের শ্রমিকদের জন্য একটিও প্রেক্ষাগৃহ নির্মাণ করেন নাই;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার উক্ত মালিকদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা লইয়াছেন; এবং

(গ) শ্রমিকগণের পাকা বাসগৃহ প্রদানের জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) রহিমাবাদ চা বাগানের মালিকদের বিরুদ্ধে সরকার বিভিন্ন সময়ে (চার) ৪ বার মামলা করিয়াছেন।

(গ) চা বাগানের মালিকপক্ষ যাহাতে আইনগত বাধ্যবাধকতা মানিয়া চলেন তাহার জন্য চেষ্টা করা হইতেছে।

লালগড় কলোনী উন্নয়ন

*৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৩) শ্রীসত্য ঘোষাল: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম থানা এলাকাধীন লালগড় কলোনীর উন্নয়নের কাজ কবে নাগাদ সমাপ্ত হইবে;

(খ) কবে ইহার কাজ শুরু করা হইয়াছিল এবং ৩১এ জানুয়ারী, ১৯৭৪ পর্য্যন্ত কত টাকার কাজ হইয়াছে;

(গ) এই কলোনীর উদ্বাস্তুদের জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন এবং ৩১এ জানুয়ারী, ১৯৭৪ পর্য্যন্ত কত টাকার কাজের জন্য টেণ্ডার ডাকিয়াছেন; এবং

(ঘ) উন্নয়নের কাজের বিলম্ব হওয়ার কারণ কি?

উদ্বাস্তু ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৪-৭৫ সালের মধ্যে আশা করা যায়;

(খ) ১৯৭২-৭৩ সালের শেষাশেষি কাজ শুরু হয় এবং গত ৩১এ জানুয়ারী পর্য্যন্ত মোট ৩৬ হাজার ৬ শত ৯১ টাকা ব্যয় হইয়াছে;

(গ) মোট ১ লক্ষ ৬৪ হাজার ৩ শত ৫৭ টাকা মঞ্জুর করা হইয়াছে এবং ১ লক্ষ ৪০ হাজার টাকার কাজের জন্য টেণ্ডার আহবান করা হইয়াছে;

(ঘ) কংসাবতির প্রধান প্রবেশপথে দুইটি আলোক-স্তম্ভ থাকায় উন্নয়নের মাল-মসলা সহজে আনানেওয়া করা যাইতেছে না। এতদ্ব্যতীত গ্রুপ-লীডারদের আর্থিক সঙ্গতি খুবই সীমিত হওয়ায় কাজে বিলম্ব ঘটিতেছে।

বাঁকুড়া জেলার টি, বি, রোগ চিকিৎসার কেন্দ্র

*৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৮) শ্রীশম্ভু নারায়ণ গোস্বামী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় টি, বি, রোগের চিকিৎসার্থে কতগুলি কেন্দ্র আছে এবং কোন থানায় কয়টি; এবং

(খ) এরূপ কেন্দ্র বাড়াইবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে তাহার বিবরণ?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) তিনটি কেন্দ্র আছে:

(অ) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের সহিত সংযুক্ত একটি ডিস্ট্রিক্ট টি, বি, সেন্টার;

(আ) বিষ্ণুপুর মহাকুমা হাসপাতালের সহিত সংযুক্ত একটি চেস্ট ক্লিনিক-কাম-ডোমিসিলিয়ারী ইউনিট;

(ই) সারেঙ্গায় অবস্থিত ক্রিশ্চান মিশন হাসপাতালের সহিত সংযুক্ত একটি চেস্ট ক্লিনিক।

এছাড়া বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে একটি ২০ শয্যা-যুক্ত টি, বি, ওয়ার্ড চালু আছে।

(খ) হ্যাঁ, খাতড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একটি চেস্ট ক্লিনিক-কাম-ডোমিসিলিয়ারী ইউনিট স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

পশ্চিমবাংলায় চা-চাষে নিযুক্ত শ্রমিকদের সুযোগ সুবিধা

*৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১২১) শ্রীঅনন্তকুমার ভারতী: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট কত একর জমিতে চা-চাষ হয়;

(খ) চা-চাষে মোট কতজন শ্রমিক নিয়োজিত আছেন;

(গ) তাঁরা জীবনধারণে কি কি সমস্যার সম্মুখীন; এবং

(ঘ) চা-চাষে নিয়োজিত শ্রমিকদের মালিকপক্ষ কি কি সুযোগসুবিধা দিয়ে থাকেন?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) ১৯৭২ সালের বার্ষিক রিপোর্ট অনুযায়ী পশ্চিবঙ্গের ২৬২টি চা বাগিচাতে মোট ৯১৬৮৮৪.১২ হেকট্র জমিতে চা চাষ হয়।

(খ) ঐ একই সালের বার্ষিক রিপোর্ট অনুযায়ী ২,২৯,১৬৪ জন শ্রমিক চা চাষে নিয়োজিত আছেন।

(গ) জবীনধারণে সাধারণতঃ তাহারা নিম্নোক্ত সমস্যাগুলির সম্মুখীন হইয়া থাকেন,

(১) অনেক চা বাগিচায় চিকিৎসার সুযোগসুবিধা অপর্যাপ্ত।

(২) চা বাগিচায় শ্রমিক পরিবারের সহিত বসবাসকারী নির্ভরশীল ব্যক্তি এবং আত্মীয়দের চাকুরীর সংস্থান না থাকা।

(৩) অনেক চা বাগিচায় শ্রমিকদের বাসস্থানের অসুবিধা।

(ঘ) চা-চাষে নিয়োজিত শ্রমিকদের মালিক পক্ষ নিম্নরূপ সুযোগ সুবিধা দিয়া থাকেন:- চা শ্রমিকদের পরিবারের জন্য বিনা ভাড়ায় আবাসিক সুযোগসুবিধা, শ্রমিক ও শ্রমিক পরিবারের ব্যক্তিদের জন্য বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা, বৃষ্টি ও শীতের জন্য বিনামূল্যে জামাকাপড়, কর্মরত মায়েদের শিশুদের জন্য ক্রেচের ব্যবস্থা। ইহা ছাড়া অল্পমূল্যে রেশনের ব্যবস্থা। বিনামূল্যে জ্বালানি কাঠের এবং প্রাইমারী স্কুলের গৃহের ব্যবস্থাও মালিক-পক্ষ করিয়া থাকেন।

কলিকাতা ও মফস্বল হাসপাতালে রোগী প্রতি খরচের তারতম্য

*৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৩) শ্রীশরৎ দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার হাসপাতালে বর্ত্তমানে ইনডোর-এ প্রতিটি রোগীর খাওয়া বাবদ এবং আউটডোর-এর প্রতিটি রোগীর ঔষধ বাবদ কত টাকা করিয়া নির্দিষ্ট আছে;

(খ) মফঃস্বলের হাসপাতালগুলিতে ইনডোর-এ প্রতিটি রোগীর জন্য খাওয়া বাবদ ও আউটডোর-এর প্রতিটি রোগীর জন্য ঔষধ বাবদ কত টাকা করিয়া নির্দিষ্ট আছে;

(গ) ইহা কি সত্য যে কলিকাতা ও মফঃস্বলের হাসপাতালগুলির মধ্যে খরচের তারতম্য আছে; এবং

(ঘ) সত্য হইলে, (১) এই তারতম্যের কারণ কি; এবং (২) এই তারতম্য দূরীকরণে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) এস, এস, কে, এম, হাসপাতাল ও কারমাইকেল হসপিটাল্ ফর ট্রপিক্যাল ডিজিজেস্ বাদে অন্যান্য সব হাসপাতালে ইণ্ডোর খাদ্যের বরাদ্দ—

সাধারণ রোগী দিনে	২·৫০ টাকা
টি, বি, রোগী দিনে	৩·০০ টাকা

এস, এস, কে, এম, হাসপাতাল ও কারমাইকেল হসপিট্যাল ফর ট্রপিক্যাল ডিজিজেস্-এ এই বরাদ্দের পরিমাণ যথাক্রমে ৫০ পয়সা ও ১·০০০ টাকা বেশী। আউটডোরে রোগী প্রতি ও ঔষধের বরাদ্দ—প্রতি দিন গড়ে ২৫ পয়সা।

(খ) উপরে বর্ণিত হারে;

(গ) ও (ঘ) রোগী প্রতি খরচের কোন তারতম্য নেই। তবে শিক্ষাকেন্দ্রীক হাসপাতাল-গুলিতে শয্যাপ্রতি ব্যয়ের পরিমাণ কিছু বেশী। ছাত্রদের শিক্ষাদানের নিমিত্ত বিশেষ ব্যবস্থাই এই বেশী ব্যয়ের কারণ।

রামনগর সুগারমিলে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট চালু

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৭) শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর সুগারমিলে সকল শ্রেণীর শ্রমিকের জন্য মিনিমাম ওয়েজেস্ এ্যাক্ট চালু আছে কিনা;

(খ) কৃষিক্ষেত্রে মিল কর্তৃপক্ষের মোট কতজন চাষ করেন এবং তজ্জন্য বাৎসরিক কত কৃষিশ্রমিক নিয়োগ করেন তাহার কোন হিসাব সরকার রাখেন কি;

(গ) সরকার কি অবগত আছেন যে ঠিকা প্রথায় শ্রমিক নিয়োগ করিয়া মিল কর্তৃপক্ষ বহু শ্রমিককে তাহাদের ন্যায্য পাওনা হইতে বঞ্চিত করিতেছেন; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সুগারমিলে সকল শ্রেণীর শ্রমিক মিনিমাম ওয়েজেস এ্যাক্টের আওতায় রহিয়াছেন; তাহাদের বেতন কেন্দ্রীয় বেতন পর্ষদের অনুযায়ী নির্ধারিত হয়।

(খ) (১) মিল কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত শ্রমিকের সংখ্যা—

স্থায়ী ২৭৪ জন।

মরশুমী ৩৪ জন।

সাময়িক ২০-৯০ জন।

(২) ঠিকাদার কর্তৃক নিযুক্ত শ্রমিকের সংখ্যা —

বর্ষাকালে দৈনিক ১০০ জন (আনুমানিক)।

আউস চাষ এবং কাটবার সময় দৈনিক ৫০০—৬০০ (আনুমানিক)।

(গ) এ বিষয়ে সরকারের কাছে কোন তথ্য নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

[2—2-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : Hon'ble Minister-in-charge of Home (Transport) Department will please make a statement on the subject of increase in taxi and mini-bus fares —attention called by Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Md. Safiullah and Shri Basudeb Hazra on the 3rd April, 1974.

Shri Gyan Singh Sohanpal : Sir, in response to the calling attention regarding the increase in the taxi and mini-bus fares I rise to make the following statement.

The rise in the selling price of petrol, mobil oil and lubricants in November, 1973 caused widespread agitation amongst the transport operators in the State. They all clamoured for rise in fares so that they could operate transport services with economic returns. The taxis and mini-buses went off the road in protest against the enhancement of prices. The Government of India advised the State Government to consider revision of taxi fares with immediate effect so that taxi operators were not put to hardship. It was decided on November 7, 1973 that $33\frac{1}{3}$ per cent. enhancement of fares should be allowed to taxis in C.M.D. area. The rates of fare for taxis were accordingly revised to be—

For the first 2 kilometers or part thereof	..	Rs. 1.60
For every subsequent 200 metres or part thereof	..	0.16 p.

The owners of minibuses also moved Government for a 50 per cent. enhancement of fares on the ground that the majority of the mini-buses used to run on petrol and enhancement of petrol price had made viability impossible. 20 per cent. enhancement of fares of these mini-buses was being contemplated in order to obviate the hardship on the owners of mini-buses; before the matter could be finalised further rise in the prices of petrol, diesel and mobil oil added to the predicament of the owners of the mini-buses. The owners of taxis have also been clamouring for relief from the additional burden imposed by the latest enhancement in prices.

The Government of India advised the State Government to consider suitable revision of fares on this occasion also. In consideration of all the facts and circumstances, revision of fares for taxis in C.M.D. area and mini-buses has been approved as follows :—

Taxi fares :

For the first 2 Kms. .. .. .. Rs. 1.80 p.

For every subsequent 1/9th Km. or part thereof .. 0.10 p.

i.e., enhancement of 12 per cent. per kilometer over the fares last revised in November, 1973.

Mini-buses :

The rate of fare, which was not increased in November, 1973 when the taxi fares were revised, has now been enhanced by 30 per cent. resulting in a rate of 0.13 p. per km. per passenger, subject to a minimum fare of 65 p. per passenger.

Mr. Speaker : I have received 29 notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Two persons killed by dacoits in Godapara village of Murshidabad—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(2) Murder of Nakul Chandra Sarkar on his way home on Tuesday night in Kamargaria village under Ranaghat P.S.—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(3) Outbreak of Small Pox in Mekhliganj—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(4) Problem for construction of underground Railway due to issue of injunction—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(5) Accumulation of foodgrains due to their unloading from the Wagons and Ships being stopped—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(6) Sufferings of daily passengers of trains—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(7) Sufferings of lakhs of people consequent upon the Dwarakeswar Plan—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(8) Sufferings of the under-trial prisoners at Siliguri Special Jail—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(9) Demand for use of Bengali at all stages of Government work—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(10) Murder of a furniture merchant at Khardah and stabbing of a Postman at Rishra—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(11) Discrimination in supply of machineries for West Bengal or hire purchase basis—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(12) De-cordoning in West Bengal to alleviate acute food scarcity—from Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Krishna Pada Roy, Shri Susanta Bhattacharyya and Shri Sarat Chandra Das.

[2-10—2-20 p.m.]

(13) Suspension of two first-class officers along with others for alleged illegal appointment of 73 clerks and typists in the office of the Joint Manager of Food Corporation—from Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Krishna Pada Roy, Shri Susanta Bhattacharyya and Shri Sarat Chandra Das;

(14) Supply of rice and wheat through ration ships in West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Krishnapada Roy, Shri Susanta Bhattacharyya, Shri Sarat Das and Shri Narayan Bhattacharyya;

(15) Reported starvation death of Sm. Jyotsna Malakar and others in Bankura district—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas and Shri Narayan Bhattacharyya;

(16) Threatened civil disobedience by left parties on 30-4-74 —from Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra;

(17) Production of electricity by private enterprise to meet the power shortage —from Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya and Shri Monoranjan Pramanik;

(18) Arrangements for bringing wheat from Bisakapattanam —from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas and Shri Narayan Bhattacharyya;

(19) Installation of generators of electricity in hospitals—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Sarat Das and Shri Manoranjan Pramanik;

(20) Threatened cease-work by the employees of the six universities on the 18th and 19th April, 1974—from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya and Shri Sarat Chandra Das;

(21) Reserve for immediate starting of the work on the Howrah-Amta and Howrah-Shiakhala Broad guage rail lines—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharyya, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Krishna Pada Roy, Shri Susanta Bhattacharyya and Shri Sarat Chandra Das;

(22) Increasing supply of kerosene in rural Bengal—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Krishna Pada Roy, Shri Susanta Bhattacharyya and Shri Sarat Chandra Das;

(23) Conferring on the Central Government the responsibility for regular supply of ration in modified rationing areas—from Shri Narayan Bhattacharyya, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Kashinath Misra, Shri Sambhu Narayan Goswami, Shri Krishna Pada Roy, Shri Susanta Bhattacharyya and Shri Sarat Chandra Das;

(24) Acute power crisis due to acts of sabotage by a section of power station employees—from Shri Md. Safiullah;

(25) Scarcity of mustard oil, salt and bread in rural areas—from Shri Md. Safiullah, Shri Krishna Pada Roy and Shri Supriya Bose;

(26) Permanent steps by Government to stop auction of Mohua flowers and fruits in Midnapur, Bankura and Purulia districts—from Shri Md. Safiullah and Shri Narayan Bhattacharyya;

(27) Theft of imported light fastened to Boya on the Ganga—from Shri Md. Safiullah and Shri Ganesh Hatui;

(28) Artificial scarcity of salt in Calcutta and rural areas—from Shri Md. Safiullah, Dr. Ramendra Nath Dutta, Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya and Shri Monoranjan Pramanik;

(29) Find of three dead bodies of youths in Howrah district under Bantra P.S.—from Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya and Shri Monoranjan Pramanik:

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Sarat Chandra Das and Shri Monoranjan Pramanik, on the suject of installation of generators of electricity in hospitals.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja : On next Tuesday, Sir.

Mention Cases

Shri Satya Ranjan Bapuli :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২২এ মার্চ এখানে আপনার মাধ্যমে কয়েকটি বক্তব্য রেখেছিলাম। সেদিন আমি বলেছিলাম পুলিশ কি রকম অত্যাচার করছে, পুলিশ কিভাবে প্রকিওরমেন্টে বাধা দিচ্ছে এবং জোতদারের সঙ্গে হাত মিলিয়ে ব্লাক মার্কেটে ধান বিক্রি করছে। এ সম্পর্কে আমি একটি স্পেসিফিক কেসও তুলে ধরেছিলাম। স্যার, যেদিন আমি বক্তৃতা দিই ঠিক তার পরের দিন পুলিশ আমার বিরুদ্ধে একটি কেস দায়ের করেছে এবং তার সঙ্গে জোতদারের কর্মচারী যে পুলিশ ক্যাম্পের মধ্যে থাকে সে আর একটা কেস দায়ের করেছে। স্যার, আমি একটা কমপ্লেন করেছিলাম এবং বলেছিলাম জোতদারের কর্মচারী ব্লাক মার্কেটে ধান বিক্রি করছে, প্রকিওরমেন্ট ফ্রাস্ট্রেট করছে, সরকারের কর্ম পদ্ধতির বিরুদ্ধে প্রচার করছে কাজেই তাকে অবিলম্বে মিসা অথবা ডি, আই, আর.-এ গ্রেপ্তার করা হোক। স্যার, আমি ও, সির কাছে জানতে চেয়েছিলাম এর বিরুদ্ধে কেন এ্যাকশান নেওয়া হচ্ছে না। স্যার, কোন এম, এল, এ. কমপ্লেন করলে তার ভিত্তিতে এ্যাকশান নেওয়া হয় না কিন্তু একজন কনসটেব্ল কম্পলেন করলে একটা কেস হয়। এর ফলে এমন অবস্থা দাঁড়িয়েছে যে, সব জায়গায় পুলিশ প্রচার করছে যে এম, এল, এ'র বিরুদ্ধে আমরা গ্রেপ্তারী

পরোয়ানা জারি করতে পারি। যদিও কোন গ্রেপ্তারী পরোয়ানা হয়নি, সংবাদপত্রে একটা ভুল সংবাদ পরিবেশন করা হয়েছে। ঘটনার কথা সব বলা হয়েছে কিন্তু গ্রেপ্তারী পরোয়ানা নয়, কেস দায়ের করা হয়েছে। স্যার, আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যখন প্রকিওরমেন্টের ব্যবস্থা করা হচ্ছে এবং তাঁরই নির্দেশে যে প্রকিওরমেন্ট কমিটি তৈরি হয়েছে তার চেয়ারম্যানকে শুদ্ধ এ্যারেস্ট করে নিয়ে এসে পুলিশ হাজতে দিয়েছে। ১৯২ জন চাষীকে আসামী করেছে, ঐ এম, এল, একে আসামী করেছে এবং তা করে কেস দায়ের করেছে। তাহলে স্যার, আমি জানতে চাই আমাদের নিরাপত্তা কোথায়? স্যার, এম, এল, এদের যদি কোন সিকিউরিটি, সেফটি না থাকে তাহলে জনসাধারণের প্রতিনিধিত্ব করার মূল্য কি আছে? আজকে স্যার, পুলিশ শুধু প্রকিওরমেন্টেই বাধা দিচ্ছে না আমি বলব, এই পুলিশ যেমন ভাবে প্রফুল্ল সেনের সরকারকে, যুক্তফ্রন্ট সরকারকে ডুবিয়েছে তেমনি করে আমাদেরও ডোবাবার জন্য বদ্ধপরিকর হয়ে এই সরকারের খাদ্যনীতিকে বানচাল করছে। স্যার, পুলিশ ১½ বিঘা জমির মালিকের ১।।-২ মন ধান ধরে কিন্তু হাজার হাজার মন ধান যে পাচার হয়ে যায় তা ধরে না। ৬শো বিঘা জমির ধান পুলিশ ক্যাম্পে বসে মালিকের কর্মচারী মদনসা বিক্রি করে দিল তার বিরুদ্ধে আজ পর্য্যন্ত গ্রেপ্তারী পরোয়ানা হল না, তার বিরুদ্ধে ডি, আই, আর, হল না, মিসা হল না, হল কার বিরুদ্ধে, এম, এল, এ'র বিরুদ্ধে কারণ বিধানসভায় পুলিশের বিরুদ্ধে বক্তব্য রেখেছে। পুলিশ নাকি

as a measure of Defence false case start.

করে। স্যার, আপনি আমাদের রক্ষক, আমাদের সমস্ত দায়িত্ব আপনাকে নিতে হবে। আজকে বিধানসভার ভেতরে যদি কোন বক্তব্য রাখা হয় এবং তারজন্য—

as a measure of false case start.

সব সময় করতে থাকে এম, এল, এ দের বিরুদ্ধে তাহলে আমাদের নিরাপত্তা কোথায়? তাই স্যার আপনার কাছে আমরা নিরাপত্তা চাইছি এবং বলছি, সারা পশ্চিমবাংলায় পুলিশ যে অত্যাচার আরম্ভ করেছে তাতে ট্রামে, ট্রেনে, বাসে কান পাতাই দায় হয়ে উঠেছে। সর্বত্রই পুলিশের অত্যাচার এবং জুলুমবাজীর কথা শোনা যাচ্ছে এবং আজকে এম, এল, এ-দের কোন নিরাপত্তা নেই। তাই স্যার, আমি বলব, অবিলম্বে এই সমস্ত পুলিশ অফিসারদের যদি শাস্তি দেওয়া না হয় তাহলে বাধ্য হয়ে এই এ্যাসেম্বলী ভবনেই আমাদের অনশন করতে হবে। আমরা চাই এই সমস্ত অফিসারদের অবিলম্বে শাস্তি দেওয়া হোক। স্যার, আমরা জানতে পেরেছি একজন উর্ধতন আই, সি, এস অফিসার এই জোতদার বোসেদের আত্মীয় হয় এবং রাইটার্স বিল্ডিং-এর একজন আই, এ, এস, অফিসারও তাদের আত্মীয় হন। এই আই, এ, এস ও আই, সি, এস অফিসাররা আজকে জোতদারদের হাত শক্ত করছে এবং পুলিশ সাহায্য করছে। এমন কি এম, এল, এ দের বিরুদ্ধেও মিথ্যা মামলা দায়ের করে তাদের গ্রেপ্তার করার চেষ্টা করছে। স্যার, আমরা গ্রেপ্তারে ভয় করি না, আমরা কংগ্রেসী প্রতিনিধিরা জনসাধারণের স্বার্থে গ্রেপ্তার বরণ করতে রাজী আছি কিন্তু স্যার, এর প্রতিবিধান হওয়া দরকার।

[2-20—2-30 p.m.]

আমরা গ্রেপ্তারে ভয় করি না। আমরা কংগ্রেসের প্রতিনিধি জনসাধারণের স্বার্থে আমরা গ্রেপ্তার বরণ করতে রাজী আছি।

(সেভারেল মেমবার্স রোজ টু স্পিক)

Shri Sukumar Bandyopadhyay: সত্যরঞ্জন বাপুলি মহাশয়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে পুলিশ চক্রান্ত করে জন প্রতিনিধিকে জনসমক্ষে হেয় করবার যে চেষ্টা করছে, আমরা পরিষ্কারভাবে বলতে চাই যে বিধানসভায় বক্তব্য রাখার ফলশ্রুতি যদি এই হয় তাহলে আর গণতন্ত্রের মর্য্যাদা

থাকে না। পুলিশ বিভাগের রাষ্ট্রমন্ত্রী এখানে রয়েছেন, তিনি হয়তো এক্ষুনি এর জবাবে বলবেন যে তদন্ত করছি। এবং একজন পুলিশ অফিসারকে দিয়ে তদন্ত করিয়ে জন-সাধারণকে বিভ্রান্ত করবেন এবং আসলে যে অপরাধী, তার বিরুদ্ধে কোন কর্মপন্হা গ্রহণ করা হবে না। এই হাউসে সত্যরঞ্জন বাপুলী মহাশয় যে নির্দিষ্ট অভিযোগ পেশ করলেন পুলিশ যেভাবে অত্যাচার করছে, যেভাবে প্রিভিলেজ নষ্ট করার চেষ্টা করছে, সরকার পক্ষ থেকে কি কর্মপন্থা গ্রহণ করা হবে, সেটা আমরা জানতে চাই।

(গোলমাল)

আমরা সকলে এই বিষয়ে প্রটেকশন চাইছি, বাংলাদেশের সকলে প্রটেকশন চাইছে এবং গ্রামবাংলার জনসাধারণ আজকে প্রটেকশন চাইছে, বর্গাদাররা প্রটেকশন চাইছে।

(গোলমাল)

Shri Lakshmi Kanta Basu :
এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এখানে অধিকারগত প্রশ্ন জড়িত আছে।

Mr. Speaker : For making may statement on the floor of the House, has any action been taken by any court against any honourable member ? If it is so, then certainly it becomes a matter of privilege. But I understand for making a statement on the floor of the House no action has been taken.

[At this stage several members rose to speak.]

Shri Abdul Bari Biswas :
আজকে প্রকৃত অবস্থা কি, এই ঘটনা সম্পর্কে পুলিশমন্ত্রী এখানে আছেন, তাঁর কাছ থেকে জানতে চাই। তা নাহলে প্রকৃত অবস্থা জানতে পারা যাবে না। যেখানে এম, এল, এ,র বিরুদ্ধে একটা ফল্স কেস করা হয়েছে তখন এই হাউসে পুলিশমন্ত্রী প্রকৃত ঘটনা কি, তা কেন জানাচ্ছেন না বুঝতে পারছি না।

Shri Lakshmi Kanta Basu :
এই ঘটনা সম্পর্কে নিরপেক্ষ তদন্ত হবার দরকার আছে বলে মনে করি। কারণ আরও অপপ্রচার রটানো হচ্ছে এই বিধানসভার সদস্যের নামে। আমি জানি, এমন চক্রান্ত করা হচ্ছে, পুলিশ ওখানকার থানায় সত্যরঞ্জন বাপুলির বিরুদ্ধে বলছে যে গত ৬ তারিখ রায়দীঘিতে পুলিশ এবং ফুড ডিপার্টমেন্টের লোকেরা একটা ৮০০ কুইন্টল ধান সিজ করেছিল এবং আমাদের মাননীয় সদস্য নাকি সেটা ছিনতাই করে নিয়ে গেছেন। ঐ থানায় এক বছরের মধ্যে তিন চার জনকে বদলি করা হয়েছে।

এটা একটা সাংঘাতিক অভিযোগ, পুলিশ অভিযোগ করে, সাজানো অভিযোগ করে আমাদের বিধানসভার সদস্যদের হেয় প্রতিপন্ন করবার জন্য। তাই পুলিশ ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয় উপস্থিত আছেন, আমি তাঁর কাছে বলব যে এই ধরনের ঘটনার সামগ্রিক তদন্ত হয়ে সমস্ত রিপোর্ট আমাদের কাছে প্রকাশ করার প্রয়োজনীয়তা আছে।

(গোলমাল)

Dr. Md. Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসত্য বাপুলী যে অভিযোগ এখানে করলেন এই অভিযোগ আগেই তিনি আমার দৃষ্টিতে এনেছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীরও তিনি দৃষ্টি আকর্ষণ করেছেন। স্বয়ং মুখ্যমন্ত্রী এবং আমাদের এগ্রিকালচার মিনিস্টার জনাব আবদুস সাত্তার সাহেব, দুজনেই এটা নিয়ে দেখাশুনা করছেন। কয়েকদিন আগে জনাব সাত্তার সাহেবের ঘরে ২৪-পরগনার ডি, এম, এবং মাননীয় সত্য বাপুলীও সেখানে

উপস্থিত ছিলেন। সেখানে ডি, আই, জি, ছিলেন চিফ সেক্রেটারী ছিলেন এবং স্পেসাল আই, জি, পি,-কে নিয়ে এই বিষয়ে আলোচনা হয়েছে, চিফ মিনিস্টার নিজে এটা দেখছেন এবং তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

Shri Gautam Chakravartty :

চিফ সেক্রেটারী, ডি, আই, জি, আই, জি, যারা দেখছেন বললেন তারা গভর্ণমেন্ট অফিসার। চিফ মিনিস্টার নিজেও দেখছেন বলছেন। তা আমার ধারনা গভর্ণমেন্ট অফিসার এবং পুলিশের লোকেদের দ্বারা তদন্ত করা হবে। তাই আমি বলছি কোন পুলিশ অফিসার নয়, কোন গভর্ণমেন্ট অফিসার নয় নিরপক্ষে লোক দিয়ে, হাইকোর্ট-এর কোন এক্স-জাসটিস দিয়ে তদন্ত করা হোক। দিনের পর দিন আমাদের প্রতি মিথ্যা কেস যদি চাপান হয় তাহলে আমরা আর কথা বলতে পারব না। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে কোন গভর্ণমেন্ট অফিসার নয় নিরপেক্ষ লোক দিয়ে তদন্ত করানো হোক।

(গোলমাল)

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে বিষয়টি উত্থাপিত হয়েছে সেটি একজন মেম্বারের ব্যাপার, তাহলে সাধারণ মানুষের অবস্থা কি হতে পারে আপনি একবার ভেবে দেখুন। এই ঘটনা সম্বন্ধে মাননীয় সদস্য যা বলছেন তাই যদি ঘটে থাকে তাহলে তাদের সঙ্গে এই ব্যাপারে আমরা সম্পূর্ণ একমত এবং আপনার মাধ্যমে প্রার্থনা করব যে এই ব্যাপারের প্রতিকার করা হোক এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

Mr. Speaker : Honourable Members, you are fully protected by the privilege of the House, and no action can be taken for anything said on the floor of the House. You are fully protected under the Constitution and under the Rules of the House and so without any fear you can speak.

Shri Saroj Roy :

স্পীকার স্যার, ঘটনাটা হচ্ছে এই রকম, কয়েকদিন আগে মাননীয় সদস্য কি বক্তৃতা দিয়েছিলেন ঐ ধান চাল সম্পর্কে, ডি-হোডিং সম্পর্কে। সেই সম্পর্ক নিয়ে তারপর ওর ওপর ঐ ব্যাপারটা হলো। সুতরাং ঘটনাটা হচ্ছে অন্য রকম, শুধু যে অন্যভাবে হচ্ছে এটা নয়, পুলিশের এগেনস্টে যে বক্তব্য রেখেছিলেন সেই ঘটনা ধরে এবং সেই বক্তব্যের ফলে পুলিশ ওর ওপরে রিটালিয়েশন নেবার চেষ্টা করেন। এই সম্পর্কে আপনার বক্তব্য কি?

Mr. Speaker: Honourable Chief Minister is looking into the matter whether a false case has been started or not. At any rate, I am not going to make any comment on it. If on the basis of any statement made on the floor of the House any action is taken certainly it would be a contempt of the entire House. Whether a false case has been started or not, the Hon'ble Chief Minister and other Hon'ble Ministers are there who will look into it and take appropriate action as has been already expressed by Dr. Fazle Haque. So, I hope the Honourable Members should wait and see what action being taken by the Hon'ble Chief Minister and other Hon'ble Ministers.

[2-30—2-40 p.m.]

Shri Triptimay Aich :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কয়লা শিল্পকে কেন্দ্রীয় সরকার জাতীয়করণ করার সঙ্গে সঙ্গে আমরা আনন্দিত হয়েছিলাম এবং ভেবেছিলাম এতে শ্রমিকদের উন্নতি হবে, জনসাধারণ সহজে

কয়লা পাবে। কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে শ্রমিকদের কোন উন্নতি হয়নি। তারা কুকুর, বেড়ালের মত নোংরায় বসবাস করছে। তাদের জন্য কোন স্কুল হয়নি এবং আগে তারা যে মেডিকেল বেনিফিট পেত তা তারা পাচ্ছে না। বেকার যুবকদের তারা দিনের পর দিন দুর্নীতির মধ্যে ঠেলে দিচ্ছে। একশ্রেণীর অসাধু ব্যবসায়ী তারা লক্ষ লক্ষ টন কয়লা নিয়ে ফটকাবাজী করছে। সাংতোড়ায় যে কন্ট্রোলার অফ স্টোরস্ ডিপার্টমেন্ট আছে সেখান থেকে কোল মাইন্স অথরিটি লক্ষ লক্ষ টাকার কয়লাকে জলের দামে বিক্রি করে দিচ্ছে এবং কোল মাইন্স অথরিটি বিনা টেণ্ডার-এ জিনিষ কিনছে এবং এইভাবে পাব্লিক-এর লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করছে। যখন কয়লা শিল্প জাতীয়করণ করা হল তখন মুখ্যমন্ত্রী হরিপুরের একটি জনসভায় বলেছিলেন স্থানীয় বেকার যুবকদের চাকরীর ব্যবস্থা করা হবে। কিন্তু কোল মাইন্স অথরিটি যে কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন তাতে স্থানীয় যুবকদের চাকুরী না দিয়ে ম্যানিপুলেট করে অন্য জায়গার লোক নেওয়া হচ্ছে। আমি দাবী করছি বিধানসভার সভ্যদের নিয়ে যদি একটা এন্‌কোয়ারী কমিটি করা হয় তাহলে আমি প্রমাণ করে দেব যে কোল মাইন্স অথরিটি একটা দুর্নীতির পীঠস্থানে পরিণত হয়েছে।

Dr. Ekramul Haque Biswas :

স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামবাংলায় রেশনের জিনিষের অত্যন্ত অভাব—যেমন চাল, গম ও চিনি। এর সঙ্গে সঙ্গে কেরোসিনের অভাবে গ্রামবাংলা অন্ধকার। দেখা যাচ্ছে বন্টনের ক্ষেত্রে পরিবারপিছু রেশন কার্ড-এর দরকার হবে। কিন্তু পরিবারের রেশন কার্ড নেই। ফলে যে সমস্ত গ্রামে তেল যাচ্ছে তারা তা পাচ্ছে না। তাই অবিলম্বে রেশন কার্ড-এর ব্যবস্থা গ্রামবাংলায় যাতে হয় তার জন্য খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sarat Chandra Das :

স্যার, ইতিপূর্বে পুরুলিয়া জেলায় মূল্যবৃদ্ধিজনিত লোকেদের দুর্দশার প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই ক'দিন বন্ধেতে নিজের এলাকা ঘুরে মানুষের অবর্ণনীয় দুর্দশা যা দেখেছি তাতে আতঙ্কিত হয়ে গেছি। সেখানে লোকে অনাহারে মারা যাচ্ছে। গত রবিবার ও সোমবারে ঝালদা থানায় একছটাক চাল পাওয়া যায়নি। সেখানে লোকেরা উপবাসে আছে। মানুষের কোন ক্রয় ক্ষমতা নেই। এই সময় যদি সরকার ব্যাপকভাবে ত্রাণের ব্যবস্থা না করেন তাহলে লোকে অনাহারে মারা যাবে। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে যদি অবিলম্বে এই ব্যবস্থা না করেন তাহলে সমস্ত দায়িত্ব সরকারের উপর বর্তাবে।

Shri Habibur Rahaman :

স্যার, প্রত্যেকটি ব্লক তপশীলি ও অনুন্নত সম্প্রদায়ের লোকেদের কিছু করার জন্য সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন তা আমরা সমর্থন করি। অর্থাৎ এদের আর্থিক ও সামাজিক উন্নতি করার জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন। আমরা আশা করেছিলাম রাস্তা, জল, আলো ইত্যাদি সমস্ত কিছুর ব্যবস্থা সরকার করবেন। ইতিমধ্যে সরকারের দ্বারা গৃহ নির্মাণের কাজ সুরু হয়েছে। এই কাজ কিভাবে হচ্ছে তা কেউ জানে না। এই কাজ ভাল হচ্ছে, কি খারাপ হচ্ছে তা কার কাছে গিয়ে বলব তা কেউ জানি না। এমন কি বি, ডি, ও, পর্য্যন্ত জানেন না। আমি ইতিমধ্যে একটি গ্রামে ঘরবাড়ী তৈরীর কাজ দেখতে গিয়েছিলাম। সেইসব বাড়ী যে অবস্থায় তৈরী হচ্ছে তার আয়ু কতদিন কেউ জানে না।

যে সমস্ত কাঠ দিয়ে ঘর তৈরী হচ্ছে তাতে যদি টালি চাপান হয় তাহলে সেই ঘর ধ্বংস হয়ে যাবে। আমি একটা নজির আপনার সামনে রাখছি। তারা বলছে যে শাল কাঠ দিয়ে ঘর তৈরী হচ্ছে। আমি এই কাঠের নমুনা আপনার সামনে রাখছি এবং তদন্তের দাবি করছি এই কাঠ শাল কাঠ কিনা। আমরা ভালভাবে জানি এই কাঠ জ্বালানি ছাড়া

অন্য কাজে ব্যবহার করা হয় না। এই জ্বালানি কাঠ দিয়ে যদি ঘর তৈরী হয় তাহলে সেই ঘর অল্পদিনের মধ্যে নষ্ট হয়ে যাবে। এইভাবে অনুন্নত সম্প্রদায়ের অর্থ নিয়ে যে সমস্ত সরকারী কর্মচারী ছিনিমিনি খেলছে তাদের সম্পর্কে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

Shri Monoranjan Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে যে ধর্মঘট হয়ে গেল তারই পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে আমি বিষয়টি উল্লেখ করছি। যে সমস্ত টেকনোক্র্যাট এই ধর্মঘটে যোগদান করেননি তাঁদের উপর ভীষণভাবে অত্যাচার করা হয়েছে। বর্ধমান বিভাগের সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়ার ধর্মঘটে যোগদান করেননি, তিনি ধর্মঘটে যোগদান না করে জমিতে জল পাঠিয়ে দেবার ব্যবস্থা করেছেন। মাননীয় সেচমন্ত্রী মহাশয় যখন একটা সভা ডেকেছিলেন, সেই সভাতে চীফ ইঞ্জিনিয়ার এন, কে, ঘোষ ধর্মঘটে যোগদান না করার জন্য সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়ারকে ঢুকতে দেননি। এই চীফ ইঞ্জিনিয়ার এন, কে, ঘোষ যখন সি, এম, ডি, এ,-তে ছিলেন তখন তিনি ৭ কোটি টাকার কাজ ১১ কোটি টাকায় করেছেন, ভিজিলেন্স কমিশনে তাঁর সম্বন্ধে একটা তদন্ত চলছে। যে সমস্ত অফিসার ধর্মঘটে যোগদান করেননি তাঁদের বিরুদ্ধে যে অন্যায় অত্যাচার করা হচ্ছে সে সম্বন্ধে আমি তদন্তের দাবি জানাচ্ছি এবং এই এন, কে, ঘোষ যিনি ইরিগেশান ডিপার্টমেন্টের চীফ ইঞ্জিনিয়ার হয়ে বসে আছেন তাঁকে অবিলম্বে সাসপেণ্ড করা হোক এই আবেদন আপনার কাছে রাখছি।

Shri Subrata Mukherjee (Katwa) :

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে বিধানসভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই কাটোয়া মহকুমার গ্রামাঞ্চলের সাধারণ মানুষ আজকে নিদারুণ খাদ্যসংকটের মুখে এসে দাঁড়িয়েছে এবং কাটোয়া মহকুমার গ্রামাঞ্চলে ২·৬৫ পয়সা থেকে ২·৭০ পয়সা চালের কে,জি। গরীব মানুষের হাতে কাজ নেই, তারা দল বেঁধে গ্রামের বিত্তশালী মানুষের দরজায় দরজায় ফ্যানের জন্য চিৎকার করছে। মিঃ স্পীকার, স্যার, কাটোয়া মহকুমার সমস্ত গ্রামাঞ্চলে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। আজকে সাধারণ মানুষের দুঃখকষ্টের সুযোগ নিয়ে কাটোয়া মহকুমার বামপন্থী রাজনৈতিক দল একটা চক্রান্ত করতে প্রতি মুহূর্তে ব্যস্ত। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে অবিলম্বে কাটোয়া মহকুমার সমস্ত গ্রামাঞ্চলে ক এবং খ শ্রেণীভুক্ত মানুষকে রেশনের মারফত চাল দেওয়া হোক। যদি এই আবেদনে সাড়া না পাওয়া যায় তাহলে মাননীয় স্পীকার মহাশয় কাটোয়ার মানুষ একটা অনিশ্চিত অন্ধকারের সামনে এসে দাঁড়াবে।

[2-40—2-50 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই আবেদন আমাদের এই ঠাণ্ডা ঘরের ভেতর দিয়ে যথাস্থানে গিয়ে পৌছাবে কিনা জানি না তবুও আমি আপনার মাধ্যমে জানাতে চাই কাটোয়া মহকুমার সমস্ত গ্রামাঞ্চলের সাধারণ মানুষ আজ ক্ষুধার জ্বালায় যেভাবে কষ্ট পাচ্ছে তাকে প্রশমিত করবার জন্য অবিলম্বে "ক" এবং "খ" শ্রেণীভুক্ত রেশনকার্ডের মাধ্যমে সেখানে চাল দেওয়া হোক।

Shri Ganesh Hatui :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কোলকাতা থেকে হরিণখালি পর্যন্ত একটি বাস দেওয়া হয়েছে যেটা দিনে দু'বার চলে এবং সেই বাস-এ যে ভীড় হয় তাতে যাত্রীসাধারণের খুবই কষ্ট হয়। এই বাসে কত আয় হয় সে সম্বন্ধে আমি যে প্রশ্ন দিয়েছিলাম তার উত্তর

দিতে গিয়ে মন্ত্রিমহাশয় বলেছিলেন প্রতি মাসে গড়ে আয় হচ্ছে ১৬ হাজার ৮০০ টাকা। এখানে বাসের সংখ্যা যাতে বৃদ্ধি হয় এবং এই বাস যাতে আরামবাগ পর্যন্ত যায় তার জন্য আমরা আবেদন করেছিলাম এবং সেটা পাঠান হল ট্রাফিক সুপারিনটেণ্ডেণ্ট, মিঃ এ, বোস-এর কাছে। কিন্তু আমরা দেখলাম সেটা আরামবাগ পর্যন্ত দেওয়া হয়নি, সেটা দেওয়া হয়েছে হরিণখাল পর্যন্ত। মি, এ, বোস লিখছেন,

We have not been favoured with the permission of Calcutta-Arambag service by S. T. A., West Bengal. The C. S. T. C. will however operate buses on the Road if the S. T. A., West Bengal, invited applications from the operators.

অথচ অন্যদিকে দেখছি একটি প্রাইভেট বাসকে বিষ্ণুপুর পর্যন্ত যাবার অনুমতি দেওয়া হয়েছে। আমরা এই ব্যাপারে হুগলী জেলার এম, এল, এ,-রা মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করেছিলাম কিন্তু কোন এ্যাক্‌সন নেওয়া হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি সেখানে যান তাহলে দেখতে পাবেন যাত্রীরা কি কষ্ট সহ্য করে যাতায়াত করছে। এছাড়া আমরা কোলকাতা থেকে জংগীপুর পর্যন্ত একটা বাস দেওয়া হোক্ এই যে আবেদন জানিয়েছিলাম সে সম্বন্ধে কি হল না হল সেটাও আমি জানতে চাই।

Shri Gautam Chakravartty :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার মেনসন কেসে যাবার আগে অন্য একটা ব্যাপারের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন কিছুদিন আগে দিল্লীর লোকসভার ভেতরে একজন লোক অবৈধভাবে অস্ত্র নিয়ে ঢুকেছিল বলে তাকে এ্যারেস্ট করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি দয়া করে আমাদের এই হলের ভেতরে উপরের দিকে যে গোলাকার জায়গাটা আছে সেদিকে তাকান তাহলে দেখবেন সেখানে একটা কাঁচ ভাঙ্গা। আমাদের সিকিউরিটির দিক্ থেকে এই দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন বলে মনে করি। আমি জানি না এই দিকে দৃষ্টি পড়েছে কিনা। যাহোক, এবারে আমি মূল বক্তব্য রাখছি। কয়েকদিন আগে আমরা বিধানসভার কয়েকজন সদস্য দিল্লী গিয়েছিলাম খাদ্যশস্যের জন্য। সেখানে গিয়ে আমাদের একটা চরম অভিজ্ঞতা হয়েছে। আমরা দিল্লীতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে জোড়হাতে অনুরোধ জানিয়েছি পশ্চিমবাংলার মানুষকে বাঁচান, পশ্চিমবাংলায় খাদ্য দিন। এটা অত্যন্ত আনন্দের কথা সারা ভারতবর্ষ যে ফরেন এক্সচেঞ্জ আর্ন করে তার মেজর পোর্সন পশ্চিমবাংলার জুট এবং টি ইণ্ডাস্ট্রি থেকে পাওয়া যায়। আমরা এখানে ৯ থেকে ১২ লক্ষ একর জমিতে পাট চাষ করি। আমাদের এগ্রিকালচারাল মিনিস্টার জানেন এই জমিতে আমরা যদি খাদ্যশস্য উৎপন্ন করি তাহলে কত খাদ্যশস্য আমাদের উৎপন্ন হয়। আজকে পশ্চিমবাংলার গ্রামে গ্রামে হাজার হাজার কুইন্টল জুট উৎপন্ন হচ্ছে অথচ চাষীরা ৪০।৪৫।৫০ টাকার বেশী দামে বিক্রি করতে পারে না।

অথচ দুঃখের কথা যে সমস্ত জিনিষ আমাদের এই রাজ্যে হয় না, যেগুলি অন্যান্য রাষ্ট্র থেকে কিনতে হয় সেই সমস্ত জিনিষের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে সেটা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। ১৯৬১-৬২ সালকে যদি বেস্-ইয়ার ধরি তাহলে দেখতে পাব যে একমণ জুটের দাম যেখানে ছিল ১৯৬১-৬২ সালে ৯০০ টাকা হয় আর আজ ১৯৭৩-৭৪ সালে সেই এক মণ জুটের দাম বেড়ে হয়েছে ১২৩ টাকা মাত্র।

Mr. Speaker. You need not place all the facts. When you are mentioning about the food situation in West Bengal such a long statement is not permissible. You have just drawn the attention of the House on the subject matter. That is enough. You need not explain it. It is not necessary. You have just drawn the attention of the Hon'ble Minister about the facts on grow more food and on jute cultivation etc. You need not place all the data because it will take much time. I have got more than 20 notices of mention case for which I cannot allow you any more time.

Shri Gautam Chakravartty :

স্যার, আমাকে এক মিনিট সময় দিন। আমি স্যার এখানে বলতে চাচ্ছি যে এই ১০।১২ বছরে মাত্র ২৩ টাকা বেড়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি অয়েল সীড যেখানে ১৯৬১-৬২ সালে ছিল ১০০ টাকা সেটা এখন বেড়ে হয়েছে ২৪৬ টাকা। তারপর কটনের দাম যেখানে ১৯৬১-৬২ সালে ১৫৮ টাকা সেটা বেড়ে হয়েছে ৩৫৬ টাকা। এইরকম প্রত্যেকটী জিনিষের দাম বেড়ে গিয়েছে। আমরা কারো কাছে ভিক্ষা করতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের এ্যাগ্রিকালচার মিনিষ্টারের কাছে দাবী করছি যে আমাদের সত্যিকারের জুটের দাম বেঁধে দিন। সরকার থেকে এখুনি ঘোষণা করা হউক যে যতদিন পর্যন্ত জুটের কালটিভেটাররা তাদের জুটের ন্যায্য দাম না পাবে ততদিন পর্যন্ত আমরা পশ্চিমবাংলায় গ্রো মোর ফুড করব আর সেই করে বেশি করে খাদ্যশষ্য উৎপাদন করব। দিনের পর দিন কেন্দ্রের কাছে ভিক্ষাবৃত্তি করতে পারব না।

Shri Narayan Bhattacharya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিসংখ্যানের মধ্যে যেতে চাচ্ছি না এবং আমি সংক্ষেপে বলতে চাচ্ছি আপনার মাধ্যমে এবং এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। আপনারা সবাই কিন্তু একটা বারুদের স্তুপের উপরে বসে আছি। আজ কলকাতা সহরে পনর টাকা মণ কয়লা হয়েছে, গতকাল এক টাকা আশী পয়সায় কিলো প্রতি লবণ বিক্রী হয়েছে। এখানে খাদ্যমন্ত্রী নাই আমরা জানি এখানে মাননীয় মন্ত্রী জয়নাল সাহেব বসে আছেন, আজ ওঁর বাড়ীতে গ্যাসের অভাবে রান্না হয়নি। এবং আমি এইরকম মন্ত্রীর কথা বলতে পারি যাঁর স্ত্রী রোজ ঝগড়া করেন, বলেন পদত্যাগ করে চলে এসো, কোর্টে যেয়ে প্র্যাক্টিস কর। সাংঘাতিক অবস্থা চলছে স্যার, আমরা জানি সমস্যা আছে, অভাব আছে কিন্তু আমরা খুসী হতাম যদি এই মন্ত্রিসভা ঐ ফাটকাবাজদের যারা লবণের দাম বাড়িয়েছে যারা কয়লার মুনাফা লুটছে, আপনারা যদি এদের বড়বাজার থেকে কোমরে দড়ি দিয়ে বেঁধে এনে প্যারেড করিয়ে লালবাজারে ভরতেন তাহলে পশ্চিমবাংলার মানুষ খুসী হত। আমরা অবাক্ হয়ে যাই, দিনের পর দিন এরা চক্রান্ত করছে, এই অসাধু ব্যবসায়ীরা, এরা মুনাফা লুঠছে--কি অবস্থা চলছে আমাদের দেশে, আর সরকার দর্শক কাঠের পুতুল হয়ে বসে আছে। আমি আবার বলছি আমরা বারুদের স্তুপের উপর বসে আছি। আমরা মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়ে এসেছি, আমরা সাধারণ মানুষের কাছে প্রতিজ্ঞাবদ্ধ। আমরা জানি এইরকমভাবে যদি চলে সরকার যদি প্রতি পদে পদে ব্যর্থ হয় তাহলে পশ্চিমবংগের মানুষ আমাদের ক্ষমা করবে না।

Shri Timir Baran Bhaduri :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে স্কুল ফাইন্যাল পরাক্ষা আরম্ভ হয়েছে। এই স্কুল ফাইন্যালের একটা ঘটনা আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। ময়নাগুড়িতে স্কুল ফাইন্যাল পরীক্ষার সময় সেখানে চেংড়াবাঁধা হাইস্কুলে ১৭৬ জন ছাত্র স্কুল ফাইন্যাল পরীক্ষা দেবে তারা এ্যাডমিট কার্ড পায়নি, এবং না পাবার জন্য তারা ময়নাগুড়ি হাইস্কুলে এসে জোরপূর্বকভাবে পরীক্ষা দিয়েছে। সেই চেংড়াবাঁধা হাইস্কুলের হেডমাষ্টার তিনি মেখলিগঞ্জ টাউন ব্লক কমিটির সেক্রেটারী। তিনি ময়নাগুড়ি স্কুলে এসে জোরপূর্বকভাবে ছাত্রদের দিয়ে পরীক্ষা দেওয়াইছেন। এবং কোশ্চেন পেপার বক্স তার আগের দিন বাংলা পরীক্ষার আগের দিন রাত্রি বেলায় সেগুলি বক্স থেকে খুলে সাইক্লোষ্টাইল করে নিয়ে এসে ছেলেদের পরীক্ষা দেওয়ান হয়েছে। এদের ব্যর্থতা আমি আপনার সামনে এই হাউসে রাখছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে নাই, এখানে জয়নাল সাহেব আছেন তাঁকেই বলছি কি ব্যাভিচার এই এলাকায় চলছে। আপনি দেখুন কালকে কলকাতা সহরে লোড সেডিং-এর জন্য মোমবাতি জেলে পরীক্ষা হয়েছে।

[2-55—3-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেকটা জায়গায় গ্রামাঞ্চলে যান সেখানে এই অবস্থা দেখতে পাবেন। যদিও বা কোনরকমে আলো গেল কোশ্চেন পেপার ফোসিভলি খুলে নিয়ে

সাইক্লোস্টাইল করে এই ১৭৬ জনের পরীক্ষা দেবার ব্যবস্থা করতে হয়। খাতা ছিল না, বাজার থেকে খাতা কিনে নিয়ে এসে তার উপর লিখে দেওয়া হয়েছে ডব্লিউ, এ, সি, মানে উইদাউট এ্যাডমিট কার্ড বলে লিখে দিয়ে পরীক্ষা দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। জানি না সরকারের ঘুম ভাংগবে কিনা, আমি আশাও করি না তবে পার্লামেন্টারি পলিটিক্স হিসাবে এটা রাখা দরকার তাই আমি এটা রাখলাম।

Shri Sankardas Paul :

স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রী মহাশয়ের বেসরকারী বাস সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন আমাদের দেশে অনেক বেকার ছেলে বাসের পারমিট পেয়ে বাস ব্যবসা চালাচ্ছে কিন্তু কিছুদিন আগে আপনি জানেন যে টায়ার পেতোনা। এখন দেখতে পাচ্ছি যে গাড়ীর পার্টসও পাওয়া যাচ্ছে না। এখন একটু আগেই হাউসে অনেক আলোচনা হল যে অনেক জিনিসের দাম ২০০ টাকা থেকে ৪০০ টাকা হয়েছে। আপনি কি জানেন এই মটরের স্পেয়ার পার্টসের কিরকম ব্ল্যাক মার্কেট হচ্ছে আপনি চিন্তা করতে পারবেন না। যে সমস্ত ছেলেরা বাসের পারমিট নিয়েছে তাদের ব্যাংকে গাড়ী মডগেজ রাখতে হয়েছে আজকে। যেখানে একটা পার্টসের দাম ২ হাজার টাকা সেটা আজকে ১০ হাজার টাকা হয়েছে। যেমন ক্র্যাংক স্যাফ্‌ট, পিস্টন রিং ইত্যাদি। তাই আমি পরিবহণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেমন টায়ারের ব্যাপারে ভাল করেছেন প্রত্যেক জেলায় জেলায় ১০০ টাকা দিয়ে ডিলারসিপ নিয়ে টায়ারের স্টক জানিয়ে দিতে হবে সেইরকম আমি পরিবহণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই স্পেয়ার পার্টসের জন্যে অনুমোদিত দোকান করে কন্ট্রোলে যাতে পার্টস পাওয়া যায় তার ব্যবস্থা করার জন্য। যে পার্টস ২ হাজার টাকা সেই পার্টস বাজারে ১০ হাজার টাকায় পাওয়া যায় এই অবস্থা। আমি জানি না আমাদের বাংগালী ছেলেরা কি করে ব্যবসা চালাবে। আমি পরিবহণ মন্ত্রীকে অনুরোধ করবো যাতে কন্ট্রোলে স্পেয়ার পার্টস পাওয়া যায়, বিশেষ করে অন্ততঃ তিন চারটি যেমন ক্র্যাংক স্যাফ্‌ট, পিসটন রিং ইত্যাদির ব্যবস্থা যদি করেন তাহলে অনেক বাংগালী ছেলের ব্যবসা বাঁচবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sisir Kumar Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা চলাকালীন অনেক সদস্যই গ্রামাঞ্চলে খাদ্যদ্রব্যের সমস্যা সম্পর্কে অনেক কথাই মন্ত্রিসভার সামনে রেখেছেন। দুঃখের বিষয় আজ পর্যন্ত মন্ত্রিসভার পক্ষ থেকে এমন সুনির্দিষ্টভাবে কোন পথ নির্দেশ করা হয়নি এবং যাতে করে আজো আমরা দেখতে পাচ্ছি যে গ্রামাঞ্চলে খাদ্যদ্রব্যের অবস্থা এবং মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অভাবের জন্যে মানুষের অবস্থা আজকে চরমে পৌঁছেছে। আমাদের হাওড়া জেলার পক্ষ থেকে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জানাতে চাই আমরা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে বিভিন্ন সময়, দফায় দফায় আলোচনা করে হাওড়া জেলার গ্রামাঞ্চলের জন্য সামান্য পরিমাণ রেশনের ব্যবস্থা করতে পেরেছিলাম। কিন্তু দুঃখের কথা গত দু'সপ্তাহ ধরে সেখানে রেশনের মাধ্যমে কোনপ্রকার চাল বা গম বিশেষভাবে দেওয়া হচ্ছে না। এমন কি ৬ সপ্তাহ ধরে এতটুকু চিনিও দেওয়া হচ্ছে না। একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি মন্ত্রিসভার কাছে রাখতে চাই যে বিগত এক সপ্তাহ ধরে লক্ষ্য করছি অত্যন্ত সচেতনতার সঙ্গে যেখানে ৩'৬০ পয়সা চাল ছিল আজকে সেই চালের কে, জি, ৩'৩০ পয়সায় নেমেছে। এই নামার কারণটা আমি বিশেষভাবে অনুসন্ধান করে দেখেছি, যেটুকু তথ্য সংগ্রহ করতে পেরেছি, সেটা আপনার মাধ্যমে রাখতে চাই, সেটা হচ্ছে হাওড়া জেলা ও মেদিনীপুর জেলার সঙ্গে যে কর্ডন ব্যবস্থা ছিল সেই কর্ডন ব্যবস্থায় যে সমস্ত পুলিশ সেখানে ছিল আজকে তারা একটু শৈথিল্য প্রকাশ করার জন্য প্রচুর পরিমাণে চাল ওখানে আসছে। সুতরাং আজকে এই কন্ট্রোল ব্যবস্থা তুলে দিয়ে খাদ্যদ্রব্য চলার এই সুব্যবস্থা করার জন্য অনুরোধ রাখছি।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ে। গত ৫।৬ মাসের মধ্যে পশ্চিমবাংলার সরকার অনেক জায়গায় গভীর নলকূপ গ্রথন করেছেন। আমার নির্বাচনকেন্দ্রে কয়েকটি গভীর নলকূপ গ্রথন করা হয়েছে। কিন্তু সেই নলকূপগুলিতে এখন পর্যন্ত কোন বিদ্যুৎ সংযোগ করা হয়নি। আমরা বারবার একথা জানিয়েছি তা সত্ত্বেও হয়নি। আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাবো যে অবিলম্বে যে সমস্ত গভীর নলকূপ গ্রথন করা হয়েছে সেগুলিতে বিদ্যুৎ সংযোগ করা হোক এবং সেগুলিকে কার্যকরী করা হোক।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শীত গেল গ্রীষ্ম এল, আমি তাই পল্লীঅঞ্চলের পানীয় জলের অভাবের কথা আপনার মাধ্যমে মাননীয় গ্রামীণ জলসরবরাহের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আমার এলাকা থেকে ঘুরে এসেছি, সেখানে দেখলাম পানীয় জলের জন্য হাহাকার। আমি একথা বলছি না যে সেখানে টিউবওয়েল নাই, তা আছে, কিন্তু মেরামতি ব্যবস্থার বড় অভাব—যন্ত্রপাতি নাই, নাটবোল্ট, হ্যাণ্ডল্ ওয়াশার নাই, হেড্ নাই, আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে পানীয় জলের জন্য এবারে যে বায়বরাদ্দ হয়েছে তাতে নূতন টিউবওয়েল হবার আগে আমি একথা বলব যে আপনার দপ্তরের কর্মচারীদের এলার্ট করে দিন যাতে তারা প্রতিদিন যন্ত্রপাতি নিয়ে যে সমস্ত টিউবওয়েল পড়ে আছে সেগুলির মেরামতির কাজ করে। যদি এই সমস্ত টিউবওয়েল মেরামতির জন্য নাটবোল্ট ইত্যাদি নিয়মিত সপ্লাই করা যায়, তাহলে যে কষ্ট পানীয় জলের অভাবে পাচ্ছে অন্ততঃ সেই কষ্ট পাবে না। নূতন টিউবওয়েল বসান, কিন্তু তার আগে পুরানোগুলি মেরামতের ব্যবস্থা করুন। আপনার যে সমস্ত কর্মচারী আছে, ব্লক অফিসার থেকে আরম্ভ করে তার নিম্নস্থ ওভারশিয়ার, মেকানিক তারা যাতে ঠিকমত কাজ করে, সেটা আপনার মাধ্যমে বলতে চাই। গ্রামে জল সরবরাহ করতে গেলে এই মেরামতির কাজ আগে করা অত্যন্ত দরকার।

Shri Chandra Kumar Dey :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থার প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এত সুনাম ছিল, সেই বিশ্ববিদ্যালয়ে আজকে কি দুরবস্থা চলছে দুর্নীতি চলছে। হাজার হাজার পরীক্ষা হয় কিন্তু সেই পরীক্ষা ঠিক সময়ে হয় না, পরীক্ষা হলেও ঠিক সময়ে ফল বের হয় না। এটা আজকে প্রমাণ হয়ে গেছে যে কলিকাতা বিশ্ববিদ্যালয় অযোগ্য লোকের হাতে পড়েছে এবং তারা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা রক্ষা করতে অপারগ হয়েছেন। আমি এই বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, শিক্ষাদপ্তর ব্যবস্থা গ্রহণ করবেন। গত বছর ১৯৭৩ সালে বি.এ, বি,এস,সি, পার্ট ওয়ানের পরীক্ষা হয়ে গেল, ৬ মাস হয়ে গেল, এই পরীক্ষার খাতা জমা হয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত রেজাল্ট বের হল না। ছাত্রছাত্রীরা হতোদ্যম হয়ে পড়ছে, অভিভাবকগণ হতাশ হচ্ছেন। কলেজে থার্ড ইয়ার ক্লাস বন্ধ হয়ে গেছে, পার্ট টু ক্লাসে ভর্তি হচ্ছে না বলে কলেজের আর্থিক ক্ষতি হচ্ছে, সম্মান হানি হচ্ছে, ছাত্ররা দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ছে তাদের লেখাপড়ার অভ্যাস নষ্ট হয়ে যাচ্ছে। আমিতো ভাবতে পাচ্ছি না, আমাদের দেশে বর্তমানে দু'জন শিক্ষামন্ত্রী যেখানে কি করে এইরকম ধরণে চলতে দেওয়া হচ্ছে। আমি আশা করব সরকার তরফ থেকে এই অবস্থার উন্নতির জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। আমি এই প্রসংগে একটা সাজেসন রাখতে চাই। কলিকাতা বিশ্ববিদ্যালয় বর্তমানে ওভার-বার্ডেণ্ড হয়ে পড়েছে, তাই আমার সাজেসন হচ্ছে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তর ২৪ পরগনা জেলার যে সমস্ত কলেজগুলি আছে, সেই সমস্ত কলেজগুলি কলিকাতা ইউনিভার্সিটি থেকে নিয়ে কল্যাণী ইউনিভার্সিটির সংগে য়্যাফিলিয়েট করা হোক,

কলিকাতা ইউনিভার্সিটির বার্ডেন কমিয়ে দিয়ে বর্ত্তমান পরিস্থিতির উন্নয়ন করা হোক এবং বিশেষ করে এই অবস্থা সমাজকে বিধ্বস্ত করে দিচ্ছে বলে আমি মনে করি, সেই অবস্থা প্রতিরোধ করে পরিবর্ত্তনের ব্যবস্থা করা হাক।

Shri Gangadhar Pramanik : Sir, I want to place before the members, specially for the information of the Health Minister through you, a very important matter. The management of the Calcutta National Medical College and Hospital was taken over by the United Front Government headed by Shri Ajoy Kumar Mukherjee on 9th June 1967. In this connection I like to mention that the Central Council of Health in a meeting decided to take over all medical colleges managed by the private bodies in 1964-65 and in that meeting Shrimati Purabi Mukherjee, the then State Health Minister, put objection to the taking over of the Calcutta National Medical College and Hospital on the ground that the performance of the Management Committee was very satisfactory. On this, the then Chairman, Mr. Patel, constituted an Enquiry Committee, named as Chandrachur Committee, to hold an enquiry about the Calcutta National Medical College. This Committee submitted a report after inspection in 1965 mentioning that the Management Committee's functioning was highly satisfactory and they were maintaining all rules and regulations laid down for running a Medical College and Hospital. So, the matter of taking over of the said Medical College and Hospital was dropped.

[3—3-10 p.m.]

In 1967 the United Front Government to undermine the benevolent service of the nationalist-minded members of the management as well as to villify the Congress Party took over the management of the said College and Hospital. Sir, after taking over, the then management as formed by the U. F. Government functioned hopelessly as a result of which there was indiscipline in every wardand patients' sufferings were beyond any language to express. Experienced doctors were humiliated and insulted even by class IV officers under the direction of Communist Party members —the C.P.M., C. P. I., R. S. P., Workers' Party, etc. The U. F. Government was not satisfied by taking over this College and Hospital but to further humiliate the Congress and the then management before the people according to their practised blue print method, the Government appointed one Enquiry Committee headed by a retired High Court Judge to investigate the reasons for students strike and other misconduct of the then management and thereby wanted to shield their unworthiness. In 1970 the report was submitted by the retired High Court Judge, Mr. S. K. Sen. Our honourable member Shri Rajani Kanta Doloi in 1971 mentioned it in the House and requested the Health Minister to place the Enquiry Committee Report before the House. The Minister in reply promised to place it before the House. But subsequently the report was found missing from the custody of the then Health Secretary. Another copy which was with the High Court Judge has been brought by the Health Minister. Now I will request the Health Minister to place it before the House to enable the honourable members to know the observation made by the Committee.

While concluding, I offer my thanks to the Health Minister as also to the Chief Minister for constituting a Governing Body on 1st April 1974 with Dr. Mahendra Nath Sarkar as Secretary in appreciation of this service as Secretary of the then Governing Body functioning before nationalisation. In fine, I would like to appeal to the Chief Minister to recollect his memory that when in 1967 as a member of this Legislature he was approached by the management to interfere in this matter, he assured then that when Congress would come into power certainly this College and Hospital would be delivered back to the old management. The day has come and I would request the Chief Minister to think over about this.

Shri Ananta Kumar Bharati :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ের প্রতি মাননীয় পুলিশ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঘটনার স্থান—বনহুগলী কালীমাতা কলোনী। গত

১৫।১৬ বছর ধরে সেখানে কলোনী স্থাপন করে কয়েকশো উদ্বাস্তু পরিবার তাদের ছেলেমেয়ে নিয়ে সেখানে বসবাস করছে। ধরমদাস চাঁদা নামক জনৈক প্রভাবশালী ব্যক্তি পুলিস নিয়ে গিয়ে কলোনী দখল করবার জন্য নিদারুণ অত্যাচার চালিয়েছে, স্ত্রী-পুরুষ নির্বিশেষে মর্মান্তিকভাবে লাঠিচার্জ করেছে। এমন কি মায়ের কোল থেকে ছেলে ছিনিয়ে নিয়ে জলে ছুড়ে ফেলে দেওয়া হয়েছে। মেয়েদের এমন নির্মমভাবে মারা হয়েছে যে তাদের ৩ জনকে হসপিটালাইজড্ করতে হয়েছে। বৃটিশ রাজত্বের অবসান হয়েছে দীর্ঘদিন বটে, কিন্তু আজকের দিনেও যদি পুলিসের এইরকম বর্বর ভূমিকা পশ্চিমবঙ্গে দেখতে হয় তাহলে তার থেকে দুঃখের আর কিছু হতে পারে না। মাননীয় পুলিসমন্ত্রী ডাঃ হক্ এখানে রয়েছেন। এই ঘটনার সঙ্গে সঙ্গে তাঁর সঙ্গে যোগাযোগের চেষ্টা করে ব্যর্থ হই। তিনি এখানে ছিলেন না। আমাদের মাননীয় রিলিফ এ্যাণ্ড রিহ্যাবিলিটেশন মিনিষ্টারের সঙ্গেও যোগাযোগের চেষ্টা করেছিলাম, পারি নাই। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করতে পারি নাই। তাদের মারধোর করবার পর ৬০।৭০ জনকে গ্রেফতার করা হয়। তার মধ্যে তিনজন মহিলার আঘাত গুরুতর, তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। মাননীয় পুলিসমন্ত্রী ডাঃ হক্ সাহেবের কাছে অনুরোধ তিনি পরিষ্কার করে বলুন--পশ্চিমবাংলার বুকে আজও কি আমরা বৃটিশ রাজত্বের পুলিশের বর্বর ও নির্মম অত্যাচারের নীরব দ্রষ্টা হয়ে থাকবো? এর কি কোন প্রতিকারের ব্যবস্থা হবে না? পুলিশমন্ত্রীকে অনুরোধ করবো তিনি অবিলম্বে এ বিষয়ে একটা তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা করুন।

Shri Rabindra Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করতে চাই। উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রে শ্যামপুকুর থানায় বাসুদেবপুর গ্রামে শ্রীমিহিরলাল মণ্ডল পিতা বিহারীলাল মণ্ডল ছিলেন। তারা বি, ডি, ওর অফিসে দরখাস্ত করেছিলো। তারা ৮।১০ জন খেতে। দীর্ঘ দিন ধরে কাজকর্ম না পেয়ে, ক্ষেত মজুরের কাজ না পেয়েও তারা দীর্ঘ দিন ধরে তাদের ছেলে মেয়েদের খেতে দিতে পারে নি। এইভাবে তারা তাদের সমস্ত কিছু বিক্রি করে দেয় এবং অবশেষে খেতে দিতে না পেরে গত ৮-৪-৭৪ তারিখে আত্মহত্যা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাদের ৮।১০ জন খেতে আছে। তারা বি, ডি, ও অফিসে একটা দরখাস্ত করেছিলো। যাতে তার ওয়াইফ ছেলে মেয়ে বাঁচে এরজন্য তাদের সরকারী ব্যবস্থা করা হোক। কিন্তু বি, ডি, ও অর্ডার দিল যে এফ, সি, আই-এ কোন মাল নেই। তারা আজ পর্য্যন্ত কোন প্রকার মাল পেল না, কোন প্রকার সাহায্য পেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ শুধু বাসুদেবপুরের ব্যাপার নয়। প্রতিটা গ্রামে গ্রামে মানুষ এইভাবে খেতে না পেয়ে অর্ধাহারে দিন কাটাচ্ছে। তারা একদিন, ফলিডল খেয়ে লাইনে মাথা দিয়ে মরছে। আজকে গ্রামবাংলায় টি, আর,-এর কাজ পুরোভাবে চালু হয় নি। গ্রামের মানুষ ১৯৬৪ সালে বা ১৯৬৬ সালে পি, সি, সেনের আমলে এইভাবে মরেছে। তাই আমি বলছি যে শীঘ্র যদি তাদের টি, আর,-এর ব্যবস্থা না করা হয়—টি, আর,-এর মাধ্যমে কাজের ব্যবস্থা না করা হয় তাহলে মানুষ এ ভাবে অর্ধাহারে অনাহারে ফলিডল ইত্যাদি খেয়ে মরবে।

Shri George Albert Wilson-Deroze : Mr. Speaker, Sir, it is with regret that I have to bring to the notice of the House the fact that the responses of the Government to the rapidly deteriorating power situation begin to resemble more and more those of Alice in Wonderland. As you are aware, Sir, the little girl Alice in the course of her wanderings in Wonderland came across a little bottle on the outside of which was written, DRINK ME. Alice drank from the bottle and she immediately grew ten feet tall and from this great height all her problems seemed small and capable of being resolved. It was evidently in such a frame of mind, Sir, that early this year the Hon'ble Minister for Power told the Press that there would be no more load shedding in Calcutta by the month of May, 1974. But, Sir, that is not the end of the story of Alice. From the euphoric height at which she stood, Sir, Alice saw another bottle which also said, DRINK ME. Being now addicted to the bottle, Alice drank it and she immediately became so reduced both in size and in ego that

the whole world around her became suddenly dark and peopled with various hair-raising monsters -the Damodar Valley Corporation, the West Bengal State Electricity Board, DPL, the C.E.S.C., Bandel, Santaldih and finally a Judge of the Orissa High Court, and no prospect of any end in the power shortage.

Sir, the people of West Bengal are tired of living in Wonderland. They want to know the truth, the whole truth and nothing but the truth about the power situation. It is time for the Hon'ble Chief Minister to rescue Alice from Wonderland and the magic bottle and give us a sane and realistic statement of the actual position with regard to the power in the state.

[3-10 -3-20 p.m.]

Shri Sachinandan Sau :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় টি, আর, কাজের জন্য ৩ লক্ষ টাকা পাঠান হয়েছিলো। কিন্তু আজ পর্য্যন্ত টি, আর,-এর কাজ সেখানে শুরু হল না। আজকে গ্রাম বাংলার মানুষ তীব্র হাহাকারের মধ্যে দিন কাটাচ্ছে। বীরভূম জেলার দুবরাজপুর ও খয়রাশোল ও ইসলামপুরের মানুষেরা সেখানে থেকে কোলিয়ারির কাজের জন্য দুর্গাপুর ও কোলিয়ারি অঞ্চলে চলে যাচ্ছে। আমাদের জেলায় মজুরের দাম দৈনিক ২·৫০ বা ৩·০০ টাকা। আর সেখানে চালের দর হল ২·২০। একজন মজুর সে দু বেলায় ১ কে, জি, চালের ভাত খায়। সেখানে আজকে এই অবস্থা। অথচ আজকে টি, আর, এর কাজ চালু হচ্ছে না। আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি।

কাজেই এই ব্যাপারে আমি মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বীরভূম জেলাতে যে টাকা পাঠিয়েছেন তা খুবই কম এবং দ্রুত এই টি, আরের কাজ সুরু করা হোক।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল লালবাগ এবং ভগবানগোলা দিয়ে প্রচণ্ড বেগে ঝড় বয়ে গিয়েছে। সেই ঝড়ে আমরা খবর পেয়েছি কৃষ্ণপুর স্টেশনে একটা মালগাড়ি লাইনচ্যুত হয়ে গিয়েছে এবং লালগোলার সেখানে শতকরা ২৫ ভাগ গরীব চাষীর ঘর উপড়ে পড়ে যায় এবং অনেক লোক জখম হয়েছে। তবে সংখ্যা কত জানা নেই। কিন্তু তিন চারটে ষ্টিপস দিয়ে তাদের হাসপাতালে স্থানান্তরিত করা হয় এবং এক জনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক ছিল এবং যে প্রচণ্ড শিলাবৃষ্টি হয়েছে তাতে আমের প্রচুর ক্ষতি হয়েছে। সেইজন্য ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেসব গরীব চাষীর বাড়ি উপড়ে পড়ে নষ্ট হয়ে গিয়েছে তাদের যাতে সাহায্য দেওয়া হয়। মাননীয় কৃষিমন্ত্রী বসে আছেন তাঁকে জানাচ্ছি কারণ এটা ওঁর কনস্টিটুয়েন্সী এবং তার পাশেরটা আমার কনস্টিটুয়েন্সী। আবেদন জানাচ্ছি যাতে এদের সাহায্য পেঁৗছে দেওয়া হয়।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বাঁকুড়াতে আজকে যে শোচনীয় অবস্থা সেটার বিষয় মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ৫-৪-৭৪ তারিখের যে খবর আজকের আনন্দবাজারে বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে জ্যোৎস্না মালাকার বয়স ২৪ বৎসর, স্বামী হচ্ছে বাবলু মালাকার বাঁকুড়া শহরের কাছে ইন্দাসমহল্লাতে থাকতো এবং তার দু তিনটে সন্তান। তিনি বি, ডি, ও, অফিসে রিলিফ নিতে গিয়েছিলেন। সেখানে অতি ভীড় রাস্তায় প্রচণ্ড রোদে দাঁড়িয়ে ছিল এবং তারপর তিনি অজ্ঞান হয়ে যান এবং তাঁকে বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। কিন্তু সেই দুঃস্থা মহিলা রিলিফ নিতে পেলেন না। তিনি তার দু তিনটে সন্তান রেখে অকালে প্রাণ

রালেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১১-৪-৭৪ তারিখের আর একটা ঘটনা আপনার মনে হাউসের সামনে রাখছি। একজন গর্ভবতী মহিলা তার নাম শ্রীমতি লতা দাসী। য়স হচ্ছে ২০ বৎসর। স্বামী ভ্রমর দাস। বয়স হচ্ছে ২৯ বছর। বাঁকুড়া শহরের কাছে লডাঙ্গাতে বাড়ী। তার স্বামী রাজমিস্ত্রির কাজ করেন। যখন অন্ন সংস্থানের ব্যবস্থা রতে পারেন নি তখন তিন বছরের মেয়েকে নিয়ে বাঁকুড়ার কাছে ভৈরবস্থান বলে যে কটা রেল স্টেশন আছে সেখানে সেই গর্ভবতী মহিলা আত্মহত্যা করেছেন। আজকে র কিছু বলতে হয় না। বাঁকুড়াতে ১১-৪-৭৪ তারিখের ঘটনা, বাঁকুড়াতে ৫-৪-৭৪ তারিখের টনা, বাঁকুড়াতে ১-৪-৭৪ তারিখের ঘটনা—এই রকম সব ঘটনা হয়েছে এবং আত্ম-হ্যার ঘটনা ঘটেছে। এই যদি পরিণতি হয়ে থাকে, আজকে রিলিফ নিতে যেয়ে যদি কে হাসপাতালে স্থানান্তরিত হতে হয় এবং সেখানে যদি তার মরণ হয় তাহলে খুবই বস্থা খারাপ বলতে হয়। আজকে গ্রাম বাংলাতে মানুষ একশো গ্রামও গম পাচ্ছে না, ন পাচ্ছে না, আজকে দিন মজুর-ক্ষেত মজুর প্রত্যেকেরই এই অবস্থা। তাই আপনার ধ্যমে বাঁকুড়া জেলার এই অবস্থার কথা জানালাম। এর অবিলম্বে যাতে প্রতিকারের বস্থা হয় তারজন্য দাবী জানাচ্ছি।

Shri Abdul Bari Biswas :

ননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে বিধানসভা বন্ধ হওয়ার প্রাক্‌কালে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম--ক্ষেতমজুর কৃষি শ্রমিকদের আর্থিক অবস্থার দিকে। অবস্থায় যদি তাদের সাহায্য না দেওয়া হয় তাহলে তাদের অবস্থা অত্যন্ত সঙ্গীন দাঁড়াবে। আমি অনুরোধ করে বলেছিলাম অতিরিক্ত টাকা মঞ্জুর করা হোক। আজকে টসম্যান পত্রিকায় দেখলাম প্রথম পাতায় বেরিয়েছে রাজ্য সরকার নাকি ১০ কোটি টাকা করতে চলেছেন। কিন্তু দুঃখের বিষয় আমি সেদিনও বলেছিলাম যে দু টাকা দিয়ে একশো মাটি কাটিয়ে নেওয়া হয় সেটা অন্তত পাঁচ টাকা করা হোক।

কে আমাদের খাদ্য পরিস্থিতি উদ্বেগজনক একথা আমি বলি না। কিন্তু নিত্যপ্রয়োজনীয় র মূল্য যেভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে যে সমস্ত কৃষি শ্রমিক বেকার রয়েছে কি পুরুলিয়ায়, বাঁকুড়ায় এবং আমার কাছে খবর এসেছে মুর্শিদাবাদ জেলার যে সব কৃষি শ্রমিক মজুর যেসব বেকার রয়েছে তারা এই অবস্থায় দাঁড়িয়ে এক'শ মাটি কেটে দু টাকা কি াকা পঞ্চাশ নয়া পয়সা যদি বরাদ্দ করা যায় তাহলে বর্তমানে যে চালের দাম তাতে কে, জি, চালও হবে না। মাননীয় ত্রাণমন্ত্রী এখানে উপস্থিত নেই থাকলে ভাল হত। পাঁচ জন করে এক একটি পরিবার ধরা হয় তাহলে ঐ টাকায় কি করে সংসার চলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করছি মন্ত্রীসভা এই বিষয়টি পুনর্বিবেচনা ন। ১০০ মাটি কেটে ঐ সমস্ত কৃষি মজুর যাতে ৪-২৫ পয়সা করে পায় তার মত ত ব্যবস্থা করা হোক অন্যথায় ঐ সমস্ত পরিবারের লোকদের কোন রকমে বাঁচানো না। আমি এই কথা বলতে চাই যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যেভাবে বৃদ্ধি পেয়েছে আজকে সকলেই জানেন। এবং আমাদের খাদ্য পরিস্থিতি মোটেই উদ্বেগজনক নয়। ন আমাদের যা আছে এবং কেন্দ্রীয় সরকারের যা বরাদ্দ তা যদি হিসাব করে দেখি লে দেখবো যে আগামী কয়েক মাসগুলি সম্বন্ধে সামগ্রিকভাবে বিচার করলে দেখা যাবে আমাদের খাদ্য পরিস্থিতি উদ্বেগজনক নয়। এখানে হুগলী জেলার মাননীয় সদস্য বলেছেন আমাদের ঘাটতি এলাকার এম, এল, এ-রা যে বলেছিলেন যে কর্ডন তুলে নেওয়া । এবং ইন্টার স্টেট বর্ডারের কর্ডন ও স্ট্যাটুটারী রেসনিং এরিয়ার যে কর্ডনিং তাকে দার করা হোক। তাই এই মাত্র শুনলাম এবং আপনারাও শুনলেন যে হাওড়া ও নীপুরের কর্ডনিং শিথিল হবার ফলে চালের দাম অনেক কমে গেছে। তাই আমি রাধ করি যে আজকে আমাদের দুমুখো অভিযান চালাতে হবে। কর্ডনিং শিথিল ত হবে এবং কৃষি শ্রমিক ঐ যে মজুরী তা বাড়িয়ে এক'শ মাটি কাটার জন্য ৪·২৫ পয়সা মজুরী নির্ধারণ করা হোক। তাহলে আমরা নিশ্চয় বর্তমান যে পরিস্থিতি তার াবেলা করতে পারবো।

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার কলেজ কর্মচারী সমিতির পক্ষ থেকে তাদের দাবীদাওয়ার ব্যাপারে স্প্লানেড ইস্টের মোড়ে গত তিন দিন ধরে অবস্থান ধর্মঘট করছে এবং সেখানে কয়েক হাজার কর্মচারী ও নেতৃবৃন্দ বসে আছে। তাদের দাবীদাওয়া অত্যন্ত ন্যায়সংগত যা নিয়ে এই বিধানসভায় অনেক বার আলোচনা হয়েছে এবং বিশেষ করে আমরা জানি মাননীয় শিক্ষামন্ত্রীর সংগে এ নিয়ে কলেজ কর্মচারীদের প্রতিনিধিদের সংগে আলোচনা হয়েছে। তাতে মাননীয় শিক্ষামন্ত্রী এই আশ্বাস দিয়েছিলেন যে আগামী মার্চ মাসের মধ্যে তাদের সার্ভিস কণ্ডিসন ঠিক করে সরকারের মতামতের জন্য রাজ্যপালের কাছে পাঠানো হবে। এবং সেই অনুসারে তার অনুমতির জন্য এত দিন সেই কর্মচারীরা নীরব ছিলেন। এতে নিশ্চয় তাদের দাবীদাওয়া মেনে নেওয়া হয়েছে। কিন্তু দেখা গেল মার্চ শেষ হয়ে আজকে এপ্রিল মাসের অর্ধেক হয়ে গেল সে সম্পর্কে কোন কথা, কোন এ্যানাউন্স হয়নি। আমরা ভাবতে পারছি না যে এই অবস্থায় শিক্ষাব্যবস্থা কিভাবে ভেঙ্গে পড়েছে। কারণ কর্মচারীরা হোল শিক্ষার একটি অঙ্গ এবং তাদের ধর্মঘটের জন্য আজকে এবং গতকাল সমস্ত কলেজগুলি বন্ধ করে দিতে হয়েছে। তাদের এই অবস্থান ধর্মঘটের জন্য শিক্ষা ব্যবস্থা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের দাবীগুলি অত্যন্ত ন্যায্য। তারা চেয়েছে চাকুরীর সর্তাবলী প্রবর্তন করা হোক। আজকে তাদের কোন সার্ভিস কণ্ডিসন, বা সার্ভিস রুল বলে কিছু নাই। তারা চেয়েছে কলেজ পরিচালক সমিতি সিনেট ও সিণ্ডিকেটে এবং কলেজ এ্যাডভাইসারী কমিটিতে কর্মচারীদের প্রতিনিধি গ্রহণ করা হোক, কলেজের প্রকৃত ঘাটতি অনুযায়ী সরকার কর্তৃক ঘাটতি অনুদান প্রথা প্রবর্তন করা হোক, মুচলেখা কলেজগুলির শিক্ষক ও শিক্ষা-কর্মীদের যাবতীয় সরকারী সুবিধা দেওয়া হোক, ট্রাস্ট কলেজ প্রথার বিলোপ সাধন করা হোক, সর্বস্তরের শিক্ষাকর্মীদের সন্তানদের বিনা বেতনে শিক্ষা দানের সুবিধার প্রবর্তন করা হোক, পরীক্ষা গ্রহণের সময় শিক্ষক ও অশিক্ষক কর্মীদের নিরাপত্তা বিধান।

[3-20—3-30 p.m.]

এই রকম কয়েকটি দাবী তারা উপস্থিত করেছেন। দীর্ঘদিন ধরে, ১৯৭২ সালে তারা এই আন্দোলন প্রবলভাবে করেছিলেন, এটা পড়ে আছে, তখন আমাদের মধ্যস্থতায় মুখ্যমন্ত্রী একটি কমিটি তৈরী করে দিয়েছিলেন যে অবিলম্বে তাদের সমস্ত ব্যবস্থা করা হবে। ১৯৭২ সালের পর আজকে ১৯৭৪ সালের এপ্রিল মাস শেষ হতে চললো কিন্তু তাদের সম্পর্কে কিছুই করেন নি এবং সেই অবস্থায় বাধ্য হয়ে এই কলেজ শিক্ষক কর্মচারী সমিতি আন্দোলনে নেমেছেন, অবস্থান ধর্মঘট করছেন এবং পরবর্তীকালে আরো বৃহত্তর আন্দোলনের দিকে তারা যাবেন। কাজেই সেদিক থেকে আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে কলেজগুলিতে এখন সমস্ত পরীক্ষা ফার্স্ট ইয়ার, থার্ড ইয়ারের পরীক্ষা আরম্ভ হচ্ছে—এখন এর মুখে যদি কলেজগুলি বন্ধ করে দেওয়া হয় তাহলে ছাত্রছাত্রীদের অসুবিধা হবে এবং শিক্ষাব্যবস্থা অত্যন্ত খারাপ অবস্থার দিকে চলে যাচ্ছে। আমরা এই ছুটি চাই না। কাজেই অবিলম্বে তারা যাতে কাজে যোগ দিতে পারে সেই অবস্থার সৃষ্টি করা হোক এবং মন্ত্রীসভা এই ব্যাপারে হস্তক্ষেপ করে এমন ব্যবস্থায় আসুন যাতে তারা কাজে যোগ দেন এবং কলেজগুলি খুলুক এবং কলেজের শিক্ষাব্যবস্থাগুলি ঠিকমতভাবে চলতে থাকুক।

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, I have come across a statement of Mr. Arun Moitra, the Congress President and also the Hon'ble Food Minister, Shri Prafulla Kanti Ghosh and Shri Sukumar Bandyopadhyay. I am surprised to see the report published in the Hindusthan Standard wherein they have said that the R.S.P. legislators had agreed to go to Delhi along with them to meet the Prime Minister for some food. It is unfortunate. We never—none of us—agreed to such a thing. I only saw a notice in your chamber by chance. Casually I saw this. A meeting was called by the Food Minister in the Congress Committee Room. We have got nothing to do with it. Why should we go to the Congress Committee Room when the Assembly was in session ? If any decision is to be taken, it should

be taken in the Assembly but not in the party room. We are not the camp followers of the congress and so I vehemently oppose such a statement which is false and malicious. It not only goes against the members of my party but also against all the legislators who are present here. I request you, Sir, to get a statement from the Food Minister as to whether it is a correct statement in this regard. I am very, very offened on this statement because we never promised to anybody to go to Delhi to meet the Prime Minister, nor did we attend the meeting. You know, Sir, that I was away on the 4th of April. Even the Parliamentary Affairs Minister knows that I left on the 3rd and the meeting was called on the 4th. Similarly, on the 4th, my colleague left for Darjeeling to attend the Select Committee meeting. Shri Timir Baran Bhaduri was not here. How could they promise that they would attend that meeting ? There is another statement that the R.S.P. members did not go because they were against the food policy. Certainly, Sir, I expressed here during the food debate that we were vehemently opposed to the food policy of the Government and I requested them not to go with beggers' bowl to the Centre.

Shri Sukumar Bandyopadhyay :

অন এ পয়েন্ট অব ইনফর্মেসন। স্যার, আমিও এই দিল্লী ডেলিগেসনে ছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর, এস, পির নেতা বেণ্টারউইচ সাহেব দীর্ঘ বিবৃতি দিলেন এবং বিবৃতি দেবার সঙ্গে সঙ্গে আমার নামও উল্লেখ করা হয়েছে এবং খাদ্য ডেলিগেসনে যারা গিয়েছিলেন তাদের নামও উল্লেখ করা হয়েছে, তাদের সম্পর্কে বলা হয়েছে। আমি স্যার, জানি না সত্যমিথ্যার মাপকাঠি কোথায় নিরূপিত হয়। কিন্তু এই কথা সত্যের নামে শপথ করে বলা যায় এই কথা সত্য যে আর, এস, পি,র মাননীয় সদস্য তিমির বরণ ভাদুড়ী মহাশয় ১০ তারিখে রাইটার্স বিল্ডিংসে আমার সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলেছিলেন এবং তিনি সেখানে এই কথা পরিষ্কারভাবে বলেছিলেন সারা পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে খাদ্য আনবার জন্য আপনারা যে যাচ্ছেন দিল্লী আমি মনে করি এটা আমাদের পবিত্র কর্তব্য অন্ততঃপক্ষে দিল্লীতে গিয়ে পশ্চিমবঙ্গের মানুষের ক্ষুধা ও দুঃখের কথা জানিয়ে আসা এবং কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গের মানুষের দুরবস্থা সম্পর্কে ওয়াকিবহাল করার কথায় তিনি আগ্রহ প্রকাশ করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিমিরবাবু সৎ, বিচক্ষণ, ভদ্র ব্যক্তি, তিনি আমাদের সামনে বলেছিলেন আমার যাবার ইচ্ছা আছে। আমাদের পার্টীর সঙ্গে কথা বলছি, কথা বলার পরে নিশ্চয় আমি জানাব এবং এই ব্যাপারে আমার নৈতিক সমর্থন আছে। স্যার, আমরা দিল্লীতে রাজনীতি করতে চাই নি, বা কংগ্রেসের ঝাণ্ডা নিয়ে কংগ্রেস করতেও যাই নি। তাই আমরা আশা করেছিলাম আর, এস, পি,র বন্ধু সদস্য তিমির ভাদুড়ী মহাশয় আমাদের সঙ্গে আসবেন এবং সেই অনুযায়ী আমরা বক্তব্য রেখেছিলাম। স্যার, আমরা জানতাম না পশ্চিমবাংলার মানুষের জন্য খাদ্য আনার ব্যাপারে আর, এস, পির বন্ধুরা উৎসাহী নন। বা তাদের বাঁচাবার ব্যাপারে উৎসাহী নন। স্যার, তারা খাদ্য নিয়ে শুধু রাজনীতিই করতে চান আসল কাজ তারা করতে চান না। তাই এই বিধানসভায় অসত্য বক্তব্য বলে এই সভাকে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে। আমি এই উক্তির তীব্র বিরোধিতা করছি।

Shri Timir Baran Bhaduri :

স্যার, আমার নাম যখন উল্লেখ করা হয়েছে তখন আমি একটু বক্তব্য রাখতে চাই। ১০ তারিখে রাইটার্স বিল্ডিংসে সুকুমারবাবুর সঙ্গে আমার দেখা হয়েছিল এবং সুকুমারবাবু দিল্লী যাওয়ার ব্যাপারে ব্যক্তিগতভাবে আমাকে বলেছিলেন। তারপর প্রফুল্লবাবুর ঘরে আমি অন্য কারণে যাই। সেখানে সুকুমারবাবু অনন্ত ভারতী ইত্যাদি অনেকে ছিলেন। সেখানে আমাকে বলা হয় দিল্লী মিশনে আপনি চলুন। আমি বলি এটা আমার ব্যক্তিগত ইচ্ছার ব্যাপার নয়, এটা আমাদের পার্টীর ব্যাপার। পার্টী সঙ্গে কথা বলে তখন ঠিক করতে পারব, এই পর্যন্ত কথা হয়েছিল।

Presentation of Report of the Committee on Public Accounts

Shri Deo Prakash Rai : Sir, I beg to present before the House the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for the year 1968-69 and Audit Report thereon.

Presentation of the Seventeenth Report of the Committee on Estimates

Shri Puranjoy Pramanik : Sir, I beg to present before the House the Seventeenth Report of the Committee on Estimates.

Presentation of Report of the Select Committee on the West Bengal Comprehensive Area Development Bill, 1974

Mr. Speaker : I have to inform the House that, as the House was not in session' the Chairman of the Select Committee on the Comprehensive Area Development Bill, 1974, intimated to me that the report of the Committee could not be ready for presentation by the appointed date, namely, the 10th April, 1974. I have on behalf of the House granted extension of time for presentation of the report up to this day.

Shri Abdus Sattar : Sir, I beg to present before the Assembly the Report of the Select Committee on the West Bengal Comprehensive Area Development Bill, 1974.

[3-30—3-55 p.m.]

GOVERNMENT BUSINESS

LAYING OF RULE

The West Bengal Panchayat (Election Rules, 1978)

Shri Gyan Singh Sohanpal : Sir, with your permission I beg to lay the West Bengal Panchayat (Election) Rules, 1978,

LAYING OF REPORTS

The Annual Report on the working and affairs of the Electro Medical and Allied Industries Ltd. for the year 1972-73

Dr. Zainal Abedin : Sir, I lay the Annual Report on the working and affairs of the Electro Medical and Allied Industries Ltd. for the year 1972-73.

Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1965-66, 1966-67, 1967-68, 1968-69 and 1969-70 and the Consolidated Memorandum

Shri Sankar Ghose : Sir, in accordance with the provisions contained in sub-clause (2) of Article 323 of the Constitution of India, I lay before the House the Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1965-66, 1966-67, 1967-68, 1968-69 and 1969-70 and the explanatory memorandum.

Shri Gangadhar Pramanick :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই হাউসে দেখলাম প্রিন্টেড কাগজপত্রের বদলে সাইক্লোস্টাইল্ড করা কাগজপত্র বিলি করা হয়েছে। এতে আমাদের কাজের খুবই অসুবিধা হচ্ছে। আমার যতদুর ইনফর্মেশন বি, জি, প্রেসের স্ট্রাইকের দরুণ এটা হয়েছে। স্ট্রাইকের কারণ শুনলে আপনি আরও মর্মাহত হবেন। এই বি, জি, প্রেসে কমার্স এ্যাণ্ড ইণ্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে কিছু এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় ১৭ জন মূক এবং বধির

ছেলেকে এবং প্রিন্টিং সম্পর্কে যারা অভিজ্ঞতা অর্জন করেছে। যেহেতু সেখানকার ইউনিয়নের প্যানেল থেকে এমপ্লয়মেন্ট দেওয়া হয়নি, সেইজন্য তারা স্ট্রাইক করেছে এবং যার জন্য কাজের অসুবিধা হচ্ছে। সেখানকার সি, পি, এম, পরিচালিত যে ইউনিয়ন, তার যে চরিত্র কি জঘন্য, এর দ্বারাই এটা প্রকাশ পায়। আমি এই বিষয়ে কমার্স এ্যাণ্ড ইণ্ডাস্ট্রিস ডিপার্টমেন্টের মিনিস্টারের কাছ থেকে এই বিষয়ে সঠিক তথ্য জানাতে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : The Hon'ble Minister Shri Tarun Kanti Ghosh is not here. If the Parliamentary Affairs Minister can say anything.

Shri Gyan Singh Sohanpal : Sir, the Minister-in-charge is not present in the House. If you so desire, I will request him to make a statement tomorrow.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[3-55—4-05 p.m.]

[After adjournment]

The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974

Shri Bholanath Sen : Sir, I beg to introduce the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974.

(Secretary then read the title of the Bill.)

Shri Bholanath Sen : Sir, I beg to move that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974, be taken into consideration. Sir, before I speak on the Bill I would like to read the Statement of Objects and Reasons. It is necessary and expedient to incorporate some more provisions in the West Bengal Apartment Ownership Act, 1972 (West Bengal Act XVI of 1972) to bring Housing Co-operatives acquiring residential flats under long-term leases within the purview of this Act so that the members of such Co-operatives may derive the benefits of separate municipal assessment at a concessional rate of tax, to bring big housing estates, consisting of several buildings, within the scope of this Act, and to remove some other lacunae in the said Act.

The Bill has been framed with the above objects in view.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটার আগে আমাদের এখানে ওয়েস্ট বেঙ্গল এপার্টমেন্ট ওনারসিপ য়্যাক্ট হয়েছিল। তারপর আমরা নানা জায়গা থেকে রিপ্রেজেনটেশন পেয়েছি, বিশেষ করে লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন ও হাউসিং কো-অপারেটিভ থেকে। এই বিলটা সেই রিপ্রেজেনটেশনের বেসিসে, সেই রিপ্রেজেনটেশন স্টাডি করার পর এই বিলটা আমরা আনছি। এখন এই বিলের মুখ্য উদ্দেশ্য হলো আমরা দেখতে পাচ্ছি যে, এপার্টমেন্টের যদিও ওনারসিপ আমরা দিয়েছি আগের য়্যাক্টে, তা সত্বেও সেই বিলটা এপলিকেবল ছিল যেখানে শুধু রেসিডেন্সিয়াল ছিল, অর্থাৎ কিনা রেসিডেনসিয়াল ছাড়া দোকান বা স্কুল বা অন্যান্য যে সমস্ত জিনিষ থেকে গিয়েছিল, সেগুলি এই বিলের আওতায় পড়ে না।

সেটাকে এই বিলের আওতায় আনা হয়েছে যাতে দোকান, স্কুল বা অন্যান্য কমন ফেসিলিটিসগুলি আনা যায়। সেজন্য এই এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে। এছাড়া আর একটা বড় কারণ হচ্ছে আমরা বেনামী বন্ধ করতে চাই। অর্থাৎ যারা এ্যাপার্টমেন্ট ওনার তাদের আলাদাভাবে ট্যাক্স হবে। মধ্যবিত্ত মানুষের একটা বাড়ী করার ক্ষমতা নেই তবুও তাদের পুরো বাড়ীর যে ট্যাক্স হোত সেই ট্যাক্স-এর একটা অংশ দিতে হোত। পুরো বাড়ীর ট্যাক্স সাইজ অনুসারে ম্যাক্সিমাম ট্যাক্স পড়তো এবং সেইভাবে ভাগ হোত। এখন এই বিল অনুযায়ী প্রত্যেকটি এ্যাপার্টমেন্ট-এর যে দাম নেই এ্যাপার্টমেন্টকে আলাদা বাড়ী হিসেবে

ধরা হবে এবং তার যে ভ্যালুয়েশন সেই অনুযায়ী তাকে ট্যাক্স দিতে হবে। অর্থাৎ কিনা আগে যে বেশী ট্যাক্স দিতে হোত সেটা এখন আর দিতে হবে না। যদিও সে একটা বড় বাড়ীতে একটা এ্যাপার্টমেন্ট আছে সেই এ্যাপার্টমেন্ট ওনার সেই সুবিধা পাচ্ছে। দ্বিতীয়তঃ আমরা ওখানে বেনামী বন্ধ করতে চাই। এটা আমাদের একটা বিরাট এক্সপেরিমেন্ট। কোলকাতা শহরে নানা জায়গার বড় বড় এ্যাপার্টমেন্ট তৈরী হয়েছে এবং সে সম্বন্ধে জানতে পেরেছি যে তার মধ্যে কিছু কিছু কারচুপির ব্যাপার আছে। অর্থাৎ কিনা বেনামী বাড়ী নিয়ে বাড়ী ভাড়া দেওয়া হচ্ছে এবং সেই বাড়ীতে কালো টাকা ঢুকে যাচ্ছে। বড় বড় বাড়ীর এ্যাপার্টমেন্ট ১২।১০টা লোকেই সমস্ত এ্যাপার্টমেন্ট কিনে সেই ফ্লাট গুলোর বেশী ভাড়া মধ্যবিত্তদের কাছ থেকে নিচ্ছে। আমরা এখন এই আইন করছি একটা এষ্টেটের যদি কোন মানুষ—ধরুন আমি একজনের নামে একটা বাড়ী কিনলাম আইনে সেইভাবে যদি কনসিডারেসন মানি না দিয়ে থাকে তাহলে সে হবে বেনামদার, আমি হব ওনার—ট্যাক্স দিতে হবে না। অন্য কোন অসুবিধা হবে না। কালো টাকা সেখানে থাকবে। সেজন্য আমরা চেষ্টা করছি যার নামে বাড়ী কেনা হবে সেই হবে মালিক। ট্রান্সফার অফ প্রপারটিস এ্যাক্ট, বা ট্রাষ্টী এ্যাক্টে বাড়ী সংক্রান্ত, জমি সংক্রান্ত যে সমস্ত আইন থাকনা কেন সে থাকা সত্ত্বেও সেগুলিকে ইগনোর করে সেই লোকটা যার নামে প্রপারটি কেনা সে হবে মালিক। অর্থাৎ সমস্ত দিক থেকে তাকে মালিক বলে বিবেচনা করা হবে। আদালতে যে লোক টাকা দিচ্ছে, অথচ নিজের নামে বাড়ী কেনেনি আর একজনের নামে ফ্লাট কিনে তাকে বলতে দেওয়া হবে না এবং মামলা করতে দেওয়া হবে না কোন কোর্টে এই বলে যে বাড়ী বা ফ্লাট আমার, আমি টাকা দিয়েছি যদিও সে টাকা দিয়েছে তাকে বলতে দেওয়া হবে না। বেনামদার মালিকনায় এবং তা যদি না হয় তাহলে এখানে একটা রেসট্রিক্সন আসবে। কারণ বেনামী যদি সে বাড়ী না কিনতে পারে তাহলে কাউকে ঠকান সম্ভব হবে না। সে টাইটেল পাস করতে দিতে পারবে না, সে ইচ্ছা করলে এ্যাপার্টমেন্ট মর্টগেজ করতে পারবে, এল, আই, সি, বা অন্যান্য সংস্থা থেকে টাকা নিতে পারবে এবং সরকারী কর্মচারীরা সরকারের কাছ থেকে যে সমস্ত ব্যবস্থা আছে তাতে ১২টা লোন নিয়ে মর্টগেজে ফ্লাট কিনতে পারবে এবং সেই ফ্লাট কিনলে তার যে ট্যাক্স সেটা কম হবে। এছাড়া কতকগুলি রেসট্রিক্সন করা হয়েছে। সেগুলি হচ্ছে একটা এ্যাসোসিয়েসন করতে হবে এষ্টেটের উপর যে এষ্টেট ম্যানেজ করবে। এই সমস্ত প্রোপারটির মধ্যে কমন কনভিনিয়েন্স থাকবে যেমন ষ্টেয়ার কেস, পার্ক, গ্যারেজ, দোকান যার ইনকাম থেকে বাড়ী চুনকাম হতে পারে, রিপেয়ার হতে পারে। অর্থাৎ এসব দেখাশুনা করার জন্য একটা বোর্ড অফ ম্যানেজমেন্ট করা হবে।

[4-05—4-15 p.m.]

এবং বোর্ড অব ম্যানেজমেন্ট এইসব দেখবে এবং এই বোর্ড অব ম্যানেজমেন্ট দ করলে কোন অফিসারকে সরিয়ে দিতে পারে, তাকে সরিয়ে দেওয়ার আইন আছে যদি কোন এ্যাপার্টমেন্ট ওনার তাঁর দায়িত্ব পালন না করেন, যেমন অনেক জায়গায় দেখা যাচ্ছে বাতি চুরি হয়ে গেল, বাতির জন্য কনট্রিবিউট করল না, ধরুন চুনকাম করল না, যে সব কনট্রিবিউসন দেওয়া দরকার, সাফ করার জন্য সুইপার রাখা দরকার, তার জন্য কনট্রিবিউসন করল না, এই জাতীয় নন-কোঅপারেশান যদি হয় তাহলে বোর্ড অব ম্যানেজমেন্ট তার বিরুদ্ধে মামলা করতে পারবে, তার জন্য একটা প্রভিসান করা আছে এবং আরো কতকগুলি আইন করা হয়েছে যে আইনের বলে আমাদের বাই-লজ, রুলস তৈরী হবে। এই এ্যামেণ্ডমেন্ট এ্যাক্ট পাশ হয়ে গেলে প্রেসিডেন্টের এ্যাসেন্ট দরকার। ট্রান্সফার অব প্রোপার্টি এ্যাক্টের চিরাচরিত প্রথার বিরুদ্ধে আমরা যাচ্ছি, আমরা বেনামী বন্ধ করতে যাচ্ছি, তাই প্রেসিডেন্টের কাছে আমাদের এ্যাসেন্ট নিতে হবে। কারণ, ট্রান্সফার অব প্রপার্টি এ্যাক্ট হচ্ছে সেন্ট্রাল এ্যাক্ট, ট্রাস্ট এ্যাক্ট হচ্ছে সেন্ট্রাল এ্যাক্ট, তার বিরুদ্ধে আমরা যাচ্ছি, তাই প্রেসিডেন্টের পার্মিসান পাওয়া দরকার, সেটা পাওয়ার পর আইনটা কার্যকরী হবে এবং সেই সময় বাই-লজ, রুলস তৈরী হবে এবং বাই-লজ, রুলস মোটামুটি রেডি আছে, যখন এ্যাসেন্ট পাওয়া যাবে তখন আশা করছি সেটা চালু করতে পারব।

সেই বাই-লজ, রুলসের বিরুদ্ধে যদি কেউ কাজ করে, ভুল যদি ডিক্লারেশান দেয়, লোককে যদি ঠকিয়ে দেয়, ধরুন জমিতে তার মালিকানা স্বত্ব নেই, টাইটেল ডিফেক্টিভ, তা সত্ত্বেও সে যে এ্যাপার্টমেন্ট কিনতে যাচ্ছে তাকে ডিফেক্টিভ টাইটেল জানাল না এবং তাকে বলা হল আমি ওনার এই পর্যন্ত, তার জন্য তার বিশেষ কিছু শাস্তির ব্যবস্থা নেই, তাকে সাধারণ আদালতে যেতে হবে বিচ অব কন্‌ট্রাক্টের জন্য; এখানে সেটাকে সর্ট আউট করা হয়েছে, এখানে তাকে পানিসমেন্ট দেওয়া হবে, দরকার হলে তার জেল হবে যদি মিথ্যা ডিক্লারেশান দেয়। ধরুন আমি বেনামদার, আমি বললাম যে আমি এ্যাপার্টমেন্ট ওনার, অথচ আমার ৪ আনা অংশের মালিকানা আছে, আর ১২ আনা অংশের মালিক অন্য লোক, এই মিথ্যা ডিক্লারেশান যদি কেউ দেয় তাহলে এনট্রেপেনার বিপদে পড়ে যাবে, ১২ আনা অংশের মালিক এসে তাকে উৎখাত করতে পারে, এইসব কারণে আমরা এখানে আইন করেছি তারা যাতে সুবিচার পায় এবং মিথ্যা ডিক্লারেশান দিলে তাকে যাতে জেল দেওয়া যেতে পারে তার ব্যবস্থা এখানে করা হয়েছে। এই আইনের মধ্যে আরো অনেকগুলি প্রভিসান আছে। আসল কথা হল এই আমরা একটা নতুন পদ্ধতিতে চেষ্টা করছি যাতে বেনামী বন্ধ হয়, কালো টাকা যাতে না ঢোকাতে পারে এবং মানুষ যাতে খুব তাড়াতাড়ি সুবিচার পায় তার জন্য এই বন্দোবস্ত এবং বেনামী যাতে বন্ধ হয় সেটা হচ্ছে মুখ্য উদ্দেশ্য। কারণ, তারা অল্প এ্যাসেসমেন্ট ট্যাক্স দিয়ে সেই সম্পত্তি রাখতে পারে, দরকার হলে মর্টগেজ, সেল করতে পারবে এটা মুখ্য উদ্দেশ্য। এছাড়া কতকগুলি টেক্নিক্যাল, লিগ্যাল ব্যাপার আছে এমন কিছু উল্লেখযোগ্য ব্যাপার কিছু নেই। আমি আশা করব এই বিল আপনারা গ্রহণ করবেন।

Mr. Speaker : There are motions for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. I call upon Shri Timir Baran Bhaduri to move his motion for circulation.

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of June, 1974.

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী ভোলানাথবাবু দি ওয়েস্ট বেংগল এ্যাপার্টমেন্ট ওনারসিপ (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৪, এখানে রাখলেন। তিনি যে বিল এখানে রেখেছেন সে সম্বন্ধে কিছু বলা দরকার। ভোলানাথবাবু কিছু কিছু ভাল কাজ করেছেন যেটা সমর্থনযোগ্য। মন্ত্রিমহাশয়ের নাম ভোলানাথ, তিনি দেবতুল্য লোক এবং দেবাদিদেব মহেশ্বরের নামের সংগে তাঁর নামের মিল আছে বলেই বোধহয় কিছু ভাল লক্ষণ তাঁর মধ্যে দেখতে পাচ্ছি। তবে মনে রাখবেন ভোলানাথের একটি অগুণও ছিল, তিনি গাঁজা সেবন করতেন এবং মাঝে মাঝে হাওয়ায় ঘুরতেন বাস্তবের দিকে দৃষ্টি না দিয়ে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এই কোলকাতা মহানগরীতে ভাড়াটিয়া প্রচুর সংখ্যক আছে। আমরা লক্ষ্য করছি পৃথিবীর সভ্য দেশে এবং ভারতবর্ষের প্রত্যেকটি স্টেটে হাউসিং স্টেটে ভাড়াটিয়াদের যে অধিকার দেওয়া হয়েছে সেদিকে আমাদের ভোলানাথবাবুর দৃষ্টি যাচ্ছে না। মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আমাদের সকলের সর্বজনশ্রদ্ধেয় হেমন্তদা ;বাস্তব অভিজ্ঞতা অর্জন ক'রে ভাড়াটিয়াদের সম্পর্কে বলেছিলেন কোলকাতা মহানগরীকে যদি বাঁচাতে হয়, কোলকাতাকে যদি আপন করতে হয় তাহলে ভাড়াটিয়াদের ওনারসিপ রাইট দিতে হবে এবং সেই ব্যাপারে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সেটা হয়নি। আমাদের যুক্তফ্রন্ট সরকার চলে যাবার পর ১৯৭১ সালে অরবিন্দ ঘোষ একটা কমিটি নিয়োগ করেছিলেন যেটা চক্রবর্তী কমিটি বলে পরিচিত। সেই চক্রবর্তী কমিটি সমস্ত দিক পুংখানুপুংখরূপে দেখে ফাইনান্স ডিপার্টমেন্টকে এবং সি, এম, পি, ও,-কে এর ভেতরে রেখে অন্যান্য স্টেটের হাউসিং স্টেট সম্পর্কে ওয়াকিবহাল হয়ে একটা রিপোর্ট সরকারের কাছে দাখিল করেছিলেন। আমি জানি না সেই রিপোর্ট ভোলানাথবাবু দেখেছেন কিনা। সেই রিপোর্ট-এ পরিস্কার বলা হয়েছে টেনান্টদের ওনারসিপ রাইট দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি হাউসিং এস্টেটগুলো দেখেন তাহলে দেখবেন সেখানে টেন্যানসীতে রয়েছে নিম্ন মধ্যবিত্ত এবং

মধ্যবিত্ত ঘরের লোকেরা। তারা যাতে ওনারসিপ রাইট এনজয় করতে পারে সেকথা চক্রবর্তী কমিটি বলেছিলেন এবং একথাও বলেছিলেন একটা দীর্ঘমেয়াদী ব্যবস্থা করে তাদের কাছ থেকে টাকা নিয়ে তাদের ওনারসিপ দেওয়া হোক। আমি জানি না কেন সেই চক্রবর্তী কমিটির রিপোর্ট বাতিল করা হল। তারপর, পি, সি, ব্যানার্জী কমিটি যে রিপোর্ট দিয়েছেন তাতে দেখা গেছে এক একটা এ্যাপার্টমেন্টের জন্য ৫০।৬০ হাজার টাকা ভ্যালুয়েসন করা হয়েছে।

[4-15—4-25 p.m.]

৫০।৬০ হাজার টাকা করে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাভাবিকভাবে চিন্তা এসে পড়ে হাউসিং এস্টেটের টেনান্ট তারা এককালীন ৫০।৬০ হাজার টাকা বের করার ক্ষমতা আছে কিনা। মাননীয় মন্ত্রী ভোলা সেন মহাশয়কে তাই বলি যে উপরের দিকে দৃষ্টি না দিয়ে একটু নীচের দিকে দৃষ্টি দিন যাতে সাধারণ মানুষ মধ্যবিত্ত মানুষ ওনারসিপ রাইট এনজয় করতে পারে তার জন্য সুযোগসুবিধা দিন। কিন্তু বাংগালী মধ্যবিত্ত মানুষ এর পক্ষে সম্ভব এ্যাট এ টাইম ৫০।৬০ হাজার টাকা বের করা। জানি না মন্ত্রিমহাশয়ের আছে কিনা, আমার জানা নাই কিন্তু সাধারণ মানুষ আমরা যা দেখতে পাই সরকারী কর্মচারী থেকে আরম্ভ করে প্রফেসার, স্কুল-এর শিক্ষক পর্যন্ত তাদের ৫০।৬০ হাজার টাকা বের করবার ক্ষমতা নাই। আজকে যদি এই সমস্ত লোকদের আপনি সুযোগসুবিধা না দেন তাহলে বাংগালী কলকাতার কোন বাসিন্দা এর সুযোগ পাবে না। যদিও পাবার লোক আছে যারা ক্ষমতায় আছেন এবং যে সমস্ত লোক আপনাদের সংগে ঘোরাফেরা করে তারাই এর সুযোগ পাবেন। মাননীয় মন্ত্রিমহাশয় আইনজ্ঞ কিন্তু আমরা পশ্চিমবংগের যে অর্থনীতি দেখি তাতে দেখি যে অনেক সময় টেনান্টরা ভাড়া পেমেন্ট করতে পারে না, যদি পেমেন্ট না করতে পারে নিশ্চয়ই সারটিফিকেট কেস করতে পারেন কিন্তু এভিকশান কেস করে তাদের আবার বাস্তুচ্যুত করে উদ্বাস্তু করবেন না। আমি অনুরোধ করছি এইদিকে আপনি বিশেষ দৃষ্টি দিন। যদি দেখতে পেতাম ভোলানাথবাবু যাদের এভিকসন করছেন এভিকসন করার পর আবার যারা এ্যাকচুয়ালী গরীব মধ্যবিত্ত তাদের আনছেন তাহলে আপনার বক্তব্য সম্বন্ধে নিশ্চয়ই চিন্তা করতাম। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এদের এভিকসন করার পরে কলকাতার যারা মাল্টি-মিলিওনেয়ার লোক এবং যারা ব্ল্যাক মার্কেটিং করে সেই বাড়ীগুলি তাদের নামে রিএ্যালটমেন্ট করা হচ্ছে। গরীব মানুষ চলে গেল, যাদের টাকা পয়সা আছে তারা এল। তাই আমি আমার উপসংহারে ভোলানাথবাবুকে বলি এগুলি একটু দেখুন। ডঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন বাংগালীর এই সমস্যা তিনি দেখেছিলেন এবং তাঁর এই বিষয়ে দূরদৃষ্টি ছিল। তিনি বাংগালী মধ্যবিত্ত যারা বাড়ী করার সুযোগ পায়নি, গভর্ণমেণ্টের সাহায্যে এবং ব্যাংকের সাহায্যে এবং অন্যান্য সংস্থার সাহায্যে তারা যাতে বাড়ী করবার সুযোগ পায় এবং তারা যাতে তাদের ছেলেমেয়ে সন্তানসন্ততি নিয়ে শান্তিপূর্ণভাবে বাস করতে পারেন সেজন্য ওনারসিপ রাইট দিয়েছিলেন। আজকে ডঃ রায় নাই, কিন্তু ডঃ রায়ের দৃষ্টিতে ভোলানাথবাবুকে বলি একটু এদিকে দৃষ্টি দিন যাতে এ্যাকচুয়ালী অকুপায়ার্স যারা মধ্যবিত্ত শ্রেণীর লোক, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর লোক তাদের ঠিকমত টাইটেল দেয়া হয়। এবং লং টার্মের সুযোগসুবিধা এনে দিন। যারা অকুপাই করে আছেন তারা যাতে এনজয় করতে পারেন। এটা যদি না করেন যারা টেনান্ট তাদের ভেতরে সাইকোলজিক্যাল একটা ট্রিটমেন্ট হওয়া দরকার। কলকাতা যে তাদের এই ফিলিংসটা আনার জন্যই এই সুযোগসুবিধা এনে দিন। এবং এই চিন্তা যদি তাদের না থাকে তাহলে কলকাতা নগরী সম্পর্কে এদের কোন চিন্তা থাকবে না। আমরা জানি যে বাংলায় অনেক লোক যারা নন-বেংগলী কিন্তু তারা বাংগালী হয়ে গেছে তাদেরও এই আওতায় আনুন। ৫০।৬০ হাজার টাকা যারা এককালীন খরচ করবেন তারা আপনার কাছে যাবে কেন—তারা নিজেরাই ফ্ল্যাট কিনতে পারবেন, তারা আপনার স্মরণাপন্ন হবে কেন? সুতরাং যারা আপনার স্মরনাপন্ন হচ্ছে সেই সাধারণ মধ্যবিত্ত নিম্নমধ্যবিত্ত কলকাতার লোক তাদেরই এই সুযোগ দিন। আজ আপনি বলছেন ৫০।৬০ হাজার টাকা। ভোলাবাবু একটু বলুনতো কোন ভ্যালুয়েশন ঠিক করেছেন? করেছেন কোন ভ্যালুয়েশন যে এ্যাকচুয়ালি যে ভাড়াটিয়া, যে

বাড়ীটা অকুপাই করেছে এখন ভ্যালুয়েশন হয়েছে সেটার? কোনটার ভ্যালুয়েশন হয়নি। একটা আধা খ্যাঁচড়া করে রেখে দিয়েছেন। গোটা জায়গাটা চিন্তা করুন। সেই চিন্তা করে সেই পারসপেকটিভে এই বিল যদি আনতেন নিশ্চয়ই সেই বিলকে আমি অভিনন্দন জানাতাম। আপনার এই বিলে কিছু কিছু আইন আপনি এনেছেন নিশ্চয়ই আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। কেন জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই প্রসংগে একটা গল্পের কথা মনে পড়ছে। একটা ভিখারী ভোলানাথবাবুর বাড়ীতে ভিক্ষা চাইতে গিয়েছে। বাড়ীর ভিতর থেকে ভিখারীকে বলা হল হাত জোড়া। তবুও ভিখারী বলছে, না মা দুটি চাল দেন। মা বলছেন হাত জোড়া। তখন বাড়ীর কর্তা বা বাড়ীর গিন্নী তিনি রেগে গিয়ে বলছেন, হ্যাঁ চাল দেবো না ছাই দেবো। ভিখারী তখন বলছে, হ্যাঁ মা তাই দেন, হাতটা একটু সরুক। আপনি তো কিছুই দিতেন না তাও ছাই দিয়েছেন, হাতটা একটু সরুক। ভোলানাথবাবু এই বিলে যে কিছু কিছু ক্লজ এনেছেন নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। তাঁর হাতটা সরুক, ছাই যা দিচ্ছেন, দিচ্ছেন তবুও আমি বলবো হাতটা একটু সরুক, হাতটা একটু পরিষ্কার হোক, ভবিষ্যতে আশা করবো যে এই হাত দিয়ে আরো একটা নূতন বিল আসতে পারে। এইজন্যই এই বিলের কিছু কিছু ক্লজকে আমি সমর্থন জানাচ্ছি। যাই হোক, ভোলানাথবাবু হেমন্তবাবুর উপর যদি আপনার এক আনাও শ্রদ্ধা থাকে, হেমন্তদা, তাঁর ইচ্ছাকে পূর্ণ করার জন্য, তাঁর যে মনোবাসনা, তার যে সদিচ্ছা এবং দূরদৃষ্টি সেই দূরদৃষ্টির দিকে তাকিয়ে থেকে আপনি সেইজন্য অন্ততঃ অধিকারটা আনবেন বিলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভোলানাথবাবুর মানিকতলায় একরকম রেট, ঐ সল্টলেকে যান সেখানে একরকম রেট, বেহালায় যান ঠাকুরপুকুরে সেখানে একরকম রেট, এই আলাদা আলাদা রেট করে রেখে দিয়েছেন কেন? সমস্ত হাউসিং স্কীমে এক রেট থাকা চাই। হয়ত ভোলানাথবাবু বলবেন যে মশায়, ওটা '৫২ সালে তৈরী হয়েছিল, ওটা '৫৫ সালে তৈরী হয়েছিল, এটা '৬৮ সালে বা '৭১ সালে তৈরী হয়েছে, তখনকার মেটিরিয়ালের কষ্ট যা পড়েছে এখন মেটিরিয়ালের কষ্ট আলাদা--এটা হয়ত তিনি বলবেন কিন্তু আমার প্রশ্ন সেখানে নয়, তা যদি বলেন তাহলে সরকারী কর্মচারী, ব্যাংক এমপ্লইজ, তাঁরা যে সমস্ত হাউসিং স্কীমে বাস করেন তাদের আপনি মাসিক মাইনের ১০ পার্সেন্ট করে কেটে নিচ্ছেন, তাহলে সেখানে যদি এই প্রশ্ন না থাকে তাহলে হাউসিং স্কীমের ক্ষেত্রে, পাবলিক সেকটরের ক্ষেত্রে সেখানে এই প্রশ্ন এসে যায় কি করে সেটা চিন্তা করতে পারি না। একটা জায়গায় ইউনিফর্মিটি রেট হওয়া দরকার। একটা মধ্যবিত্ত লোকের ইনকাম বাঁধাধরা গণ্ডীর ভিতরে, সেখানে যদি কোনটার হয় ১২০, কোনটার হয় ১৪০, কোনটার ১০০ এইভাবে করছেন কেন? রেটটা একটা ইউনিফর্ম রেট হোক, ঠিকভাবে তাদের ইনকাম অনুযায়ী তারা যাতে সেই সমস্ত বাড়ীগুলিতে বাস করতে পারে। আজকেতো জানছেন যে জিনিষপত্রের দাম কিভাবে বেড়ে গিয়েছে। দেখতে পাচ্ছেন গ্রামাঞ্চলের অবস্থা, দেখতে পাচ্ছেন সহরের অবস্থা, প্রত্যেকটা বাড়ী আজকে কি অসহায় অবস্থায় এসে দাঁড়িয়েছে। কেরসিন তেল দিতে পারছেন না, আপনাদের বিদ্যুতের অভাব, সেইসব অভাবের কথা আমি তুলতে চাচ্ছি না কিন্তু যেটা বাস্তব সেই বাস্তব দৃষ্টিভংগী দিয়ে বিচার করে দেখুন যাতে সাধারণ মধ্যবিত্ত শ্রেণী থাকতে পারে। দেখুন সেই সব বাড়ী অকুপাই করছে কারা? আমি দেখতে পেয়েছি বাড়ী অকুপাই করছে কিছু প্রফেসার, কিছু সরকারী কর্মচারী, কিছু সাধারণ মানুষ আর কিছু হয়ত ছোটখাটো বিসনেসম্যান, তাদের সম্পর্কে একটু চিন্তা করুন। আমি আশা করবো ভোলানাথবাবু এই সম্পর্কে বলবেন তাঁর জবাবী ভাষণে। এই সমস্ত জায়গায় একটা ভ্যালুয়েশন ঠিক করুন যে ভ্যালুয়েশনের উপরে এটা হবে। ১৯৭২ সালে সরকার প্রতিষ্ঠিত হয়েছে আজকে '৭৪ সাল, এই দীর্ঘ বছর ধরে এখন পর্যন্ত আপনারা ঠিক করতে পারলেন না কোন বাড়ীগুলির কি ভ্যালুয়েশন হওয়া উচিত। কি করে দেবেন সাধারণ মানুষকে? এইদিকে দৃষ্টি দেন, দৃষ্টি না দিলে আজকে সাধারণ মানুষ যারা হাউসিং স্কীমে এনজয় করছে তাদের কাছে নানা প্রশ্ন নানা ভয় আসছে।

আজকে এই বাড়ী কেড়ে নিয়ে কাদের দিচ্ছেন? কারা আসছে? দেখতে পাচ্ছি কিছু কিছু ব্ল্যাক মার্কেটিয়ার যাদের হাতে টাকা আছে, তারাই এই বাড়ী পাচ্ছে, আপনার দলের কিছু কিছু এম, এল, এ-রা পেয়ে থাকতে পারে। কে কে পেয়েছেন তার লিস্ট অবশ্য

আমার কাছে নেই। তবে আপনার হাতে আইন আছে, আপনি ভোলানাথবাবু আপনাকে আমি শিবের সংগে তুলনা করলাম, দেবাদিদেব মহেশ্বর ভোলানাথ, আপনি ন্যায্যভাবে বিচার করবেন। দু-তিন মাস যদি কোন টেনান্ট ভাড়া না দিতে পারে, তাহলে তাদের এভিক্‌শন করে দিচ্ছেন রাস্তায় নামিয়ে দিচ্ছেন। কিন্তু ভোলানাথবাবু এই যে এম.এল.এ.-রা হোস্টেলে থাকেন তাঁরা সেই হোস্টেলের এক লক্ষ টাকা বাকী রেখেছেন, আমি জানি না তার মধ্যে কোন মিনিষ্টার আছেন কিনা, কই, তাঁদের সম্বন্ধেতো কোন এভিক্‌শন কেস হয়নি? কোন সার্টিফিকেট কেস হয়নি? আমি আশা করব আপনি যখন আইনের মালিক সেই আইনের দিকে একটু দৃষ্টি দেবেন, যাতে আপনার দলের এম. এল. এ-রা, তল্পী বাহকেরা কোন অন্যায় সুযোগ না পায়। কেননা সাধারণ মানুষের জন্য একরকম আর আপনার দলের লোকদের জন্য আর একরকম, দুই রকম যাতে না হয় সেইভাবে আপনি যেন বিচার করবেন। শিব দেবাদিদেব ভোলানাথ যা খেতেন, আমি জানি আপনি তা খান না, কিন্তু সেইভাবে হাওয়ায় আপনি ঘুরবেন না। আমি আসল জায়গায় আসতে চাই সেটা হচ্ছে বিচার, যেন ঠিকমত হয়। ভোলানাথবাবু আপনি এল. আই. সি-র কথা বলেছিলেন, মাঝে মাঝে বলেছিলেন, ১৯৭২ সাল থেকে আজ পর্য্যন্ত দেখতে পেলাম না তবে একথা ঠিক যে সব জায়গায় সম্ভবপর নয় কিন্তু যেখানে দেবেন অন্ততঃ একটা স্টেট আপনি ঠিক করুন এবং টাইম বাউণ্ড করে দিন, সময় সীমা বেঁধে দিন যে দু-তিন মাসের মধ্যে আমরা এটা করব, মানিকতলায় করতে চান, সেখানেই করুন কিন্তু হাউসিং স্কীম অন্ততঃ একটা জায়গায় সুরু করুন, আমরা নিশ্চয়ই তাতে সমর্থন জানাব। এ ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি ক্লজ সম্বন্ধে আমার কিছু বলার আছে, আমি কো-অপারেটিভ বলেছি, আপনারা বলেছেন রেজিস্টার্ড, সে সম্বন্ধে আমি পরে বলব। এই বলে আমি আমার সার্কুলেশন মোশন মুভ করতে চাইছি তবে যদি আমার কথা মেনে নেন তাহলে তা মুভ করছি না বা করব না।

[4-25—4-35 p.m.]

Shri Monoranjan Pramanik

মাননীয় স্পীকার মহাশয়, এ্যাপার্টমেন্ট ওনারশিপ সম্বন্ধে যে বিল আনা হয়েছে, সে সম্বন্ধে কিছু বলতে চাই। গত বাজেট অধিবেশনে এ সম্বন্ধে আলোচনা করার সুযোগ পাইনি কারণ এই বিলের এই খাতে যে টাকা বাজেটে ধরা ছিল সেটা গিলোটিনে পাশ করা হয়েছে। এখন বলার সুযোগ পেয়েছি তাই দুই-একটি কথা আমি আপনার মাধ্যমে বলতে চাইছি। আমি বুঝতে পারছি না এই যে ওনারশিপ বিল এটা শুধুমাত্র বেসরকারী ক্ষেত্রে প্রয়োগ হবে না সরকারী ক্ষেত্রেই প্রয়োগ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণমেন্ট হচ্ছেন সব থেকে বড় বাড়ীওয়ালা, ভোলানাথবাবু এবং রামকৃষ্ণবাবু হচ্ছেন বড় বাড়ীওয়ালা, তাঁদের মত বড় বাড়ীওয়ালা পশ্চিমবাংলায় অন্ততঃ নেই। তাঁরা যখন গভর্ণমেন্টের বড় বাড়ী-ওয়ালা তখন তাঁরা এটা বিশেষ করে দেখবেন যাতে টেনান্ট যাঁরা, তাঁরা যাতে ওনারশিপ পান, কিন্তু তার জন্য যে ব্যবস্থা সেই ব্যবস্থা কিন্তু ঠিকমত গ্রহণ করা হচ্ছে না এই এ্যাপার্টমেন্ট বিলে।

তাই আমি বলবো—এই বিলের মধ্যে কতকগুলি ত্রুটি রয়েছে। এই বিল সম্পূর্ণভাবে ত্রুটিপূর্ণ বলে আমি মনে করি।

আজকে ১৯৭৪ সাল। পরিষ্কারভাবে দেখতে পাই ফ্ল্যাটের ওনারশিপ দেবার জন্য ভোলানাথবাবু একটা কমিশন তৈরী করেছিলেন। এই কমিশন যে রায় দেন তার মাধ্যমে মন্ত্রি মহাশয় এই বিল এনেছেন। অরবিন্দ কমিশন ও চক্রবর্তী কমিশন তাদের রিপোর্ট তিনি দেখেন নাই। হাউসিং ডিপার্টমেন্ট-এ যে রিপোর্ট পেশ করা হয়েছিল, সেই রিপোর্ট এ্যামেণ্ডমেন্ট করে ১৯৭২ সালে যেটা আনা হয়েছিল এবং কেবিনেটে সেটা পেশ করা হয়েছে। ১৯৭১ সালে যখন তদানীন্তন মহাশয়ের কাছে একটা ডেপুটেশন দেওয়া হয়েছিল, মানিকতোলা টেনাটস্‌ হাউসিং এ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে, তখন একটা অনুরোধ করা

হয়েছিল যাতে কমিশনকে ডিসটার্ব করা না হয় এবং চক্রবর্তী কমিশনের মেনে নেওয়া হয়। দুঃখের কথা চক্রবর্তী কমিশনের রিপোর্ট এ্যামেণ্ডমেন্ট করে হাউসিং ডিপার্টমেন্ট যে রিপোর্ট দাখিল করেছে তা সম্পূর্ণভাবে ত্রুটিপূর্ণ। এতে বলা হয়েছে হাউসিং এ্যাপার্টমেন্ট-এর মালিকানার টাকা এককালীন দিতে হবে। যে লোক দশদিন হয় প্রবেশ করেছে এবং আর একজন যে ১২ বছর ধরে সেখানে বসবাস করছে তাকেও সেই একইভাবে এককালীন টাকা দিতে হবে। এ কেমন বিচার হলো? এদের সম্বন্ধে একটা এ্যাড্জাস্টমেন্টের প্রয়োজন আছে বলে আমি মনে করি। ইন্সটলমেন্টে টাকা দেবার ব্যবস্থা থাকা প্রয়োজন। গভর্ণমেন্টের জায়গা কিনছি--যখন কিনলাম তখন গভর্ণমেন্টের কাছ থেকে লোন পাচ্ছি, সাহায্য পাচ্ছি। বাড়ী তৈরী করবার সময় পি, ডব্লু, ডিপার্টমেন্ট থেকে সাহায্য করছে। আর যখন সেই বাড়ী কিনতে যাচ্ছি তখন বলছে ইন্সটলমেন্টে হবে না। যদি উদ্দেশ্য হয় গরীব টেনান্টদের ফ্ল্যাটের মালিকানা দিতে হবে, তাহলে এই বিলের মাধ্যমে সেই উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হচ্ছে। এই ইন্সটলমেন্টের মাধ্যমে ফ্ল্যাটের ওনারশিপ দেওয়া যেতে পারে তার প্রমাণ হচ্ছে আইডিয়াল হাউসিং এস্টেট্। ডাঃ রায়ের আমলে ১৯৫৬ সালে আনন্দলোক মানিকতলা যে সমস্ত হাউসিং হয়েছে, সেখানে ওনারশিপ বিলি করেছিলেন, সাধারণ মানুষের--গরীব টেনান্টের তা ভোগে এসেছে। ২০ হাজার টাকার ইন্সটলমেন্ট বা ভ্যালুয়েশন যে টাকা সেই টাকা দিয়ে পাতিপুকুর, কল্যানী এই সমস্ত জায়গায় বাড়ী বিক্রী হবে। আসল কথা এই হাউসিং ডিপার্টমেন্টের বি, সি, ব্যানার্জী অত্যন্ত ভাল লোক, কিন্তু তিনি বিলের যে উদ্দেশ্যে গরীবের হাতে বাড়ী তুলে দেওয়া--তা সম্পূর্ণভাবে বানচাল করে দিচ্ছেন। তাই বলবো যদি একসঙ্গে ২০ হাজার টাকা পাওয়া যায়, তা আমি ব্যাংকে জমা রাখলাম--যা ইন্টারেস্ট পাবো মাসে ২৩০ টাকা--তাই দিয়ে বংশপরম্পরা ভাড়া বাড়ীতে রইলাম। তাই এককালীন টাকা না দিয়ে ইন্সটলমেন্টের মাধ্যমে যাতে টাকা দেওয়া যায় তার ব্যবস্থা করুন। বিজ্ঞাপন দেওয়া হয়েছে সল্টলেকে যেখানে এ, আই, সি, সি, সেসন হলে বাড়ীগুলি কমপ্লিট হয়ে গেছে, বিক্রী হবে অথচ তা কিনবার লোক নাই। ১৯৭০ সালে বাড়ী কমপ্লিট হয়েছে, অথচ আজও বাড়ীগুলি বিক্রী হচ্ছে না।

[1-35 1-45 p.m.]

এত অবাস্তব চিন্তাধারা, এই চিন্তাধারার পরিবর্তন করার প্রয়োজন আছে। আমি জানি পুলিস বিভাগের কিছু কিছু বড় বড় কর্মচারীদের এই সব বাড়ী বিলি করা হয়েছে। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিয়েছে গরীব টেনেন্টদের ওনারশিপ দেবার জন্য। সে উদ্দেশ্য সম্পূর্ণ-রূপে ব্যর্থ হয়েছে। কিভাবে সেটা হল সেটা চিন্তা করার প্রয়োজন আছে। আর একটা কথা হাউসিং ডিপার্টমেন্ট সমন্ধে বলি। এই বাড়ী বিলি করার ব্যাপারে বলা হয়েছে যে যারা লটারীতে ১ম হবে তাদের বাড়ী দেওয়া হবে। কিন্তু অপরদিকে আমরা দেখেছি যে তারা সে বাড়ী ডিস্ট্রিবিউট করলেও ব্যবহার করছে না। আমি যে কথা বলতে চাই যে ডাঃ বিধান চন্দ্র রায় আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি এটা করেছিলেন তিনি ইজি ইনস্টলমেন্টের কথা বলে গেছেন। সেই ইজি ইনস্টলমেন্টের মাধ্যমে যদি আমরা গরীব টেনেন্টদের ওনারশিপ দেবার ব্যবস্থা করি তাহলে তাঁর সে চিন্তা আমরা বাস্তবে রূপ দিতে পারবো। আমরা যদি অন্যান্য ষ্টেটের দিকে দেখি তাহলে দেখবো যে বোম্বে, অন্ধ্র, মহা-রাষ্ট্র, দিল্লি, ইত্যাদি ষ্টেটে সেখানে তাদের ফ্ল্যাট দেওয়া হয়েছে। কিন্তু আমাদের ষ্টেটের এক বিচিত্র আইন। এটা কেন হচ্ছে তা আমি বুঝতে পারছি না। এখানে ভ্যালু-য়েসানের কথা বলা হয়েছে। কোন বিল্ডিং-এর ভ্যালুয়েসান আজ পর্য্যন্ত কমপ্লিট হল না। এই নমিনাল ব্যাপারে ভ্যালুয়েসান যদি কমপ্লিট না হয় তাহলে কি করে বিক্রি হবে। আমাদের মন্ত্রিমহাশয় চাচ্ছেন ভ্যালুয়েসানের লিস্ট। কিন্তু আজ পর্য্যন্ত সে ভ্যালুয়েসান কমপ্লিট হল না। তাই আমি নিবেদন করবো যে তিনি একসঙ্গে কলকাতার সমস্ত বাড়ী না করে আপনি এক একটা ফ্ল্যাটের ব্যবস্থা করুন। সবচেয়ে বড় যেটা মানিকতলা হাউসিং ষ্টেট তার ভ্যালুয়েসান ঠিক করার কথা আমি আপনাকে বলছি। আমি এ ব্যাপারে আপনার কাছে দাবী রাখছি যে ৭ দিনের মধ্যে সেখানের ভ্যালুয়েসান ঠিক করে দেওয়া হোক উইদিন এ উইক ভ্যালুয়েসান ঠিক করা হোক ও তা এখানে ঘোষণা করা হোক। আমি

বলি যে যদি ভ্যালুয়েসান করাই উদ্দেশ্য হয় তাহলে আপনারা এই সব করুন। আজকে পরিবারবর্গকে পথে বসিয়ে নিশ্চয়ই তাদের ভাড়া আদায় করা সম্ভব নয়। তাই আমি বলবো এভিকসান বন্ধ করে তাদের সে পরিবারবর্গকে বাঁচান। তাদের পথে না বসিয়ে যাতে তাদের এ্যালাউ করা যায় দেখুন। আর আমি একটা কথা বলবো যে সেখানে ডেপুটী সেকরেটারী মিঃ চক্রবর্ত্তী আছেন—তিনি একজন অভিজ্ঞ লোক তাকে ভার দেওয়া হোক। আমি একটা কথা বলবো যে এই সমস্ত ফ্ল্যাটে দেখা যাচ্ছে যে বাঙ্গালী অনেক জায়গায় বেশী নাই। আজকে কলকাতায় দিনের পর দিন অবাঙ্গালীতে ভরে যাচ্ছে। আজকে কাশীপুর ফ্ল্যাটে নন-বেঙ্গলীতে ভরে যাচ্ছে। এইসব ফ্ল্যাটে যদি গরীব লোকেদের দেওয়া হতো তাহলে তারা সেখানে থাকতে পারতো। আজকে যাতে গরীব বাঙ্গালীদের দেওয়া হয় সেই কথা আমি বলবো। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে আপনি দেখুন আজকে নন-বেঙ্গলী সেইসব ফ্ল্যাটের মালিক হচ্ছে। তাই আমি বলবো যে কলকাতায় যদি বাঙ্গালীদের স্থান দিতে হয় তাহলে আমার অনুরোধ যে সুচিন্তিত পরিকল্পনার মাধ্যমে ইউনিফর্ম রেটের মাধ্যমে এ্যাডজাষ্টমেন্টের মাধ্যমে ব্যবস্থা আপনি গ্রহণ করুন। তা না হলে এই বিল আনার যে উদ্দেশ্য তা ব্যর্থ হবে। গরীব মানুষ, মধ্যবিত্ত মানুষ বা নিম্ন মধ্যবিত্ত মানুষ এর কাজে লাগবে না। আজকে এতে কোটী কোটী টাকা চলে যাচ্ছে অথচ এই সব মানুষেরা তার মালিক হতে পাচ্ছে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ॥

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি বলে রাখি যে, যে সংশোধনী এসেছে সেটাকে আমি সমর্থন করছি। প্রথম যখন এই এ্যাপার্টমেন্ট ওনারশিপ বিল পাশ হয় তখন সমস্ত মানুষের মনে আনন্দের সঞ্চার হয়েছিলো। যারা নিম্ন মধ্যবিত্ত ফ্যামিলির লোক—যে সমস্ত লোকের সঙ্গতি নেই ঘরবাড়ী করার তারা ভেবেছিলো যে তাদের একটা সুযোগ সরকারের পক্ষ থেকে দেওয়া হবে। তারা ভেবেছিলো এর ফলে তারা ফ্ল্যাটের মালিক হতে পারবে। কিন্তু ১৯৭২ সালে আইন পাশ হবার পরেও কিন্তু এর কোনরকম ইমপ্লি-মেন্টেসান হয় নি।

আমি সে সম্পর্কে পরে বলব। এখন যে সংশোধনী এসেছে এবং যে সংশোধনীগুলির প্রায় সব কটিরই সমর্থন করছি এবং করে যে যে আশঙ্কাগুলি আমার থেকে যাচ্ছে সেই আশঙ্কাগুলি আমি আগেই এই সভার সমনে উপস্থিত করছি। যে উদ্দেশ্য নিয়ে এই সংশোধনী আনা হয়েছে সেটা হচ্ছে সাধারণ মানুষ যাতে এই ফ্ল্যাট নেবার সুযোগ পায়—কিন্তু বাস্তব অবস্থায় দেখা যাচ্ছে কো-অপারেটিভ সোসাইটি বা ইত্যাদি কিছু কিছু যা তৈরী হয়েছে সেখানকার অভিজ্ঞতা পরম্পরা শুনে আমার যা অভিজ্ঞতা হয়েছে সেটা আমি মন্ত্রীসভার সামনে উপস্থিত করছি। দেখা যাচ্ছে সেই বাড়ী, ফ্ল্যাট কেনার পরে ফ্ল্যাটের মালিকানা কিন্তু কিছু চলে যাচ্ছে এমন সব লোকের হাতে যাদের প্রচুর টাকা আছে এবং যাদের আমরা বলি কালোবাজারী এবং যাদের কালো টাকা আছে এবং এই সংশোধনীটা আনার চেষ্টা করেছেন এর মূলে উদ্দেশ্যকে সফল করার জন্য। এখানে বলা দরকার এই বাড়ীর একটা কো-অপারেটিভ করে অনেকে মিলে নিয়েছেন। কিন্তু এই সংশোধনীর মধ্যে দিয়ে আমি যে কথা বলতে চাই সেটা কিন্তু সংশোধন হচ্ছে না সেটা হচ্ছে, যাদের হাতে কালো টাকা আছে সেই কালো টাকাওয়ালারা গভর্ণমেন্টের এই সুযোগের মধ্যে দিয়ে আরো প্রচুর লাভ করার সুযোগ পাচ্ছে এবং সেই সুযোগকে ঠেকাবার কোন ব্যবস্থা এই সংশোধনীর মধ্যে এমন কোন আইনমন্ত্রী সভা বেঁধে দিতে পারেন নি যে সেই কালো-বাজারীরা আরো কালো টাকার সুযোগ থেকে বঞ্চিত হবেন। উদাহরণস্বরূপ আমি বলছি যেমন ধরুন কো-অপারেটিভ সোসাইটি করে একটি বাড়ী তৈরী হল, সেই বাড়ীর এখন যা নিয়ম তাতে হচ্ছে ওয়ান থার্ড যিনি ব্যক্তিগত ফ্ল্যাটের মালিক হবেন তিনি দেবেন অর্থাৎ ৩০ পারসেন্ট যিনি ব্যক্তিগত ফ্ল্যাটের মালিক ওনার হবেন তিনি দেবেন আর বাকী সমস্ত ৭০ পারসেন্ট গভর্ণমেন্টের কাছ থেকে লোন নেবেন। এখন এই গভর্ণমেন্টের

কাছ থেকে যে লোন নিচ্ছেন, এই লোনটা কি? এই লোনটা হচ্ছে পাবলিক মানি। সেই ব্যক্তিকে সুযোগ করে দেবার জন্য ৭০ পারসেন্ট পাবলিকমানি লোন দেওয়া হচ্ছে। যেমন ধরুন এক একটি ফ্ল্যাটের দাম ৬০।৭০ হাজার টাকা পড়ছে। সম্প্রতি অনেক বাড়ী তৈরী হয়েছে দেখলাম। এখন এই ৬০ হাজারের মধ্যে ১৮ হাজার টাকা কেবলমাত্র ফ্ল্যাটের ওনার যিনি তিনি দিচ্ছেন, আর ৪২ হাজার টাকা গভর্ণমেন্ট লোন দিচ্ছেন। এখন এই লোন নিয়ে কিভাবে কালোবাজারে টাকা করছেন সে সম্বন্ধে আমি একটি উদাহরণ আপনার সামনে উপস্থিত করছি। এই ধরুন ১৮ হাজার টাকা দিয়ে আমি একটি ফ্ল্যাটের মালিক হলাম। কিন্তু কো-অপারেটিভ সোসাইটির আইন রয়েছে এক ব্যক্তি একটির বেশী কো-অপারেটিভ সোসাইটির মেম্বার হতে পারবেন না। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে একজন ব্যক্তি বেনামে ৮।১০টি কো-অপারেটিভ সোসাইটির মেম্বার হয়ে যাচ্ছেন এবং আইনে ঠেকবার কোন ব্যবস্থা নেই, বেনামে ঐ বাড়ীগুলি তারা কিনছেন। এখন কথা হল ধরুন ১৮ হাজার টাকা দিয়ে আমি একটি ফ্ল্যাটের মালিক হলাম এবং ৪২ হাজার টাকার যে লোন সেই লোনের মধ্যে ঐ ৩৩'৫---আমি এত বিস্তারিত ব্যাখ্যায় যাচ্ছি না, সেই টাকা আমাকে শোধ দিতে হবে প্রতি মাসে। ধরুন ৩৫০ টাঃ ভ্যালুয়েসন আমার পড়ল যেটা আমি গভর্ণমেন্টের লোন বাবদ প্রতি মাসে শোধ দিচ্ছি।

[4-45---4-55 p.m.]

সাড়ে তিনশো আর ধরুন যে ট্যাক্স করপোরেসানকে আমাকে দিতে হবে সেটা একশো দেড়শো টাকা। অর্থাৎ কিনা ১৮ হাজার টাকা দিয়ে বাড়ীতে ঢুকে প্রথম মাস বাস করে দিচ্ছি পাঁচশো টাকা করে। তাতে হচ্ছে যিনি অত্যন্ত বেশি টাকার মালিক তিনি ১৮ হাজার টাকা দিয়ে ফ্ল্যাট কিনে তিনশো কি সাড়ে তিনশো টাকা গভর্ণমেন্টের লোনের জন্য শোধ দিলেন এবং দেড়শো টাকা করপোরেসানের ট্যাক্স দিলেন। পাঁচশো টাকা খরচ করলেন কিন্তু সেই ফ্ল্যাট অন্য লোককে ভাড়া দিলেন। সেটা কত তে দিলেন? আমি দেখেছি যে সমস্ত জায়গাতে ভাড়া দেওয়া হয়েছে সেখানে ৮শো ৯শো টাকাতে ভাড়া দেওয়া হয়েছে। তিনি পাঁচশো টাকা ঠিকই দিচ্ছেন কিন্তু তিন চারশো টাকা লাভ হচ্ছে। এইটা হচ্ছে একটা ফ্ল্যাটের ক্ষেত্রে। এখন যদি বেনামিতে ৮।১০ টা ফ্ল্যাট থাকে তাহলে এক একটাতে তিনশো চারশো করে ৩২শো টাকা নেট লাভ হবে। এই যে কালোটাকা দিয়ে ফ্ল্যাট কিনে প্রফিট করার সুযোগ পাচ্ছেন বা করছেন সেদিকে দেখুন। আমি জানি গড়িয়াহাটের কাছে যে শিবনাথ শাস্ত্রী হাউসিং স্টেট বা গড়িয়াহাট হাউসিং স্টেট সেখানে ৩০।৪০ পারসেন্ট ফ্ল্যাট নিয়ে ভাড়া দিয়েছে অন্য লোককে। আমার কলেজের কাছে বলে খবর নিতে পেরেছি। সেখানে ৮।৯ শো টাকা দিয়ে অন্য লোককে ভাড়া দিয়েছে। দেখুন তাহলে পাঁচশো টাকা দিচ্ছে আর ৮।৯ শো টাকাতে ভাড়া দিয়ে রেখেছে। তাহলে দেখুন কি রকম-ভাবে লাভগুলো হচ্ছে এবং শুধু তাই নয় এই রকম যে সাধারণ লোককে সুযোগ করে দেওয়া হবে এমন কোন আইন বা সেফ গার্ড নেই। এই সম্পর্কে ভাবতে হবে। নয়তো এই বাড়ীগুলো খুব শীঘ্রেই চলে যাবে ফাটকাবাজদের হাতে। অথবা যে সমস্ত লোকের অনেক টাকা আছে তারা সেই টাকাকে এই সুযোগে ব্যবহার করবে এবং গভর্ণমেন্টের যে সৎ উদ্দেশ্য-এ করেছেন সেটা সিদ্ধ হবে না। দ্বিতীয়তঃ আপনি বলেছেন বেনামী বন্ধের জন্য আপনি ক্লজ এনেছেন। সেখানে বেনামী যদি কেউ নেয় তাহলে যার নামে বেনামী হল তিনি ডিক্লেয়ার না করলে এইটা তার নামে বর্তাবে না। এই যে বেনামীর কথা বলছি এই যে কালোবাজারীর কথা বলছি সেটা রোধ করা যাবে না। আমি এখন মন্ত্রি-মহাশয়কে বিস্তৃতভাবে ব্যাখ্যা করে বলতে পারবো না। কারণ বক্তৃতা দেবার বেশী সময় নিশ্চয় পাবো না। আমি সেইজন্য মোটামুটি কথাগুলো বলছি। পরে মন্ত্রিমহাশয়কে সুবিধা-সুযোগমতো বলবো। তারপর যে কথাগুলো বলবো সেগুলো ট্রান্সফার এবং ডিসট্রেস সম্বন্ধে। আমি একটু আগে মন্ত্রিমহাশয়ের সঙ্গে কথা বলছিলাম যে কো-অপরেটিভ সোসাইটিস এ্যাক্টে বা ট্রান্সফার অফ প্রপার্টি এ্যাক্টে যে কথাগুলো লেখা আছে যে আমি ট্রান্সফার করতে পারি। অর্থাৎ এই সরকারের চাকরি বা বেসরকারী চাকরি যারা করেন তারা হয়তো ট্রান্সফার হয়ে গেলেন ট্রান্সফার হওয়ার পর সেটা ভাড়া দিয়ে দিতে পারে।

আর ডিসট্রেস হচ্ছে যে একজন ভদ্রলোক কিনেছেন তিনি মারা গেলেন তার স্ত্রী সেই গভর্ণমেন্ট লোন শোধ করার মতো টাকা নিয়ে তিনি নিতে পারেন। এখন যে নিয়ম হয়েছে যে প্রত্যেককে ইনসিওর করতে হবে এবং সেই ভদ্রলোক যদি মারা যান তাহলে ইনসিওরেন্স থেকে তার টাকার বাকিটা নিয়ে নেওয়া যাবে। কাজেই ডিসট্রেসের নামে যে কারচুপি চলছিল সেটা তুলে দেওয়া উচিত।

তার জন্য যদি প্রয়োজন হয় আইন সংশোধন করা দরকার এবং সে কাজ নিশ্চয় করতে হবে। তৃতীয় হচ্ছে নিশ্চয় এটা একটা খুব ভাল জিনিস। ট্যাক্সের ক্ষেত্রে এর আগে পর্যন্ত যা চলছিল যে হরাইজেনট্যাল ট্যাক্স এ্যাসেসমেন্ট করে---হরাইজেনট্যাল এ্যাসেসমেন্ট করে অর্থাৎ সমস্ত বাড়ীর উপর ভ্যালুয়েসন করার পর যে বিগ স্লাব যেটা ধার্য হোত ট্যাক্সের ক্ষেত্রে সেটা আবার প্রত্যেক ওনারদের মধ্যে ভাগ করে দেওয়া হোত। যার ফলে প্রত্যেককে অনেক বেশী টাকা ট্যাক্স হিসাবে দিতে হোত। এখন আমি একটু আগে জিজ্ঞাসা করেছিলাম যে এখানে যে ট্যাক্স---ক্লজে যেটা আছে ৯নং ক্লজে বলছে কি---যে ইণ্ডিভিজুয়েল যে ওনার, বাড়ীর সে ইণ্ডিভিজুয়েল ওনার---তার স্লাবের যে ভ্যালু হবে সেই ভ্যালুর উপর তাকে করপোরেসন ট্যাক্স দিতে হবে। এটা যদি এই মানে হয়ে থাকে তাহলে নিশ্চয় এটা খুব বড় কথা এবং এরজন্য নিশ্চয় মন্ত্রিমহাশয় অভিনন্দনযোগ্য যার জন্য আমরা অনেক দিন ধরে লড়াই করেছিলাম যে ইন্‌ডিভিজুয়্যাল এ্যাপার্টমেন্টের বেসিসে এই করপোরেসন ট্যাক্স বা এ্যাসেসমেন্ট করা উচিত। কিন্তু এখানে ভাষা পড়ে আমাদের সন্দেহ হচ্ছে যে সেটা খুঁটিয়ে পরিষ্কারভাবে এখানে লেখা নাই। আমাদের সন্দেহ হচ্ছে সমস্ত ফ্ল্যাটগুলি একসঙ্গে ধরে ধরুন---কোনটার ভ্যালু ২০০ টাকা, কোনটার ভ্যালুয়েসন করপোরেসন থেকে ৩০০ টাকা ধরলে সমস্তগুলি মিলে হয়তো কয়েক হাজার টাকা হোল এবং ঐ যে বড় স্লাবের উপর যে ট্যাক্স হবে সেটা আবার সকলের মধ্যে যদি ভাগ করে দেওয়া হয় তাহলে কিন্তু সেই ট্যাক্স অনেক বেশী থেকে যাবে। কাজেই এই ভাষা কিন্তু খুব পরিষ্কার নয় বা যে উদ্দেশ্যে হয়তো মন্ত্রিমহাশয় এটা করতে চেয়েছেন যাঁরা ড্রাফ্‌ট করেছেন সেই ড্রাফ্‌ট ঠিকমত হয়নি। এখানে অনেক ভুল বোঝাবুঝির সম্ভাবনা আছে। সেইজন্য পরিষ্কার করে এটা বলে দিতে চাইছি এবং মন্ত্রিমহাশয় নিশ্চয় এটা চাইবেন। তার জন্য যদি কোন ভাষা বদল করে দিতে হয় সেটা তিনি দেবেন। ঐ যে ইণ্ডিভিজুয়াল এ্যাপার্টমেন্ট সেই এ্যাপার্টমেন্টের যাদের ওনারসিপ আছে তাদের যে ভ্যালু হবে---অর্থাৎ দুশো টাকা কি একশো টাকা---কি তিনশো টাকা---সে তিনশো কি দুশো টাকার উপর যেন ঐ ট্যাক্স হয়। তাহলে যে নিম্ন মধ্যবিত্ত সাধারণ মানুষদের জন্য ফ্ল্যাট করবার আপনি যে উদ্দেশ্য নিয়েছেন সেই উদ্দেশ্য সার্থক হবে---নতুবা ঐ কালোবাজারীদের আরও কালোবাজারী করবার সুযোগ এর মধ্যে থেকে থেকে যাবে। সেদিক থেকে নিশ্চয় সতর্ক থাকতে হবে। আর একটি বিষয় যেটার উপর সংশোধনী দিয়েছি ঐ ১০ নং ক্লজ সম্বন্ধে একটু ভেবে দেখা দরকার। নিশ্চয় এখানে পেনালটি সম্পর্কে একটা আইনের কথা উঠেছে এবং বিভিন্ন জায়গায় যে সমস্ত হাউসিং এষ্টেট আছে বা সি. আই. টির যে সমস্ত ফ্ল্যাট আছে সেখানকার সম্বন্ধে আমাদের কিছু কিছু অভিজ্ঞতা আছে তাতে আমরা জানি ইণ্ডিভিজুয়েলদের অনেক রকম আচরণ আছে নিশ্চয় তা গ্রহণযোগ্য নয়। সেখানে পেনালটির ব্যবস্থা আছে---আমরা এটা সমর্থন করি। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের এমেণ্ডমেন্ট আছে যখন আমরা মুভ করবো সে সম্পর্কে আরও ভাল করে বলবো---সেটা হচ্ছে ধরুন সমস্ত বাড়ীগুলি যখন ইণ্ডিভিজুয়েল ওনারসিপের মধ্যে আসবে সেটা একলা আসতে পারে না--- আপনাকে কো-অপারেটিভ অথবা এ্যাসোসিয়েসন অথবা সোসাইটির মাধ্যমে আসতে হবে এবং তার যে ম্যানেজমেন্ট হবে সেই ম্যানেজমেন্টে সব সময় খুব ভাল লোক আসবে তা মনে করার কোন কারণ নাই। কাজেই সেই ম্যানেজমেন্টের বিরুদ্ধে যাতে এ্যাপার্টমেন্ট ওনাররা কিছু করতে পারে সেই রকম রাইট তাদের দেওয়া উচিত। সেই ম্যানেজমেন্টের বিরুদ্ধে তারা কম্পিটেন্ট অথরিটির কাছে যেন তারা নালিশ করতে পারে। যেমন মনে করুন আমি একটা এ্যাপার্টমেন্টের মালিক, এখানে একটা ম্যানেজমেন্ট আছে---সেক্রেটারী বলুন, ম্যানেজার বলুন আছেন তারা হয়তো খুব খারাপ লোক---এখানে আমরা যে মাসে মাসে করপোরেশন ট্যাক্স দিয়ে যাচ্ছি---তাদের কাছে জমা দিচ্ছি---তিনি হয়তো সেই টাকা জমা ৭।৮।৯ মাস

দিলেন না। এখন সেই ম্যানেজার বা সেক্রেটারীর দোষের জন্য সমস্ত লোকেরা মুস্কিলে পড়বে। তার জন্য এই যে ওনারদের যে কতকগুলি রাইট দিচ্ছে সেই রাইটের মধ্যে এটা একটা রাইট দিতে বলছি যার ফলে ঐ ইণ্ডিভিজুয়্যাল ওনাররা সোসাইটির ম্যানেজমেন্ট বা ম্যানেজারের বিরুদ্ধে কিছু করতে পারবে এবং এই রকম ধরণের একটা বডি তৈরী হবে যাতে সেখানে তাদের বিরুদ্ধে তারা নালিশ করতে পারবে এবং শাস্তি পাবার যোগ্য হবে।

[4-55—5-05 p.m.]

আজকে যে সংশোধনী এখানে এসেছে সেই সংশোধনী সম্পর্কে কতকগুলি সর্তকবাণী উচ্চারণ করলাম। তারপর স্যার, যদিও এই বিলের প্রসঙ্গে নয় তবুও আর একটা কথা এই সঙ্গে বলে রাখা দরকার সেটা হচ্ছে, ১৯৭২ সালে এপার্টমেন্ট ওনারশিপ বিল পাশ হয়ে গিয়েছে কিন্তু এখনও পর্যন্ত গভর্ণমেন্টের অধীনে যে সমস্ত বাড়ী রয়েছে তারা কিন্তু মালিকানা পান নি। অনেকেই এ সম্পর্কে আমাদের প্রশ্ন করেন কিন্তু আমরা খুব পরিষ্কার উত্তর কিছু দিতে পারি না। আপনারা এই সংশোধনী আইনের মধ্যে আজকে দেখছি স্কোপ অনেক বাড়িয়েছেন খুব ভাল কথা। সেখানে ধরুন যদি সি. আই. টি আসে তাহলে তারা এই আইনের মধ্যে আসতে পারে, যদি কেউ লিজ নিয়ে বাড়ী করেন এই আইনে আসতে পারেন, কাজেই এর পরিধি অনেক বেড়েছে খুব ভাল কথা। গভর্ণমেন্ট এস্টেটে যারা রয়েছেন বা সি. আই. টি স্টেটে যারা রয়েছে তারা যদি এখনই এ্যাপ্লাই করে তাহলে এই আইনের আওতায় আসতে পারেন এবং তাদের ইনডিভিজুয়াল ওনারশিপ দিতে পারেন। কিন্তু সেখানে সেটা দেবার ক্ষেত্রে কেন এত দেরি হচ্ছে তা বুঝতে পারছি না। একটা আইন পাশ হয়ে যাবার বহুদিন পরেও তার ইমপ্লিমেণ্টেসান না হবার ফলে নানান দিক থেকে নানান প্রশ্ন আসছে। অনেকদিন আগে কাগজে একটা বিবৃতি দেখেছিলাম কিন্তু তারপরে সত্যিকারের কি ডিসিসান হয়েছে বা তার জন্য কোন আইন আনবেন কিনা সে সম্পর্কে কিন্তু কোন কথা এতে নেই। যারা লিজ নিয়েছে বা গভর্ণমেন্টের আণ্ডারে যে সমস্ত বাড়ী তৈরি হয়ে আইনে এসেছে তাদের যেমন ঐ ৭০ পারসেন্ট লোন আর ৩০ পারসেন্ট নিজে দেবে ঠিক তেমনি গভর্ণমেন্টের ফ্ল্যাটে যারা বাস করছে তারা যখন মালিক হবেন তখন তাদের জন্য কি ব্যবস্থা হবে সে সম্পর্কে কিন্তু কোন কথা নেই। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্পর্কে বলবেন এবং যাতে খুব তাড়াতাড়ি হয় সেটা দেখবেন। মানিকতলার কথা এখানে অনেকে উল্লেখ করেছেন। মানিকতলা আমার কন্সটিটিউয়েন্সীর মধ্যে, সেখানে যদি সকলের আগে হয় তাহলে আমিই সবচেয়ে বেশী খুশি হব। কিন্তু শুধু মানিকতলার কথা আমি বলতে চাই না সমস্ত ফ্ল্যাটের ব্যাপারেই যাতে অতি শীঘ্র ব্যবস্থা হয় সেজন্য মন্ত্রিমহাশয় দেখবেন এ আশা আমি করছি। মাননীয় মন্ত্রিমহাশয় যে সংশোধনী এনেছেন তাতে ভাল জিনিষ কিছু আছে কিন্তু যে সমস্ত বিষয়ে সতর্ক করে দিলাম সেগুলি আশা করি দেখবেন। তা ছাড়া ওনার্সদের রাইট সম্পর্কে যে সংশোধনী দিয়েছি সেটা আশা করি বিবেচনা করে দেখবেন। এই বলে আমি শেষ করলাম।

Shri Ananta Kumar Bharati :
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীতিমির বরণ ভাদুড়ী মহাশয় বলে গিয়েছেন, এ ভোলানাথ সে ভোলানাথ নয়। অতীতের ভোলানাথ ছিলেন গাঁজা ভাং খাওয়া আর বর্তমানের ভোলানাথ শান্ত, সৌম্য। স্যার, সেই ইঙ্গিত আজকে যে বিল এনেছেন তার মধ্যে, আমরা দেখতে পাচ্ছি। স্যার, কর্পোরেশনের কাউন্সিলার হিসাবে দেখছি বিভিন্ন বাড়ীর ট্যাক্সের হিয়ারিং'এর ব্যাপারে যখন নাগরিকরা আমাদের কাছে যেতেন তখন বলতেন, আমরা সামান্য একটা ফ্ল্যাটের অধিকারী অথচ আমাদের উচ্চ হারে ট্যাক্স দিতে হচ্ছে যেটা আমাদের পক্ষে সামলানো কষ্টকর। আজকে এ্যামেণ্ডমেন্ট এনে সেই ফ্ল্যাটের যারা অধিকারী তাদের সেই ট্যাক্সের স্লাব থেকে রক্ষা পাবার সুযোগ দেওয়া হয়েছে এটা খুবই আনন্দের এবং সুখের বিষয়। কাজেই নিশ্চয় আমরা মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিলকে সমর্থন জানাব এবং আশা করি নাগরিকরাও নিশ্চয় এই বিলকে অভিনন্দিত করবেন, তারাও আনন্দিত হবেন।

এবং নাগরিকরা এতে নিশ্চয়ই আনন্দিত হবে। আমার মোদ্দা কথা হচ্ছে, পশ্চিমবঙ্গের গৃহ সমস্যা একটা ভয়াবহ সমস্যা। আমি মনে করি ভোলাবাবু একজন বিগেস্ট ল্যাণ্ডলর্ড ইন ওয়েস্টবেঙ্গল। তাঁর কাছে আমার হাম্বল সাব্‌মিশন, আমরা আজকে সমাজতন্ত্রের কথা বলি এবং সাধারণ মানুষের দুঃখ দুর্দশা দুর করার কথা বলি---তিনি এই সব কোয়ার্টার্সে যারা বাস করেন তারা যাতে সুষ্ঠুভাবে বাস করতে পারে---এই বাড়ীর মালিক হবার জন্য বেশী বিব্রত হ'তে না হয়, সেইজন্য বাড়ী ভাড়ার উপর কিছু অতিরিক্ত বেশী দিয়ে যাতে বাড়ীর দাম শোধ করতে পারে সেদিকে লক্ষ্য রেখে করবেন। এখানে বলা হয়েছে যে এই টাকাগুলো একসঙ্গে দিতে হবে। আজকে মানিকতলার কথা শ্রদ্ধেয়া ইলা মিত্র মহাশয়া বললেন, আজকে সেই সমস্ত কোয়ার্টার্সে যারা আছেন, তারা দীর্ঘদিন ধরে সেখানে বাস করছেন। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, যাদের ওনারশিপ দেওয়া হবে, তাদের এইভাবে দেওয়া হোক। যেদিন থেকে তারা গৃহ দখল নিয়ে আছে, সেদিন থেকেই তারা পেমেন্ট করে আসছেন, তার উপর ভ্যালুয়েশন করে, যাতে তারা ইজি ইন্সটলমেন্টে দিতে পারে তার ব্যবস্থা করুন। কারণ সরকার বাড়ী করেছেন মানুষের দুঃখ দুর্দশা দুর করবার জন্য। আর একটা কথা এই প্রসঙ্গে বলবো, সরকারী ফ্ল্যাট তো নো ম্যান্স ল্যাণ্ড নয়, যখন সরকার থেকে মালিকানা দেওয়া হবে, তখন নিশ্চয়ই সেখানে একটা কমিটি থাকবে, যারা দেখাশুনা করবে, ম্যানেজমেন্ট থাকবে, যতদিন পর্য্যন্ত না সরকারের কাছে টাকা শোধ না হয়। যারা সেই ফ্ল্যাটের অধিকারী হবে, তাদের যেন সরকারী মানুষের সঙ্গে সদস্য করে নেওয়া হয় তাহলে সমস্যার সমাধান করতে সুবিধা হবে। এভিক্‌শনের কথা বলা হয়েছে-----সাধারণ বাড়ীতে একটা মানুষের কাছে একটা বাড়ীর জন্য টাকা বকেয়া পড়লে তাকে কোর্টে গিয়ে বছরের পর বছর কেস করতে হয়, কেসে ডিক্রি পেতে ১০ বছর লাগে। কিন্তু সি, আই, টি, ফ্ল্যাটে বা হাউজিং স্টেটে সরকারের তরফ থেকে একটা কাগজ দেখিয়েই করা সম্ভব হবে। কিন্তু উচ্ছেদ করার ব্যাপারে সরকারকে আমি বলবো এই বিষয়ে যেন অত্যন্ত সহানুভূতিশীল মনোভাব নিয়ে যেন এগিয়ে যান। এই নিয়মের পরিবর্তনের দরকার আছে। আমি যে অঞ্চলে বাস করি, সেখানে কয়েকটি সি, আই, টি এবং হাউজিং এস্টেট আছে, সেখানে আজও সেই ব্রিটিশ আমলের ১৯১১ সালে যে আইন তৈরী হয়েছিল, সেক্‌শন ১৫৭, সেই আইন এ্যাপ্লাই করে সেখানকার অধিবাসীদের উচ্ছেদ করা হয়েছে। আমি জানি যে সময়ে ঐ আইন তৈরী হয়, সেই সময়ে ওখানে কোন মানুষ বাস করতে যেত না। সেখানে বর্তমানে জন সমাগম হয়েছে এবং সেখানকার মূল্য বৃদ্ধি হয়েছে আজকে ১২ বছর ১৩ বছর ধরে সেখানে সেই সব অধিবাসীরা রয়েছেন, সেই সব অধিবাসীদের উচ্ছেদ করবার জন্য বিভিন্ন ফন্দি করা হচ্ছে। এই বিষয় মন্ত্রিমহাশয়কে সহানুভূতির সঙ্গে বিবেচনা করবার জন্য অনুরোধ করবো। এই বিষয়ে দিয়ে রামকৃষ্ণ সারাওগী এবং ভোলাবাবুর সঙ্গে বহুবার দেখা করেছি। আজকে বহু হাউজিং এস্টেট আছে যার মালিকানা দেওয়া হয়নি, যার ভ্যালুয়েশন আজ পর্য্যন্ত হয়নি, এই বিষয়ে যথাশীঘ্র ভ্যালুয়েশনের ব্যবস্থা করবেন।

[5-05--5-15 p.m.]

গভার্ণমেন্ট হাউসিং এস্টেট-এর যে সমস্ত বিল আছে সে সম্পর্কে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে তিনি সেই বিল কয়টি এখানে উৎথাপিত করবেন এবং আশা করব তিনি পশ্চিমবাংলার যে গৃহসমস্যা, তাকে সামনে রেখে এবং সেই সমস্যার সমাধানের দিকে এগিয়ে যাবেন। তারপর আর একটি প্রশ্ন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি যে, আজকে এই যে এপার্টমেন্ট ওনারসিপ (এমেণ্ডমেন্ট) বিল উৎথাপন করেছেন এটা কি শুধু সরকারী ক্ষেত্রেই প্রযোজ্য হবে, না বহু প্রাইভেট সেক্‌টর আছে, যারা বিভিন্ন সময় বাড়ী করে তার ফ্ল্যাট ডিস্ট্রিবিউশন করেন তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে? এই কয়টি কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল উৎথাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Biswanath Chakrabarti:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিলটি আমাদের গৃহমন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন আমি তার মধ্যে বিরোধিতা করার কিছু দেখছি না। যদিও সংশোধনীর সুযোগটা খুবই সীমাবদ্ধ

এবং অস্পষ্ট সংশোধনী তিনি এনেছেন, সুতরাং একে সমর্থনই করছি এটা বলা যেতে পারে। এই প্রসঙ্গে ২।৪টি কথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না, যদিও হাউসিং-এর আলোচনার সময় আমি সুযোগ পাইনি বলার জন্য। তাই ২।৪টি কথা মন্ত্রী আছেন এবং রাষ্টমন্ত্রীও আছেন, তাঁদের এই প্রসঙ্গে বলতে চাই। অনন্তবাবু আমার শ্রদ্ধেয়, উনি মন্ত্রিমহাশয়ের কাছে বলছেন এবং পশ্চিমবাংলার গৃহ সমস্যার সমাধানের আহ্বান জানিয়েছেন। আহ্বানটা খুবই বেশী তাতে সন্দেহ নাই। অন্যান্য সমস্ত সমস্যার মত গৃহ সমস্যার সমাধান করে দেবার দাবী ভোলানাথবাবু করবেন এটা আমি আশা করি না, কেননা বেশী কথা হবে, বাজে কথা হবে। বাজে কথা হবে, কারণ এই বিলে সে স্কোপ নেই। পশ্চিমবাংলার গৃহসমস্যার বেশী হচ্ছে গ্রামের মানুষের, সে সম্পর্কে উল্লেখ যোগ্য পদক্ষেপ পশ্চিমবাংলায় নেওয়া হয়নি। ভোলানাথবাবু সেই পদক্ষেপ যখন নেবেন তখন চিন্তা করে দেখব, তার আগে এই এ্যামেণ্ডমেণ্ট সম্পর্কে ২।৪টি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে আইনটা পাশ হয়েছিল যে, বাড়ীর মালিকানাই শুধু নয় ফ্লাট বা এপার্টমেন্টের মালিকানাও দেওয়া হবে লোকেদের। খুব ভাল কথা, সকলেই বললেন, সমস্ত সদস্যরা। পশ্চিমবাংলা সরকারের যে গৃহগুলি আছে, হাউসিং এস্টেটগুলি আছে বিশেষ করে মধ্য-আয়ের যে ফ্ল্যাটগুলি আছে, তার মালিকানা দেবার সিদ্ধান্ত হচ্ছে। তবে সে সম্পর্কে কতদূর কি এগিয়েছে জানি না; ইত্যাদি বললেন, অনন্তদা বললেন যে, বহু মানুষ প্রশ্ন করে এবং এই প্রশ্নটা আছে। যারা আরো নিম্ন-আয়ের মানুষ, লোয়ার ইনকাম গ্রুপ, যারা বাড়ী নিয়ে আছেন, দুখানা ঘর নিয়ে আছেন—দুখানা ছোট ঘর, যার ভাড়া ধার্য করেছেন রামকৃষ্ণ সারগী মহাশয় এবং ভোলাবাবু প্রচুর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারে বলেছিলাম যে আমাদের সরকার হচ্ছেন জবরদস্ত বাড়ীওয়ালা। আমি ভাড়াবাড়ীতে থাকি এবং কলকাতার ভাড়াবাড়ীর বাড়ীওয়ালার অত্যাচারের বিষয়ে আমি জানি। কলকাতায় নানা রকম কারণে মানুষ আসে এবং এর ফলে এখানে দিনের পর দিন বাড়ী ভাড়া বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিনা জানি না, ঠাকুর-পুকুর আমার এলাকা, কলকাতা থেকে ৮ মাইল দূরে, কলকাতা থেকে এখানে মানুষ কম বাস করত আগে, কিন্তু এখন পূর্ববাংলা থেকে মানুষ আসছে এবং কলকাতায় বাড়ী না পাওয়ার ফলে বহু মানুষ এখন সেখানে বাড়ী ভাড়া করছে। কলকাতায় বাস করা দুরের কথা সেইখানে সেই দু-খানি ঘরের ফ্ল্যাট, ছোট ফ্ল্যাট—এর গভর্ণমেন্ট ভাড়া ধার্য করেছে ১৪১ টাকা। বেহালা গেট পার হয়ে, তিলজলা পার হয়ে এন, সি, রায় রোড, এই রুটে আপনি কোনদিন গিয়েছেন কিনা জানি না, সেখানে অস্বাস্থ্যকর দুর্গন্ধময় পরিবেশ, যেখানে গেলে দুর্গন্ধে আপনার নাড়িভুড়ি উঠে আসবে সেখানে ফ্ল্যাটের ভাড়া ধার্য করেছেন ১৪১ টাকা।

আমি এপার্টমেন্ট ইত্যাদি সম্বন্ধে বলার আগে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যারা নিম্ন-মধ্যবিত্ত মানুষ, যারা ৩৫০ থেকে ৬০০ টাকার মধ্যে মাইনে পায়। যারা এল, আই, জি, ফ্ল্যাট পাবার অধিকারী তাদের সম্বন্ধে দয়া করে বলুন যে ১৪৮ টাকা ভাড়া দিয়ে তারা কিভাবে থাকতে পারবে? তাবলে তারা দুহাত তুলে মন্ত্রিমহাশয়কে আশীর্বাদ জানাবে। আপনি ভোলানাথের মত উদাসীন থাকবেন না। এসম্পর্কে একটা নীতি ঠিক করুন। যারা নিম্ন-আয়ের মানুষ তারা আয়ের উপর ভাড়া দিচ্ছে এবং আপনারা জবরদস্ত বাড়ী-ওয়ালার মত কষ্ট এর উপরে ভাড়া ঠিক করছেন। এবিষয়ে সরকারী কর্মচারীদের তো আরও ডুবিয়েছেন। তাদের মাইনে বেড়েছে, মাইনের সঙ্গে ডি, এ, যুক্ত হয়েছে, সুতরাং তাদের বাড়ীভাড়ার রেটও বেড়ে গেছে এবং সঙ্গে সঙ্গে তাকে বেশী করে টাকা দিতে হচ্ছে বাড়ীভাড়া বাবদ। যে সরকারী কর্মচারী ভাড়া দিত ৪৫ টাকা সেটা ৯০।১০০ টাকা হয়ে গেছে সুতরাং সকলের যেখানে একটা নীতি আছে, একটা হাউসিং পলিসি আছে এবং আরও বড় করে বলা যেতে পারে একটা দর্শন থাকবে। পশ্চিমবাংলার গৃহ সমস্যার সমাধান করার মধ্যে যে গ্রামেই হোক, শহরেই হোক একটা দর্শন থাকবে। সাধারণভাবে একটা কথা বলব এই যে এপার্টমেন্ট ওনারসিপগুলি দিচ্ছেন তাতে আমি ওটা বিশ্বাস করি কেন্দ্রীয় বা পশ্চিমবঙ্গ সরকার যদি আর্বান প্রোপার্টির উপর সিলিং না করেন তাহলে এপার্টমেন্ট ওনারসিপ বড় লোকেদের হাতে যাওয়ার ব্যাপারে আটকাতে পারবেন না। পশ্চিমব

সরকার একটা এপার্টমেন্ট ওনারসিপ আইন করলেন, কিন্তু এখনও পর্যন্ত আরবান প্রপার্টির উপর কোন সিলিং ইমপোজ করলেন না এবং কলিকাতায় কার কত সম্পত্তি আছে আমরা জানি না এবং শিল্পের ক্ষেত্রে খানিকটা এখনও অনিশ্চিয়তা আছে এবং অন্যান্য ক্ষেত্রে আনসেফ ইনভেষ্টমেন্ট-এর মতে এখন সমস্ত এপার্টমেন্ট তৈরী করতে আরম্ভ করে দিয়েছে কোলকাতা শহরে। যার ফলে কালো টাকার অনুপ্রবেশ এপার্টমেন্ট ওনারসিপ-এর মধ্য দিয়ে আটকাতে পারবেন না যতই আপনারা আইন করুন না কেন। বিভিন্ন নামে তারা ওবলাইজড় লোক দিয়ে ফ্ল্যাট কিনে রেখে দেবে। সানি পার্কে গভর্ণমেন্ট বাড়ী করবেন ওর সেখানে এক একটা ফ্ল্যাট না কি ১-২ লক্ষ টাকা করে দেওয়া হবে মধ্যবিত্তদের। এই মধ্যবিত্ত কারা? এই মধ্যবিত্তদের মধ্যে ভোলাবাবু পড়েন কিনা জানি না? আমরা যারা এই সভায় এসেছি আমরাও পড়িনা যে ১২ লক্ষ টাকা দিয়ে একটা এপার্টমেন্ট-এর ওনার হব সানি পার্ক-এর মত জায়গায় বিল যে এনেছেন তাকে সমর্থন করছি কো-অপারেটিভ গুলিকে এর মধ্যে এনেছেন। কিন্তু এক্ষেত্রে ২টি কাজ করাতে হবে। প্রথম হচ্ছে; কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে আরবান প্রোপার্টির উপর সিলিং করুন। তা না করতে পারলে এপার্টমেন্ট ওনারসিপ-এর মধ্যে দিয়ে কালো টাকা নিরাপদে সোজা ইনভেষ্ট করে যাবে এবং আপনারা তা আটকাতে পারবেন না। দ্বিতীয় কথা হচ্ছে মধ্যবিত্তদের যদি সত্যি সত্যি রিলিফ দিতে চান তাহলে সরকারী ফ্ল্যাটগুলির ভাড়ার ক্ষেত্রে একটা নীতি নির্ধারণ করুন। তেমনিভাবে কোলকাতা শহরে জমির দামকে নিয়ন্ত্রণ করে এই এপার্টমেন্টগুলির দাম বেঁধে দিতে না পারলে পশ্চিমবাংলার মধ্যবিত্তরা এর দ্বারা উপকৃত হবে না। এটাই হচ্ছে আমার আশঙ্কা। সুতরাং এই কথাগুলি মনে রেখে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে আর একটা কমপ্রিহেনসিভ বিল এখানে আনবেন এই আহ্বান আমি করি।

[5-15—5-25 p.m.]

Shri Bholanath Sen :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিমিরবাবু এখানে নেই, উনি বক্তব্য রেখে গেলেন, আমার হঠাৎ মনে পড়ে গেল কৃষ্ণ পালিয়ে পালিয়ে বেড়ায়, তেমনি তিমির বরণ পালিয়ে গেলেন অন্ধকারে, ওঁকে এখানে দেখতে পাচ্ছি না যদিও উনি কতকগুলি উত্তর চেয়েছিলেন। তিমিরবাবু সরকারী ফ্ল্যাটের যারা ভাড়াটিয়া তাদের বাড়ী দেওয়া হবে কিনা জানতে চেয়েছেন। প্রশ্নটা যত সহজে বলা যায় তত সহজে উত্তর দেওয়া যায় না নিশ্চয়। বাড়ী সরকারের আছে, সরকার ১৯৬০ সালে বাড়ী করেছেন, তার পরেও করেছেন, আজো করছেন, ভবিষ্যতেও করবেন আশা করি, কিন্তু সমস্ত টাকাটা ধার করা টাকা অর্থাৎ কিনা তাতে ইন্টারেস্ট দিতে হয়। আগেকার দিনে বিভিন্ন লোকের করা বাড়ী যে বাড়ী হয়ত ১০ হাজার টাকায় হত সেই বাড়ী আজকে করতে যান তার দাম হবে ৮০ হাজার টাকা। ৩০ বছর আগে ৩০ টাকায় যে ফ্ল্যাট পেতেন সেই ফ্ল্যাট-এর আজকে কলকাতা শহরে ২।৩।৪শো টাকা ভাড়া এবং যে যাই বলুন না কেন ডিমান্ড দেখে এবং বাজার ঘুরে আমি এই বিষয়ে নিঃসন্দেহ যে সরকারী ফ্ল্যাট আজও সব চেয়ে বেশী সস্তা। তা যদি না হত তাহলে এত বেশী ডিমান্ড সরকারের কাছে আসত না। বাড়ী ভাড়া নিয়ে যাবার পর শুনতে পাই ভাড়া কেন এত বেশী—এটা খুব স্বাভাবিক যে সাধারণ মানুষমাত্রেই এটা করবে এবং এজন্য আমি বিচলিত নই। কিন্তু হাউসিং ডিপার্টমেন্ট যে বাড়ী করে তাতে তারা এক পয়সা লাভ করে না এবং এই ডিপার্টমেন্টের বই ওপেন টু ইনস্পেকসান, যে কোন সময়ে চাইতে পারেন, দেখতে পারেন, এক পয়সাও লাভ হয় না। একজন সাধারণ বাড়ীওয়ালা প্রফিট করে এবং টেন্যান্সি এ্যাক্ট অনুসারে সে প্রফিট করতে পারে ৬ পার্সেন্ট, ১২ পার্সেন্ট, আরো বেশী করতে পারে। তারা প্রফিট নেয়, সেলামী নয়, পাগড়ি নেয়। কিন্তু আমাদের এখানে সেলামী নেই, পাগড়ি নেই, আগাম টাকা নেই, প্রফিট নেই এক পয়সাও। আমাদের অভাব এত যে প্রতি বছর যদি ৫০ হাজর ইউনিট করতে পারি ১৯৮৬ সাল পর্যন্ত তবে কলকাতার এই গৃহের অভাব খানিকটা মেটান যাবে বলে আমার বিশ্বাস। আমি বস্তিতে গিয়ে দেখেছি মানুষ থাকতে পারে না, এক একটা

ঘরে ১০টা করে লোক থাকে। সুতরাং সি, এম, পি, ও-র স্টাডি অনুসারে ৫০ হাজার ইউনিট যদি প্রতি বছর করতে পারি তাহলে মানুষকে বসবাস করার মত সুযোগ দেওয়া যেতে পারে। কিন্তু দুঃখের বিষয় এটা তো আর রিলিফ ডিপার্টমেন্ট নয়, এটা হাউসিং ডিপার্টমেন্ট, এখানে যত টাকা ব্যবহার করা হয় সমস্ত টাকাটা ধার করে আনা হয় বেশীর ভাগ এল, আই, সি, হাডকো'-র কাছ থেকে, যার জন্য ইন্টারেস্ট চার্জ করে। এটা যদি না হত তাহলে আমি মন্ত্রীসভাকে বলতাম এটা একটা সোসাল সার্ভিস, এতে লাভ নেওয়া উচিত নয়। তাই এই যে ১৪১ টাকা ভাড়া এক জায়গায় বলছেন অনেক জায়গা আছে যেখানে ৬০ টাকা ভাড়া, অনেক জায়গায় ৪৫ টাকা ভাড়া, নানা রকমের ভাড়া আছে। গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার কাছে বারে বারে বলা হচ্ছে যে ৬শো টাকা রোজগার করে যারা তাদের পক্ষে ১৪১, ১৪০, ১৩০ টাকা ভাড়া দেওয়া সত্যই কষ্টকর, এটা নিয়ে কি করা যায় সেজন্য বহুবার হাউসিং মিনিস্টার'স কনফারেন্স-এ কথা উঠেছে, কিন্তু তবুও দেখা যাচ্ছে যে আমরা যতই এটাকে ৭শো টাকার সিলিং-এ করি কি ৮শো টাকার সিলিং-এ করি ঐ ৮শো টাকার লোককে দেখবেন সেখানে গিয়ে আস্তানা গাড়ছে, ৬শো টাকার দরিদ্র মানুষ সেখানে জায়গা পাবে না। কারণ তার টাকার জোর বেশী, আত্মীয়স্বজন বেশী কাজেই সে পাবে। আমি ইচ্ছা করলেও কিছু করতে পারব না। মাননীয়া সদস্যা ইলা মিত্র বললেন বেনামী হয়। আমিও জানি সত্যি বেনামী হয়। এই যে ইনডাস্ট্রিয়াল ওয়াকার্সদের জন্য বাড়ী করা হয়েছে সেখানে কারা রয়েছে? তাদের চেয়ে যারা অনেক বেশী টাকা রোজগার করে তারা সেখানে রয়েছে। তারা বলছে আমরা এখানে থাকব এবং ইনডাস্ট্রিয়াল ওয়ার্কাররা থাকবে বস্তীতে, রাস্তায়।

Shri Timir Baran Bhaduri :
আপনার কাছে তো আইন রয়েছে।

Shri Bholanath Sen :
একথা বলা সোজা, কিন্তু করা মুস্কিল। তবে কথা হচ্ছে তারা যে খুব বড়লোক তা বলছি না। তাদের মধ্যে সাধারণ মধ্যবিত্ত মানুষ আছে, স্কুল মাস্টার আছে, কিন্তু কথা হচ্ছে তাদের জন্য তো অন্য সিসটেম আছে। আপনারা কি জানেন না এটা একটা অল ইন্ডিয়া পলিসি যে ইনডাস্ট্রিয়াল ওয়াকারদের জন্য বাড়ী তৈরী হবে এবং একটা সাবসিডাইজ্ড রেন্টে তাদের সেটা দেওয়া হবে। তারপর এই বস্তী ডেভেলপমেন্ট সম্বন্ধে ডাঃ সরকার নিশ্চয়ই জানেন বস্তীর মানুষদের জন্য বাড়ী তৈরী হয় কিন্তু শেষ পর্যন্ত দুবছর পর দেখা যায় বস্তীর মানুষ সেখানে নেই, তারা সেখান থেকে বেরিয়ে রাস্তায় এসে ঘুমায়, তাদের জ্বর হয় এবং তারপর মরে যায়। কাজেই আপনি যতই চেষ্টা করুন না কেন দেখবেন সমাজের পরিপ্রেক্ষিতে সেটা অন্য রকম রূপ নেয়। এই প্রসঙ্গে আপনাদের একটা কথা চিন্তা করতে হবে এই টাকাগুলো কিন্তু আমাদের আনতে হচ্ছে ধার করে। মাননীয় সদস্য তিমির ভাদুড়ী চক্রবর্তী কমিশনের কথা যা বলেছেন সেই রিপোর্ট আমি দেখেছি। এই মিঃ চক্রবর্তী একজন এ্যাসিস্টান্ট সেক্রেটারী ছিলেন। সেই রিপোর্ট আমি দেখেছি এবং যেটা তফাত করা হয়েছে সেটা হচ্ছে পার ফ্ল্যাট অ্যালয়েসন করা হয়েছে। কিন্তু আপনারা একটা জিনিস শুনে আশ্চর্য হবেন এই এম, আই, জি ফ্ল্যাটে যারা রয়েছে অর্থাৎ ৬০০ টাকা থেকে ১,৫০০ টাকা পর্যন্ত যাদের মাইনে তাদের কাছে ১৬ লক্ষ টাকা বাকী রয়েছে। আমরা দেখছি এই এম, আই, জি ফ্ল্যাটে যারা রয়েছেন তাদের মধ্যে নাইন্টি পারসেন্ট হচ্ছেন ডিফল্টার। আপনারা জানেন এটা কার টাকা এবং এর জন্য কে ইন্টারেস্ট দিচ্ছে। এর জন্য ইন্টারেস্ট দিচ্ছে সরকার অর্থাৎ আপনি দিচ্ছেন, আমি দিচ্ছি, গ্রামের মানুষ দিচ্ছে। আপনারা বোধ হয় জানেন নাইন্টি পারসেন্ট অব দি এস্টেট হচ্ছে হোমোজিনিয়াস্ ইউনিট এবং সেখানে ওয়াটার সাপ্লাই, ইলেকট্রিসিটি, সিকিউরিটি, পার্ক এবং আরও নানা রকম ফ্যাসিলিটি আছে। এগুলো কমপ্লিট এস্টেট এবং একজন ম্যানেজার এখানে থাকেন যিনি ম্যানেজ করেন।

[5-25—5-35 p.m.]

এই আইন অনুসারে বা যে কোন আইন অনুসারে কো-অপারেটিভ সোসাইটি, এ্যাপেক্স

সোসাইটি কর, টাকা পারে। আমাদের মণি সান্যাল মহাশয় আছেন, ওখান থেকে ও টাকা পেতে পাবে এবং এমপ্লোয়াররাও টাকা দিতে পারে। টাকা আন তোমরা ম্যানেজ কর কিন্তু ৯০ পার্সেন্ট যারা ডিফলটার হন তাদেরই টাকা তুলতে হবে পুরো টাকা। কেননা পুরো টাকা যদি না তুলতে পারে তাহলে সমস্ত টাকাটা আদায় করবার জন্য আমাকে মেসিনারী রাখতে হবে। আমাকে লোক দিয়ে পাম্প চালাতে হবে। আমি যে হায়ার পার্চেজে দেব হায়ার পার্চেজে দিতে গেলে দুটো জিনিস করতে হয়--একটা হচ্ছে হায়ার পার্চেজের টাইটেল দেয়া হয় যখন পুরো টাকাটা সে দেয়। তাহলে ততদিন পর্যন্ত অর্থাৎ ২০ বছর পর্যন্ত আমাকে খরচ চালিয়ে যেতে হবে এবং সেই খরচটা আসবে সরকারের ঘাড়ে অর্থাৎ কিনা সাধারণ মানুষের ঘাড়ে অর্থাৎ যে দেশের লোক বেশী গরীব সেই গরীবের ঘাড়ে এবং আর একটা কথা এক্ষণি মর্টগেজ দিতে হবে কিন্তু মর্টগেজ করলে কি হবে--গভর্ণমেন্টের ঘরে রেজিস্ট্রি ষ্ট্যাম্প দিতে হবে এবং মর্টগেজ-এর যে খরচা তাই দিতে হবে। মর্টগেজ হলে কি হবে তাদের সুদ গুনতে হবে। আমি একদিকে সুদ দিচ্ছি সেন্ট্রাল গভর্মেন্টকে, কি এল. আই. সি.-কে আবার এদের কাছ থেকে সুদ নিচ্ছি। সেজন্য আমি বলেছি কো-অপারেটিভ কর, তোমাদের লোনের ব্যবস্থা করব কিন্তু আজ পর্যন্ত রিটিন দরখাস্ত আমার কাছে আসেনি। আমি এক মাসের মধ্যে অন্ততঃ মাণিকতলা এসটিমেট করেছিলাম কিন্তু দরখাস্ত আমার কাছে আসে নি। ডিফিকালটি আবার এল, আমি বল্লাম যে, ৯০ পার্সেন্ট তোমরা তুলে নেবে এবং বাকি ১০ পার্সেন্ট তোমাদের দায়িত্বে তোমরা তুলে নেবে, তোমরা আদায় করে তোমরাই ম্যানেজ করবে। তখন তারা বললেন, এর মধ্যে এমন লোক আছে যারা প্রথম থেকে আছে, আর যারা পরে এসেছে। তারা বল্লো, তারা কেন লাভ পাবে---আমি বল্লাম, আমি তো লাভ করতে চাই না--তারা বল্লো এ কি কথা, একটা লোক তিনমাস আগে এসেছে, সে মালিক হয়ে যাবে আর আমরা ৬ বছর ধরে আছি, আমি বল্লাম, সে তো ইনভ্যালিড কিন্তু আমি বলছি তারপরে আজ পর্যন্ত তারা আমার কাছে আর আসে নি। তারপর সেকেন্ড পয়েন্ট হচ্ছে জিনিসটা পুরানো সুতরাং এটি পুরানো দামে--আমরা তো বুক ভ্যালু চাচ্ছি, মার্কেট ভ্যালু চাচ্ছি না--চক্রবর্তী কমিশন যে রিজনেবল ভিল কস্ট প্লাস ইন্টারেস্ট প্লাস এাউট কামিং মাইনাস রেন্ট কালেকটেড মাইনাস অাদার কালেকসন উইথ রিকভারিজ মেড এই তো ব্যাপার। কেননা আমি লাভ করতে চাই না, সেই পুরানো দর বুক ভ্যালু মার্কেট ভ্যালুও নয়। আমার সেই অফার আজকেও আছে। আজ পর্যন্ত আমার সেই অফার কিন্তু সেই অফার অনুসারে আজ পর্যন্ত একটি দরখাস্তও পাইনি। একজন মাত্র খবর নিতে এসেছিলেন। আমি আজও বলছি যদি কেউ আসেন আমি রাজি আছি। এ্যাপেক্স সোসাইটি আছে, এম্পলয়ার আছে, ১ পার্সেন্ট কি ২ পার্সেন্ট ইনটারেস্টে টাকা পাওয়া যেতে পারে। আমি বলছি যে কোঅপারেটিভ করে তোমরা নিয়ে নাও, তাহলে আমার দোষটা কোথায়--আমি তো লাভ করতে চাচ্ছি না, আমি তো চাচ্ছি নিয়ে নিক। আমি দিয়ে দিতে চাচ্ছি নো লস নো প্রফিট বেসিসে। আর একটা কথা ইলাদি যেটা বলেছেন তার একটা নিশ্চয়ই ভাববার কথা আছে। আমি এখনই বলতে পারছি না--সেটা তিনি বলেছেন বোর্ডের ম্যানেজমেন্টের এগেনস্টে ইনডিভিজুয়াল এ্যাপার্টমেন্ট ওনার-এর কোন রাইট থাকছে না ভেনটিলেট করার এটা ভাববার আছে। আর যেগুলি বল্লেন সেগুলি আমি গ্রহণ করতে পারছি না তবে এই জিনিসটা আমার মাথায় থাকবে। বাই-লজে এটা আসবে কি আসবে না সেটা আমি এখনও চিন্তা করে দেখিনি তবে একটা কথা তার কোর্টে যাওয়ার অধিকার তো রইলো। সেটা নিয়ে নেয়া হবে না। বেনামীর বেলায় নেয়া হয়েছে কিন্তু ইনডিভিজুয়াল পার্সেন যদি কোর্টে যেতে চায় এগেনস্ট দি বোর্ড অব ম্যানেজমেন্ট সেই অধিকার নিয়ে নেওয়া হয়নি। এটা সর্ট সার্কিট করা হয়েছে কিন্তু নট উইদাউট এনি রেমিডি। যাই হোক তিনি যেটা বললেন আমি চিন্তা করে দেখব। দ্বিতীয় কথা আপনি যেটা বলেছেন,

Shrimati Ila Mitra :

ইনডিভিজুয়াল ওনারশিপ রাইটের ব্যাপারতো--একেবারে ইনডিভিজুয়ালদের উপরে কমপ্লিটলি অথারিটি, পেনাল্টি আনতে পারছে, কেস করতে পারছে। তেমনি এই রাইট এই সংশোধনাতে আপনি ইনডিভিজুয়াল ওনারদের কিছুটা রাইট দিচ্ছেন যেটা আপনার আগের

আইনে ছিল না, এই রাইটের মধ্যে এটা একটা অন্যতম রাইট কিন্তু ম্যানেজমেন্ট যদি খারাপ হয়, অধিক ক্ষেত্রে ঝগড়াঝাটি নানা রকম হয়, আমার ওখানে বহু ফ্ল্যাট, গভর্ণমেন্ট ফ্ল্যাট আছে আমি জানি কাজেই সেদিক থেকে এই একটা ইনডিভিজুয়াল ওনারের রাইটটা কিন্তু আপনি ভেবে দেখবেন।

Shri Bholanath Sen :

আমি নিশ্চয়ই ভেবে দেখবো। (শ্রীমতী ইলা মিত্র ঃ চোর থাকতে পারে।) কোয়াইট রাইট, নানা রকম থাকতে পারে, কম্পানী এ্যাক্টের ৬৯৭, ৬৯৮ নানা রকম আছে। এটা আমরাই প্রথম করছি।

মাননীয় সদস্য মনোরঞ্জন প্রামাণিককে দেখতে পাচ্ছি না। উনি বলেছেন যে ডাঃ রায়ের সময় তিনি কিন্তু সেল করেছিলেন এ্যাপার্টমেন্ট ওনারশিপ। আমি জানিনা কি করে এ্যাপার্টমেন্ট এ্যাজ এ এ্যাপার্টমেন্ট যেটা আজকে ইনট্রোডিউস করছি কেউ ওনারশিপ দিতে পারেন। সেটা হতে পারে না। তার কারণ টাইটেল তাদের দিতে পারে না, আজকে টাইটেল আমরা দিচ্ছি। আর বেনামী সম্বন্ধে যে কথা বলেছেন, ইলাদিকে আমি বলেছি তিনি যে সন্দেহ প্রকাশ করছেন সে সন্দেহ থাকার কোন অবকাশ নেই, কারণ এটা সম্বন্ধে আমি বিশেষ সচেতন ছিলাম। আমি আবার পড়ে দিচ্ছি,

"Notwithstanding anything for the time being in force, each apartment (of a property including its percentage of undivided interest in the common areas and facilities thereof) the onwer of which does not own any other apartment in such property."

অর্থাৎ কিনা যার একটি মাত্র এ্যাপার্টমেন্ট আছে তিনি সেপারেটলি এ্যাসেসড হবেন। যদি কোন বড় লোক দশটি এ্যাপার্টমেন্ট রাখেন তিনি কিন্তু সেপারেটলি এ্যাসেসড হবেন না। ওনলি পুওরেরম্যান কমপ্যারেটিভলি বিগ্রহন দেয় তিনি যদি একটা এ্যাপার্টমেন্ট নেন তাহলে পরে তার এ্যাপার্টমেন্ট সেপারেটলি এ্যাসেসড হবে, তাকে ম্যানেজমেন্টের থ্রু দিয়ে ট্যাক্স পেমেন্ট করতে হবে না, তিনি ডাইরেক্টলি করতে পারেন। এবং এখানে বলা আছে, তারপর,

Which does not own any other area shall be deemed to be a separate unit for the purpose of assessment of municipal rates and taxes.

আপনার সেখানে ভয় নেই এখানে আলাদাই ট্যাক্স হবে। আর সামান্য দু'চারটি কথা বলেছিলেন ইলাদি সেটা হল এই যে কালোবাজারীদের সুবিধার কথা, সেখানে একটা কথা জানবেন যে রাইট টু ওন দি প্রপার্টি এটা এখনো নিয়ে নেওয়া হয়নি। (শ্রীমতী ইলা মিত্র ঃ—এটা কি কোন আইন দিয়ে বন্ধ করতে পারেন না?) আমাদের কনস্টিটিউশন এখন যে অবস্থায় আছে তাতে এই রাইট টু ওন দি প্রপার্টি আমরা নিয়ে নিতে পারি না। বেনামী বন্ধ করতে পারি আমরা যেটা করবার চেষ্টা করছি এখানে এই প্রথম। আর আরবান প্রপার্টি সিলিং, তার জন্য আমাদের এখানে রেজোলিউশন আছে, আমরা সকলে মিলে এখানে স্বাগত জানিয়েছি সেই রেজোলিউশনকে. আমরা আশা করবো একটা কিছু হবে। এবং আমি আপনার সঙ্গে একমত যে,

Urban property ceiling will probally solve many problems. I am also in agreement.

অবশ্য কি যে বিল হবে সেটা আমি নিজস্ব বক্তব্যে বলতে পারিনা তবে—

Urban property ceiling certainly will solve or attempt to solve many problems I have no doubt in my mind looking to Calcutta.

আর একটা জিনিস হল এই যে আরবান প্রপার্টি সিলিং—বিশ্বনাথবাবু যাই বলুন, আমার একটা কথা মনে হচ্ছিল, আমি জানি না আমাদের কি অবস্থা হয়েছে, আমাদের দেশে আমি সেখানে গিয়েছি দুর্নীতি দেখতে পেয়েছি। ৭ বছর, ৮ বছরের ছেলে মাথায় চাল নিয়ে চলে যাচ্ছে পুলিশ কি করবে। জোতদার আইন করে তো বন্ধ করা হয়েছে, সাড়ে ১২ একরের বেশী প্রতি ফ্যামিলির হয়না, আপনিও জানেন আমিও জানি, গ্রামের মানুষ জানে, কারণ আমি

প্রত্যেক সপ্তাহে গ্রামে যাই নানা জায়গায় ঘুরি, তাদের নিজেদের একটা ধারা আছে, পদ্ধতি আছে, যে ধারা যে পদ্ধতি থেকে বের করে আনতে গেলে যে পদ্ধতি নিতে হবে সেই পদ্ধতি অতি গুরুতর এবং সে সম্বন্ধে চিন্তা করতে হবে। আর আপনি আরবান সিলিং-এর যে স্বপ্ন দেখছেন সেই আরবান সিলিং আনলেই সব প্রবলেম সল্‌ভ হবে তা কিন্তু হবে না। তবু খানিকটা এগিয়ে যাবে এটা আমি বিশ্বাস করি। আমি আপনাদের এইটুকু বলতে পারি যে এই বিলে যে চেষ্টা করা হয়েছে এটা প্রগতিশীল বিল, এটা দরিদ্র মানুষ, মধ্যবিত্ত মানুষ, তাদের কথা চিন্তা ক[illegible] করা [illegible]ছে।

[5-30 - 5-45 p.m.]

দরিদ্র মানুষ কিনতে পারবে না। আপনারা এ[illegible] কথা বললেন সেজন্য আমার বলা দরকার, সেজন্য আমি এক মিনিট সময় চাইছি, সল্টলেক পার্ক সম্বন্ধে আমাদের জানা উচিত বলা উচিত। আমরা টাকা চেয়েছিলাম ৪০ কোটি টাকা, ফিফ্‌থ ইয়ার প্ল্যানে আমরা পেয়েছি মাত্র ১৬ কোটি টাকা এবং তাও প্র্যাকটিক্যালি সবটাই ধার এবং তার উপর সুদ চলবে। গরীব মানুষ ১৮ হাজার টাকা, ২০ হাজার টাকার বেশী দিতে পারবে না, তাহলে আমি তাদের কি করে বসবাস করাব, এই ২০ হাজার টাকায়তো দুখানা ঘরও হয় না, মানুষের মত মানুষ হিসাবে বসবাস করতে গেলে যে রকম ঘর দরকার সেই রকম ঘর হয় না। আমি তাই সার্কাস পার্কের মিস্ত্রীওয়ালা, বোম্বেওয়ালার সেই টাকার অংশীদার হতে চাইছি, যারা ঘর করতে পারে না, তাদের আমি সাহায্য করতে চাইছি। সেই টাকার যে প্রফিট হবে তার এনটায়ার প্রফিট-এর ব্যবস্থা হবে, তার টাকা নেবার অধিকার থাকবে হাউসিং স্কীম, তাদের কাছ থেকে টাকা নিয়ে যে গরীব মানুষ ধরুন একজন ঝাড়ুদার ১৮ হাজার টাকার বেশী দিতে পারে না কি তার চেয়ে এক[illegible] পানওয়ালা ২০ হাজার টাকার বেশী দিতে পারে না, কিংবা অন্য কেউ যে ১৪ হাজার [illegible] পারে না তাদের আমরা এই বাড়ী দিতে পারব। [illegible] এই টাকার তো বাড়ী করতে পারবে না। আজকে এই যে টাকার অভাব এটা তো কেন এল, আই, সি, দেবে না, কোন হুড্‌কো দেবে না, টাকা ধার করার ডিপার্টমেন্ট আমার নয়, দরকার হলে চৌরঙ্গীতে যাব, আলিপুরে যাব, বালীগঞ্জে যাব এবং এইভাবে গরীব মানুষদের জন্য করা সম্ভব হবে। এই উদ্দেশ্য নিয়েই বোর্ড করেছি, বড় লোকদের [illegible] হাউসিং বোর্ড করিনি। আপনি জানেন এই বাড়ী হয়েছে, যেমন সল্ট লেকের বাড়ী বিক্রী হয়নি, আমরা ১৪০০ ফ্ল্যাট করেছি, আমরা আসার আগেই কতকগুলি কাজ সুরু হয়েছে, সেগুলি ফেলে দেওয়া যায় না, এগুলি সম্বন্ধে বিক্রীর কথা হয়েছিল, সল্ট লেকের যে সমস্ত বাড়ী আছে, তার দারুণ ডিমান্ড আমরা সেখানে লটারি করে দিতে চাই, সেটাও ইনস্টলমেন্টে, ১৮ হাজার টাকা মিনিমাম দু ঘরের জন্য এবং ৬০ হাজার টাকা মিনিমাম থ্রী রুমড ফ্ল্যাটের জন্য রিভাইজড এস্টিমেটে দু ঘরের জন্য সাড়ে ষোল হাজার টাকা, এই টাকায় তো বাড়ী করা যায় না, এটা আপনারা জানেন, আমরা দিতে চাইছি গরীব মধ্যবিত্ত লোকদের, সেখানে মানুষ-এর মত মানুষ বসবাস করতে পারবে। আপনারা যদি সে সব ঘর—দুখানা মাত্র ঘর দেখে আসেন খুসী হবেন, সুন্দর ঘর, মোজাইক করা ঘর, কিন্তু সে ঘর আমরা বিক্রী করতে পারছি না, তার কারণ হচ্ছে আর যা কিছু কারণ থাক না কেন আমার নিজের ধারণা মানুষের আকর্ষণ এর প্রতি কম। তারা বলছে অন্যত্র যেতে চাই ঐ গল্‌ফ ক্লাবে যাব না সেখানে বড়লোকরা আছে, ৪তলা বাড়ীর অনেক ফ্ল্যাটে বড়লোক আছে, আমরা সেখানে যাব না। আমরা এই টাকা নিয়ে গরীব লোকগুলিকে মধ্যবিত্ত লোকগুলিকে নিয়ে সমস্ত সুযোগ সুবিধা করে দেব। সাধারণ লোক যদি না চায় আমরা সেল করতে পারব না, যে কোন ডিপার্টমেন্টের কাছে বিক্রী করব এবং যাতে বালীগঞ্জ সার্কুলার রোডে, চৌরঙ্গীতে সল্ট লেকে যেখানে মানুষ এলিট সোসাইটি, এলিট মেন্টালিটির লোক-এর মত বসবাস করে, সেই রকম যাতে এরা সুন্দরভাবে বসবাস করতে পারে সেটা দেখব। সেজন্য আমি যে বিল এনেছি সেটা এই চিন্তাধারার বশবর্তী হয়ে, আমি আশা করি এই বিল গ্রহণ করবেন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Bholanath Sen that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Deputy Speaker : There is amendment to clause 4 by Shri Timir Baran Bhaduri—amendment No 3.

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that in clause 4(3A), in lines 1 and 2, after the words "a co-operative society" the words "or registered society" be inserted.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ক্লজ কোনেরে বলেছি—অর রেজিস্টার্ড সোসাইটী, এতে আপনার অসুবিধা কোথায়? তিনি বলছেন—কোঅপারেটিভ সোসাইটি। ভোলানাথবাবু বলেছেন কোন এ্যাপ্লিকেসান তাঁর ডিপার্টমেন্টে পৌঁছায় নাই— বা তার জানা নাই। আপনি ভ্যালুয়েসান ঠিক করেছেন অথচ যাঁরা কেনাবেন, তাঁরা সেটা জানলেন না! আপনি আগে ভ্যালুয়েসান ঠিক করুন, তাহলে তাঁরা যথারীতি এ্যাপ্লিকেশান জমা দেবেন।

আপনি বললেন এই জায়গায় দেখছে কাকা নাচ্ছেন। এ নিয়ে অনেক প্রশ্ন হচ্ছে। তাদের মধ্যে প্যানিকীভাব বলুন, নানা প্রশ্ন তাদের সামনে এসেছে। ভ্যালুয়েসান আগে ঠিক করুন। নিশ্চয়ই তাঁরা দেবেন। আপনি কোঅপারেটিভ সোসাইটি বলেছেন—আমি বলেছি অর রেজিসটার্ড সোসাইটী। নিশ্চয়ই তিনি আমার এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করবেন। কারণ ভোলার সঙ্গে কৃষ্ণের খুব মিল আছে।

Shri Bholanath Sen :

আমি তিমিরবাবুর এনকোয়ারী ব্যাপারটা বলছি। এনকোয়ারি করতে পারি। আমি বলেছি কোঅপারেটিভ সোসাইটি, কেউ কোঅপারেটিভ সোসাইটি গঠন করে আমার কাছে দাম জিজ্ঞাসা করতে যান নাই। কেউ যদি বলে আমরা কোঅপারেটিভ সোসাইটি ফর্ম করেছি—দাম জিজ্ঞাসা করতে চাইছে—উই ইনটেণ্ড টু ফর্ম এ কোঅপারেটিভ হাউসিং সোসাইটি প্লিজ লেট আস হ্যাভ ইয়োর কনসেন্ট।

নিশ্চই আমরা তা দেব। যে ভাড়াটে আসবে তাকে বলতে হবে উই ইনটেণ্ড টু ফর্ম এ কোঅপারেটিভ সোসাইটি, উই ইনটেণ্ড টু পারচেজ—হোয়াট ইজ ইয়োর প্রাইস? এই খবরটা আমার কাছে আসলে, এক মাসের মধ্যে করে দিতে পারতাম। বহু পুরানো মাল কেনা। কোঅপারেটিভ সোসাইটী হওয়া চাই—কারণ রেজিস্টার্ড সোসাইটি অনেক রকমের হতে পারে। সেইজন্য আমরা চাইছি কেউ যাতে শোষণ করবার সুযোগ না পায়। তাই বলেছি কোঅপারেটিভ সোসাইটি মেম্বারস অফ দি কোঅপারেটিভ সোসাইটি মেনস দি মেম্বারস অফ এ রেজিস্টার্ড সোসাইটি আর শুধু রেজিস্টার্ড সোসাইটি অনেক রকমের হতে পারে। ক্যালকাটা ক্লাবও একটা রেজিস্টার্ড সোসাইটি। সেইজন্য এই কো-অপারেটিভ সোসাইটি বলা হয়েছে। এটা সাধারণ লোকের সুবিধার জন্য করা হয়েছে। সেইজন্য আমি আপনার এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারছি না, আপত্তি করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 4(3A), in lines 1 and 2, after the words "a co-operative society" the words "or registered society" be inserted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

[5-45 - 5-55 p.m.]

Clause 5

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that in Clause 5(3)(b), in lines 2 and 3, after the word "an apartment comprised in a property submitted to the provisions of this Act, shall" the words "for acquiring tenancy in a Government flat" be inserted.

—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাব পেশ করছি।

Shri Bholanath Sen :

আমি অপোজ করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in Clause 5(3)(b), in lines 2 and 3 after the words "an apartment comprised in a property submitted to the provisions of this Act, shall" the words "for acquiring tenancy in a Government flat" be inserted, was then put and lost.

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 6 to 9

The question that Clauses 6 to 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shrimati Ila Mitra : Sir, I beg to move that in Clause 10(c), in line 14, after the word "contravention" the words "provided that the individual member or members together shall be entitled to have the cause of action to the competent authority against the Manager, the Board of Managers, the Association of the Apartment Owners or the like bodies, when his/their legitimate right or rights infringed, grievances not redressed or payment made by him or them is not deposited or properly accounted for" be inserted.

Shri Bholanath Sen : I oppose it.

The motion of Shrimati Ila Mitra that in Clause 10(c), in line 14, after the word "contravention" the words "provided that the individual member or members together shall be entitled to have the cause of action to the competent authority against the Manager, the Board of Managers, the Association of the Apartment Owners or the like bodies, when his/their legitimate right or rights infringed, grievances not redressed or payment made by him or them is not deposited or properly accounted for" be inserted, was then put and lost.

The question that Clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Bholanath Sen : Sir, I beg to move that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

Shrimati Ila Mitra :

আমি স্যার যে পয়েন্টটার উপর বিশেষ জোর দিয়েছিলাম সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমি এ্যাপার্টমেন্ট ওনারশিপ-এর ব্যাপারে বলেছি। আমি অংক করে দেখছিলাম যে একটা ফ্ল্যাট ভাড়া দিয়ে ৩০০ টাকা করে লাভ করছে। এরূপ এক একটা নামে ৭।৮ করে মালিক হয়ে সে মাসে ৩০০×৮ অর্থাৎ ২৪০০ টাকা লাভ করছে। অন্য দিকে। গর্ভণমেন্ট-এর কাছ থেকে লোন নিয়ে পাবলিক মানি নিয়ে সে করছে। এইভাবে সে সব সুযোগ সুবিধা পাচ্ছে। সে যাতে সুযোগ সুবিধা না পায় ও কি ধরনের আইন করা যায় সেটা আমাদের দেখতে হবে। নাহলে এই বিলের উদ্দেশ্য সিদ্ধ হবে না। দ্বিতীয়তঃ হচ্ছে যেমন গভর্ণমেন্ট ফ্ল্যাটের ক্ষেত্রে নিয়ম আছে কারো যদি কোন বাড়ী থাকে তাহলে গভর্ণমেন্ট ফ্ল্যাট পেতে পারে না। সেই রকম এ্যাপার্টমেন্ট কেনার ব্যাপারে কেন আইন থাকবে না? প্রথমতঃ, দুটো কি তিনটে এ্যাপার্টমেন্টের ওনার কেউ হতে পারবে না। দ্বিতীয়তঃ হচ্ছে, গভর্ণমেন্ট ফ্ল্যাটের বাড়ী তারা সে বাড়ী অন্য লোককে দিতে পারে না। দু তিন মাস থাকলে আপনারা খবরা-খবর নিয়ে হুলিয়া দিয়ে আপনারা উঠিয়ে দেন। ভালই করেন। আমি সে সম্বন্ধে বলতে চাই না। ফ্ল্যাটে ফ্ল্যাটের মালিক থাকবে কিন্তু এখানে মালিক ৩০ পারসেন্ট টাকা দিলো, ৭০ পারসেন্ট গভর্ণমেন্টের কাছ থেকে লোন নিলো। পাবলিক মানি নিয়ে নিজের সুযোগ করে নিলো। নিজে না থেকে অন্য লোককে ভাড়া দিয়ে দিলো। তাকে গভর্ণমেন্টের লোন শোধ করবার জন্য সাড়ে তিনশো টাকা দিতে হয় আর ট্যাক্স একশো টাকা দিতে হয়। সে কিন্তু আটশো, নশো টাকায় ভাড়া দিলো। এই যে লাভ করছে সেটা রোধ করবেন না? গভর্ণমেন্ট লাভ করছেন না। কিন্তু অন্য লোকে যে লাভ করছে সেটা যাতে বন্ধ করা যায় সে সম্পর্কে ভেবে একটা কমপ্রিহেন্সিভ বিল আনুন।

Shri Bholanath Sen :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই চিন্তা করবো। কিন্তু এছাড়া এই মুহূর্তে কিছু বলতে পাচ্ছিনা।

The motion of Shri Bholanath Sen that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1974

Shri Sankar Ghose : Sir, I beg to introduce the Bengal Electricity Duty (Amendment) Bill, 1974.

(Secretary then read the title of the Bill).

Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1974, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে আমাদের যে মিটার রিডিং হয় সেইটা বর্তমান আইন অনুযায়ী আমাদের প্রতি মাসে শহরাঞ্চলে মিটার রিডিং করতে হয়। এখানে গত দু বছর ধরে বিভিন্ন গ্রামে বিদ্যুত গিয়েছে এবং তাতে যে সমস্ত গ্রামে মিটার রিডিং করতে হবে তার সংখ্যা আগের চেয়ে অনেক বেশি বেড়ে গিয়েছে। যে সমস্ত দূরদূরান্তের বিভিন্ন গ্রামে যেয়ে মিটার রিডিং করতে হয়, বিভিন্ন ইনটেরিয়ারে যেতে হয় সেখানে যদি প্রতি মাসে যেয়ে করতে হয় তাহলে তার কালেকশান চার্জ অনেক হয়ে যাবে।

[5-55-- 6-05 p.m.]

শহরের ক্ষেত্রে এক বাড়ী থেকে আর এক বাড়ীতে যেতে সময় বেশী লাগে না। কিন্তু গ্রামে দূর থেকে দূরান্তরে যেতে হয় তাতে কালেকসন চার্জ অনেক বেশী হয়ে যায়। প্রতি

মাসে যদি এইভাবে কালেকসন করতে হয় তাহলে অনেক বেশী খরচ হবে। রুর‍্যাল ইলেকট্রিফিকেসনের আসল যে কাজ তারজন্য টাকার প্রয়োজন আছে। এবং যদি ঐ প্রতি মাসে কালেকসন করতে হয় তাহলে ইনসপেকসন চার্জ, মিটার রিডিং চার্জ এইসব কাজই রুর‍্যাল ইলেকট্রিফিকেসনের বড় অঙ্গ হয়ে দাঁড়াবে। এটা কিন্তু বাঞ্ছনীয় নয়। সেইজন্য যাতে গ্রামে এই মিটার রিডিং প্রতি মাসে না হয়ে তিন মাস অন্তর হয় তারজন্য এই বিলের মাধ্যমে তার বন্দোবস্ত করা হয়েছে। আর একটি কারণ আছে সেটা হচ্ছে আমাদের যে বিভিন্ন গ্রামে আরও বিদ্যুৎ যাচ্ছে সেখানে এই সমস্যা আরও বড় করে দেখা দিয়েছে। প্রায় ৩৮ হাজার গ্রামে বিদ্যুৎ যেতে চলেছে। আপনারা জানেন স্বাধীনতার পর থেকে ১৯৭২ সালের ২০শে মার্চ পর্যন্ত প্রায় ৩৩০০ গ্রামে বিদ্যুৎ গিয়েছিল। তারপর গত দু বছরে অর্থাৎ ১৯৭২ সালের ২০ মার্চ থেকে ১৯৭৪ সালের জানুয়ারী পর্যন্ত ৫৬০০ গ্রামে বিদ্যুৎ গিয়েছে। তাই এক গ্রাম থেকে আর এক গ্রামে প্রতি মাসে যদি মিটার রিডিং করতে হয় তাহলে খরচ অনেক বেশী হয়। সেইজন্যই বিশেষ করে এই বিল আনা হয়েছে। কারণ এ বছর আমাদের গ্রামীণ বিদ্যুতিকরণের ক্ষেত্রে খরচ অনেক বাড়াতে হয়েছে। আপনারা হয়ত জানেন ১৯৬৯-৭০ সালে রুর‍্যাল ইলেকট্রিফিকেসনের জন্য খরচ হয়েছিল ৬০ লক্ষ টাকা, ১৯৭০-৭১ সালে ৫৯ লক্ষ টাকা তারপর ১৯৭১-৭২ সালে তাকে বাড়িয়ে ১ কোটি ৪ লক্ষ টাকা করা হয়েছিল। কিন্তু গত দু বছরে খরচ অনেক বেড়ে গিয়েছে। ১৯৭১-৭২ সালে যেখানে ১ কোটি ৪ লক্ষ টাকা খরচ হয়েছে সেখানে তার পাঁচ গুণ বেড়ে গিয়েছিল ১৯৭২-৭৩ অর্থাৎ ৫ কোটি ৭৭ লক্ষ টাকা এবং ১৯৭৩-৭৪ সালে খরচ হয়েছে ৪ কোটি ৬২ লক্ষ টাকা। গত দু বছরে প্রায় ১০ কোটি টাকার বেশী খরচ হয়েছে গ্রামীণ বৈদ্যুতিকরণের। সেখানে ১ কোটি টাকার বেশী খরচ হোত প্রতি বছরে ঐ দূর দূরান্তর গ্রামে গিয়ে প্রতি মাসে রিডিং আনার জন্য। তাই আমি এই বিল এনেছি। আর একটা জিনিস আছে সেটা হচ্ছে মিটার রিডিংয়ের রেট কিছু বাড়ানো হয়েছে। কিছু কনভারসন হয়েছে, যেখানে ২৫ ইউনিটের নিচে কোন ডিউটি ছিল না। এখন তিন মাস অন্তর সেই রিডিং নেওয়া হচ্ছে এবং প্রতি মাসে সেখানে একই রকম সাপ্লাই হয় না—কোন মাসে ২০ কোন মাসে ১০ কোন মাসে ৩০ এই বিভিন্ন রকম ফিগার হতে পারে। তাই ওটাকে ২৫-এর জায়গায় ৬০ করা হয়েছে। এ ছাড়া এই বিলের যে উদ্দেশ্য তা আগেই বলেছি—প্রতি মাসের জায়গায় তিন মাস অন্তর করা হয়েছে। আশা করি এটা সকলে গ্রহণ করবেন।

Shrimati Geeta Mukhopadhyaya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম মাননীয় শঙ্কর ঘোষ মহাশয় এই বিল উত্থাপন করতে গিয়ে গ্রামীণ বৈদ্যুতিকরণের কৃতিত্ব সম্পর্কে কিছু বলে আমাদের হৃদয়ে আর বেদনা দেবেন না। উনি ওদিকে কেন যে যেতে গেলেন—কারণ এ ব্যাপারে আমরা খুবই ব্যথিত। বর্তমানে বিশেষ করে গ্রামে বিদ্যুতের যে অবস্থা তাতে কি কোন কৃতিত্বের কথা রাখা যায়? যাহোক আমি বিলের মূল কথায় চলে আসি। উনি যে বললেন যে তিন মাস পরে বিল কালেকসন করবেন এবং সেইটাই হোল এই বিলের উদ্দেশ্য যাতে টাকা বাঁচানো যায়। আমি প্রথমেই বলছি যে সেই কারণেই আমাদের এই বিলের উপর আপত্তি। ৩ মাসে বিল কালেক্ট করলে এস, ই, বি'র টাকা বাঁচবে—সেটায় কতখানি সাউন্ড আছে সে কথায় আমি পরে আসব। কিন্তু তার আগে বলব যারা বিদ্যুৎ ব্যবহার করে তারা শঙ্করবাবুর নিজেদের লোক, ষ্টেট ইলেকট্রিসিটির বোর্ডের নয়। সুতরাং সেই বেচারীদের যদি এই ৩ মাসের বিল একত্রে দিতে হয়, যেখানে নুনের দাম পর্যন্ত ১.৬০ পয়সা হয়েছে তাই সামলাতে প্রাণান্তকর অবস্থা হচ্ছে, সেখানে একসঙ্গে এই বিলের টাকা বের করার ক্ষমতা কতজন লোকের আছে সেটা আমি জানি না। সুতরাং এই ৩ মাসের একত্রে দেওয়াটা বরং একটা সমস্যা সৃষ্টি করবে, তাদের একসঙ্গে পেমেন্ট দিতে খুব অসুবিধা হবে। সুতরাং আইনে যদি ৩ মাস লেখা থাকে তাহলে বাস্তবে কি হবে? সেটা আরো ভয়াবহ আকার ধারন করবে। ধরুন এখানে বর্তমানে এক মাসের আইন আছে। আমার বাড়ীতে এখন বিল আসেনি, বর্তমানে আমি যেখানে আছি। জানুয়ারী মাসে এসেছিল

ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল মাসের বিল আসেনি। সি, ই, এস, সির যদি এই অবস্থা হয় তাহলে তার চেয়ে আমাদের সরকারের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অবস্থা খুব ভাল এই কথা ভাবার কোন কারণ নেই। লিখিত আইন আছে ১ মাস, কিন্তু ৩ মাস হয়ে গেল এখন পর্যন্ত বিল আসেনি। তারপরে হঠাৎ যখন বিল আসবে তখন দেখা যাবে এমন একটা অঙ্ক যেটা আমাদের মত লোকেদের পক্ষে এক সঙ্গে বের করে দেওয়া অসম্ভব হয়ে পড়বে। আর এখানে যদি ৩ মাসের মধ্যে দেবার বন্দোবস্ত আইনে লেখা হয় তাহলে সেই বিল আসতে আসতে আরো ৩ মাস লেগে যাবে অর্থাৎ ৬ মাস হয়ে যাবে। সুতরাং সেদিক থেকে যাদের একসঙ্গে দিতে হবে তাদের একেবারে প্রাণান্তকর ব্যাপার হয়ে যাবে। তাছাড়া ৬ মাসের যে একসঙ্গে আসবে না সেটাও বলা যায় না। এমনও হতে পারে ৩ মাসের একটা বিল শোধ দেবার সঙ্গেসঙ্গেই দু একদিন পরে আরো ৩ মাসের এসে গেল, এতে তাদের ঘাড়ের উপর চাপটা আরো পড়ে যাবে। এ একেবারে বোঝার উপর শাকের আঁটি হয়ে যাবে। সুতরাং এটা কনজিউমারদের দিক থেকে অসুবিধাজনক বলে আমি মনে করছি। আর স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের লাভের কথা যদি বলেন তাহলে দু একটি কথা না বলে আমি থাকতে পারছি না। ১০ হাজার লোককে আপনারা চাকরি দিলেন। কোথায় পোস্টেড হয়েছে জানে না, খালি ঘুরে বেড়াচ্ছে, কোন কাজ করছে না। তাদের অন্ততঃ পক্ষে যদি মিটার রিডিংটা শেখানো যায় তাতেও খানিকটা কাজ হবে। তারপরে ফিন্যানসিয়াল সাউন্ডনেসের কথা যদি বলেন---টার্নওভারের কথা আছে---সবটা যদি একমাসে এনে টার্নওভার করিয়ে দিতে পারেন ৩ মাস কনজিউমারদের বসিয়ে না রেখে---স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ফাইন্যান্সের দিক থেকে যদি বলেন তাহলে সেখানে টার্ণওভার যদি হয় তাতে লাভ হবারই কথা, বিশেষ বড়তি লোকসান হবার কোন কারণ নেই। এই পরিস্থিতিতে ৩ মাসের বিল একত্রে দিলে অনেক এরিয়ার পড়ে যাবে এবং তাতে লাভের গুড় পিঁপড়েতে খেয়ে গিয়েছে দেখা যাবে। অতএব ফিন্যানসিয়াল সাউন্ডনেস-এর কথা যদি বলেন---কতজন লোককে ইতিমধ্যেই নিয়োগ করেছেন, তাদের গেনফুলি এমপ্লয়েড করবার দিক থেকে যদি বলেন---আসল কথা যারা এর কনসার্ন তারা হচ্ছে গ্রামাঞ্চলের কনজিউমার তাদের দিক থেকে ভেবে ৩ মাসের বিল একসঙ্গে দেওয়াটা খুব অসুবিধাজনক হবে বলে আমি মনে করি। সেইজন্য আমি শঙ্কর ঘোষ সাহেবকে বলব এই ৩ মাসের ব্যাপারে সত্যিই প্রয়োজনীয়তা আছে কিনা একবার ভেবে দেখুন। আমার মতে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিদ্যুৎ যারা ব্যবহার করেন তাদের বিদ্যুৎপৃষ্টের মত অবস্থা হয়েছে। তাছাড়া এই ডিউটি বিলটি যদি এই সময় না আনা হত তাহলে সবচেয়ে ভাল হত। বিদ্যুতের কোন দেখা নেই সুতরাং সেদিক থেকে এই ৩ মাসের ব্যাপারটা নাহলে একটা কাজের কাজ হত এবং আরো ভাল হত এই বিদ্যুৎপৃষ্টের বিলটি চেপে গেলে।

[6-05—6-15 p.m.]

কিন্তু সেদিকে যখন যাননি তখন আমাদের আপত্তি করা ছাড়া উপায় নেই। তাছাড়া আমি কেন এ্যামেন্ডমেন্ট এনেছি তাও এই সূত্রে বলে রাখি যাতে এ্যামেন্ডমেন্ট মুভ করার সময় বলতে না হয়। অবশ্য আমার এ্যামেন্ডমেন্ট সম্পর্কে রায় দিলে আমি আবার সে সম্পর্কে বলতে পারি। এখন বলি, কেন আমি এ্যামেন্ডমেন্ট মুভ করেছি। দেখুন, আগের যে বিল তাতে গ্রাম এবং শহরে ছাড়ের ব্যাপারে কোন তফাৎ ছিল না। সেখানে ২৫ ইউনিটের উপর ছাড় দেওয়ার কথা ছিল এবং মাসে। অবজেক্টস এ্যান্ড রিজনের মধ্যেও কিন্তু তিন মাসের কথা কিছু নেই। হঠাৎ দেখা গেল এই বিলে দু খানা শিডিউল হচ্ছে। বেশ চুক চুক করে বেড়ালের মত এর মধ্যে ঢুকে পড়লেন। ২৫ ইন্টু ৩ হলে শহরাঞ্চলে হল ৭৫ ইউনিট পর্য্যন্ত তিন মাসে ছাড় আর আমাদের গ্রামের ব্যাপারে ৬০-এর উপর যে ১৫ সেটার ছাড় নেই। উনি বলেছেন কোন মাসে ১৫ হবে, কোন মাসে ২০ হবে ইত্যাদি, সে তো শহরেও হবে। সেখানে যখন ছেড়ে রেখেছেন তখন গ্রামে কেন ধরে নিচ্ছেন তিন মাসে যোগ করলে কিছু কম হবেই। তাহলে কি আরো বিদ্যুৎ ছাঁটাই-এর কথা চিন্তা করে ভাবছেন যে হবেই অতএব দিয়ে রাখলাম। তা যদি ভেবে থাকেন তাহলে আলাদা কথা কিন্তু তা যদি না ভাবেন তাহলে এই প্রসঙ্গটা আসে। আপনি হয়ত বলতে পারেন

গ্রামে আবার ৬০ ইউনিটের বেশী কার হয়। আমি একটু আগেই আমার কনসটিটিউ-য়েন্সীর একজন ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলাম। তিনি একজন ছোট ব্যবসায়ী—ছোট একটি জামা কাপড়ের দোকান আছে, তিনি বললেন, তাঁর মাসে ১৬ টাকা ওঠে ৫টি পয়েন্টে। আমি হিসাব করে দেখলাম মোটামুটি ৫টি পয়েন্টে যে বিল উঠছে এবং তাতে যে ইউনিট দাঁড়াচ্ছে সেটা শঙ্করবাবু যা এগজেমসান দিচ্ছেন তার ঠিক তলাতে থাকবে, আর একটু সামান্য বেশী হলেই উঠে যাবে, এগজেমসান পাবে না। এইরকম অবস্থায় কেউ যদি একটা পাম্প চালায় ডেফিনিটলি তার উঠে যাবে। আপনারা হয়ত বলতে পারেন যে, যে পাম্প চালায় সে কেন দেবে না, তা তো দিতেই পারে কিন্তু আপনারাও তো আজকে গ্রামের মানুষকে উৎসাহিত করবার চেষ্টা করছেন। এমনিতেই তো গ্রামের ইলেকট্রিসিটির রেটটা শহরের চেয়ে অনেক বেশী এবং তা নিয়ে তারা খুব দুঃখিত এবং উত্তেজিত এই-রকম একটা অবস্থায় তাদের সেবিষয়ে কোন রিলিফ দিতে না পেরে এগজেমসানের যে লিমিট সেটাকে শহরের চেয়ে কমিয়ে দিচ্ছেন এটা শুনলে তারা তেলে বেগুনে জ্বলে উঠবে। সেইজন্য আমার মনে হয় শহরের যে এগজেমসানের লিমিট গ্রামেও সেটা দেওয়া উচিত, তারমধ্যে তারতম্য করবার কোন দরকার নেই। কাজেই আমি আশা করবো আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেটা আপনি মানবেন। কিন্তু আমার মূল কথা যেটা, যেটার উপর এ্যামেন্ডমেন্ট দেবার উপায় নেই, দিলেই আউট অব অর্ডার হয়ে যাবে বলে দিই নি, সেটা হচ্ছে তিন মাসের ব্যাপারটা। আমি আশা করবো এইরকম একটা বিদ্যুৎ সঙ্কটের দিনে কাটা ঘায়ে নুনের ছিটে দেবার মতন এরকম বিল আনা থেকে মন্ত্রী মহাশয় বিরত থাকবেন এবং একটু ভেবে দেখবেন। তিন মাসের ব্যাপারটা ড্রপ করবেন এই অনুরোধ স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রেখে এই বিলের মূল কথার সঙ্গে আমি একমত হতে পারছিনা সেটা দুঃখের সঙ্গে জানিয়ে শেষ করছি।

Shri Mohammad Idris Ali:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ইলেকট্রিসিটির উপর যে বিল এনেছেন সেটা আমি পরিপূর্ণভাবে সমর্থন করে দু-একটি কথা বলছি। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলায় প্রায় ৩৮ হাজারের মতন গ্রাম আছে এবং এই গ্রামগুলি একটি থেকে আর একটি কোথাও এক মাইল দূরে, কোথাও আধ মাইল, কোথাও ৫ মাইল দূরে অবস্থিত। এইভাবে যখন গ্রামগুলি স্ক্যাটার্ড অবস্থায় পশ্চিমবাংলায় রয়েছে তখন প্রতি মাসে যদি লোক পাঠান হয় রিডিং করার জন্য তাহলে তার টি.এ, বিল যা উঠবে তা ইলেকট্রিসিটি থেকে যে পয়সা পাওয়া যাবে তার থেকে হয়ত বেশী হয়ে যাবে। কাজেই আমি বলব, এই বিলে খুব বুদ্ধিমত্তার পরিচয় দেওয়া হয়েছে। তিন মাস অন্তর অন্তর যদি রিডিং করা হয় তাহলে কমসংখ্যক কর্মচারী দিয়ে এবং অল্প খরচায় রিডিং করা যাবে। তা ছাড়া স্যার, আপনি জানেন, গ্রামে যারা বিদ্যুৎ ব্যবহার করে তাদের অবস্থা কিছুটা নিশ্চয়ই ভাল। একটা গ্রামে হয়ত ১শো, দুশো বা ৫শো বা হাজার ঘরের বসতি আছে কিন্তু গ্রামের প্রত্যেকেই বিদ্যুৎ নেয় না। যাদের অবস্থা মোটামুটি ভাল তারাই বিদ্যুৎ নেয়। তিন মাস পর পর রিডিং হলে যে ডিউটি তাদের দিতে হবে সেটা অতি নগন্য। তিনি যে কি দিচ্ছেন, এটা বোঝা যায় না। তার থেকে যদি কিছু পয়সা না পাওয়া যায়, মাঠে ঘুরে ঘুরে এক-জন সরকারী কর্মচারীর রিডিং নিতে যে পয়সা লাগবে, সেই তুলনায় ডিউটি আদায় হয়তো হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি বিদ্যুতে শুধু ঘাটতি দিতে হয় তাহলে পরবর্তী-কালে সরকারের যে প্রোগ্রাম, এই ইলেকট্রিসিটির ইনকাম থেকে অন্যান্য গ্রামে যেখানে ইলেকট্রিসিটি যায়নি, সেই সমস্ত জায়গায় বিদ্যুৎ নিয়ে যাওয়া, সেইগুলো যদি করতে হয়, তাহলে তো এইরকমভাবে শুধু ঘাটতির উপর চললে চলবে না। সরকারের যে টাকা সেই টাকা এমনভাবে খরচ করতে হবে যাতে এর থেকে ম্যাক্সিমাম প্রফিট পাওয়া যায়। আমি সরকারকে বলবো না বিদ্যুৎ নিয়ে ব্যবসা করতে, কিন্তু বিদ্যুতের ব্যবহার যেরকম-ভাবে বেড়ে চলেছে—বিদ্যুৎ গ্রামের সেচের কাজে লাগছে, পাম্পের কাজে লাগছে, ফ্যানের ব্যবহারের জন্য লাগছে। সরকারকে এটা দেখতে হবে যে পরবর্তী কালে যাতে অন্যান্য গ্রামে বৈদ্যুতিকরণ করা যায়, সেইজন্যই এই বিলটা আনা হয়েছে। এই বিলকে পূর্ণ-সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sachinandan Sau :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি এ্যামেন্ডমেন্ট বিল ১৯৭৪ যা হাউজে উপস্থাপিত করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু বক্তব্য রাখছি। সমর্থন জানাচ্ছি এই কারণে, আজকে ইলেকট্রিসিটির ব্যবহার এত বেড়ে গেছে—গ্রামবাংলার সাধারণ মানুষ আজকে ইলেকট্রিসিটি যথাযথভাবে ব্যবহার করছে এবং এই ম্যাসিভ ইলেকট্রিফিকেশনের জন্য আজকে এই বিলটাকে আনতে হয়েছে বলে আমি মনে করি। কারণ আজকে পাঁচ হাজার ছয় শত গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে, এইসব গ্রামগুলিতে মিটার রিডিং করার জন্য ইনস্পেকটারদের জন্য যা খরচ হবে, তা দেখা যাবে ডেভলপমেন্টের কাজের থেকে বেশী খরচ হচ্ছে এবং সেখানে এই ইলেকট্রিসিটি বিলে আয়ের থেকে ব্যয় বেশী হবে এবং এই ব্যয় যাতে বেশী না হতে পারে তারজন্য আজকে এই বিলটাকে উপস্থিত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে গ্রামের দূরদূরান্তে বিদ্যুৎ যাচ্ছে, এই দূরদূরান্তে যদি ঘরে ঘরে ইনস্পেকটার যাবার ব্যবস্থা করতে হয় মাসে মাসে মিটার রিডিং করার জন্য তাহলে এই ইলেকট্রিসিটি উন্নয়নের যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা ব্যর্থতায় পর্য্যবসিত হবে। আমরা যে বলেছি, ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেব, তা আমরা করতে পারবো না। আজকে রিভার লিফট, পাম্প ইরিগেশন, ডিপ টিউবওয়েলের দ্বারা সেচ দেওয়ার ফলে বিদ্যুতের চাহিদা যথেষ্ট বেড়ে গেছে। সেইজন্য কনজিউমার যারা, তাদের মিটার রিডিং তিন মাস অন্তর নেওয়া হোক, এটা আমি পরিপূর্ণভাবে সমর্থন করি। কারণ এই মিটার রিডিং-এর জন্য যদি আরও ইনস্পেকটার এ্যাপয়েন্টমেন্ট দিতে হয়, এবং তাদের মাইনে বাবদ বেশী খরচ করতে চাই, তাহলে কিন্তু যথাযথভাবে বিদ্যুৎ উৎপাদনের দিকে নজর দেওয়া যাবে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয় এই ম্যাসিভ ইলেকট্রিফিকেশন করার পথে এগিয়ে যাবার জন্য এই বিল এনেছেন। সারা পশ্চিমবাংলায় যে প্রবলেম দেখা দিয়েছে, সেই প্রবলেমের পরিপ্রেক্ষিতে এই বিলটা যথার্থই সমর্থনযোগ্য, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[6-15— 6-25 p.m.]

Shri Sankar Ghose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মুখ্য উদ্দেশ্য হচ্ছে যেটা মাননীয় সদস্য ইদ্রিস আলী এবং সচিনন্দন সাউ বলেছেন। আমাদের যে টাকা সেটা গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীর জন্য নেওয়া হয়েছে, সেক্ষেত্রে যাতে টি, এ, বিল এবং এসটাবলিসমেন্ট চার্জে বেশী অপচয় না হয়ে যায় সেটা দেখতে হবে। এই বিলের একটা মাত্র উদ্দেশ্য, যাতে করে সবচেয়ে কম খরচে আমরা এই গ্রামীণ বৈদ্যুতিকরণের প্রোগ্রামটাকে চালু করতে পারি। সাধারণ একটা পারকিনশন 'ল আছে বা থাকে যে, যদি অফিসার নিযুক্ত হয় তাহলে সেখানে আরো অফিসার বাড়াবার একটা প্রবণতা থাকে। কিন্তু এই বিলের মাধ্যমে আমরা সেটা বন্ধ করার চেষ্টা করেছি। আমরা কিন্তু বলতে পারতাম যে প্রতি মাসে আমরা মিটার রিডিং করব সুতরাং আরো অফিসার দরকার, আরো টি, এ, বিল করে এসটাবলিসমেন্টের জন্য আরো খরচ করতে হবে, এটা বলা যায় 'ল অফ পারকিনশন অনুযায়ী এবং সেটাই স্বাভাবিক। কিন্তু সেটা যাতে না হয় গ্রামীণ বৈদ্যুতিকরণের প্রোগ্রাম যাতে ব্যাহত না হয়, আসল জিনিষ যাতে কমে না যায় তারজন্য এই বিল আনা হয়েছে। মাননীয়া সদস্যা শ্রীমতি গীতা মুখোপাধ্যায় মহাশয়া বলেছেন যে, না এটার দরকার ছিলনা, তিন মাস কেন এক মাসই হোক। আমরা বলছি এক মাস করলে টি, এ, বিল বেড়ে যাবে, অফিসার বেড়ে যাবে কষ্ট অফ এসটাবলিসমেন্ট বেড়ে যাবে। আর একটা কথা বলেছেন বিদ্যুতের কথা শুনলেই নাকি হৃদকম্প হয়, বিদ্যুৎ পেলে হয়, দেখলে হয়, সুতরাং সেটা প্রতি মাসে যাতে না হয় সেজন্য তিন মাসে যাতে একবার হৃদকম্প হয় তার ব্যবস্থা করা হচ্ছে। আর বলেছেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে এত লোক নেওয়া হলো, কি কাজ হলো জানিনা, কিন্তু লোকসান বেড়েই চলেছে। লোকসান বেড়ে যাচ্ছে কিনা সেটা পরিসংখ্যানের ব্যাপার, সেটা পরিসংখ্যান দিয়ে দেখা যেতে পারে আদায় বাড়ছে কিনা।

আমি সেটা শুনিয়ে দিচ্ছি, ১৯৭০-৭১ সালে এই ডিপার্টমেন্ট থেকে আদায় হয়েছিল ৮ কোটি ৮৬ লক্ষ টাকা, তার পরবর্তী বছরে ১৯৭১-৭২ সালে সেটা কমে গিয়ে ৮ কোটি ৫৩ লক্ষ হলো। তারপর আমরা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে লোক নিয়েছি, তখন আদায় কি হয়েছে, '৭১-৭২ সালের আদায় ছিল ৮ কোটি ৫৩ লক্ষ, আর '৭২-৭৩ সালে আমাদের সেটা হচ্ছে ১১ কোটি ৫১ লক্ষ টাকা, প্রায় আড়াই কোটির মত টাকার আদায় বেড়েছে। সুতরাং আদায় যেটা কমে গিয়েছিল সেটা প্রায় আড়াই কোটি টাকার মত আদায় বেড়েছে। আদায় কমে যাওয়ার পর যাতে আবার আদায় বাড়ে তারজন্য এটা করা হয়েছিল। এই সমস্ত পূর্ণ পরিসংখ্যান দিয়ে দেখলে ব্যাপারটা পরিস্কার বোঝা যাবে। আমরা আজকে এই ব্যবস্থা করছি যাতে কালেকশন চার্জ বেড়ে না যায়। আমাদের ইলেকট্রিসিটি থেকে ১২ কোটির বেশী টাকা আদায় হয়, এর মূল অংশটা কোথা থেকে আদায় হচ্ছে, না কলকাতা, হাওড়া এলাকা থেকে সাড়ে ৭ কোটি টাকা আদায় হচ্ছে, এইগুলি সাধারণতঃ সি, ই, এস, সি-র এরিয়া। এ ছাড়া যে সমস্ত বিভিন্ন মিউনিসিপ্যালিটি এলাকা আছে সেখান থেকে আদায় হচ্ছে সাড়ে ৪ কোটি টাকা, মোট হচ্ছে সাড়ে ১১ কোটি টাকা, আর মাত্র ৫০ লক্ষ টাকা আদায় হচ্ছে গ্রাম থেকে। এখন এই ৫০ লক্ষ টাকা আদায় করতে গিয়ে আরো ৫০ লক্ষ টাকা টি, এ, বিল এবং অফিসারদের দিতে গেলে সেটা ঠিক হবে না। সেইজন্য আমরা চাইছি এটা ১ মাস না হয়ে ৩ মাস অন্তর হোক। এখন ২৫ ইউনিট যেটা আছে সেটাকে ধরে যদি আমরা তিন গুণ করি তাহলে কি হতো না ২৫ ইউনিট করলে ট্যাক্স দিতে হয় দুবার, যার ফলে ৭৫ করলে সেটা ঠিক হতো না অন্যায় হতো। আর দুবার ২৭ আর একবার ২০ অর্থাৎ সেটা ৭৪ হয় ৭৫ হয় না। সুতরাং ১ মাসের মত ইউনিট বিবেচনা করে আমরা সেটাকে ৬০ করেছি। এ ছাড়া আর এই বিলের মধ্যে কিছু বলার নেই। শ্রীমতি গীতা মুখার্জী বললেন কি হচ্ছে, না লোকসান হচ্ছে, কিন্তু আমরা দেখছি আড়াই কোটি টাকা লাভ হচ্ছে, যেটা কমে ৫০ লক্ষ হয়ে গিয়েছিল। সুতরাং এই দুটো কারণ দেখে তিনি তাঁর বিরোধিতা প্রত্যাহার করবেন।

The motion of Shri Sankar Ghose that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There are amendments to clause 2 by Shrimati Geeta Mukhopadhyaya and Shri Gyan Singh Sohanpal.

Shrimati Geeta Mukhopadhyaya : Sir, I beg to move that in clause 2(1A)(*i*), line 1, for the figure "60", the figure "75" be substituted.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি বলেছেন একটু অল্প বেশী করে হবে। এটা মনে করি খালি অল্পই হবে, না হয় বেশী হলে অন্যদিক থেকে সুবিধা। আমি ধরে নিচ্ছি গ্রামীণ বৈদ্যুতিকরণ অনেক বাড়বে, লোকের বেশী হবে এই পরিস্থিতিতে, তাদের ৭৫ বাদ দিয়ে রাখা উচিৎ বলে মনে করি। আর একটা কথা বলতে চাই তিনি বলেছেন ৩ মাস ইত্যাদি। কিন্তু আমি তাঁর যুক্তিতে কন্‌ভিন্স নই। কিন্তু তাঁর সৎ উদ্দেশ্য পরীক্ষা করার জন্য আমি একটা সাজেসান দিচ্ছি। সেটা হচ্ছে ৩ মাস যদি বিল দেন তাহলে আইনের মধ্যে লিখে দেন যে তার ৩টা ইনসটলমেন্ট-এ এই বিল পে করতে পারবে। তা যদি করেন তাহলে আমি এটা উইথড্র করে নেব। আর যদি না লিখে দেন তাহলে বুঝব মতলব অন্য এবং তাহলে আমাদের অপজিশান থাকবে।

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in sub-clause (*a*) of clause 2, in the proposed Part A, in paragraph (1A),—

(*i*) in line 3, for the words "when the net charge", the brackets, letter and the words "(*a*) when the net charge" be substituted;

(*ii*) in line 15, for the brackets, figures and words "(*iv*) in other cases", the brackets, letter and words "(*b*) in other cases" be substituted.

স্যার, আমি আমার এ্যামেণ্ডমেন্ট মুভ করছি। প্রাইমারী মিসটেক ছিল বলে এই এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে।

Shri Sankar Ghose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জ্ঞান সিং সোহনপাল মহাশয় যে এ্যামেন্ডমেন্ট মুভ করেছেন আমি সেটা গ্রহণ করছি। মাননীয়া গীতা মুখার্জীর এ্যামেন্ডমেন্ট-এর মূল বক্তব্য ছিল তার উত্তর হচ্ছে যদি ঐ ৭৫ হয় তাহলে ধরুন এক মাসে ২৬, ২য় মাসে ২৬, তৃতীয় মাসে ২০ হলে সাধারণক্ষেত্রে তাকে ২৬ দিতে হোত। কিন্তু তাঁর এ্যামেন্ডমেন্ট গৃহীত হলে সেটা দিতে হয়না। এটা হতে পারেনা, কিম্বা আর একটা এই ধরনের প্রথম মাসে ২৬, ২য় মাসে ২৭, তৃতীয় মাসে ২০ হলে ৭৪-এ আসে, ৭৫-এ আসে না। কিন্তু তাহলে দুটো ২৭ দিতে হোত। অথচ ওঁর এ্যামেন্ডমেন্ট নিলে সেটা দিতে হয়না। এটা হতে পারে না। আমি আমার মূল বক্তব্যে সেটাই বলেছি। আর একটা হচ্ছে তিনি আমার সদিচ্ছা পরীক্ষা করতে চান এবং তিনি বলেছেন ৩টা ইনসটলমেন্ট দিতে হবে। ৩টা ইনসটলমেন্ট প্রতি মাসের যদি বিলে দিতাম তাহলে কি হোত। প্রথম মাসের বিলে ইন্সটলমেন্ট চাইতেন যে ৩ মাসে দেয়—৩ মাসে বিল করলে এমনিতেই তো ইন্সটলমেন্ট পেয়ে যাচ্ছেন। সুতরাং তাতে নূতন কিছু আসছে না। আপনি ৩ মাস টাইম চেয়েছেন। আপনি বলেছেন ইন্স-টলমেন্ট, তার মানে টাইম চেয়েছেন। ৩ মাস টাইম দিয়েছি। আপনি যেখানে বলছেন ইন্সটলমেন্ট-এ দেবে, সেখানে ৩ মাস টাইম তো দেওয়া হয়েছে। সদিচ্ছা পরীক্ষা করার জন্য যেটা বলেছেন সেটা পারলিয়ামেনটারী প্রোসিডিওর-এর মধ্যে আসে কি না জানি না। আপনি আর একটা এ্যামেন্ডমেন্ট আনেননি। আপনি যে আর একটা প্রস্তাব রেখেছেন তার উপর বক্তব্য রাখতে চাইনা। প্রিনসিপাল বিলের মধ্যে এ্যাকসেপটেড হয়ে আছে। তিনি যে ইন্সটলমেন্ট চেয়েছেন তাতে আমি বলছি যে ৩ মাস তো সময় দেওয়া হয়েছে। ইন্সটলমেন্ট মানে লোকে সময় চায়। প্রথম মাসের বিল প্রথম মাসে দিতে হবেনা, দ্বিতীয় মাসের বিল দ্বিতীয় মাসে দিতে হবেনা, থার্ড মান্থ-এ দিতে হবে। সুতরাং ইন্সটলমেন্ট-তো পাচ্ছেনই।

The motion of Shrimati Geeta Mukhopadhaya, that in clause 2(1A)(*i*), line 1, for the figure "60", the figure "75" be substituted, was then put and lost.

[6-25—6-35 p.m.]

The motion of Shri Gyan Singh Sohanpal that in sub-clause (*a*) of clause 2, in the proposed Part A, in paragraph (1A).—

(*i*) in line 3, for the words "when the net charge", the brackets, letter and the words "(*a*) when the net charge" be substituted;

(*ii*) in line 15, for the brackets, figures and words "(*iv*) in other cases", the brackets, letter and words "(*b*) in other cases" be substituted, was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose : Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

Shri Saroj Roy :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বলার কিছু ছিল না কিন্তু তবুও বলতে হচ্ছে এই জন্য যে গীতা মুখার্জী যেটা নিয়ে এলেন, তারপর তিনি অনেক ভেবেচিন্তে একটা মৌখিক এ্যামেন্ডমেন্ট দিলেন যেটা মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এইভাবে নেওয়া যায় না, কিন্তু নেওয়া যায় যদি বিল সম্পর্কে সিরিয়াস হন। কিন্তু তিনি সিরিয়াস নন। তিনি যেভাবে তাঁর বুদ্ধিবৃত্তির পরিচয় দিলেন তাতে অবাক লাগে। তিনটি ইনস্টলমেন্টের যে যুক্তি দিলেন তিনি প্রথম মাসে দিতে হল না, দ্বিতীয় মাসে দিতে হল না, তৃতীয় মাসে একসঙ্গে ৩ মাসের দিয়ে দিল। তাঁর মত ইনটেলেকচুয়াল মানুষের পক্ষে এ যুক্তি খাটে না। আমরা বলেছিলাম যে আমরা এটার বিরোধিতা করব না। তিন মাসের একসঙ্গে টাকা দিতে গেলে ছোট ছোট অল্প আয়ের লোক যারা তাদের পক্ষে সেই লাম্পসাম টাকা দিতে যে কি কষ্ট হয় সেই অভিজ্ঞতা আপনার নেই। আমরা ওদিক থেকে ভেবে এই জিনিসটা বলেছিলাম। গ্রামের মানুষের দরজায় গিয়ে ইলেক্‌ট্রিসিটি পৌঁছে দিচ্ছি, কিন্তু মান্থলি যেটা দিলে সুবিধা হত সেখানে আপনি বলছেন খরচ বাড়ছে। আপনি অংকের একটা হিসাব দেখিয়ে দিয়ে বললেন ইট সুড নট বি ডান। আপনাকে বলছি অন্ততঃ এইভাবে একটা এ্যামেন্ডমেন্ট আনতে পারেন দ্যাট উইল বি বেটার ফর দি পিপল তাহলে যাদের জন্য আপনি করছেন তাদের আশীর্বাদ পাবেন এটুকু বলতে পারি।

Shri Sankar Ghose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সরোজ রায় যেকথা বললেন আপনি জিনিসটা একটু চিন্তা করে দেখুন, আমরা যেখানে প্রতি মাসে বিল করে টাকাটা পেতে পারতাম সেখানে আমরা বলেছি ৩ মাস পরে, সেটা আমাদের নিজেদের সুবিধার জন্য বলেছি যে খরচটা অনেক পড়ে কালেকসানের জন্য। আমাদের কষ্ট অব কালেকশান যাতে বেশী না পড়ে তারজন্য একথা বলেছি। আমাদের রুরাল ইলেক্‌ট্রিফিকেশান প্রোগ্রামে ইলেক্‌ট্রিফিকেশানের জন্য যে টাকাটা পাব তার কিছুটা এসট্যাবলিসমেন্টে যাবে, কিছুটা আসল কাজে যাবে। সেইদিকে লক্ষ্য রেখে এই বিলটা এনেছি। এটা নিশ্চয়ই জানেন সাধারণতঃ একটা অফিসিয়াল মেশিনারী তৈরি হয়, মাসে মাসে বিল করলে খরচটা বেড়ে যায়। আপনি এখন যেটা প্রস্তাব করলেন ৩ মাস আরো ৩ মাস ৬ মাস যদি আমরা না নিই তাহলে তার একটা ইকনমিক দিক আছে। আমরা আদায়টা ১ মাস অন্তর না করে ৩ মাস পরে করছি। সুতরাং গ্রামের লোকেরা ৩ মাস সময় পাচ্ছে। কিন্তু আপনি এখন যদি বলেন ৩ মাসের উপর আরও ৩ মাস দিতে হবে তাহলে সেটা সম্ভব নয়। ৬ মাস ধরে যদি টাকা না পাই তাহলে কি করে চলবে। আপনাদের মনে রাখা দরকার আমাদের বোর্ড চালাতে হবে। আমরা প্রতি মাসে যে টাকা পেতাম সেখানে ৩ মাস পরে পাব, কিন্তু তারপর যদি আবার বলেন ৩ মাস অর্থাৎ ৬ মাস সেটা সম্ভব নয়।

The motion of Shri Sankar Ghose that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1974, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Twelfth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 12th Report of the Business Advisory Committee which at its meeting held on the 18th April, 1974, in my chamber, considered the question of allocation of dates and time for the disposal of legislative business and recommended as follows :—

Monday, 22nd April, 1974	...	The West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974. (Introduction, Consideration and Passing)—2 hours.
Tuesday, 23rd April, 1974	...	The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee. (Consideration and Passing).

Wednesday, 24th April, 1974 ... Business remaining from 23rd April, 1974.

Thursday, 25th April, 1974 ... Business remaining from 24th April, 1974.

There will be no calling attention or mention cases on the 19th April, 1974.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the 12th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was agreed to.

Adjournment

The House was then adjourned at 6.35 p.m. till 12 noon on Friday, the 19th April, 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY MET IN THE ASSEMBLY HOUSE, CALCUTTA, ON FRIDAY, THE 19TH APRIL 1974 AT 12 NOON.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 1 Deputy Minister and 139 Members.

[12-00—12-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath).

Mr. Speaker : Questions.

HELD OVER STARRED QUESTIONS.
(to which oral answers were given)

দেশুড়িয়া-ফুলবেড়িয়া রাস্তা

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৯।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দেশুড়িয়া মোড় হইতে ফুলবেড়িয়া পর্যন্ত রাস্তাটির কাজ সমাপ্ত না হওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত রাস্তার কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায়?

Shri Ramkrishna Saraogi :

(ক) প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দের স্বল্পতা।

(খ) আশা করা যায় পঞ্চম পরিকল্পনাকালে।

Shri Kashinath Misra :

সাপ্লিমেন্টারি কোশ্চেন, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে (ক) প্রশ্নের উত্তর দিয়েছেন, "প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দের স্বল্পতা।" তাহলে এই রাস্তাটা যখন গ্রহণ করা হয়েছিল তখন কি পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছিল?

Shri Ramkrishna Saraogi :

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে আমরা '৭২ সালের শেষ দিকে অনেকগুলি রাস্তা গ্রহণ করেছিলাম এবং আশা করেছিলাম যে সেই সমস্ত রাস্তার কাজ আমরা আরম্ভ করতে পারবো। আমরা প্রায় ৭৫ কোটি টাকার মত রাস্তা করবো বলে স্বীকার করেছিলাম এবং আমরা আশা করেছিলাম ফিফ্‌থ ফাইভ ইয়ার প্ল্যানে যে টাকা পাবো তাতে এই রাস্তাগুলি

আমরা আরম্ভ করতে পারবো। কিন্তু মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে ইনস্টেড অব সেভেন্টি ফাইভ ক্রোরস্ আমরা ৫৫ কোটি টাকা পেয়েছি। এইজন্য আমরা অসুবিধা ফিল করছি।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৭৩-৭৪ সালে আপনার কাছে জানতে চাচ্ছি কত টাকা বরাদ্দ হয়েছিল এবং কত টাকা খরচ করা হয়েছে এবং কতদূর রাস্তা হয়েছে?

Shri Ramkrishna Saraogi :

টোটাল যে টাকা স্যাংশন করা হয়েছিল ফিফ্‌থ ইয়ার প্ল্যানের অন্তর্গত সেই স্যাংশন টাকায় এই ফোর্থ প্ল্যানে ৪২ কোটি টাকা স্যাংশন করার কথা হয়েছিল কিন্তু বিভিন্ন হেডে টাকা স্পিল ওভার করার পর আমরা দেখলাম যে আমরা মাত্র ১৪ কোটি টাকার কাজ করতে পারবো। অর্থাৎ এই বছরে আমরা ১৪ কোটি টাকার মত কাজ করতে পারবো। এছাড়া কিছু টাকা আমরা অন্য হেড থেকে যা বাঁচিয়েছিলাম সেটা আমরা পুরোপুরি খরচ করে ফেলেছি। এই হচ্ছে ফিফ্‌থ প্ল্যানের পোজিশন।

Shri Kashinath Misra :

আমি জিজ্ঞাসা করছি এই দেশুড়িয়ার মোড় হইতে ফুলবেড়িয়া পর্যন্ত রাস্তাটির কাজ সমাপ্ত না হওয়ার কারণ—আমি ১৪ কোটি টাকার হিসাব করতে চাই না, এই পার্টিকুলার রাস্তাটিতে কত খরচ হয়েছে, কত টাকা বরাদ্দ হয়েছে এটা জানতে চাই?

[12-10—12-20 p.m.]

Shri Ramkrishna Saraogi :

কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং কত টাকা খরচ করা হয়েছে ইমিডিয়েট্‌লি সেই ফিগার আমার হাতে নাই, যদি নোটিশ দেন তাহলে আমি সেই উত্তর নিশ্চয়ই দেব। কিন্তু ইতিমধ্যে আমি একটা কথা বলতে পারি, এই রাস্তার আর্থ ওয়ার্ক প্রায় কমপ্লিট হয়ে গেছে এবং কন্সোলিডেশনের কাজও এক মাইল পযন্ত হয়েছে, একথা নিশ্চয়ই মাননীয় সদস্য জানেন।

Shri Kashinath Misra :

আমি যতদূর জানি উক্ত রাস্তার এক মাইল পর্যন্ত কাজ শেষ হয়নি, এটা সম্বন্ধে কি কোন খবর এসেছে যে, যে টাকা দিয়েছিলেন সেই টাকা ব্যবহৃত হয়েছে কিনা, এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Ramkrishna Saraogi :

আমি এটা সম্বন্ধে অনুসন্ধান করব। আমি আগেই বলেছি যে এক মাইল পর্য্যন্ত কন্সোলি-ডেশনের কাজ শেষ হয়ে গেছে, এ সম্বন্ধে যদি মাননীয় সদস্যের অন্যরকম ইনফরমেশন থাকে, আমার অনুরোধ যে তিনি আমাকে জানাবেন, আমি নিশ্চয়ই অনুসন্ধান করব।

Shri Kashinath Misra :

আপনি (খ) প্রশ্নের উত্তরে বলেছেন ৫ম পরিকল্পনাকালে কাজ সুরু হতে পারে, ৫ম পরিকল্পনার প্রথম বর্ষতো সুরু হয়ে গেছে, কবে নাগাদ সুরু হতে পারে জানাবেন কি?

Shri Ramkrishna Saraogi :

কাজ সুরু হতে পারে, এটা আমার মনে হয় আমি বলিনি। মাননীয় সদস্য-এর প্রশ্ন ছিল কবে নাগাদ কাজ শেষ হতে পারে, এটার উত্তর দিতে আমি বলেছি আশা করা যায় ৫ম পরিকল্পনাকালে এই রাস্তার কাজ শেষ করতে পারব।

দিল্লীতে পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব বাড়ী

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১১।) শ্রীশিশিরকুমার ঘোষঃ পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে দিল্লীতে পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব কোন বাড়ী আছে কি না;

(খ) দিল্লীতে পশ্চিমবঙ্গ সরকার কোন বাড়ী ভাড়া লইয়াছেন কি না; এবং

(গ) 'খ' এর উত্তর 'হ্যাঁ' হইলে,

(১) কোন্ ঠিকানায় উক্ত বাড়ী ভাড়ালওয়া হইয়াছে;

(২) ঐ বাড়ীর ভাড়া ও রক্ষণাবেক্ষণের জন্য মাসিক কত টাকা ব্যয় হয়;

(৩) ঐ ভাড়া বাড়ী কি কাজে ব্যবহৃত হয়; ও

(৪) গত দু'বছরে ঐ বাড়ী কে কে ব্যবহার করিয়াছেন?

Shri Ramkrishna Saraogi :

(ক) বর্তমানে দিল্লীতে পশ্চিমবঙ্গ সরকারের দুইটি নিজস্ব বাড়ী আছে—

(১) বঙ্গভবন—ঠিকানা—৩নং হাইলী রোড, নিউদিল্লী এবং

(২) স্টেট এম্পরিয়া বিল্ডিং—ঠিকানা—২নং আরুইন রোড, নিউদিল্লী।

(খ) হ্যাঁ;

(গ) (১) একটি দ্বিতল বাড়ী, ঠিকানা—২নং সার্কুলার রোড, নিউদিল্লী, এবং একটি ফ্ল্যাট-নম্বর সি-২-১৫, ঠিকানা—ডাঃ জাকির হোসেন মার্গ, নিউদিল্লী।

(২) ২নং সার্কুলার রোডের ভাড়া ও রক্ষণাবেক্ষণ খরচ এখনও চূড়ান্তভাবে নির্ধারিত হয় নাই। বিষয়টি কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনাধীন আছে।

ফ্ল্যাট—সি-২-১৫, এর মাসিক ভাড়া হইল ৪১০ টাকা মাত্র। এই বাড়ীর রক্ষণাবেক্ষণ কেন্দ্রীয় সরকারের।

(৩) ২নং সারকুলার রোডের বাড়ীর এক তলার ঘরগুলি মুখ্যমন্ত্রীর এবং তাঁহার সেক্রেটারিয়েটের রাজধানী অফিস হিসাবে ব্যবহৃত হয়। উপরতলের একাংশ মুখ্যমন্ত্রী দিল্লী সফরকালে বাসস্থান হিসাবে ব্যবহার করেন। এই বাসস্থানের জন্য তিনি সরকার কর্তৃক নির্দিষ্ট হারে মাসিক ভাড়া দিয়া থাকেন। উপরতলের অপরাংশ সরকারী কাজে দিল্লী সফরকারি মন্ত্রীদের বাসস্থান এবং মুখ্যমন্ত্রী ও মন্ত্রীদের মন্ত্রণাকক্ষ হিসাবে ব্যবহৃত হয়। ডাঃ জাকির হোসেন মার্গের সি-২-১৫, ফ্ল্যাটটি পশ্চিমবঙ্গ সরকারের লিয়াইসন (Liaison) কমিশনারের বাসভবন হিসাবে ব্যবহৃত হয় এবংতিনি আইনমত ভাড়া দেন।

(৪) যাহাদের জন্য উক্ত বাড়ী দুইটি ভাড়া করা হইয়াছিল তাঁহারাই উহা ব্যবহার করিয়া আসিতেছেন।

Shrimati Geeta Mukhopadhyaya :

ঐ তিনটা বাড়ী ভাড়া না নিয়ে আমাদের সরকার কি দিল্লীতে তাদের নিজস্ব একটা বড় বাড়ী করবার দিকে এগোতে পারতেন না? সে বিষয়ে কিছু করেছেন কি?

Shri Ramkrishna Saraogi :

প্রশ্নটা খুবই গুরুত্বপূর্ণ। ওটার উত্তর সহজভাবে দেওয়া মাননীয়া সদস্যা হয়ত মনে করবেন—একেবারে কঠিন। বাড়ী—গেস্ট-হাউস ওখানে তৈরী করতে গেলে অনেক টাইম লাগে। আমরা চিন্তা করেছিলাম যে বঙ্গভবনটা যেখানে বর্তমানে আছে, ওটা ডিমোলিস করে ওখানে যদি আমরা একটা মাল্টি-স্টোরিড বিল্ডিং তৈরী করতে পারি তাহলে সেখানে আমাদের মুখ্যমন্ত্রীরও বাসস্থান হতে পারে, কনফারেন্স রুম হতে পারে, এম, এল, এরা সেখানে গিয়ে থাকতে পারেন, অফিসাররাও গিয়ে সেখানে থাকতে পারেন। কিন্তু সে টাকার ব্যবস্থা নাই যতটাকা প্রয়োজন হবে। সেখানে আরো অনেক একোমোডেসান্ হতে পারে। মাননীয়া সদস্যা জানেন---অফিসাররা, মন্ত্রীরা, এম, এল, এ-রা যখন দিল্লীতে যান, তখন তাঁরা এই বঙ্গভবনে থাকেন। যতক্ষণ না প্রয়োজনীয় টাকাপয়সার ব্যবস্থা হচ্ছে, আমরা নিজস্ব বাড়ী তৈরীর দিকে এগুতে পারছি না। অলটারনেট একোমোডেসান-এর ব্যবস্থা না করা পর্য্যন্ত ঐ ভাড়া বাড়ী রাখতেই হবে। অবশ্য আমরা চেষ্টা করে যাচ্ছি যাতে নিজস্ব একটা বাড়ী করা সম্ভব হয়।

Shrimati Geeta Mukhopadhyaya :

ঐ সার্কুলার রোডের বাড়ীটার মেইনটেনেন্স ঠিক হয় নাই। আমাদের সরকারের কি এটা প্রাকটিস যে মেইনটেনেন্স ও অন্যান্য ফর্মালিটি সম্বন্ধে নিশ্চিত না হয়ে আগে থেকে বাড়ী ভাড়া নেওয়া?

Shri Ramkrishna Saraogi :

কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ বিষয়ে আমাদের কথাবার্তা চলছে এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব ভারত সরকারের। কিন্তু কাজের জন্য বাড়ীর দরকার ছিল---এইজন্য আমরা তাড়াতাড়ি ওটা অকুপাই করে রেখেছি এবং ওটা মেরামত করছি। আমরা চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি ভারত সরকারের সঙ্গে এই সম্পর্কে আমরা ম্যাটারটা ফাইনালাইজ করতে পারি।

Mr. Speaker : Held over starred questions No. 375, 376, 381 and 391 are again held over.

(Noise)

(ভয়েসেস: একেবারে অপদার্থ---, এই হাউসটাই হেল্ড ওভার করে দিলে ভালো হতো---; আজকে হাউস বন্ধ করে দিন।

Mr. Speaker : I hope the Hon'ble Minister will explain the position.

Shri Narayan Bhattacharya :

অন্ এ পয়েন্ট অফ্ প্রিভিলেজ, স্যার, আপনি জানেন স্যার, আমরা গ্রামবাংলার সদস্যারা অনেক আশা নিয়ে এসেছি; গ্রামবাংলার সমস্যা নিয়ে অনেক প্রশ্ন রেখেছিলাম কিন্তু বড়ই দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি এবারকার বাজেট সেসনে আমরা সদস্যারা আমাদের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছি। কোন প্রশ্নের জবাব আমরা সময়মত পাচ্ছিনা। আর কয়েকদিনের মধ্যেই হাউস বন্ধ হয়ে যাবে। আমরা অনেক কোশ্চেন দিয়েছি, তার এনসার আজ পর্য্যন্ত পাচ্ছিনা।

[12-20 - 12-30 p.m.]

Mr. Speaker : These are already held over questions which I am calling. The questions are being held over once again. The Hon'ble Minister of State is explaining the position. Kindly allow him to do so.

Shri Ramkrishna Saraogi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত যে এত প্রশ্ন হেল্ড ওভার। এত গুরুত্বপূর্ণ প্রশ্ন হেল্ড ওভার করা হয়েছে। কিন্তু স্যার, আপনি জানেন যে প্রায় ৪০-৪৯ দিন পর্যান্ত ডাক্তার ও ইঞ্জিনিয়ারদের স্ট্রাইক চলেছিলো। গত ৪ঠা এপ্রিল তারিখে তাদের সঙ্গে মীমাংসা হয়েছে। কিন্তু যত কোশ্চেন আছে সেটা কেবলমাত্র আমরা বসে উত্তর ঠিক করতে পারি না। আমাদের উত্তরের জন্য প্রত্যেক প্রশ্ন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার এবং অন্যান্য অফিসারদের কাছে পাঠান হয়। আমাদের উত্তরের জন্য তাদের কাছে পাঠাতে হয় ও যেভাবে উত্তর এসে যাচ্ছে—আমরা ম্যাক্সিমাম ট্রাই করছি—চেষ্টা করছি যাতে আমরা তাড়াতাড়ি উত্তর দিতে পারি। যত তাড়াতাড়ি আমরা দিতে পারি তাই আমরা চেষ্টা করছি। আমরা যেমন উত্তর পাচ্ছি তেমন উত্তর দিচ্ছি। আপনার মাধ্যমে আমরা বলতে চাই যে, এই যে হেল্ড ওভার এটা সম্পর্কে আমাদের কোন কিছু নেই। আমরা চাই ম্যাকসিমাম ইনফরমেসান, ম্যাকসিমাম এনসার, ম্যাকসিমাম রিপোর্ট যাতে পেয়ে আমরা মাননীয় সদস্যদের কাছে উপস্থিত করতে পারি। আমরা স্ট্রাইকের জন্য দুঃখিত। আমরা হেল্ড ওভারের জন্য দুঃখিত।

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, I have listened to the Hon'ble Minister. Sir, the answers to our questions are not given by the Superintending Engineers or the Chief Engineers but the answers are given by the Secretariat. Why the Secretariat has not answered these questions ?

Mr. Speaker : The Hon'ble Minister of State has stated that due to specail circumstances he could not collect the answers for which he has also expressed regret on the floor of the House.

জাঙ্গিপাড়া-রসিদপুর রাস্তার কাজ

*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৩।) শ্রীগণেশ হাটুই ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলায় জাঙ্গিপাড়া থানার জাঙ্গিপাড়া-রসিদপুর (গ্রাম আঁবুহাটী) রাস্তাটি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, ঐ রাস্তাটির কাজ এখন পর্যন্ত শুরু না হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাত উহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Ramkrishna Saraogi :

(ক), (খ) এবং (গ) এরূপ কোন রাস্তা চতুর্থ পরিকল্পনায় গ্রহণ করা হয় নাই, সুতরাং কাজ শুরু করার প্রশ্ন ওঠে না।

Shri Ganesh Chandra Hatui :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে পরিকল্পনা গ্রহণ করা হয়নি। অথচ রাস্তা সার্ভে করা হয়ে গেছে, সেখানে এস্টিমেট হয়ে গেছে। এটা কি উত্তর দিচ্ছেন আমি বুঝতে পাচ্ছি না।

Shri Gangadhar Pramanik : Mr. Speaker, Sir, regarding starred questions 381 and 391 which stand in my name I may say that these questions came up before the House long before and these were held over. Naturally, the answers were ready in the file. I do not understand what is the reason for holding over these questions agai .

Mr. Speaker : According to the Minister the answers are not ready.

Shri Shish Mohammad :

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আমাদের এখন নমাজ পড়ার সময় আপনি এই সময়ে হাউস ডাকলেন এতে অসুবিধা হচ্ছে।

Mr. Speaker : Even Loksabha sits at 12 noon. There are religious minded Muslims also in the Loksabha. If they can sit at 12 noon, now can it be said that we cannot sit at this hour here ? Your representative, Mr. Besterwitch, also agreed in the meeting. There was no dissenting voice.

Shri Biswanath Mukherjee :

স্যার, কালকে বিজিনেস এ্যাডভাইসারি মিটিং ডাকলেন এবং সেখানে ঠিক হল আজকে ১২টায় হাউস বসবে, কালকে শেষ পর্যন্ত যারা হাউসে ছিলেন তারাই জানালেন, আর সব মেম্বার জানতে পারলেন না তাহলে সবাই আসবে কি করে?

Mr. Speaker : It is expected that all the members will come in time. It is also published in the newspaper.

Shri Biswanath Mukherjee :

স্যার, আমি রিকোয়েস্ট করব যে ভবিষ্যতে যখন বিজিনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং বসবে, তখন যে এত সর্ট নোটীশে এইরকমভাবে হাউস ডাকা না হয়। আগে যেমন নিয়ম ছিল যে ১টায় হাউস বসবে তা হঠাৎ পরিবর্তন করে ১২টায় করে দিলেন এত সর্ট নোটীশে অনেকেই জানতে পারলেন না এটা ঠিক নয়। আমি মনে করি at least one day before the members should know.

*133.

Mr. Speaker : The question is held over.

*134.

Shri Ramkrishna Saraogi : The question may be held over. I have already sent a letter to you to this effect, Sir.

Mr. Speaker : My office has not received any request from the department.

Shri Gangadhar Pramanik : Sir, you have allowed another member to call the question. The practice followed is that if a written permission is not given by the person in whose name the question stands, this cannot be allowed.

Mr. Speaker : Letter of authority is there.

*138 (Held over).

Shri Ramkrishna Saraogi : Mr. Speaker, Sir, with your permission I would like to explain যে স্ট্রাইক ইঞ্জিনিয়ার এবং ডাক্তাররা করেছিল তারজন্য আজকে অনেক কোশ্চেন হেল্ড ওভার হয়ে গিয়েছে। তবুও যাতে এটা তাড়াতাড়ি এখানে রাখা সম্ভব হয় তা দেখবো।

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় মন্ত্রিমহাশয় এই হাউসকে মিসলিড করলেন। আমার নিজের ৩২ টাকা বাকী ছিল, আমি খোঁজ করে চেকে পেমেন্ট পাই স্ট্রাইক পিরিয়ডে কিন্তু তখনত স্ট্রাইকের জন্য আটকায়নি।

(*139 - Held over ; *144—Held over ; *368—Held over.)

(Several members rose to speak)

(Noise)

Mr. Speaker : Honourable members, please take your seats. I have not received the printed copy of the questions that will be taken up today. I think, Hon'ble Minister will make a statement in the matter.

Shri Tarun Kanti Ghosh : Mr. Speaker, Sir, the West Bengal Government Press employs some deaf and dumb persons for certain trades where such handicapped persons can do useful work. Certain types of work in the Press can be carried out even by deaf and dumb people. In order to provide employment to such handicapped persons, the B. G. Press has a number of them as their employees. The B. G. Press was honoured by the President with a National Award for the humanitarian aspect, giving employment to handicapped persons. Recently the Government decided to employ further eight deaf and dumb boys in the B. G. Press. The Superintendent, after testing their ability, issued appointment letters to these eight boys for the posts for which they were found suitable.

On the 16th April when these boys went to the Press to join their duties, few of them presented their appointment letters to the Time-keeping office. A section of the employees of the Press under the influence of the West Bengal Government Press Workers' Union and under the influence of the C.P.I. (M) put up physical resistance to the joining of these boys. They not only stopped them from joining their duties, but some of them also jeered at them, thus wounding the feelings of these handicapped boys. Seeing the predicament of three boys, the remaining persons did not dare present their appointment letters to the Time-keeping office.

Having prevented them from joining, the employees ceased all work and gheraoed the Superintendent and demanded that none of the deaf and dumb boys should be permitted to join and that Government should take measures to fill up all the existing vacancies.

The attempts of the Superintendent to persuade them were futile, and all the employees stopped working. They did not allow the Superintendent to take out the papers from the Press or even use the Government vehicle in the Press.

আমাদের এই বিধানসভার ছাপাবার জিনিসপত্র ছিল অন্য প্রেসে ছাপতে দেব, তাও করতে দেওয়া হল না।

The printing work received from the Assembly Secretariat in connection with the Assembly Session could thus not be carried out on account of conduct of a section of the employees. As a result all matters including the questions, bulletins, etc. could not be printed in the Press.

I immediately asked my Commissioner of Industries to call the Union representatives and to tell them categorically that if they do not allow the workers to come back to work then Government would take all necessary steps in this matter.

(A Voice : Why did you not take action up till now ?)

(Noise)

Shri Asmanja De :

যারা অন্যায়ভাবে বাধাসৃষ্টি করেছে তাদের ওয়ার্নিং দেবার দরকার নেই, এরই ভিত্তিতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক্।

Shri Tarun Kanti Ghosh : Sir, in this connection, I now read out a portion of the report given by Mr. Verma. It reads "As desired by Minister, yesterday I met the representative of the Trade Unions in the B. G. Press. A resume of the discussion held is placed below in the file.

The Superintendent, B. G. Press, has informed me today that the workers have agreed to resume full-scale working from the 19th (i.e., today). The action for giving appointments to the dependents of employees, who died invalid or were rendered in harness, is to be taken now."

[12-30—12-40 p.m.]

আটজনের জায়গায় সাতজনকে জয়েন করতে দিয়েছে—এটা আমার বিশেষভাবে বলার কথা নয়, আমার বিশেষভাবে বলার কথা হচ্ছে যে আমি খুবই দুঃখিত যে ছেপে দিতে পারিনি ইন দি সারকমাসট্যান্সেস। এবং তার কারণগুলিও আপনাদের বললাম। আজকে ১৯ তারিখে তারা কাজে জয়েন করেছে। এর বদলে আমরা অন্য জিনিস টেক-আপ করতে পারি কিনা সেটা আপনারা ভেবে দেখুন। আমি আপনাদের সঙ্গে একমত যে তারা কাজে যোগদান করেছে বলে শুধু একটা ওয়ার্নিং দিয়েই শেষ করলে হবে না—নিশ্চয় তাদের শাস্তি বিধান করা উচিত। কিন্তু আজকে শাস্তি দেওয়া হবে কিনা এটা আমি বলতে আসিনি—তাদের বিরুদ্ধে কোন এ্যাকসন নেওয়া হবে কিনা সেকথা আমি বলতে আসিনি।

(গোলমাল)

আমি এই কথাই বলতে চেয়েছিলাম যেকোন অবস্থায় পড়ে ঐ প্রেসে ছাপা সম্ভব হয়নি।

(গোলমাল)

Shri Asamanja De :

এই আটজনের মধ্যে সাতজনকে জয়েন করতে দেওয়া হয়েছে এবং ঐ অতিরিক্ত একজনকে কেন জয়েন করতে দেওয়া হয়নি এটা আমরা জানতে চাই। আমি এই বিধানসভার তরফ থেকে দাবী করছি ঐ ওয়ার্কার্স ইউনিয়নের সদস্য যারা কাজে যোগদান করতে দেয়নি তাদের শুধু একটা ওয়ার্নিং দিলেই চলবে না। আমরা দাবী করছি যে ঐ সমস্ত ওয়ার্কাস ইউনিয়নের সদস্য যারা এই বিপর্যয়ের সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধে অবিলম্বে তদন্ত হবার পূর্বেই ব্যবস্থা অবলম্বন করা হোক।

Shri Triptimoy Aich :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে যারা ঐ মূখ-বধির ছেলেদের বিরুদ্ধে অত্যাচার করেছে তাদের বিরুদ্ধে সরকার কোন স্টেপ নেবেন না নেবেন পরের কথা তাদের ইমিডিয়েটলি এ্যারেস্ট করা হোক এবং ঐ সমস্ত মূখ-বধিরদের প্রোটেকসন সরকার তরফ থেকে দেওয়া উচিত।

(গোলমাল)

Mr. Speaker : Honourable members, I am concerned with the questions, particularly in the question hours. But, it is a fact that we could not circulate the printed questions that would be taken up today. Now I want to take the sense of the House if you want that I should proceed even though the questions could not be circulated. I think, it will be difficult for you to understand as to what the actual

questions are and it will also be difficult for you to place supplementaries if you so want. The printed questions could not be circulated because of the fact that my Secretariat has not yet received the printed questions from the Press although the Superintendent, Government Press, Shri S. K. Choudhury who came to my Secretariat yesterday at 7-30 p.m. and stayed upto 8-45 p.m. gave a specific understanding that all the bulletins, questions, etc.. that would be taken up today, would be printed by the Press and handed over to the Assembly Secretariat in time. On this specific understanding all the papers including the bulletins, the starred questions, etc., that would be taken up today were handed over to Shri Chaudhury yesterday. He gave us assurance that though there might be some troubles in the Press, yet, so far as Assembly matters were concerned, the papers would be printed and handed over to the Assembly Secretariat in time.

It was on his making this specific statement and –you can say—promise to my Secretariat that all the papers were handed over to him at 8.45 p.m. Now, since this morning my Secretariat has been contacting with the Press over telephone times without number but they have stated that they would not be able to supply the bulletins or printed questions before 2 p.m. This is the actual position. If all the papers including the bulletins and questions had not been handed over to the Superintendent, then we could have cyclostyled the papers. But because he gave the specific assurance to my Secretariat, all the papers were handed over to him at 8-45 p.m. and the took away all the papers. Now, this being the position, I may tell the honourable members that if you want I can proceed even though the questions have not been printed and circulated.

[Noise and interruptions]

Shri Abdul Bari Biswas : We want that these questions should be taken up. (Noise). On a point of privilege, Sir......(Noise)

Mr. Speaker : Now, the bulletin has just reached our office but the questions have not. This is the position. If you agree with me I take you into confidence— then I can proceed.

Shri Abdul Bari Biswas : Yes, Sir, we agree.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে অস্বাভাবিক অবস্থার কথা বললেন এবং আপনার যে অসুবিধার কথা শুনলাম তাতে মনে হল আজকে আপনার শত প্রচেষ্টা সত্ত্বেও বিধানসভার সদস্যদের কাগজ সরবরাহ করতে পারেন নি। এই বি, জি, প্রেসের কর্মকর্তাদের চুক্তি এবং কথা যে বানচাল হয়ে গেলো এই কথার প্রসঙ্গ টেনে আমি বলেছিলাম আপনার নিজের তত্বাবধানে একটা প্রেস থাকা উচিত। এই কথা কোন অজ্ঞাত কারণে ছুঁড়ে দেওয়া হয়েছে। বিধানসভার কর্মচারীরা এবং সরকারী কর্মচারীরা এখানকার রাত্রি ৮।১০টা পর্যন্ত খাটেন। কত ওভার টাইম এদের দিতে পারেন সেটা জিজ্ঞাসা করুন। এদের কথা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখা দরকার। আমাদের কাজের জন্য এমন দিনও হয়েছে যে এখানকার কর্মচারীদের এখানে রাত্রি যাপন করতে হয়েছে এই বিধানসভা ভবনে। কিন্তু বি, জি, প্রেস আপনার সঙ্গে যে শঠতা করলো, আমাদের যে অধিকার ভঙ্গ করলো এইকথা স্মরণ করিয়ে দিয়ে এই মন্ত্রিসভার কাছ থেকে কি এই কোয়ারীর উত্তর পেতে পারি না যে বিধানসভার তত্ত্বাবধানে একটা প্রেস দরকার আছে কিনা, এর প্রয়োজন উপলব্ধি করেন কিনা এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা করেন কিনা এটা আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই। বিধানসভার নিজস্ব প্রেস দরকার কিনা এটা ভেবে দেখা উচিত। বিধানসভার কর্মচারীদের মাইনে এবং ওভার টাইম বিশেষভাবে বিবেচনা করা দরকার এবং দিনের পর দিন যেভাবে কাটছে তাতে এইসব কথা বিবেচনা করবেন কিনা।

(একসঙ্গে বহু সদস্যকে বলতে দেখা যায়। গোলমাল)

Mr. Speaker : I would like to hear members one by one. If you agree, then I can proceed.

Shri Gangadhar Paramanik : Sir, on a point of privilege.

এই হাউস কি রকমভাবে চলবে রুলস কমিটি তার ব্যবস্থা করে দিয়েছেন এবং সেই রকমভাবে হাউস চলে থাকে। কিন্তু কোন পলিটিক্যাল পার্টির ঔদ্ধত্যের জন্য বা কোন ইউনিয়নের ঔদ্ধত্যের জন্য এইরকম হয়েছে। তারা আজকে এই হাউসকে কন্ট্রোল করবে এটা আমার মনে হয়,
beneath the dignity of the House and the dignity of the Chair and so I entreat you, Sir, that the House must be adjourned.

[Noise and interruptions]

[12-40—1-00 p.m.]

Shri Pradyot Kumar Mahanti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘটনা ঘটেছে সেটা শুধু আজকের ঘটনাই নয়, এই বিধানসভা চলাকালীন সময়ের এটা নিত্যনৈমিত্তিকের ঘটনা। মন্ত্রিমহাশয় যে বক্তব্য রাখলেন সেটা হচ্ছে কেন আজকে কোয়েশ্চেন ছাপা হয়নি। কিন্তু স্যার, আমরা জানি অধিবেশন চলাকালীন সময়ে ১২।৪৫।৫০ মিনিট নাগাদ এই সেক্রেটারিয়েটে কোয়েশ্চেন এসে পৌঁছায়। বি, জি, প্রেসের কর্মচারীরা সরকারের নির্দেশ মানছে না, এমন কি বিধান-সভার স্পীকারের নির্দেশও অমান্য করার ধৃষ্টতা তাদের হয়েছে। বিধানসভার কাজকর্ম অচল করার জন্য ঐ কর্মচারীরা একটা ষড়যন্ত্র করছে এবং এইভাবে দিনের পর দিন ষড়যন্ত্র চালিয়ে আপনার সেক্রেটারিয়েটকে একটা এমব্যারাসিং পজিসানে ফেলছে। কাজেই স্যার, আমি মন্ত্রিমহাশয়ের কাছে বলব, তিনি কি এ্যাসিওরেন্স এ ব্যাপারে দিতে পারেন সেটা আমাদের জানান।

Shri Biswanath Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে নন-অফিসিয়াল ডে এবং একটা ইমপর্টেন্ট প্রস্তাব আছে। যদি আপনি এই প্রতিশ্রুতি দেন যে আগামী ২২ তারিখে আপনি সেই সুযোগটা দেবেন তাহলে আমি এ্যাডজর্নমেন্টের প্রস্তাব সমর্থন করছি, তা নাহলে আমি বলব, এই কোয়েশ্চেনের প্রিরিয়ডটা এ্যাডজর্ন করে আবার হাউস রিএ্যাসেম্বল করুন। কারণ আজকের এই নন-অফিসিয়াল ডে-তে যে প্রস্তাবটি আছে সেটা সারা দেশের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। তবে আমি অনুরোধ করবো আজকে পুরো এ্যাডজর্ন করে ২২ তারিখে ঐ প্রস্তাবটা আলোচনা করার সুযোগ দেওয়া হোক।

Shri Monoranjan Pramanik :

উইথ ইয়োর কাইন্ড পারমিসান, স্যার, আমরা পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে একটা ষড়যন্ত্র বা কনসপিরেসী, চলেছে এই বিধানসভার মর্যাদাকে ক্ষুন্ন করার জন্য, সেইজন্য আমি বক্তব্য রাখতে চাচ্ছি। স্যার, আপনি দেখুন, আজকে কোয়েশ্চেনের প্রিন্টেড কপি আমরা পেলাম না, এর আগে ১৬ তারিখে সাউথ গেটে তালা বন্ধ করা হয়েছিল ইত্যাদি। কাজেই স্যার, আমি বলব, এই বিধানসভার কাজকর্মকে অচল করে দেবার জন্য একটা ছিঁচকে বিপ্লব সুরু হয়েছে এবং ষড়যন্ত্র চলেছে।

Mr. Speaker : Honourable members, I have taken the sense of the House. The non-official resolution will be taken up at 1 p.m. today. That is a motion under rule 185.

As the questions could not be circulated amongst the members, I adjourn the House till 1 p.m.

[At this stage the House was adjourned till 1 p.m.]

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Cement

222. (Admitted question No. 1498.) **Shri Birendra Bijay Malla Deb:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state the quantity of cement received during the years 1972-73 and 1973-74 (up to February, 1974) ?

The Minister of State-in-charge of the Food and Supplies Department :

			Metric Tonnes
1972	...	...	7,45,154
1973	...	...	7,55,586
1974 (up to February)	...	...	93,095

চুঁচুড়ায় গ্রামসেবক ট্রেনিং সেন্টার

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮০।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চুঁচুড়ার গ্রামসেবক ট্রেনিং সেন্টারে কি এখনও গ্রামসেবকদের প্রশিক্ষণ দানের কাজ চলছে;

(খ) না চললে, এখানে বর্তমানে কি কাজ হচ্ছে; এবং

(গ) এই প্রশিক্ষণ কেন্দ্রটিকে কৃষি বিষয়ে উচ্চশিক্ষা দানের কেন্দ্র হিসাবে পরিণত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এখানে বর্তমানে অঞ্চল উন্নয়ন সহায়ক, ব্যবহারিক পুষ্টি প্রকল্প, ক্ষুদ্রচাষী উন্নয়ন সংস্থার কারিগরী শিক্ষা প্রদান প্রভৃতির কাজ চলিতেছে।

(গ) উক্ত কেন্দ্রে অবস্থিত ধান্যগবেষণা কেন্দ্রের গবেষণালব্ধ অভিজ্ঞতা কৃষি সম্প্রসারণ আধিকারিকদিগের মধ্যে শিক্ষণ প্রদানের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

পশ্চিমবঙ্গ আই, এ, এস, এবং আই, পি, এস, অফিসারের সংখ্যা

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতজন করিয়া আই, এ, এস, এবং আই, পি, এস, অফিসার আছেন; এবং

(খ) এঁদের মধ্যে মহিলার সংখ্যা কত?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের আই, এ, এস, এবং আই, পি, এস, কেডার দুইটিতে বর্তমানে (১লা এপ্রিল, ১৯৭৪ তারিখে) যথাক্রমে ২১০ ও ১৫৯ জন অফিসার আছেন।

(খ) এঁদের মধ্যে আই, এ, এস, কেডারে ৮ জন মহিলা অফিসার আছেন।

ফিল্ম ডিভিসন গঠন

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার একটি ফিল্ম ডিভিসন গঠন করিয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত ফিল্ম ডিভিসন এযাবত কোন তথ্যচিত্র অথবা অন্য কোন চিত্র নির্মাণ করেছে কি না;

(গ) চিত্র নির্মাণ করে থাকলে, কি কি বিষয়ের উপর এবং কয়টি; এবং

(ঘ) উক্ত ফিল্ম ডিভিসনের জন্য এযাবত কি পরিমাণ অর্থ ব্যয় করা হইয়াছে?

তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না। তবে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ফিল্ম ডিভিসন গঠন করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

বাংলা চলচ্চিত্র উন্নয়নের জন্য উন্নয়ন পর্যদ্ গঠন।

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাংলা চলচ্চিত্র উন্নয়নের জন্য রাজ্য সরকার একটি উন্নয়ন পর্ষদ্ গঠন করেছেন;

(খ) সত্য হইলে, উক্ত চলচ্চিত্র উন্নয়ন পর্ষদের কর্মসূচি কি;

(গ) উক্ত চলচ্চিত্র উন্নয়ন পর্ষদের বাংলা ছবি নির্মাণের ব্যাপারে আর্থিক সাহায্য দেওয়ার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) উক্ত উন্নয়ন পর্ষদের মাধ্যমে বাংলা চলচ্চিত্রের উন্নয়নের জন্য এ পর্যন্ত কি কি সাহায্য দেওয়া হয়েছে?

তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পের উন্নতিকল্পে এই পর্ষদ্ গঠিত হইয়াছে। পর্ষদ্ নিম্নবর্ণিত ব্যাপারে সরকারকে পরামর্শ দিবেন:

(১) চলচ্চিত্র শিল্পের উন্নয়ন প্রয়াসে কলিকাতা ও মফঃস্বল সিনেমা গৃহে বহুলপরিমাণে বাংলা চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা সম্পর্কে অবস্থা সৃষ্টি করা;

(২) বর্তমান ফিল্ম স্টুডিও-র উন্নতি সাধন, বিশেষ করিয়া রঙীন চলচ্চিত্র যাহাতে এই রাজ্যের স্টুডিওতে তৈরী করা যায় সে বিষয়ে ব্যবস্থাদি গ্রহণ;

(৩) পশ্চিমবঙ্গে হিন্দি চলচ্চিত্র প্রণয়ন এবং সারা ভারতে উহার প্রদর্শনের ব্যবস্থা সম্পর্কে ও অন্যান্য ভাষাতেও চলচ্চিত্র নির্মাণ করা যায় কিনা সে সম্পর্কে মতামত প্রদান;

(৪) এই রাজ্যে নির্মিত চলচ্চিত্রের সাধারণ কারিগরী উৎকর্ষের মান উন্নয়নের জন্য আধুনিক যন্ত্রপাতি প্রদানের ব্যবস্থা করার উপায় নির্ধারণ;

(৫) চলচ্চিত্র শিল্পে নিয়োজিত কর্মীদের সর্বনিম্ন মজুরী প্রদান ব্যবস্থা কার্যকর করা;

(৬) বাংলাতে তথ্যচিত্র সংবাদচিত্র, স্বল্প দৈর্ঘ্যের চিত্র এবং কাহিনীচিত্র নির্মাণে আর্থিক সহায়তা এবং এইভাবে পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পে নিযুক্ত কারিগরী কর্মী ও অন্যান্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সম্বন্ধে সুপারিশ; এবং

(৭) পশ্চিমবঙ্গে নির্মিত উৎকৃষ্ট কাহিনীচিত্র এবং শিশুচিত্রের জন্য নগদ টাকায় পুরস্কারের জন্য সুপারিশ এবং বাংলায় উৎকৃষ্ট চলচ্চিত্র নির্মাণের উদ্দেশ্যে প্রযোজক, পরিচালক এবং কারিগরী কর্মীদের উৎসাহদান সুনিশ্চিত করা।

(গ) হ্যাঁ আছে। এ বিষয়ে পর্ষদের সুপারিশ প্রাপ্তির পর সরকার কর্তৃক আর্থিক সাহায্য-দানের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ঘ) এ পর্যন্ত কোনরূপ সাহায্য মঞ্জুর করা হয় নাই। তবে চলচ্চিত্র প্রযোজকদিগকে আর্থিক সাহায্যদানকল্পে তাঁহাদের নিকট হইতে দরখাস্ত আহবান করা হইয়াছে। পর্ষদ্ এ বিষয়ে বিশেষ মনোযোগ দিয়াছেন এবং উহার সুপারিশ পাইলেই, বর্তমান আর্থিক বৎসরের মধ্যেই প্রযোজকদিগকে আর্থিক সাহায্য দেওয়া যাইবে বলিয়া আশা করা যায়। সরকার ইতিমধ্যে বিগত ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গে নির্মিত কাহিনীচিত্রের শ্রেষ্ঠ প্রযোজক, শিল্পী প্রভৃতিকে "উপহার কুপন"-এর মাধ্যমে প্রায় এক লক্ষ টাকা আর্থিক পুরস্কার এবং প্রশংসাপত্র একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করিয়াছেন।

তাহেরপুর (সরকারী) কলোনীর রাস্তাগুলিতে বৈদ্যুতিক আলো

৮২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮০১।) শ্রীনরেশচন্দ্র চাকীঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তাহেরপুর (সরকারী) কলোনীর রাস্তাগুলিতে এখনও বৈদ্যুতিক আলো না দেওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত রাস্তাগুলিতে বিদ্যুৎ সরবরাহ করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উদ্বাস্তু কলোনীর উন্নয়নের মধ্যে বৈদ্যুতিক আলো দেওয়ার ব্যবস্থা না থাকায় ইহা হয় নাই।

(খ) উন্নয়নের জন্য ধার্য টাকার উর্ধ্বসীমার মধ্যে বিদ্যুৎ সরবরাহ সম্ভব নয় বলিয়া উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের পক্ষে কোন ব্যবস্থা গ্রহণ করা যায় নাই।

রাণীগঞ্জ খনি অঞ্চলে নিরাপত্তা বাহিনী গঠন

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার মূল্যবান কয়লা সম্পদ রক্ষার জন্য রাণীগঞ্জ কয়লা খনি অঞ্চলে রাজ্যসরকারের অধীনে নিরাপত্তা বাহিনী গঠন করার পরি-কল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, (১) পরিকল্পনার বিস্তৃত বিবরণ এবং (২) কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কোল মাইন অথরিটির নিকট হইতে একটি নিরাপত্তা বাহিনী গঠনের প্রস্তাব সরকার পাইয়াছেন। ঐ প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

(খ) (১) এ বিষয়ে একটি বিস্তৃত বিবরণী নিম্নে দেওয়া হইল।

(২) প্রস্তাবটি সরকার কর্তৃক গৃহীত হইলেই কাজ আরম্ভ হইবে।

পরিপূরক তথ্যাদিঃ—প্রস্তাবটি বর্তমানে স্বরাষ্ট্র দপ্তর রাজ্যসরকারের অর্থ দপ্তরে বিবেচনার জন্য প্রেরণ করিয়াছেন।

কলিকাতা কর্পোরেশনের অধীনস্থ রাস্তাগুলিতে ম্যানহোল

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১২।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনের অধীনস্থ রাস্তাগুলিতে কতগুলি ম্যানহোল আছে;

(খ) ম্যানহোলগুলি ঠিকমত ঢাকা দেওয়া থাকে কিনা;

(গ) ম্যানহোলগুলি দেখাশুনার জন্য কর্পোরেশনের কতজন কর্মী আছেন এবং তাঁদের মাসিক বেতন বাবত কত টাকা খরচ হয়;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, ম্যানহোলগুলির অধিকাংশই খোলা থাকার ফলে প্রায়ই জীবনান্ত হওয়ার ঘটনা ঘটিয়া থাকে; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ঃ (ক) আনুমানিক ২৫,৪০০টি।

(খ) প্রায়শই থাকে।

(গ) শুধু ম্যানহোল দেখাশুনা করার জন্য কোন কর্মী নাই। যে ১,৯০০ মজদুর ভূগর্ভ পয়ঃপ্রনালী দেখাশুনা করেন তাঁহারাই ম্যানহোলের দেখাশুনা করিয়া থাকেন। ইহা ছাড়া কনজারভেন্সি ব্লক মজদুররাও নিজেদের কাজ ছাড়া এই কাজে নিযুক্ত আছেন। তাঁহারা ম্যানহোলের ঢাকনা চুরি গেলে কর্তৃপক্ষের কাছে সংবাদ পাঠান।

উক্ত কর্মীদের মাসিক বেতন বাবত তিন লক্ষ আশী হাজার টাকা খরচ হয়।

(ঘ) না।

(ঙ) প্রশ্নই উঠে না।

Statement referred to in reply to clause kha(1) of unstarred question No. 288

কোল মাইন অথরিটি রাজ্য সশস্ত্র পুলিশ বাহিনীর ৬ষ্ঠ ব্যাটেলিয়নের অনুরূপ একটি সশস্ত্র নিরাপত্তা বাহিনী গঠনের প্রস্তাব করিয়াছেন। ঐ বাহিনীতে নিম্নলিখিত পদগুলি গঠন করার প্রস্তাব আছেঃ

কম্যাণ্ডান্ট	১	সহঃ কমাণ্ডান্ট ..	২	
ইন্সপেক্টার ..	৭	সাব্-ইন্সপেক্টার ..	৩২	(নিরস্ত্র বাহিনীর ২ জন সহ)
এ এস আই	২	হেড কনস্টেবল ..	৬৭	
নায়েক	৫৭	কনস্টেবল ..	৬৮২	
মেনিয়াল	৪০	মেকানিক ..	২	
হেড ক্লার্ক	১	একাউন্টান্ট ..	১	
ক্যাশিয়ার	১	স্টেনোগ্রাফার ..	১	
এল ডি ক্লার্ক ..	৭	দপ্তরী ..	১	

এই প্রস্তাবে এককালীন (নন-রেকারিং) খরচ বাবত ১৫ লক্ষ টাকা এবং পৌনঃপুনিক (রেকারিং) খরচ বাবত ৫৯ লক্ষ টাকা ধার্য করা হইয়াছে। এই সমুদয় খরচ কোল মাইন অথরিটি বহন করিতে স্বীকৃত আছেন।

Baboons in Sukna Forest

290. (Admitted question No. 212.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) when the baboons were first brought in the Sukna Forest and how many were brought ;

(b) wherefrom they were brought ;

(c) how many of them survived ; and

(d) what is the present number of baboons in the Sukna Forest ?

The Minister of Forests : (a) Baboons were not brought in the Sukna Forest.

(b), (c) and (d) : Does not arise.

যুবকল্যাণ কর্মসূচি

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** যুবকল্যাণ দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে যুবসম্প্রদায়ের কল্যাণের জন্য কোন কর্মসূচি গ্রহণ হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে কি কি কর্মসূচি এবং সেগুলির কেন্দ্র কোথায়;

(গ) যুবকল্যাণ বাবত ঐ সময় পর্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে; এবং

(ঘ) যুবকল্যাণ কর্মসূচি পশ্চিমবঙ্গের ব্লকস্তর পর্যন্ত বিস্তৃত করার কোন পরিকল্পনা আছে কি?

যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কর্মসূচিগুলিকে নিম্নলিখিতভাবে ভাগ করা যেতে পারেঃ

(১) গ্রামাঞ্চলে ক্রীড়াসংগঠন ও উন্নয়ন;

(২) কৃষ্টিগত বহুমুখী কর্মসূচি—এর মধ্যে আছে পাঠাগার স্থাপন এবং সঙ্গীত, কলা ও অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানসূচি রচনার দ্বারা যুবমনের সামগ্রিক উন্নতি সাধন;

(৩) সমাজসেবামূলক কার্য—এই উদ্দেশ্যে যুব সেবাবাহিনী গঠন করা হয়েছে। এরা বিভিন্ন অনুন্নত গ্রামে গ্রামবাসীর বয়স্কশিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, সামাজিক স্বাস্থ্যরক্ষার নিয়মকানুন, উন্নত প্রথায় চাষাবাদের প্রয়োজনীয়তা ইত্যাদি বিষয়ে শিক্ষা দিচ্ছেন।

(৪) এসব ছাড়া অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্পের অধীনে নিম্নলিখিত কর্মসূচিগুলিও রূপায়িত করা হচ্ছেঃ—

(ক) ব্যক্তিগত গোপালন প্রকল্প—এর দ্বারা ১৪,০০০ যুবক উপকৃত হবেন।

(খ) সমবায়ভিত্তিক আংশিক যান্ত্রিক উপায়ে রুটি উৎপাদন।

(গ) ব্যক্তিগত মুরগী পালন প্রকল্প।

(ঘ) সমবায়ভিত্তিক সাবান তৈরি প্রকল্প।

(৫) যুব নিবাস (ইউথ হোস্টেল)।

(৬) যুবকেন্দ্র (ইউথ সেন্টার)—যুবকল্যাণ বিভাগ কলকাতায় একটি যুবকেন্দ্র স্থাপন করতে উদ্যোগী হয়েছেন। এই কেন্দ্রটিতে ৪০০ জন যুবক এবং ১০০ জন যুবতীর জন্যে

কলিকাতা কর্পোরেশনের অধীনস্থ রাস্তাগুলিতে ম্যানহোল

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১২।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনের অধীনস্থ রাস্তাগুলিতে কতগুলি ম্যানহোল আছে;

(খ) ম্যানহোলগুলি ঠিকমত ঢাকা দেওয়া থাকে কিনা;

(গ) ম্যানহোলগুলি দেখাশুনার জন্য কর্পোরেশনের কতজন কর্মী আছেন এবং তাঁদের মাসিক বেতন বাবত কত টাকা খরচ হয়;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, ম্যানহোলগুলির অধিকাংশই খোলা থাকার ফলে প্রায়ই জীবনান্ত হওয়ার ঘটনা ঘটিয়া থাকে; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ঃ (ক) আনুমানিক ২৫,৪০০টি।

(খ) প্রায়শই থাকে।

(গ) শুধু ম্যানহোল দেখাশুনা করার জন্য কোন কর্মী নাই। যে ১,৯০০ মজদুর ভূগর্ভ পয়ঃপ্রনালী দেখাশুনা করেন তাঁহারাই ম্যানহোলের দেখাশুনা করিয়া থাকেন। ইহা ছাড়া কনজারভেন্সি বুক মজদুররাও নিজেদের কাজ ছাড়া এই কাজে নিযুক্ত আছেন। তাঁহারা ম্যানহোলের ঢাকনা চুরি গেলে কর্তৃপক্ষের কাছে সংবাদ পাঠান।

উক্ত কর্মীদের মাসিক বেতন বাবত তিন লক্ষ আশী হাজার টাকা খরচ হয়।

(ঘ) না।

(ঙ) প্রশ্নই উঠে না।

Statement referred to in reply to clause kha(1) *of unstarred question No.* 288

কোল মাইন অথরিটি রাজ্য সশস্ত্র পুলিশ বাহিনীর ৬ষ্ঠ ব্যাটেলিয়নের অনুরূপ একটি সশস্ত্র নিরাপত্তা বাহিনী গঠনের প্রস্তাব করিয়াছেন। ঐ বাহিনীতে নিম্নলিখিত পদগুলি গঠন করার প্রস্তাব আছেঃ

কম্যাণ্ডাণ্ট	১	সহঃ কমাণ্ডাণ্ট ..	২	
ইন্সপেক্টার ..	৭	সাব্-ইন্সপেক্টার ..	৩২	(নিরস্ত্র বাহিনীর ২ জন সহ)
এ এস আই	২	হেড কনস্টেবল ..	৬৭	
নায়েক	৫৭	কনস্টেবল ..	৬৮২	
মেনিয়াল	৪০	মেকানিক ..	২	
হেড ক্লার্ক	১	একাউন্টান্ট ..	১	
ক্যাশিয়ার	১	স্টেনোগ্রাফার ..	১	
এল ডি ক্লার্ক ..	৭	দপ্তরী ..	১	

এই প্রস্তাবে এককালীন (নন-রেকারিং) খরচ বাবত ১৫ লক্ষ টাকা এবং পৌনঃপুনিক (রেকারিং) খরচ বাবত ৫৯ লক্ষ টাকা ধার্য করা হইয়াছে। এই সমুদয় খরচ কোল মাইন অথরিটি বহন করিতে স্বীকৃত আছেন।

(৪) কলিকাতা অফিসসমূহের ইংরাজী স্টেনোগ্রাফার/টাইপিস্টদের যথাক্রমে বাংলা সর্টহ্যান্ড ও টাইপ শিক্ষা দেওয়ার ব্যবস্থা অবিলম্বে করিতে হইবে।

(৫) সরকারী কাজে নিয়োজিত ইংরাজী স্টেনোগ্রাফার/টাইপিস্টদের বাংলা টাইপ শিক্ষার জন্য, জেলা, মহকুমা, ও ব্লক অফিসে অবিলম্বে একটি করিয়া বাংলা টাইপ-রাইটার দেওয়ার প্রস্তাব গৃহীত হইয়াছে। এইজন্য ৫০০টি বাংলা টাইপরাইটার ক্রয় করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(৬) জেলা, মহকুমা ও ব্লক পর্যায়ে সমস্ত সরকারী অফিসের টাইপিস্টদের বাংলা টাইপ শিক্ষার জন্য একটি প্রশিক্ষণ ব্যবস্থা চালু করিতে হইবে।

(৭) পশ্চিমবঙ্গ সরকারের সকল অফিসের নাম ইংরাজী ও বাংলাভাষায় করিতে হইবে। কেবলমাত্র দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাস্থ অফিসসমূহে ইংরাজী, বাংলা ও নেপালী ভাষায় করিতে হইবে।

(৮) নিম্নতম আদালতে সকল প্রকার কাজকর্ম বাংলাভাষায় প্রচলন করা সম্পর্কে বিচার বিভাগকে অনুরোধ করা হইয়াছে।

(৯) ভবিষ্যতে স্টেনোগ্রাফার নিয়োগের ব্যাপারে ইংরাজী ও বাংলা এই দুই প্রকার সংকেত-লিখন সম্পর্কে যোগ্যতা থাকা দরকার এবং স্টেনোগ্রাফার নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী সংশোধন করিবার বিষয়টি সংশ্লিষ্ট বিভাগকে বিবেচনা করিতে বলা হইয়াছে।

(২) আলোচ্য সময়ের মধ্যে ইংরাজীতে প্রকাশিত ২৮টি প্রাদেশিক এবং ২৬টি কেন্দ্রীয় আইন ও ভারতের সংবিধান বাংলা ভাষাতে অনুবাদ করা হইয়াছে।

(৩) সরকারী কার্যে ব্যবহৃত ইংরাজী শব্দের যথাযথ বাংলা প্রতিশব্দ নিরূপণের জন্য গঠিত পরিভাষা সংসদের কার্যধারা অব্যাহত রাখা হইয়াছে।

(৪) ব্লকপর্যায় অফিস হইতে মহাকরণের অফিস পর্যন্ত সকল সরকারী অফিসে কত-গুলি বাংলা টাইপরাইটার, কতজন বাংলা স্টেনোগ্রাফার ও টাইপিস্ট দরকার এবং বর্তমানে কি আছে সে সম্পর্কে সম্প্রতি একটি পরিসংখ্যান সংগ্রহ করা হইয়াছে। বর্তমানে বিভিন্ন অফিসের চাহিদা পরীক্ষা করা হইতেছে।

(খ) (১) সরকারী কাজে কর্মরত ইংরাজী স্টেনোগ্রাফার ও টাইপিস্টদের বাংলা সর্টহ্যান্ড ও টাইপ শিক্ষা গ্রহণের ব্যবস্থা অবিলম্বে করা প্রয়োজনে, ইতিপূর্বে ইংরাজী স্টেনোগ্রাফারদের কেবলমাত্র বাংলা সংকেতলিখনের পরীক্ষা গ্রহণ করা হইত। এখন যাহাতে তাঁহারা বাংলা টাইপ শিক্ষা গ্রহণে আকৃষ্ট হন, তাহার জন্য তাঁহারা বাংলা টাইপ পরীক্ষায় পাশ করিলেই এককালীন ২৫০ টাকার পুরষ্কার দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এতদিন পর্যন্ত শুধুমাত্র কলিকাতাস্থ সরকারী অফিসসমূহের ইংরাজী স্টেনোগ্রাফার ও টাইপিস্টদের বাংলা টাইপ ও সর্টহ্যান্ড শিক্ষা দেওয়ার ব্যবস্থা ছিল। সে শিক্ষা ব্যবস্থাও ১৯৭১ সাল হইতে বন্ধ করিয়া দেওয়া হইয়াছিল। এখন যাহাতে কলিকাতা ও মফঃস্বল অফিসসমূহের সকল স্টেনোগ্রাফার ও টাইপিস্টদের বাংলা সর্টহ্যান্ড ও টাইপ শিক্ষা দেওয়া যায় সে সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(২) সরকারী কাজে বাংলাভাষা ব্যবহার পুরাপুরি চালু করিতে প্রচুর বাংলা টাইপরাইটার মেশিন দরকার। সুতরাং টাইপরাইটার সরবরাহ সম্পর্কে টাইপরাইটার প্রস্তুতকারী কোম্পানীর সহিত যোগাযোগ করা হইয়াছে। কোম্পানীর পক্ষে অধিকসংখ্যক টাইপরাইটার কয়েক কিস্তিতে সময়সাপেক্ষে সরবরাহ করা ছাড়া কোন উপায় নাই বলিয়া জানাইয়াছে।

System of watering the streets of Calcutta.

293. (Admitted question No. 207). **Shri Md. Safiullah** : Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) if it is a fact that the system of watering the streets of Calcutta in the early morning has since been discontinued ;

(b) if so, the reasons thereof ;

(c) the number of hydrants at present in Calcutta which are out of order ; and

(d) the reasons for not repairing them ?

The Minister of State-in-charge of the Municipal Services : (a) No. But due to defective hydrants in some places and also for low pressure of unfiltered water, the system does not always work.

(b) Does not arise.

(c) 10,000 numbers (approx.)

(d) Ground hydrants are being repaired with the materials purchased out of neagre fund provided for the purpose by the Calcutta Corporation. But due o constant pilferage of parts, the repaired hydrants are again becoming out of order.

Trained dogs under State Intelligence Branch

294. (Admitted question No. 204.) **Shri Md. Safiullah** : Will the Minister-n-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of trained dogs at present in the possession of the State Intelligence Branch for detection of crimes ; and

(b) in how many cases these dogs helped the State Police to detect the criminals during the period from the 1st April, 1972 to the 31st January, 1974 ?

The Minister for Home (Police) : (a) 11 dogs.

(b) 84 cases.

আসানসোল মহকুমায় কয়লা উত্তোলনের ফলে ঘরবাড়ী ও কৃষিজমির ক্ষতি

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বাণিজ্য এবং শিল্প-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বে-আইনী ও বিপজ্জনকভাবে কয়লা উত্তোলনের, ফলে আসানসোল মহকুমার চরণপুর, ভানোড়া, মাজিয়াড়া, পলাসডিহা, গোবিন্দপুর মোজুড়ি, পাটমোহনা, জগৎডিহি, আলুঠিয়া, মিঠানী, ভারতচক প্রভৃতি গ্রামের বহু ঘরবাড়ি ও কৃষিজমির প্রভূত ক্ষতি হয়েছে; এবং

(খ) অবগত থাকলে, এ বিষয়ে রাজ্যসরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

বাণিজ্য ও শিল্পবিভাগের মন্ত্রিমহাশয়ঃ উল্লিখিত মৌজাগুলির কয়েকটিতে এ ধরনের ক্ষতির কথা সরকার অবগত আছেন।

(খ) হ্যাঁ, প্রতিবিধানের জন্য আইন প্রণয়নের ব্যাপারে রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সহিত আলোচনা করিতেছেন।

Accumulation of garbage in the streets of Calcutta

296. (Admitted question No. 179.). **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) whether the Government is aware of the huge accumulation of garbage in different streets of Calcutta principal of them being those at the crossing of New C. I. T. and Srinath Babu Lane, Lden Hospital Road, Madan Mohan Barman Street and College Street Fish Market area : and

(b) if so, the reasons for such accumulation and the action taken by the Govern ment in this regard ?

The Minister of State-in-charge of the Municipal Services : (a) The accumulation of garbage is now almost within control in most of the areas : but there may be some accumulation of garbage here and there. This is being cleared.

(b) In view of (a) above, the question does not arise.

Number of buildings in precarious and dilapidated condition in the Calcutta Corporation area

297. (Admitted question No. 202.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state –

(a) the number of buildings in precarious and dilapidated condition in the Calcutta Corporation area ;

(b) the reasons for not dismantling such buildings ; and

(c) the number of old buildings in Calcutta that collapsed in 1973-74 (up to 31st January, 1974) ?

The Minister of State-in-charge of the Municipal Services : (a) The exact number of buildings in precarious and dilapidated condition in the Calcutta Corporation area cannot be given as streetwise survey of such buildings has not yet been possible due to acute paucity of staff in the Insecure Building Section of City Architect's Office of the Calcutta Corporation. It is, however, presumed that morethan 10,000 buildings are insecure in the Calcutta Corporation area, either in part or in whole.

(b) Court's injunctions and other interferences are the main reasons which stand in the way of dismantling such buildings. Besides, paucity of staff is also a factor for not dismantling such buildings.

(c) 22 from the 1st April, 1973 to the 28th February, 1974.

দ্বিতীয় হুগলী সেতু

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পূর্ত (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলী সেতু নির্মাণকার্যের কতদূর অগ্রগতি হয়েছে; এবং

(খ) উক্ত হুগলী সেতু নির্মাণের কার্য সমাপ্তির নির্ধারিত তারিখ কখন?

পূর্ত (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হুগলী নদীর উভয় দিক হইতে সেতুপথ নির্মাণ কার্য চলিতেছে। কলিকাতার দিকের সেতুপথ নির্মাণের জন্য কতকগুলি স্তম্ভের নির্মাণ কার্য ইতিমধ্যেই সমাপ্ত হইয়াছে এবং অবশিষ্ট স্তম্ভগুলি স্থাপনের কার্য চলিতেছে। হাওড়ার দিকের সেতুপথ নির্মাণের জন্য পাইল বসানোর কার্যও চলিতেছে। মূল সেতু নির্মাণের কার্য এখনও আরম্ভ হয় নাই।

(খ) নির্ধারিত সময়সূচি অনুসারে সেতুনির্মাণের কাজ ১৯৭৯ সালের শেষ নাগাত সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Financial assistance to the mountaineers leading expeditions to the mountains

299. (Admitted question No. 208.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to State—

(a) if the Government grants any financial assistance to the mountaineers leading expeditions to the mountains ;

(b) whether the Government is aware of the fact that most of the expenses of the expeditions are borne by the mountaineers themselves ;

c) if so, the action taken or proposed to be taken by the Government for encouraging such sports with monetary help ; and

(d) the reasons for not taking any representative from mountaineers in West Bengal Sports Council ?

The Minister for Youth Services : (a) Yes, the Government sanctions financial assistance to different registered mountaineering clubs and associations possessing traintd mountaineers for expedition to the mountains.

The Indian Mountaineering Foundation, Ministry of Defence, Government of India, sanctions financial assistance. Generally tee same amount is sanctioned by this Government. Moreover, in some cases Government of U.P. senctions financial or other assistance. Apart from these assistance, the expedition team collects funds from different sources as donation. 40 per cent. to 50 per cent. of the total expenditure are borne by different Government in the balance amonnt is borne by the clubs/associations.

(b) The Government sanctions grants to the mountaineering clubs/asociations considering merits of each ease and this policy will continue.

(d) The Wrst Bengal Sports Council is under the control of Education Department. That department has been requested to take up the matter for a decision.

Mountaineering Clubs

300. (Admitted question No. 209.) **Shri Md. Safiullah:** Will the Minister-in-charge of the Youth Services Department be pleased to state—

(a) the number of mountaineering clubs set up to the 31st January, 1974 ;

(b) if there is any central organisation to control these mountaineering clubs; and

(c) whether there is any Government control over these clubs ?

The Minister for Youth Services : (a) There are 35 mountaineering clubs, associations set up up to 31st January, 1974.

(b) No. There is no central organisation in this State to controll the mountaineering clubs/associations.

(c) No.

Complaint against the Officer-in-charge of Gosaba P.S. for poaching activities in the Sundarbans

301. (Admitted question No. 213.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(1) whether the Police Department received any complaint against the Officer-in-charge of Gosaba P.S. of Sundarban Areas for poaching activities in the Sundarbans ; and

(2) if so, what steps have been taken in the matter ?

The Minister for Home (Police) : (1) Yes.

(2) He has been transferred from the P.S.

Decrease in the number of applicants for joining the W.B.C.S.

302. (Admitted question No. 591). **Shri Rajani Kanto Doloi :** Will the Minister-in-charge of Home (General Administration) Department be pleased to state—

(*a*) whether it is a fact that the number of applicants for joining the West Bengal Civil Services has decreased during the past few years; and

(*b*) if so, the reasons thereof ?

The Minister for Home (General Administration) : (*a*) There has not been any appreciable decrease in the number of applicants.

(*b*) Does not arise.

Police firing at food demonstrators in Maheshtala Thana

303. (Admitted question No. 589.) **Shri Rajani Kanta Dolol :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) whether the Government has inquired into the circumstances leading to the Police firing at food demonstrators in the Maheshtala Thana in South 24-Parganas on Tuesday, the 5th February, 1974; and

(*b*) if answer to (*a*) be in the affirmative, the findings thereof ?

The Minister for Home (Police) : (*a*) A Commissions of Inquiry under the Commissions of Inquiry Act, 1952 consisting of Shri J. Sarma Sarkar, retired Judge of the Calcutta High Court, has been appointed by the State Government by a notification, dated the 16th February, 1974, to inquire into the matter and to submit to the State Government a report embodying its findings and recommendations.

(*b*) Does not arise.

Repairing works of the road between Manibhanjan and Sandhkapu

304. (Admitted question No. 378.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of Public Works Department be pleased to state—

(*a*) the reasons for not taking up the repairing works of the damaged road between Manibhanjan and Sandhkapu;

(*b*) the measures taken by the Government to maintain this road along the ridges leading to Sandhkapu via Meghma; and

:) if the same road between Sandhkapu and Phalut damaged in the last rainy season has been repaired ?

he Minister for Public Works : (*a*) and (*b*) The road is termed as pony track suitable for trekking. It is normally maintained as pony track.

) As new alignment is under contemplation, the track is being maintained ugh departmental gang mazdoors. It is suitable for trekking. No extensive ir works have been done.

Production of Hindi films in Calcutta

05. (Admitted question No. 600.) **Shri Rajani Kanta Doloi :** Will the ister-in-charge of the Information and Public Relations Department be sed to state—

i) whether the State Government has any programme for encouraging production of Hindi films in Calcutta; and

) if so, the details thereof ?

he Minister for Information and Public Relations : (*a*) At present there is no h programme.

) Does not arise.

Quota of Newsprint to the Newspapers published from West Bengal

06. (Admitted question No. 650.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Information and Public Relations Department be sed to state—

i) if the State Government has made any recommendation to the Union Government for increasing the quota of newsprint to the newspapers published from the State of West Bengal; and

) if so, the result thereof ?

he Minister for Information and Public Relations : (*a*) No.

) Does not arise.

উন্নয়ন ও পরিকল্পনা (পার্বত্যবিষক) বিভাগে কর্মচারী নিয়োগ

০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৯।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস :** উন্নয়ন ও পরিকল্পনা র্বত্যবিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

খ) নিয়োগ করা হইয়া থাকিলে কতজনকে কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে।

ন্নয়ন ও পরিকল্পনা (পার্বত্যবিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :

ক) হ্যাঁ।

(খ) মঞ্জুরীকৃত মোট বাইশটি পদের মধ্যে দশটি পদে নিয়োগ করা হইয়াছে। বাকী পদ ঐ সময় পর্যন্ত খালি ছিল। নিযুক্তির পূর্ণ তালিকা নিম্নে দেওয়া হইল—

নূতন নিয়োগ
পদোন্নতির দ্বারা নিয়োগ
অন্য অফিস হইতে বদলী করা হইয়াছে

নিম্নবর্গীয় সহায়ক	..	১
টাইপিস্ট	..	১
ড্রাইভার	..	১
মোট	..	৩
উপসচিব	..	১
সহ সচিব	..	১
সেকশন অফিসার	..	১
উচ্চবর্গীয় সহায়ক	..	২
মোট	..	৫
চতুর্থ শ্রেণী	..	২
মোট	..	১০

ন্যপদ

লিয়াসন অফিসার	..	১
স্ট্যাটিসটিকেল অ্যাসিস্টেন্ট	..	১
স্টেনোগ্রাফার	..	২
নিম্নবর্গীয় সহায়ক	..	২
ইনভেস্টিগেটর	..	২
টাইপিস্ট	..	১
উচ্চবর্গীয় সহায়ক	..	১
চতুর্থ শ্রেণী	..	২
মোট	..	১২

Representation of the Minority Communities in Public Services of the State

308. (Admitted question No. 1259.) **Shri Rajani Kanta Doloi:** Will ıe Minister-in-charge of the Home (General Administration) Department be pleased) state—

The steps taken by the present Government for increasing the representation f the minority communities in public services of the State ?

The Minister for Home (General Administration) : No proposal for increasing the representation of the minority communities in the public services is under consideration of Government.

Job-oriented Degree Courses in the Universities

309. (Admitted question No. 1890.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether the State Government is considering any proposal for instituting job-oriented Degree Courses in the Universities in the State; and

(*b*) if the answer to (*a*) be in the affirmative, the present position of the proposal ?

The Minister for Education : (*a*) No, not at this moment.

(*b*) Does not arise.

An Expert Committee has however been constituted to introduce a two-year Vocational Certificate Course at the Post-School stage from 1976. Education Minister is the Chairman of this Committee. Two Sub-Committees, namely, Manpower Sub-Committee and Objective Sub-Committee are functioning under the main Committee.

নদীয়া জেলায় মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮২২।) **শ্রী নরেশচন্দ্র চাকী ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭২ সালের ১লা এপ্রিল থেকে ১৯৭৪ সালের ২২এ ফেব্রুয়ারি পর্যন্ত সময়ের মধ্যে নদীয়া জেলায় ব্লকওয়ারী কয়টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়গুলিতে কোন্ ব্লকের কত জনের কর্মসংস্থান হয়েছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ

(ক) ব্লকের নাম			মঞ্জুরীকৃত বিদ্যালয়ের সংখ্যা
১। করিমপুর	...	...	২৫
২। তেহট্ট-১নং	...	...	১৭
৩। তেহট্ট-২নং	...	...	২১
৪। কালিগঞ্জ	...	...	১৫
৫। নাকাশিপাড়া	...	...	২০
৬। চাপড়া	...	...	২৩
৭। কৃষ্ণনগর-১নং	...	...	২০
৮। কৃষ্ণনগর-২নং	...	...	৩১
৯। নবদ্বীপ	...	...	২৯
১০। কৃষ্ণগঞ্জ	...	...	১৪
১১। হাঁসখালি	...	...	১৩
১২। রানাঘাট-১নং	...	...	১৬
১৩। রানাঘাট-২নং	...	...	২৭
১৪। শান্তিপুর	...	...	২৩
১৫। হরিণঘাটা	...	...	১৯
১৬। চাকদা	...	...	৩৩
		মোট ..	৩৪৬

(খ) ব্লকের নাম						নিযুক্ত শিক্ষকের সংখ্যা
১। করিমপুর	—	—	—	—	—	৭৮
২। তেহট্ট-১নং	—	—	—	—	—	৫০
৩। তেহট্ট-২নং	—	—	—	—	—	৬৭
৪। কালিগঞ্জ	—	—	—	—	—	৪৪
৫। নাকাশিপাড়া	—	—	—	—	—	৬০
৬। চাপড়া	—	—	—	—	—	৬৮
৭। কৃষ্ণনগর-১নং	—	—	—	—	—	৬২
৮। নবদ্বীপ	—	—	—	—	—	১০৮
৯। কৃষ্ণনগর-২নং	—	—	—	—	—	১০৮
১০। কৃষ্ণগঞ্জ	—	—	—	—	—	৪১
১১। হাঁসখালি	—	—	—	—	—	৩৮
১২। রানাঘাট-১নং	—	—	—	—	—	৪৯
১৩। রানাঘাট-২নং	—	—	—	—	—	৯১
১৪। শান্তিপুর	—	—	—	—	—	৭৯
১৫। হরিণঘাটা	—	—	—	—	—	৫৬
১৬। চাকদা	—	—	—	—	—	১১৩
					মোট —	১,১১২

বাঁকুড়া জেলায় মান্ডি মৌজায় কলেজ স্থাপন

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৩।) শ্রীকাশীনাথ মিশ্রঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটীর নিকটবর্তী অমরকাননের মান্ডি মৌজায় (দাতনা ভৈরবপুর রাস্তার উপর) একটি কলেজ স্থাপন করার জন্য জমি রেজিস্ট্রি এবং পঞ্চাশ হাজার টাকার মত আদায় করা হইয়াছে;

(খ) সত্য হইলে, কলেজটি এখনও পর্যন্ত না হওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত কলেজটি চালু হইলে কোন্ কোন্ এলাকার ছাত্রছাত্রী উপকৃত হইবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকার এই বিষয়ে সম্প্রতি স্থানীয় অধিবাসিগণের নিকট হইতে একখানি আবেদনপত্র পাইয়াছেন। তাহাতে ৬০ বিঘার মত জমি ও ২২,০০০ টাকা সংগ্রহ করার কথা উল্লেখ করা হইয়াছে।

(খ) বর্তমানে কলেজগুলির ছাত্রসংখ্যা ও আর্থিক অবস্থার কথা বিবেচনা করিয়া সরকার নূতন কলেজ স্থাপন বিষয়ে অবিলম্বে কোনও সিদ্ধান্ত করিতে চাহেন না।

(গ) প্রশ্ন উঠে না।

সরকারে ন্যস্ত উদ্বৃত্ত জমি

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬২।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার আইন পাশ হওয়ার ফলে কত পরিমাণ উদ্বৃত্ত জমি সরকারের হাতে আসার কথা ছিল ;

(খ) ইহার মধ্যে প্রকৃতপক্ষে কত পরিমাণ জমি সরকারের হাতে আসিয়াছে ; এবং

(গ) ন্যস্ত জমির মধ্যে কত পরিমাণ জমি কতজন ভূমিহীন চাষীর মধ্যে বন্টন করা (সর্বাধুনিক হিসাবে) হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রায় দুই লক্ষ একর। জমি উদ্বৃত্ত হইবে বলিয়া আশা ছিল।

(খ) ১৯৭৩ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত মোট ৫৪,৯৮৬ একর সরকারে ন্যস্ত হইয়াছে।

(গ) উক্ত তারিখ পর্যন্ত মোট ৪,৭৫১ একর জমি ৭,৯৬১ জন চাষীকে বন্টন করা হইয়াছে। বিতরণ ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

মুর্শিদাবাদ জেলায় ব্রীজ নির্মাণ

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমা শাসক গত ২০এ আগস্ট ১৯৭৩ তারিখে ঐ মহকুমায় প্রতিনিধি স্থানীয় ব্যক্তি কর্মচারীদের এক সভায় গৃহীত প্রস্তাব সম্বলিত এক দাবি অনুসারে চারটি ব্রীজ করার স্মারকলিপি রাজ্য-সরকারের নিকট পাঠাইয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত ব্রীজগুলির নাম কী কী ; ও

(২) এ বিষয়ে সরকার কী সিদ্ধান্ত লইয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) হ্যাঁ, মুর্শিদাবাদের জেলাশাসক মারফত এরূপ একটি প্রস্তাব আগস্ট, ১৯৭৩-এর শেষাশেষি সরকার পাইয়াছিলেন।

(খ) (১) প্রস্তাবিত ব্রীজগুলির নাম—

১। শঙ্করপুর—বল্লালপুর;

২। মালঞ্চ;

৩। বালিয়াঘাটি; ও

৪। গাঙ্গিল।

(২) ফরাক্কা বাঁধ প্রকল্পের ফীডার ক্যানেলের উপর ব্রীজ নির্মাণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এ সম্পর্কে উপরোক্ত প্রস্তাব আসার আগেই স্থানীয় জনসাধারণের দাবি অনুযায়ী ব্রীজ নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়। সম্প্রতি ভারত সরকার শঙ্করপুর ও বল্লালপুর গ্রামের প্রায় মাঝামাঝি জায়গায় একটি ব্রীজ অনুমোদন করিয়াছেন এবং উহা নির্মাণের কাজ শুরু হইয়া গিয়াছে।

১৯৭৩ সালের অক্টোবর মাসে মুর্শিদাবাদের জেলাশাসক তাহার আগেকার সুপারিশ সংশোধন করিয়া শঙ্করপুর-বল্লালপুর ছাড়া আর দুইটি স্থানে ব্রীজ নির্মাণের সুপারিশ করেন। সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের নিকট উপরোক্ত দুইটি স্থানে (মালঞ্চ ও অমুহা) ব্রীজ নির্মাণের জন্য অনুরোধ করা হয়, কিন্তু এখন পর্যন্ত তাঁহাদের নিকট হইতে কোন সাড়া পাওয়া যায় নাই।

বাণিজ্য ও শিল্প বিভাগে কর্মচারী নিয়োগ

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৭।) শ্রীআবদুল বারি বিশ্বাস: বাণিজ্য ও শিল্প-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) আলোচ্য সময়ের মধ্যে শিল্প ও বাণিজ্য বিভাগের অধীনে নিম্নবর্ণিত পদগুলিতে নতুন নিয়োগ করা হইয়াছে:

(১) শিল্প ও বাণিজ্য বিভাগ (মহাকরণ দপ্তর):

ইনভেস্টিগেটর—২।

এল ডি অ্যাসিস্ট্যান্ট—২৪ (ইতোমধ্যে ৮ জন চাকুরীতে ইস্তফা দিয়েছেন)।

টাইপিস্ট—৫।

ড্রাইভার—১।

পিওন/আর্দালী—২২।

(২) শিল্প অধিকার:

কেমিক্যাল ইনজিনীয়ার-কাম-রিসার্চ কেমিস্ট (গেজেটেড)—১।

এল ডি ক্লার্ক—৩।

স্টেনো টাইপিস্ট—১।

চতুর্থ শ্রেণীর কর্মচারী—৫।

(৩) সরকারী মুদ্রণ ঃ

তৃতীয় শ্রেণীর কর্মচারী---৫৭।

চতুর্থ শ্রেণীর কর্মচারী---১৭।

(৪) শিল্প অধিকার (শিক্ষণ) ঃ

এল ডি ক্লার্ক---২২।

চতুর্থ শ্রেণীর কর্মচারী---৭১।

বিশেষ নিয়োগ কর্মসূচী অনুযায়ী স্বনিযুক্তি উৎসাহিত করিবার জন্য আই. টি. আই-তে শিক্ষণপ্রাপ্ত যুবকদের জন্য শিক্ষণের ব্যবস্থায়---৭৪৩।

(৫) সিন্‌কানা ও অন্যান্য ভেষজ অধিকার ঃ

এল ডি ক্লার্ক---১২।

টাইপিস্ট---২।

জুনিয়ার ক্লার্ক---৩।

পিওন---২।

দারোয়ান---৩।

(৬) ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী ঃ

টাইপিস্ট---২।

স্টেনো টাইপিস্ট---১।

এল ডি ক্লার্ক---৩।

মিটার পরিদর্শক---৫।

সহকারী মারম্যান---৪।

সিনিয়ার পরিদর্শক---৩।

চতুর্থ শ্রেণীর কর্মচারী---৪৯।

(৭) খনি অধিকার ঃ

প্রথম শ্রেণীর (গেজেটেড)---১।

তৃতীয় শ্রেণী---১০।

চতুর্থ শ্রেণী---৭।

(৮) ওজন ও মাপ অধিকার ঃ

গেজেটেড অফিসার—১।

এল ডি ক্লার্ক—২।

চতুর্থ শ্রেণীর কর্মচারী—৭।

(৯) স্টেশনারি অফিস ঃ

এল ডি ক্লার্ক—১।

চতুর্থ শ্রেণীর কর্মচারী—১১।

(১০) রেজিস্ট্রার অফ ফার্মস-এর দপ্তর—শূন্য।

বন বিভাগ কর্তৃক বাঁকুড়া জেলার প্ল্যানটেশান

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৭।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ বন বিভাগের মন্ত্রিমহ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) বাঁকুড়া জেলায় রেঞ্জ-ওয় কত একর জমিতে বন বিভাগ কর্তৃক প্ল্যানটেশান করা হইয়াছে;

(খ) কি কি গাছ উক্ত জমিতে রোপণ করা হইয়াছে;

(গ) এ বাবত কি পরিমাণ অর্থ বরাদ্দ ছিল এবং কত ব্যয় হইয়াছে; এবং

(ঘ) উক্ত সময়ে বাঁকুড়া জেলায় বন বিভাগ হইতে কি কি খাতে টাকা বরাদ্দ ক হইয়াছিল এবং কত জন লোকের কর্মসংস্থান হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের (ফেব্রুয়ারি প বাঁকুড়া জেলার রেঞ্জ-ওয়ারী প্ল্যানটেশানের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইল ঃ

রেঞ্জ				১৯৭২-৭৩ (হেক্টর)	১৯৭৩-৭৪ (হেক্টর)
১।	তালডাংরা	..	..	৪০৫	৩২০
২।	সরেংগা	..	..	১৫০	২০০
৩।	জয়পুর	..	..	১৪০	১৬৬
৪।	সোনামুখী	..	..	২৯৩	২৩০
৫।	গঙ্গাজলঘাটী	..	..	৪০	৪০

রেঞ্জ			১৯৭২-৭৩ (হেক্টর)	১৯৭৩-৭৪ (হেক্টর)
৬। শালতোড়া	..	..	২৬২	২৩৪
৭। ইঁদপুর	..	..	২৭৬	১৯০
৮। খাতরা	..	..	৩১৬	২৮০
৯। বাঁকুড়া	..	..	১০৩	২০৫
১০। বিষ্ণুপুর	..	..	১৫০	১৬০
১১। বেনিয়াতোড়	..	..	১৭০	১৮০
১২। ঘাটগোদা	..	..	৮৫	১১০
	মোট	..	২,৩১০	২,৩১৫

(খ) উক্ত জমিতে প্রধানতঃ ইউক্যালিপ্টাস বৃক্ষ রোপণ করা হইয়াছে। অবশ্য কিছু আকাশমণি বৃক্ষও রোপণ করা হইয়াছে।

(গ) এ বাবত অর্থ বরাদ্দ ও ব্যয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল :

সাল				অর্থ বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়)
১৯৭২-৭৩	..	..	..	১৪.৬১	১৪.৬১
১৯৭৩-৭৪	..	..	..	৪.৬৯	৪.১৩

(ঘ) উক্ত সময়ে বিভিন্ন খাতে ব্যয় ও কর্মসংস্থানের বিবরণ নিম্নে প্রদত্ত হইল :

খাতের নাম	১৯৭২-৭৩		১৯৭৩-৭৪ ফেব্রুয়ারী পর্যন্ত	
	বরাদ্দ (লক্ষ টাকায়)	কর্মসংস্থান লক্ষ শ্রম দিবসে	বরাদ্দ (লক্ষ টাকায়)	কর্মসংস্থান লক্ষ শ্রম দিবসে
চতুর্থ পরিকল্পনা	১.৮৭	০.৫০	০.৯০	০.২৪
গ্রামীণ কর্মসংস্থানের জরুরী প্রকল্প ..	১৯.৩৭	৬.৬০	১১.১৫	৪.৯৫
খরাপীড়িত এলাকার প্রকল্প	৩.২৯	১.২৭	৫.৭০	২.০৪
পরিকল্পনা বহির্ভূত	১৫.২৭	৪.০৭	১৭.৫৫	৪.৬৮

বাঁকুড়া জেলায় মঞ্জুরীকৃত প্রাথমিক জুনিয়ার হাই এবং হাই স্কুল

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৫।) শ্রীকাশীনাথ মিশ্রঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭২ সাল হইতে ১৯৭৪ সালের জানুয়ারি পর্যন্ত বাঁকুড়া জেলায় কয়টি প্রাইমারী, জুনিয়র হাই এবং হাই স্কুল মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত সময় মধ্যে অনুরূপ আরও কয়টির জন্য আবেদনপত্র দাখিল করা হইয়াছে;

(গ) মঞ্জুরীকৃত স্কুলগুলির ব্লক ও সার্কেল অনুযায়ী বন্টন ব্যবস্থা;

(ঘ) তফসিল এবং উপজাতি এলাকার নিরক্ষরতা দূরীকরণের জন্য সরকারের পক্ষ থেকে বিশেষ কোন ব্যবস্থা আছে কিনা;

(ঙ) থাকিলে, তাহা কি; এবং

(চ) উক্ত জেলায় তফসিলি এবং উপজাতি সম্প্রদায়ের এলাকায় স্কুল স্থাপনের জন্য মোট কতগুলি প্রাইমারী, জুনিয়র ও হাই স্কুলের দরখাস্ত সরকারের নিকট আসিয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই সময়ের মধ্যে নিম্নলিখিতসংখ্যক বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে—প্রাইমারী ১৪৪।

জুনিয়র হাই ও হাই স্কুলের মঞ্জুরীর কাগজপত্র পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে পাঠান হইয়াছে, কিন্তু এখনও মঞ্জুরীর কোন পত্র আসে নাই।

(খ) ১৯৭১ সালের ১৫ই জুনের পর হইতে প্রাথমিক বিদ্যালয়ের জন্য কোন নূতন আবেদনপত্র গ্রহণ করা হয় নাই। হাই স্কুলের জন্য ১৯টি ও জুনিয়র হাই স্কুলের জন্য ৬০টি আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(গ) মঞ্জুরীকৃত ১৪৪টি প্রাইমারী স্কুলের মধ্যে ৮৯টি বিদ্যালয়ের বন্টনব্যবস্থা সম্পূর্ণ হইয়াছে। উক্ত বন্টনব্যবস্থা নিম্নরূপঃ

ছাতনা সার্কেল	২
ওন্দা সার্কেল	৩
কোতলপুর	৪
সোনামুখী	৫
জয়পুর	৬
ইন্দপুর	৪
খাতড়া পূর্ব	২
ইন্দাস	৪
তালডাংরা	৪
গঙ্গাজলঘাটি	৪
সদর পশ্চিম সার্কেল	৫
সদর পূর্ব সার্কেল	৩
বেলিয়াতোড়	২
বিষ্ণুপুর	৫
সদর দক্ষিণ	৪

সারেংগা	৪
পাত্রসায়ের	৩
রানীবাঁধ	২
সিমলাপাল	৩
ঝাটীপাহাড়ী	৩
মেজিয়া	৭
বড়জোড়া	৩
রাইপুর	৪
খাতড়া পশ্চিম	৩

অবশিষ্ট ৫৫টি বিদ্যালয়ের বন্টনের জন্য ব্যবস্থা করা হইতেছে।
মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে এ প্রশ্ন উঠে না।

(ঘ) হ্যাঁ।

(ঙ) তফসিল এবং উপজাতি অধ্যুষিত এলাকায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়। এই এলাকায় প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও সম্প্রসারণের ব্যাপারটি সর্বাগ্রে বিবেচিত হয়। তাহা ভিন্ন, এইসব এলাকায় তফসিল ও উপজাতি জনসংখ্যার অনুপাতে তফসিল ও উপজাতিদের প্রাথমিক শিক্ষক হিসাবে নিয়োগ করিবার ব্যবস্থাও প্রচলিত আছে।

(চ) ১৯৭১ সালের ১৫ই জুন পর্যন্ত তফসিল এবং উপজাতি সম্প্রদায়ের এলাকায় প্রাইমারী স্কুল স্থাপনের জন্য দরখাস্তের সংখ্যা---১৮৪।

উপজাতি সম্প্রদায়ের এলাকায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য কোন নির্দিষ্ট সংখ্যা নাই। তবে ঐসব এলাকায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের বিষয়টি বিশেষভাবে বিবেচিত হয়।

জেলাওয়ারী কলেরা ও বসন্তরোগে মৃত্যুর সংখ্যা

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১১।) শ্রীআবদুল বারি বিশ্বাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩, ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি) কোন্ আর্থিক বৎসরে কোন জেলায় কতজন লোক কলেরা ও বসন্ত রোগে মারা গিয়াছেন; এবং

(খ) উক্ত সময়ে কোন্ জেলায় ঐসমস্ত রোগ প্রতিরোধের জন্য কত টাকা করিয়া ব্যয়িত হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সংশ্লিষ্ট বিবরণী (উক্ত হিসাব ক্যালেন্ডার বৎসর অনুযায়ী প্রদত্ত) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) জেলাভিত্তিক হিসাব এখুনিই দেওয়া সম্ভব হইল না।

মোট হিসাব নিম্নরূপঃ

	বসন্ত টীকা	কলেরা টীকা
১৯৭১-৭২ (জানুয়ারী ১৯৭১ হইতে মার্চ ১৯৭১ পর্যন্ত) ..	১১,৬০,৮১৬	১৯,৪৮২
১৯৭২-৭৩	১৭,৬৫,৬১৪	২,০৮,৭৬৪
১৯৭৩-৭৪	৪৪,৬৮,০৫১	৪,৪৯,০০০

কলিকাতা কর্পোরেশনে নূতন কর্মী নিয়োগ

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌরকার্য বিভাগের** মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনে ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতজন নূতন কর্মী নিয়োগ করা হয়েছে এবং কি কি পদ্ধতিতে নিয়োগ করা হয়েছে;

(খ) কোন্ মাসে এবং কোন্ কোন্ বিভাগে কতজন করে উক্ত নিয়োগ করা হয়েছে; এবং

(গ) বর্তমানে কলকাতা কর্পোরেশনে মোট কর্মী সংখ্যা কত?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত কলিকাতা পৌরসভায় মজদুর ব্যতীত মোট ২৭৩ জন কর্মী নিয়োগ করা হয়েছে। বিশেষ কয়েকটি ক্ষেত্র ছাড়া সমস্ত নিয়োগই প্রচলিত নিয়মানুযায়ী করা হয়েছে।

নিযুক্ত মোট মজদুরের সংখ্যা এত স্বল্প সময়ে জানানো সম্ভব নয়। এই সংবাদ সংগ্রহ করিতে পৌরসভার সময় লাগিবে।

(খ) এবিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ৩৮ত্রিশ হাজার।

বিভিন্ন ওয়ার্ডে নূতন নলকূপ খনন ও পুরাতন নলকূপ সংস্কার

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** গত ১৯এ এপ্রিল ১৯৭৩ তারিখে প্রদত্ত অতারকা চিহ্নিত ৫২৩নং (অনুমোদিত ১৯৯২ নং) প্রশ্নের উত্তর উল্লেখে পৌর-বিষয়ক দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ ওয়ার্ডে কোন্ কোন্ স্থানে কতকগুলি নূতন নলকূপ বসানো হইয়াছে ও ঐ নলকূপগুলির গভীরতা কত এবং ব্যয় কত;

(খ) কোন্ কোন্ ওয়ার্ডের কোন্ কোন্ স্থানে পুরাতন নলকূপ মেরামত করা হইয়াছে এবং তাহার ব্যয় কত;

(গ) যে ট্রাকগুলি পানীয় জল সরবরাহের জন্য ব্যবহৃত হইয়াছিল সেইসব ট্রাকের মালিকের নাম কি এবং ঐ ট্রাকগুলির নম্বর কি ছিল;

(ঘ) অবশিষ্ট ১৫,৬৬৩ টাকা কি কি বাবতে খরচ হইয়াছে;

(ঙ) টিউবওয়েলের অংশসকল ক্রয়ের জন্য যে ১৬,৩০৭ টাকা খরচ হইয়াছে তাহাতে কত ফুট পাইপ, কতগুলি পাম্প ও কতগুলি ফিল্টার ক্রয় করা হইয়াছে; এবং

(চ) জিনিসপত্রের ক্রয়ের বাবত ৬,৯৭৫ টাকায় কি কি জিনিসপত্র কেনা হইয়াছে?

পৌরবিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) ১ হইতে ১১ এবং ১২ হইতে ১৪ নং ওয়ার্ডে এতৎসংলগ্ন ১নং তালিকা বর্ণিত স্থানে মোট ৭০টি নূতন নলকূপ বসানো হইয়াছে। ঐ নলকূপগুলির গভীরতা ২৬ ফুট হইতে ৪৬ ফুট। নূতন নলকূপ এবং নলকূপ বসানোর জন্য সাজসরঞ্জামাদি একত্রে বিভিন্ন সময়ে বিভিন্ন মূল্যে ক্রয় করার ফলে এবং একত্রে মজুর নিয়োগের ফলে নূতন নলকূপগুলি বসানোর ব্যয় পৃথকভাবে নিরূপণ করা সম্ভব হয় নাই। সাজসরঞ্জাম বাবত মোট ব্যয় ২৬,২৮২ টাকা এবং মজুরী বাবত মোট ব্যয় ২,৯৯৬ টাকা।

(খ) ১ হইতে ১৪ নং ওয়ার্ডের এতৎসংলগ্ন ২নং তালিকা বর্ণিত স্থানের পুরাতন নলকূপগুলি মেরামত করা হইয়াছে। ব্যয় সম্পর্কে (ক) প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

(গ) শ্রী এস কে মাইতি, শ্রী জি পান্ডা, শ্রী এস প্রধান, কাঁথি পৌরসভার কমিশনারগণ, জুনপুট ফিশারী এবং ইউনিসেফের মালিকাধীন ডবলিউ জি বি ১৪২৫, ১৮২৫, ১৬৬১, ১৫৪৫; ডবলিউ বি কে ৬০৬৯; এবং এ এস জে ১০৪৯ নম্বরযুক্ত ট্রাকগুলি পানীয় জল সরবরাহের জন্য ব্যবহৃত হইয়াছিল।

(ঘ) ১৫,৬৬৩ টাকার মধ্যে ৭,১৬৩ টাকা নিম্নের বর্ণনামত খরচ হইয়াছে:

	টাকা
২০০ ফুট পাইপ ক্রয় বাবত	১,১০০
৪০টি ফিল্টার ক্রয় বাবত	১,৬০০
৩০টি পাম্প ক্রয় বাবত	১,২৯০
বিভিন্ন অংশ ক্রয় বাবত	৬৪৩
রক্ষণাবেক্ষণ ব্যয় বাবত	২,৫৩০
মোট —	৭,১৬৩

অবশিষ্ট ৮,৫০০ টাকা কাঁথি পৌরসভার কাছে মজুত আছে।

(ঙ) ২,২০০ ফুট পাইপ ৭৭টি পাম্প এবং ৭৭টি ফিল্টার ক্রয় করা হইয়াছে।

(চ) পাইপ ফিল্টার পাম্প এবং টিউবওয়েলের অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী কেনা হইয়াছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 319

তালিকা নং ১

যেসকল স্থানে নূতন নলকূপ বসানো হইয়াছে

১নং ওয়ার্ডে চারটি—পদ্মপুকুরিয়া মৌজায় সর্বশ্রী অমূল্য মালিক, শ্রীকৃষ্ণ পাত্রা এবং শ্রীকৃষ্ণ বেরার গৃহগুলির নিকট এবং সি এস এ মাঠের নিকট।

২নং ওয়ার্ডে সাতটি—কিশোরনগর মৌজায় শ্রীবঙ্কিম পালের দোকানের নিকট, সর্বশ্রী অমলকুমার মিত্র, রমণী হাজরা এবং সতীশচন্দ্র ওঝার গৃহগুলির নিকট, কনকপুর মৌজায় শ্রীপূর্ণেন্দু বেরার গৃহের নিকট, এবং বেনিয়াপাড়ার নিকট এবং জালালখানবার মৌজায় অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের নিকট।

৩নং ওয়ার্ডে সাতটি—কারকুলি মৌজায় বি ডি ও অফিসের সম্মুখে, পন্ডিতের দোকানের নিকট, ক্যানেলপারের মুসলিমপাড়ার ধারে এবং শিবমন্দিরের নিকট, ধনদীঘি মৌজায় অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের নিকট এবং মুসলিমপাড়ার নিকট এবং জালালখানবার মৌজায় হরিপাড়ায়।

৪নং ওয়ার্ডে পাঁচটি—জালালখানবার মৌজায় শ্রীভূপেন্দ্রনাথ মাইতির গৃহের নিকট এবং ধর্মদাসবার মৌজায় শ্রীবনবিহারী দিন্দা ও শ্রীইসবাউদ্দিনের গৃহগুলির নিকট, শীতলামন্দিরের নিকট এবং মসজিদের নিকট।

৫নং ওয়ার্ডে দুইটি—কুমারপুর মৌজায় শ্রীকালো রায়ের মন্দিরের নিকট এবং কাঁথি মিউনিসিপ্যাল বাজারে।

৬নং ওয়ার্ডে নয়টি—কুমারপুর মৌজায় নূতন দীঘা সেতুর নিকট,—দীঘা ও জুনপুট রোডের সংযোগস্থলে, রামনগর রোডে সাধারণ প্রস্রাবাগারের নিকট, সদর ডাকঘরের সম্মুখে, রামনগর বাস স্ট্যান্ডের নিকট, ক্রিমিনাল বার লাইব্রেরীর সম্মুখে, কৃষ্ণকান্ত সরোবরের সম্মুখে, স্কুল বাজারে এবং শ্রীআশুতোষ দাসের গৃহের নিকট।

৭নং ওয়ার্ডে চারটি—ভগবানপুর মৌজায় সর্বশ্রী ভানু দাস, গুবরাজ সাহেব, মিস্কিন এবং রমেশ প্রধানের গৃহগুলির নিকটে।

৮নং ওয়ার্ডে সাতটি—শেরেপুর তেলেপাবার মৌজায় ঘিরিপাড়া অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের সম্মুখে ও বিও রোডে ঘিরিপাড়া শীতলামন্দিরের নিকট, শেরেপুর খারকিবার মৌজায় শ্রীরাখালচন্দ্র প্রধানের গৃহের নিকট ও সুশান্ত শিশু উদ্যানে এবং আখিলাগোরি মৌজায় সবশ্রী অচিন্ত্য বেরা, প্রভাংশু বেরা ও সন্তোষ প্রধানের গৃহগুলির নিকট।

৯নং ওয়ার্ডে সাতটি—হাতাবাড়ি মৌজায় উদয়ন সিনেমার সম্মুখে, বাজার রোডে সর্বশ্রী দিলীপ প্রধান, দুলাল বেরা ও সরোজ বেরার দোকানের সম্মুখে, বাগবাজারের চৌদ্দ হাতকালির সম্মুখে এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নিকট স্কুলবাজারের পূর্ব দিকে এবং আখিলাগোরি মৌজায় শ্রীমমতাজ মিঞার গৃহের সম্মুখে।

১০নং ওয়ার্ডে দুইটি—আখিলাগোরি মৌজায় শ্রীমাখন দাসের গৃহের সম্মুখে এবং চন্দ্রবয়ান ক্লাবের সম্মুখে।

১১নং ওয়ার্ডে একটি—শেরে ক্লাবের সম্মুখে।

১২নং ওয়ার্ডে—নাই।

১৩নং ওয়ার্ডে সাতটিউ—তর দরুয়া মৌজায় সর্বশ্রী মুরারী জানা, হরি পাল, নগেন ভূঁইয়া সুধীরচন্দ্র দাস, শীরিষচন্দ্র জানা ও কানাই সিংহের গৃহগুলির সম্মুখে এবং দরুয়া মৌজায় নাগা হাটের সম্মুখে।

১৪নং ওয়ার্ডে আটটি—দরুয়া মৌজায় হাসপাতাল গৃহের অভ্যন্তরে তিনটি, মুসলিম বালিকা বিদ্যালয়ে, নাসারের গৃহের নিকটে, বোবিপাড়ার সম্মুখে এবং শ্রীইলায়েদ খা ও শ্রীমেতাপ খাঁর গৃহগুলির সম্মুখে।

Statement referred to in reply to clause (Kii) of unstarred question No. 319

তালিকা নং ২

যেসকল স্থানে পুরাতন নলকূপ নূতন করিয়া বসানো হইয়াছে অথবা সারানো হইয়াছে

১নং ওয়ার্ডে তিনটি—পদ্মপুকুরিয়া মৌজায় জনকল্যাণ ক্লাবের সম্মুখে, শ্রীমহাপাত্রের গৃহের সম্মখে এবং হরিপাড়ার মধ্যাঞ্চলে।

২নং ওয়ার্ডে সাতটি—কিশোরনগর মৌজায় শ্রীপূর্ণেন্দু মন্ডলের গৃহের সম্মুখে, জালালখানবার মৌজায় শ্রীক্ষিতীশ জানার গৃহের সম্মুখে ও গিরিপাড়ার সম্মুখে এবং কনকপুর মৌজায় শীতলা মন্দিরের সম্মুখে, শ্রীযতীন দাস ও শ্রীবরেন দাসের গৃহগুলির সম্মুখে এবং কনকপুর হরিসভার সম্মুখে।

৩নং ওয়ার্ডে পাঁচটি—কারকুলে মৌজায় মেসার্স মৌচাকের সম্মুখে ও পি কে কলেজ যাইবার রাস্তার মোড়ে, ধানদীঘি মৌজায় শ্রী আবুল হাসানের গৃহের সম্মুখে এবং জালালখানবার মৌজায় শ্রী জে এন বেরার গৃহের সম্মুখে ও কালীমন্দিরের সম্মুখে।

৪নং ওয়ার্ডে পাঁচটি—জালালখানবার মৌজায় শ্রীঅজিত দাস ও শ্রীগণেশ মাটিয়ার গৃহগুলির সম্মুখে এবং ধর্মদাসবার মৌজায় ধর্মদাসবার অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে, ধোবিপাড়ায় এবং শ্রীপ্রফুল্লকুমার ধাড়ার গৃহের সম্মুখে।

৫নং ওয়ার্ডে একটি—কুমারপুর মৌজায় মাদুর বাজারে।

৬নং ওয়ার্ডে তিনটি—কুমারপুর মৌজায় শ্রীপরমেশ্বর মাইতি ও শ্রীফণিভূষণ বোসের, গৃহগুলির সম্মুখে এবং কে এম জুনিয়ার হাইস্কুলে।

৭নং ওয়ার্ডে আটটি—ভগবানপুর মৌজায় শ্রীআসগর খান, শ্রীপরেশ গরাই, খৈরাত আলি খাঁন ও সুরেন্দ্রনাথ সাহুর গৃহগুলির নিকটে এবং গুরুনানক মন্দিরের নিকট এবং মনোহরচক মৌজায় এদগাহার নিকট, ডাঃ পুলিন পালের গৃহের নিকট এবং আমেনা মসজিদের নিকট।

৮নং ওয়ার্ডে পাঁচটি—আখিলাগোরি মৌজায় মহাদেবমন্দিরের সম্মুখে এবং খাকিবার মৌজায় শ্রীপরেশচন্দ্র মাইতি ও শ্রীরাজীব মিত্রের গৃহগুলির সম্মুখে, মনোহরচক অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের সম্মুখে এবং কালীমন্দিরের নিকট।

৯নং ওয়ার্ডে দশটি—হাতাবাড়ি মৌজায় হরিসভা স্কুলের নিকট, কালীনগর বাসস্ট্যান্ডের নিকট, শ্রীবঙ্কিমচন্দ্র মাইতির সাইকেলের দোকানের সম্মুখে, হরিপাড়া শীতলা মন্দিরের সম্মুখে সুশান্ত ওয়েল্ডিং শপের সম্মুখে, শ্রীরগেন্দ্রনাথ চৌধুরীর গৃহের সম্মুখে, ট্যাক্সিস্ট্যান্ডের সম্মুখে, ব্রহ্মতলার নিকট এবং শ্রীবিনোদ সেন ও কালীনগর রোডের শ্রীনীলমণি জানার গৃহগুলির সম্মুখে।

১০নং ওয়ার্ডে পাঁচটি—আখিলাগোরি মৌজায় সুইপারপাড়ায় দুইটি, কালীমন্দিরের সম্মুখে এবং শ্রীপঞ্চানন আচার্য ও শ্রীসুধীর দেবের গৃহগুলির সম্মুখে।

১১নং ওয়ার্ডে পাঁচটি—উত্তরদরুয়া মৌজায় মনসাতলা মৌজার সম্মুখে এবং শ্রীবিজয় তেওয়ারীর গৃহের সম্মুখে, শেরপুর মৌজায় শ্রীযোগেন মাইতি ও শ্রীপবন মাইতির গৃহগুলির সম্মুখে এবং দরুয়া মৌজায় ঝাটুচরণ দাসের গৃহের সম্মুখে।

১২নং ওয়ার্ডে পাঁচটি—দরুয়া মৌজায় সর্বশ্রী শশাঙ্ক শাহু, শফীউদ্দীন, আলাউদ্দীন, লৎফর আলির গৃহগুলির সম্মুখে এবং মাদ্রাসা স্কুলের সম্মুখে।

১৩নং ওয়ার্ডে ছয়টি—দরুয়া মৌজায় নাগাবাড়ীর সম্মুখে, অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের চত্বরে, জগন্নাথ মন্দিরের সম্মুখে, রূপনারায়ণের সম্মুখে, গান্ধীস্মৃতির সম্মুখে এবং শ্রীইব্রাহিমের গৃহের সম্মুখে।

১৪নং ওয়ার্ডে সাতটি—দরুয়া মৌজায় শ্রীশেখ জামাল ও শ্রীইব্রাহিমের গৃহগুলির সম্মুখে, ইদগাহারের সম্মুখে এবং শ্রীকলিমউদ্দীন, মারু দপ্তরী ও শ্রীমৈতাপের গৃহগুলির সম্মুখে এবং হরিপুর মৌজায় শ্রীআবুল করিমের গৃহের সম্মুখে।

সিউড়ি সহরে এ্যাম্বুলেন্স গাড়ি

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৪।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বীরভূম জেলার সিউড়ি সহরে মোট কয়খানি এ্যাম্বুলেন্স গাড়ি আছে;

(খ) ইহার মধ্যে কয়টি (১) চালু ও (২) কয়টি অকেজো অবস্থায় আছে; এবং

(গ) উক্ত সহরের জন্য আরও এ্যাম্বুলেন্স গাড়ি দিবার পরিকল্পনা সরকারের আছে কি না এবং থাকিলে কয়টি ও কবে নাগাদ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুইটি।

(খ) দুটিই চালু অবস্থায় আছে।

(গ) আরও ২টি এ্যাম্বুলেন্স গাড়ি দেবার পরিকল্পনা আছে। কবে নাগাত দেওয়া সম্ভব হবে এখন সঠিক বলা যায় না।

বাঁকুড়া জেলায় খাতড়া কলেজ

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় খাতড়া কলেজ কবে নাগাদ চালু হইবে;

(খ) অবিলম্বে উক্ত কলেজ চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) কতজন সদস্য লইয়া উক্ত কলেজের কমিটি গঠিত হইয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত কলেজ প্রতিষ্ঠার প্রস্তাবটি সরকার কর্তৃক এখনও অনুমোদিত হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) সবশেষ চিঠিতে ১৮জন সদস্য লইয়া প্রস্তাবিত কলেজের সংগঠন কমিটি গঠিত হইয়াছে বলিয়া জানানো হইয়াছে।

আরামবাগ মহকুমা হাসপাতাল

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭০।) **শ্রীমহাদেব মুখার্জীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আরামবাগ মহকুমা হাসপাতালের সম্প্রসারণের কাজ কতদিনের মধ্যে শেষ হইবে; এবং

(খ) উক্ত হাসপাতালে মোট কতগুলি বেড থাকিবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান বছরের মধ্যেই শেষ হবে বলে আশা করা যায়।

(খ) ১২৫টি।

খাদিনানে নিম্ন দামোদরের উপর সেতু নির্মাণ

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৪।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী**ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হাওড়া জেলার বাগনানের জাতীয় সড়ক থেকে যে রাস্তা ফতেপুর হয়ে আমতা পর্যন্ত গিয়েছে তাতে খাদিনানে নিম্ন দামোদরের উপর একটি সেতু নির্মাণ করলে উক্ত রাস্তাটি কলিকাতার রাস্তার সঙ্গে সরাসরি যুক্ত হয়;

(খ) অবগত থাকিলে খাদিনানে নিম্ন দামোদরের উপর একটি সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, কবে নাগাত ইহার নির্মাণ কার্য শুরু হবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) আপাততঃ এরকম কোন পরিকল্পনা নেই; তবে নিম্ন দামোদর উন্নয়ন পরিকল্পন রূপায়ণের পর নদীর অবস্থার পরিপ্রেক্ষিতে ভবিষ্যতে খাদিনানে সেতু নির্মাণের প্রস্তাবটি বিবেচনা করা যেতে পারে।

(গ) প্রশ্ন উঠে না।

কোমারপুর-চাক্‌টা রাস্তা

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৩।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার অন্তর্গত কোমারপুর হইতে চাক্‌টা পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা রাস্তায় রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) আশা করা যায় পঞ্চম পরিকল্পনাকালে।

ওয়েস্ট বেঙ্গল সোসাল ওয়েলফেয়ার বোর্ড

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল সোসাল ওয়েলফেয়ার বোর্ডের অধীনে বর্তমানে মোট কয়টি গাড়ি আছে;

(খ) এই গাড়িগুলির কোন্‌টি কি কাজে এবং কোথায় গত এক বৎসরে ব্যবহার করা হয়েছে; এবং

(গ) গাড়িগুলির পরিচালন বাবত মাসে গড়ে বর্তমানে কত টাকা খরচ করতে হয়?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৪টি।

(খ) ৩১টি গাড়ি নিম্নের বিবরণীতে বর্ণিত ৩১টি পরিবার ও শিশু কল্যাণ প্রকল্পের কাজে এবং ৩টি গাড়ি কলিকাতাস্থিত পর্ষদের সদর দপ্তরের বিভিন্ন কাজে ব্যবহৃত হইতেছে।

(গ) প্রকল্পের প্রতি গাড়ির জন্য মাসিক ১২৫ টাকা এবং সদর দপ্তরের গাড়িগুলির জন্য মাসিক ৮৩৩ টাকা ব্যয়বরাদ্দ আছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 325

	ব্লকের নাম			জেলার নাম
(১)	রাজার হাট	...	..	২৪-পরগণা
(২)	ব্যারাকপুর	..	..	ঐ
(৩)	স্বরূপনগর	..	..	ঐ
(৪)	মগরাহাট-২	..	..	ঐ
(৫)	ভাংগর-১	..	..	ঐ
(৬)	ভাংগর-২	..	..	ঐ
(৭)	রায়না-১	..	..	বর্ধমান
(৮)	রায়না-২	..	..	ঐ
(৯)	কাটোয়া-১	..	..	ঐ
(১০)	কাটোয়া-২	...	..	ঐ
(১১)	জামালপুর	..	..	ঐ
(১২)	মন্তেশ্বর	..	..	ঐ
(১৩)	গোঘাট	..	..	হুগলী
(১৪)	ঘাটাল	..	..	মেদিনীপুর
(১৫)	ময়না	..	..	ঐ
(১৬)	দাঁতন	..	..	ঐ
(১৭)	নারায়ণগড়	..	..	মেদিনীপুর
(১৮)	আরশা	..	..	পুরুলিয়া
(১৯)	বানদোয়ান	..	..	ঐ
(২০)	সিমলাপাল	..	..	বাঁকুড়া
(২১)	তালডাংগরা	..	..	ঐ
(২২)	ওন্দা	..	...	ঐ
(২৩)	নাকাশীপাড়া	..	..	নদীয়া
(২৪)	ফারাক্কা	..	..	মুর্শিদাবাদ
(২৫)	নোয়াদা	..	..	ঐ
(২৬)	হাবিবপুর	..	..	মালদা
(২৭)	কুমারগঞ্জ	..	..	পশ্চিম দিনাজপুর
(২৮)	রাজগঞ্জ	..	..	জলপাইগুড়ি
(২৯)	শীতলকুচি	..	..	কোচবিহার
(৩০)	শিলিগুড়ি	..	..	দার্জিলিং
(৩১)	আলগড়া	..	..	ঐ

হরাল-দাসপুর টি কে এস পি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে হিন্দী শিক্ষক

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৫।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলি জেলাস্থিত সরকারী সাহায্যপ্রাপ্ত হরাল-দাসপুর টি কে এস পি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত কোন ফুল টাইম হিন্দী শিক্ষক নাই;

(খ) অবগত থাকিলে—

(১) ঐ বিদ্যালয়ে কোন ফুল টাইম হিন্দী শিক্ষক না থাকার কারণ কি; এবং

(২) ঐ বিদ্যালয়ে যাহাতে শীঘ্রই ফুল টাইম হিন্দী শিক্ষক নিয়োগ করা হয় তাহার জন্য সরকার হইতে কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কি না?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) সীমিত অর্থ বরাদ্দের জন্য পশ্চিমবঙ্গের সকল সরকারী সাহায্যপ্রাপ্ত উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে হিন্দী শিক্ষকের পদ মঞ্জুর করা সম্ভব হয় নাই।

(২) কেন্দ্রীয় সরকারের ব্যয় সঙ্কোচন নীতি ও এক নির্দেশনামা অনুযায়ী কোন হিন্দী শিক্ষকের হোল টাইম পদ ১৯৭২ ও ১৯৭৩ সালে মঞ্জুর করা হয় নাই। ভবিষ্যতে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এই মর্মে কোন অর্থ বা নির্দেশ আসিলে উপযুক্ত ব্যবস্থা করা হইবে।

Retirement benefits to the College and University teachers

327. (Admitted question No. 1940.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the steps taken or proposed to be taken by the State Government to give after-retirement benefits to the College and University teachers?

The Minister for Education: The Government have agreed, in principle, to extending the benefit of pension to teachers of non-Government colleges will effect from 1st April, 1974. Details of the scheme have not yet been worked out. They are already in receipt of the benefit of the Contributory Provident Fund. Calcutta University has already introduced Triple Benefit Scheme for their teachers.

ওয়েস্ট বেঙ্গল সোসাল ওয়েলফেয়ার বোর্ডের সদস্য

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৪ সাল হইতে "ওয়েস্ট বেঙ্গল সোসাল ওয়েলফেয়ার বোর্ড" নামে একটি সংস্থা চলিয়া আসিতেছে; এবং

(খ) সত্য হইলে, বর্তমানে বোর্ডের বর্তমান সদস্যদের নাম, তাহাদের পিতা বা স্বামীর নাম এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা কি কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 328.

বোর্ডের বর্তমান সদস্যদের নাম ও ঠিকানা	স্বামী বা পিতার নাম
(১) শ্রীমতী প্রতিমা বোস, চেয়ারম্যান, ২।২, কেয়াতলা রোড, কলিকাতা-২৯।	শ্রী আর বি বোস (স্বামী)
(২) শ্রীমতী গীতা মুখার্জী, ভাইস চেয়ারম্যান, ৩৬, বালিগঞ্জ পার্ক, কলিকাতা-১৯।	শ্রী পি বি মুখার্জী (স্বামী)
(৩) ডাঃ শ্রীমতী সরলা ঘোষ, ৮, টালা পার্ক এভিন্যু, কলিকাতা-২	ডাঃ পি কে ঘোষ (স্বামী)
(৪) শ্রীমতী উমা রায়, পোঃ ও জেলা মালদা	রামহরি রায় (স্বামী)
(৫) শ্রীমতী মায়া ঘোষ, প্রধান শিক্ষিকা, সাঁইথিয়া উচ্চ বালিকা বিদ্যালয়, পোঃ সাঁইথিয়া, জেলা বীরভূম।	জে এন ঘোষ (পিতা)
(৬) শ্রীমতী সাধনা ভট্টাচার্য, শিক্ষা নিকেতন, পোঃ কলা-নবগ্রাম, জেলা বর্ধমান।	শ্রী বি ভট্টাচার্য (স্বামী)
(৭) শ্রীমতী প্রতিভা বোস, ৪, নন্দী স্ট্রীট, কলিকাতা-২৯	এ কে বোস (স্বামী)
(৮) শ্রীমতী গীতিকা মৈত্র, ১৪বি, অনিল রায় রোড, কলিকাতা-২৯	শ্রী এ কে মৈত্র (স্বামী)
(৯) শ্রীমতী গীতা বসু, পি-২০, ব্লক পি, নিউ আলিপুর কলি-কাতা-৫৩।	শ্রী এ কে বসু (স্বামী)
(১০) শ্রীমতী প্রণতি নিয়োগী, ৭, ডায়মণ্ড হারবার রোড, ব্লক এফ, ফ্ল্যাট-৬, কলিকাতা-২৭।	শ্রী বি বি নিয়োগী (স্বামী)
(১১) শ্রীমতী প্রতিমা দাশগুপ্ত, হিতেন্দ্র নারায়ণ রোড, পোঃ ও জেলা কোচবিহার।	জানা নাই।
(১২) শ্রীমতী গৌরী রায়, রবীন্দ্র সরণী, পোঃ ও জেলা বাঁকুড়া	শ্রী এস পি রায় (স্বামী)
(১৩) শ্রীমতী মালতী ভাণ্ডারী, ভাণ্ডারী কুঠী, পোঃ খড়গপুর, জেলা মেদিনীপুর।	জানা নাই।
(১৪) শ্রীমতী রমা ঘোষ, সরোজিনী ছাত্রী নিবাস, বর্ধমান বিশ্ববিদ্যালয়।	জানা নাই।
(১৫) শ্রীমতী জুলেখা আবেদিন, অঞ্চল প্রধান, ৭ সিরাই অঞ্চল, গ্রাম সিমুলডাঙ্গা, পোঃ দানগ্রাম, জেলা পশ্চিম দিনাজপুর।	ডাঃ জয়নাল আবেদিন (স্বামী)
(১৬) শ্রীমতী সুধা রায়, ১৫৩এ, মতিলাল নেহেরু রোড, কলিকাতা-২৯।	এস সি রায় (পিতা)
(১৭) সচিব, ত্রাণ ও কল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার	

পঞ্চায়েৎ বিভাগের কর্মচারী নিয়োগ

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৬।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত পঞ্চায়েৎ বিভাগে কোন কর্মচারী নিয়োগ হইয়াছে কি না; এবং

(খ) হইয়া থাকিলে, কয়জনকে ও কি কি পদে নিয়োগ করা হইয়াছে?

পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) পঞ্চায়েৎ বিভাগ এবং ইহার অধীনস্থ দপ্তরসমূহে মোট ৪২ জন কর্মচারী নিয়োগ করা হইয়াছে। ইহাদের মধ্যে ৩২ জন নিম্নবর্গীয় করণিক এবং ১০ জন চতুর্থ শ্রেণীর কর্মী।

Amount of Provident Fund money collected by the authorities of Kharagpur Municipality

330. (Admitted question No. 661.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the authorities of the Kharagpur Municipality have deposited the total amount of Provident Fund money collected by them till 31st January, 1974;

(b) if answer to (a) be in the negative,—

(i) the amount of Provident Fund money not deposited by the Municipal Authorities till 31st January, 1974; and

(ii) the action the Government proposes to take in the matter?

The Minister for Labour: (a) No.

(b) (i) Rs. 74,794.56.

(ii) The District Magistrate, Midnapore, has been asked by the Municipal Services Department of this Government to take appropriate steps for recovery of the outstanding Provident Fund amount from the Municipal Authority and deposit the same to the statutory fund.

বহরমপুর সেন্ট্রাল জেলে ডেক

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৮।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সেন্ট্রাল জেলের চৌকায় কতগুলি ডেক আছে;

(খ) এই ডেকগুলি ফুটো থাকা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা না লওয়ার কারণ কি

(গ) উক্ত ডেকগুলিতে পুডিং দেওয়ার জন্য ৫ কেজি ময়দা প্রতিদিন আসামীদের খাবার তালিকা হইতে লওয়া হইয়া থাকে এই মর্মে কোন অভিযোগ সরকারের নিকট করা হইয়াছে কি না; এবং

(ঘ) হইলে, এ বিষয়ে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বহরমপুর সেন্ট্রাল জেলের চৌকায় আটটি ডেক আছে।

(খ) উক্ত ডেকগুলি বর্তমানে ভাল অবস্থাতেই আছে। কোন ডেক ফুটো হইলেই তাহা সারানো হয়।

(গ) এইরূপ কোন অভিযোগ পাওয়া যায় নাই। যখনই কোন ফুটো দেখা যায় সাময়িক-ভাবে সামান্য পরিমাণ আটা দ্বারা তাহা বন্ধ করা হয়।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

Practising Radiologists, Pathologists and Doctors of Government hospitals

332. (Admitted question No. 1433.) Shri **Abdul Bari Biswas : Will** the Minister-in-charge of Health Department be pleased to state—

(a) if there is any provision of practising Radiologists, Pathologists and other Doctors of Government hospitals who are to deposit some per cent. of their outside income to the Government : and

(b) if so, the districtwise and headwise collection of revenue for 1968-69, 1969-70, 1971-72, 1972-73 and 1973-74 Financial Year ?

The Minister for Health : (a) Yes.

(b) The headwise collection of revenue is not maintained in the headquarters. Time will be required for collection of these figures yearwise and headwise starting from the year 1968-69.

খাস জমির দখল নিয়ে সরকারের বিরুদ্ধে মামলা

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৫।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) ১৯৭৪ সালের জানুয়ারী পর্যন্ত খাস জমির দখল নিয়ে সরকারের বিরুদ্ধে মোট কয়টি মামলা চলছিল; এবং

(খ) এর মধ্যে মোট কয়টি মামলার চূড়ান্ত নিষ্পত্তি হয়েছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৪ সালের জানুয়ারী পর্যন্ত চলতি (পেন্ডিং) মামলার সংখ্যা ৪৫,০০০।

(খ) এর মধ্যে চূড়ান্ত নিষ্পত্তির অধুনাতন হিসাব সরকারের কাছে নাই।

সমবায় বিভাগে কর্মচারী নিয়োগ

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৯।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এই বিভাগে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) পদের নাম ও নিযুক্ত ব্যক্তির সংখ্যা---

সমবায় সমিতিসমূহের সহকারী নিয়ামক---৪।
সমবায় সমিতিসমূহের পরিদর্শক---৫৩।
সমবায় সমিতিসমূহের নিরীক্ষক---৩০।
অবরবর্গীয় সহকারী---১৭ (মহাধিকরণে ৪ জন সহ)।
গাড়ী চালক (ড্রাইভার)---৪।
মুদ্রালেখক---১৫।
পেয়াদা—২।
আরদালী—৫০।

মোট—১৭৫

Recruitment of volunteers in the villages for dehoarding drive

335. (Admitted question No. 1833.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state the steps taken by the present Government to mobilise public support and to recruit volunteers in the villages for dehoarding drive ?

The Minister of State-in-charge of the Food and Supplies: No such steps have been taken.

In order to create a climate against hoarding by large producers and to improve market availability of paddy the District Officers of the main procurement districts were advised in December last to undertake dehoarding operations only against the large producers holding surplus stocks. They were also instructed to prepare first a list of such producers on the basis of land records and intelligence gathered and to place the same before the Ministers-in-charge of procurement operations in the districts before initiating such action.

Investment of money for mineral development

336. (Admitted question No. 1080.) **Shri Birendra Bijoy Malla Deb:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the amount of money invested so far for mineral development since its inception in West Bengal ;

(b) its future plan of programme ; and

(c) the experience and result of work so far and if it is running at a loss or profit ?

The Minister for Commerce and Industries: (a) Rs. 12.90 lakhs.

(b) Development of stone mines in Indrabil in Purulia, limestones in Purulia, dolomite mining in Jayanti in Jalpaiguri, mineral based industries like chinaclay ceramic, quartz grinding, refractories, ornamental stone polishing in Purulia, Bankura, Birbhum and Burdwan. Programme includes development of mining area by constructing roads, drawing of power lines, constructions of well, etc., and financial assistance to small entrepreneurs for purchase of equipments, machinery and advances against stock.

(c) The Mineral Development and Trading Corporation is at present operating in Panchmi-Hatgacha mauzas of Birbhum by engaging small entrepreneurs as its agents to quary stone. 600 people including 100 educated unemployed have been given employment. Contracts for supplying more than 6 lakhs cft. of stone ballast are being executed by the corporation for the Irrigation Department and the C.M.D.A. Negotiations of supply of stone materials to P.W.D. and M.T.P. are under way.

This being the first year of operation, financial results of manufacturing and trading have not yet been worked out. Hence profit or loss cannot be ascertained till now.

মুশিদাবাদ জেলায় জি আর ও টি আর বাবত খরচের পরিমাণ

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৫।) **শ্রীমহঃ দেদার বক্স:** ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) ১৯৭৩-৭৪ সালের (জানুয়ারী মার্স পর্যন্ত) পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় জি আর ও টি আর বাবত মোট কত টাকা খরচ হইয়াছে; এবং

(খ) তন্মধ্যে মুশিদাবাদ জেলায় কত?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জি আর বাবত ৫৭,৫১,৬১৭ টাকা ও ২৩,৮৭৬ মেট্রিক টন ২ কুইন্টাল খাদ্যশস্য এবং টেস্ট রিলিফ বাবত ১,১৬,২২,৬০২ টাকা ও ৯,৯৬২ মেট্রিক টন খাদ্যশস্য এবং ৩০৩ মেট্রিক টন সালাড তেল।

(খ) জি আর বাবত ৬০০ টাকা ও ১,৫৯৯ মেট্রিক টন ৮ কুইন্টল খাদ্যশস্য এবং টেস্ট রিলিফ বাবত ১,৩৭,৪৩৮ টাকা ও ১৩৬ মেট্রিক টন ৭ কুইন্টল খাদ্যশস্য।

অরঙ্গাবাদ বাজারে জিপে চাপা পড়ে মৃত্যুর ঘটনা

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭২।) **শ্রীশীশ মহম্মদঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি- -

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানার অরঙ্গাবাদ বাজারে ১৯৭১ সালের ২৮এ ডিসেম্বর জিপে চাপা পড়ে কোন লোক মারা গিয়াছিল কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, সুতি থানায় এইজন্য কোন কেস হইয়াছে কি, এবং

(গ) হত্যাকারীর অপরাধে কাহাকেও গ্রেপ্তার করা হইয়াছিল কিনা?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) তাহিরুদ্দিন শেখ নামে জনৈক ব্যক্তি লরি চাপা পড়িয়া মারা গিয়াছিল।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ, আসামী লক্ষ্মণচন্দ্র দত্তকে গ্রেপ্তার করা হয়েছিল।

জেলাওয়ারী অঞ্চল পঞ্চায়েৎ সচিবের শূন্যপদের সংখ্যা

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭২।) **শ্রীগণেশ হাটুইঃ** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান কোন্ কোন্ জেলায় কয়টি অঞ্চল পঞ্চায়েৎ সচিবের পদ খালি পড়িয়া আছে; এবং

(খ) উক্ত শূন্যপদগুলি কবে নাগাদ পূরণ করা হইবে?

পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) উক্ত শূন্যপদগুলি পূরণ করিবার জন্য প্রার্থীগণকে প্রশিক্ষণ দেওয়া হইতেছে। প্রার্থীগণের প্রশিক্ষণ সমাপ্ত হইবার পর শূন্যপদগুলিতে তাহাদের নিয়োগের বিষয় বিবেচিত হইবে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 339.

বিবরণী

জিলার নাম	শূন্য পদের সংখ্যা
মেদিনীপুর	৭
২৪-পরগণা	১৪
বর্ধমান	১০
মুর্শিদাবাদ	১০
কোচবিহার	৩
পশ্চিম দিনাজপুর	১৩
দার্জিলিং	৩
হুগলী	১১
জলপাইগুড়ি	১
নদীয়া	৭
মালদহ	২
হাওড়া	৮
বীরভূম	৯
বাঁকুড়া	২
পুরুলিয়া	৪
মোট	১০৪

Special programme of Industrial Development in the backward districts

340. (Admitted question No. 1023.) **Shri Birendra Bijoy Malla De** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Departme be pleased to state -

(a) if the Government has any special programme of Industrial Developme in the backward districts ;

(b) if so, details of progress of works of the said programme so far ; and

(c) how much money will be invested during the Fifth Five-Year Plan und the normal development programme in the backward regions ?

The Minister for Cottage and Small Scale Industries : (a) Yes.

(b) For dispersal and development of Small Scale Industries especially in bac ward districts there are special programmes like (i) 10 per cent.—15 per cent. Centi subsidy on Fixed Capital Investment in the districts (so far announced) of Purul Midnapore and Nadia ; (ii) power and Interest subsidy applicable in the areas n covered by Calcutta Electric Supply Corporation ; and (iii) 16-Point programr which is, however, applicable in all the districts including the backward ones.

In the case of 10 per cent.—15 per cent. Central subsidy applicable to the distric of Purulia, Midnapore and Nadia—Rs. 268,562 have so far been sanctioned f 43 small scale units.

In case of power and Interest subsidy, during 1971-72 and 1972-73—Rs. 2,22,0(were disbursed in all the districts while for 1973-74 a total sum of Rs. 2,61,000 ha been allotted for the backward districts only.

(c) On the basis of State outlay of Rs. 45 crores submitted to the Plannii Commission for the Fifth Five-Year Plan period an amount of Rs. 13.52 cror were proposed to be invested in the backward regions as defined by the State Plannii Board. Out of the outlay of Rs. 45 crores the State Government in the Cotta

and Small Scale Industries Department have been given only Rs. 14.40 crores. The element of investment for the backward districts will, therefore, have to be reduced proportionately. The State Government is, however, trying to get more outlay from the Planning Commission.

ওয়েস্ট বেঙ্গল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড কর্মচারী

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ডে বর্তমানে কোন্ শ্রেণীর মোট কত কর্মচারী আছেন;

(খ) উক্ত বোর্ডের সদর দপ্তরে (কলিকাতা) কর্মচারীর সংখ্যা কত;

(গ) কোন্ জেলার কোন্ প্রোজেক্টে কত কর্মচারী আছেন;

(ঘ) কর্মচারীদের মধ্যে সম্প্রতি কাহাকেও "ছাটাই"-এর নোটিস দেওয়া হইয়াছে কি; এবং

(ঙ) হইলে, কতজনকে ও তাহার কারণ কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (গ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) ২৭।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ৬৬ জন দাইকে ১লা এপ্রিল, ১৯৭৪ হইতে ছাঁটাই-এর নোটিস দেওয়া হইয়াছে। কারণ কেন্দ্রীয় সরকার কর্তৃক মঞ্জুরীকৃত পরিবার এবং শিশু কল্যাণ প্রকল্পে এই প্রকার কর্মচারী রাখিবার কোন ব্যবস্থা নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 341

সমাজ কল্যাণ উপদেষ্টা অফিসে কর্মচারীর বিবরণী (কলিকাতা)

Office Secretary	 1
P. A. to Chairman	 1
Steno-Typist	 1
Accountant	 1
Cashier	 1
Technical Assistant	 1
U. D. A.	 3
L. D. A.	 4
Typist	 3
Driver	 2
Peon	 3
Welfare Officer	 4
F. P. Staff	 2
	27

৩৪টি পরিবার এবং শিশু কল্যাণ প্রকল্পে কর্মচারীর বিবরণী

Accountant	 34
Driver	 31
Peon	 34
Mukhya Sevika	 34
Griha Sevika	 34
Bal Sevika	204
Griha-Sahayika	 34
Balsahayika	206
Dai	 66
F. P. Staff	 36
	713

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 341.

পরিবার ও শিশুকল্যাণ প্রকল্পের জেলাভিত্তিক সংখ্যা ও কর্মচারীর হিসাব

পরিবার ও শিশুকল্যাণ প্রকল্পের নাম		জেলা		কর্মচারীর সংখ্যা
(১) আর্শা	..	পুরুলিয়া	..	২১
(২) বন্দেওয়ান	...	পুরুলিয়া	...	১৮
(৩) হাবিবপুর	...	মালদা	..	২০
(৪) ভাঙ্গর-১		২৪-পরগণা	...	১৮
(৫) ভাঙ্গর-২	...	২৪-পরগণা	...	২৪
(৬) মগরাহাট	...	২৪-পরগণা	...	২২
(৭) ব্যারাকপুর	...	২৪-পরগণা	...	২৩
(৮) রাজারহাট	...	২৪-পরগণা	...	২০
(৯) স্বরূপনগর	...	২৪-পরগণা	...	২০
(১০) নাকাশিপাড়া	...	নদীয়া	...	১৮
(১১) আলিগর	...	দার্জিলিং	..	২৪
(১২) শিলিগুড়ি		দার্জিলিং	..	১৮
(১৩) রাজগঞ্জ	...	জলপাইগুড়ি	..	২২
(১৪) গোঘাট	...	হুগলী	..	২২
(১৫) জামালপুর	...	বর্ধমান	..	২০
(১৬) কাটোয়া-১	...	বর্ধমান	..	২২
(১৭) কাটোয়া-২	...	বর্ধমান	..	২৫
(১৮) মন্তেশ্বর	...	বর্ধমান	..	২৬
(১৯) রাইনা-১	...	বর্ধমান	...	২৩
(২০) রাইনা-২	...	বর্ধমান	..	২০
(২১) দান্তন	...	মেদিনীপুর	..	২২
(২২) ঘাটাল	...	মেদিনীপুর	..	২২
(২৩) ময়না	..	মেদিনীপুর	..	২২
(২৪) নারায়নগড়	...	মেদিনীপুর	..	২৫
(২৫) অণ্ডা	...	বাঁকুড়া	..	১৮
(২৬) শিমলাপাল	...	বাঁকুড়া	...	১৮
(২৭) তালডাঙ্গা	...	বাঁকুড়া	..	২০
(২৮) ফরাক্কা	...	মুর্শিদাবাদ	..	২০
(২৯) নোওদা	...	মুর্শিদাবাদ	...	২১
(৩০) ময়ুরেশ্বর	...	বীরভূম	..	১৮
(৩১) ইঁটাহার	...	পশ্চিম দিনাজপুর	..	২০
(৩২) কুমারগঞ্জ	...	পশ্চিম দিনাজপুর	..	২২
(৩৩) কুচবিহার-১	..	কুচবিহার	..	১৯
(৩৪) শিতলকুচি	..	কুচবিহার	..	২০
		মোট	...	৭১৩

Loan to the Calcutta Electric Supply Corporation by the Industrial Development Bank

342. (Admitted question No. 1281.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that the State Government has guaranteed any repayment of loan to the Calcutta Electric Supply Corporation by the Industrial Development Bank of India; and

(b) whether the Industrial Development Bank of India has accepted the guarantee and agreed to give the loan to C.E.S.C. ?

The Minister for Power : (a) No.

(b) Does not arise.

Ceiling on Urban Properties

343. (Admitted question No. 1236.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state –

(a) whether the State Government is considering any proposal for imposing ceiling on urban properties ; and

(b) if so, the present position of the proposal ?

The Minister for Land Utilisation and Reforms : (a) The West Bengal Legislative Assembly in its resolution passed on the 2nd May, 1972, empowered the Parliament to pass a Central legislation fixing ceiling on urban properties.

(b) The matter is still under consideration.

দুর্গাপুর প্রোজেক্টের সম্প্রসারণ

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩০।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, দুর্গাপুর প্রোজেক্টের সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত সম্প্রসারণ বাবত কত টাকা ব্যয় হবে এবং কতজন বেকারের চাকুরীর সংস্থান হবে?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) পশ্চিমবঙ্গ সরকার দুর্গাপুর প্রোজেক্টস্ সম্প্রসারণের দুইটি পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক এই পরিকল্পনাগুলি গৃহীত হইলে আনুমানিক ব্যয় হইবে ৪৬·৪৪ কোটি টাকা এবং আনুমানিক ১,২০০ বেকারের চাকুরী হইবে।

রসুনপুর জঙ্গলে ফায়ার-ক্লে

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমার বারাবনী ব্লকের রসুনপুর জঙ্গলে (১) যথেষ্ট পরিমাণে ফায়ার-ক্লে মজুত আছে; এবং (২) কিছু কিছু ব্যক্তি চোরাপথে উক্ত ফায়ার-ক্লে সংগ্রহ করছে; এবং

(খ) সত্য হইলে, এর প্রতিরোধ কল্পে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) (১) উক্ত অঞ্চলে ফায়ার-ক্লের অবস্থিতি সরকার জানেন; (২) এরকম সংবাদ সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

ট্যুরিস্ট লজ

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৭।) **শ্রীহেমন্ত দত্তঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে ট্যুরিস্ট লজ আছে;

(খ) ১৯৭১, ১৯৭২, ১৯৭৩ সালে এই সমস্ত ট্যুরিস্ট লজের আয় ও ব্যয় কত;

(গ) দীঘা ট্যুরিস্ট লজকে সম্প্রসারিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(ঘ) কবে নাগাত তার কাজ আরম্ভ হইবে; এবং

(ঙ) এই সার্বজনীন পর্যটন কেন্দ্রকে কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দেওয়ার কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের হাতে আছে কিনা?

স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দার্জিলিং, কালিম্পঙ, দুর্গাপুর, মালদহ, দীঘা, শান্তিনিকেতন, বহরমপুর, বিষ্ণুপুর, ডায়মণ্ডহারবার ও বকখালি।

(খ) ১৯৭১ঃ আয়—৫,৫৮,৩৫৪; ব্যয়—৬,৪৫,৯৮৮। ১৯৭২ঃ আয়—৯,১০,২১৮; ব্যয়—৭,১৩,৫২০। ১৯৭৩ঃ আয়—৬,৮৯,১২৯; ব্যয়—৬,৫২,৩২৪।

(গ) ১৯৭২-৭৩ সালে দীঘা ট্যুরিস্ট লজে এক-শয্যা বিশিষ্ট ১২টি অতিরিক্ত বাস কক্ষ সংযোজিত করা হইয়াছে। অন্য কোনও সম্প্রসারণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) দীঘার উন্নয়নের দায়িত্ব উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের উপর ন্যস্ত আছে। এই পর্যটন কেন্দ্রকে কেন্দ্রীয় সরকারের হাতে তুলিয়া দেবার কোন পরিকল্পনার কথা এই বিভাগের জানা নাই।

দুর্গাপুর প্রকল্পে আগুন লাগার ঘটনা

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪ সালের জানুয়ারী মাসে দুর্গাপুর প্রকল্পে যে আগুন লাগার ঘটনা ঘটে তাতে ক্ষতির পরিমাণ কত;

(খ) উক্ত ঘটনার কারণ অনুসন্ধানের কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা এবং করলে, তার ফলাফল কি; এবং

(গ) ভবিষ্যতে যাতে ঐরূপ ঘটনার পুনরাবৃত্তি না ঘটে তার জন্য সরকার কোন সতর্কতা-মূলক কর্মপন্থা গ্রহণ করেছেন কিনা এবং করলে, কি কি?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আনুমানিক চব্বিশ লক্ষ টাকা।

(খ) হ্যাঁ। অনুসন্ধানকার্য সম্পূর্ণ না হওয়ায় বর্তমানে ফলাফল সরকারের বিচারাধীন আছে।

(গ) হ্যাঁ। অনুসন্ধানকার্য সম্পূর্ণ না হওয়া পর্যন্ত প্রশ্ন ওঠে না।

বার্নপুর ও দুর্গাপুরের ইস্পাত কারখানার স্ল্যাগ দ্বারা সিমেন্ট উৎপাদনের পরিকল্পনা

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) বার্নপুর ও দুর্গাপুরের ইস্পাত কারখানার স্ল্যাগ দ্বারা সিমেন্ট উৎপাদনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) স্ল্যাগ দিয়ে সিমেন্ট তৈরীর পরিকল্পনা থাকলে, প্রস্তাবিত কারখানাটি কোথায় ও কবে নাগাদ স্থাপন করা হবে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুর্গাপুর ও বার্নপুরের স্ল্যাগ দিয়ে বেসরকারী সিমেন্ট কারখানা স্থাপনের কথা আছে।

(খ) দুর্গাপুরের স্ল্যাগ হইতে দুর্গাপুরে একটি এবং বার্নপুরের স্ল্যাগ হইতে আরেকটি সিমেন্ট কারখানা আসানসোলে হইবার কথা আছে। দুর্গাপুর সিমেন্ট কারখানাটি ১৯৭৪-৭৫ সালের মধ্যে এবং আসানসোলের সিমেন্ট কারখানাটি ১৯৭৫-৭৬ সালের মধ্যেই চালু হইবে বলিয়া আশা করা যায়।

সমবায় সমিতি

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২১।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) এই রাজ্যে বর্তমানে কোন্ জেলায় কোন্ প্রকারের কতগুলি সমবায় সমিতি আছে;

(খ) সমিতিসমূহের মধ্যে কোন্ জেলায় কোন্ প্রকারের কয়টি করিয়া সমবায় সমিতি লিকুইডেশন-এ গিয়েছে; এবং

(গ) লিকুইডেশন-এ যাওয়ার কারণ কি?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রকারের সমবায় সমিতি আছে জেলাওয়ারী তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ('ক' দ্রষ্টব্য)

(খ) পশ্চিমবঙ্গে লিকুইডেশনপ্রাপ্ত বিভিন্ন প্রকারের সমবায় সমিতি আছে। জেলাওয়ারী তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ('খ' দ্রষ্টব্য)

(গ) নিম্নোক্ত এক বা একাধিক কারণে সমবায় সমিতি লিকুইডেশন-এ দেওয়া হয়---

(১) সমিতি রেজিস্ট্রী হওয়ার ১২ মাসের মধ্যে কাজ আরম্ভ না করা।

(২) ১৮ মাস যাবত কোনরূপ কাজ কারবার না করা।

(৩) সমবায় আইনের ৮২, ৮৩ ও ৮৪ ধারা মতে তদন্তে যদি সমবায় সমিতিসমূহের নিয়ামক মহাশয় নিশ্চিন্ত হন যে, সমিতি উদ্দেশ্য সাধনে ব্যর্থ হয়েছে এবং উহাকে পুনর্জীবিত করা সুদূরপরাহত (উল্লিখিত ধারাগুলি 'গ' চিহ্নিত লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল)।

(৪) সমিতির বিশেষ সাধারণ সভায় ৩/৪ সংখ্যাগরিষ্ঠের ভোটে গৃহীত প্রস্তাব অনুযায়ী পূর্বোক্ত (১), (২) ও (৩) মতে ব্যবস্থা গ্রহণের পূর্বে সমিতিকে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয়।

বন্যারোধে প্রকল্প

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত বন্যা রোধের জন্য সরকার কোথায় কোথায় ও কি কি কর্মসূচী গ্রহণ করেছেন;

(খ) উক্ত কর্মসূচীগুলি বাবত উক্ত সময়ে সরকার কত টাকা ব্যয় করেছেন এবং কোথায় কোথায় কি পরিমাণে;

(গ) পশ্চিমবঙ্গে বন্যা রোধের জন্য উক্ত সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা পাওয়া গিয়েছে; এবং

(ঘ) পশ্চিমবঙ্গে সম্পূর্ণরূপে বন্যা রোধ করতে আরও কত টাকা এবং কয় বৎসর সময়ের প্রয়োজন এ বিষয়ে কোন সমীক্ষা হয়েছে কিনা এবং হলে, তার ফলাফল?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) এবং (খ) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত যে সকল বন্যা প্রতিরোধ ব্যবস্থা লওয়া হইয়াছে উহাদের নাম ও খরচের পরিমাণের একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) চতুর্থ পরিকল্পনাকালে পরিকল্পনা অন্তর্ভুক্ত সমস্ত উন্নয়ন প্রকল্পের জন্য কেন্দ্রীয় আর্থিক সাহায্যের নিয়ম অনুসারে রাজ্য পরিকল্পনার জন্য আর্থিক সাহায্য ৩০ শতাংশ অনুদান এবং ৭০ শতাংশ ঋণ হিসাবে পাওয়ার কথা। বন্যা প্রতিরোধ প্রকল্পের জন্য উক্ত সময়ে ঠিক কত টাকা পাওয়া গেছে তাহার চূড়ান্ত হিসাব-নিকাশ না হওয়া পর্যন্ত কিছু বলা সম্ভব নহে। তবে অগ্রাধিকারযুক্ত ৬টি বন্যা প্রতিরোধ প্রকল্পের জন্য উক্ত সময়ের মধ্যে রাজ্য পরিকল্পনা বহির্ভূত ১০ কোটি টাকা ঋণ হিসাবে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে।

(ঘ) সমীক্ষা করা হইয়াছে। ১৯৭৩ সালের জুলাই মাসে হিসাব করিয়া দেখা গিয়াছে যে পশ্চিমবঙ্গে বন্যা প্রতিরোধের জন্য মোট ৪৩২ কোটি ২২ লক্ষ টাকা এবং নদীর ভাঙ্গন রোধের জন্য মোট ১৩৯ কোটি ৩০ লক্ষ টাকা প্রয়োজন হইবে। যদি প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা যায় তা হলে ঐ প্রকল্পগুলি যথাযথভাবে প্রস্তুত করিয়া কার্যকরী করিতে আনুমানিক ২০ বৎসর লাগিবে।

ওয়েস্ট বেঙ্গল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ডে পাঁচটি আর্থিক বৎসরে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৪।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) ওয়েস্ট বেঙ্গল সোস্যাল ওয়েলফেয়ার বোর্ড গত ৫টি আর্থিক বৎসরের কোন্ বৎসরে কত টাকা মঞ্জুরী পাইয়াছেন:

(খ) উক্ত মঞ্জুরীকৃত টাকা কোথায় এবং কি কি উদ্দেশ্যে খরচ করা হইয়াছে; এবং

(গ) খরচ করা টাকার অঙ্কের মধ্যে সদস্যদের রাহা খরচ এবং অন্যান্য খরচ বাবত প্রতি বৎসরে প্রতি সদস্যপিছু কত টাকা খরচ করা হইয়াছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ওয়েস্ট বেঙ্গল সোস্যাল ওয়েলফেয়ার অ্যাডভাইসরি বোর্ড কেন্দ্রীয় সমাজ কল্যাণ পর্ষদ পশ্চিমবঙ্গ ও সমষ্টি উন্নয়ন মন্ত্রনালয় সরকার হইতে বিভিন্ন কাজের জন্য বিগত পাঁচ বছরে যত অনুদান পাইয়াছেন এবং কি কি উদ্দেশ্যে কোথায় তাহা খরচ হইয়াছে সেই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

[1-00—1-10 p.m.]

[After Adjournment]

Shrimati Geeta Mukhopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটী গুরুতর ঘটনা এই বিধানসভায় তুলে ধরতে চাই। আজকে পশ্চিমবাংলার যুবসংঘের কেরোসিনের জন্য, দ্রব্যমূল্য রোধ এবং রাজবন্দীদের মুক্তির দাবীতে সারা পশ্চিমবাংলাব্যাপী আইন অমান্য আন্দোলন করার কথা ছিল। সেই আইন অমান্য আন্দোলনে বোলপুরের সংঘ এবং নিখিল ভারত ছাত্র ফেডারেশনের ডাকে প্রায় এক হাজার যুবক যুবতী উপস্থিত হয়েছিল। সেখানে পুলিশ তাদের উপর গুরুতরভাবে লাঠি চার্জ করেছে এবং দুইশত দুইজন গ্রেপ্তার হয়েছে। লাঠিচার্জে নীহার ঘোষ মাথায় গুরুতর আঘাত পেয়েছেন এবং লিয়াকত হোসেন ও দুর্গা চ্যাটার্জী এই দুইজনও গুরুতরভাবে আহত হয়েছেন। বিগতকাল এই আইন অমান্যতে হাওড়ায় যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের মধ্যে একটি মেয়ে সত্যাগ্রহী ছিলেন। তাকে সারারাত লকআপে রাখা হয়েছে। এই ঘটনা সাধারণত কখনও ঘটে থাকে না। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে যে, যুবকরা যে দাবীগুলি নিয়ে আন্দোলন করেছেন সেটা তাদের একার দাবী নয়। এমনকি শুধু পশ্চিমবঙ্গ যুবসংঘ এবং নিখিল ভারত ছাত্র ফেডারেশনেরও দাবী নয়। এই একই দাবীতে যুবকংগ্রেস, ছাত্র পরিষদ এবং আরো অপরাপর ছাত্র এবং যুব প্রতিষ্ঠানের। তারা শান্তিপূর্ণভাবে আন্দোলন করার চেষ্টা করেছেন এবং আজকের যে বিক্ষোভ এটা শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমে প্রকাশ করার চেষ্টা করছেন। কাজেই তার উপর লাঠি চালিয়ে লোককে আহত করে কোন পরিস্থিতির সুরাহা হবে না। বরং আরো গুরুতর আকার ধারণ করবে। সেজন্য আমি আপনার মাধ্যমে দাবী করি যে দ্রুত এই যুবসমাজ এবং ছাত্রসমাজের দাবীগুলিকে পরিপূরণ করার চেষ্টা করুন এবং পুলিশকে সম্বরণ করুন। লাঠিচার্জ করে যুবকদের মাথায় আঘাত করলে সেটা সমস্ত পশ্চিমবাংলার যুবসমাজের মাথাতেও আঘাত পড়বে এবং পশ্চিমবাংলার যুবসমাজ এটা কখনই সহ্য করবে না।

Motion under Rule 185

Shri Ahindra Misra : Sir, I beg to move that—

Whereas this Assembly is of opinion that there has been inordinate delay in finalisation of the proposal for construction of a Ship-building Yard at Haldia in West Bengal:

And whereas the case of Haldia has been strongly recommended by the experts as the most ideal site for location of the Ship-building Yard in the Eastern Region during the Fifth Five-Year Plan;

And whereas the delay in implementation of the proposal is causing much resentment amongst the people who are anxiously looking forward towards its early implementation for the rapid economic and commercial growth of the State;

This Assembly therefore urgest upon the Prime Minister and the Central Government to expedite the matter and to ensure that the proposal of constructing the Ship-building Yard at Haldia is taken up at an early date.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার তথা সমগ্র পূর্ব ভারতের একটা যুক্তি সমস্ত দাবী এবং খুবই ন্যায় সঙ্গত দাবী, হলদিয়ায় যে বন্দর গড়ে উঠছে এবং যে হলদিয়া
* বন্দরকে কেন্দ্র করে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের আশা আকাংখা, সেই আশা আকাংখাকে কেন্দ্র করে হলদিয়াতে জাহাজ নির্মাণ কারখানা বাস্তবে রূপায়িত হোক। দেখা যাচ্ছে, বেশ কিছুদিন ধরে এই সংক্রান্ত একটা প্রস্তাব উঠলেও, সে সম্পর্কে কোন কার্য্যকরী

ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। জাহাজ নির্মাণ কারখানা করতে হলে কেন্দ্রীয় সরকার স্থান নির্বাচন সম্পর্কে স্থির সিদ্ধান্তে আসা দরকার। সেইরকম কিছু গৃহীত না হবার ফলে আমরা স্বভাবতঃই পশ্চিমবাংলার এই দরিদ্র পীড়িত মানুষ, পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে জর্জরিত মানুষ খুবই উদ্বেগ এবং দুশ্চিন্তা অনুভব করছি। আমরা জানি যে কিছুদিন আগে ১৯৭১ সালে শিপিং এ্যান্ড রোড ট্রান্সপোর্ট মিনিস্ট্রির আন্ডারে একটা ওয়ার্কিং গ্রুপ তৈরী হয়। এই ওয়ার্কিং গ্রুপ হলদিয়াকে জাহাজ নির্মাণ কারখানার উপযুক্ত স্থান হিসাবে রেকমেন্ড করেন। অবশ্য ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের দাবী আছে জাহাজ নির্মাণ কারখানার স্থান হিসাবে গ্রহণ করার জন্য। এ পর্যন্ত দুটি ন্যাশনাল শিপ বিল্ডিং হয়েছে, একটা হচ্ছে বিশাখাপত্তনমে আর একটা হচ্ছে কোচিনে। কোচিনের কাজ শুরু হবে খুব শীঘ্র, এবং বিশাখাপত্তনমের কাজ অনেকদূর এগিয়ে গেছে। থার্ড ন্যাশন্যাল শিপ বিল্ডিং হিসাবে হলদিয়ার অগ্রাধিকার থাকা সত্ত্বেও, তার সব কিছু রিকুইজিট কোয়ালিফিকেশন থাকা সত্ত্বেও কেন যে এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে দেরী হচ্ছে, সেটা আমরা বুঝতে পারছি না। সুতরাং আমাদের আশংকা যে এই সংক্রান্ত ব্যাপারে অন্যান্য রাজ্যের দাবী আছে, পূর্ব ভারতেরও পারাদ্বীপেরও দাবী আছে। উড়িষ্যা একটা দরিদ্র রাজ্য এবং প্রতিবেশী রাজ্য, তার দাবীকে আমরা নস্যাৎ করতে চাই না। পারাদ্বীপের দাবীকে স্বীকার করে নিয়েও আমরা বলতে পারি যে হলদিয়ার দাবী পারাদ্বীপের দাবীর যে কনডিশন—সেইসব কনডিশন হলদিয়ায় সবচেয়ে বেশী করে আছে। ১৯৭১ সালে শিপিং এ্যান্ড ট্রান্সপোর্ট মিনিস্ট্রির আন্ডারে যে ওয়ার্কিং গ্রুপ হয়---আমি আগেই বলেছি, তারা ন্যাশন্যাল শিপ ইয়ার্ড সম্পর্কে হলদিয়ার কেসকে রেকমেন্ড করেছিলেন। তাঁরা সেদিন বলেছিলেন যে ভারতবর্ষে অন্ততঃ ১০·৬ মিলিয়ন টনের বহনযোগ্য যে ক্ষমতা, তা দরকার এ্যাট দি এন্ড অব দি সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যান সেখানে হলদিয়া ছাড়াও আরও দু-তিনটি শিপ ইয়ার্ড হতে পারে। তারপর দেখা গেল সেই রেকমেন্ড সম্পর্কে বাভিজা কমিটির যে রিপোর্ট সেটা চাপা পড়ে গেল এবং তারপর দেখা গেল একটা সেকেন্ড ওয়ার্কিং গ্রুপ যেটা একই মিনিস্ট্রির আন্ডারে এবং তারাও একই কথা বললেন যে ১০·৬ মিলিয়ন টন জি, আর, টি, বহনযোগ্য ক্ষমতার জন্য আরও দু-তিনটি এ্যাডিশন্যাল শিপ ইয়ার্ড হওয়া দরকার। এর দ্বারা আমরা মনে করি যে হলদিয়ার কেস আরও ক্লিয়ার হ'ল, আরও জোরদার হ'ল। কিন্তু তারপর দেখলাম সবই ধামাচাপা দিয়ে রাখা হ'ল। কোন কথাবার্তা শুনলাম না। আবার দেখলাম ১৯৭৩ সালের ১লা মে একটা কমিটি হ'ল পাঁচ জনকে নিয়ে। এবং এই টেকনো ইকনমিক গ্রুপ-এর চেয়ারম্যান হ'ল ও,পি, নেড়ুলা। ও, পি, নেড়ুলার নেতৃত্বে এই যে পাঁচজনের ওয়ার্কিং গ্রুপ হ'ল তারা শিপ বিল্ডিং-এর জন্য তিনটি মডেলের কথা বললেন। মাননীয় সদস্য বন্ধুগণ, আপনারা যদি একটু গভীরভাবে সমগ্র জিনিসটা অনুধাবন করার চেষ্টা করেন তাহলে বুঝতে পারবেন, এই যে ব্রিগেডিয়ার ও, পি, নেড়ুলার নেতৃত্বে পাঁচজনের টেকনো ইকনমিক গ্রুপ হ'ল, তাঁরা বললেন যে ফার্স্ট মডেলের জন্য দরকার ম্যাক্সিমাম সাইজ থার্টি সিক্স থাউজেন্ড ডি, ডবলিউ, টি, যেটা ইনিশিয়্যালি সিক্সটি থাউজেন্ড ডি, ডবলিউ, টি'তে পৌছবে। তাঁরা সেকেন্ড মডেলের কথা বললেন যার ম্যাক্সিমাম সাইজ হবে ওয়ান ল্যাক টুয়েন্টি থাউজেন্ড ডি, ডবলিউ, টি এবং যেটা ফাইন্যাল ক্যাপাসিটিতে পৌছবে ১·৮০০০০ থাউজেন্ড ডি, ডবলিউ, টি। তারা থার্ড মডেলের কথা বললেন, যেটার ম্যাক্সিমাম সাইজ তিন লাখ ২৫ হাজার ডি, ডবলিউ, টি, এবং যেটা ফাইন্যালি পৌছবে ৩ লাখ ৬০ হাজার ডি, ডবলিউ, টি'তে। নেড়ুলা কমিটি তাঁদের রেকমেন্ডেশন থেকে অন্যান্য রাজ্যের আরও কতকগুলো দাবীকে বাতিল করে দেন।

[1-10—1-20 p.m.]

আমি আগেই বলেছি আরো কতগুলি রাজ্যের দাবী ছিল যেমন মহারাষ্ট্রের নব-সেবা এবং মুরুড-জাঞ্জিরা, দুটো বন্দরেই জাহাজ নির্মাণ কারখানার দাবী। তারপর কারওয়ার ইন কর্নাটক, তাদের সেই দাবীকেও তারা বাতিল করেছিলেন, উপযুক্ত সুযোগ-সুবিধা নেই বলে। বিশাখাপত্তনমের আউট হার্বার-এ তাদের দাবী ছিল যে একটা বড় শিপ

বিল্ডিং ইয়ার্ড হোক, যদিও বিশাখাপত্তনামে ন্যাশন্যাল শিপ বিল্ডিং ইয়ার্ড আছে। তারা মধ্যে তামিলনাড়ুর টুটিকরিন এবং মান্ডাপ্পার দাবীটাকে তারা বাতিল করেছিলেন, যেহেতু এই স্থানগুলি তাদের মডেল অনুসারে উপযুক্ত নয়। তাহলে টেকনো ইকোনমিক গ্রুপের মতে ৪টি স্থানই সবচেয়ে উপযুক্ত স্থান। ফিফ্থ প্ল্যানে ইস্টার্ণ জোনেরও একটা দাবী অবশ্যই থাকছে। অথচ ওয়েস্টার্ণ জোন এবং সাদার্ণ ইন্ডিয়ার দাবীও আবার দেখা যাচ্ছে। এখন যে ৪টি স্থান আরো থেকে যাচ্ছে, সেই চারটি স্থান কোথায়, একটি গুজরাটের হাজিরা, আর একটি গোয়ার কারসাতেনজানি, আর একটি ওড়িষ্যার পারাদ্বীপ, আর একটি হচ্ছে ওয়েস্ট বেঙ্গলের হলদিয়া। তাদের মতে এই চারটি স্থানই উপযুক্ত স্থান। এখন আমাদের দেখতে হবে যে ভারতবর্ষের দুটো মাত্র শিপ-ইয়ার্ড হয় ফিফ্থ প্ল্যানের আগে, তাহলে এখন দেখতে হবে এই ক্ষেত্রে হলদিয়ার স্থান অগ্রগণ্য কি না। যদি অগ্রগণ্য বলে বিবেচিত হয় তাহলে যে সমস্ত কোয়ালিফিকেশন প্রয়োজন তার সব কয়টি গুণ যদি হলদিয়ার থাকে তাহলে হলদিয়াকে অবশ্যই শ্রেষ্ঠ স্থান দিতে হবে। তা না হলে আমরা আমাদের দাবী ছেড়ে দিতে রাজী আছি। এখন মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি সদস্য বন্ধুদের অনুরোধ করব হলদিয়ার সেই গুণগুলি আছে কিনা বিবেচনা করে দেখবার জন্য। আমাদের অন্ধকারের মধ্য থেকে আরো অর্থনৈতিক অন্ধকারের মধ্য দিয়ে ভবিষ্যৎ কাটাতে হবে কিনা আজকে সে সম্পর্কে গভীরভাবে চিন্তা করে আমাদের দাবী উত্থাপন করতে হবে। হলদিয়ার শিপ-বিল্ডিং ইয়ার্ড শুধু পশ্চিমবাংলার জন্য নয়, সমগ্র পূর্ব ভারতের অর্থনৈতিক এবং সামাজিক অগ্রসর সম্ভব হবে এবং শিল্প প্রসারের ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন আনতে পারবে। আমরা যদি জাহাজ নির্মাণ শিল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ন্যায়সংগত দাবী আদায়ে ব্যর্থ হই তাহলে আমাদের ভবিষ্যৎ বংশধরেরা কখনো আমাদের ক্ষমা করতে পারবে না। প্রথম যখন আমাদের শিপ বিল্ডিং-এর কথা হয় তখন আপনার নিশ্চয়ই মনে আছে পার্লামেন্টে তৎকালীন জাহাজ মন্ত্রী রাজবাহাদুর বারবার এই সুস্পষ্ট ঘোষণা এবং আশা ভরসার কথা পশ্চিমবাংলাকে শুনিয়েছেন যে, হলদিয়া শিপ বিল্ডিং ইয়ার্ড হওয়ার উপযুক্ত ক্ষেত্র এবং এটা হওয়ার সম্ভাবনা আছে। কিন্তু আজকে দেখা যাচ্ছে ধীরে ধীরে ব্যাপারটা চাপা পড়ে যাচ্ছে। তারপর ডঃ বি. নাড়ুলার নেতৃত্বে যে কমিটি হয়েছিল, সেই কমিটি যে কথা বলেছেন, (সেই টেকনো-ইকোনমিক গ্রুপ), উক্ত তিন মডেলের মধ্যে হলদিয়া এমন একটা মডেল যেখানে ফার্স্ট মডেল, সেকেন্ড মডেল এবং থার্ড মডেল-এর যে ক্যাপাসিটির কথা আমরা বলেছি হলদিয়ার সেই ক্যাপাসিটি আছে, তাতে ফার্স্ট মডেল করা চলতে পারে, সেকেন্ড মডেল করা যেতে পারে, থার্ড মডেল করা যেতে পারে। এই গুণগুলি হলদিয়ার আছে কিনা দেখবার জন্য কতগুলি টেকনিক্যাল টার্ম আছে সেগুলির কনডিশন হচ্ছে—

(1) Good water channel from Sea, (2) Depth of water and tidal range, (3) Site, sheltered from prevailing storms, (4) Proximity to the source of steel supply at existing port, etc.

আর একটা হচ্ছে ল্যাণ্ড ফর এক্সপ্যানসন। হলদিয়ায় প্রচুর জায়গা আছে। আমাদের রাজ্যসরকার বারবার বলেছেন কেন্দ্রীয় সরকারকে যে হলদিয়ায় যদি জাহাজ নির্মাণ কারখানা হয় তাহলে রাজ্যসরকার জায়গা দিতে প্রস্তুত আছেন। আর একটা হচ্ছে এ্যাভেই-লিবিলিটি অফ এ্যাডিকোয়েট সারভিসেস, আর একটা হচ্ছে প্রোভিসন টু দি সোরসেস্ অফ ষ্টীল সাপ্লাই। আমাদের ষ্টীল সাপ্লাই-এর কোন অসুবিধা নেই। দুর্গাপুর, রুরকেল্লা, ভিলাই, জামসেদপুর, বার্ণপুর এ ব্যাপারে আছে এবং এসব জায়গা থেকে আমরা প্রচুর ষ্টীল পেতে পারি। ষ্টীল ক্যারী করার জন্য হলদিয়ায় রেল যোগাযোগ স্থাপিত হয়েছে এবং ডায়মণ্ড-হারবার থেকে ষ্টীমার যোগে যাবার ব্যবস্থাও আছে। আর একটা হচ্ছে এ্যাভেইলিবিলিটি অফ টেক্‌নিক্যাল পারসোন্যাল এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাকগ্রাউণ্ড বলতে পশ্চিমবাংলায় প্রচুর আছে। টেক্‌নিক্যাল পারসোন্যাল বলতে যা বুঝি তাতে আমাদের গারডেন্ রীচ্-এ যে জাহাজ তৈরীর কারখানা আছে সেখানে প্রচুর স্কীল্ড লেবার আছে। হলদিয়ায় যদি জাহাজ নির্মাণ কারখানা হয় তাহলে আমরা প্রচুর টেক্‌নিক্যাল ট্রেইণ্ড্ এ্যাণ্ড টেক্‌নিক্যাল এক্সপার্টস্ পেতে পারি। এ ছাড়া পাওয়ার এ্যাণ্ড ওয়াটার সাপ্লাই-এর প্রশ্ন আছে। রাজ্যসরকার

পাওয়ার সাপ্লাই দিতে রাজী আছেন কিনা জানি না তবে পশ্চিমবাংলা তথা পূর্বভারতের জনস্বার্থের খাতিরে পাওয়ার সাপ্লাই দেবার দায়িত্ব গ্রহণ করতে হবে। সুতরাং পাওয়ার সাপ্লাই করবার কোন অসুবিধা হবে না। তারপর হচ্ছে ওয়াটার সাপ্লাই। এখানে ওয়াটার সারফেস খুব ডেফ্‌থ বলে ড্রিঙ্কিং ওয়াটার প্রচুর আছে। মোট কথা হলদিয়ার ক্ষেত্রে একটাও কণ্ডিসনের অভাব হচ্ছে না। অতএব হলদিয়ার প্রশ্ন কেন বিবেচনা করা হবে না? পশ্চিমবাংলার অর্থনীতি, বাণিজ্য, শিল্প, সাধারণ মানুষের আর্থিক কাঠামো আজ ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। এই অবস্থায় আজ এই কথা আমাদের সিরিয়াসলি চিন্তা করতে হবে। যে ৪টি স্থান আগেই বিবেচনার মধ্যে আছে—গুজরাটের জাহিরা, গোয়ার ক্যারলা-ভ্যাঙ্গনি, উড়িষ্যার পারাদ্বীপ এবং হলদিয়া। ৪টি অঞ্চলে এক নম্বর মডেল কোয়ালিফিকেশন আছে এবং পারাদ্বীপ ও গোয়ায় ২টি মডেল কোয়ালিফিকেশন আছে। একমাত্র হলদিয়ায় পোর্ট কমিশনার্স যে ১৪ স্কোয়ার মাইলস এরিয়া নিয়েছে এটা শুধু হলদিয়া নয়—হলদিয়া সুড় অলওয়েজ বি কন্‌সিডারড্‌ এ্যাজ হলদিয়া রেঞ্জ। এই যে এরিয়া একে বলা হয় হলদিয়া রেঞ্জ হলদিয়া মানে এই নয় যে ১৪ স্কোয়ার মাইলস্‌, সেখানে ডক্‌ প্রোজেক্ট এরিয়া। আই, ও, সি; এফ্‌, সি, আই,-এর কাজ চলছে। এইসব কাজের যদি মাপ এক্সপানশন হয় তাহলে ঐ ১৪ স্কোয়ার মাইলস্‌ এরিয়া শেষ হয়ে যাবে, সুতরাং হলদিয়া রেঞ্জকে সবদিক থেকে কনসিডার করতে হবে মহিষাদলের গেঁয়োখালি থেকে নন্দীগ্রামের গাংড়া পর্য্যন্ত। সুতরাং নারুলা কমিটি হলদিয়া রেঞ্জ-এর ৩টি মডেল কোয়ালিফিকেশন অদ্যাবধি রেকমেণ্ড করেছেন। অতএব এদিক থেকে চিন্তা করা অসম্ভব নয় যে হলদিয়ায় বৃহত্তর বন্দর হতে পারে।

[1-20—1-30 p-m.]

আমি আগেই বলেছি হিন্দুস্থান ন্যাশন্যাল শিপ-বিল্ডিং ইয়ার্ড ভিশাখাপত্তমে আছে আর একটা জাহাজ নির্মাণের কারখানা মাদগাঁও, এইট্টিন সেন্চুরিতে বোম্বের মাদগাঁওতে একটা জাহাজ নির্মাণের কারখানা ছিল, আর একটা আছে আমাদের কলকাতায় গার্ডেন রিচ ওয়ার্কসপ, আর একটা কোচিনে হবার কথা হচ্ছে, ১৯৭৫ সালের শেষের দিকে ওরা কাজ আরম্ভ করতে পারবে। শিপ বিল্ডিং ইয়ার্ড-এর কাজকর্ম সুরু হয়ে গেছে। এখন এই সমস্ত জাহাজ তৈরীর যে ক্যাপাসিটি সেই ক্যাপাসিটির কথা আমি আগেই বলেছি, গার্ডেন রিচ ওয়ার্কসপের ম্যাক্সিমাম ক্যাপাসিটি ২৫ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত, তারচেয়ে বেশী সে পারে না। মাদগাঁওতে এখন যেটা হচ্ছে তার ক্যাপাসিটি ১৫ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত, হয়ত এক্সটেনডেড হলে ২৫ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত হতে পারে। ন্যাশন্যাল শিপ বিল্ডিং ইয়ার্ড ভিশাখাপত্তম, সেখানে ২৫ হাজার থেকে ৩৬ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত কাজ হচ্ছে, তাদের লক্ষ্য পরিকল্পনা আছে ৭৫ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত। অথচ সে ক্ষেত্রে হলদিয়া রেঞ্জের মধ্যে যে গাঁংগরার কথা বলেছি সেই গাঁংগরাতে আমাদের ম্যাক্‌সিমাম ক্যাপাসিটি ২ লক্ষ ৬০ হাজার ডি, ডব্লু, টি, পর্যন্ত হতে পারে। গার্ডেন রিচ ওয়ার্কসপ হচ্ছে মিনিস্ট্রি অব ডিফেন্স-এর আণ্ডারে। নেভাল বেস আজকে ভিশাখাপত্তমে থাকার খুব একটা প্রয়োজনীয়তা আছে বলে মনে করি না। আজকে নেভাল বেস হিসাবে কলকাতার চেয়ে হলদিয়ার দাবি স্ট্রাটেজিক পয়েন্টের দিক থেকে অনেক বেশী। কেননা, অনেক বড় বড় জাহাজ, ওয়ার সিপ, যেমন আই, এন, এস, বিক্রম, আজকে কলকাতায় ঢুকতে পারে না, তাকে হলদিয়ায় আটকে যেতে হয়। শুধু নেভাল বেস নয়, হলদিয়াকে সমগ্র ইস্টার্ন জোন অব ইণ্ডিয়ার নেভাল হেডকোয়ার্টার্স করতে পারি এবং এখানে আমাদের ডিফেন্সের জন্য ডেসট্রয়ার, ব্রিগেট এবং অন্যান্য ওয়ার সিপ তৈরী করার প্রচুর সম্ভাবনা আছে। স্যার, এই যে সম্ভাবনা আছে এটা শুধু আজকের কথা নয়, আমরা যদি ইতিহাসের সূত্র ধরে পিছিয়ে যাই তাহলে দেখতে পাব যে হলদিয়া হল তমলুক মহকুমার একটা প্রান্তে, এই তমলুক একদিন ছিল তাম্রলিপ্ত যে তাম্রলিপ্ত একদিন বাণিজ্যিক সমৃদ্ধির শিখরে প্রতিষ্ঠিত ছিল। শুধু সারা ভারতবর্ষে নয়, দুনিয়ার দিকে দিকে ভেসে গেছে বাণিজ্য তার এই তাম্রলিপ্ত থেকে, গেছে সুমাত্রা, জাভা, বোর্ণিও, সিংহল ইত্যাদি দেশে। এই তাম্রলিপ্ত বন্দর থেকে একদিন বিজয় সিংহ ৭ শো সৈন্য নিয়ে সিংহল জয় করেছিলেন।

তাঁর পিতা সিংহবাহুর নামানুসারে নাম হয়েছিল সিংহল। ২।৩ হাজার বছর আগে থেকে জাহাজ তৈরী এবং জাহাজের কাজকর্ম, বাণিজ্য ইত্যাদির বিপুল প্রসার ঘটেছিল এই তাম্রলিপ্ত থেকে। আমাদের দেশের যা ঐতিহ্য আছে সেই ঐতিহ্য স্মরণ করে আজকে আমরা একটা নূতন যুগের সৃষ্টি করতে পারি বাণিজ্যিক এবং অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে সারা পূর্ব ভারত, পশ্চিমবঙ্গের তো অবশ্যই। সেই সম্ভাবনার কথা বলতে গিয়ে আমি সেই পুরাতন প্রসংগ আনছি। ঐতিহাসিক ডাঃ রমেশ মজুমদার মহাশয় বলেছেন তাঁর বাংলাদেশেরই ইতিহাসের প্রাচীন যুগ নামক বইতে—"ভারতবাসীরা পূর্ব এশিয়ায় ও পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জে যে বিপুল বাণিজ্য-ব্যবসায়, বহু সংখ্যক রাজ্য ও উপনিবেশ স্থাপন এবং হিন্দু সভ্যতার বহুল প্রচার করিয়াছিল, তাহার মধ্যে বাংগালীর কৃতিত্ব কম ছিল না। স্থলপথে ভারতবর্ষ হইতে ঐ সমুদয় দেশে যাইতে হইলে বঙ্গ দেশের মধ্য দিয়াই যাইতে হইত। আর্যাবর্ত হইতে যাঁহারা জলপথে যাইতেন তাঁহারাও তাম্রলিপ্ত বন্দরেই জাহাজে উঠিতেন"। সেই তাম্রলিপ্তের মুখ থেকে দূরে সরে গেছে সমুদ্রের মুখ। আজকে যে হলদিয়ার কথা বলছি সেটা হুগলী এবং হলদিয়ার সংযোগ স্থল ঐ তাম্রলিপ্ত তথা তমলুকেরই আর এক প্রান্ত। আবার ডাঃ রমেশ মজুমদার বলেছেন—"বাণিজ্য সম্পদে একদিন বাঙ্গালী ঐশ্বর্যশালী ছিল। তাম্রলিপ্ত হইতে তাহার বাণিজ্যপোত সমুদ্র পার হইয়া দূর-দূরান্তরে যাইত। বাংলার সূক্ষ্ম বস্ত্রশিল্প সমুদয় জগতে প্রসিদ্ধি লাভ করিয়াছিল।" এ শুধু আমার কথা নয়, বন্দরের ক্ষেত্র হিসাবে, জাহাজ নির্মাণের কারখানার ক্ষেত্র হিসাবে যে প্রাচীন ঐতিহ্য, যে ঐতিহাসিক সমৃদ্ধি এবং গৌরব আমাদের আছে, আমরা এ যুগের মানুষরা তাকে যদি বাস্তবে রূপায়িত করবার জন্য সচেষ্ট হই, আমরা যদি আজকের অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে বিচার করি তাহলে পশ্চিমবঙ্গের এবং পূর্ব ভারতের বাণিজ্যিক সমৃদ্ধির জন্য, শিল্প বিস্তারের জন্য, সম্ভাবনার একটা নতুন যুগের সৃষ্টির জন্য আমি অনুরোধ করব, আমি যে রেজোলিউসান এনেছি এই রেজোলিউসান মাননীয় সদস্যগণ সারা পশ্চিমবঙ্গের বেকার সমস্যা এবং সংকটের গভীরতার কথা বিবেচনা করে আন্তরিক সমর্থন দিতে কুণ্ঠিত হবেন না।

Shri Ajoy Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অতীন্দ্র মিশ্র মহাশয় আজকে এখানে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমি ওই এলাকার লোক এবং হলদিয়া বন্দর সম্প্রসারণ করা হবে সেই প্রস্তাব সৃষ্টি হবার সময় থেকেই আমি তার সঙ্গে যুক্ত আছি। আমি এই ব্যাপারে খুব বিস্তৃতভাবে বলব না। অতীন্দ্রবাবু এই ব্যাপারে বিস্তৃতভাবে বলেছেন এবং এর অতীত ইতিহাসও বলেছেন। আমি এটাকে পূর্ণভাবে সমর্থন করি কারণ আধুনিক জাহাজ নির্মাণ কারখানার জন্য যা কিছু দরকার তার সমস্ত কিছুই ওখানে পাওয়া যাবে। পাওয়ার সাপ্লাইয়ের দিক থেকে দেখছি কোলাঘাটে একটা বড় বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে এবং তার কাজও সুরু হয়ে গেছে। ওখানে ৩।৪টি রাস্তা গেছে, একটি ন্যাসানাল হাইওয়ে গেছে এবং এছাড়া অন্য একটা রাস্তাও আছে। কাজেই দেখা যাচ্ছে রাস্তার কোন অভাব নেই। ওয়াটার সাপ্লাই হলে সেখানে জাহাজ কারখানা হবে না এটা হতে পারে না। ওখানে একটা অয়েল রিফাইন্যারি হচ্ছে এবং সেটার এক্সপ্যানসন হবার কথা আছে কাজেই যোগাযোগের অসুবিধা হবে না। হলদিয়ায় যে বন্দর হচ্ছে তার ইনডাস্ট্রিয়াল ব্যাকগ্রাউন্ড বিরাট যেটা খুব কম জায়গাতেই রয়েছে। এটা একটা হিন্টার-ল্যান্ড। এখানে রেলওয়ে কনেক্‌সন হয়ে গেছে এবং এখন সিঙ্গল লাইন ডাবল লাইন তারা করতে পারে, ইলেকট্রিফিকেসনও প্রায় শেষ হয়ে এসেছে। স্টীল, কোল পশ্চিমবাংলার দুটি জায়গায় পাওয়া যাবে এবং সেটা এর কাছেই রয়েছে। অতীন্দ্রবাবু আর একটা খুব বড় কথা বলেছেন যেটা আমিও সমর্থন করি। তিনি বলেছেন এখানে শুধু জাহাজ নির্মাণ কারখানারই নয়, এখানে ন্যাভাল বেস্‌ ন্যাভাল হেডকোয়ার্টার্স করা যেতে পারে এবং এখানে বড় বড় জাহাজ তৈরী হতে পারে কারণ এখানে ভাল ডেপ্থ পাওয়া যাবে। কাজেই দেখা যাচ্ছে এখানে সমস্ত রকম সুবিধাই রয়েছে কেবল নানা রকম টানাটানি এবং গড়িমসির জন্য দেরী হচ্ছে। আমি মনে করি কেন্দ্রীয় সরকারের এই ব্যাপারে অবিলম্বে

সদ্ধান্ত নেওয়া উচিত। যাহোক, হলদিয়ায় একটা জাহাজ নির্মাণ কারখানা হবে একথা বলে অহীন্দ্র মিশ্রের প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Tarun Kanti Ghosh : Sir, as this debate is going on about Haldia, I thought that I should inform the House through you, the steps that have been taken by the Government of West Bengal and the real position as regards Haldia Port. ... In the context of the necessity for some urgent measure of industrial development in West Bengal, a proposal for setting up of a shipyard in the public sector at Haldia has been made. This project could serve as an important focal point around which future industrial growth of this area could be planned to a considerable extent. This may also provide considerable workload to the engineering industry apart from providing some relief to the acute unemployment problem in West Bengal. The ship-building is a major industrial activity which is dependent upon the procurement, assembly of various materials, machinery and equipment. An adequate transport network connecting the location of main railway and road system is essential, and inland water transport network linking the shipyard to the industrial hinterland of raw material sources is also of an immense advantage. The ship-building is considerably facilitated by the proximity of a major port which can provide such marine services as pilotage, towage, navigational aid and dredging etc., as well as facilities for import and cargo handling. The economic viability of a ship-building yard improves with the availability of sufficient repairing shop which can repair the dock. The following features were considered by the State Government in suggesting the location of a shipyard at Haldia region which include the site at Badu and Gangra : (1) An water front having adequate depth of water.

[1-30—1-40 p.m.]

(2) A good approach channel from the site to the sea; (3) moderate weather conditions; (4) availability of sufficient land for ship-building yard etc., future expansion and the associate township: (5) proximity to the steel plants. It is within reasonable distance from practically all the steel mills in this area. (6) proximity to engineering and ancillary industries for supporting ship-building; (7)proximity to a modern road and good communication system with the developed industrial and commercial base in the hinterland; (8) availability of electricity and water. Of course, about electricity, we are passing through a difficult phase as far as power position is concerned but with the Keleghai Substation we are hoping it will be eased and we shall be able to supply the required quantity of power for Haldia region. As for water, we will supply water without any difficulty. (9) Availability of technical personnel and skilled manpower of all categories in abundance. With its long tradition of fully developed engineering industries, heavy, medium and light, skilled labour in such trades as steel fabrication, welding, rigging, erection, joining work, etc., is available in the immediate hinterland. Equally, the requisite managerial skills are also available.

In July 1971 the Government of India, Ministry of Transport and Shipping constituted a working group to study in depth the question of setting up of a shipyard at Haldia. The working group comprised of the representatives of the Ministries of Shipping and Transport, Finance, Commerce and Industrial Development, Planning Commission, Government of West Bengal, three public sector shipyards, namely, the Hindusthan Shipyard, the Cochin Shipyard and the Garden Reach Workshop, the Calcutta Port Commissioners and the Central Inland Water Transport. In 1973 the share of West Bengal to the total number of industrial licences and letters of intent issued by the Government of India, as also in 1973-74, is certainly less than the western region. It is, therefore, apparent that there is an immediate necessity to step up investment in West Bengal, particularly by the public sector. As the public sector occupies a predominant position in the matter of employment and production in the country as a whole, it is necessary to make a substantial investmen

in the public sector in this State of West Bengal to reduce the marked disparity in the matter of employment in the public sector and the private sector in the State. We want public sector to grow at a much more rapid pace in West Bengal than hitherto. Indeed in the 5th Plan period two shipyards have been located in view of the position as explained above, there is ample justification for the location of a shipyard at Haldia during the 5th Plan period. Therefore, we urge upon the Government of India to expedite the matter and to sanction the shipyard. The members must be knowing that due to worldwide shortage of petrolium there may be some difficulty about the future of petro-chemical complex. I do not say that it won't come, but what I want to emphasise is that we shall have to fight for it. It is true, due to petrolium shortage the rosy picture may not be there. Therefore, the case for a shipyard is all the more necessary to provide employment, to create that condition where many other industries can grow. We have been urging upon the Transport Ministry, we have been urging upon the Planning Commission, we have been urging upon different authorities in the Government of India so that the shipyard is located in Haldia. And, after all, in eastern region Haldia occupies a very important position and there is no shipyard in this region except at Garden Reach. For this reason, apart from myself and my officers, our Chief Minister has been approaching the different Ministries as also the Prime Minister to emphasise the need of sanctioning this shipyard at Haldia at an early date. I am very happy today that this Assembly has taken up this matter and Shri Ahin Misra has introduced this resolution. I have full support for it. We must show to the Government of India that the entire Assembly which represents the entire population of West Bengal is very much agitated for not sanctioning this shipyard untill now. I have got one point to mention. When the first Committee unanimously recommended Haldia as the most suitable site for ship-building yard, what was the necessity of another Committee ? Of course, I do not mind appointing committees, but this will only delay the matter and West Bengal's interests will suffer. Everybody knows the problem of unemployment in West Bengal. So, if this ship-building yard is there, not only the unemployment problem will be eased, but the engineering industries will also be able to provide employment to thousands and thousands of people. This site has been accepted by the Government of India and the Planning Commission and the proximity of Haldia is such that a lot of people in the region will be able to find employment there. So, on behalf of the Government and the ministry I want to say that I have full support to this motion.

[1-40—1-50 p.m.]

I thought of speaking at the initial stage so that we could discuss this matter. There is no question of replying. It is a matter of fact that we have been trying to get the green signal as early as possible. There is no question of replying. Therefore I thought I should tell you that we are as much agitated as the honourable members are to have the ship-building yard at Haldia sanctioned as soon as possible.

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অহীন্দ্রবাবু রুলস্ অব প্রসিডিওর এন্ড কন্ডাক্ট অব বিজিনেস -এর ১৮৫ ধারা অনুসারে বেসরকারী বিল স্থাপন করেছেন এবং হলদিয়া জাহাজ নির্মাণ ক্ষেত্র যাতে তৈরী করা যায়, সে সম্পর্কে তিনি একটা রিজোলিউশন নিয়ে এসেছেন এবং কেন্দ্রীয় সরকারের উপর যাতে চাপ দিই এবং তা কার্যকরী করতে পারি তার জন্য সুপারিশ করার জন্য অনুরোধ জানিয়েছেন। এটা নীতিগতভাবে সমর্থন নিশ্চয়ই করতে হবে, করা উচিত। কারণ পশ্চিমবঙ্গে যদি জাহাজ নির্মাণ ক্ষেত্র তৈরী হয়, তাহলে নিশ্চয়ই বহুল সমস্যা জর্জরিত পশ্চিমবঙ্গের একটা দিক হয়ত পূর্ণ হতে পারে। যেমন এর পূর্বে ফারাক্কা ব্যারাজ নির্মাণের ব্যাপার ডাঃ বি সি রায় নিয়ে এসেছিলেন। এটা পশ্চিমবঙ্গের গৌরব, এটা তৈরী হলে তাকে কেন্দ্র করে নানা রকম ইন্ডাস্ট্রি গড়ে উঠতে পারে যদিও আমি মনে করি সেটা কার্য্যতঃ হচ্ছে না। তেমনি এই হলদিয়াকে কেন্দ্র করে

আমাদের বহু ইন্ডাষ্ট্রি গড়ে উঠতে পারে এবং পশ্চিমবঙ্গে যদি জাহাজ নির্মাণ ক্ষেত্র গড়ে উঠে তাহলে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা কিছু পরিমাণ সমাধান হতে পারে। আমি একথা বলছি না যে বেকার সমস্যার সম্পূর্ণ সমাধান হবে। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন নির্বাচনের প্রাক্‌কালে আমরা শুনেছিলাম হলদিয়া বন্দরের কথা, আমরা অনেক গালভরা বুলি বিভিন্ন সভাসমিতিতে শুনেছিলাম, এই সম্বন্ধে প্রচার শুনেছিলাম কেন্দ্রীয় সরকার বলেছিলেন আমাদের হাত শক্ত করে দাও, আমরা পশ্চিমবঙ্গের হলদিয়া বন্দরকে ভালভাবে গড়ে তুলব এবং পশ্চিমবঙ্গের এক লক্ষ বেকার যুবককে সেই হলদিয়া বন্দরে চাকুরি দেব। ত্রিকোণাকার আকারে যেভাবে হয় হয়ত হয়েছে। জ্যামিতির থিওরি মেনে নিয়ে হয়ত হয়েছে কিন্তু আমার প্রশ্ন হচ্ছে—এই যে দু বছর ধরে হলদিয়ায় জাহাজ নির্মাণ ক্ষেত্র হবে এই বলে ঢাকঢোল এবং ঢাক বাজিয়ে বলা হল, এটা সবটাই কি ভাঁওতাবাজী চলেছিল। আমরা ভেবেছিলাম কেন্দ্রীয় সরকার খুব তাড়াতাড়ি হলদিয়ায় জাহাজ নির্মাণ ক্ষেত্র গড়ে তুলবেন, বিশেষ করে কলকাতা মহানগরীকে সম্প্রসারণ করতে গেলে হলদিয়া বন্দর একান্ত প্রয়োজন আছে। সেই সঙ্গে আমাদের যে বৈদেশিক দ্রব্য নিয়ে আসতে হয়, যদি আমরা জাহাজ নির্মাণ করতে পারি তাহলে যে ক্যাপিটেল বিদেশ থেকে আনতে হয়, সেটা আনতে হবে না, এটা অনস্বীকার্য্য।

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে কেন্দ্রীয় সরকারের এই টালবাহানা আমাদের পশ্চিমবঙ্গ সরকার প্রশ্রয় দিয়েছেন। আজকে অহীনবাবু যে রিজোলিউসন এখানে নিয়ে এসেছেন, যেটা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় নিয়ে আসতে পারতেন যেমন গনি সাহেব নিজে একটা প্রস্তাব নিয়ে এসেছিলেন—একশো কোটি টাকার প্রোজেক্ট নিজে নিয়ে এসে পাস করিয়ে নিয়েছিলেন, তেমনি ভাবে শিল্পমন্ত্রী কেন এই প্রস্তাবটা নিজে নিয়ে এলেন না—তার কারণ আমি বুঝে উঠতে পারছি না। এ যে কথায় বলে ছাগল দিয়ে কোন দিন ধান মাড়াই হয় না। অথচ এ যেন ছাগল দিয়ে ধান মাড়াই-এর ব্যবস্থা হল। কোন কেবিনেট সদস্য যদি এই প্রস্তাবটা নিয়ে আসতেন, তাহলে আমাদের একটা আশা থাকতো যে এ জিনিষটা হবে। তা না করে এটা নিয়ে এসেছেন অহীনবাবু। যাহোক তবুও আমরা এই প্রস্তাব সমর্থন করবো; সমর্থন করবো না—একথা বলছি না। পংকজবাবুদের চিন্তার কোন কারণ নাই। আমাকে বাধা দেবেন না, আমার বক্তব্য রাখতে দিন। তাই বলছি যদি সত্যিকারের জাহাজ নির্মাণকেন্দ্র হলদিয়াতে করতে চান তাহলে কাজের মত করে করুন। যদি কেন্দ্রীয় সরকার আমাদের এই ন্যায্য দাবী গ্রহণ না করেন, উদাসীন থাকেন, তাহলে আমাদের কী করতে হবে? সে কথা বলুন। শুধু রেজোলিউশন পাশ করে ছেড়ে দেবেন না। আমি বলি যে আমাদের এই ন্যায্য দাবী আদায় করে নিতে হবে কেন্দ্রের কাছ থেকে। অহীনবাবুর সেটা বক্তব্যের মধ্যে রাখা উচিত ছিল।

এক সময় এই হলদিয়ায় রাডার ষ্টেশন করবার কথা ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার তা বাতিল করে দিয়েছেন। তারপর বিধানসভায় রিজোলিউশন নেওয়া হয়েছে সে সম্পর্কে। কেন্দ্রীয় সরকার সে বিষয়ে কী করেছেন না করেছেন আজ পর্যন্ত সে বিষয়ে আমরা কিছু জানতে পারি নাই। তাই আমি আজকে এই কথা বলতে চাচ্ছি সত্যিকারের যদি কাজের মত কাজ করতে হয়—হলদিয়াতে জাহাজ নির্মাণকেন্দ্র স্থাপন করতে হয়, যদি কেন্দ্রীয় সরকার আমাদের ন্যায্য দাবী উপেক্ষা করেন, তাহলে আমাদের কী করতে হবে সেটাও এই প্রসঙ্গে উল্লেখ করার প্রয়োজন আছে। অহীনবাবু তাঁর জবাবী ভাষণে আশা করি বলবেন।

আমাদের এই যে ইষ্টার্ন জোন—পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা, আসাম, মনিপুর, ত্রিপুরা ইত্যাদি এলাকা এর দ্বারা উপকৃত হবে। কিন্তু এর সমস্ত কিছু নির্ভর করছে এই হলদিয়া বন্দরের উপর। আমাদের এটা ন্যায্য দাবী। কাজেই কেন্দ্রীয় সরকার যদি আমাদের এই দাবীকে উপেক্ষা করেন, তাহলে আমাদের কী করতে হবে সে ক্ষেত্রে? এটা অহীনবাবুকে বলে দিতে হবে। যদি কেন্দ্রীয় সরকার আমাদের দাবীর কথা শুনতে না চান, তাহলে আমরা তাঁদের বিরুদ্ধে কী পদক্ষেপ নেব? কেবল রিজোলিউশন নিলাম, ন্যাশ্‌নালাইজেশন

করলাম ইণ্ডাস্ট্রি, তারপর কী হলো? চা-বাগান সম্বন্ধে কী করা হয়েছে? কেন্দ্রীয় সরকার তো আমাদের উপেক্ষা করে চলে যাচ্ছেন। সেদিন দিল্লীতে গিয়ে আপনারা উঞ্ছবৃত্তি করে এলেন। কেন্দ্রীয় সরকার আমাদের এখান থেকে টী. পাট নিয়ে প্রচুর পরিমাণে ফরেন ক্যারেন্সি উপার্জন করছেন তার ২০ পারসেণ্টও আমরা পাচ্ছি না। কেবল দেখি সর্বদা পশ্চিমবঙ্গকে কেন্দ্র অবহেলিত করে রাখছেন। পশ্চিমবঙ্গের দাবীদাওয়া সম্বন্ধে কেন্দ্র একদম উদাসীন হয়ে রয়েছেন। আজকে এটা কোন একটা স্টেটের—কেবল পশ্চিমবঙ্গের ব্যাপার নয়, এটা সমগ্র ইষ্টার্ন জোনের সমস্যা। এই ন্যায্য দাবী যদি আজকে কেন্দ্রীয় সরকার উপেক্ষা করেন, তাহলে পশ্চিমবঙ্গের বিধান সভার সদস্যদের বিশেষ করে বাঙ্গালীদের কী করতে হবে সে কথাও আজকে আমাদের ভাবতে হবে। কেন্দ্রীয় সরকারের এই যে অনমনীয় মনোভাব-এর বিরুদ্ধে প্রতিবাদ আপনারা কীভাবে জানাবেন সে কথা আজ আপনাদের বলতে হবে।

কাজেই অহীনবাবু যে রিজোলিউশন আজ এখানে নিয়ে এসেছেন এটা সমর্থন করবো না একথা বলছি না, নিশ্চয়ই এই সম্পর্কে আমাদের সমর্থন পাবেন। আমিও এই রেজোলিউশনকে সমর্থন করছি। আমি আরো দাবী করছি কেন্দ্রীয় সরকার যদি এই ব্যাপারে দোদুল্যমান মনোবৃত্তি গ্রহণ করেন, তাহলে তার বিরুদ্ধে আমাদের দৃঢ় পদক্ষেপ নিতে হবে। এই কথা অহীনবাবুকে স্মরণ করিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2-00 p.m.]

Shri Bhupal Chandra Panda :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হলদিয়ার শিপ-বিল্ডিং ইয়ার্ড তৈরী করার সংকল্প আমাদের বাংলা সরকার এর নীতি অনেকদিন আগে ঘোষিত হয়েছে। কিন্তু ভারত সরকার নানান রকম-এর নানান ধরনের অছিলা উপস্থিত করেছেন। এবং তাই করে এটাকে বিলম্বিত করে রেখেছেন। আমরা যতটুকু জানি এলাকার অধিবাসী হিসাবে যে ভারতের বিভিন্ন অঞ্চলে যে সমস্ত শিপবিল্ডিং ইণ্ডাস্ট্রি আছে তা থেকে হলদিয়া এলাকা কোন অংশে ন্যূনতম নয় বরং অনেক দিক থেকে উন্নত—তার সাপোর্ট অনেক বেশী। আমি যেটুকু জানি যে ইতিপূর্বে গেঁওখালি থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় নদীর যে চেঞ্জ-অব-ওয়ার্স, তার পার্শ্ববর্তী অঞ্চলের কারেণ্টের গতি, এই সমস্ত দীর্ঘ দিন ধরে স্টাডি আমাদের এখান থেকে করা হয়েছে। এবং এই স্টাডির ভিতর দিয়েও যে সমস্ত স্টাডি টিম তাদের যে রিপোর্ট কোনটাই হলদিয়া এলাকায় এই শিপবিল্ডিং ইণ্ডাস্ট্রি থেকে সরিয়ে আনার কোন যুক্তি নেই—তারা সে রকম কোন যুক্তি উপস্থিত করেন নি। দ্বিতীয়তঃ বাইরের যে সমস্ত এক্সপার্টস যারা এসে পর্যবেক্ষণ করেছেন তাদের রিপোর্টের মধ্যে হলদিয়া অঞ্চলে শিপ-বিল্ডিং ইয়ার্ড তৈরী করা যাবে না এই কথা বলেন নি। আমাদের যে যুক্তি রয়েছে সেদিক থেকে আমাদের এই শিল্পটা যাতে নাকি গড়ে ওঠে তার জন্য আমরা নিশ্চয়ই মাননীয় সদস্য অহীন মিশ্র যে প্রস্তাব এনেছেন—আমি আশা করবো যে হাউসের সদস্যরা সকলে—মাননীয় সদস্য শাশ মহম্মদ সাহেব সমেত সকলে সর্বসম্মতভাবে একে সমর্থন করবেন। আমাদের রাজ্য সরকার খুব যুক্তির সঙ্গে যেভাবে উদ্যোগে এটা এনেছেন ও যে ফ্রি ল্যাণ্ড, যে ল্যাণ্ডের একান্ত প্রয়োজন সে জমি আমরা ফ্রিলি দিতে পারি। গাংড়া এলাকায় সরকারের যে খাস জমি, যার প্রয়োজন আছে, ও যা নাকি সরকারের খাস পড়ে আছে তা শিপইয়ার্ড গড়ে তোলার জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ এবং বিশেষ কার্যকরী। এ নিয়ে আমাদের বৈদেশিক এক্সপার্ট ও ভারতীয় এক্সপার্টরা কিছু দিন আগে ঘুরে গেছেন, তারা অনুসন্ধান করে গেছেন এবং বিশেষভাবে সে জায়গার জন্য রেকমেণ্ড করে গেছেন। আমার মনে হয় এ বিষয় নিয়ে আমাদের আরো বেশী কেন্দ্রীয় সরকারের কাছে তদ্বির করা প্রয়োজন। আমাদের বিধানসভায় সর্ববাদিসম্মত প্রস্তাব গ্রহণ করে পাঠান দরকার। ঠিক অপর দিকে তেমন ভাবে আমাদের ক্যাবিনেটের তরফ থেকে আরো বেশী উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। আমরা আশা করেছিলাম যে হলদিয়ার যে রিপোর্ট এবং তার সঙ্গে আমরা দেখছি সেখানে পেট্রো-ক্যামিকাল কমবিনেশান ডেভালাপ করার যে কথা ছিল আজকে আমাদের শিল্পমন্ত্রী সে

ব্যাপারে হতাশ করেছেন। বর্ত্তমানে আমাদের সে পেট্রো-ক্যামিকাল কমবিনেশনে ডেভোলাপ করার সম্ভাবনা খানিকটা পিছিয়ে পড়েছে। আজকে আমাদের এ ব্যাপারে শুধু যে বেকার সমস্যার প্রশ্ন জড়িত তাই নয়, পূর্ব ভারতে আমাদের যে শিপবিল্ডিং ইণ্ডাস্ট্রি সেটা গড়ে উঠবে। খিদিরপুর অঞ্চলে সেখানে যে কাজ হয় সেখানে ঐ জিনিষ থাকায় এটা পূর্ণ সামগ্রি ব্যবস্থাপনার পক্ষে অনুকুল রয়েছে। কাজেই পূর্ণাঙ্গ ইণ্ডাস্ট্রি গড়ে ওঠার জন্য এরূপ রিপেয়ারিং শপ ডেভোলাপমেন্ট করার দরকার আছে।

আমি মিঃ স্পীকার স্যার আমাদের শিল্পমন্ত্রীর নিকট এই আবেদন জানাবো আজকে শিপ বিল্ডিং ইয়ার্ড সম্পর্কিত বিষয়ে আমাদের বাংলাদেশের ক্যাবিনেটের তরফ থেকে আরও উদ্যোগ গ্রহণ করা দরকার। কারণ আমরা যতটুকু দেখেছি তাতে দেখতে পাচ্ছি উড়িষ্যার পারাদ্বীপ বা ভাইজাকের সামনে আরও নূতন ইয়ার্ড তৈরী করার প্রস্তাব উঠেছে। কিন্তু আমাদের দিক থেকে যে দুর্বলতা সেই দুর্বলতার সুযোগে যাতে এটা অন্য দিকে শিফ্‌ট না হয়ে যায় সেইজন্য মন্ত্রীসভাকে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সমস্ত মাননীয় বিধানসভার সদস্যগন তারা সর্ববাদীসম্মতভাবে প্রস্তাবটি পাশ করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅহীন মিশ্র যে প্রস্তাব এনেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি এবং তারই পরিপ্রেক্ষিতে আপনার কাছে কয়েকটি বক্তব্য রাখছি। আজকে আমরা আশা করে বসেছিলাম, হলদিয়াকে নিয়ে স্বপ্ন বাংলাদেশের মানুষ দীর্ঘদিন ধরে দেখেছিল তার খানিকটা অন্ততঃ ১৯৭৪ সালের ভিতরে বাস্তবায়িত হবে বলে ধরে নিয়েছিল। কিন্তু দুঃখের বিষয় এখনও এই বিধানসভায় আলাপ-আলোচনার মাধ্যমে আবার নূতন করে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদনের ডালি সাজিয়ে নিয়ে যেতে বাধ্য হচ্ছি। হলদিয়া কমপ্লেক্স নিয়ে একটা সেমিনার হয়েছিল এবং সেখানে ইনডিয়ান ইন্সটিটিউট অফ কেমিক্যাল ইঞ্জিনিয়ারর্স, ক্যালকাটা পোর্ট কমিশনারর্স, ইনডিয়ান অয়েল কর্পোরেসান লিমিটেড--এই তিনটে সংস্থা মিলে তার একটা সেমিনার করেছিলেন এবং সেই সেমিনারে এমন কতকগুলো পথের ইঙ্গিত এবং নির্দেশ দেওয়া হয় যেগুলো টেক্‌-নিক্যাল এ্যাসপেক্ট বলে ধরে নেওয়া যেতে পারে। তাহলে নিশ্চয় ধরে নিতে পারে পূর্ব ভারতে হলদিয়া একটা শ্রেষ্ঠ জায়গা যেখানে জাহাজ কারখানা হতে পারে এবং তার সাথে পোর্ট এবং ডক হতে পারে। একজন টেকনিক্যাল হিসাবে বলতে পারি পূর্ব ভারতে প্রায় সব জায়গাতে সমীক্ষা হয়েছিল এবং টেকনিক্যাল ফিসিবিলিটি রিপোর্ট সেটার প্রত্যেকটা জিনিষ-এর রিপোর্ট হলদিয়ার পক্ষে গিয়েছিল। শিপ ইয়ার্ড করতে যেটা দরকার হয় সেটা হচ্ছে সুট্‌এ্যাবল ওয়েল-প্রে টেকটেড......

এই যে পাঁচটা জিনিষ, পাঁচটা উপাদান প্রয়োজন হয় তাতে পূর্ব ভারতে যে কোন জায়গায় শিপ-বিলডিং ইয়ার্ড তৈরী হয়েছে বা যেখানে নাব্য খালের কাছে গিয়ে বন্দর প্রতিষ্ঠা করতে গিয়েছে সেখানে প্রত্যেকটি জায়গাতে এই পাঁচটি জিনিষের উপর জোর দেওয়া হয়েছে। আমরা দেখেছিলাম প্রত্যেকটি কমিটি এবং যে কমিশন করা হয়েছিল কেন্দ্রীয় সরকারের তরফ থেকে তারা এই সব দেখে হলদিয়াকে মনোনীত করেছিলেন। কিন্তু যেমন পূর্বে দেখেছি কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চল এবং বিশেষ করে বাংলাদেশের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করে থাকেন সেইরূপ এক্ষেত্রে করা হল। আমরা শুনেছি গুজরাটে গিয়ে বন্দর এবং জাহাজ কারখানা করার কথা হচ্ছে। যদিও পাঁচটা যে ফেসিলিটি দরকার সেখানে তার মধ্যে দুটো আছে। তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার তারা চেণ্টা করছেন হলদিয়া কমপ্লেক্সকে এখানে না করে যাতে গুজরাটে নিয়ে গিয়ে সেখানে সমস্ত সুযোগ সুবিধা নিতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকজন বক্তা বলেছেন যে এটা যদি করা যায় তাহলে খানিকটা এমপ্লয়মেন্ট পোটেনসিয়্যালিটি হয়। আমি এমপ্লয়মেণ্ট পোটেনসিয়ালিটির কথা ছেড়ে দিলাম, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যদি দেখি জাহাজ আমদানির দিকে তাহলে দেখবো যে ভারতবর্ষ গত ১২ বছর ধরে একমাত্র জাহাজ আমদানি করতে বিদেশকে

৪৯৫ কোটি টাকা দিয়েছে এবং সেখান থেকে জাহাজ কিনে আনতে হয়েছে। এই সমস্ত জাহাজ চেকোশ্লোভাকিয়া, যুগোশ্লোভাকিয়া ও আমেরিকা থেকে কিনে আনতে হয়েছে। আমেরিকান কোম্পানীগুলি এতে খুব লাভবান হয়েছে। বর্তমানে ১৭টি জাহাজ আমদানির জন্য রাশিয়াকে নির্দেশনামা দেওয়া হয়েছে। কিন্তু আজকে যদি হলদিয়াকে এবং গার্ডেন-রীচ কারখানাকে সম্পূর্ণভাবে কাজে লাগানো যেতো তাহলে এই কোটি কোটি টাকা ফরেন মানি নষ্ট হোত না। এখানেও সেই সেন্টারের একাংশের চক্রান্তে ও অন্য রাজ্যের দিকে ঝোল টানার চক্রান্তে সব নষ্ট হয়ে যাচ্ছে। এ সম্বন্ধে আমরা যদি কিছু ব্যবস্থা করতে না পারি তাহলে আমাদের যে স্বপ্ন তা কোন দিন বাস্তবে রূপ দিতে পারবো না। আজকে মাননীয় মিশ্র যে আসল প্রশ্নটি এখানে এনেছেন সে সম্বন্ধে আমি সরকারকে অনুরোধ করবো যে এ সম্বন্ধে এই হাউসের যে সেন্স সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পৌছে দেওয়া দরকার যাতে কোন ডিলে না হয়। আজকে এই ডিলেইং ট্যাকটিস-এর ফলে আর একটা জিনিস দেখা দিয়েছে। যে টেকনিক্যাল রিপোর্ট রয়েছে সেটা যদি দেখেন তাহলে দেখতে পাবেন ১৯২ পাতায় লেখা রয়েছে। সেখানে আমরা দেখছি যে এই ইস্টার্ণ রিজিয়নকে ডিপ্রাইভ করার জন্য কোন কোন সংস্থাকে অন্য রাজ্যে ছড়িয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। যদি আজকে ডিলে করে রেখে দেওয়া যায় এবং যেভাবে আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে তাতে আরও অনেক খরচ বেড়ে যাবে। তখন কেন্দ্রীয় সরকার বলবে যে এতো টাকা খরচ করবার ক্ষমতা নাই। তাহলে ঐ হলদিয়া প্রকল্প পড়ে রইলো। প্রথমে ঐ যে কমিশন করা হয়েছিল এবং তারা যে রিপোর্ট দিয়েছিলেন তার ১৪০ পাতায় যদি আপনি দেখেন তাহলে দেখতে পাবেন সেখানেও এই রকম কথা বলা হয়েছিল। (ইং)

"If one looks at Durgapur city developed after independence, one may at once see that it is not one city or town—it is a cluster of dis-jointed company towns, however "materials to be planned" they may look like, and there are of course slums in these areas only often they are outside the "planning area" and hence of no concern to the town planners".

এটা করতে গিয়ে যে রিপোর্ট কেন্দ্রীয় সরকার দিয়েছে যে প্ল্যানিংয়ের কথা বলা হয়েছে এবং সেখানে যে গলদ ছিল অর্থাৎ দুর্গাপুর করতে গিয়ে যে ভুলভ্রান্তি ছিল এখন এখানে যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেখানে সেই ভুল সুদরে নিয়ে সুষ্ঠু রূপায়ণ করার দিকে যদি না আগিয়ে আসি তাহলে আমরা অন্য দিকে যেভাবে ডিপ্রাইভ হয়েছি এখানেও সেইভাবে ডিপ্রাইভ হবার সম্ভাবনা রয়েছে। ভারত সরকারের অর্থনৈতিক সামঞ্জস্যের দিকে লক্ষ্য করলে এটা আমরা দেখতে পাই। আজকে বাংলা দেশ কয়লা উৎপাদন করে কিন্তু সেখানকার অধিবাসীদেরই বেশী দামে কয়লা কিনতে হয়। কারণ কেন্দ্রীয় সরকারের যে রেলওয়ে ওয়াগন নীতি তাতে আসামে ও বিহারে যে কয়লার রেট বা অন্যান্য প্রভিন্সে যে কয়লার রেট এখানে তার চেয়ে বেশী দামে কয়লা কিনতে হয় ঐ রোড ট্রান্সপোর্ট নীতির ফলে। আজকে ক্যালকাটা পোর্ট কমিশনার্সকে আস্তে আস্তে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। তার কারণ হিসাবে কারচুপি করে বলা হচ্ছে ক্যালকাটা পোর্টের কোর্স অব ওয়াটার-এর অভাব আছে—সেটা যতটা নাব্য থাকা উচিত তা নাই। এইভাবে হয়তো দমদম এয়ার পোর্টকে সরিয়ে নিয়ে যাওয়া হবে বম্বে এই বলে যে এখানে ফ্লাইট করার জন্য যে এয়ার পারসেনটেজ যে এয়ার পলিউটেড হওয়া উচিত এখানে সেটা পাওয়া যায় না। এইভাবে কেন্দ্রীয় সরকার আস্তে আস্তে সমস্ত পরিকল্পনাগুলি প্যারালাইজ্ড করতে যাচ্ছে। চার চারটি কোম্পানী এই দমদম এয়ার পোর্ট থেকে ফ্লাইট বন্ধ করে দিয়েছে।

কাজেই প্রত্যেকটি ক্ষেত্রে আজকে কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ ব্যবহার দেখতে পাচ্ছি। এই ডিলেজ ট্যাকটিসের ফলে অর্থনীতির প্রত্যেকটি ক্ষেত্রে ইস্টার্ন রিজিয়ন মার খাচ্ছে। এ সম্বন্ধে মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে আমাদের রাজ্যে সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের উপর যদি চাপ সৃষ্টি না করা যায় তাহলে আমরা আশঙ্কা করছি আগামী দিনে আমাদের অর্থনৈতিক কাঠামো ইনফ্রাস্ট্রাকচারের উপর যে আঘাত করবে, তার ফলে সামগ্রিকভাবে অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়তে বাধ্য হবে। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, এই রিপোর্টের আর একটি কথা আমি আপনাকে বলে দিচ্ছি। শুধু এই ক্ষেত্রেই নয়, প্রত্যেকটি ক্ষেত্রে আজকে ইস্টার্ন রিজিয়নকে কিভাবে সেন্ট্রাল গভর্নমেন্ট এড়িয়ে যাচ্ছেন সেটা আপনার কাছে তুলে ধরছি। রেলওয়ে লাইনের ব্যাপারে সমস্ত ভারতবর্ষকে ৪টি রিজিয়নে ভাগ করেন। ইস্টার্ন রিজিয়ন, ওয়েস্টার্ন রিজিয়ন, নর্দান রিজিয়ন, সেন্ট্রাল রিজিয়ন। নর্দান রিজিয়নে যেখানে ১৫,০০০ কিলোমিটারস্ অব রেলওয়ে লাইন আছে সেখানে আমাদের ইস্টার্ন রিজিয়নে ৪.১ থাউজ্যান্ড কিলোমিটারস অব রেলওয়ে লাইন। শুধু তাই নয় এমপ্লয়মেন্ট পোটেনসিয়্যালসের যদি ব্যাপারে দেখেন তাহলে দেখবেন কতকটা সরকারী সাহায্য বা সরকারী সহায়তায় চাকরি হয়েছে সেটা হচ্ছে নর্দান ইন্ডিয়ার যেখানে সেয়ার রয়েছে ২৯.৩৭ সেখানে ইস্টার্ন রিজিয়নের হচ্ছে ১৭.১৭। শুধু তাই নয়, ট্রান্সপোর্ট কমিউনিকেসনের ক্ষেত্রে যেখানে সমস্ত রিজিয়নকে ভাগ করে দেখানো হয়েছে—সাউদার্ন রিজিয়ন ভারতবর্ষ স্বাধীন হবার পরে যেখানে প্রায় ৩ লক্ষ মাইল রাস্তা বা রাস্তা চলাচলের ব্যবস্থা করা হয়েছে সেখানে ইস্টার্ন রিজিয়নে করা হয়েছে মাত্র ৯৫ হাজার মাইল, ইন কমপেয়ারিজন টু ৩ লাখ মাইলস। প্রত্যেকটি ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ইস্টার্ন রিজিয়নকে বেপথে ফেলে দেবার চেষ্টা করছেন এবং ব্যাপকভাবে তার অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করবার চেষ্টা করছেন এবং হলদিয়া হয়েছে তাদের শেষ খোরাক। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই প্রস্তাব মন্ত্রীসভার কাছে পাঠিয়ে দিতে চাই এবং রাজ্যের সংশ্লিষ্ট সব মন্ত্রীর কাছে আবেদন করব আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করুন এবং প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকারের এই বিমাতৃসুলভ ব্যবহারের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করুন, বিদ্রোহ ঘোষণা করুন, রাজ্যকে বাচান, ইস্টার্ন রিজিয়নকে বাচান, বাংলা-দেশের স্বপ্ন স্বার্থক হোক, আমাদের স্বপ্ন স্বার্থক হোক। জয়হিন্দ॥

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিধানসভার সদস্য অহীন্দ্র মিশ্র মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি এই পরিপ্রেক্ষিতে কয়েকটি কথা এই হাউসের কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের বিশেষভাবে বিভিন্ন উন্নয়নমূলক কাজে যে সহযোগিতা করে সেটা আজকে কারো অজানা নেই। পশ্চিমবাংলার কয়লা, পাট, দুর্গাপুরের ইস্পাত, উত্তরবাংলার চা ইত্যাদির মাধ্যমে আজকে সারা ভারতবর্ষের বৈদেশিক মুদ্রা আসছে এবং আজকে যা নাকি ভারতবর্ষের শিল্প ক্ষেত্রে এবং বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনাকে স্বার্থক করছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের বিষয় আমাদের এই বিধানসভায় দীর্ঘদিন ধরে যে পরিকল্পনা নেওয়া হয়েছিল, পশ্চিমবাংলার মানুষ একটা যে নূতন পরিকল্পনার স্বপ্ন দেখেছিল এবং তারই পরিপ্রেক্ষিতে বেকার যুবকদের মনে একটা নূতন প্রাণস্পন্দন এসেছিল, কেন্দ্রের বিমাতৃসুলভ ব্যবহারে আমাদের সেই স্বপ্ন, আশাকে কিছুটা বঞ্চিত করছে, যার ফলে আজকে মাননীয় সদস্য অহীন্দ্রবাবু এই প্রস্তাব নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি বিভিন্ন বক্তার বক্তৃতা থেকে একটা উপলব্ধি করছিলাম যেখানে সব কিছুই আছে, যাকে বলে ইন্ডাস্ট্রিয়াল ব্যাকগ্রাউন্ড সেখানে এই অবস্থা কেন? বিদ্যুতের সুবিধা আছে, রাস্তাঘাটের সুবিধা আছে, যোগাযোগের সুবিধা আছে, রেলওয়ের সুবিধা আছে, আরো অন্যান্য নানারকম সুবিধা আছে। তাছাড়া দেখতে পাই তৈল শোধনাগার এবং অন্যান্য আরো যে সকল জিনিস হলে একটা শিল্প গড়ে উঠতে পারে সেই সুবিধা সেখানে আছে।

[2-10—2-20 p.m.]

যাকে আমরা ইন্ডাস্ট্রিয়াল ব্যাকগ্রাউন্ড বলি। কিন্তু দুঃখের বিষয় তা থাকা সত্ত্বেও হলদিয়ায় জাহাজ নির্মাণ পরিকল্পনা তা বাস্তবে রূপায়িত হচ্ছে না। অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি গোয়া, গুজরাট, উড়িষ্যাতে জাহাজ নির্মাণ কারখানা এবং বন্দরগুলি সুন্দর করা হচ্ছে। স্যার, আমরা জানি, কোচিন, বিশাখাপত্তনমের সঙ্গে হলদিয়ার নামও যুক্ত

ছিল কিন্তু সেই হলদিয়ার কাজ ত্বরান্বিত হচ্ছে না। স্যার, একটা পরিকল্পনা চলে গেল, আর একটা পরিকল্পনা আরম্ভ হয়ে গেল তবুও সেই কাজ তরান্বিত হচ্ছে না। তাছাড়া স্যার, আমাদের এখানে স্কিল্ড লেবার বা পটু কারিগর, কোলকাতা বন্দরের পর্যাপ্ত সাহায্য ইত্যাদি থাকার জন্য আমরা আশা করেছিলাম এই কাজকে আমরা ত্বরান্বিত করতে পারবো কিন্তু স্যার, বিধাতার কি নিষ্ঠুর পরিহাস যে আমরা তা করতে পারছি না। কেন্দ্রীয় সরকারের কোন মহলের অদৃশ্য হাতের খেলায় আমাদের পরিকল্পনা বানচাল হতে বসেছে তা এখানে বসে আমরা বুঝতে পারছি না কিন্তু স্যার, আমরা দেখছি, আমাদের একটার পর একটা পরিকল্পনা ব্যাহত হচ্ছে। পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন শিল্প, কল, কারখানা তুলে নিয়ে যাওয়া হচ্ছে, বড় বড় অফিস তুলে নিয়ে যাওয়া হচ্ছে এবং সব রকমের সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও আমরা বঞ্চিত হচ্ছি। স্যার, অচীনবাবু বলেছেন, হলদিয়া যেটা তমলুকে ইতিহাসের পাতায় তার নাম ছিল তাম্রলিপ্ত। ইতিহাসের পাতায় দেখা যায় সেই তাম্রলিপ্তের মাধ্যমে অতীত যুগে সুদূর সিংহল পর্যন্ত ভারতবর্ষের ব্যবসা বাণিজ্য চলতো। স্যার, একটা কথা আছে বানিজ্যে বসতি লক্ষ্মী অর্থাৎ বানিজ্যই দেশের লক্ষ্মী বা বানিজ্যের মাধ্যমেই দেশের উন্নতি হতে পারে। কিন্তু স্যার, এই বানিজ্যে বসতি লক্ষ্মী কথাটা আজকে আমাদের পশ্চিমবাংলায় হাস্যাস্পদ হয়ে দাঁড়িয়েছে। আমাদের সব রকমের সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও আমাদের বিনা কারণে বঞ্চিত করা হচ্ছে। তবে স্যার, বলি পশ্চিমবাংলার মানুষ সজাগ এবং পশ্চিমবাংলা বিধানসভার প্রতিটি সদস্যই পশ্চিমবাংলার উন্নতির জন্য সজাগ রয়েছেন। তাছাড়া আমাদের এই সরকার প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে চলেছেন। কাজেই পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই কাজ যদি ত্বরান্বিত না হয় তাহলে স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই, আমাদের পশ্চিমবাংলার যে চা, পাট, কয়লার মাধ্যমে বিদেশী মুদ্রা এনে ভারতবর্ষের অন্যান্য প্রদেশেরও উন্নতি হচ্ছে সেই পশ্চিমবাংলার যুব, ছাত্র ও জনসাধারণ চুপ করে বসে থাকবে না। সেখানে আজকে নিশ্চয়ই আন্দোলন করবে। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন, আজকে সেটা নিয়ে কেন্দ্রের কাছে চাপ সৃষ্টি করা হোক। কেন্দ্রের কাছে এই বিধানসভার পক্ষ থেকে প্রস্তাব পাঠান হোক যে অবিলম্বে হলদিয়ায় কারখানার কাজ ত্বরান্বিত করা হোক। তা না হলে পশ্চিমবাংলার বুকে অশান্তি আসবে। কাজেই এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Rabindra Nath Karan :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অচীনবাবু হলদিয়া জাহাজ ম্যানুফেকচারিং কারখানা সম্পর্কে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে পূর্ন সমর্থন করি। হলদিয়া প্রকল্পকে কেন্দ্র করে ১৯৫৮ সাল থেকে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার আমাদের এই পশ্চিমবাংলার জনসাধারণকে বিভিন্ন সময়ে বিভিন্ন রকম আশ্বাস দিয়ে এসেছেন। পশ্চিমবাংলার জনসাধারণ স্বপ্ন দেখেছিল তারা এই হলদিয়া প্রকল্পের মধ্য দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাবে এবং এই প্রসঙ্গে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকার যুবক স্বাভাবিক কারণে আশা পোষণ করেছিল তাদের দুর্বিসহ বেকারত্বের অবসান ঘটবে এবং তাদের যে শিক্ষাগত যোগ্যতা তা দেশের কাজে নিয়োগ করতে পারবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন সময়ে কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় মন্ত্রীরা যে আশ্বাস দিয়েছিলেন সেই আশ্বাস আজকে বাস্তবে রূপায়িত হচ্ছে না। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী ১৯৭১ সালে কেন্দ্রে যখন ছিলেন এবং পশ্চিমবঙ্গের মন্ত্রী ছিলেন, তিনি তখন ঘোষণা করছিলেন যে ১৯৭২ সালের মধ্যে হলদিয়ায় ১ লক্ষ লোকের কর্মসংস্থান হবে যদি প্রকল্পের সমস্ত লক্ষ্য পূরণ হয়। কিন্তু বড় দুঃখের কথা, আজকে ১৯৭৪ সাল, আজ পর্যন্ত মাত্র সেখানে আড়াই হাজার স্থায়ী শ্রমিক নিযুক্ত হতে পেরেছে। শুধু তাই নয়, তদানীন্তন জাহাজমন্ত্রী হলদিয়ায় এসেছিলেন এবং তিনি ঘোষণা করেছিলেন যে হলদিয়া মাত্র একটা বন্দর হবে না, এখানে বড় বড় শিল্প কারখানা গড়ে উঠবে, ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে, এবং সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের সম্ভাবনা বেড়ে যাবে। তিনি আরো আশ্বাস দিয়েছিলেন যে হলদিয়ায় একটা জাহাজ নির্মাণ কারখানা হবে। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন এই জাহাজ নির্মাণ

কারখানাটি ভারতবর্ষের কোন স্থানে হবে, তার জন্য একটা নিরপেক্ষ কমিশন গঠন হয়েছে বাভিজা কমিশন। এই কমিশন যে রিপোর্ট দেবেন সেই রিপোর্ট মেনে নেওয়া হবে। অত্যন্ত আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি, সেই বাভিজা কমিশন হলদিয়ার অনুকুলে জাহাজ নির্মাণের পক্ষে রায় দিয়েছিলেন। কিন্তু কেন জানি না, কোন চক্রান্ত আছে কিনা কেন্দ্রের কোন টালবাহানা আছে কিনা, সেই রিপোর্টকে অগ্রাহ্য করে আর একটি কমিশন সেখানে বসান হয়েছিল ব্রিগ্রেডিয়া নরুলার নেতৃত্বে এবং বলা হয়েছিল, এই কমিশন যে রিপোর্ট দেবেন তা তারা মেনে নেবেন। আমরা লক্ষ্য করেছি যে, সেই বাভিজা কমিশন বলেছিলেন যে কোন রকম জাহাজ কারখানা নির্মাণের পক্ষে হলদিয়া উপযুক্ত স্থান। কিন্তু বড়ই দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে এই সমস্ত রিপোর্টকে অগ্রাহ্য করে কেন্দ্রীয় সরকার পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার জাহাজ নির্মাণ কারখানা হলদিয়ায় হবে কিনা সে সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহন করেন নি।

[2-20—2-30 p.m.]

অথচ হলদিয়ায় যে সমস্ত ইনজিনিয়াররা রয়েছেন তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি, কাগজপত্রও আমরা নিজেরা দেখেছি এবং নিজেদের অভিজ্ঞতা দিয়ে বুঝেছি যে হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা করতে গেলে যে সমস্ত উপাদান থাকার দরকার আছে, এখানে তার মধ্যে সবগুলি উপাদানই আছে। বহুদিন ধরে এক্সপার্টরা এসে নানা রকম পরীক্ষা নিরীক্ষা করেছেন, হলদিয়ায় জলের গভীরতা কত রয়েছে সে সম্পর্কে পরীক্ষা নিরীক্ষা চালিয়েছেন, পাশাপাশি জমি কত পাওয়া যাবে সে সম্পর্কে খোঁজ খবর নিয়েছেন। এবং আমাদের এই পশ্চিমবাংলায় দক্ষ কারিগরেরও অভাব নেই। তারপর যে সমস্ত আনুসঙ্গিক উপাদান দরকার, যেমন ইস্পাত, তা আমাদের দুর্গাপুর থেকে পাওয়া যাবে, রাউরকেল্লায় পাওয়া যাবে, এই সমস্ত জায়গা থেকে লোহা, ইস্পাত নেওয়া যেতে পারে এবং পরিবহনের ব্যবস্থা এখানে যথেষ্ট ভালভাবে রয়েছে। দীর্ঘদিন ধরে যোগাযোগ ব্যবস্থা সুন্দর করে গড়ে তোলার ব্যবস্থা হয়েছে এবং ইলেকট্রিসিটিও ঐ অঞ্চলে চলে গেছে, এই সমস্ত কিছু থাকা সত্ত্বেও কেন যে কেন্দ্র এই পশ্চিমবঙ্গের প্রতি তথা পূর্বভারতের প্রতি এই বিমাতৃসুলভ আচরণ করছেন তা মোটেই বোঝা যাচ্ছে না। যে মুখ্যমন্ত্রী ১৯৭১ সালে বলেছিলেন যে হলদিয়ায় এক লক্ষ লোকের কর্ম সংস্থান করে দেবেন, কিছুদিন আগে তিনিই বজবজের কাছে একটা কারখানার উদ্বোধন করতে গিয়ে দুঃখের সঙ্গে বলেছেন পূর্বাঞ্চলের প্রতি কেন্দ্রের এই যে বিমাতৃসুলভ আচরণ, তা পক্ষপাতিত্বমূলক। তাই আজকে অহীনবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। সমস্ত পশ্চিমবাংলার জনসাধারনের স্বার্থে, সমস্ত পূর্ব ভারতের স্বার্থে, শুধু তাই নয়, এই সঙ্গে সঙ্গে আমরা প্রস্তাব করছি যে শুধু মাত্র সর্ববাদীসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠালেই চলবে না, এই সঙ্গে দলমতনির্বিশেষে এই বিধানসভার বাইরে একটা বিক্ষোভ আন্দোলন গড়ে তুলতে হবে। প্রয়োজন হলে আমরা মনে করি একটা নির্দিষ্ট সময়সূচী বেঁধে দেওয়া দরকার যে এই-দুই-তিন মাসের মধ্যে কেন্দ্রীয় সরকারকে ঘোষণা করতে হবে যে হলদিয়ায় জাহাজ কারখানা হবে। যদি সেই সময় সীমার মধ্যে তারা ঘোষণা না করতে পারেন তাহলে পশ্চিমবাংলার আপামর জনসাধারণ যাতে আন্দোলন করে, তাদের এই ন্যায়সঙ্গত দাবী আদায় করে নিতে পারে, সেই জিনিস এই প্রস্তাবের মধ্যে থাকা দরকার বলে মনে করি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সমস্ত সদস্যকে আহবান জানাচ্ছি তাঁরা যেন একত্রিত হয়ে সমস্ত পশ্চিমবঙ্গব্যাপী এই জাহাজ নির্মাণ কারখানার ব্যাপারে একটা বিরাট আন্দোলন গড়ে তুলতে পারেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৬ সালে কেন্দ্রীয় মন্ত্রী হুমায়ুন কবির, ওখানে গিয়ে বলেছিলেন যে পেট্রলের বাই প্রডাক্ট হিসাবে সেখানে ন্যাপথার একটা কারখানা স্থাপন করা হবে, এবং এই বিষয়ে আরও অনেক তথ্য আমরা কাগজে পড়েছি, কিন্তু সেই রাসায়নিক শিল্প সেখানে গড়ে উঠছে না। সার কারখানা সেখানে গড়ে উঠলেও সেখানে কর্মসংস্থানের বেশী সুযোগ হবে না। যদি না সমস্ত হলদিয়া প্রকল্পটি রূপায়িত করা যায়। কারণ এই সার কারখানাটি ১৩৫ কোটি টাকা ব্যয়ে তৈরী হচ্ছে—সমস্ত

প্রকল্পটি মূলধনভিত্তিক, শ্রমভিত্তিক নয়। মূলধন লাগবে বেশী, শ্রমিক সেখানে কম নিযুক্ত হবে। যদি এই অবস্থা চলতে থাকে, এরপর যদি কোন শিল্প না গড়ে ওঠে, জাহাজ নির্মাণ কারখানা যদি গড়ে না ওঠে তাহলে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ অনিশ্চিত। পশ্চিমবঙ্গকে আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যেতে যদি হয় তাহলে আমি মনে করি অহীনবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমিতো সমর্থন করছিই সমস্ত সদস্যের সর্বান্তকরণে সমর্থন করা উচিত। এটা যাতে হয় এবং সমস্ত পশ্চিমবঙ্গের পক্ষ থেকে একটা তীব্র আন্দোলন গড়ে এই বিষয়ে তার জন্য আহ্বান জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Shri Sukumar Bandyopadhyay :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅহীন্দ্র মিশ্র মহাশয় হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সর্বসম্মত প্রস্তাব পাঠানোর যে সুপারিশ করেছেন তাকে আমি সর্বতোভাবে গ্রহণ করবার জন্য এই সভাকে অনুরোধ জানাচ্ছি এবং নিজেও সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্বভারত বাণিজ্যে সারা ভারতবর্ষের বাণিজ্যকেন্দ্র ছিল, তার তাম্রলিপ্ত, সপ্তগ্রাম দু-হাজার, তিন হাজার বছর আগেও সারা ভারতবর্ষের সমস্ত বাণিজ্য ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করত। সেই তাম্রলিপ্ত, সপ্তগ্রাম, তার সেই পুরানো ঐতিহ্যকে যদি ফিরিয়ে আনতে হয় তাহলে আমাদের হলদিয়ার ওপর নির্ভর করতে হবে আজকের দিনে এবং এই হলদিয়া বন্দরকে কেন্দ্র করে একদিন কলকাতা বন্দর গড়ে উঠবে। তাই হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানার যে প্রস্তাব গ্রহণ করা হচ্ছে সেই প্রস্তাব শুধু যুক্তিসম্মতই নয়, এই প্রস্তাবের চেয়ে ভাল প্রস্তাব আর হতে পারে বলে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবংগের বাণিজ্যের উন্নতির জন্য কিম্বা আসামের বাণিজ্যের উন্নতির জন্য কেবলমাত্র হলদিয়া বন্দর এবং তার জাহাজ নির্মাণ কারখানার প্রয়োজনীয়তা আছে, এই কথা আমি বলব না। বরং আমি আর একটু এগিয়ে গিয়ে বলব উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, এই সমস্ত প্রদেশগুলি যে আছে, এই প্রদেশগুলির বাণিজ্যের কোন বন্দর নেই। এই প্রদেশগুলির যে বাণিজ্যের ক্রমবিকাশ সেই ক্রমবিকাশ সম্ভব হবে হলদিয়ার মাধ্যমে। তাই সেদিক দিয়ে বিচার করে দেখা যাবে হলদিয়া বন্দরের যে পশ্চাৎভূমি হবে সেই পশ্চাৎভূমি যা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় পশ্চাৎভূমি এবং সেইজন্য হলদিয়া বন্দর এবং জাহাজ নির্মাণ কারখানার খুবই প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমরাও বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে এই হলদিয়াতে জাহাজ নির্মাণ কারখানাকে কেন্দ্র করে একটা টালবাহানা চলছে। যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে বিশাখাপত্তনম আশীর্বাদ পায়, কোচিন আশীর্বাদ পায়, সেখানে হলদিয়া সম্পর্কে ১টা নয়, ২টা নয়, তিনটে কমিটির সুপারিশ থাকা সত্ত্বেও হলদিয়াতে জাহাজ নির্মাণ কারখানা হবে কিনা এই সম্পর্কে আজও কেন্দ্রীয় সরকার তাদের নির্দেশ বা মতামত জানাতে পারলেন না। এইজন্য আমরা ক্ষুব্ধ, অসন্তুষ্ট তাই আমরা আজকে সর্বসম্মত এই প্রস্তাব করছি। দ্বিতীয় জাতীয় জাহাজ নির্মাণ কারখানা যদি হলদিয়াতে না করা হয় তাহলে অর্থনৈতিক এবং বাণিজ্যিক চিন্তাধারার প্রতি অবিচার করা হবে। বাভিজা কমিটি হলদিয়ায় জাহাজ কারখানা নির্মাণের অনুকূলে মত প্রকাশ করেছিলেন এবং তা করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এখনো পর্যন্ত কোন সিদ্ধান্ত নিতে পারেন নি। অথচ হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানার জন্য প্রয়োজনীয় যে সমস্ত বিষয়, প্রয়োজনীয় যে সমস্ত অবস্থার দরকার সেই সমস্তই রয়েছে। সকল সুযোগ-সুবিধাই সেখানে জাহাজ তৈরী কারখানা করার অনুকূলে রয়েছে, সেখানে পশ্চাৎভূমি রয়েছে বিরাট, কাঁচা মালের সুবিধা রয়েছে, জাহাজ নির্মাণ কারখানার জন্য যে ডক প্রজেক্ট থাকা অত্যন্ত জরুরী সেই ডক প্রজেক্ট রয়েছে হলদিয়াতে, তাতে জাহাজ নির্মাণ কারখানার সংগে সংগে একটা বড় ধরনের জাহাজ মেরামতি করা চলতে পারে।

[2-30—2-40 p.m.]

আজ কেবলমাত্র পূর্বভারতের বা পশ্চিমবাংলার জন্য নয় ভারতবর্ষের বিরাট একটা অংশের বাণিজ্যিক ও অর্থনৈতিক অগ্রগতির জন্য হলদিয়ার প্রয়োজন। এখানে রণপোত,

বাণিজ্যপোত তৈরী হতে পারে। আমি বুঝতে পারি না কেন আজ এ বিষয়ে বম্বে সারা ভারতের দৃষ্টি আকৃষ্ট করেছে? কিসের জন্য নৌশক্তির দিক থেকে বম্বের স্থান আগে? আজ ভারতবর্ষের সামগ্রিক প্রয়োজনে আমরা কম ত্যাগ করছি না। সারা ভারতের কল্যাণের জন্য পশ্চিমবাংলার দুঃখ বরণের যে ইতিহাস তা গৌরবোজ্জ্বল। চা, জুট, কয়লা উৎপাদনের মধ্য দিয়ে আমরা সারা ভারতের বুনিয়াদকে শক্ত করেছি। কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবাংলা সমস্ত ভারতবর্ষের মধ্যে প্রচণ্ডভাবে দারিদ্র বহন করছে। এক্ষেত্রে পশ্চিমবাংলার জাহাজ নির্মাণের কারখানার যে প্রস্তাবতাকে দিল্লীতে চেষ্টা করা হচ্ছে বস্তাবন্দী করে রাখার এবং হলদিয়ার ন্যায্য দাবীকে অগ্রাহ্য করে জাহাজ নির্মাণের কারখানা ভারতবর্ষের অন্যত্র করার চেষ্টা করা হচ্ছে যে জায়গাটাতে হলদিয়ার মত অনুকূল অবস্থা নেই। আমরা সম্প্রতি খাদ্য সমস্যার ব্যাপারে দিল্লীতে গিয়ে দেখেছি যে পশ্চিমবাংলার সমস্যার প্রতি প্রধানমন্ত্রীর সহানুভূতি আছে। কিন্তু পশ্চিমবাংলার আর্থিক উন্নতির চিন্তা কেন্দ্রীয় সরকারের অনেক পদস্থ কর্মচারীর নেই। আজ এই সর্বসম্মত প্রস্তাব পাঠাবার পরও দেখা যাবে হলদিয়ার জাহাজ নির্মাণ কারখানা করার ব্যাপারে কেন্দ্রীয় সরকার টালবাহানা করবেন। অতএব সম্প্রতি আমরা যেমন দিল্লীতে প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম ঠিক সেরকমভাবে এ বিষয়ে বলার জন্য আমরা প্রধানমন্ত্রীর কাছে যাব। কিন্তু এ বিষয়ে যদি কোন টালবাহানা করা হয় তাহলে সেটা হবে পশ্চিমবাংলা ও পূর্বভারতের প্রতি একটা বৈষম্যমূলক আচরণ যাতে অর্থনৈতিক ও বাণিজ্যিক অগ্রগতিকে নস্যাৎ করে দেওয়া হবে। এই কথাই আমরা কেন্দ্রীয় সরকারকে সাফ সাফ জানিয়ে আসব। আজ এই সভায় হলদিয়া সংক্রান্ত যে প্রস্তাব এসেছে তাতে যুক্তি আছে, ক্ষোভ নেই এবং সেই যুক্তিগুলিকে আমরা ১।২।৩।৪।৫ করে উপস্থিত করেছি। ইতিপূর্বে পশ্চিমবঙ্গ সরকার থেকে বলিষ্ঠভাবে বলা হয়েছিল কেন হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা করা দরকার। বিশেষজ্ঞরাও এ বিষয়ে বলে এসেছেন কেন্দ্রীয় সরকারের কাছে। কিন্তু হলদিয়ায় যদি জাহাজ নির্মাণ কারখানা না করা হয় তাহলে তা হবে সত্যের প্রতি উপেক্ষা। পশ্চিমবঙ্গ সরকার যা চান অনেক সময় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তা তাঁরা পান না। আমরা সম্প্রতি দিল্লীতে গিয়ে দেখেছি প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গকে সাহায্য করতে চাইছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভার কেউ কেউ বা কেন্দ্রীয় সরকারের আমলারা চান না পশ্চিমবাংলংলার জন্য কিছু করা হোক। তাই দেখেছি শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলার প্রতি বৈষম্য, বিমাতৃসুলভ আচরণ এবং রাষ্ট্রীয় ব্যাঙ্কগুলির মোটা টাকা খাটে মহারাষ্ট্রে। পশ্চিমবাংলা সবচেয়ে বেশী সম্পদ সৃষ্টি করে ভারতবর্ষের সভ্যতাকে যেখানে মজবুত করে রেখেছে সেখানে কিন্তু রাষ্ট্রীয় ব্যাঙ্কগুলির দাক্ষিণ্য পশ্চিম-বাংলায় পৌঁছায় না।

এটা কিন্তু একটা অবহেলা নয়, এটা একটা চক্রান্ত। চক্রান্ত এইজন্য বলছি আজকে একথা বলার প্রয়োজন এসেছে। আজকে সত্য কথা নিষ্ঠুরভাবে বলা প্রয়োজন। কেননা আজকে যদি সত্য কথা না বলি তাহলে আমরা ভাবের ঘরে চুরি করব এবং ভাবের ঘরে যদি চুরি করি তাহলে যে জনসাধারণের দ্বারা নির্বাচিত হয়ে আমরা এই বিধানসভায় এসেছি সেই পশ্চিমবঙ্গের জনসাধারণ এই সত্য ভাষণ বলিষ্ঠভাবে না করার জন্য আমাদের ক্ষমা করবে না। এ কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ নয়, বিক্ষোভ নয়, এ কেন্দ্রের বিরুদ্ধে আমাদের অভিমান, কেন্দ্রকে সত্য জিনিষ বুঝিয়ে আমরা আমাদের ন্যায্য দাবি আদায় করে আনতে চাই। আজকে যে প্রস্তাব বিধানসভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে অতীত দিনের অধিকাংশ প্রস্তাবের মত এই প্রস্তাব যেন দিল্লীর দরবারে গিয়ে ঠাণ্ডা ঘরে বস্তাবন্দী হয়ে না থাকে। মন্ত্রিমহাশয়রা হয়ত অনেক সময় মুখ ফুটে অনেক কথা বলতে পারেন না, কেননা তাঁদের অনেক দায়িত্ব বহন করতে হয়। আমরা সঠিক কথা স্পষ্টভাবে বলতে জানি, আমরা যে প্রস্তাব সর্বসম্মতক্রমে গ্রহণ করলাম সেই প্রস্তাব দিল্লীর দরবারে গিয়ে ঠান্ডা ঘরের মধ্যের বস্তার মধ্যে যেন আটকে না থাকে, এই প্রস্তাব যেটা পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষের আওয়াজ, যেন বাস্তবে রূপায়িত হয়। মন্ত্রিসভার যাঁরা সভ্য আছেন বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের উপর আমাদের অগাধ আস্থা শ্রদ্ধা আছে, তিনি বলিষ্ঠভাবে পশ্চিমবঙ্গের যে কোন বিষয় নিয়ে দিল্লীর সঙ্গে কথাবার্তা বলেন, দিল্লীর কাছ থেকে কাজ

নিয়ে আসেন, যেমন ফরাক্কার জলের ব্যাপারে হয়েছে, আরো অন্যান্য ব্যাপারে হয়েছে, তাঁর কাছে অনুরোধ পশ্চিমবঙ্গের বিধানসভার পক্ষ থেকে গৃহীত আজকের এই প্রস্তাব কেবলমাত্র একটা কাগজ নয়, সাড়ে চার কোটি মানুষের আশা-আকাঙ্খাকে বহন করে নিয়ে যাচ্ছে এই সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাব, এই প্রস্তাবের মর্য্যাদা যেন কেন্দ্রীয় সরকার দেন, তার জন্য কিন্তু আজকে পশ্চিমবঙ্গের যাঁরা ভাগ্যবিধাতা মন্ত্রিমণ্ডলী তাঁদের গভীর-ভাবে চিন্তা করতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয় যখন দিল্লী যাবেন তখন তাঁকে পরিষ্কার ভাষায় বলতে হবে পশ্চিমবঙ্গের বিধানসভায় সর্বসম্মতিকমে যে প্রস্তাব গৃহীত হয়েছে সেই প্রস্তাবকে যেন বাস্তবে রূপ দেওয়া হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব সমর্থন করার সঙ্গে সঙ্গে আর একটা কথা আমি বলি যে আজকে যদি হলদিয়াতে জাহাজ নির্মাণের কারখানা তৈরি করা না হয় তাহলে কিন্তু পূর্বভারতের সঙ্গে সঙ্গে ভারত-বর্ষের যে প্রদেশের নাম পূর্বে উল্লেখ করেছি উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, ইত্যাদি যে প্রদেশগুলি আছে সেই প্রদেশগুলির বাণিজ্যিক অগ্রগতি কিংবা অর্থনৈতিক অগ্রগতিকে ব্যাহত করা হবে। আমরা জানি হলদিয়াতে যদি জাহাজ নির্মাণের কারখানা হয় তাহলে উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, আপত্তি করতে পারে না, সমর্থন করবে। তাই পশ্চিম-বঙ্গের বিধানসভায় ঐই প্রস্তাব গ্রহণের সঙ্গে সঙ্গে উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, আসাম সরকারের পক্ষ থেকে যাতে ঐ আওয়াজ দিল্লীর মসনদে গিয়ে পৌছায় তার ব্যবস্থা করতে হবে আমাদের এই মন্ত্রিসভাকে, মুখ্যমন্ত্রী মহাশয়কে এই দায়িত্ব গ্রহণ করতে হবে। মুখ্যমন্ত্রী যদি আজকে বিহার, উত্তরপ্রদেশ, আসাম ইত্যাদি যে রাজ্যগুলি রয়েছে সেই রাজ্যগুলি হলদিয়ার অনুকূলে যে চিন্তাধারা পোষণ করছেন, তাঁদের যে মনোভাব তাকে বাস্তবে রূপায়িত করবার জন্য চেষ্টা না করেন তাহলে এই প্রস্তাব শুকনো কাগজের মত দিল্লীর রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে। কাগজ কথা বলতে পারে না, কিন্তু কাগজকে বাস্তবে রূপায়িত করবার জন্য যদি প্রচেষ্টা থাকে চিন্তাধারা থাকে তাহলে কাগজের মাধ্যমে আসে রুশ বিপ্লব, ফরাসী বিপ্লব, একটা নতুন ইতিহাস, একটা নতুন সভ্যতা। তাই পশ্চিমবঙ্গের বিধানসভায় যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে সেই প্রস্তাবের অনুকূলে সারা ভারতবর্ষে যে বড় বড় প্রদেশ রয়েছে সেই প্রদেশের জনমত তৈরি করতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট যে সরকারগুলি রয়েছে তাঁদের সক্রিয় করতে হবে।

[2-40—2-50 p.m.]

হলদিয়ার ব্যাপারটা যদি আমরা শুধুমাত্র কাগজের মধ্যে আবদ্ধ না রেখে ভালভাবে এবং প্রাণপাত পরিশ্রম করে উপস্থাপিত করতে পারি তাহলে নিশ্চয়ই একে বাস্তবে রূপায়িত করতে পারব। আমাদের দুর্গাপুর ইস্পাত কারখানা হয়েছে, জঙ্গল কেটে অনেক বসতি হয়েছে এবং মহামানব ডাঃ বিধান চন্দ্র রায় অনেক লড়াই করে পশ্চিমবঙ্গের দাবী আদায় করেছেন। আভমাদের ভরসা আছে, বিশ্বাস আছে পশ্চিমবাংলার বর্তমান মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় তাঁর যোগ্য উত্তরাধিকারী। কাজেই তাঁর কাছে অনুরোধ তিনি এই হলদিয়ায় জাহাজ কারখানা তৈরী করে সেই যোগ্য উত্তরাধিকারী প্রমাণ দিন। এই কাজ যদি তিনি করতে পারেন তাহলে পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ দুহাত তুলে তাঁকে আশীর্বাদ করবে। একথা বলে এই প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্॥

Shri Niranjan Dihidar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমার প্রথম বক্তব্য হচ্ছে এই প্রস্তাবটি যে আনার প্রয়োজন হয়েছে এটা একটা আশ্চর্য ব্যাপার। ভারতবর্ষ একটি যুক্তরাজ্য এবং এখানে যে কেন্দ্রীয় সরকার রয়েছে তাদের যে দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্ত প্রদেশগুলিকে দেখা উচিত, তাদের সমস্যাগুলি দেখা উচিত এবং সেই সমস্যার সমাধানের জন্য যে দৃষ্টিভঙ্গী দেখান উচিত সেই দৃষ্টি-ভঙ্গী নিয়ে যদি তাঁরা দেখতেন তাহলে যেভাবে একটি যুক্তরাজ্য টিকে থাকে, শক্তিশালী হয়, ভালভাবে পরিচালিত হয় সেটা হওয়া সম্ভবপর হোত। কিন্তু যেহেতু একটি যুক্ত-

রাজ্যের কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার ক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গী নেওয়া উচিত সেটা নেয়নি তার জন্যই এরকম একটা প্রস্তাব আমাদের আনতে হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে যখন বিশেষকরে বিচ্ছিন্নবাদীরা নানারকম আওয়াজ তুলছে যে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী যদি যুক্তরাজ্যের দৃষ্টিভঙ্গী না হয় তাহলে সারা দেশের পক্ষে সেটা বিপজ্জনক হবে তখন আমাদের বিষয়টি আরও ভালভাবে চিন্তা করা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রস্তাব সমর্থন করে একটা কথা বলি যে, হলদিয়ায় এই সিপইয়ার্ডের ব্যাপারটা বহুদিনের ব্যাপার তবুও এই ব্যাপারে আমাদের নন-অফিসিয়াল প্রস্তাব আনতে হল। কিছুক্ষণ আগে আমাদের শিল্প-বাণিজ্যমন্ত্রী বললেন রাষ্ট্রীয় ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য স্থানে যেখানে ১৬ পারসেন্ট ইনডাস্ট্রি গড়ে উঠেছে সেখানে আমাদের এখানে মাত্র ৪ পারসেন্ট ইনডাস্ট্রি গড়ে উঠেছে। এর কারণ কি? এটা কি একটা যুক্তরাজ্যের কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গীর ফল? আমাদের পশ্চিমবাংলার দুর্দশার কথা কি কেন্দ্রীয় সরকার জানেন না? নিশ্চয়ই জানেন। তাহলে কেন এই পক্ষপাতিত্ব সেটা নিশ্চয়ই আমাদের সকলের মনে জেগেছে। এটা কোন অভিযোগের প্রশ্ন নয়, এটা আমাদের জানার প্রশ্ন। স্যার, আমাদের এই পশ্চিমবঙ্গে শুধু পশ্চিমবঙ্গবাসী থাকে তা নয়, পশ্চিমবঙ্গ সকলের। সুতরাং পশ্চিমবঙ্গে রাষ্ট্রীয় ক্ষেত্রে যেমন শিল্পায়ন দরকার ঠিক তেমনি হলদিয়ায় এই সিপইয়ার্ড দরকার বিশেষ করে স্থানটিও যখন যোগ্য। এখানে সিপইয়াড করা সম্ভব নয় তা নয়, এক্সপার্ট কমিটি বার বার করে রিপোর্ট দিয়েছে হতে পারে। তারপরও যে কেন এটা হচ্ছে না সেটা আমরা বুঝতে পারছি না। এখানে যদি সিপইয়ার্ড গড়ে ওঠে তাহলে বিশেষ করে পূর্বভারতে যে রপ্তানি ক্ষেত্র তার পক্ষে এটা বিশেষ সহায়ক হবে এবং সারা ভারতের পক্ষেও সহায়ক হবে। হলদিয়ায় সিপইয়ার্ড তৈরী হলে আর একটা সুবিধা হচ্ছে ইস্পাত কারখানাগুলি খুব কাছেই রয়েছে এবং তাছাড়া এখান থেকে কয়লা, পাট ইত্যাদি রপ্তানি করা সম্ভব হবে। আজকে পশ্চিমবাংলায় বেকার সমস্যা খুব বিরাট। কেউ বলেন ২৮ লক্ষ, কেউ বলেন ৩০ লক্ষ। যদি এই সিপ-ইয়ার্ড হয় সেখানে গড়ে উঠে, তাহলে সেখানে যেমন একদিকে একটা ইণ্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স গড়ে উঠতে পারত একটা টাউন কমপ্লেক্স গড়ে উঠতে পারত। সেখানে আবার সারা ভারতের ক্ষেত্রেও এটা সহায়ক হত রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে। কিন্তু কেন তাহলে এটা হলনা বাধা কোথায়, অন্তরায় কোথায়। সে জিনিষ অনুসন্ধান করা দরকার। এবং আমরা যেহেতু যুক্তরাজ্যের অংশীদার, আমরা পশ্চিমবংগ যুক্তরাজ্যের মধ্যে আছি। স্বভাবতঃ আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পরিস্কার ভাষায় বলতে পারি যে অনতিবিলম্বে হলদিয়ায় শিপ-ইয়ার্ড করা হউক। এ কথা বলতে কোন বাধা নেই। এই প্রস্তাব তাই সর্বান্তঃকরণে সমর্থন করতে গিয়ে আমি একটা কথা বলব যে শুধুমাত্র প্রস্তাব—প্রস্তাব হিসাবে না, প্রস্তাব নিয়ে যদি দেখা যায় জনগণের মধ্যে জনমানসে তার যদি প্রতিক্রিয়া এবং সেই প্রতিক্রিয়ার যদি প্রতিফলন কর্মক্ষেত্রে না হয় তবে কিন্তু আজকে তাকে বাস্তবে রূপায়িত করা সম্ভব হবে না। যতটুকু বুঝা গেছে যে আমাদের মন্ত্রিসভার তরফ থেকে আমাদের বাণিজ্য-শিল্প মন্ত্রী কি মুখ্যমন্ত্রী তারা নিশ্চয়ই যে সমস্ত দরবার করা সেটা নিশ্চয়ই তারা করেছেন। তারা করে এমনকি বাধ্য হচ্ছেন যে এবার জনসভায় পর্যন্ত বলতে যে কেন্দ্র পশ্চিমবংগের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করছেন। একই পার্টি একটী কেন্দ্রয় সরকার তার সম্পর্কে কখন সেই সরকার একটা প্রদেশের সরকার বলতে বাধ্য হয় যখন কিনা সমস্ত এভিউনিউ বন্ধ হয়ে যায়, তখনই একথা বলতে বাধ্য হয়। তখনই এই প্রস্তাব এ্যাসেম্বলীতে পাশ করান দরকার। সুতরাং অবস্থা অত্যন্ত গুরুতর, এই কথা বুঝতে কারো বাকী থাকে না। তাই আমি একটা জিনিষ বলব একদিকে যেমন পশ্চিমবঙ্গকে রক্ষা করবার জন্য, পূর্বভারতকে রক্ষা করবার জন্য, অন্যদিকে ভারতকে রক্ষা করবার জন্য এবং ভারতীয় যুক্তরাজ্যকে রক্ষা করবার জন্য আজকে এই প্রস্তাবের গুরুত্ব রয়েছে। তাই এই প্রস্তাব নিয়ে আসুন আমরা সমস্ত দল সমস্ত মত মিলে একসঙ্গে প্রয়োজন বোধে যদি কেন্দ্রীয় সরকার এই প্রস্তাবকে বাস্তবে রূপায়িত না করে যদি হলদিয়াতে সেখানে শিপ-ইয়ার্ড গড়ে তোলার প্রস্তাবকে তারা না মানে তাহলে আসুন আমরা সারা পশ্চিমবঙ্গব্যাপী তুমুল আন্দোলন গড়ে তুলি যে আন্দোলন হবে পশ্চিমবঙ্গকে বাঁচাবার, পশ্চিমবঙ্গের মানষকে বাঁচাবার, পশ্চিমবঙ্গকে শিল্পায়িত করা এবং

ভারতবর্ষকে রক্ষা করা, ভারতীয় যুক্তরাজ্যকে আরো শক্তিশালী করা—বিচ্ছিন্নতাবাদীদের চক্রান্তকে ব্যর্থ করা—এই আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Birendra Bejoy Malladeb :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্য শ্রীঅহীন্দ্র কুমার মিশ্র মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটা আমি সর্বান্তঃকরণে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটী কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে হলদিয়াতে একটী শিপ-ইয়ার্ড হবে এই প্রস্তাব পশ্চিমবঙ্গের অনেকদিনের। এবং এই সম্বন্ধে কেন্দ্রীয় সরকার প্রায় সিদ্ধান্ত করে ফেলেছিলেন যে হলদিয়াতে একটা শিপ-ইয়ার্ড হবে। এবং তার কাগজপত্র সমস্ত তৈরী হয়ে গিয়েছিল এবং রিপোর্ট এক্সজামিনেশান হয়ে গিয়েছিল। কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গের যে দাবী যে হলদিয়াতে শিপ-ইয়ার্ড করার যে দাবী সেটা হঠাৎ থেমে গেল। এটা থেমে গেল মূলতঃ একটা কারণে সেটা হচ্ছে উড়িষ্যার যে নির্বাচন, সেই নির্বাচনের এক বছর আগে উড়িষ্যার নেতা বিজু-পট্টনায়ক মহাশয় দাবী করলেন যে পারাদ্বীপে শিপ-ইয়ার্ড করতে হবে, কারণ উড়িষ্যা অত্যন্ত পশ্চাদপদ সুতরাং পশ্চিমবঙ্গে শিপ-ইয়ার্ড করা চলবে না। উড়িষ্যায় করতে হবে।

[2-50—3-00 p.m.]

এই প্রস্তাবের ফলে আমরা দেখলাম যে যখন কেন্দ্রীয় সরকার হলদিয়ায় গ্রিন সিগন্যাল দিতে চলেছিল তখন এই প্রস্তাবকে তারা কিছুদিনের জন্য ঠাণ্ডা ঘরে ফেলে দিলো। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে পারাদ্বীপ-এ কোন মতেই উপযুক্ত শিপ-ইয়ার্ড হতে পারে না। সে সম্বন্ধে এক্সপার্ট কমিটি রিপোর্ট দিয়েছে যে সেখানে কতকগুলি অসুবিধা আছে। তার মধ্যে অন্যতম কারণ হচ্ছে যে পারাদ্বীপ হচ্ছে সাইক্লোন এরিয়ার মধ্যে। এই সাইক্লোন এরিয়ার মধ্যে থাকবার জন্য আমরা দেখি প্রত্যেক বৎসর পারাদ্বীপে ঝড় হচ্ছে যার ফলে সেখানে শিপ-বিল্ডিং ইয়ার্ড বা পোর্ট হতে তার অত্যন্ত ক্ষতি হবে, তার প্রগ্রেস ভাল হবে না। এইভাবে প্রতি বৎসর ঝড় হওয়ায় তার ডক ভেংগে যাচ্ছে সেখানে আবার কেন একটা ডক নূতন করে বেশী চাপান হবে? এ জিনিষটা হতে পারে না। তবুও এই জিনিষটা নিয়ে কেন এত মাতামাতি হচ্ছে? দ্বিতীয় কারণ হচ্ছে, ওখানে যে ডক আছে এই পারাদ্বীপে সেখানে আমরা দেখেছি যে অত্যন্ত ইরোশন হচ্ছে যার ফলে এই পারাদ্বীপের অস্তিত্ব থাকবে কিনা সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। অথচ আমরা জানি যে হলদিয়া সে সব অসুবিধা থেকে মুক্ত। শুধু একটি অসুবিধা আছে সেটা হচ্ছে সিলটিং এই যে সিলটিং প্রবলেমটা আছে সেটা কিন্তু আমার মনে হয় যখন আমাদের ফারাক্কা পরিকল্পনা কার্যকরী হবে তখন এই সিলটিং এর অসুবিধা দূর হয়ে যাবে, এই অসুবিধা থাকবে না এবং বড় বড় জাহাজ হলদিয়ায় আসতে পারবে। তৃতীয় কথা হচ্ছে, হলদিয়ায় এই জন্য আমরা দাবী করবো কারণ পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী বেকার সমস্যা আছে। আপনারা জানেন—কেউ কেউ বলেন যে ৪৫ লক্ষ আছে, কেউ কেউ বলেন ৩৫ লক্ষ আছে, আবার কেউ কেউ বলেন যে ২৫ লক্ষ বেকার আছে, অতএব এই পশ্চিমবাংলার বেকার মানুষগুলিকে যদি কাজ না দিতে পারেন তাহলে নিশ্চয়ই একটা বিক্ষোভ দেখা দিতে পারে, যেটা স্বাভাবিক, এবং তার ফলে গোটা পূর্বভারতের অগ্রগতি ব্যাহত হবে। সেই জন্য পশ্চিমবঙ্গকে অগ্রাধিকার দেবার কারণ আছে এবং নিশ্চয়ই আমাদের এটা বিবেচনা করতে হবে। এই সংগে সংগে আমাদের মনে রাখতে হবে পশ্চিমবঙ্গে যে সমস্ত ইঞ্জিনিয়ার আছে, প্রযুক্তিবিদ আছে, বা অন্যান্য যে সমস্ত স্কীল্ড লেবার আছে সেইরকম স্কীল্ড লেবার আমি মনে করি গোটা ভারতবর্ষে কোথাও নেই। তারা যে জিনিষ যত নিখুঁতভাবে করতে পারবে সেইরকম-ভাবে ভারতবর্ষের কোন টেকনিশিয়ানরা পারবে না, সেইরকম যোগ্যতা তাদের নেই। সেই দিক দিয়ে আমি বলবো পশ্চিমবঙ্গকে অগ্রাধিকার দেবার কারণ রয়েছে। ৪র্থ কারণ হচ্ছে যদি শিপ-বিল্ডিং ইয়ার্ড হয় তাহলে এখানে যে সমস্ত ইঞ্জিনিয়ারিং ইণ্ডাসট্রিগুলি আছে সেখান থেকে—শিপ-বিল্ডিং ইয়ার্ড করতে গেলে যে র' মেটিরিয়ালস্ লাগবে এবং ইণ্ডাস্ট্রির যেসব কমপোনেন্টস্ যেগুলি বাইরে থেকে নিতে হবে সেগুলি পশ্চিমবঙ্গের এইসব ছোট ছোট স্মল স্কেল ইণ্ডাস্ট্রি থেকেই আমরা সরবরাহ করতে পারবো। আমরা জানি যে সেটা

নিশ্চয়ই উড়িষ্যায় হবে না বা সাউথ ইণ্ডিয়ার বিশাখাপত্তম থেকেও সম্ভব হবে না। পশ্চিমবঙ্গে অত্যন্ত নিখুত কারিগর আছে তারা জানে কিভাবে জিনিষগুলি করতে হবে। এই সমস্ত নিপুণ কারিগর এখানে শিপ-বিল্ডিং ইয়ার্ড হলে তারা তাদের নৈপুণ্যতা প্রকাশ করবার সুযোগ পাবে। এবং আমি মনে করি যে এই সুযোগ দিলে পশ্চিমবঙ্গের শিল্প ক্ষেত্রও অনেকটা অগ্রসর হয়ে যেতে পারবে।

আমাদের পশ্চিমবঙ্গকে সুযোগ দিতে হবে। কতকগুলি শুধু নজির তুলে বলা হবে, উড়িষ্যার নজির তুলে, এবং অন্যান্য নজির তুলে বলা হবে এটা আমরা হতে দেব না, এটা হতে পারে না। এখানে হলদিয়ায় বন্দর হওয়ার অনেক সুবিধা আছে। ডকের কথাই আলোচনা করুন, এই হলদিয়ার যে হিন্টারল্যাণ্ড আছে, তার চেয়ে বড় হিন্টারল্যাণ্ড ভারতবর্ষের আর কোথাও নেই। সেজন্যই সব চেয়ে শ্রেষ্ঠ বন্দর হবে এই হলদিয়া এবং সেজন্যই এখানে একটা শিপ-বিল্ডিং ইয়ার্ড করতে হবে। আমরা জানি পশ্চিমবঙ্গের কয়লা, বিহারের কয়লা, আসামের চা, বিহার এবং উড়িষ্যার শিল্পাঞ্চলের এবং রাউরকেল্লা অঞ্চলের যে সমস্ত জায়গা আছে, সেখান থেকে সহজেই জিনিষপত্র হলদিয়ায় আসবে এবং এই যে সুযোগ আমরা পাব তা বিশাখাপত্তনমে পাব না। অতএব নিশ্চয়ই হলদিয়ায় একটা ডকের বিশেষ গুরুত্ব আছে, সেটা আমাদের স্বীকার করতেই হবে। সেই গুরুত্ব হলদিয়ার নিশ্চয়ই বিশাখাপত্তনমের চেয়ে বেশী, কেননা এই হিন্টারল্যাণ্ড-এর কথা বিবেচনা করে আমাদের ডক করতে হবে এবং করতে গেলে শিপ-বিল্ডিং ইয়ার্ড করতে হবে। তাছাড়া ইন্‌ফ্রা-স্ট্রাকচারও অত্যন্ত ভাল।

দ্বিতীয় কথা—এখানে পশ্চিমবঙ্গ সরকার ইণ্ডাস্ট্রি হওয়ার জন্য অনেক জায়গা সংগ্রহ করে রেখেছেন। এই জায়গায় কোন অসুবিধা নাই, সুতরাং এখানে একটা বড় শিপ-বিল্ডিং ইয়ার্ড করতে কি অসুবিধা আছে আমি জানি না। কোলাঘাটে মস্ত বড় বিদ্যুৎকেন্দ্র হতে চলেছে, সুতরাং সেদিক থেকেও সুযোগ সুবিধা রয়েছে, এখানকার জলও ভাল, তা নিয়ে ইণ্ডাস্ট্রিগুলি গড়ার সুবিধা আছে। অতএব এই সমস্ত ফ্যাসিলিটিগুলি যখন রয়েছে এবং গোটা ভারতবর্ষে যখন শিপ-বিল্ডিং ইণ্ডাস্ট্রি এক্সপ্যানশনের প্রয়োজন আছে, তখন কেন হলদিয়া প্রকল্পন রূপায়িত করবেন না এটা আমি বুঝি না। এর পেছনে যদি কোন চক্র থাকে তাহলে সেই চক্রকে আমাদের ভেঙে ফেলতে হবে এবং কেন্দ্রের উপর নিশ্চয় চাপ সৃষ্টি করতে হবে যাতে সেখানে শিপ-বিল্ডিং ইণ্ডাস্ট্রি গড়ে উঠে। এই জায়গা ভারতবর্ষের পক্ষে, ভারতের অর্থনীতির পক্ষে উপযুক্ত হবে, গোটা পূর্বভারত-এর অর্থনীতির পক্ষে এটা একটা মোমেন্টাম। অতএব অহীনবাবু যে প্রস্তাব এনেছেন যে হলদিয়ায় শিপ-বিল্ডিং ইয়ার্ড করা হোক এবং কেন্দ্রীয় সরকার এই প্রস্তাব সমর্থন করুন, এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Biswanath Chakrabarti:

মাননীয় স্পীকার মহাশয়, সভার আগের দিকে মাননীয়া গীতা মুখোপাধ্যায় বোলপুরে লাঠি চার্জ সম্পর্কে বলেছিলেন আপনার কাছে। এখানে তিনি আগেই বলেছেন যে শান্তিপূর্ণভাবে যুব সংঘ, ছাত্র ফেডারেশন খাদ্য, কেরোসিন এবং রাজনৈতিক বন্দীমুক্তি আন্দোলনে আইন অমান্য করবে একথা ঘোষণা করেছিল এবং তাতে ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেস সহানুভূতি প্রকাশ করেছে। কিন্তু বোলপুরে এই আইন অমান্যকারীদের উপর পুলিশ এ্যাট্রোসিটিজ হল। একথা আগেই হাউসে উল্লেখ করা হয়েছে। এই মাত্র খবর পেলাম মেদিনীপুরে আইন অমান্যকারীদের উপর প্রচণ্ড লাঠি চার্জ হয়েছে। হাজারের উপর লোক সেখানে আইন অমান্য করে, তাদের এমন লাঠি চার্জ হয়েছে যে মেদিনীপুরে এমন সিভিয়ার লাঠিচার্জ আর কখনো দেখা যায়নি। ফলে তিনজন মেয়ে সমেত ১৫ জন হাসপাতালে রয়েছে। এমন ভয়ঙ্কর লাঠিচার্জ হয়েছে যে মেদিনীপুর বন্ধ কাল ঘোষিত হয়েছে। বাঁকুড়াতেও লাঠি চার্জ হয়েছে। সেখানে এস পি উপস্থিত ছিলেন, আইন অমান্যকারীদের কাছে পুরাণো বিপ্লবী স্বাধীনতা আন্দোলনকারী, কমিউনিস্ট পার্টির জেলা সেক্রেটারী জগদীশ দে দাঁড়িয়ে ছিলেন, সেখানে এস পি তাদের এ্যারেস্ট করে নিয়ে গেছে এবং তাদের উপর প্রচণ্ড এবং অমানুষিক লাঠিচার্জ হয়েছে।

[3-00—3-10 p.m.]

মিঃ স্পীকার স্যার, এইমাত্র আমরা খবর পেলাম শ্রীরামপুরে আমাদের এম, এল, এ, গোবিন্দ চাটার্জী গ্রেপ্তার হয়েছেন। পুলিসমন্ত্রী এখানে নাই—আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করবো তিনি এ সম্বন্ধ একটু দেখুন। এটা কী হচ্ছে? শান্তিপূর্ণ আন্দোলন, আপনারা কি চান গুজরাট ও বিহারে যে আন্দোলন হয়েছে, তার ইনিসিয়েটিভটা দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার হাতে চলে যাক? মানুষের সত্যিকারের যে মনোভাব বিক্ষোভ আকারে তা প্রকাশ করুক। কিন্তু সেটাকে এই ভাবে প্ররোচনা দিয়ে লাঠিচার্জ করে এ্যানার্কী সৃষ্টি করে অবস্থা আয়ত্বের বাইরে নিয়ে যাবার কথা কি সরকার ভাবছেন? তাই পুলিসমন্ত্রীকে বলছি যারা লাঠিচার্জের সময় গ্রেপ্তার হয়েছে তাদের রাজবন্দীর মর্য্যাদা দেওয়া হোক্।

Shri Niranjan Dihidar :

আমাদের পারলিয়ামেন্টারী এ্যাফেয়ার্স মিনিস্টার এ সম্বন্ধে কিছু বলুন।

Shri Ananda Gopal Mukherjee :

মাননীয় স্পীকার, স্যার, আমাদের মাননীয় সদস্য অহীনবাবু হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা স্থাপনের যে প্রস্তাব এখানে এনেছেন, এই প্রস্তাব নিশ্চয়ই সর্ববাদীসম্মতিক্রমে সকলের সমর্থন আদায় করবে এই বিশ্বাস ও ভরসা আমার আছে। পশ্চিমবঙ্গ বিধান-সভায় কোনদিন কোন প্রস্তাব এনে হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা স্থাপনের যৌক্তিকতাকে এইভাবে তুলে ধরতে হবে—পূর্বে একথা আমাদের কখনো মনে হয়নি। আমরা স্বভাবতঃ কী মনে করেছি? সারা ভারতবর্ষের অগ্রগতির সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের অগ্র-গতির কথা কেন্দ্রীয় সরকার সম্যকভাবে উপলব্ধি করে পরিকল্পনার মাধ্যমে তার কার্য্যক্রম গ্রহণ করেন। কেন্দ্রীয় সরকার জাহাজ নির্মাণ কারখানা হলদিয়ায় যে করবেন এই রকম সুস্পষ্ট একটা ইঙ্গিত গত দু-বছরের মধ্যে একবার নয় কয়েকবার বিভিন্ন পর্য্যায়ে আমরা তা পেয়েছি। এই সমস্ত তথ্যের উপর ভিত্তি করে আজকের এখানে এই প্রস্তাব উৎথাপিত হয়েছে তা নয়। মাননীয় স্পীকার মহোদয়, ভারতবর্ষের অতীত যুগের কথা যদি আমরা পর্য্যালোচনা করি, তাহলে দেখতে পাবো ভারতবর্ষের জলপথ যাত্রার যারা পথিকৃৎ—এই পশ্চিমবঙ্গবাসী একদিন তাম্রলিপ্ত থেকে ভারতবর্ষের বাইরে ভারতবর্ষের পণ্য-সামগ্রীকে পৌছে দিতেন এবং ভারতবর্ষের বাইরে থেকে প্রয়োজনীয় দ্রব্য-সামগ্রী ভারতবর্ষের নিয়ে আসতেন। সে দিনের তাম্রলিপ্ত ঐতিহাসিক প্রয়োজনে গড়ে ওঠেনি। কোন রাজনৈতিক চিন্তাধারার বশবর্তী হয়েও তা গড়ে ওঠেনি। বানিজ্যভিত্তিক ভৌগলিক যুক্তি সেখানকার প্রাকৃতিক পরিবেশের কথা চিন্তা করে, সেখানকার মানুষের অদম্য সাহসের উপর ভিত্তি করে সেই তাম্রলিপ্ত বন্দর গড়ে উঠেছিল। ভারতবর্ষের পরাধীন যুগের যে গেটওয়ে অফ ইন্ডিয়া, তার কথা চিন্তা করলে দেখবো—পশ্চিমবঙ্গের যে কলকাতা বন্দর, সেই বন্দরের মধ্যে সেই সারা ভারতবর্ষের সঙ্গে বাইরের অন্যান্য জগতের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা ছিল। পরিবর্তিত ব্যবস্থা কী দেখেছি? রাজনৈতিক কারণে কলকাতা বন্দরের অবস্থা আস্তে আস্তে খারাপের দিকে গিয়েছে। কলকাতা পোর্টের গুরুত্ব বা পোটেন-সিয়ালিটি যখন কমতে আরম্ভ করেছে, তখন পশ্চিমবঙ্গের স্বর্গীয় নেতা ডাঃ বিধান চন্দ্র রায় নতুন করে পোর্ট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেন—বিরাট জাহাজ উইথ বিগার ড্রট যাতে হলদিয়ায় আসতে পারে; আর পেট্রোকেমিক্যাল বেস্ড ইনডাস্ট্রি সেখানে গড়ে উঠতে পারে, কলকাতা এবং হলদিয়ার মাধ্যমে যাতে জলপথ ও স্থলপথে অন্যান্য প্রদেশের সঙ্গে যোগাযোগ স্থাপিত হতে পারে সে পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। পরবর্তীকালে আমরা দেখেছি যে, পেট্রোকেমিক্যাল ইনড্রাস্টির যখন পরিকল্পনা গৃহীত হল তখন রিফাই-নারি এক্সপ্যান করবার কথা তখন আমরা বার বার শুনতে লাগলাম পশ্চিমবাংলা সরকারের মাধ্যমে এটা আসছে। আজকে আমরা দেখতে পেলাম সেখানে রিফাইনারি এক্সপ্যানসানের য কথা, যে পরিকল্পনা আগামী ৫ বৎসরের মধ্যে নূতন করে গৃহীত হচ্ছে বলে নিশ্চিত আশ্বাস দেখা যাচ্ছে না। যে আশ্বাস আমরা পেয়েছিলাম জাহাজ নির্মাণের কারখানা গড়ে উঠবে সে আশ্বাসও আজকে সেখানে দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারত-

বর্ষের অর্থনীতির বুনিয়াদকে শক্ত করে গড়ে তোলার জন্য আমাদের পরিকল্পনা গ্রহণ করা হয় ও সেই পরিকল্পনাকে কার্য্যকরী করবার জন্য যদি তার পিছনে রাজনৈতিক উদ্দেশ্য থাকে তাহলে যেমন ভাবে ভারতবর্ষের অগ্রগতি খুঁড়িয়ে খুঁড়িয়ে হচ্ছে, ভারতবর্ষের অর্থনীতির বুনিয়াদ শক্ত ভিতের উপর গড়ে উঠেনি বালির বাঁধের উপর তৈরি হচ্ছে, তেমন যদি পরিকল্পনা—হলদিয়ায় জাহাজ নির্মাণের কাজ তুলে নিয়ে গিয়ে রাজনৈতিক কারণে অন্য জায়গায় নিয়ে যাওয়া হয় তাহলে ভারতবর্ষে মানুষের কল্যাণ করা যাবে না। এই কথা নিশ্চয়ই আমাদের সকলকে স্বীকার করতে হবে। যদি সেখানে এই চিন্তাকে পরিবর্তন করবার জন্য রাজনৈতিক চাপ অন্য প্রদেশ থেকে আনার ফলে আজকে হলদিয়ার পরিবর্তে যদি অন্য জায়গায় জাহাজ নির্মাণের কারখানা চলে যায় তাহলে বুঝতে হবে যে পরিকল্পনা কমিশন থেকে আরম্ভ করে কেন্দ্রীয় সরকার পর্য্যন্ত যে যুক্তির ভিত্তিতে এবং ভৌগলিক পরিস্থিতির ভিত্তিতে আজকে দেশের বাণিজ্যিক পরিবেশ সৃষ্টি করার দরকার তা তারা করছেন না। যদি তারা তা না করেন তাহলে আজকে পশ্চিমবাংলা বিধানসভায় যে প্রস্তাব আমরা রেখেছি আমরা মনে করি পূর্বভারতের অন্যান্য প্রদেশগুলিও সে প্রস্তাবকে সমর্থন করবে এবং কেন্দ্রীয় সরকারের কাছে তাদের দাবী নিশ্চিতভাবে তারা তুলে ধরবেন। আমরা পশ্চিমবাংলায় বাঁচবার কারণে, অর্থনীতি গড়ে তোলার কারণে, বেকার সমস্যা ঘোচাবার কারণেই শুধু এই কথা বলছি না। আমরা বলছি কারণ আজকে যদি পশ্চিমবাংলা না বাঁচে তাহলে সারা পূর্ব ভারত বাঁচবে না। আজকে পশ্চিমবাংলায় জাহাজ নির্মাণের কারখানা ও অন্যান্য পরিকল্পনা যদি কার্য্যকরী না হয় তাহলে পূর্বভারতের অগ্রগতি ব্যাহত হবে। কেন হবে তা আমরা সকলেই জানি। বিদেশের সঙ্গে যোগাযোগ-এর ক্ষেত্রে যে সূত্র আগমনের পথ এবং নির্মাণের পথ আজকে পশ্চিমবাংলা কলকাতা এবং হলদিয়ার মাধ্যমে সারা পূর্বভারতের হচ্ছে। এবং এমন পোটেনসিয়ালিটি ডেভালাপ করতে অন্য কোথাও পারে না। হলদিয়া এবং কোলকাতা ছাড়া জাহাজ নির্মাণের পূর্ব-ভারতের আসল যে অগ্রগতি তা হতে পারে না। আজকে তারই ভিত্তিতে এখানে অন্যান্য সদস্যরা অনেক তথ্যপূর্ণ যুক্তি দিয়েছেন। আমি তাঁদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলবো যে আজকে এই প্রস্তাবকে নূতন করে গ্রহণ করার পিছনে যেন কোন রাজনৈতিক উদ্দেশ্য না দেখি। আমরা যেন এই দৃষ্টিভঙ্গি নিয়ে দেখি যে পূর্বভারতকে বাঁচাতে হলে আজকে পশ্চিমবাংলাকে বাঁচাতে হবে। ভারতবর্ষকে বাঁচাতে হলে পশ্চিমবঙ্গকে বাঁচাতে হবে। তা যদি না হয় তাহলে নিশ্চয়ই অগ্রগতির ব্যাহত হবে। এবং সারা ভারতবর্ষের অগ্রগতি ব্যাহত হব। আমি এই কথা নিশ্চিতভাবে বলছি যে আমাদের সমস্ত অগ্রগতি ব্যাহত হবে। সেখানে যুক্তির ভিত্তিতে আপনার মাধ্যমে বলছি যে আজকে আন্তর্জাতিক চিন্তার কথা যদি বলি তাহলে দেখবেন যে অর্থনৈতিক উন্নতি কোন প্রাদেশিক সীমারেখার মধ্যে সীমাবদ্ধ রেখে কোন প্রদেশ বাঁচতে পারে না। অর্থনৈতিক উন্নতি ছাড়া কোন দেশ উন্নতি করতে পারবে না। আজকে আমরা পেট্রোলিয়ামের ধাক্কায় আমাদের অর্থনীতির বুনিয়াদ টল মল করে দিয়েছে। সারা দুনিয়া আজকে চিন্তা করছে এই কথা। আজকে প্রদেশিক ভিত্তিতে, কোন দেশীয় বা আন্তর্দেশীয় ভিত্তিতে কোন কিছুর সীমারেখার ভিত্তিতে অর্থ-নীতিকে কখনও দাবিয়ে রাখা যাবে না। আজকে সারা পৃথিবীকে চিন্তা করতে হবে যে উন্নত এবং অনুন্নত দেশগুলি সামগ্রিকভাবে যে পরিকল্পনা গ্রহণ করে একে অন্যের প্রয়োজন মিটিয়ে সারা পৃথিবীর অর্থনীতিকে সার্থক করে যাতে গড়ে তুলতে পারে। তাই আজকে আন্তর্জাতিক বানিজ্যিক চিন্তাধারা ছাড়া সেখানে অন্য কিছু হতে পারে না। সেখানে কি পরিনতি আমরা দেখছি? ইনটারন্যাশানাল অর্গানাইজেসান আজকে সারা পৃথিবীর কথা চিন্তা করছে, ইনটারন্যাশানাল লেবার অর্গানাইজেসান তারা আজকে ঠিক এইভাবে সারা পৃথিবীর কথা চিন্তা করছে। তখন আমরা এখানে প্রাদেশিক সীমারেখার কথা চিন্তা করছি। আজকে প্রাদেশিক সীমারেখা অতি তুচ্ছ জিনিষ। সেখানে বানিজ্যিক ভিত্তিতে গড়ে তোলবার জন্য আমরা মনে করছি প্রয়োজন মত রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে আমাদের দেশের অগ্রগতি ঠিক রাখতে পারবো এটা ভুল চিন্তা। সেখানে বাণিজ্যিক ভিত্তি গড়ে তোলবার জন্য আমরা মনে করছি প্রয়োজনমত রাজনৈতিক উদ্দেশ্যকে যে কোন জায়গায় নিয়ে গিয়ে দেশের অর্থনীতির অগ্রগতি ঠিক রাখতে পারবো এটা ভুল হবে। যে চিন্তাধারা এই পথে পরিকল্পনাকে নিয়ে যাচ্ছে সে চিন্তা কখনও মঙ্গলপ্রসু নয়। সেই

চিন্তাকে সৎপথে আনবার জন্য বিধানসভার মাধ্যমে আজকে সারা পশ্চিমবঙ্গের মানুষের মতামত কেন্দ্রীয় সরকারের কাছে পৌছে দিতে চাই। আমাদের সরকার এই পশ্চিমবঙ্গের মানুষের মনের কথা, পূর্বভারতের মানুষের মনের কথা কেন্দ্রীয় সরকারের কাছে পৌছে দিয়ে তাঁদের উপযুক্ত দায়ীত্ব পালন করবেন বলে নিশ্চয় আমরা আশা রাখি এবং আমার এই বক্তব্য আবার সমর্থন করে জয়হিন্দ বলে শেষ করবো।

[3-10—3-21 p.m.]

Shri Barid Baran Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅহিন মিশ্র একটি প্রস্তাব এই সভায় রেখেছেন এবং বিবিধ সদস্য বিভিন্নভাবে এই প্রস্তাবের পক্ষে যুক্তি রেখেছেন। আন্তর্জাতিক বাণিজ্যের কারণে, অর্থনৈতিক কারণে, পূর্বাঞ্চলের অর্থনীতিকে গড়ে তোলবার কারণে তাঁরা বিবিধ-ভাবে বক্তব্য রেখেছেন। আমি একটা রাজনৈতিক কথা আপনার সামনে রাখছি। আপনার নিশ্চয় মনে আছে মাত্র দু-তিন বছর আগেকার ঘটনা ১৯৭১ সালে পশ্চিমবঙ্গের চারপাশ রাজনৈতিক অন্ধকারে ঢাকা ছিল। সেই সময় আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ-শঙ্কর রায় তদানীন্তনকালে পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে কলকাতায় এলেন, হাওড়া স্টেশনে নেমে তিনি একটা সাংবাদিক বৈঠকে বলেছিলেন হলদিয়া প্রকল্পে পশ্চিমবঙ্গের বেশ কিছু বেকার যুবকের কর্মসংস্থান হবে। তদানীন্তনকালে চরমবাদী রাজনীতি যাঁরা করতেন তাঁদের মধ্যে একজন তাত্বিকের সঙ্গে কথা বলেছিলাম তিনি হেসে বলেছিলেন আমাদের এটা সত্যি কি মিথ্যে জানি না তবে খবরের কাগজে এটা লীড নিউজ-এ বের হবার পর আমাদের রাজনৈতিক আন্দোলনের একটা বিরাট ধাক্কা এসে পড়লো। পশ্চিম-বাংলার বেকারী, পশ্চিমবাংলার ক্ষুধা, পশ্চিমবাংলার মানুষের হতাশা তদানীন্তনকালে যে অন্ধকারের রাজনীতি এনেছিল হলদিয়া প্রকল্পের ঘোষণা আমাদের কাছে দ্বিতীয়বার অন্ধকারের রাজনীতির বিরুদ্ধে সংগ্রাম করতে সাহায্য করেছিল। আজকে এই বলে অভিনন্দন জানাবো যে আজকে বিভিন্ন বক্তা তাঁদের কণ্ঠস্বরের মাঝখান দিয়ে এই কথা বলতে চাইলেন এই প্রকল্প শুধুমাত্র পশ্চিমবাংলা বা ভারতবর্ষের কারণে নয় আন্তর্জাতিক বাণিজ্যের পরিপ্রেক্ষিতে তাঁরা বক্তব্য রাখলেন। আমি বলছি আমাদের স্টেটে তীব্র বেকার, রয়েছে, আমি প্রাদেশিকতার কথা বলছি না, আমাদের দেশে ইনডাস্ট্রি গড়ে উঠছে না। আজকে হলদিয়া প্রকল্পে সেই কারণে একটা বিরাট সম্ভাবনা রয়েছে। এই হলদিয়া প্রকল্পকে যদি সত্যিই বাস্তবে রূপ দেওয়া যায় তাহলে শুধুমাত্র পশ্চিমবাংলা বাঁচবে না, মাননীয় সদস্যরা যা বলেছেন তাঁদের সঙ্গে একমত এই প্রকল্প সারা উত্তরভারতে, পূর্বভারতে একটা নূতন দিগন্তের সূচনা করবে। এই প্রকল্পকে সাহায্য করবার জন্য কেন্দ্রীয় সরকারকে আমার সরকার জানিয়েছেন। এইজন্য প্রয়োজনীয় সবরকম কারিগরী এবং ভারী শিল্পের সমাবেশ নিকটেই আছে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভবেশ কমিটি হলদিয়া প্রকল্পকে শ্রেষ্ঠ স্থান বলে চিহ্নিত করেছেন। যদিও নরুল্লা কমিটির রিপোর্ট এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন তবু বলবো যেন ভবেশ কমিটির রিপোর্ট এ্যাকসেপ্ট করে নেওয়া হয় এবং তার ভিত্তিতে সময়ের ক্ষেপকে বন্ধ করে দিয়ে আজকে এই প্রকল্পকে অতি সত্বর কার্য্যে রূপায়িত করতে হবে। হলদিয়া প্রকল্পের উপর হলদিয়া বন্দরের উপযোগীতা এবং বড় জাহাজের আগমন নির্ভর করছে। যদি আজকে এখানে ড্রাই ডক ফেসিলিটিসের ব্যবস্থা করা যায় তাহলে বড় জাহাজ আসতে পারে। কেন্দ্রীয় সরকার অজুহাত দিচ্ছেন, অজুহাতই বলছি এই কারণে যে হলদিয়া প্রকল্পের সন্নিকটে নাকি দুটো বড় চড়া পড়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাই ১৯৭৩ সালের নভেম্বর মাস থেকে একটি ইমপোরটেড মাঝখানে ডাচ ফার্ম-এর ড্রেজার দিয়ে ওখানে সেই চড়া কাটা হচ্ছে এবং ২৯শে এপ্রিল ১৯৭৪ সালের মধ্যে আরও একটা ড্রেজার আসছে। এইসব ড্রেজারের এ্যাকটিভিটিতে ওখানে ১৯৭৫ সালের মধ্যে একটা ক্ষমতা আনা যাবে এবং যেখানে এই অজুহাতকে ভেঙ্গে ফেলা যাবে। আমি আপনার কাছে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলছি আজকে প্রাদেশিক কারণে নয়, সারা ভারতের রাজনৈতিক চক্র আপনার সামনে তুলে ধরছি। আপনি তাকিয়ে দেখবেন আজকে উত্তরপ্রদেশের যে

চিনি এবং চামড়া রপ্তানী করে থাকে, সেই চিনি এবং চামড়া রপ্তানী করবার জন্য এই হলদিয়া প্রকল্প এবং জাহাজ নির্মান কারখানা। এই হলদিয়া প্রকল্প বাস্তবে রূপায়িত হলে, সেই পোর্ট বেঁচে উঠতে পারলে, হলদিয়া প্রকল্পের সাথে যদি আরও কল-কারখানা গড়ে উঠে তাহলে এই পোর্টের ইমপরটেন্স বাড়বে। উত্তরপ্রদেশ লাভবান হবে, আসাম চা রপ্তানীর মাধ্যমে লাভবান হবে, মধ্যপ্রদেশ শাল-বল্লা রপ্তানীর মাধ্যমে লাভবান হবে। আয়রণ ওর যাঁরা এক্সপোরট করে থাকেন তারা আয়রন ওর এক্সপোর্ট করে এখান থেকে লাভবান হতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার সামনে একটা কথা খুব জোরের সঙ্গে বলতে চাইছি।

আজকে আপনার সামনে একজন মাননীয় সদস্য বক্তৃতা রেখেছে যে পূর্বাঞ্চল সর্বভারতীয় অর্থনীতির ক্ষেত্রে অনেক দিন থেকে বঞ্চিত হতে চলেছে। তাই আজকে এখানে যে প্রস্তাব আনা হয়েছে এই প্রস্তাব যদি সম্ভব হয় তাহলে পূর্বাঞ্চলের বিভিন্ন মানুষের কাছে পৌঁছে দিতে চাচ্ছি এবং তা করতে চাই প্রাদেশিকতা করবার জন্য নয়। পূর্বাঞ্চলের অর্থনীতিকে বাঁচিয়ে রাখতে হবে এবং সর্বভারতীয় রাজনীতিকে বাঁচিয়ে রাখবার জন্য তা করতে চাই। আজকে আমাদের দেশের যে কয়েকটি পরিকল্পনা যে কয়েকটি অর্থনৈতিক ব্যবস্থা তাকে রূপায়িত করবার যে চেষ্টা করা হয়েছে যে কয়েকটি ব্যবস্থা নেওয়া হয়েছে যে কয়েকটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে কেবলমাত্র পলেটিক্যাল কনসিডারেসন দেওয়া হয়েছে অর্থনীতিকে সামনে রেখে নয়। যদি আজকে আয়রণ উড়িষ্যায় এবং কয়লা যদি পশ্চিম-বঙ্গে পাওয়া যায় তাহলে ইনডাষ্ট্রি গড়ে উঠে ঐ সাউথ ইন্ডিয়ায় সেখানে হয় ষ্টীল ফ্যাক্টরী, আয়রণ ফ্যাকটরী। এবং তার জন্য অর্থনীতিক দিক থেকে দেখতে গিয়ে দেখা যায় সেখানে ট্রান্সপোর্টে অনেক টাকা চলে গেল--পরিকল্পনার অর্ধেক খরচ তাতেই ব্যয় হয়ে গেল। এটা প্রাদেশিকতার কথা নয়। আজকে ভারতবর্ষে যদি যুক্তরাষ্ট্রের চরিত্র রাখা হয় তাহলে ভারতবর্ষকে প্রাদেশিকতার গণ্ডি থেকে বেরিয়ে আসতে হবে আঞ্চলিক গন্ডি থেকে বেরিয়ে এসে সামগ্রিকভাবে ভারতবর্ষের চরিত্র সামনে রাখতে হবে। আজকে রাজনৈতিক ভারসাম্য কিছু কিছু দেখা দিয়েছে যার কারণে একটা অর্থনৈতিক কারণে এক একটা প্রদেশ তার যে বেসিক র-মেটিরিয়াল আছে তাকে ডেভেলপ করতে দেওয়া হয়নি। আজকে যদি তাকে ডেভেলপ করতে দেওয়া হোত তাহলে সমগ্র ভারতবর্ষে একটা প্রদেশ আর একটি প্রদেশের উপর নির্ভরশীল হ'ত এবং যুক্তরাষ্ট্রের চেহারা গড়ে উঠতো। তাই আজকে বলছি অত্যন্ত বিনয়ের সঙ্গে যে শুধু পশ্চিমবাংলাকে বাঁচাবার জন্য নয় পূর্বাঞ্চলকে বাঁচাবার জন্য নয় সারা ভারতবর্ষের রাজনৈতিক ও অর্থনীতিকে সুসংহত করবার জন্য হলদিয়া পরিকল্পনাকে একটা উদাহরণস্বরূপ রাখা হোক। পশ্চিমবাংলার মানুষের কণ্ঠস্বরকে গ্রহণ করে কেন্দ্রীয় নেতৃবৃন্দ আমাদের সুবিচার দিন। আমি শুধু-মাত্র কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণার কথা বলছি না। গত কয়েক দিন আগে আর এক-জন সদস্য আপনার কাছে এসে একটি কথা নোট করিয়েছিলেন। সেটা হচ্ছে যে আমরা খাদ্য আনতে কেন্দ্রের কাছে গিয়েছিলাম এবং তাতে আমরা দেখেছি যে আমাদের প্রধান-মন্ত্রী আমাদের খাদ্যমন্ত্রী এবং আমাদের অন্যান্য মন্ত্রীরা কি সুন্দর মনোযোগের সঙ্গে আমাদের সমস্ত সমস্যার কথা শুনতে চান জানতে চান। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনাকে বলছি যে, যদি প্রয়োজন হয় তাহলে দিল্লীর কাছে বিনয়ের সঙ্গে জোড়হাত মুঠা করে আমাদের দাবী ছিনিয়ে আনতে হবে। আমি অতীতেও আপনার কাছে বলেছি যে আমাদের স্টেটের ন্যায্য দাবীকে ছিনিয়ে আনবার জন্য প্রাদেশিকতার কথা উঠে না। সেখানে আছে ন্যায্য কথা—ন্যায্য পাওনা আনবার জন্য আমরা দেখেছি অতীতেও যে বিভিন্ন প্রদেশের সকল নেতৃবৃন্দ দিল্লীর কাছে প্রয়োজনীয় দাবী রাখে এবং এইভাবেই সর্বভারতীয় রাজনীতি প্রতিষ্ঠিত হয়েছে। আমরা এ ঘটনা বহুবার বহু জায়গায় আজও দেখছি। তাই আমি আমার প্রাদেশিক নেতৃবৃন্দের কাছে বলছি যে আপনারা কেন্দ্রের কাছে আমাদের বক্তব্য তুলে ধরুন। একথা আমরা অতীতেও বলেছি যে কেন্দ্রীয় সরকার ১০বার চিঠি লিখে পাঠিয়েছে পশ্চিমবঙ্গ সরকারের থেকে কোন উত্তর পায়নি। আজকে হলদিয়া পরিকল্পনা নিয়ে এতদিন পরে আমাদের বিধানসভায় দাঁড়িয়ে দু বছর পরে চোখের জল ফেলতে হচ্ছে। এর চেয়ে লজ্জার বা দুঃখের কথা আর কিছু নাই।

এই হলদিয়া পরিকল্পনা শুধু পশ্চিমবাংলার মানুষের স্বার্থে নয়, এই পরিকল্পনা পূর্বাঞ্চলের যে সমস্ত মানুষ থাকেন তাদের সকলের স্বার্থে আগামী দিনে তাদের মনে একটা সুন্দর ছবি আঁকবার দাবীতে এই হলদিয়াকে বাস্তবে রূপায়িত করবার জন্য এই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং দাবী করছি শুধু এই পবিত্র বিধানসভার গন্ডীর মধ্যে দাঁড়িয়ে এই প্রস্তাব গ্রহণের মাঝখান দিয়ে আমাদের কর্তব্য শেষ না করে প্রয়োজন হলে পশ্চিমবাংলার অর্থনৈতিক ভারসাম্যকে বাঁচাবার জন্য রাজনৈতিক ধান্দাবাজ থেকে সরিয়ে আনবার এবং পশ্চিমবাংলার ভুকা মানুষদের জন্য আমি অনুরোধ করবো এই সভায় যে গোর্খা লীগ, মুসমিল লীগ, সি,পি,আই, আমাদের কংগ্রেস দল ও সংগঠন কংগ্রেসের সকলকে নিয়ে একটা সর্বদলীয় কমিটি দিল্লীতে যাবে যদিও মনে করি যে এই ব্যাপারে অনেক রাজনৈতিক তর্ক আসতে পারে--কিন্তু বিশ্বাস করি যে আজকে আমরা এই সমস্ত রাজনীতিকে ধাক্কা মেরে পশ্চিমবাংলার সামগ্রিক চিত্র সেখানে তুলে ধরতে পারবো এবং সেই চিত্রকে তুলে ধরবার জন্য আজকে হলদিয়া পরিকল্পনার দাবীকে সর্বান্তঃকরণে সমর্থন করছি যাতে এই সভা সেই প্রস্তাব গ্রহণ করে আগামী দিনে এগিয়ে যেতে পারে। এই কথা বলে শেষ করছি। জয়হিন্দ্ ।।

Mr. Speaker : Now, the mover can speak again by way of reply.

Shri Ahindra Misra :

অনারেবল স্পীকার স্যার, আমার এই হলদিয়া জাহাজনির্মাণ কারখানা সম্পর্কে প্রস্তাবটি মাননীয় সদস্য বন্ধুগণ যেভাবে সমর্থন করেছে এবং যেভাবে হাউসের মধ্যে ঐকমত্যের বিকাশ ঘটেছে তার জন্য ধন্যবাদ জানাই। এই জাহাজনির্মাণ কারখানার গুরুত্ব পশ্চিমবাংলা তথা সমগ্র পূর্বভারতের অর্থনৈতিক কাঠামোর পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক দুরবস্থার পরিপ্রেক্ষিতে তার যে গুরুত্ব কতখানি আছে সে বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই। আজকে মাননীয় সদস্যরা যে ভাবে এই প্রস্তাব সমর্থন করেছেন তার জন্য আমি মাননীয় সদস্য বন্ধুদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Ahindra Misra that -

Whereas this Assembly is of opinion that there has been inordinate delay in finalisation of the proposal for construction of a Ship-building yard at Haldia in West Bengal ;

And whereas the case of Haldia has been strongly recommended by the experts as the most ideal site for location of the Ship-building yard in the Eastern Region during the Fifth Five Year Plan ;

And whereas the delay in implementation of the proposal is causing much resentment amongst the people who are anxiously looking forward towards its early implementation for the rapid economic and commercial growth of the State ;

This Assembly therefore urges upon the Prime Minister and the Central Government to expedite the matter and to ensure that the proposal of constructing the Ship-building yard at Haldia is taken up at an early date.

was then put and agreed to.

Mr. Speaker : Honourable members, the questions which could not be taken up today would be taken up on the next rotational day.

Adjournment

The House was then adjourned at 3-21 p.m. till 1 p.m. on Monday, the 22nd April, 1974, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 22n l April, 1974, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 2 Deputy Ministers and 152 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made a Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take oath)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

পুরুলিয়া জেলা স্কুল বোর্ডের অফিস

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৯) **শ্রীশরৎ দাস** ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জিলা স্কুল বোর্ডের অফিস বর্তমানে একটি ভাড়া বাড়ীতে অবস্থিত আছে এবং মাত্র ছোট ছোট আড়াইটা ঘরের মধ্যে সেখানে কাজ হয়; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

Shri Mrityunjoy Banerjee :

(ক) হাঁ।

(খ) পুরুলিয়া জেলার প্রাথমিক বিদ্যালয় সমূহের পরিদর্শকের নিকট হইতে এই বিষয়ে বিস্তারিত বিবরণ জানিতে চাওয়া হইয়াছে। উহা পাওয়া গেলে বিষয়টি বিবেচনা করা হইবে।

Shri Sarat Chandra Das :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এর জন্য কোন টাকা আপনি মঞ্জুর করেছেন কি?

Shri Mrityunjoy Banerjee :

ঠিক এই জেলার জন্য হয়নি। তবে আমরা আশা করছি এবারে অন্তত গুটিকয়েক জেলাতে যাতে আমাদের অফিসের বাড়ী হতে পারে।

Shri Sarat Chandra Das :

যে গুটিকয়েক জেলার জন্য টাকা মঞ্জুর করেছেন তারমধ্যে পুরুলিয়া জেলা আছে কি?

Shri Mrityunjoy Banerjee:

কোন জেলার নাম এখনও ঠিক হয়নি।

Shri Sarat Chandra Das:

কবে ঠিক করবেন?

Shri Mrityunjoy Banerjee:

শীঘ্রই ঠিক করবো।

Shri Abdul Bari Biswas:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই প্রশ্নে "২।। খানা ঘর" এই কথাটির মানে কি?

Shri Mrityunjoy Banerjee.

প্রশ্নকর্তাকে জিজ্ঞাসা করুন।

মেদিনীপুর প্রাথমিক বিদ্যালয়বিহীন মৌজা

*৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮) **শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ মৌজায় (সার্কেলওয়ারী) প্রাথমিক বিদ্যালয় নাই; এবং

(খ) প্রাথমিক বিদ্যালয়বিহীন মৌজাগুলিতে উক্ত বিদ্যালয় মঞ্জুর করিবার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, তাহা কি?

Shri Mrityunjoy Banerjee.

(ক) ১৯৬৬ সালের শিক্ষা সারভে রিপোর্ট অনুসারে বিদ্যালয়বিহীন সকল মৌজায় বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হইয়াছিল। কিন্তু উক্ত সার্ভে রিপোর্ট-এ অসংগতি থাকায় ও কিছু বিদ্যালয়বিহীন মৌজার উল্লেখ না থাকায় সরকার পুনরায় সার্ভের নির্দেশ দিয়াছেন। উক্ত সার্ভে সমাপ্ত হইলে, কোন্ কোন্ মৌজায় প্রাথমিক বিদ্যালয় নাই, তাহার তালিকা তখন দেওয়া সম্ভব হইবে।

(খ) হ্যাঁ। এই বিষয়ে জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাঃ) মহাশয়কে যথাযথ নির্দেশ দেওয়া হইয়াছে।

Shri Pradyot Kumar Mahanti:

মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি, এই যে সার্ভে রিপোর্ট পুনরায় করতে বলা হয়েছে সেই সার্ভে রিপোর্ট দেবার জন্য কোন তারিখ বা সময় নির্দিষ্ট করে দিয়েছেন কিনা?

Shri Mrityunjoy Banerjee:

আমরা যত তাড়াতাড়ি সম্ভব করানোর চেষ্টা করছি। নির্দিষ্ট তারিখ কিছু নেই।

Shri Pradyot Kumar Mahanti:

মাননীয় মন্ত্রীমহাশয়ের নিশ্চয়ই মনে আছে যে এই বিধানসভার সদস্যদের কাছ থেকে প্রাথমিক বিদ্যালয়বিহীন মৌজার একটা তালিকা চেয়েছিলেন। তা মন্ত্রীমহাশয় কি দয়া

করে বলবেন যে সমস্ত সদস্যদের কাছ থেকে সেই তালিকা পেয়েছেন তার বেসিসে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Shri Mrityunjoy Banerjee :

সেগুলি পরীক্ষা করে দেখা হচ্ছে।

Shri Bhupal Chandra Panda :

মাননীয় মন্ত্রীমহাশয়, বর্তমানে যে সমস্ত মৌজায় স্কুল নেই, সেই সমস্ত মৌজাগুলির যে দরখাস্তগুলি বর্তমানে জেলা স্কুল বোর্ডের কাছে রয়েছে সেগুলিকে প্রাইওরিটি দেওয়া হবে কি না সেটা জানাবেন কি?

Shri Mrityunjoy Banerjee :

কোন কোন মৌজাতে স্কুল নেই, ঠিক ঠিক ভাবে সেটা যতক্ষণ না জানা যাচ্ছে ততক্ষণ প্রায়োরিটি কাকে দেওয়া হবে বলা যাচ্ছে না।

Shri Khan Nasiruddin :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই হিসাবটা কতদিনে শেষ হবে?

Shri Mrityunjoy Banerjee :

এই বছরেই একটা ব্যবস্থা নেওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

*347 **Mr. Speaker :** I have not received the copy of the answer to this question. So this is held over.

*354 **Mr. Speaker :** Answer to this question has not been received. This is also held over.

জুনিয়ার হাই স্কুলের স্বীকৃতি

*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৮।) **শ্রীশিশ মহম্মদ ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কতগুলি সরকারী অনুদানভোগী জুনিয়ার হাইস্কুল আছে;

(খ) উক্ত জেলার সুতি ও সামসেরগঞ্জ থানা এলাকা থেকে কতগুলি জুনিয়ার হাইস্কুলের সরকারী স্বীকৃতি ও মঞ্জুরীলাভের জন্য আবেদনপত্র এসেছে; এবং

(গ) এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

Shri Mrityunjoy Banerjee :

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে সরকারী অনুদানভোগী মোট ৯০টি জুনিয়ার হাই স্কুল আছে;

(খ) উক্ত জেলার সুতি ও সামসেরগঞ্জ থানা এলাকা হইতে মোট ৭টি জুনিয়ার হাই স্কুলে সরকারী স্বীকৃতি এবং মঞ্জুরীলাভের জন্য আবেদন পত্র আসিয়াছে; এবং

(গ) আবেদনকারী স্কুলগুলির মধ্যে ১টি (কানপুর মবজগ্রাম জুনিয়ার হাই স্কুল) পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে জেলা মাধ্যমিক উপদেষ্টা কমিটি কর্তৃক বিবেচিত হইয়াছে এবং মঞ্জুরীর জন্য তাঁহাদের সুপারিশ সহ মাধ্যমিক শিক্ষার পশ্চিমবঙ্গ বোর্ডের কাছে প্রেরিত হইয়াছে।

Shri Shish Mohammad :

মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে মুর্শিদাবাদ জেলার সুতি সামসেরগঞ্জ থানা এলাকায় কানপুর নবজাগ্রম বলে একটা জায়গার কথা বললেন। সেই কানপুর নবজাগ্রম বলে স্কুলটি আছে কি বা কানপুর নবজাগ্রম বলে কোন জায়গা আছে কি?

Shri Mrityunjoy Banerjee :

নিশ্চয়ই থাকবে, আমার কাছে দরখাস্তের লিস্ট আছে।

Shri Shish Mohammad :

আমি চেয়েছি সুতী সামসেরগঞ্জ এলাকা থেকে কয়টা দরখাস্ত এসেছে। আপনি বললেন নবজাগ্রম। এটা নবজাগ্রম হবে, না, নবগ্রাম হবে? কারণ সুতী সামসেরগঞ্জ থানা আর নবগ্রাম থানা এক নয়। কাজেই এটা বলবেন কি?

Shri Mrityunjoy Banerjee :

সাতটি পিটিশান এসেছিল। তার মধ্যে একটা সিলেক্টেড হয়েছে। কানপুর নবজাগ্রম বা নবগ্রাম হতে পারে।

Shri Shish Mohammad :

একটির রিপোর্ট এসেছে। বাকী ৬টি সম্পর্কে কি বিবেচনা করছেন সেটা জানাবেন কি?

Shri Mrityunjoy Banerjee :

দেখছি।

Shri Shish Mohammad :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এটার স্বীকৃতির জন্য এগুলি পরিদর্শন করেন কে?

Shri Mrityunjoy Banerjee :

জেলা পরিদর্শক বা সাব-ইনসপেক্টর যারা আছেন তারাই দেখাশোনা করেন।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে মধ্যশিক্ষা উপদেষ্টা কমিটি কর্তৃক যে সমস্ত জুনিয়র হাইস্কুল আছে—১৯৭৩ সালের ডিসেম্বর বা জানুয়ারীতে যে মিটিং হয়েছিল, সেখান থেকে যে সুপারিশ এসেছে সেটাতো পর্ষদে রয়ে গেছে। এই স্কুলগুলির অনুমোদনের চিঠি কবে নাগাদ স্কুলগুলিতে যাবে সেটা বলবেন কি?

Shri Mrityunjoy Banerjee :

পর্ষদের কাজকর্ম করতে অসুবিধা হচ্ছিল, স্ট্রাইক চলছিল, কর্মবিরতি চলছিল। কাজেই তারা বলেছে যত তাড়াতাড়ি পারে মিটিং করে পাশ করে দেবেন।

[1-10—1-20 p.m.]

Shri Mohammad Dedar Baksh :

এই স্ট্রাইক তো কিছুদিন হ'ল হয়েছে, কিন্তু ১৯৭৩ সালের জানুয়ারীতে এটা এসেছে অন্ততঃ মুর্শিদাবাদ জেলার কথা আমি জানি, কারণ আমি সেই উপদেষ্টা কমিটির সদস্য। কিন্তু এতদিনেও হচ্ছে না, উনি দয়া করে বলবেন কি যে ঠিক কতদিনের মধ্যে করতে পারবেন?

Shri Mrityunjoy Banerjee :

এই নিয়ে আগেও প্রশ্ন হয়েছিল, তখনও এই কথা বলা হয়েছিল, এই স্কুলগুলো অনুমোদন করলে অনেক টাকা লাগবে, তখন সেই টাকা সংগ্রহের চেষ্টা হয়েছিল। তারপর বোর্ডে পৌঁছানোর পর, বোর্ডে কর্মবিরতি শুরু হয়েছে, তার ফলে কিছু দেরী হচ্ছে, তবে কয়েক মাসের মধ্যে এটা হয়ে যাবে। খুব সম্ভবতঃ এটা ২-১-৭৪ তারিখ থেকে বলবত্‌ হবে এবং রেট্রসপেকটিভ এফেক্ট দেওয়া হবে।

Shri Shish Mohammad :

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি যে একটা স্কুলের যা রিপোর্ট এসেছে, বাকী ছয়টি স্কুল কোথাকার কোথাকার স্কুল?

Shri Mrityunjoy Banerjee :

এখানে যে ভাবে গ্রামের নাম দেওয়া আছে পড়ছি, যদি ভুল হয় মাপ করবেন। কাশীমনগর জুনিয়ার হাই স্কুল, জিগ্রি জুনিয়ার হাই স্কুল, নির্শিন্দা, শীসপুর জুনিয়ার হাই স্কুল প্রভৃতি।

Dr. Kanai Lal Sarker :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি, জি, প্রেসের স্ট্রাইক তো মিটে গেছে, আজকেও প্রেস থেকে না ছাপিয়ে কাগজ পরে আসার কারণ কি জানাবেন ?

Mr. Speaker : I am told, the Superintendent came on Saturday but he expressed his inability to take the questions and give delivery today. He has not taken the questions from my Secretariat. If the press authorities give an undertaking of ready delivery we are ready to give the papers. If they say that they are unable to deliver the printed questions in time we are not going to hand over the papers.

Shri Sukumar Bandyopadhyay :

আপনাকে উনি তো কথা দিয়ে গিয়েছিলেন যে ঠিক সময় মত কাগজপত্র পৌঁছে দেবেন, কিন্তু উনি তা করলেন না। তাঁর যে কথার ঠিক নেই, এটা কি ঠিক?

Mr. Speaker : As you are aware, on the last occasion the printed questions were not received in time and the House had to be adjourned for some time. The printed questions were received at 5 p.m. on that day.

Shri Gangadhar Pramanick :

সুপারিনটেনডেন্ট এই বিষয়ে আপনার সংগে দেখা করে এই কথা বলেছিলেন যে এর পর থেকে কোশ্চেন বা অন্যান্য কাগজপত্র সময় মত দিয়ে দেবেন, আপনি এই কথা বলেছিলেন। তিনি যে এ্যাসিয়োরেন্স দিয়েছিলেন, তিনি তা কি রাখতে পারলেন, তাহলে এই ভদ্রলোকের উপর কি আর নির্ভর করা চলে। আপনি অন্য কোথাও ব্যবস্থা করুন, যাতে সময় মত এখানে কাজ চলতে পারে।

Mr. Speaker : That is up to the Government. I can only draw the attention of the Ministers, particularly of the Minister-in-Charge of Parliamentary Affairs. The Members of the Cabinet can take decision in the matter.

The Superintendent of the Press could not give any undertaking that he would be in a position to give delivery of the printed questions in time. So, the papers were not handed over to him.

Shri Gangadhar Paramanik : If this goes on how far we can proceed.

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, I will discuss this matter with you.

Shri Monoranjan Paramanik :

স্যার, বিধানসভার কাজকর্ম অচল হয়ে যাচ্ছে, অথচ এই সম্পর্কে একটা দৃঢ় পদক্ষেপ নেওয়া হচ্ছে না। ঐ সুপারেনটেনডেন্ট বিশেষ একটি রাজনৈতিক দলের দ্বারা পরিচালিত হয়ে এই রকম ভাবে বিধান সভার কাজ স্যাবোটেজ করছে। এটা একটা কনসপিরেসি ছাড়া আর কিছু নয়। পার্লামেন্ট্রি মিনিস্টার আছেন, তিনি বলুন ঐ বি, জি, প্রেসের কর্মচারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে? আমরা তাদের বিরুদ্ধে অবিলম্বে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার বলে মনে করি। বর্তমানে কাগজ-পত্র ছাপার কাজ স্টেট ট্রান্সপোর্ট-এর প্রেস থেকে করাবার ব্যবস্থা অবিলম্বে করা হোক। এবং আমাদের এখানে একটি প্রেসের ব্যবস্থা করা হোক।

Mr. Speaker :

আমরা জানি প্রেসের ব্যাপারটা অনারেবল মিনিস্টার তরুণকান্তি ঘোষের। উনি যদি একটু দেখেন তাহলে নিশ্চয়ই সেই সুযোগ সুবিধা পাওয়া যাবে এবং এখানে পার্লামেন্ট্রি এ্যাফেয়ার্স মিনিস্টার আছেন।

Shri Gangadhar Pramanick :

স্যার, তাড়াতাড়ি উনি কি বললেন, তা আমরা বুঝতে পারলাম না।

Mr. Speaker : You are expressing your serious concern in this matter.

অনেক সময় তাড়াতাড়িতে এমার্জেন্সি ব্যাপারে ছাপিয়ে আসার অসুবিধা দেখা যায়। তার জন্য আমরা সাজেশন রাখতে পারি যে এখানে একটা প্রেস করা নয়, যে নতুন রোনিও মেশিন এখন পাওয়া যাচ্ছে সেই মেশিন যদি একটা দেওয়া যায় তাহলে ২।৩ জন কর্মচারী, অর্থাৎ টেকনিসিয়ান যা দরকার হয়, সেই ২।৩ জন টেকনিসিয়ান নিয়ে এক ঘন্টার মধ্যে আমরা প্রিন্ট করে দিতে পারব। এই রোনিও মেশিন যদি এ্যাসেম্বিলিতে ইন্সটল করা যায় তাহলে যে অসুবিধা হচ্ছে আমাদের কোশ্চেন প্রিন্ট হয়ে আসতে সেটা আর হয় না। টেবিলে কোশ্চেন সাধারনত ১০।১৫ মিনিট আগে দেওয়া হয়, কারণ কোশ্চেন বিলম্বে এসে পৌঁছোয় বলে এবং এর ফলে মেম্বারাও কোশ্চেনগুলি দেখবার সময় পান না। তাই একটি রোনিও মেশিন যদি এ্যাসেম্বিলি ইন্সটল করে তাহলে এক ঘন্টার মধ্যে এই কাজ হতে পারে। এটা আপ টু দি ক্যাবিনেট টু সি। একটা প্রেস যদি না হয়, তাহলে একটা রোনিও মেশিন থাকলেও এটা করা সম্ভব হবে। তা নাহলে খুবই অসুবিধা, সুতরাং একটা টাইমলি কাজ পেতে হলে অন্তত একটা রোনিও মেশিন, এ্যাসেম্বিলি ইন্সটলে থাকলেও সুবিধা হয়। কিন্তু

It is for the Cabinet to take a decision.

Shri Gangadhar Paramanik : This time we are facing difficulties. Cabinet must be serious about this. I know that they are serious. Let them say in the House what is their decision in the matter.

Shri Sukumar Bandyopadhyay :

স্যার, আপনিও উদ্বেগ প্রকাশ করলেন, কিন্তু মন্ত্রী মহাশয় উঠলেন, বসলেন, কি, বললেন বুঝতে পারলাম না। তিনি দয়া করে একটু বলুন, এই অবস্থায় সরকার কিছু ব্যবস্থা গ্রহণ করলে আমরা আনন্দিত হয়।

Shri Gyan Singh Sohanpal : I am sorry that honourable members could not follow what I said. What I said was that I would discuss this matter with you later on to find out a solution.

ভূমি সংক্রান্ত দুর্নীতির সহিত জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে রিপোর্ট

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩১।) শ্রীনরেশ চন্দ্র চাকীঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় চাকদহের লাইভ স্টক অফিসার ১৯৭৩ সালের ১৫ই অক্টোবর তারিখে ভূমি সংক্রান্ত দুর্নীতির সহিত জড়িত কয়েকজনের বিরুদ্ধে যে রিপোর্ট ডিস্ট্রিক্ট লাইভ্ স্টক অফিসারকে দিয়াছিলেন তাহা সরকার পাইয়াছেন কিনা এবং

(খ) পাইয়া থাকিলে,

(১) রিপোর্টের বিস্তারিত বিবরণ; এবং

(২) এই রিপোর্টের ভিত্তিতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

Shri Sitaram Mahato:

(ক) এ সম্বন্ধে কোনও রিপোর্ট সরকারের গোচরে আসে নাই।

(খ) প্রশ্নের (ক) অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

[1 20—1-30 p.m.]

Shri Naresh Chandra Chaki:

আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলতে পারি ভূষি সংক্রান্ত কেলেঙ্কারী করার জন্য চাকদহে ভূষি না দিয়ে কোলকাতায় বিক্রি করছে যার জন্য ঐ এলাকার গরুর দুধ কমে যাচ্ছে। এবিষয়ে চাকদহের লাইভষ্টক অফিসার একটা ইনকোয়ারী করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য ডি,এম,-এর কাছে রিপোর্ট দেন। কিন্তু কিছুই হয়নি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অন্য অফিসারকে দিয়ে ভালভাবে এনকোয়ারি করে দেখুন যে চাকদহে ঐ অফিসার যে কনফিডেনসিয়াল রিপোর্ট দিয়েছিলেন সেটা অফিস থেকে গোপনে কোথায় চলে গেল এবং এবিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হবে কিম্বা সেটা জানতে চাই?

Shri Sitaram Mahato:

এসম্পর্কে অনুসন্ধান করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

Septic tanks in bustees of Belgachia area

*619. (Admitted question No. *2167). **Shri Nandalal Banerjee:** Will the Minister-in-Charge of the Development and Planning (T. & C. P.) Department be pleased to state—

(a) whether the Government is aware that the septic tanks built in bastees in Belgachia area are getting chocked up for want of proper flushing; and

(b) if so, the arrangement made or proposed to be made for cleansing these septic tanks?

Shri Bholanath Sen: (a) No such complaint has been received.

(b) Does not arise.

Shri Nandalal Banerjee:

সেপটিক ট্যাঙ্ক চোকড্ হয়ে যাচ্ছে এই রকম অভিযোগ তিনি শোনেননি। আমি জানতে চাই অভিযোগ করলে রাইটাস্‌বিল্ডিং-এ মন্ত্রীমহাশয়ের কক্ষে করতে হবে, না ক্যালকাটা কর্পোরেশন-এ করতে হবে? ক্যালকাটা কর্পোরেশন-এ মানুষ যাচ্ছে পরিষ্কার হচ্ছে না। তাহলে কোথায় বলছেন রিসিভ করা যায়নি সেটা জানতে চাই?

Shri Bholanath Sen :

ছিল বেলগাছিয়া এরিয়া সম্বন্ধে। এই এরিয়া সম্বন্ধে আমার যা খবর আছে সেটা ড় শোনাচ্ছি।

ost of the latrines constructed in Belgatchia bustee are to be connected to the wer. These have not yet been put to commission. In Kundoo lane bustee which located in Belgatchia area some septic tanks have been constructed but no mplaint regarding chokage has been received. The septic tanks constructed ve one to two years frequency of desludging. It has been decided that the alcutta Corporation will maintain this and the expenditure incurred will be borned CMDA till a final decision regarding maintenance is taken. For desludging ptic tanks in Paikpara, Cossipur-Belgatchia bustees, Calcutta Corporation have ready called for tenders and are taking action.

র্থাৎ কিনা ক্যালকাটা কর্পোরেশন মেনটেন্স-এর জন্য সি.এম.ডি.এ. ক্যাপিটাল এক্সপেন-চার করে। আমরা সেপটিক ট্যাঙ্ক করলাম, কিন্তু তার মেনটেন্স করার কথা ক্যালকাটা র্পোরেশন। ক্যালকাটা কর্পোরেশন-এর সুয়ার পাইপ আছে তা অনেক সময় লে করে অনেক ময় করে না। কানেকশান যেখানে আছে সেখানে অসুবিধা হচ্ছে, যেখানে কানেকশান নেই খানে অসুবিধা হচ্ছে। লোকজন অনেক সময় সুয়ার ট্যাঙ্ক কমপ্লিট হবার আগেই তারা সেটা বহার করতে আরম্ভ করেছে। ক্যালকাটা কর্পোরেশনের সঙ্গে আলোচনা চলছে, তাঁরা গুলি মেনটেন করবার চেষ্টা করছেন, তাদের টাকার অভাবের কথা বলেছেন, সে সম্বন্ধে ালোচনা চলছে। আলটিমেটলি ক্যালকাটা কর্পোরেশানকে হয়ত মেনটেন করতে হবে। ন্তু আমরা টেমপোর‍্যারিলি একটা এ্যারেঞ্জমেন্ট করেছি যাতে ক্যালকাটা কর্পোরেশান নটেন করে এবং তারজন্য যদি কিছু খরচ হয় তাহলে আমরা সেটা বেয়ার করব ফর ় টাইম বিইং আনটিল এ ফাইনাল ডিসিসান ইজ রিচড।

Shri Nandalal Banerjee :

ানীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে আমার বেলগাছিয়া কনস্টিটিউয়েন্সিতে কানেকটেড প্রভিজ বলে কিছু আন্ডারগ্রাউন্ড সুয়ারেজ নেই, সেটা ওপেন সার্ফেস ড্রেনে গিয়ে পড়ে?

Shri Bholanath Sen :

ামি জানি কোন কোন জায়গায় যায়নি, কোন কোন জায়গায় গেছে। প্রবলেম সোজা নয় ়কদিনে এই প্রবলেমের সমাধান সম্ভব নয়। এই সম্বন্ধে আলোচনা চলছে, কিছু কিছু াজ চলছে তবে রাতারাতি এই প্রবলেম সল্ভ করতে পারা যায় না, কারণ, বেলগাছিয়া ়জ এ ভেরি ভেরি কমপ্লিকেটেড প্রবলেম:

Dr. Kanai Lal Sarker :

মাননীয় মন্ত্রী মহাশয় কর্পোরেশনের উপর ভার দিয়েছেন সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করবার জন্য। আমি অনুরোধ করব উনি যদি অন্য কোন বন্দোবস্ত করেন তাহলে ভাল হবে। কারণ, কর্পোরেশনের যেসব সেপটিক ট্যাঙ্ক অন্যান্য জায়গায় আছে সেগুলি দেড় বছর, ২ বছর পরিষ্কার করা হয় না। সেজন্য অনুরোধ আপনি আলাদা একটা সংস্থা করে সেগুলি পরিষ্কার করার ব্যবস্থা করুন।

Shri Bholanath Sen :

যদিও এটা প্রশ্ন নয় তাহলেও এই সম্বন্ধে আপনাদের একটা কথা বলা প্রয়োজন সেটা হল এই যে আমি আগেই বলেছিলাম ক্যাপিটাল গুড আমরা তৈরি করি, মেনটেন্যান্সের ভার মিউনিসিপ্যালিটির উপর পড়ে। আপনি বলছেন কর্পোরেশানের লোক না দিয়ে অন্য একটা ন্দোবস্ত করার কথা অর্থাৎ কোন সি.এম.ডি.এ'.-র মধ্য দিয়ে কন্ট্রাক্ট দিয়ে হোক, ডাই-রেক্ট হোক মেনটেন্যান্সের বন্দোবস্ত করা। কিন্তু দুঃখের কথা হল এই কর্পোরেশানের

এত লোক আছে যারা মাথায় করে নাইট সয়েল নিয়ে যেতেন তাদের, এই সেপটিক ট্যাঙ্ক বছরে হয়ত একবার কি দুবার পরিষ্কার করা প্রয়োজন, কাজ খুব কম। আমরা নিজে কর্পোরেশানের ওয়ার্ড অফিস ঘুরে যে এক্সপিরিয়েন্স লাভ করেছি তাতে বলতে পারি যেহেতু কাজটা সহজ বা অন্য ধরণের এবং মাথায় করে নিতে হয় না সেহেতু তারা অন্য লোক দিয়ে এই কাজ করবার কথা বলছেন। কিন্তু সে সম্বন্ধে আলোচনা চলছে। কর্পোরেশানের একটা মেশিনারী আছে, অফিসার আছে, তাঁদের জানা আছে জিনিসটা। সুতরাং আমরা চেষ্টা করে দেখছি এ্যাজ এ টেম্পোরারী মেজার কতটা উন্নতি করা যায় তাঁদের এক্সপিরিয়েন্সের উপর, তারপর ফাইনাল ডিসিসান নেওয়া হবে।

Shri Nandalal Banerjee :

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে এই বেলগাছিয়ায় ১০ হাজার সেপটিক প্রিভি আর আমাদের পাকা বাড়ীর হাজার তিনেক এই ১৩ হাজারকে পরিষ্কার করবার জন্য একটা চালু লরি, আর একখানা হাফানি রোগগ্রস্ত, মাসের মধ্যে ১০ দিন কোন রকমে চলে, এই দেড়খানা লরি আছে, লোক আছে প্রচুর, এই দিয়ে স্যানিটারি ট্যাঙ্ক পরিষ্কার করা যায়?

Shri Bholanath Sen :

আমি ঠিক দেড়খানা লরি আছে কিনা জানিনা এবং হাঁফানি গ্রস্ত লরি আছে কিনা জানিনা। তবে এটা জানি যে সুস্থ, সবল যুবা লরি পাঠান হয়েছিল, নব লরি পাঠান হয়েছিল কর্পোরেশানকে, কিন্তু তা সত্বেও এই যুবা এবং নব অচল বৃদ্ধ হয়ে পড়ে এবং দন্ত খসে পড়ে এবং দেখা যায় সেটা আর চালান যাচ্ছে না। সুতরাং এটাও একটা বড় প্রবলেম, সেটাও কর্পোরেশানকে সিদ্ধান্ত নিতে হবে। তারা যে চেষ্টা করছে না তা নয়, তারাও চেষ্টা করছেন এবং এই সম্বন্ধে আলোচনা চলছে। দেড়খানা লরি আছে কিনা জানি না, তবে চেষ্টা করা হবে যাতে এরা সার্ভিস দেয়। আমি আগেই বলেছি বেলগাছিয়া ইজ ওয়ান অব দি মোষ্ট কমপ্লিকেটেড এরিয়াজ, যারজন্য আমাদের এটা চেষ্টা করতেই হবে।

[1-30—1-40 p.m.]

Shri Nandalal Banerjee :

বেলগাছিয়া ইজ এ মোষ্ট কমপ্লিকেটেড এরিয়া একথাটি যে মন্ত্রী মহাশয়ের মাথায় ঢুকছে তারজন্য বেলগাছিয়ার নাগরিকদের তরফ থেকে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি।

Shri Ardhendu Sekhar Naskar :

মাননীয় সদস্য নন্দবাবু বেলগাছিয়া সম্বন্ধে যে অভিযোগ করলেন আমার এলাকারও ওই একই অভিযোগ। গত ২ বছর হয়ে গেল উনি তদন্ত করে এসেছেন কিন্তু আজ পর্যন্তও সেখানে সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করা হয়নি।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের কাজকর্ম সম্পর্কে তদন্ত

*৬২১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৩) **শ্রী হরশঙ্কর ভটাচার্য্য** ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য্যের কাজকর্ম সম্পর্কে একটি তদন্ত করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, তদন্তের রিপোর্ট সরকার পাইয়াছেন কিনা এবং পাইলে, তাহা কি;

(গ) পুনরায় উপাচার্য্য পদে নিয়োগের সময় উক্ত রিপোর্ট বিবেচনা করা হইয়াছিল কিনা?

Shri Mritynunjoy Banerjee:

(ক) না।

(খ) ও (গ) প্রশ্নগুলি উঠে না।

Shri Harasankar Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় কি ধরনের উত্তর দিলেন আমি বুঝতে পারছিনা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্যের কাজকর্ম সম্বন্ধে তদন্ত করা হয়েছিল অথচ উনি বলছেন "না"। উনি এই যে উত্তর দিয়েছেন এটা ঠিক কথা নয় কাজেই আপনি তদন্ত করুন। তবে যখন উনি বলছেন "না" তখন আমি আর কি প্রশ্ন করব।

Alcohol based industrial Units

*622. (Admitted question No. *1287). **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-Charge of the Excise Department be pleased to state—

(a) whether the State Government has taken note of the difficulties faced by the alcohol based industrial Units in the State owing to scarcity of molasses and over seas alcohol ; and

(b) if so, the steps the Government has taken in the matter ?

Shri Sitaram Mahato: (a) Yes.

(b) The State Government is taking all possible steps in procuring molasses and alcohol through the Petro-Chemical Ministry, Government of India, New Delhi as also by direct contact with molasses/alcohol producing States like Maharashtra, Tamilnadu, Bihar etc.

Shri Rajani Kanta Doloi:

মন্ত্রী মহাশয় জানাবেন কি, মহারাষ্ট্র, তামিলনাডু এবং বিহারের উপর নির্ভর না করে পশ্চিমবাংলায় মোলাসেস্ বা এ্যালকোহল তৈরী করবার কথা মন্ত্রী মহাশয় ভাবচেন কি?

Shri Sitaram Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোলাসেস্ হয় সুগার মিল থেকে কাজেই সেই সুগার মিল না না হওয়া পর্যন্ত আমরা মোলাসেস্ পাবনা।

Shri Gangadhar Pramanick:

গভর্ণমেন্ট অব ইন্ডিয়া প্রত্যেক প্রভিন্সে যে মোলাসেস্ হয় তা থেকে একটা শেয়ার পশ্চিমবঙ্গ সরকারকে দেন। আমার প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় কত মোলাসেস্ হয় এবং অন্য জায়গা থেকে আমরা কতটা আনি?

Shri Sitaram Mahato:

আমাদের এখানে বছরে মোলাসেস্ দরকার হয় ৬৩ মিলিয়ন লিটার্স। গভর্ণমেন্ট অব ইন্ডিয়া আমাদের যেটা এ্যালট করেছে তার পরিমান হচ্ছে ২৯ পয়েন্ট ৯ মিলিয়ন লিটার্স।

Shri Gangadhar Pramanick

এই ২৯ পয়েন্ট ৯ মিলিয়ন লিটার্স যেটা বলছেন তার সবটাই কি আপনারা আনেন

Shri Sitaram Mahato :

হ্যাঁ, সবটাই আনি।

Shri Gangadhar Pramanick :

মন্ত্রী মহাশয় জানাবেন কি, অল ইন্ডিয়া মোলাসেস্‌ কমিটি যেটা আপনাদের এ্যালট করেন তার সবটাই কি আপনারা আনেন ?

Shri Sitaram Mahato :

হ্যাঁ, সবটাই আনি।

Shri Rajani Kanta Doloi :

হলদিয়ায় যে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করবার কথা ছিল সে সম্বন্ধে কিছু জানাবেন কি?

Shri Sitaram Mahato :

সে সম্বন্ধে এখন কিছু বলতে পারব না।

Shri Gangadhar Pramanick :

আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই আপনি দয়া করে ডিপার্টমেন্টে খোঁজ নিয়ে দেখুন গর্ভণমেন্ট অব ইন্ডিয়া আপনাদের যতটা পরিমাণ মোলসেস্‌ দেন ওয়েস্ট বেঙ্গল গর্ভনমেন্ট ততটা মোলাসেস্‌ আনতে পারেন না। আমি জানিনা আপনি যা বললেন সেটা কোন লিখিত তথ্যের উপর ভিত্তি করে বলেছেন কিনা। যা হোক, আমি জানি পুরো মোলাসেস্‌ আপনারা আনতে পারেননা। এই ব্যাপারে আর একটা সমস্যা হচ্ছে অন্যান্য প্রভিন্স থেকে মোলা-সেস্‌-এর যে এ্যালটমেন্ট হয় সেটা আপনাদের তাঁরা দেননা এবং এই ব্যাপারে গর্ভণেমেন্ট অব ইন্ডিয়ার এমন কোন স্ট্যাটুটরি পাওয়ার নেই যে তারা অন্য প্রভিন্সকে এই ব্যাপারে ফোর্স করতে পারে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে আপনারা গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে এমন কোন ব্যবস্থা করতে পারেন কিনা যে, মোলাসেস্‌ যেটা এ্যালটেড হয় তার পুরো অংশটাই আপনারা আনতে পারবেন?

Shri Sitaram Mahato :

মাননীয় সদস্য যা বললেন তাতে আমি বলতে চাই যে আমাদের পক্ষ থেকে আনার কোন ত্রুটী হয়নি, হয়ত এমনও হতে পারে যে ইন্ডিয়া গর্ভণমেন্ট এ্যালট করা সত্ত্বেও কোন স্টেট দিতে রাজী না হয় সেটা আলাদা ব্যাপার, কিন্তু এই সম্পর্কে আমরা স্টেট টু স্টেট যোগাযোগ করছি এবং গর্ভণমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে যোগাযোগ করছি।

Shri Gangadhar Pramanick :

আমাদের এখানে এ্যলকহল কমপ্লিটলি স্টারভিং এবং যারজন্য এখানে কানট্রি স্পিরিট হচ্ছে না, এবং এ্যলকহলের অভাবের জন্য অন্যান্য যে সমস্ত ল্যাবরেটারি আছে তারা কোন রকম ড্রাগ তৈরী করতে পারছে না। এই তো অবস্থা—আপনি বলছেন যে আপনি চেষ্টা করছেন কিন্তু যে লাইনে চেষ্টা করছেন সেটা মোটেই ফলবতী হচ্ছে না। আপনারা কি এই রকমভাবে চেষ্টা করছেন যাতে ফলবতী হয় যে গর্ভণমেন্ট অব ইন্ডিয়া যে যে প্রভিন্সের উপর এ্যালটমেন্ট করবে তাদের সে এ্যালটমেন্ট দিতেই হবে। এই ব্যাপারে চীফ মিনিস্টারের কাছে বলুন যাতে তিনি এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন। তা নাহলে হোল প্রভিন্স ইজ গোইং টু-ড্রাই।

(নো-রিপ্লাই)

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে অ-বাঙ্গালী কর্মচারী

*৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৮) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাইটার্স বিল্ডিংস-এ অবস্থিত পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে কর্মরত কতজন গেজেটেড ও নন-গেজেটেড ক্লাস থ্রি কর্মচারীর মাতৃভাষা বাংলা নহে;

(খ) এইরূপ কর্মচারীদের ক্ষেত্রে চাকুরীতে পাকা বহাল হইবার সময় অথবা উচ্চতর পদে প্রমোশনের সময় বাংলা ভাষায় জ্ঞানের পরীক্ষা আবশ্যিক কিনা;

(গ) বাংলা ভাষায় লিখিতে ও পড়িতে সক্ষম না হইলেও কর্মক্ষেত্রে দীর্ঘ দিনের অভিজ্ঞতার ভিত্তিতে এইরূপ কর্মচারীদের উচ্চতর পদে প্রমোশনের সুযোগ দেওয়া হয় কিনা; এবং

(ঘ) উপরের (ক)-এ উল্লিখিত কর্মচারীদের সকলেই বাংলা ভাষা লিখিতে, পড়িতে ও বলিতে সক্ষম কিনা?

Shri Sankar Ghose:

এ পর্য্যন্ত যে খবর পাওয়া গিয়াছে তাহা হইতে দেখা যায় যে 8 জন গেজেটেড ও ৩৪ জন নন্-গেজেটেড ক্লাশ থ্রি কর্মচারীর মাতৃভাষা বাংলা নহে।

এইরূপ গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে ও নন্-গেজেটেড কর্মচারীর অন্তর্ভুক্ত করণিকদের ক্ষেত্রে চাকুরীতে পাকা বহাল হইতে হইলে বাংলা ভাষায় জ্ঞানের পরীক্ষা দেওয়া আবশ্যক। নিম্নপদে পাকা না হইলে উচ্চতর পদে উন্নীত হওয়া সম্ভব নয়।

এই বিষয়ে কোন সাধারণ সিদ্ধান্ত বা নিয়মাবলী নাই।

এই কর্মচারীদের সকলেই বাংলা বলিতে পারেন এবং ১৮ জন বাংলা লিখিতে ও পড়িতে সক্ষম।

Shri Sukumar Bandyopadhyay:

মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ যে সমস্ত কর্মচারী আছে তাদের মধ্যে অবাংগালীর সংখ্যা কত?

Shri Sankar Ghose:

স্যার, এটা জানতে হলে আমাকে নোটিশ দিতে হবে, কেননা উনি জানতে চেয়েছিলেন যে গেজেটেড এবং নন্-গেজেটেড, ক্লার্ক-এর সংখ্যা চেয়েছিলেন সেটা আমাকে বহু ডিপার্টমেন্টকে লিখতে হয়েছিল এবং সব ডিসট্রিক্টকে লিখতে হয়েছিল তাতেই এই সংবাদ পেয়েছি।

Shri Sukumar Bandyopadhyay:

মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত জানেন যে অন্য প্রদেশে দ্বিতীয় শ্রেণী বা গেজেটেড এবং নন গেজেটেড কর্মচারীকে যদি কাজ করতে হয় তাহলে সেই প্রদেশের ভাষা তাদের আবশ্যিকভাবে শিখতে হয়, সেইরকম আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সেরকম কিছু নিয়ম করা হয়েছে কি?

এবং কোন নিয়ম না থাকলে যে অবাংগালী কর্মচারী আছেন যাদের মাতৃভাষা বাংলা নয় তারা সকলে বাংলা লিখতে এবং পড়তে পারে এবং বলতে পারে?

Shri Sankar Ghose :

আমাদের গেজেটেড অফিসারের ক্ষেত্রে সকলেই বাংলা লিখতে এবং পড়তে পারে এইরকম রুল্স আছে, আর নন্-গেজেটেড এবং ক্লাশ থ্রির ক্ষেত্রে বাংলা বলতে পারা দরকার এবং আমি উত্তর দিয়েছি দেখবেন যে সকলেই বাংলা বলতে পারেন।

অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প

*৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩৯) **শ্রী বলাই লাল শেঠ** এবং **শ্রীকৃষ্ণপদ রায়ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ১৯৭৪ সালের ফেব্রুয়ারী অবধি জেলাওয়ারী কতগুলি অতিরিক্ত কর্ম-সংস্থান প্রকল্প অনুমোদন করা হইয়াছে;

(খ) উক্ত সময় মধ্যে "বীজ মূলধন" জেলাওয়ারী কত টাকা করিয়া দেওয়া হইয়াছে ও তন্মধ্যে কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) হাওড়া ও হুগলী জেলায় ঐরূপ কয়টি প্রকল্পে ব্যাঙ্ক হইতে টাকা দেওয়া হইয়াছে?

Shri Sankar Ghose :

(ক) নদীয়া—৭, মুর্শিদাবাদ—৫, পশ্চিম দিনাজপুর—২, বাঁকুড়া—১ জলপাইগুড়ি—১ কুচবিহার—১, ২৪-পরগণা—১, কলিকাতা—১, ইহা ছাড়া সব জেলা সুযোগ গ্রহণ করিতে পারে এরূপ ৩৮টি (আটত্রিশ) বিভাগীয় প্রকল্প এবং বিভিন্ন সরকারী সংস্থার ১৪টি প্রকল্প অতিরিক্ত কর্মসংস্থান পরিকল্পনাধীনে অনুমোদন করা হইয়াছে।

(খ) বীজ মূলধন প্রকল্পে ব্যাঙ্কের দেয় শিল্পদ্যোগী ব্যক্তিগণের প্রয়োজনীয় মূলধনের ৯০ শতাংশ পর্যান্ত ও সরকারের বীজ মূলধন হিসাবে দেয় সেই মূলধনের ১০ শতাংশ পর্যান্ত। যখন কোন ব্যাঙ্ক কোন প্রকল্পের প্রয়োজনীয় মূলধনের ৯০ শতাংশ পর্য্যন্ত দিতে রাজী হন এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগকে ১০ শতাংশ বীজ মূলধনের জন্য লেখেন তখনই সংশ্লিষ্ট বিভাগীয় কর্তৃপক্ষ সেই বীজ মূলধনের টাকা ঐ ব্যাঙ্কে শিল্পদ্যোগী ব্যক্তির হিসাবে জমা দেন। এই নীতি অনুযায়ী ২৮।২।৭৪ তারিখ পর্য্যন্ত ব্যাঙ্ক ৫৬০টি আবেদন মঞ্জুর করিয়াছেন। যাহার মোট বীজ মূলধনের পরিমাণ ৫৯ লক্ষ ৬১ হাজার টাকা। সরকারের সংশ্লিষ্ট বিভাগ সমূহও এই পরিমাণ অর্থ মঞ্জুর করিয়াছেন। যদিও ঐ তারিখ পর্য্যন্ত সরকারের বিভিন্ন বিভাগ হইতে ৯,৬০০র উপর আবেদন বিভিন্ন ব্যাঙ্কে জমা পড়িয়াছে যাহার মোট বীজ মূলধনের পরিমাণ প্রায় ৩ কোটি ৪৫ লক্ষ টাকা। ঐ তারিখ পর্য্যন্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বীজ মূলধন হিসাবে ব্যয় করার জন্য ৫ কোটি ৩১ লক্ষ ৬৮ হাজার টাকা পাওয়া গিয়াছে এবং বিভিন্ন বিভাগ ও সরকারী সংস্থাসমূহকে ঐ টাকা বিভিন্ন জেলায় ব্যয় করার জন্য বরাদ্দ করা হইয়াছে।

(গ) এ পর্য্যন্ত যথাক্রমে ৮টি ও ৭৭টি প্রকল্পে।

[1-40—1-50 p.m.]

Shri Krishna Pada Roy :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন এই পরিকল্পনা কি এখন কার্যকরী করা হচ্ছে?

Shri Sankar Ghose :

হ্যাঁ, এই পরিকল্পনা এখনো কার্যকরী করা হচ্ছে। আমরা কিছু কিছু অর্থ যোগাড় করেছি কেন্দ্রের কাছে আরো অর্থের জন্য লিখেছি। কিন্তু যা কিছু সিডম্যানি স্কীম আমরা আবেদন করলে ব্যাঙ্ক মঞ্জুর করলে সেই টাকা যাতে দিতে পারি সেই টাকা আমরা সংগ্রহ করছি আমরা চাই যে এই পরিকল্পনা চলুক। কিছু টাকা আমাদের কাছে আছে, আরো টাকার জন্য কেন্দ্রের কাছে লিখেছি।

Shri Krishna Pada Roy:

কোন কোন ব্যাঙ্কের কাছ থেকে আমরা জানতে পাচ্ছি যে এই পরিকল্পনা যে এখন কার্যকরী করা হচ্ছে এই রকম নির্দ্দেশ রাইটার্স বিল্ডিংস থেকে ব্যাঙ্কের কাছে না যাওয়ার জন্য তারা কোন কোন পরিকল্পনাকে টাকা দিতে পারছেন না?

Shri Sankar Ghose:

এই নির্দেশ সবাইকে দেওয়া হয়েছে এবং এরজন্য প্রেসেও বলা হয়েছে যে পরিকল্পনা চলছে। ব্যাঙ্কেও বলে দেওয়া হয়েছে। যেখানে কোন গোলমাল আছে আমি বলেছি যে আমাকে ডাইরেক্টলি ফোন করতে পারে যাতে সিডমানি ক্লিয়ার হয়ে যায়।

Shri Sarat Chandra Das:

একথা কি সত্য যে এই পরিকল্পনা রূপায়িত করার জন্য ব্যাঙ্কগুলি যথাযথভাবে সহযোগিতা করছেন না?

Shri Sankar Ghose:

এটা ব্যাঙ্কের একটা নূতন কাজ। ব্যাঙ্ককে এই বিষয় আমাদের অনেক বোঝাতে হবে কিছুটা চাপ সৃষ্টিও করতে হবে। আমি আগেও এই হাউসে বলেছি যখন পরিকল্পনা আরম্ভ হয়েছিল কলকাতাতে ব্যাঙ্করা বলেছিল যে, হ্যাঁ সিডমানি তারা দেবে। আমি বর্ধমানে গেলাম ব্যাঙ্করা বললো যে আমরা জানিনা, হুগলীতে গেলাম ব্যাঙ্করা বললো যে আমরা জানিনা। আবার কলকাতায় ফিরে এসে ব্যাঙ্কের সংগে মিটিং করলাম। ব্যাঙ্ক থেকে ডাইরেকশন যাতে আবার সমস্ত ডিষ্ট্রিক্টে যার তার বন্দোবস্ত হল, কেন্দ্রকে লেখা হল যাতে কেন্দ্র থেকে ডাইরেকশন যায়। এই কাজে আমাদের অনেক চেষ্টা করতে হবে। অবশ্য কিছু ব্যাঙ্ক করেছে। কিন্তু ব্যাঙ্কগুলিকে আরো বোঝাতে হবে, আরো চাপ সৃষ্টি করতে হবে।

Shri Ganesh Hatui:

এই সমস্ত কর্মসূচী থাকার পর আশানুরূপ অগ্রগতি না হবার কারণ কি? এটা কি শেষ পর্যন্ত ব্যর্থ হয়ে যাবে?

Shri Sankar Ghose:

এই কলকাতার ভিতর ৩৭ হাজার শিক্ষিত যুবক তার সুযোগ পেয়েছে এই পরিকল্পনাতে আমরা কেন্দ্রের কাছ থেকে টাকা আনতে সক্ষম হয়েছি এবং এই পরিকল্পনা আরো সার্থক হতে পারে ব্যাঙ্ক যদি আরো এগিয়ে আসে। কিন্তু এই একটা পথ যে পথ আমাদের নিতেই হবে কারণ এখানে আমাদের রাজ্যের যে অর্থ সেই সমস্ত অর্থ খরচ করেও উন্নয়নের যে প্রয়োজন সেই প্রয়োজন আমরা মিটাতে পারবোনা, ব্যাঙ্কের যে বিরাট টাকা তা আমাদের আনতেই হবে। সেইজন্যই আমরা এই পরিকল্পনার উপর খুব জোর দিচ্ছি। কিন্তু এই পরিকল্পনার জন্য প্রয়োজন ব্যাঙ্কের যে পুরাণো সিকিউরিটি ওরিয়েন্টেড আউট লুক সেটা ত্যাগ করে ডেভালপমেন্ট ওরিয়েন্টেড আউট লুক দিতে হবে। আমাদের ভাল ভাল স্কীম দিতে হবে। আর যে বিদ্যুতের ঘাটতি, কাঁচা মালের যে ঘাটতি সে সমস্ত রয়েছে কিন্তু এই পরিকল্পনাতে আমি বিভিন্ন জেলায় গিয়েছি, বিভিন্ন এম, এল, এ, আমাদের সহযোগিতা করেছেন, সেখানে যুবকরা সহযোগিতা করেছেন। এটাতে আরো জোর দিয়ে যাতে সার্থক করে তুলতে পারি তার চেষ্টা আমরা করবো।

বনভূমি

***৬২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬৮) **শ্রীশরৎ দাস** এবং **শ্রীভবানী পাল:** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্ত্তমানে মোট কয়টি ফরেষ্ট ডিভিশন আছে;

(খ) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারী পর্য্যন্ত) আথিক বৎসরে কোন ডিভিশনে কত টাকা (পৃথক পৃথক ভাবে) সরকারের আয় হইয়াছে;

(গ) প্রতি জেলায় বনভূমির পরিমাণ কত;

(ঘ) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারী পর্য্যন্ত) আথিক বৎসরে উক্ত বনভূমির ডিমারকেসন এলাকার কত জমি কেন্ কোন্ লোককে বন্দবস্ত দেওয়া হইয়াছে; এবং

(ঙ) বনভূমির আয় বৃদ্ধির জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন?

Shri Sitaram Mahato:

(ক) পশ্চিমবঙ্গে বর্ত্তমানে মোট বত্রিশটি ফরেষ্ট ডিভিশন আছে। এর মধ্যে টেরিটোরিয়াল ষোলটি এবং নন-টেরিটোরিয়াল ষোলটি।

(খ) টেরিটোরিয়াল ডিভিশন — আয় (লক্ষ টাকায়)

টেরিটোরিয়াল ডিভিশন			১৯৭১-৭২	১৯৭২-৭৩	১৯৭৩-৭৪ (আনুমানিক)
দার্জিলিং	—	—	১৩·৩৪	১৫·৪৩	১৬·৫০
কালিমপং	—	—	২১·৭২	২৫·৯০	৬১·০০
কার্শিয়াং	—	—	৫২·২৩	৫০·৬৮	৬৩·১৪
জলপাইগুড়ি	—	—	৫১·৯৭	৬৫·৬৫	৬৪·৯০
কুচবিহার	—	—	১৭·৬৮	২৩·৬৫	১৯·৯৪
বক্সা	—	—	৩৫·৩৮	৩৩·৪৮	৬২·৩৫
বৈকুণ্ঠপুর	—	—	২২·১৩	৪৩·২০	৪৬·৬৪
বাঁকুড়া	—	—	৩২·২৯	৬২·৭৯	৩১·৩০
বীরভূম	—	—	১·১১	০·৭৬	১·০০
বর্ধমান	—	—	৪·৯৪	৫·২৪	৪·০০
পূর্ব মেদিনীপুর		—	৩০·০১	৩৩·৫০	১৭·০০
পশ্চিম মেদিনীপুর		—	৩০·২৬	৩০·১২	৩২·৬৬
পুরুলিয়া	—	—	৪·১১	৫·১৪	৪·০০
২৪-পরগণা		—	৮·৩৮	৮·৩৪	৮·০০
সেন্ট্রাল	—	—	১·২২	২·০০	১·৪৭
মালদা	—	—	০·৭৪	০·৭৯	১·১৪
নন-টেরিটোরিয়াল ডিভিশন			১৭·৬১	৩৫·৭৯	১৯·৪৬
মোট	—	—	৩৪৫·০৯	৪১২·৪৮	৪২৫·০০

(গ) জেলা					বনভূমি (হেক্‌টর)
বর্ধমান —	—	—	—	—	১১,৫৫২
বীরভূম —	—	—	—	—	৩০,৯১৪
হুগলী —	—	—	—	—	২৮৮
বাঁকুড়া —	—	—	—	—	১,৩১,৫৫৩
মেদিনীপুর	—	—	—	—	১ ৭২,৪৭৬
পুরুলিয়া —	—	—	—	—	৬৭,৬১২
২৪-পরগণা	—	—	—	—	৪,২৮.০১০
মুর্শিদাবাদ —	—	—	—	—	৭৭১
নদীয়া —	—	—	—	—	১.২৪৬
পশ্চিমদিনাজপুর	—	—	—	—	১,৩১২
মালদা —	—	—	—	—	১,৪০২
দার্জিলিং —	—	—	—	—	১,২৮,০৮২
জলপাইগুড়ি	—	—	—	—	১,৭৪,১৮০
কুচবিহার —	—	—	—	—	৫,৬৯৮

(ঘ) বন এলাকা ভুক্তি কোন জমি কাহাকেও বন্দোবস্ত দেওয়া হয় নাই।

(ঙ) বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে যাহাতে বনের উন্নতি হয় এবং আয় বৃদ্ধি পায়।

[1-50—2-00 p.m.]

Shri Sarat Chandra Das :

বনের উন্নতি সৃজন ও আয় বৃদ্ধির জন্য কি কি পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন--তার স্বরূপ একটু বলুন?

Shri Sitaram Mahato :

আমাদের বনসৃজন সম্পর্কে আমরা বিভিন্ন রকম গাছের জঙ্গল সৃষ্টি করছি--যেগুলি তাড়াতাড়ি হয়, গাছ রোপন করছি। বনের অভ্যন্তরে আগে যেখানে যাতায়াতের কোন ব্যবস্থা ছিল না, সেখানে রাস্তা তৈরী করে যাতায়াতের ব্যবস্থা করা হয়েছে, সেখান থেকে কাঠ নিয়ে আসার সহজ ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া অন্যান্য আধুনিক যন্ত্রপাতির প্রয়োগ করা হচ্ছে, যার দ্বারা তাড়াতাড়ি কাজ করা যায়। আর একটা পরিকল্পনা আছে ফরেষ্ট কর্পোরেশন গঠন করা সম্পর্কে, এর দ্বারা ফরেস্ট-এর যথেষ্ট উন্নয়ন করতে পারা যাবে, ফলে বন থেকে আয় রোজগারও বাড়বে।

Shri Sarat Chandra Das :

আয়টা বেশীর ভাগ হয় গাছ কেটে বিক্রী করে, না অন্য কোন উপায়ে?

Shri Sitaram Mahato :

যে আয় হচ্ছে তা জঙ্গলের গাছ কেটে প্রধানতঃ, তাছাড়া কেন্দুপাতা বিক্রী করে, খয়ের ট্রী থেকেও আয় হয়। জঙ্গল থেকে বিভিন্ন রকম আয় আছে।

Shri Sarat Chandra Das :

আমাদের এখানে ফরেস্ট আছে দুরকম—হিলি ফরেস্ট এবং প্লেন ফরেস্ট। হিলি ফরেস্টের গাছ একবার কেটে ফেললে আর গাছ হয় না। সেই গাছ না কেটে আয় হয় কিনা?

Shri Sitaram Mahato:

হিলি জঙ্গল থেকে বিভিন্ন পাবত্য এলাকায় অরচিড স্কীম নিয়েছি, বিভিন্ন ইমপ্রুভড ভ্যারাইটি অরচিড থেকে আয় হতে পারে। সেইসব ওখানে প্ল্যানটেশান করা হচ্ছে।

Shri Mohammad Idris Ali:

হিলি এলাকায় যে জঙ্গল আছে, গাছ কাটার দরুন জঙ্গল নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে জঙ্গলে মৌমাছির চাষ করা যায় কি না?

Shri Sitaram Mahato:

তা হিলি এলাকায় হতে পারে।

Shri Md. Safiuliah:

১৯৭২-৭৩ সালে মাইনর ফরেস্ট প্রোডিউস থেকে কত আয় হয়েছে?

Shri Sitaram Mahato:

এটা আলাদা করে বলা এখন সম্ভব নয়—নোটিস চাই।

Shri Md. Safiuliah:

যে সমস্ত আনএক্সপ্লয়টেড ফরেস্ট আছে এ্যালপাইন রিজিয়নে, সেই সমস্ত ফরেস্ট এক্সপ্লয়টেড করবার এবং টিম্বার এক্সট্রাক্ট করবার কি কোন ব্যবস্থা করেছেন? ১৯৭২-৭৩ সালে কত কি [illegible]

Shri Sitaram Mahato:

আমরা সেইসব হিলি এরিয়াতে ইনটেরিয়ার পর্যন্ত যেতে পেরেছি রোপওয়ের মাধ্যমে যেখান থেকে আমরা গাছ নিয়ে আসতে পেরেছি।

Shri Md. Safiullah:

এই ব্যাপারে ফরেস্ট কর্পোরেশান গঠন করবার পরিকল্পনা কার্য্যকরী করা হবে কবে—যাতে করে নর্থ বেঙ্গল ফরেস্ট এক্সট্রাকসান করা যাবে?

Shri Sitaram Mahato:

খুব শীঘ্র হবে—সেপ্টেম্বরের মধ্যে হবে।

বাঁকুড়া জেলায় "এক শিক্ষক" বিশিষ্ট পাঠশালা

*৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৫) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলা "সমাজ শিক্ষা দপ্তর" হইতে স্পেশাল (এমপ্লয়মেন্ট প্রোগ্রাম এবং নরম্যাল স্কীমের নিরক্ষতা দূরীকরণ এবং বেকার সমস্যা সমাধানের জন্য "এক শিক্ষক" বিশিষ্ট পাঠশালা টিউটোরিয়াল সেন্টার নিরক্ষতা দূরীকরণ কেন্দ্র এবং প্রাপ্ত বয়স্কদের জন্য শিক্ষণ প্রভৃতির জন্য যে সব কেন্দ্র চালু করা হইয়াছিল তাহা ৩১শে মার্চ ১৯৭৪ হইতে বন্ধ করিয়া দিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে,

(খ) সত্য হইলে,

(১) ইহার কারণ কি;

(২) উক্ত কেন্দ্রগুলির সহিত জড়িত শিক্ষক শিক্ষিকাদের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) বাঁকুড়া জেলায় কোন কোন উক্ত কেন্দ্রগুলি বর্ত্তমানে চালু আছে?

Shri Mrityunjoy Banerjee:

(ক) হ্যাঁ, সত্য। স্পেশাল এমপ্লয়মেন্ট প্রকল্পের কেন্দ্রগুলি ২৮শে ফেবরুয়ারী ১৯৭৪ সাল হইতে বন্ধ করে দেওয়ার নির্দেশ হয়েছে। অন্যান্য বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি ৩১শে মার্চ ১৯৭৪ সাল থেকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে, কিন্তু স্পেশাল এমপ্লয়মেন্ট প্রকল্প ব্যতীত অন্যান্য বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি নূতনরূপে ১লা এপ্রিল ১৯৭৪ থেকে আবার চালু করা হবে। তবে কেন্দ্রগুলির সংখ্যা কমে যাবে কারণ শিক্ষকদের বেতন এবং আনুসাঙ্গিক খরচ নূতন প্রকল্পে অনেক বাড়ানো হয়েছে।

(খ) (১) স্পেশাল এমপ্লয়মেন্ট প্রকল্পের বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি স্বল্প সময়ের জন্য চালু করা হয়েছিল এবং ডেভলপমেন্ট এবং প্লানিং ডিপার্টমেন্টের নির্দেশে ২৮শে ফেবরুয়ারী ১৯৭৪ সাল থেকে বন্ধ করা হয়েছে।

অন্যান্য বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি ভালভাবে চলছিল না এবং শিক্ষকদের বেতন ও আনুসঙ্গিক খরচও অত্যন্ত কম ছিল।

(২) উক্ত কেন্দ্রগুলির সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকদের মধ্যে যারা ভালো কাজ করেছেন বলে স্বীকৃতি পাবেন তাঁদের যোগ্যতা অনুযায়ী নূতন প্রকল্পে পুণনিয়োগের কথা বিবেচনা করা হবে।

(গ) শুধু বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলি ৩১শে মার্চ ১৯৭৪ সাল পর্যন্ত চালু আছে। কেন্দ্রগুলির স্থান নির্দেশ করা যাবে না কারণ স্থানগুলি প্রায়ই পরিবর্তন হয়।

(১১) অফিস সুপারিনটেণ্ডেন্ট ও ক্যাসিয়ার এর (কোষাধ্যক্ষের) পদ সৃষ্টি;

(১২) ফাইনান্স অফিসারের পদ প্রমোশন দ্বারা পূরণ করা।

(১৩) হেড ক্লার্ক ও একাউনট্যান্ট পদের বেতন হার পুনর্বিন্যাস করা;

(১৪) গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর করা;

(১৫) শহর ভাতা সংক্রান্ত শিক্ষা বিভাগের ২০।৫।৭২ তারিখের ৯৮৬--ই, ডি, এন, (পি) নং আদেশটি বাতিল করা;

(৩) উক্ত ১৫ দফা দাবীগুলি সম্পর্কে সরকার যে যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করিতেছেন তাহা নিম্নে বর্নিত হইল:—

(১) জেলা স্কুল বোর্ড কর্মচারীদের গ্রাচুইটির সর্বোচ্চসীমা ১-৬-৭২ হইতে ১,৫০০, টাকা হইতে বৃদ্ধি করিয়া ২,০০০ টাকা করা হইয়াছে। ইহা ৩,০০০, টাকা করার একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

(২) পেনসন—সরকারের বিবেচনাধীন আছে।

(৩) প্রভিডেন্টফাণ্ড—এই প্রকল্পটি চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে ১-৭-৭১ হইতে প্রথম চালু করা হইয়াছে। পরিষদীয় বিভাগ ও সরকারী বিধি উপদেষ্টার (লেজিসলেটিভ ডিপার্টমেন্ট এবং লিগ্যাল রিমেমব্রান্সার-এর), মতানুসারে কোন বিধিবদ্ধ রুলকে পূর্ব তারিখ হইতে কার্য্যকর করা যায় না।

(৪) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের মাপকাঠি (ইয়ার্ড ষ্টিক) নির্দ্ধারণ করিবার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত মাপ-কাঠির পরিবর্তন করা সম্ভব নহে।

(৫) সরকার ইহা প্রয়োজন বলিয়া মনে করেন না।

(৬) অধিকাংশ স্থলে প্রভিডেন্ট ফাণ্ডে দেয় চাঁদার হার ৬¼% চালু আছে। এই হার পরিবর্তন করা সম্ভব নহে।

(৭) ইসু/ডেসপ্যাচ ক্লার্ক/টাইপিষ্ট-এর পদ সৃষ্টি সরকারের বিবেচনাধীন আছে।

(৮) কোন কোন বোর্ড সরকারী অনুমোদন ব্যতিরেকে কর্মচারী নিয়োগ করায় এই সমস্যা সৃষ্টি হইয়াছে। কয়েকটি ক্ষেত্রে প্রয়োজনীয় অনুমোদন ইতিমধ্যেই দেওয়া হইয়াছে। এই সম্পর্কে সুনির্দিষ্ট কোন ঘটনা সরকারের গোচরে আনা হইলে উপযুক্ত ব্যবস্থা লওয়া হইবে।

(৯) এই বিষয়টি পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(১০) নূতন প্রাথমিক শিক্ষা আইনে শহর ও গ্রামের শিক্ষা ব্যবস্থা প্রাথমিক শিক্ষা কাউন্সিলের অধীনে আনার ব্যবস্থা হইবে।

(১১) অফিস সুপারিনটেনডেন্টের বা কোষাধ্যক্ষের (ক্যাশিয়ার-এর) পদ সৃষ্টি করার প্রয়োজনীয়তা উপলব্ধি করা যাচ্ছে না।

(১২) ন্যূনতম যোগ্যতা থাকিলে বোর্ডের কর্মচারীগণও ফাইনান্স অফিসার পদের জন্য বিবেচিত হইতে পারেন এই মর্মে নিয়োগবিধি (রিক্রুটমেন্ট রুল্স) প্রস্তুত করা হইতেছে। অবশ্য সম্পূর্ণ বিষয়টি ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন বিল ১৯৭৩-এর পরিপ্রেক্ষিতে বিচার করিতে হইবে।

(১৩) ১-৪-৭০ হইতে বোর্ডের কর্মচারীদের বেতন হার সরকারী কর্মচারীদের অনুরূপ করা হইয়াছে। বর্তমানে আর কোন সংশোধন সম্ভব নহে।

(১৪) বোর্ডের কর্মচারীগণ গৃহ নির্মাণ বিভাগের নিম্ন আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য যে প্রকল্প চালু আছে তাহার সুযোগ লইতে পারেন।

(১৫) "শহর ভাতা" ইত্যাদি সম্পর্কিত বিষয়টি হাইকোর্টের বিচারাধীন আছে।

Shri Kashinath Misra:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে ১লা এপ্রিল ১৯৭৪ থেকে যে নূতন পদ্ধতি চালু হচ্ছে সে নির্দেশ বাঁকুড়া সমাজ শিক্ষা দপ্তরে গেছে কিনা ?

Shri Mrityunjoy Banerjee:

যাবার তো কথা।

Shri Kashinath Misra:

কোন তারিখে গেছে?

Shri Mrityunjoy Banerjee :

তারিখটা বলা মুস্কিল। তবে সার্কুলারটা ইসু করা হয়েছিল ১২ই জানুয়ারী ১৯৭৪তে। এর কপি আমার কাছে আছে। ডি. পি. আই থেকে কবে গেছে তা বলতে পারবো না।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, নূতন পদ্ধতি যেটা চালু হচ্ছে সেটা কিরূপ এবং যে শিক্ষক নিয়োগ হবেন তিনি কত টাকা করে পাবেন?

Shri Mrityunjoy Banerjee :

আগে যে স্কীমটা ছিল এ্যাডাল্ট লিটারেসি স্কীম সেটা ব্যাপক ছিল কিন্তু শিথিল ছিল অর্থাৎ পার্ট টাইম কাউকে ১৫ বা কাউকে ২০ দিয়ে এ্যাডাল্ট লিটারেসি স্কীম বা সেন্টারগুলো চালু রাখা হ'তো। নূতন যে স্কীম হচ্ছে তাতে ইনটেনসিভ লিটারেসি স্কীম প্রত্যেক ব্লকে একটি বা দুটো করে ব্লক দেখে এবং এখানে একজন পুরুষ ও একজন করে মহিলা তাতে তারা শিক্ষা দেবেন। এই এক এক জন শিক্ষক বা শিক্ষয়িত্রীরা তারা ৭৫ টাকা করে পাবেন। এবং কন্টিজেন্সি বাবদ আরো ২৫ টাকা করে পাবেন। এই ভাবে গ্রামগুলিকে আমরা এগিয়ে নিয়ে যাবো এবং শিক্ষকরা এক একটা গ্রামকে লিটারেট করে এগিয়ে যাবেন।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রীমহাশয় যা বল্লেন প্রতিটা ব্লকে একটা বা দুটো করে পাঠশালা তৈরী করবেন। তাঁরা কি ভাবে সিলেক্ট করবেন তা জানাবেন কি?

Shri Mrityunjoy Banerjee :

প্রত্যেক জেলায় সোসাল এডুকেসান এডভাইসারি কমিটি আছে তারা পরামর্শ দেবেন। এ বিষয় ঠিক করবেন ডিসট্রিক্ট সোসাল এডুকেসান অফিসার।

Shri Manik Lal Besra :

ঐ যে সমস্ত শিক্ষক থাকবেন তারা কি শিক্ষণ শিক্ষা পাবেন?

Shri Mrityunjoy Banerjee :

আপনি টিচারের কথা বলছেন। এটা এ্যাডাল্ট লিটারেসি স্কীম যারা আগে ছিলেন। সেখানে তারা বেছে যারা ভাল ভাবে কাজ করেছেন তারা পাবেন।

আবগারী দোকানের কর্মচারীদের দাবীদাওয়ার বিষয়ে সুপারিশ

*৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৯) **শ্রী অশ্বিনী রায় ঃ** গত ২৫শে ফেব্রুয়ারী, ১৯৭৪ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত *১৩নং (অনুমোদিত প্রশ্ন নং *১৭০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া আবগারী বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) উক্ত আবগারী দোকানের কর্মচারীদের দাবী দাওয়ার বিষয়ে বিভাগীয় সুপারিশগুলি শ্রম দপ্তরে পাঠান হইয়াছে কিনা; এবং

(খ) হইলে, সুপারিশগুলির বিশদ বিবরণ?

Mr. Speaker : Question hour is over.

Shri Sitaram Mahato :

(ক) কর্মচারীদের দাবী দাওয়ার বিষয়টি যথাযথ মন্তব্য সহ শ্রমদপ্তরে বিবেচনার জন্য পাঠানো হইয়াছে।

(খ) যেহেতু আবগারী আইন অনুযায়ী আবগারী দোকানের শ্রমিক কর্মচারীদের নিয়োগ ব্যাপারে আবগারী বিভাগ লাইসেন্সীদের দরখাস্তমত তাহাদের নিয়োগ রেজিস্টার করা ব্যতীত আর কিছু করিতে পারেন না, সেইহেতু আবগারী বিভাগের পক্ষে কিছু সুপারিশ করার প্রশ্নও ওঠেনা।

পলাশিপাড়া মহাত্মা গান্ধী স্মৃতি বালিকা বিদ্যালয়ের কার্যকরী সমিতি

*৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫।) শ্রীকান্তিকচন্দ্র বিশ্বাস: শিক্ষা বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পলাশিপাড়া (নদিয়া) মহাত্মা গান্ধী স্মৃতি বালিকা বিদ্যালয়ে বর্তমানে কোন কার্যকরী সমিতি আছে কি; এবং

(খ) না থাকলে, এর কারণ কি ও এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—

(ক) আছে।

(খ) তিনজন অভিভাবক প্রতিনিধি না থাকায় কার্যকরী সমিতিতে তাদের সদস্যপদ নিয়মানুযায়ী বাতিল হইয়া যায় এবং অপর সদস্যদের অসহযোগিতার মনোভাব থাকায় ২-৭-৬৫ তারিখে গঠিত কার্যকরী সমিতিরূপে কার্য চালাইয়া যাইতে না পারার দরুন অচলাবস্থার সৃষ্টি হয়। এই অচলাবস্থার অবসানকল্পে পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকর্তা পাঁচজন সদস্যবিশিষ্ট একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব মধ্যশিক্ষা পর্ষদে প্রেরণ করিয়াছেন।

Method of Selection to the Post of Principal of Himalayan Mountaineering Institute

*615. (Admitted question No. *210) Shri Md. Safiullah: Will the Minister in-charge of the Education Department be pleased to state—

(a) the method of selection to the post of Principal of the Himalayan Mountaineering Institute at Birch Hill; and

(b) the qualifications of the present incumbent of the post?

Minister-in-charge of Education Department :—

(a) The incumbent for the post of Principal, Himalayan Mountaineering Institute, Darjeeling, is normally a Defence Service Officer of the rank of Major/Lt. C. or of equivalent rank sent on deputation to the Institute for a period of three to four years after consultation between the Ministry of Defence and the authorities of the Institute.

(b) Wg. Cdr. A.J.S. Grewal is the present incumbent to the post of Principal, Himalayan Mountaineering Institute, Darjeeling. His qualifications are as follows :

Educational Qualifications :	M.A. (English), Diploma in Journalism.
Professional Courses :	Pilots 'A' Licence Indoctrination course in Aviation. Medicine, Combat Survival course, RAF and Singapore Pass (A) Promotion Examination.

Mountaineering Courses : HMI Basic Course, 1957, 'A' Grading HMI Advance Course 1959, 'A' Grading Pre-Everest Course 1965.

মেসার্স বাজাজ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড

*৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৬) ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: আবগারী বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) ইহা কি সত্য যে ১৯৭৩ সালে মেসার্স বাজাজ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড :ক ওয়্যার হাউস লাইসেন্স দেওয়া হইয়াছিল;

(খ) সত্য হইলে, ইহার জন্য খবরের কাগজে কোন এড্ভার্টাইস্ করা হইয়াছিল কিনা;

(গ) মেসার্স বাজাজ ইন্টারন্যাশনাল-এর বজবজে মেথিলেটেড স্পিরিট ষ্টোর এবং বিক্রয় করার লাইসেন্সস্ আছে কিনা; এবং

(ঘ) মেসার্স বাজাজ ইন্টারন্যাশনাল-এর কোন ডিস্টিলারী পশ্চিমবঙ্গে আছে কিনা?

আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) না।

চুঙ্গীকর আদায়

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৭) শ্রী শিশির কুমার সেনঃ অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে প্রথম যখন চুঙ্গীকর আদায় চালু হয় তখন যে পরিমাণ কর আদায় হইতেছিল বর্ত্তমানে ঐ কর আদায় অনেক কম হইতেছে; এবং

(খ) সত্য হইলে, (১) প্রথম বৎসরে দৈনিক গড়ে কত টাকা আদায় হইত এবং বর্ত্তমানে কত টাকা আদায় হইতেছে; এবং

(২) কম আদায়ের কারণ কি?

অর্থবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

হরিণঘাটা ফার্মের অধীন জমিতে ফসল উৎপাদন

*৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৭) ডাঃ শক্তি কুমার ভট্টাচার্য্য: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

(ক) গত ১৯৭৩ সালে হরিণঘাটা ফার্মের অধীন কত একর জমিতে মোট কত ফসল (ধান্য প্রভৃতি) উৎপাদিত হইয়াছে;

(খ) উক্ত ফসল কিভাবে বিলি বন্টন করা হইয়াছে; এবং

(গ) উক্ত ফসলের কোন অংশ বিক্রয় করা হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে, কত টাকায় বিক্রয় করা হইয়াছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) ১৯৭২-৭৩ সালে ২৬৮ কুইন্টাল ধান্য উৎপাদন হইয়াছে।

(খ) ২১১ কুইন্টাল ধান হরিণঘাটা আর্য সমবায় ভাণ্ডার লিমিটেডকে হস্তান্তর করা হইয়াছে। বাকী ধান বীজ হিসাবে ব্যবহৃত হইয়াছে।

(গ) সমবায় ভাণ্ডারের নিকট সরকার নির্দ্ধারিত মূল্যে ৫৮ টাকা ৯৫ পয়সা দরে প্রতি কুইন্টাল ধান্য বিক্রয় করা হইয়াছে।

মাধ্যমিক শিক্ষা পর্ষৎ'এর ১৯৭০ সালের প্রশ্নপত্র ফাঁস

*৬৩০। (অনুমোদিত প্রশ্ন *১৪৬৯) শ্রী আব্দুল বারি বিশ্বাস: শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

(ক) ১৯৭০ সালের মাধ্যমিক শিক্ষা পর্ষৎ-এর প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত বিষয়টি সম্বন্ধে সরকার অবগত আছেন কি;

(খ) অবগত থাকিলে,

(১) ঐ প্রশ্নপত্র বাবদ কত টাকা ব্যয় হইয়াছিল; এবং

(২) কোন্ প্রেস হইতে প্রশ্নপত্রগুলি ছাপান হইয়াছিল; এবং

(৩) ঐ ছাপাখানার অবস্থান কোথায়?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) মধ্যশিক্ষা পর্ষৎ জানিয়েছেন যে ১৯৭০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমস্ত প্রশ্নপত্র ছাপা বাবদ অদ্যাবধি ১,৭০,০০০ টাকা দেওয়া হইয়াছে।

(২) ও (৩) এই তথ্যগুলি গোপনীয়; প্রকাশ করা জনস্বার্থের পরিপন্থী।

১৯৭০ সালের মধ্যশিক্ষা পর্ষদের প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে ভিজিলেন্স কমিশনের তদন্ত

*৬৩১। অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৩) শ্রী নিতাইপদ ঘোষঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৭০ সালের মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক গৃহীত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার ব্যাপারে ভিজিলেন্স কমিশনের তদন্তের রিপোর্ট সরকারের নিকট দেওয়া হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, তাহা কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) হ্যাঁ।

(খ) জনস্বার্থের খাতিরে ঐ রিপোর্টের তথ্য প্রকাশ করা সম্ভব নয়। তবে মধ্যশিক্ষা পর্ষত ভিজিলেন্স কমিশনের সহায়তায় এ বিষয়ে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

নন-ম্যাট্রিক কোবিদ হিন্দী শিক্ষকদের হোলটাইম শিক্ষক রূপে নিয়োগ

*৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৪) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) নন-ম্যাট্রিক কোবিদ পাশ যে সকল হিন্দী শিক্ষক সরকারী সাহায্য প্রাপ্ত হাই অথবা হায়ার সেকেন্ডারী স্কুলে পার্ট-টাইম শিক্ষকরূপে কার্য্য করিতেছেন তাঁহাদেরকে ঐ সকল বিদ্যালয়ে হোল-টাইম হিন্দী শিক্ষকরূপে নিয়োগ করিবার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কি নাগাদ এ প্রস্তাব কার্য্যকরী করা হইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক দুর্নীতি

*৬৩৪। অনুমোদিত প্রশ্ন নং *১৭৮০) শ্রী গৌতম চক্রবর্তীঃ শিক্ষাবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক দুর্নীতি সম্বন্ধে ছাত্র-পরিষদের পক্ষ থেকে সম্প্রতি কোনও অভিযোগ সম্বলিত স্মারকলিপি সরকার পেয়েছেন কিনা; এবং

(খ) পেয়ে থাকলে,

(১) কবে পেয়েছেন; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) হ্যাঁ।

(খ) (১) এই বৎসরের জানুয়ারী মাসের প্রথম দিকে দাবী সম্বলিত স্মারকলিপি পাওয়া গিয়াছে।

(২) উক্ত স্মারকলিপি বর্তমানে সরকার পরীক্ষা করিয়া দেখিতেছেন।

মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি

*৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৯) **শ্রী মহঃ দেদার বক্স**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিমবাংলার অনেক মাধ্যমিক বিদ্যালয়ে বর্তমানে কোন ম্যানেজিং কমিটি নাই এবং অনেক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি প্রায় অচল অবস্থায় পৌঁছিয়াছে;

(খ) অবগত থাকিলে, নূতন নিয়মে কবে নাগাদ প্রত্যেকটি মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন করা হইবে; এবং

(গ) নূতন নিয়মে ম্যানেজিং কমিটিতে সরকারের নমিনি দেওয়ার ব্যবস্থা আছে কিনা, এবং না থাকিলে, তাহার কারণ কি?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) ম্যানেজিং কমিটি বা তার কোন বিকল্প ব্যবস্থা নাই এরূপ খবর আমাদের কাছে নাই। যে সব মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হইয়া গিয়াছে সেখানে হয় পুরাতন কমিটি কিংবা এ্যাড্‌হক কমিটি কিংবা মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক নিযুক্ত প্রশাসক কাজ চালাইয়া যাইতেছেন। তবে কোথাও কোথাও ম্যানেজিং কমিটির সদস্যগণ পদত্যাগ করিয়াছেন বা অনেকেই মিটিং-এ আসেন না এবং সে কারণে অচল অবস্থা দেখা দিয়াছে এরূপ অভিযোগ আসিয়াছে।

(খ) সরকার ম্যানেজিং কমিটির নিয়মাবলীর কতকগুলি ধারা সংশোধন করিয়াছেন। সংশোধিত নিয়মাবলী অনুসারে যে সব ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হইয়া গিয়াছে সেই সব ম্যানেজিং কমিটিগুলিকে গেজেটে সংশোধন প্রকাশের দিন হইতে অর্থাৎ ১১-১-৭৪ তারিখ হইতে ছয় মাসের মধ্যে পুনর্গঠন করিতে হইবে।

(গ) পূর্বের ন্যায় শিক্ষা অধিকর্তা কিংবা তাঁহার মনোনীত অফিসারের একজন নমিনি ম্যানেজিং কমিটিতে থাকিবেন।

বিজয়গড় জ্যোতিষ রায় কলেজ

*৬৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০১) **শ্রী পঙ্কজ কুমার ব্যানার্জী**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) সরকার কি অবগত আছেন যে, "বিজয়গড় জ্যোতিষ রায় কলেজটি" অর্থাভাবে বন্ধ হইয়া যাইবার উপক্রম হইয়াছে;

(খ) এই কলেজটিকে স্পনসরড করিবার কোন প্রোপোসাল আসিয়াছে কিনা; এবং

(গ) আসিয়া থাকিলে, এ বিষয় সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষাবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) বিজয়গড় জ্যোতিষ রায় কলেজের আর্থিক সংকট বিষয়ে সরকার অবগত আছেন।

(খ) ও (গ) সরকারের কাছে কলেজটি স্পনসরড করার প্রস্তাব আসিয়াছিল, কিন্তু বর্তমানে স্পনসরড কলেজগুলির উন্নতি এবং অন্যান্য কারণে খরচাদি বৃদ্ধি পাওয়ায়

এবং শিক্ষাখাতে অর্থ বরাদ্দ কম থাকায় এখন কোনও কলেজকে স্পনসরড করা সরকারের বিবেচনাধীন নাই।

হুগলী মহসীন কলেজ

*৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৮) **শ্রী ভবানী প্রসাদ সিংহ রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) হুগলী মহসীন কলেজে বিভিন্ন বিষয়ে এম,এ এবং আইন বিষয়ে পড়ানোর কোন সিদ্ধান্ত ছিল কিনা; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে এ পর্য্যন্ত সরকার কি কি কার্য্যকর ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষাবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ও (খ) হুগলী মহসীন কলেজে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে এম,এ, পড়ানোর ব্যবস্থা আছে। অন্য কোন বিষয়ে এম,এ, এবং আইন বিষয়ে পড়ানোর পরিকল্পনা বর্ত্তমানে সরকারের নাই।

সাঁওতাল শিশুদের সাঁওতালী ভাষায় প্রাথমিক শিক্ষাদান

*৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৬।) **শ্রী বেনজামিন হেমব্রমঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গে সাঁওতালী ভাষাভাষী শিশুদেরকে সাঁওতাল ভাষায় প্রাথমিক শিক্ষাদানের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কবে নাগাদ এবং কিভাবে তাহা কার্য্যকরী করা হইবে; এবং

(গ) সাঁওতালী ভাষা শিক্ষাদানের মাধ্যম হিসাবে প্রাথমিক স্তরে কোন্ বর্নমালা ব্যবহৃত হইবে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) এই প্রশ্ন উঠে না।

১ম শ্রেণী হইতে ৪র্থ শ্রেণী পর্যন্ত বিনামূল্যে পুস্তক বিতরণ

৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৩।) **শ্রী হেমন্ত দত্তঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৭৩ ও ১৯৭৪ শিক্ষাবর্ষে পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত সংখ্যক পুস্তক (১ম শ্রেণী হইতে ৪র্থ শ্রেণী পর্য্যন্ত) বিনামূল্যে বিলি করা হইয়াছে; এবং

(খ) এই পুস্তকগুলি কোন্ সংস্থা মারফৎ বিলি করা হয়?

শিক্ষাবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) এই সম্বন্ধে একটি তালিকা সংযুক্ত করা হইল।

(খ) এই সমস্ত পুস্তক জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক) এবং জেলা সমাজ শিক্ষা আধিকারিকের মারফৎ বিলি করা হয়।

১৯৭৩ ও ১৯৭৪ শিক্ষাবর্ষে জেলাওয়ারী শ্রেণীভিত্তিক পুস্তক বিতরণের তালিকা ঃ—

জেলা		১৯৭৩ শ্রেণী ১ম	১৯৭৩ শ্রেণী ২য়	১৯৭৩ শ্রেণী ৩য়	১৯৭৩ শ্রেণী ৪র্থ	১৯৭৪ শ্রেণী ১ম	১৯৭৪ শ্রেণী ২য়	১৯৭৪ শ্রেণী ৩য়	১৯৭৪ শ্রেণী ৪র্থ
বাঁকুড়া	—	৬০,০০০	৬০,০০০	১৯,৯১০	১৩,০৫০	২০,০০০	১৫,০০০	১৮,১৮০	১১,৮৫০
বীরভূম	—	৪৫,০০০	৩৩,০০০	১৫,৬০০	১১,০২০	১৫,০০০	১৫,০০০	১৪,১৫০	৯,৯২০
বর্ধমান	—	৪০,০০০	৩২,৫০০	৩১,২৫০	২০,৯৭০	২০,০০০	২০,০০০	২৮,৫০০	১৯,২৭০
কলিকাতা	—	৩৫,১৬২	৩৪,০৯৪	৪,৪৬০	৩,৫৬০	১৪,০০০	১৪,০০০	৪,৪৬০	৩,৫৬০
কুচবিহার	—	২৫,০০০	১৫,০০০	১২,৫০০	১০,৯৪০	৩০,০০০	২০,০০০	১১,৪৫০	১০,১৪০
		বাঃ							
দার্জিলিং	—	৪,০০০	৪,০০০	১০,৪৬০	৬,৭৯০	৭,৫০০	৬,৫০০	৯,৭৮০	৫৯০
		নেঃ							
		১০,৩০০	৮,০০০						
হুগলী	—	৩০,০০০	৫১,০০০	২৭,১১০	১৭,৮১০	১৫,০০০	৪০,০০০	২৪,৭৬০	১৬,৩১০
হাওড়া	—	৪৮,০০০	৪০,০০০	২৪,৬৭০	১৭,৩৭০	২৭,০০০	৪৮,০০০	২২,২৭০	১৫,৬৭০
		বাঃ							
জলপাইগুড়ি	—	৩৭,৮০০	২৮,৮০০	১২,৯৬০	১০,১২০	২০,০০০	১৬,০০০	১১,৯১০	৯,৩২০
		নেঃ							
		৭০০	৫০০						
মালদহ	—	১৮,০০০	১৮,০০০	১০,৬২০	৬,৬৩০	১৫,০০০	১৫,০০০	৯,৫২০	৫,৯৮০
মেদিনীপুর	—	১,৫০,০০০	১,১৫,০০০	৬৭,৫৪০	৪৬,৩৯০	১,১০,০০০	১,১২,০০০	৬১,২৯০	৪২,১১০
মুর্শিদাবাদ	—	২৭,০০০	২৩,০০০	১৫,৫৪০	১১,৭৮০	১০,০০০	৫৫,০০০	১৪,০৯০	১০,৬৮০
নদিয়া	—	৬৩,০০০	৫০,০০০	১৯,৮৩০	১৭,২৮০	৩০,০০০	৪৫,০০০	১৭,৭৪০	১৫,৭৮০
পুরুলিয়া	—	৩৬,০০০	২৬,৫০০	৩৩,১৭০	১৭,৯৭০	৪৫,০০০	৪০,০০০	২৭,৯২০	১৬,৬৭০
২৪-পরগণা	—	৯২,০০০	১,০৬,০০০	৬৭,৫৩০	৪৮,৩৭০	১,৪২,০০০	১,৫০,০০০	৬১,৭০০	৪৪,০৭০
পশ্চিম দিনাজপুর	—	১৫,০০০	১৭,৫০০	১৩,২৯০	৯,২৮০	১০,০০০	১০,০০০	১২,১৯০	৮,৮৪০

সহকারী স্কুল পরিদর্শক নিয়োগ

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪০।) শ্রী ফণীভূষণ সিংহ বাবুঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারী ১৯'৭৪ পর্য্যন্ত কতজন সহকারী স্কুল পরিদর্শক নিয়োগ করা হইয়াছে এবং কিসের ভিত্তিতে (মেথড অফ রিক্রুটমেন্ট) এ নিয়োগ করা হইয়াছে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) উক্ত সালগুলিতে কোন সহকারী স্কুল পরিদর্শক (এ্যাসিসটেন্ট ইনেসপেক্টর অফ স্কুল) নিয়োগ করা হয় নাই। দ্বিতীয় অংশের প্রশ্ন উঠে না।

পলাসি পাড়ায় পি.টি. স্কুল

*৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০৮।) শ্রী কান্তিক চন্দ্র বিশ্বাস ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) নদীয়া জেলার তেহট্ট থানার অন্তর্গত পলাসি পাড়ায় কোন পি. টি. স্কুল আছে কিনা; এবং

(খ) থাকিলে, উহা বর্ত্তমানে কি অবস্থায় আছে?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্ত্তমানে উহা কৃষ্ণনগর পি.টি স্কুলের সঙ্গে একযোগে চলিতেছে। পালাশিপাড় পি.টি স্কুলে নির্দ্ধারিত ছাত্র সংখ্যা ১৬ জন। বর্ত্তমানে সেই ১৬ জন শিক্ষার্থী কৃষ্ণনগর পি.টি স্কুলের শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষালাভ করিতেছেন। উভয় পি.টি স্কুলের শিক্ষাদান ও পরিচালনার দায়িত্ব কৃষ্ণনগর পি.টি. স্কুলের শিক্ষকগণের উপর ন্যস্ত আছে।

মেদিনীপুর কলেজ গভর্নিং বডি

*৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৭।) শ্রী প্রদ্যোৎ কুমার মোহান্তি ঃ শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) মেদিনীপুর কলেজে বর্ত্তমানে কোন গভর্নিং বডি আছে কিনা; এবং

(খ) থাকিলে, বর্ত্তমানে উক্ত বডি কোন কাজ করিতেছে কিনা?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) মেদিনীপুর কলেজের বর্ত্তমান পরিচালক সমিতির মেয়াদ শেষ হইয়া গিয়াছে বর্ত্তমান পরিচালক সমিতির মেয়াদ বর্ধিত করিবার অথবা নূতন পরিচালক সমিতি গঠন করিবার কথা সরকার চিন্তা করিতেছেন।

(খ) এই সম্পর্কে সরকারী আদেশ প্রচার সাপেক্ষে পরিচালক সমিতির সভাপতি ও কলেজের অধ্যক্ষ কাজ চালাইয়া যাইতেছেন।

কন্‌ষ্ট্রাকসন বোর্ডের মাধ্যমে শিক্ষা দপ্তরের গৃহ নির্মাণ

***৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২৯।) শ্রী সুধীর চন্দ্র দাস ঃ গত ১৩-৩-৭৩ তারিখের তারকা চিহ্নিত *৫৭১ নং (অনুমোদিত প্রশ্ন নং *১১০৬) প্রশ্নের উত্তর উল্লেখে শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—**

(ক) উক্ত রঘুরামপুর পলিটেকনিকেল কলেজের গৃহ ইত্যাদি নির্মাণের জন্য কন্‌ষ্ট্রাকসন বোর্ডকে যে ১৭,৪৬,৫০০ শত টাকা দেওয়া হইয়াছিল তাহা এ পর্য্যন্ত সম্পূর্ণ খরচ হইয়াছে কিনা এবং খরচ না হইয়া থাকিলে, কত টাকা খরচ হয় নাই;

(খ) শিক্ষা দপ্তরের যে সকল গৃহ নির্মাণ কন্‌ষ্ট্রাকসন বোর্ডের মাধ্যমে হইয়াছে বা হইতেছে তাহাদের কাজ শেষ করার কোন সময় লক্ষ্য নিৰ্দ্দিষ্ট আছে কিনা; এবং

(গ) ১৯৬৬ সাল হইতে এই গৃহ নির্মাণ কার্য্য আরম্ভ হইলেও সুদীর্ঘ আট বছরের মধ্যে গৃহ নির্মাণ কার্য্য শেষ না হইবার কারণ কি?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) উক্ত পলিটেকনিকের রাস্তাসহ গৃহ নির্মাণের জন্য যে মোট ১৭,৪৬,৮০৫ টাকা কনষ্ট্রাকশন বোর্ডকে দেওয়া হইয়াছে তাহা সম্পূর্ণ খরচ হয় নাই। গত ৩১-৩-৭২ তারিখ পর্য্যন্ত মোট ৯,৭১,৬৬৯ টাকা খরচ হইয়াছে। কনষ্ট্রাকশন বোর্ডের কাছ থেকে আজ পর্যন্ত খরচের প্রতিবেদন এখনও পাওয়া যায় নাই।

(খ) না।

(গ) এই গৃহ নির্মাণে নিযুক্ত কনট্রাকটর তাহার পাওনা সংক্রান্ত ব্যাপারে সালিশী মানায় এবং উহার নিষ্পত্তি না হওয়ায় গৃহ নির্মাণ কার্য্য বন্ধ ছিল।

Calling Attention to Matters of Urgent Public Importance.

Mr. Speaker : I have received 39 notices of Calling Attention on the following subject, namely :—

1. Murder of father and son at Makardaha in Howrah on 21-4-74—from Shri A. H. Besterwitch and Shri Shish Mohammad.

2. Murder of a teacher at Kalinagar in Krishnagar on 18-4-74—from Shri A. H. Besterwitch and Shish Mohammad.

3. Murder of two traffic police personnel at Howrah on 19-4-74—from Shri A. H. Besterwitch and Shish Mohammad.

4. Acute food crisis in Jangipur in Murshidabad—from Shri A. H. Besterwitch and Shri Shish Mohammad.

5. Rise in price of salt in West Bengal—from Shri A. H. Besterwitch and Shri Shish Mohammad.

6. Acute scarcity of drinking water in Calcutta—from Shri Ajit Kumar Basu

7. Threatened strike and other forms of movement by the staff of six universities of West Bengal—from Sm. Geeta Mukhopadhyay, Shri Niranjan Dihidar and Shri Bhupal Chandra Panda.

8. Crisis of drinking water throughout the Jangipur subdivision in Murshidabad —from Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri.

9. Serious erosion from Dhubulia to Nimtita and Jalangi—from Shisl Mohammad and Shri Timir Baran Bhaduri.

10. Reported possibility of increase in price of milk supplied by the Governmen --from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Moulick Shri Kashinath Misra and Shri Sukumar Bandopadhyay.

11. Reported police fiing on mob at Biranpur in Nadia—from Shri Abdul Bari Biswas and Shri Sunil Mohan Ghosh Moulick.

12. Reported failurfte control small pox and chicken pox in Murshidabad—from Shri Abdul Bari Biswas and Shri Sunil Mohon Ghosh Moulick.

13. Selling of two daughters by Sm. Amala Lakshman for want of money in Bankura -from Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandopadhyay, Shri Debabrata Chatterjee and Shri Sarat Das.

14. Acute scarcity of food in rural areas of Purulia—from Shri Sarat Chandra Das, Shri Kinkar Mahato, Shri Satadal Mahato, Shri Madan Mohan Mahato, Shri Netai Deshmuk, Shri Sital Chandra Hembram and Shri Kashinath Misra.

[2—2-10 p.m.]

15. Reported threatened strike by the Haringhata Firm Milk licensees from 26th April, 1974 and consequent stoppage of milk supply to Howrah and greater Calcutta--from Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandopadhaya Shri Debabrata Chatterjee and Shri Sarat Chandra Das.

16. Reported starvation deaths in Murshidabad, Purulia and Bankura districts - from Shri Abdul Bari Biswas, Shri Md. Safiulla, Shri Sunil Mohan Ghosh Moulick, Shri Durgadas Bauri, Shri Kashinath Misra. Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhaya, Shri Debabrata Chatterjee and Shri Sarat Chandra Das.

17. Cattle in Haringhata firm on the verge of death for want of food—from Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Abdul Bari Biswas. Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee and Shri Sarat Chandra Das.

18. Starting of Television in Calcutta—from Shri Kashinat Misra, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Catterjee and Shri Sarat Chandra Das.

19. Acute load-shedding throughout West Bengal affecting industrial production—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra Shri Md. Dedar Baksh and Shri Ananda Gopal Mukherjee, Shri Ananta Kumar Bharati, Shri Sisir Ghosh and Shri Kanai Bhowmik.

20. Non-take over of coal mines in the districts of Purulia and Bankura throwing 10 thousand workers out of employment—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

21. Acute short supply of salt, bread and kerosene—from Shri Sukun Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhy and Shri Md. Dedar Baksh and Shri Ananda Gopal Mukherjee.

22. Disruption of public life due to frequent load-shedding all over the Stat from Shri Asamanja De.

23. Disruption in unloading of salt from ship—from Shri Md. Dedar Bal and Shri Ananda Gopal Mukherjee.

24. Collapse of education system in colleges due to widespread load-shedding from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chanc Das, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhyay a Shri Debabrata Chatterjee.

25. Nine thousand tonnes of coal burnt out at Monoharahal Colliery Asansol due to carelessness of coal mines authority—from Shri Sukum Bandyopadhyay and Shri Kashinath Misra.

26. Immediate introduction of T.R. and G.R. in Murshidabad, Purli Bankura and Asansol—from Shri Sukumar Bandyopadhyay and Sl Kashinath Misra.

27. Closure of J. K. Nagar Aluminium Factory affecting six thousand workers-from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

28. Lock-out in Indian Refractories at Kulti—from Shri Sukumar Bandy padhyay and Shri Kashinath Misra.

29. Threatened hunger strike by the volunteers in Jails from 23rd April from Shri Aswini Kumar Roy, Shri Ajit Kumar Basu, Shri Biswana Mukherjee and Sm. Ila Mitra.

30. Reported big fire in Calcutta Port Commissioner's Godown on Friday from Shri Asamanja De.

31. Reported rise in price of Salt—from Shri Asamanja De.

32. Clash between rice smugglers and cordoning police in Birnagar stati of Nadia district on Sunday last—from Shri Md. Dedar Baksh, Shri Nare Chandra Chaki.

33. Death of patients due to adulteration in Glucose injections—from Sl Md. Dedar Baksh.

34. Delay in execution of drainage development work by C.M.D.A.—fro Shri Md. Dedar Baksh.

35. Sale of adulcrated icecream in Calcutta—from Shri Md. Dedar Baks

36. Accumulation of Garbage in Calcutta—from Shri Md. Safiulla, Sh Ganes Chandra Hatui, Shri Bhawani Prosad Sinha Ray and Shri Mahad Mukherjee.

37. Reported illegal appointment of primary teachers in 24-Parganas fro Shri Ganesh Chandra Hatui.

38. Distribution of Rice and Wheat in Modified Rationing areas—from Shri Ganesh Chandra Hatui.

39. Starting of Howrah-Amta, Howrah-Champadanga and Howrah-Seakhala Broad Gauge Railway—from Shri Ganesh Chandra Hatui.

I have selected three notices on the same subject and I have clubbed them together, viz. (1)Acute load-shedding throughout West Bengal affecting industrial production, (2) disruption of public life due to frequent load-shedding all over the State and (3) Collapse of education system in colleges due to widespread load-shedding. These three notices on the same subject have been given by Shri Sukumar Bandyopadhyaya, Shri Kashinath Misra, Shri Md. Dedar Baksh, Shri Ananda Gopal Mukherjee, Shri Asamanja De, Shri Sarat Chandra Das, Shri Monoranjan Pramanik, Shri Ananda Gopal Mukherjee, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Ananta Kumar Bharati, Shri Sisir Kumar Ghosh and Shri Kanai Bhowmik. The Hon'ble Minister may please make a statement on the subject today if possible or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On Thursday, the 25th.

[2-10 2-20 p.m.]

MENTION CASES

Shri Biswanath Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয় কতকগুলি গুরুতর ঘটনা সম্বন্ধে আপনার অনুমতি নিয়ে আজকে উল্লেখ করতে চাই। আমরা সকলে জানি আমাদের দেশের সাধারণ মানুষ কি দূরবস্থার মধ্যে রয়েছে। বিদ্যুৎ নেই, খাবারের দাম বেড়েছে, কেরসিন তেল নেই ইত্যাদি সমস্ত ঘটনা আমরা জানি এবং আইন সভায় নানা রকম ভাবে সকলেই সেই কথা বলছি, বাহিরেও এই নিয়ে বহু বিক্ষোভ আন্দোলন হচ্ছে। পশ্চিমবঙ্গের যুব সঙ্গ গত ১৯শে এপ্রিল খাদ্য, কেরসিন প্রভৃতির দাবীতে এবং রাজ বন্দীর মর্যাদার দাবীতে আইন অমান্য করেছিল এবং সেই আইন অমান্যে হাজার হাজার ছেলে মেয়ে অংশ গ্রহণ করেছিল। আইন অমান্য শান্তিপূর্ণভাবে তারা করার সিদ্ধান্ত করেছিল, করেওছিল এবং কতক জায়গায় কিছু ঘটনা ঘটায় খালি গ্রেপ্তার হয়েছে। কিন্তু পশ্চিমবাংলা কতকগুলি জায়গায় পুলিশ এই আইন অমান্যকারীদের উপর এবং জনতার উপর বেপরোয়া লাঠি চালনা করেছে, সেটা আপনারা কাগজে দেখেছেন। বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, বোলপুর ও বারাসাতে প্রচণ্ড লাঠি চার্জ হয়েছে। বর্ধমানের কথা আপনাদের বলতে পারি যে প্রায় এক হাজার ছেলে মেয়ে আইন অমান্য করার জন্য অগ্রসর হয়েছিল এবং এ.ডি.এম.'এর কোর্ট গেটে গেলে পুলিশ তাদের আটকায়। তারপর কোন প্ররোচনা ব্যতীত হঠাৎ লাঠি চার্জ করে। তার ফলে অসিত ভৌমিকের শরীরে প্রচণ্ড আঘাত লাগে, তার ডান কাঁধ ফ্রাকচার হয়েছে, আবির দাসের কনুই ইনজিওরর্ড হয়েছে, ৭।৮ জনের ফ্রাকচার হয়েছে। এর অজুহাত হচ্ছে ঢিল ছুঁড়েছে। সেখানে অনেক লোকজন ছিলেন, আইন সভার সদস্য যারা ছিলেন তারাও বলতে পারেন কেউ ঢিল ছোঁড়ে নি। কিন্তু অপর দিকে মেদিনীপুরে যখন আইন অমান্য করে—ম্যাজিস্ট্রেট, জুডিসিয়্যাল ম্যাজিস্ট্রেট, এস,ডি,ও'র কোর্টের সামনে যখন আইন অমান্য করে তখন তাদের ভিতরে পুলিশ ঢুকিয়ে নিয়েছিল এবং ভিতরে ঢুকিয়ে নেবার পরে লাঠি চার্জ হয়েছে। পরে বাহিরে দু-জন ঢিল ছোঁড়ে। তখন আমাদের আইন সভার সদস্য কামাক্ষা নন্দন দাস মহাপাত্র তিনি দেখেই ম্যাজিস্ট্রেটকে বলেছেন এ্যারেস্ট করুন, ওরা কারা। কিন্তু তাদের এ্যারেস্ট করা হয়নি। তারা পুলিশ মাত্র। কোথাও ঢিল ছোঁড়া হয় নি, লাঠি চার্জ করেছে, মেরেছে। কোথায় ২।১টি ঢিল ছুঁড়েছে পয়েন্ট আউট করে এবং এ্যারেস্ট করার জন্য বলেছেন। কিন্তু তাদের এ্যারেস্ট করা হয় নি এবং ব্রুটাল লাঠি চার্জ করা হয়েছে। এ্যারেস্ট করে ভিতরের মধ্যে নিয়ে গিয়ে তাদের ব্রুটাল লাঠি

চার্জ করা হয়েছে এবং লাঠি চার্জ করার পরে গ্রেপ্তার করে জেল হাজতে নিয়ে যাওয়া হয়েছে। শত শত ছেলে বর্ধমান জেলে আছে, কলকাতার জেলে আছে, মেদিনীপুর জেলে আছে, দমদম জেলে আছে, কিন্তু তাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দেওয়া হচ্ছে না এবং তারা স্থির করেছেন আগামীকাল অনশন করবেন এবং তাদের সমর্থনে যুব সংঘ এবং ছাত্র ফেডারেশন তার বাহিরে এসপ্ল্যানেড ইস্টে ২৪ ঘন্টায় অনশন করবেন। আমি একটি কথা অধ্যক্ষ মহাশয়, এখানে উল্লেখ করছি এবং মন্ত্রী মন্ডলীর কাছ থেকে জানতে চাচ্ছি যে শান্তিপূর্ণভাবে আইন অমান্য আন্দোলন করবার অধিকার আছে কিনা এবং বৃটিশ আমলে ১৯৩০ সালে আমি আইন অমান্য আন্দোলন করেছি আমরা সমস্ত গান্ধী পন্থী—এই একই অজুহাতে আমাদের পেডি সাহেব লাঠি চার্জ করেছিল, ঠিক সেই একই অজুহাতে স্বাধীন ভারতবর্ষে আজও কি ছেলে মেয়েদের লাঠি পেটা করা হবে? তখন রাজনৈতিক বন্দীর মর্যাদার প্রশ্ন নিয়ে আমাদের দেশের বহু রাজনৈতিক বন্দী অনশন করে প্রাণ দিয়েছেন এবং ইংরাজ আমলে বহু গণ্ডগোল হয়েছিল। পশ্চিমবাংলায় ১৯৪৮-৪৯ সালে জেলে ভয়ঙ্কর গণ্ডগোল হয়েছিল, বহু লোক মারা গিয়েছিলেন। তারপর ডাক্তার বিধান চন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তিনি পরিষ্কারভাবে এই এগ্রিমেন্ট করেন এবং স্টেটমেন্ট দেন, সারকুলার দেন যে যারা রাজনৈতিক বন্দী এবং গনতান্ত্রিক আন্দোলনে বন্দী তাদের রাজবন্দীর মর্যাদা দেওয়ার স্পেসিফিক্যালি অধিকার দিয়েছিলেন লিখিত-পড়িতভাবে এবং গনতান্ত্রিক আন্দোলন বলতে তিনি শ্রমিক, কৃষকদের আন্দোলনকেও লিখে দিয়েছিলেন। গনতান্ত্রিক আন্দোলনে, শ্রমিক কৃষকের আন্দোলন, রাজনৈতিক আন্দোলনে যারা বন্দী হবেন তারা রাজবন্দীর মর্যাদা পাবেন। অর্থাৎ তাদের সাধারণ কয়েদীদের মত রাখা হবে না, এটা ক্লিয়ার করে বলে দেওয়া আছে এবং তাদের বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হবে।

রাজনৈতিক বন্দীদের যেটা দেওয়া উচিত। আমি আপনাদের একথা বলতে পারি মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫২।৫৩।৫৬।৫৮।৫৯।৬৫।৬৬ সালে আমি এ্যারেস্টেড হয়ে জেলে গিয়েছি শত শত হাজার হাজার লোকের সঙ্গে। তার ভেতরে অসংখ্য লোক ছিলেন যারা ক্ষেত মজুর এবং গরিব চাষী খাদ্য আন্দোলনে এসে এ্যারেস্টেড হয়েছেন আইন অমান্য করে বা সত্যাগ্রহ করে। সেখানে গরিব, অশিক্ষিত ছিন্ন বস্ত্র পরিহিত লোকেরাও ছিলেন এবং সেখানে সর্ব অবস্থাতেই আমার এই অভিজ্ঞতা হয়েছে যে সেখানে কোন বাছ বিচার করা হয়নি। কার কি স্ট্যাটাস, কে লেখাপড়া জানে, কে লেখাপড়া জানে না, কে বড় লোকের ছেলে, কে গরিবের ছেলে এ সমস্ত কোনদিন বিচার করা হয়নি। সেখানে আমাদের সকলকেই রাজনৈতিক বন্দীর মর্যাদা দেওয়া হয়েছে। আনডারট্রায়াল প্রিজনার হিসাবে ডিভিসান ওয়ানে রাখা হয়েছে এবং বিচার হলে পরে ডিভিসান টু দেওয়া হয়েছে। বেশীরভাগ ক্ষেত্রে বিচার হয়নি সেকথা আমি বলেছি, সেখানে ডিভিসান ওয়ান আনডারট্রায়াল বলে রাখা হয়েছে বরাবর। সেই ডাঃ বিধান চন্দ্র রায়ের আমল থেকে প্রফুল্ল চন্দ্র সেনের আমল পর্য্যন্ত এই হয়েছে। তারপরেও ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের মন্ত্রীসভা যখন হল আমাদের যুক্ত ফ্রন্ট মন্ত্রীসভাকে ভেঙ্গে দিয়ে তখন যে আইন অমান্য আন্দোলন আমরা করেছিলাম ১৯৬৭ সালের নভেম্বর মাস থেকে ১৯৬৮ সালের জানুয়ারী মাস পর্য্যন্ত তখনও আমি প্রেসিডেন্সী জেলে ছিলাম এবং আমার সঙ্গে হাজারেরও বেশী ছেলে মেয়ে ছিল এবং সকলকেই ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের মন্ত্রীসভা ডিভিসান ওয়ান আনডারট্রায়াল এই মর্যাদা দিয়েছিলেন। সেখানে সেপারেট কিচেনের অধিকার দেওয়া হয়েছিল যা রাজনৈতিক বন্দীদের দেওয়া হয়। সেখানে আনডারট্রায়াল ডিভিসান ওয়ানের যে অধিকার তা ডঃ প্রফুল্ল ঘোষের আমলেও আমরা পেয়েছি। কিন্তু ১৯৭২ সালের নির্বাচনের পর এই যে মন্ত্রীসভা গঠিত হয়েছে, আইনসভা গঠিত হয়েছে, যে মন্ত্রীসভা এবং আইনসভা ১৭ দফা একটি প্রগতিশীল কর্মসূচীর উপর নির্বাচিত হয়ে তার ভিত্তিতে গঠিত হয়েছে সেই মন্ত্রীমন্ডলী আজকে আমাদের এখানেতে রাজনৈতিক বন্দীকে রাজনৈতিক বন্দীর মর্যাদা দিতে প্রস্তুত নন। আইন অমান্যকারী, সত্যাগ্রহকারীদের পর্য্যন্ত তাঁরা আনডারট্রায়াল ডিভিসান ওয়ানের মর্যাদা দিতে প্রস্তুত নন। এমন কি প্রেসিডেন্সী জেলে আমাদের ছেলে মেয়েদের সেপারেট কিচেন পর্য্যন্ত দিতে তাঁরা প্রস্তুত নন। তাঁরা বলে দিয়েছেন, না, আমরা জানি না কো

অর্ডার জেল মন্ত্রী দিয়েছেন কিনা। কিন্তু আজকে আই.জি. প্রিজন যে এ্যাটিচুড নিয়েছেন তিনি বলে দিয়েছেন, এদের প্রতি কঠোর মনোভাব নেবে, কোন রকম ভাবে এদের কোন সুযোগ সুবিধা দেওয়া চলবে না। স্যার, কোন বিষয়ে আমরা একমত হতে পারি, কোন বিষয় দ্বিমত হতে পারি কিন্তু আমার জিজ্ঞাস্য, পশ্চিমবাংলার মানুষের শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক আন্দোলন করবার অধিকার আছে কিনা এবং সে রাজনৈতিক বন্দীর মর্যাদা পাবে কিনা? ১৯৪৯ সাল থেকে যে জিনিষ চলে আসছে ১৯৭০ সাল পর্য্যন্ত সে জিনিষ কি এক কলমের খোঁচায় বাতিল হয়ে যাবে? মানুষের দীর্ঘদিনের সংগ্রামের যে ফল, গণতান্ত্রিক আন্দোলনের যে অধিকার এবং রাজনৈতিক বন্দীর মর্যাদার যে অধিকার সেটা কি বাতিল হয়ে যাবে? ভবিষ্যতের কথা সকলেই যেন চিন্তা করেন, বর্তমান মন্ত্রীমন্ডলিও যেন চিন্তা করেন। কেউ আজ ক্ষমতায় আছে কাল কেউ ক্ষমতায় থাকবে, কেউ আজ আন্দোলন করছে কাল কেউ আন্দোলন করতে পারে কিন্তু আজই হোক আর কালই হোক যে যখনই গণতান্ত্রিক আন্দোলন করবে সে তখন সেই মর্যাদা পাবে, এটাই হওয়া উচিত। এটা কোন বিশেষ মন্ত্রীসভা বা দলের প্রশ্ন নয়, এটা দল নিরপেক্ষভাবে, মন্ত্রীসভা নিরপেক্ষভাবে একটা সাধারণ গণতান্ত্রিক প্রশ্ন। সেইজন্য স্যার, আজকে এখানে দাঁড়িয়ে এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করলাম এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করলাম। এখানে আমাদের কারামন্ত্রী উপস্থিত আছেন তাঁর কাছ থেকে আমি এই আশ্বাস পেতে চাই যে যে সব ছেলে মেয়ে আজকে আনডার ট্রায়াল রয়েছে বা এখনও বিচার হয়নি কিম্বা যাদের বিচার হয়ে জেল হয়েছে তাদেরকে রাজনৈতিক বন্দীর মর্যাদা ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলের সেই সার্কুলার অনুসারে দেওয়া হবে কিনা।

[2-20 – 2-30 p.m.]

তাদের ডিভিশান ওয়ান আন্ডারট্রায়াল প্রিজনার হিসাবে অথবা যদি বিচার হয়ে জেল হয়ে থাকে ডিভিশান টু প্রিজনার হিসাবে গণ্য করা হবে কি না। আদালতের কথা বলবেন না, আদালতের নিশ্চয়ই অধিকার আছে, তারা ইচ্ছা করলে ডিভিশান দিতে পারেন। কিন্তু গভার্ণমেন্টেরও অধিকার আছে। আদালত যদি কাউকে ডিভিশান নাও দেয় গভার্ণমেন্ট দিতে পারে, গভার্ণমেন্টের সেই স্বাধীনতা আছে, সেই অধিকার আছে। ডাঃ রায়ের আমলেও ছিল, আজও আছে। আমি এইটুকু আশ্বাস পেতে চাই মন্ত্রীমণ্ডলীর কাছে বিশেষকরে কারা মন্ত্রীর কাছ থেকে যে, যারা বিচারাধীন বন্দী হিসাবে জেলে রয়েছে তাদের কারো যদি বিচার হয়ে জেল হয়ে থাকে তাহলে তাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা এবং ডিভিশান দেওয়া হবে কি না, তাদের সেপারেট কিচেন ইত্যাদি অন্যান্য যে সব সুযোগ সুবিধা ছিল সেগুলি তাদের দেওয়া হবে কি না? এইটুকু মাননীয় কারামন্ত্রীর কাছ থেকে আমি জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও রাজনীতি করেছেন, আমিও রাজনীতি করেছি। আমি ১৯৩০ সাল থেকে রাজনীতি করছি এবং ১৯৩০ সাল থেকে জেলে গেছি একথা উড়িয়ে দেবার কথা নয়। আজকে জেলের বন্দীদের অধিকার দিতে হবে।

(Noise)

Mr. Speaker : Mr. Mukherjee, I have allowed you 10 minutes' time because you are mentioning an important matter.

Shri Biswanath Mukherjee : Sir, it will take 2 minutes' time for the Minister to give an answer.

কারণ এটা কোন দলের কথা নয়।

(Noise)

Mr. Speaker : Mr. Mukherjee, you know the Parliamentary procedure. I cannot compel the Minister to make a statement.

Shri Biswanath Mukherjee : Sir, you may not compel, but you may request the Minister.

Mr. Speaker : Your point of view has been very vividly and clearly made. You have expressed your opinion, your grave concern over the issue and placed the entire matter in the House. It is up to the Minister to make or not to make a statement.

(Noise)

Shri Biswanath Mukherjee : Sir, you can ask the Minister to make a statement. He is here.

(Noise)

(Members from C. P. I. bench rose to speak)

Mr. Speaker : Honourable members, this question does not arise. It is up to the Hon'ble Minister. He is present all along in the House. When honourable Shri Biswanath Mukherjee stated the entire fact to all the honourable members and to the Hon'ble Minister he was here. It is no question that I will have to specially request him to give an answer because he is in the House. An important matter has been raised and it is expected that an answer will be coming.

Shri Biswanath Mukherjee : Sir, the Hon'ble Minister is consulting with other Ministers. Let him say.

আমরা আন্দোলন করে এ্যারেস্ট হলে রাজনৈতিক বন্দীর মর্য্যাদা পাবো কিনা

(Members from the C. P. I. bench rose to speak)

Mr. Speaker : Please take your seats. I have given you the full time and full protection to express your opinion. I do feel that you have been able to express your view point very very clearly before the House. The Hon'ble Ministers are also here. It is a matter of policy for the Government and it is up to the Hon'ble Minister, if he has got anything to say he will make a statement. Beyond that I cannot compel any Minister that he will have to say something. This is a clear indication that if the Minister has got to say anything, he can satisfy the House. I can say that, a very important point has been raised and the Minister, if he has got anything to say may clarify the position. It is up to him to decide whether he will give a statement or not. Beyond that I cannot say that he will have to give an answer.

Shri Biswanath Mukherjee :
আমরা আপনার প্রতি কোন অমর্য্যাদা না করে বলছি, আপনি তো উনাকে অনুরোধ করতে পারেন, কিছু বলার জন্য, কারণ তিনাদেরও তো একদিন জেলে যেতে হতে পারে। মন্ত্রী-মহাশয় চুপচাপ বসে আছেন আর কোন উত্তর দিচ্ছেন না, এর প্রতিবাদে আমরা ওয়াক আউট করছি।

(At this stage the members of the C. P. I. Bench wall out of the chamber)

(গোলমাল)

Shri Kanai Lal Sarkar :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ মন্ত্রী এখানে নেই, আমি মন্ত্রী মহাশয়কে একটা অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ জানাচ্ছি। আজকে লোড শেডিং-এর ফলে সারা বাংলা দেশ, সারা কলকাতা এবং আমার এলাকার যে দুরবস্থা হয়েছে তা অবর্ণনীয়। আগে লোড শেডিং হ'ত সন্ধ্যার দিকে বড় জোর দু ঘন্টা। কিন্তু গত একমাস ধরে যা চলেছে তা আর বলার নয়। সকাল আটটা থেকে দুপুর একটা এবং বিকাল পাঁচটা থেকে রাত্রি ১০ টা পর্য্যন্ত কোন্ সময় যে চলে যাবে তা কেউ বলতে পারে না। আমি গত কাল এবং আজকের দুটি ঘটনার কথা আপনাকে জানাচ্ছি। কালকে আমার একটা এমার্জেন্সি অপারেশন ছিল অপারেশন টেবিলে যখন একজন রোগীর এ্যাবডোমেন ওপন করে

গল ব্লাডার অপারেশন করার চেষ্টা করছি তখন হঠাৎ লোড শেডিং আরম্ভ হয়ে গেল ফলে হাত গুটিয়ে বসে থাকতে হ'ল। আজ সকালে যখন একটা পাইলোগ্রাফি করার চেষ্টা করছি একটা এক্সরে ক্লিনিকে, এতে একটা করে ইনজেকশন দিয়ে পাঁচ মিনিট অন্তর এক্সরে করতে হয়। দুটি এক্সরে করার পরে হঠাৎ লোড শেডিং আরম্ভ হয়ে গেল, যার ফলে প্লেটগুলো নষ্ট হয়ে গেল এবং ইনজেকশনগুলোও নষ্ট হয়ে গেল, যার দাম একটা প্রায় ৫০ টাকা। এই ভাবে লোড শেডিং এর জন্য সারা বাংলাদেশে, কলকাতা শহর-এর জনজীবন আজকে বিপর্য্যস্ত হয়ে পড়েছে। নিশ্চয়ই আমরা আশা করবো এই বিষয়ে মন্ত্রী সভা'র যে কোন একজন বিবৃতি দেবেন।

(গোলমাল)

বিদ্যুৎ মন্ত্রীমহাশয় এখানে নেই আমি মন্ত্রী সভার কাছে আপনার মাধ্যমে দাবী রাখছি তাঁরা নিশ্চয়ই এই বিষয়ে ব্যবস্থা নেবেন যাতে আশু প্রতিকার হয়।

(গোলমাল)

Shri Gautam Chakraborty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ কানাই সরকার মহাশয়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে এই কথা বলতে চাই যে শুধু মাত্র বিদ্যুৎমন্ত্রী শ্রী [illegible] চৌধুরীর মহাশয়ের কাঁধে দোষ চাপালে চলবে না। আমরা প্রত্যক্ষ ভাবে এই সমস্যার সমাধান চাই। দিনের পর দিন পশ্চিমবাংলার মানুষকে ভাওতা দেওয়া হচ্ছে। আমরা স্পেসিফিক সাজেসন চাই এবং এই পরিপ্রেক্ষিতে গভর্নমেন্ট কি স্টেপ নিচ্ছেন, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছ থেকে জানতে চাইছি।

সেভারেল মেম্বারস রোজ টু স্পিক
নয়েজ এন্ড ইন্টারাপশন।

[2-30--2-40 p.m.]

Mr. Speaker : I request all the honourable members to take their seats. All of you know that I have admitted 3 calling attention notices on the same subject and the answer will be coming from the Hon'ble Minister on the 25th. I know it is a serious problem, not only for the industrial concerns but also the people in general. For this reason I have admitted 3 calling attention notices and I think the Hon'ble Minister will come forward with a specific reply on the subject. I know that everybody is very anxious and a grave situation is prevailing. So, I request you to allow the Minister to come forward with a definite statement on the subject. There are about 40 mention cases which will take a long time. I , therefore, request you not to curtail the time of other members.

(গোলমাল)

Shri Abdul Bari Biswas :

অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই মাত্র বললেন যে তিনটি কলিং এটেনশন মোশান এই বিষয়ের উপর এক্সেপ্ট করেছেন, হাউসের মেম্বারদের ফিলিংস আপনি এপ্রিসিয়েট করেছেন। যেখানে রোগী অপারেশন থিয়েটারে হঠাৎ লোড্ সেডিং-এর জন্য মারা যাচ্ছে সেখানে ২৫ তারিখে মন্ত্রীসভার উত্তর দেওয়া আমার মনে হয় আর একটা বিপর্যায় হবে। তাই এই মুহূর্তে আমি দাবী করব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দয়া করে আমাদের এই বিষয়ে ২ ঘণ্টা থেকে ২।। ঘণ্টা সময় দিন ফুল ফ্লেজেড ডিসকাশনের জন্য যেখানে এই রকম একটি সিরিয়াস্ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রী বলেছেন যে হাসপাতালে স্পেশাল জেনারেটর না হলে কাজ হবে না। অপারেশন থিয়েটারে রোগী লোড শেডিং-এর জন্য

মারা গিয়েছে। আপনি এটা বিজনেস অ্যাডভাইসারি কমিটির মিটিং-এ তুলুন এবং তাদের কাছে দাবী করে একটা ডিসকাশনের ব্যবস্থা করুন।

Mr. Speaker : It is a very serious matter and I have received one notice under rule 194 from Shri Mrigendra Mukherjee for a discussion over this matter. I will place the matter before the Business Advisory Committee today for their consideration and, if possible, to fix a time 2 or 2 hours for a discussion on the matter. If the Business Advisory Committee agrees, then, a date will be fixed for a discussion on the matter.

Shri Kumar Dipti Sen Gupta :

মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গের মানুষের জনজীবন নিত্য প্রয়োজনীয় দ্রব্য না পাওয়ার জন্য যখন বিপর্যাস্ত, পশ্চিমবঙ্গের মানুষ যখন হতাশাগ্রস্ত তখন বিধান সভার কংগ্রেস পক্ষের সদস্যরা, মুসলিম লিগ-এর সদস্যরা এবং গোর্খা লীগের সদস্যরা, মানুষের কাছে তাঁদের যে প্রতিশ্রুতি তা পালন করবার জন্য দিল্লী পর্যন্ত ছুটে গিয়েছিলেন। তাঁরা মনে করে এক দিন বন্ধ্ দিয়ে এই সমস্যার সমাধান করা যাবে না। তাঁরা মনে করেন বন্ধ করলে আকাশ থেকে খাদ্য দ্রব্য বৃষ্টি হবে না। বন্ধ্ করলে নিরন্ন মানুষের মুখে খাদ্য দ্রব্য পৌঁছে দিতে পারবেন না। তাই আমরা তখন দিল্লী গিয়েছিলাম। এবং অত্যন্ত আনন্দের কথা এই বিধান সভার ইতিহাসে এটা একটা গর্বের কথা যে, পশ্চিমবাংলার বিধান সভার সদস্যরা সকলে বিধান সভার পক্ষ থেকে যে উদ্দেশ্যে দিল্লী দিয়েছিলেন সেই উদ্দেশ্য আমাদের সাফল্য লাভ করেছে।

আমরা জানি কয়েক হাজার টন খাদ্যদ্রব্যের বৃদ্ধি আমরা পেয়েছি, কয়েক লক্ষ লিটার কেরোসিনের বৃদ্ধি পেয়েছি। কিন্তু আজ সকাল বেলায় কয়েকটি বিভিন্ন সংবাদপত্রে পড়লাম গ্রাম বাংলায় ক্ষুধার তাড়নায় মা তার কচি শিশুকে অভাবের তাড়নায় একটা শাড়ীর পরিবর্তে বিক্রি করেছে, বাকুড়ায় কয়েকজনের অনাহার জনিত অবস্থায় মৃত্যু হয়েছে, মুর্শিদাবাদেও এইরকম ঘটনার কথা জানতে পেরেছি। যে বরাদ্দ বৃদ্ধি পেয়েছে তারজন্য আমরা খাদ্যমন্ত্রীর কাছে কৃতজ্ঞ আমাদের খাদ্যের বরাদ্দ তিনি বাড়িয়ে দিয়েছেন। কিন্তু এইসব খাদ্যদ্রব্য যদি অবিলম্বে পশ্চিমবাংলায় না আসে তাহলে এর কি মূল্য থাকবে? আজ বলা হবে ওয়েজ সরটেজ, কিম্বা রেল ধর্মঘট, কিম্বা এক শ্রেণীর প্রশাসন যন্ত্র কিংবা বিরোধীতায় এই খাদ্যদ্রব্য পশ্চিমবাংলার আসবে না। তাই বলব অবিলম্বে মিলিটারি স্টেপ-এ করে এই খাদ্যদ্রব্য পশ্চিমবাংলার পৌঁছে দেওয়া হোক যাতে গ্রাম বাংলার মানুষকে এম.আর,সপ-এর মাধ্যমে এসব খাদ্যদ্রব্য সরবরাহ করা যেতে পারে।

Shri A. H. Besterwitch : On 15th January 1974 some people, entering the house of one Jatindra Nath Lahiri, started plucking mangoes and when he rebuked them they started pelting of stones and all these things. This is the law and order position in West Bengal. If this is the state of affairs, if anybody and everybody enters a house and if anybody and everybody assaults the inmates, then it is not a very good law and order business in West Bengal. I am giving you a letter which I have received. It is not my party's letter, it is the ruling party's letter which has been sent to me. Now, Sir, Shri Lahiri's son was severely assaulted and a police case was started (No. 12/5 of 15.4.74). Police arrested the person concerned but with the help of some respectable people of that area pressure was somehow or other brought to bear upon the police and the persons were released on bail. If this is a good law and order position, as Siddhartha Babu says, then I do not know what is meant by law and order. Even my friends on the other side have expressed that free fight is going on and I think that West Bengal is bad in India so far as law and order position is concerned. I think the Minister-in-charge will look into the letter. They have given all the names of the persons concerned. I hope he will take serious action in this matter.

[240- -2-50 p.m]

Shri Khan Nasiruddin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আধ মাসের উপর হয়ে গেল আমি একটা মেনশান করেছিলাম মুশিদাবাদ জেলার ডি,আই,অব স্কুলসের অশালীন আচরণের উপর। আমি সেটা আবার বলছি। শিক্ষা মন্ত্রীর একটা অর্ডার নিয়ে আমি যাই, তিনি উক্তি করেন যে এঁদের মাথায় কিছু নেই। এটা হাউসের মধ্যে তোলার পর হাউসের প্রায় সকল সদস্যই এর প্রতিকারের দাবি জানান এবং শিক্ষা মন্ত্রী মহাশয় উঠে দাঁড়িয়ে বলেছিলেন যে ব্যবস্থা গ্রহণ করা হবে। হাউস চলছে আজ ১৯ দিন হতে চলল, আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে আমার জানা নেই। শিক্ষা মন্ত্রী মহাশয় এখানে ছিলেন, এখন দেখছি না, হয়ত তিনি ঘরে বসে আছেন, তিনি এই সম্বন্ধে কি কর্তব্য করেছেন সেটা একটু জানতে পারলে খুশী হতাম। আমি বার বার তার কাছে ছুটে গেছি মেনশান করার পর, কিন্তু কি বলেন আর কি হয় কিছুই বুঝতে পারছি না। ডি, আই, অব স্কুলস, মুশিদাবাদ যে উক্তি করেছেন এই উক্তি সরকারের প্রতি মন্ত্রীর প্রতি আমাদের সকলের প্রতি যে কি কটূক্তি এটা ভাবতেও পারা যায় না, আর তার প্রতিকার ১৯ দিনেও কিছু হয় না। হাউস চলছে, প্রতিটি সদস্য এর প্রতিকারের দাবি করেছিলেন কিন্তু আজ পর্যন্ত কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি আবার সেই সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

Shri Gangadhar Pramanick : Sir, it is a serious matter. The other day the Minister told the House that he was going to take action. It is high time that he should have taken action by now. I think all the members here demand that the Minister should be sent for to explain to the House what action has been taken by him.

Shri Harasankar Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র বর্ধমান জেলাতে আজ থেকে বাসের ভাড়া বাড়িয়ে দেওয়া হল। বর্ধমান জেলার বাসের মালিকরা কোন জন প্রতিনিধির সঙ্গে আলোচনা করেনি, কোন রাজনৈতিক দলের নেতাকে ডাকেনি, ছাত্রদের ডাকেনি, জনসাধারণকে কোন রকম নোটিশ দেয়নি, রাজ্য সরকারের প্রায়র কনকারেন্স নেয়নি, না নিয়ে মালিকরা নিজেরা আজ থেকে ভাড়া বাড়িয়ে দিয়েছে। বীরভূমে যখন এই রকম ভাড়া বাড়ান হয় তখন আমরা আপত্তি করি এবং ছেলেদের আন্দোলনের ফলে বেশী ভাড়া স্থগিত হয়ে আছে। আজ থেকে বর্ধমানের ছেলেরা এই ভাড়ার বিরুদ্ধে আন্দোলন করবে। ব্যানার্জী কমিশন এখনও রায় দিলেন না, অথচ মালিকরা স্বতঃপ্রবৃত্ত হয়ে ভাড়া বাড়িয়ে দিয়েছে। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, উনি এখানে থাকলেও কিছু বলেন না, উনি এই সম্পর্কে একটা স্টেপ নিন, বর্ধমানের ডি,এম'কে জানান যে ব্যানার্জী কমিশানের রায় সাপেক্ষে ভাড়া বৃদ্ধি যেন বন্ধ রাখা হয়।

Shri Shib Sankar Bandopadhayay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদি আনপার্লামেন্টারী না হয় তাহলে বলি একটা কেলোর কীর্তি শিক্ষা বিভাগে হচ্ছে। শান্তিপুর মিউনিসিপ্যাল হাই স্কুল'এ কোন ম্যানেজিং কমিটি নাই বলে শিক্ষা বিভাগ সেখানে একটা এ্যাডভাইসারী কমিটি করে দিয়েছেন। যাঁদের নিয়ে করেছেন তাঁরা সত্যই ভাল লোক নিয়ে করেছেন, ওখানকার পৌরসভার সভাপতিকে নিয়েছেন, প্রাক্তন সভাপতিকে নিয়েছেন, কলেজের অধ্যক্ষকে নিয়েছেন, ডি,আই'কে নিয়েছেন উত্তম কথা, কিন্তু অবাক লাগে যখন দেখি সেই স্কুল যাঁকে নিয়ে চলছে সেই স্কুলের হেড মাস্টার সেই কমিটিতে নেই। ইলেক্টেড কমিটি যেগুলি সেই কমিটিতে হেডমাস্টার এক্স-অফিসিও মেম্বার, জয়েন্ট সেক্রেটারী, অথচ এই রকম একটা এ্যাড-হক কমিটি হচ্ছে, সেই কমিটিতে হেড

মাষ্টার নেই। তাই বলছিলাম যদি আনপার্লামেন্টারী না হয় তাহলে বলি শিক্ষা মন্ত্রীর বিভাগে একটা কেলোর কীর্তি চলছে। আপনার কাছে নিবেদন যাতে করে অবিলম্বে এই ব্যবস্থার অবসান ঘটে, হেড মাষ্টারকে যাতে এই কমিটিতে নেওয়া যায় তারজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি নিয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে বিষয়ে সভার সকল সদস্যই একমত হবেন কারণ এই ব্যাপারে সকলেই উদ্বেগ প্রকাশ করেছেন। আজকে আমরা সকলেই জানি বাজার থেকে কেরোসিন, লবণ এবং পাঁউরুটি যেভাবে উধাও হয়ে গেছে সেটা একটা অবিশ্বাস্য জিনিস। আজকে আমরা দেখছি লবনের জাহাজ আমাদের এখানে এসেছে অথচ লবণ খালাস করা হচ্ছে না। এই লবণ খালাস না করার জন্য এক শ্রেণীর বড় বড় ব্যবসায়ী আজকে ১ টাকা থেকে আরম্ভ করে ২ টাকা কেজি দরে লবণ বিক্রি করছে। ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়েছে কিন্তু কোন প্রদেশেই লবণের এই রকম দাম বাড়েনি। আজকে লবণ এই যে দুটাকা পর্যন্ত উঠেছে তাতে কয়েকদিন পর আমরা হয়ত দেখব যে লবণের স্ট্যান্ডার্ড প্রাইস্ ১ টাকা হয়ে গেল। আমরা শুনছি যে ৬০ জন উইনসম্যান স্ট্রাইক করেছে এবং উইনসম্যানদের গো স্লো চলছে। ৬০ জন উনসম্যানের ব্যাপারে যদি একটা লেবার ডিসপুট হয়ে থাকে তাহলে ২৪ ঘন্টার মধ্যে কি লেবার দপ্তর সেই সমস্যার সমাধান করতে পারে না? আমার মনে হয় বড় বড় বিজনেস্‌ম্যানদের জন্য এই সঙ্কট সৃষ্টি হয়েছে অথবা বিভাগীয় কর্মচারীদের জন্য এরকম অবস্থার সৃষ্টি হয়েছে। ওর্নলি সিক্স ট্রেডার্স পশ্চিমবাংলায় লবণ কনট্রোল করছে এবং এই অবস্থায় পড়ে আমরা নীরব দর্শক হয়ে আছি। যদি উইনসম্যানরা গো স্লো করে থাকে তাহলে সে সম্বন্ধে শ্রম দপ্তর-এর উচিত তাদের বক্তব্য রাখা। কিন্তু বড় বড় ব্যবসায়ীরা যদি এই অবস্থার সৃষ্টি করে থাকে সেক্ষেত্রে আমাদের নীরব দর্শক হয়ে থাকা কখনই উচিত নয়। কোলকাতা এবং হাওড়ায় গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার যে সল্ট ডিপো আছে সেখানে কয়েক হাজার টন লবণ মজুত থাকা সত্বেও সেটা ছাড়া হলনা কেন সেটা আমি জানতে চাই। আমি মনে করি এই সাংঘাতিক অবস্থা আর চলা উচিত নয়। পাঁউরুটি এবং বিস্কুট কিছুদিন পাওয়া যায়নি বটে কিন্তু তারপর আবার পাওয়া যেত। কিন্তু এখন দেখছি সেগুলি আবার উধাও হয়েছে। আপনি নিশ্চয়ই জানেন এই পাঁউরুটি গরীবের খাবার। আমি কৃষ্ণনগরে গিয়ে দেখলাম এ্যানিম্যাল হাসবেনড্রি ডিপার্টমেন্টের একটি চতুর্থ শ্রেণীর কর্মচারী ভাতের মুখ দেখতে পায়না বলে প্রতিদিন তার ৮।৯ বছরের মেয়েকে চায়ের দোকানে পাঠাচ্ছে পাঁউরুটি কেনার জন্য। একবার চিন্তা করুন, এই পাঁউরুটির অভাবে তাদের কি অবস্থা। স্যার, এটা কোন অলিক কথা নয়, এটা ঘটনা যে পাঁউরুটি নেই। মাননীয় সদস্য দীপ্তি সেন গুপ্ত বললেন আমাদের ডেলিগেসন গিয়েছিল। ১৯৬৭ সালে যুক্ত ফ্রন্ট সরকারের আমলেও ডেলিগেসন গিয়েছিল। আপনারা নিশ্চয়ই জানেন যে সমস্ত প্রমিস্ রাখা হয়, যেসব এ্যালটমেন্ট করা হয় দিজ আর অল পেপার এ্যালটমেন্ট। যতক্ষণ পর্যন্ত না চাল, গম এসে পৌঁছাচ্ছে ততক্ষণ পর্যন্ত ক্ষুধার্ত মানুষ তা শুনবেনা। আমরা বিবৃতি মারফত দেখেছি পশ্চিমবাংলার জন্য এডিসন্যাল ৬।৭ হাজার কিলোমিটার কেরোসিন এ্যালটেড হয়েছে। কিন্তু শক্তি সরকার সুন্দরবনের অঞ্চল থেকে নির্বাচিত প্রতিনিধি মাননীয় মন্ত্রী দেবকান্ত বড়ুয়াকে যখন বলেন তখন দেবকান্ত বড়ুয়া তাঁকে বলেছেন আমি এই ব্যাপারে অপারগ, অসহায়। আমি এখন জিজ্ঞাসা করছি, পশ্চিমবাংলার জন্য এডিসন্যাল কেরোসিন এ্যালটেড হয়েছে এই যে বিবৃতি আমরা দেখেছি সেট, করেক্ট, না, অনারেবল মিনিষ্টার, দেবকান্ত বড়ুয়ার স্টেটমেন্ট করেক্ট? স্যার, নদীয়ায় মডিফায়েড রেশনিং-এ ২০০ গ্রাম গম দেওয়া হচ্ছিল কিন্তু সেটাও বন্ধ হয়ে গেছে। তারপর মুখ্যমন্ত্রীর কাছে আর একটা আবেদন করছি একদল আমলা এই যে কাগজে বিবৃতি দিচ্ছে এখানকার অফিসাররা ভারতবর্ষে বিভিন্ন রাজ্যে গম কিনতে গেছেন এবং সেই গমের দাম বেশী হবে এই জিনিস বন্ধ করুন। এই জিনিস যদি কাগজে বের হয় তাহলে পশ্চিমবাংলার ব্যবসায়ীদের হাতে যে গম

রয়েছে যেটা তারা অলরেডি ২০০ টাকা কুইন্টাল দরে বিক্রি করছে তার দাম আরও বাড়িয়ে দেবে। কাজেই আমি মনে করি এই জিনিস চলতে দেওয়া উচিত নয়। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তিনি হাউসে বলুন কেন আজকে পাঁউরুটি, বিস্কুট, লবণ ইত্যাদি পাওয়া যাচ্ছে না।

[2-50 3-00 p.m.]

আপনাকে বলছি স্যার, আপনি যদি এই হাউসের একটা পার্লামেন্টারী কমিটি করে দেন' একদিন বা দুদিন বা ২৪ ঘন্টার বাদে সমস্ত দলের সভ্যদের নিয়ে কমিটি করে দেন তারা বলুক যে সেন্ট্রাল গভর্ণমেন্টের যে সল্ট ডিপো হাওড়ায় আছে সেখানে নুনের মজুত কত হাজার টন ছিল, আর জাহাজ থেকে কেন লবণ নামল না এবং এই কলকাতার এবং বাংলাদেশের বিভিন্ন জায়গায় কেন লবণ এক টাকা থেকে দু টাকা বিক্রি হচ্ছে এবং মাননীয় মন্ত্রী যদি আশ্বাস দেন এবং তিনি যদি না দেন তাহলে আপনি একটা পার্লামেন্টারী করে দিতে পারেন কারণ আপনি হচ্ছেন কাসটোডিয়ান অব দি রাইটস য়্যাণ্ড প্রিভিলেজ অব দি মেম্বারস অব দি হাউস। এটা স্যার, এখানকার নজির আছে আপনি আগেও করেছেন, গত সেসান বা তার আগের সেসানে মেদিনীপুরের একটা আদিবাসী নারীর উপর অপমান-এর ব্যাপার নিয়ে তদন্ত করবার জন্য আপনি একটি কমিটি করেছিলেন, সেই রকম আপনি একটি কমিটি করে দিন যে কেন পাঁউরুটি পাওয়া যাচ্ছে না, কেন কেরোসিন তেলের এই অবস্থা, কেন লবণ এই দরে বিক্রি হচ্ছে, জনসাধারণের স্বার্থে খাদ্য মন্ত্রীকে বলছি এখনি নয়, এক ঘন্টা বাদে এসে হাউসকে কনফিডেন্সে এনে একটা বিবৃতি দিন, এটা আপনি নিশ্চয়ই পারেন ওনাকে অনুরোধ করতে।

Mr. Speaker :

মাননীয় সভ্যর নিশ্চয়ই জানা আছে, আমার পক্ষে কোন খাদ্যের ব্যাপারে এনকোয়ারী করার জন্য কোন কমিটি করা শোভন নয়, কিন্তু হাউসে যদি একটি প্রস্তাব পাশ করা হয়, তাহলে প্রস্তাব অনুসারে নিশ্চয়ই আমি কমিটি করে দেব। তাছাড়া আমার নিজের ইনিসিয়েটিভে, ফ্রম দি চেয়ার কিছু করা উচিত নয়। হাউস যদি আমাকে পাওয়ার ডেলিগেট বাই এ মোশান করে তাহলে সার্টেনলি সব পার্টির সদস্যদের নিয়ে একটা কমিটি গঠন করতে পারি, তাছাড়া বোধ হয় এটা ঠিক হবে না।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খাদ্যের মত এই রকম একটা ব্যাপারে এই রকম একটা জরুরী ব্যাপারে এখানে সামান্য থেকে অনেক কিছু ঘটে যেতে পারে, সেখানে খাদ্য মন্ত্রীকে এই বিধান সভার কাছে বলতে বলুন যে পরিস্থিতিটা কি, তাহলে আমরা বুঝতে পারব। সেটা জানাতে কি অসুবিধা আছে? এই ব্যাপারে আপনি নিশ্চয়ই তাকে অনুরোধ করতে পারেন যে, খাদ্য মন্ত্রী একটা স্টেটমেন্ট করবেন কারণ এটা জরুরী বিষয় বলেই বলছি।

Mr. Speaker :

বিষয়টা অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ নিশ্চয়ই, আমি আপনার সঙ্গে এই ব্যাপারে এক মত এবং সমস্ত হাউসের সদস্যদের সঙ্গে একমত। মাননীয় মন্ত্রী যদি সদস্যদের নাম উচ্চারণ করে একটা কমিটি তৈরী করে দেন, সেটাই হবে সবচেয়ে শোভনীয়। এই গুরুত্বপূর্ণ বিষয়ে কারো দ্বিমত নেই, কিন্তু ডে টু ডে এডমিনিস্ট্রেটিভ ম্যাটারের ফুল রেসপনসিবিলিটি ক্যাবিনেটের। ক্যাবিনেটের দায়িত্বশীল মন্ত্রী এই দপ্তরের মন্ত্রী, তাঁকে আমি এই হাউসের সকলের তরফ থেকে বলতে পারি এই বিষয়ে সকলেই খুব এ্যাংসাস, এই বিষয়ে তিনি যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। এই কথাই আমি চেয়ার থেকে বলতে পারি।

Shri Nandalal Banerjee :

স্যার, আমি এই কথাই বলতে পারি যে গ্রামাঞ্চলের ছেলেরা যখন হাফলিটার কেরোসিন তেলের অভাবে লেখাপড়া করতে পারছে না, তখন শহরের আমার চোখের সামনে আমি দেখেছি দু-তিনটি দোকান আছে যার যা ইচ্ছা ৬।৭ লিটার তেল এক একজনকে দিচ্ছে। এই রকম যদি বন্টন ব্যবস্থা হয় তাহলে তার আশু প্রতিবিধান করা দরকার, এটাও আমি আপনার দৃষ্টিতে আনছি

Shri Kashi Kanta Maitra :

স্যার, আপনি যেটা বললেন আমি অবনত মস্তকে এই রায়কে মেনে নিচ্ছি। শুধু এইটুকু বলছি এই হাউসের মাননীয় সদস্যারা উদ্বেগ প্রকাশ করছেন, এখনো না হয় কিছুক্ষণ বাদে হলেও মাননীয় খাদ্য মন্ত্রী এই হাউসকে এসিওরেন্স দিন যে, এর প্রতিকার হচ্ছে তাহলে জনসাধারণ খানিকটা বুঝবে যে সরকার এই অবস্থা সম্বন্ধে সজাগ আছেন। কিন্তু এই ব্যাপারে সরকার নিরবতার ভূমিকা যদি নেন এবং দেশের লোক যদি মনে করে তাহলে আমরা এখানে ধ্যানস্থ, আত্মসমাহিত আছি তাহলে খোলাবাজারে ব্যবসায়ীদের লুন্ঠন অবাধে চলবে এবং রক্ত মন্থন চলবে। এটা বন্ধ করবার জন্য জনসাধারণের স্বার্থে এখনি না হয় এক ঘন্টাবাদে এই হাউসকে কনফিডেন্সে নিয়ে খাদ্য মন্ত্রী বিবৃতি দিন, তাহলে আপনার ইচ্ছার মর্যাদা দেওয়া হবে।

Shri Asamanja De :

স্যার, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার সময়ে খাদ্য মন্ত্রী এখানে উপস্থিত থাকেন না, সে সম্বন্ধে আপনি পরিষ্কারভাবে নির্দেশ দিন, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের প্রতি-নিধিরা যখন পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলের অনাহার, অর্ধাহার মৃত্যুর খবর বার বার বলছেন তখন কেন প্রতিদিন আলোচনার সময় খাদ্য মন্ত্রীর আমরা দেখা পাইনা? খাদ্য মন্ত্রীকে যদি না পাই তাহলে কি আশ্বাস আমরা জনসাধারণকে দেব? আপনার কাছে প্রটেকশন চাইছি আমরা। আপনি নির্দেশ দিন যাতে বিধান সভায় খাদ্য মন্ত্রী উপস্থিত হন এবং তার কাছ থেকে আমরা শুনতে চাই যে পরিস্থিতিটা কি ?

Mr. Speaker :

আমি বলছি যে খাদ্যমন্ত্রী মহাশয় আমার কাছে জানিয়েছিলেন হয়ত তিনি বাইরে চলে যাবেন বিশেষ করে পাঞ্জাব, হরিয়ানা এবং অন্যান্য কয়েকটা স্টেটে। নিজে ব্যক্তিগতভাবে চাল এবং গমের সংগ্রহের ব্যাপারে যাবেন বাইরে আমাকে চিঠি দিয়েছিলেন। এখন এ্যাকচুয়ালি তিনি কলকাতায় আছেন কিনা আজকে জানিনা। যদি কলকাতায় থেকে থাকেন বা উনি যদি চেম্বারে এসে থাকেন আমি সংবাদ নিচ্ছি এবং খবর দিচ্ছি। এ বিষয় তাঁর কি সিদ্ধান্ত সেটা হাউসকে জানাবার জন্য। তিনি আছেন কিনা আমি জানিনা।

Shri Asamanja De :

তিনি যদি এখানে না থাকেন তাহলে এখানে মন্ত্রীসভার পক্ষ থেকে কেউ বলুন। কারণ মন্ত্রীদের যৌথ দায়িত্ব আছে। খাদ্যমন্ত্রী অনুপস্থিত হলে অন্য কোন ক্যাবিনেট মিনিস্টার এই সম্পর্কে আলোকপাত করতে পারেন।

Mr. Speaker :

খাদ্যমন্ত্রী মহাশয় আছেন কিনা দেখছি, যদিও ক্যাবিনেট মিনিস্টাররা আছেন তবুও তিনি থাকলে তিনিই বলবেন।

Shri Kashinath Patra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের গ্রামের লোক, আপনি জানেন, মাঠে সারাদিন

পরিশ্রম করে বাড়ী এসে তাদের ঘরের চালায় যে হারিকেন আছে তাতে তেল থাকেনা তার জন্য সমস্ত রাত্রি তাদের অন্ধকারে কাটাতে হয়। কিছুদিন আগে হাওড়া ও হুগলীর সাব-ডিভিশনাল কন্ট্রোলার পার ফ্যামিলি এক লিটার করে তেল দেবার জন্য একটা অর্ডার পাঠিয়েছেন। কিন্তু আপনি জানেন যে একটা ফ্যামিলিতে ৫ থেকে ১০।২০ জন করে লোক থাকতে পারে, এই ১৫ জন বা ২০ জন লোকের জন্য এক লিটার তেল সেন্ট দেবার মত কাজে লাগতে পারে জ্বালানীর জন্য কাজে লাগতে পারেনা। সেই জন্য আমি বলছিলাম আজকে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে এই এক লিটার তেল ১৫ দিনের জন্য না দিয়ে অন্ততঃ এক সপ্তাহে ১৫ লিটার তেল দিবার ব্যবস্থা করতে হবে। আজকে গ্রামের লোকের জন্য ১৫ দিনের জন্য এক লিটার তেল দেওয়া হয় আর সহরে জ্বালানীর জন্য ৫দিনে দেওয়া হয় এক লিটার তেল। এই যে একটা ব্যবস্থা আমাদের মনে হয় যে আমাদের মন্ত্রী মহাশয় বোধহয় জানেন না যে গ্রামে প্রত্যেক ফ্যামিলিতে একটি মাত্র করে রেশন কার্ড থাকে কিন্তু সহরে মাথাপিছু একটি করে রেশন কার্ড থাকে এবং এর জন্য গ্রামে পার ফ্যামিলিকে এক লিটার দেয়, সহরের লোক পায় মাথা পিছু এক লিটার করে। অতএব গ্রামের লোককে এইভাবে অপদস্থ করার কারণটা কি বুঝতে পারিনা।

Shri Sukumar Bandyopadhyyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অতীব গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে সদা কর্মতৎপর এবং মাননীয় সভ্যদের যে কোন জরুরী বিষয় উল্লেখ করাকালীন যে উত্তর দিয়ে থাকেন মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং পুলিশ বিভাগের স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা, হাওড়া এবং সহরতলী অঞ্চলের এই এলাকাতে মানুষ মারার অনেকগুলি কারখানা তৈরী হয়েছে। যারা ওয়াকিবহাল মহল তাঁরা মনে করেন যে এই কারখানাগুলির সংখ্যা প্রায় দু'হাজার থেকে আড়াই হাজার। এই কারখানাগুলিতে ভেজাল ওষুধ তৈরী হয়, এই কারখানাগুলিতে ভেজাল খাদ্য তৈরী হয়, এই কারখানাগুলিতে ভেজাল প্রসাধন সামগ্রী তৈরী হয় এবং এই যে ভেজাল তৈরী করার যে কারখানা রয়েছে এই কারখানাগুলির লাইসেন্স না থাকার জন্য সরকার অন্ততপক্ষে বছরে ১২ কোটি টাকা থেকে ১৪ কোটি টাকা বিক্রয় কর হারাচ্ছেন।

[3-00 3-10 p.m.]

শিয়ালদা স্টেশনে দেখবেন প্রচুর জাল প্রসাধন সামগ্রী বিক্রী হচ্ছে, বড় বাজারে চায়ের বিকল্প, ভেজাল তেল, খাদ্যদ্রব্যে ভেজাল দেবার সামগ্রী প্রচুর বিক্রী হচ্ছে। আপনি মল্লিক বাজারে যদি যান দেখবেন সেখানে ভেজাল বিভিন্ন দ্রব্য, বিভিন্ন সামগ্রী, মোটর পার্টস, ভেজাল খাদ্য সামগ্রী বিক্রী হচ্ছে, রাজাবাজারে বিক্রী হচ্ছে। কলকাতা হাওড়া এবং আধা সহরতলী অঞ্চলে হাজার হাজার ভেজাল জিনিষের কারখানা হয়েছে। ফলে মানুষের প্রাণ সংশয় দেখা দিয়েছে, মানুষকে মৃত্যুর দিকে ঠেলে দিচ্ছে। ভেজাল দ্রব্য দিয়ে হাজার হাজার লক্ষ লক্ষ ক্রেতাকে ঠকান হচ্ছে। আমাদের এখানে প্রচলিত যে আইন আছে, খুব জোরাল আইন নয়, কিন্তু সেই আইনের দ্বারা ভেজাল বন্ধ করা যায়, জাল ঔষধ তৈরীর কারখানা বন্ধ করা যায়। জাল চা তৈরীর কারখানা এবং জাল তেল তৈরীর কারখানা বন্ধ করা যায়। কিন্তু কার্যতঃ কিছুই হচ্ছেনা। আমরা বিধানসভা থেকে প্রস্তাব পাশ করেছিলাম ভেজালকারীদের কোনরকম ক্ষমা না দেখিয়ে যাবজ্জীবন কারাদণ্ডের ব্যবস্থা করা হোক। দিল্লী তো বহুদূর, সেখানে এই প্রস্তাব বোধ হয় পৌঁছায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইন ছাড়াও আরও আইন আছে এবং সেই আইনের দায়িত্ব আছে দপ্তরের কর্মচারীদের উপর, স্বাস্থ্য দপ্তরের কর্মচারীদের উপর। আমি শুনেছি মাননীয় পুলিশ মন্ত্রীর দপ্তর এনফোর্সমেন্ট বিভাগের কর্মচারীদের উপর যেমন দায়িত্ব আছে, তেমনি আমাদের স্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দপ্তরের কর্মচারীদের উপরও যে দায়িত্ব আছে। আমার কথা দেখছি মাননীয় পুলিশ মন্ত্রীর কাণে ঢুকছেনা, কিন্তু মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় শুনছেন, এটা আনন্দের কথা। আমি মাননীয় পুলিশ মন্ত্রীকে বলছি এটা কি

গুরুত্বপূর্ণ নয়? আমি এটাই জানতে চাই যে আজকে যে প্রচলিত আইন আছে সেই সমস্ত প্রয়োগ করে এই ভেজাল বন্ধ করা হবেনা? আমি আজকে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর কাছে জানতে চাই, ঔষধে ভেজাল দেওয়ার জন্য আজকে কতগুলি লোকের শাস্তিবিধান করা হয়েছে? পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কতগুলি লোকের বিরুদ্ধে মামলা দায়ের করেছে? কতগুলি লোকের শাস্তি বিধান করেছে? পুলিশ মন্ত্রী হাসছেন, এটা হাসির ব্যাপার নয়। আজকে লক্ষ লক্ষ মানুষ ঠকছে, হাজার হাজার মানুষের প্রাণ সংশয় দেখা দিয়েছে। আমাদের দেশের মানুষ ভেজাল খেয়ে মরছে, কেন কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না? এই ভেজালকারীদের বিরুদ্ধে আমরা যাবজ্জীবন কারাদণ্ডের সুপারিশ করেছি। আমি মনে করি স্বাস্থ্য দপ্তরের কর্মচারীরা ভেজাল বন্ধ করতে পারছেনা কিম্বা সেই সমস্ত কর্মচারী যারা এনফোর্সমেন্ট বিভাগে আছেন তারা আজকে ভেজালকারীদের সংগে হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মিলিয়ে চলেছেন। আমি তাই সুপারিশ করছি এই রকম যারা করছে সেই সমস্ত কর্মচারীর বিরুদ্ধে যাবজ্জীবন কারাদণ্ডের ব্যবস্থা নেওয়া হোক্। আমি এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি সেই সংগে পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই ভেজালকারীরা সমাজের গ্লানি, সমাজের পাপ, সমাজের অসহ্য অভিশাপ। আজকে এই ভেজাল তৈরীর কারখানাগুলি যদি বন্ধ না করতে পারেন, ভেজালকারীদের বিরুদ্ধে কোন সক্রিয় কর্মপন্থা গ্রহণ না করতে পারেন, তাহলে এই সরকারের প্রতিশ্রুতি সমস্ত অসার প্রতিপন্ন হবে।

Shri Ajit Kumar Panja :

মাননীয় সদস্য যে কথা বললেন হাওড়া এবং কলকাতায় অনেকগুলি কারখানা আছে ভেজাল তৈরীর, তিনি যদি তার একটা লিষ্ট আমাকে দেন, তাহলে আমি জানাতে পারি যে আমি নিশ্চিতভাবে স্টেপ নেব। তিনি বলেছেন ভেজাল ঔষধে অনেক লোক মারা যাচ্ছে। পশ্চিম বাংলায় এখন অবধি গত দু বছরের মধ্যে ভেজাল ঔষধে কোন লোকের মৃত্যু ঘটেছে বলে কোন খবর আমার কাছে আসেনি। নানা দিক থেকে ভেজালের খবর, ভেজাল ঔষধের খবর কিছু কিছু পাচ্ছি, কানপুর এবং বোম্বের ঘটনার খবর কিছু কিছু আসছে। তার ফলে আমার স্বাস্থ্য দপ্তর সজাগ আছে, এনফোর্সমেন্ট পুলিশের সহযোগিতায় হেল্থ ইন্টালিজেন্সের মারফত আমরা চেষ্টা রাখছি। ইতিমধ্যে কানপুর থেকে যে ঔষধ এখানে এসেছিল তার ৬৪টি বোতল পশ্চিম বঙ্গের নানা জায়গা থেকে গত ৪৮ ঘন্টার মধ্যেই ধরে ফেলেছে, অন্যান্য ডিস্ট্রিক্ট থেকে খবর নিয়ে এখনও অফিসাররা আসেনি। মাননীয় সদস্য পার্টিকুলারলি কলকাতা এবং হাওড়ার যে ভেজাল দ্রব্যের তৈরীর ফ্যাক্টরিগুলির কথা বললেন, তার সম্বন্ধে সংবাদ যদি আমাকে গোপনে দেন, তাহলে দুই এক দিনের মধ্যেই তার কি ফল হয় আমি তাঁকে নিশ্চিতভাবে জানিয়ে দিতে পারি।

Shri Asamanja De :

মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই সভায় দাঁড়িয়ে বার বার নদীয়া জেলার চরম খাদ্য সংকটের কথা উল্লেখ করেছি এবং আমি বার বার খাদ্যমন্ত্রী ও মন্ত্রীসভার অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করে বলেছি। নদীয়া জেলার গ্রামে গ্রামে অর্দ্ধাহার অনাহার এখন চরম আকার ধারণ করেছে। কিছুদিন আগে নদীয়ার ধুবুলীয়া গ্রামে একজনের অনাহারে মৃত্যু হয়েছে, মণ্ডল বেড়িয়া গ্রামেও একজনের অনাহারে মৃত্যু হয়েছে। নদীয়ার গ্রামাঞ্চলের মানুষেরা ক্ষুধার তাড়নায় অস্থির। তাদের বাঁচাবার জন্য আমাদের বিধানসভার সদস্যরা ভেতরে ও বাইরে রেশনের পরিমাণ বৃদ্ধি করবার জন্য সরকারকে বলছেন। বিগত কিছুদিন আগে যেদিন বিধান সভার অধিবেশন শেষ হয় ২৫শে মার্চ, সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে রেশন বৃদ্ধির কথা ঘোষণা করেছিলেন। কিন্তু অত্যন্ত ক্ষোভের কথা ও দুঃখের কথা আজ ২২শে এপ্রিল চলে যাচ্ছে, আজও মুখ্যমন্ত্রীর বিধান সভায় দেওয়া প্রতিশ্রুতি কার্য্যকরী হলোনা। শুধু তাই নয়, রেশনের পরিমাণতো বাড়লোইনা কাশীবাবু বললেন যেখানে মাথাপিছু দুশো গ্রাম গম দেওয়া হচ্ছিল, তার বদলে প্রশাসনিক দপ্তরের ছুরি চালনার ফলে সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। তার পরিবর্তে

দুশো গ্রাম করে মাইলো দেওয়া হচ্ছে। যে মাইলো পচা, ভাঙ্গা ধূলাবালি ভর্তি মানুষের অখাদ্য। তা খেয়ে অনেকে অসুস্থ হয়ে পড়েছে। কালকে এক জনসভা করতে গেলে তারা সেই পচা ভাঙ্গা ধূলোবালি ভর্তি মানুষের অখাদ্য মাইলো কিছুটা আমাকে দিয়েছেন। সেটা আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে দিতে চাই। অনেকে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এর ফলে চারিদিকে একটা ত্রাস ও আতঙ্কের সৃষ্টি হয়েছে। গ্রামের লোক মাইলো নিতে অস্বীকার করছেনা। কিন্তু তাদের দাবী মানুষের খাদ্যোপযোগী মাইলো দেওয়া হোক। আমি দাবী করছি এই মাইলো পরীক্ষার জন্য একটি কমিটী করা হোক্। তাঁরা পরীক্ষা করে দেখুন এই মাইলো অখাদ্য কিনা। আমি জানতে চাই এই পচা মাইলো এলো কোথা থেকে? আমি আরো জানতে চাই সরকারের প্রশাসনিক কর্মচারীদের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার কোন শাস্তির ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা? সহরের মানুষ খাদ্যের দাবীতে আইন অমান্য করতে পারে ট্রামবাস পোড়াতে পারে; কিন্তু গ্রামাঞ্চলের সাধারণ নিরীহ মানুষ কোন চরম ব্যবস্থা নিতে পারে না, সরকারের উপর কোন চাপ সৃষ্টি করতে পারে না। তাই তারা দিনের পর দিন চরম কষ্ট ভোগ করছে। আশাকরি খাদ্যমন্ত্রী তথা মন্ত্রীসভা নদীয়ার ধুবুলিয়া, মগুল বেড়িয়ার মানুষের দুরবস্থার প্রতিকার করবেন। এই মাইলোর নমুনা পরীক্ষার জন্য স্যার আমি এখন আপনার কাছে পেস করছি।

Shri Biswanath Chakrabarti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলার শিক্ষা দপ্তরের সুপরিচালনার গুনে শিক্ষা ব্যবস্থার একটা সংকট ঘনিয়ে এসেছে বহুদিন ধরে আজকে ৬টা বিশ্ববিদ্যালয়ের কর্মচারীর সংখ্যা ৮ হাজার, তাঁরা আজ বিধান সভা অভিযান করেছেন, বিধান সভার কাছে এসেছেন। গত ১৮।১৯শে তারিখে তাঁরা প্রতীক ধর্মঘট বা টোকেন ষ্ট্রাইক করেছিলেন। তাঁদের দাবীগুলোর মধ্যে আছে তাঁরা চান সরকার যে একটা পে-রিভিশন কমিটী করেছিলেন, সেই কমিটী বাতিল করে একটী পূর্ণাঙ্গ পে কমিটী করা হোক গ্রেড রিভিসন-এর জন্য। আজও তাঁদের সে বেতনক্রম পরিবর্তনের কোন ব্যবস্থা হয় নাই। তাঁরা আরো চান বিশ্ব-বিদ্যালয় পরিচালনের ক্ষেত্রে সিনেট ও এক্সিকিউটিভ কমিটীতে ছাত্র প্রতিনিধি নিতে হবে এবং সেই সঙ্গে অশিক্ষক কর্মচারীদেরও প্রতিনিধি নিতে হবে। এছাড়া ছয়টি বিশ্ববিদ্যালয়ের অধিকাংশেরই খবরের কাগজে বেরিয়েছে প্রচণ্ড দুর্নীতির কথা।

[3-10—3-20 p.m.]

পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে, এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে কি হচ্ছে তা আমরা দেখতে পাচ্ছি। আমাদের মাননীয় সদস্যরা কল্যানী বিশ্ববিদ্যালয়ের কথা জানেন। এই ৬টা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে শিক্ষাবিদ্দের নিয়ে আপনারা উচ্চ কমিটি করুন এবং তদন্ত করুন, এবং গ্রেড রিভিশান, পে স্কেল রিভিসান পূর্নাঙ্গ বেতন কমিটির দাবী যদি না মানা হয় তাহলে তাঁরা ঠিক করেছেন যে আগামী দিন থেকে তারা লাগাতার ধর্মঘট করবেন। ৬টা বিশ্ববিদ্যালয়ে তা যদি হয়, আমরা শিক্ষক হিসাবে বুঝতে পারছি যে পশ্চিম বাংলার বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা দারুন ভাবে ভেঙ্গে পড়বে। অধ্যাপকদের বেতন রিভিশান হয়েছে। অধ্যাপকরা পুরাপুরি সন্তুষ্ট না হলেও যাতে তা কার্য্যকরী হয় সেটা দেখুন। কিন্তু অশিক্ষক কর্মচারীদের বাদ দিয়ে চালান যাবে না। এই বিষয় সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

Shri Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিধান সভায় যে বক্তব্য রাখি তা আমরা প্রতিকারের জন্য রাখি। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলছি যে আমি কিছুদিন আগে আমার কনষ্টিটু-উয়েন্সি হরিশচন্দ্রপুরে গিয়েছিলাম। হরিশচন্দ্রপুরের ডাঙ্গিতে। সেখানের লোক ঘাস খেয়ে জীবন ধারণ করছে। অত্যন্ত লজ্জার কথা। গতকাল আমি সেখান থেকে ফিরে এসেছি। ফিরে এসে শুনতে পেলাম আমাদের গ্রামের ব্যাপারে সেখানে কোন প্রকার এনকোয়ারী করা হয়নি। আমি বুঝতে পারলাম যে আমরা যে বিধান সভায় বক্তব্য রাখি সে বক্তব্য

শুধু মাত্র ঠান্ডা ঘরে বসে করে থাকি ও খবরের কাগজে বা রেডিওতে চালাও করে নাম জাহির করবার জন্য, না ৪৫০ টাকা বিধান সভার সদস্যদের মাহিনা বাড়াবার জন্য, সেটা আমি বুঝতে পাচ্ছি না। আমরা জানি যে এখানে প্রতিকারের জন্য আমরা বক্তব্য রাখি। এবং আমরা আশা করবো যে বর্ত্তমানে পশ্চিমবাংলার যে আইন সভা সেই আইন সভা তার প্রতিকার করবে। কিন্তু অত্যন্ত লজ্জার কথা আমাদের হরিশচন্দ্রপুরে ১'২ অর্থাৎ ১০ বিঘার উপরে যাদের জমি, ৩'৭ যাদের ১০ বিঘার নীচে জমি ২৮'৫ যাদের ৩ বিঘার নীচে জমি, ৬১'২ যাদের কোন জমি নেই এই সমস্ত লোকেরা দিনের পর দিন না খেতে পেয়ে মরছে। আমি সেখানে গিয়ে শুনলাম যে গ্রামের মানুষেরা বলছেন যে প্রতি পরিবারে মাত্র একটি করে লোক টি,আর'এর কাজ পাবে এবং সপ্তাহে মাত্র তিন দিনের বেশী টি,আর পাবে না। আমি জানতে চাই সপ্তাহে তিন দিন কাজ করে তাদের কি করে চলবে? তারা তাদের সন্তান সন্ততি নিয়ে কি করে বাঁচবে? তারা এভাবে বাঁচতে পারে না। আমি কিছুদিন আগে এই বিধানসভায় বলেছিলাম। সেখানে এনকোয়ারীর নামে পশ্চিমবাংলার মানুষকে ধাপ্পা দেওয়া হয়েছে। আমরা শুনতে পেলাম ইরিগেশান ও পাওয়ার থেকে বলা হল দেখে এস হরিশচন্দ্রপুরে কোথায় কোথায় কিভাবে কি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে স্পেসিফিক ডকুমেন্ট হিসাবে রাখতে চাই। আমি স্যার, ফটো তুলে এনেছি। আজকে সেখানে ধোপাদের কাপড় মেলার জায়গা হয়েছে। ছোট ছোট শিশুরা তাদের উপর দোলনা করে খেলছে। সেখানে কোন রকম ইলেকট্রি-ফিকেসান যায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় হরিশচন্দ্রপুর গ্রামের মানুষ কিভাবে আজকে দিন কাটাচ্ছে সেটা যদি আজ আমি আপনার সামনে রাখি তাহলে আপনারও চোখ দিয়ে জল আসবে। আমি সেই লোকের কথা আপনার কাছে পেশ করতে চাই। সেখানে হরিশ-চন্দ্রপুরে বিষ্ণুপুরের এই জিনিষ চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমার শুধুমাত্র বক্তব্য নয়। আমি প্রতিবাদ করছি। সরকার যে সমস্ত সরকারী কর্মচারীর উপর ভিত্তি করে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়রা ষ্টেটমেন্ট দেন আমি তার প্রতিবাদ করতে চাই। আমি বলতে চাই যে আগামী ৭ দিনের মধ্যে যদি এসবের কোন ব্যবস্থা না হয়। এই ৭ দিন পরে আমি বিধান সভার মাধ্যমে জানাতে চাই যে আমি আমরণ অনশন করবো ঐ হরিশচন্দ্রপুর গ্রামের মানুষের বাঁচার তাগিদে।

Shri George Albert Wilson-Deroze : Mr. Speaker, Sir, I wish to draw the attention of the House to an advertisement entitled, ' Quo Vadis Calcutta ?' issued by Shri S. Samaddar, Commissioner of the Calcutta Corporation, appearing in the Amrita Bazar Patrika of today, with regard to the strike of 33,000 Corporation employees, just 3 days from now, on the 25th April, 1974. The entire advertisement, Sir, is in the first person, singular number. I shall read just a few extracts :

The Commissioner says : "Quo Vadis Calcutta ?". He goes on to say : "I would remind the employees of the Corporation : Your Challenge of a General Strike is to get your demands by striking at the daily life and needs of 33 lakhs citizens...It is known that proper work cannot be got from you...I would appeal to the citizens : Please lead us. Please remove the garbage with your own hands. Please light the lamps in your own wards. Those of you who can handle the water pumps, please come forward and provide at least the drops to drink. You may note that some workers of the Corporation will welcome your leadership. They keep quiet as they do not get it. I shall remove garbage myself. Each of my officers will do so. The strikers striking at the root of life must get their reply this time. I am fully conscious that this is not enough to revive this Great City but we have no other path open."

Sir, I put it to you that this public official has gone mad. Such utterances from a civil servant are inappropriate, unbecoming and these amount to usurpation of a political role to which a civil servant is not entitled. Moreover, it is contrary to all norms of good administration. The public are entitled to know whether this outburst of the Commissioner of the Corporation of Calcutta has the sanction of the

Hon'ble Minister for Municipal Affairs. In another three days, in addition to being engulfed in darkness, we now expect to be submerged in garbage. Does the Government intend to standby as a helpless spectator ? Does the Government support this officer in his open and irrevocable confrontation with its employees . What steps Government will take if the employees accept the challenge ? Finally, how many lakhs of rupees are being spent on this publicity war ? Why can't this money go to the Corporation employees ? I submit, Sir, that the citizens are entitled to an answer.

Shri Naresh Chandra Chaki :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গে পরীক্ষার নামে কি রকম প্রহসন চলছে সেই বিষয়ে আমি এখানে পেশ করতে চাই। আপনি জানেন নিশ্চয় বর্তমানে সমস্ত পশ্চিমবঙ্গে স্কুল ফাইন্যাল পরীক্ষা চলছে। পরীক্ষার নামে এতবড় প্রহসন আর অতীতে কখনও ঘটতে দেখিনি বা কোন দেশে ঘটেছে বলে আমি জানি না। আপনি যদি ইচ্ছা করেন এই মুহুর্তে কয়েক হাজার স্কুল ফাইন্যালের সাদা খাতা পেতে পারেন, যদি ইচ্ছা করেন এই মুহুর্তে কয়েক শো প্রশ্নপত্র বাইরে পেতে পারেন। আরও আশ্চর্যের বিষয় যখন হলের মধ্যে পরীক্ষা চলছে তখন পশ্চিমবাংলার বহু শহরের পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে বিভিন্ন বাড়ীতে এবং স্কুলের মধ্যে পরীক্ষার সেইসব প্রশ্নের উত্তর লেখা হচ্ছে। সাদা খাতা পরীক্ষার্থীদের হলে আছে। সেটা বাইরে চলে যাচ্ছে এবং লেখা খাতা বাইরের সেটা জমা দেওয়া হচ্ছে। আমরা শিক্ষক হিসাবে লজ্জা বোধ করছি। আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং জানতে চাই অবিলম্বে এই প্রহসন শেষ হবে কিনা এবং অবিলম্বে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা? যে সব শিক্ষক বা ইনভিজিলেটর পরীক্ষা কেন্দ্রগুলিতে আছেন তাদের রিভলবার দেখান হচ্ছে বা ছোরা দেখান হচ্ছে এবং বাইরের থেকে লিখে আনা খাতাতে সই দিতে বাধ্য করা হচ্ছে এবং বলা হচ্ছে বাইরের যে খাতা তাতে যদি সই না করেন তাহলে বাইরে ছুরি মারা হবে। এই অবস্থার প্রতিকার চাই। আপনি অবিলম্বে শিক্ষামন্ত্রীকে এই বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে বলুন। শিক্ষার নামে যে কেলোর কীর্তি চালান হচ্ছে সে সম্পর্কে শিক্ষামন্ত্রী এবং শিক্ষা দপ্তরকে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। যদি মধ্যশিক্ষা পর্ষদের দুর্নীতি চিরতরে উচ্ছেদ হয় তবে এটা বন্ধ হতে পারে। আমরা বারবার দেখেছি মধ্যশিক্ষা পর্ষত পরীক্ষা সুরু করে এবং পরীক্ষাকে কেন্দ্র করে নানা রকম দুর্নীতি করে। আমরা দেখেছি, যে প্রেসের নামে পরীক্ষার প্রশ্নপত্র ছাপান হয় সেই নামে কোন প্রেসই নেই। আমি অভিযোগ করেছি কিন্তু কোন প্রতিকার হয়নি। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে হাজার হাজার সাদা খাতা হাজার হাজার প্রশ্ন পত্র পশ্চিমবঙ্গের বাজারে বাজারে ঘুরে বেড়াচ্ছে। এগুলি কোথা থেকে আসে। নিশ্চয় ঐ মাধ্যমিক শিক্ষা পর্ষতের কর্মচারীদের চক্রে এই সমস্ত ঘটনা ঘটছে। এবং আজকে তারা শিক্ষার সর্বনাশ সাধন করছে। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ের প্রতি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-20 — 3-30 p.m.]

Shri Timir Baran Bhaduri :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি বিবেকহীন ঘটনার কথা উল্লেখ করছি এবং আপনার মাধ্যমে আমার ডানদিকে যে সমস্ত সরকারী মন্ত্রী আছেন বিশেষ করে পুলিশ বিভাগের স্টেট মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪-পরগণা জেলার নৈহাটি থানার অন্তর্গত গরীফা মৌজায় রাজবন্দীগড়ে সম্প্রতি একটি কলোনী গড়ে উঠেছে। সেখানে পশ্চিমবঙ্গের জাতীয় আন্দোলনে যেসব পুরোধার ছিলেন তাদের জন্য ১৯৭১ সালে কেন্দ্রীয় সরকারের সাহায্যে সেই রাজবন্দী নগর গড়ে উঠেছিল। সেখানে স্থানীয় কংগ্রেস যারা আছেন তাদের আত্মীয়-স্বজনদের নামে সেগুলি বিলি হয়েছে—আমি তাদের নামগুলি বলছি। কংগ্রেস কর্মী বরুণ বসুর মাসতুতো ভাই, পিসতুতো ভাই,

পিসতুতো ভগ্নিপতি। ঐ সমস্ত জবরদখলকারীদের মধ্যে আছেন স্থানীয় কংগ্রেস কর্মী বা তথাকথিত নেতা অমূল্য বিশ্বাসের ভাগ্নী ও নাতিদ্বয় আছেন। কংগ্রেস কর্মী দুলাল ব্যানার্জীর শ্বশুর ও শ্যালক আছেন। তারপর যাদের নামে ডাকাতির মামলা আছে এইরকম তিনজন কুখ্যাত দাগী সমাজবিরোধী ব্যক্তিও রহিয়াছে। এই রকম প্রায় ১৭ জন লোক ঐ রাজবন্দীগড়ের জমি দখল করে আছে। এই ব্যাপারে ১৯৭১ সালে এইভাবে জমিগুলি জবর-দখল হবার পর রাজবন্দীরা নৈহাটি থানায় ৯।৫।৭১ তারিখে ডায়েরী করে। এবং সেই ডায়েরীর নম্বর হচ্ছে ৪৮৩। রাজ্য কংগ্রেস সভাপতি অরুণ মৈত্রের নিকট অভিযোগ দায়ের করিলে তিনি ত্রাণ মন্ত্রী সন্তোষ রায়ের নিকট পাঠাইয়া দেন। সন্তোষ রায় অকল্যান্ডস্থিত পুনর্বাসন অফিসে তদন্তের জন্য পাঠাইয়া দেন। তারপর পুনর্বাসন অফিস তদন্ত করিয়া জিলা ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ পাঠায় তার লেটার নং হচ্ছে আর ১৫৯৭।আর,সি, তারিখ হচ্ছে ১৬।৮।৭২। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আজকে যাদের আত্মত্যাগে দেশ স্বাধীন হয়েছে তাদের সু-ব্যবস্থা করার জন্য মাননীয় পুলিশ মন্ত্রী এখানে আছেন তিনি যেন তার সু-ব্যবস্থা করেন।

Shri Md. Saffiulla :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রামবাংলার একটি অভিশাপের কথা এই হাউসের সামনে তুলে ধরতে চাচ্ছি। গ্রামবাংলার রন্ধ্রে রন্ধ্রে আজ সুদখোর, মহাজনদের ব্যাপক বিস্তার ঘটেছে। আমি সেদিন গ্রামবাংলায় গিয়ে খোঁজ করছিলাম। আগে কলকাতাতেই কাবুলিওয়ালা দেখেছি। এখন কাবুলিওয়ালারা যে গ্রামবাংলায় সুদের কারবার, বন্ধকী কারবারে ব্যাপকভাবে বিস্তার করেছে এটা আমাদের জানা ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কড়ার বন্ধক ছাড়া, একরাদ বন্ধক ছাড়াও দৈনিক, সাপ্তাহিক, ৩ দিনের সুদ এইভাবে ১ টাকার উপর ১'২৫ পয়সা সুদ নিয়ে একসঙ্গে মহাজনরা গ্রাম-বাংলার সাধারণ নিম্ন মধ্যবিত্ত, ছোট চাষী, প্রান্তিক চাষীদের শোষণ করছে। আমাদের বেঙ্গল মানি লেন্ডারস' এ্যাক্টের বোধ হয় ৬০-এর দশকে কিছু এ্যামেন্ডমেন্ট হয়েছিল—অবিলম্বে এই এ্যাক্টের সংশোধন করে গ্রামের সুদখোর মহাজনদের নিয়ন্ত্রন করবার ব্যবস্থা না করলে মানুষ ব্যাপকভাবে এর শিকার হবে এবং ব্যাপকভাবে এই অত্যাচার ও জুলুম বেড়ে চলবে, এই শোষণের যন্ত্র আমাদের বন্ধ করতেই হবে।

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহঃ সফিউল্লা সাহেব যে কথা বললেন—আপনি জানেন আমি প্রতিটি বিধানসভার সদস্যদের কাছে ব্যক্তিগতভাবে চিঠি লিখেছি। বাংলার কৃষক শুধু নয়, ভারতবর্ষের কৃষকদের বাঁচানোর জন্য শুধু আমরা নই, এখানে যখন বৃটিশ শাসন ছিল তখনও বৃটিশ প্রভুরা পর্যন্ত চিন্তা করেছেন এবং এই শতাব্দীর গোড়ার দিকে ১৯০৪ সালে প্রথম কো-অপারেটিভ আইন হয়। আপনি যে জেলার নাম করলেন সেটাকে কভার করার জন্য এস,এফ,ডি,এ, অর্থাৎ স্মল ফারমারস' ডেভেলপমেন্ট এজেন্সি-এর উদ্দেশ্য হল ছোট প্রান্তিক চাষীদের সাহায্য করা। বিভিন্ন স্কীমের মাধ্যমে, আজকে কো-অপারেটিভের মাধ্যমে চেষ্টা করা হচ্ছে, আমি রিজার্ভ ব্যাংকের স্টাডি টিমের রিপোর্ট প্রতিটি মাননীয় সদস্যের কাছে ব্যক্তিগতভাবে পাঠিয়েছি, সেখানে চাষীদের বাঁচানোর একমাত্র উপায় হচ্ছে কো-অপারেটিভ ব্যবস্থা এবং এর মাধ্যমেই এদের কভার করা যায়। আমাদের এখানে ২০ পারসেন্ট কভারেজেও রিচ করতে পারিনি। আপনারা যদি গ্রাম-বাংলা থেকে নেতৃত্ব দেন তাহলে তাদের আর ঐ মানি লেনডারদের কাছে কখন যেতে হবে না। আজকে ওপক্ষের বন্ধুরা নেই, এদের আমলে ৪ কোটি টাকা দাঁড়িয়েছিল ক্রেডিট ফেসিলিটিজ—আমরা বিগত বছরে ৮ কোটি টাকা দিয়েছি। এই বছর ১৬ কোটি টাকা দিতে চাই এবং যদি এস,এফ,ডি,এ, এম,এফ,এল,এ, পুরো করানো যায় তাহলে ছোট চাষীদের মহাজনশ্রেণীর কমাসিয়াল ব্যাংকে কাছে যেতে হবে না। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব আপনারা এই দৃষ্টিভঙ্গী নিয়ে কো-অপারেটিভের মাধ্যমে ছোট চাষী যারা সেয়ার ক্রোপারস, যাদের জমি নেই তাদের ক্রপ লোন দেবার ব্যবস্থা যদি করেন

তাহলে আর ওদের হাতে যেতে হবে না। আমি ব্যক্তিগতভাবে মাননীয় সদস্যদের কাছে চিঠি লিখেছি আপনারা গ্রামবাংলায় নেতৃত্ব দিন। গ্রামবাংলায় কমপ্যারেটিভলি আছে—মেদিনীপুর জেলায় এই অসুবিধা নেই, অন্য জেলা থেকে মেদিনীপুর ভাল করছে। সফিউল্লা সাহেব আপনাকে বলতে পারি এটা যদি করা যায় তাহলে আর মানি লেনডারদের কাছে যেতে হবে না। আপনারা এস,এফ,ডি,এ, এম,এফ,এল,এ,-র সুযোগ নিন, আমরা কভারেজ বাড়াতে পারি। আজকে সরকার লোন দেবার জন্য এই ব্যবস্থা করেছেন রিজার্ভ ব্যাংক থেকে কো-অপারেটিভ থেকে লোন দেওয়া যায়—এখানে স্টেট ব্যাংকের চেয়ারম্যান আছেন আপনারা এদের সহযোগিতা নেবেন, এটুকু আপনাদের অনুরোধ করছি।

Shri Ananta Kumar Bharati :

মাননীয় স্পীকার মহাশয়, আমার মেনসন করবার আগে আমি একটি অন এ পয়েন্ট অব ইনফর্মেসন জানাচ্ছি। আজকে পশ্চিমবাংলার ৫টি ইউনিভার্সিটি থেকে কর্মচারীরা এখানে এসেছেন। কলকাতা, যাদবপুর, কল্যাণী, বিশ্বভারতী, রবীন্দ্রভারতী, এই ৫টি ইউনিভার্সিটির কর্মচারী। আমি মন্ত্রীসভার সদস্যদের কাছে অনুরোধ করবো সেখানে গিয়ে তাদের কাছ থেকে যেন ডেপুটেশন গ্রহণ করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯শে এপ্রিল তারিখে দর্পন কাগজে একটি অদ্ভুত মিথ্যা খবর বেরিয়েছে, যদিও সেটা দেশের লোক পড়েন না, সেটা আমি আপনার মাধ্যমে এই সভার সকলের অবগতির জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গ তথা সারা ভারতের প্রিয় নেতা যুব কংগ্রেসের সভাপতি প্রিয় রঞ্জন দাসমুন্সী সম্বন্ধে কতকগুলি মিথ্যা কথা লেখা হয়েছে। হেডিং হচ্ছে প্রিয়রঞ্জন দাসমুন্সী পশ্চিমবঙ্গ স্বার্থ বিরোধী কার্যকলাপে লিপ্ত, দর্পন, ১৯শে এপ্রিল। আপনি নিশ্চয় জানেন গত ১১ তারিখে আমরা এম,এল,-রা প্রদেশ প্রধান অরুণ মৈত্রের নেতৃত্বে, খাদ্যমন্ত্রীর নেতৃত্বে দিল্লী গিয়ে পশ্চিমবঙ্গের খাদ্য পরিস্থিতি সম্বন্ধে তাদের ওয়াকিবহাল করি এবং কিছু খাদ্যের কোটা বাড়াবার জন্য ডেপুটেশন দিই।

[3-30—3-40 p.m.]

কিন্তু স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি শ্রীপ্রিয়রঞ্জন দাসমুন্সী তখন যে অবস্থায় কোলকাতায় ছিলেন সেটা হচ্ছে, তাঁর মা মৃত্যু শয্যায়, তাঁর অপারেশন করা হয়েছে, তাঁর সেন্স পর্যন্ত হয়নি। সেই অবস্থায় তিনি দিল্লীতে গিয়ে সমস্ত ডেপুটেশানে আমাদের সঙ্গে মিট করেছিলেন অথচ তাঁর সম্বন্ধে লেখা হয়েছে যে তিনি পশ্চিমবঙ্গের স্বার্থ বিরোধী কার্যকলাপে লিপ্ত। স্যার, খাদ্যমন্ত্রী এখানে নেই, আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে খাদ্যমন্ত্রী এ ব্যাপারে তাঁর বক্তব্য কি তা সভায় রাখুন এবং সভাকে ওয়াকিবহাল করুন। কারন তার মাধ্যমেই প্রমানিত হবে সত্যি প্রিয় দাসমুন্সী পশ্চিমবঙ্গের স্বার্থ বিরোধী কাজ করেছিলেন কিনা বা আমরা যে কাজে দিল্লী গিয়েছিলাম সেখানে সেই কাজে তিনি সহযোগিতা করেছিলেন কি করেন নি। কাজেই আমি আশা করবো মাননীয় খাদ্যমন্ত্রী এ ব্যাপারে বিবৃতি দিয়ে এই সভার মাধ্যমে পশ্চিমবাংলার জনসাধারণকে ওয়াকিবহাল করবেন এবং এই মিথ্যা সংবাদের বিরুদ্ধে তাঁর বক্তব্য রাখবেন।

Shri Gautam Chakrovartty :

মাননীয় স্পীকার মহাশয়, দয়া করে এই প্রসঙ্গে আমাকে বলবার একটু সুযোগ দিন। স্যার, শুধু পশ্চিমবঙ্গ নয় সারা ভারতবর্ষের বিরাট সংখ্যক যুব সমাজকে নেতৃত্ব দিচ্ছেন শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সী। স্যার, সেই লিডারের নামে যে সমস্ত উক্তি দর্পন পেপারে করা হয়েছে তার আমি প্রতিবাদ করছি এবং তার সাথে সাথে দর্পন ও দর্পনের মতন বিভিন্ন পেপারের নিন্দা করছি। আর আমি দাবী জানাচ্ছি, এই বিধানসভায় মাননীয় খাদ্যমন্ত্রী বিবৃতি দিয়ে জানান, সত্যিকারের কি ঘটনা ঘটেছিল। সেখানে সত্যিকারের দুস্থ মানুষের জন্য প্রিয়রঞ্জন দাসমুন্সীর কি বক্তব্য ছিল। স্যার, প্রিয়রঞ্জন দাসমুন্সীর বক্তব্যকে বিকৃত করে সারা ভারতবর্ষের যুব সমাজকে বিভ্রান্তির পথে নিয়ে যাবার যে চক্রান্ত চলেছে আমি তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং নিন্দা করছি।

Mr. Speaker : May I request the Hon'ble members to ignore all these papers.

Shri Kumar Dipti Sen Gupta : Mr. Speaker, Sir, Hon'ble Minister of State, Shri Subrata Mukhopadhaya is present in the House. Sir, these types of yellow journalism which are too much degraded, vile and worthless have to be checked. We want an assurance from the Hon'ble Minister of State, Shri Subrata Mukhopadhaya that steps should be taken against these types of journals. He ought to make a statement on the floor of the House. Sir, we are the set of people not to tolerate these types of things. Sir, we are the people who have come by sacrifice and by shedding blood and tears. We want to know from the Hon'ble Minister of State as to what law, if any, is going to be enacted to stop all these scandalous types of journalism.

Shri Asamanja De :

স্যার, মাননীয় রাষ্ট্রমন্ত্রী এখানে বসে আছেন, আমরা তাঁর কাছ থেকে ক্যাটিগরিক্যালি এ্যাসিওরেন্স চাইছি, এ ব্যাপরে কি করবেন আমাদের জানান।

Shri Subrata Mukhopadhaya :

মাননীয় স্পীকার মহাশয়, ব্যাপারটা খাদ্যমন্ত্রীর সাথে, সরাসরি আমার সাথে নয়। খাদ্য-মন্ত্রী, এর আগে আমি উপস্থিত ছিলাম, সে সময় মাননীয় লোকসভার সদস্য প্রিয়রঞ্জন দাসমুন্সীর নাম করে বলেছিলেন যে, তিনি তাঁর সাহায্য পেয়েছেন খাদ্য আদায়ের ব্যাপারে কেন্দ্রের কাছ থেকে। কোন একটা ইয়োলো জার্নাল কি বললো সেটা নিয়ে এত গুরুত্ব দেবার কিছু আছে বলে আমি মনে করি না। তবে মাননীয় লোকসভার সদস্য তিনি প্রিভিলেজ আনতে পারেন যেহেতু তিনি লোকসভার নির্বাচিত সদস্য। তবে আমার দপ্তর সম্পর্কে যেটা বলা হচ্ছে, ইয়োলো জার্নাল সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হবে সে সম্পর্কে বলি, অলরেডি কোর্টের সাধারণ আইনে এ সমস্ত আছে। সেখানে কোন কোন জায়গায় কেস হয় এবং তার বিশেষ ব্যবস্থাও হয়। এছাড়া লোকসভা এবং বিধানসভাতে সেখানকার নির্বাচিত সদস্যদের জন্য প্রিভিলেজের ব্যবস্থা আছে। তবে সরকার থেকে আমরা চিন্তা করছি, এখনও তার ম্যাচিওর সেপ কিছু নেয়নি, ইয়োলো জার্নাল সম্পর্কে কোন ট্রাইবুনাল করা যায় কিনা।

Shri Sukumar Mandyopadhayay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দিল্লীর ফুড ডেলিগেশান নিয়ে আজকে বিধানসভায় মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র একটা বক্তব্য রেখেছেন। যেহেতু দিল্লীর ফুড ডেলিগেশানে অনেকের সঙ্গে আমিও গিয়েছিলাম, আমি মনে করি তার বক্তব্য ক্লারিফাই করা উচিত। মাননীয় মৈত্র মহাশয়, শক্তি সরকার, সংসদ সদস্য, তার একটা বিবৃতি কোট করে বলেছেন যে শক্তি সরকার নাকি বলেছেন যে তৈল মন্ত্রী ডি, কে, বড়ুয়া বলেছেন যে কেন্দ্রীয় সরকার থেকে নাকি তেল দেবার কোন প্রতিশ্রুতি দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আপনাকে জানাচ্ছি যে কেন্দ্রীয় তৈল মন্ত্রী ডি, কে, বড়ুয়া, তিনি পরিষ্কারভাবে বলেছিলেন যে আজকে ২৫ পারসেন্ট কেরোসিন কাট সমগ্র ভারতবর্ষে করা হচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে কিছু অতিরিক্ত পাওনা আছে তা সরবরাহ করা সম্ভবপর হয়নি। সেই পাওনার পরিমান হচ্ছে ৫ হাজার কিলোলিটার অর্থাৎ ৫ লক্ষ লিটার। সেই কেরোসিন তেল তিনি সরবরাহ করবেন। সংবাদপত্রে কি সংবাদ বেরিয়েছে, কোন পত্রিকায় কি বেরিয়েছে, শ্রী মৈত্র মহাশয় যদি তা কোট করেন তাহলে আমি মনে করি শ্রী মৈত্র হয়ত জানেন না, তার অবগতির জন্য আপনার মাধ্যমে এটা আমি জানাচ্ছি। কারণ এই ফুড ডেলিগেশান নিয়ে অনেক পলিটিক্স চলছে, অনেকে অখুসী, অনেক এ্যাচিভ-মেন্ট আছে। প্রাইম মিনিস্টারের সিমপ্যাথী রয়েছে পশ্চিমবাংলার প্রতি, তাই অনেকেরই ভাল লাগছে না, অনেক বন্ধুরা আছেন যারা মনে মনে দুঃখিত, উত্তেজিত। স্যার, একটা ভাল কাজ করতে গিয়ে কুৎসার সম্মুখীন হতে হয় তাহলে এটা খুব বেদনাদায়ক। কিন্তু

আপনি পূর্বে বলেছেন যে এই সমস্ত উপেক্ষা করা উচিত। সুতরাং আপনার বক্তব্য অনুযায়ী যে সমস্ত কুৎসা হচ্ছে এগুলি উপেক্ষা করার সিদ্ধান্ত গ্রহণ করেছি।

Shri Monoranjan Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কামারপুকুরের নাম আপনারা সকলে শুনেছেন। এই কামারপুকুর হচ্ছে ঐতিহাসিক পুরুষ যুগাবতার শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেব জন্ম গ্রহণ করেছিলেন, এই স্থানটি অত্যন্ত পবিত্র—

Mr. Speaker : Mr. Pramanik, kindly take your seat. Hon'ble Minister, Dr. Zainal Abedin, wants to make a statement on the 'Yellow Journal'.

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মাননীয় সদস্য অনেকেই উত্তেজিত হয়েছেন, কোন ইয়োলো জার্নালে কি খবর বেরিয়েছে। আপনি জানেন যে আমার এই বিষয়ে বিরাট অভিজ্ঞতা আছে যখন এই মন্ত্রীসভায় শপথ নিয়ে বসলাম। তাদের শতকরা ৯৭ পারসেন্ট জার্নালিস্ট সৎ এবং দক্ষ বলে মনে করি। কিন্তু বাকী ৩ পারসেন্ট, আমার হয়ত এসটিমেটে ভুল হতে পারে, তাদের কোন জিবীকা নেই। এদের অভ্যাস খারাপ, এরা ব্লাকমেল করতে চায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি ঘেন্নার কথা, এরা বলে শালীর চাকুরী দিতে হবে তা নাহলে তোমার বিরুদ্ধে লিখবো! এরা বলে, আমাকে ২ হাজার টাকা দাও, এ্যাডভারটাইজ দাও তা নাহলে তোমার বিরুদ্ধে লিখবো। আপনি শুনলে আশ্চর্য্য হবেন যে এদের ৮টি ডিফামেশান কেস আমি কোর্টে করছি এবং এর মধ্যে ২টি কেসে আমার পায়ে ধরেছে এবং বলেছে, আমরা অন্যায় করেছি, ভুল করেছি, আর করবো না। আজকে এই ৩ পারসেন্ট জার্নালিস্টস, এরা দেশের রাজনীতি, দেশের ব্যবস্থাকে ধ্বংস করতে চায়--অসটেনসিবল লাইভলিহুড--কোন জিবীকা নেই, এরা চায় ব্লাকমেল করতে, এরা চায় শালীর ছেলের চাকুরী, শালার চাকুরী আর এ্যাডভারটাইজমেন্ট কারণ মদের টাকার যোগাড় করতে হবে। আজকে সেজন্য মাননীয় বন্ধু সদস্যরা একটু উত্তেজিত হয়েছেন, আমি বিচারাধীন কেসের সম্পর্কে কিছু বলতে চাইনা, যে দুটো ক্ষমা চেয়েচে সেটা সম্পর্কে বলতে চাই, আজকে প্রিয়রঞ্জন দাসমুন্সী মহাশয় হি ইজ এ্যাবাভ এভরিথিং, আজকে দুটি জার্নাল তাকে টেনে ছোট করতে পারবে না, কংগ্রেসকে টেনে ছোট করতে পারবে না, কংগ্রেসকে টেনে ছোট করা যায়না, আজকে দেশের ইতিহাস তা প্রমাণ করেছে। কিন্তু এই কুৎসিত ৩ পারসেন্ট জার্নালিস্টস, তারা ইয়োলো জার্নালিজম পড়ে মানুষের চরিত্র হনন করে, এদের সৎসাহস নেই প্রমাণ দাখীল করার। বড় কাগজে লেখে, যুগান্তরে লেখে, আনন্দবাজার পত্রিকায় লেখে, স্টেটসম্যান'-এ লেখে? এরা এত কুৎসিত যে এদের ধরবার জায়গা নেই। এরা কুৎসিত সাম্প্রদায়িকতা করতে চায়, এরা কুৎসিত বিভিন্ন রকম প্রচার করতে চায় যার কোন ভিত্তি নেই। আজকে এদের জনজীবনে প্রতিষ্ঠা নেই, মানুষের পা ধরে চলে। এই কুৎসিত জীবনগুলি অনলি ৩ পারসেন্ট ইন মাই এস্টিমেশান তার বেশী নেই। আজকে এর প্রতিকারের ব্যাপারে মাননীয় সুব্রত মুখার্জী চিন্তা করছেন। আমি মনে করি এটা দেশজুড়ে করা উচিত। আজকে যে দেশের মানুষ শতকরা ৭০ জনের মত লেখাপড়া জানে না তাদের জানা দরকার। আজকে যে দেশের সংবাদপত্রকে মানুষ বিশ্বাস করে কিন্তু এরা দিনের পর দিন মিথ্যা রটনা করে যাবে ব্যক্তিগত স্বার্থের জন্য। এদের জিজ্ঞাসা করতে হয়, কি জিবীকা তোমাদের, কত কাগজ বিক্রয় কর? আজকে এই জিনিষ জানা দরকার, ইনকোয়ারী করা দরকার এবং কমপ্রিহেনসিভ ব্যবস্থা নেওয়া দরকার।

[3-40—4-15 p.m.]

আমি আনন্দিত, আমার সহকর্মী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় এই সম্বন্ধে চিন্তা করছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার চেয়ার সুপ্রীম চেয়ার, পবিত্র চেয়ার, ঐ চেয়ারকে লক্ষ্য

করেও এরা কুৎসিৎ কথা বলতে ছাড়েনি, আপনাকেও কোন কোনদিন রেহাই এরা দেয় নি। সেই জন্য আমি বলছি যে এই বিধানসভার সভ্যরা যদি কোন সুচিন্তিত সাজেসন রাখতে পারেন, নিশ্চয়ই এই সরকার এই বিষয়ে সেই অভিমত অনুসারে ব্যবস্থা নিতে পারবে। যুব কংগ্রেসের সর্বভারতীয় নেতার বিরুদ্ধে যে সব কথা বলা হয়েছে, এই থ্রি পার্সেন্ট সাংবাদিক বলেছে। সুতরাং আমি মাননীয় সদস্যদের বলবো, চুজ টু ইগনোর দিস, আই বিলিভ শ্রী সুব্রত মুখার্জী যা বলেছেন যে এই বিষয়ে বিধানসভায় মর্য্যাদা দেওয়া উচিত। নয়। আজকে আমি মনে করি যে কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে কুৎসা রটিয়ে কিছু লাভ হবে না। এদের উপেক্ষা করুন।

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের ছয়টি বিশ্ববিদ্যালয়ের পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় কর্মচারী ফেডারেশন, তারা দীর্ঘদিন ধরে তাদের দাবী-দাওয়া নিয়ে আন্দোলন করছে তাদের বেতন হার, সার্ভিস রুলস ও অন্যান্য সুযোগ সুবিধার বৈষম্য দূরীকরণ ও সমহারে বেতনহার, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নিযুক্ত পে রিভিউ কমিটির পরিবর্তে একটা পূর্ণাঙ্গ পে-কমিশন গঠন করা, বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থায় কর্মচারী ও ছাত্র প্রতিনিধি রাখার ব্যবস্থা, অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয়ের কর্মীদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অন্তর্ভুক্ত করা, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে দুর্নীতি মুক্ত করা এই সব দাবী নিয়ে তারা শোভাযাত্রা করে এসেছেন। শিক্ষামন্ত্রী এখানে আছেন, এই সম্পর্কে যদি কিছু বলেন তাহলে এই বিষয়ে সুরাহা হতে পারে। নইলে তারা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবেন এবং তার ফলে শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়বে। তখন কিন্তু এর জন্য কর্মচারীরা দায়ী হবেন না।

[At this stage the House was adjourned for 30 minutes.]

(After adjournment)

[4-15—4-25 p.m.]

Shri Shish Mohammad :

অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আজকে এই হাউস এডর্জোন হওয়ার পূর্বে মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন যে জার্নালিষ্টদের মধ্যে শতকরা ৩ জন খুব খারাপ আছেন এবং তিনি বলেছেন যে তারা তাদের শালা, শালী, আত্মীয়-স্বজনের জন্য চাকুরী চেয়েছেন। মাননীয় স্পীকার স্যার, তিনি স্পেসিফিক ভাবে বলুন, তাঁর বলা উচিত এবং বলতে হবে সেই জার্নালিষ্টরা কারা? তা নাহলে এই হাউসকে বিভ্রান্ত করা হবে। এবং তিনি মিসলিড করেছেন, কারণ সেই জার্নালিষ্টরা এখানে নেই, তাদের আত্মপক্ষ সমর্থন করবার কোন অধিকার নেই। সুতরাং আপনি বলুন এখানে এই রকম প্রশ্ন ওঠে কিনা?

Mr. Speaker : Mr. Shish Mohammad, perhaps you have not been able to understand. He stated that there are only about three per cent Jourlists.

এদের সম্পর্কে তিনি একটা মন্তব্য করেছেন। অধিকাংশ ৯৭%-৯৮% অনেষ্টলি সার্ভ করছে, তাদের প্রেস করেছেন এবং বলছেন তাদের মধ্যে ৩% লোক আছে, এই মন্তব্য করেছেন। কোন কোন তিন জন বলেননি, বা তিন জন বলেননি, তিনি ৩% বলেছেন, সুতরাং নো পয়েন্ট অফ অর্ডার ইজ ইনভলভড।

Dr. Zainal Abedin :

স্যার, ৮টি কেস করা হয়েছে, গভর্নমেন্ট অন মাই ডিফামেশন কেস করেছে। এটাই শুধু আমি করিজেনডাম করে দিতে চাই।

The West Bengal (Compulsory Censorship of EilmPnblicity Materials) Bill, 1974.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to introduce the West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974.

(Secretary then read the title of the Bill)

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চলচিত্রশিল্পের প্রচার মাধ্যম হিসাবে সাধারণত বিজ্ঞাপন, পোষ্টার, ফটো ইত্যাদি ব্যবহৃত হয়। পশ্চিমবঙ্গ সরকার অনেক দিন ধরে লক্ষ্য করছে যে, এসকল প্রচার মাধ্যমে এরূপ অশ্লীল ছবি ব্যবহার করা হচ্ছে যার সঙ্গে চলচিত্রের কাহিনীর কোন সম্পর্ক তো নেই, তাছাড়া ঐগুলি সাধারণ মানুষ এবং বিশেষত সুকুমারমতি যুব-সম্প্রদায়ের মধ্যে হিংসা এবং মনোবিকার সৃষ্টি করতে সাহায্য করছে। অশ্লীলতা দোষে দুষ্ট ও হিংসা উদ্রেককারী কোনরূপ প্রচার মাধ্যম যাহাতে চলচিত্র শিল্পে ব্যবহৃত না হয়, তারজন্য পশ্চিমবঙ্গ সরকার বিগত ১৯৫৯ সালে তদানীন্তন মুখ্যমন্ত্রী স্বর্গত ডাঃ বিধান চন্দ্র রায়ের নির্দেশে ইষ্টার্ন ইন্ডিয়া মোশন পিকচার্স এ্যাসোসিয়েশনের সহিত পরামর্শ করে সবরকম পোষ্টার, ফটো ইত্যাদি জনসাধারণের কাছে প্রদর্শন করার আগে যাতে সেনসর করা হয়, তার জন্য একটা সেনসরশিপ বোর্ড গঠণ করেছিল। এই পরিকল্পনা সম্পূর্ণ ঐচ্ছিক ভিত্তিক চালু করা হয়েছিল।

পরীক্ষামূলক ভাবে এই প্রকল্পটি প্রায় ১৪ বছর ধরে চালু রাখা সত্ত্বেও ইহা অত্যন্ত দুঃখের বিষয় যে ঐচ্ছিক ভিত্তিতে চলচিত্র শিল্প সংশ্লিষ্ট প্রচার মাধ্যমগুলি সেনসান করার পরিকল্পনাটি বিশেষ সার্থক হয়নি। আজও দেখা যায় যে এরূপ পোষ্টার, হোডিং ইত্যাদি ব্যবহার করা হচ্ছে যা পূর্বে সেনসর করা হয়নি বা সেনসর কর্তৃপক্ষ বাতিল করেছেন। বিভিন্ন সময়ে অশ্লীল পোষ্টার ও বিজ্ঞাপন প্রকাশ সম্পর্কে সংবাদপত্রে বিরূপ সমালোচনা করা হয়েছে। কখনও কখনো যুব সম্প্রদায়ও এর বিরুদ্ধে সভা মিছিল করেছেন। এই অবস্থায় অশ্লীলতা দোষে দুষ্ট প্রচার মাধ্যম ব্যবহার যাতে বন্ধ হয় তার জন্য চলচিত্র শিল্প সংশ্লিষ্ট সকল প্রকার প্রচার মাধ্যম যেমন পোষ্টার, হোডিং, ফটো ইত্যাদি, জনসমক্ষে প্রচারের পূর্বে সেনসর করা হয়, সেই উদ্দেশ্যে একটা আইন প্রণয়ন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সেদিকে লক্ষ্য রেখে প্রস্তাবিত বিলটি রচনা করা হয়েছে। আইনভঙ্গকারীদের উপযুক্ত শাস্তি বিধানের জন্য বিলে প্রয়োজনীয় ধারা সংযোজন করা হয়েছে। নিয়মিত পর্যবেক্ষণের জন্য কলিকাতা ও মফঃস্বল এলাকায় প্রয়োজনীয় কর্মচারী নিয়োগের প্রস্তাবও করা হয়েছে। বিলটি আইনে রূপান্তরিত হবার পর উহা কার্য্যকরী করিতে যে আনুমানিক ব্যয়ের হিসাব আর্থিক স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, তাতে সংবিধানের ২০৭(৩) ধারা অনুসারে মাননীয় রাজ্যপালের সুপারিশ পূর্বেই গ্রহণ করা হয়েছে। আমার অনুরোধ বিলটি এই সভায় আলোচনাপূর্বক গৃহীত হোক।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিলটা উত্থাপন করেছেন মোটামুটিভাবে সেই বিলের উদ্দেশ্য ও হেতুকে খারাপ বলতে পারছি না। পশ্চিমবাংলায় এ সম্বন্ধে বহু প্রচলিত আইন থাকা সত্ত্বেও অনেক সময় সেই আইনকে বিভ্রান্তির পথে পরিচালিত করা হয়। আপনি সেনসরশিপ-এর ব্যবস্থা এই বিলের মধ্যে রেখেছেন। পশ্চিমবাংলার নগ্নরূপ ছায়াছবির ক্ষেত্রে দেওয়ালে দেওয়ালে দেখছি তাতে পশ্চিমবাংলার শ্লীলতা, ঐতিহ্য সব কবর হতে বসেছে।

[4-25—4-35 p.m.]

তিনি প্রচেষ্টা করছেন সেটাকে উদ্ধার করার জন্য। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তো দেখতে পাচ্ছি কেবলমাত্র ফিল্মের ক্ষেত্রে নয়, রেফারেন্স স্বরূপ আমাকে আরো

[4-25 -4-35 p.m.]

কয়েকটির কথা বলতে হচ্ছে। আজকে সাবানের, তেলের রেডিমেড জামা-কাপড়ের এ্যাডভার্টাইজমেন্টের ক্ষেত্রে বিভিন্ন খবরের কাগজে যে নগ্নরূপ, নারী চরিত্র এমনভাবে দেখান হচ্ছে যেখানে আমি মনে করি পশ্চিমবঙ্গের নারী চরিত্র হরণ করার প্রচেষ্টা করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই কেবল ফিল্মের ক্ষেত্রে কেন, কাগজে কাগজে যে বিজ্ঞাপনগুলি দেখছি সেগুলি কন্ট্রোল করার মত এমন কোন কম্প্রিহেনসিভ বিল নিয়ে আসুন যাতে শুধু ফিল্ম নয়, আরো বিভিন্ন পত্র-পত্রিকায় যে নগ্ন ছবি আমরা দেখতে পাচ্ছি সেগুলিকে সীমিত করা যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বরূপা বলে একটা থিয়েটার হল আছে, সেখানে একটা মেয়ের ড্যান্স দেখান হয়েছিল নগ্ন রূপের, সেই নগ্ন রূপের ড্যান্স আপনার মাধ্যমে দেখাতে চাই। সেই নগ্ন ড্যান্স দেখে পশ্চিমবঙ্গের দু'জন বয়স্কা রমনী প্রতিবাদ জানিয়ে সেই বিশ্বরূপা থিয়েটার হল থেকে বেরিয়ে গিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাগজে কাগজে উলঙ্গ অবস্থার এক একটা ছবি বেরুচ্ছে দেখতে পাবেন। অত্যন্ত পরিতাপের সঙ্গে বলছি যে বর্তমান নব সমাজ ব্যবস্থায় এই নগ্ন রূপ এসে গেছে। ১০।১২ বছর আগে যে সমাজ ব্যবস্থা ছিল তা কি অসভ্য ছিল? তা ছিল না? আজকে ক্যাবারে ড্যান্সের উপর ট্যাক্স বসান হচ্ছে। এটাকে কি ব্যান করা যায় না? ট্যাক্স করার অর্থ হচ্ছে এটাকে প্রশ্রয় দেওয়া, হ্যাঁ ট্যাক্স দিয়ে তোমরা এই জিনিস দেখতে পার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু বছর আগের ইটালির একটা গল্পের কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই। ইটালির যখন ভাগ্য বিধাতা ছিলেন মুসোলিনী সেই সময় এডিস বলে একজন বিখ্যাত অভিনেত্রী উলঙ্গ অবস্থায় সাঁতার দিয়েছিলেন, সেখানকার সেনসার বোর্ড এটাকে অত্যন্ত জঘন্য বলে বাতিল করে দিয়েছিলেন। কিন্তু মুসোলিনী বলেছিলেন একটি সুন্দরী রমনীর নগ্ন সৌন্দর্য ভোগের অধিকার প্রত্যেক পুরুষের আছে এবং নগ্ন রূপ ভোগের অধিকার প্রত্যেক রমনীর আছে এবং সেই সংশ্লিষ্ট ছবি হাইকোর্টে মুভ করে মঞ্জুর করিয়ে দিয়ে ছিলেন। এই যে নগ্ন রূপে বাধা না দিয়ে উৎসাহ এরা দিয়েছেন এরজন্য পশ্চিমবঙ্গের নারী সমাজ এঁদের ক্ষমা করবেন না। তিনি যে বিল নিয়ে এসেছেন এই বিলের মাধ্যমে যে বোর্ড গঠিত হবে আমি আশা করব সেই বোর্ডে যেন ইনটেলকচুয়াল ব্রেন থাকে। যাঁরা সাহিত্যিক, মাষ্টার, প্রফেসার, যাঁরা সমাজসেবী তাঁদের নিয়ে বোর্ড করুন, আমলাদের হাতে এই রকম বোর্ড তুলে দেবেন না এই অনুরোধ করছি।

আমি আশা করব আপনি থাকবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে মন্ত্রী মহাশয় কোন জায়গায় বলেননি বা কোথাও এমন কোন সুস্পষ্ট আভাষ দেননি যে, কোনটা শ্লীল এবং কোনটা অশ্লীল, কোনটা ভাল এবং কোনটা ঘৃণ্য। এবং সেই কারণে আমার সন্দেহের বকাশ থাকছে। এরকমও হতে পারে বোর্ডকে কিছু টাকা পয়সা দিয়ে নগ্ন চরিত্রের বই এ্যাপ্রুভ করে নিল। আমরা জানি থিয়েটারে বা নাটকে অনেক রসাল কথা থাকে কিন্তু সেগুলি যখন সাজান হয় তখন সেগুলি এমন নগ্নরূপ নেয় যেটা হাউসে বলা যায়না। কাজেই ইন্টেলেকচুয়াল ব্রেন যদি এই বোর্ডের মধ্যে থাকে তাহলে তাঁরা বিচার বিবেচনা করে কোনটা নেওয়া যাবে এবং কোনটা নেওয়া যাবেনা সে সম্বন্ধে নিশ্চয়ই সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। আমি কিন্তু সেই রকম কোন জিনিস এই বিলের মধ্যে দেখতে পাচ্ছিনা। কাজেই আমি মন্ত্রী মহাশয়ের কাছে বলছি যে, তিনি উত্তর দেবার সময় ক্যাটিগরিক্যালি বলবেন যে কোনটা সভ্য এবং কোনটা অসভ্য, কোনটা শ্লীল এবং কোনটা অশ্লীল এবং সেকথা যদি তিনি তাঁর বক্তব্যের মধ্যে রাখতে পারেন তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলার নারী সমাজ তাঁকে অনুধাবন করতে পারবেন এবং যদি সেকথা রাখতে না পারেন তাহলে তাঁরা বলবেন মন্ত্রী মহাশয় এই জিনিস প্রশ্রয় দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শুধু এই নগ্ন ছবিগুলিই নয়, এসপ্ল্যানেডে, চৌরঙ্গী রোডে এমন অনেক নারী দেখা যায় যারা বাড়ীতে গেলে দেখা যায় তাদের গা ব্যথা করছে। অত্যন্ত লজ্জার কথা যে এই জিনিসও চলছে। আমি বলব সুব্রতবাবু এবং জয়নাল আবেদিন সাহেব এই বিলকে প্রশ্রয় দিচ্ছেন অথচ তাঁরা পেপারে এই সমস্ত নগ্নরূপ দেখা সত্বেও এই সমস্ত নগ্ন ছবির বিরুদ্ধে কোন প্রতিবাদ করেননি। এই সমস্ত নগ্ন ছবির বিরুদ্ধে আপনারা কোন প্রতিবাদ করেননি

অথচ আপনারাই দেশের এক একজন মহামান্য মন্ত্রী এবং আপনাদের অবসানের পর রাস্তার মোড়ে মোড়ে লোকেরা হয়ত আপনাদের মর্মর মূর্তি পূজা করবে। আমার বড় দুঃখ হয় আপনারা পশ্চিমবাংলার গদীতে সমাসীন থাকা সত্ত্বেও পশ্চিমবাংলার নারী চরিত্র আপনারা রক্ষা করতে ব্যর্থ হয়েছেন। আপনি সেনসর করছেন ভাল কথা, কিন্তু আমি আশা করব আপনি সেটাকে কাজে লাগাবেন এবং যে বক্তব্য আমি রাখলাম নিশ্চয়ই তার জবাব দেবেন। আমি আর একটা কথা বলব এবং সেটা হচ্ছে আপনাদের ঘরের মধ্যে কিছু কিছু সেনসর করুন। অর্থাৎ আপনাদের ঘরের মধ্যে এই যে বহু বড় বড় চুল এবং জুলফি রয়েছে এগুলিকে সেনসর করুন। আজকে বড় বড় চুল এবং জুলফিতে পশ্চিমবাংলা ভরে গেছে। উনি হয়ত বলবেন শ্রীকৃষ্ণ, শ্রীরামচন্দ্র এবং লক্ষ্মণ বড় বড় চুল রাখতেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি লক্ষ্মণকে দেখেছি শাড়ী পরেছেন এবং কানে গহনা দিয়েছেন। তাহলে ওঁরাও শাড়ী পরুন এবং কানে গহনা লাগান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলুন পালের গোদার যদি বড় চুল থাকে তাহলে কে সামাল দেবে?

[4-35—4-45 p.m.]

যাই হোক আর বেশী বাড়াবাড়ি করতে চাই না কারণ তা হলে কেঁচো খুঁড়তে গিয়ে সাপ বেরিয়ে যাবে জয়নাল সাহেবের। আমি অনুরোধ করবো সুব্রতবাবু আপনি নতুন যুগের প্রগ্রেসিভ মাইন্ডের লোক, অবশ্য দু একটা কাজ করলেই প্রগ্রেসিভ হওয়া যায় না তবুও প্রগ্রেসিভ মাইন্ডের লোক বলেই আপনাকে জানাতে চাই যে এই ক্যাবারে ড্যান্স আর শেফালির নগ্ন ড্যান্স আশা করি বন্ধ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি আমার কাট মোশান মুভ করছি না।

Shri Asamanja De :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভায় মাননীয় মন্ত্রী শ্রী [illegible] মহাশয় যে

The West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974

উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আমি মনে করি যে, পশ্চিমবাংলার সংস্কৃতির অবক্ষয়ের হাত থেকে সংস্কৃতির মান উন্নয়নের এই প্রচেষ্টা সরকারের একটা শুভ প্রয়াস। আমরা জানি মহা-মনীষীর কথা

Man is not passively an adopted notion. He is the focus of redirected forces the centre of creative evolution.

মানুষের মধ্যে যে সৃজনী শক্তির ক্রমবিকাশ আছে তার স্বতঃস্ফূর্ত বিকাশের শ্রেষ্ঠ মাধ্যম আমি মনে করি সংস্কৃতি। সংস্কৃতি হচ্ছে সভ্যতার মাপকাঠি। সংস্কৃতি হচ্ছে মানুষের আত্মপ্রকাশের ভূমিকার অগ্রগণ্য। আমি এই সরকারের সংস্কৃতি দপ্তরকে প্রশংসা জানাই এই কারণে যে কিছুদিন আগেও আমরা দেখেছি পূর্ব ভারত সাংস্কৃতিক সম্মেলন করে যে ভারতবর্ষের সভ্যতার এবং ঐতিহ্যের যে মূল সুর প্রতিধ্বনিত হয়েছিল বৈচিত্রের মধ্যে ঐক্য সেটা যে চমৎকার ভাবে ফুটে উঠেছিল এই সম্মেলনের মাধ্যমে। সংস্কৃতি বলতে আমি বুঝি কোন একটা দেশের বৃহত অংশ সূক্ষ্ম দৃষ্টি বহিঃপ্রকাশ, সূক্ষ্ম চিন্তার বহিঃপ্রকাশ যা রূপ নেয় সৃষ্টিতে এবং কথাতে। স্যার, আমি মনে করি কোন একটা সাংস্কৃতির উন্নতি ছাড়া কোন একটা দেশের সামাজিক ও অর্থনৈতিক বুনিয়াদকে সুসংগঠিত করা এবং সেই দেশের দেশবাসীকে দারিদ্র, শোষণ ও অনাচার-এর হাত থেকে নিষ্কৃতি দেওয়া কখনই সম্ভবপর নয়। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলার সংস্কৃতির মধ্যে বিরাট অবক্ষয় দেখা দিয়েছে। এই অবক্ষয়ী ধনবাদ এবং বিকৃত মার্কসবাদের গর্ভে জন্ম নিয়েছে বর্তমান কালের এই বিকৃত অপসংস্কৃতি—অনুকরণ এবং অনুসরণ। এই অপসংস্কৃতির ঢেউ আজকে হতাশা জর্জরিত যুব সমাজকে ক্রমে ক্রমে গ্রাস করতে উদ্যত হচ্ছে। স্যার আজকে শিল্প সংস্কৃতির নামে ইয়াং টাইপ অব কালচার বা অপসংস্কৃতি হচ্ছে। আজকে কোলকাতা এবং মফঃস্বলের বিভিন্ন অঞ্চলে হিন্দী বইগুলি যা আমরা দেখতে পাচ্ছি—স্পীকার স্যার, আপনিও হয়ত নিশ্চয় দেখেছেন এবং মন্ত্রী মহাশয় যখন এই দায়িত্বভার

পালন করেছেন তখন নিশ্চয় তিনিও দেখেছেন, কোলকাতার রাস্তায় দেখলেই দেখবেন 'ববি', 'জুগনু', 'জোশিলা', '০০৭ উইথ লাভ', 'রিভলভার কি রানী', 'প্রাণ যায় তো বচন নেহি যায়', মন্ত্রী মহাশয় নিশ্চয় এইসব দেখেছেন। কারণ তিনি যখন এই বিল উত্থাপন করার প্রয়োজনীয়তা উপলব্ধি করেছেন তখন তিনি নিশ্চয় দেখেছেন যে ভারতবর্ষ বা পশ্চিমবাংলার সংস্কৃতির অপক্ষয় এই সিনেমা কতটা ঘটাচ্ছে। স্যার, এ সম্পর্কে আমি একজন ফরাসী ঔপন্যাসিকের মন্তব্য এখানে উল্লেখ করছি। ফরাসী ঔপন্যাসিক আঁদ্রে মুলরাক্সক বলেছেন,

Perverted films are greater threats to civilisation than atomic and hydrogen bomb.

যে কোন একটি দেশের সভ্যতার ক্ষেত্রে এ্যাটমিক বোম বা হাইড্রোজেন বোম যতখানি শত্রু তার চেয়ে অনেক বড় শত্রু এই সমস্ত জিনিষ। পারভারটেড ফিল্ম গ্রেটার সিভিলাইজেসান অনেক বেশী ক্ষতিকারক।

কোন একটি দেশের সভ্যতা, কৃষ্টি এবং সংস্কৃতির ক্ষেত্রে এ্যাটমিক বম্ব এবং হাইড্রোজেন বম্ব যতখানি না ক্ষতিকারক তার চেয়ে অনেক বেশী ক্ষতিকারক এই অপসংস্কৃতি এবং ইয়াংকি টাইপ অব কালচার। আমরা পরিষ্কারভাবে মনে করি এই রুচির ক্যানাড়া হিন্দী ছবির সংগে ফুটে উঠেছে এবং এই অশিক্ষিত দেশের জনরুচিতে সেটাই দগদগে ক্ষতের মত আজকে সংক্রামক হয়ে উঠেছে। আজকে, স্যার, এটা যদি কেউ মনে করেন সস্তা, লঘু, চটুল আনন্দের উৎস আমি কিন্তু তাদের সংগে একমত হবোনা। আমি পরিষ্কার ভাবে, মাননীয় স্পীকার স্যার, মনে করি এবং আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীসভাকে জানাতে চাই এটা অত্যন্ত একটা সুপরিকল্পিত চক্রান্ত। এই নগ্ন ফিল্ম এবং ইয়াংকি টাইপ অব কালচার, এই যে পোস্টার অশ্লীল ছবি, এইগুলি যে রাস্তায় রাস্তায় দেখান হচ্ছে এটা আমি মনে করি একটা অত্যন্ত সুপরিকল্পিত চক্রান্ত। একচেটিয়া পুঁজিবাদী এবং সাম্রাজ্যবাদীদের কায়েমী স্বার্থ মূলে রয়েছে। এর মূলে রয়েছে সি. আই. এ. চক্রান্ত, এর মূলে রয়েছে কে. জি. বি.-এর হীন কার্যকলাপ। এদের উদ্দেশ্য হচ্ছে কি, যে অন্যায়ের বিরুদ্ধে যুব সমাজ যাতে সুসংগঠিতভাবে গড়ে উঠতে না পারে, অনাচার, অত্যাচার, অবিচারের বিরুদ্ধে যাতে যুব সমাজ গড়ে উঠতে না পারে। এই যুব সমাজের যে মনোভাব, যে শক্তি, যে বলিষ্ঠতা, যে দৃপ্ত মনোভংগী সেটাকে, স্যার, বিকৃত করে অন্য দিকে সস্তা, লঘু, চটুল দিকে এগিয়ে নিয়ে আজকে যাতে অন্যায়ের বিরুদ্ধে, অবিচারের বিরুদ্ধে, জোতদারের বিরুদ্ধে, মুনাফাখোরের বিরুদ্ধে, শোষণের বিরুদ্ধে যাতে যুব সমাজ গড়ে উঠতে না পারে সেইজন্যই, স্যার, এটা সুপরিকল্পিত চক্রান্ত। এই চক্রান্তের পিছনে সাম্রাজ্যবাদীরা আছে, এই চক্রান্তের পিছনে একচেটিয়া পুঁজিপতিরা আছে, এটার পিছনে সি. আই. এ. আছে, এটার পিছনে কে. জি. বি.-এর হিংস্র কার্যকলাপ আছে। আমি, স্যার, বলতে চাই যে শুধু সিনেমা নয়, থিয়েটার, স্যার, আপনি নিশ্চয়ই দেখেছেন খবরের কাগজে বিশ্বরূপায় চলছে 'আসামী হাজির', স্যার বড় বড় বিজ্ঞাপন, ভালবাসার খেলা হট নাটক, বারবধূ। সেখানে, স্যার, আমরা দেখতে পাচ্ছি কি, খবরের কাগজে একটা উলংগ মেয়ের ছবির তলায় লেখা রয়েছে যুব মনের সবুজ বিপ্লব। আমরা সবুজ বিপ্লবের কথা বলি, স্যার, উলংগ মেয়ের ছবির তলায় লেখা আছে, আপনি নিশ্চয়ই পড়েছেন, স্যার, যুব মনের সবুজ বিপ্লব। কি অদ্ভূত বিপ্লব, স্যার। সেইজন্য আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাবো যে কেবল সিনেমার ফিল্ম সেনসার করলে হবেনা, প্রফেশনাল যাত্রা এবং প্রফেশনাল থিয়েটার পার্টি এই যে অশ্লীল সমস্ত জিনিস প্রচার করছে যদি বাংলাদেশের সংস্কৃতিকে অপসংস্কৃতির এবং অবক্ষয়ের হাত থেকে বাঁচাতে হয় তাহলে এই নগ্ন নুড ফিল্ম-এর উপর নিষেধাজ্ঞা আনতে হবে এবং সেনসার করতে হবে। প্রফেশনাল যাত্রা এবং প্রফেশনাল থিয়েটারের এই সমস্ত জিনিষের উপরেও আজকে পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন জানাবো, অনুরোধ জানাবো মাননীয় মন্ত্রী মহাশয়কে তিনি যেন এইগুলির উপরেও প্রকৃত সেনসারের ব্যবস্থা নেন। আজকে, স্যার আরো দুঃখের কথা সরকারকে চিন্তা করতে হবে আজকে আমরা শিক্ষকতা করি, পশ্চিম বাংলায় প্রাইমারি স্কুলে কাগজের অভাবে বই পাওয়া যাচ্ছে না, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই, স্যার, কলকাতার রাস্তায় চলেন, আপনিও স্যার কলকাতার

নাগরিক, নিশ্চয়ই কলকাতার রাস্তায় চলেন, চৌরংগীর মোড়ে যান, শেয়ালদা ষ্টেশনে যান, যাদবপুরে যান, স্যার, লক্ষ লক্ষ টাকার কাগজের অদ্ভুত অদ্ভুত লাল, নীল বই ছড়িয়ে পড়ে রয়েছে, এটাও স্যার, সংস্কৃতির অবক্ষয়ের একটা প্রধান পদক্ষেপ। এটাও, স্যার, সংস্কৃতিকে ভেঙ্গে চূর্ণ বিচূর্ণ করে দিচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারকে চিন্তা করতে হবে কাগজের অভাবে যখন পাঠ্য পুস্তক, বই, মুদ্রণ করা সম্ভবপর হচ্ছেনা তখন কোথা থেকে এই কাগজ আসছে, এই লাল নীল বই বুকগুলি আজকে জায়গায় জায়গায় প্রচার করা হচ্ছে এটাও সংস্কৃতির উপর বিরাট একটা চূড়ান্ত আঘাত। আমি সরকারকে আবেদন জানাবো যেন এইগুলি সেনসার করার প্রকৃতভাবে চেষ্টা করা হয়। আমি, মাননীয় স্পীকার স্যার, আর একটা কথা বলবো তিনি একজন ছাত্র নেতা, যুবনেতা, তিনি পশ্চিমবঙ্গের মানুষের প্রতিনিধি কেবলমাত্র আইন করে সেনসার করা যাবেনা। তিনি বাংলা দেশের জনমত নির্বিশেষে লাল সবুজ নীলের ঊর্দ্ধে সমস্ত ছাত্র এবং যুব সমাজকে আহ্বান জানান এবং সেই ছাত্র যুব সমাজ গর্জে উঠুক, এর প্রতিবাদে দুর্ভেদ্য দুর্গ গড়ে উঠুক, এই অপ-সংস্কৃতি এবং সংস্কৃতির অবক্ষয়ের বিরুদ্ধে। তারা আজকে জনমত দিকে দিকে সৃষ্টি করুক। আজকে পাবলিক ক্যামপেন যদি না হয় তাহলে কিন্তু আইন করে সংস্কৃতিকে পশ্চিম বাংলার বুকে রক্ষা করা যাবেনা। এবং আমরা বাংগালী স্যার, বাংলার সংস্কৃতি বাংলার চলৎচিত্র শিল্পের, বাংলার সিনেমা শিল্প আজকে ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে এই পশ্চিম বাংলায় বাংলার শিল্প সংস্কৃতি এবং বাংলার ছেলেদের উন্নয়নের জন্য আইন করতে অনুরোধ করবো। কলকাতা এবং মফঃস্বলের হলগুলিতে বলে দেওয়া হোক এত নাইট বাংলা ফিল্ম দেখাতে হবে। এবং এটা যদি না করা যায় বাংলার শিল্প সংস্কৃতিকে বাঁচান যাবেনা। তাই, স্যার, এই কথা বলে এই বিলকে সমর্থন করে এবং আমার এই কথাগুলি তিনি অনুধাবন করবেন এই আশা নিয়ে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

[4-45—4-55 p.m.]

Shri Biswanath Chakrabarti :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিধানসভায় তরুণ মন্ত্রী যে বিলটা এনেছেন দি ওয়েস্ট বেংগল (কম্পালসারি সেনসারশিপ অব ফিল্ম পাবলিসিটি ম্যাটিরিয়েলস) বিল ১৯৭৪, আমরা এই বিলকে সমর্থন করছি, এটা বলাই বাহুল্য। সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা আমি এই প্রসংগে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে বিলটা উত্থাপিত হয়েছে, এর সুযোগ খুব সীমাবদ্ধ, এই কারণে বিলের উদ্দেশ্য বলা হয়েছে ফিল্ম প্রচারের যে সমস্ত ফটো পোস্টার এক্জিবিটেড্ হয় সেগুলির উপর সেনসারশিপ বলবৎ করা হবে। এটা খুব সীমাবদ্ধ উদ্যোগ। সুতরাং সীমাবদ্ধ উদ্যোগের জন্য খুব বাহবা দেবার প্রয়োজন নাই, আবার খুব নিরুৎসাহ করারও দরকার নাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে তিনি যুবক এবং যুবনেতা, সুতরাং ভবিষ্যতের কথা ভাবতে হবে এবং দেখতে হবে আরও ব্যাপক বিল এনে সত্যসত্যই অপসংস্কৃতির বিরুদ্ধে একটা সংগ্রামী হাতিয়ার পরিণত করা যায় কিনা। আপাত দৃষ্টিতে ফিল্ম পাবলিসিটি ম্যাটি-রিয়েলসকে চেক করার সংকুচিত করার জন্য এই বিল। আজকে এই প্রসংগে কতকগুলি কথা ভাবতে হবে। সাধারণভাবে একথা মনে রাখা দরকার ধনবাদী সমাজে, যেখানে ধনতান্ত্রিক সমাজ রয়েছে, সেখানে মানুষের আয়ের মধ্যে প্রচণ্ড ব্যবধান রয়েছে, একচেটিয়া প্রপার্টিড্ ক্লাসেস রয়েছে, প্রচুর সম্পত্তিওয়ালা রয়েছে, ব্যবসায়ী রয়েছে। তার পেছনে আমাদের মত দেশে বিদেশী সাম্রাজ্যবাদী মূলধন রয়েছে। সেখানে অনবরত শাসক এবং শাসিতদের মধ্যে সংগ্রাম চলছে এবং দিনের পর দিন তীব্রতর হচ্ছে। একচেটিয়া বড় বড় ব্যবসায়ী চক্র, সাম্রাজ্যবাদী মূলধনের আক্রমণের ক্ষেত্রে উপায়টা কি? সেটা হচ্ছে মূল্য বৃদ্ধি কর, ছাঁটাই কর, বেশী মুনাফা, লুট, কৃষককে জমি থেকে উচ্ছেদ কর, সাধারণ মানুষ-এর জীবনকে দুর্বিষহ করে তোল, আরও মুনাফা কর, আরও পুঁজি বাড়াও। এই হচ্ছে অর্থনীতির ক্ষেত্রে আক্রমণের উপায়। এবং এর বিরুদ্ধে সারা পৃথিবী ব্যাপী দরিদ্র মানুষ, শোষিত মানুষ লড়ছে, সঙ্ঘবদ্ধভাবে লড়াই করছে। বিংশ শতাব্দীর ৭০ দশকে এই লড়াই করার কাজটা কি? নুতন সমাজ ব্যবস্থা প্রবর্তন করার যুগ। সারা পৃথিবীতে

সামজতান্ত্রিক দুনিয়া একটা তৈরী হয়েছে মানুষ সেখানে নূতন অর্থনীতি গড়ছে, নূতন কালচার গড়ছে। এই দুনিয়ার সমাজতান্ত্রিক সমাজতান্ত্রিক অগ্রগতির মুখে মরিয়া পৃথিবীর বাবুদের দল যারা চিরকাল রাজনীতি করত, যারা পৃথিবীর সমাজের মানুষের নেতৃত্ব করত সমস্ত সমাজের মনোবৃত্তিকে মুনাফাকেন্দ্রিক করতে চেষ্টা করত, কখনও পৃথিবীর মানুষকে নানাভাবে শোষণ করত, তারাই কখনও পরদেশ লুন্ঠন করছে, নিপীড়ন করছে, কখনও আবার সাদাকালোর মধ্যে বিচ্ছেদ ঘটিয়ে পৃথিবীকে শোষণ করছে। তারা শুধু অর্থনীতির ক্ষেত্রেই আক্রমণ চালাচ্ছেনা সংগে সংগে অর্থনীতিক ব্যবস্থা উল্টে দেবার জন্য যে লক্ষ লক্ষ মানুষ সঙ্ঘবদ্ধ হয়ে লড়াই করছে, তাদের মনটাকে নষ্ট করে দেবার জন্য চেষ্টা করছে সারা পৃথিবী জুড়ে। শুধু ইকনমিক স্ট্রাকচারের ক্ষেত্রেই নয় সুপার স্ট্রাকচারেও, যেখানে মানুষ অনেক বেশী সেন্‌সিটিভ, যেখানে মানুষের সংবেদনশীল অনুভূতি রয়েছে, মনোবৃত্তি রয়েছে, তাকে বিষাক্ত করে দেবার জন্য নষ্ট করে দেবার জন্য চেষ্টা চলছে সারা পৃথিবী জুড়ে। আজকে সাম্রাজ্যবাদীরা শুধু এ্যাটম বোমা, হাইড্রোজেন বোমা নিয়ে লড়াই করেনা, ইন্টার বিলিস্‌টিক্ মিসাইল নিয়ে লড়াই করেনা, তার সংগে সংগে নিয়ে যায় সেক্স লিটেরেচার, যা হংকং এবং সাংহাইয়ের রাজপথে দেখা যায়। এই কুৎসিৎ বিকৃত রুচির একটা জীবন দর্শন নিয়ে যায় এবং তার সংগে নিয়ে যায় লার্জ স্কেলে প্রস্‌টিটিউশন এবং এ দিয়ে সাম্রাজ্যবাদীরা লড়াই করে, তরুণদের মনকে, যুবকদের মনকে বিষাক্ত করে দেবার চেষ্টা করছেন। আর তাদের সংগে পিছিয়ে পড়া দেশগুলোর ধনকুবেরা, যারা সাম্রাজ্য-বাদীদের লেজ ধরে ধরে নিজেরা বাচবার চেষ্টা করে। সংগ্রামী মারমুখী মানুষের প্রতি-রোধের সামনে এটাই আজকের দিনে সব চেয়ে বড় কথা। সেজন্য আজকে শোষিত মানুষদের শত্রুকে লঘু করে দেখবার কারণ তাই। আজকের পৃথিবীতে তাই হচ্ছে। আমি একথা বল্লাম এই কারণে যে আজকে পাবলিসিটি ম্যাটিরিয়েলসকে বিচ্ছিন্ন করে দেখার কোন কারণ নাই। এটা চলবে। আমেরিকার দিকে তাকিয়ে দেখুন। আজকে আমেরিকা অনেকের কাছে চূড়ামণি, ২৭।২৮ তলাবাড়ীর নীচে নিগ্রোরা রয়েছে, সেই আমেরিকার টিন এজের ছেলেমেয়েরা ফিল্ম দেখে বা এই বই পড়ে রেপ্ কেসের আসামী হয়, সেই আমেরিকার ১৪ বছরের ছেলেরা ভাইওলেন্স গ্রহণ নেশায় বুঁদ হয়ে থাকে, হত্যাকাণ্ডে তারা উল্লাস করে এবং তাকে তারা পৈচাশিক আনন্দ বলে মনে করে। আমেরিকার সেই কুৎসিৎ ফিল্মের মাধ্যমে আমাদের দেশেও এসেছে, অপসংস্কৃতির প্রভাব আমাদের দেশেও আসছে ফিল্মের মধ্য দিয়ে, কারণ ফিল্ম হচ্ছে সব থেকে জনপ্রিয় মাধ্যম।

যে লেখাপড়া জানেনা সেও ফিল্ম দেখতে পারে, সেও বোঝে। গ্রামে গ্রামে শ্রমিক বস্তি-গুলোতে দূর্গাপুর থেকে আরম্ভ করে ইণ্ডাস্‌ট্রিয়াল টাউন পর্য্যন্ত সর্বত্র এই ফিল্ম্ ছড়িয়ে পড়ছে। এই আমেরিকা মার্কা ফিল্ম যা আসছে বোম্বে থেকে কলকাতায় এবং কলকাতায় যা তৈরী হচ্ছে সব চারিদিকে ছড়িয়ে পড়ছে, এটা মনে রাখা দরকার এবং পাব্লিসিটি মিডিয়া যেখান থেকে তৈরী হচ্ছে। পাব্লিসিটি মিডিয়া—আজকে আমাদের ছেলেরা পড়ছে একদিকে খাদ্যের জন্য, একটু কেরোসিনের জন্য, গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য, আবার অন্যদিকে তার মাঝখানে সুকৌশলে চেষ্টা হচ্ছে এই সমস্ত ফিল্ম তৈরী করে এই সমস্ত নোংরা সাহিত্য সৃষ্টি করে ছেলেদের মনকে বিষিয়ে পচিয়ে দেবার চেষ্টা চলেছে। এই দুটো ঘটনা পাশাপাশি রয়েছে একটা সংস্কৃতি ভাঙনের যুগ যেমন রয়েছে, আবার দরিদ্র-মানুষেরা কিকরে সংস্কৃতি গড়ে তোলা যায় তারও চেষ্টা করছে। এটা আজকে ভালকরে মনে রাখা দরকার। এর বিরুদ্ধে আমাদের সর্বাত্মক একটা লড়াই করতে হবে—সেখানে কংগ্রেস কম্যুনিষ্ট বলে কোন দলের কথা নাই, একটা জাতিকে মাথা তুলে বাঁচতে গেলে, একটা ভবিষ্যৎকে বাঁচাতে গেলে, তরুণদের বাঁচাতে গেলে, আমরা বিপ্লবের কথা বলি, সেই বিপ্লবের উপাদান আমাদের তৈরী করতে হবে তরুণ ও যুব-শক্তির মধ্য থেকে। সেদিক থেকে তাদের মনটাকে তৈরী রাখতে হবে তাদের বলতে হবে কোনটা সৎ, কোন্‌টা ভাল, কোন্‌টা প্রগতিশীল, তাদের বলতে হবে কোন্‌টা মানুষকে বিচ্ছিন্ন করেনা অপরের কাছ থেকে; কোনটা মানুষের রুচিকে বিকৃত করে দেয় না, কোন্‌টা মানুষের সংগ্রামে প্রেরণা জোগায়। এই গোটা দায়িত্ব তাঁদের আছে। যাঁরা সংস্কৃতির ক্ষেত্রে প্রেরণা জোগায় না যাঁরা শিল্পের ক্ষেত্রে কলাকৈবল্যবাদের কথা বলেন—ন্যাচারালিজ'র কথা বলেন, তাঁরা

হচ্ছেন শোষিত মানুষের শত্রু--কালচার ইজ অলওয়েজ কমিটেড--সেই কালচার কমিটেড হয় শোষিত মানুষের বিপক্ষে অথবা শোষিত মানুষের পক্ষে। আমরা একথা মনে করি--এই দিক থেকে আমাদের কালচার মুভমেন্ট করতে হবে। ফিলিম সেনসর করবার ক্ষমতা আমাদের নেই, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের নেই। ইস্টার্ন রিজিওন এ অথবা কেন্দ্রে সেখানে সেনসর বোর্ডে কারা কারা আছেন জানি না। তবে খোসলা কমিটী তাঁরা বসিয়েছিলেন, তার রিপোর্টও বেরিয়েছে। সেই সম্পর্কে একটা কথা মন্ত্রী মহাশয়কে বলি--অবশ্য সেকথা বলবার আমার অধিকার আছে, আমি এই কথা বলি--আমাদের মত অধ্যাপক ও বড় বড় ইনটেলেকচুয়ালদের আপনি এই কমিটীতে বিশেষ নেবেন না--যে কথা শাম মহম্মদ সাহেবও বললেন। কারণ ইনটেলেকচুয়ালরা এলেই তাঁরা শ্লীলতা-অশ্লীলতা কোথায় আছে বা নাই তাই নিয়ে সূক্ষ্ম তর্ক তুলবেন। দেশ পত্রিকা গোষ্ঠি যে সব লেখা বের করে, অনেক বড় বড় ইনটেলেকচুয়াল সেখানে রয়েছেন। তারা শত বাবুর মত ঘোষণা করে করে বলে বেড়ায় যে এই সমস্ত লেখা খুব ভাল। শ্লীলতা ও অশ্লীলতার মাপকাঠি কি, তা নিয়ে সাহিত্যে অনেক বেশী মতবিরোধ আছে। তাই আমি আমার এ্যামেন্ডমেন্ট এ বলেছি আমাদের বাংলাদেশের একজন গৃহবধূ যিনি সৎ ও কৌলীন গৃহকর্ম ও আচার আচরণে অভ্যস্ত অথচ যার মনে সংস্কৃতির ক্ষুধা আছে, এমন কোন গৃহ-বধূকে আপনি আনবেন এই কমিটীর মধ্যে, তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গী থেকে তিনি বিচার করে দেখবেন কোনটা শ্লীল, আর কোনটা অশ্লীল। আর সোসাল ওয়ার্কারদের আপনি কমিটীতে রাখুন, এডুকেশানিষ্ট রাখুন এটা আমি চাই। আজকে পাবলিসিটি মিডিয়ার দৃষ্টিভঙ্গীটা কী? সেই সমাজের আদিমতম দৃষ্টিভঙ্গী নারীদেহকে বিজ্ঞাপনে ব্যবহার করা। এর বিরুদ্ধে বাংলাদেশের নারীরা আলাদাভাবে কোন নারী আন্দোলন তেমন ভাবে গড়ে তুলতে পারেননি। এটা যদি ইউরোপের কোন দেশ হতো, তাহলে তারা এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করতেন। এটা যদি সমাজতান্ত্রিক দুনিয়ার কোন দেশ হতো--তাহলে তারা এর প্রতিবাদ করতেন। এটা কি শুধু ফিলমে? তা নয়, বড় বড় ব্যবসায়ীরা নারীদেহকে বিজ্ঞাপনের কাজে লাগাচ্ছেন। স্নো-পাউডার ইত্যাদি বিলাসদ্রব্যে যে এ্যাডভারটাইজমেন্ট হয়, তা চোখে দেখা যায় না। বাংলাদেশের মহিলারা এর বিরুদ্ধে নিশ্চয়ই প্রতিবাদ করবেন--যেমন আজকে তরুণমন্ত্রী করছেন। ভাল কথা। কিন্তু এর পেছনে দৃষ্টিভঙ্গীটা কী? সেই আদিকালের দৃষ্টিভঙ্গী। মানুষ যখন অসভ্য ছিল, যখন মানুষ চিন্তা করতে পারতো না, চিরকাল নারীকে পণ্য বলে মনে করতো, সেই সময়ের দৃষ্টিভঙ্গী আজও রয়েছে। যদিও আজ তার পোষাক বদলে গেছে। বড় বড় ব্যবসায়ীরা এই সব করছেন। আমি এইখানে এক শ্রেণীর সংবাদ-পত্রের ভূমিকার কথা বলি যারা টাকার জন্য এই সমস্ত এ্যাডভারটাইজমেন্ট ছাপায়। সেই জন্য ফিলম ও থিয়েটারে গুলি চলে। আমার বন্ধু অসমঞ্জবাবু বলেছেন কোন কোন নাটকের কথা যেমন বারবধূ ও অন্যান্য নাটকের কথা বলেছেন যেগুলি চলছে নারীদেহ দর্শনে যদি আপত্তি না থাকে, তাহলে অমুক জায়গায় চলে আসুন--এই সব কলকাতায় চলছে। আমি মন্ত্রীকে বলি শুধু ফিলমে নয়--এর সঙ্গে থিয়েটার, এর সঙ্গে প্রফেসনাল যাত্রাও আছে। বিশেষ করে বড় বড় ব্যবসায়ীদের যে এ্যাডভারটাইজমেন্টগুলো রয়েছে তা কলকাতার রাস্তায় ঘুরলে ফিরলে দেখা যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সেটা শুনেছেন কিনা জানিনা, আমি আপনাকে বলি আমার মেয়ের ১৪ বছর বয়স। রেডিওতে বিবিধ-ভারতীর অনুষ্ঠান হয়, আমি গভর্ণমেন্টকে এ্যাকিউজ করছি আমি একদিন বাড়ীতে ছিলাম--সেই সময় আমি বিবিধ-ভারতীর অনুষ্ঠান শুনি, সরকার ফ্যামিলি প্ল্যানিং-এর প্রোগ্রাম নিয়েছেন--খুব ভাল কথা। দেশের মানুষের কাছে বলতে হবে, তার উপযুক্ত মেশিনারীও আছে; বয়স্ক মানুষের কাছে যাওয়ার উপায়ও আছে। কিন্তু আমার মেয়ে স্কুল থেকে বাড়ী ফিরে এসে বিবিধ-ভারতীর প্রোগ্রাম শুনছে আমি তখন বাড়ীতে ছিলাম--তা শুনে কানে আঙুল দিতে হয়। একটা চিটেন্ড ডিমোনেস্ট্রেসান হচ্ছে এই বিবিধ-ভারতীর মধ্য দিয়ে। রেডিও শিশু, বাচ্চা ও এডোলেসসেন্টদের শোনার বাধা নাই। কিন্তু এইভাবে তো চলছে। এমন কি সরকারের প্রচারের মাধ্যমে তথাকথিত জনকল্যাণমূলক কাজ করার মাধ্যমেও এরকমভাবে প্রচার চলছে। চিরকাল এটা মনে রাখতে হবে--এই নারীদেহের প্রতি একটা সোসাল এ্যাপটিচিউড আছে--আমরা

ভারতবর্ষের মানুষ যে কোন অবস্থাতেই থাকি না কেন—সে সমাজতন্ত্র হোক বা ধনতন্ত্র হোক যে সিস্টেমের মধ্যেই থাকি ঊনিশ শতকে হোক বা বিংশ শতকেই হোক—আমরা নারীকে চিরকাল সম্মান দিয়েছি।

[4-55—5-05 p.m.]

এটা করুন নারী দেহকে নিয়ে বিজ্ঞাপন করবে না। নাটকে সিনেমায় ভালোবাসা থাকবে প্রেমের কথা থাকবে তা প্রদর্শিত হবে, কিন্তু সেখানে নারী দেহকে বিজ্ঞাপনের পণ্য করে পুরুষের আদিমতম মনোবৃত্তি তাকে উত্তেজিত করে ব্যবসায়ীর কাজ হাসিল করতে দেওয়া বা টিকিট সবচেয়ে বেশী বিক্রী করানো ফিল্মের দিকে লোককে আকৃষ্ট করার চেষ্টা যা রয়েছে তা চিরকালের মত বন্ধ করতে হবে। মহিলা সমিতি এর বিরুদ্ধে লড়ছেন, নিশ্চয়ই তারা এ নিয়ে আন্দোলন করবেন। আমি বলবো সরকারকে এ ব্যাপারে কঠোর হতে হবে। আর একটা কথা বিশেষ ভাবে বলি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অভিজ্ঞতা আছে, অভিজ্ঞতা হচ্ছে এই যে গভর্ণমেন্ট যদি কোন ভাল কাজ করতেও চান বা আইন করেন সে আইনের ইমপ্লিমেনটেশান সেটা হয় এরূপ একটা যন্ত্রের হাতে যে যন্ত্র কোন কাজ করতে পারেনা। আমি এই কথা বলি না যে সমস্ত আমলাই খারাপ। আমলাদের মধ্যেও লেখাপড়া জানা লোক আছে, সৎ শুভ বুদ্ধি সম্পন্ন মানুষ আছে। আমি আমাদের দেশের মালিকদের কথা বলবো, তাদের যে কালো টাকা তার যে ইমপ্লিমেনটেসান—তা দুষিত ও বিকৃত করার যে প্রচণ্ড ক্ষমতা আছে তাকে প্রতিরোধ করবার ক্ষমতা অনেকের থাকেনা। এতে আমরা দেখছি যে তাদের কিনে নিতে পারে। যে সমস্ত ফিল্ম সেনসার হয়ে আসে ভারতীয় ফিল্ম যা সেনসার হয়ে আসে তাতেও আমরা কিছু কিছু দেখেছি, এবং বাইরে থেকে যে সমস্ত ফিল্ম আসে না বিভিন্ন সিনেমায় দেখানো হয় তা অনেকেই দেখেছেন। যারা সেখানে সিনেমা দেখছেন তারা বলছেন যে সেকসের ক্ষেত্রে বাধা নিষেধ থাকা উচিত নয়। এতো বাইরের কথা, কিন্তু আমাদের বাংলাদেশেও এই সব ফিল্ম দেখানো হয় মেট্রোতে এবং বিভিন্ন জায়গায়। সেখানে এই যে সম্মতি তাতো সেনসার বোর্ডের হাত দিয়ে পাশ হয়ে আসে। সুতরাং খানিকটা পরিমাণে এই মন্ত্রী সভাও বটে এই সম্পর্কে দায়ী। সরকারী অফিসারদের নিয়ে এবং বেসরকারী ভাল ভাল লোকেদের নিয়ে যাদের সহজে ইনফ্লুয়েন্স করতে পারবে না এইরূপ লোকেদের নিয়ে সেনসার বোর্ড তৈরী করবার চেষ্টা করুন। তাহলে কিছুটা পরিমাণে এটা কার্যকরী করা যাবে। আমি মন্ত্রীমহাশয়কে বলবো ফিল্ম সেনসারশীপ এণ্ড পাবলিসিটি মেটিরিয়াল—এইযে বিল এনেছেন এটাতে ফিল্মকে সেনসার করবেন। কিন্তু বড় বড় ব্যবসায়ীদের সেনসার করবেন কি করে? টাকা দিয়ে তারা সব কিছু করবেন। টাকায় তাঁরা বিকিয়ে দেবে এ নগ্ন নারীর দেহ নিয়ে যা হচ্ছে। আপনি পাবলিসিটি মেটিরিয়ালসে এর কি করে তার প্রতিরোধ করবেন? কতকগুলি স্নো পাউডার বড় বড় কোম্পানী—ছোট নয় কারণ ছোট কোম্পানীর এ্যাডভার্টাইসমেন্ট করবার ক্ষমতা নেই তারা এই সমস্ত দেবে। চৌরঙ্গীর উপর মেয়েদের জামা কাপড় বিক্রি করা হয়, সেই বিক্রির জন্য কুৎসিত ছবি সেটাকে বাধা দেবেন কি করে? এ গুলি একটা ম্যানার্স ধরণ ধারণ আচরণের মধ্য দিয়ে ছেলে মেয়েদের তৈরী করা। কাকে আজকে দোষ দেবো? আজকে আমরা দেখতে পাচ্ছি যে এর পিছনে কাজ করছে টাকা। এর পিছনে কাজ করছে মুনাফা প্রবৃত্তি। এবং এই মুনাফা লোভ এটাকে বন্ধ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিশেষে এই কথা বলবো যে বেশী বক্তৃতা করে লাভ নেই। যতদিন সমাজে ধনবৈষম্য থাকবে যতদিন একদল লোকের হাতে টাকা থাকবে এবং বিকৃত আনন্দ উপভোগ করবার ক্ষমতা থাকবে ততদিন ক্যাবারেট-এ শংকর ঘোষ মহাশয় ট্যাক্স নিলেও টিকিট কেটে যাবে, সেখানে তারা যাবেই। যতদিন উৎকট কুৎসিত আনন্দ ভোগ করবার ইচ্ছা থাকবে। কলকাতা মহানগরী সমস্ত গ্রাম বাংলাকে শোষণ করে ঐ সমস্ত লোকের হাতে যতদিন লক্ষ লক্ষ টাকা থাকবে ততদিন তারা বিকৃত রুচির উপাদান তারা তা থেকে সংগ্রহ করে নেবেই। সুতরাং এটা একটা গভর্ণমেন্টের কাজ নয়, এটা একটা এ্যাটিচুড বা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন। একটা সোশাল সিসটেম সুপারস্ট্রাকচারকে নতুন সোশাল সিসটেমে তৈরী করবার আন্দোলনের যে পথ একটা অংশ মাত্র এই দৃষ্টিভঙ্গী দিয়ে তা না যদি দেখতে পারি

তাহলে কোন কাজ করতে পারবো না। এই কথা বলে মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানিয়ে এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Gautam Chakrovartty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী যে বিল হাউসের সামনে এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থণ করছি। প্রথমেই একটি কথা বলে রাখা দরকার পশ্চিমী রাষ্ট্রগুলিতে যাকে সভ্যতা বলা হয়, আমাদের ভারতবর্ষে সেটাকে সভ্যতা বলা হয় না। পশ্চিমী রাষ্ট্রে মিনি স্কার্ট পরা সভ্যতা, সুইমিং কসটিউম পরে প্রকাশ্য স্থানে ঘুরে বেড়ানো সভ্যতা, আমাদের ভারতবর্ষে যে সমস্ত নারী আছেন তাদের কিন্তু পা দেখা একটা অসভ্যতা। আমরা ভারতবর্ষের মানুষ, পশ্চিমরাষ্ট্রগুলির সভ্যতা আমাদের এখানে কখনই আসবে না। আমি এই পরিপ্রেক্ষিতে একটি মাত্র বক্তব্য রাখতে চাই আজকে পশ্চিমী রাষ্ট্র বিজ্ঞানে যতই এগিয়ে যাক না কেন, ভারতবর্ষের কৃষ্টি, সংস্কৃতি, ধর্ম সম্পূর্ণ আলাদা, ভিন্ন এবং এর ফলে আজকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমী রাষ্ট্রগুলির বহু মানুষ আমাদের ভারতবর্ষে এসে এখানকার সংস্কৃতি, ধর্ম ইত্যাদি সমস্ত কিছুকে তুলে ধরার চেষ্টা করছেন এবং নিজেদের জীবনের সাথে একাত্ম করার চেষ্টা করছেন। তাই আমি মনে করি যে আমাদের এই প্রাচীন সংস্কৃতিকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে আজকে যে সমস্ত অশ্লীল চিত্রের কথা বলছি, যে সমস্ত অশ্লীল চিত্র ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি তা অবিলম্বে স্তব্ধ করা উচিত, বন্ধ করা উচিত। এই পরিপ্রেক্ষিতে একটি কথা বলতে চাই আজ থেকে ১৪ বছর আগে আমাদের মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় এই রকম একটা আইন পাশ করেছিলেন, ১৪ বছর পরে আজকে সেই আইন কিন্তু ঠিকমত কাজ করেনি। আজকে মাননীয় সুব্রত মুখার্জী মন্ত্রী মহোদয় যে বিল এনেছেন আমি মনে করি, ডাঃ রায় যে আশা নিয়ে এই বিলটিকে এনেছিলেন অথচ স্বার্থক করতে পারেন নি, বিরাট আশা নিয়ে তিনি এটা এনেছেন, আগামী দিনে তাকে কিন্তু আমরা স্বার্থক করতে পারবো না। আমার কেন এই ধারণা হয়েছে সেটা প্রথমেই বলে রাখি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলুন তো—বলে দেওয়া হল অমুক আনসেনসার্ড কোন ছবির কোথাও যদি পোষ্টার দেওয়া হয় তাহলে ফাইন দিতে হবে। অদ্ভুৎ কথা—আমি এমন একটা নগ্ন চিত্র প্রচার করে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা ইনকাম করতে পারি, অথচ তার শাস্তি কিনা শুধু টাকার ফাইন—আজকে মাননীয় মন্ত্রী মহোদয় এই কথা কেন বললেন না যে যদি কেউ এই রকম অশ্লীল চিত্র প্রচার করেন তাহলে তাকে সংগে সংগে এ্যারেষ্ট করা হবে এবং এই অফেন্স কগনিজিবেল অফেন্স হবে এবং সেটা নন-বেলেবেল কেস হবে। আমি কোন অন্যায় করলাম তার জন্য সংগে সংগে নন-বেলেবেল কেস অথবা আমাকে বেল দিয়ে দেওয়া হল, তারপরে যখন আসলাম তখন অন্যভাবে টাকা খরচ করে আইনের ফাঁক দিয়ে বেরিয়ে এলাম। শুধুমাত্র টাকার ফাইন নয়, পানিশমেণ্ট ইমপ্রিজনমেণ্ট হোক, কারাদণ্ড তাকে ভোগ করতে হবে, এই রকম একটা আইন আনা উচিত। এখানে বারবধূ ইত্যাদি বিভিন্ন থিয়েটারের কথা বলা হয়েছে। সংস্কৃতির নাম করে আমাদের কি সব দেখানো হচ্ছে—স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে সমস্ত লোক এই সব থিয়েটার চালান তারা বিভিন্নভাবে আমাদের এই আইনকে, আমাদের এই বক্তব্যকে ভেঙ্গে চুরমার করে দেবার চেষ্টা করছেন। কিছুদিন আগে আমাদের জনৈক মন্ত্রী, জনৈক এম, এল, এ, কোন একটি থিয়েটার দেখতে গিয়েছিলেন। সেখানে তাদের একটি সুন্দর ছবি নেওয়া হয়। এই সমস্ত থিয়েটার যারা পরিবেশন করেন তাদের একজন ভদ্রলোক আমাদের বললেন আরে মশাই আপনারা লম্বা বিধানসভায় অনেক বক্তব্য রাখেন, আমাদের কাছে সেই ছবি আছে যে ছবিতে একজন মন্ত্রী, একজন এম,এল,এ আছেন—জানানো হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কি ভাববেন এতবড় কথা বলেন? এই সমস্ত কথা যারা বলেন তাদের শুধু মাত্র টাকার ফাইন হবে আমি বিশ্বাস করি না, তাদের পানিশমেণ্ট হিসাবে কারাদন্ড হওয়া উচিত আগামীদিনে ভারতবর্ষের সংস্কৃতিকে যারা ভেঙ্গে দেবার চক্রান্ত করছেন, ভেঙ্গে দেবা চেষ্টা যারা করছেন, তারা শুধুমাত্র টাকা দিয়ে পার পেয়ে যাবে এ আমি বিশ্বাস করি না তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব কারাদন্ড যাতে ভোগ করতে হয় এই

রকম একটা বিল নিয়ে আসুন এবং যে সমস্ত লোক এই সমস্ত অশ্লীল থিয়েটার আমাদের কাছে পরিবেশন করছেন এবং এতবড় গাটস রাখেন মন্ত্রীর নাম, এম.এল.এ'র নাম করার সেই সমস্ত লোকদের কারা দন্ডে দন্ডিত করা হোক--এই দাবী রেখে বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05-- 5-15 p.m.]

Shri Pradyot Kumar Mahanti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের তথ্য ও জনসংযোগ বিভাগের রাষ্ট্র মন্ত্রী আজকে যে ওয়েস্ট বেঙ্গল (কমপালসারী সেনসারসিপ অব ফিল্‌ম পাবলিসিটি মেটিরিয়ালস) বিলটি এনেছেন সেই বিলকে আমি অভিনন্দন জানাচ্ছি। এবং আপনার মাধ্যমে মন্ত্রী সভাকেও অভিনন্দন জানাই এই জন্য যে আমি খোঁজ নেবার চেষ্টা করেছিলাম যে সারা ভারতবর্ষের অন্য কোন প্রদেশে এই রকম কোন চেষ্টা এর পূর্বে হয়েছে কিনা। আমি যতদূর খবর জানি তাতে পশ্চিমবঙ্গের বিধানসভায় এই প্রথম পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার তরফ থেকে এই রকম একটা বিল সারা ভারতবর্ষের পথ প্রদর্শক হিসাবে আনলেন এবং সেই জন্যই আমি অভিনন্দন জানাচ্ছি। স্যার, আপনি জানেন যে আজকে সারা পৃথিবীতে এই প্রশ্ন যে পাশ্চাত্য সভ্যতা ভাল না, প্রাচ্য সভ্যতা ভাল--কিংবা প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতা বাদে অন্য কোন সভ্যতা ভাল। আমি এর কোন রিলেটিভ টার্ম পেলাম না এবং সেই প্রশ্ন নিয়ে পরামর্শ করবার বা আলোচনায় অংশ গ্রহণ করবার অধিকার আমার নেই এবং সে ক্ষমতাও আমার নেই। তবে একথা সর্বজনস্বীকৃত যে আজকে সারা ভারতবর্ষের শুধু পশ্চিমবঙ্গের নয়, যে শিক্ষা যে দর্শন যে সভ্যতা তাতে একটা বিরাট আঘাত বিরাট আলোড়ন এসেছে। একথা সর্বজনস্বীকৃত যে আজকে ভারতবর্ষের শিক্ষা--দীক্ষা সংস্কৃতি অবক্ষয়ের পথে। সেই অবক্ষয় রোধ করবার নিশ্চয় প্রয়োজন আছে। কারণ আজকে ভারতবর্ষের শতকরা ৭০ ভাগ লোক নিরক্ষর। সেখানে এই রকম সিনেমা রেডিও যেটা শিক্ষার একটা বিরাট মাধ্যম হিসাবে ব্যবহৃত হয় সেখানে এই রকম একটা প্রচেষ্টা হচ্ছে সেটা খুবই ভাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে এই বিল যদি এই বিধানসভায় পাশ হয়ে যায় তাহলে যে উদ্দেশ্যে যে অবক্ষয় রোধ করবার জন্য যে নৈতিক বিকাশের জন্য মন্ত্রী মহাশয় তথা সরকার এই বিল এনেছেন তা সাধিত হবে না। এ শুধু আমার নয়, কমিউনিস্টপার্টির সদস্য বিশ্বনাথবাবুও তা বললেন, গৌতম চক্রবর্তী মহাশয় ও বিভিন্ন সদস্য সেই একই কথা বললেন। এই বিলের দ্বারা সরকার যে উদ্দেশ্য সাধন করতে চান সে উদ্দেশ্য কি সাধিত হবে? স্যার, আপনি জানেন ডাঃ বিধান চন্দ্র রায় চেষ্টা করেছিলেন--কিন্তু সেই সময় একটা কমপ্রিহেনসিভ বিল আসে নি--সেখানে শুধু মাত্র ফিল্‌ম ছিল আর কোন কথা ছিল না। আজকে পশ্চিম-বঙ্গ সরকারের উচিত সেই উদ্দেশ্য সাধিত করতে গেলে একটা কমপ্রিহেনসিভ বিল যার দ্বারা চলৎচিত্র শুধু নয়, সর্বোপরি যে অশ্লীল পুস্তক বিভিন্ন ছবি ইত্যাদি আমরা এখানে সেখানে দেখতে পাই সেগুলি রোধ করার ব্যবস্থা রোধ করতে পারি তার ব্যবস্থা করা দরকার। স্যার আপনি অধ্যক্ষ হবার পূর্বে বিভিন্ন জায়গা ঘুরেছেন, অধ্যক্ষ হবার পর হয়তো সে সুযোগ আপনার ঘটে নি--আপনি জানেন আপনার অভিজ্ঞতা আছে যে ঐ হাওড়া কিংবা শিয়ালদা স্টেশনের ঢুকবার মুখে রাস্তাগুলিতে কি রকম ঐ সমস্ত অশ্লীল পুস্তক বিক্রি হচ্ছে। এমন তার ভীড় অনেক সময় স্টেশনের ভিতর পর্যন্ত যেতে পারা যায় না। সেখানে শুধু যুবক নয়, মাথার চুল পেকে গেছে অনেক বৃদ্ধ সেই সমস্ত পুস্তক কিনছে। এই জিনিস রোধ করতে গেলে এই আইন দ্বারা তা হবে না। আমার নিজের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে ঐ সমস্ত স্টেশন এ্যাপ্রোচের কাছে যেসব হুইলার স্টল আছে সেখানে টিন ইয়ার নিয়ে লোক সব ঐ সমস্ত বই বা অশ্লীল ছবি দেখছে। আমি গত দু বছর এই বিধানসভায় এসেছি। তার মধ্যে আমি মাত্র একদিন থিয়েটার দেখতে গিয়েছিলাম। আমি তখন চিনতাম না পরে অবশ্য আলাপ হোল আমার পাশে একজন সরকারী ঊর্ধতন অফিসারও বসেছিলেন। শো দেখছি--হলে তেমন বেশ লোক নেই। হটাৎ স্টেজে

দেখলাম এক মহিলার নৃত্য আরম্ভ হোল তখন চারিদিকে হাততালি পড়ে গেল—একেবারে হল ভর্তি হয়ে গেল চারিদিকে বিভিন্ন আওয়াজ—এই সব আরম্ভ হয়ে গেল। আর নগ্ন নৃত্য আরম্ভ হয়ে গেল। আমি জিজ্ঞাসা করলাম সেই সরকারী কর্মচারীকে আপনি কে মশাই তিনি মধ্যবয়সী, তিনি বললেন, আমি পশ্চিমবঙ্গ সরকারের অমুক ডিপার্টমেন্টে কাজ করি। না, এটা কি হল? না, কাকে বলছেন, কেন বলছেন। আমি আলোচনা করেছিলাম এই হাউসের যিনি মালিক তাঁর সংগে। তিনি বলেছেন, শুধু যদি বিমল মিত্রের আসামী হাজির বইটা দেখাই তাহলে হলের খরচা পোষাবে না। এই রকম দু একটা নাচ রেখেছি বলেই যারা বাইরে বসে ছিল তারা তখনই টিকিট কেটে তখনই ঢুকে পড়লো। এই সমস্ত সিনেমা, এই সমস্ত থিয়েটার, এই সমস্ত অশ্লীল পুস্তক কি করে মন্ত্রী মহাশয় বন্ধ করবেন সেইজন্য এই বিল এনেছেন। এটা ঠিক একদম না করার থেকে ওয়ান স্টেপ ফরওয়ার্ড ইনডেটার নিশ্চয় অভিনন্দনযোগ্য সে একটা পদক্ষেপ তিনি নিয়েছেন। নিশ্চয় এই আইন পাশ করা উচিত, সমর্থন করা উচিত এবং সমর্থন জানাচ্ছি এবং তার সংগে সংগে অনুরোধ করছি এই সমস্ত জিনিষগুলো যাতে বন্ধ করা যায় তারজন্য রুলস তৈরী করতে হক বা অর্ডিন্যান্স তৈরী করতে হক বা নূতন করে কোন আইন তৈরী করতে হোক তারজন্য ব্যবস্থা করুন। মন্ত্রী মহাশয়কে আর একটা কথা বলেই বক্তব্য শেষ করবো। বিধান চন্দ্র রায় শুধু করেন নি, ভারতবর্ষের সমস্ত ফিল্মকে সেন্সর করবার জন্যও বোর্ড গঠিত হয়েছিল। তা সত্ত্বেও অধ্যক্ষ মহাশয় জানেন মাননীয় অধ্যাপক বক্তৃতা করে বলছিলেন যে এই সমস্ত অশ্লীল ফিল্ম ভারতবর্ষের সিনেমা হাউসে দেখানো হচ্ছে। কোথায় গলদ মাননীয় অধ্যক্ষ মহাশয় সার্থক জানেন। ফিল্ম সেনসার, বোর্ডে মেম্বার সিলেকসানে ত্রুটি-বিচ্যুতি থাকার জন্য ঠিক সিলেকসান না হওয়ার জন্য আজকে অশ্লীল পিকচার সমস্ত বেরোচ্ছে। অতএব এই বিল আনা হয়েছে। আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে করজোড়ে আবেদন করবো যে সমস্ত লোককে বোর্ডের মেম্বার করা হবে তার মধ্যে কোন কেরানীটিকি, কোন রকম থাম খেয়ালী জিনিষ না থাকে, প্রকৃত জ্ঞানী-গুনী ব্যক্তিকে যেন করা হয়। কোনটা অশ্লীল, কোনটা গ্রাহ্য, কোনটা শালীন, কোনটা অশালীন—তা নিয়ে তর্ক থাকতে পারে। কিন্তু পশ্চিমবঙ্গে যিনি এই সমস্ত নৈতিক অধঃপতনকে বন্ধ করতে চান, যিনি চান পশ্চিমবাংলার যুবক-যুবতী, পশ্চিমবঙ্গের মেরুদণ্ড যে যুবসমাজ তাকে উন্নত করতে এবং সংগে সংগে পশ্চিমবঙ্গে নৈতিক আদর্শকে উদ্বুদ্ধ করতে তাঁর দেখা উচিত এমন সব লোক যাতে এই সেন্সার বোর্ডে থাকেন যারা এই সমস্ত তর্কের অবকাশ না রেখে ভারতবর্ষের আদর্শ, ভারতবর্ষের শিক্ষা, সাহিত্য, সংস্কৃতির কথা লক্ষ্য রেখে এই বাক্যে যেটাকে তাঁরা অশালীন মনে করবেন কোন রকম তোয়াক্কা না করে সরকারী বা বেসরকারী এই সমস্ত জিনিষ বন্ধ করবেন এবং যা শাস্তি আছে তা কঠোরভাবে প্রয়োগ করবেন। এই রকম সদস্য যেন নিয়োগ করেন। এই অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Tuhin Kumar Samanta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তথ্য বিভাগের রাষ্ট্রমন্ত্রী যে বিল রেখেছেন সে বিলকে আমি অত্যন্ত হার্দিকভাবে অভিনন্দন জানাচ্ছি। তার মত একজন যুবক সময় উপযোগী কাজ করেছেন। আমি দৃষ্টিভঙ্গীর তফাত নিয়ে বলতে চাই না, সংস্কৃতি বা অপ-সংস্কৃতির কথা নিশ্চয়ই বলতে চাই। একদিন ছিল, ৫০ বছর আগে বাড়ীর ননদিনী বা বউঠাকুরানী শরতচন্দ্রের বই হয়তো লুকিয়ে পড়তেন বা বঙ্কিমচন্দ্রের কোন ফিকসান বা উপন্যাস লুকিয়ে পড়তেন। আমি সে যুগের কথা টেনে বলতে চাই না, আমি শুধু বলতে চাই, আজকে অর্থ কৌলিণ্যের রজত শুভ্র চাকায় একশ্রেনীর ব্যবসায়ী যেখানে চিত্র জগতকে নিয়ে একটা অর্থ শোষনের লালসায় মেতে উঠেছে আজকে তার বিরুদ্ধে সোচ্চার হওয়ার প্রয়োজন আছে, তার বিরুদ্ধে জেহাদ ঘোষণার প্রয়োজন আছে। যুব সমাজের পক্ষ থেকে আমরা মাঠে-ময়দানে অপসংস্কৃতির বিরুদ্ধে কথা বলি, আমরা বলি আজকে সমাজ জীবনকে এই সব অশুভ ইংগিত যুব চরিত্রকে কুঁকড়ে কুঁকড়ে খাচ্ছে—এর বিরুদ্ধে জেহাদ করার প্রয়োজন আছে, এর প্রতিকার করার প্রয়োজন আছে।

[5-15—5-25 p.m.]

আমি বুঝতে পারি না মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে ফিল্‌ম জগতে আমরা একটা বেসিসকে গ্রহণ করতে পারি—সেই বেসিসটা এ্যাথিক্যাল বেসিস অর সেই বেসিসটা কমারসিয়াল বেসিস—আমরা যদি সর্বসাধারনের তরফ থেকে একটা প্রশ্ন তুলে ধরি তাহলে দেখতে পাব শিল্প জগতের নৈতিক মান—সেইজন্যই শিল্প জগত এবং নৈতিকতাকে গ্রহণ করার জন্য মানুষ। শিল্পের উপর বিশেষ করে চিত্র শিল্পের উপর জোর দেওয়া হয়। চিত্র শিল্প আজকে কিন্তু ঠিক এই জিনিষ নয়। পোষ্টারের মধ্যে দিয়ে বা সিনেমা জগতে অশ্লীল অঙ্গভঙ্গী প্রদর্শনের মধ্যে দিয়ে ব্যবসায়ীক ভিত্তিতে পয়সা লোটবার যে চেষ্টা তা আজকে প্রতিহত করার প্রয়োজন আছে। স্যার, অবাক লাগে যখন দেখি স্কুল কলেজের ছেলেরা আজকে সেই সমস্ত চিত্র দেখে বিপথের পথে যাচ্ছে, বিপথগামী হচ্ছে। আজকে যদি সমস্ত চিত্র শিল্প সম্পর্কে ভালভাবে পর্যালোচনা করে দেখি তাহলে দেখতে পাব শুধুমাত্র অশ্লীল পোষ্টারের মধ্যে দিয়ে নয় সিনেমার ভেতরেও প্রনলীলাক্রমে ছুরি, ছোরা মারার ও নানান অলৌকিক ঘটনা দেখানো হচ্ছে এবং সেগুলি সুকুমারমতি ছেলেদের কাছে গিয়ে পৌঁছে যাচ্ছে। ছুরি মারা, বোমা মারার ঘটনাই বলুন, রেল লাইন উঠিয়ে দেবার ঘটনাই বলুন সমস্ত জিনিষ নিমেষের মধ্যে ঘটে যাবার ঘটনা দেখানো হচ্ছে। আজকে ব্যবসায়ীক ভিত্তিতে সেই সমস্ত চিত্রগুলি পরিবেশিত করার ফলে একদিকে যেমন সমাজ জীবনের, নৈতিক চরিত্রের এবং সংস্কৃতির প্রচণ্ড ক্ষতি হচ্ছে অন্যদিকে তেমনি শোষণের পাহাড় জমে উঠছে। স্যার, আজকে এই পরিস্থিতিতে একটা কথা বলতে পারি যে, বিজ্ঞাপন নারী দেহ নিয়ে তৈরি করার যে মনোবৃত্তি বা বাসনা তার বিরুদ্ধে আজকে আমাদের সোচ্চার হবার প্রয়োজন আছে। আজকে আইন করে বা নোটিশ করে দিয়ে সেনসার করে যদি আমরা নিশ্চিন্ত হবার চেষ্টা করি তাহলে কিন্তু আমরা ব্যর্থ হব। স্যার, এমন অনেক ছবি আছে যা হয়ত সর্বসাধারনের দেখার উপযোগী কিন্তু সেখানে একটা 'এ' লাগিয়ে দিয়ে বেশী বিক্রির জন্য প্রচার করা হয়। তাই স্যার, আমি আমাদের তরুণ রাষ্ট্রমন্ত্রীকে বলব, শুধুমাত্র পোষ্টার বা সিনেমা হাউসে যে সমস্ত ছবি দেখানো থাকে তার মধ্যে দিয়ে নয় সিনেমা জগত, উল্টোরথ ইত্যাদি যে সমস্ত পত্রিকা ব্যবসায়ীক ভিত্তিতে পরিচালনা করার চেষ্টা হয়ে থাকে সেগুলির প্রতিও আমাদের সতর্কতার দৃষ্টি দেবার প্রয়োজন আছে। হিন্দি সিনেমার কথা বিশ্বনাথবাবু বলেছেন কিন্তু আমি বলব অপসংস্কৃতির বিরুদ্ধে আমাদের সংগ্রাম, অপসংস্কৃতির বিরুদ্ধে আমাদের সংগ্রাম এবং সেই সংগ্রামের জন্য জনমত তৈরি করার প্রয়োজন আছে। সেই জনমত তৈরি করার জন্য আমি তরুণ রাষ্ট্রমন্ত্রীকে বলব, কড়া হাতে সরকারী প্রশাসনযন্ত্রকে নিয়ন্ত্রণ করতে হবে। কি পোষ্টারের ক্ষেত্রে, কি সিনেমার বই'এর ক্ষেত্রে, কি গোপন বই'এর ক্ষেত্রে যদি আপনি কঠোর হতে না পারেন তাহলে কিন্তু অপসংস্কৃতি রোধ করা যাবে না, এবং এরকম চক্রের গুপ্ত চাকায় এবং অর্থ কৌলিন্যে সেগুলি সমাজে চির প্রবাহিত হয়ে যাবে। তারা আধুনিক বা আলট্রা মডার্নের ভূমিকা নিয়ে সেগুলিকে চালিয়ে দেবার চেষ্টা হবে। তাই আজকে সমাজকে বাঁচানোর জন্য, জগতকে বাঁচানোর জন্য, সংস্কৃতিকে বাঁচানোর জন্য এই আইন আরো কঠোরভাবে প্রয়োগ করা উচিত। শুধুমাত্র বিলের মধ্যে দিয়ে নয়, সঠিক পদ্ধতির মধ্যে দিয়ে। একথা বলে তরুণ রাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে শেষ করছি। জয়হিন্দ্।

Shri Nirmal Krishna Sinha :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে দি ওয়েষ্ট বেঙ্গল (কনপালসারি সেনসারশিপ অফ ফিল্‌ম পাবলিসিটি মেটিরিয়ালস্) বিল, ১৯৭৪, আনা হয়েছে এটা আরো আগে আনলে ভাল হ'ত। যাই হোক বেটার লেট দ্যান নেভার। এটা খুব অভিনন্দনযোগ্য এবং আমি প্রথমেই এটা সমর্থন করছি। আমি বুঝতে পারলাম না যে ১০ বছর ধরে এর সম্বন্ধে নাকি বোর্ড হয়েছিল---ভলানটারি সেনসারশিপ। সেটা ১০ বছর পরে, এতদিনে তার ব্যর্থতা বুঝতে পারে—তার আগেও গভর্নমেন্ট ছিল, তারা কিছু করতে পারেনি কেন এটা আমি বুঝতে পারছি না। সিনেমায় আমি খুব কম যাই। ভাল বই হলে ৫।৭ বছরে একটা দেখতে যাই। কিন্তু দেওয়ালে যে সমস্ত ফিল্‌ম বিজ্ঞাপন দেখি সেগুলির দিকে তাকিয়ে দেখা

যায় না। এইসব বন্ধ করার জন্য এই যে ব্যাপক এবং গভীর এই আইনটা এনেছেন এটা নিরামিষ গোছের মনে হচ্ছে। আমার মনে হয়, সর্বাঙ্গে কুষ্ঠ হয়েছে তাতে একটু মলম লাগাবার ব্যবস্থা করেছেন। কাজেই এর জন্য আরো ব্যাপক এবং কঠোর শাস্তির ব্যবস্থা থাকা দরকার। নচেৎ এটা শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রে নয়, গোটা ভারতবর্ষের ক্ষেত্রে শুধু নয়, পৃথিবীর যেখানে যেখানে ধনতান্ত্রিক ব্যবস্থা আছে সেখানেই এইরকম অশ্লীল সাহিত্য, অশ্লীল শিল্পের নামে, এই সমস্ত অশ্লীল সিনেমার ব্যাপক প্রচার চলছে। আমি যখন প্রথম সবাকচিত্র দেখেছিলাম তখন সাধারনত ধর্মের ছবি দেখতাম। পরবর্তী-কালে এগুলি আরো বিকৃত হ'ল। অর্থাৎ মানুষের রুচির ক্ষুধার দরকার আছে। সমাজে সকলরকম লোক বাস করে। কেউ সিরাপ খায়, কেউ মদ খায়। সুতরাং কিছু কু-রুচিপূর্ণ লোক আছে, তাদের কু-রুচিপূর্ণ জিনিস না দিতে পারলে চলে না। দুঃখ হয়, আজকের দিনে যেটা আমরা কালচার বলে মনে করি, যাদের ধনী, শিক্ষিত বলে মনে করি এই অপসংস্কৃতি তাদের প্রথম অধিকার করে এবং সেই অপসংস্কৃতিকে ক্রমে ক্রমে মানুষ অনুকরণ করেন, যেভাবে ফ্যাসানকে অনুকরণ করে, সেইরকম তাদের কাছ থেকে এই রুচিভ্রষ্ট অপসংস্কৃতির প্রভাব ছড়িয়ে পড়েছে, সেটা বক্তৃতা করবার দরকার নেই। রাস্তা-ঘাটে আমাদের বাড়ীর ছেলেমেয়েদের পোষাক-পরিচ্ছদ, আচরণ, এগুলি যদি দেখি তাহলে দেখে মনে হবে যে সিনেমার কুফলের প্রকোপ থেকে আমাদের সন্তান-সন্ততির অবনতি ঘটেছে। বা ঘটতে চলেছে। আমি কিছুদিন আগে একটা জারনাল দেখছিলাম। এ্যামেরিকা-তে ২টি ছেলে ১৬।১৭ বছর বয়স তারা মারর্ডার করেছে। তাদের এনে জিজ্ঞাসা করা হয়েছিল যে, তোমরা কেন খুন করেছো? কি লাভ হয়েছে তোমাদের! কারণ তোমরা তো টাকা পয়সা পাওনি। তারা বলেছিল, "আমরা সিনেমাতে দেখেছি এইরকম খুনটুন হয়, অর্থাৎ ফর ফানস সেক এই খুন করে বসেছে। আমাদের দেশের দেখবেন যত চুরী, রাহাজানি হচ্ছে—দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে যে আমাদের ঘরের লেখাপড়া জানা, শিক্ষিত ছেলেরা এইদিকে ধাবিত হচ্ছে এবং সিনেমার এই সমস্ত কুফলতা তাদের খারাপ রাস্তায় নিয়ে যাচ্ছে, এটা আমরা লক্ষ্য করছি। অনেকে এটাও বলেছেন যে সিনেমায় শুধু নয়, সাহিত্যেও এটার প্রসার লাভ করেছে। অবশ্য ভাল সাহিত্য নিশ্চয়ই আছে। আমি কিছুদিন আগে সাপ্তাহিক পত্রিকার একটা প্রবন্ধ পড়ছিলাম। লেখকের নাম মনে নেই। তারা দেখাচ্ছেন গত দশকের মধ্যে আমাদের সাহিত্য কিভাবে সিনেমার দ্বারা প্রভাবিত হয়েছে। অনেক নাম করা লেখক, যারা প্রথম জীবনে ভাল ভাল সাহিত্যকাব্য লিখেছেন, তারা পরবর্তীকালে কিন্তু পয়সার দ্বারা প্রভাবিত হয়ে সিনেমার জন্য খারাপ খারাপ বই লিখতে বাধ্য হয়েছেন। এইরকমভাবে সাহিত্য জগতও ক্রমশঃ ক্রমশঃ সিনেমামুখী হয়ে আমাদের সেই সংস্কৃতির মূল লক্ষ্য থেকে বিচ্ছিন্ন হয়ে ঐ পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব এবং সেক্স এ্যাপিলিং বইয়ের দিকে চলে যাচ্ছে। এখন এই জিনিষের প্রভাবকে কি করে দূর করবেন? শুধু একটা আইন তৈরী করে কি করে হবে, এটা আমার ধারণায় আসছে না। এখন সিনেমা আমরা দেখি। কিন্তু এটাকে অন্যান্য দেশের বিশেষকরে সমাজতান্ত্রিক দেশে সিনেমা শুধু জনমত নয়, জনশিক্ষার মাধ্যম হিসাবে তারা গ্রহণ করেছে এবং সেখানে তারা মানুষের নৈতিক এবং চারিত্রিক মান কত উন্নত করেছে তার একটা দৃষ্টান্ত দিয়ে আমি বোঝাতে চেষ্টা করবো। রানী মহালনবীশের (?) নাম শুনেছেন। তিনি শান্তিনিকেতনের মানুষ। তিনি তাঁর স্বামীকে নিয়ে রাশিয়া যাচ্ছিলেন। সেখানে একটা ইনডাস্ট্রিয়াল টাউন-এ ট্রেন থামবার সঙ্গে সঙ্গে কিছু যুবক-যুবতী হুড়মুড় করে গাড়ীতে উঠে বসে পড়লেন। বসে পড়ে তারা এক একটা করে বই খুলে বসল। তাঁর একটু আগ্রহ হল যে, কি বই তারা পড়ছে। তিনি ভেবেছিলেন সিনেমার বই-টই হবে যা আজকালকার ছেলেমেয়েরা পড়ে। তিনি জিজ্ঞাসা করে জানলেন যে, তারা সব বিভিন্ন দেশের ট্রানস্লেসন করা ক্লাসিক্যাল বুকস পড়ছেন। সেই দেশের যাদের আমরা কুলি-কামার বলি, তারা ট্রেনে ঐ বাড়ী ফেরার সময়টুকুতে ক্লাসিক্যাল বুকস পড়ছেন। এটা আপনি জেনে রাখুন যে আমাদের এখানে রামায়ণ মহাভারত, ক'জনে পড়েছেন জানিনা। কিন্তু সেখানে আজকে এই জাতীয় পৃথিবীর যাবতীয় ক্ল্যাসিক্যাল বই লাখ লাখ বিক্রয় হয়।

[5-25—5-35 p.m.]

সেখানকার শুধু খাওয়া পরার মান নয়, সমাজতান্ত্রিক ব্যবস্থায় সেখানে কালচারের মানকে এত উন্নত করা হয় যে এই সব জিনিস কল্পনা করতে পারে না। আজকে এটা যে ঘটেছে, এই সমাজতান্ত্রিক ব্যবস্থায় এটা ঘটবে। এখন হয়তো মন্ত্রী মহাশয় সদিচ্ছা প্রণোদিত হয়ে এটাকে কি করে সংস্কার করা যায় তারজন্য চেষ্টা করছেন, তাঁর সদিচ্ছা নিশ্চয়ই খুব ভাল কিন্তু আমাদের বিশ্বাস শুধু এই আইন দিয়ে কিছু করা যাবে না এবং পরিশেষে বলছি যে বোর্ড অব ডিরেক্টার্স এর একটা ফিরিস্তি দিয়েছেন, অমুক থেকে, তমুক থেকে এই সরকারী কর্মচারী দিয়ে কোন কাজটা হয়েছে? মহাত্মা গান্ধী মদ্য নিবারণীর জন্য ব্যবস্থা করেছিলেন, কোন কোন জায়গায় আইনও হয়েছিল, তাতে মদ্য নিবারণী কমেছে না বেড়েছে? প্রচুর বেড়েছে। সুতরাং আইন দিয়ে কিছু হবে না। এই যে সেন্সাস কমিটি করলেন সেটা ডিস্ট্রিক্ট পর্য্যন্ত যাতে হয় এবং তার মধ্যে সত্যকারের যারা সমাজসেবী, দেশকে যারা ভালবাসে, বিশেষ করে দেশের ভবিষ্যতের কথা চিন্তা করে এমন কিছু লোক নিয়ে সেই কমিটিগুলো গঠণ করুন, তঁাদের সুপারিশগুলো যাতে কার্য্যকরী করা হয় তার ব্যবস্থা করুন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য এবং জনসংযোগ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আজকে যে বিল উত্থাপন করেছেন, সেই বিলকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। চলচ্চিত্রের অশ্লীলতা এবং বিভিন্ন যাত্রা প্রদর্শনী রোধবার জন্য আজকে এই বিল আনা হয়েছে এবং সেই প্রসঙ্গে সিনেমার সঙ্গে সঙ্গে থিয়েটার এবং অন্যান্য যাত্রা ইত্যাদি প্রসঙ্গে আলোচনা হয়েছে। আজকে সমাজ জীবনে যে দুষ্ক্ষত সভ্যতাকে নষ্ট করার যে অপচেষ্ট মানুষের আদিম প্রবৃত্তিকে উৎসাহ দেবার যে প্রবণতা, এই প্রবণতা সম্পর্কে আলোচনা করতে গিয়ে কে,জি,বি'র হাতে কেউ দেখেছেন ইয়াংকি কালচার এর কথা, কেউ বলেছেন সমাজতান্ত্রিক দেশে এইরকম কখনও ঘটেনি, আবার কেউ বলেছেন এর পেছনে হাত আছে ধনিক সম্প্রদায়ের, হাত আছে ব্যবসায়ীদের। হয়তো যে কথাগুলো বলা হয়েছে তারমধ্যে আংশিক সত্য আছে কিন্তু পরিপূর্ণ সত্যের ফসল এইগুলো নয়। এই কথা আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। যদি ব্যক্তি মানুষ সৎ না হয়, যদি ব্যক্তি মানুষ ভাল না হয়, যদি আমরা সকলে আমাদের মনের মধ্যে থেকে এই যে সমস্ত ব্যাভিচার এবং অনাচার দূর করার না চেষ্টা করি, কোন আইন তৈরী করে তার পরিবর্তন করা সম্ভবপর নয়। ঠাকুর রামকৃষ্ণ বলতেন পাঁজিতে লেখা আছে ২০ হাড়া জল হবে কিন্তু পাঁজি নিংড়োলেও এক ফোঁটা জল পড়ে না। ঠিক সেই-রকম আমরা অনেক আইন তৈরী করেছি ভারতবর্ষে স্বাধীনতার পর, কিন্তু সেই আইনের সার্থক রূপায়ণ হয়নি, আইন তৈরী করেও সেই আইনের মর্য্যাদা দেওয়া যায়নি। জন-সমাজ যখন সচেতন নয়, জনসাধারণ সেই সম্পর্কে সচেতন নয়। মাননীয় অধ্যক্ষ আমরা জানি আইনকে কেনা এবং আইনকে বেচার জন্য এক শ্রেণীর পন্ডিত ব্যক্তি আছেন, তাঁরা বিভিন্ন বিচারালয়ে প্রভূত অর্থের বিনিময়ে তাঁরা আইনকে কেনেন এবং আইনকে বিক্রি করেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি বিবেকানন্দের মত মহাপুরুষ থাকতেন, নেতাজী সুভাষচন্দ্রের মত কোন অগ্নিগর্ভ মহাবীর থাকতেন, তাঁদের মত মহাপুরুষের জীবনী এবং চিন্তা আমাদের সমাজের সর্বস্তরে ছড়িয়ে পড়তো, আইন তৈরী না করেও সমাজকে পাঁকের হাত থেকে, যন্ত্রনার হাত থেকে, অত্যাচারের হাত থেকে, ব্যাভিচারের হাত থেকে আমরা রক্ষা করতে পারতাম। আজকে আসামী হাজির কেবলমাত্র এক কোন বিশেষ থিয়েটার দেখানো হচ্ছে না। আজকে আসামী আমরা সকলেই হাজির, আমরা যারা রয়েছি যারা আমরা কথা বলছি, তাঁরা কেউ কি হলফ করে বলতে পারেন, তাঁরা কি বুকে হাত দিয়ে বলতে পারেন. আমরা যে আলোচনা করলাম, আমরা যে অশ্লীল চলচ্চিত্র বন্ধ করার জন্য, অশ্লীল যাত্রা বন্ধ করার জন্য, অশ্লীল থিয়েটার বন্ধ করার জন্য

ব্যবসায়ীদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলাম, যারা অশ্লীল চলচ্চিত্র নির্মাতা, থিয়েটার এবং যাত্রার পরিচালক এবং প্রযোজক, তাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলাম। আমরা আমাদের ব্যক্তিগত জীবন দিয়ে, আমরা আমাদের কর্মকাণ্ডের মধ্যে দিয়ে তাকে আমরা প্রতিহত করতে পারবো কি না পশ্চিমবঙ্গ বিধানসভা, পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষের সমস্ত প্রতিনিধি এখানে হাজির এই সমস্ত প্রতিনিধি আজকে জনসাধারণের মধ্যে যদি সেই চেতনা জাগাবার চেষ্টা করেন যে অশ্লীলতার বিরুদ্ধে, এই ব্যাভিচরের বিরুদ্ধে, হাওড়া স্টেশনে পর্ণগ্রাফি বিক্রি বন্ধ হয়ে যাবে, ঐ শ্যামবাজারে আসামী হাজির বন্ধ হয়ে যাবে, কলকাতায় যে সমস্ত চিত্র দেখানো হচ্ছে, তা বন্ধ হয়ে যাবে। আমরা কি দেখিনি তারা বিভ্রান্ত, কেউ বলেন তারা উদভ্রান্ত, নিশ্চয়ই তারা বিভ্রান্ত, নিশ্চয়ই তারা উদভ্রান্ত হয়েছিলেন কোন কোন ক্ষেত্রে। কিন্তু আমরা দেখেছি শক্ত হাত ধরে, শক্ত চিন্তা নিয়ে কলকাতার বুকে একদল যুবক--যাদের আমরা অনেক সময় অনেক কটু কথা বলেছি, অনেক কটু ভাষায় আমরা তাদের ভূষিত করেছি, কিন্তু তারা একটা কাজ করেছিল। একদল মাত্র যুবক চোখ লাল করে কণ্ঠে বজ্রের সুর এনে বলেছিলেন অশ্লীল চলচ্চিত্র দেখান চলবে না, 'প্রেম পূজারী' বন্ধ করে দাও। অশ্লীল কোন বই পশ্চিমবঙ্গের মানুষ পড়বে না, অশ্লীল কোন পত্র-পত্রিকা চৌরঙ্গী, হাওড়া, শিয়ালদহে বিক্রি করা চলবে না বা অন্য কোন জায়গায় বিক্রি করা চলবে না। আজ আইন সুব্রত মুখার্জী করছেন, কিন্তু তখন কোন আইন তৈরী হয়নি। যারা এই সমস্ত কাজের সংগঠক, এই সমস্ত কাজের উৎসাহদাতা, সেদিন তাদের লোলুপ হাতগুলি স্তব্ধ হয়ে গিয়েছিল ভয়ে, মাত্র একদল যুবকের ভয়ে। তারা বলেছিলেন সভ্যতার নাম দিয়ে এই পথে চলবার চেষ্টা করলে আমরা ক্ষমা করব না, প্রয়োজন হলে রক্ত ঝরবে, আমরা কাউকে রেহাই দেব না। আজকে সমাজের ভেতর থেকে সেই আওয়াজ দরকার সমাজের ভেতর থেকে সেই প্রতিরোধের বজ্র কণ্ঠ দরকার, যদি তা না পারেন তাহলে শুধু আইন করে একজন ব্যবসায়ীকে বিধান সভার ভেতর নিয়ে এসে, কিম্বা কে.জি.বি. কিম্বা সি.আই.এ বা সমাজতন্ত্র, পুঁজিবাদের কথা বলে অশ্লীল সাহিত্যকে রোখা যাবে না, অশ্লীল চলচ্চিত্র প্রদর্শনকে রোখা যাবে না, যে অশ্লীল সভ্যতার সৃষ্টি হচ্ছে সেই সভ্যতাকে রোখা যাবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি এই কথা বলতে চাই যে আমরা যেন ভাবের ঘোরে চিৎকার না করি। সুব্রত মুখার্জীকে আমি অকুণ্ঠচিত্তে অভিনন্দন জানাতে পারি, সঙ্গে সঙ্গে তিনি যদি জনমত গড়ে তোলার চেষ্টা করেন তাহলে আজকের সমাজের যে ব্যাধি, যে অভিশাপ নিয়ে আমরা সোচ্চার হচ্ছি, তার হাত থেকে সমাজকে রক্ষা করা যাবে তা নাহলে বাস্তবে কিছুই হবে না।

সেই কবি জীবনানন্দের কথা,

"অদ্ভুত আঁধার এক এসেছে
এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ,
চোখে দ্যাখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই--
প্রীতি নেই-- করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের
সুপরামর্শ ছাড়া।"

সেই পরামর্শ দেবার জন্য আমরা আজকে বিধান সভায় দাঁড়িয়ে যদি বলি যে আমরা আজকে দায়িত্ব পালন করব, সরকার দায়িত্ব পালন করবেন, মন্ত্রী দায়িত্ব পালন করবেন আর ঐ কে.জি.বি-র চক্রান্ত, সি.আই.এ-র চক্রান্ত সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন--শুধু আইন করলেই অশ্লীল সাহিত্য দূর হয়ে যাবে, অশ্লীল কোন নাটক দেখান হবে না, অশ্লীল যাত্রা থিয়েটার চলবে না, এই যদি আমরা মনে করি তাহলে আমার মনে হয় মন্ত্রী মহাশয়, আমরা ভাবের ঘরে চুরি করছি। তাই আমি এই বিল গ্রহণ করার সঙ্গে সঙ্গে আমাদের

এই চিন্তাগুলিও আজকে গ্রহণ করতে হবে। আজকে ২২শে এপ্রিল বিধান সভায় যে আইন তৈরী হচ্ছে সেই আইন যেন আগামী দিনে পশ্চিমবঙ্গের জনসাধারণের মধ্যে আমরা যারা কাজ করি, মানুষের সঙ্গে কাজ করি এবং বিরোধী দলগুলি যারা পরিচালনা করেন তাদের নিয়ে আমরা সকলে মিলে এই অশ্লীল চলচ্চিত্র প্রদর্শন, অশ্লীল নাটক প্রদর্শন এবং অশ্লীল বলে যে সকল সাহিত্য অভিযুক্ত হবে কিম্বা যে সমস্তগুলোকে আমরা মনে করব অশ্লীল তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে হবে। বিরোধী দলগুলি পশ্চিমবাংলায় অনেক বিপ্লবের বুলি আওড়েছেন, কোন সময় লেনিনের নামে, কোন সময় চে-গুয়েভারার নামে কোন সময় ফিদেল কাস্ত্রোর নামে, কিম্বা কোন সময় হো-চিমিনের নামে কিম্বা আরো অনেক নেতার নামে। কিন্তু সেই সকল বিরোধী রাজনৈতিক দলগুলি সমাজের ভিতরের এই ব্যাধি দূর করবার কোন চেষ্টা এতদিন করেননি। আজকে এই সরকার এই কাজে এই পদক্ষেপ নিয়েছেন এবং তারজন্য আজকে সকলে মিলে আমরা এটাকে সমর্থন করব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানিনা এটা সফল হবে, কি অসফল হবে, তবে চেষ্টা করা হবে এবং তারজন্য আজকে এই বিল আনা হয়েছে। আশা করব এটা সার্থক হবে অয়মারম্ভ শুভায় ভবতু।

[5-35—5-45 p.m.]

Shri Gobinda Chatterjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি নীতিগতভাবে সমর্থন করি। যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে সেটা মহৎ। কিন্তু শুধুমাত্র ফিল্‌ম, পাবলিসিটি নিয়ন্ত্রণ করে অপসংস্কৃতির বিরুদ্ধে লড়াই করা যাবে না। আজ ধারাবাহিকভাবে, সুপরিকল্পিতভাবে অপসংস্কৃতি ও ক্ষয়িষ্ণু বুর্জোয়া সংস্কৃতি প্রসারের জন্য বিভিন্ন মহল থেকে প্রচেষ্টা হচ্ছে। জনৈক বন্ধু বললেন এর মধ্যে সি,আই,এ, কে,জি,বি-কে টেনে এনে লাভ নেই। আজ এটা বিচার করার প্রয়োজন আছে। সমাজতান্ত্রিক দেশে এ জিনিষ হয় না মাকিন ধাঁচে যে জিনিষ চলছে সে জিনিষ কোন সমাজতান্ত্রিক দেশে আমরা দেখিনি সমাজতান্ত্রিক দেশে শিল্পের বাস্তবতার প্রশ্ন আছে। কিন্তু তার নাম করে যে সমস্ত মূল্যবোধগুলি আমাদের দেশে এবং সামগ্রিকভাবে মানবজাতি চিরকাল যার মূল্য দিয়ে দিচ্ছে তাকে ধূলিস্যাৎ করার প্রচেষ্টা হচ্ছে। এ জিনিষ সমাজতান্ত্রিক দেশে হয় না। মাকিন দেশে পশ্চিম য়ুরোপে আমরা দেখেছি সেখানে শুধু ফিল্‌ম নয় প্রতিটি পাবলিসিটি মেটিরিয়াল এমন পরিকল্পিতভাবে ক্রিয়েট করা হয় এবং তারজন্য লক্ষ লক্ষ কোটি কোটি ডলার বা পাউণ্ড খরচ করা হয়। কারণ এর মাধ্যমে টাকা রোজগার এবং জনগণকে কলুষিত করা হয়। আমাদের দেশেও সেই প্রচেষ্টা সুরু হয়েছে। শুধু ফিল্‌ম কেন যাত্রা, থিয়েটার এক কথায় মন্ত্রী মহাশয়ের পরিচালিত কাগজপত্রেও এ প্রকার বিজ্ঞাপন আমরা দেখি সেখানে এই প্রশ্ন আসে না হয়ত তাঁরা মনে করছেন পিউরিটানিজ্‌ম করা হবে। কিন্তু যদি শুধু ব্যবসার প্রশ্ন না থকতো তাহলে প্রশ্ন অন্যভাবে উঠত। আমি বলতে চাই শুধুমাত্র ফিল্‌ম বা যাত্রা নাটকের ক্ষেত্রেই সীমাবদ্ধ নয় অপসংস্কৃতির প্রসার বিজ্ঞাপনের মাধ্যমেও ব্যবহার করার অপচেষ্টা দেখা দিয়েছে। এ জিনিষ সাধারণ বিজ্ঞাপন, কমারসিয়াল বিজ্ঞাপনের ক্ষেত্রে দেখা দিচ্ছে। এটা শুধুমাত্র কস্‌মেটিক্স-এর ক্ষেত্রে সীমাবদ্ধ নয় কোলকাতা শহরে হার্ডওয়ার-এর ক্ষেত্রেও এই চিত্র আমরা দেখি যেগুলি হয়ত কোনভাবেই লিংক্‌ড নয়। এগুলো টোটালি ভালগার। কিন্তু এই ভালগারগুলি যদি অবসিন না করে তাহলেও ভালগার অর্থাৎ অসামঞ্জস্য। আজ শুধু ম্যানুফ্যাকচারিং ইনডাস্ট্রি-তেও এই প্রচেষ্টা চলছে। শুধুমাত্র ছবি, নারীদেহ দেখিয়ে নয় তার সঙ্গে সঙ্গে এমন বিচিত্র ধরণের সংলাপ চলছে যেগুলি আমরা ছেলেমেয়ের সামনে করতে পারি না। একটা বিশেষ বিজ্ঞাপন নজরে এসেছে সেটা হচ্ছে—তাতে বলা হচ্ছে নাটকের জন্য সপরিবারে নয়, শুধু পরিবার নিয়ে আসুন। এইরকম বহু উদাহরণ আছে যার সঙ্গে সবাই পরিচিত আছেন মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব শুধু যেন ছবির কথা এরমধ্যে না থাকে তার সঙ্গে বিজ্ঞাপন ও অন্যান্য জিনিষও যেন ধরা হয়। এর মধ্যে শেষে যে উপধারা আছে সেখানে

আমার মনে হয় সে সুযোগ আছে—যদি না থাকে তাহলে পরবর্ত্তীকালে এটা করার প্রয়োজন আছে। আজ যদি প্রশ্ন ওঠে কোনটা অবসিন, কোনটা নয়, কোনটা সুস্থ, কোনটা সুস্থ নয় তাহলে সে বিচার করার দায়িত্ব নিশ্চয় সবচেয়ে বেশী করে দাবী করতে পারে বাংলাদেশের মায়েরা ও মেয়েরা। আজ যদি তাঁরা বলেন যে এই ফিল্‌ম এই নাটক, এই যাত্রা আমাদের ছেলেমেয়েদের দেখা উচিৎ নয় তাহলে তাকে যেন বাতিলের পর্য্যায়ে ধরা হয়। কাজেই সব থেকে ভাল বিচারক হচ্ছে বাংলাদেশের মায়েরা। আমি তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে সেনসার বোর্ড গঠিত হবে তাতে যেন অন্ততঃ মায়েদের পক্ষ থেকে একজন প্রতিনিধি থাকেন এবং সঙ্গে সঙ্গে শিক্ষার দিক থেকে যাতে এটাকে সুবিবেচনা করা যায় তারজন্য সেইরকম ধরণের একজন শিক্ষাবিদ যেন থাকেন। এই সঙ্গে আর একটা প্রশ্ন জড়াতে চাই সেটা হচ্ছে সরকারী প্রচার যন্ত্র থেকে যে সমস্ত তথ্য প্রচার করা হয় সেখানেও এই অবসিনের প্রশ্ন এসে পড়ে, যেমন পরিবার পরিকল্পনার যে সমস্ত বিজ্ঞাপন আছে, রেডিওতে যে বেতার নাটক সম্প্রচারিত করা হয় তাতেও এমন বহু কদর্য ইঙ্গিত থাকে যেগুলি আমাদের দেশের ছোট ছেলে-মেয়েদের পক্ষে দেখা অত্যন্ত অবাঞ্ছনীয়। আগামী দিনে যে মানুষ গড়ে উঠবে তাদের স্বার্থের কথা চিন্তা করে অন্ততঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলের স্কোপকে আরো বাড়ান উচিত যাতে করে অন্যান্য যে সমস্ত বিজ্ঞাপন আছে সেগুলি যাতে এর মধ্যে পড়ে, যাত্রা, নাটক, কমার্সিয়াল এ্যাডভার্টাইজমেন্ট, রেডিও নাটক থেকে আরম্ভ করে অন্যান্য বক্তা যে সমস্ত কথা বলেছেন সেগুলি যাতে এরমধ্যে অন্তর্ভুক্ত হয় তারজন্য আপনার মাধ্যমে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I wholeheartedly support the West Bengal (Compulsory Censor of Film Publicity Materials) Bill, 1974. I feel it, not as a legislator, but as a citizen, my moral responsiblity to stand and speak in support of the Bill. I congratulate the Minister for bringing forward this Bill. Sir, there is a proverb that if the wealth is lost, nothing is lost; if health is lost, something is lost; but if character is lost, everything is lost. Sir, display of obscene film, posters and photos has created such a havoc in our society that, I can safely say, the crime and the criminals are developing at a speed as the insects in mud and flies in filthy water. So, I feel that the Government and the Minister in charge have done and performed a very important duty so far as the cause of the country is concerned. I can tell you, Sir, this is making the youths of the country its target, particularly because they are going to be the future citizens of the country on whose shoulders will lie the responsibility of the country. These obscene films and posters are severely affecting them. I feel, in this Bill—of course, a large section is affected—only that part which is exhibited outside and inside the cinema halls—has been covered. Sir, we are living in an industrial age. We find that commercial magnates have also been trying to attract buyers by displaying obscene posters and photos. They are also sliding the obscene photos. Our purpose should be to stop this evil design from the film world. The producers of cosmetic goods and the producers of commercial goods are also doing the same crime what the film producers are doing.

[5-45—5-55 p.m.]

I feel that the Minister-in-charge should come forward to stop commercial and industrial publicity on commercial goods and cosmetics. I tell you that only by stopping display of pictures and posters outside you cannot stop the evils entirely because there is a race. If you make a survey of black money operating in the country you will find that sizeable amount of black money is moving inside film industry. There is also a division in the film industry. There are progressives and reactionaries. Reactionary producers feel that they are losing the market and in order to keep it going they are trying to hit sexology so that they can attract the youth of the society. These reactionary forces are operating with huge black

money and they are producing all these evils. Step must be taken to stop this If there are obscene pictures and posters people will naturally try to go and see those pictures. I will request the Minister to stop this evil. Here I will request the Minister to nationalise the film industry. That is the only way to stop these evils. This sizeable amount of black money which is circulating in the country is producing evil in our society. It is not only affecting the character of the youth but it is also affecting the economy of the country. So in order to save the economic disaster of the country, it is essential that some bold step should be taken in this regard. I must congratulate the Minister for setting an example in this respect and I am sure this will encourage other States to bring forward a similar bill. But I will appeal to the Minister to nationalise film industry as this will only help in the matter of solving this particular evil of the society.

Thank you.

Shri Nanda Lal Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের তরুণ মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তবে এই ধন্যবাদ দেবার সংগে সংগে আমার একটি কথা মনে হচ্ছে এই তরুণ মন্ত্রিমহাশয় সমাজে অনেক কিছু নূতন জিনিস আনবার চেষ্টা করে তীব্র বাধার সম্মুখীন হচ্ছেন এবং এটাও বোধ হয় আনচ্যালেঞ্জড্ যাবেনা কারণ এটা হচ্ছে বেলবটমের যুগ। অর্থাৎ ছেলেরা আজকাল মাথায় ঝাকড়া চুল রাখে, সরু প্যান্ট পরে এবং একজন সাংবাদিক বন্ধু বলেছেন অনেকে নাকি মাথায় খোপাও রাখে। কাজেই আজকাল কোন্‌টা শ্লীল এবং কোন্‌টা অশ্লীল এটা বলা সম্ভব নয়। আজকে এমন একটা যুগ চলছে যেখানে মা এবং মেয়ের একসংগে সিনেমা দেখা সম্ভব নয় এবং সরকারী প্রচারযন্ত্রের মাধ্যমে পরিবার পরিকল্পনার যে ব্যাখ্যা দেওয়া হয় তাতে হয় মা ঘর থেকে দৌড়ে পালান, আর না হয় মেয়ে ঘর থেকে দৌড়ে পালায়। গান্ধীজী এক-সময় বলেছিলেন যারা গ্রামের কৃষক, যারা পরিশ্রম করে সবুজ ধান ঘরে তোলে তারা হরিনাম শুনতে ভালবাসে; কিন্তু যারা মজুর, যারা হাড়ভাংগা পরিশ্রম করে তারা ঘোড়দৌড়ের মাঠে যায় এবং অশ্লীল ছবি দেখার জন্য ভিড় করে কারণ তাদের শিরাগুলি শিথিল হয়ে গেছে। আজকে যারা ভেজালকারী তারা সমাজকে এক্সপ্লয়েট করবার জন্য এই জিনিষ চালাচ্ছে। মদ খেয়ে যেমন মানুষ শান্তি পায় ঠিক তেমনি এই জিনিষ চলছে এবং এটা হচ্ছে ক্যাপিটালিস্ট সমাজের আর একটা শোষণ নীতি যেটা গান্ধীজী বলেছিলেন।

সুব্রতবাবুকে ধন্যবাদ দিই—যেখানে সমাজের রন্ধ্রে রন্ধ্রে পাপ ঢুকে গেছে যেখানে চোরাকারবার নিত্যনৈমিত্তিক ব্যাপার মানুষকে মেরে মানুষ বড় হচ্ছে, সমাজকে ধ্বংস করে যেখানে সমাজের প্রবর্ত্তক হচ্ছে তাদের কাছে অনেকেই হয়ত মাথা নীচু করছেন তখন এই যুগে আমার তরুণ বিপ্লবী বন্ধু তিনি মন্ত্রী হয়ে আঘাত হানবার সাহস করেছেন তারজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সেই সংগে সংগে তার নজরে আমি এটাও নিয়ে আসছি যে তিনি যেন দেখেন বেলবটমের যুগের যেন অবসান হয় সেটাও তিনি যেন নজর দেন।

Shri Subrata Mukhopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটী পেশ করার পর যেভাবে সমর্থন পাওয়া গিয়েছে বিভিন্ন দলের পক্ষ থেকে এবং বিভিন্ন চিন্তাধারার মধ্যে দিয়ে তাতে আর নতুন করে খুব বড় করে বক্তব্য রাখার অবকাশ নাই। এবং বহু বক্তা বিশেষ করে শ্রদ্ধেয় বিশ্বনাথ বাবু, মাননীয় অসমঞ্জ দে, মাননীয় সদস্য শ্রীগৌতম চক্রবর্ত্তী এবং মাননীয় সদস্য শ্রীপ্রদ্যোত মহান্তির নাম বিশেষ উল্লেখযোগ্য যাঁরা প্রকৃতপক্ষে আমার এই বক্তব্যের আগেই বলে দিয়েছেন। আমি এই বিলটি পেশ করা সত্ত্বেও এই কথা মনে করছি না যে এই বিলের মধ্য দিয়ে যে উদ্দেশ্য যে চিন্তার মধ্যে আমরা লক্ষ্যে পৌছাতে চাই, অপসংস্কৃতির বিরুদ্ধে লড়াই করতে চাই এবং আমাদের নিজস্ব সংস্কৃতিকে স্থাপন করতে চাই তা যথেষ্ট হবে। শুধুমাত্র

ছোট্ট আকার বলে নয়, বড় আকার হিসাবে এলেও যেখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে আমাদের মানসিক এবং আমাদের চিন্তাধারা এত নীচুতে চলে গেছে এবং যেখানে নৈতিক মান নীচুতে চলে গেছে সেখানে আইন করে ছোট অথবা বড়, সংক্ষিপ্ত আকারে বা বিস্তারিত আকারে আইন করলে সমাজে পরিবর্তন অথবা সংস্কৃতির বিপ্লব এসে যাবে না। তবে প্রচেষ্টা আমাদের সুরু হয়েছে এবং এর মধ্যে দিয়ে সংস্কৃতিকে রক্ষা করা এবং অপ-সংস্কৃতির বিরুদ্ধে জনমত এবং সংগ্রাম করার ইচ্ছা প্রকাশ করা হয়েছে মাত্র। সুতরাং সমস্যার সমাধান হয়ে যাবে বলে আমি নিজে বিল এনে যখন মনে করছিনা তখন আপনাদেরও এর মধ্যে দিয়ে সমস্যার সমাধান হয়ে যাবে বলে এটা ধরে নিতে বলছি না কিন্তু স্পিরিট অব দি বিল যেটা আপনারা প্রশংসা করেছেন অনেকেই আমি সেটা আপনাদের কাছে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি উত্থাপন করে এবং বহু বক্তাদের কাছ থেকে বক্তব্য শুনে আমি নূতন করে আমার নিজের মধ্যে প্রেরণা নিয়ে যাচ্ছি এবং যাতে বিস্তারিতভাবে এই অপসংস্কৃতির বিকৃত রুচির বিরুদ্ধে চটুল এবং সস্তা যে সমস্ত সংস্কৃতি বইয়ে দেবার চেষ্টা করা হচ্ছে তার বিরুদ্ধে যাতে সংগ্রাম করা যায় তার চেষ্টা আমরা করব এবং আমি এটা নিশ্চয়ই করতে পারব—সেটা আইনের মধ্যে দিয়েই হোক বা আইনের বাইরে জনমত তৈরী করেই হোক। আমি বেশী করে বিশ্বাস করি জনমতকে। এবং এই আইন জনমত তৈরী করার একটা উপকরণ হবে বলে আমি মনে করি। আইনে নিজস্ব ক্ষমতা যদি বিরাট করে ক্ষমতা নাও থাকে শুধু জনমত তৈরী করবার জন্য একটা বিরাট উপকরণ হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। আমি কয়েকটা কথা এই প্রসংগে বলি যে সরকারের পক্ষ থেকে আমরা অপসংস্কৃতির বিরুদ্ধে কিভাবে লড়াই সুরু করেছি। আমার সরকারের দৃষ্টিভংগী এখানে একটু ব্যাখ্যা করা দরকার। কংগ্রেস, কমিউনিষ্ট অথবা আর, এস, পি বিশেষ একটা চিন্তার মধ্য থেকে একে সংকীর্ণ করে দেয়া অথবা ক্ষুদ্র করে দেয়া উচিত নয়। আরো ব্যাপক চিন্তাধারার আমাদের বশবর্তী হওয়া দরকার। আমরা তো সবাই মিলে মনে করি যারা গান্ধীবাদী অথবা লেনিনবাদী যদি অন্তর থেকে গান্ধী অথবা লেনিনকে গ্রহণ করে থাকি তাহলে গান্ধী ও লেনিনের একটা কথা এবং পরবর্তী ক্ষেত্রে নেতাজীর কথা আমরা নিশ্চয়ই এই ক্ষেত্রে স্মরণ করব এবং রিপিট করব। রাজনীতি হোক তার পথ তৈরী করার ক্ষেত্রে হোক সমাজনীতি হোক ধর্মনীতি হোক সব জায়গায় আমাদের সংস্কৃতির মধ্য দিয়ে, কৃষ্টির মধ্য দিয়ে, আমাদের নিজস্ব সাহিত্যের মধ্যে দিয়ে, আমাদের ঐতিহ্যের মধ্যে দিয়ে সেই তত্ব এবং পথকে তৈরী করতে হবে। সুতরাং আমরা যারা মনে করি যে আমরা নিজস্ব পথ তৈরী করব আমাদের মৌলিক পথ তৈরী করব আমাদের সংস্কৃতির মধ্য দিয়ে দেশকে স্বয়ংসম্পূর্ণ করে দেশকে তৈরী করব এবং প্রকৃত স্বরাজের ঈপ্সিত স্বাদ আমরা উপভোগ করব তবে এই স্বকীয় চিন্তা আমাদের নিজস্ব সংস্কৃতি এবং কৃষ্টির মধ্যে স্থাপন করবার প্রয়াস আমরা নিশ্চয়ই পাব। লেনিন যখন জারের বিরুদ্ধে লড়াই করেছিলেন তিনিও অনুসরণ করেন নি, তিনি নিজের চিন্তার মধ্য দিয়ে এবং সেই চিন্তা তার দেশের ঐতিহ্য থেকে, তার দেশের কৃষ্টি থেকে, তার দেশের সংস্কৃতির থেকে নেবার চেষ্টা করেছেন এবং রাজনীতিকে যেটা তত্ব বলি সেই তত্ব অথবা পথ তৈরী করেছেন তার সংস্কৃতির মধ্য দিয়ে।

[5-55--6-05 p.m.]

আজকে যেকোন তাত্বিক তিনি রচনা করবেন এই পথকে তিনি পৌঁছে দেবার চেষ্টা করবেন। এই লক্ষ্যকে তাদের এবং তাকে সবসময় এই কথা মনে রাখতে হবে। স্বভাবতঃই আমরা যারা মনে করছি রাজনীতির মধ্য দিয়ে দেশকে সেবা করবো—আমরা যেরকমভাবে করি না কেন গান্ধীজী লেনিন অথবা পরবর্তী যুগে যে কথা বলে গিয়েছেন কোন কথাই আমি বিস্মৃত হবোনা। আমাদের সরকারও হবেনা এবং সরকার সেই-জন্যই আমাদের অনেক হারিয়ে যাওয়া সংস্কৃতিকে আমরা ফিরিয়ে আনবার চেষ্টা করছি। আমরা অন্তর দিয়ে বিশ্বাস করি যে একটা দেশ বা একটা মানুষ না খেয়ে মরে যাক, একটা পরিবার না খেয়ে মরে যাক, একটা সমাজ না খেয়ে মরে যাক কিন্তু একটা জাত এবং একটা দেশ না খেয়ে মরে যায়না। একটা দেশ এবং একটা জাত মরে যায় সেদিন

যেদিন তার নিজস্ব সংস্কৃতি থেকে যেদিন তার কৃষ্টি থেকে সাহিত্য থেকে এবং নিজস্ব ঐতিহ্য থেকে বিচ্যুত হয়ে যায়। স্বভাবতঃই আমাদের হাজার সমস্যা আছে কিন্তু সবচেয়ে বড় জাতীয় সমস্যা আমরা মনে করি বহু ফরেন এবং অন্যরকম চেষ্টার মধ্য দিয়ে আমরা সংস্কৃতিকে উদ্ধার করতে পারছিনা বরঞ্চ আমাদের নিজস্ব সংস্কৃতি আরো হারিয়ে যাচ্ছে আমি উদ্বিগ্ন সেইখানে। বিশেষ কোন মানুষকে শাস্তি দেবার জন্য এই আইন নয়, আমাদের সংস্কৃতিকে স্থাপন করবার জন্য এই আইন একটা ক্ষুদ্র প্রচেষ্টা এবং জনমতকে গড়ার পক্ষে সহায়ক হবে বলে আমার ধারণা। একজন মাননীয় সদস্য বলে গিয়েছেন যে এটা শুধুমাত্র সিনেমায় কেন, আমি নিজেও সেকথা বলি—বিশ্বনাথবাবু এবং আরো অনেকে বলেছেন কিন্তু আমাদের কিছু কিছু অসুবিধা যাত্রা এবং থিয়েটারের ব্যাপারে আমরা গভীরভাবে চিন্তা করছি। প্রফেশনাল এবং পেশাদারি যাত্রা আজকাল সুরু হয়েছে। সেখানে অরিজিনাল যাত্রা এবং থিয়েটারকে বিকৃত করা হচ্ছে। রামকৃষ্ণদেবের আশীর্বাদপুষ্ট থিয়েটার আজকে শেফালীর নৃত্যে গিয়ে পর্যাবশিত হয়েছে। সেখানে একদিকে যেমন বেসরকারীভাবে প্রতিরোধ তৈরী করতে হবে, অপরদিক থেকে সরকারের মধ্যে আমরা যারা রয়েছি আইন তৈরী করে সেই জনমতকে সহায়ক করে আরো দুর্বার করে তুলতে হবে। আমি আশাবাদী এক্ষুনি আমরা সেই আইন আনতে পারছিনা। তার কারণ সিনেমাতে একটা অলরেডি সেনসার তৈরী করা ছিল এবং সেই সেনসার কেন্দ্রীয় সরকারের আইনে রয়েছে। স্বভাবতঃই এই আইন করার পক্ষে আমার সুবিধা হয়েছে। যাত্রা এবং থিয়েটারে এখন পর্যন্ত কোন সেনসার করা হয়নি। যেকোন লোক যাত্রা এবং থিয়েটার করতে পারে, সেখানে যেটুকু বাধা আছে সেটুকু স্বরাষ্ট্র দপ্তর করে। অর্থাৎ দেশদ্রোহীমূলক অথবা আপত্তিকর কিছু থাকলে তাহলে তাকে করতে নিষেধ করা হয় কিন্তু প্রকৃতপক্ষে কোন সেনসার করার চেষ্টা এখনো পর্যন্ত হয়নি। স্বভাবতঃই যে মূল সমস্যা যেটা এখন নূতন করে সৃষ্টি হয়েছে যাত্রা এবং থিয়েটারে সেটা আমরা আপনাদের বক্তব্যের নোট করলাম এবং আমি নিজেও সেটা মনে করি। পরবর্তী যুগে যা করা দরকার নিশ্চয়ই চেষ্টা করবো। যাত্রা থিয়েটার এবং টাটা বিড়লার যেসব ব্যবসায়ীভিত্তিক অত্যন্ত কুরুচিসম্পন্ন এবং আমাদের সংস্কৃতির বিরোধী যে সমস্ত পাবলিসিটি দেবার চেষ্টা তার বিরুদ্ধে উপযুক্ত আইন তৈরী করবার চেষ্টা হবে। আমি আশাবাদী, আমি নিশ্চয়ই আজকে যে নূতন প্রেরণা এই হাউসের কাছ থেকে নিয়ে যাচ্ছি আগামী দিনে আমি ব্যক্তিগতভাবে এবং সরকারের মধ্য দিয়ে সেই আইন আসবে এই আশা আমি করছি। আমি আরো কয়েকটি কথার উত্তর দিচ্ছি সবাইয়ের কাছ থেকে সমর্থন পেয়ে যে কথা শীশ মহম্মদ সাহেব উল্লেখ করেছেন শ্লীল এবং অশ্লীল কি? শ্লীল এবং অশ্লীল তার ডেফিনেশন তাত্ত্বিক হিসাবে দিতে হয় তা জানিনা কিন্তু আমি দেখাতে চাইছিলাম উদাহরণস্বরূপ আমি নিজে দেখেছিলাম এর বিশেষ সংজ্ঞা যদি না হয়ে থাকে তবু আমি বিশ্বাস করি যে আমরা যে দেশে জন্মগ্রহণ করেছি এবং যে দেশের সংস্কৃতির সঙ্গে আমাদের পরিচয় রয়েছে সেই দেশের মানুষের কাছে সংজ্ঞা দিয়ে অশ্লীল এবং শ্লীল কি তা জানাতে হবেনা। আমাদের দেশের সংস্কৃতির বিরুদ্ধে যে কোন জিনিস—সেটা ইউরোপীয় কায়দায় কি হবে জানিনা, শিল্পক্ষেত্রে কি বিচার হবে আমি জানিনা কিন্তু আমি মনে করি সেটা অশ্লীল। আমি উদাহরণ দিয়ে বলছি এরজন্য সংজ্ঞা দেবার দরকার নেই। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে, কয়েকটি ছবি আমি এনেছি তা আমি দেখাতে চাই। আমি মাননীয় শীশ মহাম্মদ মহাশয়কে বলতে চাই এবং দেখাতে চাই যে এর জন্য শ্লীল কি অশ্লীল তা বলে দেবার দরকার আছে? (কয়েকটি ছবি তুলিয়া দেখাইলেন) আমি মাননীয় সদস্যদের আরো দেখাতে পারতাম আমাদের অফিসার এইরকম ছবি প্রায় একগাড়ী এনেছেন বিভিন্ন জায়গা থেকে সংগ্রহ করে। তাই বলছিলাম যে এর জন্য সংজ্ঞা দেবার দরকার নেই, এটা যে কি তা সমস্ত সদস্যই জানেন তা আমাকে নূতন করে বুঝাবার দরকার হবেনা। এই শ্লীল এবং অশ্লীলের সংজ্ঞা এই বিলে নির্ধারণ করবার প্রয়োজন হবে না। আমি সুরু করতে চাই এবং আমি খুব আশাবাদী, আমি নিজের প্রতি আস্থা নিয়ে আপনাদের কাছে আবেদন করছি যে একদিন নিশ্চয়ই আসবে যেদিন টাটা বিড়লার অশ্লীল পোষ্টার, সিনেমা যে সমস্ত সুরু হয়েছে এবং যাত্রায় শেফালীর

নগ্ন নৃত্য এ সমস্তই আমরা বাংলা দেশ এবং কলকাতার মহানগরীর বুক থেকে চিরস্তব্ধ করে দিতে পারবো।

আমি প্রচন্ড আস্থা নিয়ে এই হাউস থেকে যাচ্ছি যে এই বিল পাশ করার পর, পরবর্তী-কালে আমরা চিন্তা করব এই সম্বন্ধে এবং আমরা এই জিনিস দেখতে চাই, আমার সরকার দেখতে চায়। শুধু রাজনীতিক দিয়ে হবে না, শুধু বক্তৃতা করে হবে না। এই যে মাস মিডিয়া রয়েছে তাকে কনট্রোল-এর মধ্যে আনতে হবে। আমি সমাজতান্ত্রিক দেশের কথা জানি, আমরা দাবী করি যে আমাদের দেশে সমাজতান্ত্রিক চিন্তা চলেছে, আমি গর্বের সঙ্গে বলছি, আমি রাশিয়া ঘুরে এসেছি এবং তাদের চিন্তাধারার সঙ্গে না মিললেও আমি কনটিনেন্টাল কান্ট্রিতে যা দেখেছি তাতে সেখানকার যেকোন রাস্তা দিয়ে ভারতবর্ষের মানুষ চলতে পারে না, সেখানকার শ্লীল এবং অশ্লীলের যে সংজ্ঞা আর্টের নিরিখে কি হবে তা আমি জানিনা, ইউরোপীয় সমাজতান্ত্রিক দেশে শ্লীল এবং অশ্লীলের যে নির্দেশনা মনে হয় আমাদের দেশের সঙ্গে এক নয়, আমাদের শিল্পের নিরিখে এক নয়, যে কথা লেনিনও বলেছেন ভারতবর্ষকে যদি মুক্ত করতে হয়, ভারতবর্ষের সংস্কৃতির মধ্যে দিয়েই ভারতকে তৈরী করতে হবে। সুতরাং শ্লীল এবং অশ্লীলের ক্ষেত্রে সমাজবাদী ইউরোপীয় দেশকে নকল করে হবে না, অর্থাৎ স্ক্যানডেনেভিয়ান কানট্রি দিয়ে হবে না, আমাদের যে স্বকীয় চিন্তা আছে তার মধ্য থেকে শ্লীল এবং অশ্লীল বিচার করে আইনে সেইভাবে প্রয়োগ করতে হবে এবং জনমত প্রতিরোধ তৈরী করতে হবে।

আমি আর একটা কথা বলতে চাই--মাননীয় গৌতমবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই। এই বিলের মধ্যে যা আছে তাতে জরিমানা বা শাস্তি যথেষ্ট পরিমাণে দেওয়া যায় না। এই আইনে এখনই ফাঁসি দেয়া সম্ভব নয় কিন্তু বিলের ৮নং অনুচ্ছেদে জেল এবং জরিমানা দুটোরই ব্যবস্থা করা আছে। আজকে ছ-মাস পর্যন্ত জেল এবং এক হাজার টাকা পর্য্যন্ত জরিমানা প্রথম পর্য্যায়ে করা যেতে পারে। তারপর যদি অনুরূপ করে এবং আইন ভঙ্গ করে তাহলে এই শাস্তি কনটিনিউয়াস আকারে চলবে। প্রারম্ভিক ক্ষেত্রে জরিমানা এবং জেলের ব্যবস্থা রাখা হয়েছে আইনের মধ্যে:

মাননীয় বিশ্বনাথবাবু যেকথা বলেছেন এক-জন মহিলা এবং শিক্ষাবিদকে নেবার কথা আইনের য়্যামেণ্ডমেন্টের এমন ব্যবস্থা করার প্রয়োজন নাই। আমি নিশ্চয়ই স্মরণে রাখব এবং যখন বোর্ড তৈরী করব তখন আমার এই কথা মনে থাকবে। মাননীয় শীশ মহম্মদবাবুকে একটা কথা বলি তিনি যা বলেছেন তার উত্তরে এই কথাই আমি জানাই বিশ্বরূপা থিয়েটারে শেফালীর যে নগ্ন নাচ এখনই আইন করে তা বন্ধ করতে পারছি না। কিন্তু পরবর্তীকালে আমরা চেষ্টা করব প্রফেসনাল যাত্রা এবং থিয়েটারের বিরুদ্ধে আইনে যাতে যথাযথ ব্যবস্থা করা যায়। একথা ঠিক 'আসামী হাজির' চিত্রের ছবি সবার চোখে পড়েছে। এ সম্বন্ধে এখনই সরাসরি কিছু করনীয় নাই তবে আমি সাংবাদিকদের অনুরোধ করব তাদের সংবাদপত্রে যেকোন ম্যাটার পাঠান হবে চিরাচরিত প্রথায় যেন ছাপান না হয়। আমি দেশের বৃহত্তর স্বার্থে তাদের অনুরোধ করতে চাই যতক্ষণ না আইন তৈরী হয় ততক্ষণ পর্যন্ত যেন এই ধরণের চিত্র সবুজ বিপ্লবের নাম করে না ছাপায়। তাহলে অন্ততঃ দেশের স্বাথ রক্ষিত হবে।

একটা কথা সবাই প্রায় বলেছেন যেটা আপনার কাছে নিবেদন করেছেন, উদ্বেগ প্রকাশ করেছেন--আইন হয়ে যাবার পর তার যথার্থ রূপায়ণ হবে কিনা। এই উদ্বেগ স্বাভাবিক। কারণ আমাদের পুরানো অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি আইন যথাযথভাবে আইন ব্যবহৃত হয়নি এবং তার রূপায়ণ যথার্থভাবে না হওয়ার ফলে আইনের মূল উদ্দেশ অনেক জায়গায় ব্যাহত হয়ে গেছে। এই উদ্বেগ অমূলক নয়। আমরা সমস্ত কাঠামো রাতারাতি পরিবর্তন করতে পারছি না, কাঠামো যখন রয়েছে তার মধ্য দিয়ে আইন তৈরী হচ্ছে এবং যতদূর সম্ভব আইনের মূল উদ্দেশ্য যাতে কার্যকরী হয় সেটা সরকার

থেকে আমার দপ্তর থেকে করব এইটুকু বলতে পারি। এবং আমি আশাকরি আমার মূল ছোট্ট বিলটা এমনভাবে এসেছে, সেটা আমরা এমনভাবে কার্য্যকরী করবো যাতে সেটা রক্ষিত হবে।

বিলের আর একটী উদ্দেশ্য ছিল তা বলা হয় নাই—বিশেষ করে হিন্দী চলচ্চিত্র যে শুধুমাত্র সংস্কৃতির বিরুদ্ধে পড়ছে তা নয়, হিন্দী চলচ্চিত্র এমন চটুল ছবি দিচ্ছে যাতে করে বাংলা ভাল চলচ্চিত্রও অনেক জায়গায় মার খেয়ে যাচ্ছে। এরূপ ক্ষেত্রে সোবার, ইনটেলেকচুয়াল ছবিও বাংলাদেশে মার খাচ্ছে। এদিক থেকে তাদের প্রোটেকশান দেওয়া দরকার। এক্সপেরিমেনটাল ভাল বাংলা চলচ্চিত্র ও হিন্দী চলচ্চিত্রের সঙ্গে কমপিটিশান-এ পারবে না। কাজেই এক্ষেত্রে বাংলা চলচ্চিত্রের প্রোটেকশান দেওয়া দরকার। না হলে কমারশিয়ালিও বাংলা ছবি মার খাবে। এই বিলের মাধ্যমে বাংলা চলচ্চিত্র শিল্পকে বাঁচানোর প্রচেষ্টা সার্থক হবে বলে আমি মনে করি।

যেভাবে মোটামুটি এই বিলে প্রায় সকলের সমর্থন পেয়েছি, তাতে সমস্ত মাননীয় সদস্যদের ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে আমি তাঁদের অনুরোধ করছি বিনা বাধায় এই বিলটী গ্রহণ করবার জন্য

Mr. Speaker:

উভয় জায়গার স্ট্যানডার্ড যদি একরকম হয়, ইকুয়াল স্ট্যানডার্ডও হয় এখানকার ও বিহারের, তাহলে বাংলা ছবি মার খাবে। তাই আমি বলবো অল ইন্ডিয়া পলিসি সব জায়গায় একরকম যাতে হয়, ইকুয়াল স্ট্যানডার্ড হয়, সেদিকে আপনি লক্ষ্য রাখবেন।

Shri Subrata Mukhopadhaya:

অলরেডি অল ইন্ডিয়া একইরকম আছে, কিন্তু রিজিওনাল বেসিস যেটা আছে সেই রিজিওনাল বেসিস প্রায় কেউই মানে না।

Mr. Speaker:

এমন অভিযোগ আছে—হিন্দী সিনেমার স্ট্যানডার্ড লো স্ট্যানডার্ড হলেও সেনসার থেকে পার পেয়ে যায়। আর বাংলা ছবির ক্ষেত্রে উচুমানের হলেও সেনসার থেকে পার পায় না। অল ইন্ডিয়া সেনসার বোর্ড বাংলা চলচ্চিত্রের ক্ষেত্রে একরকম স্ট্যানডার্ড ধরে বিচার করেন।

Shri Subrata Mukhopadhaya:

সেন্ট্রাল গভর্ণমেন্ট এই সেনসার-এর বিষয়টা চিন্তা করছেন—যেমন করাটা অপরাধ নয়, কিন্তু এ্যাটেমপ্ট টু কিস এটা খুবই ডেনজারাস এই তারতম্য রয়েছে।

Mr. Speaker:

যাহোক পশ্চিমবাংলার কাছ থেকে অন্যান্য প্রদেশ শিখুক, এটাই চাই আমরা।

The motion of Shri Subrata Mukhopadhyay that the West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

[6-05-6-15 p.m.]

Clause 3

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 3(1), in line 2, after the words "publicity material", the words "after thorough observation and scrutinisation" be inserted.

Sir, I also beg to move that in clause 3(1), in line 5, after the words "of a Chairman", the words "who shall be a Retired Judge of a High Court" be inserted.

Sir, I also beg to move that in clause 3(1), in line 6, after the words "by the State Government", the words "of who at least one shall be a Senate member of a University, one shall be a member of the State Legislative Assembly and one shall be a Journalist", be inserted.

Shri Shish Mohammad :
মাননীয় স্পীকার স্যার, আমি যেটা বলেছি—আফ্‌টার দি ওয়ার্ডস্‌ পাব্‌লিসিটি ম্যাটিরিয়াল্‌স? দি ওয়ার্ডস্‌ "আফ্‌টার থ্রু অবজারভেসান এ্যাণ্ড স্ক্রুটিনাইজেসান" বি ইনসারটেড্‌।

এর মাধ্যমে বলতে চাই যে যেকোন ফিল্ম এটার সার্টিফিকেট দেওয়ার দিকে ম্যাটিরিয়াল্‌স বলে থাকতে দেওয়া উচিত; যেকোন বই মঞ্জুরী করা সম্ভব হয়। ওদের ভাল জিনিষ হলে মঞ্জুরী করা হয়। এ্যামেণ্ডমেণ্ট খুব সহজ এটা করলে পরে সমাজের পক্ষে বিলটী পূর্ণাঙ্গ হয়ে ওঠে।

২ নম্বর হলো---চেয়ারম্যান যিনি হবেন, তিনি সরকারী কর্মচারী এরকম যেন না হয়। অনেক সময় দেখেছি সরষের মধ্যে ভূত ঢুকে যায়। টাকা পয়সা দিয়ে বড় বড় .কাম্পানী যাঁরা ফিল্ম করেন, তাদের পক্ষে সরকারী কর্মচারীকে পারচেজ করা মোটেই কঠিন নয়। বহুক্ষেত্রে দেখা গেছে তারা পারচেজড্‌ হয়ে গেছেন। তাই আমি মনে করি- -তিনি রিটায়ার্ড জাজ হবেন--যার সময় সম্বন্ধে জ্ঞান আছে, যাঁরা এতদিন বিচার করে করে এসেছেন এইরকম লোককে বোর্ডের চেয়ারম্যান করা উচিত। মন্ত্রী মহাশয় এই প্রস্তাবটা গ্রহণ করলে বিলটী পূর্ণাঙ্গ হবে।

সঙ্গে সঙ্গে আর একটা কথা- -যে বোর্ডটী হবে সেটা যদি উচ্চপদস্থ কর্মচারী হন বা নিম্নপদস্থ কর্মচারী হন একই কথা হবে। তাদের পারচেজ করা কঠিন নয়। যাদের হাতে চাঁদীর জুতা আছে তাদের পক্ষে ইন্টেলেকচুয়াল ব্রেইন ক্রয় করা কঠিন হবেনা। তাই সিনেটের একজন মেম্বার, লেজিস্‌লেটিভ এ্যাসেম্বলী মেম্বার একজন এবং আর একটা জার্নালিস্ট এঁদের নিয়ে যদি বোর্ডটী গঠন করা যায়, আর বাকি নট এক্সসিডিং ৫—দু-জন কাকে নেবেন না নেবেন আপনাদের ইচ্ছে। এদের নিয়ে ফিল্ম সেন্সর করুন। তাহলে পরে সমাজের কিছুটা মঙ্গল করা সম্ভব হবে।

কোনটা মঞ্জুর করলে সমাজের মঙ্গল হবে কোনটা মঞ্জুর করলে সমাজের কল্যাণ হবে না এ সম্বন্ধে তাদের স্পষ্ট ধারণা আছে। তাই আমি মন্ত্রী মহাশয়কে বলবো যে আমার যে এ্যামেণ্ডমেণ্ট সেটা আমার জ্ঞানে অত্যন্ত ভাল বলে মনে হয়েছে। আমি মনে করি যে মন্ত্রী মহাশয় এটা এ্যাক্‌সেপ্ট করবেন। এটা এ্যাক্‌সেপ্ট করে আপনি ভাল যে জিনিষ আছে তার একটা সুযোগ দেবেন।

The motion of Shri Shish Mohammad that in clause 3(1), in line 2, after the words "publicity material", the words "after thorough observation and scrutinisation" be inserted, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that in clause 3(1), in line 5, after the words "of a Chairman", the words "who shall be a Retired Judge of a High Court" be inserted, was then put and lost.

Shri Biswanath Chakrabarti :
আমি এ সম্বন্ধে আগেই বলেছিলাম। উনি এ সম্বন্ধে বলেছেন। আমার এ্যামেণ্ডমেণ্ট ছিলো যে ১জন শিক্ষাবিদ ও একজন মহিলা নেওয়ার জন্য। উনি বলেছেন যে সেনসার বোর্ড করবার সময় এটা বিবেচনা করবেন। আমি আশ্বাস পেয়ে এটা মুভ করছি না।

Shri Subrata Mukhopadhaya :
মাননীয় সদস্যকে আমি এ বিষয়ে আগেই বলেছি। কতকগুলি যুক্তি ঠিক সন্দেহ নেই। কিন্তু বোর্ড গঠন করা হবে যাতে অভিজ্ঞতাসম্পন্ন মানুষ থাকবে যাতে নাকি যথাযথ বিচার এর মধ্যে দিয়ে হতে পারে। বিশেষভাবে এই চিন্তা নিয়ে করা হবে। কোন বিশেষ মানুষের জন্য যদি সীমাবদ্ধ করে করা হয় তাহলে এর ফ্লেক্সিবিলিটি নষ্ট হয়ে যাবে। তাই আমি বলছি যে এরূপ অভিজ্ঞতা যাদের আছে সেই অভিজ্ঞতাকে যাতে কাজে লাগান যায় সে বিষয়ে চিন্তা করা হবে। সেইরকমের লোককে বোর্ডে নেওয়া হবে। আমাদের স্বভাবতঃই সে চেষ্টা থাকবে এই ধরনের লোক নিয়ে আসতে। তাই আমি বলছি যে এ এ্যামেণ্ডমেণ্ট আনবার দরকার নেই। এই এ্যামেণ্ডমেণ্ট আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Shish Mohammad that in clause 3(1). in line 6, after the words "by the State Government", the words "of whom at least one shall be a Senate member of a University, one shall be a member of the State Legislative Assembly and one shall be a Journalist" be inserted, was then put and a division taken with the following result :—

Noes—61

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Ali Ansar, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Nandalal.
Bapuli, Shri Satya Ranjan.
Bhattacharya, Shri Harasankar.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Biswanath.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Bijoy.
Das, Shri Jagadish Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya
Goswami, Shri Paresh Chandra.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Hembram, Shri Sital Chandra.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.

Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyay, Shri Mahadeb.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Arabinda.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Poddar, Shri Deokinandan.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Aswini Kumar
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Nil Kamal.
Sarkar Shri Nilaipada.
Sarker, Shri Jogesh Chandra.
Sinha, Shri Atish Chandra.

AYES—3

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 61, the motion was lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : Under rule 290 I want to extend the time of the House becau the time will expire within one minute. If it is the sense of the House, then I c extend the time by half an hour. (Voices : Yes) So with the sense of the Hous extend the time by half an hour.

Clauses 4 and 5

The question that clauses 4 and 5 do stand part of the Bill was then put and agre to.

Clause 6

Shri Shish Mohammad : Sir, I am moving my amendments. I beg to move that in clause 6(1), line 3, for the word "recommendations", the word "observations" be substituted.

I also beg to move that in clause 6(2), line 2, for the word "recommendations," the word "observations" be substituted.

Shri Subrata Mukhopadhaya : Sir, I oppose all the amendments.

The motion of Shri Shish Mohammad that in clause 6(1), line 3, for the word "recommendations," the word "observations" be substituted, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that in clause 6(2), line 2, for the word "recommendations," the word "observations" be substituted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 13 and Preamble

The question that clauses 7 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the West Bengal (Compulsory Censorship of Film Publicity Materials) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Thirteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : The Business Advisory Committee at its meeting held in my Chamber today considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows :

Tuesday, 23-4-74	..	The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee (Consideration and Passing).—3 hours.
Wednesday, 24-4-74	..	The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee (Consideration and Passing). - 3 hours.
Thursday, 25-4-74	..	The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee (Consideration and Passing). —3 hours.
Friday, 26-4-74	..	Notice under rule 194 regarding the acute power crisis in West Bengal—by Shri Mrigendra Mukherjee, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyaya. —2½ hours.

Shri Gyan Singh Sohanpal : I beg to move that the Thirteenth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.23 p.m. till 1 p.m. on Tuesday, the 23rd April 1974, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 23rd April, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAZUMDAR) in the Chair, 10 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 138 Members.

[1-00—1-10 p.m.]

Oath of Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

[There was none to take oath.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Statutory Rationing

***648.** (Admitted question No. *2055) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government is considering any proposal to extend the statutory rationing to the fringes of Calcutta ; and

(b) if so, when the proposal is likely to be implemented ?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর দেবার আগে আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের সামনে দু একটি কথা বলতে চাই। ৩-৪-৭৪ তারিখে পূর্বেকার মত এ্যাসেম্বলী বন্ধ হয়েছিল এবং সেই তারিখে আমি মাননীয় স্পীকার এবং মাননীয় চীফ হুইপের কাছে একটি আবেদন পত্র পাঠাই। তাতে এই কথা আমি উল্লেখ করেছিলাম যে কেন্দ্র এইবারে গমকে বিশেষভাবে বিবেচনা করে তার একটা নতুন নিয়মের কথা ভাবছেন, যে কোন সময়ে এপ্রিলের সেকেণ্ড থেকে থার্ড উইকের মধ্যে কেন্দ্র তাদের মন্তব্য ব্যক্ত করতে পারেন। আমি পশ্চিমবাংলার খাদ্যমন্ত্রী হিসাবে এই কথা ভাবি যে এই নিয়ম ব্যক্ত হবার সংগে সংগে হয়ত আমাকে দিল্লী, পাঞ্জাব, হরিয়ানা বা ইউ, পি, যেতে হতে পারে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি অনুমতি চেয়েছি যে এই সেসানে যেন আমাকে প্রশ্নের উত্তর থেকে অব্যাহতি দেওয়া হয়। আমি চীফ হুইপের কাছেও আবেদন পৌঁছে দিয়েছিলাম। চীফ হুইফ বলেছিলেন ঠিক আছে, কিন্তু স্পীকার মহোদয় বলেছিলেন আপনার বক্তব্যের ভিতর যথেষ্ট গুরুত্ব আছে, আমি বিবেচনা করব। আমি কাগজের মাধ্যমে দেখলাম যে মাননীয় সদস্যরা কালকে উৎকণ্ঠা প্রকাশ করেছেন আমার অনুপস্থিতির জন্য এবং কোন কোন সদস্য মহাশয় উত্তেজিত হয়ে এই কথা প্রকাশ করেছিলেন যে মিসিং স্কোয়াডে খবর দেওয়া দরকার আমাকে খুঁজে বের করবার জন্য। আমি মাননীয় সদস্যদের কাছে বিনীতভাবে নিবেদন করছি আমি গতকাল সকাল ১০॥টা থেকে আমার দপ্তরেই ছিলাম এবং দপ্তর যখন ছাড়ি তখন রাত্রি ১০ টা বাজে। আমাকে যদি প্রয়োজন অনুভব করে থাকেন তাহলে একটা খবর পাঠালেই আপনাদের আজ্ঞা পালন করবার জন্য এখানে উপস্থিত হতাম.

মিসিং স্কোয়াডের কাছে যাবার বোধ হয় প্রয়োজন দেখা দিত না। আমি এইবারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে যে প্রশ্ন উত্থাপিত হয়েছে তার উত্তর দেবার চেষ্টা করছি।

(a) Some such proposals have been received by the Government.

(b) As the Government does not have adequate stocks and is facing much difficulty in maintaining the existing statutory rationing system, further commitments at this stage cannot be readily undertaken.

Shri Rajani Kanta Doloi:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোলকাতার সংলগ্ন এরিয়া বলতে কোলকাতার পাশাপাশি জেলাগুলিকে অন্তর্ভুক্ত করছেন কিনা?

Shri Prafulla Kanti Ghosh:

এ প্রশ্নের একটাই উত্তর, সেটা হচ্ছে, আমাদের কাছে যদি সাফিসিয়েন্ট চাল এবং গম থাকে তাহলে পাশাপাশি কেন, সারা পশ্চিমবাংলাকে রেশনের অন্তর্ভুক্ত করবার জন্য সরকার উদগ্রীব।

Shri Ganesh Hatui:

ফ্রিজ এলাকায় বা সংশোধিত রেশনের এলাকায় যে রেশন বরাদ্দ করা হয়েছে সেটা হচ্ছে সপ্তাহে একশো গ্রাম চাল এবং দুশো গ্রাম আটা। তাও সেটা রেগুলার সাপ্লাই দিতে পারছেন না। আমার জিজ্ঞাস্য, কবে থেকে সংশোধিত এলাকায় সপ্তাহে মাথাপিছু ৫শো গ্রাম করে চাল এবং আটা বা গম দিতে পারবেন জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh:

যেদিন সরকার সংগ্রহ করতে পারবে সেদিন থেকে দেবে। এই প্রসংগে আবার সেই পুরানো কথাই আমাকে বলতে হচ্ছে। এইজন্য আমি মাননীয় স্পীকার মহাশয়কে চিঠি দিয়েছিলাম। কারণ পশ্চিমবাংলায় যদি তিন লক্ষ টন গম আমরা প্রকিওর করতে না পারি তাহলে আগামী দিনে যে দুদিন আসছে তার মোকাবিলা আমরা করতে পারবো না। এইজন্যই কালকে রাত্রি ১০।।টা পর্যন্ত আমি ছিলাম। তা ছাড়া বিধানসভার মাননীয় সদস্যরাও গিয়েছিলেন এবং তাঁদের চেষ্টার ফলে ইউ. পি. গভর্ণমেন্ট ৮ হাজার টন চাল দেবার কথা বলেছে। এই চাল আমাদের সরাসরি কিনতে হবে এবং এরজন্য আমাদের এখনই ১ কোটি টাকার উপর দরকার। আমি ক্যাবিনেটের কাছে এটা প্লেস করেছিলাম এবং ক্যাবিনেট অনুমোদন দিয়েছেন যার ফলে কালকে সারা দিন ধরে চেষ্টা করেছিলাম যে কি করে এই এক কোটি টাকা পাওয়া যায় যাতে আমরা ইউ. পি. তে আমাদের লোকেদের কাছে পাঠাতে পারি। ঠিক তেমনি গম যদি আমাদের প্রকিওর করতে হয় তাহলে আমাদের পুরোপুরি রেডি থাকা দরকার এবং তার জন্য কমপক্ষে ১০ কোটি টাকা দরকার। এইজন্যই আমি মাননীয় স্পীকার মহাশয়ের কাছে অনুমতি চেয়েছিলাম এই বলে যে আমাকে কয়েকটা দিন অব্যাহতি দিন। কাজেই মাননীয় সদস্যকে জানাচ্ছি, যদি আমরা এটা প্রকিওর করতে পারি তাহলে নিশ্চয় পশ্চিমবাংলার বিভিন্ন কোনে যতটুকু সম্ভব সরকারের পক্ষে চাল, গম দেওয়া তা পৌঁছে দেবার ব্যবস্থা করা হবে।

Shri Sukumar Bandyopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পশ্চিমবাংলার বৃহত্তর স্বার্থের জন্য তিনি এই কয়েকটা দিন প্রশ্ন থেকে অব্যাহতি চান এবং তার গুরুত্ব সম্পর্কেও বুঝিয়ে বলেছেন। এখন খাদ্য সংকট যেটা রয়েছে সেটা মন্ত্রীসভার যৌথ দায়িত্ব। এখানে বিধানসভার মাননীয় সদস্যরা

দিনের পর দিন পশ্চিমবঙ্গের খাদ্য সংকটের কথা বলেছেন এবং সে সম্বন্ধে আলোচ করতে গিয়ে সব সময়ই খাদ্যমন্ত্রী মহাশয়কে চাইছেন যাতে তাঁরা বুঝতে পারেন অবস্থাটা ি পশ্চিমবাংলার মানুষও প্রকৃত অবস্থাটা বুঝতে পারেন। তা ছাড়া তাঁর খাদ্য দপ্তরে ব কর্মচারী এবং বাঘা বাঘা অফিসার রয়েছেন। এই অর্থ সংগ্রহ, চাল সংগ্রহ, ওয়াগনে ব্যবস্থা করা এসব কি মন্ত্রিমহাশয়ের একার দায়িত্ব, কাজেই আমি জিজ্ঞাসা করছি বিধানসভায় দিনের পর দিন যে উদ্বেগ প্রকাশ করা হচ্ছে তার গুরুত্ব আছে কিনা এব তা যদি থাকে তাহলে তার জবাব দেওয়া মন্ত্রিমহাশয়ের উচিত কিনা?

[1-10—1-20 p.m.]

Shri Prafulla Kanti Ghosh:

মাননীয় সদস্য যে কথা উত্থাপন করেছেন এর একটাই উত্তর, গুরুত্ব আছে, দারুণভাে আছে এবং আমি বা পশ্চিমবাংলার প্রতিটি মানুষ, আজকে যে বিধানসভা চলছে, তার ে বিবরণ, তার মনের দিক থেকে যে উত্কণ্ঠা প্রকাশ, প্রতিটি মানুষ উৎকণ্ঠার সংগে দেখছে শুনছে এবং আশ্বস্ত হচ্ছে। আজ বিধানসভা সজীব, নিশ্চয়ই আমাদের তার সংগে যো থাকা দরকার। যে কথা মাননীয় সদস্য বল্লেন, যে দপ্তর আছে। দপ্তর যদি শুধু করা তাহলে মন্ত্রীরা কি করতেন? কোন কোন সময় আসে দপ্তরের পাশে মন্ত্রীকে শক্তি নি দাঁড়াতে হয়। কোন কোন সময় আসে যে দপ্তরকে চালান করার জন্য মন্ত্রীদের দ্রুতভাে নির্দ্দেশ দিতে হয়। আজকে যে পরিস্থিতি সেই পরিস্থিতিতে বা খাদ্যমন্ত্রী হিসাবে আি ভাবি আমার দপ্তরে থাকা প্রয়োজন যেমন প্রয়োজন বিধানসভায়। আজকে অস্বীকা করছি না। আজকে বিধানসভায় পরিষ্কার বলতে চাই, যে ইউ, পি, চাল সেটা যদি আি ৩দিনের মধ্যে আনার ব্যবস্থা না করতে পারি, হয়ত মিনিস্ট্রি ইউ, পি, গভর্ণমেন্ট বলবে ে ৮ হাজার টন চাল দিতে পারলাম না। মাননীয় সদস্য, আপনারা বলুন, যারা আজকে দিল্লীতে গিয়েছিলেন, তার মধ্যে আপনিও একজন। আপনি সেখানে দৃপ্ত কণ্ঠে বক্তব রেখেছেন। আপনি নিজে দেখে এসেছেন। কি পরিস্থিতির মাধ্যমে আপনারা সেখান থেকে যেটুকু পেয়েছেন, পশ্চিম বাংলার মানুষকে সেবা করবার জন্য ধানচাল আনতে পেরেছে সেটা যাতে স্বার্থক হয় তার দায়িত্ব বোধ হয় আপনারা আমাকে দিয়েছেন। তাই, আি সেই দায়িত্বকে সামনে রেখে দপ্তরে বসে কাজ করার কথা ভাবি এবং নিশ্চয়ই স্বীকার করি যে মাননীয় সদস্যরা যদি বলেন এখানে থাকা উচিৎ তাহলে নিশ্চয়ই থাকবো আজকে সকাল বেলা কাগজে পড়েছি, আমি শুনলাম, আমার একজন কেলিগ ডঃ জয়নাল আবেদিন সাহেব বলেছেন, আমি উত্তর দেব। কিন্তু আমি আজকে সকাল বেলায় বলেছি যে আমি যাওয়া স্থগিত রাখছি। আমি নিশ্চয়ই সদস্যদের নির্দ্দেশ মেনে এখানে উপস্থিত থাকবো এবং যথাযথভাবে তাদের উত্তর দেবার চেষ্টা করবো।

Shri Sarat Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছেন এবং কয়েকদিন ধরে আমাদের হাউসের মেম্বারদের কাছে খাদ্য সম্পর্কে উদ্বেগজনক সংবাদ যা এসেছে তাতে ৩টি জিনি দেখতে পাচ্ছি, কোন জায়গায় দুর্মূল্য, কোন জায়গায় দুষ্প্রাপ্য, কোন জায়গায় দুর্লভ হয়ে গেছে। তা যে যে জায়গা থেকে উদ্বেগজনক অবস্থার খবর এসেছে, যেখানে জরুরী হিসাবে কোন ব্যবস্থা তিনি নিয়েছেন কিনা, সেটা দয়া করে জানাবেন কি?

Shri PrafullaKanti Ghosh:

সহজাতভাবে দায়িত্বশীল সরকার সেখানে সেখানে কি হচ্ছে দেখছেন। কাগজের মাধ্যমে নোট করছেন এবং আপনাদের মধ্যেও কোন কোন সদস্য সরাসরি আমার কাছে গিয়ে একথা বলেছেন। কাজেই সরকার নিশ্চয়ই চেষ্টা করবে।

Shri Mohammad Dedar Baksh:

মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে খাদ্য সংগ্রহ করা হলে বা এত কোটি টাক দরকার। কিন্তু বর্তমানে আপনি জানেন যে গ্রামাঞ্চলে বিশেষ করে খাদ্য সংকট চলছে

এবং রেশনে গমটম কিছু পাচ্ছে না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, এই যে হবে, হচ্ছে, এসব না বলে, আমাদের বর্তমান যে সরকার রয়েছে মন্ত্রীমণ্ডলীর তাদের সাহায্যে বর্তমানে কি ব্যবস্থা করতে পারবেন সেটা উনি জানাতে পারবেন কি?

Shri Prafulla Kanti Ghosh:

দুর্ভাগ্য আমার, আমরা যে প্রকিওরমেন্ট টার্গেট সামনে রেখেছিলাম, আমরা তা পারিনি। কার দোষ, কার দোষ নয়, এই ব্যাখ্যায় আসছি না। সত্য হচ্ছে আমরা পারিনি। তবু যে কথা বল্লেন নিশ্চয়ই তার চেষ্টা হচ্ছে বা দেখেছেন যেখানে ৪শত ছিল সেখানে ৫শত হয়েছে। যেখানে আগে একশত হয়েছিল সেখানে ২শত হয়েছে। এমন জায়গা নিশ্চয়ই আছে সব চেষ্টা করা সত্ত্বেও হয়ত পৌঁছায়নি। আপনারা যদি দয়া করে সেগুলি জানান, আমার সামনে হোক বা এখানে ব্যাখ্যা রাখেন—কাগজ প্রতিদিন পড়তে হয়, প্রতিদিন নোট করতে হয়, কাজেই তার যা ব্যবস্থা করা উচিৎ নিশ্চয়ই করবো।

Shri Khan Nasiruddin:

মাননীয় মন্ত্রী কি জানাবেন, এটা কি ইউ, পি, গভর্ণমেন্ট-এর কমিটমেন্ট সেই চাল?

Shri Prafulla Kanti Ghosh:

হ্যাঁ সেই চাল।

Shri Sanat Kumar Mukherjee

মাননীয় মন্ত্রিমহাশয়, জানালেন যে তাকে ৩ লক্ষ টন গম সংগ্রহ করতে হবে এবং তার জন্য তাকে পশ্চিমবাংলার বাইরে যেতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে তাঁর কাছে জানতে চাই, যে পশ্চিমবাংলার বুকে যে গম হচ্ছে সেই গমে কি বর্তমানে সংগ্রহ করার কোন চেষ্টা হচ্ছে?

Shri Prafulla Kanti Ghosh:

না। যেখানে সামান্য গম হয়েছে তা করতে গেলে গ্রামের মানুষ যাতে কম দামে পেতে পারে তার জন্য সরকার স্থির করেছে যে আমরা গমের উপর কোন লেভী, প্রকিওরমেন্ট-এর ব্যবস্থা করবো না। গ্রামের মানুষ সেই গম কিনে খেয়ে বাঁচুক, এটা সরকার স্থির করেছে।

Shri Sanat Kumar Mukherjee:

আজকে যেমন ধরুন পুরুলিয়ায় মানুষের হাতে পার্চেজিং পাওয়ার নেই। যেখানে মানুষ পয়সার অভাবে কিনতে পারছে না এবং সেখানে থেকে বিহারে খাদ্যশষ্য পাচার হয়ে যাচ্ছে, খবর কি মন্ত্রিমহাশয় রাখেন।

Shri Prafulla Kanti Ghosh:

আমার কাছে এই রকম তথ্য এসে পৌঁছয়নি।

Shri Gautam Chakravarty:

আমার কাছে খবর আছে, খাদ্যের যে সংকট তার থেকে ডিস্ট্রিবিউশন সিসটেম, এটা ঠিক নেই। আগামী দিনে আপনি যে খাদ্যশষ্য সংগ্রহ করছেন এবং রাজ্য থেকে যে খাদ্য আসছে, সেই খাদ্য সাধারণ মানুষের কাছে পোঁছে দেবার জন্য যে ডিস্ট্রিবিউশন সিসটেম আছে, সেটা পরিবর্তন করবার কথা চিন্তা করছেন কি?

Shri Prafulla Kanti Ghosh :

ডিস্‌ট্রিবিউশন সিসটেম যতটুকু ভাল চালানো উচিত তার প্রচেষ্টা চলছে এবং ডিস্‌ট্রিবিউশন হচ্ছে। আমরা কয়েকজন সদস্য যারা দিল্লীতে রিপ্রেজেনটেশনে গিয়েছিলাম সেখান থেকে আমরা কিছু প্রকিয়োর করে এনেছি। এটার ডিস্‌ট্রিবিউশন যাতে আরও বেটার হয় তার জন্য মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন রেখেছিলাম। তিনি, যে সমস্ত সদস্য আমরা দিল্লী গিয়েছিলাম এবং আরও দু তিন জনকে আলোচনা করবার জন্য ডেকেছিলেন যাতে অদুর-ভবিষ্যতে নয়, ইমিডিয়েটলি ডিস্‌ট্রিবিউশন সিসটেম যাতে বেটার করতে পারি। মাননীয় সদস্য যিনি এই প্রশ্ন করলেন, তার মধ্যে তিনিও একজন ছিলেন বোধ হয়, তবে তিনি বিশেষ কাজের জন্য সেই সভায় উপস্থিত হতে পারেন নি।

Shri Nandalal Banerjee :

মন্ত্রি মহাশয় ডিস্‌ট্রিবিউশন সিসটেম যত খানি ভাল বলছেন—আমি গতকাল প্রশ্ন করেছিলাম যে গ্রামে এক লিটার হাফ লিটার কেরোসিন তেলের জন্য ছেলেরা পড়াশুনা করতে পারছে না। কিন্তু শহরে আমি দোকানের সামনে দাঁড়িয়ে দেখেছি যে এক একজন পাঁচ ছয় লিটার করে কেরোসিন তেল নিয়ে চলে যাচ্ছে। আমি ইন্সপেকটারের খাতাটা দেখলাম, তাতে দেখলাম ১৯৭১ সালের যে কোটাটা ছিল, সেটাই আছে এবং ১৯৭৪ সালে যখন তেলের বিরাট সংকট সেটা রিভাইজ করবার কোন প্রয়োজনীয়তা সাপ্লাই ডিপার্টমেন্ট খাদ্য দপ্তরের অনুভব করেন নি। এটার উত্তর দিলে বাধিত হবো।

Mr. Speaker : Mr. Banerjee, the question was in connection with statutory rationing, i.e., "whether the State Government is considering any proposal to extend the statutory rationing to the fringes of Calcutta",

এই কোশ্চেনের সঙ্গে এটা আসে কি !

Shri Nandalal Banerjee :

এটা ডিস্‌ট্রিবিউশনের সংগে এলায়েড বলেই বলেছি।

Mr. Speaker : It is not direct. However, if the Hon'ble Minister is in a position to answer, I have got no objection.

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্য যে প্রশ্ন এখানে রাখলেন, এটা খুবই ইম্‌পর্ট্যান্ট পয়েন্ট, এটা নিয়ে দিল্লীতে যে সদস্যরা গিয়েছিলাম আমরা পেট্রোলিয়াম মিনিস্টারের সংগে দু ঘন্টা ধরে এই বিষয়ে আলোচনা করেছি। আজকে পশ্চিমবাংলার মানুষ কেরোসিন তেলের অভাবে পড়াশুনা করতে পারছে না, বোরো ধান যা হয়েছিল, ডিজেলের অভাবে তারা কেরোসিন তেল ইউজ করতে বাধ্য হয়েছে এমন ব্যাখ্যাও সদস্যরা রেখেছিলেন। কিন্তু কেন্দ্রীয় মন্ত্রী আমাদের ব্যাখ্যা করে জানিয়ে দিয়েছিলেন যে বাড়ানোর কথা তো ওঠেই না বরং সারা ভারতবর্ষে ২৫ পার্সেন্ট কাট হবে। তবু আমরা যখন বিশেষ ভাবে তাঁকে অনুরোধ করেছিলাম, তখন তিনি বলেছিলেন এক কালীন পাঁচ হাজার লিটার কেরোসিন তিনি দেবেন, সেটা এসে এখনও পৌঁছয়নি। আমি আসার পর ডিস্‌ট্রিক্ট ম্যাজিস্‌ট্রেটের কাছে চিঠি লিখেছি যে মুহূর্তে আমরা তেল পাবো, সেই মুহূর্তে যাতে গ্রামাঞ্চলের মানুষ সকলে তেল পায় তার ব্যবস্থা করতে হবে। সেখানে কার মাধ্যমে বিলি করা হবে না কি ভাবে সেটা হবে সেই জন্য স্থানীয় এম, এল, এ, এবং ডি, এম-এর সংগে বসে ঠিক করুন। যদি কোন নুতন পরিকল্পনার কথা আপনারা ভাবতে পারেন, তাহলে সেটা সরকার কৃতজ্ঞতার সংগে গ্রহণ করবেন।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় মন্ত্রি মহাশয় বললেন যে নানা কারণে প্রকিয়োরমেন্ট টার্গেট ফুলফিল করতে পারেননি। সেই কারণগুলো কি, সেই সম্পর্কে সংক্ষেপে বলবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
কারণগুলো মাননীয় সদস্যদের এখানে অনেকবার আলোচিত হয়েছে। প্রকিয়োরমেন্টের রেট যা তার থেকে জিনিষপত্রের দাম অনেক বেশী সেই জন্য প্রকিয়োরমেন্ট করা সম্ভব হয় নি।

[1-20—1-30 p.m.]

তবুও দেখা গিয়েছে কোন কোন ডিস্ট্রিক্টে যখন এম, এল, এ-দের সংগে যুব ছাত্র কর্মীরা এবং মন্ত্রীরা এগিয়ে গিয়েছেন এবং চেষ্টা করেছেন তখন সেখানে অনেক জায়গায় প্রকিয়রমেন্ট আশানুরূপ হয়েছে।

Shri Pankaj Kumar Banerjee :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এম, এল, এ,-রা এবং যুব-ছাত্ররা চেষ্টা করেছেন। কিন্তু পত্রিকায় বলছে, অনেক এম, এল, এ, তাদের উপর ধার্য লেভি দেয়নি, এটা কি সত্য?

Shri Prafulla Kanti Ghosh :
আমার এ বিষয়ে কোন ধারণা নেই।

Shri Pankaj Kumar Banerjee :
আপনি যে লেভি ধার্য করে দিয়েছিলেন সেই লেভি প্রতি এম, এল, এ, কি তাদের টার্গেট মত দিয়েছেন ?

Shri Prafulla Kanti Ghosh :
মাননীয় সদস্যকে আমি জানাচ্ছি যে কোন এম, এল, এ,-র উপর আমি লেভি ধার্য করিনি। লেভি ধার্য করা হয়েছে তাদের ওপর যারা লেভিয়েবল পারসন। তার মধ্যে কোন কোন এম, এল, এ, আছেন, মন্ত্রীও আছেন।

Shri Pankaj Kumar Banerjee :
সেই সব এম, এল, এ,-রা সবাই দিয়েছেন কি?

Mr. Speaker : Mr. Banerjee, please take your seat. This supplementary does not arise out of the present question. The Hon'ble Minister has been kind enough to reply so much so that it is not within his knowledge. You are putting a supplementary which does not arise.

Shri Pankaj Kumar Banerjee :
উনি যে উত্তর দিলেন তার মধ্যে এই কোশ্চেন আসছে।

Mr. A. H. Besterwitch : Mr. Speaker, Sir, unfortunately though my supplementary does not arise on this question, but when the Hon'ble Minister expands his answer, automatically I think, I can put a supplementary. When he expressed that some of the Ministers and some of the M. L. As. did not work according to the plan, will the Hon'ble Minister kindly let us know the names of such Ministers and M. L. As.?

Mr. Speaker : Mr. Besterwitch, the Hon'ble Minister says, "I cannot say whether the M. L. As. or Ministers have given their levies". He has said, "I cannot say".

Shri Gautam Chakravartty :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আমাদের ডিস্ট্রিবিউশন সিসেটম ঠিক আছে। কিন্তু আমি জানি আমার হরিশচন্দ্রপুর কনসিটিটিউয়েন্সিতে বহু এম, আর, সপের ডিলার আছেন,

যাদের বিরুদ্ধে আপনার ডিপার্টমেন্টে কম্‌প্লেন করা সত্ত্বেও কোন স্টেপ নেওয়া হয়নি। সেখানে এমন কি দেখা গিয়েছে যে সাধারণ মানুষ রেশন পাচ্ছে না এবং দেখা যাচ্ছে সেই ডিলাররা কালোবাজারে সেই সব খাদ্যদ্রব্য বিক্রি করছে, এই বিষয়ে মন্ত্রিমহাশয় কিছু জানেন কি?

Mr. Speaker : Mr. Chakravartty, though your question is a very serious one, but I must confess that it does not arise out of the present question.

Shri Gautam Chakravartty :
মাননীয় মন্ত্রী বলেছেন যে ডিস্‌ট্রিবিউশন সিসটেম ঠিক আছে, তাই তার পরিপ্রেক্ষিতে বলছি যে হরিশচন্দ্রপুরে বহু ডিলার আছেন যারা কালোবাজারে খাদ্যদ্রব্য বিক্রি করছেন। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে এটা সত্যি হলে তিনি কোন রকম ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

Mr. Speaker : This question does not arise out of the present question.

Shri Rajani Kanta Doloi :
বর্তমানে মন্ত্রিমহাশয়ের ভাণ্ডারে যে স্টক আছে তাতে যদি আর কোন কিছু যোগ না হয় তাহলে আর কতদিন স্ট্যাটুটরী এলাকাতে নিয়মিত সরবরাহ করতে পারবেন?

Mr. Speaker : The question is hypothetical

Shri Nandalal Banerjee :
অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্ল্যানেসান স্যার কালকে যখন নানা রকম প্রশ্ন জিজ্ঞাসা করা হচ্ছিল তখন আপনি বলেছিলেন, এণ্ড আই থিংক এনডোরস্‌ড বাই মিঃ . হনপাল অলসো, ওঁর হরিয়ানা না পাঞ্জাবে যাবার কথা আছে, কোথায় গেছেন বলা যাচ্ছে না। স্বভাবতঃই উদ্বিগ্ন মন নিয়ে এখানে বসে যখন চতুর্দিকে চোরাকারবারীদের বিভিন্ন চক্রান্ত হচ্ছে সেই পরিস্থিতিতে উদ্বিগ্ন হয়ে বলেছিলাম তাহলে ওঁকে খোঁজ করা দরকার।

Shri George Albert Wilson De-roze : Sir, the question as to whether any proposal is there to extend the statutory rationing to the fringes of Calcutta should be made in another context. Now, will the Hon'ble Minister be kind enough to inform the House whether he has passed any orders that no more ration cards will be issued within the Calcutta region because I am finding, Sir, that people are applying for ration cards but are being refused and the officers say that they are not to issue any new ration cards in the Calcutta region ?

Shri Prafulla Kanti Ghosh : The Ministry can never pass such order. If there is a genuine person who has not got any ration card, he has every right to go to the Government and ask the Government to issue a ration card to him. The only thing is that the Department might have instructed the different Rationing Officers that you must enquire and get yourselves satisfied before you think of issuing any fresh ration cards.

Shri George Albert Wilson De-roze : The position is that a large number of people in certain areas were so far eating in eating houses and various hotels. But the rise in prices has become so much that those persons who never had to take rations previously because they were eating in eating houses are now compelled to give up eating in eating houses and so when they go to the rationing offices and apply for ration cards, they are told 'why did you not come all this time ? No new ration card will be issued now.' Will the Hon'ble Minister kindly issue necessary instructions ?

Shri Prafulla Kanti Ghosh : Sir, this is for the information of the Hon'ble Member that in Calcutta, according to the census report we have 82 lakhs of people but we have issued by this time 95 lakhs of ration cards.

Shri Ananta Kumar Bharati :

রেশনিং অফিসারের কাছে যখন রেশন কার্ডের জন্য এ্যাপ্লাই করে তখন তিনি পার্টিকুলারলি সেই পার্সেনকে বলেন যে কোন এম, এল, এ, বা গেজেটেড অফিসারের কাছে থকে লিখিয়ে নিয়ে এস যে যাদের জন্য রেশন কার্ডের এ্যাপ্লাই করা হয়েছে তাদের ওয়েষ্ট বেংগলে রেশন কার্ড নেই আমি জানি, এদের রেশন কার্ড ইসু করা হোক। আমার প্রশ্ন হচ্ছে রেশন অফিসারদের উপর এই রকম কোন নির্দেশ দেওয়া হয়েছে যে এম, এল, এ, বা গেজেটেড অফিসারদের কাছ থেকে লিখিয়ে আনতে হবে?

Shri Prafulla Kanti Ghosh :

আইনসংগতভাবে যদি কোন নতুন লোক রেশন কার্ড চান তাহলে তাঁকে প্রমাণ করতে হবে যে আমার অন্য কোন জায়গায় রেশন কার্ড নেই। তাই রেশন অফিসারের কাছে যখন বলা হয় যে নতুন কার্ড ইসু করা হোক তখন রেশন অফিসার বলেন আপনি যেখান থেকে এসেছেন সেখান থেকে কোন অফিসারের কাছ থেকে লিখে এনে জানান যে আপনি রেশন কার্ড ডিপজিট করেছেন এবং নতুন রেশন কার্ড চাইছেন। মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন যে পশ্চিমবংগের প্রতিটি মানুষের জন্য রেশন কার্ড ইসু করার ব্যবস্থা আছে।

Rise in price of Mustard Oil

***649.** (Admitted question No. *12). **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware of the recent rise in price of mustard oil in West Bengal ;

(b) if so, the reasons thereof : and

(c) the steps taken by Government to arrest the rise ?

Shri Prafulla Kanti Ghosh : (a) Yes. (b) High prices of mustard seeds and oil in the producing States mainly contributed to the recent rise in price of mustard oil in this State. Increase in prices of groundnut oil, til oil etc., which are used as substitutes of mustard oil as also increase in transport and other incidental charges also contributed to the rise in price of mustard oil.

(c) There is no statutory control over distribution of mustard oil. Mustard oil and mustard seeds are imported into this State by a few businessmen who control is market. Supply of Canadian rape seed oil through the public distribution system of Calcutta statutorily rationed area was made to counter the rise in price of mustard oil as far as practicable. Government of India were moved for enhancing the rape seed quota for this State. Anti-hoarding drives were also undertaken by the police.

[1-30—1-40 p.m.]

Shri Md. Safiullah .

এই রাজ্যের তেলকলগুলি কোন কোন রাজ্য থেকে শষ্যবীজ আমদানী করে মাননীয় মন্ত্রি-মহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
ইউ, পি, থেকে মেনলি, আর হরিয়াণা থেকে পাঞ্জাব থেকে এবং কিছুটা মধ্যপ্রদেশ থেকে আসে।

Shri Md. Safiullah :
বর্ত্তমানে উত্তরপ্রদেশ, পাঞ্জাব এবং হরিয়াণা প্রভৃতি যে সব জায়গা থেকে আসে, শষ্যবীজ আসে সেখানে এখন কুইন্টল প্রতি দাম কত, এবং এখানে কুইন্টল প্রতি শষ্যবীজের দাম কত—জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
দাম কোন সময় এক জায়গায় থাকে না। যখন আমদানী বেশী হয় তখন দাম কমে, যখন শষ্য উৎপন্ন হয় তখন দাম কম আবার যখন শষ্য উৎপন্ন হয় না তখন দাম বাড়ে। আজকে আপনারা জানেন যে এসেনসিয়াল কমোডিটিজ করপোরেশান সৃষ্টি করা হয়েছে, এবং এসেনসিয়াল কমোডিটিজ করপোরেশানের তরফ থেকে পাঞ্জাব হরিয়ানায় গেছে শষ্য কেনবার জন্য যা দাম পাচ্ছি কুইন্টল প্রতি ভ্যারি করছে ৩১৫ টাকা থেকে ৩২৫ টাকা পর্যন্ত।

Shri Md. Safiullah :
শষ্যতেলের দাম কমাবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, গত ছয় মাস ধরে শষোর দাম লাফে লাফে বেড়ে আজকে সারটেন প্রাইসে এসে এখন মোটামুটি স্থির হয়েছে অর্থাৎ হাই প্রাইসে এসে স্থির হয়েছে। এই যে দাম এত লাফে লাফে বেড়ে গেল তার জন্য অর্থাৎ দাম বাড়ানো চেক করবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন।

Shri Prafulla Kanti Ghosh :
আমরা এসেনসিয়াল কমোডিটিজ করপোরেশান থেকে বিভিন্ন প্রদেশে শষ্য কেনবার জন্য লোক পাঠিয়েছি, তার আগে কাগজে বিজ্ঞাপন দিয়েছিলাম এবং কোটেশান ইনভাইট করেছিলাম, এবং সেই কোটেশান আমরা ওপেন করেছিলাম, এবং বিভিন্ন লোক যারা এই কোটেশানে রেসপণ্ড করেছিলেন তাদের আমরা এজেন্ট হিসাবে যে যে জায়গায় শষ্য পাওয়া যায় সেখানে আমরা পাঠিয়েছি এবং সেখান থেকে যে রিপোর্ট এসেছে সেই রিপোর্ট অনুসারে আমি বলছিলাম যে আজকে যে দাম পেয়েছি তার দাম ৩১৫ টাকা থেকে ৩২৫ টাকা।

Shri Md. Safiullah :
আজ পর্যন্ত কত কুইনটল মজুত শষ্য উদ্ধার করা সম্ভব হয়েছে এবং সেই মজুতদারীদের কি সাজা দেওয়া হয়েছে মন্ত্রি মহাশয় জানাবেন কি?

Shri Prafulla Kanti Ghosh :
আমরা গত বছর পুলিসের সাহায্যে মজুত উদ্ধার করবার কিছুটা চেষ্টা করেছি, এক্ষুনি আমার কাছে সব ফিগার নাই, এবং যেটুকু আমরা মজুত শষ্য উদ্ধার করেছিলাম সেখানেও একটা ডিফিক্যালটি আছে, ঐ মজুতদাররা সরাসরি কোর্টে চলে গেছে এবং কোর্ট আমাদের উপর নির্দ্দেশ দিয়েছে যে বাজারে যে দর সেই দরে তোমাকে শষ্য নিতে হবে, সেখানেও কোর্টের কাছে আমাদের বক্তব্য রাখতে হয়েছে যে শষ্য পেরেসেবল এবং আমাদের পঃ বাংলায় সর্ষের তেলের দারুন অভাব, আমরা বিচারপতিকে বলেছি যে আপনি আমাদের শষ্য বিক্রি করতে দিন পরবর্তীকালে আপনি যে দাম নির্দ্ধারণ করবেন সেই দাম দেবার আমরা প্রতিশ্রুতি দিচ্ছি। এটা হবার ফলে যে প্রসেসের মাধ্যমে আমরা মজুত উদ্ধার-এর চেষ্টা করেছিলাম সেটাতেও কিছু প্রতিবন্ধকতা দেখা দিচ্ছে।

Shri Asamanja De :
সংবাদ পত্রে দেখলাম যে সরিষাতেলের দাম নির্দ্ধারণ করতে গিয়ে ব্যবসায়ীদের সংগে মাননীয় খাদ্যমন্ত্রী একটা ভদ্রলোকের চুক্তি করেছিলেন এটা কি ঠিক?

Shri Prafulla Kanti Ghosh :

না কোন ভদ্রলোকের চুক্তি খাদ্য দপ্তর থেকে করা হয়নি। চুক্তি মানে দুই পক্ষের যখন কোন সই সাবুদ হয়। আমরা ট্রেডারদের সংগে দেখা করেছি তাদের সংগে কোন চুক্তিতে আমরা আসিনি, তবে তাদের উপর আমরা চোখ রেখেছি এবং চেষ্টা করছি তারা যাতে ন্যায্য মূল্যে আমাদের এখানে জিনিষ দিতে পারে। মাননীয় সদস্য জানেন যে আমরা যে সব নানান জিনিষে অভ্যস্ত, কিন্তু দুর্ভাগ্য আমাদের যে আমাদের দেশে কোনটাই প্রডিউস করে না, আমরা বিভিন্ন প্রদেশের উপরে সম্পূর্ণভাবে মুখাপেক্ষী।

Shri Asamanja De :

একথা কি সঠিক যে কোন এক সময়ে খাদ্যমন্ত্রী বা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল ৬·৭৫ পয়সা তেলের দাম নির্ধারণ করে শতকরা ৫০ ভাগ তেল র‍্যাশনের মাধ্যমে দেওয়া হোক এবং ব্যবসাদারদের দর অতিরিক্ত ৫০ পার্সেন্ট তেল তাদের খেয়াল খুশীমত বিক্রয় করবার অধিকার দিয়েছিলেন?

Shri Prafulla Kanti Ghosh :

হ্যাঁ, একটা স্তরে আলোচনার মাধ্যমে এমন একটা জিনিস স্থিরীকৃত হয়েছিল যে আজকে কলকতা সহরের সাধারণ মানুষের দিকে যদি আমরা দেখি তাহলে দেখবো এক সংখ্যক মানুষ আছে যারা দাম দিয়ে কিনবার মত তাদের সংগতি নেই, আবার আর এক সংখ্যক মানুষ আছে যারা বেশী দাম দিয়ে কিনতে পারে। তাই সরকার আলোচনার মাধ্যমে এটা স্থির করেছিলাম যে আমরা র‍্যাশন কার্ডের এগেনস্টে ১০০ গ্রাম বা ২০০ গ্রাম করে প্রতি সপ্তাহে আমরা তেল দেবো এবং এই সরষের তেলটি একটা নির্ধারিত পয়সায় দিতে হবে। বাকীটার জন্য আজকে এই ব্যবসায়ীরা যদি বড় লোকদের কাছে বেশী দামে তেল বিক্রি করে থাকে তাহলে সরকার তার কিছুটা অনুমোদন করে থাকতে পারে তবে সেখানেও একটা সিলিং বেঁধে দেওয়া হয়েছে।

Shri Asamanja De :

মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রি মহাশয় বলেছেন যে, হ্যাঁ, স্থির কথা হয়েছিল কিন্তু এটা কি তিনি ব্যবসায়ীদের একটা সুচতুর চক্রান্ত বলে মনে করেন যে ৫·৭৫ পয়সার উপর খেয়াল খুশীমত ৫০ পার্সেন্ট তেল বিক্রি করার অধিকার এবং কয়েকদিন পরে সরকারী চুক্তি অনুযায়ী বা ব্যবসায়ীদের আশ্বাস অনুযায়ী এটা বন্ধ করে দিয়ে অর্থাৎ সরকারকে সরবরাহ বন্ধ করে দিয়ে বাকীটা জাম্প করে অনেকটা তেলের দাম বাড়িয়ে দিয়েছেন এটা কি ব্যবসায়ীদের একটা বিশেষ সুচতুর চক্রান্ত বলে মনে করেন?

Shri Prafulla Kanti Ghosh :

না। সরকার যদি সে কথা মনে করতেন তাহলে এই চক্রান্তকারীরা সহরের বাইরে থাকতো না, জেলের ভিতর থাকতো।

Shri Kanai Bhowmik :

আপনি যে সমস্ত সিদ্ধান্ত নিয়েছেন সে কি শুধু খাদ্যমন্ত্রী হিসাবে নিয়েছেন, না ক্যাবিনেটের অনুমোদনক্রমে নিয়েছেন?

Shri Prafulla Kanti Ghosh :

আমি খাদ্য দপ্তরটাকে এমন একটা বিশেষ দপ্তর বলে ভাবি যে যখনি কোন বিশেষ সিদ্ধান্তের কথা ভাবি তখন আমি মন্ত্রীসভার কাছে সেটা পেশ করি।

Shri Kanai Bhowmik :

এই সমস্ত ব্যবসায়ী যারা এটা বেশী দামে বিক্রি করছে তাদের সম্পর্কে আপনি এপর্যন্ত

কতজনকে জেলে দিয়েছেন এবং সঙ্গে সঙ্গে যে সব চাল কলের মালিকরা আপনাদের সঙ্গে কথার খেলাপ করেছেন, রাইস মিলের মালিকরা কথার খেলাপ করেছেন, তাদের বিরুদ্ধে কি স্টেপ নিয়েছেন?

Shri Prafulla Kanti Ghosh :

আমি চেয়েছিলাম যে আমার ফাইলটা বোধহয় এখানে আছে তাহলে আমি আপনাদের সবটাই বলতে পারবো বলে আশা করেছিলাম। আই সে সামথিং অন দি বেসিস অব দি ডকুমেন্ট। আমরা আজ পর্যন্ত—আজ পর্যন্ত বলতে ১৯-৪-৭৫, আমরা ফড়িয়া ধরেছি ১২ হাজার ৫৫ জন। তার মধ্যে কেস ইনিস্টিটিউট করা হয়েছে ৬৭৬১ জনের বিরুদ্ধে। আর আমরা আজকে মিল, ফাইনানশিয়ার, ফড়িয়া, হাসকিং, মেশিনের ওনার, এদের আমরা ধরেছি—ফাইনানশিয়ার ধরেছি ৩৫ জনকে, ফড়িয়া ধরেছি ঐ পরিপ্রেক্ষিতে ৮৩ জনকে, হাসকিং মেশিন ওনার ধরেছি ৮০ জনকে এবং এই মিলের মালিক এবং আদার্স তাদের ধরেছি আমরা আজ পর্যন্ত ২১২ জনকে।

[1-10—1-50 p.m.]

Shri Gautam Chakravartty :

মাননীয় মন্ত্রি মহাশয় বললেন যে ব্যবসায়ীদের সাথে কোন রকম চুক্তি হয়নি। কিন্তু যখন যুব সংঘের এবং যুব কংগ্রেসের ছেলেরা হোর্ডারদের মাল ধরে সাধারণ মানুষেদের মধ্যে বিলি করে দেবার চেষ্টা করেছিল, তখন বহু এম, এল, এ-র কাছে খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বলেছিলেন এই জিনিষ করবেন না আমরা হোর্ডারদের শায়েস্তা করব এবং তাঁরা একটা বিরাট ফিরিস্তি দিয়েছিলেন মাস্টার্ড তেলের এই দাম, অমুক অমুক ডালের এই দাম হবে, ব্যবসায়ীদের সাথে কথাবার্তা হয়েছিল। এটা কি সত্য?

Shri Prafulla Kanti Ghosh :

মাননীয় সদস্যর কথার প্রতিবাদ করতে আমার কুণ্ঠাবোধ হচ্ছে। তবে যখন একথা সমস্ত সদস্যের কাছে উপস্থিত করেছেন, তখন বিনীতভাবে বলি কোন সময়ে, কোন দামে আমরা বলে দিইনি। মুখ্যমন্ত্রী খাদ্যমন্ত্রীকে পাশে রেখেছিলেন এবং সঙ্গে সঙ্গে একথ নিবেদন রেখেছিলেন যে পশ্চিমবঙ্গের বাইরে থেকে জিনিষপত্র আসে, নূতন সরকার সজাগ আছেন এবং যে যে ব্যবস্থা করা সম্ভব তা আমরা করছি এবং আপনারা এই ধরণের কাজ করলে ভ্রাই হয়ে যেতে পারে এবং কোন কোন জায়গায় হয়ত অন্যায় অত্যাচার হয়ে যেতে পারে। আপনাদের কাছে মুখ্যমন্ত্রী নিবেদন রেখেছিলেন যেখানেই এই রকম খবর পাবেন আপনারা জানাবেন। পুলিশ দপ্তর এবং খাদ্য দপ্তরকে নির্দেশ দেওয়া আছে, জানালে সঙ্গে সঙ্গে তারা ইমিডিয়েট এ্যাকশন নেবেন।

Shri A. H. Besterwitch : Sir, if I am correct to understand the Food Minister he says that West Bengal does not produce any mustard seeds and so he used to get it from outside. Will the Hon'ble Minister be kind enough to say distinctly whether West Bengal produces mustard seeds or not ?

Shri Prafulla Kanti Ghosh : When I say that West Bengal does not produce mustard seeds I try to mean that West Bengal does not produce that quantity as we can procure and distribute through agencies.

Shri A. H. Besterwitch : When West Bengal produces mustard seeds and the producers sell it to the mills at 100 rupees per quintal, by that are you not encouraging the mill owners to raise the price.

Shri Prafulla Kanti Ghosh : By that the poor producers are also getting 100 rupees—that should be noted too.

Shrimati Geeta Mukhopadhyay :

খাদ্যমন্ত্রী মহাশয় একটু আগে মাননীয় একজন সদস্য-এর প্রশ্নের জবাবে বললেন—যাঁর চেয়েছিলেন পরে দিলেন না তাদের চক্রান্তকারী বলে তিনি মনে করেন না, আমি এর পরিপ্রেক্ষিতে জানতে চাইছি যারা তেল দিতে চেয়েছিলেন কিন্তু পরে দিলেন না, তাদের যখন তিনি চক্রান্তকারী বলে মনে করছেন না, তাহলে কি তাদের দেশপ্রেমিক বলে মনে করলেন, ব্যাপারটা কি দাঁড়াল?

Shri Prafulla Kanti Ghosh :

আমি একথা বলেছিলাম যে আমরা সবাইকে চক্রান্তকারী বলে মনে করিনি। তার মধ্যে যারা চক্রান্তকারী, মাননীয় সদস্যা জানেন যে আমরা শুধু তিনজনকে ধরিনি, লালবাজার থেকে কোমরে দড়ি বেঁধে কোর্ট পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছিল।

Shri Nandalal Banerjee :

মাননীয় খাদ্যমন্ত্রী স্বীকার করেছেন আজকে শুধু কলকাতা নয়, সারা পশ্চিমবঙ্গই ব্যবসায়ীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে, নিয়ন্ত্রণ বলে কিছু নাই, আমরা এই ব্যবসায়ীদের হাতেই ভিক্‌টিম হয়ে রয়েছি। একথা শুধু আমার কথা নয়, প্রতিটি মা-বোনের কথা যারা আমাদের এখানে প্রতিনিধি করে পাঠিয়েছেন, তাঁরা আজকে তাঁর কাছে এর জবাব চান।

Shri Prafulla Kanti Ghosh :

এটা কিন্তু ম্যাটার অফ ওপিনিয়ন। কোন কোন সদস্য এক রকমভাবে ভাবেন, আবার অন্যান্য সদস্যরা আর এক রকমভাবে ভাবেন।

(এ ভয়েস : আপনি কী ভাবেন?)

(গোলমাল)

Shri Sukumar Bandyopadhyay : Sir, I want to draw your kind attention to my admitted question No. 85. The question is very vital and relates to procurement for which we are all anxious. But we are putting so many supplementaries against one or two questions and our Hon'ble Minister-in-Charge is unnecessarily so much elaborate in giving replies to the supplementaries that I feel my turn will never come today. I want your protection, Sir.

Shri Pankaj Kumar Banerjee :

স্যার, গত ৩।৪ দিন ধরে দেখছি অনেকগুলো করে প্রশ্ন দেওয়া হচ্ছে, অথচ ৩।৪টীর বেশী প্রশ্ন আমাদের আলোচনার মধ্যে আসছে না। আমরা জনস্বার্থের খাতিরে এই প্রশ্নগুলি দিয়ে থাকি। এইভাবে চলতে থাকলে আমার সময় কোনদিন আসবে না। এ সম্পর্কে আপনার প্রোটেকশান প্রার্থনা করি এবং রুলিং প্রার্থনা করছি।

Mr. Speaker : If I get cooperation of the honourable members I can put the next question. Unfortunately members are more interested to a particular question. They do not want that other questions are put. So unless there is cooperation from the honourable members it is very difficult for the Chair to take up more questions. If you agree I can allow five minutes' time for a question and not more than that.

Shri Pankaj Kumar Banerjee :

ইভেন দ্যান দেয়ার আর ২৭ কোশ্চেন। এতগুলি প্রশ্নের উত্তর পাওয়া একদিনে সম্ভব নয়।

Mr. Speaker:

যে কোশ্চেনগুলি আমরা টেকআপ করতে পারছি না, তার একটা রিটিন এ্যানসার দি টেবিলে প্লেস করা হয়। যে প্রশ্নের উত্তর আমরা টেবিলে দিতে পারছি না, তা হেল্ড ওভার থাকছে পরবর্তীকালে উত্তর দেবার জন্য এবং পরে তার উত্তর আমরা দিচ্ছি। হয়ত ১০টা কোশ্চেনের উত্তর দিলাম—আর বাকী ১৭টীর এ্যানসার টেবিলে দিয়ে দিচ্ছি।

রাসায়নিক সারের মূল্য বৃদ্ধি

*৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০।) শ্রীগণেশ হাটুই: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমান বৎসরে সর্বপ্রকার রাসায়নিক সারের মূল্য গত বৎসরের তুলনায় অত্যধিক বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) এই রূপ অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণ কি; এবং
(২) তাহার প্রতিরোধ কল্পে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

Shri Abdus Sattar:

(ক) কেন্দ্রীয় সরকার ১৯৭৩ সালের ১০ই অক্টোবর হইতে সর্বপ্রকার রাসায়নিক সারের মূল্য বৃদ্ধি করিয়াছেন।

(খ) (১) সার উৎপাদনের জন্য যে সকল উপাদানের প্রয়োজন তাহাদের মূল্যবৃদ্ধি, উৎপাদন ব্যয় ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বৃদ্ধি ও বিশ্ববাজারে সারের অস্বাভাবিক মূল্য-বৃদ্ধি বর্তমান মূল্যবৃদ্ধির কারণ।

(খ) (২) কেন্দ্রীয় সরকার সারের মূল্য নিয়ন্ত্রণ করেন। রাজ্য সরকার ইতিমধ্যেই এই মূল্য বৃদ্ধিতে কেন্দ্রীয় সরকারের নিকট পুনর্বিবেচনা করার অনুরোধ জানাইয়াছেন এবং সারের মূল্য দরিদ্র চাষি ভাইদের ক্রয় ক্ষমতার মধ্যে নিয়ন্ত্রণ করার জন্য অনুরোধ করিয়াছেন।

Shri Ganesh Hatui:

এই যে পেট্রোলিয়াম থেকে ন্যাপথা উৎপাদন হয় এবং সেই ন্যাপথাকে সার উৎপাদনের উপাদান হিসেবে ব্যবহার করা হয়। আমার প্রশ্ন হচ্ছে কয়লা থেকে সার তৈরীর উপাদান ন্যাপথা তৈরীর কথা সরকার বিবেচনা করছেন কি?

Shri Abdus Sattar:

কোল বেসড ফার্টিলাইজার তৈরী করবার প্রস্তাব এখনো সরকারের বিবেচনাধীন নয়। আমরা এ্যাগ্রো-ইন্ডাস্ট্রিস কর্পোরেশনকে এই ব্যাপারে চিন্তা করতে বলেছি। তবে এই সম্পর্কে কোন স্পেসিফিক প্রেপোজাল বর্তমানে আমাদের সামনে নাই।

Shri Ganesh Hatui:

সিন্ধ্রী থেকে যে এ্যামোনিয়া সারের একশো কেজি বস্তা সাপ্লাই দেওয়া হচ্ছে, তা ওজন করলে দেখা যায় ১০ কেজি কম হয়, এই ১০ কেজি সর্টেজ কি চাষীরা বহন করবে?

Shri Abdus Sattar:

মাননীয় সদস্য যখন এটা আমার নোটীসে এনেছেন, এ ব্যাপারটা আমাকে লিখিতভাবে দেবেন। আমি সিন্ধ্রীকে লিখবো এইভাবে ১০ কেজি সর্টেজ রয়েছে।

Shri Ganesh Hatui :

সমস্ত সার যে এ্যাগ্রো মাধ্যমে এফ,সি,আই থেকে একশো কেজি বস্তা দেওয়া হচ্ছে তার কোন বস্তায় ৮৮ কেজি, কোন বস্তায় ৯০ কেজি এইভাবে দেওয়া হচ্ছে। এই যে সারের বস্তার ওজন কম হচ্ছে, লার্জ সাইজ কো-অপারেটিভ-এর মাধ্যমে সার দেওয়া হচ্ছে তারা ওজন করে দিচ্ছে না। যাতে ওজন করে দেওয়ার ব্যবস্থা হয়, তার জন্য কিছু আপনি করবেন কি?

Shri Abdus Sattar :

এই রকম কোন কমপ্লেন আমার কাছে আসেনি। লিখিত ভাবে আমাকে আপনি দিবেন আমি ব্যবস্থা গ্রহণ করবো।

[1-50—2-00 p.m.]

Shri Ananta Kumar Bharati :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আমি কলকাতার সদস্য এসব সম্বন্ধে আমার আইডিয়া নেই তবুও আমি মন্ত্রিমহাশয়ের এলাকায় রিসেন্টলি গিয়েছিলাম। বহরমপুরে আমি আমার বন্ধুর বাড়ী গিয়েছিলাম সেই বন্ধু আমায় প্রশ্ন করলো যে কত কেজিতে কুইন্টাল হয়? আমি বললাম সার সম্বন্ধে আমার কোন আইডিয়াই নেই। আমি তাকে বলতে তিনি বললেন যে এক কুইন্টালের বস্তায় ১০।১৫ কেজি সার কম থাকে। আরো একটা কম্পলেন করলেন যে ঐ সাদা একটা কি সার আছে আমি ঠিক নাম জানি না ইউরিয়া না কি তাতে নাকি ৫০ পারসেন্ট নুন মিশিয়ে বিক্রি হচ্ছে।

Shri Abdus Sattar :

এটা আমার পক্ষে বলা সম্ভব নয়। এটা তিনি জানতে পারবেন যারা এই ডেজাস দেয় এবং যিনি পেয়েছেন তাদের কাছ থেকে। ব্লাক মার্কেটিয়াররা হয়তো এরূপ করছে। তবে এরূপ যদি সন্ধান দিতে পারেন তাহলে আমি দেখবো।

Shri Nirmal Kumar Sinha :

মাননীয় মন্ত্রিমহাশয়, আমি এ্যাগ্রো ইনড্রাস্ট্রিস-এর ব্যাপারে খানিকটা জানি। আমি একটি শহরে গিয়েছিলাম সেখানে ডিলারশিপ বেকার যুবকদের দেওয়া হয়েছিল নাম হচ্ছে নারায়ন চন্দ্র দাস, নলহাটি। তাকে সার দেওয়া হয়েছে কিন্তু সেখানে গোডাউনের চার্জে যিনি আছেন তিনি, আগে লিখিয়ে নিচ্ছেন "রিসিভড ইন ফুল" আমি স্বচক্ষে দেখেছি। ২০ কেজি কি ১৮ কেজি সার দেওয়া হচ্ছে আর বলা হচ্ছে যে ১০০ কেজি। আমি বি,ডি,ও,-র কাছে কম্পলেন করেছি। এ ব্যবস্থা বন্ধ করবার জন্য কি করছেন?

Shri Abdus Sattar :

মাননীয় সদস্য যে প্রশ্ন রেখেছেন এটা আমাদের সকলেই দেখা উচিত। এখন প্রশ্ন হচ্ছে সারের বস্তা যদি ডিলারদের কাছ থেকে বার করে তাহলে ডিলার উইল বি হেল্ড রেসপনসিবিল ফর দ্যাট। আর যদি দেখা যায় বস্তা প্রতি কম হয়ে আসছে তখন ডিলারের পক্ষে সম্পূর্ণ মাল দিয়ে ডিলারের কারবার থাকবে না। প্রশ্ন হচ্ছে এটা করতে গেলে সমস্ত কিছু দেখতে হবে এবং তা বন্ধ করতে হবে। এই যে গোড়ায় গলদের কথা বলেছেন এক্স রেল হেড এ মাল নামছে সেখানে ডিলার যদি কম পায় তাহলে ডিলারকে এডজাস্ট করতে হবে এছাড়া অন্য কোন রাস্তা নেই। অথচ ডিলারকেও সে কমের জন্য দাম দিতে হয়, ডিলার না হলে মারা যাবে। ফলে যে গলদ আছে যে কথা বলেছেন, নিশ্চয়ই এ ব্যাপার নিয়ে অনুসন্ধান করে দেখবো যে দোষ কোথায়। নিশ্চয়ই দেখবো।

Shri Nandalal Banerjee :

মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে রেলওয়ে হেড রিসিপ্ট, রেল যদি কম দেয় তাহলে রেল তা বিচার করবে সুতরাং কম নিয়ে এতে ডিলাররা যারা পরের গ্রাহক তাদের ঠকানো হচ্ছে এ বিষয়ে কি হবে?

Shri Abdus Sattar :

আমি ঠকানোর প্রশ্ন বলছি না। প্রশ্ন হচ্ছে যিনি ডিলার তিনি যদি প্রত্যেক বস্তায় কম পান যেটা অভিযোগ করা হয়েছে তাহলে তার পক্ষে পুরন করা সম্ভব নয়। তখন বস্তা তিনি মেপে নেন না বস্তা সহই নেন। এটা যদি দাঁড়ায় যে প্রত্যেক বস্তায় কম তাহলে তার পক্ষে সম্ভব নয়। আপনারা যেটা বলেছেন সেটা যদি প্রথম দিকে ঠিক থাকে তাহলে হোলসেল ডিলার যিনি থাকেন; তিনি যেই হোন তিনি কেস সুড করতে পারেন। কিন্তু প্রশ্ন হচ্ছে এটা কোথায় হচ্ছে? রেলের জন্য হচ্ছে না অন্য কোন কারণে হচ্ছে সেটা দেখে নেওয়া দরকার সেটাই আমি বলবো।

Shri Susanta Bhattacharjee :

এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস্ গোডাউন থেকে একজন বেকার গ্রাজুয়েটকে ১০ টন সার দেওয়া হয়েছিল এবং সে দেখল প্রত্যেকটি বস্তায় এ্যাভারেজে ৮ কে, জি, থেকে ১০ কে, জি, সার কম রয়েছে। এটা ডিলার করছে তা বলছি না। এছাড়া আমাদের ওখানে দেখেছি এক নম্বর এবং দুনম্বর ব্লককে যে ..র দেওয়া হয়েছে তাতেও এ্যাভারেজে ৮ থেকে ১০ কে, জি, সার কম রয়েছে এবং তার ফলে বেকার যুবকরা বিপন্ন হয়ে পড়েছে এবং সারও ঠিকভাবে ডিসট্রিবিউসন করা যাচ্ছে না। আমার মনে হয় এ্যাগ্রো ইণ্ডাস্ট্রিস্ বা এফ, সি, আই যেখান থেকে এগুলি দেওয়া হচ্ছে সেখানেই গোলমাল রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই ব্যাপারটা অনুসন্ধান করে দেখবেন কি?

Shri Abdus Sattar :

আপনি যখন এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস্ কর্পোরেসনের কথা বললেন তখন যদি ডিলারের নাম দেন তাহলে ডাঃ জয়নাল আবেদিন, যিনি ইনচার্জ তিনি এনকোয়ারী করে দেখতে পারেন। আপনি যেটা কম বলছেন সেটা আমি বিশ্বাস করি তবে আমার মনে হয় এটা এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস্ থেকে হয়নি, অন্য কোথা থেকে হয়েছে। যা হোক, আপনি যদি কমপ্লেন দেন তাহলে নিশ্চয়ই এনকোয়ারী করা হবে।

Shri Khan Nasiruddin :

মন্ত্রিমহাশয় ওই সাদা সারে লবণ মেশানোর কথা যা শুনলেন সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি?

Shri Abdus Sattar :

এই সোর্সগুলি যদি কাইণ্ডলী আমাকে দেন তাহলে আমি দেখব। অনেক ক্ষেত্রে এ্যাকসন নেওয়া হয়েছে এবং আরও নেওয়া হবে।

কলিকাতায় স্টেডিয়াম নির্মাণ

***৬৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০০।) **শ্রীঅশ্বিনী রায় :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

কলিকাতায় স্টেডিয়াম নির্মাণ প্রকল্প বর্তমানে কোন পর্য্যায় আছে?

Shri Prafulla Kanti Ghosh:

স্টেডিয়াম প্রকল্প সরকার নীতিগতভাবে গ্রহণ করেছেন। এরূপ একটি বৃহৎ প্রকল্পের ব্যয় অন্যূন ৪ (চার) কোটি টাকা হবে। ব্যয়ভার বহন করার সমস্যা ছাড়াও মালমসলা সংগ্রহের সমস্যাও আছে। তাই প্রকল্পটি চূড়ান্ত রূপায়নের পূর্বে সরকারকে নানাদিক বিবেচনা করতে হবে। কিন্তু কলিকাতার ক্রীড়ামোদীদের ফুটবল খেলা দেখার সুবিধা দান সম্বন্ধে সরকার উদাসীন নন।

কলিকাতায় ক্রীড়ামোদীগণ অধিকসংখ্যক হারে মোহনবাগান ও ইস্টবেঙ্গল ক্লাবের খেলা দেখে থাকেন। এই দুইটি দলের খেলায়ই দর্শকদের ভিড়ের চাপ অত্যধিক। ক্রীড়ামোদীদের বর্তমান অবস্থায় খেলা দেখতে যাতে অসুবিধা না হয় সেজন্য একটি অন্তবর্তী পরিকল্পনা সরকার হাতে নিচ্ছেন। এই দুইটি ক্লাবের মাঠের প্রত্যেকটির বর্তমান আসন সংখ্যা ৩০,০০০ (কমবেশী) থেকে বাড়িয়ে ৫০,০০০ করার জন্য একটি প্রকল্প সত্বর রূপায়িত হবে।

Shri Supriya Basu:

এটা অত্যন্ত আনন্দের ব্যাপার যে সরকার নীতিগতভাবে স্টেডিয়াম করবেন ঠিক করেছেন। এই প্রসংগে মন্ত্রিমহাশয় অনেকগুলো কথা বললেন অর্থাৎ স্টেডিয়ামের কথা বললেন এবং তার সংগে সংগে ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের দর্শকের সংখ্যাও বললেন। আমার প্রশ্ন হচ্ছে এই স্টেডিয়ামের কথা নীতিগতভাবে যেটা স্বীকার করেছেন সেটা কি ধরনের স্টেডিয়াম করবার কথা ভাবছেন?

Shri Prafulla Kanti Ghosh:

আপনার প্রশ্নটা কিছুটা ভেগ। স্টেডিয়াম মানে স্টেডিয়াম। আজকে বিশ্বের বিভিন্ন দেশে যে রকম স্টেডিয়াম আছে সেই রকম স্টেডিয়ামই হবে এবং প্রশ্নকর্তা যখন একজন ক্রীড়াবিদ তখন উনি যে রকম স্টেডিয়ামের কথা ভাবছেন সেই রকম স্টেডিয়ামই হবে।

Shri Supriya Basu:

আমি একজন ক্রীড়াবিদ হিসাবেই জিজ্ঞাসা করছি, এই যে ৪কোটি টাকা খরচ পড়বে বললেন এই ৪ কোটি টাকা খরচ করে কি প্রকারের স্টেডিয়াম করার কথা ভাবছেন জানাবেন কি? আমরা জানি নানা রকম স্টেডিয়াম হতে পারে, যেমন, কম্পোজিট স্টেডিয়াম হতে পারে, ফুটবল স্টেডিয়াম হতে পারে, ইনডোর স্টেডিয়াম হতে পারে, ক্রিকেট স্টেডিয়াম হতে পারে। কাজেই জিজ্ঞাসা করছি এই টাকা খরচ করে তিনি কোন স্টেডিয়াম করার কথা ভাবছেন?

Shri Prafulla Kanti Ghosh:

এমন স্টেডিয়ামই হওয়া উচিত যেখানে ১ লক্ষের উপর দর্শক খেলা দেখতে পারে এবং যে স্টেডিয়ামে ফুটবল ছাড়া অন্য খেলাও সম্ভব হতে পারে। তবে মেইনলি যে স্টেডিয়ামের কথা ভাবা হচ্ছে সেটা ফুটবল স্টেডিয়াম। কোলকাতায় একটা ক্রিকেট স্টেডিয়াম রয়েছে।

Shri Supriya Basu:

আপনি এক লক্ষের লোকের বসার কথা ভাবছেন এবং সেটা লবণ হ্রদে হবে কিছুদিন আগে সেটা কাগজে দেখছিলাম। এটা কি কম্পোজিট স্টেডিয়াম তৈরীর কথা চিন্তা করছেন?

Mr. Speaker: The question hour is over.

Held over Starred Questions
(to which oral answers were laid on the table)

গ্রামাঞ্চলে ক্ষেতমজুরদের জন্য পূর্ণ রেশন ব্যবস্থা

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৫।) শ্রীনিতাইপদ সরকার: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রামাঞ্চলে ক্ষেতমজুরগণ খাদ্যাভাবে অর্ধাহারে দিনযাপন করিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, গ্রামাঞ্চলের উক্ত ক্ষেতমজুরগণকে পূর্ণ রেশনের আওতায় আনিয়া ন্যায্য মূল্যে চাউল ও গম সরবরাহের কোন পরিকল্পনা আছে কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) এইরূপ সংবাদ সম্পর্কে সরকার অবগত নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the table)

টায়ার বণ্টন

*৬৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬২।) শ্রী ফনিভূষণ সিংহ বাবু: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারী) পর্যন্ত জেলাওয়ারী কয়টি করিয়া টায়ার সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) উক্ত টায়ার কিসের ভিত্তিতে বিলি ব্যবস্থা করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) টায়ার সরবরাহ সংক্রান্ত কাজ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের উপর ন্যস্ত হইয়াছে ১৯৭২ সালের ১লা জুলাই হইতে। উক্ত তারিখের পূর্বের নথিপত্র ও প্রয়োজনীয় তথ্য পরিবহণ বিভাগে নাই। ১৯৭২-৭৩ সালের ১-৭-৭২ হইতে ৩১-৩-৭৩ পর্যন্ত এবং ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারী ১৯৭৪ পর্যন্ত) জেলাওয়ারী টায়ার সরবরাহের সংখ্যা নিম্নরূপ—

জেলা	১৯৭২-৭৩ (১-৭-৭২ হইতে ৩১-৩-৭৩)	১৯৭৩-৭৪ (১-৪-৭৩ হইতে ২৮-২-৭৪)
কলিকাতা ও ২৪-পরগণা	৪৮,০২৪	৬৭,৬৬১
হাওড়া ..	৯৪৯	১,৪৬৩
হুগলী ..	৩,২৭০	৬,২৬৯
নদীয়া ..	৬০৩	৬৮০
মুর্শিদাবাদ ..	২২৩	৪৬১
বর্ধমান ..	৫,৭১২	৮,৪৩৭
বাঁকুড়া ..	৬৭৮	১,০০০
পুরুলিয়া ..	৫০২	৮৪৩
মেদিনীপুর ..	১,৭০৫	২,৩৬৯
বীরভূম ..	২৩৭	৩৫৭
পশ্চিম দিনাজপুর ..	১৪৮	৩২৭
জলপাইগুড়ি ..	৮৫১	১,৪৫৬
দার্জিলিং ..	৪,৯৬৯	৮,৩৭৭
মালদহ ..	৪৩৩	৬৬৪
কুচবিহার ..	৮৭০	১,৪৫৯

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) চাউলের হিসাবে ৫,০০,০০০ মেঃ টন।

(খ) চাউলের হিসাবে ৭২,৫২৯ মেঃ টন।

(গ) ৩১।১।৭৪ পর্য্যন্ত ফুড কর্পোরেশন চালকলের উপর ধার্য্য লেভি বাবদ কিনেছিলেন ২৫,২৪৭ মেঃ টন চাল। ১১।২।৭৪ পর্য্যন্ত ঐ বাবদ কেনা হয়েছে ৩১,১৮৪ মেঃ টন চাল। চালকলের উৎপাদনের উপর ৬০ শতাংশ হারে লেভি ধার্য্য আছে। উৎপাদনের কয়েকদিনের মধ্যেই ফুড কর্পোরেশন লেভির চাল আদায় করে নিয়ে থাকেন।

বাগনান ২নং ব্লকের নিজস্ব অফিসঘর নির্মাণ

*৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৭।) শ্রীসুশান্ত ভট্টাচার্য্যঃ সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বাগনান ২নং ব্লকের নিজস্ব অফিসঘর নির্মানের কোন প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, ঐ প্রস্তাব কতদিনে কার্য্যকর করা হইবে?

সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) ল্যাণ্ড একুইজিসন্ প্রসিডিংস্ সমাপ্ত হইলে অফিসঘর নির্মাণ কার্য্য আরম্ভ করা হইবে।

রেজিঃ অফিসের কপিষ্টদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার দাবী

*৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৩।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেজিঃ অফিসের কপিষ্টদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোন দাবী-পত্র সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

বারগ্রাম ও কুড়চিবেড়িয়ার টিউবওয়েল নির্মাণ

*৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৪।) শ্রীশিশির কুমার সেনঃ স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭১ সালে প্রতি ব্লকের জন্য ১০টি করিয়া টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, সেই সমস্ত টিউবওয়েল বসানোর কাজ সম্পন্ন হইয়াছে কিনা; এবং

(গ) হাওড়া জেলার শ্যামপুর থানার (১) বারগ্রাম এবং (২) কুড়চিবেড়িয়ার টিউবওয়েল-গুলি এখনো না বসানোর কারণ কি?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) খনন ও পুর্নখনন মিলিয়ে মোট ১,৬৫৪টি জলউৎসের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ১৯৭২-৭৩ সালে কিছু জলউৎসের খনন ও পুনর্খননের কাজ সম্পন্ন হয়েছে। সেগুলির সঠিক হিসাব রাজ্য ইঞ্জিনিয়ারগণের কর্মবিরতির জন্য পাওয়া যায়নি।

(গ) শ্যামপুর থানার ঝাড়গ্রামে নলকূপ খননের কাজ সম্পূর্ণ হইয়াছে। কুড়চিবেড়িয়ার নলকূপ কূপ খননের কাজের তথ্য ইঞ্জিনিয়ারদের বর্তমান কর্মবিরতির জন্য পাওয়া যায়নি।

পুরুলিয়া জেলায় পাড়া ব্লক অফিস নির্মাণের জন্য জমি অধিগ্রহণ

*৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৪।) শ্রীশরৎ দাস: সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলায় পাড়া ব্লক অফিস নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ (ল্যান্ড রিকুইজিশন) করা হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) ভূমির পরিমাণ কত, (২) অধিগ্রহণের তারিখ কি, এবং

(গ) ঐ ব্লক অফিস নির্মাণের কাজ কতদিনের মধ্যে শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায়?

সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) ভূমি এ্যাকুইজিসন্ করা হইয়াছে।

(খ) (১) ১৫ একর।

(২) ১৯৬২ সালের ২৪ সেপ্টেম্বর ভূমির দখল লওয়া হইয়াছে।

(গ) ব্যয় সঙ্কোচের নিমিত্ত রাজ্য সরকারের এক আদেশ বলে গৃহনির্মাণ কার্য্য বন্ধ রহিয়াছে। উক্ত আদেশ প্রত্যাহৃত হইলে ব্লকটির অফিস-গৃহ নির্ম্মাণ কার্য্য আরম্ভ করা যাইতে পারে।

ব্লক ভিত্তিক কৃষিকার্য স্থাপন

*৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩২।) শ্রীগৌতম চক্রবর্তী: কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের ব্লকগুলিতে এগ্রিকালচারাল ফার্ম স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, কবে থেকে উহাদের কাজ শুরু হইবে; এবং

(গ) বর্তমানে বৎসরে গড়ে কত উচ্চ ফলনশীল বীজ (ধান, গম) পশ্চিমবাংলার জন্য প্রয়োজন?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) অদূর ভবিষ্যতে ব্লকগুলিতে কোনরূপ এগ্রি-কালচারাল ফার্ম সংস্থাপন করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) উচ্চ ফলনশীল ধান ও গম বীজের চাহিদা পশ্চিমবাংলায় বিভিন্ন বৎসরের বিভিন্ন-প্রকার হইয়া থাকে; বর্তমান বৎসরে ১৯৭৪-৭৫ আনুমানিক চাহিদার হিসাব নিম্নে প্রদত্ত হইল:—

(১)	আউস ধান বীজ	—	১০,০০০ মেট্রিক টন
(২)	আমন ধান বীজ	—	৩০,০০০ „
(৩)	বোরো ধান বীজ	—	৩০,০০০ „
(৪)	গম বীজ	—	৫৮,০০০ „

দুগ্ধ উৎপাদনের পরিমাণ

*৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩০।) **ডাঃ শক্তিকুমার ভট্টাচার্য্য ঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে দুগ্ধ উৎপাদনের ব্যাপক পরিকল্পনা গৃহীত হইয়াছিল;

(খ) সত্য হইলে, ১৯৭২-৭৩ সালে সরকারী দুগ্ধ প্রকল্পগুলিতে মোট কত লিটার দুগ্ধ উৎপাদন হইয়াছিল;

(গ) উক্ত উৎপাদন পূর্বতন বৎসরগুলির তুলনায় কম কিনা; এবং

(ঘ) কম হইয়া থাকিলে, উহার কারণ কি?

পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৭২-৭৩ সালে ৫,৯৮,৫১,৯৩২ লিটার দুগ্ধ উৎপাদন হইয়াছে।

(গ) কম নয়।

(ঘ) প্রশ্নই ওঠে না।

তারকেশ্বরে পানীয় জল সরবরাহের ব্যবস্থা

*৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫০।) **শ্রীবল্লাইলাল শেঠ ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার তারকেশ্বরে পানীয় জল সরবরাহের কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, কত দিনের মধ্যে উহার কাজ শুরু হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Appointment of Official Trustee

*670. (Admitted question No. *2179.) **Shri George Albert Wilson-de-Roze :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether any substantive appointment has been made to the post of Official Trustee, West Bengal ;

(b) if not,

(i) the reasons thereof ; and

(ii) the arrangements made for discharge of the duties of the Official Trustee ; and

(c) whether the Government is considering any proposal for appointment of some eminent member of the legal profession to the post ?

Minister-in-charge of the Judicial Department :

(a) No.

(b)(i) The post was duly advertised but no suitable candidate having been found from the persons who applied for the post in response to the above advertisement, the post has been advertised once again inviting applications from other qualified persons.

(b)(ii) Shri B. K. Dutta, Deputy Secretary, Judicial Department, who is a member of the West Bengal Civil Services (Judicial) of more than ten years' standing and who is qualified to hold the post, has been discharging the duties of the A. G. and O. T., West Bengal, in addition to his own duties, pending appointment of a suitable person in the regular way to the post.

(c) If any eminent member of the legal profession of the required standing applies for the post in response to the advertisement, Government will consider his case for appointment in due course.

জল পরিবহণ দপ্তরে লঞ্চ

*৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯২)। শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবংগ সরকারের জল পরিবহণ দপ্তরের কয়টি লঞ্চ আছে;

(খ) এই লঞ্চগুলির রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য নিজস্ব কোন কারখানা এবং ডক-ইয়ার্ড আছে কিনা; এবং

(গ) থাকিলে সব লঞ্চগুলিই ঐখানে মেরামত হয় কিংবা অন্য কোন সংস্থাকে মেরামতের দায়িত্ব দেয়া হয়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) ২১টি।

(খ) হ্যাঁ, একটি ছোট ডকইয়ার্ড আছে।

(গ) সব ধরণের লঞ্চগুলির ছোটখাট মেরামত এবং ছোট লঞ্চগুলির সবরকম মেরামত ডকইয়ার্ডে হয়। ভারত সরকারের সংস্থা সেণ্ট্রাল ইন্‌ল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট করপোরেশন লিঃ বড় লঞ্চগুলি মেরামত করে। ঐ সংস্থা অপারগ হইলে টেণ্ডার আহ্বান করিয়া অন্য সংস্থাকে মেরামতের ভার দেওয়া হয়।

ব্লকের পুনর্বিন্যাস

*৬৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮১)। শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়: কৃষি এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি ব্লক আছে;

(খ) এই ব্লকগুলির পুনর্বিন্যাস করার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কি ভাবে; এবং

(গ) হুগলী জেলায় একাধিক থানা নিয়ে গঠিত ব্লককে ভেঙ্গে দুটি ব্লকে পরিণত করার কোন প্রস্তাব সরকারের আছে কি?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) পশ্চিমবঙ্গে বর্তমানে ৩৩৫টি ব্লক আছে।

(খ) আছে; ১৯৭১ সালের আদম সমারীর জনসংখ্যার ভিত্তিতে।

কালীগঞ্জ বি.ডি.ও-র হেফাজত হইতে জল সরবরাহের সরঞ্জাম চুরি

*৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৪।) শ্রীশিবশংকর বন্দোপাধ্যায়ঃ স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলার কালীগঞ্জ থানার বি, ডি, ওর হেফাজতে রক্ষিত পানীয় জল সরবরাহের প্রচুর সরঞ্জাম সরকারী গুদাম হইতে চুরি গিয়াছে;

(খ) সত্য হইলে, কবে এই ঘটনা সংঘটিত হইয়াছে;

(গ) এই চুরির জন্য কে বা কাহারা দায়ী তাহা নির্ধারণের ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(ঘ) চুরি যাওয়ার ফলে যে সব এলাকায় উক্ত টিউবওয়েলগুলি বসানোর কথা ছিল সেই সমস্ত এলাকায় টিউবওয়েল বসানো হইবে কিনা এবং হইলে কবে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) নিম্নলিখিত সরঞ্জামাদি চুরি গেছে ঃ—

২২টি ১½ ইঞ্চি ব্যাস জি. আই. পাইপ ; ১৬টি ১½ ইঞ্চি ব্যাস স্ট্রেনার,; ৪সেট হাত পাম্প (৬নং সাইজ) ও ২টি ১½ কাটার।

(খ) ২৮।২।৭৪ তারিখে চুরির ঘটনাটি প্রথম জানা যায়।

(গ) হ্যাঁ, পুলিশে যথারীতি সংবাদ দেওয়া হয়েছে এবং নদীয়া মহকুমা শাসক (নর্থ)-কে এই ব্যাপারে অনুসন্ধান করতে নদীয়া জেলা শাসক নির্দেশ দিয়েছেন।

(ঘ) পুনরায় নলকূপের পাইপ ইত্যাদি সরবরাহ পাওয়া সাপেক্ষে ঐ সব এলাকায় নলকূপ বসানো হবে।

রেশন দোকান মারফৎ আতপ ও নিম্নমানের চাউল সরবরাহ

৬৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬।) শ্রীনিতাইপদ সরকারঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতা ও অন্যান্য স্থানে সম্বৎসর রেশন দোকান মারফৎ যে চাউল সরবরাহ করা হইয়া থাকে উহার অধিকাংশই আতপ এবং নিম্নমানের;

(খ) সত্য হইলে, রেশনে উচ্চ মানের এবং সিদ্ধ চাউল সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) পশ্চিম বাংলার সিদ্ধ চালের অপ্রতুলতার জন্য বিধিবদ্ধ রেশনিং এলাকাসহ রাজ্যের সর্বত্রই সরকারী বন্টন ব্যবস্থার মাধ্যমে রেশন দোকান মারফৎ অধিকাংশ সময় কেন্দ্রীয় ভাণ্ডার হইতে প্রাপ্ত পশ্চিম বাংলার বাহিরের আতপ চাল সরবরাহ করা হইয়া থাকে। এই চালের মান সম্পর্কিত জনসাধারণের অভিযোগ সম্বন্ধে সরকার অবহিত আছেন।

(খ) পশ্চিম বাংলায় সংগৃহীত সিদ্ধ চাল এবং সংগৃহীত ধান হইতে উৎপন্ন সিদ্ধ চালের সবটাই রাজ্যের সরকারী বন্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করা হয়। সিদ্ধ চালের অপ্রতুলতার জন্য প্রত্যেক সপ্তাহে ইহা দেওয়া সম্ভবপর হয় না, তবে মজুত মালের পরিমাণ সাপেক্ষে মাঝে মাঝে সিদ্ধ চাল সরবরাহ করা হইয়া থাকে।

যাহাতে মোটামুটি ভাল মানের এবং সিদ্ধ চাল সরবরাহ করা সম্ভবপর হয় তাহার জন্য সরকার যেযে ব্যবস্থা গ্রহণ করিয়াছেন তাহা হইল—

(১) সরবরাহের পূর্বে চালের মান পরীক্ষার উদ্দেশ্যে ফুড্ কর্পোরেশনের যে সব গুদাম হইতে সরকারী বন্টন ব্যবস্থার মাধ্যমে চাল সরবরাহ করা হয়, সেইসব গুদামে

সরকারী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে। পরন্তু রেশন দোকানের মালিকগণকেও সরবরাহ লইবার সময় চালের মান পরীক্ষা করিয়া লইবার জন্য নির্দেশ দেওয়া আছে।

(২) ফুড্ কর্পোরেশনকে নির্দেশ দেওয়া আছে যে যদি কোন চালের মান মোটামুটি ভাল মান (এফ, এ, কিউ) অপেক্ষা নিকৃষ্ট হয় তাহা হইলে ঐ চাল যেন উত্তমরূপে ঝাড়াই, বাছাই ও পরিষ্কার করিয়া উপযুক্ত মানে উন্নীত করিবার পর সরবরাহ করা হয়।

(৩) ফুড্ কর্পোরেশনের মাধ্যমে যাহাতে উন্নত মানের বাংলার বাহিরের চাল পশ্চিম বাংলায় আসে, তাহার ব্যবস্থা করিবার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে। পাঞ্জাব, হরিয়ানা ও মধ্য প্রদেশের চালকলগুলি যাহাতে তাহাদের যন্ত্রপাতি বদলাইয়া আতপের পরিবর্তে সিদ্ধ চাল তৈয়ারী করে সেইজন্য কেন্দ্রীয় সরকার কুইন্টাল প্রতি ২ টাকা অতিরিক্ত দামও গত বৎসর হইতে মঞ্জুর করিয়াছেন।

(৪) রাজ্যের অভ্যন্তরে লেভীর মাধ্যমে সরকারী ধান ও চাল সংগ্রহ ব্যবস্থা এবং মজুত উদ্ধার অভিযান জোরদার করার বিষয় সরকার সচেষ্ট আছেন।

পুরুলিয়া জেলায় রিভার লিফ্‌ট ইরিগেশন

*৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৩।) শ্রীরূপ সিং মাঝিঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পুরুলিয়া জেলাতে ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সনে রিভার লিফ্‌ট ইরিগেশন পরিকল্পনাতে কয়টি পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছে;

(খ) যেগুলি মঞ্জুর করা হইয়াছে তম্মধ্যে কয়টি পরিকল্পনার কাজ সম্পূর্ণ হইয়াছে;

(গ) যে পরিকল্পনাগুলি সম্পূর্ণ হয় নাই তাহার কারণ কি; এবং সেইগুলি কবে নাগাদ রূপায়িত হইবে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) ১৯৭২-৭৩ সালে পুরুলিয়া জেলায় মোট ১৩টি নদীসেচ প্রকল্প মঞ্জুর করা হইয়াছিল এবং ১৯৭৩-৭৪ সালে কোন প্রকল্প মঞ্জুর করা হয় নাই;

(খ) ১৯৭২-৭৩ সালে ৬টি এবং ১৯৭৩-৭৪ সালে ৪টি প্রকল্পের কাজ সম্পূর্ণ হইয়াছে।

(গ) ইঞ্জিনিয়ারদের কর্মবিরতির জন্য ১৯৭৩-৭৪ সালে বাকী ৩টি প্রকল্পের কাজ সম্পূর্ণ করা সম্ভব হয় নাই;

(ঘ) ১৯৭৪-৭৫ সালে এই প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

খোলাবাজারে ধান ও চালের মূল্য বৃদ্ধি

*৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৭।) শ্রীরবীন্দ্র নাথ বেরাঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বিভিন্ন জেলায় খোলা বাজারে ধান ও চালের দাম কত; এবং

(খ) খোলা বাজারে ধান ও চালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধ করবার কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ৬।৩।৭৪ তারিখে চাল ও ধানের দর ছিল ঃ—

		চাল (কিলোগ্রাম প্রতি)	ধান (কুইন্টাল প্রতি)
বর্ধমান	..	১'৯৮ টাঃ থেকে ২'৬৮ টাঃ	১১৮'৩৩ টাঃ থেকে ১২৮'৫০ টাঃ
বীরভূম	..	১'৫১ টাঃ থেকে ১'৬৫ টাঃ	৭৩'০০ টাঃ
বাঁকুড়া	..	১'৫৮ টাঃ থেকে ১'৮৭ টাঃ	৮৬'৬০ টাঃ থেকে ৯৫'০০ টাঃ
মেদিনীপুর	..	১'৭৫ টাঃ থেকে ২'৭৭ টাঃ	৯০'০০ টাঃ থেকে ১৩১'২০ টাঃ
পশ্চিম দিনাজপুর	..	১'৫০ টাঃ থেকে ১'৯৮ টাঃ	৯০'৮০ টাঃ থেকে ১০২'০০ টাঃ
মালদহ	..	২'৩১ টাঃ থেকে ২'৪৬ টাঃ	১৪৭'১১ টাঃ
কোচবিহার	..	১'৯৫ টাঃ থেকে ২'৮০ টাঃ	১২৫'০০ টাঃ থেকে ১৫০'০০ টাঃ
নদীয়া	..	২'৫৪ টাঃ থেকে ৩'০৭ টাঃ	লেনদেন হয় নাই।
হুগলী	..	২'৭৫ টাঃ থেকে ৩'৩৫ টাঃ	১৬০'০০ টাঃ
হাওড়া	..	৩'৩২ টাঃ থেকে ৩'৩৫ টাঃ	১৫৪'০০ টাঃ
দার্জিলিং	..	২'৩৯ টাঃ থেকে ২'৯৫ টাঃ	লেনদেন হয় নাই।
২৪-পরগণা	..	২'০৫ টাঃ থেকে ৩'২৫ টাঃ	১৩৮'০০ টাঃ থেকে ১৭০'০০ টাঃ
মুর্শিদাবাদ	..	১'৮০ টাঃ থেকে ২'৩২ টাঃ	১০৩'৩৩ টাঃ থেকে ১৩৫'০০ টাঃ
জলপাইগুড়ি	..	২'১৪ টাঃ থেকে ২'৬০ টাঃ	১৪৬'৬৭ টাঃ
পুরুলিয়া	..	২'১০ টাঃ থেকে ২'১৯ টাঃ	লেনদেন হয় নাই।

(খ) খোলা বাজারে ধান ও চালের দাম কমাইবার জন্য সরকারী বন্টন ব্যবস্থার মাধ্যমে যথাসম্ভব দরিদ্রতম শ্রেণীগুলিকে চাল ও গম সরবরাহ করা প্রয়োজন। এইজন্য কেন্দ্রীয় ভাণ্ডার হইতে প্রতি মাসে ন্যূনতম ৪০,০০০ টন চাল এবং ১,২০,০০০ টন গমের প্রয়োজন। ঐ হারে সরবরাহ করিবার জন্য কেন্দ্রীয় সরকারকে বারংবার অনুরোধ করা হইতেছে। আভ্যন্তরীণ সংগ্রহ ব্যবস্থাও জোরদার করা হইতেছে।

আংশিক রেশন এলাকায় রেশন কার্ডে সরবরাহকৃত চাল ও গমের পরিমাণ

*৬৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৮।) **শ্রীমহঃ দেদার বক্স ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আংশিক রেশন এলাকায় বিভিন্ন শ্রেণীর রেশন কার্ডে বর্তমানে কি পরিমাণ গম ও চাল দেওয়া হচ্ছে; এবং

(খ) উক্ত রেশনে গম ও চালের পরিমাণ বাড়ানর কোন পরিকল্পনা সরকারের আছে কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি ঃ (ক) পশ্চিম বাংলার সংশোধিত রেশন এলাকায় 'ক' ও 'খ' শ্রেণীর কার্ড হোল্ডারদের সপ্তাহে মাথা পিছু চাল বন্টনের নির্ধারিত হার ৭০০ গ্রাম এবং দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলি ও বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকার সন্নিহিত অঞ্চলের সর্বশ্রেণীর কার্ড হোল্ডারদের ক্ষেত্রে ঐ হার ৭৫০ গ্রাম। ইহা ব্যতীত সর্বশ্রেণীর কার্ড হোল্ডারদের ক্ষেত্রে গম। গমজাতদ্রব্য বন্টনের নির্ধারিত হার ১,২০০ গ্রাম। অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে হারের পরিমাণ সর্বক্ষেত্রেই উক্ত হারের অর্ধেক।

যদিও বন্টনের ঐ সব হারগুলি বর্তমান, কেন্দ্রীয় ভাণ্ডার হইতে চাল ও গমের বরাদ্দ স্বল্প পরিমাণে হ্রাস হওয়ায় সংশোধিত রেশন এলাকায় নির্ধারিত বন্টনের হারের পরিবর্তে প্রাপ্যতা অনুসারে চাল এবং গম/গমজাত দ্রব্য বন্টন করা হয়।

(খ) রেশনে গম ও চালের পরিমাণ বাড়ানর পরিকল্পনা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় ভাণ্ডার হইতে খাদ্য-শস্যের প্রাপ্যতা এবং আভ্যন্তরীণ সংগ্রহের উপর নির্ভর করে।

বিধিবদ্ধ রেশন এলাকায় মাইলো সরবরাহ

*৬৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২০।) শ্রীঅমলেশ জানা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধিবদ্ধ রেশন এলাকায় রেশন মারফৎ মাইলো সরবরাহ করা হয় কিনা;

(খ) না হইলে, উহার কারণ কি; এবং

(গ) শুধুমাত্র গ্রামাঞ্চলের মানুষদের জন্য এই মাইলো বরাদ্দের কারণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) এবং (খ) বিধিবদ্ধ রেশন এলাকায় নির্ধারিত হারে চাল এবং গম সরবরাহ করা হইতেছে। সেহেতু মাইলো সরবরাহ করা হয় না।

(গ) অপ্রতুলতার জন্য সংশোধিত রেশন এলাকায় নির্ধারিত হারে চাল এবং গম সরবরাহ করা সম্ভব হইতেছে না। সেই কারণে কোন কোন স্থানে যাঁহারা মাইলো লইতে ইচ্ছুক তাঁহাদের ইহা সরবরাহ করা হইয়া থাকে।

Flour Mills

*685. (Admitted question No. *1500) **Shri Birendra Bijoy Malla Deb:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of flour mills that received approval from the Government during the years 1972-73 and 1973-74;

(b) the progress of work with the names of places where construction of Flour Mills started;

(c) when the Flour Mills will start functioning; and

(d) the action taken or proposed to be taken by the Government to set up more flour Mills to step up production of flour?

Minister-in-charge of the Food and Supplies Department—

(a) Permission was accorded for installation of 7 flour mills in the small scale sector during the year 1972-73. No permission was, however, granted during 1973-74.

(b) The detailed particulars in this respect are—

	Places of installation	Progress of work
1.	Sainthia, Birbhum District.	Satisfactory.
2.	Bankura, Bankura District.	Not satisfactory for want of building materials.
3.	Siliguri, Darjeeling District.	Satisfactory.
4.	Berhampore, Murshidabad District.	Satisfactory.
5.	Raiganj, West Dinajpur District.	Satisfactory
6.	Krishnagar, Nadia District.	Not satisfactory for want of building materials.
7.	Purulia, Purulia District.	Not satisfactory for want of building materials.

(c) In the cases of the mills at Siliguri and Purulia, time has been allowed for completion by 30th April, 1974 and for the remaining units 30th June, 1974. As soon as the mills are completed and licences issued in their favour, they will be ready for functioning.

(d) The present position of supply of wheat from the Central pool being far below the State's requirements and local wheat production being still very small the existing flour mills are working below capacity. The Government has, therefore, decided that with the present scale of Central supply no increased commitments by way of setting up more flour mills in the State should be undertaken.

[2-00—2-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-charge of the Health Department will please make a statement on the subject of installation of generators of electricity in hospitals

(Attention called by Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shr. Narayan Bhattacharya, Shri Sarat Chandra Das and Shri Monoranjan Pramanik on the 18th April, 1974)

Shri Ajit Kumar Panja :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বশ্রী কাশীনাথ মিশ্র, আবদুল বারি বিশ্বাস, মনোরঞ্জন প্রামানিক, নারায়ণ ভট্টাচার্য্য ও শরত চন্দ্র দাস মহাশয়গণের দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি একথা বলতে চাই একথা সত্য যে বর্তমানে অনির্ধারিত লোডশেডিং-এর ফলে শহর, শহরতলির এবং জেলা ও সদর হাসপাতালগুলি অনেক সমস্যার সম্মুখীন হচ্ছে। হাসপাতালগুলিতে নানা ধরণের ইলেকট্রো-মেডিকেল যন্ত্রপাতি, চিকিৎসা, অপারেশন ইত্যাদি কাজ ব্যবহৃত হয়। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে এগুলি অকেজো হয়ে পড়ে। ফলে, চিকিৎসা ব্যবস্থা ব্যাহত হয় এবং বিশেষ করে অপারেশনের কাজে বাধা সৃষ্টি হয়।

লোডশেডিং থেকে উদ্ভূত সমস্যার মোকাবিলার জন্য কয়েকটি জেলা হাসপাতালে ডিজেল জেনারেটার স্থাপনের একটি পরিকল্পনা ইতিমধ্যেই বিবেচনা করা হয়েছে। দেখা গেছে যে খুবই ব্যয়বহুল। পুরো হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ করতে গেলে হাসপাতাল-প্রতি খরচ পড়বে এককালীন ৮ থেকে ১০ লক্ষ টাকা এবং পরিচালন-ব্যয় পড়বে বার্ষিক এক থেকে সওয়া লক্ষ টাকা। শুধুমাত্র অপারেশান থিয়েটার এবং ব্লাড ব্যাংকে বিদ্যুৎ সরবরাহ করতে হলে হাসপাতাল-পিছু খরচ পড়বে এককালীন প্রায় ৩ লক্ষ টাকা এবং পরিচালনা বাবদ বছরে ৬৫ থেকে ৭৫ হাজার টাকা।

৩। আর্থিক অনটনের জন্য একসাথে সমস্ত হাসপাতালে ডিজেল জেনারেটার সেট বসান সম্ভব হবে না। ইতিমধ্যেই বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালের গোবিন্দ নগর এবং লোকপুর ইউনিটে জেনারেটার বসান হয়েছে। দার্জিলিং জেলা হাসপাতালে জেনারেটার বসানোর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৪। হাসপাতালগুলিকে লোডশেডিং-এর আওতা থেকে বাইরে রাখার জন্য ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেসান এবং ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে অনুরোধ করা হচ্ছে।

খবর নিয়ে জানা গিয়েছে এস, এস, কে, এম, হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল আর, জি, কর, মেডিকেল কলেজ হাসপাতাল প্রভৃতি বড় বড় হাসপাতালের গুরুত্ব বিবেচন করে সরবরাহ বজায় রাখবার জন্য ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেসান বিশেষ ব্যবস্থা করেছেন, যার ফলে এই সব হাসপাতালে লোডশেডিং হচ্ছে না বা খুব কম হচ্ছে।

Mr. Speaker : I have received 30 notices of Calling Attention on the followin subjects, namely :—

1. Fair price for jute—from Shri Md. Dedar Baksh.

2. Scarcity of essential commodities in rural Bengal—from Shri Md. Deda Baksh and Shri Nrisinha Kr. Mondal.

3. Supply of ration to the 'A' class ration card holders—from Shri Md. Deda Baksh and Shri Nrisinha Kr. Mondal.

4. Ceiling on urban property—from Shri Md. Dedar Baksh and Shri Nrisinha Kr. Mondal.

5. Disruption in power production at Durgapur—from Shri Md. Dedar Baksh, Shri Nrisinha Mondal, Shri Asamanja De and Shri Kashinath Misra.

6. Selling of child and commission of suicide in rural Bengal for want of food—from Shri Ganesh Hatui.

7. Non-fulfilment of ration quota in the modified rationing area of Serampore Subdivision—from Shri Ganesh Hatui.

8. Naxalite activities in Calcutta and West Bengal—from Shri Md. Safiullah.

9. Drive against spurious drugs in Calcutta—from Shri Md. Safiullah and Shri Basudeb Hazra.

10. Disruption in gas supply in Calcutta and industrial belts—from Shri Md. Safiullah, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Dr. Motahar Hossain and Shrimati Mira Mitra.

11. Surreptitious removal of five lakhs rupees worth of petrol from Barauni-Haldia pipeline near Asansol—from Shri Md. Dedar Baksh, Shri Nrisinha Kr. Mondal, Shri Sukumar Bandyopadhyay, Shri Triptimoy Aich, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

12. Non-removal of salt from ships affecting distribution and price in rural and urban Bengal—from Shri Md. Dedar Baksh and Shri Nrisinha Mandal.

13. Three telephone exchanges of Calcutta that are completely out of commission due to power crisis—from Shri Md. Dedar Baksh, Shri Nrisinha Kr. Mandal, Shri Asamanja De and Shri Kashinath Misra.

14. Proposed hunger-strike by the headmasters on the 26th April, 1974—from Shri Md. Dedar Baksh and Shri Nrisinha Kr. Mandal.

15. High price and blackmarket of kerosene, bread and salt in rural areas—from Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Dr. Motahar Hossain, Shrimati Mira Mitra, Shri Md. Safiullah, Shri Sukumar Bandyopadhyay, Shri Triptimoy Aich, and Shri Kashinath Misra.

16. High price of manure in rural parts—from Shri Md. Safiullah, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Dr. Motahar Hossain and Shrimati Mira Mitra

17. Dacoity at Debanandapur in Hooghly district—from Shri Md. Safiullah, Shri Ganesh Hatui, Shri Bhawani Prosad Sinha Roy and Shri Mahadeb Mukherjee.

18. Acute food scarcity in Midnapore district—from Shri Hemanta Dutta.

19. Adulteration of food and medicine and arrest of persons found guilty—from Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Sarat Chandra Das.

20. T. R. and G. R. for people of Bankura—from Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

21. Acute scarcity of drinking water in Purulia and Bankura– from Shri Kashinath Misra, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali, Shri Sukumar Bandyopadhyay and Shri Abdul Bari Biswas.

22. Disruption caused by work-to-rule policy of State Electricity Board employees —from Shri Kashinath Misra, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Madhusudan Roy, Shri Md. Idris Ali, Shri Sukumar Bandyopadhyay and Shri Abdul Bari Biswas.

23. Acute food crisis in Purulia, Bankura and other rural areas—from Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali, Shri Madhusudan Roy, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Abdul Bari Biswas.

24. Failure of rationing system in Nadia, Bankura and Purulia—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

25. Indoor stadium at Eden Gardens—from Shri Kashinath Misra, Shri Balai Lal Sheth, Shri Bhawani Prosad Sinha Roy, Shri Debabrata Chatterjee, Shri Krishnapada Roy, Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali, Shri Sukumar Bandyopadhyay and Shri Abdul Bari Biswas.

26. Coal shortage in West Bengal—from Shri Kashinath Misra, Shri Balai Lal Sheth, Shri Bhawani Prosad Sinha Roy, Shri Debabrata Chatterjee, Shri Krishnapada Roy, Shri Sarat Chandra Das, Shri Madhusudan Roy, Shri Md. Idris Ali, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Asamanja De.

27. Reported gross irregularities in the administration of the University of Kalyani—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

28. Reported continuous strike by Calcutta Corporation employees on and from 22nd May, 1974—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

29. Reported arrest of a gang of dacoits at Shyamnagar on 22nd April, 1974—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

30. Artificial crisis and acute malpractice in supply of coal affecting industrial production—from Shri Sukumar Bandyopadhyay Shri Triptimoy Aich, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

[2-10—2-20 p.m.]

I have selected notices Nos. 26 and 30 both dealing with same subject, viz., coal shortage in West Bengal and artificial crisis and acute malpractice in supply of coal affecting industrial production, which should be taken together,—from Shri Kashinath Misra, Shri Balai Lal Sheth, Shri Bhawani Prosad Sinha Roy, Shri Debabrata Chatterjee, Shri Krishnapada Roy, Shri Sarat Chandra Das, Shri Madhusudan Roy, Shri Mohammad Idris Ali, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Asamanja De and Shri Triptimoy Aich.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

Shri Gyan Singh Sohanpal : The statement will be made on Friday, the 26th.

Mention cases

Shri Sukumar Bandyopadhyay :

স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিনের পর দিন বিধানসভার মধ্যে আমরা যে সমস্ত কাগজপত্র পাচ্ছি সেই সমস্ত কাগজপত্র এখন পর্যন্ত সরকারী ছাপাখানা থেকে ছেপে আনা সম্ভবপর হচ্ছে না। গত কয়েকদিন ধরে মাননীয় সদস্য মহাশয়রা এ বিষয়ে উদ্বেগ এবং উৎকণ্ঠা প্রকাশ করছেন। আজকে সংবাদপত্রে দেখলাম সরকারী ছাপাখানার যে সমস্ত কর্মচারী আছেন, যারা আজকে বিধানসভার প্রয়োজনীয় কাগজপত্র মুদ্রণ করতে অসমর্থ, তাদের চিত্ত বিনোদনের জন্য নটী-বিনোদিনী দেখার ব্যবস্থা করেছেন এবং তার জন্য অনেক বিরাট এক প্যাণ্ডেল তৈরী করা হচ্ছে। কয়েকদিন আগে এও শুনলাম কয়েকজন মুক বধির কর্মচারী তারা সেখানে কাজে যোগদান করতে গিয়েছিলেন তাদের বাধা দেওয়া হয়েছে সি, পি, এম, ইউনিয়ন থেকে, অতএব ছাপাখানার কাজ হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি না আজকে এই সংকট নিরশনের দায়িত্ব কোন্ মন্ত্রীর উপর বর্তায়--যে সমস্ত মন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন তাদের কারো উপর বর্তায় কিনা আমি জানি না। কিন্তু গতকাল যখন উদ্বেগ এবং উৎকণ্ঠা নিয়ে আপনাকে প্রশ্ন করেছিলাম তখন পরিষদীয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী জ্ঞান সিং সোহনপাল বলেছিলেন, তিনি এই বিষয়ে আপনার সংগে কথাবার্তা বলবেন, আলাপ আলোচনা করবেন। আজকে আমরা বিধানসভার সভ্যারা জানতে চাই পরিষদীয় মন্ত্রী আপনার সাথে কি কথা বার্তা করেছিলেন এবং কি আলাপ আলোচনা করেছিলেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বহুদিন থেকে বলে আসছি যে বিধানসভার জন্য একটা প্রেস দরকার, একটা ছাপাখানা দরকার এবং এর জন্য যে টাকা প্রয়োজন সেই অর্থ দেবার জন্য বিধানসভার কোন সদস্যেরই কার্পণ্য নেই এবং সেই অর্থ মঞ্জুর করার জন্য আমরা সব সময় তৈরী আছি। একটি ছাপাখানার জন্য হয়ত ৫০।৬০ হাজার কি ১।২ লক্ষ টাকা লাগবে--সেই ছাপাখানা কেন হচ্ছে না এবং এই ছাপাখানার দায়িত্বে আজকে কে আছেন, পরিষদীয় মন্ত্রী, না শিল্প বানিজ্য মন্ত্রী, না অন্য কোন মন্ত্রী আছেন, যার জন্য এই সামান্যতম দাবীটুকু দীর্ঘদিন ধরে পালন করা সম্ভবপর হচ্ছে না? আজকে আমরা বুঝতে পারছি না লোড সেডিং-এর অসহায় ব্যাখ্যা সরকারের শুনছি---স্বীকার না করলেও এটা স্বীকার করতে হচ্ছে। খাদ্য নিয়ে সংকট---খাদ্যমন্ত্রীর নিকট থেকে এটা শুনতে পাচ্ছি। খাদ্যে আমাদের সংকট রয়েছে। এর মধ্যে আবার ছাপাখানার সংকট দেখা যাচ্ছে। এই মুদ্রণ সংকটকে সরকার যদি কন্ট্রোল করতে না পারেন, তাহলে বিধানসভার সদস্যরা দিনের পর দিন এই ধরণের কাগজপত্র যা আমরা পাব সেই কাগজপত্রের মর্মোদ্ধার করা কি বাংলা, কি ইংরাজী আমাদের পক্ষে সম্ভবপর নয়। আমি পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব উনি কাণে গুঁজবেন তুলো, কথা বলবেন না, কোন ফয়সালা করবেন না, আর আমরা খালি চীৎকার করে যাব এ হতে পারে না। আমরা জানি না তারা বিধানসভাকে কি ভাবছেন, বিধানসভার সদস্যদের বক্তব্যকে কি ভাবছেন—বিধানসভার অভ্যন্তরে দাঁড়িয়ে তারা যে প্রশ্ন করছেন তার মর্যাদা রাখবেন কিনা এটা আমরা জানতে চাই। গতকাল বিধানসভার মধ্যে বিধানসভার কাগজপত্র নিয়ে সংকট দেখা দেয় এবং একটা প্রেসের কর্মচারীদের যদি কন্ট্রোল করতে তারা না পারেন— এই প্রেসের কর্মচারীদের কন্ট্রোল করতে না পারলে অথবা বিকল্প ব্যবস্থা না যদি করতে পারেন তাহলে সংকট আরো ঘণীভূত হয়ে পড়বে। এর পিছনে কি সি, আই, এ.র চক্রান্ত আছে, এর পিছনে কি এক চেটিয়া পুঁজিপতিদের হাত আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দুঃখের সাথে বলছি যে এই তিক্ত কথা বেরিয়ে আসছে। আজকে আমার যে বক্তব্য বিধানসভার প্রতিটি সদস্যেরও সেই একই বক্তব্য---আমরা পরিষদীয় মন্ত্রীর কাছে জানতে চাই, তিনি বলেছিলেন গতকাল আপনার সংগে আলাপ আলোচনা করে একটা ব্যবস্থা করবেন এবং বিধানসভায়

প্রেসের বরাদ্দ করবেন---তার কি হল সেটা আমি আপনার কাছে জানতে চাই। এই বিষয়ে আমি যে পয়েন্ট অব অর্ডার তুললাম আশা করি তার যথাযথ উত্তর দেবেন, এই দাবী করে আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch : You will recall that yesterday the Superintendent of the B. G. Press came and he said that he would give all the papers printed today. But it is unfortunate up till now we have not got any. He promised to do this in front of the Business Advisory Committee. The Public Accounts Committee report was placed but we have not got it as yet. If this is the state of affairs that we come to the House and get no papers and everytime we have to press the Parliamentary Affairs Minister, who sits tight in his chair and who does not want to give an answer, then it creates a difficult problem. Sir, the Superintendent should be brought in here for contempt of the House. I think it is a clear case of contempt of the House.

Mr. Speaker :
আমি অনারেবল মেম্বারদের জানাচ্ছি যে, কালকে সুপারিনটেনডেন্ট, গভর্নমেন্ট প্রেস আমাদের এখানে এসেছিলেন এবং বিজনেস এ্যাডভাইসারী কমিটির যাঁরা সদস্য তাঁদের কাছে তাঁর বক্তব্য রেখেছিলেন। সেই সময় কোয়েশ্চেনস, এ্যামেন্টমেন্ট এগুলি নেবার আগে বিজনেস এ্যাডভাইসারী কমিটির পক্ষ থেকে তাঁকে বলা হয়েছিল যে, আপনি যদি এই কাগজগুলি ঠিক সময়মত ছাপিয়ে বিধানসভার সেক্রেটারির কাছে পৌছে দিতে পারেন অর্থাৎ এরকম আণ্ডার-ষ্ট্যাণ্ডিং যদি দেন যে হাঁা, ঠিক সময়মত পৌছে দেওয়া হবে তাহলেই নিয়ে যান, তা না হলে কাগজপত্র নিয়ে গেলেন কিন্তু শেষ পর্যান্ত ছাপিয়ে দিলেন না, তা যদি হয় তাহলে আমাদের কাছে ডকুমেন্টস না থাকার ফলে আমরাও সাইক্লোস্টাইল করতে পারবো না এবং তাতে বিধানসভা চালাতে অসুবিধা হবে। আপনি যদি বিজনেস এ্যাডভাইসারী কমিটিকে কথা দেন যে টাইমলি ছাপিয়ে দেবেন তাহলেই আপনাকে কাগজপত্র দেওয়া হবে, তা না হলে নয় ইট উইল বি এ সিরিয়াস ম্যাটার এটা বুঝে আপনাকে কাগজপত্র নিতে হবে। আমি পরে শুনলাম, তিনি বলেছেন, আমি কথা দিতে পারছি না বিজনেস এ্যাডভাইসারী কমিটিকে যে টাইমলি সমস্ত কাগজপত্র---এ্যামেণ্ডমেন্ট, বিল, কোশ্চেনস ইত্যাদি ছাপিয়ে বিধানসভায় দিতে পারবো। এই অবস্থায় আজকেও আমাদের সাইক্লোস্টাইল করে দিতে হয়েছে। আমি জানি সাইক্লোস্টাইল করে দিলে আপনাদের পড়তে অসুবিধা হয়। কাজেই আমি এ বিষয়ে আপনাদের এবং পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মিনিস্টারের সহযোগিতা চাইছি যাতে মেম্বারদের প্রিভিলেজ অক্ষুন্ন থাকে এবং প্রিনটেড ফর্মে বুলেটিন, কোয়েশ্চনস ইত্যাদি পেঁৗছে দিতে পারি। আমি এ ব্যাপারে মন্ত্রীমণ্ডলীর সহযোগিতা চাইছি এবং এ বিষয়ে তাঁদের কিছু বক্তব্য শুনতে চাইছি।

Shri Mahammad Safiullah : It is the sense of the House that we have a press.

Shri Sudhir Chandra Das :
স্যার, একটা বিকল্প ব্যবস্থা করা দরকার। যারা এখানে গোলমাল করছে, কাজ করতে দিচ্ছে না, দায়িত্ব নিয়ে বিশ্বাসঘাতকতা করছে তাদেরকে বাদ দিয়ে বিকল্প ব্যবস্থা আমাদের করতে হবে এই দাবী আমি জানাচ্ছি।

[2-20—2-30 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, I share the anxieties of the honourable members. It is really a very serious matter. The business of the Assembly cannot and should not be allowed to continue in this fashion. There are no two opinions about this. With this end in view you will recall that when this issue was

raised the other day I submitted that the whole issue would be discussed with you, Sir, in your Chamber to find out a solution. In pursuance of that assurance which I made before this House we summoned the Superintendent of the Press the other day before the Business Advisory Committee. His version you have already brought to the notice of the House. Thereafter, I have discussed, as was reported to you this morning in your Chamber, with one or two Ministers connected with it. Negotiations are still going on and we will certainly find out a solution about it. This is all that I can say at the moment.

Shri A. H. Besterwitch : Sir, this is not enough. Actually yesterday you told the Superintendent of the Press that if he did not give us papers this morning it would be a contempt of the House. The problem will not be solved only by using words. The problem about press is going on for the last few years. You will remember, Sir, that during the last session also this question arose and there was a proposal to establish a press in the Assembly compound. Up till now, leave alone the Press, we have not seen even any machine costing about 60/70 thousand rupees. Even a hand machine can do a lot of work. Now the Parliamentary Minister has made a pious statement only which can be kept in paper and which is not practical. So, I request you, Sir, firstly to consider about establishment of a Press in the Assembly compound, and secondly, as promised by the Superintendent yesterday that he would give us papers today, he ought to have given the papers this morning but he has not done that. You rightly said that if he did not do so it will be a contempt of the House. So, I request you to see that the Superintendent of the Press be brought here and produced before the members of the House.

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, let me tell my friend Mr. Besterwitch that it is not only the pious wish, it is really something what we mean. I have already made it clear in this House previously in connection with some other issues that this Government headed by Shri Siddhartha Shankar Ray do not believe in bluffing the people. We say what we mean. You will kindly remember, Sir, that in this very House last time when similar question was raised regarding printing of the proceedings, I on behalf of the Government assured you and through you the honourable members that arrears of the proceedings will be printed and supplied to the members. We have done it though the arrears were lying from 1964. We have done that to a great extent which two United Front Governments could not do. They should remember this.

Shri Triptimoy Aich :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বল্লেন যে নেগোশিয়েশন চলছে। নেগোশিয়েশনের মাধ্যমে সাময়িক যে সমস্যা দেখা দিয়েছে তার সমাধান হতে পারে। কিন্তু এই বিধানসভার মাননীয় সদস্যদের যে বহুদিনের একটা দাবী আছে যে এই বিধানসভার একটা নিজস্ব ছাপাখানা করবার জন্য, সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু বললেন না, সেই সম্পর্কে কিছু বলবেন কি?

Mr. Speaker : You have expressed a great concern over this matter and the Hon'ble Minister has replied that he will do as he has done in regard to the printing of the proceedings. This assurance has been given to the members of the House and I hope your grievance will be removed by the Hon'ble Minister very soon. Now, let us pass on to mention cases.

Shri Monoranjan Pramanik :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলের ক্ষেত মজুররা আজকে কোন কাজ পাচ্ছে না, কেউ তাদের

কাজ দিচ্ছে না। ফলে তারা অর্ধাহারে, অনাহারে তাদের দিন কাটাতে হচ্ছে। এই ক্ষেত মজুর কারা জানেন, আপনারা সকলেই শুনে অবাক হবেন, এই ক্ষেত মজুররা হচ্ছে ঐ তপশীলী সম্প্রদায়ে এবং গরীব মুসলমান সম্প্রদায়। এদের কাজ দেবার জন্য কোন লোক নেই, তারা খেতে পাচ্ছে না। তাই তারা একটা চরম অবস্থার মধ্যে পড়েছে। কোন খাবার কিনে খাবার মত তাদের পয়সা নেই। সেই জন্য তারা কচুপাতা এবং গেঁড়ি, গুগলি সিদ্ধ করে খেয়ে তাদের জীবন ধারণ করতে হচ্ছে। এই ভাবে এরা দিনের পর দিন কষ্ট ভোগ করে চলেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই মানুষগুলোর প্রতি কিছুটা অন্ততঃ যেন দয়া দেখান। কারণ এই মানুষগুলো দিনের পর দিন অনাহারে, অর্ধাহারে কাটাচ্ছে। এই অসহনীয় অবস্থা চলতে পারে না। প্রতি বছর শ্রাবণ-ভাদ্র মাসে এদের অবস্থা খারাপ হয়, কিন্তু এই বছর এই বৈশাখ মাসেই এদের অবস্থা শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। গ্রামে খেতে পাওয়া যাচ্ছে না, কারণ তাদের ক্রয় ক্ষমতা নেই। যার ফলে তারা খাদ্যদ্রব্য কিনতে পারছে না। পার্চেজিং ক্যাপাসিটি বাড়িয়ে তোলার জন্য অবিলম্বে টি. আর. ওয়ার্ক চালু করুন। পি. ডবলিউ. ডি.-র মাধ্যমে যে সমস্ত উন্নয়নমূলক কাজ আছে, সেইগুলো চালু করার ব্যবস্থা করুন যাতে গ্রামের এই মানুষগুলো নুন ভাত খেতে পায়। এই বিষয়ে বিশেষ ব্যবস্থা নেবার জন্য আমি আমাদের মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p m.]

Mr. Speaker : I would like to draw the attention of the honourable members that I have received notices of more than 30 Mention cases. Now, I will have to adjourn the House at 3-00 p.m. for half-an-hour's recess Thereafter, the C. A. D. Bill will be taken up at 3-30 p.m. So, I will take up as much Mention Cases as will be finished by that time and the rest will not be taken up. Of course, if the members cooperate, it may be possible for me to take up more Mention Cases. I will appeal to the honourable members to be as brief as possible.

Now I call upon Shri Mahadeb Mukhopadhyay.

Shri Mahadeb Mukhopadhyay :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার আরামবাগ মহকুমায় আজ ১২।১৪ মাইলের মধ্যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের চেষ্টা হচ্ছে এবং হুগলী জেলার সিলেকশন কমিটি সে বিষয়ে স্থান উদ্দেশ্য করে এসেছেন। সেখানে একজন মহিলা তুলসীবালা ঘোষ ৫০ হাজার টাকা এবং ২৫ বিঘা জমি দান করেছেন ঐ হাসপাতালের জন্য। আরামবাগ ব্লকে সেটাই একটি মাত্র প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হওয়ার চেষ্টা হচ্ছে। সেখানে আরামবাগ সাব-ডিভিসনাল হসপিটাল আছে, আর যে কয়টি স্বাস্থ্য কেন্দ্র সেখানে আছে সব কয়টিই সাবসিডারি হেল্থ সেণ্টার। সেই জন্য ঐ মহিলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র করার জন্য ২৫ বিঘা জমি ও ৫০ হাজার টাকা দান করেছেন। সেই স্থানের যোগাযোগের জন্য আমরা সেল্ফ এমপ্লয়মেণ্ট স্কীমের মাধ্যমে রাস্তা করার কাজ শুরু করে দিয়েছি এবং সে কাজ অনেকটা এগিয়ে গিয়েছে। এখানে যে তিনটি গ্রাম হরিণখোলা, আরানডাই এবং মাথবপুর, এই তিনটি গ্রামের লোক সংখ্যা প্রায় ৫০ হাজার। সুতরাং এখানে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপন হলে ঐ বিরাট সংখ্যক মানুষের উপকার এবং কল্যাণ হবে। তাই আমি ঐ সকল মানুষের দুঃখ দুর্দশা লাঘবের জন্য ঐ হাসপাতালটির অনুমোদন দেওয়ার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করছি।

Shri Rajani Kanta Doloi :
স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সব সদস্যই এক সংগে এই বিধান সভায় বর্তমানকালের খাদ্য সংকট

তীব্র আকার ধারণ করেছে এটা মনে করছি এবং এই সমস্যার সমাধানের জন্য আমরা বার বার মাননীয় মন্ত্রী মহাশয়ের এবং মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করে আসছি। এর সংগে সংগে গ্রাম বাংলার সাধারণ মানুষ রেশনে যাতে খাদ্য পান তার জন্য দাবী জানাচ্ছি। কিন্তু আমরা দেখছি গ্রামের মানুষ খাদ্য পাচ্ছে না রেশন কার্ডের অভাবে। বহুদিন যাবত গ্রামবাংলায় রেশন কার্ড করা হয়নি। যে সমস্ত কার্ড খোয়া গিয়েছে বা নষ্ট হয়ে গিয়েছে সেই সমস্ত কার্ড নূতন ভাবে দেওয়ার বা রিনিউ করবার কোন ব্যবস্থা সরকার করেননি। আমরা যদিও বার বার বলেছি যে গ্রামবাংলার মানুষদের রেশন কার্ড দিতে হবে এবং সেই কার্ডে তাদের কেরোসিন, আটা, চাল, গম, দিতে হবে এবং এই গুলি দিতে গেলে রেশন কার্ডের প্রয়োজন এবং ধান ভাণ্ডার জন্য রেশন কার্ডের প্রয়োজন হয় কিন্তু আমরা দেখছি গ্রামের সাধারণ মানুষ রেশন কার্ডের অভাবে ভয়াবহ অবস্থার মধ্যে দিন যাপন করছে তাই আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করুন।

Shri Kansari Halder :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় রেভিনিউ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টির প্রতি সত্বর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। ভাঙর থানায় বেহতা মৌজার হাসখালীতে প্রায় হাজার বিঘা সরকারী খাস জমি বহুদিন ধরে ভাগচাষীরা চাষ করে আসছে। সেই জমিতে বেলেঘাটার প্রদীপ সরকার, সমীর সরকার ইত্যাদি স্থায়ী মেছো ঘেরী বানাচ্ছে। এটা ভাঙর রাস্তার ওপর এবং সেখানে থেকে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কিন্তু এই পর্য্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি সমস্ত সরকারী কর্মচারীরা থাকা সত্বেও। আমি এই ঘটনাটা নিয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের সাথে দেখা করি, তিনি আমাকে এবং একজন কংগ্রেস এম. এল. এ. শ্রীঅরবিন্দ নস্কর মহাশয়কে সেখানে তদন্তে পাঠান। আমরা গিয়ে দেখি ৫ হাজার লোক দিন রাত আলো জ্বেলে ঐ সমস্ত ধানের জমি মেছো ঘেরী করার জন্য মাটি কাটছে। কিন্তু এই সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছিলেন যে ৮ তারিখে এনকোয়ারী রিপোর্ট দেওয়ার পর তিনি এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন, যাতে ওখানে মাটি কাটা বন্ধ হয়। কিন্তু আমি কাল পর্য্যন্ত খবর পেয়েছি যে তারা আরো সংখ্যায় লোক নিয়ে ঐ সমস্ত ধানের জমিকে মেছো ঘেরীতে পরিণত করছে। সরকার কি ওখানের একটি ফ্যামিলির কাছে এতই দুর্বল যে তাদের বিরুদ্ধে কোন রকম প্রতিকার-এর ব্যবস্থা করতে পারছেননা? এর আগে এস. ডি. ও.-কে ওখানে তদন্তে পাঠিয়েছিলেন এবং জে. এল. আর. ও. যে রিপোর্ট দিয়েছেন তাতে তিনি বলেছেন যে এটা অত্যন্ত প্যাথেটিক যেখানে ১০০ পরিবার যারা ঐ জমির ওপর জীবন ধারন করেন তাদের সেখান থেকে উচ্ছেদ করা হয়েছে। সেই জমি থেকে যে ২০ হাজার মন ধান উৎপাদন করা যেত তা থেকে সরকার বঞ্চিত হচ্ছে। এই সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা করছেন না এবং তিনি শেষ পর্য্যন্ত বলেছেন রাজায় রাজায় যুদ্ধ হয় উলু খাগড়ার প্রাণ যায়। তারা লিজ নেবার চেষ্টা করেছিল কিন্তু কোন রূপ ব্যবস্থা হয়নি। আমার অনুরোধ এখনই ওখানে মাটি কাটা বন্ধ করতে হবে এবং যারা বেআইনী কাজ করে যাচ্ছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

Shri Kanai Bhowmik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবংগের একটা গুরুত্বপূর্ণ ঐতিহাসিক স্থান লাউসেনের রাজ্যের যে ময়নাগড় সেই জায়গার একটা ঐতিহাসিক ঐতিহ্য আছে, তা সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে, সেই সম্পর্কে সংশ্লিষ্ট পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত জানেন যে গৌড় থেকে তাম্রলিপ্ত পর্য্যন্ত যোগাযোগের একটা পথ ছিল, সেই পথেরই সংগে জড়িত যে ঐতিহাসিক স্থান ছিল তা হচ্ছে তিলদাগঞ্জ, পদিমা, করকাই প্রভৃতি এবং সেখানে অনেক ঐতিহাসিক রেলিক্স আছে, আজকে সেই সমস্ত রেলিক্স নষ্ট হয়ে যাচ্ছে। ওখানে পংকোদ্ধারের সময় নানা রকমের জিনিস পাওয়া গেছে, যেমন দেবমূর্তি, ভগ্ন পোতখণ্ড, সুবৃহৎ মাস্তুল, সরু তামার

তারে নির্মিত জাহাজ বাঁধা কাছি, গ্রীক মুদ্রা, অনেক প্রস্তর মূর্তি, গুপ্ত যুগের মুদ্রাও পাওয়া গেছে। এইভাবে যে ঐতিহাসিক জায়গা আছে তা সংরক্ষণের জন্য এপর্যন্ত সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই সম্পর্কে গবেষণা কিছু কিছু স্থানীয়ভাবে আরম্ভ হয়েছে, স্থানীয় কিছু কিছু বিদ্যোৎসাহী লোক গবেষণা করছেন। ইতিমধ্যে পুরান সেইসব ঐতিহ্যপূর্ণ জিনিষ চুরি হয়ে বাইরে চলে যাচ্ছে। কাগজে সেই সমস্ত খবর বেরিয়েছে, কিন্তু দুঃখের বিষয় পূর্ত বিভাগ থেকে এই সম্পর্কে কোন ব্যবস্থা এপর্যন্ত গ্রহণ করা হয়নি। সেজন্য আপনার মাধ্যমে এই সমস্ত ঐতিহাসিক জায়গা যাতে সংরক্ষিত হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

Shri Sital Chandra Hembram : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া এবং বাঁকুড়া জেলার আদিবাসী খেটে খাওয়া ক্ষেত মজুরদের অবস্থা আজ অত্যন্ত শোচনীয়। তারা আজ অর্ধাহারে অনাহারে দিন যাপন করছে, কোন কাজকর্ম নেই। বিভিন্ন স্কীমের মাধ্যমে যদিও যৎকিঞ্চিত কাজ হচ্ছে কিন্তু তাদের উপযুক্ত মজুরী দেওয়া হচ্ছে না, প্রতি ১০০ সি. এফ. টি-তে ১.৫০ থেকে ১.৭৫ পয়সা দেওয়া হচ্ছে। বর্তমানে চালের দাম ৩ টাকা থেকে ৪।। টাকা, তেলের দাম আকাশচুম্বী, এই সামান্য মজুরীতে তাদের জীবনযাপন করা সম্ভব নয় সেই বিষয়ে সরকার নিশ্চয়ই অবগত আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতার তরুণ-তরুণীদের মনোরঞ্জনের জন্য ৪ কোটি ৯০ লক্ষ টাকা খরচ হবে, আমাদের আদিবাসী অনুন্নত সম্প্রদায়ের জীবন ধারণের জন্য কেন আজকে ৬ কোটি টাকা খরচ হবে না? আজকে আদিবাসী মন্ত্রী, রিলিফ মন্ত্রী তাদের জন্য কেন রিলিফের ব্যবস্থা করেননি? আমি এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারা আজ ভীষণভাবে বিক্ষুব্ধ, তারা নিশ্চয়ই আন্দোলনে নামবে। তারা যদি আন্দোলনে নামে তাহলে পশ্চিমবঙ্গে কোন শক্তি নেই তাদের এই আন্দোলনকে দমন করতে পারে। সেজন্য অনুরোধ করব তাদের কমপক্ষে মজুরী ৪।৫ টাকা করা দরকার।

[2-40—2-50 p.m.]

Shri Shish Mohammad : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন গত কয়েক বছর ধরে জংগীপুর সাব-ডিভিসনে ধুলিয়ানের ওখানে নদীর ভাংগন বেড়ে চলেছে। বিগত কয়েক-বছরের ভাংগনের ফলে সেখানকার হাজার হাজার পরিবার গৃহহারা হয়েছে এবং সরকারী হিসেব মত প্রায় ৮৮ কোটি টাকার মত সম্পত্তি নষ্ট হয়েছে এবং বহু মানুষ গৃহহারা হয়েছে। গত বছর নদীর পার বাঁধাবার ব্যবস্থা হয়েছিল কিন্তু অসময়ে কাজ আরম্ভ হওয়ার ফলে এবং উচ্চ পদস্থ কর্মচারী যাঁরা দায়িত্ব নিয়েছিলেন তাঁরা টাকা আত্মসাৎ করার ফলে কাজ ঠিকভাবে হয়নি। এবছরও পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে নদীর পার বাঁধাবার জন্য সেখানে পাথর মজুত করা হয়েছে। কিন্তু এখনও পর্য্যন্ত কাজ আরম্ভ হবার কোন লক্ষণ দেখছিনা। এর ফলে সেখানকার জনসাধারণ ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। বর্ষা নামতে আর একমাস বাকী রয়েছে কাজেই সেখানকার জনসাধারণ যদি কোন প্রোটেকসন না পান, তাদের গৃহ বাঁচাবার জন্য সরকার যদি কোন ব্যবস্থা না করেন তাহলে সেখানকার জন-সাধারণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, এই নদী ভাংগনের হাত থেকে তারা যাতে বাঁচতে পারে তারজন্য তারা যে কোন ব্যবস্থা অবলম্বন করবেন। সেখানকার জনসাধারণ এই যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তার প্রতি লক্ষ্য রেখে আমি সরকারকে অনুরোধ করছি তাঁরা যেন জংগীপুর সাবডিভিসনের প্রতি লক্ষ্য রাখেন।

Shri Gobinda Chatterjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার শ্রীরামপুর মহকুমায় মাদপুর গ্রামে সিডিউল্ড কাস্ট ভুক্ত গ্রামবাসীদের উপর পুলিশের প্রচণ্ড অত্যাচার চলছে। গত ১লা ফেব্রুয়ারী তারিখে পাশের গ্রামের একটা বাড়ীতে ডাকাতি হয়েছিল এবং যার বাড়ীতে ডাকাতি হয়েছিল তিনি একজন জোতদার। পাশের গ্রামে ইলেকট্রিসিটি যাবে বলে তার জমিতে পোল বসান হয়েছিল এবং তিনি সেই পোল উপড়ে ফেলে দেন। এই পোল ফেলে দেবার জন্য মাদপুর গ্রামে বিজলি যায়নি এবং তারজন্য সেখানকার লোকেরা সেই জোতদারের জমিতে কোন কাজ করেনা। এই কাজ না করার জন্য তিনি একটা মিথ্যা অজুহাতে থানায় ডায়রি করেন। আমাদের দেশের পুলিশ বিভাগ এমনই সুপটু যে ১লা ফেব্রুয়ারী ডাকাতি হল আর সেই ডাকাতির তদন্ত করতে গেল ১৩ই এপ্রিল রাত ৯টায়। আপনি শুনে অবাক হবেন তারা সেখানে গিয়ে তপশীল মেয়েদের উপরে ভয়ানক অত্যাচার করেছে, তাদের চুলের মুঠি ধরে ফেলে দিয়েছে এবং ৭৫ বৎসর বয়সের বৃদ্ধ দুর্যোধন সাঁতরার ঘর ভেংগে ধূলিস্যাৎ করে দিয়েছে। এই জিনিষ আমি নিজের চোখে দেখে এসেছি। আমার বক্তব্য হচ্ছে যদি, ডাকাতির অভিযোগ থাকে তাহলে তারজন্য আদালত খোলা রয়েছে। বাচ্চাদের উপর মেয়েদের উপর এই ধরনের অত্যাচার করার অধিকার কারুর আছে কিনা আমি জানিনা। আমি পুলিশের রাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি এই ধরনের অত্যাচার বন্ধ করার ব্যবস্থা করুন, এই যে অভিযোগ করলাম সে সম্বন্ধে তদন্ত করার ব্যবস্থা করুন এবং যোগেন সেনগুপ্ত যিনি দোষী পুলিশ অফিসার তার শাস্তি বিধানের ব্যবস্থা করুন।

Shri Nandalal Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন ঠিকাদার কিভাবে সরকারকে এবং দায়িত্বশীল পত্রিকা আনন্দবাজার এবং যুগান্তরকে বিভ্রান্ত করতে পারে সেটা আমরা কাগজে দেখেছি। কাগজের হেডলাইন হচ্ছে, "হুমকিতে পাতাল রেলের কর্তৃপক্ষের উদ্বেগ"। খবরের কাগজে যে ঘটনা বেরিয়েছে তাতে আমার কনস্টিটিউয়েন্সীর যে কোন মানুষ তাকে ধীক্কার দেবে। এখানে দুটি সংস্থা কাজ করছে এবং তার মধ্যে একটি হচ্ছে জয়েন্ট আণ্ডারটেকিং সরকারের এবং আর একটি হচ্ছে ফরওয়ার্ড ইঞ্জিনিয়ারিং সিণ্ডিকেট, এনার বাড়ী আমি চিনি, আমাদের এই হাউসের উপাধ্যক্ষ ছিলেন আশুবাবু তার বাড়ীর পাশেই ইনি থাকেন। ওনারা ৮০ লক্ষ টাকা আর ইনি ২।। কোটি টাকা নাকি পেয়েছেন। ছেলেরা যারা ৮০ লক্ষ টাকা সেখানে পেয়েছেন কন্‌ট্রাক্ট তারা ডেকে যুবকদের জনা-কয়েককে চাকুরী দিয়েছেন। আর ইনি কয়েক জনকে চাকুরী দেব বলে চাকুরী দেননি। ছেলেরা তার কাছে চাকুরীর আবদার করেছেন, তার জন্য তিনি সেখানে বলেছেন যে পাইপ গান ইত্যাদি নিয়ে এসেছে।

এবং পুলিশের কাছে বলা খুব মুখোরোচক, বলেছিলেন ৫ হাজার টাকা উনি চান। সংগে সংগে পুলিশ সেখানে গিয়ে হাজির এবং সেখানে খবরের কাগজে বলেছেন, তারা নাকি বলে দিয়েছেন, হুমকি যদি চলতে থাকে, সরকারী বিভাগকে বলেছেন তাহলে কাজ বন্ধ হয়ে যেতে পারে। আমি সেখানে সমস্ত দায়িত্ব নিয়ে এবং লোকের স্বাক্ষর নিয়ে এসেছি এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে দিচ্ছি। স্যার, তারা খুব বিক্ষুব্ধ হয়েছে যে শুধু একটা পল্লীর উপরে এই রকম একটা অপবাদ চাপিয়ে দেওয়া হয়েছে। এটা ভ্রান্ত, এটা অমূলক এবং আমার মনে হয় ঠিকাদার ঠিক সময়ে কাজ করতে পারবেন না বলেই আগে থেকে এই গাওনা গেয়ে রেখেছেন। স্যার, আমি সব কাগজপত্র মন্ত্রীমহাশয়কে দিচ্ছি।

Shri Satya Ranjan Bapuli :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বর্তমানে হাউসে উপস্থিত নেই, থাকলে ভাল হত। বর্তমানে স্কুল ফাইন্যাল পরীক্ষা চলছে। গতকাল মাননীয় সদস্য নরেশ চাকী মহাশয় একটি প্রশ্ন তুলেছিলেন, যে, জয়নগর ইন্‌স্টিটিউসান একটা পরীক্ষা কেন্দ্র হয়েছে, সেখানে শিক্ষাকেন্দ্রের বাইরে মাধ্যমিক শিক্ষা পর্ষদের খাতা পাওয়া যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, শিক্ষা পর্ষদের যে খাতাতে ছেলেরা পরীক্ষা দেবে সেই খাতা বাইরে এবং বাজারে পাওয়া যাচ্ছে, সেই খাতায় ছেলেরা প্রশ্নের উত্তর লিখে পরীক্ষার হলে গিয়ে জমা দিয়ে আসছে। আমি আপনার কাছে কয়েকটি খাতা দিচ্ছি যে খাতাগুলি মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে দেওয়া হয়েছে ছেলেদের পরীক্ষা দেবার জন্য। সেই খাতাগুলি বাজারে সেই সেন্টারের সামনে পাওয়া গিয়েছে এবং সেখানে বিক্রি হচ্ছে। আমি আপনাকে সেই কয়েকটি ব্লাংক খাতা দিচ্ছি আপনি এ বিষয়ে অবিলম্বে দেখুন যে সাদা খাতা এইভাবে কি করে বাজারে পাওয়া যাচ্ছে।

Shri Asamanja De :
স্যার, এটা একটা গুরুত্বপূর্ণ অভিযোগ, শিক্ষামন্ত্রীকে ডাকা হোক এবং এর উত্তর আমরা চাই। সারা দেশে আজ পরীক্ষা বিপর্যস্ত হয়ে গেছে, শিক্ষামন্ত্রীকে এখনই হাজির হতে হবে, তিনি ঘরে আছেন তাঁকে এখনই ডেকে পাঠান। এই ধরনের পরীক্ষা আজকে চলবে কিনা আমরা জানতে চাই। আজকে পরীক্ষা বন্ধ করে দেওয়া হোক।

(নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসান)

Dr. Zainal Abedin :
মাননীয় শিক্ষামন্ত্রীকে এখনই খবর দিচ্ছি, আজকেই এ জিনিষটা সম্বন্ধে উনি যদি আলোকপাত করতে চান তাহলে তিনি করবেন আর যদি তিনি পরে করতে চান সেটাও তিনি জানাবেন।

Mr. Speaker :
তাঁকে এখনই খবর দেওয়া হচ্ছে।

Shri Sambhu Narayan Goswami :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ত্রানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় কৃষি শ্রমিকদের ভীষণ দুর্দশা উপস্থিত হয়েছে, তাদের কোন কাজ নেই বা তারা কোন কাজ পাচ্ছে না। অধিকাংশ কৃষক এবং শ্রমিক অর্ধাহারে এবং অনাহারে দিন যাপন করছে। মাননীয় ত্রানমন্ত্রী বলেছিলেন বাঁকুড়া জেলায় টি, আর'এর কাজ করবেন কিন্তু দুঃখ, লজ্জা এবং ক্ষোভের বিষয় সেখানে লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। যা টি, আর'এর কাজ করা হচ্ছে তা নাম মাত্র।

[2-50—3-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সপ্তাহে একদিন হয়ত টি, আর'এর কাজ হয় এবং খুব কমই লোক তাতে কাজ পায়। আমরা বারবার নিবেদন করেছি ত্রাণমন্ত্রীর কাছে এবং মন্ত্রীসভার কাছে তবুও বাঁকুড়া জেলার কৃষি শ্রমিকগণ আজকে অনাহারে দিন যাপন করছে। আমরা আরো বলছি যে বাঁকুড়া জেলায় শুধুমাত্র ২ টাকা করে টি, আর'এর জন্যে দেওয়া হয়। একজন লেবার যদি দুটাকা করে রোজগার করে তার ফ্যামিলিতে যদি পাঁচজন মেম্বার থাকে যেখানে চালের দর তিন টাকা কেজি তাহলে সে কি করে খায়? সেইজন্য ত্রাণমন্ত্রীর কাছে বারেবারে অনুরোধ করছি যে বাঁকুড়া জেলায় টেস্ট রিলিফের কাজ ভালভাবে চালু করুন, গম বা অন্য কিছু খাদ্য দিন।

Shri Subrata Mukherjee :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কটি একগুরুত্বপূর্ণ ঘটনা এই বিধানসভায় আপনার মাধ্যমে উল্লেখ করছি। সেই ঘটনা হচ্ছে গত ২১শে এপ্রিল কাটোয়ার চন্দ্রপুরে যখন কংগ্রেস

কর্মীরা মিছিল করছিলেন এবং তারা যখন গ্রাম প্রদক্ষিণ করছিলেন সেই সময় সি, পি, এম,-এর নেতা ডাঃ হরমোহন সিং যিনি বিগত নির্বাচনে কাটোয়া কেন্দ্রে সি, পি, এম-এর প্রার্থী ছিলেন তিনি জিপ গাড়ীতে করে ৭।৮ জন সমাজবিরোধী গুণ্ডা ক নিয়ে সেই মিছিলকে উদ্দেশ্য করে গুলি বর্ষণ করতে আরম্ভ করেন এবং সেই গুলি বর্ষণের ফলে একজন কংগ্রেস কর্মী মলয় দত্ত রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে এবং এই ঘটনার কিছুক্ষণ পরে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সেই জিপ গাড়ীকে ঘিরে ফেলে এবং সেই জিপ গাড়ীর মধ্যে থেকে সি, পি, এম, নেতা ডাঃ হরমোহন সিং এবং আরো ৮।১০ জন গুণ্ডাকে পুলিশ হাতেনাতে ধরে ফেলে এবং সেই গাড়ীর মধ্যে থেকে কিছু পাইপ গান কিছু গুলি এবং অন্যান্য মারাত্মক অস্ত্রশস্ত্র পুলিশ ঘটনাস্থলে উদ্ধার করে এবং পুলিশ সেই ডাক্তার সিং সহ ১০ জন সমাজবিরোধীকে গ্রেপ্তার করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা বলবো যে পুলিশ নির্দিষ্ট মামলা দায়ের করেছেন এবং বিষয়টি বিচারাধীন সুতরাং সেই মামলার ব্যাপারে আমি কোন মন্তব্য করতে চাইনা। কিন্তু একটি কথা আমি মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁর কাছে আবেদন করছি যে যারা পশ্চিমবঙ্গে এই সমস্ত রাজনৈতিক দল আছে যারা হিংসায় বিশ্বাসী তারা নূতন করে পশ্চিমবংগে অশান্তির আগুন জ্বালাবার চেষ্টা করছেন। সুতরাং আমার আবেদন এই সমস্ত সমাজবিরোধী গুণ্ডা যারা রাজনৈতিকভাবে কোন পরিস্থিতির মুকাবিলা করতে চান না তাদের অবিলম্বে মিসা আইনে আটক করা হোক। মিঃ স্পীকার, স্যার, ঐ সি, পি, এম, নেতা তিনি নিজের হাতে এবং তার দলবল নিয়ে গুলি করার পর যদি আমরা দেখতে পাই যে তাদের মিসা করা হয়নি তাহলে নিশ্চয়ই শান্তিকামী যারা মানুষ তাদের মনে আবার নূতন করে নিরাপত্তার অভাব বোধ ঘটবে। তাই মিঃ স্পীকার স্যার, আমি আশা করবো এই ঘটনা উল্লেখ করার পর স্বরাষ্ট্রমন্ত্রী এই ঘটনার গুরুত্ব দেবেন এবং এই সি, পি, এম, নেতা এবং সমাজ বিরোধী গুণ্ডাদের মিসা আটক আইনে গ্রেপ্তারের ব্যবস্থা করবেন।

Shri Krishna Pada Roy :
মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিম বাংলায় কেন্দ্রীয় সরকারের একটি দপ্তর যে দপ্তরের সংগে পশ্চিম বাংলার অর্থনৈতিক প্রগতি এবং অর্থনৈতিক কার্যকলাপ ওতঃপ্রোতভাবে যুক্ত। এই অফিসের যাঁরা দায়িত্বে আছেন, আই, এ, এস, অফিসার, তাঁদের জাতীয়তা বিরোধী এবং সরকার বিরোধী কার্যকলাপের কয়েকটি নমুনা দিচ্ছি। আমার আগে মাননীয় সদস্য সুব্রত বাবু মার্কসবাদী কমুউনিষ্ট পার্টির হিংসাত্মক কার্যকলাপের কথা বললেন। স্যার, এই বিধানসভা ভবনের কয়েক শত গজের মধ্যেই এ, জি, বেংগল বলে একটি অফিস আছে, যে অফিসের যিনি এ্যাকাউন্‌টেন্ট জেনারেল তিনি নিজেকে, পশ্চিমবংগ এবং ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের একটি প্রতিষ্ঠানের সর্বময় কর্তা, তিনি নিজেকে মার্কসবাদী বলে প্রচার করেন।

এবং আমরা লক্ষ্য করেছি একথা মুদ্রিত লেখা রয়েছে মানুষ সাহিত্য সৃষ্টির প্রেরণা নেয় মার্কসবাদ থেকে এবং আমি বুর্জুয়াদের বিরুদ্ধে সংগ্রাম করছি। সেই সংগ্রামের নমুনা লক্ষ্য করছি এ, জি, বেংগলে কয়েকশত বেকার যুবকের চাকুরী হওয়ার সুযোগ ছিল। সেখানে চাকুরীতে যোগ্যতার পরীক্ষা হচ্ছে এ, জি, এবং ডি, এ, জি,-এর কাছে, সে মার্কসবাদী হার্ডকোর ওয়ার্কার কিনা, সরকারের বিরুদ্ধে যে কোন সময়ে অফিস বন্ধ করতে পারবে কিনা, জাতীয়তাবাদের বিরুদ্ধে, আদর্শের বিরুদ্ধে সংগ্রাম করতে পারবে কিনা—এই তিনটি কোয়ালিফিকেশন থাকলে এ, জি, বেংগলে চাকুরী পাওয়া যায়। অন্য কোন কোয়ালিফিকেশন থাকলে এ, জি, বেংগলে চাকুরী পাওয়া যায়না। আমাদের পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র দপ্তরের আওতায় যে পুলিশ বিভাগ আছে, সেই পুলিশ অনেক উগ্র মার্কসবাদী কর্মী এবং উগ্র কর্মীদের খুঁজে পাচ্ছেনা, তাদের আমি একথা বলতে পারি যে তাঁরা যদি এই এ, জি, বেঙ্গলে খোঁজ করেন তাহলে পেয়ে যাবেন। এরা সরকারী চাকুরী করেন এবং কেন্দ্রীয়

আছে, সেটা কিভাবে হয়, আমি জানিনা। আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে এটা রাখতে চাই যে তিনি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সংগে যোগাযোগ করে এ, জি, বি, সম্বন্ধে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করুন।

Shri Mrityunjoy Banerjee :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মাত্র এই কাগজগুলি পেয়েছি, তাতে দু তিনটি খাতা আছে বোর্ডের খাতা, তার অথেনটিসিটি কিছু আছে বলে আমার মনে হয়না, সই নাই, কোন ডেটও নাই। যাই হোক্ আমি অনুসন্ধান করব এবং যথাযথ ব্যবস্থা অবলম্বন করব।

Shri Md. Dedar Baksh :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে অত্যন্ত উদ্বেগ, ক্ষোভ এবং দুঃখের সংগে একটা কথা পবিত্র বিধানসভায় উপস্থাপন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত ২০।৪।৭৪ তারিখে আমার এলাকা এক নম্বর ভগবানগোলায় গিয়েছিলাম। গিয়ে জানলাম সেখানে ১৮।৪।৭৪ তারিখে শরতপুর গ্রামে এক দল ডাকাত সন্ধ্যা সাতটা সাড়ে সাতটার সময় ডাকাতি করার চেষ্টা করে। তাদের সংগে মেশিনগান, স্টেন গান, রিভলবার ছিল। তারা ঐ গ্রামের খাইরোল সরকারের বাড়ীতে দোতালায় উঠে তাদের বন্দুক নিয়ে যায় এবং এই ডাকাতরা খাইরোল সরকারকে অমানুষিকভাবে মারধোর করে এবং বাড়ীর ছেলেদের উপর-ও অত্যাচার করে, এরা গুরুতরভাবে জখম হয়ে হাসপাতালে আছে। আপনি স্যার জানেন, ভগবানগোলা থানায় প্রয়োজনের তুলনায় পুলিশ কম রয়েছেন সেখানে সাতটি কন্‌সটেবল আছে, রাত্রিবেলা দেখতে পায়না, রাতকাণা কিনা জানিনা। পাশে রয়েছে রাজশাহী চরকুঠি-বাড়ী বর্ডার, সেখান দিয়ে প্রায়ই স্মাগলাররা ডাকাতি করতে আসে। সেখানে কোন স্থায়ী পুলিশ নাই। আমি সেজন্য আখেরিগঞ্জে পুলিশ ক্যাম্প করার জন্য এবং রাণীতলাতে পুলিশ ক্যাম্প বসাবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আগে রাণীতলায় ডাকাতি নিবারণের জন্য পুলিশ পেট্রোলের ব্যবস্থা ছিল, আজকাল তাও হয়না। সেখানে সন্ত্রাসের রাজত্ব চলেছে, আমি তাই দাবী করছি যে অবিলম্বে মাননীয় মন্ত্রী মহাশয় একটা বিহিত ব্যবস্থা করুন, প্রয়োজনীয় কর্মচারী ভগবানগোলা থানায় দিন এবং পুলিশ মন্ত্রী মহাশয় আমার সংগে একটা প্রোগ্রাম করে সেখানে গিয়ে সেখানকার লোকদের একটা আশ্বাস দিন, এই অনুরোধ করছি। অধ্যক্ষ মহাশয়, আপনি এটুকু বলতে দেবার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

Dr. Kanai Lal Sarker :
মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা খবর দিতে চাই। সত্য যুগ বলে একটা খবরের কাগজ আছে। প্রায় সময়েই দেখতে পাচ্ছি কংগ্রেসী এম, এল, এ, কংগ্রেসী-কর্মী এবং নেতাদের বিরুদ্ধে মিথ্যা প্রচার করে চরিত্র হনন করার চেষ্টা করছে। ঘটনাটা হল—আমি একটা গরীব রুগী দেখেছিলাম তিন তারিখে, আমাকে বাড়ীর ভিতরে নিয়ে যায়, রুগীর নিমোনিয়া, আমি চিকিৎসার বন্দোবস্ত করি, সেই রুগী দুদিন পরে পাঁচ তারিখে মারা যায়। ওখানকার পাড়ার ছেলেরা এসে ডেথ সার্টিফিকেট নিয়ে যায়, একটা পপার সার্টিফিকেট নিয়ে যায় এবং বিভিন্ন বাড়ী থেকে চাঁদা আদায় করে সেই শবদেহের সৎকার করা হয়। সেই রুগীর নাম হচ্ছে ভগবান দাস, ৮২ বছর বয়স, ৩৯।৫ গোপালনগর রোড তার এ্যাড্রেস, ওখানকার একটা বাড়ীর গাড়ী বারান্দায় সে থাকত এবং ওখানকার লোকেরাই তাকে খেতে দিত।

[3-00—3-10p.m.]

সেদিন নাকি পণ্ডিত শম্ভুনাথ হাসপাতালে একটা রোগী মারা যায় এবং তার মৃতদেহও ছাড়া পায়। তার নামও নাকি ভগবান দাস—তার এ্যাড্রেস হচ্ছে ৫৪, টালিগঞ্জ রোড।

সে লোকটির মারা যাবার কারণ করোনারী টিউবারকুলোসিস উইথ হেড ইনজুরিস। এই কাগজটা বিশেষ করে কংগ্রেসীদের চরিত্র হনন করবার চেষ্টা করছে। তারা কাগজে লিখেছে ফটো স্টাট কপি দিয়ে ফলে একটা আলোড়নের সৃষ্টি হয়েছে ডেথ্ সারটিফিকেট নিয়ে। জানিনা আমার কী অন্যায় হয়েছে। আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি—ওখানকার ডেথ্ সার্টিফিকেট যেগুলি আছে তা কি করে বেরিয়ে তার ফটোস্টাট কপি কাগজে যায়, কীভাবে খবর যায় তা আমি বুঝতে পারছি না। তাঁর কাছে আবেদন জানাই এটা অনুসন্ধান করা হোক্ এবং যে সমস্ত কর্মচারী এই সব নোংরা কাজ করছে তাদের উপযুক্ত শাস্তির বন্দোবস্ত করা হোক।

Shri Ganesh Hatui :
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে বিষয়টী উত্থাপন করতে চাইছি সেটা হলো হাওড়া হুগলীর মার্টিন রেল বন্ধ হয়ে যাবার ফলে ওখানকার মানুষেরা অবর্ননীয় দুঃখ কষ্ট ভোগ করছে। এই রেল লাইনের উপর হাওড়া হুগলী জেলার অর্থনৈতিক বনিয়াদ বসে আছে। এই হাওড়া-শিয়াখালা, হাওড়া-আমতা হাওড়া-চাপাডাঙ্গা এই রেল লাইনকে ব্রডগেজ করবার কথা অনেকদিন থেকে শোনা যাচ্ছে। গত কয়েকদিন আগে লোকসভার এক প্রশ্নোত্তরের সময় রেলের উপমন্ত্রী মহম্মদ কোরেশী বলেছেন—হাওড়া-চাপাডাঙ্গা, হাওড়া-শিয়াখালা, হাওড়া-আমতা ব্রড্গেজ লাইন করবার সিদ্ধান্ত গৃহীত হয়েছে কাজও সুরু হচ্ছে। অত্যন্ত দুঃখের কথা অত্যন্ত ক্ষোভের কথা—এই লাইনটা ব্রড্গেজ করবার কথা হচ্ছে; তার কাজকর্মে রাজ্য সরকারের ভূমিকা কী হবে এনিয়ে কেন্দ্রীয় সরকার টালবাহানা করছে। ফলে হাওড়া ও হুগলীর মানুষ অত্যন্ত ক্ষুব্ধ, এই বিধান সভায় এক প্রশ্নোত্তরে ডাঃ জয়নাল আবেদীন সাহেব বলেছেন এই ব্রড্গেজ রেল লাইন নির্মাণ করতে মূল যা ব্যায় হবে—রাজ্যসরকারকে তার ৫০ শতাংশ দিতে হবে আর মেইন্টানেন্স-এর দায়িত্বও রাজ্য সরকারকে নিতে হবে। কিন্তু রাজ্য সরকার সে দায়িত্ব নিতে রাজী নয়। আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় রেল মন্ত্রীর সঙ্গে এই ব্যাপার নিয়ে আলোচনা করেছেন বলে শুনেছি এবং তার ফলও নাকি শুভ। তাই অনুরোধ করবো আর দেরী না করে অবিলম্বে এই ব্যাপার সম্পর্কে কেন্দ্রের সঙ্গে চূড়ান্ত নিষ্পত্তি করে নিয়ে মাটীর কাজ সুরু করা হোক্। আর ফাইল চালাচালি না করে রাজ্যসরকার এই সম্পর্কে আরো তৎপর হোন। এই অনুরোধ রাখছি।

Shri Netaipada Sarker :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধান সভায় গ্রামে অনাহার মৃত্যু সংবাদ বিষয়ে আমি প্রথমে একটা কলিং এ্যাটেনশন্ দিয়েছিলাম। মন্ত্রী মহাশয় জবাবে বলেছিলেন ওটা অনাহার মৃত্যু না। আমরা জানি নদীয়া জেলার গ্রামে গ্রামে অনাহার মৃত্যু সুরু হয়েছে৷ কেবল আমার এলাকায় নয়, অধ্যাপক অসমঞ্জ দে বলেছেন, নরেশচন্দ্র চাকীও এ সম্বন্ধে বলেছেন। প্রাক্তন খাদ্যমন্ত্রী কাশীকান্ত বাবুও বলেছেন নদীয়া জেলায় ভয়াবহ খাদ্যাভাব ও অনাহার মৃত্যু সুরু হয়েছে। চাষী খেতমজুর, আদিবাসী ও অন্যান্য সম্প্রদায়ের গ্রামের গরিব মানুষের যা দুর্দশা—এখানে বসে মন্ত্রীরা তা বুঝতে পারবেন না। গতবার দাবী করেছিলাম—বর্ষার সময় টি, আর, আরম্ভ হলো। আমরা এই নিয়ে চ্যাঁচামেচী করছি কিন্তু আজও টি, আর, সুরু হচ্ছে না। তাহলে বার বার করে বিধান সভায় এ সব বলার মানে কি? আমি স্যার, আপনার মাধ্যমে দাবী করছি নদীয়া জেলাকে দুর্ভিক্ষ এলাকা হিসেবে ঘোষণা করা হোক। গ্রামাঞ্চলে অবিলম্বে জি, আর, টি, আর, ও অন্যান্য উপায়ে গ্রামের গরিব মানুষকে অনাহারের হাত থেকে বাঁচাবার ব্যবস্থা অবলম্বন করা হোক্।

Shri Amarendra Mondal :
মাননীয় স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের আসানসোল মহকুমায় এ বছর অতিরিষ্টিতে ফলন হয় নি। এবং তার ফলে গ্রামের মানুষ বিশেষ করে কৃষিজীবী তারা অনাহারে দিন কাটাচ্ছে-

তারা অর্দ্ধাহারে জীবন কাটাচ্ছে। আমাদের আসানসোল মহকুমার কথা অনেকে উপলব্ধি করেন না কারণ আসানসোল শিল্প নগরী। কিন্তু তা হলেও যে সমস্ত গ্রাম রয়েছে সেই সমস্ত গ্রামে দুঃখ দর্দ্দশা চলেছে। তাই আমি মন্ত্রী সভার কাছে বিশেষ করে অনুরোধ করবো যাতে নাকি সেখানে অবিলম্বে জি, আর, ও টি, আর, দেওয়া হয়। যদি তা না করা হয় তা হলে সমস্ত গ্রামের লোক সহরে এসে ভীড় করবে এবং তারা দুঃখ দুর্দ্দশার মধ্যে জীবন যাপন করবে। সেইজন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে নাকি অবিলম্বে জি, আর, ও টি, আর, চালু করা হয়।

Shri Madhu Sudan Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে কুচবিহারের প্রাথমিক শিক্ষার কি অবস্থা। আমি জানি না যে সেখানের প্রাথমিক বিদ্যালয় কি অপরাধ করেছে। আজ এপ্রিল মাস শেষ হতে চললো, আমাদের সরকারের যে পুস্তক প্রকাশিত হয় যে সমস্ত বই ক্লাস ১, ক্লাস ২ এ দেওয়া হয় ও সহজ পাঠ প্রথম, সহজ পাঠ দ্বিতীয় ও কিশলয়, প্রকৃতি পরিচয়, ইতিহাস, ও পিকক রিডার্স ইত্যাদি বই যা দেওয়া হয় সে বই এখনও কুচবিহারে দেওয়া হয় নি। সেখানে ছাত্ররা বিনা পুস্তকে স্কুলে যাচ্ছে। ফলে তারা বইয়ের জন্য যেই শিক্ষকের কাছে আবদার করছে শিক্ষকরা বাধ্য হয়ে বলছে বই নেই ও তারা সরকারের সম্বন্ধে ও সরকারের প্রশাসন সম্বন্ধে নানাপ্রকার অপ্রীতিকর কথা বলছে। এতে করে এই সমস্ত ছোট ছোট ছেলেদের এখন থেকে মনে নানা প্রকার বিকল্প চিন্তা আসছে। এইভাবে তাদের খারাপ করা হচ্ছে। এটা শিক্ষামন্ত্রী মহাশয় দেখুন। যাতে সেখানে তাড়াতাড়ি বই পাঠান হয় সেটা আপনার মাধ্যমে আমি জানাচ্ছি।

Shri Jagadananda Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি জেলার খাদ্যের অবস্থা গুরুতর আকার ধারণ করেছে যার নমুনা হিসাবে আমি বলছি ফলাকাটা থানার অন্তরগত যোগেন্দপুর মৌজায় এক মাধিযার না খেতে পেয়ে মারা গেছে, ফলাকাটা থানায় প্রকিওরমেন্ট খারাপ হয়নি। যা ধান ধরা হয়েছিল তার সাড়ে ৬৪ ভাগ ধান সরকারের ঘরে জমা দেওয়া হয়েছে এবং ভলেনটিয়ারি স্কেলে ৮০ পারসেন্ট দেওয়া হয়েছে। সুতরাং ফলাকাটার লোক কেন না খেতে পেয়ে মরবে এটা ভাববার কথা। গতবার প্রতিমাসে ২০০ কুইন্টল করে জি, আর, দেওয়া হতো এবার দেওয়া হচ্ছে ২৯ কুইন্টল অনুরূপ ঘটনা ধুবুড়ি থানায় ঘটেছে। সেখানে তিনটা লোক না খেতে পেয়ে মারা যায় এ মাসের প্রথম দিকে। দুটো লোক মারা যাবার পর ৩য় লোক যে মারা যায় তার এরূপ অবস্থা যে সে লোককে কুকুরে শিয়ালে ভক্ষণ করে। ধানের দাম সেখানে ৭৫ থেকে ৮০ টাকা চাল সেখানে ৩ টাকার উপর। সেখানে দিন-মজুরেরা কাজ পাচ্ছে না। যারা কাজ পায় তাদের দৈনিক আয় ৩ টাকা। সাত দিনে তারা এক বেলা ভাত খেতে পায় কিনা সন্দেহ। এই সব লোকের এক্সরে করা দরকার হয় না বাইরে থেকে তাদের পাঁজড়ার হাড় দেখা যায়। আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে বলবো আপনি অবিলম্বে জলপাইগুড়ি জেলার কথা চিন্তা করুন। গত বছর ব্যবসায়ীদের খপ্পরে পড়ে কি অবস্থা হয়েছিলো তা আমরা সকলে জানি। নেপালে সব চাল চলে গিয়েছিলো। এ ব্যাপারে সজাগ হবার জন্য আমি অনুরোধ করছি।

Shri Durgadas Bauri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয় তথা মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে পুরুলিয়া জেলায় দারুন খাদ্য সংকট চলেছে। এখনই সেখানে চালের দাম ৩·২৫ থেকে ৩·৭৫ এই দরে এক কে, জি, চাল বিক্রি হচ্ছে। ক্রয় ক্ষমতাহীন পুরুলিয়া জেলাবাসীর কাছে চাল স্বপ্ন। নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম পুরুলিয়া বাসীর

নাগালের বাহিরে, তাই মানুষ আজ অর্ধাহারে অনাহারে না খেয়ে পুরুলিয়া জেলার হরিজন ও তপশীল জাতিভুক্ত ব্যক্তিরা অস্থি চর্ম্মসার। হাজার হাজার মানুষ কাজ না পাওয়ার জন্য মাথা খুঁড়ে মরছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারা মরণকে সামনে রেখে বেঁচে আছে। এই গরীব মানুষের বাঁচার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে এ বিষয়ে এগিয়ে আসার জন্য অনুরোধ জানাই, আর তারই সঙ্গে সরকারের নিকট দাবী রাখছি অবিলম্বে ১০ পারসেন্ট জি, আর, দেওয়া হোক আর টি, আর, স্কীমের মাধ্যমে এই গরীব হরিজন ও তপশীলিভুক্ত ব্যক্তিদের কাজ দেওয়া হোক। বিলম্বে অগণিত গরীব মানুষ মৃত্যুর শিকার হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। জয়হিন্দ।

Shri Puranjoy Pramanik :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে সংবাদ এল যে আমাদের এ্যাসেম্বলীর কাছে কার্জন পার্কে নুরুল ইসলাম, বারিদ বরন দাস প্রমুখ ৫ জন বিধান সভার সদস্য সহ প্রায় শতাধিক লোক আজকে সেখানে অনশন সত্যাগ্রহ করছে বেলা ১০টা থেকে। তাদের দাবী হচ্ছে পাটের ন্যূনতম দাম ৭৫ টাকা করা হোক।

[3-10—3-35 p.m.]

নিত্য প্রয়োজনীয় জিনিষের দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণের দাবী এবং কৃষি ও ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরী নির্ধারণের দাবী—এই ৬ দফা দাবীর ভিত্তিতে তাঁরা অনশন সুরু করেছেন এবং সেটা আপনার মাধ্যমে জানাচ্ছি এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার পাঁচজন সদস্য সহ প্রায় শতাধিক লোক তাঁরা কার্জন পার্কে অনশন করছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য এবং তাঁদের ক্যাম্পে গিয়ে বক্তব্য রাখবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Dr. Zainal Abedin :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী শনিবার ২৭শে তারিখে ১০টার সময় মাননীয় কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রীর সাথে রোটাণ্ডায় আগামী মরশুমে পাট কেনার কি ব্যবস্থা হবে, দর কি হবে এইসব ব্রড প্রিন্সিপ্যাল নিয়ে আমাদের আলোচনা হবে। গত বছর চাষীরা যে অসুবিধাতে পড়েছে এবং ন্যায্য দর যে পায়নি সেজন্য মাননীয় কৃষিমন্ত্রী এবং আমি সমবায় দপ্তর থেকে বারবার বলছি। সামনের ২৭শে এপ্রিল বেলা ১০টায় এই বিষয়ে আমাদের আলোচনা হবে। জুট করপোরেসান কিছু পারচেজিং সেন্টার বাড়িয়ে দিয়েছে। আমরা কো-অপারেটিভ সেকটারও আরও সেন্টার বাড়িয়ে দিয়ে যেখানে জুট গ্রোয়িং এরিয়া সেখানে যাতে মিনিমাম কভারেজ থাকে তার চেষ্টা করেছি পারচেজিং মেকানিজিমের মাধ্যমে। ২৭শে আলোচনার পর এই সম্বন্ধে আরও কিছু আলোকপাত করতে পারবো।

Shri Bimal Das :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, উত্তরবাংলার একটা ছোট্ট শহর মালদহ। এই মালদহ শহরে তিনটে সিনেমা হল আছে। সিনেমা হলের মালিকেরা গত ২৮শে মারচ তারিখ থেকে লক-আউট ঘোষণা করেছে। আর আজ হচ্ছে ২৩শে এপ্রিল। প্রায় এক মাস হয়ে গেল। বিরোধের সূত্রপাত আপনি জানেন ৭-২-৭৪ তারিখে ১৯৪৭ সালের ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের ১৮(১) উপধারা অনুযায়ী সিনেমা হলের মালিকদের সাথে সিনেমা হলের কর্মচারীদের একটি চুক্তি হয়েছে। এখন মালদহে মালিকরা এই চুক্তি কার্যকরী করতে চাইছে না। এর থেকে বিরোধের সূত্রপাত হয়েছে। অথচ শ্রমিকরা এই নিয়ে ধর্মঘট করেনি। মালিক একতরফাভাবে লক-আউট ঘোষণা করেছে। এর ফলে আপনি জানেন মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যারা অল্প পয়সাতে বিলাস উপভোগ করতে চায় তারা বঞ্চিত হচ্ছে। তাছাড়া, সরকার পক্ষ

ামিউজমেন্ট ট্যাক্স, এন্টারটেনমেন্ট ট্যাক্স যে আদায় হয় তার থেকে বঞ্চিত হচ্ছেন সর্বোপরি নেমা হলের শ্রমিক, কর্মচারীরা আজকে স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে পথে বসে গিয়েছে। কাজেই ামি এই সম্বন্ধে বলতে চাই যে সমস্ত পরিস্থিতি এখন জটিল আকার ধারণ করেছে এবং মিক-কর্মচারীরা অনাহারে দিগবিদিকজ্ঞানশূন্য হয়ে গিয়েছে এবং মানুষের ক্ষোভ বাড়ছে। ই অবস্থাতে আমি অবিলম্বে শ্রমমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করছি এবং সুষ্ঠু মীমাংসা দাবী রছি।

Shri Kamala Kanta Hembram :
াননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি পরিবহন বিভাগের মন্ত্রী মহোদয়ের ষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া—দুর্গাপুর—ভায়া—সুরসুনিয়া এবং বাঁকুড়া—দিশেরগড় ঘাট—য়া—সুরসুনিয়। এই বাস রুটে মাত্র দুটো বাস চলাচল করতো। আজ তিন বছর হল কি জ্ঞাত কারণে ওই বাস রুট দুটো বন্ধ হয়ে গিয়েছে। ফলে ওই এলাকার জনসাধারণের ঃ দুর্গতি তা সহজেই বুঝতে পারছেন। ওই রুট দুটো পড়ছে সুরসুনিয়া পাহাড়ের কাছে । সুরসুনিয়া পাহাড়ের ঝরণা এবং শিলালিপি আজ সারা পশ্চিমবঙ্গের দৃষ্টি আকর্ষণ রেছে। কলকাতা থেকে বিশ-বাইশটা ইন্‌স্টিটিউসান থেকে অনেক যুবক-যুবতী প্রতি ছর পাহাড়ে উঠার হাতে খড়ি শিক্ষা নিবার জন্য সেখানে যায়। কিন্তু যাতায়াতের সুবিধা । থাকার জন্য এখন ষ্টেশন থেকে ৮ মাইল রাস্তা হেঁটে যেতে হয় এবং হাঁটা পথে ফিরে াসতে হয়। কাজেই বাস চলাচল বন্ধের জন্য ওই অঞ্চলের লোকের এবং বাইরের লোকের হ অসুবিধা ভোগ করতে হচ্ছে। এইজন্য পুনরায় যাতে বাস রুট চালু হয় সেজন্য পরিবহন ভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

GOVERNMENT BUSINESS

Laying of Report

The Annual Report on the working and affairs of the Westinghouse Saxby Farmer Ltd., for the year 1971-72.

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report on the ɔrking and affairs of the Westinghouse Saxby Farmer Ltd., for the year 1971-72.

(At this stage the House was adjorned for 15 minutes).

(After Adjournment)

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, I have just received a wire stating that abhat Karmakar of Alipurduar-hat died yesterday having been mercilessly beaten thana custody. I would request the Hon'ble Home Minister to arrange for a licial enquiry into this matter. I am handing you over this telegram.

LEGISLATION

The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as repoted by the Select Committee.

Mr. Speaker : Honourable members, I am glad to announce that I have received information through a letter from Shrimati Ila Mitra, an honourable member this House that the members who had been in the Select Committee on the C.A.D. ll, are not going to move personally those amendments which have been given

notices of by them. These amendments would be moved by other honourable members, viz., Shri Bhupal Chandra Panda and Shri Netaipada Sarkar. On behalf of Shri Ajit Kumar Basu Shri Bhupal Chandra Panda, and on behalf of Shri Biswanath Mukherjee, Shri Netaipada Sarkar will move all these amendments.

Dr. Zainal Abedin :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যামেণ্ডমেন্ট যাদের নামে টেবিল করা আছে তারা যদি মুভ না করে তাহলে যারা এখন মুভ করবেন বলছেন তাদের যে নাম দেবেন বলছেন সে সময় কি তাদের থাকবে?
under which arrangement, which reference and rule this is being done ?

Mr. Speaker : It is a convention which we are trying to build up that the honourable members who were members of the Select Committee on any particular Bill, should not give notice of amendments in respect of the same Bill because they had got the opportunity of a threadbare discussion on the Bill and to move their amendments before the Select Committee. So, we are trying to build up a convention. Also in Lok Sabha and in other legislatures such members do not personally move any amendment, but others can move any amendment.

Dr. Zainal Abedin : Sir, it can be done if it is tabled in time.
আপনি এমেণ্ডমেন্টের সময় বলে দিয়েছেন
on so and so date and within so and so hours you will receive the amendments.
এখন যারা মুভ করবেন বলছেন তাদের কি নাম দেবার সময় আছে তারা যদি টেবিল না করে থাকেন?
Under which rule and under which convention they are moving this ?

Mr. Speaker : I draw the attention of the honourable members and also the Hon'ble Minister, Dr. Zainal Abedin that on previous occasions the members of the Select Committee had moved their amendments also. There are instances, even in this House, where they had been allowed this preference. Now, this preference should also be given to those members who are not the members of the Select Committee—Others should get the preference.

Dr. Zainal Abedin : They will speak, Sir. But they cannot move the amendments because it has not been tabled in time.

Mr. Speaker : But in our House, the members of the Select Committee had also moved amendments.

Dr. Zainal Abedin : Sir, it has been done in violation of the convention—violating all the legislatures of the world. It is being done in violation of the convention.

Mr. Speaker : We are trying to build up a tradition though, in some occasions, that has not been observed. Even then, I am glad to announce, the honourable members are very cooperative with me to build up this democratic tradition in this House. I am grateful to Shrimati Ila Mitra, Shri Biswanath Mukherjee and Shri Ajit Kumar Basu who are agreeable that this tradition should be built up in this House also. So, I can, if necessary, extend the time because the consideration will be taken up today, and tomorrow also the consideration will be taken up and the day after tomorrow we are going to discuss the clauses. So, there is enough time.

Dr. Zainal Abedin : Sir, my point has not been clarified. My humble submission 'as that under which rule the new members will move the amendments ? They ave not tabled the amendments in time or in specified period. So, my question is, nder which rule these amendments are being transferred ? Transfer of amendments annot take place. There is no convention.

[-35—3-45 p.m.]

Shri Biswanath Mukherjee :

্যার, আমি উল্টো জিজ্ঞাসা করছি, কোন্ রুল অনুসারে সিলেক্ট কমিটির মেম্বাররা ্যামেণ্ডমেন্ট দিতে পারবেন না? আপনি বলেছেন কনভেনসান--আপনার সে কথা মেনে আমাদের এ্যামেণ্ডমেন্ট উৎথাপকের নাম আমরা বদল করেছি। আপনার সেই কথা যদি এখানে গ্রাহ্য না হয় তাহলে আমি দাবী করব যে এমন কোন রুল নেই যে সিলেক্ট কমিটির মেম্বাররা এ্যামেণ্ডমেন্ট মুভ করতে পারে না। উনি যদি আপনার সিদ্ধান্ত মানতে রাজি না থাকেন তাহলে আমার যে এ্যামেণ্ডমেন্ট দেওয়া ছিল সেই এ্যামেণ্ডমেন্টই থাকবে। তবে উনি যদি আপনার সিদ্ধান্ত মানতে রাজি থাকেন—আপনি একটা কনভেনসনের কথা বলছেন, আমরা সেটা মেনে নিয়েছি। অতএব আমি বলতে চাই, পঞ্চায়েত বিলের উপর যে সিলেক্ট কমিটি হয়েছিল আমি তার মেম্বার ছিলাম, অজিতবাবুও তার মেম্বার ছিলেন এবং সিলেক্ট কমিটিতে আমরা যে এ্যামেণ্ডমেন্ট মুভ করেছিলাম এই হাউসেও সেই এ্যামেণ্ডমেন্ট মুভ করেছিলাম এবং তাতে মাননীয় সদস্য, মন্ত্রীও বটে ডাঃ জয়নাল আবেদিন কোন আপত্তি করেন নি—করলে বোঝা যেত যে হ্যাঁ এটা উনি করতে চান না। তারপরে রুল করতে পারতেন কিম্বা সর্বসম্মতিক্রমে কনভেনসান করতে পারতেন। কনভেনসান করাটা একলার ঈচ্ছার উপর তৈরী হয় না। রুল হতে পারে মেজরিটির ডিসিসনে, কিন্তু কনভেসন একলার ইচ্ছার উপরে তৈরী হয় না, মেজরিটির ডিসিসনে, সকলের মতে কনভেনসন তৈরী হয়। সুতরাং কোন রুল আমরা ভায়োলেট করি নি। পঞ্চায়েত বিলে আমরা এই রকম এ্যামেণ্ডমেন্ট এনেছিলাম, ডাঃ জয়নাল আবেদিন তখন তাতে কোন আপত্তি করেন নি। এইবারে সেই জন্য আমরা এনেছিলাম। কিন্তু আপনি আমাদের অনুরোধ করেছেন যে একটা কনভেনসন হিসাবে আপনার নামে না এনে অন্য সদস্যের নামে আনা হোক। সেই জন্য আমরা অন্য সদস্যের নাম দিয়েছি। সুতরাং শেষ কথা আপনি সিদ্ধান্ত করুন, আপনার সিদ্ধান্ত যদি ডাঃ জয়নাল আবেদিন মেনে নেন তাহলে ভাল কথা অন্য নামে থাকবে, আর যদি আপনার সিদ্ধান্ত ডাঃ জয়নাল আবেদিন চ্যালেঞ্জ করেন, রুল দেখান তাহলে আমার নামে যে অরিজিন্যালি এ্যামেণ্ডমেন্ট স্টাণ্ড ছিল তাই থাকবে--আগে রুল দেখাতে হবে যে কোন রুল অনুসারে আমাদের সেই অধিকার নেই।

Mr. Speaker : I think we should not take much time over this matter. I want to know from the honourable members of the House whether you agree that we should develop a tradition in the House. I also make an appeal to all the members including Dr. Zainal Abedin as to whether all the members were to develop a healthy convention in the House ; without the cooperation of the members it is not possible for me to build up a healthy tradition.

Dr. Zainal Abedin : Sir, Mr. Mukherjee has asked for the rule. I think, legislative procedures are being governed by convention rather than by rules.

Sir, I beg to cite this from Kaul's Practice and Procedure in Parliament, page 442, first edition, 1968. "Members other than those who serve on the Committee are generally given preference to speak during the discussion on the Bill as reported by the Committee. Members of the Committee may be given a chance to speak if a reply is called for from them to the points raised by other members." Sir, if a reply is not called for, possibly the scope of speeches by the honourable members participating in the Select Committee is not there. Sir, in 1938, volume No. 52, No. 6—March 1969 and 30th April, there is a reference. Mr. Speaker was giving a ruling.

"While I cannot rule out that the President of a Select Committee cannot give such a notice, I think it is preferable that other members of his party should move it." Sir, parliamentary preference means that this is the convention.

Shri Biswanath Mukherjee : It is not obligatory, you cannot bind any one.

Dr. Zainal Abedin : Sir, parliamentary proceedings are being governed by conventions. Mr. Biswanath Mukherjee happens to be a senior member. I think it is not a question of building up a tradition, it is a convention observed in legislatures throughout the world and not only here. Sir, I quote from May's Parliamentary Practice, 7th edition. "While amendments which were rejected in the Committee may be moved again and attempts may be made by amendments to restore the original text of the Bill, the power of selection of amendments conferred upon the Speaker by standing order No. 33 is a check upon excessive repetition of debates which have already taken place in the Committee"- I put a stress on the words "excessive repetition"—"and this power is usually exercised more freely by the Speaker for consideration than in committee by the Chairman."

স্যার আপনার রুলিং সুপ্রিম, আমি মাননীয় প্রবীণ সদস্য শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয়কে বলতে চাই—

He has participated in the Select Committee, in its deliberations in detail, an advantage and privilege denied to the common members of the House.

আমার point দুটো

They have tabled the same amendments as should be found in their note of dissent and Mr. Mukherjee has gone a little further. He has said that the statements of objects and reasons do not form a part of the Bill and we find here in their note of dissent that they have disscussed the statements of objects and reasons more than specific clauses. Sir, I am citing one ruling by your counterpart of the Mysore Assembly. "It must, however, be stated that as a statement of objects and reasons is not a part of the Bill, there can be no objection to taking up the Bill for consideration. It is quite open to any honourable member to argue that as the Bill has been considerably changed, the purpose of the government in bringing forward this measure would not be achieved by passing it in the present form. That would be an argument on merits which an honourable member is entitled to pursue, but no objection can be taken for making the motion."

আমার সেখানে বক্তব্য শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় বলতে চেয়েছেন রুলটা কোথায়? আমি কনভেনসানের কথা তুলেছি। শ্রীসন্তোষ রায় পঞ্চায়েত বিলে আপত্তি করেছিলেন। এক্সেপসান একটা প্রিসিডেন্ট হতে পারে না কোন লেজিসলেচারে, কোথাও। সন্তোষ রায় আপত্তি তুলেছিলেন, এটা হতে পারে না। সিলেক্ট কমিটিতে যাঁরা পার্টিসিপেট করেন কনভেনসান কোথাও নেই তাঁরা এ্যামেণ্ডমেন্ট টেবল করতে পারেন। আমি স্যার, আপনার কাছে স্পেসিফিক্যালী জানতে চাইছি, কোন দয়া নয়। এটা হতে পারে না-

Amendment to be transferred, it is not a transferable instrument

আমার কনটেনসান সেখানে। আমার কনভেনসান হচ্ছে সেখানে এবং আপনার রুলিং আমি সেখানেই চাইছি। কনভেনসান অলরেডি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে সাবমিট করি-

what I submit is that we are not building up any new convention. This Convention is already there in all the Legislatures, in all the democracies in the World. My submission is that amendments are not transferable instrument.

[3-45—3-55 p.m.]

Mr. Speaker : Honourable members, two points have been raised. First is' whether a member of the Select Committee should be allowed to participate in the discussion at the consideration stage. It has been allowed, so far as the Panchayat Bill is concerned. It has also been allowed in the case of Primary Education Bill and on many other occasions members of the Select Committee, fortunately or unfortunately, have been allowed to participate during the consideration stage of the particular Bills. (Shri Biswanath Mukherjee : Including the Minister.) The Minister is the Chairman of the Select Committee. We are trying to build up a convention to the effect that it is better if the members of the Select Committee do not participate. This will enable other members to have enough time for discussion. of a particular Bill—the members of the Select Committee having already expressed their minds and views in the Select Committee. But there is no such rule, or there is no such tradition as yet in this House. So, the members have been allowed to express their opinion at the consideration stage, though they have already expressed their views in the Select Committee as members of the Select Committee. It has been done in connection with many Bills. This is the first point.

The second point is, whether an amendment already tabled in the name of particular member can be transferred in favour of any other member. It has been allowed in this House—if a member in whose name an amendment stands, is not present in the House and authorises another member to move the amendment, then, with the permission of the Chair he can move the amendment. If the permission of the Chair is sought, the Chair can give permission to any other member to move an amendment on behalf of another member. That right has not been taken away.

Dr. Zainal Abedin : Sir, my humble submission is that no amendment can be moved by a member on behalf of another. It is specifically mentioned in the proceedings of the Parliament.

Mr. Speaker : Apart from all these things, what I want to impress upon the honourable members is that a tradition may be built up. On the occasion of the Panchayat Bill and also on the occasion of the Primary Education Bill the members of the Select Committee were allowed to give notices of amendments and were allowed to move the amendments. They were discussed and debated in the House.

But I do not want to say that because that was done on the previous occasion I should follow that. But I can extend the time for tabling amendments. That is within my power. So I extend the time for giving the amendments up to 1 p.m. tomorrow. I think that will satisfy everybody.

Dr. Zainal Abedin : I do not deny that. What I beg to submit is that amendments are not transferable instruments.

Shri Biswanath Mukherjee : Sir, what is sauce for gander is not sauce for the goose.

Mr. Speaker : May I draw the attention of the Hon'ble Ministers that when there is a question of laying of a particular matter on the floor of the House, as soon as I call the name of the particular Minister I find that he is absent and with my permission another Minister lays that particular matter. But that is also not a proper thing. You know that on one occasion in the Lok Sabha when the name of a particular Minisfer was called by the Speaker to move a particular demand, that Minister was found absent and another Minister stood up for moving that particular demand. But then and then a serious objection was taken on the floor of the Lok Sabha that it was nothing but showing disrespect to the entire Lok Sabha. After

one or two minutes the Minister concerned was called and he expressed his regret for not being present in the House in time. But in our House it is accepted. We allow any Minister to lay any particular matter. But I want to draw the attention of the Hon'ble Ministers that when a particular demand or a particular thing is to be placed by a particular Minister whose name is to be announced by the Chair, he should generally be present in the House unless he takes previous permission from the Chair to move his motion by another Minister. In order to maintain dignity and in order to show proper respect to the democratic institution, they should be present in the House. Respective Minister should be found present in time in order to lay any particular matter or in order to move any motion. I hope that Hon'ble Ministers will be cooperating with the Chair in the matter of building a tradition and convention of the House. The difficulty here is that after I send notices of amendments there is no Government Press to print. And the members are so aggrieved that they have expressed their concern over the matter over and over again. They are experiencing difficulties in going through all the papers. Yesterday my Secretariat had to collect the papers from the market as there was no paper. Huge quantity of paper is necessary for duplicating all these things. It is an additional burden on the Secretariat. May I request the Hon'ble Minister for Parliamentary Affairs if he can give me an assurance that all the papers will be printed ? May I request him to help me in the matter ? I know that it is beyond his capacity and for that reason I appeal to all the members to co-operate with the Chair. Adequate time is necessary for typing all these things and a huge expenditure is also involved in it.

Dr. Zainal Abedin : Sir, you have been pleased to make some observations regarding the business of laying of matters by Hon'ble Ministers.

[3-55—4-05 p.m.]

Sir, the procedure here is absolutely clear. An amendment of which notice has been given cannot be moved by another member unless advance notice thereof is given by him. Another point as to whether amendments are acceptable, there is one example. If the Hon'ble Minister who is moving the Bill accepts amendment then in that case there is precedent that this amendment can be accepted. On one occasion, an amendment in the name of an absentee member was with the consent of the House allowed to be moved by another member on his behalf as the amendment in question was acceptable to the Government.

Shri Biswanath Mukherjee:
স্যার, ওটা অন্য কথা, আলোচনা অন্য সময় হবে। আপনি যে রুলিং দিয়েছেন যদিও আইনে কোন বাধা নেই, তা সত্বেও একটা কনভেনশন হিসাবে এটা আমরা করতে চাই .যে যারা সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন তাদের নামে এ্যামেণ্ডমেন্ট মুভ না করে অন্যের নামে মুভ করা হোক। ওর আপত্তিটা সম্বন্ধে আপনি রুলিং দিয়ে দিয়েছেন। এখন সেই অধিকার আপনার নেই এটা যদি উনি মনে করেন তা হলে সেই কথা উনি বলুন।

Mr. Speaker : Now let us start our business. Honourable Members can table notice of amendment by 1 p.m. tomorrow.

The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee

Shri Abdus Sattar : Sir, I beg to move that the West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯শে মার্চ ওয়েস্ট বেঙ্গল কমপ্রিহেনসিপ এরিয়া ডেভেলপমেন্ট বিলটি কলিকাতা গেজেটে প্রকাশিত হয় এবং ২২শে মার্চ বিধান সভায় আমি পেশ করি। অতঃপর সিলেক্ট কমিটি বিলটি বিবেচনা করেন এবং কমিটির মতামত সহ আজ আপনার অনুমতি নিয়ে বিলটি বিবেচনার জন্য উপস্থিত করছি।

এই প্রকল্পের লক্ষ্য হলো আধুনিক বিজ্ঞানসম্মত চাষবাসকে ভিত্তি করে গ্রাম দেশের অর্থনৈতিক সমৃদ্ধি সৃষ্টি করা, এবং সেই সঙ্গে ধনী ও গরীব, উন্নত ও অনুন্নত অঞ্চলের মধ্যে পার্থক্য কমিয়ে আনা। পশ্চিমবঙ্গে দারিদ্র্য সীমার নীচে পড়ে গেছেন যে শতকরা সত্তরজন লোক, তাদের দারিদ্র্য দূর করার কর্তব্যকেই গ্রহণ করে এই বিল রচনা করা হয়েছে। দরিদ্রের এই দারিদ্র্য দূর করার শক্তি, মূলধন যোগান ও উপায় যুগিয়ে দেবার নীতি এবং সংগে সংগে তাদের উৎপাদিকা শক্তির উপর যত রকম বন্ধন ও বোঝা আছে তা দূর করে দেবার নীতি এই বিলের মাধ্যমে গ্রহণ করা হয়েছে।

এ কেবল কৃষি প্রকল্পই নয়। সামগ্রিক পরিকল্পনার প্রাণশক্তি হিসেবে আধুনিক কৃষিকে স্থান দেওয়া হ.লও, বুঝতে হবে যে, রাজ্যের শিল্পকেন্দ্র ও শিল্পোদ্যগকে পুনর্জীবিত না করতে পারলে এই শিল্পায়িত কৃষিকাণ্ড কার্যকর হতে পারে না। আমাদের কৃষিকর্মকে আধুনিক করতে হলে চাই প্রচুর শিল্পজাত সাহায্য যথা বিদ্যুৎ, পাম্প, টিউবওয়েল, সিমেন্ট, রাসায়নিক সার, কীট নাশক ঔষধ, চাষের যন্ত্রপাতি ইত্যাদি। বস্তুত যে পরিমাণ এসব যোগান মিলবে, সেই পরিমাণেই চাষবাসের আধুনিকরণ সম্ভব। আর যে পরিমাণে এ সব যোগান ও দ্রব্যের চাহিদা কৃষিতে বাড়বে সেই পরিমাণে শিল্পোদ্যকও পুনর্জীবিত হবে, অতএব কৃষি ও শিল্প এই পরিকল্পনার পরস্পরের সহায়ক। শিল্পের বাজার হবে প্রধানত কৃষি ও কৃষক, আর কৃষির বাজার হবে প্রধানত শিল্প ও শহর বন্দর নগরের জনসাধারণ, আর যে পরিমাণে দেশের বেশীর ভাগ লোকের অর্থাত কৃষিজীবিদের আয় বাড়বে সেই পরিমাণে সাধারণ শিল্পজাত ভোগ্যবস্তুর বাজারও বেড়ে যাবে। বেকার ও অর্ধ বেকার সমস্যার চুড়ান্ত সমাধান এই পথে বিদ্যমান।

কৃষি, শিল্প ছাড়াও গ্রামের সর্বাঙ্গীন উন্নতির জন্য চাই কৃষকের অবসর সময়ের উপযোগী পর্যাপ্ত কাজ যার মাধ্যমে তার অর্থাগম হবে। সেই উদ্দেশ্যে পশু হাঁস মুরগী পালন, মৎস চাষ কুটিরশিল্প এই প্রকল্পের একটা গুরুত্বপূর্ণ অংশ।

পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে প্রাকৃতিক সম্পদের অভাব নেই, জনসম্পদ ও কর্মশক্তিও যথেষ্ট আছে। কিন্তু এ সবের পূর্ণ মাত্রায় সৎব্যবহার এখনও অবধি হয় নি। এই প্রকল্প বিশেষ-ভাবে এই জনসম্পদ ও কর্মশক্তি সহায়তায় প্রাকৃতিক সম্পদের পূর্ণ সদ্ব্যবহারে প্রয়াসী হবে।

কৃষি শিল্প ইত্যাদির উন্নতির সংগে সংগে চাষী ও শিল্পী যাতে পণ্যের ন্যায্য মূল্য পায় এবং বর্তমান চালু সরকারী ও বেসরকারী সমস্ত সুব্যবস্থার পরিপূর্ণ সুযোগ গ্রহণ করতে পারে তার দিকে দৃষ্টি রাখা হবে। আরও যে সকল নূতন ব্যবস্থা করা হবে তার যাতে পূর্ণ সুযোগ নিতে পারে সেটাও বিশেষ করে লক্ষ্য রাখা হবে।

বর্তমান সেচ ব্যবস্থার পূর্ণ সুযোগ গ্রহণ নূতন সেচ ও জলনিকাশের পরিকল্পনার মাধ্যমে প্রকল্প অন্তর্ভুক্ত সমস্ত চাষের জমির তিনটি ফসলের উপযুক্ত জল সরবরাহ করা এই প্রকল্পের অন্যতম লক্ষ্য। এছাড়া উন্নত ধরণের বীজ প্রয়োজনীয় সার ও কীটনাশক ঔষধ সরবরাহ করা হবে।

অধিকাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ঋণগ্রস্ত। তাই এই বিলে ডেট সেটেলমেন্ট বোর্ডের মাধ্যমে পুরান ঋণ মকুবের ও কমানর ব্যবস্থার কথা বলা হয়েছে।

এই প্রকল্প রূপায়িত হলে আগামী ৫ বছরের মধ্যেই পশ্চিমবাংলায় যে চাল উৎপাদন হবে তা আমাদের প্রয়োজন মিটিয়েও উদ্বৃত্ত থাকবে। এছাড়াও অতিরিক্ত পরিমাণে পাট তুলা গম তৈল বীজ ইত্যাদির উৎপাদন বাড়বে। অতিরিক্ত ৮।১০ লক্ষ লোকের কর্মসংস্থান হবে। সমাজের স্বল্প আয় বিশিষ্ট স্তরে অন্তত শতকরা ৭০ ভাগ গ্রামীন অধিবাসী যাদের অধিকাংশই হলো স্মল এণ্ড মার্জিনাল ফারমার তাদের আয় ২।৩ গুণ বেড়ে যাবে। এই

শ্রেণীর মধ্যে অতি দরিদ্র ভূমিহীন কৃষি মজুর পরিবার, বর্গাদার চাষীপরিবার অন্তর্ভুক্ত প্রায় ১২ লক্ষ কৃষক পরিবারের মধ্যে অন্ততঃ ৯ লক্ষ এই উপায়ে স্বাচ্ছন্দ্য লাভ করবেন বর্তমানে এমন কতকগুলি সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত আছে যার ফলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী উন্নত ধরণের চাষের পূর্ণ সুযোগ গ্রহণ করতে পারেন না। গ্রাম্য মহাজন যার অতিরিক্ত সুদে ছোট চাষীকে ঋন দেয়, দাদন প্রথা, উৎপন্ন ফসলের উপর ফাটকাবাজি ইত্যাদি হলো চাষীর উন্নতির অন্তরায়। সি, এ, ডি, পি, এর রূপায়নে এগুলির বিলুপ্তি ঘটবে এবং ছোট চাষী তার পণ্যের ন্যায্য মূল্য পাবে।

ফসল উঠার পর চাষী যাতে আধুনিক গুদামে ফসল রাখতে পারে তারজন্য বিপনন কেন্দ্র প্রতিষ্ঠা করে সংশ্লিষ্ট গুদাম ঘর নির্মাণ করা হবে। গুদাম জাত ফসলের উপর ভিত্তি করে চাষীকে প্রয়োজনীয় অর্থ দেওয়ার ব্যবস্থা হবে। গুদাম ছাড়াও ধর্মগোলা প্রতিষ্ঠ হবে। অভাবের সময় চাষী এ থেকে ঋণ পাবে। কৃষকও যাতে স্বল্প সময়ে ও স্বল্প ব্যয়ে তার ফসল বিক্রয় কেন্দ্রে আনতে পারে তারজন্য প্রথমেই রাস্তা-ঘাট সাঁকো নির্মাণ ব মেরামতির ইত্যাদির কাজ যাতে নেওয়া হবে। কৃষি মজুর যাতে ন্যায্য মজুরী পায় তার ব্যবস্থা বিলেই করা হয়েছে। মিনিমাম ওয়েজেস এ্যাক্টে যে ন্যূনতম মজুরী ধার্য্য হবে তার থেকে যাতে বেশী মজুরী কৃষক পান তার জন্যে বিলে একটা ধারা রাখা হয়েছে।

[1-05—1-15 p.m.]

আমি একথা উল্লেখ করতে চাই যে, ভারতীয় সংবিধানের ব্যবস্থার মধ্যেই এই বিল রচনা করা হয়েছে। বিনা ক্ষতিপূরণ দানে কোন চাষীর জমি অধিগ্রহণ করা যাবে না কিন্তু যাতে প্রত্যেক চাষী ছোট হোক, বড় হোক চাষ নীতি মেনে চলে তার ব্যবস্থা করা হয়েছে। বিলের ২৭ ধারায় বলা হয়েছে যে, চাষী প্রকল্পের পরিপন্থী কোন কাজ করলে তাকে শাস্তি পেতে হবে। কিন্তু সেই সংগে একথাও স্মরণ রাখা হয়েছে যে, এই শাস্তি দানের মালিক হবে একটি বোর্ড যা প্রকল্পের কর্তৃপক্ষের অধীন হবেনা। আমাদের সীমিত সম্পদের কারণে এক সংগে সমগ্র রাজ্যে এই প্রকল্পের কাজ সুরু করা সম্ভব হবেনা। সেই জন্য পর্যায়ক্রমে পরিকল্পনা মত প্রতি জেলায় নির্ধারিত এলাকায় কাজ সুরু করা হবে এবং উদ্দেশ্য হবে যথাসম্ভব রাজ্যের কৃষি জমিকে প্রকল্পের অধীনে আনা। এই প্রকল্প রূপায়নের সমগ্র দায়িত্ব থাকবে একটি কর্পোরেসনের উপর। এই কর্তৃপক্ষ স্ট্যাটুটরি বডি হিসাবে স্বাধীনভাবে কাজ করবে। এই বিপুল কর্মযজ্ঞে যে অর্থের প্রয়োজন হবে সেটা কর্পোরেসন ব্যাংক থেকে ঋণ হিসাবে নেবে এবং সরকার এই ঋণের গ্যারান্টার হতে পারবে। কর্পোরেসন সরকারের কাছ থেকেও ঋণ নিতে পারবে। প্রত্যেকটি জেলায় একটি করে ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এরিয়া ডেভলপমেন্ট কাউন্সিল গঠিত হচ্ছে। জেলা শাষক, প্রোজেক্ট ডাইরেক্টর, জেলার কৃষি আধিকারিক, জেলার যোজনা কমিটি, জেলা পরিষদ এঁদের প্রতিনিধি এই কাউন্সিলে থাকবেন। এই প্রকল্পের মূল কর্মকেন্দ্র হবে প্রজেক্ট স্তরে যেখানে উচ্চ ক্ষমতা সম্পন্ন এবং যোগ্যতা সম্পন্ন প্রজেক্ট ডাইরেক্টর থাকবেন। তাঁদের সাহায্য করবেন একটা এ্যাডভাইসরি বোর্ড। প্রকল্পের মূল উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে এই এ্যাডভাইসরি বোর্ডে মার্জিন্যাল স্মল ফার্মার, কৃষি মজুর এবং ভাগচাষীদের প্রতিনিধিদের রাখার কথা বিলে বলা হয়েছে। এছাড়া গ্রাম পঞ্চায়েত, চাষী সমবায় সমিতি ইত্যাদির প্রতিনিধি এবং বি, ডি, ও,-রা এই উপদেষ্টা পর্ষতে থাকবেন। প্রকল্পকে স্বার্থক করতে হলে বিভিন্ন সংস্থাগুলিকে একত্রিত করে একটা সামঞ্জস্য বিধান করে কাজ করতে হবে। সে বিষয়ে আমি অবহিত আছি। সেইজন্য ১৯ ধারায় রাজ্য সরকারকে ক্ষমতা দেবার প্রস্তাব করা হয়েছে যাতে মাইনর ইরিগেসন, কর্পোরেসন, রুরাল ইণ্ডাস্ট্রিস কর্পোরেসন, ফার্টিলাইজার কর্পোরেসন, এ্যাগ্রো ইণ্ডাস্ট্রিস কর্পোরেসন ইত্যাদি গুলিকে নিয়ে একসংগে কাজে নামা যায় এবং প্রয়োজনীয় ইনপুটস্ সরবরাহ করা যায়। সাংবিধানিক কাঠামোর মধ্যে এই প্রকল্প রূপায়িত হয়ে গ্রামীন বাংলায় একটা অর্থনৈতিক বিপ্লব সৃষ্টি করবে বলে আমি আশা রাখি সমস্ত কার্যক্রম সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে সাধিত হবে। ব্যক্তিকে কেন্দ্র করে তা কর্মশক্তির

পরিপূর্ণ বিকাশের দ্বারা এই বিপ্লব ঘটবে। চাষীর নিজের জমির মালিকানা থাকবেনা কিংবা তার জমির স্বত্ব নষ্ট হবে এই ধারণা করলে ভুল হবে। ছোট চাষী সুযোগ সুবিধা পেলে তার ফলন বহুগুণ বাড়াতে পারবে এই বিশ্বাস রেখে এই প্রকল্প করা হয়েছে এবং বিল রচনা করা হয়েছে। এই প্রকল্প রূপায়নে শুধু উৎপাদন বৃদ্ধি হবে তা নয়, ছোট চাষী, কৃষি মজুর যারা এতদিন অবহেলিত ছিল তাদের সামাজিক প্রতিষ্ঠা দিয়ে তাদের যথাযোগ্য মর্যাদা দিয়ে তাদের মানবিক অধিকার পুনরুদ্ধার করা হবে। এছাড়া বেকার সমস্যা দূর করে পুঞ্জীভূত প্লানীর হাত থেকে সমাজকে মুক্ত করা হবে এবং অর্থনৈতিক বৈষম্য দূর করে সমাজতন্ত্রের পথে দৃঢ় পদক্ষেপে আমরা এগিয়ে যেতে পারব। একথা বলে আমি মাননীয় সভ্যদের এই বিল গ্রহণ করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : There is a motion for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri. I call upon Shri Timir Baran Bhaduri to move his motion.

Shri Timir Baran Bhaduri : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of June, 1974.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে সাত্তার সাহেব যে ওয়েষ্ট বেঙ্গল কম্প্রিহেন্সিভ এরিয়া ডেভলাপমেন্ট বিল এনে তার যে বক্তব্য রাখলেন, সেই বক্তব্য আমি শুনলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের যে নামাকরণ করা হয়েছে সেই নামকরণ দেখে আমার মনে নয় যে একটা একটা কম্প্রিহেন্সিভ এরিয়া নিয়ে সমস্ত বাংলাদেশের চাষীদের এবং ছোট চাষীদের এবং ক্ষেত মজুরদের যারা ৭০ ভাগ দারিদ্র সীমার নীচে বাস করে এবং এমনকি যে সমস্ত ছোট ছোট দোকানদার আছে এবং অল্প আয় বিশিষ্ট লোকদের একটা কিছু ভবিষ্যতের ইঙ্গিত এই বিলের মধ্যে থাকবে। কিন্তু বিলটার ভিতরে ঢুকে বা দেখে বা পড়ে যে জ্ঞান লাভ করলাম তাতে এই কম্প্রিহেন্সিভ বিল সম্পর্কে আমার একটু অনত বা দ্বিমত আছে। এই কারণে যে কম্প্রিহেন্সিভ এরিয়া বলতে যেটা বুঝি এই বিলে কিন্তু সেটা দেখতে পেলামনা। এই বিলে আছে সেই সমস্ত এরিয়া, সেই এরিয়ায় যারা ধনী চাষী যারা বেশী জোতের মালিক এবং অল্প জোতের যারা মালিক তাদেরই সমস্যার সমাধানের কথা সাত্তার সাহেব এই বিলে বলেছেন। তারজন্য আমার মতে এই বিলের নামকরণ হওয়া উচিত দি ওয়েষ্ট বেঙ্গল কম্প্রিহেন্সিভ এরিয়া ডেভলাপমেন্ট বিল না বলে ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড ওনার কম্প্রিহেন্সিভ বিল বলে আখ্যায়িত করা হলে হয়ত সাত্তার সাহেবকে একটু ভেবে দেখে একটু সমর্থন করা যেতে পারত। কিন্তু যে উদ্দেশ্যের কথা বলে সাত্তার সাহেব আমাদের সামনে এই বিলটা উত্থাপন করলেন তাতে সাত্তার সাহেবের এই বিলকে আমি সমর্থন করতে পারছি না। পারছি না তার অনেক কারণ আছে, সেই কারণ আমি পরে রাখব। স্যার, আপনি জানেন যে বৃটিশ রাজ খতম হয়ে যাবার পর থেকে দীর্ঘ ২৬ বছরের এই দেশে যে ধরণের কৃষি অর্থনীতি আমাদের সামনে এসেছে তাতে দেখা যায় ধণিক কৃষি অর্থনীতি কৃষিজীবিদের ভিতরে অনুপ্রবেশিত হয়েছে। যদিও আমরা আপাতঃ দৃষ্টিতে অনেক সময় দেখি যে খানিকটা আধাসামন্ততান্ত্রিক কায়দা সেখানে আছে কিন্তু আজকে যদি গ্রামের চেহারার দিকে তাকান যায় তাহলে দেখা যাবে যে মাঝারি জোতের যারা মালিক ছিল স্টেট একুইজিশান এ্যাক্ট হয়ে যাবার পর মাজারি জোতের মালিকরা ধনীচাষীতে পরিণত হয়েছে। তারাই আজকে সরকারের যে সমস্ত ডেভলাপমেন্ট প্রজেক্ট-এর কাজ হয় এরাই বেশী সুযোগ গ্রহণ করে। অন্য জোতের মালিকরা এর সুযোগ পায়না। আজকে সমস্ত ডেভলাপমেন্ট অফিসে দেখা যায় লোন থেকে আরম্ভ করে সার এবং অন্যান্য যাবতীয় কৃষি সম্পর্কিত যে সমস্ত সুযোগ সুবিধা বড় জোতের মালিকরা এবং মাঝারি জোতের মালিকরাই গ্রহণ করে। আমাদের ভারতবর্ষে যে ধনতান্ত্রিক অর্থনীতি আছে সেইহেতু আজকে দেখা যায় সরকারের পক্ষে বা সরকারের যে সমস্ত ইন্‌স্টিটিউশান আছে সেই সমস্ত জায়গায় বড় জোতের মালিকরা এবং মাঝারি জোতের মালিকরাই সিংহ ভাগটা পায়, এবং এদেরই প্রভাবটা বেশী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা গনতন্ত্রের কথা বলে, গনতন্ত্রের কজা বারবার তুলে ধরে, এরা বলে সমাজতান্ত্রিক গনতন্ত্র তৈরী করব।

সরকারের যদি কণা মাত্র গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা থাকত তাহলে সাত্তার সাহেব এই রকম বিল আজকে এখানে আনতেন না। সাত্তার সাহেব তার বক্তব্যের মধ্যে বলেছেন বোর্ড কাদের নিয়ে গঠন করা হবে। আমরা দেখছি বোর্ডের মেম্বার হবে কতকগুলি আমলা। এই হাউসে বারে বারে শুধু আমরা নই কংগ্রেস পক্ষের বহু মাননীয় সদস্যরা এই আমলাদের সম্পর্কে বলেছেন এবং তারা এই আমলাদের সম্পর্কে হুশিয়ারী দিয়েছেন।

[4-15--4-25 p.m.]

আবার প্রকারন্তরে দেখা যাচ্ছে সেই আমলাদের উপরই অধিকার দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি দেখতাম যে সাত্তার সাহেব বিলে প্রকল্পটার কাজ সুরু করার জন্য সাময়িকভাবে এক বৎসর বা দেড় বৎসর সেইভাবে একটা বোর্ড গঠন করলেন। বোর্ডে ডি, এম, কে, বা অন্যান্য অফিসারদের সামনে রেখে তাহলেও বুঝতাম কিন্তু সাত্তার সাহেবের বিলে দেখতে পেলামনা যে দেড় বৎসর পরে বা দুবৎসর পরে একটা ইলেক্‌ট্রোরাল বডি তৈরী করে, একটা ইলেকশন মেশিনারি তৈরী করে ঐ যারা প্রান্তিক চাষী, যারা ঐ সমস্ত অল্প জোতের মালিক বা বেশী জোতের মালিক তাদেরকে দিয়ে যদি একটা ইলেক্‌টোরাল বডি তৈরী করা হতো তাহলে আমি বলতাম যে এই বিলকে সমর্থন করা যেতো। কিন্তু তাদের সেই রকম সুযোগ সুবিধা এই বিলের মধ্যে দেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবাক লাগছে ওঁরা গণতান্ত্রিক সমাজবাদের কথা বলেন, গণতন্ত্রের কথা বারবার বলেন কিন্তু গণতন্ত্রের উপর যদি পূর্ণ আস্থা এঁদের থাকে তাহলে কেন সাত্তার সাহেবকে আমি অতি সহজভাবেই জিজ্ঞাসা করছি তাহলে তাদের অধিকার কেন দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যদি জমির হিসাব নিই গোটা পশ্চিমবঙ্গের তাহলে দেখা যাবে ২'৫ একরের নীচের জমির মালিক দেখা যাচ্ছে প্রায় ২৬ লক্ষ। তাহলে স্বাভাবিকভাবে এই সমস্ত এলাকায় যে সমস্ত প্রজেক্‌ট আছে বা প্রকল্প করা হবে তাহলে তাতে দেখা যাবে যে ২'৫ একরের নীচের সংখ্যাই হবে বেশী। সাত্তার সাহেব এটা উদ্দেশ্যভাবেই বোধহয় এনেছেন যে তাদের বক্তব্য যাতে ঠিকভাবে রাখতে না পারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ১০ হাজার একর জমি নিলেন, যে সমস্ত প্রকল্পের কাজ চালু হবে তাতে দেখা যাবে যে নিম্ন জোতের মালিকদের সংখ্যা বেশী। যদি আজকে ইলেক্‌টোরাল মেশিনারি তৈরী হতো তাহলে তাদের একটা সুযোগ থাকতো বলার কিন্তু সেই সুযোগ উদ্দেশ্যপ্রণোদিতভাবেই নিজেদের স্বার্থসিদ্ধি করার জন্য তাদের সেই জায়গায় সুযোগ দেওয়া হয়নি আমি এটা মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেইজন্য গণতন্ত্রের কথা যাঁরা বলেন তাঁরা মনে হয় গণতন্ত্রকে তাঁরাই হত্যা করেন। যাইহোক, এদের অন্যান্য চরিত্র দেখলে দেখা যাবে যে গণতন্ত্র আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই কারণে আমি এই বিলের বিরোধিতা করছি এবং আমার এই বিলের বিরোধিতা করার উদ্দেশ্য যে যদিও এই সিলেক্‌ট কমিটি হয়েছে, সিলেক্‌ট কমিটি একটা রাখা হয়েছে কিন্তু পুরান যে বিল আমাদের হাউসের সামনে দিয়েছিলেন এবং তারপর যে বিল এসেছে তার ভিতরে সিলেক্‌ট কমিটির মাধ্যমে খুব একটা অলটারেশন কিছু হয়নি, খুব একটা পরিবর্তন কিছু দেখা যায় নি, সেই ফুল স্ট্রাকচারটা রেখে দেওয়া হয়েছে। সেই কারণে আমি বলেছি, এই বিলের একটা সার্কুলেশন মোশন আমি মুভ করেছি যাতে বাংলা দেশের বেশীর ভাগ লোক হচ্ছে কৃষিজীবি এবং কৃষিজীবিদের কাছে এই বিলের উদ্দেশ্য জানান দরকার এবং তাদের মতামত নেওয়া দরকার। সরকারের যে সমস্ত প্রকল্প এখানে হয়েছে আমাদের বাস্তব অভিজ্ঞতায় আমরা দেখতে পাই সেই প্রকল্পর ভবিষ্যৎ কি হয়েছে। কেন না, যারা হকদার, যারা ন্যায্য অধিকার পাবে, যাদের মতামত নেওয়া দরকার গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার ভিতরে কিন্তু তাদের মতামত নেওয়া হয়না বলেই প্রকল্পের কাজগুলি মাঝপথে মুখ থুবড়ে পড়ে। আমি তারজন্য আতংকিত হচ্ছি এই যে প্রকল্প, সি, এ, ডি, পি, প্রকল্প, এই প্রকল্পে চাষীকে তার মতামত প্রকাশ করার অধিকার দেওয়া হয়নি। তারজন্য আমি মনে করছি এই প্রকল্প বোধহয় চোরাবলির মধ্যে মুখ থুবড়ে পড়বে। সেই কারণে আমি বলছি যে একটা পাবলিক ওপিনিয়ন নেওয়ার জন্য এই সার্কুলেশন-মোশন আমি মুভ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা পশ্চিমবাংলায়

এটার প্রচার হওয়া দরকার। সেইজন্য আজকে কংগ্রেস নীতি এবং কংগ্রেসের অগ্রগতি কি হবে তার সংগে সামঞ্জস্য রেখে অন্যান্য যে উপকরণ আছে, বিশেষ করে মার্কেট, বাজার, সেটা যদি কব্জা করা না যায়, সেটা যদি নিজেদের কন্ট্রোলে না রাখা যায় তাহলে সাত্তার সাহেব যতই তাঁর গালভরা কথা দিয়ে উৎপাদনের কথা বলে সাধারণ মানুষকে বুঝিয়ে দেবার চেষ্টা করুন না কেন তা হবেনা। সাত্তার সাহেবকে একটু বলি হরিয়ানা, পাঞ্জাবের দিকে একটু তাকাতে। হরিয়ানা, পাঞ্জাবের দিকে যদি আমরা একটু তাকাই সেখানেও দেখা যাবে গম উৎপাদন থেকে অন্যান্য শস্য সামগ্রির উৎপাদন বেড়েছে কিন্তু সেখানে প্রান্তিক চাষী, ছোট চাষী বা ভূখানব্বার ক্ষেত মজুরের কোন সমস্যার সমাধান হয়েছে কিনা বা অর্থনৈতিক বৈষম্যর কথা যেটা বলেছেন তাঁর বিলে যে অর্থনৈতিক বৈষম্য আমরা দূর করবো, সাত্তার সাহেব একটু যান না? বিনা পয়সায় বিনা খরচে তিনি যেতে পারবেন।

মাননীয় মন্ত্রী মহাশয় বল্লেন তিনি নাকি আমাকে নিয়ে যাবেন। আমি তাঁকে ধন্যবাদ দিই এজন্য যে তিনি আমাকে নিয়ে যাবেন, তিনি মার্কসবাদী লোকদের সংস্পর্শে এলে, তাঁর চিন্তাধারার পরিবর্তন হবে, অতএব নিশ্চয়ই নিয়ে যাবেন। তবে আমার সামান্য পাণ্ডিত্য দিয়ে কতখানি তাঁর মধ্যে মার্কসবাদ ইন্‌জেক্ট করতে পারব, সেই প্রশ্নে আমি যাচ্ছিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমার চেয়ে অনেক বড়, বাংলা দেশের প্রখ্যাত বিপ্লবী মার্কসবাদী পান্নালাল দাশগুপ্তের সংস্পর্শে তিনি ইতিপূর্বেই এসেছেন। কিন্তু ভাবতে আমার অবাক লাগে, পান্নালাল বাবুর মার্কসবাদ পাণ্ডিত্যের উপর আপনার অগাধ শ্রদ্ধা, তাঁর সংস্পর্শে এসে বিলের যে চেহারা, তাতে পান্নালালবাবু তাঁকে মার্কসবাদে প্রলুব্ধ করতে পেরেছেন কিনা, বা তিনি পান্নালাল বাবুকে প্রলুব্ধ করতে পেরেছেন কিনা তা দিয়ে ভবিষ্যতে বিলের বিচার বিবেচনা করা যাবে।

(এখানে হঠাৎ হাউসের আলো নিভে যাওয়ায়, মাননীয় সদস্য আসন গ্রহণ করেন।)

[4-25—5-30 p.m.]

(At this stage there was failure of electricity)

Mr. Speaker : The House stands adjourned for 15 minutes.

(At this stage the House was accordingly adjourned for 15 minutes)

(After Adjournment)

(Failure of electricity continuing)

Mr. Speaker : May I request the Hon'ble Minister-in-charge of Power to let me know what is the proper position ? Can we expect power within a few minutes ?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : I have just now had a telephonic discussion with the Managing Director of the Calcutta Electric Supply Corporation. He told me that some defect has developed somewhere in the cable. It is not load shedding. He told me that technicians are being sent and it will take about 45 minutes to remove the defect.

Mr. Speaker : It will take about 45 minutes to restore power. So, I adjourn the House for 45 minutes.

(At this stage the House was adjourned for 45 minutes.

5-30—5-46 p.m,]

(After adjournment)

Shri Sukumar Bandyopadhyay : মন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, বিধানসভা দফায় দফায় কয়েকদিন থেকে এইভাবে ন্ধ হয়ে যাচ্ছে বিদ্যুতের অভাবে। আমি মনে করি বিধান সভা যখন চলে, তখন বিধান-ভার কাজে যদি কেউ বাধা সৃষ্টি করে, যে ব্যক্তি করে বা যারা করেছে, তাহলে বিধান-ভার যে নিয়মাবলী আছে সেই নিয়মানুযায়ী তারা শাস্তির যোগ্য। মাননীয় অধ্যক্ষ হাশয়, আমি দেখেছি—গত কয়েকদিন থেকে এই জিনিষটা ঘটছে। ক্যালকাটা ইলেক্ট্রিক প্লাই কর্পোরেশন-এর কর্তৃপক্ষ মাননীয় মন্ত্রীমহাশয়কে একটু আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন , ৪৫ মিনিটের মধ্যে বিধানসভা ভবনে তারা বিদ্যুৎ আনতে সমর্থ হবে, বিদ্যুৎ সরবরাহ রতে সমর্থ হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪৫ মিনিট তো অতিবাহিত হয়ে গেল; াজকে এখন পর্য্যন্ত বিদ্যুৎ আসেনি; ফলে আর আজকে সি, এ, ডি, পি, বিলের আলোচনা লো না। আমি বলছি স্যার, এর দ্বারা কিন্তু আমাদের অধিকার ভঙ্গ করা হচ্ছে, বিধান-ভার অবমাননা ও অমর্য্যাদা করা হচ্ছে। বিধানসভার কাজে ইচ্ছাপূর্বক ব্যাঘাত সৃষ্টি রা হচ্ছে। আমি আবেদন করছি—ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই করপোরেশন-এর রিচালক কর্তৃপক্ষকে এই বিধানসভার সামনে হাজির করা হোক এবং যথাযথ শাস্তিদানের বস্থা করা হোক। আমি মনে করি এই অপরাধ ইচ্ছাকৃত অপরাধ; সরকারকে লোকচক্ষে য় প্রতিপন্ন করা ও বিধানসভার পবিত্রতা ক্ষুন্ন করার এক গভীর চক্রান্ত এটা। এমতাবস্থায় ীমহাশয়রা কী করবেন জানিনা। আজকে তাঁদের কাছে কোন জবাব নাই। হয়ত নি বলবেন ইঞ্জিনিয়াররা ওয়ার্ক টু রুল করছেন বলেই এই বিভ্রাট। তা যদি তিনি লন—ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন কোম্পানীর বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বনে সহায় বোধ করছেন তাঁরা, তাহলে পশ্চিমবঙ্গের মানুষ তাদের ক্ষমা করবেনা এবং এই ক্ষমতার জন্য আমাদের কাউকেই তারা ক্ষমা করবেনা। অবিলম্বে এই দুরবস্থার নিরসন রতে হবে। অবিলম্বে বিদ্যুৎ সাপ্লাই-এর ব্যবস্থা করতে হবে। এই অন্ধকারে আমরা কেউ উকে দেখতে পারছি না, আপনি আমাকে দেখতে পাচ্ছেন না, আমি আপনাকে দেখতে চ্ছিনা। এটার দ্বারা আমাদের অধিকার ভঙ্গ করা হচ্ছে। এর দ্বারা বিধানসভার অমর্য্যাদা করা ছে। এটা সুপরিকল্পিত একটা চক্রান্তমূলক ও সুপরিচালিত অন্তর্ঘাতমূলক কাজ একটা। চমবঙ্গ সরকারকে হেয় প্রতিপন্ন করবার একটা চেষ্টা করা হচ্ছে এই ভাবে। তাই মি অনুরোধ জানাবো সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়রা বা মুখ্যমন্ত্রী মহাশয় এখানে ঘোষণা করুন লজ্জাজনক অমানবিক বিদ্যুৎ সংকট সভ্যতারও কলংক। এই বিদ্যুৎসংকটের কাবিলা করবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করছেন। এটা তাঁরা এখনই নান। পরোক্ষভাবে যাঁরা এই বিধানসভার অপমান করছেন, অমর্য্যাদা করছেন, তাঁদের বিধানসভার সামনে এনে শাস্তি প্রদানের ব্যবস্থা করা হোক্। এই বক্তব্য আমি আপনার নে রাখছি।

Shri Biswanath Chakrabarti : নীয় অধ্যক্ষ মহাশয়, এত দীর্ঘ বক্তৃতার কোন প্রয়োজন ছিল বলে আমি মনে করি না। লকাটা ইলেক্ট্রিক সাপ্লাই করপোরেশনের ম্যানেজিং ডাইরেক্টর তিনি আমাদের এই সকে অবমাননা করেছেন, কনটেম্পট করেছেন—এই মর্মে যদি মাননীয় সভ্য প্রস্তাব থাপন করতে চান তাহলে তাতে আমার পূর্ণ সম্মতি আছে। তার মধ্যে কোথায় কি ছেন মিলিটারি হয়ে যাবে তা জানি না, আমি এটুকু বলতে চাই ক্যালকাটা ইলেক্ট্রিক াই করপোরেশনের ম্যানেজিং ডাইরেক্টরকে দায়ী করতে পারি এবং তিনি আমাদের হাউসের অবমাননা করেছেন এবং হাউসের কাজে বাধা দিয়েছেন। কাজেই এই মর্মে মাননীয় সদস্য প্রস্তাব আনেন তাহলে আমার তাতে পূর্ণ সমর্থন আছে এবং সেই ব আনলে আমি সেটা সমর্থন করব।

Shri Sukumar Bandyopadhyay :
আমি কোন প্রস্তাব আনতে চাই না।

Timir Baran Bhaduri :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার একটি প্রিভিলেজ মোসান মুভ করেছিলাম। আপনি লিখিতভাবে দিতে বলেছিলেন, আমি লিখিতভাবেই দেব। আমাদের গণতান্ত্রিক অধিকারকে যেভাবে খর্ব করার চক্রান্ত করা হচ্ছে সেটা একটা অদ্ভুৎ ব্যাপার। সেদিনও ঠিক এই ভাবে আমাদের হাউস বন্ধ করে দেওয়া হয়েছে। এটা একটা ইমপরট্যান্ট ম্যাটার। সি, ই, এস, সির ম্যানেজিং ডাইরেক্টরকে এখানে নিয়ে আসার অধিকার আপনার আছে। হাউসের মর্যাদা যদি রাখতে হয় তাহলে সেই অধিকার আপনি প্রয়োগ করবেন, আশা করি আপনি এদিকে একটু দৃষ্টি দেবেন।

Mr. Speaker : Honourable members, the Hon'ble Minister, Mr. Ghani Khan Chowdhury, announced about 45 minutes back that there had been a cable fault, but the power has not yet been restored. I would request the Hon'ble Minister to enlighten the House about the present position. The honourable members are already agitated over the matter and it is about an hour that the House is without power. I would request the Hon'ble Minister to clarify the position.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Sir, I contacted the Managing Director of the Calutta Electric Supply Corporation. He tells me that the technicians are working. It has not been repaired yet. At the present moment he cannot tell me whether it is an accident or a sabotage. So, it is difficult for me to tell the House what is the actual position. I would let the House know the position in detail tomorrow.

Shri Sukumar Bandyopadhyaya : Sir, this is motivated. The Managing Director of the Calcutta Electric Supply Corporation did it intentionally to lower down the prestige of the House and that gentleman should be summoned forthwith before the Assembly. That gentleman should be given adequate punishment.

Mr. Speaker : The Minister has assured the House that he will enquire into the matter. He cannot say at the present moment whether it is an act of sabotage or it is an accidental failure of power. Let him enquire into the matter. I will urge upon the Government to take into account the serious grievances expressed by the honourable members. The Minister has assured that he will place a report before the House tomorrow and after the report is received the House will be competent enough to take such action as it deems fit and proper.

Shri Puranjoy Pramanick :
ম্যানেজিং ডাইরেকটারকে এখানে মার্শাল দিয়ে নিয়ে আসা হোক।

Mr. Speaker : The Honourable members have expressed their concern over the matter and the Minister will surely enquire into the matter. On behalf of the entire House, I will also request the Minister to go into the matter deeply and to place the report, to place everything without fear or favour that comes before him, before the members of the House so that the House can take a decision in the matter. For the time being we should not express any opinion whether it is due to an act of sabotage or it is due to an accidental failure of power. Let the report come, and then you give your anxious consideration on the report and take necessary action in the matter. This is my humble request to all the honourable members.

Adjournment

The House was then adjourned at 5-46 p.m. till 1 p.m. on Wednesday, the 24th April, 1974, at the " Assembly House ", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 24th April 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 175 Members.

[1—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

HELD OVER QUESTIONS
(to which oral answers were give)

স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে লোক নিয়োগ

***২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩।) শ্রীগণেশ হাটুইঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বিভিন্ন অফিসে যে দশ হাজার নূতন কর্ম নিয়োগ করার কথা ছিল তন্মধ্যে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত কত হাজার বেকার যুবকের চাকরি হইয়াছে;

(খ) "(ক)" এ উল্লিখিত সংখ্যার মধ্যে কতগুলি পদ পূরণ করিতে এখনও বাকী আছে; এবং কবে নাগাত উক্ত পদগুলি পূরণ করা যাইবে বলিয়া আশা করা যায়;

(গ) রাজ্যের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে উক্ত ১০ হাজার কর্মী নিয়োগ ব্যতীত অতিরিক্ত লোক নিয়োগের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(ঘ) থাকিলে, কতদিনের মধ্যে এই পরিকল্পনা কার্যকরী করা হইবে?

Shri Suniti Chattaraj :

(ক) ১০,৩৭১ জন।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

Shri Ganesh Hatui :

এই যে ১০ হাজারকে এ্যাড-হক বেসিসে নিয়োগ করা হয়েছে এর মধ্যে ক্লাশ থ্রি এবং ক্লাশ ফোর পোস্টের কত জন আছে সেটা বলবেন কি?

Shri Suniti Chattaraj :
নন-টেকনিক্যালের মধ্যে ক্লাশ থ্রি হচ্ছে ৩ হাজার ১০৬ জন এবং ক্লাশ ফোর হচ্ছে ৭ হাজার ২৬৫ জন।

Shri Ganesh Hatui :
এদের খালি এ্যাড-হক বেসিসে নিয়োগপত্র দেওয়া হয়েছে, কতদিন পরে এদের রেগুলার করে নেওয়া হবে, সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Suniti Chattaraj :
সিলেকসান কমিটির প্রথম অনুমোদনক্রমে এদের পোষ্টিং তাড়াতাড়ি ঠিক করে দেওয়া যায় নি, এ্যাড-হক এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব পোষ্টিং ঠিক হয়ে গেলে এবং প্রিলিমিনারি পরীক্ষা হবার কথা আছে সেটা হয়ে গেলে এদের পার্মানেন্ট এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে।

Shri Ganesh Hatui :
ক্লাশ ৪ পোষ্টে যাদের নিয়োগ করা হয়েছে তাদের কি পরীক্ষা নেওয়া হবে?

Shri Suniti Chattaraj :
ক্লাশ ৪ কর্মচারীদের জন্য ফরম্যাল মেডিকেল এণ্ড আদার টেষ্ট নেওয়া হবে, ক্লাশ ৩-দের জন্য পরীক্ষা নেওয়া হবে।

Shri Gautam Chakraborty :
মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই সিলেকসানের জন্য যে কমিটি বসিয়েছিলেন এবং কমিটির রেকমেণ্ড করা বহু নাম বোর্ডে গেছে, তাদের প্রত্যেকেরই চাকরি হয়েছে?

Shri Suniti Chattaraj :
মাননীয় সদস্য নিশ্চয় ভাল করে জানেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের একটি সিলেকসান কমিটি আছে, গভর্ণমেন্ট থেকে সিলেকসান কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য আমরা মাননীয় প্রশ্ন কর্তা শ্রীগৌতম চক্রবর্তী মহাশয়কে ইনক্লুড করেছিলাম এবং আদার সিলেকসান কমিটি মেম্বারস এক সংগে বসে প্রায়রিটি অনুসারে একটা লিষ্ট করে পাঠিয়ে দিয়েছিলেন। ১০ হাজারের সীমারেখা পেরিয়ে যাবার পরে আর আমরা এ্যাপয়েন্টমেন্ট দিতে পারি নি অর্থাৎ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড টেকনিসিয়ান্স এ্যাপয়েন্টমেন্ট দিতে পারে নি। তারপরেও অনেক রেকমেণ্ডেসন ফ্রম দি সিলেকসান কমিটি পড়ে আছে হয়ত সেগুলি সব দিলে ১৫।১৬ হাজার হয়ে যাবে, সেটা আমাদের পক্ষে এখন দেওয়া সম্ভব নয়।

Shri Abdul Beri Biswas :
১০,৩৭১ জন ছেলেকে চাকরি দেওয়া হয়েছে এর মধ্যে কোন্ জেলার কতজনকে দেওয়া হয়েছে, সেটা দয়া করে জানাবেন কি?

Shri Suniti Chattaraj :
মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি, এটা আমার কাছে এখন নেই, তবে হাউসে আগেই ছাপানো আকারে এটা বিলি করা হয়েছে।

Shri Gautam Chakraborty :
মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ১০ হাজার নিয়ে নেওয়ার পর কমিটি ভেঙ্গে দিয়ে অন্য ভাবে রিক্রুট করা হচ্ছে। আমার জিজ্ঞাস্য, এই কমিটি কি ১০ হাজারই এ্যাপয়েন্টমেন্ট দিয়েছিল?

Shri Suniti Chattaraj :

স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের রিপোর্ট থেকে যেটা পাচ্ছি সেটা হচ্ছে, সিলেকসান কমিটি আমাদের গভর্ণমেন্টের নমিনি এবং ওঁদের যে আর আর সিলেকসান কমিটির মেম্বার আছেন উভয়ে বসে এই এ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যবস্থা করেন।

Shri Gautam Chakraborty :

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, সিলেকসান কমিটির অনুমোদনক্রমে এ্যাপয়েন্টমেন্ট দেওয় হয়েছে। কিন্তু আমার কাছে এমন ডকুমেন্ট আছে যাতে দেখা যাবে আমরা ওখান থেকে রেকমেণ্ড করার পরও চাকরি দেওয়া হয়নি। শুধু তাই নয়, তার সাথে বহু লোকের নাম গিয়েছে কিন্তু যাবার পর সেইসব লোককে চাকরিতে ঢুকতে দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, যদি মাননীয় মন্ত্রীমহাশয়ের এগুলি জানা থাকে তাহলে তাদের পুনর্নিয়োগের ব্যবস্থা করবেন কি?

Shri Suniti Chattaraj :

আমি মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, ১০ হাজারের সীমারেখা পেরিয়ে যাবার পর আরও ৩৭১'৭২ এরকম বেশী আমরা নিতে পেরেছি। সেখানে রেকমেণ্ডেসান প্রায় ১৫।১৬ হাজার লোকের চলে গিয়েছে। আমরা বর্তমানে যে ১০ হাজারের প্রতিশ্রুতি দিয়েছিলাম সেই ১০ হাজারকে আমরা সার্ভিস দিয়েছি। আর মাননীয় সদস্য যে বললেন, আরো রেকমেনডেড ক্যাণ্ডিডেট পড়ে রয়েছে সে সম্বন্ধে জানাচ্ছি যে, আগামী দিনে যদি কোটা বাড়াতে পারি তাহলে রেকমেণ্ডেড ক্যাণ্ডিডেট যারা পড়ে রয়েছে তাদের নিয়োগের চেষ্টা করবো, তবে কথা দিতে পারছি না।

Shri Sankar Das Paul :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন কতকগুলি ট্রেনী বণ্ড দিয়েও আজ পর্যন্ত জয়েন করে নি, সেসব ট্রেনীদের নেবার ব্যবস্থা করবেন কি?

Shri Suniti Chattaraj :

এই প্রশ্নটা নন-টেকনিক্যাল ক্লাস থ্রি ও ক্লাস ফোর সম্বন্ধে। আপনি ট্রেনীদের সম্বন্ধে আলাদা প্রশ্ন করবেন, জবাব দেব।

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, রাজ্য বিদ্যুৎ পর্ষদে কর্মী নিয়োগের জন্য একটা নির্বাচন কমিটি হয়েছিল। আমার জিজ্ঞাস্য, কিসের ভিত্তিতে এবং কোন কোন ব্যক্তিকে নিয়ে এই কমিটি হয়েছিল এবং সেই কমিটি যদি ভেঙ্গে দেওয়া হয়ে থাকে তাহলে কিসের জন্য ভেঙ্গে দেওয়া হয়েছে?

Shri Suniti Chattaraj :

রাজ্যসরকারের অনুমোদনক্রমে এবং ক্যাবিনেটের এ্যাপ্রুভাল নিয়ে শ্রীগৌতম চক্রবর্তী এবং লোকসভার মাননীয় সদস্য শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সীকে নিয়ে আমরা এই সিলেকসান কমিটি করেছিলাম। ১০ হাজার এ্যাপয়েন্টমেন্ট শেষ হবার সাথে সাথে আমরা ঐ কমিটির কার্যকরী ক্ষমতা ডিসল্ভড করে দিয়েছি।

Shri Sukumar Bandyopadhaya :

আমার জিজ্ঞাস্য, কিসের উপর ভিত্তি করে এই কমিটি করা হয়েছিল?

Shri Suniti Chattaraj :

আমি আগেই বলেছি, ক্যাবিনেটের এ্যাপ্রুভাল নিয়ে কমিটি হয়েছিল।

Shri Khan Nasiruddin :

এই রকম একটা প্রচার হয়েছিল যে, এই সিলেকসান কমিটি যাদের চাকরি দিয়েছিলেন তাদের মধ্যে প্রায় ৫০ পারসেন্ট লোক একটি জেলার লোক। আমার জিজ্ঞাস্য, মন্ত্রিমহাশয়ের কাছে এরকম কোন রিপোর্ট আছে কি?

Shri Suniti Chattaraj :

আমার কাছে এরকম কোন রিপোর্ট নেই। তবে আপনি যেটা প্রচার হয়েছে বলে সংবাদ পেয়েছেন সেটা যদি বাস্তব সত্য হয় তাহলে আমাকে জানাবেন, আমি দেখবো।

(1-10—1-20 p.m.)

Shri Sarat Chandra Das :

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে একই জেলা থেকে ৫০ পারসেন্ট লোক নিয়োগ করা হয়েছে এই রকম রিপোর্ট তিনি পাননি। তাহলে কোন্ কোন্ জেলা থেকে কতজন পেয়েছেন দয়া করে সেটা জানাবেন কি?

Shri Suniti Chattaraj :

আমি আগেই বলেছি যে কোন্ কোন্ জেলা থেকে কত এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে সেটা বিস্তারিত তথ্য আমার কাছে নেই। আমি হাউসে অলরেডি প্লেস করেছি।

Shri Rajani Kanta Doloi :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে চাকুরী দেওয়া হয়েছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ তাতে সিডিউলল্ড কাস্ট এবং সিডিউল্স ট্রাইবসদের যে কোটা সেই কোটা ঠিকমত রক্ষিত হয়েছে কিনা?

Shri Suniti Chattaraj :

বোর্ডের কাছ থেকে যে অফিসিয়াল রিপোর্ট নিয়েছি তাতে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস্‌দের কোটা ম্যাক্সিমাম নাম্বার'এ আমরা মেনটেন করার চেষ্টা করছি।

Shri Mohammad Idris Ali :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে কমিটি গঠিত হয়েছিল কতগুলি চাকুরীর জন্য রেকমেন্ডেশান করা হয়েছিল এই রকম কোন সীমা নির্ধারণ করা হয়েছিল কিনা?

Shri Suniti Chattaraj :

আমরা ১০ হাজার রেকমেন্ডেশান করার সীমা নির্ধারণ করেছিলাম।

Shri Nandalall Gurung :

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে আমাদের দার্জিলিং ডিস্ট্রিক্ট'টা একটা হিল এরিয়া। এই দার্জিলিং ডিস্ট্রিক্ট'এ কতজন বাংগালী ছেলে মেয়েদেরকে চাকুরী দেওয়া হয়েছে, এটা আপনি বলতে পারবেন কি না?

Shri Suniti Chattaraj :

আমার কাছে এই তথ্য নেই। মাননীয় অনারেবল মেম্বার যদি এটা একটা সেপারেট প্রশ্ন করেন তাহলে আপনাকে জানিয়ে দেবার চেষ্টা করবো। কিন্তু এখন আমার কাছে নেই।

Shri Nandalall Gurung :

মাননীয় মন্ত্রী মহাশয়, আমি বলছি যে, দার্জিলিং'এ হিল সাবডিভিসান আছে ৩টি। কালিমপং, কারসিয়াং, দার্জিলিং, ওখানে চিরকাল থেকে বাংগালীরা আমাদের সঙ্গে বাস করে। এবং অনেকদিন থেকে সেখানে ছেলে মেয়েরা পড়াশোনা করে। সেখানে নেপালী পড়ছে, বাংগালী পড়ছে সব রকম পড়াশোনা করছে। কিন্তু এই যে পাশ করা কোয়ালিফায়েড ছেলেমেয়েরা তাদের যদি চাকুরী না হয় তাহলে তারা কি করে চাকুরী পাবে। তারা ক্যালকাটাতে এলে বলবে যে, তোমরা এখানকার লোক নয়, তোমাদের দার্জিলিং যেতে হবে। জলপাইগুড়িতে গেলে বলবে, যে তোমরা এখানকার লোক নয়, তোমাদের দার্জিলিং'এ যেতে হবে। তারা কোন চাকুরী পাচ্ছে না। দেয়ার ইজ নট এ সিংগল কেস, একটা বাংগালী ছেলের চাকুরী হলনা কেন?

Shri Suniti Chattaraj :

মাননীয় সদস্য অত্যন্ত ভাল প্রশ্ন করেছেন। তবে ঐ এলাকা থেকে, ঐ হিল এলাকা থেকে হাজার হাজার দরখাস্ত করেছিলেন। সেই দরখাস্তের উপর সিলেকশান কমিটি নির্বাচিত করে উপযুক্ত ক্যান্ডিডেট পাঠিয়েছিলেন। কিন্তু সেখানে বেঙ্গলী ছেলেরা দরখাস্ত করে, কমপ্লিটলি ডিপ্রাইভড হয়েছে এই রকম কিছু জানা নেই। তবে অনারেবল মেম্বার যদি জানেন যে কে কে দরখাস্ত করে পাননি। যেহেতু হিল এরিয়া বাংগালী ছেলেরা পাশ করেছে বলে আমাকে জানালেন, সেজন্য আমি তদন্ত করে দেখতে পারি।

Shri Nandalall Gurung :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐখানে যে ছেলেমেয়েদের দরখাস্ত পড়ে আছে, আমি সিটিজেন সারটিফিকেট ইসু করেছি, সেজন্য আপনার কাছে জানাচ্ছি।

(নো-রিপ্লাই)

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে সিলেকশান কমিটি তৈরী হয়েছিল, সেই সিলেকশান কমিটি যে প্রাইওরিটি লিস্ট তৈরী করেছিল, এর মাধ্যম কি ছিল। অর্থাৎ কি কি মেরিটের ভিত্তিতে তৈরী করা হয়েছিল এবং যে মাধ্যমে তৈরী করা হয়েছিল সেটা পুরোপুরি কার্য্যকরী হয়েছে কি?

Shri Suniti Chattaraj :

সিলেকশান কমিটি যে ক্যানডিডেট রেকমেনড করেছে সেটা যদি ঠিকমত উপায়ে না হ'ত তাহলে এ্যাপয়েন্টমেন্ট ব্যাপারে যে স্টাটুটারি বোর্ড আছে, সেই বোর্ড তাহলে এ্যাপয়েন্টমেন্ট দিতনা। এজন্য ধরে নিচ্ছি আমরা এখন পর্যন্ত কোন কমপ্লেন বোর্ড থেকে পাইনি যে সিলেকশান কমিটির রেকমেন্ডড্ ক্যানডিডেট ঠিকমত উপযুক্ত কোয়ালিফায়েড নয়, এই রকম ক্যানডিডেট রেকমেন্ড করে পাঠিয়েছে।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুসন্ধান করে দেখবেন যে সিলেকশন কমিটির মাধ্যমে যে প্রায়রিটি লিস্ট তৈরী হয়েছিল, এই মাধ্যমটা পুরোপুরি কার্য্যকরী করা হয়েছে কি? না হয়ে থাকলে এই সম্বন্ধে যে যথাবিহিত ব্যবস্থা নেওয়া দরকার তা নেওয়া হয়েছে কি?

Shri Suniti Chattaraj :

এই বিষয়ে অনুসন্ধান চালিয়ে কোন বাস্তব প্রমাণ পাওয়া যায়নি। যদি কোন মাননীয় সদস্য রেকুমেণ্ডেড কোয়ালিফায়েড ক্যাণ্ডিডেটের নাম দিয়ে যদি কোন কেস আনতে পারেন তাহলে আমার ডিপার্টমেন্টে দিলে, ব্যবস্থা নিতে পারি।

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই যে নুতন করে লোক নিয়োগ করা হয়েছে, তাতে একমাত্র মালদহ জেলার নুতন করে কত লোককে নিয়োগ পত্র দেওয়া হয়েছে?

Shri Suniti Chattaraj :

জেলাওয়ারি হিসাব আমার কাছে বর্ত্তমানে নেই। এর আগে আমি এই হাউসে লিখিতভাবে জেলাওয়ারি হিসাব ডিস্ট্রিবিউট করে দিয়েছি।

Shri Pankaj Kumar Banerjee :

আমরা শুনতে পাচ্ছি যে এই সংখ্যাটা মালদহ জেলায় বেশী, এটা কি সত্য?

Shri Suniti Chattaraj :

'আমি তো আগেই বললাম যে জেলাওয়ারি হিসাব আমার কাছে বর্ত্তমানে নেই।

Shri Jyotirmoy Majumdar :

বিদ্যুৎ পর্ষদে কর্মী নিয়োগের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে একজন বিধান সভার সদস্য এবং একজন লোকসভার সদস্য, এই দুজনকে নিয়ে কমিটি করা হয়েছিল। সেই সমস্ত কর্মী নিয়োগের ক্ষেত্রে—সেই সমস্ত সুপারিশ যথাযথভাবে পালিত হয়নি, এই সম্পর্কে অভিযোগ উঠেছে, এটা কি সত্য?

Shri Suniti Chattaraj :

জ্যোতির্ময় মজুমদার যে প্রশ্ন আমার কাছে করলেন, সে সম্পর্কে আমি তাঁকে জানাতে চাই যে, এখনও পর্যন্ত কোন উপযুক্ত প্রমান আমি পাইনি। যদি উনি কোন উপযুক্ত প্রমান আমার কাছে এনে দিতে পারেন, তাহলে নিশ্চয়ই তদন্ত করে দেখবো।

Sri George Albert Wilson-Deroze : Mr. Speaker, Sir, with greatest respect and regard to my friends in the House, it is very clear that this so-called Selection Committee was actually a committee for political patronage.

Mr. Speaker : Do not make any comments. Please put your pointed supplementary.

Shri George Albert Wilson Deroze : Sir, speaking for myself and my community, the Anglo-Indian Association, Calcutta, does have an Employment Bureau. This information was given to me by one of the Deputy Ministers that selection is taking place in the State Electricity Board and that I could recommend some names. Sir, 25 applications were sent and I recommended those applications and I sent them to the Hon'ble Minister, Shri Ghani Khan Chowdhury. It is understood that the entire set of 25 applications has disappeared and I have never heard anything about it.

Will the Hon'ble Deputy Minister kindly advise as to whether I can again send those 25 applications ?

Shri Suniti Chattaraj : Sir, this is a request for action.

Shri Biswanath Chakraborti :

माननीय উপমন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে ১০ হাজার ৩০০ কত জনকে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, তার মধ্যে ক্রিমিন্যাল কেসে কনভিক্টেড হয়েছে এমন কিছু কিছু কর্মী নিযুক্ত হয়েছেন কি না?

Shri Suniti Chattaraj :

এখন সেই রকম কোন তথ্য আমার জানা নেই। এইগুলো বর্ত্তমানে সব এ্যাডহক বেসিসে চাকরী দেওয়া হয়েছে, প্রত্যকটি কেস আমরা পুলিশ ভেরিফিকেশন করবো। তাদের সার্ভিস কনফার্ম হবে না।

Shri Mohammad Dadar Baksh :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ১০ হাজার ছেলেকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে চাকরি দেওয়া হয়েছে এর জেলাওয়ারি কোটা, সেটা কোন ভিত্তিতে হয়েছিল?

[1-20—1-30 p.m.]

Shri Suniti Chattaraj :

জেলাওয়ারী কোন কমিটি করা হয়নি। সিলেকশন কমিটি জেলা ভিত্তিক যাকে উপযুক্ত মনে করেছেন তাকে নেওয়া হয়েছে। সেই সমস্ত কোয়ালিফায়েড ক্যান্ডিডেটদের চাকুরী দেওয়া হয়েছে।

Shri Susanta Bhattacharjee :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যে সিলেকশন কমিটি তৈরী করা হয়েছিল সেই কমিটিতে মাননীয় এম,পি, শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সি ছিলেন এবং আমাদের কাছে খবর আছে যে পরবর্তীকালে তিনি ঐ কমিটি থেকে পদত্যাগ করেছিলেন, একথা সত্য কিনা এবং সত্য হলে সেই পদত্যাগ পত্র গৃহীত হয়েছে কি?

Shri Suniti Chattaraj :

মাননীয় সদস্য খুব ভাল প্রশ্ন করেছেন, মাননীয় শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সি সেই কমিটির সদস্য ছিলেন এবং কমিটি একশান স্টার্ট হওয়ার কিছুদিন পূর্বেই তার নিজের ব্যক্তিগত কারণে এবং অন্যান্য কারণে ঐ কমিটিতে সময় না দিতে পারার জন্য পদত্যাগ করে-ছিলেন এবং সেই পদত্যাগ পত্র গৃহীত হয়েছে।

Shri Puranjoy Pramanick :

মাননীয় মন্ত্রী কি জানেন যে সিলেকশন কমিটি ভেঙে দেওয়ার পর, ১০ হাজার লোক নিয়োগ করবার পর, মালদহ জেলায় ৯৮ জন লোককে নিয়োগ করা হয়েছে, সেটা যদি হয়ে থাকে তাহলে কিসের ভিত্তিতে করা হয়েছে?

Shri Suniti Chattaraj :

আমি যতদূর জানি সিলেকশন কমিটি চাকুরীর রেকমেন্ড করে আমাদের কাছে পাঠিয়ে ছিলেন এই রকম অনেক ক্যান্ডিডেট এখনো পড়ে আছেন, ১০৩৭১ জন চাকুরী পাওয়া পর আপ টু ডেট ফিগার নিয়ে এবং মালদহের ঐ প্রশ্ন নিয়ে আমার চেম্বারে অনেক সদস্য বলেছিলেন। কিন্তু এখনো ঐ কমিটির রেকমেন্ড করা ১।২ হাজার ক্যান্ডিডেট পড়ে আছে তার ভিতর থেকে এইচ,এম,স্পেশাল কেস কনসিডার করে দিচ্ছেন।

Shri Debabrata Chatterjee :

মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে প্রিয়রঞ্জন দাসমুন্সি মহাশয় ঐ কমি থেকে পদত্যাগ করার পর কোন তদন্ত করা হয়েছিল কিনা, এবং হয়ে থাকলে ফলাফ জানাবেন কি?

Shri Suniti Chattaraj :

কোন জেলায় কত নেওয়া হয়েছে, এই বিষয়ে কোন তদন্ত করার প্রশ্ন আমার কাে আসেনি বা ওঠেনি।

Shri Pankaj Kumar Banerjee :

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, আমরা আপনার কাছে প্রোটেকশান চাইছি, আমর যে প্রশ্ন গুলি দিচ্ছি সেগুলি আমরা ঠিকমত পাচ্ছিনা, এতে আমাদের প্রিভিলেজ ভঙ্গ হচ্ছে ঐ টেবিলে যেগুলি রেকর্ড হচ্ছে সেগুলি ছাড়া আর কিছুই পাচ্ছি না।

(Several members rose to put supplementaries)

Mr. Speaker : I will be happy if the honourable members co-operate with m and we can pass over to the next question. I find that a large number of member are standing on their feet and demanding more supplementaries to the Hon'bl Minister. If they agree I will be most happy to go to the next question.

Shri Gautam Chakraborty :

স্যার, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে কোশ্চেনটি আপনি এডমিট করেছেন তাতে আমি লক্ষ্য করে দেখছি ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে কর্মী এপয়েন্টমেন্টের ব্যাপারে প্রশ্নটি। আমি ঐ বোর্ডের সিলেকশন কমিটির একজন মেম্বার ছিলাম। সেখানে চেয়ারম্যান ছিলেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের চেয়ারম্যান। এই নিয়ে অনেকে অনেক কথা বলেছেন, অনেক দুর্নীতির কথা বলা হয়েছে এবং সেই সিলেকশন কমিটি ভেঙে দেওয়াও হয়েছে। মাননীয় মন্ত্রী এখানে আজকে উত্তর দেওয়ার সময় বললেন যে ১০ হাজার কর্মীকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার পর কমিটি ভেঙে দেওয়া হয়েছে। এই তথ্য তাকে সরকারী কর্মচারীরা দিয়েছেন, এটা তাকে এবসোলিউটলি রং ডকুমেন্ট দিয়েছেন।

আমার কাছে যে ডকুমেন্ট আছে তা থেকে বলছি আমি ক্লাস ফোর ৫ হাজার ২১৭ এবং ক্লাস থ্রি ১ হাজার ৭২১ জনকে মোট রেকমেন্ড করে এস,ই,বোর্ড-এর হেড অফিসে পাঠিয়েছি। কিন্তু তার পরিবর্তে ক্লাস—ফোর ৩ হাজার ২১৭, ক্লাস—থ্রি ১ হাজার ২৩৮ জনকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। তিনি একটু আগে বললেন ১০ হাজার জনকে এ্যাপয়েন্টমেন্ট দেবার পর ভেঙ্গে দেওয়া হয়েছে। পুরঞ্জয় প্রামানিক মহাশয় জিজ্ঞাসা করলেন ২৮ জনকে মালদহে কিভাবে হেড অফিস থেকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল? আমি আপনার মাধ্যমে জানাতে চাই নিউ সেক্রেটারিয়েট-এ যে সিলেকশন কমিটি ছিল সেখানে বহু সদস্য যে রেকমেন্ড করে যা পাঠিয়েছিলেন তাঁদের সেই রেকমেন্ডেশান আমি এস,ই,বি-এর কাছে পাঠিয়েছি। কিন্তু পরবর্তীকালে দেখলাম কার চক্রান্তে জানিনা সেই সমস্ত এ্যাপয়েন্টমেন্টগুলিকে চেপে দেওয়া হয়েছে। রাইটার্স বিল্ডিংস থেকে যে লিস্ট ধরে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল তাতে স্পেসিফিক ডকুমেন্ট হিসেবে মাননীয় সদস্যের উক্তিও তার সঙ্গে মন্ত্রী মহাশয়ের যা উক্তি তাতে আপনার কাছে জানতে চাই দুর্নীতির নামে যেটা করা হয়েছে তাতে সিলেকশন বডি যে সমস্ত নাম রেকমেন্ড করে পাঠিয়েছিলেন সেগুলি কার্য্যকরী হয়নি। আমি বলতে চাই আমি যখন মেম্বার ছিলাম সেই সময় প্রকৃত কোন দুর্নীতি হয়েছে কিনা, কারুর কাছ থেকে কোন টাকা খাওয়া হয়েছে কিনা, সিলেকশন কমিটি যে সমস্ত নাম রেকমেন্ড করে

পাঠিয়েছিলেন সেগুলি এ্যাপয়েন্টমেন্ট পেয়েছে কিনা সেসব দেখা হোক। এখানে বহু মাননীয় সদস্য আছেন তাঁরা যে সমস্ত নাম পাঠিয়েছিলেন নিজের চোখে নিউ সিক্রেটারিয়েট-এ গিয়ে সে সমস্ত ফাইল দেখে এসেছেন। অথচ দেখা যাচ্ছে হেড অফিস থেকে সে সমস্ত এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি। অতএব এস,ই,বি থেকে যে সমস্ত এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তার পূর্ণ তদন্ত দাবী করছি।

মেদিনীপুর জেলায় গ্রাম বৈদ্যুতিকরণ

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪।) **শ্রীপদ্যোৎ কুমার মহান্তি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে মেদিনীপুর জেলার সদর (দক্ষিণ) মহকুমার কোন থানার কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে?

Shri Suniti Chattaraj :

১৯৭২-৭৩ সালে ১০০টি মৌজা ও ১৯৭৩-৭৪ সালে ১০০টি মৌজা, থানাভিত্তিক বৈদ্যুতিকৃত মৌজার সংখ্যা নিম্নরূপ ঃ—

থানা	১৯৭২-৭৩	১৯৭৩-৭৪
সাবং	৩৪	১৪
নারায়নগড়	১১	১৮
দাঁতন	১৬	১৪
মেদিনীপুর	১০	১৯
খড়্গপুর	২৯	৩৫
মোট	১০০	১০০

মৌজার তালিকা সংযোজনী—এ দ্রষ্টব্য।

(রাজ্য বিদ্যুৎ পর্ষদ মৌজাভিত্তিক প্রকল্প গ্রহণ ও রূপায়ণ করে বলিয়া গ্রামভিত্তিক তথ্য দেওয়া গেল না।)

*Statement in Referred to Question No. *425*

Mouzas Electrified in 1972-73.

Sl. No.	Mouza	J.L. No.	P.S.
1.	Dihipalasya	176	Sabang
2.	Dihi Badalpur	175	,,
3.	Chak Badalpur	174	,,
4.	Benidighi	177	,,
5.	Uchudiha	145	,,
6.	Andulia	144	,,
7.	Belki	305	,,
8.	Singapur Latitaki	171	,,
9.	Banhalia	298	,,
10.	Bansberia	306	,,
11.	Chak-Khankhanya	300	,,
12.	Khan Khanya	299	,,
13.	Talik Pikhan	143	,,

Sl. No.	Mouza	J.L. No.	P.S.
14.	Kubir Chak	301	Sabang
15.	Bagagerya	337	„
16.	Krorda	340	„
17.	Bara Sahara	358	„
18.	Malpur Batitaki	357	„
19.	Sartta	341	„
20.	Chaterkila	333	„
21.	Jhakuria Batitaki	343	„
22.	Jhikuria	342	„
23.	Barchahara	312	„
24.	Sanchara	311	„
25.	Naoyagan	359	„
26.	Adasunia	334	„
27.	Dasagram	318	„
28.	Kolanda	323	„
29.	Gayadanga	321	„
30.	Krishna Jibanchak	163	„
31.	Latunia	123	„
32.	Sabang	293	„
33.	Benia	380	„
34.	Bhikini Nischantapur	148	„
35.	Kuchli	456	Narayangarh
36.	Kashba (Narayangar)	273	„
37.	Handla	272	„
38.	Kanthalia	452	„
39.	Handla Ballashadarpur	440	„
40.	Raipur	439	„
41.	Dandpur	449	„
42.	Mandar	448	„
43.	Kanthaliabar	451	„
44.	Godakpur	372	„
45.	Khatnagar	375	„
46.	Banskuni	104	„
47.	Benapura	164	Dantan
48.	Parajbhetia	103	„
49.	Pakharbar	105	„
50.	Barabaghra	91	„
51.	Lalitapur	95	„
52.	Pabsia	96	„
53.	Garadpur	94	„
54.	Barasati	93	„
55.	Kholgeria	165	„
56.	Pantunia	92	„
57.	Jamjhatia	166	„
58.	Tukarui	168	„
59.	Augua	101	„
60.	Kanakpur	51	„
61.	Alikasa	17	„
62.	Manguchak	146	Midnapore
63.	Panchkuri	241	„
64.	Khangardihi	254	„
65.	Namalpur	253	„
66.	Bhutgerya	252	„

Sl. No.	Mouza	J.L. No.	P.S.
67.	Malida	251	Midnapore
68.	Raghunathpur	271	,,
69.	Bogdubi	139	,,
70.	Chandabila	25	,,
71.	Natendrapur	219	,,
72.	Mendipur	474	Kharagpur
73.	Jharia	510	,,
74.	Sanjharia	518	,,
75.	Sankati	505	,,
76.	Dakshinsimla	355	,,
77.	Chakkashi	397	,,
78.	Patemamud	357	,,
79.	Rajpura	130	,,
80.	Elasairangadighi	331	,,
81.	Haripurkismat	332	,,
82.	Bara Fakir	424	,,
83.	Jangichak	408	,,
84.	Beguna	500	,,
85.	Tentulmuri	423	,,
86.	Asrappur	421	,,
87.	Lakichak	409	,,
88.	Maminpur	476	,,
89.	Ramnagar	475	,,
90.	Jhamjhatia	422	,,
91.	Muksudpur	478	,,
92.	Kaigerya	486	,,
93.	Manik Khola	495	,,
94.	Amalpur	419	,,
95.	Mohespur	477	,,
96.	Bolarampur	348	,,
97.	Gobindanagar	371	,,
98.	Manibpur	222	,,
99.	Kanchantola	379	,,
100.	Sultanpur	501	,,

Mouzas electrified in 1973-74

Sl. No.	Mouzas	J.L. No.	P.S.
1.	Debhog	119	Sabang
2.	Kharpara	120	,,
3.	Kapasda	382	,,
4.	Uttarbasbani	378	,,
5.	Dakshin Basbani	377	,,
6.	Bikalbar	385	,,
7.	Basantapur	118	,,
8.	Uchitpur	115	,,
9.	Ranbar	384	,,
10.	Khepat	383	,,
11.	Banai	336	,,
12.	Krishnapale	302	,,
13.	Chandkuri	169	,,
14.	Chakchandpur	162	,,

Sl. No.	Mouzas	J.L. No.	P.S.
15.	Uttarkorkara	422	Narayangarh
16.	Badampur	274	,,
17.	Bagabhera	266	,,
18.	Mokranpur	234	,,
19.	Brahmansagam Gobindapur	254	,,
20.	Abhirampur	260	,,
21.	Kagh	431	,,
22.	Narayangarh	432	,,
23.	Tutranga	671	,,
24.	Kajichak	697	,,
25.	Malka	238	,,
26.	Arjuri	406	,,
27.	Monoharpur	674	,,
28.	Rampur	240	,,
29.	Amarsia	673	,,
30.	Salimchak	668	,,
31.	Raghuramchak	676	,,
32.	Bhanpur	233	,,
33.	Brahamankhalsia	310	Dantan
34.	Swastanagar	64	,,
35.	Pusuhachak	59/50	,,
36.	Purya	312	,,
37.	Dhalhara	67	,,
38.	Doyasti	68	,,
39.	Joyrampur	71	,,
40.	Chak-Joyram	69	,,
41.	Haripur	318	,,
42.	Janabar	315	,,
43.	Jakinagar	90	,,
44.	Chanh	88	,,
45.	Mohorpur	74	,,
46.	Panja	72	,,
47.	Jamkunda	100	Midnapore
48.	Hasanbad	200	,,
49.	Keshabpur	205	,,
50.	Harishpur	206	,,
51.	Dakshin Bangai	203	,,
52.	Kulda	242	,,
53.	Chherua	212	,,
54.	Ajoydhyanagar	237	,,
55.	Maharajpur	217	,,
56.	Rameswarpur	216	,,
57.	Balabandihi	256	,,
58.	Murakata	127	,,
59.	Muchibera	128	,,
60.	Nayagram	125	,,
61.	Depara	74	,,
62.	Shirishadanga	113	,,
63.	Rupsa	101	,,
64.	Bhunyahata	96	,,
65.	Belia	97	,,

Sl. No.	Mouzas	J.L. No.	P.S.
66.	Barjanardanpur	377	Kharagpur
67.	Samudrapur	373	,,
68.	Chakturia	354	,,
69.	Barbegunia	503	,,
70.	Kalichak	502	,,
71.	Mohanpur	214	,,
72.	Barhindu	425	,,
73.	Chakberia	473	,,
74.	Kaismati	499	,,
75.	Kapaseria	490	,,
76.	Gopali	360	,,
77.	Amlataria	241	,,
78.	Tutemunibgar	376	,,
79.	Barmundibgar	375	,,
80.	Chansunpur	374	,,
81.	Ramchandrapur	383	,,
82.	Krishnagar	220	,,
83.	Uttar Simla	217	,,
84.	Balihati	216	,,
85.	Rupnarayanpur	212	,,
86.	Barbasantapur	539	,,
87.	Shaurshipur	536	,,
88.	Rasatapur	558	,,
89.	Barekaranji	524	,,
90.	Berobetra	525	,,
91.	Amodpur	516	,,
92.	Salimbad	202	,,
93.	Satkuri	205	,,
94.	Gaffala	230	,,
95.	Aksra (Akasya)	538	,,
96.	Chandipur	132	,,
97.	Jentachali	144	,,
98.	Raji Chaks	204	,,
99.	Basudevpur	407	,,
100.	Malso	488	,,

Shri Pradyot Kumar Mahanti:

আমার প্রশ্ন হচ্ছে ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ বা ১৯৭৪-৭৫ সালে যেসমস্ত গ্রাম বৈদ্যুতিকরণ হবে এই গ্রামগুলি কে নির্বাচন করেন?

Shri Suniti Chattaraj:

এস, ই, বি,-এর এ্যাডিশনাল চিফ ইঞ্জিনিয়ার-এর তত্বাবধানে এ কাজ হয়।

Shri Pradyot Kumar Mahanti:

কি বেসিসে গ্রামগুলি নির্বাচিত করা হয়?

Shri Suniti Chattaraj:

প্রধানতঃ কৃষির উপর নজর রেখে করা হয়। তারপর কনজিউমার দেখা হয়।

Shri Pradyot Kumar Mahanti:

১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালে মেদিনীপুর জেলার সদর মহকুমার যে ১০০টি গ্রাম নির্বাচিত করা হয়েছে তারমধ্যে অনেক গ্রাম আছে যেখানে এগ্রিক্যালচার-এর কথা চিন্তা করা হয়নি। লোক বিসতির কথাও চিন্তা করা হয়নি। অর্থাৎ এরফলে এগ্রিক্যালচার বা কমারসিয়াল-এর কোনটারই উন্নতি হচ্ছে না। এগুলি বন্ধ করার কথা চিন্তা করছেন কি?

[1-30—1-40 p.m.]

Shri Suniti Chattaraj:

১৯৭৩-৭৪ সালে যদি কোন জায়গায় দেখা যায় যে সেখানে কৃষির উপর নির্ভর করে ইলেক্ট্রিসিটি যায়নি সেটা যদি মাননীয় সদস্য জানান তাহলে নিশ্চয়ই বিবেচনা করে দেখব।

Shri Pradyot Kumar Mahanti:

কেবলমাত্র ঐ ইলেক্ট্রিসিটি বোর্ডের রুরাল ইলেক্ট্রিফিকেসান স্টাফের উপর নির্ভর করবার জন্য এই সিলেকসানের ভেতর ভুল হচ্ছে বলে মনে হয়। সেজন্য শুধুমাত্র ইঞ্জিনিয়ার, স্টাফের উপর নির্ভর না করে সেখানকার নির্বাচিত প্রতিনিধি সে অঞ্চল পঞ্চায়েত হোক, গ্রাম পঞ্চায়েত হোক এবং এগ্রিকালচারের সংগে সংশ্লিষ্ট ব্যক্তির মতামত গ্রহণ করা যায় কিনা সেটা চিন্তা করে দেখবেন কি?

Shri Suniti Chattaraj:

আনঅফিসিয়ালি কিন্তু ইঞ্জিনিয়ার যাঁরা আছেন যাঁরা এই সব বিষয়ে দায়িত্ব নিয়েছেন তাঁদের কাছ থেকে রিপোর্ট পেয়েছি যে তাঁরা লোকাল পিপলের সংগে, লোকাল গ্রাম পঞ্চায়েতের প্রধান, গ্রাম সভার মেম্বার, বিশেষভাবে স্থানীয় বিধানসভার সদস্যের দেখা পেলে তাঁদের সংগে আলোচনা করে এই সমস্ত সিলেকসান করেন।

Shri Pradyot Kumar Mahanti:

এই রকম কোন ডাইরেকসান রুরাল ইলেক্ট্রিফিকেসান স্টাফের উপর মন্ত্রী মহাশয় দেওয়ার কথা চিন্তা করছেন কি যাতে করে তারা এটা কমপালসারি সেখানকার রিপ্রেজেনটেটিভ ক্যারেকটারের লোক বা এগ্রিকালচারাল ক্লাসের লোকের সংগে কথা বলে কোথায় ইলেক্ট্রি-সিটি গেলে এগ্রিকালচারের উপকার হবে, বা কোথায় কমার্সিয়াল বেসিসে নিয়ে যেতে হবে এই সমস্ত গ্রামগুলি নির্বাচন করার পিছনে যাতে দুর্নীতি না হয় তারজন্য সে সম্বন্ধে সার্কুলার জারী করার কথা চিন্তা করছেন কি?

Shri Suniti Chattaraj:

এখনও চিন্তা করিনি, মাননীয় সদস্য ভাল সাজেসান দিয়েছেন, আমরা ডিপার্টমেন্টালি আলোচনা করে দেখব।

Shri Rajani Kanta Doloi:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন মালদহ, বীরভূম জেলার তুলনায় মেদিনীপুর জেলার গ্রাম বৈদ্যুতিক করণের কাজ অনেক পিছিয়ে আছে?

Shri Suniti Chattaraj:

মাননীয় সদস্যকে জানাতে পারি বীরভূমের ফিগার তিনি জানেন কিনা জানিনা মেদিনীপুরের ফিগার হয়ত জানেন, এই রকম তথ্য সত্য নয়।

Shri Hemanta Dutta:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যেসব জায়গায় রুরাল ইলেক্‌ট্রিফিকেসান লাইন নিয়ে যাওয়া হচ্ছে সেগুলি রাস্তায় গিয়ে হচ্ছে, যেসব জায়গায় ইনফ্রাস্ট্রাকচার নেই সেইসব জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে না?

Shri Suniti Chattaraj:

কোন বিশেষ ক্ষেত্রে হচ্ছে না এখনও সেই সমস্ত রিপোর্ট পাইনি। কোন বিশেষ ক্ষেত্রে যদি এই রকম হয়ে থাকে তিনি আমাদের সাহায্য করলে পরস্পরের সাহায্যে সেটা রেক্‌টিফাই করার চেষ্টা করব।

Shri Khan Nasiruddin:

বোর্ড অফ ইলেক্‌ট্রিসিটির ইউনিট চার্জ ৩৬ পয়সা যেটা অন্যান্য সংস্থার ডবলেরও বেশী এটা সমতা করার চিন্তা আপনার দপ্তরের আছে কিনা?

Shri Suniti Chattaraj:

দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ, স্যার।

Mr. Speaker: Question *433 is held over.

গোবর থেকে গ্যাস তৈরী

*৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৩।) **শ্রী গণেশ হাটুই**ঃ কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গোবর থেকে গ্যাস তৈরীর কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, পরিকল্পনাটি বর্তমানে কোন পর্য্যায়ে আছে?

Shri Atish Chandra Sinha:

(ক) এই রাজ্যে গোবর থেকে গ্যাস তৈরীর কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Shri Ganesh Hatui:

গোবর থেকে গ্যাস অন্যান্য রাজ্যে তৈরী হচ্ছে। গোবর থেকে মিথেন গ্যাস রান্না করার পক্ষে সুবিধাজনক এবং সস্তায় তৈরী হয়। সেজন্য ঐ গোবর থেকে গ্যাস তৈরী করার কথা চিন্তা করছেন কি?

Shri Atish Chandra Sinha:

আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে পশ্চিমবঙ্গ খাদি এবং গ্রামোদ্যোগ পর্ষদ থেকে আমাদের ব্যবস্থা আছে যে এই রকম কোন পরিকল্পনা নিয়ে যদি উপযুক্ত সংস্থা বা সমবায় সমিতি আসেন তাহলে তাঁদের সেই পরিকল্পনাকে যাতে কার্যে পরিণত করা যায় তারজন্য ব্যবস্থা আছে। এরজন্য ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২-৭৩ সালে খাদি এবং গ্রামোদ্যোগ কমিশনের কাছ থেকে কিছু টাকা পাওয়া গেছে। ঋণ হিসাবে ১৯৭১-৭২ সালে ৪ হাজার ৪ শো টাকা এবং অনুদান হিসাবে ৬ শো টাকা পাওয়া গেছে। ১৯৭২-৭৩ সালে ঋণ হিসাবে ১১ হাজার ৭ শো টাকা এবং অনুদান হিসাবে ৪ হাজার ১ শো টাকা পাওয়া গেছে কিন্তু দুঃখের বিষয় কেউ কোন স্কীম নিয়ে এই পর্ষদের কাছে আসেনি যেগুলিকে কার্যে পরিণত করা যাবে।

আমি মাননীয় সদস্যদের জানাতে চাই এবছর দুটি প্লান্ট-এর জন্য ২ হাজার ৯৪০ টাকার মত পর্ষদ দিয়েছে। আমরা চাই যেখানে গ্যাসের অভাব আছে সেখানে যদি গোবর থেকে গ্যাস উৎপন্ন করতে পারি তাহলে ভাল হবে এবং তারজন্য টাকা সাহায্যের ব্যবস্থা রয়েছে। আমি আপনাদের কাছে অনুরোধ করব যদি মাননীয় সদস্যেরা সেরকম কোন সংস্থাকে নিয়ে আসেন যাদের মাধ্যমে টাকার সৎব্যবহার হবে তাহলে খুবই উপকার হবে।

Shri Khan Nasiruddin :

আমরা যদি কোন সংস্থাকে নিয়ে আসি তাহলে সরকার নিজে প্রকল্প করবেন কিনা?

Shri Atish Chandra Sinha :

সরকারের কোন প্রকল্প করবার পরিকল্পনা নেই। ক্ষুদ্র শিল্প দপ্তর থেকে আমরা শিল্প উদ্যোগীদের সাহায্য করে থাকি। যারা শিল্প স্থাপন করবে আমরা তাদের নানারকম সাবসিডি, সেলস ট্যাক্স রিবেট, ইলেকট্রিসিটি রিবেট দিয়ে থাকি। আমরা সরকারী দপ্তর থেকে কোন শিল্প স্থাপন করিনা, আমরা সাহায্য করি, অনুদান দেই বা ঋণ দেই। যদি কেউ স্থাপন করবার জন্য আসে তাহলে আমরা তাদের সাহায্য করব।

উত্তরবঙ্গে সরকারী ছাপাখানা স্থাপনের প্রস্তাব

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩১।) **শ্রী গৌতম চক্রবর্তী:** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কাজে ব্যবহার করা হয় এইরূপ বহু কাগজ বে-সরকারী ছাপাখানায় ছাপানোর কারণ কি;

(খ) ইহা কি সত্য যে, মালদার সরকারী অফিসের জন্য প্রয়োজনীয় বহু ফর্ম ইত্যাদি বে-সরকারী ছাপাখানায় ছাপানো হয়;

(গ) সত্য হইলে—(১) গত দুই বৎসরের কোন্ বৎসরে কত টাকার সরকারী কাগজ, ফর্ম ইত্যাদি মালদার বে-সরকারী ছাপাখানা হইতে ছাপানো হইয়াছে,

(২) ইহার কারণ কি; এবং

(ঘ) উত্তরবংগে সরকারী ছাপাখানা স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

Shri Tarun Kanti Ghosh.

(ক) জেলাগুলিতে স্ট্যাণ্ডার্ড ফর্ম সরবরাহ করিবার সরাসরি দায়িত্ব জেল প্রেসের অর্থাৎ প্রেস এ্যাণ্ড ফর্মস ম্যানেজার এর কিন্তু কখনও স্টাণ্ডার্ড ফর্মস সরবরাহ করিবার অসুবিধা থাকিলে জেলাগুলি জেল প্রেসের অনুমতিক্রমে জরুরী প্রয়োজনে বেসরকারী প্রেসে ফর্ম ছাপানোর ব্যবস্থা করিয়া থাকে।

(খ) জরুরী প্রয়োজনে মালদহে কিছু নন-স্ট্যাণ্ডার্ড ও সামান্য স্ট্যাণ্ডার্ড ফর্ম বেসরকারী ছাপাখানায় ছাপানো হইয়াছে।

(গ) (১) ১৯৭২-৭৩ সালে ১,৪০,৬৮৮
১৯৭৩-৭৪ সালে ৪,৬৬৪

(২) (ক) প্রশ্নের জবাবেই কারণ বর্ণিত হইয়াছে।

(ঘ) উত্তর বঙ্গে কুচবিহারে বহুপূর্ব হইতেই সরকারী ছাপাখানা রহিয়াছে, গত বৎসর দার্জিলিংএও একটি সরকারী ছাপাখানা স্থাপন করা হইয়াছে। ইহার পরও যদি প্রয়োজন হয় সরকার আরও ছাপাখানা স্থাপনের অথবা বর্তমান ছাপাখানার সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করিতে পারেন।

Shri Gautam Chakravartty :

মন্ত্রিমহাশয় বলেছেন দরকার হলে ছাপাখানা সম্প্রসারণ করবেন। আমার প্রশ্ন হচ্ছে মালদহ জেলায় এরকম কোন ছাপাখানা করবেন কিনা?

Shri Tarun Kanti Ghosh :

আপাততঃ কুচবিহার এবং দার্জিলিং-এ রয়েছে। সম্প্রসারণের মাধ্যমে করা যেতে পারে বা নূতন করা যেতে পারে। তবে এখন আমাদের সে রকম কোন পরিকল্পনা নেই, যদি দরকার হয় তাহলে নিশ্চয়ই করব।

Shri Gautam Chakravartty :

মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি আমার মনে হয় এর দরকার আছে। আপনি লক্ষ্য করুন শুধুমাত্র ১৯৭২।৭৩ সালে ভূমি এবং ভূমি সংস্কারের জন্য যে সমস্ত ফর্ম প্রাইভেট প্রেস থেকে ছাপান হয়েছে তার মূল্য হচ্ছে ৪৭ হাজার টাকা। কাজেই অনুরোধ করছি মালদহ জেলায় যখন অন্য কোন শিল্প নেই তখন সেখানে একটি সরকারী ছাপাখানা স্থাপন করবার কথা চিন্তা করুন।

Shri Tarun Kanti Ghosh :

মিঃ স্পীকার, স্যার, আই নোট ইট।

Shri Khan Nasiruddin :

আপনারা প্রয়োজনবোধে বেসরকারী ছাপাখানা থেকে ছাপিয়েছেন। আমার প্রশ্ন হচ্চে সরকারী ছাপাখানা যেখানে এগুলি ছাপা হওয়া সম্ভবপর সেখানে এগুলি যে ছাপা হচ্ছেনা তার কারণ কি কর্মচারীদের কাজে শৈথিল্য?

Shri Tarun Kanti Ghosh :

এটা একটা ডিফারেন্ট কোশ্চেন, এটা এখানে আসেনা। মাননীয় সদস্যকে জানাচ্চি কমার্স এ্যাণ্ড ইণ্ডাস্ট্রিস্ ডিপার্টমেন্ট থেকে ছাপা হয়না, জেলখানায় যে প্রেস থাকে সেখান থেকে ছাপা হয়।

[1-40 -1-50 p.m.]

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত আমার প্রশ্ন এড়িয়ে যেতেন কিন্তু যে প্রশ্ন নিয়ে মাননীয় সদস্যরা এই বিধানসভায় উদ্‌বেগ এবং উৎকণ্ঠা প্রকাশ করেছেন যে বিধান সভার জন্য একটা নিজস্ব ছাপাখানা স্থাপন করবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং যদিও আমরা শুনেছি যে সরকার এবিষয়ে ভাবছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীও এই বিষয়ে গভীরভাবে চিন্তা করছেন এবং যদি সরকারের এই বিষয়ে কোন পরিকল্পনা থেকে থাকে তবে কবে নাগাদ বিধানসভার নিজস্ব ছাপাখানা হবে সেটা যদি মাননীয় মন্ত্রিমহাশয় এখানে জানিয়ে দেন তাহলে এই সভা উপকৃত হবে।

Shri Tarun Kanti Ghosh :

এটা যদি লেজিসলেটিভ ডিপার্টমেন্ট করেন তাহলে সেটা তারা করবেন, আর আমাদের যদি কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের উপর তার দেওয়া হয় তাহলে যেটুকু সময় দরকার তা লাগবে কিন্তু এখন পর্যন্ত এই রকম কোন ফ্যাইনান্স ডিসিশান বা ইনস্ট্রাইকশান ফ্রম দা ক্যাবিনেট অর ফ্রম দি চীফ মিনিস্টার আমার ডিপার্টমেন্টে পৌঁছায়নি। কিন্তু

এই কয়দিন ধরে আমরা যা দেখছি তাতে অসুবিধা হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব এটা নিয়ে আমরা ভাবছি কিন্তু এখন পর্যন্ত বলতে পারব না কবে যে নাগাদ এটা করতে পারব।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে লেজিসলেটিভ ডিপার্টমেন্ট থেকে এই রকম ছাপাখানা তৈরী করবার জন্য প্ল্যান করে শিল্প ও বাণিজ্য দপ্তরের কাছে দেওয়া হয়েছিল, সেই প্ল্যান এবং এসটিমেট এখন কোন পর্য্যায়ে আছে?

Shri Tarun Kanti Ghosh :

আমি তো বলেছি

No decision has been taken as yet to have a separate Press for Assembly only. If we take a decision today then I can find out how much time it will take to establish that press. Before that decision is taken I cannot say when it will be set up. That's all I can say now.

Shri Abdul Bari Biswas :

ইহা কি সত্য যে কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টে যে প্রস্তাব প্রেসের ব্যাপারে লেজিসলেটিভ ডিপার্টমেন্ট থেকে পাঠান হয়েছিল সেটা ইতিমধ্যে তা নাকচ করে দেওয়া হয়েছে?

Shri Tarun Kanti Ghosh :

আমি খোঁজ না নিয়ে বলতে পারছিনা।

Shri Gautam Chakravartty :

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাই যে মালদহ এবং পঃ দিনাজপুরে সরকারী কাজের জন্য যা ছাপান হয় তারজন্য মালদহে এবং পঃ-দিনাজপুরে একটী সরকারী ছাপাখানা করার অত্যন্ত প্রয়োজন এটা কি অবগত আছেন?

Shri Tarun Kanti Ghosh :

আপনার সাজেশান আমি নিশ্চয়ই বিবেচনা করে দেখব।

বিষ্ণুপুর সোনামুখী থানার তন্তুজীবী

*৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৭।) শ্রীকাশীনাথ মিশ্রঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর সোনামুখী থানায় বর্তমানে তন্তুজীবীদের সংখ্যা কত;

(খ) ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত সোনামুখী থানার তন্তুজীবীদের কোন লোন বা আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে কি;

(গ) উক্ত ব্লকের ইণ্ডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসারের বিরুদ্ধে তন্তুজীবীদের নিকট হইতে কোন স্মারকলিপি পাইয়াছেন কিনা; এবং

(ঘ) পাইলে—(১) কবে পাইয়াছেন, ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

Shri Atish Chandra Sinha :

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের সোনামুখী থানায় বর্ত্তমানে তন্তুজীবিদের সংখ্যা ১১৬৫ জন।

(খ) ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্য্যন্ত সোনমুখী থানায় তন্তু-জীবিদের নিম্নে বর্ণিত লোন এবং আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

(১) লোন— ৪৫৮০০ টাকা এবং

(২) ভরতুকী টাকা—৩৪,১২১,৪১ পয়সা

(গ) হ্যাঁ।

(ঘ) উক্ত স্মারকলিপি ১৫-২-৭৪ তারিখে বাঁকুড়ার জেলা শিল্প আধিকারিকের নিকট পেশ করা হইয়াছে এবং তিনি এ বিষয়ে অনুসন্ধান করিতেছেন।

Shri Kashi Nath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে বাঁকুড়া জেলায় এবং বিশেষত সোনামুখী থানায় তন্তুজীবিদের যে দুরবস্থা চলছে তার প্রতিকারের জন্য কিছু চিন্তা করছেন কি?

Shri Atish Chandra Sinha :

মাননীয় সদস্য জানেন যে পশ্চিমবঙ্গে শুধু নয় সারা ভারতবর্ষে তন্তুজীবিদের সুতোর অভাবের জন্য অবস্থা খারাপ চলছে—এটা শুধু সোনামুখীর কথা নয়, তারজন্য আমরা কতকগুলি ষ্টেপ নিয়েছি। আমরা ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার লুম ডেভালাপমেণ্ট করপোরেশান করেছি। কিছুদিন আগে ১৯৭৩ সালে মার্চ মাসে সুতো নিয়ন্ত্রণ আইন প্রচলিত হয়েছে কিন্তু মিলগুলির সহযোগীতার অভাবে আমরা সুতো পাইনি। তারজন্য এখানে আরও স্পিনিং মিল স্থাপন করবার চেষ্টা করছি, এবং আরও অনেক বিষয়ে চেষ্টা করছি যাতে সুতো সরবরাহ বাড়ান যায়। এই বিষয়ে বহুবার প্রশ্ন উত্তরের মাধ্যমে এখানে জানিয়েছি, আমার মনে হয় আর জবাব দেবার কোন প্রয়োজন আছে বলে মনে করিনা।

Shri Kashi Nath Misra :

সুতাগুলি বড় বড় ব্যবসায়ীরা নিয়ে নিচ্ছে বলে তন্তুবায়ীরা বিপদগ্রস্ত হচ্ছে, এই রকম সংবাদ আপনার বিভাগে এসেছে কিনা, যদি এসে থাকে তার প্রতিকারের জন্য আপনারা কিছু চিন্তা করছেন কিনা?

Shri Atish Chandra Sinha:

সুতা বন্টন ব্যবস্থা যাতে সরকারী এবং আধা সরকারী সংস্থার মাধ্যমে করা যায়, সেজন্য ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার লুম এন্ড হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন করেছি। তাছাড়া ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম উইভারস্ কো-অপারেটিভ এ্যাপেক্স সোসাইটি আছে, কাজেই তাদের দ্বারা সুতা বন্টন ব্যবস্থা করি। আপনি যে কথা বলছেন, সেটা মাননীয় সদস্যও জানেন সারা পশ্চিমবাংলায় তন্তুজীবিদের সুতার চাহিদা অনুযায়ী সুতা বন্টন করার ব্যবস্থা আমরা করে উঠতে পারিনি। চিরকাল এটা ব্যবসায়ীরাই করে আসছে, তাদের দ্বারাই নিয়ন্ত্রিত এটা হত, সেই নিয়ন্ত্রণ যাতে সরকারের মাধ্যমে করা যায়, তারজন্য আমরা চেষ্টিত আছি

Shri Kashi Nath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই তন্তুজীবিদের বর্ত্তমানে যে দুরবস্থা দেখা দিয়েছে, যে সঙ্কটময় মুহুর্ত্ত উপস্থিত হয়েছে, তাতে এ্যাড হক্ বেসিসে কোন রকম সাহায্য সারা পশ্চিমবাংলায় দেবার কথা চিন্তা করছেন কি?

Dr. Zainal Abedin :

আমি মাননীয় কাশীনাথবাবুকে জানাই, আমার ব্যক্তিগত রিকোয়েস্ট, হ্যান্ডলুম এবং পাওয়ারলুম ডেভালপমেন্ট কর্পোরেশনের লোকাল ব্রাঞ্চ করার আপনারা উদ্যোগ করুন, আমরা মাননীয় ক্যাবিনেট সাব কমিটি থেকে চিঠি দিয়েছি টু ডেপুট স্টাফ, আমরা সুতা দিচ্ছি, তারা আমাদের ফিনিস্ড গুড্‌স দেবে আমরা কিনে নেব, এই ব্যবস্থার সুযোগ নেবার জন্য আমি তন্তুবায় এলেকার মাননীয় সদস্যদের বার বার অনুরোধ করেছি, এখনও তাদের সহযোগিতা চাইছি, এটাই হচ্ছে বেস্ট মেথড, এ পথ ছাড়া আর কোন পথ নাই তন্তুবায়দের বাঁচাবার।

সমবায় সমিতিগুলিকে সরকারী দাদন

*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫২।) **শ্রী শিশির কুমার সেন** ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবংগে মোট কতগুলি কো-অপারেটিভ সোসাইটি আছে;

(খ) ঐ সমস্ত সমিতিগুলিকে সরকার কত টাকা দাদন দিয়াছেন;

(গ) উক্ত টাকার মধ্যে কত টাকা ২৮-২-৭৪ পর্যন্ত আদায় হইয়াছে; এবং

(ঘ) ১৯৭৩-৭৪ সালে সরকার ঐ সমস্ত সমিতিগুলিকে কত টাকা দিয়াছেন?

Shri Atish Chandra Sinha :

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট ১৯,৯৪৭টি কো-অপারেটিভ সোসাইটি আছে (৩০-৬-৭২ পর্যন্ত)।

(খ) ৩১-৩-৭৩ তারিখ পর্যন্ত সরকার ১,০৫৬টি সমিতিকে মোট ২,৬৬,৫৮,৩২৮'৫৮ (দুই কোটি ছেষট্টি লক্ষ আটান্ন হাজার তিন শত আঠাশ টাকা আটান্ন পয়সা) টাকা দাদন দিয়াছেন।

উক্ত দাদনকৃত মোট টাকার মধ্যে ৩১-৩-৭৩ তাং পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের পরিমাণ—

আসল	—	৯৮,৯২,২৫২'৭৫ টাকা
সুদ	—	৫১,৭৮,৬৩০'৭৩ ,,
মোট	—	১,৫০,৭০,৮৮৩'৪৮ ,,

(গ) সরকারের আর্থিক বৎসর মার্চের ৩১শে তারিখ শেষ হয়। সুতরাং ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের হিসাব ১৯৭৪ সালের ৩১শে মার্চের পর তৈয়ারী হইবে। সেই হিসাব পাওয়া সময় সাপেক্ষ। এইজন্য ২৮-২-৭৪ পর্যন্ত আদায়ের হিসাব বর্তমানে দেওয়া সম্ভব নহে। তবে ৩১-৩-৭৩ তাং পর্যন্ত আদায় হইয়াছে নিম্নলিখিত রূপ ঃ—

আসল	—	২৬,৭৩,৯২৩'৪৭ টাকা
সুদ	—	১০,৩৩,১৪৭'১৯ ,,
মোট	—	৩৭,০৬,২৭০,৬৬ ,,

(ঘ) ১৯৭৩-৭৪ সালে সমিতিগুলির জন্য সরকার সমবায় খাতে মোট—২০,১২,৯৭১'০০ টাকা (কুড়ি লক্ষ বারো হাজার নয়শত একাত্তর টাকা) মঞ্জুর করিয়াছেন।

Shri Sisir Kumar Sen :

আপনি প্রশ্নোত্তরে বলেছেন দু কোটি ছেষট্টি লক্ষ টাকা দাদন দেওয়া হয়েছিল, তার মধ্যে মাত্র প্রিন্সিপ্যাল খাতে ৪ লক্ষ টাকা আদায় হয়েছে। এই যে বিরাট টাকা পড়ে রয়েছে দীর্ঘদিন ধরে, এই টাকা আদায় করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

[1-50—2-00 p.m.]

Shri Atish Chandra Sinha :

আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত ঋণ আদায়ের পরিমাণ খুব ভাল নয়। তবে আমরা আসার পর এই আদায়ের পরিমাণ যাতে বাড়ে তার জন্য যথাসম্ভব ব্যবস্থাদি নিয়েছি। আপনারা শুনলে সুখী হবেন ১৯৭১-৭২ সালে সমবায় সমিতিগুলিকে সবচেয়ে বেশী সংখ্যা এগ্রিকালচারাল প্রাইমারী সোসাইটী মাধ্যমে কৃষি ঋণ দেওয়া হয়েছে। প্রায় ৪ কোটী টাকা কৃষি ঋণ দেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক প্রথমে অনাদায়ীকৃত ঋণের দরুণ টাকা দিতে অস্বীকার করলেও সরকারী চেষ্টায় তাঁরা আরো টাকা দিতে রাজী হন। ১৯৭২-৭৩ সালে ঋণ আদায়ের পরিমাণ বাড়ার দরুণ আমরা প্রায় ৮ কোটী টাকা এই কৃষি ঋণ দিতে পেরেছি। এই বছর জুন মাসে বছর শেষ হলে এই ঋণের পরিমাণ ১৬।২৪ কোটী টাকা হবে। সরকার চেষ্টিত আছেন অনাদায়ীকৃত ঋণ যাতে আরো বেশী পরিমাণ আদায় হয়।

Shri Sisir Kumar Sen :

গত কয় বছর ধরে খরা ও বন্যার দরুন তারা কো-অপারেটিভ ঋণ শোধ দিতে অক্ষমতা প্রকাশ করেছেন। সেই ঋণ মকুব করা সম্পর্কে কি আপনি চিন্তা করেছেন?

Shri Atish Chandra Sinha :

এ সম্বন্ধে এখনই আমার পক্ষে কিছু বলা সম্ভব নয়। এই ডিসিসন কেবিনেট থেকে নেওয়া হয়।

Shri Khan Nasiruddin :

একটা সমিতিকে মেক্সিমাম কত টাকা ঋণ দেওয়ার নিয়ম আছে?

Shri Atish Chandra Sinha:

এই তথ্য এখন দিতে পারলাম না, নোটিস দিলে বলে দেব।

Shri Rabindra Ghosh :

এটা কি সত্যি, এই ঋণ আদায়ের জন্য বাড়ী-বাড়ী পুলিস নিয়ে গিয়ে জুলুম করা হচ্ছে?

Shri Atish Chandra Sinha :

এ রকম কোন সংবাদ আমার কাছে আসে নাই।

মৌমাছি পালন

*৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২৪।) **শ্রীসুধীর চন্দ্র দাস:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের তত্ত্বাবধানে মৌমাছি পালনের পরিকল্পনায় নিযুক্ত প্রায় ৬০ জন সর্বসাময়িক কর্মীকে (যাঁহারা ১০ হইতে বিশ বছর পর্য্যন্ত কার্য্য করিয়া আসিতেছেন) ছাঁটাই করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি এবং
(২) এ বিষয়ে সরকার কি বিকল্প ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(গ) ১৯৭৩-৭৪ সালে ঐ পরিকল্পনায় কত মধু উৎপাদন হইয়াছে, এবং তাহার মূল্য কত; এবং

(ঘ) ঐ সালে মৌমাছি পালকের সংখ্যা কত ছিল?

Shri Atish Chandra Sinha:

(ক) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের তত্ত্বাবধানে মৌমাছি পালনের কোন প্রকল্প বর্তমানে নাই। সুতরাং ছাঁটাই করার প্রশ্ন ওঠে না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।
(২) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

Shri Sudhir Chandra Das:
এটা কি তিনি অবগত আছেন খাদি কমিশনের সাহায্যে এটা পরিচালিত হয়?

Shri Atish Chandra Sinha:
না।

Shri Sudhir Chandra Das:
এই যে মৌমাছি পালক সমিতিগুলি কাজ করছে, তার অধীনে ৬০জন কর্মচারী অবস্থান ধর্মঘট করছেন জোন্যাল অফিসের সামনে—এটা জানেন?

Shri Atish Chandra Sinha:
মাননীয় সদস্য জানেন এই সমিতিগুলিকে টাকা ও অন্যান্য সাহায্য দেওয়া সম্পূর্ণভাবে তা কমিশনের আওতার মধ্যে। তারা পর্ষদের মাধ্যমে টাকা পায় না সরকারের মাধ্যমেও টাকা পায় না। তবুও তারা যে বেতন পায়নি তার জন্য স্টেপ নিয়েছেন আবেদীন সাহেব। তিনি চিঠি লিখেছেন চেয়ারম্যান খাদি এ্যাণ্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিজ কমিশনের কাছে। এই চিঠির উত্তরে আমরা জানতে পেরেছি—লাইনটা পড়ে দিচ্ছি "এই টাকা ইম্প্রেস্ড ক্যাশ হিসেবে দিয়ে দেওয়া হয়েছে বেতন ইত্যাদি বাবদ খরচ করার জন্য"।
The impressed in question was released to Bee Keeping Co-eperative Societies in West Bengal on 21.12.1973 by telegraphic transfer.

Shri Sudhir Chandra Das:
ছাঁটাই হয়ে যাচ্ছে। তাদের রক্ষা করবার কি বিকল্প ব্যবস্থা করেছেন বলতে পারেন কি?

Shri Atish Chandra Sinha:
আমি একটু আগেই মাননীয় সদস্যকে জানালাম যে সমস্ত কর্মচারী ছাঁটাই হয়েছেন তারা সরকারী কর্মচারী বা এই পর্ষতের কর্মচারী নন। তবু তারা যাতে ছাঁটাই না হন এবং তাদের বেতন দেওয়ার জন্য চেষ্টা করেছি এবং তারা বেতন পেয়েছেন। মাননীয় সদস্য যদি জানান তাহলে কমিশনের সাথে কথা বলার চেষ্টা করবো।

Shri Sudhir Chandra Das:
বিহার এবং মাদ্রাজের খাদি বোর্ড এটা সরাসরি পরিচালনার দায়ীত্ব নিয়েছেন। সেই রকম পশ্চিমবাংলাতে সরকার মৌমাছি পালনের পরিকল্পনা সরাসরি নেবেন কিনা বা বিবেচনা করবেন কিনা?

Shri Atish Chandra Sinha :

ভেবে দেখা যেতে পারে।

Shri Khan Nasiruddin :

একটা কথা দয়া করে জানাবেন কি এই মৌমাছি পালন প্রকল্প—এতে বছরে ম্যাক্সিমাম কত হয়?

Shri Atish Chandra Sinha :

এটা কত বড় প্রকল্প তার উপর নির্ভর করছে। প্রত্যেক প্রকল্পের একটা ক্যাপাসিটি আছে তার উপর নির্ভর করছে। আমাদের এই শিল্পে প্রায় ৮ হাজার ব্যক্তি নিযুক্ত আছেন। আর পশ্চিমবাংলায় এক লক্ষ কিলোগ্রাম মধু উৎপন্ন হয় এবং এর মূল্য প্রায় ৭ লক্ষ টাকা।

Shri Khan Nasiruddin :

এই মধু কি কোন বিশেষ সংস্থায় বিক্রি করার ব্যবস্থা আছে, না ইনডিভিজুয়ালি কেউ পেতে পারে?

Shri Atish Chandra Sinha :

এই তথ্য আমার কাছে নেই। এই জিনিষটা সরকার বা খাদি এ্যাণ্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিস বোর্ড বা পর্ষত থেকে সমিতিগুলি কিছু কিছু টাকা পান এবং তাদের নিজেদের পরিচালনার আওতার মধ্যে আছে। তারা কিভাবে মধু বিক্রি করেন সে সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করলে সেটা জানাতে পারি। তারা নিশ্চয় বাজারে বিক্রি করে সেইজন্য আপনারা পান এবং আমরাও পাই।

এ্যাগ্রো ইণ্ডাস্ট্রীজ কর্পোরেশন কর্তৃক মেদিনীপুরে সার সরবরাহ

*৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৬।) **শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি**ঃ সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন কি কি সার এবং কি পরিমাণে মেদিনীপুর জেলার জন্য বরাদ্দ করিয়াছিল; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত সার হইতে কি কি সার এবং কি পরিমাণে উক্ত জেলার কোন কোন ব্লককে সরবরাহ করা হইয়াছে?

Shri Atish Chandra Sinha :

(ক) ১৯৭৩-৭৪ সালে এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস কর্পোরেশন মেদিনীপুর জেলার জন্য বিভিন্ন প্রকারের সার নিম্নেবর্ণিতরূপে বরাদ্দ করিয়াছিল ঃ—

(১) ইউরিয়া (৪৬%)	—	৮২৮·৮ মেঃ টন
(২) য়্যামোনিয়া সালফেট	—	১৫০১ মেঃ টন
(৩) এ: এন: পি (২০: ২০: ৩) অনুপাতে	—	১৩৫৩·৭ মেঃ টন
(৪) জি, এ, সি	—	৩৪১ মেঃ টন
(৫) এম, ও, সি	—	২০২ মেঃ টন
(৬) সি, এ, এন্	—	৭২ মেঃ টন
(৭) এ, এস্, এন্	—	১০৫ মেঃ টন
মোট	—	৪৪০৩·৫মেঃ টন

(খ) উক্ত বরাদ্দকৃত বিভিন্ন প্রকারের মোট ৪৪০৩·৫ টন সার সম্পূর্ণরূপেই মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে সরবরাহ করা হইয়াছিল। যে যে ব্লকে যে যে প্রকারের সার যে যে পরিমাণে সরবরাহ করা হইয়াছিল তাহা এতৎসংশ্লিষ্ট তালিকায় বিবৃত করা হইল।

Statement reffered to starred question No. 692 (Kha)

Distribution of Fertilizers among different Blocks 1973-74 up to 31. 3. 1974.

ওজন মেট্রিক টন হিসাবে

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	ইউরিয়া	এমোনিয়াম সালফেট	এ,এন,পি	ডি,এ,পি	এন,এ,পি	সি,এ,এন	এ,এস,এন
১।	গড়বেতা (১)	২৪	১২৭	৫৭	৪৩	৪৭	৬	—
২।	গড়বেতা (২)	—	—	২৫	—	—	—	—
৩।	গড়বেতা (৩)	—	৫	২৫	—	—	—	—
৪।	সালবণি	৩	২৭	৩৭	—	—	—	—
৫।	কেশপুর	৫	১৫	৫২	—	—	—	—
৬।	ডেবরা	৫০·২	৭৬	৭০	৪৩	১৫	—	১২
৭।	মেদিনীপুর	২	১০	২৫	৪	—	২	—
৮।	খড়গপুর (১)	৫	২০	৪২	৬৩	—	২	—
৯।	খড়গপুর (২)	২	১০	৩৬	—	-	—	—
১০।	দাতান (১)	২	১০	৪২	—	—	—	—
১১।	দাতান (২)	১	৫	২৭	—	—	—	—
১২।	নারায়নগড়	৪	১৫	৪৭	—	—	—	—
১৩।	পিঙ্গল	৩৬	৯১	৪৯	৩০	৫	২	৫
১৪।	সাবং	৩১	১০৫	১০৪	—	৩৪	২৪	২
১৫।	কেশিয়ারী	—	৩০	১০	—	—	—	—
১৬।	মোহনপুর	১	—	১৩	—	—	—	—
১৭।	কন্টাই (১)	২৩·৫	৪২	১০	৩	২	—	১
১৮।	কন্টাই (২)	১২	—	৫	—	—	—	—
১৯।	কন্টাই (৩)	১৩	—	—	৫	—	—	—
২০।	এগরা (১)	—	—	২	—	—	—	—
২১।	এগরা (২)	১১	—	৩	—	—	—	—
২২।	রামনগর (১)	১১	—	১০	—	৩	—	—
২৩।	রামনগর (২)	১১	—	৪	—	—	—	—
২৪।	ভগবানপুর (১)	১৪	—	১০	—	—	—	—
২৫।	ভগবানপুর (২)	১৩	—	১৬	—	—	২	—
২৬।	খেজুরী	১০	—	১৩	—	—	—	—
২৭।	পটাশপুর	৩৫·২	৮৯	৩৮	—	—	—	৩৭
২৮।	তমলুক (১)	১৫	১৫	২৮	—	—	৫	—
২৯।	তমলুক (২)	৫	১০	১০	—	—	—	—

ওজন মেট্রিক টন হিসাবে

ব্লকের নাম	ইউরিয়া	সালফেট	এ,এনপি,	ডি,এ,পি	এন,এ,পি	সি,এ. এন	এ,এস,এন
৩০। পাশকুরা (১)	৩৭.২	১৪৩	৫৬	৪৭	৩৬	৮	১৭
৩১। পাশকুরা (২)	১৫	—	৬	—	—	—	—
৩২। নন্দীগ্রাম (১)	১৩	—	—	—	—	—	—
৩৩। নন্দীগ্রাম (২)	১৩	—	৫	—	—		—
৩৪। নন্দীগ্রাম (৩)	২৫	১৫	১৪	৪	১		—
৩৫। মহিষাদল (১)	১৪	১০	৫	—	—	—	—
৩৬। মহিষাদল (২)	১৩	১৫	৩৩	—	৭	৪	—
৩৭। সুতাহাটা (১)	৬	৮	৪	—	—	—	—
৩৮। সুতাহাটা (২)	৬	৮	৪	—	—	—	—
৩৯। ময়না	২০	২০	২০	—	—	২	—
৪০। চন্দ্রকনা (১)	৮	১০	২৫	—	—	—	—
৪১। চন্দ্রকনা (২)	১৬	—	৫	—	—	—	—
৪২। দাসপুর (১)	৩১	—	১১	—	—	—	—
৪৩। দাসপুর (২)	৩৮.২	৩৩	১৩	—	১৪	১০	—
৪৪। ঘাটাল	১৮৪	৪৯৫	১৬৬.৬	৮৬	৩৬	—	২৯
৪৫। বিনপুর (১)	১	—	১৯	—	—	—	—
৪৬। বিনপুর (২)	২	—	২.৩	৯৫	—	—	—
৪৭। গোপীবল্লভপুর(১)	—	—	—	—	—	—	—
৪৮। গোপীবল্লভপুর(২)	১	—	১৮	—	—	—	—
৪৯। জামবনী	২	—	১৮	—	—	—	—
৫০। নয়াগ্রাম	—	—	—	—	—	—	—
৫১। শাঁকরাইল	২	—	১৮	—	—	—	—
৫২। ঝাড়গ্রাম	২	৪০	৪২	৩	—	৫	—
৫৩। বালিচক	২০.৩	২	২৩.১	—	—	—	২
মোট—	৮২৮.৮	১৫০১	১৩৫৩.৭	৩৪১	২০২	৭২	১০৫

Shri Pradyot Kumar Mahanti:
মন্ত্রিমহাশয় বলবেন কি যে যে তালিকা পেশ করেছেন তাতে দেখছি কোন ব্লকে এক মেট্রিক টন, কোন ব্লকে ৪৭ মেট্রিক টন, কোন ব্লকে ২৩ মেট্রিক টন রয়েছে। কি বেসিসে কে অর্থাৎ জেলার কোন কর্তৃপক্ষ বা প্রাদেশিক স্তরে বা ব্লক স্তরে কর্তৃপক্ষ এটা তৈরী করলেন?

Shri Atish Chandra Sinha:
এটা সাধারণত লোকাল বি,ডি,ও'র রেকোমেনডেশন অনুযায়ী হয়। সেখানে যে যার চাহিদা সেটা করেছেন।

Shri Pradyot Kumar Mahanti :

বি,ডি,ও রিকুইজিসান করতে পারেন। কিন্তু কোন ব্লককে বা কোন ডিসট্রিকটে কত যাবে সেটা কে ভাগ করে দিলেন?

[2-00—2-10 p.m.]

Dr. Zainal Abedin :

স্যার, ডি,এম এন্ড প্রিনসিপাল এগ্রিকালচারাল অফিসার ওরা নিজের জেলায় কোন ব্লককে কতটা দেবে এবং কোন্ কোন্ ফসলের সময় কোন ব্লককে প্রায়রিটি দেওয়া উচিত এটা ওরা ঠিক করে দেয়, আমাদের বলা আছে এবং এ্যাগ্রো-ইনডাষ্ট্রি ডিষ্ট্রিকটে যেটা এ্যালো-কেসন করে সেটা মোটামুটি এগ্রিকালচারাল কমিশনার যেটা এ্যালোকেসন দেয় যে এই সময়ে এর এ্যালটমেন্ট এখানে পাঠাও, সেটাই আমরা করি।

Mr. Speaker : Question hour is over.

Shri Gangadhar Pramanick : Sir, there is one important question—admitted question No. 2008.

Mr. Speaker : If the Hon'ble Minister is agreeable, in the public interest, to give answer, I have got no objection.

Fraudulent drawal of money from Bank by a Contractor

***714.** (Admitted question No. *2007). **Shri Gangadhar Pramanick : Will the** Minister-in-charge of the Irrigation & Waterways Department be pleased to state—

(*a*) if it is a fact that on 27th September, 1968 one cheque was issued to a contractor by the Central Mechanical Division amounting to Rs. 14.58 paisa but the said contractor drew from the Bank a sum of rupees 1,48,585.42 against the same cheque ; and

(*b*) if so, (*i*) when the case first came to the notice of the Government ; and (*ii*) the action taken by the Government in this regard ?

Shri Suniti Chattaraj : Sir, I agree to give the answer.

(*a*) It is a fact that an Account Payee cheque for Rs. 14.58 P. on the Reserve Bank of India, Calcutta issued to a contractor by the Central Mechanical Division on 27th September, 1968 was forged by him and he drew a sum of Rs. 1,48,600.00 against the same cheque.

(*b*) (*i*) The Cashier and the Accountant of the Central Mechanical Division first detected the case on 15.2.69 while verifying the Reserve Bank of India Payment Scroll with the C.T.I. (Consolidated Treasury Issue) received from the Accountant-General, West Bengal.

(*ii*) The incident was promptly brought to the notice of the Executive Engineer, Central Mechanical Division, who wrote a letter to the Reserve Bank of India on 18.2.69 endorsing a copy thereof to the Accountant-General, West Bengal. The Reserve Bank of India confirmed on 21.2.69, that a sum of Rs. 1,48,600.00 was paid by them against the said cheque in the normal course through clearing to the United Commercial Bank for credit to the contractor's account. The matter was then reported to the Police on 22.2.69. The police thoroughly investigated the case but could not apprehend the culprit. The case has been kept alive and active measures are still being taken by the Police to bring the offenders to book.

A departmental enquiry was conducted on 1.8.69 but the Enquiry Officer finally expressed the opinion that none of the staff in the Central Mechanical Division could be held responsible for the fraud.

Shri Gangadhar Pramanik :

১৫-২-৬৯ তারিখে এটা ডিটেক্‌ট হল ২৭এ সেপ্টেম্বর, ১৯৬৮ তারিখের চেক—আমার যতদূর জানা আছে ব্যাংক এ্যাকাউন্ট টু দি ডিপার্টমেন্ট ৭ দিন কি ১৫ দিন অন্তর একটা স্ক্রল পাঠানো হয় এই স্ক্রুলগুলি সময় মত মেলানোর দায়িত্ব কার উপর আছে এবং কোন্ কোন অফিসারের উপর এই রেসপনসিবিলিটি ফিক্স আপ করা ছিল সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Suniti Chattaraj :

এগুলি প্রশ্ন এক সঙ্গে করলে বলা মুসকিল, একটি একটি করে বলুন।

Shri Gangadhar Pramanik :

এই যে চেক ইস্যু করা হয়, ব্যাংক যে ষ্টেটমেন্ট দেয় উইকলি, ফর্টনাইটলি ডিপার্টমেন্টে যেটা আসে সেটা সময় মত চেক আপ করার দায়িত্ব কার—কারণ সেপ্টেম্বর, ১৯৬৮ তারিখে ইস্যু করা চেক ১৫-২-৬৯ তারিখে ডিটেকসান হল—এত দেরী হল কেন?

Shri Suniti Chattaraj :

এটার রেসপনসিবিলিটি হচ্ছে ডিটেক্‌ট করা ক্যাসিয়ার এন্ড এ্যাক্‌উট্যান্টের।

Shri Gangadhar Pramanik :

এই রেসপনসিবিলিটি গভর্ণমেন্ট ফিক্স আপ করলেন না কেন অন সার্টেন অফিসারস—আপনারা বললেন আপনাদের ডিপার্টমেন্টাল এনকোয়ারি কারো উপরে নেই, কিন্তু কর্মচারীরা এই দোষে দোষী নয় এই কথা কি করে বললেন? এই চেক সময় মত যদি চেকিং আপের ব্যবস্থা করা যেত তাহলে ১৪'৫৮ পয়সার জায়গায় ১ লক্ষ ৪৮ হাজার ৫৮৫'৪২ পয়সা বেরিয়ে যেত না। কাজেই আমার বক্তব্য হচ্ছে এই রেসপনসিবিলিটি ফিক্স আপ করা হয়েছিল কিনা—সেটা বলবেন কি?

Shri Suniti Chattaraj :

রিজার্ভ ব্যাংকের রিপোর্ট পাবার পরই এটা ভেরিফিকেসান করতে পারে ক্যাশিয়ার, এ্যাকাউ-ন্টেন্ট। তার আগে তাঁদের নজরে এটা আনা হয়নি।

Shri Gangadhar Pramanik :

৭ দিন কি ১৫ দিনের ভেতরে ডিপার্টমেন্ট যাঁরা চেক ইস্যু করেন তাঁরা ব্যাংক থেকে ষ্টেটমেন্ট পান। ইট ইজ দি প্রাকটিস অব দি ব্যাংক। এটা কেন তখন ডিটেক্ট করা সম্ভব হয়নি? সেখানে রেসপনসিবিলিটি কেন ফিক্স আপ করা হল না? ডিপার্টমেন্টের কেউ এ ব্যাপারে দায়ী নয় বা কারুর দোষ হয়নি বলে আপনি যে রিপোর্ট দিলেন এটা কি করে সম্ভব হল?

Shri Suniti Chattaraj :

ডিপার্টমেন্টের যার উপর এটা এনকোয়ারী করে রিপোর্ট দেবার ভার ছিল তিনি থরো এনকোয়ারী করে এটা বলেছেন। ঘটনাটি ১৫-২-৬৯'এর, তারপর থরো এনকোয়ারী হয়ে যাবার পর অফিসিয়াল যে রিপোর্ট পাওয়া গিয়েছে সেই রিপোর্টের উপর ভিত্তি করেই এটা বলছি।

Shri Gangadhar Pramanik :

এই রিপোর্ট কি আপনারা বিশ্বাস করে নিয়ে কোন স্টেপ নেবেন না বলেই সিদ্ধান্ত নিয়েছেন বা আপনারা অফিসাররা এনকোয়ারী করে যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টের উপর ভিত্তি করে আপনারা কোন অফিসারের বিরুদ্ধে স্টেপ নেবেন না বলে কি সিদ্ধান্ত নিয়েছেন?

Shri Suniti Chattaraj :

ডিপার্টমেন্টাল এনকোয়ারী করতে দেওয়া হয়েছিল। এটা একটা পুরানো কেস, ডিপার্টমেন্টাল এনকোয়ারী কমপ্লিট হয়ে যাবার পর যে রায় পাওয়া গিয়েছে তাতে দেখা যাচ্ছে এখনও পর্য্যন্ত রেসপনসিবিলিটি ফিক্স করা যাচ্ছে না। মাননীয় সদস্য যদি কোন বিশেষ তথ্য দিতে পারেন বা বিশেষ কোন স্টাফ মনে হচ্ছে এই পুরানো কেসটার সঙ্গে জড়িত তার উপযুক্ত প্রমাণ দিতে পারেন তাহলে এটা রিভাইজ করতে কোন অসুবিধা হবে না।

Shri Abdul Bari Biswas :

এই যে একজন কনট্রাকটর ১৪ টাকা ৫৮ পয়সার চেককে ১ লক্ষ ৪৮ হাজার ৫৮৫ টাকা ৪২ পয়সার চেকে পরিণত করে টাকা নিয়ে চলে গেল এ ব্যাপারে অডিটার জেনারেলের রিপোর্ট কি এবং অডিটার জেনারেলের কাছ থেকে রিপোর্ট পাবার আগে এই যে দুর্নীতি, ফোর্জারি এ সম্বন্ধে ডিপার্টমেন্ট ডিটেকসান করেছিলেন কিনা?

Shri Suniti Chattaraj :

১৫-২-৬৯'এ রিজার্ভ ব্যাংক—আমি আগেই বলেছি,

While verifying the Reserve Bank's payment roll with the C.T.I. which was received from the A. G., West Bengal.

এটা পাবার পর—থরো রিপোর্টটা এখন এখানে নেই।

Shri Abdul Bari Biswas :

এ,জি,'র রিপোর্ট পাবার আগে ডিপার্টমেন্টে যাঁরা চেক ইস্যু করেছিলেন এবং কনট্রাকটর যে চেকের টাকা এই ভাবে বাড়িয়ে নিয়ে চলে গেল এ ব্যাপারে আপনার ডিপার্টমেন্ট আগে কেন ডিটেকসান করতে পারলেন না জানাবেন কি?

Shri Suniti Chattaraj :

তারা নিজেরা পারেনি, ইনফরমেসান পাবার পর করেছিলেন।

Shri Abdul Bari Biswas :

তাহলে ১৪ টাকা ৫৮ পয়সার চেক এইভাবে বাড়িয়ে নিয়ে চলে গেল এবং আপনার ডিপার্টমেন্ট নিশ্চুপ হয়ে বসে থাকলো, এ,জি, রিপোর্ট পাবার আগে পর্য্যন্ত। আমার প্রশ্ন, ডিপার্টমেন্টের যে সমস্ত অফিসার চেক ইস্যু করেছিলেন এবং সংগোপনে বসেছিলেন তাদের বিরুদ্ধে আপনার ডিপার্টমেন্ট থেকে কোন তদন্ত আজ পর্য্যন্ত হয়েছে কি?

[2-10—2-20 p.m.]

Shri Suniti Chattaraj :

এটা ১৯৬৮-৬৯ সালের কেস। সেই সময় আমরা ছিলাম না। তবে হিসাব করে এই তথ্য পেয়েছি।

Shri Abdul Bari Biswas :

তাহলে এই যে তারিখে চেক ইস্যু হল, কনট্রাকটর টাকা নিয়ে চলে গেল, সেই তারিখ থেকে এ্যাকাউটেন্ট জেনারেল কর্তৃক ডিটেকসান হওয়ার আগে পর্যান্ত যে অফিসার ছিল, এটা গোপন করে রেখে যে প্রহসন সৃষ্টি করেছিল, যে সমস্ত লোক এই করাপসান-এর জন্য দায়ী বা দোষী, যাদের বিরুদ্ধে দোষ উৎথাপিত হবে তাদের বিরুদ্ধে তদন্ত করে এই হাউসে একটি বিবৃতি মন্ত্রিমহাশয় রাখবেন কি?

Shri Suniti Chattaraj :

আমিতো বলেছি যে এটা ১৯৬৮-৬৯ সালের কেস। তখন আমরা ছিলাম না। এই তথ্য হিসাব করে পাওয়া গেছে।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রিমহাশয়, এতবড় একটা দুর্নীতি আজকে এনটি-কোরাপসান'এ দেওয়া হয়নি। কাজেই আজকে আপনার কাছে আমার কাটাগোরিকালি প্রশ্ন হচ্ছে যে একজন কনট্রাকটর ১৪ টাকা ৫৮ পয়সার ১ লক্ষ ৪৮ হাজার ৫৮৫ টাকা ৪২ পয়সার চেকে রুপান্তরিত করো টাকা নিয়ে ১৯৬৮ সালে বেরিয়ে চলে গেল, আজকে কেন এন্টি-কোরাপসান'এ এই কেস দেওয়া হ'লনা এবং যারা যারা এই চেক লিখেছেন এবং যার কাছ থেকে অরডার হয়েছে, এই সমস্ত ভেরিফাই করে এই বিধানসভা চলাকালীন আপনি একটা বিবৃতি দেবেন যে, প্রকৃত ঘটনা কি? দোষী অফিসার আছে কি নেই? কেন ডিফেকসান হল না? এই ব্যাপার আলোকপাত করবেন কি?

Shri Suniti Chattaraj :

আমি মাননীয় বিধানসভার সদস্যকে আগেই বলেছি যে এটা অলরেডি ডিটেকটেড হয়েছে কনট্রাকটর নিজে সমস্ত জিনিষটা ফোর্জ'ড করেছেন। তা সত্ত্বেও দি দেন মিনিষ্টার ১৯৬৮-৬৯'এ এটা ডিপার্টমেন্টাল এনকোয়ারি করার অরডার দেন। যদিও এটা ডিটেকটেড এবং ইট ওয়াজ ফাউণ্ড দ্যাট দি কনট্রাকটর হিমসেল্ফ ওয়াজ দি কম্প্লিট তাই, লায়াবিলিটি ফিক্স আপ করার ব্যাপারে কোন স্টাফ'এর সঙ্গে ইনভল্ভড আছে কি না সেজন্য ডিপার্টমেন্টাল এনকোয়ারী করা হয়। এবং এনকোয়ারি করার পরে রিপোর্ট'এ পাওয়া যায় যে কোন স্টাফ রেসপসেবল নয়, কনট্রাকটর হিমসেল্ফ ওয়াজ দি কালপ্রিট।

[Noise]

Mr. Speaker : Honourable Members, please take your seats. Hon'ble Mr. Chattaraj, I will allow only one supplementary.

Shri Debabrata Chatterjee : We would like to know the name of the contractor.

Mr. Speaker : Mr. Chattaraj, are you in a position to give the name of the contractor ?

Shri Suniti Chattaraj : Sir, I do not have the papers. I am not in a position to tell the name of the contractor.

Mr. Speaker : After the question hour was over it was the magnanimity of the Hon'ble Minister that he sought my permission to give answer to a particular question in the public interest.

As far as possible he has given the answers to different supplementaries and after 2 p.m. under the rule I cannot force him to give reply. Even then on his own generousity he has given the answers and as far as possible he has tried to satisfy the members

of the House. He has already said : "I have got no such information as regards the name of the contractor." You must consider that the Minister felt that answers should be given and he stood up and sought my permission to give the reply. As far as possible he has given the answers. Now let us pass over to next item of business. There are calling attention notices, mention cases. Let me take the sense of the House whether you are interested in mention cases. ...(Voices : Yes, Sir)... Then let us proceed.

Shri Puranjoy Pramanick :
অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, এই জিনিসটা নিয়ে এত হৈ চৈ হচ্ছে কেন বুঝতে পারছি না। কারণ গত বছরের পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট এবং এই বছরের পাবলিক এ্যাকাউন্টস্ কমিটির রিপোর্টে রয়েছে। কনট্রাকটারের নাম দেওয়া হয়েছে। কেউ বইগুলো পড়েনও না, দেখেনও না। কিন্তু গভর্ণমেন্ট এই বিষয়ে এ্যাকশন টেকেন আপ করেননি। ১৪ টাকার একটা চেক, ১ লক্ষ ৪৮ হাজার টাকা বার করে নিয়ে চলে গেছে। সেই জন্যই আমি বলতে উঠেছিলাম।

Mr. Speaker : That only clarifies the position.

Now, I have received a notice for raising a question of privilege from Sukumar Bandyopadhyayay that the House is of opinion that the Managing Director and the officials of the CESC by its wilful negligence and deliberately obstructing and interrupting the proceedings of the House had committed a breach of privilege by way of contempt and as such necessary proceedings should be initiated. This has been supported by another honourable member, Shri Kumar Dipti Sen Gupta. I have just received it and I think I should give my observation on this particular question of privilege. Officers of the CESC are not directly responsible for failure in the supply of electricity to the Assembly House unless it can be established by impeachable evidence that it is due to an act of sabotage on their part that the failure took place.

[2-20—2-30 p.m.]

The honourable member who has tabled the motion of privilege has not been able to substantiate that there is a prima-facie case established against the officials of the CESC. I sought for the Minister-in-charge of Power and the Hon'ble Minister made me to understand upon a preliminary enquiry that power went off not because of load-shedding but because of some underground cable fault somewhere. The statement of the Hon'ble Minister made it all the more less probable that the fault was caused deliberately by some one. Having regard to all these I am of opinion that no prima-facie case has been established against the Managing Director or any other official of the CESC and consequently I rule that the honourable member cannot be allowed to raise the matter as a question of privilege.

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the table)

বাংলাদেশে পণ্যসামগ্রী রপ্তানি

*৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৯৪।) শ্রীশরৎ দাস ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারী পর্য্যন্ত) সালে পশ্চিমবঙ্গ সরকার কত টাকার এবং কি কি পণ্যসামগ্রী বাংলাদেশে রপ্তানী করিয়াছেন;

(খ) বাংলাদেশের সঙ্গে বাণিজ্য প্রসারের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং

(গ) বাংলাদেশে পণ্য রপ্তানীতে সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান কি?

বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশের সঙ্গে কোন আমদানী-রপ্তানী ব্যবসা করেন না। লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ীরাই বাংলাদেশে সঙ্গে আমদানী-রপ্তানী ব্যবসায় করেন।

১৯৭২-৭৩ সালে লিমিটেড পেমেণ্ট এ্যারেঞ্জমেণ্ট এবং ব্যালেন্স ট্রেড এ্যাণ্ড পেমেণ্ট এ্যারেঞ্জমেণ্ট অনুসারে পশ্চিমবঙ্গ থেকে ৭১,৪৮,৪৮৬.৭৬ পয়সার জিনিষ রপ্তানী হয়েছে। এর মধ্যে যন্ত্রাংশ, কয়লা, তামাক, চুন, চুনাপাথর, বই এবং সাময়িক পত্র, আয়ুর্বেদিক ঔষধ, রাসায়নিক দ্রব্য, খেলার সরঞ্জাম প্রধান। এই সময়ে ফ্রি ফরেন এক্সচেঞ্জ অনুসারে পশ্চিমবঙ্গ থেকে ১,৩৫,৬৬,৯৪৭,৭০ পয়সার দ্রব্য বাংলাদেশে রপ্তানী করা হয়। এর মধ্যে তুলাজাত দ্রব্য, রাসায়নিক দ্রব্য, যন্ত্রাংশ, সাইকেলের যন্ত্রাংশ লৌহ এবং কাংসাজাত দ্রব্য কাঁচাজাত দ্রব্য এবং মোটর গাড়ীর অংশ ও ঔসধ প্রধান। ১৯৭৩-৭৪ সালে লিমিটেড পেমেণ্ট এ্যারেঞ্জমেণ্ট এবং ব্যালেন্স ট্রেড এ্যাণ্ড পেমেণ্ট অনুসারে ৯,৪৩,৩৫,৩২০.৯০ পয়সার দ্রব্যাদি রপ্তানী হয়। এইসব দ্রব্যের মধ্যে কয়লা, কাঁচা তামাক, তুলা, নুড়িপাথর, বই, সাময়িক পত্র, যন্ত্রাংশ, চুণাপাথর এবং কাঠ প্রধান।

এই সময়ে ফ্রি ফরেন এক্সচেঞ্জ অনুসারে ২২,১২,৩৩,৬৯৯'৯৭ পয়সার দ্রব্যাদি রপ্তানী হয়। এইসব দ্রব্যের মধ্যে বই, সাময়িক পত্র, কাঁচের দ্রব্য, যন্ত্র ও যন্ত্রাংশ, পাম্প, তুলাজাত দ্রব্য, মোটরের যন্ত্রাংশ, কোরোসিন, পেপার বোর্ড প্রভৃতি প্রধান।

এই সময়েই আই, ডি, এ, ক্রেডিট এবং আই, সি, ক্রেডিট অনুসারে ১,১৫,৯১,১৮৬.০০ পয়সার দ্রব্য রপ্তানী করা হয়। এই সমস্ত দ্রব্যের মধ্যে টায়ার-টিউব, কাগজ, সাইকেলের যন্ত্রাংশ, কাঁচের জিনিষ, রাসায়নিক দ্রব্য, সেলাইয়ের সুতা ইত্যাদি প্রধান। ইহা ছাড়াও নন-কনভারটিবেল রুপি এ্যাকাউণ্ট অনুসারে ৮৫,২৬,৮৭৫·৫৫ পয়সার বিবিধ জিনিষপত্র রপ্তানী হইয়াছে।

(খ) কোন বিদেশী রাষ্ট্রের সঙ্গে আমদানী-রপ্তানী ব্যবসায় সম্পর্কীয় নীতি ভারত-সরকার নির্ধারণ করেন। পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ হইতে বাংলাদেশে রপ্তানী ব্যবসায় বাড়াইবার জন্য শিল্প-বাণিজ্য বিভাগের অধীনে স্টেট-ট্রেড স্পনসরিং অথরিটী নামে একটি সংস্থা গঠন করিয়া ইহার দায়িত্ব একজন সিনিয়র অফিসার-এর উপর ন্যস্ত করিয়াছেন।

(গ) বাংলাদেশের সংগে রপ্তানী বাণিজ্যের চুক্তি ও নিয়মাবলী অনুযায়ী ভারতবর্ষের যে কোন লাইসেন্স অথরিটী লাইসেন্স মঞ্জুর করিতে পারেন এবং বাংলাদেশের সংগে আমদানী-রপ্তানী সম্পর্কীয় তথ্যাদি সর্বভারতীয় ভিত্তিতেই রক্ষিত হয়। সুতরাং কোন বিশেষ রাজ্যের ভিত্তিতে তথ্যাদি সরবরাহ করা সম্ভব নয়।

তাঁতিদের জন্য সুতো বরাদ্দ

৬৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৭।) শ্রী নিতাইপদ সরকার ঃ কুটির এবং ক্ষুদ্র-শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গের তাঁতিদের জন্য কেন্দ্রীয় সরকার গত পূজার পূর্বে অধিক পরিমাণ সুতা বরাদ্দ করিয়াছিলেন কিনা; এবং

(খ) করিলে, উক্ত সুতা কিভাবে বন্টিত হইয়াছে?

কুটীর ও ক্ষুদ্রশিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৩ সালের জুলাই থেকে সেপ্টেম্বর (কোয়াটার) মাস বাবদ এই রাজ্য টেক্সটাইল কমিশনার-এর অফিস থেকে ১,২৬৩,০০০ কেজি হ্যাঙ্ক সুতার বরাদ্দ পেয়েছিল। তাছাড়া

গত পূজার পূর্বে মোট ৫,৫০,৬৬২ কেজি হ্যাঙ্ক সূতার অতিরিক্ত বরাদ্দ এই রাজ্য টেক্সটাইল কমিশনার-এর অফিস থেকে পেয়েছিল। সুতরাং ইহা সত্য যে পূজার পূর্বে আমরা সূতার অতিরিক্ত বরাদ্দ পেয়েছিলাম।

(খ) উপরোক্ত সূতার বরাদ্দ পাওয়ার পর বিভিন্ন জেলার সমাহর্তাদের নিকট এ্যালট-মেণ্ট অরডার প্রেরণ করা হয়েছিল এবং রাজ্যের সেণ্ট্রাল ডিলারদের ঐ সূতা মিল থেকে তোলার জন্য বলা হয়েছিল। মিল থেকে সূতা পাওয়া গেলে সেণ্ট্রাল ডিলারগণ এ্যালটমেণ্ট অরডার অনুসারে সমস্ত জেলার সমাহর্তাদের সূতা সরবরাহ করেছেন। অতিরিক্ত ৫,৫০,৬৬২ কেজি সূতা বরাদ্দের মধ্যে মিল থেকে ২৯,৮৯৯ কেজি (শতকরা ৬ ভাগের কম) সূতা পাওয়া গিয়েছিল এবং উহা বিভিন্ন জেলার সংশ্লিষ্ট কর্তৃপক্ষদ্বারা তন্তুজীবিদের মধ্যে বণ্টন করা হয়েছিল।

বিদ্যুৎ ছাঁটাই

*৬৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৩।) শ্রীমনোরঞ্জন প্রামাণিক: বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার আগামী মে মাস হইতে 'বিদ্যুৎ' ছাঁটাই না করিবার জন্য পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, মে মাসের কোন্ সময় হইতে উক্ত পরিকল্পনা কার্যকারী হইবে এবং এবং কিভাবে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Water discharged from Dams of Durgapur, Mython and Panchet

*698. (Admitted question No. *375). **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(*a*) if it is a fact that

(*i*) more than one lakh (cusec) water discharged from Durgapur Dam on 1st October, 1973;

(*ii*) no water was discharged from Dams of Durgapur, Mython and Panchet during the period from 2nd October, 1973 to 12th October, 1973;

(*b*) if so, the reasons thereof; and

(*c*) the quantity of water (in cusec) discharged from the Dams of Durgapur, Mython and Panchet on 13th October, 1973 ?

Minister-in-charge of Irrigation and Waterways Deptt. ; (*i*) No.

(*ii*) It is not true.

(*b*) Does not arise.

(*c*) Discharge below Durgapur Barrage on 13.10.73 (past 24 hrs.) was 1,93,250 cusecs.

Outflow from Myithon Dam during 13.10.73 (past 24 hrs.) was 47090 cusecs.

Outflow from Panchet Dam during 13.10.73 (past 24 hrs.) was 56065 cusecs.

লাইসেন্স প্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান

৬৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮০।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ বাণিজ্য ও শিল্প
াগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে মোট কয়টি শিল্প প্রতিষ্ঠান ইনডাসট্রিয়াল লাইসেন্স মঞ্জুরী পেয়েছেন;

খ) লাইসেন্সপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠানগুলি এই রাজ্যের কোন্ কোন্ স্থানে কি কি শিল্পের জন্য লাইসেন্স পাইয়াছেন; এবং

) প্রাপ্ত লাইসেন্সসিদের শিল্প প্রতিষ্ঠার অগ্রগতি বর্ত্তমানে কোন প্রতিষ্ঠানের কোন্ পর্য্যায়ে আছে?

জ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

ক) ১৯৭৩-৭৪ আর্থিক বছরে প্রাপ্ত তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট ৫৯টি ইন্ডাস্ট্রিয়াল
সেন্স হয়েছে।

খ) লাইসেন্সপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠানগুলি পশ্চিমবঙ্গে কলিকাতা ২৪-পরগনা, হাওড়া,
ী, নদীয়া, মেদিনীপুর, বর্ধমান, পুরুলিয়া, দার্জিলিং, জলপাইগুড়ি জেলাগুলিতে ইঞ্জি-
রিং কেমিক্যাল, টেক্সটাইল এবং অন্যান্য বিবিধ শিল্পের জন্য লাইসেন্স পাইয়াছে।

) ১৯৭৩-৭৪ যে সমস্ত লাইসেন্স পাওয়া গেছে তাহা ১৯৭৪-৭৫-এর প্রথমের দিকেই
্যকরী করা সম্ভব নয়। যদিও সবগুলি প্রতিষ্ঠানই প্রাপ্ত লাইসেন্স কার্য্যকরী করিবার
মিক ব্যবস্থা গ্রহণ করিয়াছে।

তহশীলদারদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার পরিকল্পনা

৭০০। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৪।) শ্রীগৌতম চক্রবর্ত্তীঃ ভূমি সদ্ব্যবহার এবং
ার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) সারা পশ্চিমবঙ্গে বর্ত্তমানে মোট তহশীলদারদের সংখ্যা কত;

খ) তহশীলদারদের রেগুলার স্কেল দিয়ে সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

) থাকলে, কবে নাগাদ তাহা কার্য্যকরী হবে?

সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

ক) ৫৬২৭।

খ) না।

গ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় আপার কংসাবতী প্রোজেক্ট

৭০১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৪।) শ্রীকাশীনাথ মিশ্রঃ সেচ ও জলপথ বিভাগের
মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

ক) ইহা কি সত্য যে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার প্রায় ১৫০,০০০ একর জমিতে জলসেচের জন্য আপার কংসাবতী প্রোজেক্ট গঠন করিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে,

(১) পরিকল্পনার বিস্তারিত বিবরণ; এবং

(২) উক্ত পরিকল্পনাটি বর্ত্তমানে কি অবস্থায় আছে?

সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—

(ক) হ্যাঁ।

(১) সরকার প্রায় ৮ কোটি ২৫ লক্ষ ৪১ হাজার টাকার আপার কংসাবতী প্রোজেক্ট প্রকল্প নামে একটি প্রকল্প প্রস্তুত করিয়াছেন। পুরুলিয়া হইতে প্রায় ১৬ মাইল দূরে মানবাজার থানার অন্তর্গত বাংশা গ্রামের কাছে একটি মাটির বাঁধ নির্মাণ এই প্রকল্পের অন্তর্গত। সরাসরি এই বাঁধ হইতে দুইটি প্রধান খাল এবং কতকগুলি শাখা খাল মারফৎ খরিফ মরশুমে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় মোট প্রায় ১,৫০,০০০ একর জমিতে সেচের জল মরশুমে সম্ভব হইবে। তাছাড়া রবি মরশুমে পুরুলিয়া জেলায় প্রায় ৩০,০০০ একর জমিতে জলসেচ দেওয়া সম্ভব হইতে পারে।

(২) পরিকল্পনাটি অনুমোদনের জন্য কেন্দ্রীয় যোজনা পর্ষৎ ও কেন্দ্রীয় জলবিদ্যুৎ পর্যদের নিকট পাঠান হইয়াছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনাটির জন্য আরও বিস্তারিত তথ্য সংগ্রহ করিতে বলিয়াছেন। বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করা হইতেছে এবং আগামী ৬ থেকে ৮ মাসের মধ্যে প্রয়োজনীয় বিস্তারিত তথ্য সম্বলিত সংশোধিত প্রকল্পটি অনুমোদনের জন্য প্রস্তুত করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

Setting up of a Mini Steel Plant

*702. (Admitted question No. *1543). **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(*a*) whether the State Government has approached the Union Government for issue of license for setting up of a Mini Steel Plant in the Joint Sector in West Bengal; and

(*b*) if so, (*i*) whether the Union Government has agreed to issue the license for the aforesaid purpose; and

(*ii*) whether the State Government has finalised the selection of a site for setting up the said plant ?

Minister-in-charge of Commerce and Industries Deptt. : (*a*) Yes.

(*b*) (*i*) The application has recently been submitted by the West Bengal Industria Development Corpn. and the decision of the Government of India is yet to be received.

(*ii*) The site is proposed to be located in the district of Purulia.

হুগলী জেলায় দামোদরের চরে চাষযোগ্য জমি

*৭০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪৬)। **শ্রীবলাইলাল শেঠ ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় দামোদরের চরে চাষযোগ্য জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমি (১) কি ভাবে বিলি করা হয়; এবং

(২) কোন সালে কি পরিমাণ বিলি করা হইয়াছে; এবং

(গ) তারকেশ্বর ব্লককে উক্ত জমি কি পরিমাণ বিলি করা হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হুগলী জেলায় দামোদরের মোট চর জমির মধ্যে চাষযোগ্য জমির পরিমাণ ২৪৭ একর।

(খ) (১) ও (২) ১৩৭৫ সালের পূর্বে লাইসেন্সের ভিত্তিতে মোট ১৩৭ একর জমি বিলি করা হইয়াছে।

(গ) তারকেশ্বর ব্লককে কোন জমি বিলি করা হয় নাই।

পশ্চিমবঙ্গে কাগজের কল

*৭০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৮)। শ্রীহেমন্ত দত্ত ঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ

(ক) পশ্চিমবংগে বর্ত্তমানে কয়টি কাগজের কল আছে;

(খ) গত বৎসর (১৯৭৩ সালে) ঐ সমস্ত কাগজের কলে কত পরিমাণ কাগজ উৎপন্ন হইয়াছিল;

(গ) বিভিন্ন পত্রিকাকে ঐ সমস্ত কল হইতে কি কোটা ভাগ করিয়া দেওয়া হয়;

(ঘ) হইলে, নিম্নলিখিত পত্রিকাগুলিকে কি পরিমাণ কোটা দেওয়া হয়—

(১) আনন্দবাজার পত্রিকা;

(২) যুগান্তর পত্রিকা;

(৩) অমৃতবাজার পত্রিকা;

(৪) হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড; এবং

(৫) সত্যযুগ;

(ঙ) বর্ত্তমানে কাগজের কোন সংকট আছে কিনা; এবং

(চ) থাকিলে, তাহার কারণ কি?

বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে ফ্যাক্টরী অ্যাক্টে রেজিস্ট্রীভুক্ত কাগজ তৈয়ারীর কারখানা—১৯।

(খ) ১৯৭২ সালে কাগজের মোট উৎপাদন আনুমানিক ১,৩১,০০০ টন। এ সম্পর্কে ১৯৭৩ সালের তথ্য এখনও পাওয়া যায় নাই।

(গ) এই ধরণের নিউজপ্রিন্ট নয়—বিভিন্ন সংবাদপত্রকে নিউজপ্রিন্ট ভাগ করার দায়ীত্ব কেন্দ্রীয় সরকারের।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) হ্যাঁ, আছে।

(চ) প্রয়োজনের তুলনায় সরবরাহ কম থাকায় এই সঙ্কট হইয়াছে।

ভূমি বন্টন ব্যবস্থা তরান্বিতকরণ

*৭০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৩।) **শ্রীগিয়াসুদ্দীন আহমদঃ** ভূমি সদ্ব্যবহার সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ভূমি বন্টন ব্যবস্থা ত্বরান্বিত করিবার জন্য সরকারে ন্যস্ত জমির উপর হাইকো এর ইনজাংসান মুক্ত করিবার কথা সরকার চিন্তা করিয়াছেন কিনা;

(খ) পরিবারের সমস্ত জমি এক খতিয়ানভুক্ত এবং কৃষিকাজের সুবিধা এবং উৎপা বৃদ্ধির জন্য কনসোলিডেটেড প্লট করিবার বাস্তব কোন পন্থার কথা সরকার চি করিয়াছেন কি না; এবং

(গ) চিন্তা করিয়া থাকিলে, তাহা কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) যে সকল ক্ষেত্রে হাইকোর্ট হইতে আগাম নোটিস দিবার পর ইনজাংসান জা করা হয় যে সকল ক্ষেত্রে রুলের শুনানী ত্বরান্বিত করার জন্য সরকারপক্ষীয় অ্যাড ভোকেট ব্যবস্থা গ্রহণ করেন। যে সকল ক্ষেত্রে একতরফা ইনজাংসন জারী করা হয় সে সকল ক্ষেত্রে ইনজাংসান বাতিল বা পরিবর্তন করাইবার জন্য সরকারপক্ষীয় অ্যাড ভোকেট সকল প্রকার চেণ্টা করেন।

বর্তমান রিভিসনাল সেটেলমেণ্টে প্রতিটি রায়তের এক মৌজায় অবস্থিত সমস্ত জমি একটিমাত্র খতিয়ানভুক্ত করিবার পরিকল্পনা আছে।

কনসোলিডেশান অফ হোলডিং আবশ্যিক করা যায় কিনা তাহা সরকার বিবেচনা করিতেছেন।

পশ্চিম বঙ্গে শিল্প স্থাপন

*৭০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭০।) **শ্রীফণীভূষন সিংহ রায়ঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গে যে সমস্ত শিল্প স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল তাহার জেলাওয়ারী বিন্যাস কি; এবং

(খ) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবে রূপায়িত হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গে যে সমস্ত শিল্প স্থাপনের পরিকল্পনা মঞ্জুরীকৃত হইয়াছে তার জন্য শিল্প লাইসেন্স ও লেটার অব ইন্টেন্টের জেলাওয়ারী পরি সংখ্যান নিম্নে প্রদত্ত হইল ঃ—

	১৯৭২-৭৩		১৯৭৩-৭৪	
জেলা	লাইসেন্স	লেটার অব ইন্টেন্ট	লাইসেন্স	লেটার অব ইন্টেন্ট
১। কলিকাতা	১২	১০	২০	৯
২। ২৪-পরগনা	১১	১৬	১৫	১৩
৩। হাওড়া	৫	১	৩	৭
৪। হুগলী	৭	৪	৮	৮

জেলা	১৯৭২-৭৩ লাইসেন্স	লেটার অব ইন্‌টেন্ট	১৯৭৩-৭৪ লাইসেন্স	অব ইন্‌টেন্ট
৫। মেদিনীপুর	..	৩	২	৩
৬। বাঁকুড়া	..	১	..	২
৭। বর্ধমান	৪	৬	২	৫
৮। পুরুলিয়া	২	২	১	১
৯। নদীয়া	..	৫	৩	৩
১০। দার্জ্জিলিং	১	১	১	..
১১। জলপাইগুড়ি	১	..	..	..
১২। কুচবিহার	..	..	..	১
১৩। পশ্চিমবঙ্গের যে কোন জেলায় (স্থির হয় নাই)	..	৩	৪	১১
	৪৩	৫২	৫৯	৬৩

(খ) উক্ত পরিকল্পনাগুলির কাজ বিভিন্ন পর্য্যায়ে আছে এবং ১৯৭৪-৭৬ সালের মধ্যে এই সকল পরিকল্পনা কার্য্যকর হইবে বলিয়া আশা করা যায়।

তহশীলদার নিয়োগে কমিটি গঠন

*৭০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬১।) শ্রীকিংকর মাহাতঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে প্রত্যেক জেলায় তহশীলদার নিয়োগের জন্য কমিটি করা হয়েছে;

(খ) সত্য হইলে, পুরুলিয়া জেলার কোন কোন সদস্যকে উক্ত কমিটিতে নেওয়া হয়েছে; এবং তাঁহাদের যোগ্যতা ও অভিজ্ঞতা কি; এবং

(গ) বিভাগে ও কিসের ভিত্তিতে তহশীলদার নিয়োগ করা হয়ে থাকে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) পুরুলিয়ার তহশীলদার নিয়োগ কমিটির সদস্যরা হলেন—
মহকুমা শাসক—সভাপতি
মহকুমা ভূমি সংস্কার আধিকারিক—সচিব।
শ্রী রূপ সিং মাঝি, এম,এল,এ।
শ্রী রামপদ সিং, ও
শ্রী অতুল চন্দ্র মাহাতো।

(গ) বাৎসরিক এগ্রিমেন্টের ভিত্তিতে তহশীলদার নিয়োগ করা হয়।

যে ব্লকের জন্য তহশীলদার নিয়োগ করা হবে সেই ব্লকের বাসিন্দা অগ্রাধিকার পাবেন। শিক্ষাগত যোগ্যতা, অন্ততঃ স্কুল ফাইন্যাল পাশ।

গঙ্গানদীর ভাঙ্গন প্রতিরোধের জন্য স্পার নির্মাণ

*৭১০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৯।) শ্রীশীশ মহম্মদঃ সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা থেকে সেকালীপুর পর্য্যন্ত গংগা নদীর ভাঙ্গন প্রতিরোধের জন্য ১৯৭৩ সালে কতগুলি স্পার নির্মাণ করা হয়েছিল;

(খ) তাহাদের মধ্যে কতগুলি 'স্পার' বিনষ্ট হয়েছে এবং কতগুলি 'স্পার' এখনও পর্য্যন্ত অক্ষত অবস্থায় আছে;

(গ) গংগা ভাংগন প্রতিরোধের জন্য অস্থায়ী 'স্পার' নির্মাণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহার বিবরণ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—

(ক) হাজারপুর এলাকায়	৮টি,
ধুলিয়ান এলাকায়	৪টি,
দুর্গাপুর এলাকায়	৪টি,
মিঠিপুর এলাকায়	২টি,
কুতুবপুর এলাকায়	৬টি সপার
সর্বমোট	২৪টি ডোবান পাথরের 'স্পার' নির্মিত হয়েছিল;

(খ) অসমাপ্ত ৮টি ডোবান পাথরের 'স্পার' বিনষ্ট হয়েছে এবং অবশিষ্ট অস্থায়ী ১৬টি স্পার' অক্ষত অবস্থায় আছে;

(গ) হ্যাঁ;

(ঘ) অর্ধমাইল অন্তর দৃঢ় পাথরের 'স্পার' নির্মাণের প্রকল্প সুপারিশ করা হয়েছে।

নূতন শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে বেকার সমস্যা সমাধান

*৭১১। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৫।) শ্রীঅনন্ত কুমার ভারতীঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নূতন নূতন শিল্প প্রতিষ্ঠার দ্বারা দেশের বেকার সমস্যার সমাধানের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, ঐ পরিকল্পনা কার্যকর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) নূতন শিল্প প্রতিষ্ঠার জন্য সরকার কেন্দ্রের উপর নির্ভরশীল কিনা;

(ঘ) নির্ভরশীল হইলে, কি পরিমাণ কেন্দ্রীয় অর্থ সাহায্য পাওয়া যাইবে?

শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) দ্রুত শিল্পায়ন পরিকল্পনা কার্য্যকর করার জন্য সরকার কতিপয় সংস্থা গঠন করিয়াছেন।

(1) West Bengal Industrial Infra-structure Development Corporation.
(2) West Bengal Mineral Development & Trading Corporation.

(3) West Bengal Sugar Industrial Development Corporation.

(খ)

(4) West Bengal Industrial Development Corporation

এবং

ইহার

Subsidiary Company —West Bengal Electconics Development Corporation.

ইহা ছাড়া ১৬ দফা কর্মসূচী এবং ইনসেনটিভ স্কিম ১৯৭১ এর মাধ্যমে সরকার শিল্প প্রসারের প্রয়াস লইয়াছেন।

(গ) হ্যাঁ।

(ঘ) ইহা কেন্দ্রীয় অর্থের প্রশ্ন নয়। লেটার অব ইনটেন্ট, লাইসেন্স, ফরেন এক্সচেঞ্জ, ইমপোর্ট লাইসেন্স ইত্যাদির জন্য কেন্দ্রের উপর নির্ভরশীল।

চায়ের উৎপাদন ও বিক্রয়

*৭১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২১২।) শ্রীনারায়ণ ভট্টাচার্য্য: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবংগে বাৎসরিক চা উৎপাদনের মোট পরিমাণ কত;

(খ) কলিকাতায় চায়ের নিলাম বাজারের মাধ্যমে বাৎসরিক চা বিক্রয়ের পরিমাণ কত;

(গ) পশ্চিমবংগে উৎপাদিত চায়ের বিক্রয় নিলাম বাজারের মাধ্যমে করাইবার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) কলিকাতা বন্দর ও চায়ের নিলাম বাজারের সহিত যুক্ত শ্রমিক ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তির মোট সংখ্যা কত?

শিল্প ও বানিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালে উৎপন্ন চা-এর মোট পরিমাণ ১০,৯৪,৩০,০০০ (১০ কোটী ৯৪ লক্ষ ৩০ হাজার) কেজি।

(খ) ১৯৭২-৭৩ সালে কলিকাতায় নিলাম বাজারে ১৭,৫৩,৯০,০০০ কেজি চা বিক্রয় হইয়াছিল।

(গ) পশ্চিমবঙ্গে উৎপাদিত চা ভারতের বাহিরে রপ্তানীর জন্য প্রধানতঃ নিলাম বাজারের মাধ্যমেই বিক্রয় হইয়া থাকে।

চা ভারত সরকারের বিষয়। এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের কোন পরিকল্পনা নাই।

(ঘ) এর উত্তর দেওয়া সম্ভব নয়।

রঘুনাথপুর স্লুইস গেট নির্মাণ

*৭১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫১।) শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া): সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া ২নং ব্লকের অন্তর্গত রঘুনাথপুরে স্লুইস গেট নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, সেটি কোথায় ও কবে নাগাদ নির্মাণ করা হবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত না হওয়া পর্য্যন্ত স্লুইসটি ঠিক কোথায় এবং কবে নাগাদ নির্মাণ করা যাইবে বর্ত্তমানে বলা সম্ভব নয়।

বাঁকুড়া জেলায় দ্বারকেশ্বর নদী বাঁধ প্রকল্প

*৭১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪৮।) শ্রীশম্ভু নারায়ন গোস্বামী ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় দ্বারকেশ্বর নদী বাঁধের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনাটি বর্ত্তমানে কি পর্য্যায়ে আছে; এবং

(গ) উহার কাজ কবে আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি বর্ত্তমানে অনুসন্ধানের স্তরে রহিয়াছে।

(গ) পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষের দিকে কাজ আরম্ভ হইতে পারে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 24 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Malpractice in distribution of Fertiliser in parts of Birbhum—from Shri Dulal Saha.

2. Employment under additional employment scheme—from Shri Hemanta Datta.

3. Distress of general public due to drought and flood—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

4. Complete failure of power production at Durgapur—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

5. Scarcity of salt in rural areas—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

6. Theft of Rs. 5 lakhs worth of petrol from Haldia-Barauni pipeline on 20.4.74—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

7. Threatened outbreak of cholera—from Shri Md. Safiullah.

8. Murders committed by Naxalites at Santipur—from Shri Md. Safiullah.

9. Coal shortage at Durgapur Projects Ltd.—from Shri Kashinath Patra and Shri Md. Safiullah.

10. Scarcity of drinking water in Calcutta and Industrial belt—from Shri Ganesh Chandra Hatui and Shri Md. Safiullah.

11. Power failure in the Assembly Chamber on the 23rd April, 1974—from Shri Md. Safiullah and Shri Kashinath Patra.

12. Measures to ensure law and order on the proposed bundh day on the 7th May, 1974—from Shri Md. Safiullah and Shri Ganesh Chandra Hatui.

13. Wide-scale theft and dacoity in rural areas—from Shri Gautam Chakravartty and Shri Kashinath Misra.

14. Production of oil products from coal in West Bengal—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhaya, Shri Sarat Chandra Das, Shri Debabrata Chatterjee and Shri Abdul Bari Biswas.

15. Acute food crisis in West Bengal—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Ch. Das, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakravartty, Shri Monoranjan Pramanick and Shri Debabrata Chatterjee.

16. Immediate sanction of Test Relief in the rural areas affected by drought—from Shri Gautam Chakravartty and Shri Kashinath Misra.

17. Explosion damages in two power units at Chandrapura—from Shri Md. Dedar Baksh, Dr. Ekramul Haque Biswas, Shri Md. Safiullah, Shri Basudev Hazra, Shri Asamanja De and Shri Kashinath Misra.

18. Maintenance of rationing system in West Bengal—from Shri Kashinath. Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Sarat Ch. Das, Shri Debabrata Chatterjee, Shri Sambhu Narayan Goswami, Shri Gautam Chakravartty and Shri Monoranjan Pramanick.

19. Profiteering in Salt by dishonest businessmen—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Ch. Das, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Sambhu Narayan Goswami and Shri Gautam Chakravartty.

20. Taking over by Government of Bangabasi and other colleges—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Ch. Das, Shri Abdul Bari Biswas and Shri Gautam Chakravartty.

21. Lay off of ten lakhs of workers due to load shedding—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Debabrata Chatterjee, Shri Sarat Ch. Das, Shri Monoranjan Pramanick, Shri Gautam Chakravartty, Shri Sambhu Narayan Goswami and Shri Asamanja De.

22. Reported serious torture and death of a person in police custody—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

23. Manufacture of spurious drugs—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

24. Closure of bakeries in Bankura district due to shortage of raw materials—from Shri Phanibhusan Singhbabu, Shri Sambhu Narayan Goswami, Shri Sudhanshu Sekhar Tewari, Shri Gour Chandra Lohar, Shri Saktipada Majhi and Sanatan Santra.

I have selected the notice of Shri Gautam Chakravartty and Shri Kashinath Misra on the subject of immediate sanction of Test Relief in the rural areas affected by drought. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible or give a date.

Shri Gyan Singh Sohanpal : On Friday, the 26th.

Mr. Speaker : I now call upon the Hon'ble Minister of Power and Irrigation to make a statement regarding failure of power yesterday.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Mr. Speaker, Sir, I have the honour to rise today to make a statement in continuation of the statement I had made yesterday about the interruption of power to the Assembly yesterday in the afternoon.

The Assembly is fed by an underground 6 K.V. feeder from the Hare Street sub-station, which in its turn depends for supply on the Howrah receiving station at which the Calcutta Electric Supply Corporation receives power from the West Bengal State Electricity Board.

The Honourable Members of the House are fully aware of the problems in Calcutta and the surrounding areas caused by load-shedding arising from the inadequate availability of power in the CESC system from their own generation and supplies to them by the West Bengal State Electricity Board and the DVC.

This is causing all of us considerable concern, but, the interruption in power yesterday was not caused by load-shedding or lack of power. The feeder from the Hare Street sub-station follows a route over which there is very heavy vehicular traffic and the feeder developed a fault following subsidence of a joint. This type of failure in a system as large as Calcutta is quite a common incident particularly because a large amount of digging by various agencies is undertaken from time to time. This results in subsidence of the soil and particularly where the traffic is heavy such subsidence may take place even long after the digging operations.

The fault developed at 4.25 p.m. on Tuesday, 23rd April, 1974. As a result, the the 6 K. V. switch at the Hare Street sub-station of the CESC controlling the feeder automatically switched itself off clearing the faulty feeder, thus performing the function for which the switch is intended. Immediately thereafter the supply station staff informed the CESC control room of the incident over telephone.

On receipt of the message the CESC operating engineers were immediately sent out to attend the break-down. The work involved was first, to establish the section of the feeder where the fault had occurred, secondly, to isolate the faulty section, and lastly, to restore supply to the Assembly from the adjacent 6 K.V. network emanating from the CESC's Kidderpore sub-station, the Feeder from this sub-station being normally kept isolated. The operation in its three stages as set out above was completed by 5-45 p.m. on Tuesday, 23rd April, 1974 at which time supply to the Assembly building was restored. In this connection I would like to mention that in their anxiety to lose no time in restoring supply to the Assembly building, the operating engineers detailed for the work operated an isolating switch on live in total disregard of their personal safety and in violation of the safety instructions.

The fault on the feeder has been located and repair work is in progress. Meanwhile, supply to the Assembly building is being maintained from the Kidderpore sub-station as mentioned above.

Supply of power to the Assembly building normally depends on supply to the CESC from the WBSEB at the former's Howrah Receiving Station. Consequently, supply

to the Assembly is subject to interruption in the event of failure of WBSEB supply. Under such contingencies, the CESC has prepared a drill whereby supply to the Assembly will be restored from their own New Cossipore generating station in about 10 to 15 minutes time.

In connection with the fault that had developed yesterday in the 6 K.V. feeder emanating from the Hare Street sub-station, I am directing Shri B. N. Banerjee, Electrical Advisor to Government to enquire into the causes of the fault.

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, the statement which has just now been made by the Hon'ble Minister has become a property of the House and the members should get a copy of the statement.

Mr. Speaker : It may be cyclostyled and copies may be circulated to the members.

[2-30—2-40 p.m.]

Mention Cases

Shri Monoranjan Pramanik :

মাননীয় স্পীকার মহাশয়, আমরা মাননীয় সদস্যরা এই সভায় বার বার আপনার কাছে এবং মাননীয় মন্ত্রীসভার সদস্যদের কাছে আবেদন জানিয়েছি যে বিধানসভার একটা নিজস্ব প্রেস থাকা প্রয়োজন। কারণ, দীর্ঘদিন যেভাবে বিধানসভার কাগজপত্র ছাপান হচ্ছে তাতে আমাদের পক্ষে কাজ করা খুব অসুবিধা হচ্ছে। আমরা জানি যে গত কয়েকদিন আগে ১৭ জন মুক ও বধিরকে বি, জি, প্রেসে নিয়োগ করা হয়েছে। কিন্তু ওখানকার কর্মচারীদের এতটুকু মানবতাবোধ পর্যন্ত নেই, তারা তাদের বিরুদ্ধে হাতিয়ার ধরেছে, তাদের কাজ করতে দিচ্ছে না, তাদের বিরুদ্ধে নানা রকম চক্রান্ত করছে, তাদের সেখানে ঢুকতে দেয়নি। এই ১৭ জন মুক ও বধির আজকে বিধানসভায় এসেছে এবং মাননীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রীর ঘরের সামনে তারা কাঁদছে এবং সাধারণ মানুষের দৃষ্টি আকর্ষণ করছে এবং বিধানসভার সদস্যদের কাছে তাঁদের নিজেদের বক্তব্য রাখছে। এই মুক ও বধিরদের প্রতি এতটুকু দয়াপরবশ না হয়ে ওখানকার ওয়ারকার্স ইউনিয়ন ধর্মঘট করেছে এবং কাজকর্মে অচল অবস্থা দেখা দিয়েছে। অত্যন্ত দুঃখের কথা ওখানে ধর্মঘট করে ওখানকার ইউনিয়নের সেক্রেটারী নীহার চক্রবর্তী স্লোগান দিচ্ছে যে এটা কি তরুণকান্তি ঘোষের বাবার প্রেস, এইভাবে তারা বলছে। তারা বলছে যে তিনি এই সমস্ত মুক ও বধিরকে যুগান্তর প্রেসে নিয়োগ করুন। এইভাবে অন্যায়ভাবে যা তা কথা বলছে। এই প্রেসে যা কাজকর্ম হচ্ছে তার পরিষ্কার প্রমাণ আমার কাছে আছে, আমি গতকাল দেখিয়েছি, আজও কতকগুলি বিভিন্ন রকমের কার্ড নিয়ে এসেছি, সেই কার্ডে লেখা আছে নটী বিনোদিনী প্লে তারা করবে, ফুটবল গ্রাউণ্ডে প্যাণ্ডেল খাটান হচ্ছে, মানুষকে টিকিট বিক্রি করা হচ্ছে, দর্শকদের আহ্বান জানান হচ্ছে। ঐ পারফরমেন্সের জন্য প্রেস থেকে বিভিন্ন রকমের পোষ্টার কার্ড ছাপান হচ্ছে। সেজন্য আমি মাননীয় শিল্প এবং বাণিজ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাদের বিরুদ্ধে যেন কড়া এ্যাক্সান নেওয়া হয় এবং সেই সংগে সংগে দাবি জানাচ্ছি অবিলম্বে বিধানসভায় যেন একটা প্রেস স্থাপন করার ব্যবস্থা করা হয়।

(গোলমাল)

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ছেলেমেয়েগুলি বাইরে বসে আছে, যারা আজকে ভাগ্যদোষে মুক ও বধির, তাদের জন্য কি আমরা ৫ মিনিট বক্তব্য রাখবো, এইজন্য কি আমরা নির্বাচিত হয়ে এসেছি, নাকি তাদের সম্পর্কে কিছু করতে পারবো কিনা এটাই বড় কথা?

Mr. Speaker : Honourable members, regarding this matter, I can say that appointments were given to some deaf and dumb persons, but they could not enter into the press. They were forced to remain outside. Government gave them appointment, but they had not been allowed to work in the press. They were outside the press. This is the state of affairs and the members are very much agitated over this. They are anxious to know how the Government is going to tackle the situation.

Shri Pankaj Kumar Banerjee :

স্যার, আইন-কানুন করা হয়েছে, কিন্তু সেগুলি এদের বিরুদ্ধে ব্যবহার করা হবে কি না?

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসের মাননীয় সদস্যদের উদ্বেগ আমি শিল্প ও বাণিজ্য মন্ত্রীকে পাঠিয়ে দেবো।

(গোলমাল)

Mr. Speaker : Hon'ble Minister-in-charge is not here. Dr. Zainal Abedin has given this much of assurance that he will bring it to the notice of the Hon'ble Minister concerned and it is upto him to take action and to make a statement before the House as to how he wants to deal with the problem.

[Noise. Several members rose to speak]

Please take your seats. I am giving the information to the Hon'ble Minister-in-charge. I am looking into the matter whether the Minister is available or not. Let him come if he is available. I am sending this information to him. Let us now pass over to the next item of business, i.e., the mention cases, and in the meantime I am giving the information to the Hon'ble Minister who will enlighten us on the matter and to state how he can solve the problem of the young deaf and dumb persons, appointed by the Government.

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আণ্ডার রুল ৩৫১-এ আপনি মেনসন-এর যে সুযোগ দেন, আপনি দেখেছেন যে বিষয়টা আমাদের সংগে সংগে বলা চলে, আমরা বলতে পারি, উই লাইক টু সেটিস্ফাই দি অনারেবেল মেম্বারস। কিন্তু স্যার, এটা প্রিসিডেন্ট হবে না, ইট ক্যান নট্ বি ট্রিটেড এ্যাজ প্রিসিডেন্ট যে মিনিসটারকে থেকে সংগে সংগে উত্তর দিতে হবে। কাজেই দিজ সুড নট বি ট্রিটেড এ্যাজ প্রিসিডেন্ট। কিন্তু মানবিক কোন সমস্যা হলে নিশ্চয়ই আমাদের দায়িত্ব আছে। যে রকম ভাবে মাননীয় সদস্যরা উদ্বেগ প্রকাশ করেন, আমাদেরও নিজেদের ফিলিংস আছে। মন্ত্রী হলে আলাদা কিছু নয়, তারাও এই হাউসেরই সদস্য। কিন্তু এটা যেন প্রিসিডেন্ট না হয়, যে ইচ্ এ্যাণ্ড এভ্রি ইস্যু দি মিনিস্টার ইজ বাউণ্ড টু গিভ রিপ্লাই। দিজ ক্যান নট্ বি ট্রিটেড এ্যাজ প্রিসিডেন্ট এ্যাজ পার রুল ৩৫১।

Mr. Speaker : Honorable members, you have just drawn the attention of the Hon'ble Minister. You have expressed great concern over the issue. It is upto the Minister concerned to give or not to give reply. You may only draw the attention of the Minister. You know the procedure of the House.

Shri Jyotirmoy Majumdar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে এটাকে প্রিসিডেন্ট হিসাবে ট্রিট না করবার জন্য বলেছেন, আমরা স্বীকার করে নিচ্ছি, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়

মাননীয় মন্ত্রিমহাশয়কে স্বরণ করিয়ে দিবার প্রয়োজন আছে যে এখানে নিজেদের বিভাগীয় কয়েকটি প্রশ্ন উত্তরের সময় ছাড়া অনেক মন্ত্রিমহাশয় বিধানসভায় উপস্থিত থাকেন না, কেবল মাত্র উত্তর দানের সময় ছাড়াও মন্ত্রিমহাশয়দের বিধানসভায় উপস্থিত থাকার প্রয়োজনীয়তা আছে এবং সে ব্যাপারে তাঁরা যেন দৃষ্টি রাখেন।

Shri Pankaj Kumar Banerjee :

স্যার, আপনি আমাদের বলেছিলেন যে যখন মেনসান হবে তখন মন্ত্রিমহাশয় হাউসে উপস্থিত থাকবেন, কিন্তু পশ্চিমবঙ্গের চারদিকে কি ঘটছে এবং তাতে করে সরকারের দায়িত্ব সম্বন্ধে তারা সরাসরিভাবে ওয়াকিবহাল হবেন। আমরা বারেবারে আপনাকে অনুরোধ করেছিলাম এবং মন্ত্রিমহাশয়রাও কথা দিয়েছিলেন, তারপরেও যদি আজকে এটা সেন্টি-মেন্টাল ইস্যু করে নেওয়া হয় বা প্রেসটিজ ইস্যু করে দাঁড় করান হয় তাহলে সেটা অত্যন্ত দুঃখের বিষয় হবে।

Shri Rajani Kanta Doloi :

স্যার, যে সময় ইমপরটেন্ট ম্যাটার মেনসেন করা হবে তার সম্বন্ধে এ্যাক্শান নেওয়া হবে, কিন্তু আমরা দেখেছি স্যার, অনেক সিরিয়াস ম্যাটার আমরা মেনসান করেছি কিন্তু সে সময় মন্ত্রিমহাশয় সে সময় উপস্থিত থাকেন না।

Mr. Speaker : Honourable members, all the mention cases are referred to the respective departments for taking note of and for taking appropriate action in the matter. If no action is taken on your mention cases, then you may draw your own conclusion. You cannot force the Minister that he will have to give a reply in a particular way. This is the Parliamentary democracy. You should draw the attention of the treasury bench. If they think necessary they will give answer or if they do not, they may not give answer. This much I can say.

Shri Gautam Chakravarty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত জানেন এর আগে যখন হাউস বসত আমাদের স্বর্গত বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি সব সময় হাউসে বসে থাকতেন। কোন আরজেন্ট কাজে যদি উনি পশ্চিমবঙ্গের বাহিরে যেতেন উনি হাউস বন্ধ রেখে যেতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে লোকসভায় মেনসনের সময় মন্ত্রিমহাশয় সেখানে উপস্থিত ছিলেন না, সেই নিয়ে লোকসভার অধ্যক্ষ ধীলন সাহেব প্রচণ্ড রকম ভৎসনা করেছিলেন মন্ত্রীদের। আমরা বিধানসভায় যখন আমরা মেনসেন করি বা কোশ্চেন-এর সময় যখন আমরা কোশ্চেন করি আমাদের মন্ত্রীরা উপস্থিত থাকেন না, দিনের পর দিন আমরা আপনার কাছে এই নিয়ে অভিযোগ করেছি—আমরা অনেক আশ্বাসও পেয়েছি কিন্তু আজ পর্যন্ত কোন সলুশান হল না।

Shri Abdus Sattar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য শ্রীগৌতমবাবু যে কথা বললেন যে ডাঃ বিধান চন্দ্র রায়ের সময় কি হত, আমার মনে হয় তখন তিনি বোধহয় নাবালক ছিলেন, এখন এই সর্বপ্রথম ইলেকশানের ২৫ বছর পর উনি নির্বাচিত হয়েছেন, এবং উনি কোন নজীর দেখাতে পারবেন না যে এই মেনসান যেটা করা হচ্ছে, সেটা বরাবরই করা হত। এই মেনসান নতুন ভাবে আমাদের মাননীয় স্পীকার এ্যালাউ করেছেন, রুলসের মধ্যে কোথাও এই ভাবে মেনসানের বিধান নাই। তবুও এটা করা হয় কারণ অনেক সভ্য বিভিন্ন জায়গা থেকে এসেছেন এটা তাদের কথা জানাবার জন্য। কিন্তু প্রত্যেক মন্ত্রীকে থাকতে হবে মেনসানের সময় এই নিয়ম কখনই কোন দিন ছিল না। তবে যেটা মেনসান করা হয় সেটা আমার মনে হয় অধ্যক্ষ মহাশয় যেটা বলেছেন তিনি সেটা পাঠিয়ে দেন। যেটা এ্যাকশান নেবার মত সেটা এ্যাকশান নেওয়া হয়। আর যেটা এ্যাকশান নেবার দরকার

মনে করেন না সেটা এ্যাকশান নেওয়া হয় না। কিন্তু রুলসে কোথাও কোন বাধ্যবাধকত নাই, তবে আপনারা যেটা বলেন সেটা খুবই ইমপরটেন্ট ম্যাটার আমরা এখানে যারা থাকি কখনও উত্তর দিই কখনও পরে সময় চেয়ে নিই—এই ভাবে করা হয়। আপনি স্যার অনেকদিনের পুরানো মেম্বার আপনি নিশ্চয়ই জানেন যে এই মেনসানের ব্যাপার আগে কখনই হত না।

Shri Nandalal Banerjee :

এই মেনশনের ব্যবস্থা ওয়েস্ট বেঙ্গলে আপার হাউসে ছিল। সেটা বন্ধ হয়ে গেছে, আপনি কাইণ্ডলি এলাউ করেছেন। ওয়েস্ট বেঙ্গল লেজিস্লেটিভ কাউন্সিলে মেনশন করার সময় মন্ত্রীরা উপস্থিত থাকতেন।

I was a member of the Legislative Council and we mentioned urgent matters in the House. This is for the information of our Ministers.

Shri Abdus Sattar :

এই যে রুল্স অব বিজনেসের বই রয়েছে।

Please show the rule that such and such rule.

Shri Puranjoy Pramanik :

আমাদের আগেকার বিধানসভায় যাঁরা সদস্য ছিলেন, তাঁরা দেখেছেন কখনও মেনশনের ব্যবস্থা ছিল না। ১৯৬৭ সালে শ্রীবিজয় ব্যানার্জী যখন যুক্তফ্রন্টের স্পীকারের আসন দখল করেছিলেন তখন তিনি এই আইনের প্রবর্তন করেছিলেন। তখন হয়ত কৃষিমন্ত্রী এদিকে ছিলেন না, ওদিকে বসতেন, এখন তিনি যে বইটা দেখাচ্ছেন, ওটা পুরাণো বই, এটা এ্যামেণ্ডেড হয়ে ইম্প্রুভড হয়েছে। সেটা তাঁর দেখা উচিত। কারণ মেনশনের দরখাস্তে সেক্শন কোট্ করা হয়। তাছাড়া ডাঃ রায়-এর সময়েও আমরা দেখেছি তিনি ওখানেই বসতেন এবং তাঁর মন্ত্রীসভার সদস্যরা সব সময় এখানে থাকতেন। মাননীয় মন্ত্রিমহাশয় পরের বইটা দেখুন রুল্সের মধ্যে আছে।

Shri Abdus Sattar :

যুক্তফ্রন্টের আমলে আমি বিরোধী দলে বসতাম এটা ঠিক কথা। আমার মনে হয় তখন মেনশনের চেয়ে আমরা ১৯৪ ধারা অনুসারে বেশীরভাগ যেটা আনতাম সেটা এ্যাড্জোর্নমেন্ট অব দি হাউস, ম্যাটার্স অব পাবলিক ইম্পরটেন্স, এবং স্পীকার হয়ত এলাউ করতেন। মেনশনের কথা রুল্সে নাই। তবে কন্ভেনশনে বলা যেতে পারে। যেভাবে হাউসে মেনশন করা হচ্ছে তাতে ৩৫১ কভার্ড হয় না। তবে ধরে নিচ্ছি যে কনভেন্শন হয়ে গেছে। মাননীয় স্পীকার মহাশয় যখন এলাউ করেছেন, আমাদের জানিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে সমস্ত মিনিস্টারদের উপস্থিত থাকতে হবে এই যে প্রশ্ন, এতে আমি বলতে চাইছি এটা সম্ভব। সব সময় সম্ভব হয় না, যতদূর সম্ভব করা যাবে। আপনাদের যে ম্যাটার, শিল্পমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করবেন, এটা ইগ্নোর করা হয়নি এবং তা আমরা কখনও করতে পারি না।

Shri Jyotirmoy Majumdar :

বলছেন আপনারা ইগ্নোর করেন না বলছেন না কিন্তু আপনারা প্রশ্নের সময় আসেন, অন্য সময় আসা দরকার মনে করেন না, অনেক মন্ত্রী আছেন যাঁরা এসেম্বলীতে আসাই দরকার মনে করেন না।

Shri Abdus Sattar :

আমরা দরকার মনে করি না, এটা ঠিক নয়, এটা ভুল কথা, দরকার হলেই স্পীকার অর্ডার দেন, আমরা উপস্থিত হই।

Shri Sukumar Bandyopadhaya :

অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন, সব সময় চেষ্টা করছেন আপনার নির্দেশ পালন করার জন্য। মেনশনের সময় মন্ত্রিমহাশয়রা উপস্থিত থাকবেন কিনা, এই নিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় আইনের বই দেখাচ্ছেন। মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন যিনি আইনের বই দেখাচ্ছেন তিনি কিন্তু বিধানসভাকে সম্মান দেখান, সব সময় বিধান-সভায় হাজির থাকেন।

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশংকর রায় পরিষ্কার করে বলেছিলেন বিধানসভার সদস্যরা বিশেষ বিশেষ জরুরী কথা বিধানসভায় উল্লেখ করেন। যাঁরা মন্ত্রিমহাশয় আছেন তাঁদের উচিত যখন বিধানসভা চলছে, তখন বিধানসভায় আসা এবং বিধানসভার গৌরব ও মর্য্যাদা রক্ষা করা। বিভিন্ন গ্রাম-গ্রামান্তর থেকে জন-প্রতিনিধিরা এসে বিধানসভায় সাধারণ মানুষের যে সব সুখ-দুঃখের কথা, দুঃখ-দুর্দশার কথা বলেন মন্ত্রীদের উচিত সে সব শোনা এবং তাঁদের পক্ষে প্রতিকার করা সম্ভব হলে করতে পারেন। না করলে অবশ্য আলাদা কথা। আজকে বিভিন্ন মাননীয় সদস্য জন-প্রতিনিধি যাঁরা —তাঁরা যে সমস্ত জরুরী অবস্থার কথা এখানে বলেন মানুষের দুঃখ-দুর্দশার আশা আকাঙখার কথা বলেন, সেই সময় যদি দেখা যায় মন্ত্রিমহাশয় হাতে আইনের বই নিয়ে দাঁড়িয়ে বলছেন এটা আইনে নাই, তাহলে সেটা বড়ই দুঃখের ব্যাপার হয়। এটা তাঁদের পক্ষে ঠিক নয়।

আর একটি কথা যাঁরা এই বিধানসভার সদস্য আছেন, যাঁরা গণতন্ত্রের সমর্থক, তাঁদের সঙ্গে আমার অন্তরের সম্পর্ক রয়েছে। মাননীয় মন্ত্রীদের সকলকে আমি শ্রদ্ধা করি। আমার মনে হয় এই মন্ত্রীসভায় যতজন মন্ত্রী আছেন, তাঁদের অধিকাংশই সাধারণ ঘর থেকে এসেছেন। সাধারণ মানুষের দুঃখ-দুর্দশার প্রতিকার করবার জন্য তাঁরা এখানে এসেছেন যখন, তখন মন্ত্রীরা বিধানসভা চলাকালে এখানে উপস্থিত থাকবেন কিনা এইটা প্রশ্ন, তখন মন্ত্রীরা যেন দয়া করে আইনের বইখানি আমাদের নাকের সামনে না তুলে ধরেন এই অনুরোধ করছি।

[2-50 - 3-00 p.m.]

Shri Biswanath Chakrabarti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমি যে বিষয়টা উল্লেখ করতে চাই এত উত্তপ্ত আব-হাওয়ার পরে, সেটা আশা করছি জয়নাল সাহেব ও মন্ত্রী যাঁরা আছেন একটু দয়া করে শুনবেন। যে সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন আছে, সেটা লোকসভার এক আইনের বলে তৈরী হয়েছিল। তার উদ্দেশ্য ছিল এগ্রিক্যালচারাল প্রোডাক্টস-এর সাইনটিফিক স্টোরেজ করা। সেই জন্য এই সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন তৈরী হয়েছে গত ১৯৬০ সালে। তারপর যখন ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া তৈরী হলো, তখন তারা তাদের মালপত্র রাখতে পারছিল না। এই সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন-এর গুদামে এফ,সি,আই তাদের মালপত্র রাখতে থাকেন। এই সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন-এর স্টোরেজ প্লান খুব ভাল। অত্যন্ত বৈজ্ঞানিক ব্যবস্থা আছে রাখার। হিসেব করে দেখা গেছে সেখানে মালপত্র রাখলে লস খুব কম হয়, মাত্র ·০৫ পারসেন্ট লস হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি কালে এই ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া যারা সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন-এর গুদামে ইয়ার টু ইয়ার কন্ট্রাক্টএ মালপত্র রাখে, আজ তারা সেই গ্যারান্টী ৪টা ওয়ারহাউসিং-এর গুদাম থেকে উইড্র করে নিচ্ছে। এফ,সি,আই নাকি সেন্ট্রাল ওয়ার-হাউসিং কর্পোরেশন আরো ৪টা গুদাম থেকে তাদের গ্যারান্টী উইথড্র করে নেবেন আর সেখানে ফুড কর্পোরেশন তাদের মালপত্র রাখবেন না। যেটা রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন,—এর ফলে সেখানকার কর্মীরা ছাঁটাই-এর মুখে এসে দাঁড়িয়েছে। অন্যান্য ৪০টী প্রাইভেট স্টোরিং এজেন্ট-এর সঙ্গে এই ফুড কর্পোরেশন তাদের গ্যারান্টী বজায় রাখবার সিদ্ধান্ত করেছেন। ফলে একটা চক্রান্ত চলছে এই রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে। যেটা সেন্ট্রাল ওয়ার-হাউসিং কর্পোরেশন তাকে সাবোটেজ করা হচ্ছে, এই গ্যারান্টী কমিয়ে প্রাইভেট ব্যবসা-

দারদের সুযোগ সুবিধা দিয়ে একটা দুর্নীতির চেষ্টা এর মধ্যে রয়েছে। এর ফলে সেন্ট্রাল ওয়ারহাসিং কর্পোরেশনের মালপত্র রাখার যে বৈজ্ঞানিক পদ্ধতি আছে, তা নষ্ট করে দেওয়া হচ্ছে। কয়েকজন প্রাইভেট ওয়ারহাউসের মালিক একচেটিয়া ব্যবসাদার তাদের মুনাফা লুটবার একটা সুযোগ সুবিধা এফ,সি,আই করে দিচ্ছে এইজন্য সেখানকার কর্মচারীরা আন্দোলন করছেন যাতে তাঁরা ছাঁছাই না হন এবং তাঁরা দাবী করছেন এই সব প্রাইভেট স্টোরিং এজেন্ট যারা কলকাতা ও তার চারপাশে যে সব গুদামে তাদের মালপত্র রাখে, সেগুলি বাতিল করে দেওয়া হোক্। আর সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন যে ৪টী গুদাম থেকে এফ,সি,আই গ্যারান্টী উইথড্র করবার সিদ্ধান্ত করেছে, সেটা পুনরায় বহাল করা হোক্। পশ্চিমবঙ্গ সরকার এফ,সি,আই-কে বলে এই ব্যবস্থা করুন এবং অন্যান্য প্রতিষ্ঠানও যাতে এখানে মালপত্র নিরাপদে বৈজ্ঞানিক পদ্ধতিতে গুদামজাত করে রাখতে পারেন তারও ব্যবস্থা করুন—যেমন সি,এম,ডি,এ, ফিসারিজ কর্পোরেশন এবং জুট কর্পোরেশন ও এই সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন-এর গুদামে মালপত্র রাখতে পারবেন। এই ব্যবস্থা আমাদের সরকার করুন। এইভাবে সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশনের আসল যেটা সমস্যা সেটা দূর করতে পারেন এবং রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানকে উপযুক্ত মর্য্যাদা দিয়ে এবং কয়েকজন আমলার চক্রান্তে ফুড কর্পোরেশন কর্তৃপক্ষ যে চেষ্টা চালাচ্ছে ব্যক্তিগত মালিকদের সুবিধা দেওয়ার, সেটা বন্ধ করতে পারেন—এইটা হচ্ছে আমার দাবী।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭২ সালে সাধারণ নির্বাচন হওয়ার পরে পশ্চিম দিনাজপুর রায়গঞ্জ মহকুমাতে এ পর্য্যন্ত ৯ কিংবা ১০ জন মানুষকে খুন করা হয়েছে। অত্যন্ত পরিতাপের বিষয় যে এই যে নিহত হচ্ছেন অথচ এই নিহত যারা করছেন সেই সমস্ত ব্যক্তি কার কালো হাতের ষড়যন্ত্রে তাদেরকে ধরা হচ্ছে না। তারা বেপরোয়াভাবে বাজারের মধ্যে দিয়ে টহল দিয়ে বেড়াচ্ছে এবং রায়গঞ্জ শহরে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। গত মারচ মাসে মোহিত কুমার সেনগুপ্ত নামে একজন ব্যক্তিকে হত্যা করা হয়েছে প্রকাশ্য দিবালোকে। গত ৮ তারিখে কো-অডিনেসান কমিটির একটা সভা হচ্ছিল। সেই সভা ভঙ্গ করবার জন্য জগদীশ সরকার নামে এক ব্যক্তি কতকগুলো ছেলেকে নিয়ে অফিস আক্রমণ করে। যে সমস্ত লোক অফিসে ছিল তারা কোন রকমে পালিয়ে গিয়েছিল। কিন্তু মাত্র দু-একজন যা ছিল তাদের যথেষ্ট প্রহার করা হয়েছে। (ডাঃ জয়নাল আবেদিন ঃ কোশ্চেন।) ১০ তারিখে স্বরাজ সাহা বলে একজন ব্যক্তি এবং তার সঙ্গে আরও দুজন ছিল পাশের চায়ের দোকানে তাদের ধরে এবং বীরনগর গ্রামের মাঠে নিয়ে যায়। দু-জনকে বেদম প্রহার করা হয় তারা পালিয়ে যায়। স্বরাজ সাহাকে ছুরিকাহত করা হয়। তাকে বালুরঘাট হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে চিকিৎসার ব্যবস্থা করতে পারা যায় নি। ডাক্তাররা সাজেসান দিয়েছিলেন মালদহে নিয়ে আসার জন্যে। মালদহে চিকিৎসা করতে সাহস পায়নি ডাক্তাররা। কলকাতায় নিয়ে আসা হচ্ছিল, কৃষ্ণনগরে মারা গিয়েছে। ১০ তারিখে যখন তার ডেড বডি রাণীগঞ্জে নিয়ে যাওয়া হয় তখন দারুন উত্তেজনা। কংগ্রেসের শিলাদিত্য ভট্টাচার্য্য, রাজ্য যুব কংগ্রেসের সম্পাদক এবং তিলক চৌধুরী রাজ্য সম্পাদক, ছাত্র পরিষদ আমাকে জানিয়েছেন সেখানে পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রশ্ন করতে চাই কার কালো হাতের ষড়যন্ত্র আছে যে পুলিশ নীরব থাকছে। সেখানে এস,পি, আছে, সেখানে এস,ডি,পি,ও আছে, থানার ও,সি, আছে, ম্যাজিস্ট্রেট আছে, তা সত্ত্বেও তারা ঘুরে বেড়াচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা সাজেসান দিতে চাই যে বিধানসভার সদস্য যারা আছেন তাঁদের নিয়ে একটা কমিটি গঠন করা হোক সেখানে যে অবস্থা চলছে সেখানে একটা সর্বদলীয় তদন্ত করা হোক এবং সেই কমিটি গঠন করে তদন্ত রিপোর্ট দেওয়া হোক। সেখানে বুদ্ধিজীবি সম্প্রদায়, প্রাক্তন মন্ত্রী এবং হেড মাষ্টার, প্রফেসার বহু শিক্ষিত লোক ১২৬ জন একটা হ্যান্ডবিল দিয়েছেন এবং তাতে দেশবাসীকে আবেদন জানিয়েছেন অবিলম্বে রায়গঞ্জে যাতে এই সন্ত্রাস বন্ধ হয়।

Shri Kumardipta Sengupta:

মিঃ স্পীকার স্যার, মাননীয় খাদ্যমন্ত্রী গতকল্য বিধানসভায় বলেছেন তিনি শুধু ব্যস্ত নন, তিনি ব্যতিব্যস্ত। কারণ তাঁর নাকি এক কোটি টাকা প্রয়োজন পশ্চিমবঙ্গের গ্রাম বাংলার মানুষকে এম, আর, শপের মধ্য দিয়ে খাদ্যদ্রব্য বিতরণের জন্য। মাননীয় খাদ্যমন্ত্রীর এই উদ্বেগের জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ। তবে আমরা জানতে পারছি এই ব্যাপারের পর থেকে এই ঝুনঝুনওয়ালারা, খেবড়ীওয়ালারা এবং ছোপরারা সমস্ত রাইটার্স বিল্ডিংসের আনাচে কানাচে ঘুরে বেড়াচ্ছে। আমরা চাই যে এদের লাইসেন্স দিয়ে, পারমিট দিয়ে যেন পশ্চিমবাংলার মানুষের আর দুর্গতি না বাড়ানো হয়।

[3-00—3-10 p.m.]

আমরা চাই স্যার, এই সরকারের মধ্য দিয়ে বড় লোক যেন আরো বেশী বড় লোক না হয়। বড় লোক সমস্যার সমাধান না করে সমস্যা সৃষ্টি করে পশ্চিমবঙ্গে সর্বনাশ ডেকে আনে—এটা আমরা চাই না। আজকে ঐ বিষয়ে বিধানসভায় মাননীয় মন্ত্রী বক্তব্য রেখেছেন, তাতে বিষয়টি এই বিধানসভা থেকে নির্ধারিত হবে, এটা খাদ্য দপ্তরের প্রশাসনিক ব্যাপার নয়। আমরা চাই খাদ্যদ্রব্য খরিদ এবং বিতরণ করতে হবে কো-অপারেটিভ সংস্থার মাধ্যমে। মাননীয় খাদ্যমন্ত্রীকে আমি স্টেট কো-অপারেটিভ ব্যাংকের চেয়ারম্যান হিসাবে এই আশ্বাস দিতে চাই গ্রামবাংলার দুস্থ মানুষের সেবার জন্য তিনি যখনই বলবেন তখনই স্টেট কো-অপারেটিভ ব্যাংক থেকে ১ কোটি টাকা দেব। তিনি জানিয়েছেন টাকার জন্য ঘোরাঘুরি করছেন, বড় লোকদের দ্বারস্থ হবার চেষ্টা করছেন—এর জন্য চিন্তার কোন কারণ নেই। পশ্চিমবঙ্গ স্টেট কো-অপারেটিভ ব্যাংক থেকে তাকে ১ কোটি টাকা যে কোন সময়ে দিতে পারব এবং তার মধ্য দিয়ে কো-অপারেটিভের মধ্য দিয়ে দেশের সমস্যার সমাধান করুন, এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Joyram Saren:

মাননীয় স্পীকার স্যার, আমাদের মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বালীপুর, নছিপুর, গ্রামে কংসাবতীর বিরাট ধ্বস নেমেছে। সেই ধ্বস সম্বন্ধে ১৯৭২ সালে এনকোয়ারি হয়েছিল এবং তারপরেও এখন পর্য্যন্ত কিছুই কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। আমরা শুনেছি সরকার থেকে নাকি সেটাকে মঞ্জুরী দিয়েছেন। কিন্তু দীর্ঘদিন ধরে যদি কার্য্যকরী না করা হয় তাহলে সেখানকার বহু ঘরবাড়ী পড়ে যাবে এবং একটি হাই স্কুল আছে সেটাও পড়ে যাচ্ছে। আমি সেই জন্য অনুরোধ করছি সেই ধ্বসের হাত থেকে গ্রাম ও স্কুলটির রক্ষা করার ব্যবস্থা যেন করা হয়। সেখানে বহু চাষের জমি নদী, খালে, পরিণত হয়ে যাচ্ছে। অতএব ঠিকমত ব্যবস্থা নেবার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Subrata Mukherjee (Katwa):

মাননীয় স্পীকার স্যার, আজকে কিছুক্ষণ আগে আমি একটি টেলিগ্রাম পেয়েছি এবং গতকাল আর একটি টেলিগ্রাম পেয়েছিলাম। এই টেলিগ্রামে বলা হয়েছে গত ২০ তারিখ থেকে কাটোয়া ২নং ব্লকের অন্তর্গত গড়ুই গ্রামে অঞ্চল প্রধান অফিসের সামনে ৮ জন মানুষ অনশন করছেন। তাদের দাবী গ্রামাঞ্চলের এ ক্লাস, বি ক্লাস মানুষদের রেশনে চাল দিতে হবে এবং অন্ততঃপক্ষে এক হাজার মানুষকে অবিলম্বে খয়রাতি সাহায্য দিতে হবে। মিঃ স্পীকার, স্যার, পর পর দুটি টেলিগ্রাম পাওয়ায় আপনি আমার সঙ্গে নিশ্চয় একমত হবেন যে সেখানকার মানুষের জীবনযাত্রা আজকে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। এটার গুরুত্ব আপনি নিশ্চয় উপলব্ধি করেছেন এবং কাটোয়ার গ্রামাঞ্চলের সমস্ত দুস্থ মানুষ আজকে শামুক, গুগলী, অনেক জায়গায় কচু পাতা সিদ্ধ করে খেয়ে জীবন ধারণ করছে। মিঃ স্পীকার, স্যার, এই মেনসনের সময় আমি যখন দুটি গুরুত্বপূর্ণ টেলিগ্রাম পেয়ে হাউসের সামনে আমার বক্তব্য রাখছি তখন এই কথা বলতে বাধ্য হচ্ছি যে বিধানসভায় খাদ্যমন্ত্রী বা ত্রাণমন্ত্রী কেউই উপস্থিত নেই। খাদ্যমন্ত্রী বা ত্রাণমন্ত্রী যদি এখানে উপস্থিত থাকতেন তাহলে আমার এই মেনশন শোনার পর হয়ত আমি দাবী করতে পারতাম যে গত ২০ তারিখ থেকে ৮ জন মানুষ যে খাদ্যের দাবীতে অনশন করছেন

তার ব্যাপারে বিধানসভায় বক্তব্য রাখুন। মিঃ স্পীকার, স্যার, কয়েকজন সদস্য দাবী তুলেছেন যে মেনসন গুরুত্বপূর্ণ বিষয়, অতএব এই সময়ে মন্ত্রীদের উপস্থিত থাকা প্রয়োজন। আমার এই বক্তব্য বলার পরে মন্ত্রীসভার সদস্য যারা এখানে উপস্থিত আছেন, তারা আমার সঙ্গে একমত হবেন যে মেনসনের সময় মন্ত্রীদের উপস্থিত থাকার প্রয়োজনীয়তা আছে। স্যার, এই দুটি টেলিগ্রাম আমি আপনার কাছে পৌঁছে দিচ্ছি, আপনি দয়া করে এগুলি খাদ্য-মন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর কাছে পাঠিয়ে সত্বর ব্যবস্থা নেবার জন্য আশা করি অনুরোধ জানাবেন।

Shri Pankaj Kumar Banerjee :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে বহুবার আমরা এই সভায় আলোচনা করেছি এবং আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি এই বলে যে, কোথাও কোথাও পুলিশ জনসাধারণের উপর বেপরোয়া অত্যাচার করছে এবং বরাবরই সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয় আমাদের বলেছেন যে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করছেন যাতে করে পুলিশ এই অত্যাচার বন্ধ করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেই একটা টেলিগ্রাম আমার কাছে এসেছে এবং তার যে ভাষা সেটা হচ্ছে, বাদল কর্মকার বলে একটা ছেলেকে পুলিশ একদিন মধ্যরাত্রে গ্রেপ্তার করে নিয়ে যায়, পরে দুদিন তার কোন খোঁজ খবর পাওয়া যায়নি, তিন দিনের দিন তার বাড়ীতে খবর আসে যে সে মারা গিয়েছে। স্যার, পরে তদন্ত করে জানা গিয়েছে, যে, পুলিশের লক-আপে তাকে নিয়ে গিয়ে অত্যন্ত প্রহার করা হয়েছে এবং তার ফলে লক-আপের ভেতরেই তার মৃত্যু ঘটেছে। স্যার, আমরা পুলিশের কাছে আমাদের জীবন, মান, সম্পত্তি রক্ষা করার দায়িত্ব দিই, আমরা পুলিশর কাছে সামাজিক শিষ্টাচার-বোধ আশা করি এবং সমাজকে রক্ষা করার আবেদন জানাই। স্যার, আমরা শুনে আসছি পুলিশ নাকি আমাদের জীবন, মান, সম্পত্তির একমাত্র রক্ষাকারী। কাজেই স্যার, সেই পুলিশর কাছ থেকে এরকম নির্মম ব্যবহার পাওয়া আর কতদিন চলবে সেটা আমি জানতে চাই। স্যার, এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, আমরা এর আগেও বলেছি পুলিশের একটা অংশ চেষ্টা করছে এই সরকারকে জনসাধারণের কাছে হেয় প্রতিপন্ন করবার এবং এই ঘটনাগুলি তারই নজির মাত্র। এখনও যদি মাননীয় মন্ত্রিমহাশয় এই অবস্থার দিকে নজর না দেন এবং তাঁর পুলিশ দপ্তরকে এ বিষয়ে যথাযথ প্রয়োজনীয় নির্দেশ না দেন তবে কি আমরা মনে করে নেব যে আমাদের জীবন, মান, সম্পত্তি রক্ষার ভার আমাদের নিজেদের হাতেই নিতে হবে? তাই যদি হয় তাহলে কিন্তু সেদিন মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের উপর যেন পুলিশ লেলিয়ে না দেন। আমরা জানি, সমাজের শিষ্টাচার কি করে রক্ষা করতে হয়, মানুষকে ন্যায় বিচার কি করে দিতে হয় কিন্তু যেহেতু আইন আমরা নিজের হাতে নিতে চাই না বা আইন মাফিক পদ্ধতিতে চলতে চাই সেই হেতু শেষবারের মতন তাঁর কাছে আবেদন জানাচ্ছি তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। কিন্তু যদি তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আমরা জনসাধারণকে সংগঠিত করে এর মোকাবিলা এবং মূল্যায়ন করবার ব্যবস্থা করবো।

Shri Hemanta Dutta :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রীর কাছে মেদিনীপুরের পক্ষ থেকে কয়েকটি বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন আজকে এমন একটা যুগে আমরা বাস করছি যে যুগে খাদ্যদ্রব্যের মূল্য এমন একটা পর্যায়ে গিয়েছে যার সঙ্গে অন্য কোন যুগের তুলনা করা যায় না। তাই স্যার, আজকে বিধানসভার মধ্যে দেখছি যে খাদ্যের দাবীতে বা দ্রব্যমূল্য কমানোর দাবীতে সমস্ত সদস্য সোচ্চার হয়ে উঠেছেন। স্যার, বর্তমান বৎসরেও মেদিনীপুর জেলা বন্যা কবলিত হয়েছিল। কন্টাই, তমলুক, ঘাটাল, সাবডিভিসান এমন সর্বনাশা বন্যার কবলে পড়েছিল যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের জেলার মাননীয় মন্ত্রী জ্ঞান সিং সোহনপাল, সেচমন্ত্রী বরকত সাহেব, ত্রাণমন্ত্রী এঁরা সকলে সেখানে গিয়েছিলেন এবং পরিদর্শন করে এসেছিলেন। স্যার, এই মেদিনীপুর জেলা ক্রমাগত খরা এবং বন্যার কবলে পড়ায় এখানকার মানুষের দুর্দশা চরমে উঠেছে। তারা আজ শাক পাতা, ঘাস ইত্যাদি খেয়ে বাঁচবার চেষ্টা করছে। আজকে আমরা দেখছি

মেদিনীপুরের জন্য যে টি,আর-এর টাকা বরাদ্দ করা হয়েছে তা অতি নগণ্য। সেখানে ৫৫ লক্ষ লোকের জন্য মাত্র ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। যে সব শ্রমিক কাজ করছে সেখানে তাদের একদিনে একশো মাটি কাটার জন্য ২ টাকা দেওয়া হচ্চে অথচ মাননীয় মন্ত্রি মহাশয় কথা দিয়েছিলেন যে তিনি একশো মাটি কাটলে তিন টাকা দেবার ব্যবস্থা করবেন। কাজেই স্যার, আমি বলব, কন্টাই-এর বন্যা কবলিত অঞ্চলকে স্পেশাল এরিয়া হিসাবে ট্রিট করে সেখানে রেশন দেবার ব্যবস্থা করা হোক এবং জি,আর আরো বাড়ানো হোক।

Shri Md. Safiullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় যা এই সভায় বহুবার আলোচিত হয়েছে তা আবার উল্লেখ করে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি তাঁত শিল্পীদের কথা বলছি। আমি তাঁত শিল্পীদের দুর্দশার কথা না বলে শুধু একটি ছোট্ট পরিসংখ্যান দিয়ে তারা আজকে কি অবস্থায় এসেছে সেকথা বলব। স্যার, আপনি জানেন, আমাদের এই রাজ্যের মধ্যে হুগলী এবং নদীয়া জেলাই তাঁত শিল্প প্রধান এলাকা। আজকে সেই শিল্পে নাভিশ্বাস উঠেছে। স্যার, ১৯৭৩ সালের জানুয়ারী মাসে প্রতি ১০ পাউন্ড ৬০ কাউন্টের সুতোর দাম ছিল ৮৫ টাকা এবং ৮০ কাউন্টের সুতোর দাম ছিল ৯৮ টাকা। ফেব্রুয়ারী থেকে ১৯৭৩ সালের এপ্রিল পর্যন্ত সেই ৬০ কাউন্টের সুতোর দাম দাঁড়ায় ১০৪ টাকা এবং ৮০ কাউন্টের সুতোর দাম হয় ১৩২ টাকা।

[3-10--3-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৪ সালে ভয়াবহ অবস্থা। আমি সামান্য একটা পরিসংখ্যান দিয়ে তাদের দুরবস্থার কথা জানিয়ে দেবো। ৭ই মার্চ ৬০ কাউন্টের প্রতি ১০ পাউন্ডের মূল্য আমি বলছি। ১লা মার্চ ১১৬, ১৪৬, ৭ই মার্চ ১২২, ১৬০, ১৫ই মার্চ ১২৭, ১৬৫, ১৭ই মার্চ ১৩২, ১৭৫, ২০শে মার্চ ১৩৪, ১৮৮—এই ভাবে বেড়ে বেড়ে ৬ই এপ্রিল পর্যন্ত ১৪২, ২১০ এসে দাঁড়িয়েছে। কিন্তু তাদের মজুরী কত? না, ৮ আনা থেকে এক টাকা বেড়েছে মাত্র। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো এদের বাঁচাবার জন্য একটা ব্যবস্থা অবলম্বন করুন। কেন না, হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন মাননীয় মন্ত্রিমহাশয় গঠন করেছেন, তার মাধ্যমে তাঁতীরা যাতে সুতা পেতে পারে এবং ন্যায্য মজুরী পেতে পারে সে দিকে দৃষ্টি দিতে বলবো। এক বছরে ডাবল বেড়ে গেছে, কাজেই এই বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Anil Krishna Mondal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। বিষয়টি হচ্ছে, ইতিপূর্বে, প্রশ্নোত্তরকালে এই বিধান-সভায় অনেক আলোচনা হয়েছে দুর্নীতির বিরুদ্ধে। সেই দুর্নীতির একটা আকড়ার উদাহরণ-স্বরূপ এখানে বলার চেষ্টা করছি। ২৪-পরগণা স্কুল বোর্ডের নিয়োগপত্র নিয়ে। এ্যাড-ভাইসরি কমিটির বিভিন্ন সদস্যদের প্যানেল দেওয়ার কথা ছিল এবং সেই প্যানেলও দেওয়া হয়েছিল ঠিক মত। সেই এ্যাপ্রুভড প্যানেলের মধ্য থেকে গত জুলাই, গত মার্চ, ১৯৭৪ সালে যে এ্যাপোয়েন্টমেন্টগুলি হয়েছে, সেগুলি অবৈধ এ্যাপয়েন্টমেন্ট। সেগুলি প্যানেল বহির্ভুত এ্যাপয়েন্টমেন্ট। এবং সেগুলির এ্যাপ্রুভ্যালও হয়নি। এ্যাপ্রুভড না হবার পরেও এ্যাপয়েন্টমেন্ট হয়েছে এমন অনেক এ্যাপয়েন্টমেন্ট সেখানে হয়েছে। যে সব স্কুলে কোন ভ্যাকান্সি নেই, ১০০ জন বা ১২০ জন ছাত্র, সেখানে কোন ভ্যাকান্সির খোঁজ পাওয়া যাবে না, ৩।৪ জন শিক্ষক সেখানে এক্সজিস্টিং, সেখানে ৪।৫ জন শিক্ষককে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। ঘটনায় প্রকাশ এবং বিশ্বস্তসূত্রে অবগত হলাম যে এই এ্যাপয়েন্টমেন্টগুলি প্রায় ২ হাজারের মত। ব্লাংক এ্যাপয়েন্টমেন্ট ফরম নিয়ে এক অজানা হোটেলে উঠে এক রাত্রের মধ্যে এই এ্যাপয়েন্টমেন্টগুলি লেখা হয়েছে এবং প্রায় ৩।৪ লক্ষ টাকার মত লেনদেন হবার পরে ডি,আই-কে কনভিন্স করে সেই এ্যাপয়েন্টমেন্টে সহি করে নেওয়া

হয়েছে এবং সেগুলি বিলি করা হয়েছে। এই রকম ঘটনা, এই রকম ভাবে যদি শিল্প বিভাগ চলতে থাকে তাহলে আমি সেই এ্যাডভাইসরি কমিটির একজন সদস্য বলে এ ঘটনা, এই সংবাদ রাখি। আমি এর প্রতিবাদ করি এবং শীঘ্রই যাতে তদন্ত হয় তা ব্যবস্থা করার জন্য শিক্ষামন্ত্রী এবং সরকাররের কাছে আবেদন জানাই।

Shri Sankar Das Paul :

মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি কারণ রাজ্য সরকার যে সময়ে সাধারণ জনসাধারণের অভাব-অভিযোগ মেটানোর যখ সর্ব্বপ্রকার চেষ্টা চালাচ্ছেন তখন একশ্রেণীর সুযোগ সন্ধানী ও প্রতিক্রিয়াশীল আমলা চক্র কি ভাবে এই প্রচেষ্টাকে বানচাল করে দিচ্ছেন। তারই একটা নক্কারজনক দৃষ্টা আমি তুলে ধরার চেষ্টা করছি। স্যার সারা রাজ্যে কেরোসিন তেলের সংকটে সঙ্গে আমরা পরিচিত। কেরোসিন তেলের অভাব-এ পশ্চিমবাংলার সমগ্র গ্রামাঞ্চলে এমন কি শহরাঞ্চলে জনজীবনে অভূতপূর্ব বিপর্যয় দেখা দিয়েছে। সমাজ জীবনের এবং অর্থনৈতিক জীবনের ভারসাম্য আজকে নষ্ট হতে বসেছে। মনে পড়ে এই কেরোসিন তেলের দাবীতে শুরু হয়েছিল ১৯৬৬ সালের শেষ ভাগে তীব্র খাদ্য আন্দোলন যার পরিণতিতে পরবর্ত্তীকালে রাজ্য রাজনীতিতে পট পরিবর্ত্তন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলায় লোহাপুরের জনৈক কেরোসিন তেল ব্যবসায়ীকে ইনডিয়ান অয়েল কর্পোরেশন এপ্রিল মাসে চিঠি দিয়ে জানালেন যে তাকে ৯০ কিলো লিটার কেরোসিন তেল এ্যালটমেন্ট করা হয়েছে, তিনি যেন সেই তেল তোলার ব্যবস্থা করেন। কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের বিষয় রামপুরহাটের ফুড এ্যান্ড সাপলাইজের সাবডিভিশন্যাল কনট্রোলার মহাশয় তাকে চিঠি দিয়ে আদেশ দিলেন যে তিনি যেন ৪০ কিলো লিটারের বেশী কেরোসিন তেল না তোলেন। একটা অদ্ভুত আদেশ, মাননীয় অধক্ষ মহাশয়, কোম্পানী তাকে দিল ৯০ কিলো লিটার, আর সাবডিভিশন্যাল কনট্রোলার ফুড এ্যান্ড সাপ্লাই তিনি বললেন যে তুমি ৪০ লিটারের বেশী তেল তুলতে পারবে না, কেন, তিনি তার কোন কারণ দেখাননি। আজ যদি ঐ ব্যবসায়ীটি ৯০ কিলো লিটার তেল তুলতে পারতেন তাহলে বহু সংখ্যক গ্রামাঞ্চলের মানুষ আজকে তেল পেত। বহু সংখ্যক ছাত্ররা আজকে পড়াশুনা করার সুযোগ পেত এবং বহু লোকের এতে উপকার হ'ত। কিন্তু রামপুরহাটের সাবডিভিশিন্যাল কন্ট্রোলার ফুড এ্যান্ড সাপ্লাইজের খামখেয়ালি আদেশের ফলে বহু সাধারণ গরীব চাষী, মজুর, মধ্যবিত্ত ছাত্র আজকে সেই সুযোগ থেকে বঞ্চিত হ'ল। মাননীয় স্পীকার, স্যার, বর্ত্তমানে কেরোসিন তেলের সংকটের পরিপ্রেক্ষিতে বিষয়টি অত্যন্ত গুরুতর, আমি আপনার মারফৎ খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যে এই ব্যাপারে অনুরোধ করেন। এবং তদন্তে দোষী অপরাধীদের শাস্তির ব্যবস্থা করেন। সরকারের জনকল্যাণমূলক কর্ম প্রচেষ্টাকে যে সমস্ত প্রতিক্রিয়াশীল চক্রান্তকারী অফিসারগণ বাধা দিচ্ছেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করার দাবী আমি জানাচ্ছি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই অবগত আছেন, গতকাল পাট চাষীদের, যারা ১২ লক্ষ একর জমিতে পাট চাষ করে, সেই শ্রমিকদের স্বার্থের জন্য পশ্চিমবঙ্গ প্রদেশ কৃষক সমিতি কার্জন পার্কে একটা অনশন প্রতীক সত্যাগ্রহ শুরু করেছিল এবং তার পরিসমাপ্তি ঘটেছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই প্রসঙ্গটা গতকাল বিধানসভায় মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামানিক মহাশয় তুলেছিলেন এবং তার প্রত্যুত্তরে আমাদের পাবলিক আন্ডার টেকিংসের মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব কিছু আলোকপাত করেছেন। ২৭ তারিখে ১০টার সময় রাটুন্ডাতে কেন্দ্রীয় শিল্প ও বানিজ্যমন্ত্রী, শ্রীদেবী প্রসাদ চট্টোপাধ্যায়, আসবেন, এবং এই বিষয়ে আলোচনা হবে। কালকে যারা এই বিধানসভার সদস্য এবং মাননীয় মন্ত্রীরা ওখানে গিয়েছিলেন তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি, আমাদের দাবী মূলতঃ যা ছিল তা প্রত্যেকেই জানেন, ১১ দফা দাবী ছিল। আজকে খুব আশার কথা যে মাননীয়

কৃষিমন্ত্রী এবং পাবলিক আন্ডারটেকিং মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁদের কাছে আমাদের আবেদন পশ্চিমবাংলায় যে সমস্ত পাটচাষ এলাকা রয়েছে, যেমন নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর ২৪-পরগনা, মালদহ, হুগলী, মেদিনীপুর প্রভৃতি যে সমস্ত এলাকায় পাট চাষ হয়, সেই সমস্ত এলাকা থেকে নির্বাচিত জনপ্রতিনিধি একটা অংশ যাতে প্রতিনিধিত্ব করবার সুযোগ পায় এবং তার মধ্যে তিনজন মন্ত্রীও যাতে থাকেন তার ব্যবস্থা করুন। কারণ পাট চাষীদের দুরবস্থার কথা ভেবে এই অনুরোধটুকু না জানিয়ে আর পারছি না।

Mr. Speaker : Mr. Biswas you need not attract the attention of the Chair more. You have taken much time.

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আমরা ইনভাইটি। আমি বারি সাহেবকে অনুরোধ করবো, আপনাদের মধ্যে যারা পাট সম্বন্ধে জানেন, তাদের নিয়ে একটা মেমোরেন্ডাম তৈরী করে, কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে এ্যাপয়েন্টমেন্ট করে, রিপ্রেজেন্টেশান টু দি মিটিং—প্রতিনিধিত্বমূলক একটা স্মারকলিপি তৈরী করুন। তার সঙ্গে দেখা করে আপনাদের তরফ থেকে যদি বলেন তো ভাল হয়। মাননীয় সাত্তার সাহেব এবং আমি এই বিষয়ে যা করার আমরা করবো আপনাদের তরফ থেকে যদি ফ্যাক্টস এ্যান্ড ফিগার দিয়ে রিপ্রেজেন্টেশন দেন তাহলে ভাল হয়।

[3-20 - 1-00 p.m.]

Shri Abdul Bari Biswas :

স্যার, আপনার কাছে আমরা নিশ্চয়ই অনুরোধ করতে পারি, যখন পাবলিক আন্ডারটেকিং ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয় এই কথা জানিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বললেন যে আমরা বিধানসভার তরফ থেকে মেমোরেন্ডাম দিতে পারি। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, এর সঙ্গে ৯২ লক্ষ পাট চাষীর স্বার্থ জড়িত, সুতরাং, আপনার নেতৃত্বে বিধানসভার সদস্যদের একটি প্রতিনিধি দল পাঠান হোক, এই সুযোগ আপনি আমাদের করে দিন। আমরা এই বিষয়ে আলোচনা করতে ইচ্ছুক এবং এই বিষয়ে আমরা আলোচনা না করলে আমরা কর্তব্যচ্যুত হব। সুতরাং আপনি দয়া করে এই সুযোগ আমাদের করে দিন।

Mr. Speaker : Mr. Biswas, no member can speak again on the same subject. This is the elementary rule and procedure.

Shri Barid Baran Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সময় বেশী না থাকা সত্বেও আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় অভিযোগের আকারে মাননীয় সদস্যদের জানাতে চাইছি। মন্ত্রিমহাশয় এখন এখানে নেই, যদিও এই ব্যাপারে অতীতে কয়েকজন মাননীয় সদস্য আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছেন। বিষয়টি হচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে চরম দুর্নীতি এবং অব্যবস্থা চলছে এবং সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কাছে অভিযোগ এসেছে যে, ১৯৭০ সালে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য, তাঁর দায়িত্বভার নেওয়ার পর থেকে আজ পর্য্যন্ত এই বিশ্ববিদ্যালয়ে কোন ইউনিভার্সিটি মিটিং ডাকেননি। যদিও আপনার সামনে আমি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আইন দেখাতে পারি, আর্টিকেল ২৩, অনুযায়ী—কল্যাণী বিশ্ববিদ্যালয় এ্যাক্টের আর্টিকেল ২৩-তে কমপালসারি মিটিং-এর কথা বলা আছে। ১১ই আগস্ট, ১৯৭৩ সালে ঐ উপাচার্য্য একটি মিটিং ডেকেছিলেন, কিন্তু যে বাজেট প্লেস করেছিলেন তাতে কয়েক লক্ষ টাকার গোলমাল থাকার জন্য তিনি সেই বাজেট উইথড্র করে নেন। আমরা দেখছি উপাচার্য্য নিজেই ঐ বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অফিসার হিসাবে কাজ করেন এবং ৩৮ মাস ধরে কোন রকম ফিন্যান্স অফিসার নিয়োগ না করে,

কোন রকম ক্যাস বুক না রেখে তিনি একটা অত্যন্ত গর্হিত কাজ করছেন। কয়েকদিন আগে পত্র-পত্রিকায় দেখলাম কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্বন্ধে শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী খুবই উদ্বিগ্ন হয়ে পড়েছেন এবং তাঁরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তদন্ত করবার জন্য যাবেন। ইতি-মধ্যে জানা গেল শিক্ষামন্ত্রী মহাশয় কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তদন্ত করে এসেছেন। আমরা জানতে চাই যে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্বন্ধে তদন্ত করার পর সরকারের ব্যবস্থা অবলম্বন করবার ক্ষমতা আছে কিনা? আমরা জানি সেই আইন আমাদের সরকারের হাতে আছে, কল্যাণী বিশ্ববিদ্যালয় এ্যাক্টের ২৪নং ধারা অনুযায়ী নিশ্চয়ই আমরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কার্য্যকলাপ সম্বন্ধে তদন্ত করতে পারি। আমরা জানি এই বিশ্ববিদ্যালয় অডিটেড একাউন্ট জমা না দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে সমস্ত বিভিন্ন টাকা পাওয়ার কথা সেগুলি ফেরত চলে গিয়েছে, কারণ অডিটেড একাউন্ট না থাকার জন্য। আজকে এডুকেশন ডিপার্টমেন্ট, গভর্ণমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল থেকেও ম্যাচিং গ্রান্ট দিতে পারেনি। আর একটা বিষয় হচ্ছে এসেট ডিভিশন কমিটি যেটা তৈরী করা হয়েছিল তাদের প্রিপেয়ার পেপারস এবং ভুল ইনফরমেশন দেওয়ার জন্য এই এসেট ডিভিশন কমিটি কিভাবে কাজ করেছে, সে সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে।

আমি আপনার কাছে একটা কথা বলতে চাই যে আমাদের পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা আজ কোলান্ড স্টোরেজ-এ যাওয়া শুরু হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয় আজ ৭ মাস ধরে পার্ট ওয়ান রেজাল্ট বের হয়নি। কলিকাতা বিশ্ববিদ্যালয়, নর্থ বেঙ্গল ইউনিভারসিটি, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়গুলিতে আজ অধ্যাপকদের ধর্মঘট, কাল অশিক্ষক কর্মচারীদের ধর্মঘট, তারপরদিন ছাত্র ধর্মঘট। এগুলিতে আজ দুর্নীতির আড্ডাখানা ও রাজনৈতিক আড্ডাখানায় পরিণত হতে সুরু করেছে। শিক্ষামন্ত্রী ভাল মানুষ বটে, কিন্তু শিক্ষা দপ্তরের প্রশাসনে তিনি কতটা সুনাম অর্জন করেছেন সে বিষয়ে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। শিক্ষাব্যবস্থার যে কোল্ড স্টোরেজ এ্যাটিচুড দেখা দিয়েছে তা ভেঙ্গে ফেলার জন্য তাকে বাস্তবভাবে প্রয়োগ করা হচ্ছে না এই অভিযোগ আমি করছি এবং কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে অবিলম্বে তদন্ত করে সেই তদন্ত রিপোর্ট এই হাউসে রাখার জন্য অনুরোধ করছি।

[At this stage the House was adjourned for 30 minutes.]

[After Adjournment]

Shri Biswanath Mukherjee :

স্যার, আপনার অনুমতি নিয়ে আমি একটা কথা বলছি যে আমি একটা টেলিগ্রাম পেলাম কাঁথি থেকে নিত্যানন্দ ব্যানার্জি করেছেন---

Exert influence to save lives properties and women's modesty at Margram Khargram from police atrocities led by SDPO., Kandi

আমি আপনাকে ওটা দিচ্ছি পুলিশমন্ত্রী একটু খোঁজ করে দেখুন যে কি ব্যাপার ঘটছে আর একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই যে বাটা মহেশতলা ফার্মস-এর গভর্নমেন্ট যে জুডিসিয়াল এনকোয়ারিস করেছেন তার। ফার্স্ট সিটিং আগামী কাল ২½ টার সময় হবে। তার যে কাগজপত্র দাখিল করা হয়েছে তা থেকে দেখতে পাচ্ছি—

A. K. Datta, Superintendent of Police. 24-Parganas, on behalf of the Police Directorate and the Government of West Bengal appear.

জুডিসিয়াল ইনকোয়ারী সম্বন্ধে আমাদের বহু অভিজ্ঞতা আছে। জুডিসিয়াল ইনকোয়ারী পুলিশ এ্যাট্রোসিটি-র উপর। এই সমস্ত জুডিসিয়াল ইনকোয়ারীতে পুলিশ ও গভর্নমেন্ট আলাদা আলাদাভাবে রিপ্রেজেন্ট করে উকিল দিয়ে। এখানে একজন উকিল পুলিস ও গভর্নমেন্ট রিপ্রেজেন্ট করবেন। একই সঙ্গে ব্রিফ হবে ' ডসিয়াল এনকোয়ারী পরে খুব বাঁধা সৃষ্টি করবে।

Let the police defend themselves as they do.

আমি নিজে গভর্নমেন্ট এনকোয়ারীতে এ্যাপিয়ার করেছিলাম তাতে পুলিশ ও গভর্নমেন্ট আলাদা আলাদা ভাবে উকিল দিয়েছিল।

If necessary, they can coordinate

বাট পুলিশ এবং গভর্নমেন্টের আলাদা হওয়া দরকার। কিন্তু এখানে যে জিনিষটা হচ্ছে সেটা খারাপ হচ্ছে। এ বিষয়ে আমি চীফ মিনিষ্টার-এর দৃষ্টি আকর্ষণ করছি। আগামীকাল ২টার সময় হবে এবং সেখানে খুব হৈ চৈ হবে। কিন্তু যে ব্যবস্থা নেওয়া সেটা হচ্ছে ঠিক নয়। পুলিশ ও গভর্নমেন্ট-এর আলাদাভাবে ব্রিফ হোক এটাই আমি জানালাম।

[4-00—4-10 p.m.]

The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee

Shri Biswanath Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যখন এই বিলের উপর আলোচনা সবেমাত্র শুরু হয়েছিল এবং আর. এস. পি-র ত্রিদিববাবু বক্তৃতা করছিলেন তখন বিদ্যুৎ চলে গেল এবং প্রথমে ১০ মিনিট, তারপর ৪০ মিনিট এইরকম করে সময় চলে গেল এবং শেষ পর্যন্ত আপনি হাউস এ্যাডজোর্ন করে দিলেন। তারপর এক ঘন্টা কি সওয়া এক ঘন্টা পরে বাড়ী গিয়ে দেখলাম যে বাড়ী থেকে বিদ্যুৎ চলে গেছে এবং দুই ঘন্টা পরে বিদ্যুৎ এলো, আবার সকাল বেলায় চলে গিয়েছে। এইভাবে ৯।১০ ঘন্টা বিদ্যুৎ থাকছে না, কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, গ্রামের কৃষকরা দিনের বেলায় বিদ্যুৎ পাচ্ছে না এবং তাদের বেশীর ভাগ জায়গায় বলা হচ্ছে যে রাত্রি বেলায় বিদ্যুৎ পাবে, আবার রাত্রি বেলায় বলা হচ্ছে যে ১২টায় বিদ্যুৎ পাবে। এই হচ্ছে অবস্থা। শুধু বিদ্যুতের অভাব নয়, ডিজেল নেই, কেরোসিন নেই, সার নেই। আমাদের কৃষিমন্ত্রী মহাশয় নিজেই জানেন, নিজেই বলেছেন, কাগজেও পড়লাম যে আমাদের ২ লক্ষ টন সব মিলিয়ে সারের দরকার, সেখানে নাইট্রোজেনাস সার আমাদের জন্য ৬৬ হাজার টন এ্যালটেড হয়েছিল, উনি ১৯ হাজার টন মাত্র পেয়েছেন। শুধু সার নয়, সেই সংগে পেস্টিসাইড, তাও পাওয়া যায়নি। গম চাষের সময় এবছরে উচ্চ ফলনশীল গমের বীজ পাওয়া গেল না। অনেক জায়গায় কৃষি অফিসার বলে দিলেন এফ. সি. আই-এর কাছ থেকে খাওয়ার যে গম সেই গম দিয়ে লাগাও। এই যেখানে অবস্থা এবং চরম দুর্দিন সেখানে কৃষিমন্ত্রী মহাশয় যে বক্তৃতা দিলেন কালকে তা শুনতে শুনতে আমার অদ্ভুত লাগছিল এবং ভাবছিলাম আমরা কি বাস্তব জগতে বাস করছি, না কোন স্বপন রাজ্যে বিচরণ করছি—ধনে ধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা, তাহারই মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা, স্বপন দিয়ে তৈরী সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা—উনি এমন বক্তৃতা করলেন যে সব কিছু পাওয়া যাবে, সব কিছু প্রস্তুত আছে, শুধু একটা আইনের অভাব আছে, সেই আইনটা যদি আপনারা আইনসভা থেকে তৈরী করে দেন তাহলে ১০ বছরের মধ্যে সারা পশ্চিমবঙ্গে ছেয়ে যাবে সি.এ.ডি.পি-তে, সব জায়গায় উপযুক্ত পরিমাণে সার, সেচ, বিদ্যুৎ, পেস্টিসাইড বীজ পেয়ে যাবে, দারুণ ফলন বেড়ে যাবে, বেকার সমস্যা দূর হয়ে যাবে, গাছে গাছে টুপটাপ করে ফুল ফুটবে, মৌমাছিরা গুনগুন করে ফুলে ফুলে মধু খাবে, যুবক যুবতীরা পরস্পর প্রেমালাপ করবে, মধু আর দুধে দেশ ভরে যাবে, আর তার স্রোতে আমাদের মন্ত্রীমহাশয় সাঁতার কাটবেন, আর আমরা সকলে হাবুডুবু খাব। এমন অবাস্তব কথা কি করে আজকের বাজারে দাঁড়িয়ে বলেন আমি ভেবে পাচ্ছি না। সব জিনিসের অভাব, ৩।৪ গুণ দাম ব্লাক মার্কেটে, খোঁজ করেও পাওয়া যায় না, এই যেখানে অবস্থা সেখানে তার কথা শুনতে খুব অদ্ভুত লাগল। যাই হোক, একথা নিশ্চিত যে আমাদের ভারতবর্ষ কৃষিতে খুব পশ্চাদপদ। ভারতবর্ষের মধ্যে কৃষিতে যে সব জায়গা একটু বেশী উন্নত বলে মনে করি তা হল পাঞ্জাব, হরিয়ানা কি পশ্চিম ইউ পি, কিন্তু এই সব জায়গা কৃষিতে অগ্রসর পুঁজিবাদী দেশ অথবা অগ্রসর সমাজবাদী দেশের তুলনায় অত্যন্ত পশ্চাদপদ। অগ্রসর সমাজবাদী দেশ হিসাবে পূর্ব জার্মানীর কৃষি বা উন্নত পাঞ্জাব সে তুলনায় কিছুই নয়। পাঞ্জাবে যে সারা ভারত কৃষি

সম্মেলন হয়েছিল সেখানকার মিছিলে গরীব ক্ষেত মজুর ছিল বেশী, তাদের পোষাক-আষাক, চেহারা সব কিছু দেখে যে কেউ মনে করবে যে তারা খুব একটা উন্নত দেশের লোক নয়। যাই হোক, আমাদের চেয়ে তারা উন্নত। সারা ভারতবর্ষ কৃষিতে অত্যন্ত পশ্চাদপদ এবং কৃষির উন্নয়নের জন্য যে সমস্ত রসদের প্রয়োজন সেই রসদ খুব কম। সেদিন ওয়ার্ল্ড ব্যাংকের রিপোর্ট পড়ছিলাম, ভারতবর্ষ সম্বন্ধে খুব তাঁরা যে রেকমেন্ড করেছেন, কনসর্টিয়ামের সামনে তাঁরা বলেছেন ভারতবর্ষ খুব বিপদে পড়বে ফরেন এক্সচেঞ্জের ব্যাপারে। তার অনেকগুলি কারণের মধ্যে একটা কারণ হচ্ছে ফার্টিলাইজারের দাম দুনিয়ার বাজারে ৩গুণ বেড়ে গেছে।

আমাদের দেশে ফার্টিলাইজার যেটা উৎপন্ন হয় সেটা অত্যন্ত কম কাজেই সেটা যদি যথেষ্ট পরিমাণে বাড়াতে হয় তাহলে আমাদের কারখানা করা দরকার সেটা আপনারা সহজেই বুঝতে পারেন। আর বিদ্যুতের কথা আমরা জানি ২৭ বছর ধরে এই চেষ্টা ভারতবর্ষে হয়েছে। তারপর ভারতবর্ষের কৃষি উন্নয়ন বলুন, শিল্পের উন্নয়ন বলুন তার পথ হচ্ছে সমাজবাদ। কিন্তু আমরা দেখলাম পুঁজিবাদী পথে অনেক চেষ্টা হয়েছে, মিশ্র অর্থনীতিতে অনেক চেষ্টা হয়েছে কিন্তু এই ২৭ বছরে কোন ফল হয়নি। এখন যদি আরও ২৭ বছর কাটাতে চান কাটান। আমাদের দেশের অনেক সম্পদ রয়েছে যেটা আমরা ব্যবহার করতে পারি না। আমাদের দেশে প্রাকৃতিক সম্পদ রয়েছে, মানুষের শ্রম ক্ষমতা রয়েছে একথা সকলেই স্বীকার করবেন। অন্যান্য দেশের তুলনায় আমাদের বাকী কতগুলো সম্পদ নেই একথা ঠিক এবং সেটা তৈরী করতে আমাদের সময় লাগবে। আমাদের কৃষি উন্নয়নের একমাত্র পথ হচ্ছে ভূমির পুনর্বন্টন করা এবং মহাজনী প্রথা লোপ করে ভাগচাষী, ক্ষুদ্র চাষী, ক্ষেতমজুর, প্রান্তিক চাষী যারা শ্রম করে, যাদের সংখ্যা বেশী তাদের সাহায্য করা। যতটুকু বিদ্যুৎ পাওয়া যাবে, যতটুকু জল পাওয়া যাবে, যতটুকু পেস্টিসাইড পাওয়া যাবে সেটা দিয়ে তাদের উৎসাহিত করতে হবে, তাদের সংঘবদ্ধ করতে হবে এবং সেটা যদি করা যায় তাহলে তারা উৎসাহিত হয়ে উৎপাদন বাড়াতে পারবে। তাদের যদি উৎসাহিত করতে হয় তাহলে তাদের সংঘবদ্ধ করতে হবে এবং তাদের মনের মধ্যে এরকম একটা ধারনা সৃষ্টি করতে হবে যে, তারা যে উৎপাদন বাড়াবে সেটা ৫ জনের লুটের বস্তু হবে না। তাদের মনের মধ্যে যদি এই ধারনা সৃষ্টি করা যায় এবং বিভিন্ন সমবায়ের মাধ্যমে তাদের সংগঠিত করা যায় তাহলে উৎপাদন বাড়বে। শুধু তাই নয়, তারা যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিস ন্যায্য দামে পায়, কৃষির জন্য যে সমস্ত জিনিস দরকার সেটা যাতে ন্যায্য দামে পায় তার ব্যবস্থাও করতে হবে। স্যার, আমার ধারনা হয়েছে পুঁজিবাদী উন্নয়নের যে লাইন ভারতবর্ষে চলেছে সেটা এই বিলের মধ্যে আনা হয়েছে। পাঞ্জাব, হরিয়ানা মহারাষ্ট্র এবং তামিলনাড়ু প্রভৃতি কিছু কিছু জায়গায় এই জিনিস হয়েছে, আমাদের এই পশ্চিমবাংলায় এখনও স্বতঃস্ফূর্তভাবে পুঁজি-বাদী ব্যবস্থা বিকাশ লাভ করতে পারেনি। জোতদাররা পুঁজিবাদী কায়দায় চাষবাস করতে পারল না অতএব রাষ্ট্রীয় হস্তক্ষেপে ধীরে ধীরে বিকাশ লাভ করতে পারে কিনা সেই চেষ্টা করা হচ্ছে। কেন আমার এই ধারনা হয়েছে সেটা আমি বলব। আমাদের দলের তরফ থেকে যে সংশোধনী আনা হয়েছে সেগুলি পড়ে দেখবেন তাতে কি আছে। এগুলি সরকার যদি গ্রহণ না করেন তাহলে বুঝতে হবে কৃষি উন্নয়ন যাতে পুঁজিবাদী কায়দায় হয় তার জন্য একটা রাষ্ট্রীয় হস্তক্ষেপ হচ্ছে। আমি জানি পশ্চিমবাংলা অপেক্ষা-কৃত কৃষি ক্ষেত্রে অনুন্নত অবস্থায় রয়েছে। দেশ স্বাধীন হবার সময় কি অবস্থা ছিল সেটা আপনারা জানেন। ১৯৪৭ সাল থেকে ১৯৫০-৫১ সাল পর্যন্ত ভারতবর্ষের মধ্যে একর প্রতি গড় ফলনে পশ্চিমবাংলা এগিয়েছিল। সেটা কম ছিল, কিন্তু ভারতবর্ষের মধ্যে বেশী ছিল। অবিভক্ত বাংলায় ভারতবর্ষের মধ্যে পূর্ববাংলায় গড় ফলন বেশী ছিল বটে কিন্তু পশ্চিমবাংলায় কৃষির উৎপাদন কম ছিল তা নয়। আমরা গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার রিপোর্ট থেকে দেখতে পাই ১৯৫০-৫১ সালে পশ্চিমবাংলার ইল্ড ভারতবর্ষের মধ্যে সর্বোচ্চ ছিল এবং অন্ধ্র ছিল পাশে। কিন্তু এখন আমরা দেখছি পশ্চিমবাংলা গড়পড়তা ফলনে ১৩ নম্বরে এসেছে ১ নম্বর থেকে। দেশ স্বাধীন হবার পর ১৯৬০-৬১ সাল পর্যন্ত আমাদের গমের উৎপাদন বিশেষ কিছু বাড়েনি।

[4-10—4-20 p.m.]

এবং গমের একর প্রতি ফলন বিশেষ কিছু বাড়েনি, সে সময় প্রধানতঃ ধানে বেড়েছে --আমার কাছে ফিগার আছে গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার, যেখানে ৫ পারসেন্টের উপরে ধানে একর প্রতি ফলন বেড়েছে সেখানে গমে তার চেয়ে অনেক কম বেড়েছে। কিন্তু যখন ধানে একটা স্পার্ট এল আমাদের দুর্ভাগ্যের বিষয় যে পশ্চিমবাংলায় আমরা সে সুযোগ গ্রহণ করতে পারিনি। তারপরের দশকে গম উৎপাদন বৃদ্ধির স্পার্ট এল, তখন গমের উৎপাদন গড়পড়তা একর প্রতি উৎপাদন ধানের গড়পড়তা উৎপাদনের অনেক বেশী ছিল। সে সময়ে আমরা তার সুযোগ গ্রহণ করতে পারিনি। দুই দশকেই আমরা দেখেছি প্রথম-দশকে ধানে দ্বিতীয় দশকে গমে দুই দশকেই আমরা দেখছি পশ্চিমবঙ্গ অপেক্ষাকৃত পিছিয়ে থাকল। প্রথম দশকে আমাদের গড় বৃদ্ধি হয়েছে শতকরা ১'১ ভাগ মাত্র বছরে আর দ্বিতীয় দশকে আমাদের গড় বৃদ্ধি হয়েছে শতকরা ১'৩ ভাগ মাত্র বছরে। তাও যে বৃদ্ধি হয়েছে তার কারণ এক নম্বর বোরো দুই নম্বর গম, এবং ১৯৬৭ সালে এই হাই ইলডিং সীড এখানে চালু হয় এবং ১৯৬৮।৬৯ সালে আরও ব্যাপক হওয়ায়---এর ফলে আমরা দেখতে পাচ্ছি যে গমের পরিমাণ বেড়েছে ইল্ড বেড়েছে। আমার কাছে ফিগার আছে ভারত সরকারের--আমনের কি হয়েছে, আউসে কি হয়েছে, গমে কি হয়েছে—যদি সেই ফিগারগুলি আপনারা দেখেন তাহলে দেখতে পাবেন যে আমন যৎকিঞ্চিত বৃদ্ধি হয়েছে, নাও বলতে পারেন এমন কি একটু কমে গেছে—কখনও কমে গেছে কখনও সামান্য বৃদ্ধি হয়েছে। প্রধানতঃ আমাদের বেড়েছে বোরোতে এবং গমে বিপুল পরিমাণে বেড়েছে। নাহলে কি হবে, আমাদের টোটাল জমির অংশের দিক থেকে এত ক্ষুদ্র অংশ গম এবং তার চেয়ে সামান্য একটু বেশী বোরো তাতে করে আমাদের টোটাল অবস্থাটা খুব পিছিয়ে আছে সন্দেহ নাই। এর একটা কারণ টেকনোলজি। আমাদের যে আমন ধান বর্ষার সময়েতে সেখানে হাই ইলডিং সীডের দিক থেকে ব্রেক থ্রু করতে পারেনি। এটা টেকনোলজিক্যাল ব্যাপার। বিজ্ঞানের ব্যাপার আমরা পারিনি। তামিলনাড়ু তাদের সেখানে লোক্যাল ভ্যারাইটি ডেভালাপ করে বেশী জল সহ্য করতে পারে এই রকম ডেভালাপ করে তারা খানিকটা অগ্রসর হয়েছে। সেটা প্রথম দশকে কিন্তু দ্বিতীয় দশকে তামিল নাড় থমকে দাড়াল। তখন গমে যে ব্রেক থ্রু হয়েছে হাইইলডিং সেখানে পাঞ্জাব হরিয়ানা পশ্চিম ইউ পি প্রভৃতি অগ্রসর হয়ে চলে গেল। সুতরাং একটা কারণ টেকনোলজি। কিন্তু এটাই একমাত্র কারণ নয়। খুব বড় কারণ হচ্ছে ভারত সরকারের অবহেলা। আমি দেখছি গভর্ণমেন্ট-এর ফিগার—প্রথম দশকে যখন প্রথম আরম্ভ হল ১৯50-৫১ সালে তখন আমাদের একর প্রতি কত সার দেওয়া হয় দেখছি পাঞ্জাবে যেখানে কয়েক কিলো গ্রামের মত ব্যবহার হয়েছে, আমাদের সেখানে প্রায় 8 কিলো গ্রামের মত ব্যবহার হয়েছে। কিন্তু দ্বিতীয় দশকে আমরা দেখলাম পাঞ্জাব 40-এর গায়ে গিয়ে পৌঁছিয়েছে, আমরা সেখানে ১৩।১৪।১৫-এর গায়ে গায়ে রয়েছি, সুতরাং সারের যে ডিষ্ট্রিবিউশন-এর হিসাব আছে, যে আমাদের যতটুকু হাই ইলডিং করা হয়, যতটুকু চাষ করা হয় সেই দিক থেকে বৈজ্ঞানিক বিচারে আমাদের কত সারের দরকার। রিকোয়ারমেন্টের সব চেয়ে বেশী দিতে পারলে কি হতো তা নয় আমাদের এখানে যেভাবে ফসল ফলছে, যেভাবে সার ব্যবহার করা হচ্ছে সেটার কত রিকোয়ারমেন্ট, আর পাঞ্জাবের, তামিলনাড়ুর কত রিকোয়ারমেন্ট, সেই রিকোয়ারমেন্টের দিক থেকে তুলনায় আমরা একচ্যুয়ালী কত পাচ্ছি? আমি অবাক হয়ে যাচ্ছি গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার ফিগার দেখে, যেখানে রিকোয়ারমেন্টের দিক থেকে তারা বলছেন পাঞ্জাবে যদি ১০০ হয়, আমাদের সেখানে ৮৫ হয়, সেখানে একচ্যুয়ালী ফিগার নিয়ে দেখেছি ২৩।২৪।২৫-এর বেশী নয়। অর্থাৎ সারের ডিস্ট্রিবিউশন গভর্ণমেন্ট বৈজ্ঞানিকভাবে মনে করতে বিভিন্ন রাজ্যের দিক থেকে আমরা কত কম পাচ্ছি, সে হিসাব করা যায়না, তুলনা করা যায় না। সেচের অবস্থা খুব কাহিল, সেচের হিসাবে প্রথম দশকে আমরা একটু অগ্রসর হয়েছিলাম, দ্বিতীয় দশকে আরো কম অগ্রসর হয়েছি, বলা হয় শতকরা ২৬।২৭ ভাগ। কিন্তু একেবারে বাজে কথা, এই পুকুর, নালাও নানান রকম ধরে এই সব কথা বলা হয়। আসলে তার চেয়ে অনেক কম আছে, ১৯।২০ ভাগের বেশী ক্ষেতে আমাদের সেচ হয়না।

এখন যদি হিসাব দেখি নেট এরিয়া শো করি, তাতে পারসেন্টেজ অব সেচ কত হয়, অধিকাংশ দিকেই দেখা যাবে, আমরা অন্য রাজ্যের তুলনায়, অনেকগুলি রাজ্যের তুলনায় অনেক নীচে রয়েছি। সুতরাং আমি হিসাব দিতে গিয়ে সময় ব্যয় করতে চাইনা। বক্তৃতা দিয়ে ভারাক্রান্ত করতে চাইনা। সেই সমস্ত ফিগার গভর্ণমেন্ট রিপোর্টে রয়েছে। আমার নোটের মধ্যেও রয়েছে। আমি যেকথা বলতে চাইছি সেটা হচ্ছে পশ্চিমবাংলা কৃষিতে অনগ্রসর হয়ে আছে। তার টেকনিক্যাল কারণ আছে। গভর্ণমেন্টের অবহেলা আছে। ভুবনেশ্বর সম্মেলনে শংকর ঘোষ মহাশয় বলেছিলেন কৃষির যে সার সরবরাহ করা হয়, তা আমরা অন্যান্য প্রতিবেশী রাজ্যের তুলনায় পাই অনেক কম। অন্যান্য সমস্ত বিষয়েও একথা বলা যায়, সেচ সার, ঋণ ইত্যাদি বিভিন্ন বিষয়ে একথা বলা যায়। সুতরাং একথা মানি যে পশ্চিমবাংলা অনেক বেশী পিছিয়ে। সব সময় আমাদের চেষ্টা করা দরকার কৃষির উন্নতির জন্য। প্ল্যান প্রকল্প করে গভর্ণমেন্ট একটা আইন এনেছেন। প্রথম কথা হচ্ছে—সারা পশ্চিমবাংলায় ডেভেলাপমেন্ট এককালীন করতে পারবেন না, এক একটা এরিয়া ধরে করবেন এই হচ্ছে বিচার। আমি অবশ্য একথা মানতে পারিনা। সারা পশ্চিমবাংলার ভূমি সংস্কার করা হলে, চাষীকে উৎসাহিত করলে, সঙ্ঘবদ্ধ করলে, ঋণ ইত্যাদি দিয়ে কিছু কিছু সাহায্য করলে সমবায় গঠন করলে টোটাল উৎপাদন বাড়বে, নাকি দু-পাঁচটি এরিয়াতে সীমাবদ্ধ করলে উৎপাদন বাড়বে। এটা আই এ্যাম নট সিওর। যে প্রচেষ্টা হচ্ছে তাকে সমর্থন করাই ছিল আমাদের মনোভাব। কিন্তু এক একটি প্রজেক্ট এরিয়া হবে, দশ হাজার নিয়ে, ৯০।৯৬ হাজার একর নিয়ে, দেড় লক্ষ একর নিয়ে আরম্ভ হবে, বার বছরে ১ কোটি ৩০।৩৫ লক্ষ একরে পৌছে যাব। এটা কি বাস্তবে মনে হয়? তবে পরীক্ষামূলকভাবে, এক্সপেরিমেন্টে কি দাঁড়ায় সেটা অন্য কথা। মনে রাখা দরকার একটা এরিয়াতে কিছু করতে চান, পশ্চিমবাংলায় অন্যান্য এরিয়াকে বঞ্চিত করে। এই ধাপ্পা দিয়ে লাভ নেই। এতটা সার পাওয়া যাবে এবং অদূর ভবিষ্যতে এত সম্ভাবনা আছে, এতটা বীজ পাওয়া যাবে এবং অদূর ভবিষ্যতে এতটা সম্ভাবনা আছে, উৎপাদন এতটা হবে এবং অদূর ভবিষ্যতে এতটা সম্ভাবনা আছে, ১০ হাজার একর নিয়ে এই করবেন একথা বলে ধাপ্পা দিয়ে লাভ নাই। কেননা বাকী সমস্ত অঞ্চলকে স্টার্ভ না করিয়ে বঞ্চিত না করে সি.এ.ডি.পি দিয়ে ডিভেলাপমেন্ট করা যাবেনা। এই যে সি.এ.ডি.পি হচ্ছে এতে কার ডেভেলপমেন্ট হবে? কার ডেভেলাপমেন্টের জন্য এই আইন? এটা আজকে আমাদের কাছে স্পষ্টভাবে আমাদের কাছে তুলে ধরেছে। আমরা বহুদিন থেকে ভাবছিলাম যে এই সি.এ.ডি.পি পরীক্ষামূলকভাবে দেখা যাক। কিন্তু এই বিলের যে খরচ এবং খসড়া, তাতে আমার দারুণ আতঙ্কিত। কেন? সি.এ.ডি.পি এল। অন্যান্য জায়গাকে বঞ্চিত করে, সরকারী প্রচেষ্টায়, সরকারী হস্তক্ষেপে, যেখানে যে পুঁজি থাকবে, ব্যাংকে ব্যাংকে ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে যা সঞ্চয় হবে তা সি.এ.ডি.পি-তে নিবদ্ধ হবে এবং তার মধ্যে ডিস্ট্রিবিউট করবে, সেটা কাকে করবেন, কার ডেভেলাপমেন্ট করবেন? একথা বলা হয়েছে যে প্রধানতঃ ভাগচাষী, প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, ক্ষেতমজুর, এদের সাহায্য করবার জন্য। কাদের বেনিফিটের জন্য এই আইন আনা হয়েছে? যে উদ্দেশ্যে ঘোষণা করা হয়েছে সেই উদ্দেশ্যের সঙ্গে আইনের খসড়ার কি কোন সামঞ্জস্য আছে? আপনি প্রথম থেকে দেখুন।

[4-20—4-30 p m.]

প্রথম থেকে দেখুন, কালটিভেটর-এর ডেফিনেশান করা হয়েছে তার যে ব্যাখ্যা দেওয়া হলো। একজন বড় জোতদার সে স্বনামে হয়তঃ ২৫ একর জমি রেখেছে, আর বে-নামে হয়ত একশো, দুশো, পাঁচশো একর রয়েছে, একজন ধনী চাষী, সেও কালটিভেটর এর অর্থ বুঝতে পারি। তার বাড়ীর লোক কখনো সখনো লাঙ্গল ধরেছে, জোতদার সবই কালটিভেটর। বড় বড় চাষী সেও কালটিভেটর। মাঝারী চাষী সেও কালটিভেটর, ক্ষুদ্র চাষী সেও কালটিভেটর, প্রান্তিক চাষী সেও কালটিভেটর। আর একজন সেয়ার ক্রপার সেও কালটিভেটার। আর ক্ষেতমজুর সেও কালটিভেটার—অর্থাৎ সমস্ত মুড়ি—মিছরী একসাথে মিলিয়ে বলছেন যার যে পরিমাণ জমি, সে সেই পরিমাণ সাহায্য পাবে। যার

কিছুমাত্র জমি আছে সেও সাহায্য পাবে, যার বেশী পরিমাণ জমি আছে সে বেশী সাহায্য পাবে। আর রসদের অভাব থাকবে না, আইন করলে বা ভোটের জোরে রসদ রসদ তৈরী হয় না। কেন্দ্রীয় সরকার দেখছি কত রসদ ওরা তৈরী করতে পারছে। আর অদূর ভবিষ্যতে ওরা কত পারবে--তা বুঝতে পারছি। ৭৫ বিঘা থেকে আরম্ভ করে ৫০০ বিঘার মালিক যে স্ব-নামে বে-নামে-- তাকেও আপনারা সাহায্য করে যাবেন; আর ৫৭ বিঘার মালিক যে তাকেও জমির পরিমাণ অনুযায়ী সাহায্য করে যাবেন। এর অর্থ কী? সরকার দায়িত্ব নিয়ে ঝুঁকি নিয়ে ব্যাংকের কাছ থেকে টাকা নিয়ে এসে বড় বড় লোকের মাথায় আরো বেশী করে তৈল দিতে পারবেন যাতে বেশী জমির মালিক বড় বড় চাষী বড় বড় জোতদার বেশী টাকা পায়। যারা মাঝারী চাষী, ভাগচাষী, প্রান্তিক চাষী, তাদের বিশেষভাবে সাহায্য করবার সরকারী পরিকল্পনা হওয়া দরকার। এই যে পরিকল্পনা ডেফিনেশান থেকে আরম্ভ করা হলো তার একমাত্র অর্থ হলো যা পাবো তাই দেব। যার ৫ বিঘা সে একটু বড় হবে; আর যার ৭৫ বিঘা আছে, সে অনেক বড় হবে। আমি বলবো সামাজিক ন্যায় বিচারে আমরা অন্যায় করবো। সেটা পাঞ্জাবে হরিয়ানায় পুঁজি-বাদী প্রচেষ্টায় হয়েছে। এখানে যদি এই রকম প্রচেষ্টা করেন তাহলে ভীষণ অন্যায় হবে। প্রাকটিক্যাল দিক থেকে সমাজবাদের প্রতিষ্ঠা করতে পারবেন না এর দ্বারা। সমানভাবে সমস্ত এরিয়া আপনি ফিড করতে পারবেন না। সমানভাবে সার বীজ জল ফার্টিলাইজার ফেসটিসাইড যোগাবার ক্ষমতা আপনার নাই। আপনাকে এরিয়া বিশেষ বাছবিচার করতেই হবে। সেই বাছবিচার তো আপনি এর ডেফিনেশান থেকেই আরম্ভ করেছেন।

তারপর দ্বিতীয় কথা--কর্পোরেশন যেটা তৈরী হবে সেই কর্পোরেশন একটা প্যাক্‌ট বডি সম্পূর্ণ গভর্ণমেণ্টের মনোনীত। আমরা জানি সি,এ,ডি,পি এরিয়া যখন ডেভেলাপমেন্ট করতে আরম্ভ করলো ডিস্ট্রিক্ট কাউন্সিল নিয়ে, এই ডিস্ট্রিক্ট কাউন্সিল-এ যে প্রতিনিধি নেওয়া হয়েছে। কর্পোরেশন দু-এক বছরে দেরী হতে পারে--সে প্রবিশন এখানে রাখেন নাই। এই আইনসভা ৭ জন প্রতিনিধি নেওয়া হোক। কোন রকম জন-প্রতিনিধি নেওয়ার স্থান এতে নাই। কর্পোরেশনে সর্বোচ্চ ক্ষমতা দেওয়া হয়েছে। একটী গ্রামের মাঠে কী জিনিষ কতটুকু চাষ হবে তার সমস্ত পরিকল্পনা এই কর্পোরেশন থেকে এ্যাপ্রুভড হবে। প্রোজেক্ট অথরিটীর যেখানে কোন ক্ষমতা বা পাওয়ার থাকবে না। কর্পোরেশনের হাতে সমস্ত ক্ষমতা থাকবে। চাষবাস সমস্ত যাদের বাস্তব অভিজ্ঞতা নাই তাদের হাতে সবচেয়ে বেশী কর্তৃত্ব দিচ্ছেন। এই প্রোজেক্ট অথরিটী যারা চাষ ও চাষীদের সঙ্গে সংযুক্ত থাকছেন তাকে আপনারা কতটুকু ক্ষমতা দিচ্ছেন? যে সমস্ত জিনিষ সরবরাহ দেওয়া হবে--কিভাবে দেওয়া হবে না হবে, কাকে দেওয়া হবে না হবে সমস্ত ক্ষমতা তাকে দিচ্ছেন। তাছাড়া বাজারে এগ্রো-ইনডাসট্রির জিনিষ ইত্যাদি দেওয়ার সমস্ত ক্ষমতা দিচ্ছেন। এত ক্ষমতা যে অথরিটিকে দিচ্ছেন সে অথরিটি কে? একমাত্র লোক প্রজেক্ট ডাইরেকটর। সেই প্রজেক্ট ডাইরেকটর কর্পোরেশনের দ্বারা এ্যাপয়েন্টেড এবং গভর্ণমেন্ট এ্যাপ্রুভ করেছেন। তিনি একজন বুরোক্র্যাট হতে পারেন, টেকনোক্র্যাট হতে পারেন কিংবা একজন ফাইন্যানসিয়াল এক্সপার্ট হতে পারেন।

after all he is one person—may be technocrat, bureaucrat or business expert.

সেই ওয়ান পারসন ডিকটেটরকে নিয়ে কাজ হবে? আমাদের দেশে একটা ধারণা চালু হয়েছে যে আমাদের দেশে গণতন্ত্রে কিছু হবে না। নিজেরা আমরা গণতন্ত্রের অসদ্ব্যবহার করে, অপব্যবহার করে বারোটা বাজিয়ে দিয়ে আজকে আমরা বলতে আরম্ভ করেছি গণতন্ত্রে আমাদের দেশে কিছু হবে না। যদি করতে হয় তবে ডাইরেকটর বসিয়ে দাও। এটা ভুল ধারণা। তলার দিকে অসংখ্য চাষী মানুষ তাকে যদি উদ্বুদ্ধ করতে হয়, নূতন চাষ আবাদে যদি সংঘবদ্ধ করতে হয় তাহলে ভূমি সংস্কার বলুন, ঋণের বিলোপ বলুন বা বাজারে ন্যায্যভাবে বিক্রি করার ব্যাপারে বলুন সমস্ত ব্যাপারে যদি তাকে সংঘবদ্ধ করতে হয় তাহলে ডাইরেকটরের বাপের চোদ্দ পুরুষের ক্ষমতা নেই। সে যদি করতে হয় তাহলে আমাদের অগণিত চাষীকে সংগে নিয়ে করতে হবে।

Dr. Zainal Abedin :
রাশিয়াতে এটা করছে।

Shri Biswanath Mukherjee :
না, কিছুই জানেন না। আপনি মন্ত্রী আছেন সঙ্গে নিয়ে যেতে রাজী আছি। সেখানে বহু বড় বড় খামারে আমি গিয়েছি। ১০ হাজার হেকটরের খামার সমস্ত চাষী তার মেম্বার। সমস্ত চাষী জেনারেল মিটিং করে তারা তাদের সমবায়ের একজিকিউটিভ কমিটি নির্বাচিত করে। তাদের চেয়ারম্যান পর্য্যন্ত ডাইরেক্ট ভোটে তারা নির্বাচন করে। অসীম ক্ষমতা সেই চেয়ারম্যানের এবং সেই যে একজিকিউটিভ কমিটি তাদের সেই ক্ষমতা দিয়ে ভোটে নির্বাচিত করা হয়েছে। শুধু তাই নয় তাদের চেক-আপ করবার, সুপারভাইজ করবার অধিকার জেনারেল বডিকে দেওয়া হয়েছে। তারা যে কোন সময়ে চেয়ারম্যানকে টেনে নামিয়ে দেয়। তারা যে কোন সময়ে সেই একজিকিউটিভ কমিটিকে দূর করে দিতে পারে। ইচ এ্যান্ড এভরি পেজেন্ট ইজ এ মেম্বার অফ দ্যাট ফার্ম। তাকে গনতান্ত্রিক পদ্ধতিতে সেই ক্ষমতা দেওয়া হয়েছে। আপনারা "শ্রমিক শ্রেণীর একাধিপত্য" কথা থেকে মনে করেন কোন একজন লোককে তারা ডাইরেকটর করে বসিয়ে দিচ্ছে। তা নয়। তলার দিকে তারা গণতন্ত্র চালু করেছে এবং তা না করলে এই উৎসাহ উদ্দীপনা তারা সৃষ্টি করতে পারতো না। আমি নিজের চোখে সমবায় খামার দেখে এসেছি মধ্য এশিয়াতে যে মধ্য এশিয়া সোভিয়েট রাশিয়াতে বিপ্লব হওয়ার আগে অন্ধকারে নিমজ্জিত ছিল জারের দাসত্বে। সেই মধ্য এশিয়াতে আমি সমবায় খামার দেখে এসেছি এবং আমি দেখে এসেছি গিয়ে আজারবাইজানে রাষ্ট্রীয় খামার এবং রাষ্ট্রীয় খামারও গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হয়, ডিপার্টমেন্ট চালায় না, সেখানে পর্য্যন্ত ভোট আছে এবং যারা চালায় তাদের নির্বাচিত করে। এগুলো আমরা নিজে চোখে দেখে এসেছি।

Dr. Zainal Abedin :
ক বছর অন্তর ভোট হয়?

Shri Biswanath Mukherjee :
সাধারণত যা শুনেছি ৪।৫ বছর অন্তর ভোট হয়। কিন্তু যে কোন সময় ইচ্ছা করলেই জেনারেল বডি বদল করতে পারে। দিতে পারবে শুধু নয়। অনেক খবর নিয়ে এসেছি কয়েক জায়গাতে ২।৩ বছরে বদলে দিয়েছে দোজ হু আর নট স্যাটিসফায়েড উইথ দেয়ার চেয়ারম্যান অর চেয়ারওম্যান। বহু মহিলা সেখানে বিরাট বিরাট সমবায় খামারের চেয়ারম্যান। মহিলা আছে, পুরুষ আছে তাদের বদলে দিয়েছে। যুবকরা যারা হয়েছে তাদের সঙ্গে কথা বলে দেখেছি বহু সময় তারা বদলে দেয়। গভর্ণমেন্ট উপর থেকে বদলায় না, তারা বদলায়। সুতরাং, সমস্ত কৃষকের একটা যোগাযোগ দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে একজন প্রজেক্ট ডাইরেকটর বসিয়ে দেওয়া হচ্ছে। ভারতবর্ষের মতো অবস্থায় এটা দরকার এই দাবী এখানে করা হয়েছে এবং করবেন জানি। কিন্তু বলি প্রজেকট অথরিটি একটা কমিটি করুন এবং প্রজেক্ট এরিয়ার ভিতরে গ্রামসভা থেকে নির্বাচিত করে পাঠান। তার বিরুদ্ধে যুক্তি দেওয়া হচ্ছে, জোতদার আসবে, প্রভাবশালী লোক আসবে। যদি নির্বাচন না করেন তাহলে সবটাই প্রভাবশালী লোক তারা হবে।

[4-30—4-40 p.m.]

যদি নির্বাচন হয় অন্ততঃ পক্ষে কিছু গরীব চাষী, ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, ক্ষেত মজুরের মত লোক আসতে পারে, তা নাহলে তাদের কথায় পরিচালনা হবে না, যদি একজন ডিকটেটরের উপর ছেড়ে দেন। আমাদের অভিজ্ঞতা হচ্ছে তাদের কথায় যাতে পরিচালিত হয় সেই জন্য এ্যাডভাইসারি কমিটি করা হয়েছে এবং এ্যাডভাইসারি কমিটিতে মন্ত্রী যা যা

করেছেন তাতে এটুকু নেই অন্ততঃ পক্ষে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, ভাগ চাষী, ক্ষেত মজুর ইত্যাদি হবে, এই কথা তাতে লেখেন নি, যদিও কতকগুলি লিস্ট তিনি করেছেন। যাই হোক আমার সময় হয়ে গেছে। আমাদের বহু বন্ধু আমাদের দলের পক্ষ থেকে বিভিন্ন এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, তারা তার কারণ বর্ণনা করবেন। কিন্তু আমি খালি একটি কথা আমার দলের পক্ষ থেকে বলতে চাচ্ছি যে নানা রকম অসুবিধা, নানা রকম সীমাবদ্ধতা এবং নানা রকম সন্দেহ সত্বেও সি, এ, ডি, পি, কে পরীক্ষামূলক ভাবে সমর্থন করতে প্রস্তুত আছি--সি, এ, ডি, পি,-র আইন যেটা আনা হয়েছে তাকে সমর্থন করতে আমরা প্রস্তুত আছি যদি একে ডেমোক্র্যাটাইজ করা হয় এবং যদি সাধারণ কৃষকদের বাঁচাবার অধিকার থাকে। আজকে ডিসপিউট হচ্ছে, এই ডিসপিউট সেটেল করবে কে? আমরা বলেছি ইলেকটেড কমিটি তারা সেটেল করবে যদি ডেমোক্র্যাটাইজড করা হয়। সাধারণ কৃষককে উদ্বুদ্ধ করে নিয়ে এসে তাদের যোগদানের ব্যবস্থা যদি এই আইনের মধ্যে স্থান দেওয়া হয় এবং আরো কতকগুলি গুরুত্বপূর্ণ সংশোধনী ক্ষেত মজুর, চাষী, জমিভূমা সম্বন্ধে এবং বিভিন্ন বিষয় সম্বন্ধে দিয়েছি, আপনারা যদি এটা বিবেচনা করে গ্রহণ করেন তাহলে এই সি, এ, ডি, পি,-কে পরীক্ষামূলক ভাবে গ্রহণ করতে রাজি আছি, কোন প্রেজুডিস আমাদের নেই। আর তা যদি গ্রহণ না করেন তাহলে একটা সিদ্ধান্তে এসে পৌঁছাব যে উদ্দেশ্য আপনারা বর্ণনা করেছেন সেটার আসল উদ্দেশ্য আপনাদের নেই। আপনারা উপর থেকে চেষ্টা করে রাষ্ট্রীয় হস্তক্ষেপে কতকগুলি এরিয়ায় পুঁজিবাদী বিকাশের পথে কৃষি উন্নয়ন করা যায় কিনা সেই প্রচেষ্টায় এক্সপেরিমেণ্ট করতে চান। ভারতবর্ষের বর্তমান অবস্থায়, পশ্চিমবাংলার বর্তমান অবস্থায় সেই প্রচেষ্টা গুরুতর ক্ষতিকর হবে এবং সেই ক্ষেত্রে আমরা এই বিলের বিরোধিতা করব—আমাদের দলের এই সিদ্ধান্ত আমি জানিয়ে গেলাম মন্ত্রীমণ্ডলীকে আপনার মারফতে। এই কথা বলে আমি আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে বিলটি আজকে উপস্থিত করেছেন আমি মনে করি রাম মন্ত্রীসভার আমলে এর চেয়ে গুরুত্বপূর্ণ এবং সুদূর প্রসারী সম্ভাবনাপূর্ণ বিল আর আসে নি। যেহেতু এটা অত্যন্ত সুদূর প্রসারী এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল সেহেতু এর রাজনৈতিক পটভূমি এবং এর ফলশ্রুতি সম্বন্ধে গোটা দেশকে গভীর ভাবে ভাবা দরকার। সেই জন্য আমি মনে করি অত্যন্ত সাবধানতার সংগে ধীরে চলা উচিত। এই ব্যাপারে তাড়াহুড়া করে কিছু যাতে না করা হয় সেই জন্য আমি অনুরোধ করব অভিজ্ঞতা সম্পন্ন কৃষি মন্ত্রী এবং তাঁর মন্ত্রীসভার অন্যান্য মাননীয় সদস্যদের, এটা বিবেচনা করার জন্য প্রথমেই অনুরোধ করব। আজকে যে বিলটি এসেছে আমি খুব গভীর নিষ্ঠার সংগে বিলটি পড়েছি। বিলের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সম্বন্ধে ভারতবর্ষের কোন রাজনৈতিক দল কি ডান, কি বাম, কি অতি বাম, কি অতি ডান, কি মধ্য পন্থী কারোর মধ্যে বোধ হয় বিরোধ হবে না যেমন সামাজিক ন্যায় বিচার এবং উৎপাদন বৃদ্ধি। আমরা জানি দেশের উন্নতি করতে গেলে সব চেয়ে বড় প্রয়োজন হল সামাজিক ন্যায় বিচার সুনিশ্চিত করা এবং এই সামাজিক ন্যায় বিচার সুনিশ্চিত করতে গেলে উৎপাদন বৃদ্ধি যদি না করা যায় তাহলে কিছু হবে না। সেই জন্য একটি অপরের পরিপূরক। দ্বিতীয়তঃ ভারতবর্ষ এবং পশ্চিমবাংলার মত গ্রামে গাঁথা একটি দেশে লক্ষ লক্ষ মানুষের শতকরা ৮০ ভাগ মানুষ যেখানে গ্রামে বাস করে সেখানে গ্রামকে বিশেষ করে সব চেয়ে বেশী অগ্রাধিকার দেওয়া উচিত অর্থনীতির ক্ষেত্রে ও উন্নয়নের ক্ষেত্রে। সেদিক থেকে আমি বলব এই বিলের পিছনে যে মহৎ উদ্দেশ্য রয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ, যে বিপুল অর্থ ব্যয় করবার পরিকল্পনা এই বিলটির পিছনে রয়েছে আজ পর্যন্ত কোন সরকার পশ্চিমবাংলায় এই রকম এত বিপুল অর্থ গ্রামে ঢালবার পরিকল্পনা নিয়ে এগিয়ে আসেন নি। কিন্তু যে বিপুল উদ্যম এবং আশা আকাঙখা নিয়ে এটা করা হচ্ছে তাতে সত্যি সত্যি এই বিলের কাঠামোর মধ্য দিয়ে যদি সেই উপকার করবার চেষ্টা করি তাহলে নিশ্চয় সেই লক্ষ্যে পৌঁছাব। আমাদের পশ্চিমবাংলার মত গ্রামে গাঁথা দেশে কৃষকদের ইনসেনটিভস দিতে যদি না পারি তাহলে কৃষি উন্নয়ন, গ্রামীন উন্নয়ন বা কৃষি ভিত্তিক শিল্প উন্নয়ন বৃদ্ধি ইত্যাদি হওয়া মুস্কিল।

সুতরাং সেদিক থেকে আমি মনে করি যে সর্ব্বোপরি ইনসেনটিভ দেওয়া উচিত এবং সেই লক্ষ্য নিয়েই এই বিল রচনা করা হয়েছে। আমি জানি না অপর পক্ষের মাননীয় সদস্যরা কি ভাবেন এবং আমি মনে করি ভারতবর্ষের রাজনৈতিক গণতন্ত্র, অর্থনৈতিক গণতন্ত্রকে যদি শক্ত বনিয়াদের উপর দাঁড় করাতে হয় তাহলে আত্মসন্তুষ্টি, সুখী এবং সাফল্যমণ্ডিত কৃষি সমাজ তৈরী করা দরকার।

Self-reliant medium peasant, small peasant, economically contented.

যদি এইরকম একটা বিরাট বাহিনী আমরা দেশে তৈরী করতে না পারি তাহলে আমি মনে করি ভারতবর্ষে গণতন্ত্রের ভিত্তি নড়বড়ে হয়ে যাবে, ভেঙ্গে পড়বে। ছোট কৃষক, মাঝারি কৃষক, ক্ষেতমজুর এবং ভূমিহীন কৃষক, বর্গাদার এদের আজকে সংগঠিত করতে হবে গ্রামীণ অর্থনীতিতে। সেইদিকেই সরকারের লক্ষ্য হওয়া উচিত, রাজনৈতিক দল হিসাবে আমাদেরও লক্ষ্য হওয়া উচিত যে সর্বাধিক সংখ্যক গ্রামের কৃষক যাতে জমির মালিক হতে পারে। আমি একটা কথা আজকে এই বিধানসভার মাননীয় এপক্ষ এবং ও পক্ষ'এর সদস্যদের জিজ্ঞাসা করতে চাই যে, পশ্চিমবংগে জমি এক কোটি ৩৫ লক্ষ একর—এ্যারেবল এ্যাকারেজ, এই জমির মধ্যে কি যত ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, গ্রামের মানুষ আছেন তাদের প্রত্যেককে কি আমরা জমি দিতে পারবো? প্লানিং বোর্ডের পক্ষ থেকে একটা গুরুত্বপূর্ণ পুস্তিকা বার করা হয়েছে এবং তাতে কতকগুলি গুরুত্বপূর্ণ তথ্য বা ভাইটাল ষ্টাটিসটিকস দেওয়া হয়েছে। তাতে দেখছিলাম, গত ১০ বছরের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যাবে যে, ১৯৬৯ সালে পশ্চিমবাংলায় যে পরিমাণ লোকের হাতে জমি ছিল বা জমির মালিক হয়ে যে পরিমাণ লোক চাষ করতেন দেশ স্বাধীন হবার পর এবং বিশেষ করে ১০ বছর অতিক্রান্ত হবার পর সেই মানুষদের হাত থেকে জমি অনেক চলে গিয়েছে। সেখানে আরো অল্প সংখ্যক লোক জমি নিয়ন্ত্রণ করছে। পশ্চিমবাংলায় মোট চাষযোগ্য আবাদী জমির প্রায় শতকরা ৮০ ভাগ নিয়ন্ত্রণ করে শতকরা ২০ জন লোক আর বাকিটা অন্যরা নিয়ন্ত্রণ করে। এই যে ধন বৈষম্য বা এই যে ভূমি বন্টনের বৈষম্য এই যে আইন হচ্ছে, আমি সাত্তার সাহেবকে জিজ্ঞাসা করবো, তিনি ভেবে দেখবেন, এই বিলের মাধ্যমে এই ধন বৈষম্য কি পারপিচুয়েট করবার চেষ্টা হবে? রুরাল রিচ, ভূমিচোর বা সুদখোর যাদের বিরুদ্ধে সকল রাজনৈতিক দল সোচ্চার হয়েছে এই আইনের কাঠামোর মধ্যে সেই ভূমি নিয়ে যারা লুন্ঠন করছে, গরিব কৃষক, বর্গাদারের রক্ত শোষণ করছে, মহাজন, সুদখোর যারা শোষণ করে আসছে সেটা কি বন্ধ হবে, আমি মনে করি সেটা বন্ধ হবে না। এই বিলের মধ্যে এমন কোন ধারা নেই যে ধারার মধ্যে দিয়ে বেনামী জমি উদ্ধার করা সম্ভব, এমন কোন ধারা নেই যার দ্বারা সুদখোরকে শায়েস্তা করতে পারেন। ঐ গ্রামের সুদখোর যারা দিনের পর দিন গ্রামের কৃষককে শোষণ করে, তাদের বঞ্চিত করে জমি কেড়ে নিয়েছে—সাফকোবলা করে, তঞ্চকতা করে জমি কেড়ে নিয়েছে তাদের জমি ফিরিয়ে দেওয়ার কোন প্রভিসান এই আইনের মধ্যে নেই। অথচ এই সংবিধানের আগেই অবিভক্ত বাংলাদেশের একজন স্বনামধন্য ব্যক্তি—তখন প্রিমিয়ার বলা হোত, চিফ মিনিষ্টার বলা হোত না, স্বর্গত ফজলুল হক সাহেব, তিনি ডেট সেটেলমেন্ট বোর্ড তৈরী করে বাংলাদেশের শোষিত কৃষককে মুক্ত করবার চেষ্টা করেছিলেন। কিন্তু আমরা এই বিলে তার কোন আঁচ পেলাম না। এরমধ্যে এমন কোন ইংগিত পেলাম না যে সেটা সম্ভব, বরং আমার মনে হয় এই ষ্টাটাসকোটাকে প্রিজার্ভ করবার বা পারপিচুয়েট করবার একটা চেষ্টা রয়েছে। পঞ্চমতঃ, আমাদের লক্ষ্য হওয়া উচিত যে, আজকে যারা গ্রামের মার্জিনাল ফারমারস তারা যাতে ইকনমিক ফার্মিং'এর স্তরে পৌছাতে পারে অর্থাৎ মার্জিনাল ফার্মিংকে যাতে ইকনমিক ফার্মিং করা যায় সেদিকে আমাদের নজর দিতে হবে। কিন্তু আমার মনে হয় এই বিলের মধ্যে দিয়ে সেটা সম্ভব নয়। মাননীয় বিশ্বনাথবাবু যে কথা বললেন তার সংগে আমার দৃষ্টিভংগীর কিছুটা পার্থক্য রয়েছে। স্যার, এই প্রসংগে আমি আমার কংগ্রেস দলের মাননীয় সদস্য বন্ধু যাঁরা পণ্ডিত রয়েছেন তাঁদের কাছে সবিনয়ে এই কথাটা নিবেদন করতে চাই যে, আমার কণ্ঠে বেসুরে সুর বাজছে বলে আমাকে যেন প্রতিক্রিয়াশীল বলে চিহ্নিত করবার চেষ্টা করবেন না। কারণ এরকম ধরনের একটা প্রবণতা যদি সমাজকে এবং রাজনৈতিক মনকে আচ্ছন্ন করে বসে তাহলে তা ক্ষতিকারক হয়ে দাঁড়াবে। গণতন্ত্রে স্বাধীনভাবেই আলোচনা হওয়া দরকার এবং বিশেষ করে এই বিধানসভায় যখন

আমরা এই রকম একটা গুরুত্বপূর্ণ আইন করতে যাচ্ছি তখন সেই আইনের ত্রুটিগুলি খুব নির্মমভাবেই তুলে ধরা দরকার যাতে আইনের ফাঁক একদিন গোটা দেশের বুকে না পৌঁছায়। আমি পরিষ্কারভাবে বলতে চাই যে, শ্রদ্ধেয় পান্নালাল দাশগুপ্ত, তাঁকে আমি অত্যন্ত শ্রদ্ধা করি, অতীতে তিনি যে রাজনীতি করতেন সেই রাজনীতির সংগে আমার মিল না থাকলেও ব্যক্তিগতভাবে পান্নাবাবুকে আমি শ্রদ্ধা করি।

[4-40—4-50 p.m.]

কিন্তু কেউ যদি বলেন আমি পান্নালালবাবুকে জানিনা বা মন্ত্রিসভায় এখন নেই বলে বেসুর সমালোচনা করছি তাহলে ভুল করবেন। ডাঃ জয়নাল আবেদিন, সাত্তার সাহেব জানেন এবং মুখ্যমন্ত্রীও ছিলেন ১৯৭২ সালে যখন এই ব্যাপারের খসরা নিয়ে আলোচনা হয়েছিল তখন আমি বলেছিলাম আমার আশংকা হচ্ছে এর মধ্য দিয়ে এই যে ইন্সটিটিউ-সনাল ফ্রেমওয়ার্ক তৈরী করছেন এটা পরিশেষে কলেক্টিভাইজেসনের দিকে যাবে। বিশ্বনাথ-বাবু হয়ত ভাবছেন আমরা সোভিয়েট রাশিয়া থেকে সরে যাচ্ছি। কিন্তু আমার ধারণা ইট ইজ এ স্টেপ ইন দ্যাট ডাইরেকসন, ইট ইজ এ প্রেলুড এবং অনিবার্যভাবে আমরা সেই-দিকে যাব। সোভিয়েট এক্সপেরিমেন্ট ইন এগ্রিকালচার যদি সত্যিসত্যিই সফল হোত তাহলে নিশ্চয়ই সেটা আমরা অনুকরণ করতাম। আমি এটা কলেক্টিভ ফার্মিং সম্বন্ধে বলছি। কিন্তু আজকে সেই সম্বন্ধে আলোচনা করা যাবেনা। সোভিয়েট ফার্মিং সম্বন্ধে আমি জানি স্ট্যালিনের আমলে ইণ্ডাসট্রিয়ালাইজেসন সম্বন্ধে পরিকল্পনা হয়েছিল। আমি একথা স্বীকার করি মার্কসিস্ট দৃষ্টিভংগীতে স্ট্যালিন নিশ্চয়ই একজন বিপ্লবী ছিলেন। তিনি বড় বড় শিল্প গড়ে তুলতে যে পদ্ধতি নিয়েছিলেন সেই পদ্ধতি তিনি কৃষিক্ষেত্রে লাগালেন। হি ওয়ানটেড টু ইণ্ডাসট্রিয়ালাইস এগ্রিকালচার। ইন ট্রায়িং টু ডু দ্যাট হি কমপ্লিটলী ব্যুরো-ক্র্যাটাইজড্ দি এগ্রিকালচারাল বেস্ এবং সেটা করার ফলে লক্ষ লক্ষ লোক যারা গ্রামে ছিল তারা জমি থেকে সরে গেল। স্ট্যালিন তখন বুঝলেন এদের কাজ দেবার জন্য কলকারখানা শহরে করতে হবে এবং এদের এমপ্লয়মেন্ট দিতে হবে। তিনি এগ্রিকালচারাল সারপ্লাস তৈরী করলেন। এগ্রিকালচারাল মার্কেটেবেল সারপ্লাস সিফন অফ করে ইণ্ডাস্ট্রি তৈরী করতে হয় এটা পৃথিবীর একটা অর্থনৈতিক বেসিক রুল। আমার প্রশ্ন হচ্ছে সোভিয়েট রাশিয়ায় যে ইমপুটস্ দেওয়া হয় পশ্চিমবাংলার সি, এ, ডি, পি, সেই ইমপুটস্ দিতে পারবেনা। বিশ্বনাথবাবু ডেমোক্রেটিক কন্ট্রোলের কথা বলেছেন, আমি তার মধ্যে যাচ্ছিনা। যেখানে ওয়ান পার্টি স্টেট হয়, যেখানে মনোলিথিক স্টেট থাকে, যেখানে রাইট টু অপোজ রাইট টু ক্রিটিসাইজ না থাকে সেখানে ওই ধরনের জিনিসের মূল্য কতটুকু সেটা রাজনীতির, ছাত্র মাত্রই জানে। আজকে প্রশ্ন হচ্ছে রাশিয়ার মত দেশে ১০ হাজার হেক্টর কলেকটিভ ফার্মিং-এর জন্য যে পরিমাণ ফিজিক্যাল ইনপুটস্, ফার্টিলাইজার, ইনসেক্টিসাইড এবং অন্যান্য জিনিস দেওয়া সম্ভব সেটা আমাদের দেশের মত একটা গরীব দেশের পক্ষে দেওয়া সম্ভব নয়। অর্থাৎ আমাদের এই রামা কৈবর্ত এবং হাসান শেখের দেশের পক্ষে দেওয়া সম্ভব নয়। আপনারা ১০০ কোটি টাকা দুবছরে খরচ করবেন বলেছেন। এই যে ১০০ কোটি টাকা দুবছরে খরচ করবেন এবং এক একটা সি, এ, ডি, পি, করতে আড়াই থেকে ৩ কোটি টাকা খরচ করবেন বছরে তাতে আমি বলছি কৃষিমন্ত্রীকে তিনি এই আড়াই/৩ কোটি টাকা অন্য কোথাও পরীক্ষামূলকভাবে খরচ করুন। অর্থাৎ আমি বলছি আপনি পুরুলিয়ার একপাশে ১০ হাজার একর জমি নিয়ে সি, এ, ডি, পি-র প্রোজেক্ট ডাইরেক্টরকে নিয়ে একটা ব্যুরোক্র্যাটাইজড অ্যাডমিনিস্ট্রেসন করুন এবং ওই পুরুলিয়ায় একটা জায়গায় ১০ হাজার একর জমি খুঁজে নিয়ে সেখানে চাষী যে টাকা পাচ্ছে তাছাড়া এই ৩ কোটি টাকা তাদের দিয়ে সেখানে চাষীদের সুযোগ দিন এবং দেখুন কি ফল হয়। ট্রাডিসন্যাল টেকনিক অব প্রোডাকসন কৃষকদের যেটা রয়েছে, তাদের যে ট্রাডিসন্যাল নলেজ রয়েছে তাতে তাদের যদি সার দেওয়া যায় তাহলে দেখা যাক একটা কমপিটিটিভ গ্রোথ হয় কিনা। আপনি এই জিনিস করে দেখুন কারা ভাল রেজাল্ট দেখাতে পারে। আপনি যদি বলেন এত দিচ্ছি কেন হবেনা, তাহলে আমি ছোটবেলার সেই অংকের গল্পই বলব। অর্থাৎ ছোটবেলায় গল্প হোত একটি নদী এক মাইল চওড়া এবং সেই নদীটি নৌকা দিয়ে পার হতে একজন মাঝির এত ঘন্টা লাগে কিন্তু অংকের হিসেবে যদি সেখানে ১৬ জন মাঝি দেওয়া যায় তাহলে

সাথে সাথেই নৌকা গিয়ে অপর পারে পৌঁছাবে। আমরা যদি মনে করি

agricultural development is only a matter of putting physical inputs or only consolidation of technology, it will be opposed agronomy.

সোভিয়েট রাশিয়াতে এই জিনিস হয়েছে। অর্থনীতির ছাত্ররা জানেন শিল্পের সংগে এগ্রিকালচারের একটা মৌলিক পার্থক্য আছে। এখানে ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে যে শ্রমিক উৎপাদন করে

He is not necessarily consumer of his products, but in the case of agriculture most of the growers are also the consumers. Herein lies the fundamental difference between industrial economy and agrarian economy.

আর্টিকুলেসান অব ইন্টারেস্ট ইজ এসেনসিয়্যাল সেটা করবার জন্য তাতে স্বাধীনতা দেবার দরকার আছে। আমি দেখছি এই বিলের মধ্যে সেই স্বাধীনতা নেই। আমার নিজের মনে হচ্ছে যে কি বিরাট ব্যয় আমরা কল্পনা করেছি, এই যে সি,এ,ডি,পি-র উপর ব্যয়, এটার সঙ্গে কিন্তু প্রোডাকসনের কোন সম্পর্ক নেই। মন্ত্রী মহাশয় কালকে বলেছেন যে কৃষি বিপ্লব সম্ভব। বিপ্লব আসবে নিশ্চয়, বিপ্লবের জন্য আমরা সবাই বসে আছি। কিন্তু প্রশ্ন হচ্ছে যে এই বিপ্লবের কথা আমরা প্রত্যেকেই বলছি, কিন্তু বলা সত্ত্বেও আমরা জানি যে আমাদের গ্রামের গরীবরা আরো গরীব হয়ে যাচ্ছে এবং এই যে বলা হয়েছে সংবিধান দেখিয়ে যে উৎপাদন বৃদ্ধি এবং সোসাল জাস্টিস এনসিওর করা--আমি বলতে চাই এই যে ব্যয় হবে, এই যে ১০০ কোটি টাকা দু বছরে ব্যয় হবে এই ব্যয়ের বেশী অংশ কিন্তু খেয়ে যাবে এ্যাডমিনিস্ট্রেসন। তারপর কথা হচ্ছে এই বিলে সব চেয়ে বড় লক্ষ্য হল জমিকে চক বন্দী করা, কনসোলিডেসন অব হোল্ডিংস--আমি এইগুলি জানাতে চাই যে এর একটা আইন আছে মাননীয় কৃষি মন্ত্রীকে এবং এই সভার সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস এ্যাক্ট (এ্যাক্ট ১০) অব ১৯৫৬। আমি শুধু এইটুকু বলছি আমরা যদি এই আইনটাকে উল্টে দেখি তাহলে এই পশ্চিমবাংলাতে ১৯৫৬ সালে একটা আইন হয়েছে এবং আমি মনে করি এটা একটা বৈপ্লবিক আইন যদি এটাকে বলেন বৈপ্লবিক। আমি বলব এর আগে যারা ভেবেছিলেন তারা আরো বেশী বৈপ্লবিক।

Section 39 of the Act acquisition of holdings for consolidation......

অর্থাৎ ভূমি সংস্কার আইনে যে কোন গ্রামের রায়ত বা জমির জোতের মালিক তারা যদি কয়েকজন মিলে সরকারকে বলেন যে আমাদের এই গ্রামে এক বিঘা, ঐ গ্রামে আধ বিঘা কিম্বা অন্য আর এক গ্রামে আর এক বিঘা জমি আছে, আমরা কি করে উন্নত চাষ করব, সুতরাং আমাদের এই তিনটে জমিকে চক বন্দী করে দাও।

The Law is there and the Government is not powerless.

On the representation of rayats in any area or on its own motion the State Government may acquire the lands in any area on payment of compensation to the rayats owning them when the lands comprised in the holding of the rayats of such area are not altogether lost, if the State Government is of the opinion that the lands comprised in the holding of such area should be consolidated: provided that the State Government shall not undertake consolidation of holdings as aforesaid unless two-thirds or more of the owners of the holding, which will be affected by such consolidation, agree to it.

আজকে সি,এ,ডি,পি'কে যদি আমরা কার্যকরী করতে চাই--এটা তো স্যার, একটা রাজনৈতিক হুইল, এটাকে একটা পলিটিক্যাল হুইল দিয়ে নিয়ে যেতে হবে। তাই তো চেষ্টা হচ্ছে। দেখা যাক, আমরা ব্রেক থ্রু করতে পারি কিনা। এখানে আমাদের সেই পলিটিক্যাল হুইলটা কি অপারেট করল বা করাবার চেষ্টা হয়েছিল? এই আইনটা তো রয়েছে। তাহলে এই আইনটা তো ডেড লেটার হয়ে থাকছে। চেষ্টা তো হয়নি। আমি বুঝতাম এই আইন আসবার আগে যদি এই হাউসের সকল সদস্যকে বলা হত যে এই আইনটা রয়েছে, এই আইনের প্রচার হওয়া দরকার। গ্রামের লোক এই বিষয়ে কিছু জানে না,

যেখানে ৩৫ কোটি লোক লিখতে জানে না, সই করতে জানে না, পড়তে জানে না বই, সেখানে আইন যদি প্রচার না করা যায়, বাংলায় তর্জমা করে বোঝান না যায়, রেডিও এবং সিনেমার মাধ্যমে যদি এইগুলো না করা যায় তাহলে কি করে সম্ভব হবে? সিনেমার মাধ্যম সম্বন্ধে কি সুন্দর বক্তৃতা করলেন সেইদিন অসমঞ্জ দে মহাশয়, বিশ্বনাথ চক্রবর্তী মহাশয়, গৌতম চক্রবর্তী মহাশয় এবং আরো অনেকে। আমি মনে করি সুব্রত মুখার্জি মহাশয় বহুদিন বাদে একটা গুরুত্বপূর্ণ বিল এনেছেন। তাহলে সিনেমার মাধ্যমে কি এই জিনিসগুলো হয় না? এই সমস্ত যেগুলো এডুকেটিভ ফিল্ম এইগুলো কি করা যায় না? হলে অন্ততঃ বুঝতাম এই আইনটা অনেকে জানে। তারপরে দেখুন, রিডিস্ট্রিবিউসন অব ল্যান্ড আফটার এ্যাকুইজিসন, গভর্ণমেন্ট এটাকে এ্যাকুইজিসন করেছে। সেকসান ৪০তে আমার জমি ভাগ করে দিতে পারে, কিন্তু কারো জমি বাড়বে না।

[4-50—5-00 p.m.]

তিনটে অলটারনেটিভ, একটা অলটারনেটিভ হচ্ছে কো-অপারেটিভ ফার্মিং, সমবায় ভিত্তিক চাষ। দ্বিতীয় অলটারনেটিভ প্রোজেক্ট প্রোপাইটরসিপ, ভূমির মালিকানা ভিত্তিক চাষ। তৃতীয় অলটারনেটিভ হচ্ছে কালেকটিভ ফার্মিং,

Let us be quite firm and let us call a spade a spade and decide which alternative should be tried or whether all these alternatives should be simultaneously tried.

হোক কোন ক্ষতি নেই। তা যদি হয় তাহলে আমি বলব একটা জেলা, একটা এলাকা ঠিক করে কৃষি মন্ত্রী কাজ করে দেখুন ৯ বছর। আর অন্যান্য জায়গায় কো-অপারেটিভ ফার্মিং-এর উপর জোর দিন এবং এই যে ছোট ছোট জোতের মালিক না ভূমিহীন তাদের জমি ফিরিয়ে দেবার চেষ্টা করুন, বড় বড় জমির যারা মালিক যারা জমি লুকিয়ে রেখেছেন তাদের হাত থেকে জমি নিয়ে ক্ষুদ্র কৃষক এবং ভূমিহীনদের জমি দেওয়া হোক। সেকসন ৪৬-তে যে কো-অপারেটিভ ফার্মিং-এর কথা বলা ছিল। এখন আমার মনে হচ্ছে সরকার বোধ হয় মনে করছেন যে কো-অপারেটিভ ফার্মিং-এর দিকে গেলে ফল ভাল হবে না। কারণ ওয়েষ্ট বেঙ্গলে কো-অপারেটিভ ফার্মিং-এর বিশেষ স্কোপ নেই, সেইজন্য আমরা ওদিকে যাচ্ছি। সি.পি.আই বন্ধুরা আছেন তাঁরা জানেন এবং আমি বলতে চাই যে সোভিয়েত রাশিয়া '৬৩ সাল থেকে '৬৫ সাল এই তিন বছর ২০০০ মিলিয়ন ডলারের ফুডগ্রেনস ওয়্যার ইমপোর্টেড ফ্রম ক্যাপিটালিষ্ট কান্ট্রিস, আর ১৯৭১/১৯৭২ সালে ৮ মিলিয়ন ডলারস

Worth of corn was purchased from U.S.A. and Canada .. Soviet Russia.

এটা ঠিক, কিন্তু আমার বক্তব্য তা নয়, তাদের দেশে সংকট তারা নিশ্চয়ই কিনবে, এর মধ্যে নিন্দনীয় কিছু দেখছি না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে সোভিয়েত রাশিয়াতে ফুডের অভাব। ম্যালেনকভ ছিলেন স্তালিনের পর, এগ্রিকালচারে উন্নতি করতে গিয়ে তিনি ফেল করেছিলেন। তারপর ক্রুশচেভ এসেছিলেন, এগ্রিকালচারাল উৎপাদন বৃদ্ধি এবং এ্যানিমেল হাসবেনড্রারি প্রোডাকশন বাড়াতে ক্রুশচেভকেও চলে যেতে হলো, এর কারণ হিজ এগ্রিকালচারাল পলিসি ওয়াজ ফেলিওর। এখন প্রধানমন্ত্রী কোসিগিন, তিনিও এগ্রিকালচারে এমফ্যাসিস। তাদের দেশে এগ্রিকালচারে এত ডেভলোপমেন্ট হওয়া সত্ত্বেও কৃষি উৎপাদন সোভিয়েত রাশিয়ায় সারপ্লাস নয় কেন? অজিতবাবু প্রবীণ, তিনিও এটা জানেন এবং এটা জেনে রাখা দরকার। কিন্তু সোভিয়েত রাশিয়া জারের আমলে খাদ্যশস্য ইউরোপে এক্সপোর্ট করেছে। এটা গালিগালাজের কথা নয়,

Let us be very hard headed realist.

কোন উদ্দেশ্য নিয়ে নয়, এটাই ফ্যাক্ট। জারের আমলে খাদ্যশস্য ইউরোপে রপ্তানী করেছে যারা, সেই সোভিয়েত রাশিয়া ৫০ বছর সমাজতন্ত্রের পরীক্ষা নিরীক্ষা করার পর এত ফিজিক্যাল ইনপুটস নেবার পর ১৯৬৩ থেকে ১৯৬৫ সালে ২০০০ মিলিয়ন ডলারস শস্য তারা ইমপোর্ট করেছে, আর এই বছর করেছে যা আগেই বলেছি। চায়নাও বিদেশ থেকে খাদ্যশস্য আমদানী করছে। তাহলে আমরা সার দিতে পারি, ব্যাংক থেকে টাকা দিতে পারি, কিন্তু ব্যাংকের ডাইরেকটরকে বুঝিয়ে দিতে হবে যে দিস ইজ এ ব্যাংকেবল প্রজেক্ট। এ ক্ষেত্রে এন ইনফিরিয়রিটি কমপ্লেক্স ডেভালপ করছে, ব্যাংক পরিচালককে

বোঝাতে হবে, তা নাহলে গ্রামের গরীব কৃষক ঋণ পাবে না, তারা পাচ্ছেনা। আর বিড়লা ঠনঠনিয়া, ঝুন-ঝুনওয়ালা এদের ব্যাংকে বোঝাতে হচ্ছে না, ব্যাংক দেখছে না যে এর কি লুঠপাট চালিয়ে যাচ্ছে, ব্যাংক তাদের বেলা কিছু করতে পারছেনা তারা ধনীক গোষ্ঠি বলে? আর চাষী যখন স্যালো টিউবওয়েলের জন্য ঋণ চাইছে তখন দেখতে হবে সেটা ব্যাংকেবল প্রজেক্ট কিনা। আমাদের প্রধানমন্ত্রী একটা বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে ব্যাংক ন্যাশানালাইজ করেছিলেন। কিন্তু আজকে যখন দেখেন যে কংগ্রেস দলের এম,এল,এ-রা সবচেয়ে বেশী সোচ্চার এবং বিধান সভায়ও বলছেন যে ব্যাংক ন্যাশা-নালাইজ হয়েছে বটে কিন্তু গরীব কৃষকরা ব্যাংকের কাছ থেকে সেই সাহায্য পাচ্ছে না, রুপোর চুসি মুখে নিয়ে যারা জন্মেছে তারাই সুযোগ-সুবিধা পাচ্ছে।

তারজন্য আমি আহ্বান করব পান্নালাল দাশগুপ্তের মত লোককে দাঁড়িয়ে তার বিরুদ্ধে সোচ্চার ঘোষণা করতে। আমি কৃষিমন্ত্রীকে বলব ব্যাংক-এর বুরোক্রেটিক এ্যাবসোলিউটিজম্ এর বিরুদ্ধে তাঁকে দাঁড়াতে হবে যদি গ্রামবাংলার লোককে টাকা দিতে হয়। আজকের কাগজে দেখলাম মিঃ সমাদ্দার ক্যালকাটা কর্পোরেশন সম্বন্ধে সিটিজেনদের কাছে এ্যাপিল করছেন ৩২ হাজার লোক ৩২ লক্ষ লোককে র‍্যানসান-এ রেখেছেন। আজ আমি বলব

I hope I will be proved absolutely wrong and I will be happy if I do not live till that date but I dare say with little knowledge of history that I have that this legislation will ultimately create more Calcutta Corporations in the CADP area and there will be not only 32 thousand such people but 32 lakhs or more irresponsible agitators.

আজ সবচেয়ে ট্রাজেডি কারণ আজ বাঙালী সবচেয়ে নিঃস্বার্থপর, নির্লোভী এবং বেস্ট সিটিজেন। গ্রামবাংলার কৃষককে আজকে এর মধ্যে দিয়ে ট্রেড ইউনিয়নিজম্ ঢোকাব কিনা চিন্তা করতে হবে। কারণ এ জিনিষ ঢুকবেই।

এর বিরুদ্ধে আপনি সজাগ হন। এ জিনিস আমরা দেখছি যার ৩ বিঘা জমি আছে সেও এই সি,এ,ডি,পি-র আওতায় এলে—যেকথা বিশ্বনাথবাবু বলেছেন ভ্যালিড ক্রিটিসিজম্

আর ৩০।৫০।৬০ বিঘা জমির মালিকের ইনটারেস্ট কি সমান হতে পারে? অর্থাৎ রুরাল রিচ-এর কনট্রোল বেশী হবে। কিন্তু কৃষিমন্ত্রী ও পান্নাবাবু এ বিষয়ে সুনিশ্চিত হতে চান। অথচ একথা ঠিক যে এটা উল্টো ডাইরেকসান-এ চলে যাবে এবং আমি বলছি একটা মারাত্মক পরীক্ষা হবে। আজ সি,এ,ডি,পি-তে বিপুল অর্থব্যয় করে

It Proves a flop.

কে রেসপনসিবল হবে? কোটি কোটি টাকা নিয়ে ছিনিমিনি খেলে এটা একটা তোগলকী ব্যাপার হবে। এ জিনিষ হবে না। অথচ চায়নার ঐ

great leap forward, China's great leap forward will ultimately turn out to be a devastating plunge back.

তাতে আজ যদি আমরা এইভাবে করতে চাই তাহলে আলটিমেটলী আর একটা বিপদ হবে। আমরা দেখছি আর একটা চিন্তা এসে যাচ্ছে আমাদের রাজনীতির মধ্যে। নিজেকে প্রগ্রেসিভ রেডিকেলিজম জানবার জন্য এমন কতকগুলি কথা বলতে হবে

for consumption by outside world. It is a very dangerous thing.

আমরা দেখেছি হুইট টেক ওভার যখন হয় তখন সি,পি,আই আমাকে ক্রিটিসাইজ করেছিলেন আমার পুরো বক্তৃতা না শুনে। দিল্লীতে যে সম্মেলন হয়েছিল তাতে সাত্তার সাহেব ছিলেন---

I am grateful for his assistance that I have received.

তখন পরিষ্কার বলেছিলাম টেক ওভার হবে। এটা সোস্যালিস্টিক প্রোগ্রাম, কিন্তু প্লিজড ওয়ে-তে করা ভাল। আজ আমাদের পলিটিক্যাল ইনফ্রাস্ট্রাকচার নেই। আজ যদি এরকম

একটা ডিসিশন নিই তাহলে পরে আমরা বিজনেস পিপল-দের হাতে পড়ে যাব ইভেন ইফ আই এ্যাম মিসআন্ডারস্টুড। আজ কি হল? আজ শুধু রিট্রিড করিনি, শুধু স্লাইড ব্যাক হয়নি আজ ১৫০ টাকা দিয়ে হোলসেলারকে বলা হচ্ছে ১৫০ টাকার গম সরকার ১০৫ টাকায় বিক্রি করছেন। আজ যুগান্তরে দেখছি এখান থেকে অফিসার পাঞ্জাব, হরিয়ানায় যাচ্ছেন, ৪ লক্ষ টন গম কিনে আনবেন রেশন ব্যবস্থা চালু রাখার জন্য। কিন্তু কার হাতে পয়সা আছে? পাঞ্জাবের, হরিয়ানার এবং ইউ পির যে সমস্ত

big jotedars not this small farmers.

[5-00—5-10 p.m.]

এই আইনের মাধ্যমে আপনারা বলছেন যে শেয়ার ক্রপারের মিনিমাম ওয়েজ করবেন। আমি জানি মাননীয় সদস্য শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য মহাশয় বাজেটের সময় খুব জোরের সংগে বলেছিলেন যে গত ২৫ বছরে আমরা ভূমিহীন চাষী, ক্ষেত মজুরদের জন্য কিছু করতে পারিনি, করব। ৩ টাকা রোজ তাদের জোটে না, অথচ তাকে সাড়ে তিন টাকায় চাল কিনতে হয়। বিশ্বনাথবাবু পাঞ্জাবে দেখেছেন সেখানকার অবস্থা কি, আমিও জানি পাঞ্জাবে মিনিমাম ওয়েজ কত, ২ বছর আগে পর্যন্ত ১২ টাকা করে ডেলি ওয়েজ ছিল।

Shri Ajit Kumar Basu :

৬টা সিজিনের সময় পায়।

Shri Kashi Kanta Maitra :

পশ্চিমবঙ্গে কোনদিন কোন ক্ষেত মজুরকে ১২ টাকা ওয়েজ দিতে পেরেছি, পারিনি। সেজন্য আমাদের শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী খুব আবেগের সঙ্গে এইরকম বলিষ্ঠ ভাষায় রেখেছেন যে আমরা পারিনি, আমরা করব। ঠিক আছে। আমরা পশ্চিমবঙ্গের ক্ষেত মজুরদের জন্য আইন করব, মিনিমাম ওয়েজ বেঁধে দেব, তারজন্য সি.এ.ডি.পি দরকার; নো। বলা হচ্ছে সি.এ.ডি.পি'কে বিল রেফার করবে ওয়েজ কিভাবে বাঁধা হবে। আমি মনে করি এর কোন প্রয়োজন ছিল না। বিশ্বনাথবাবু বলেছেন হ্যান্ড-পিক্‌ড বডি, আপনারা যে ডেমোক্র্যাটাইজ করবেন তারজন্য ইলেক্‌সান রাখুন, কিন্তু ইলেক্‌সানের কোন প্রভিসান নেই। সুতরাং প্রভিসান যদি থাকে এই বিলে টু কন্ট্রোল এভরিথিং ফ্রম রাইটার্স, তা যদি হয় তাহলে সি.এ.ডি.পি করে কর্পোরেশান করে দেওয়া ব্যর্থ হয়ে যাবে। সেজন্য বলব ইলেক্‌টিভ প্রিন্সিপলস আনা দরকার। সেই কর্পোরেশানের মেম্বারদের গুণগত যোগ্যতাগত কোন কথা বলছি না, এই আইনের মধ্যে যে সমস্ত ধারা আছে সেগুলি পুনরায় বিবেচনা করুন, এইরকম একটা গুরুত্বপূর্ণ আইনকে পশ্চিমবঙ্গের বুকে চাপিয়ে দেবার আগে আরো খুঁটিনাটি বিচার বিবেচনা করে দেখুন। আমার এটা নিজের মনে হচ্ছে ইট ইজ লাইক এ বেটিং অন এ্যান আনট্রায়েড হর্স, এটা করা ঠিক হবে না,। এটা কলোস্যাল গ্যামবলিং হয়ে যাবে গ্রামের লোককে নিয়ে। গ্রামের লোক চায় ইনিসিয়েটিভ, টেকনোলজিক্যাল সাহায্য। শেষ করার আগে আবার বলছি, পৃথিবীর সব দেশে ইনডাস্ট্রিয়াল সোসাইটির বিরুদ্ধে বলেছে, মার্কস বলেছেন, লেনিন বলেছেন, এ্যানজেল্‌স, মাও-সে-তুং বলেছেন। প্রত্যেক সমাজে দেখা গেছে ইনডাস্ট্রিয়াল সোসাইটির ব্যাপারটা উপর থেকে চাপিয়ে দেওয়া হয়েছে। আজকে যেন সেটা চাপাবার চেষ্টা না করি। আজকে এটা চাপাবার চেষ্টা করলে আলটিমেটলি ব্যুরোক্র্যাটাইজ করে ফেলব যেখানে আমাদের সরকার এই ব্যুরোক্রাসির বিরুদ্ধে লড়াই করছেন এবং করবেন। এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলকে তাড়াহুড়া করে পাশ করবেন না, কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব ২।৩ দিন এই বিল সম্বন্ধে ভালভাবে আলোচনা করুন। আপনারা দার্জিলিং ডিস্ট্রিক্‌টে সিলেক্‌ট কমিটির মিটিং করেছিলেন, সেখানে শ্রদ্ধেয় পান্নালাল দাসগুপ্ত, ডাঃ এ. এন. বাসু তাঁরা ছিলেন, আমি জিজ্ঞাসা করতে চাই হ্যাজ দেয়ার এনি প্রিসিডেন্ট? আমি জানি না পশ্চিমবঙ্গের ইতিহাসে লেজিসলেটিভ মেকিং হিসট্রিতে এর কোন প্রিসিডেন্ট আছে কিনা। যদি বলেন এক্সপ্ল্যানেসান হিসাবে যে তাঁদের এনেছিলাম তাঁদের এ্যাডভাইস নেবার জন্য

তাহলে ইকনমিস্ট অশোক মিত্র, প্রফেসার অম্লান দত্ত, প্রফেসার রাখাল চ্যাটার্জী ছিলেন, টেক্‌নোক্র্যাটস, ইঞ্জিনিয়ার্স, এ্যাগ্রোনমিস্টস ছিলেন, তাঁদের ডাকতে পারতেন, ডাকলে ভাল হত, সবার মত নিয়ে এইরকম গণতান্ত্রিক উপায়ে ফুলপ্রুফ লেজিসলেসান করতে পারতেন। যাইহোক, অনুরোধ করছি যে জিনিসটা আপনারা করছেন সে সম্বন্ধে আরো ভেবে দেখুন, যে কৃষকদের সাহায্যের জন্য এটা করছেন এই বিলের দ্বারা সেটা করতে পারবেন কিনা সে সম্বন্ধে পুর্নাবিবেচনা করুন।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সি,এ,ডি,পি, বিলের আলোচনায় অংশ গ্রহণ করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। কয়েকদিন পূর্বে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় এই বিল হাউসে ইনট্রোডিউস করেছিলেন এবং এই বিলকে সিলেক্‌ট কমিটিতে পাঠাবার জন্য তিনি প্রস্তাব করেছিলেন এবং আমিও সিলেক্‌ট কমিটির একজন সদস্য ছিলাম। আশা করা গিয়েছিল সিলেক্‌ট কমিটিতে বিসটি পুঙ্খানু-পুঙ্খরূপে আলোচনা করে গণ-তান্ত্রিক পদ্ধতি অনুসারে পশ্চিমবঙ্গে বর্তমানে যে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা চালু আছে সেই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা এই বিলের দ্বারা প্রশ্রয় পাবে না, এই বিলের দ্বারা ভবিষ্যতে যে কর্মসূচী রূপায়ণ করা হবে তাতে পশ্চিমবঙ্গের প্রান্তিক কৃষক, ক্ষেত মজুর, সাধারণ কৃষকের কি কল্যাণ সাধিত হবে এবং সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে বিগত কয়েক বছর ধরে যে খাদ্য সমস্যা দেখা দিয়েছে তা থেকে পশ্চিমবঙ্গ রেহাই পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিলেক্‌ট কমিটিতে গিয়ে আলোচনা হয়েছে, আলোচনা যে জায়গায় ছিল সেই জায়গায় আছে।

কেবলমাত্র বয় কথাটা অ্যাড হয়েছে আর কিছু পরিবর্তন হয়নি, বিলের রং ছিল সাদা হয়েছে সবুজ, আর বেশী কিছু পরিবর্তন হয়নি। যাহোক, আর গৌর চন্দ্রিকা না করে আমার যেটা মূল বক্তব্য, যেখানে আমার আপত্তি সেই আপত্তির কথা আপনার মাধ্যমে হাউসে তুলে ধরছি। পশ্চিমবাংলার কৃষির সাবিক উন্নয়নের জন্য এই যে বিল আনা হয়েছে তাতে প্রথমে বহু ঢাক-ঢোল পিটিয়ে কাগজপত্রে প্রচার করা হয়েছিল যে, এই বিল পশ্চিমবাংলার সাবিক কল্যাণ সাধন করবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এর পূর্বে আমরা যখন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা দেখেছিলাম যে পরিকল্পনা ২০ কোটি টাকা ব্যয়ে হয়েছিল তখন বলা হয়েছিল পশ্চিমবাংলা কৃষি ভিত্তিক দেশ সুতরাং আমাদের কৃষির উন্নয়ন, কৃষকদের উন্নয়ন এবং গ্রাম বাংলার উন্নয়ন করতে হবে। আমরা দেখলাম তারপরে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা গেল, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা গেল এবং চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা গেল। কিন্তু আজকে কৃষকদের অবস্থা, গ্রাম অধ্যুসিত পশ্চিমবাংলার সাধারণ মানুষের অবস্থার পরিবর্তন কতটা এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে হয়েছে। মানুষের উপকার কতদূর হয়েছে, মানুষের মুখে কতটা অন্ন জুগিয়েছে সেই প্রশ্ন আমি বিধানসভায় দাঁড়িয়ে একা করছি না, আমার বিশ্বাস পশ্চিমবাংলার যে সমস্ত নির্বাচিত প্রতিনিধিরা রয়েছেন তাঁরা সকলেই আমার কথা অনুধাবন করছেন। অবশ্য আমি জানি সরকারী দলে যাঁরা রয়েছেন তাঁরা নিশ্চয়ই আমার কথা স্বীকার করবেন না।

[5-10—5-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, কমুউনিটি ডেভালাপমেন্ট প্রজেক্‌ট, সবুজ বিপ্লব প্রভৃতির ভুরি ভুরি কথা আমরা বহুবার শুনেছি, এবং আজকেও শুনছি। কিন্তু কমুউনিটি ডেভালাপমেন্ট প্রজেক্‌ট, গ্রাম উন্নয়ন সমষ্টি উন্নয়ন, কেন্দ্রগুলি কতটুকু সাধারণ মানুষের উপকার করে এবু ছবি আপনি যদি একবার গ্রামের দিকে ঘোরেন তাহলে দেখতে পাবেন সেই ব্লক উন্নয়ন কেন্দ্রগুলি, সমষ্টি উন্নয়ন কেন্দ্রগুলি সাধারণ কৃষক যারা সামান্য জমির মালিক তাদের কিভাবে নির্যাতনের ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। সঙ্গে সঙ্গে সবুজ বিপ্লবের কথা বলি—আমরা দেখছি কয়েক বছর ধরে সবুজ বিপ্লবের কথা শুনি এর দ্বারা নাকি পশ্চিমবঙ্গের ঘরে ঘরে ফসলে ভরে যাবে, জমিতে সার দেবার

ব্যবস্থা করবে সরকার, জল সাপ্লাই দেবেন, ইলেকট্রিফিকেশান হবে, কিন্তু সুকুমারবাবু সেদিন বলে গেলেন গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবার জন্য জমিতে জমিতে পোল পোতা হয়েছে কিন্তু তাতে নাকি কাপড় শোকাবার কাজে ব্যবহৃত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় অত্যন্ত পরিতাপের বিষয় আজকে পশ্চিমবঙ্গ কোথায় এসে দাঁড়িয়েছে। আজকে যে বিল এসেছে সেটা আমি খুব ভালভাবে পড়েছি তাতে ঋণ সালিশী বোর্ডের কথা আছে, সাত্তার সাহেব বলেছেন একটা ক্লজ আছে, আমিও মেনে নিচ্ছি ঋণ সালিশীর বোর্ডের কথা আছে, শুধু একবার চিন্তা করুন আপনি স্যার প্রবীণ লোক আপনি বহুদিন বিধানসভায় আছেন, আপনার ১৯৬৭ সালে বিধানসভায় আপনার বক্তব্য শুনেছি, আমি মাননীয় সাত্তার সাহেবকে তদানীন্তন আনডিভাইডেড বেঙ্গল'এ প্রিমিয়ার এ, কে ফজলুল হক সাহেবের কথা স্মরণ করিয়ে দিতে চাই ঋণ সালিশী বোর্ডের কথা বলতে গিয়ে—সেই সময়ে অভাবের তাড়নায় মেয়ে বিয়ে দেবার তাড়নায় দুঃখ দারিদ্রের মধ্যে পড়ে বাংগালী যখন তাদের জমি বিক্রী করে ফেলেছিল, তাদের জমি যখন জোতদার জমির হাংগরেরা দখল করে নিয়েছিল চতুরতার সঙ্গে তাদের জমি অধিক মূল্য দেখিয়ে ঋণের দায়ে জমি হস্তগত করে নিয়েছিল সেই সময় একটীমাত্র লোক ফজলুল হক সাহেব তাদের ব্যথায় ব্যথিক হয়ে তাদের ক্রন্দনে নিজের বুককে ভাসিয়ে দিয়ে ঋণ সালিশী বোর্ড করেছিলেন। এই বোর্ড ঠিক ঠিক বিচার করেছিল যাদের যাদের জমি চলে গিয়েছিল আবার তারা জমি ফিরে পেয়েছিল। আজ যদি মাননীয় মন্ত্রী সাত্তার সাহেব ফজলুল হক সাহেবের আদর্শ ফলো করতেন তাহলে আমার মনে হয় খানিকটা আমাদের কৃষকদের উপকার করতে পারতেন। এই প্রসঙ্গে আমি একটা রেফারেন্স দিয়ে একটা বক্তব্য রাখব আজকে একদিকে আগ্রায় যেমন তাজমহল আছে আর আমাদের এখানে ভিকটোরিয়া মেমোরিয়াল হলও আছে সেটা যেমন মার্বেল পাথরের তৈরী তাজমহলও তেমনি মার্বেল পাথরের তৈরী, একই প্যার্টানে তৈরী।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকে দুটীই দেখতে যায়—কিন্তু ইতিহাস বলে যে তাজমহল-এ মমতাজের প্রতি ভালবাসা সেটা দেখতে পাই আর ভিকটোরিয়া মেমোরিয়াল-এর কি কোন ইতিহাস আছে?

তার ইতিহাস তাজমহলের ইতিহাস, প্রেম ভালবাসা ছিল, সাজাহানের মমতাজের প্রতি ভালবাসা ছিল, শাজাহানের অশ্রু বর্ষিত হয়েছিল, তার নিদর্শন এই তাজমহল। কিন্তু এই যে ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, তার কোন ইতিহাস আছে কি? অবশ্য দেখার বস্তু। তাই আমি মনে করি এই যে ঋণ শালিশী বোর্ড করছেন এটা তাজমহলের মত নয়, সেটা বরং ভিক্টোরিয়া মেমোরিয়াল বলা চলে এবং মাননীয় কৃষিমন্ত্রী সাহেব সে জিনিষই করতে যাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেখুন কর্পোরেশন গঠিত হবে, এনারা মাঠে ময়দানে গণতন্ত্রের কথা ফলাও করে বলে থাকেন। আপনি এই বিলটা যদি পড়ে দেখেন তাহলে দেখবেন গণতন্ত্রকে সম্পূর্ণরূপে এর ভিতরে হত্যা করা হয়েছে। আপনি অবাক হয়ে যাবেন, দেখবেন এ্যাপয়েন্টেড্ বাই দি স্টেট গভর্ণমেন্ট এটা লেখা আছে। কিন্তু যে কৃষকদের মাটির সংগে সম্পর্ক, মাটি নিয়ে ঘাঁটাঘাটি করে, ফসল উৎপাদন করে, ফসল উৎপাদনের পদ্ধতি নির্ণয় করে, সেই লোকদের মধ্যে থেকে কাউকে এই বিলের মধ্যে স্থান দেওয়া হয়নি। আমরা প্রস্তাব করেছিলাম অন্ততঃ প্রজেক্ট এরিয়াতে কৃষকদের কর্পোরেশনের মধ্যে স্থান দেওয়া হোক এবং তাদের মধ্য থেকে নেওয়া হোক্। সেই কৃষকদের মধ্য থেকে ডিস্ট্রিক্ট কাউন্সিলের মধ্যে নেওয়া হোক্। সেই কৃষকদের এ্যাডভাইসরি বোর্ডের মধ্যে নেওয়া হোক্। আমার এ্যামেণ্ডমেন্ট এ্যাক্সেপ্টেড হয়নি। কেননা আমার এ্যামেণ্ডমেন্ট এ্যাক্সেপ্ট করলে অসুবিধা হবে। ধনতান্ত্রিক শাসন ব্যবস্থার যে রূপ তাতে আমার এ্যামেণ্ড-মেন্ট এ্যাক্সেপ্ট করলে ধনতান্ত্রিক কাঠামোতে, ধনতান্ত্রিক শাসনব্যবস্থায় অসুবিধার সৃষ্টি করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি, এ, ডি, পি, করে এঁরা কৃষকদের উন্নতি করবেন? গ্রাম বাংলায় কৃষির উন্নয়ন করবেন? এই যে পরিকল্পনা তাতে প্রতি গ্রাম থেকে ৩০।৪০ একর করে নিয়ে ৩৬০টি ক্ষেত তৈরী করবেন। দেখা যাবে ৬ষ্ঠ পরিকল্পনা যখন শেষ হবে

তখন ৭১০টি হবে এবং ৫ম পরিকল্পনার শেষে ৩২০টি, এতে করে ১ হাজারটির মত দুটি পরিকল্পনায় হচ্ছে। এতে করে কি ফসল উৎপাদন হবে? খুব সুন্দর কথা, মাতৃগর্ভে শিশুর জন্ম হল না, শিশু এম, এ, পাশ করে এত করে টাকা এনে দেবে—বাঃ কি সুন্দর কথা। বছরে ২°৫ ভাগ ফসল উৎপাদন হবে এবং উৎপাদন একর প্রতি হবে ২.৪ মেট্রিক টন এবং তার মূল্য হিসাব করলে দেখা যাবে তিন হাজার টাকা। যে খামার বা ক্ষেত তৈরী হবে, তাতে সার, বীজ, কীটনাশক ঔষধ ইত্যাদি বাবদ ঋণ দিতে চলে যাবে ১৫০০ ।।

[5-20—5-30 p.m.]

৮২৫ টাকা লেবার খরচের পরেও ৬২৫ টাকা থাকলো কৃষকের হাতে। এক এক একরে ৬২৫ টাকা লাভ।

আর একটা কথা বলেছেন সুন্দর কথা শূকর, ছাগল, ভেড়া, হাঁস, মুর্গী ইত্যাদি তারা পালন করবেন। কৃষকের বা উন্নতি। আজ যদি বঙ্কিমবাবু বেঁচে থাকতেন, তাহলে এইসব দেখেশুনে তিনি আর একবার বাহবা ধ্বনি দিতেন। দেশের কী শ্রীবৃদ্ধি!

এরা সবুজ বিপ্লব করতে গিয়ে কী করলেন, আমরা কী দেখলাম? সুন্দরবনে তুলো চাষ। গত বছর যখন সুতার জন্য আমরা চীৎকার করেছিলাম, যখন জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে ওঠে, সেই বিক্ষোভ থেকে তাদের সরিয়ে দেবার জন্য এক একটী বুলি তাঁরা আওড়ান, এক একটা বোম ছোড়েন। তাঁরা বললেন সুন্দরবনে আমরা তুলোর চাষ করছি। এখানে যে তুলা উৎপন্ন হবে, তাতে সুতা সমস্যার সমাধান হয়ে যাবে। মানুষ আর নগ্ন থাকবে না। আজকে প্রশ্ন করি কতখানি তুলা আপনারা উৎপাদন করেছেন? তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় সুন্দরবনে তুলো চাষের পরিকল্পনা নিয়েছিলেন, তাকে রূপ দিতে গেলেন কবে? সেই টাকা সুন্দরবনের সমুদ্রে ফেলা হয়েছে। পরোক্ষভাবেই হোক, প্রত্যক্ষভাবেই হোক্ গ্রাম বাংলার গরিব মানুষকে সেই টাকা জোগাতে হয়েছে। সাধারণ মানুষের গায়ের রক্ত জল করা টাকা ট্যাক্সের পর ট্যাক্স বসিয়ে নেওয়া হয়েছে। কিন্তু সেই টাকার তুলা উৎপাদন হলো না। সেই পরিকল্পনা সম্পূর্ণ ব্যর্থতায় পর্যাবসিত হয়েছে। পান্নাবাবুকে আমি শ্রদ্ধা করি, তার সংগে আমার দাদা সম্পর্ক, তাঁকে দাদা বলে ডাকি, তিনি যে কীভাবে মন্ত্রিমহাশয়ের মাথায় ঢুকালেন। মন্ত্রিমহাশয় বাংলার গ্রামের ছেলে কৃষকের অভাব-অভিযোগের কথা, দুঃখ কষ্টের কথা, তিনি খুব ভাল করে জানেন। তিনি সব জেনেশুনে এই যে সি.ডি.এ.পি বিল নিয়ে এসেছেন, এর দ্বারা তিনি কৃষকের কতটুকু উন্নতি করতে পারবেন এ সম্বন্ধে আমার যথেষ্ট সন্দেহ আছে। পশ্চিমবঙ্গে পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি পশ্চিমবঙ্গে সাধারণ মানুষের কোন উপকার করতে পারেনি। আমরা ভেবেছিলাম এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে আমাদের দেশে অধিক ফসল ফলবে, কিন্তু দেখা গেল তেমন কিছু হল না। যথা সময়ে সার, বীজ, জল কিছুই চাষীরা পেল না। সব প্রচেষ্টা ব্যর্থতায় পর্য্যবসিত হয়েছে। যাহোক কিছু বাড়ী গাড়ী অনেকের হয়েছে; আর গত ২৭ বছর ধরে ব্যক্তিগতভাবে কিছু ধনী জোতদার আরো অধিকতর ধনী হয়েছে। ভূমি অধিগ্রহণ করা হয়েছে সেই ভূমি আমরা কতটুকু পেয়েছি? কাজেই আমি বলবো এই বিল আনবার আগে কৃষকদের কথা আরো বেশী করে চিন্তা করা উচিত ছিল। ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী তথা ভূমি-সদ্ব্যবহার মন্ত্রীর সঙ্গে আরো শলাপরামর্শ করার দরকার ছিল। যদি ভূমি ব্যবহার আমূল সংস্কার সাধন করতে না পারা যায়, তাহলে পশ্চিমবঙ্গে এই কম্প্রিহেন্সিভ বিলের দ্বারা কৃষকের কোন কল্যাণ আপনি আনতে পারবেন না, এবং আনা সম্ভবও নয়।

এই যে কর্পোরেশন হচ্ছে সেই কর্পোরেশনে চীফ্-মিনিষ্টার থাকবেন, বিদ্যুৎ-পর্ষদের লোক থাকবেন, প্লানিং বোর্ডের লোক থাকবেন, ইরিগেসন ডিপার্টমেন্টের লোক থাকবেন, আরো বহু লোক থাকবেন। সেই সঙ্গে বেশ কিছু আমলাও থাকবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে যাদের কৃষি সম্বন্ধে কোন অভিজ্ঞতা নাই, যাঁদের মাটির সঙ্গে কোন সম্পর্ক নাই, তাঁরা কীভাবে চাষের ও চাষীর উন্নতি করতে পারবেন? হতে পারে

থিসিস্ দিয়ে, বক্তৃতা দিয়ে মানুষকে ভ্রান্ত করা যেতে পারে, কিন্তু এই বিলকে বাস্তবে রূপ দেওয়া যাবে না। আমরা বলেছিলাম ডিসট্রিক্ট কাউনসিল-এ কৃষককে নেওয়া হোক্ তাও নেওয়া হয়নি। সেটা গ্রহণ করা হয়নি। কাজেই যেখানে গণতন্ত্র ছিল পিওর ধন-তন্ত্রের পূর্ণ কাঠামো বজায় রাখবার জন্য এই পরিকল্পনার অসুবিধা আছে। আপনারা সেই ধনী জোতদার, মজুতদারদের পৃষ্ঠপোষক, তাদের অর্থ দ্বারাই আপনারা পরিচালিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গে চাষ আবাদের জন্য সারের পরিমাণ কত লাগে। যেখানে ৪—১৬ লক্ষ টন লাগে সেখানে গত বছর ৮০ হাজার টন সার পাওয়া গিয়েছিল এবং সি.এ.ডি.পি. কার্য্যকরী হলে ৪ লক্ষ টন বছরে প্রয়োজন হবে। কিন্তু গত বছরের অভিজ্ঞতা থেকে দেখছি যেখানে ৮০ হাজার টন পাওয়া গিয়েছে সেখানে ৪ লক্ষ টন কোথা থেকে জোগাড় করা হবে। এই প্রশ্ন বারে বারে মনে জাগে। কাজেই সারের উৎপাদনের জন্য কি পরিকল্পনা আপনি নিয়েছেন এবং উৎপাদন হলেও সার যারা দেবে কৃষকরা তাদের কাছ থেকে নায্য দরে পাবে কি না? কৃষকদের ঋণ দেবেন ভাল কথা। পশ্চিমবঙ্গে ২-৫ লক্ষ একর জমি আছে এবং এই জমির মধ্যে যাদের ৫।১০ বিঘা জমি তাদের সংখ্যা বেশি এবং ২০ একর পর্য্যন্ত যাদের জমি তাদের সংখ্যা হচ্ছে ৩৭ পারসেন্ট এবং সি.এ.ডি.পি যখন হবে তখন দেখা যাবে কি বেশি জমির যারা মালিক তাদেরকেই দেখবেন জমির উন্নয়নের জন্য, জমি চাষ করার জন্য সার দেবেন, কীটনাশক ঔষধ দেবেন, বীজ দেবেন, লোন দেবেন। ফসল ওঠার সঙ্গে সঙ্গে আপনাদের যে পদ্ধতি সেই পদ্ধতি অনুসারে সেই ফসল থেকে খরচা কেটে নেবেন। স্বভাবতই প্রশ্ন আসে, যাদের বেশি জমি তাদের বেশি ঋণ, যাদের কম জমি তাদের কম ঋণ। আমাদের প্রস্তাব ছিল যে ঋণকে করুন স্লাব আকারে। যাদের বেশি জমি আছে ঋণের যে সুদ সেই সুদটা বলে-ছিলাম স্লাব আকারে হোক। যাদের বেশি জমি আছে তারা যেমন বেশি ঋণ পাবে তেমনি তাদের সুদের হারও বেশি করা হোক। যাদের জমি কম আছে সমপরিমাণ হারে যখন ঋণ দেবেন কিন্তু তাদের সুদের পরিমাণ কম থাকার দরকার। তাদের সুদের পরিমাণ কম করা হোক। সঙ্গে প্রস্তাব রেখেছিলাম যারা সামান্য জমির মালিক তাদের ঋণ যেন সেই বছরই আদায় না করা হয়। তাদের অর্থনৈতিক কাঠামো গঠিত হবে, তারপর যখন দেখা যাবে তাদের অর্থনৈতিক অবস্থা ঠিক জায়গাতে এসে পৌঁচেছে তখন নিন। কারণ তারা তাদের ওই ঋণটুকু নিয়ে জমিতে লাগিয়ে দেয়। কিন্তু যাদের বেশি জমি আছে তারা ওই ঋণ সহজে শোধ করতে পারে। তাদের সাইড বিজনেস থাকে। তাদের বাস রুট আছে, তাদের ট্রাক আছে, বিভিন্ন ফার্ম আছে, ব্যবসা প্রতিষ্ঠান আছে। এই টাকা নিয়ে তারা তাদের ব্যবসা প্রতিষ্ঠানে লাগাবে। কিন্তু সাধারণ যারা কৃষক তারা সেই ঋণটা একেবারে জমিতে লাগাবে। কাজেই তাদের পক্ষে ফসল উৎপাদনের সঙ্গে সঙ্গে ঋণ শোধ করলে দেখা যাবে ঘরে খাবার কিছু থাকবে না। কাজেই আবার মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই এই সম্পর্কে বিবেচনা করুন।

তারপর আমরা এই বিলের মধ্যে দেখেছি একটা ধর্মগোলা হবে। তাতে সমস্ত ফসল উঠবে এবং ফসলের যখন ন্যায্য দর হবে তখন বিক্রি করবে এবং বিক্রি করে তাদেরকে টাকা দেবেন।

[5-30—5-40 p.m.]

বিক্রী করে টাকা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু ধর্মগোলা অঞ্চলে অঞ্চলে তৈরী হয়েছে। এই সব ধর্মগোলা এবং মজুত ভান্ডারে ফসল রাখা হবে। সেই ধর্মগোলা বা মজুত ভাণ্ডারে ফসল রাখার জন্য যে খরচ নেবেন সেটা যাদের বেশী জমি আছে তাদের উপর ৬ পারসেন্টের বেশীতেও আমার আপত্তি নেই, কিন্তু যাদের ২।৩।৫।১০।১২ বিঘা জমি আছে তাদের সম্বন্ধে আমি প্রস্তাব করেছিলাম গভর্ণমেন্টকে দেয় খরচের পরিমাণ যেন ৪ পারসেন্টের বেশী না হয়। কিন্তু আপনারা ৬ পারসেন্ট করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধনী জোতদারদের ক্ষেত্রে যে আইন সাধারণ কৃষকদের ক্ষেত্রেই সেই একই আইন—একই টাকা আদায় করার যে ব্যবস্থা করছেন, তাহলে আপনারা কি করে দাবী

করতে পারেন এই সরকার সাধারণ গরীবের সরকার? সাধারণ গরীব মানুষের সরকার—এই কথা অন্ততঃ আপনাদের মুখে শোভা পায় না। উনি যদি বলেন যে আমরা জোতদার জমিদারদের সহযোগী তাহলে আমি এই বিলকে একটুও বাধা দেব না, সর্বান্তঃকরণে সমর্থন করব। সেই জন্য আমি যে প্রস্তাব রেখেছিলাম সেটা গ্রহণ করা হয় নি। আজকে এখানে ট্রাকটরে চাষ করা যাবে বলছেন, কিন্তু আমি এর বিরোধিতা করছি না। কিন্তু যেদিন থেকে কাজ আরম্ভ হবে সেদিন থেকে সমস্ত ক্ষেত মজুর বেকারে পরিণত হবে। তাদের জন্য আপনারা কি পরিকল্পনা গ্রহণ করেছেন? এই বিলের মধ্যে বলা হয়েছে ১৯৪৮ সালে যে মিনিমাম ওয়েজ এ্যাক্ট চালু হয়েছে, সেই ধার্য্য মজুরী ক্ষেত মজুরদের ক্ষেত্রে চালু থাকবে। স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে জিজ্ঞাসা করি তখন টাকার মূল্য যা ছিল আজকে সেটা কোন্ অবস্থায় এসে দাঁড়িয়েছে? আজকে এক টাকার মূল্য ২৫ পয়সায় এসে দাঁড়িয়েছে। আজকে যে কৃষক দেড় টাকা থেকে ২ টাকা রোজগার করে এবং তার বাড়ীতে যদি ৫টি খাবার লোক থাকে তাহলে কি করে তার চলবে? কাজেই ক্ষেত মজুরদের সম্বন্ধে একটা প্রকল্প গড়ে তোলা দরকার যাতে করে বেকার হবার সঙ্গে সঙ্গে কাজ পেতে পারে। সেই সঙ্গে পাট, ধান উৎপাদনকারী চাষীরা যাতে তাদের ফসলের ন্যায্য দাম পায় তার জন্য একটা সুপরিকল্পিত পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল এই বিলের মধ্যে। আমি বিলটির আগাগোড়া পড়ে দেখলাম কেবলমাত্র ঢাক পেটানো বুলি আওড়ানো হয়েছে এবং কৃষকদের উন্নয়নমূলক কাজের কথা কেবল কাগজে কলমে বলা হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে তুলনা করে বলছি এই কমপ্রিহেনসিভ এরিয়া ডেভেলাপমেন্ট বিলের দ্বারা সাধারণ মানুষের কল্যাণ সাধিত হবে বলে আমি মনে করি না। এই কারণে আমাকে শেষ পর্যন্ত বিলের বিরোধিতা করতে হচ্ছে।

14th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 14th Report of the Business Advisory Committee which at its meeting held on 24th April, 1974 in my chamber recommended the following revision of the programme fixed on the 26th April, 1974 :—

Friday, the 26th April, 1974	(1)	The West Bengal Comprehensive Area Development Bill as reported by the Select Committee (Consideration and Passing)——3 hours.
	(2)	Notice under rule 194 regarding acute power crisis in West Bengal by Shri Mrigendra Mukherjee, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhaya——2½ hours.

There will be no Calling Attention or Mention Cases on that date. The Minister-in-charge of Parliamentary Affairs may now move for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the 14th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then agreed to.

Committee on Public Undertaking

Mr. Speaker : In accordance with Rule 310A of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate the following members to be the members of the Committee on Public Undertakings, namely :—

1. Shri Ananda Gopal Mukherjee,
2. Shri Akshay Kumar Kolay,
3. Shri Md. Safiullah,

4. Shri Birendra Bejoy Malla Deb,
5. Shri Mohammad Idris Ali,
6. Shri Sukumar Bandyopadhyay,
7. Shri Mrigendra Mukherjee,
8. Shri Deo Prakash Rai,
9. Shri Hara Shankar Bhattacharyya, and
10. Shri Pradyot Kumar Mahanti.

In accordance with sub-rule 255(1) of the Rules of Procedure and Conduct of siness in the West Bengal Legislative Assembly, I appoint Shri Ananda Gopal ıkherjee to be the Ckairman of the Committee.

ı now call upon Shri Rabindra Nath Bera to speak. The West Bengal Compreıensive Area Development Bill, 1974 as reported by the Select Committee.

Shri Rabindra Nath Bera :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে ওয়েষ্ট বেঙ্গল কমপ্রিহেনসিভ এরিয়া ডেভালপমেন্ট বিল বা আঞ্চলিক কৃষিভিত্তিক সার্বিক উন্নয়ন বিল এনেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। স্যার, আমি এই বিলকে এইজন্য সমর্থন করছি না যে আমার এলাকায় এই সি.এ.ডি.পি প্রকল্পের উদ্বোধন মাননীয় কৃষিমন্ত্রী করেছেন বলে বা রাজ্য যোজনা পর্ষদের সদস্য শ্রীপান্নালাল দাশগুপ্ত এবং অন্যান্যরা গিয়ে এর শুভ সূচনা করেছেন বলে, আমি এই বিলকে অন্য কারণে সমর্থন করছি। আমি কি কারণে এই বিলকে সমর্থন করছি সে কথায় আসছি। স্যার, এই প্রকল্প সম্বন্ধে রাজ্য যোজনা পর্ষদ যে প্রতিবেদন বার করেছেন কি ইংরাজীতে বা কি বাংলায় সে সম্পর্কে আমি ভালভাবে পড়াশুনা করেছি এবং তাঁদের সঙ্গেও বিশেষভাবে আলোচনা করছি। স্যার, আলোচনা করে যেটুকু বুঝেছি তা হচ্ছে, এরকম একটা নতুন প্রকল্প পশ্চিমবাংলায় কেন সারা ভারতবর্ষের মধ্যেও এখনও দেখা যায়নি। এই প্রকল্পে গ্রামবাংলার সত্যিকারের সার্বিক উন্নতির কথা বলা হয়েছে। শুধু কৃষি নয়, শিল্পক্ষেত্রে এবং প্রকল্পের শেষ দিকে বলা আছে গ্রামবাংলাকে একটা শহর কেন্দ্রীয় গ্রামবাংলায় পরিণত করা হবে। স্যার, সেই রকম গ্রামবাংলা হয়ত একদিন আমরা দেখতে পাব। স্যার, এই প্রকল্প বা বিল সম্বন্ধে অনেক কথাই বলা হয়েছে কিন্তু আমি বলব, এই বিল রচনা করার জন্য বিশেষভাবে গণতান্ত্রিক পদ্ধতি গ্রহণ করা হয়েছে। রাজ্য যোজনা পর্ষদের যে সব বিশেষজ্ঞ আছেন, জনপ্রতিনিধি যাঁরা তাঁদের মাধ্যমে এবং রাজ্য যোজনা পর্ষদ যে প্রতিবেদন বার করেছেন তার মাধ্যমে বিস্তারিতভাবে এই প্রকল্পের কথা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় জানান হয়েছে। তাছাড়া শ্রীপান্নালাল দাশগুপ্ত মহাশয়, মন্ত্রীসভার সদস্যগণ যে সব জায়গায় এই প্রকল্পের উদ্বোধন করেছে সেখানে বিস্তারিতভাবে আলোচনা করেছেন। সেখানে বড় জোতদারদের তরফ থেকে কিছু আপত্তি আসতে পারে কিন্তু ছোট বা প্রান্তিক চাষী, ক্ষেতমজুরদের পূর্ণাঙ্গ সমর্থন পাওয়া গিয়েছে। স্যার, কমিউনিটি ডেভালাপমেন্ট বা সমষ্টি উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে চাষীরা বা গ্রামের সর্বাঙ্গীণ উন্নতি যেটা আমাদের সরকারের উদ্দেশ্য সেটা নিশ্চয় আমরা ফেলে দিতে পারি না। আমরা বলতে পারি না, সার যখন পাওয়া যাচ্ছে না তখন এরের পরিকল্পনা গ্রহণ করার দরকার নেই।

[5-40—5-50 p.m.]

যেহেতু আজ পর্যন্ত সারা পশ্চিম বাংলার শতকরা ২৭ ভাগ জমিতে আমরা সেচের ব্যবস্থা করতে পেরেছি, কাজেই আর সেচের ব্যবস্থা করবো না, একথা বলতে পারি না। যেহেতু আজ পর্যন্ত পশ্চিম বঙ্গের গ্রাম বাংলায় কতটুকুই বা বিদ্যুৎ আনতে পেরেছি, আর হয়ত আনতে পারবো না, এইভাবে ভেঙ্গে পড়লে চলবে না। সমষ্টী উন্নয়নের যে কার্য্যক্রম কে সুষ্ঠুভাবে এনে একটা সুসংঘবদ্ধভাবে একটা পরিকল্পনা তৈরী করে সি, এ, ডি, পি, করা হয়েছে। কাজেই সে সব ভয়ের কথা, যে সব চিন্তা, আশংকার কথা আমাদের মধ্যে আছে নিশ্চয়ই সেগুলিকে ধীরে ধীরে দূরীভূত করতে হবে। যদি আমরা সুনিশ্চিৎ সেচের

ব্যবস্থা, সুনিশ্চিত সারের ব্যবস্থা এবং সুনিশ্চিত বিদ্যুতের ব্যবস্থা করতে পারি তাহলে নিশ্চয়ই এই সর্বাঙ্গীণ প্রকল্পে পশ্চিমবাংলাকে সুন্দরভাবে গড়ে তুলবো এবং পশ্চিমবাংলায় এই যে বেকারী, এই যে দারিদ্র, এই যে শতকরা ৭০ ভাগ মানুষ যে দারিদ্র সীমার নীচে আছে, সেই ৭০ ভাগ মানুষকে নিশ্চয়ই দারিদ্র সীমার উপরে তুলতে পারবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মধ্যে রাজ্য যোজনা পর্ষদের প্রতিবেদনে দেখতে পাচ্ছি যে ফসলে নিয়োজিত মূলধন যথোচিত সময়ে ফিরে যায়। তার জন্য সমগ্র প্রকল্পে কর্তৃপক্ষ মারফত বিক্রয়ের ব্যবস্থা করতে হবে। এই প্রকল্পে কর্তৃপক্ষ মারফত যদি বিক্রয়ের ব্যবস্থা হয়, সমস্ত চাষীকে যদি এই বাধ্যবাধকতার মধ্যে আনা যায় তাহলে যারা ছোট চাষী, যারা চাষ করার পরে, চাষ হলে সেই ধান বা শষ্য দিয়ে গ্রাসাচ্ছাদন হয় তাহলে তাদের পক্ষে খুব সুবিধা হবে। কাজেই এখানে ফসল কাটার পর তাদের গ্রাসাচ্ছাদনের জন্য ফসল কাটার বা চাষের জন্য যা প্রয়োজনীয় সেটা ব্যবস্থা করতে হবে। সংগে সংগে যাতে যে দেনা বা ঋণ তারা নিয়েছে সেটাও আদায় হয় সেই রকম ব্যবস্থা এর মধ্যে থাকা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মূলধন বিনিয়োগ হয়েছে, আয়ব্যয়ের হিসাবে দেখা যাচ্ছে ডীপ টিউবয়েল-এ বলা হয়েছে যে ঋণের মধ্যে ডীপ টিউবয়েল করা হবে। কিন্তু একটা ডীপ টিউবয়েল স্থাপন করতে প্রায় ১।। লক্ষ টাকা লাগে। তাকে যদি ঋণের মাধ্যমে এনে ডীপ টিউবয়েল স্থাপন করে সেচের ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় এই সি, এ, ডি, পি, প্রকল্পে যারা আসবেন তারা আতংকিত হয়ে উঠবে। কাজেই এই ডীপ টিউবয়েলকে সরকারী ব্যবস্থাপনার মধ্যে রাখা দরকার বলে মনে করি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nirad Kumar Saha :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যে সি, এ, ডি, পি, বিল ১৯৭৪ এনেছেন, আমি তাকে স্বাগত জানাচ্ছি এবং স্বাগত জানিয়ে দু'চারটি কথা বলতে চাই। এর পূর্বে এই বিল নিয়ে এখানে যে আলোচনা হল, তাকে আমাদের কমিউনিস্ট নেতা মাননীয় সদস্য বিশ্বনাথবাবু এর মধ্যে একটা নিরাশার ভাব দেখলেন কিন্তু আমরা সেটা সমর্থন করতে পারি না। এই বিলটাকে তিনি বলেছেন অবাস্তব এবং এটা সম্ভব নয়, আমি বলি একদিন মানুষ যে চাঁদে যাবে সেটা তখন সম্ভব-চিন্তা ছিল না। এক অলীক চিন্তা ছিল, কিন্তু সেই চাঁদে যাওয়া সম্ভব হয়েছে। আর সেখানে আমাদের পল্লীগ্রামে যেখানে অর্থনৈতিক উন্নয়ণের কোন ব্যবস্থা গ্রহণ করেনি, এটা প্রথম একটা সূচনামাত্র এটাকে যদি আমরা আলিঙ্গন না জানাই, এটাকে যদি সমর্থন না জানাই, এর জন্য আমাদের সমস্ত দল, আমাদের যা কিছু ক্ষমতা আছে সেটা নিয়োগ করে সফলকাম করার জন্য এগিয়ে না যাই, শুধু যদি নৈরাজ্য দেখি তাহল আমাদের পল্লীগ্রামের তথা পশ্চিমবাংলার উন্নয়ণ কখনও সম্ভব হবে না। তাই আমি পুনরায় তিনি নৈরাজ্য জানালেও আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি এবং এই বিল যাতে সফলকাম হয় তার জন্য আমরা যারা সদস্য আছি, তারা সকলে প্রাণপণ চেষ্টা করবো। তবে এই বিলের মধ্যে একটা জিনিষ দেখতে পাচ্ছি যে এই বিলকে চালিয়ে নেবার জন্য ম্যানেজমেন্ট-এর জন্য একটা বিরাট ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা একটু কারটেল করলে ভাল হয়। কেননা, ব্লক ডেভলপমেন্ট প্রত্যেক ব্লককে হবে। ১০ হাজার একর জমি এবং সেই ব্লক একটা বিরাট সংস্থা, আমরা যাকে বলি বি, ডি, ও, এবং এই ব্লক ডেভলপমেন্ট-এ যে সমস্ত কর্মচারী আছেন, তারা প্রায় এই বিলের মধ্যে যা যা আছে হাজবেণ্ডারী থেকে আরম্ভ করে এগ্রিকালচারাল ডেভলপমেন্ট সব অফিসার তাতে রয়েছে। কাজেই তাদের জন্য আমরা নিয়োগ করতে পারি একটা স্ক্যালিটন বডি, শুধু গভর্ণমেন্ট-এর সংগে ডাইরেক্টলী কনেকটেড করে যদি আমরা বি, ডি, ও,-এর সংগে স্থাপন করতে পারি এবং সেই স্ক্যালীটন বডির দ্বারা এ্যাজ গাইড এ্যাণ্ড কন্ট্রোল করে তাহলে আমরা যে বিরাট একটা বডি তৈরী করছি তার খরচ থেকে আমরা বাঁচবো। এটা অত্যন্ত ইকনমি হবে এবং সেই টাকাটা ডেভলপমেন্ট-এ খরচ করি তাহলে আমরা এই বিলটাকে ক্যারী আউট করে নিয়ে যেতে পারবো। তা নাহলে হয়ত অসুবিধা হবে। বিলটা টেনে নিয়ে সফলকাম করতে এগিয়ে যাবার চেষ্টা করলে দেখবো, টাকা পয়সার

অনটন দেখা যেতে পারে। আর একটা কথা, এই বিলটা সম্বন্ধে অনেক বন্ধু বলেছেন যে এটা অগণতান্ত্রিক, এবং এই বিষয়ে নানা কথা বলেছেন। আমি ওঁদের এই কথা বলতে চাই যে আমরা তো অনেক গণতান্ত্রিক পদ্ধতিতে কো-অপারেটিভ করলাম, ইলেকটেড বডি করলাম, কিন্তু পশ্চিমবাংলায় কি একটা কো-অপারেটিভকে বাঁচিয়ে রাখা গেল, কেন এটা আমরা করতে পারিনি, এই চিন্তা আজকে আমাদের করার প্রয়োজন আছে। আজকে আমরা ডেমক্রেসি ডেমক্রেসি বলছি এবং আমরা এখানে ডেমক্র্যাটিক পদ্ধতিতে নির্বাচিত হয়ে এসেছি। কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ডেমক্র্যাটিক ওয়েতে পাবলিক সেক্টারগুলো ফেল করছে। তার কারণ আমরা ম্যান পাওয়ার নিয়োগ করতে পারছি না। মানুষের সংগঠনকে যদি আমরা প্রপারলি ইউটিলাইজ করতে পারি তাহলেই এটা সম্ভব হবে। কাজেই এটাকে আপনারা সকলে সমর্থন জানাবেন। আমাদের কৃষিমন্ত্রী এই যে পদক্ষেপ নিয়েছেন, সেটাকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Puranjoy Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে সার্বিক উন্নয়ন বিল উত্থাপন করেছেন, তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে এই বিলটা গ্রামে বিশেষতঃ যে বিপুল সংখ্যক ক্ষেতমজুর অলস হয়ে থাকে, যারা শ্রম বিনিয়োগ করতে পারে না, তারা এই বিলটার মাধ্যমে সুযোগ পাবেন। শিল্পে যেমন মানুষের শ্রম অপব্যয় হয় না, সেইরকম কৃষিতেও এইরকম করার জন্য এই বিলের আবির্ভাব দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটা যদি ঠিকমত কার্য্যকরী করা হয় তাহলে যে সমস্ত গরীব চাষী যারা সারা বছর ঠিকমত তাদের শ্রম বিনিয়োগ করতে পারে না, সেই শতকরা ৮০ ভাগ মানুষ, যারা দারিদ্র সীমার নিচে থাকে, তারা এর দ্বারা একটা আশার আলো দেখতে পাবে। এই বিল সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় শীষ মহম্মদ সাহেব বললেন যে এই বিল বড় লোকের জন্য করা হয়েছে। কিন্তু বিলটা যদি প্রকৃত পক্ষে উপলব্ধি করা যায় তাহলে দেখা যাবে এই ব্যবস্থার মাধ্যমে ৭৫ ভাগ পাবে গরীব চাষী এবং ২৫ ভাগ পাবে জমির মালিক। সুতরাং এখানে বড়লোকেরা পাবে মাত্র ২৫ ভাগ। এখন আইন যা আছে তাতে দেখা যাবে ৫০।৫০ ভাগ ব্যবস্থা আছে, কিন্তু এই আইন কার্য্যকরী হলে তারা নুতনভাবে ৭৫ ভাগ পাবে। এর ফলে বড় লোক আরও বড়লোক হতে পারবে না। এই প্রকল্পের সংগে যে পাঁচটি শিল্পের কথা আছে, সেটা যদি কার্য্যকরী করা যায়, তাহলে সেটার মূল্য হবে অসীম। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে এই বিল সম্বন্ধে যদি সমস্ত মানুষের সহযোগিতা না পাওয়া যায়, তাহলে এই বিল ব্যর্থ হয়ে যাবে। সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে নিবেদন করবো এখানে যে সমস্ত জনপ্রতিনিধি আছেন তাঁরা যদি এখন থেকে তাঁদের অঞ্চলে গিয়ে কৃষকদের কাছে গিয়ে এই জিনিষ সম্পর্কে ভালভাবে বুঝিয়ে না বলতে পারেন এই বিষয়ে উদ্‌বুদ্ধ না করতে পারেন—যার দ্বারা গরীবের কল্যাণ করা যাবে তাহলেই এই বিল আনা সার্থক হবে। সেই জনপ্রতিনিধিদের এখন থেকে লক্ষ্য রাখতে হবে। এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি রাস্তাঘাট, সেচ পরিকল্পনা বিদ্যুৎ, ক্রয়-বিক্রয় কেন্দ্র, কুটীর শিল্প প্রভৃতি নানা বিষয় আছে। কিন্তু সব চেয়ে বড় আশার আলো, যেটা হচ্ছে, ধর্ম গোলা। যার দ্বারা গরীব কৃষকরা অসময়ে সাহায্য পাবেন, এই বিলের মধ্যে আমরা এই জিনিষ দেখতে পাচ্ছি। এই বিলের দ্বারা গরীব চাষী যারা সারা বৎসর ব্যাপী কাজ পায় না, বেকার জীবন যাপন করে, তাদের বেকারত্ব ঘুঁচবে, সেদিক দিয়ে এই বিলের প্রয়োজনীয়তা রয়েছে। তা ছাড়া মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আর একটা নিবেদন করতে চাই, এই বিলের মধ্যে আমরা যা দেখতে পাচ্ছি—এর দ্বারা যদি আমরা উৎপাদন বাড়াতে না পারি তাহলে দেশের উন্নয়ন ব্যাহত হবে। সেইজন্য এই বিলের প্রস্তাবক প্লানিং বোর্ডের সদস্য শ্রীপান্নালাল দাশগুপ্ত মহাশয়কে ধন্যবাদ না জানিয়ে পারছি না, কেননা তিনি যে বিল তৈরী করেছেন এটা গরীবের কল্যাণের বিল, এই বিলের দ্বারা পল্লীবাংলার চেহারা পাল্টে যাবে এবং বৈপ্লবিক পরিবর্তন আসবে। এই কথা বলে সাত্তার সাহেব যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

Shri Nirmal Krishna Sinha :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সি, এ, ডি, পি, বিল মাননীয় কৃষিমন্ত্রী এনেছেন তিনি আশা করেছেন যে এই বিলের দ্বারা গ্রামবাংলার একটা বিরাট পরিবর্তন নিয়ে আসবে বিশেষ করে কৃষিক্ষেত্রে এবং কুটির শিল্পের ক্ষেত্রে। সারা বিলটা মোটামুটি ধারাবাহিক ভাবে পড়েছি, তাতে দেখলাম যে ৫ গুণ সেখানে ফসল বৃদ্ধি হবে। তা ছাড়া যাদের চাষবা থাকবে না তাদের জন্য সি. এ, ডি, পি, বিলে পোলট্রী, পিগারী, সিরি কালচার প্রভৃতি মাধ্যমে সমস্ত বছর গ্রামবাংলার মানুষের কর্মসংস্থানের সংগে সংগে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে একটা পরিবর্তন আনা হবে, এইগুলি খুব সুন্দর কথা এবং এইগুলি তিনি কাগজে কলমে করেছেন। কিন্তু আমাদের আশংকা হচ্ছে যে এই ধনতান্ত্রিক পরিকল্পনার কাঠামোর মধ্যে থেকেও আমলাতান্ত্রিক পরিচালনার মধ্যে থেকে তিনি পরিবর্তন কি করে আনবেন এবং সে সম্বন্ধে আমাদের খুব দৃঢ় সন্দেহ থেকে যাচ্ছে। বিশেষ করে কৃষি উন্নয়নের কথা যেখানে বলা হচ্ছে, মর্ডানাইজেশন অফ এগ্রিকালচারের কথা যেখানে বলা হচ্ছে, অথচ সেখানে জমি যাদের যেমন থাকছে কারো ২ বিঘা, কারো ৩ বিঘা এইভাবে প্লটে বিভক্ত হয়ে জমি থাকছে। আপনার মর্ডানাইজেশন করতে গেলে ট্রাক্টর দিয়ে চাষ করা এবং আরো অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার করার যে সুবিধা সেই সুবিধা আপনি ঐ প্লটে ভাগ করা জমিতে কি করে দেবেন? এইভাবে কি করে যে মর্ডানাইজেশন অফ এগ্রিকালচার হবে সেটা আমাদের ধারনায় আসছে না। তারপর আপনি বলছেন যে, আশা করছি এই ভাবে কৃষি উৎপাদনের উন্নয়ন করে আমরা সমাজতন্ত্রের দিকে ধাপে ধাপে এগিয়ে যাব। গ্রামের মধ্যে জোতদার থাকবে, বড় কৃষক থাকবে, ভাগচাষী থাকবে, বর্গাদার থাকবে, ক্ষেতমজুর থাকবে আর সমাজতন্ত্র আসবে, এই ধনবৈষম্যের মধ্যে দিয়ে এটা কি করে করবেন আমরা বুঝতে পারছি না। এটা অলিক কল্পনা ছাড়া আর কিছু নয়। বিবেকানন্দের বই-এ পড়েছিলাম 'পাওহাড়ী বাবা' বলে একজন সাধু ছিলেন, তিনি গুহার মধ্যে হিংস্র জন্তুদের সাথে থাকতেন তিনি সেটা যোগবলে পারতেন। কিন্তু সাত্তার সাহেব এই সমস্ত কাঠামো বজায় রেখে সমাজতন্ত্রের দিকে কি করে এগিয়ে যাবেন? সমাজতন্ত্রের প্রথম কথা হচ্ছে উৎপাদন ব্যবস্থাকে সরকারী নিয়ন্ত্রণে আনা এবং কি চাষের ক্ষেত্রে, কি উৎপাদনের অন্য ক্ষেত্রে যে বিরাট ধনবৈষম্য রয়েছে সেই ধনবৈষম্যকে দূর করতে হবে। তা নাহলে এইভাবে সমাজতন্ত্র আসে না। আজকে আপনাদের যে ক্ষমতা আছে, যেটা আপনি বললেন যে সেই ক্ষমতার মাধ্যমে শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক সমাজবাদের দিকে অগ্রসর হচ্ছি। সুতরাং আজকে দেশের খাদ্য সংকটকে দূর করতে গেলে কৃষি ক্ষেত্রে নজর না দিলে পারা যাবে না। কিন্তু উৎপাদন বাড়ালে তার ফল যদি বড় বড় মালিকরা ভোগ করে তাহলে কি হবে, যেটা আজকে হরিয়ানা, পাঞ্জাবে হচ্ছে। এটা কোন তত্ত্ব কথা নয়, পশ্চিমবাংলায় কি দেখছি, যদিও ২।১ জায়গায় দুটো তিনটে ফসল হচ্ছে এবং এর ফলে পশ্চিমবাংলায় আগে কি ছিল গ্রামে ২।১টি পাকা বাড়ী ছিল, কিন্তু এখন দেখছি সেখানে ২।৩টি ফসল হওয়ায় এক এক জায়গায় ১৫।২০টি পাকা বাড়ী হচ্ছে, আর যেখানে সরকার নিজেই স্বীকার করছেন যে গ্রামের ৭০ ভাগ মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছেন। আজকে অবস্থা এই হচ্ছে

এখানে ইনটেনসিভ কালটিভেসান-এর জন্য প্রচুর অর্থের যোগান দেবেন, কারিগরী সাহায্য দেবেন। কিন্তু এরকম বড় বড় ও মাঝারী জমির মালিকরা ভোগ করবেন। কলগ্রাম বলে একটা জায়গা আছে মুসলমানপ্রধান জায়গা সেখানে তারা পাম্প এনেছে। স্প্রে মেসিন এনেছে। কিন্তু সামগ্রিকভাবে হচ্ছে যে সাধারণ মানুষ গরীব থেকে আরও গরীব হচ্ছে। বর্গাদার আইন পাশ হবার পর বীরভূমের কথা বলতে পারি যে সেখানে শতকরা ৯০ ভাগ কৃষক বর্গা উচ্ছেদ হয়ে গেছে। তারা রেকর্ড করতে পারেনি এবং তারা ক্ষেত-মজুরে পরিণত হয়েছে। তাদের মাইনে বৃদ্ধি কিভাবে করবেন জানি না? কিন্তু এতে তাদের উৎপাদনের ব্যয় প্রচণ্ডভাবে বেড়ে যাবে। এর উপর প্রজেক্ট ডাইরেক্টর থাকবেন তাঁর মাইনে, টাকার সুদ ইত্যাদি দিতে হবে। এই খরচ বড় বড় জোতদাররা দিতে পারবেন। ছোট ছোট কৃষকরা দিতে পারবেন না। উৎপাদনের খরচ যদি বেশী হয় তাহলে কিছুই হবে না। প্রজেক্ট ডাইরেক্টর যিনি হবেন তিনিই সর্বময় কর্তা হবেন

এবং তিনি যা করবেন তাই হবে। উন্নয়নের জন্য তিনিই সব কিছু করবেন। এই অবস্থায় তাঁর ক্ষমতা যদি কারটেল না করতে পারেন তাহলে গ্রামের মধ্যে বিক্ষোভ দেখা দেবে। এ্যাডভাইসারি কমিটি যা গঠন করেছেন তাকে তাঁর কথামত চলতে হবে। এই এডভাইসরি কাউনসিল গ্রামের লোক এবং বি,ডি,ও-কে নিয়ে হবে। কিন্তু তাদের মতের মূল্য হবে না, প্রজেক্ট ডাইরেক্টর-এর মতই শেষ হবে। তিনি হয়ত একজন আই,এ,এস পর্যায়ের হবেন। সুতরাং প্রোজেক্ট ডাইরেক্টর-এর কথাটা একটু চিন্তা করতে হবে। আজ সি,এ,ডি,পি বিল এক একটা থানায় আরম্ভ করছেন এক্সপিরিমেন্টাল বেসিস-এ। কারণ আপনারা এ বিষয়ে খুব এ্যাসিওর হতে পারছেন না। প্রত্যেকটা ব্লকে-এ হতে পারে। জায়গা দেখতে হবে, ইরিগেসান-এর ব্যবস্থা আছে সে সব জায়গা চয়েস করা হতে পারে। গ্রামবাংলার একটা আমূল পরিবর্তন আসবে, সমাজতান্ত্রিক দিকে যেতে পারে এই আশা ব্যক্ত করেছেন তা বলে আরও বেশী করে যদি করতেন তাহলে ভাল হোত। এক্সপেরিমেনটাল বেসিস-এ দেখে যদি কৃতকার্য্য হন তাহলে আরও করবেন। কিন্তু সমাজতান্ত্রিক ব্যবস্থা এক্সপেরিমেনটাল স্টেজ-এ কোথায় হয়েছে? এক্সপেরিমেনটাল এক সময় ছিল তখন whether it is utopian or practical আজ সমাজতান্ত্রিক ব্যবস্থা বিভিন্ন দেশে বিভিন্নভাবে হবে। সেদিকটা হিংসার পথে হবে কি অহিংস হবে আলাদা কথা। যাহোক আলো জ্বলে উঠেছে বলে মন্ত্রিমহাশয়কে অনুরোধ, করব যতই আশা করুন যে সমস্ত বাধাবিঘ্ন তাতে এই ধনতান্ত্রিক কাঠামোর মধ্য দিয়ে এই যে প্রোজেক্ট তৈরী করছেন তা বাস্তবের আঘাতেই ভেঙ্গে যাবে এই আশঙ্কা করে আমি শেষ করছি।

[6-00—6-10 p.m.]

Shri Sankar Ghose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভার সামনে যে সি,এ,ডি,পি বিল এসেছে এই বিল রূপায়নের ফলে কৃষিতে একটা বিরাট পরিবর্তন আসবে এবং সামগ্রিকভাবে আমাদের গ্রামীণ অর্থনীতি পরিবর্তিত হয়ে যাবে। এই বিল যদি আমরা ঠিকভাবে নিষ্ঠার সাথে রূপায়িত করতে পারি তবে এটা আমাদের দেশে একটা যুগান্তকারী পরিবর্তন আনতে পারে। এই বিল পশ্চিমবঙ্গে রূপায়িত করলে আমার দৃঢ় বিশ্বাস সারা ভারতবর্ষে এই চিন্তাধারা ছড়িয়ে পড়বে। এই বিল নতুন ধরণের বিল এবং এই সভায় যত বিল এসেছে তার ভেতর এটা একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিল। এই বিল সম্বন্ধে আলোচনা হবে। আলোচনা হবে এটাই ঠিক, কেননা, এতবড় পরিবর্তন আমরা আনব না বিধানসভার সমস্ত সদস্যদের মতামত না শুনে। এই বিল সম্বন্ধে কেউ বলেছেন যে এটা আমাদের কালেক্টিভাইজেসানের দিকে নিয়ে যাবে, কেউ বলেছেন এটা আমাদের ক্যাপিটালিজমের দিকে নিয়ে যাবে। এটাই স্বাভাবিক, কারণ, এই বিল কোন বিশেষ মতবাদের ভিত্তিতে গড়ে উঠেনি। এই যে পরস্পর বিরোধী সমালোচনা হচ্ছে – কেউ বলছেন এই বিলে কালেক্টিভাইজেসান হবে, কেউ বলছেন এই বিলে ক্যাপিটালিজম হবে, এটার কারণ এই বিল কোন মতবাদ থেকে গড়ে উঠেনি, এই বিল আমাদের দেশ থেকে গড়ে উঠেছে, এটা সম্পূর্ণ দেশজ একটা প্রোগ্রাম, কিন্তু সম্পূর্ণ আধুনিক প্রোগ্রাম। এই বিলের মাধ্যমে কালেক্টিভাইজেসান হবে না, এই বিলের মাধ্যমে ক্যাপিটালিজম হবে না, এই বিলের একমাত্র পথ নন-ক্যাপিটালিস্ট পাথ অব ডেভেলপমেন্ট। এই বিল সমাজতন্ত্র আনবে না, কিন্তু এটা সমাজতন্ত্রের পথে একটা বিরাট পদক্ষেপ। এই নন-ক্যাপিটালিস্ট পাথ অব ডেভেলপমেন্ট যেটা সমস্ত গ্রামীণ অর্থনীতিতে পরিবর্তন আনবে টোটাল রুরাল ট্রান্সফর্মেসান করবে। এই বিল আগে সম্ভব ছিল না যখন কেবল শহর সম্বন্ধে চিন্তা ছিল। যখন প্ল্যান সিটি সেন্টার্ড ছিল তখন এই বিলের চিন্তা হতে পারত না। আমরা এই বিলের মাধ্যমে গ্রামের উপর গুরুত্ব দিয়ে কৃষির উপর গুরুত্ব দিয়েছি। আমাদের যে চিরাচরিত কৃষি তার উপর গুরুত্ব দিয়েছি কিন্তু এই বিল বলছে না আমাদের চিরাচরিত কৃষি সেই চিরাচরিতভাবে কৃষিকে চালনা করতে হবে; সেটা যদি করি তবে কিন্তু এই বিলের উদ্দেশ্য সফল হবে না। এই বিল বলছে আমাদের যে শহরমুখী পরিকল্পনা সেটা পরিত্যাগ করতে হবে, গ্রামের চিরাচরিত কৃষির উপর জোর দিতে হবে কিন্তু চিরাচরিত পদ্ধতিতে নয়, নতুন পদ্ধতিতে। আমাদের

কৃষির সাথে বিজ্ঞানের প্রযুক্তিবিদ্যাকে মেশাতে হবে। বিজ্ঞানের প্রযুক্তিবিদ্যার মাধ্যমে যে সমস্ত নতুন আবিষ্কার হয়েছে তা এই বিলের ভেতর সংযোজিত করা হয়েছে। এই বিল হতে পারত না যদি না আমাদের পরিকল্পনার ক্ষেত্রে এই শহর কেন্দ্রীক চিন্তাধারা পরিত্যাগ করতাম। এই বিল রূপায়িত হতে পারত না যদি কৃষিতে বিজ্ঞান এবং প্রযুক্তিবিদ্যা মেশান হত, যদি ব্যাংক জাতীয়করণ না হত। কারণ, এই বিলের মাধ্যমে ব্যাংকের যে বিরাট পুঁজি সেটা আমরা কৃষি কান্ডে নিয়োগ করতে চাই।

একথা বলা হয়েছে যে, এই বিলের মাধ্যমে আমরা একটা অঞ্চলের উপকার করতে চাই। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই বিলের মাধ্যমে আমরা একটা অঞ্চলের মানুষকে সে ধনী হোক, মাঝারি কৃষক হোক বা ছোট কৃষক হোক সকলকে সুবিধা দিতে চাই। আপনাদের একটা কথা বলতে চাই এটা সর্বতঃ দৃষ্টিভঙ্গী নয়। এখানে আর একটা কথা বলা হয়েছে এর মধ্য দিয়ে পুঁজিপতি সৃষ্টি করা হচ্ছে এবং একথাও বলা হয়েছে আমরা যে সুযোগ দিচ্ছি তাতে অন্যান্য এলাকা বঞ্চিত হবে। আমি মনে করি একথা ঠিক নয়। আমরা চাইছি কৃষক যেটা নিজে করতে পারে না বা একা করতে পারে না সেটা আমরা করব কৃষকদের সহযোগিতা নিয়ে। অর্থাৎ তাদের চেষ্টায়, তাদের সমবায়িক প্রচেষ্টায় এবং সরকারী সাহায্যে আমরা এটা করব। একথা ঠিক নয় যে, এই পরিকল্পনার মাধ্যমে যদি গ্রামে অর্থ লগ্নী না করি তাহলে অন্যভাবে সেটা করা যাবে না। ব্যাংকের যে বিরাট অর্থ রয়েছে সেটা ব্যাংক রাষ্ট্রীয়করণের পর ঠিক হয়েছে ব্যাংকের সেই অর্থ ক্ষুদ্র শিল্পে যাবে। সেটাকে যদি বাস্তবায়িত করতে চাই তাহলে এই জাতীয় প্রকল্পের মাধ্যমে সেটাকে বাস্তবে রূপ দিতে পারব। ব্যাংকের টাকা জনসাধারণের, ব্যাংকের টাকা ডিপো-জিটরের কাজেই সেটা যাতে নষ্ট না হয় সেটা আমাদের দেখতে হবে। এই টাকা ব্যবহার করবার সময় আমাদের দেখতে হবে কৃষিতে এখন যেখানে স্ট্যাগনেনসী আছে, যেখানে অলাভজনক কৃষি আছে সেখানে যাতে আমরা লাভ করতে পারি। আমরা এতদিন পর্যন্ত সেটা করতে পারিনি তার কারণ হচ্ছে সেটা অত্যন্ত বিচ্ছিন্নভাবে হয়েছে, পিসমিলভাবে হয়েছে। নূতন প্ল্যানিং-এ নূতন চিন্তাধারা হয়েছে কাজেই এখন আমাদের সমগ্র এলাকা নিয়ে চেষ্টা করতে হবে। সরকার একটা শাখা রাস্তা তৈরী করছে, একটা শাখা বিদ্যুৎ দিচ্ছে কাজেই তারা বিচ্ছিন্নভাবে কাজ করছে এটা চিন্তা করলে হবে না। আমাদের উন্নয়ন কার্যের জন্য যে বিরাট মূলধনের প্রয়োজন সেটা আমরা কোথায় পাব? আমরা যদি সমস্ত এলাকার উন্নতি করতে না পারি তাহলে কি আমরা ছোট কৃষক এবং মাঝারি কৃষকদের উৎসাহিত করতে পারব? আমরা যদি উৎপাদন শক্তি বৃদ্ধি করতে না পারি তাহলে সেটা লাভজনক হবে না এবং ব্যাংকের কাছে লোক আসবে না। কাজেই আমরা একদিকে উৎপাদন বৃদ্ধি করতে চাই এবং অন্যদিকে ব্যাংকের যে বিরাট মূলধন রয়েছে সেটাকে প্রয়োগ করতে চাই। একটা গ্রামে বিদ্যুৎ নিতে আগে ৪৫ হাজার টাকা লাগত, এখন সেখানে ৫০ হাজার টাকা লাগে। এখন কথা হল, আজকে যদি বড়লোকরাই সেই বিদ্যুৎ পায়, তাদের পাম্প সেট শুধু চালু হয় তাহলে দেশের দিক থেকে বলতে হয় এই যে বিদ্যুতের জন্য ৫০ হাজার টাকা ব্যয় হল সেটা জলে গেল কারণ তার থেকে আমরা কিছু রিটার্ন পেলাম না। কিন্তু আমরা যে বিদ্যুৎ নেব সেটা বড় চাষী ব্যবহার করতে পারবে, মাঝারি চাষী ব্যবহার করতে পারবে এবং ছোট চাষীও ব্যবহার করতে পারবে। মনে করুন যদি কেউ একটা গভী নলকূপ বা অগভীর নলকূপ নেয় তাহলে সে সেটা ছোট চাষীকে দেবে না। কিন্তু আমরা বলছি এটা দেশের নলকূপ কাজেই তার চারিপাশে যত চাষী আছে বিশেষ করে যারা মাঝারী চাষী আছে তারা সকলেই এটা ব্যবহার করতে পারবে। অর্থাৎ আমরা বলছি ফুল ইউটিলাইজেসন হবে, টোট্যাল ইউটিলাইজেসান হবে, আন্ডার ইউটিলাইজেসান হবে না। মনে করুন কোথাও কেউ একটা নলকূপ বসিয়েছে কিন্তু তার সৎব্যবহার হচ্ছে না কিন্তু এই আঞ্চলিক পরিকল্পনার মাধ্যমে যেটা হবে তাতে সমস্ত রকম চাষী বিশেষ করে মাঝারী চাষী সকলেই সেখান থেকে সুবিধা পাবে। বিদ্যুৎ সেটা গেল সেটা সকলেই পাবে এবং তান ফলে কৃষিতে উৎপাদন হবে এবং সেটা যদি হয় তালে ব্যাংক যে টাকা লগ্নী করেছে সেটা আরও বেড়ে যাবে। আমরা এই বিলের মাধ্যমে উৎপাদন শক্তি বাড়াতে চাচ্ছি।

[6-10—6-20 p.m.]

আমরা জোরটা কোথায় দিয়েছি—আমরা জোর দিয়েছি প্রোডাকশানের উপর, অনেকে বলেছেন যে আমাদের এটাতে সামাজিক সাম্য থাকছে না, সোসাল জাসটিস থাকছে না, আমরা ডিসট্রিবিউশানের চিন্তা করছি না। আমরা ডিসট্রিবিউশান দেখছি ঠিকই কিন্তু আমরা প্রথম জোর দিয়েছি প্রডাকশানের উপর। এটিতে বহু পুরাতন তর্ক রয়েছে, সমাজতান্ত্রিক চিন্তাধারার মধ্যে তর্ক রয়েছে যে কোথা থেকে সুরু করব—ডিসট্রিবিউশান থেকে সুরু করব, না প্রডাকশান থেকে সুরু করব। যাদের ইটোপিয়ান সোসালিষ্ট বলা হয় তারা ডিসট্রিবিউশান থেকে আরম্ভ করেছে, যা আছে বন্টন থেকে সুরু করেছে, যা আছে তা তো পর্য্যাপ্ত পরিমাণে নেই—আছে শুধু দারিদ্র সেটাই কি বন্টন করব? বন্টন তো নিশ্চয়ই করতে হবে। কিন্তু সমাজতন্ত্র মানে এই নয় যে দারিদ্রকে বন্টন করছি। সমাজতন্ত্র মানে যে সম্পদটাকে সৃষ্টি করছি এবং সমাজে বন্টন করছি। এই চিন্তাধারাই তো মার্কেস-এর ছিল। মার্কসের সাথে উটোপিয়ান সোসালিষ্টদের সঙ্গে বিতর্ক ছিল, মূল বিতর্ক এখানেই ছিল যে আমরা ডিসট্রিবিউশান থেকে আরম্ভ করব না, প্রডাকশান থেকে আরম্ভ করব। প্রডাকশান আমরা বাড়াবো—ফিউডালিজম একটা স্তরে উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছিল, তারপরে উৎপাদন বাড়াবার শক্তিতে একটা বাধা হয়েছিল। তারপর ক্যাপিটালিজম এল—ফিউডালিজম-এ যে বাধা দিচ্ছিল ক্যাপিটালিজম-এ সেই বাধাকে দূর করে আরও উৎপাদনকে এগিয়ে নিয়ে গেল। আজকে আমাদের গ্রামে আধা সামন্ত-তান্ত্রিক হাফ্ ফিউডালিষ্টিক আর আধা ধনতান্ত্রিক হাফ্ ক্যাপিটালিজম-এর প্রভাব রয়েছে। সুতরাং আধা ধনতান্ত্রিক আধা সামন্ততান্ত্রিক অবস্থা আমাদের প্রডাকশান ফোর্সকে বাধা দিয়ে রেখেছে। আমাদের প্রডাকশানকে যদি রিলিজ করতে হয়, যদি সত্যিকারের সমাজতন্ত্র আনতে হয় তবে আমাদের গ্রামের ভিতরে ছোট মাঝারী বর্গাদার ক্ষেতমজুর তাদের ভিতরে যে উৎপাদন শক্তি রয়েছে তাদের ভিতরে ল্যাটেন্ট ক্রিয়েটিভ এ্যান্ড প্রডাকটিভ ফোর্সেস তাকে রিলিজ করতে হবে, মুক্ত করতে হবে। সেইটা হচ্ছে সমাজতন্ত্রের মূল কথা। আমরা বলতে পারি যা আছে আমরা বন্টন করে দিলাম, আমরা ডিসট্রিবিউশানের দিকে দেখলাম—কেবলমাত্র যদি বন্টন ব্যবস্থার দিকে দেখি তবে সমাজতন্ত্র প্রতিষ্ঠা হতে পারে না। এটাইতো মূল তর্ক ছিল ইউটোপিয়ান সোসালিষ্টদের সাথে। সুতরাং আজকে আমরা যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিলটি এনেছি, আমরা জেনেছি যে আমরা যদি গ্রামের উৎপাদন বৃদ্ধি না করতে পারি, উৎপাদন শক্তির বৃদ্ধি না করতে পারি তাহলে আমরা এই গ্রামীণ দারিদ্র কেবলমাত্র বন্টন ব্যাপার-এর মাধ্যমে সমাধান করতে পারব না। গ্রামীণ দারিদ্র দূর করতে গেলে আমাদের কি দরকার—আমাদের এরিয়া কনসেপ্ট দরকার, রিজিওন্যাল কনসেপ্ট দরকার, এবং সামগ্রিক দৃষ্টিভঙ্গী দরকার যেটা পিসমিল প্ল্যানিং নয় সেকট্রোরাল প্ল্যানিং নয়, ডিপার্টমেন্টাল প্ল্যানিং নয়, তার পরিবর্তে আমরা এই প্ল্যানটা নিয়েছি। আরেকটা জিনিষ আমরা ব্যাংকের মূলধন নিচ্ছি, সেই ব্যাংকের মূলধন আজকে গ্রামে ব্যবহৃত হচ্ছে না, অনত্র চলে যাচ্ছে, হয়ত মহারাষ্ট্রে চলে যাচ্ছে অন্ধ্রেতে চলে যাচ্ছে। যে টাকা ব্যাংকে জমা হচ্ছে যে টাকা পশ্চিমবঙ্গে বিনিয়োগ হচ্ছে না। মহারাষ্ট্রের চাষে যে টাকা লগ্নী হচ্ছে যে টাকা পশ্চিমবাংলায় লগ্নী হচ্ছে না। সেটা করবার জন্য কতক-গুলি অর্থনৈতিক ব্যবস্থা নিতে হবে। আমরা ব্যাংকের উপর চাপ সৃষ্টি করতে পারি, বক্তৃতা করতে পারি, কিন্তু একটা জিনিষ আছে সেটা কপা দরকার—আমাদের ইকনমিক ইনফ্রাষ্টাকচার দরকার, একটা রিসিভিং এন্ড দরকার যেখান থেকে আমরা ব্যাংকে প্রপোজাল দিতে পারব। যে প্রপোজাল দিলে উৎপাদন শক্তি বাড়িয়ে ব্যাংকের ঋণ শোধ করে চাষীর অবস্থার উন্নতি করতে পারি। এই দৃষ্টিভঙ্গী থেকে এই বিল আনা হয়েছে। এটা নয় যে তিন কোটী টাকা যদি একটী প্রকল্পে ব্যবহৃত হয়—এই তিন কোটী ব্যাংক দিচ্ছে না—কেন দিচ্ছে না কারণ ব্যাংক যদি সেই টাকা লগ্নী করে তাহলে সেখানে সেটী লাভজনক হবে না। কেন একজন ছোট কৃষক, মাঝারী কৃষক বর্গাদার সে বৃহৎ ব্যাংক থেকে টাকা সে বরো করতে পারে না। সে বিদ্যুৎ আনতে পারে না। আমরা সায়েনটিফিক এ্যাগ্রিকালচার-এর কথা বলছি, বিজ্ঞানভিত্তিক কৃষির কথা বলছি তাতে কৃষিবিজ্ঞানী দরকার হবে। একজন ছোট কৃষক কি একজন কৃষিবিজ্ঞানী হতে পারে? একজন ছোট কৃষক কি বড় ব্যাংকের জামীন হতে পারে? কিন্তু যে ওয়ারহাউসের কথা আমরা বলছি

তাতে একজন কৃষক তার শস্যটা জমা রাখতে পারে। সেই ওয়্যারহাউস কি একজন কৃষক করতে পারে? সেইজন্য ইনফ্রাকস্টাকচার না হলে তার মালটা বাজারে নিতে পারবে না। সুতরাং সেটা করবার জন্য সমস্ত মানুষের মিলিত হতে হবে। সুতরাং এখানে বলা হচ্ছে ধনতান্ত্রিক ব্যবস্থা আসছে—কোথায় ধনতান্ত্রিক ব্যবস্থা—এই ব্যাংক-এর বিরাট টাকা লগ্নী হবে এটা কি টাটা বিড়লার টাকা এটা কি ধনিকের টাকা, এটা কি মজুতদারের টাকা? কিন্তু এখন কি অবস্থা? বর্ত্তমান অবস্থা, এখন আমাদের কৃষির কি অবস্থা—আমাদের গ্রামের যে জোতদার, সে চায় না কৃষির আধুনিকীকরণ হউক।

সে চায় না এই কারণে যে আধুনিকীকরণ হলে দরিদ্র চাষী, ছোট চাষী, মাঝারী চাষী, বর্গাদারের আয় বৃদ্ধি হবে। তখন সে জোতদার, মহাজনের কাছে ঋণ নিতে যাবেনা, সুদখোরদের কাছে আর ঋণ নিতে চাইবে না। সে ব্যাংকের কাছে চাইবে, তার শক্তি হয়ে যাবে। তাই জোতদার আধুনিকীকরণ চাইছে না। কিন্তু হরিয়াণায় হয়েছে, পাঞ্জাবে হয়েছে, কিন্তু বাংলাদেশের কৃষিক্ষেত্রে এই কারণেই হয়নি। কারণ আধুনিকীকরণ করলে জোতদারের যে লাভ হবে, তারা সুদখোর মহাজন হিসাবে তার চেয়ে বেশী লাভ করবে। সুতরাং এই অবস্থার পরিবর্ত্তন করতে হবে। কেবল আইন পাশ করেই হয় না। আমরা আইন পাশ করেছি, সিলিং ল, এটা সব চেয়ে প্রগতিশীল সিলিং ল, কিন্তু অন্য রাজ্যে আমাদের রাজ্যের চেয়ে আরও বেশী কার্য্যকরী হয়েছে। কেন? অনেক ফাঁকি রয়েছে। বিধানসভায় বক্তৃতা করে ফাঁকি রোধ করতে পারি না। ফাঁকি রোধ করতে গেলে আর্থিক ভিত্তি স্থাপন করতে হবে, কতকগুলি ইকনমিক কন্ডিশন স্থাপন করতে হবে, আমাদের এমন অবস্থার সৃষ্টি করতে হবে যাতে বর্গাদাররা নাম লেখায়। আজকে তারা বর্গাদাররা নাম লেখাচ্ছে না, ভয় পাচ্ছে, ভাবছে—আমি যদি নাম লেখাই, তাহলে আমাকে ধার দেবে না, যে জোতদার তেজারতি ব্যবসা করে সে আমাকে ধার দেবেনা। আমরা যদি তার আর্থিক অবস্থার উন্নতি করতে না পারি যে ছোট চাষী, প্রান্তিক চাষী, তার আর্থিক দুরবস্থা যদি দূর না করতে পারি, বর্গাদার হিসাবে সে নাম লেখাবে না। ল্যান্ড রিফর্মস বিল কার্য্যকরী করতে পারবে না। সুতরাং এই বিলের মধ্যে আমরা চাইছি আঞ্চলিক পরিকল্পনার মাধ্যমে ব্যাংক-প্রপোজালের মাধ্যমে, ছোট চাষী, বর্গাদার, ক্ষেতমজুরের আয় এই রকম বৃদ্ধি করব যাতে করে তারা জোতদারের কাছে ঋণের জন্য যাবে না, মহাজনের কাছে চড়া হারে ঋণ নিতে যাবে না, ব্যাংকের কাছে ঋণ নিতে যাবে এই বন্দোবস্ত করতে চাই। এটা ধনতান্ত্রিক চিন্তার অনুপ্রবেশ নয়। এটা হচ্ছে নন-ক্যাপিটালিস্টিক পাথ, এই কাজ অধনতান্ত্রিক। এই পথে হরিয়াণায় এবং পাঞ্জাবে কৃষির উন্নতি হয়েছে, সবুজ বিপ্লব হয়েছে আধুনিকীকরণের মাধ্যমে। এই বিলের মধ্যে অধনতান্ত্রিক পথ আছে, পূর্ণ সমাজতন্ত্র নয়, আধাআধি পথ আছে, কিন্তু তাতে উৎপাদন শক্তি বৃদ্ধি হবে, ছোট চাষী, মাঝারী চাষী এবং প্রান্তিক চাষীর যে ইকনমিক বেসিস তা আরও শক্ত এবং মজবুত হবে। গ্রামে ছোট কৃষকের সমবায় কেন হয় না? সমবায় হলে ভাল একথা বলে লাভ হয় না, তার কারণ নিজের পায়ে যদি দাঁড়াবার শক্তি না থাকে, যদি তাদের আয় না থাকে তাহলে হবে না, আমরা যা করতে চাইছি এই পথে তা কার্য্যকরী হবে। বর্গাদার উচ্ছেদের জন্য হাইকোর্টে ২২৬ ধারায় মামলা করে দিয়েছে, হাইকোর্ট সেই মামলা ঝুলিয়ে রেখেছে এক বছর ধরে বর্গাদার ক্ষতিগ্রস্ত হবে। কেন এই মামলা? কেন জনমত এ সম্বন্ধে গড়ে উঠছে না গ্রামে? এই মামলা, অন্যায় মামলা হবে না যদি গ্রামে জনমত গড়ে উঠে তারজন্য গ্রামে কৃষকের সংগঠন দরকার, সেই সমবায় সম্ভব হবে, ইকনমিক বেসিস সৃষ্টির জন্য পার্চেজিং পাওয়ার বৃদ্ধি করতে হবে। এই আঞ্চলিক মাধ্যমে ২।৩টি ফসল ফলাতে হবে, উচ্চ ফলনশীল বীজের মাধ্যমে রোজগার তাদের দুগুণ, তিন গুণ, চার গুণ হবে, তারা নিজের পায়ে দাঁড়াবে, কৃষক-সংগঠন হবে, গ্রামে সমবায় হবে, গ্রামে জনমত গড়ে উঠবে এবং জনমনের চাপ সৃষ্টি হবে। আর এই ধরণের মামলা হতে পারবে না।

[6-20—6-30 p.m.]

আজকে আমরা কেন করছি? এটা অধনতান্ত্রিক পথ—নন-ক্যাপিটালিস্টিক পথ—এটা পুঁজিবাদী প্রদেশ হবে না—আমি বলছি এই কারণে এই যে আমাদের সিলিং লজ আছে

এই সিলিং লজ কার্য্যকর হচ্ছে না। জমিচোররা জমি লুকিয়ে রাখছে। এখন এই আঞ্চলিক পরিকল্পনার মাধ্যমে একটা অঞ্চলে যত জমি আছে তার পুঙখানুপুঙখ সমস্ত হিসেবটা হয়ে যাবে কে জমি লুকিয়ে রাখছে না রাখছে। এখন এই আইন চালু হবার পরে আর কোন গ্রামে কেউ জমি লুকিয়ে রাখতে পারবে না জমি চোর সব ধরা পড়বে। সুতরাং এই সিলিংকে আমরা কার্য্যকর করতে পারবো এবং ভূমিহীন কৃষককে আমরা জমি দিতে পারবো। আর ভাগচাষী বর্গাদার জমি থেকে উচ্ছেদ হবে না। তার ইকনমিক বেস শক্তিশালী হবে। সুতরাং তাদের উচ্ছেদ আর সম্ভব হবে না। এই পথে আমাদের চলতে হবে। ধনিক আরো ধনী হবে কিংবা যারা বড় চাষী আছে তাদের জন্য আমাদের সিলিং আইন আছে। সেই সিলিং আইন যদি প্রয়োজনমত আরো পরিবর্তন করা হয় পশ্চিমবঙ্গের সিলিং আইন ভারতবর্ষের মধ্যে সর্বাপেক্ষা প্রগতিশীল—১২ একর সেচ এলাকায় এবং ১৭ একর সেচ বহির্ভূত এলাকাতে এই হচ্ছে তার সিলিং। এই আইন হতে পারে—আমরা কী করছি? আমরা সি, এ, ডি, পি'র মাধ্যমে যাতে বর্তমান এই যে সিলিং আইন আছে এটাকে আমরা সম্পূর্ণভাবে বর্তমানে বাস্তবায়িত করতে পারছি না। কারণ গ্রামে এই আইনে যারা সুবিধা পাবে, তারা এত দূর্বল যে আইনটা কার্য্যকর আমরা করতে পারছি না। এই সি, এ, ডি, পি'-র মাধ্যমে তাদের ভেতর শক্তি সঞ্চার করে দেওয়া হবে, তাদের ইকনমিক বেসটা শক্ত করে দেওয়া হবে যাতে এই আইন আমরা চালু করতে পারবো।

আর একটা কথা বলা হয়েছে যে এটা ক্যাপিটালিজম-এর দিকে চলে যাচ্ছে। আর একটা বলা হচ্ছে এটা কালেকটিভাইজেশন-এর দিকে চলে যাচ্ছে। আমি আগেই বলেছি এটা খুবই স্বাভাবিক—এটা কোন রিজিড ক্যাপিটালিজম কিংবা সোসালিজম-এর পরিকল্পনা থেকে এই ডকট্রিনায়া-এর পরিকল্পনা ওঠেছে। এই পরিকল্পনার ভেতরে যে চিন্তাধারা, এটা গণতান্ত্রিক সমাজবাদের চিন্তাধারা এবং এটা দেশজ চিন্তাধারা; এটা জীবন থেকে গড়ে ওঠা চিন্তাধারা। বই থেকে এই চিন্তাধারা এখানে আসেনি। এই যে গড়ে ওঠা চিন্তাধারা এটা ভারতবর্ষের বিশেষ পরিস্থিতিকে পশ্চিমবঙ্গের বিশেষ পরিস্থিতিতে যেখানে বেশীরভাগ চাষী ছোট চাষী, ক্ষেত মজুর, বর্গাদার, সেই পরিস্থিতিতে তাদের শক্তি কি করে বাড়ানো যায়, তাদের উৎপাদন শক্তি কি করে বাড়ানো যায়। সাইন্টিফিক সোসালিজিম-এর যে মূল লক্ষ্য উৎপাদন যাতে বাড়ানো যায় এবং উৎপাদন বাড়িয়ে যারা ছোট দরিদ্র চাষী তাদের উৎপাদন বাড়লে একই সাথে বোথ্ প্রোডাকটিভ প্রসেস্ এ্যাণ্ড ডিসট্রিবিউটিভ প্রসেস্ একই সাথে আমরা উৎপাদন বাড়াচ্ছি, প্রোডাকশন বাড়াচ্ছি; আর একদিকেও যাদের উৎপাদন বাড়াচ্ছি, তারা যেখানে এত দরিদ্র মানুষ, তাদের ডিসট্রিবিউশন-এর দিকেও আমরা দেখছি যেটা সত্যিকারের জিনিষ হতে পারে—শুধু দারিদ্র্যের বন্টন নয়, এটা সম্পদেরও সৃষ্টি সেই সোসালিজম-এর মধ্যে রয়েছে। আর একটা যেটা বলা হয়েছে, না, এর ভিতর কালেকটিভাইজেশন আছে। কিন্তু কালেকটিভাইজেশন-এর মধ্যে আসছে না। ভারতবর্ষের যে চিন্তাধারা, কংগ্রেসের যে চিন্তাধারা, ভারতবর্ষে যা বার বার বলা হয়েছে যে আমরা দরিদ্র চাষী, ক্ষুদ্র চাষী তাকেও আমরা উৎখাৎ করতে চাই না। আমরা স্টেট ক্যাপিটালিজিম আনতে চাই না, আমরা কলেকটিভাইজেশনও আনতে চাই না। কিন্তু আমরা সমাজতন্ত্র আনতে চাই এবং আমাদের এই সমাজতন্ত্রের মূলস্তম্ভ হবে ছোট মানুষ, ছোট চাষী, দরিদ্র চাষী, বর্গাদার, যারা জমির অধিকার পাবে, শস্যের অধিকার পাবে, যারা এই সমাজতন্ত্রের ভিৎ হবে। কিন্তু চাষ এমন একটা জিনিষ যেটা ইমপারসোন্যাল হতে পারে না। মাতা যেমন শিশুকে লালনপালন করেন, তেমনি চাষীও তার জমিকে লালন-পালন করে থাকে। কাজেই সেখানে কালেকটিভাইজেশন দিয়ে চাষ হতে পারে না। ১৯৫৯ সালে নাগপুর কংগ্রেস অধিবেশনে এই চিন্তাধারার কথাই উঠেছিল। কংগ্রেস কো-অপারেটিভ ফারমিং-এ বিশ্বাস করে; সমবায় পদ্ধতিতে যে গণতান্ত্রিক সমাজবাদ আছে, সেই গণতান্ত্রিক সমাজবাদে কংগ্রেস বিশ্বাস করে। সুতরাং আমরা ছোট চাষীর হাতে জমি দিতে চাই, তাদের জিম্মাতে জমি আমরা রাখতে চাই, তাদের মালিকানাতে জমি রাখতে চাই, তাদের তদারকীতে জমি রাখতে চাই, সে দেখাশোনা করবে মায়ের মত সে উৎপাদন শক্তি বৃদ্ধি

করবে, সে জমিতে সোনার ফসল ফলাবে। আমাদের এই চিন্তা। সুতরাং কালেক্টিভাইজেশন চলবে না। এই কালেক্টিভাইজেশন না থাকলে প্রশ্ন আসতে পারে পিজেন্টস্ প্রোপ্রাইটরশিপ, না, কো-অপারেটিভ ফারমিং? সুতরাং আমাদের ছোট চাষীর মালিকানা থাকবে-কি-থাকবে না। সুতরাং আমাদের যে সিলিং ল' আছে, বড় কৃষক যাতে আর বড় না হয়—এই যে সিলিং যেটা ১২ একর আছে, পরে সেটা আরো নেমে আসতে পারে, তার কম বেশী হতে পারে। ভবিষ্যতে প্রয়োজনমত নামিয়ে আনা হতে পারে। কিন্তু আমরা ছোট কৃষকের জমি স্টেট ক্যাপিটালিজিম করতে চাই না। এই সোসালিস্ট ডেমোক্রসীতে আমরা স্টেট ক্যাপিটালিজিম আনতে চাই না, সোসালিজিমকে স্টেট ক্যাপিটালিজিম-এর ক্যাটিগরীতে আনতে চাই না। ছোট চাষীর কাছে জমি থাক, সে জমি ভালভাবে দেখাশোনা করবে। কিন্তু ছোট চাষী একা ব্যাংকিং-এর সুযোগ-সুবিধা নিতে পারছে না, ঋণ নিতে পারছে না, গুদাম স্থাপন করতে পারছে না, বাজার করতে পারছে না, বিদ্যুৎ নিতে পারছে না, এইসব সে যাতে করতে পারে সমবায়ের মাধ্যমে কিংবা রাষ্ট্রীয় সাহায্যে, সেইজন্য এই সি. এ. ডি. পি. পরিকল্পনা তার কাছে আমরা স্থাপন করছি।

এখানে আরও নানা রকম সমালোচনা করা হয়েছে। বলা হয়েছে যে ল্যান্ড রিফর্মস আমরা দেখছি না। কিন্তু আগেই আমি বলেছি আমাদের যে ল্যান্ড রিফর্মস আইন রয়েছে সেই অনুযায়ী সিলিং কার্য্যকরী করতে পারিনি। কেননা, চাষীদের ইকনমিক বেস দিতে পারিনি। এই সি,এ,ডি,পি, পরিকল্পনার মাধ্যমে বেস দিতে পারবো। এই সি,এ,ডি,পি, পরিকল্পনা এটা কেবল টেকনোজিক্যাল পরিকল্পনা নয়। এই সি,এ,ডি,পি, পরিকল্পনা সার্থক হবে না যদি না যেটা চাইছি আধুনিকীকরণ সেটা হচ্ছে। যেটা টেকনোজিক্যাল চিন্তাধারা তার সাথে ভূমি সংস্কার বা সামাজিক প্রথার পরিবর্তন না হয় তাহলে সি,এ,ডি,পি, চালু হতে পারে না। সামাজিক প্রথার পরিবর্তন করতে হবে। গ্রামে যে জোতদার, যে মহাজন হয়ে আছে, তেজারতির ব্যবসা করছে, এই যে স্পেকুলেটিভ, লেনডিং এই যে ফাটকাবাজী জিনিষ এই সমস্ত জিনিষ দূর করার জন্য এই পরিকল্পনা। সুতরাং এই পরিকল্পনা একটা সামগ্রিক পরিকল্পনা। এই পরিকল্পনা কেবল কৃষিভিত্তিক নয়। এই পরিকল্পনার মাধ্যমে কৃষির আধুনিকীকরণ হতে পারে। আজকে শিল্প থেকে যদি পাম্প সেট আসেও, ইঞ্জিনিয়ারি ইনডাসট্রি থেকে পাম্প সেট আসে, কেমিক্যাল ইনডাসট্রি থেকে ফার্টিলাইজার আসে, আমাদের জন্য ইনডাসট্রি থেকে যদি বিদ্যুৎ আসে—এই সমস্ত জিনিষ যদি আসে তাহলে শিল্পে এবং কৃষিতে আধুনিকীকরণ হতে পারে। এই পরিকল্পনা শহরকেন্দ্রিক নয়, গ্রামকেন্দ্রিক। এই যে গ্রামকেন্দ্রিক পরিকল্পনা এর আধুনিকীকরণ হতে পারে না, এই বিরাট কর্মকান্ড হতে পারে না যদি শিল্প থেকে আমরা এই সমস্ত ইনডাসট্রিয়াল ইমপ্রুটস না দিতে পারি, যদি আমরা মর্ডানাইজেসান না দিতে পারি। সুতরাং এই পরিকল্পনার মাধ্যমে কৃষির সাথে শিল্পের যে যোগ, গ্রামের সাথে শহরের যে যোগ, যে পারস্পরিক মিলন কমমিলিমেনটারী সেটা ছিল না সাম্রাজ্যবাদী উপনিবেশিক অর্থনৈতিক কাঠামো যখন স্থাপিত হয়েছিল। কলোনিয়াল হেরিটেজে যেটা ছিল না। আমাদের ইঞ্জিনিয়ারিং ইনডাসট্রিস সফিসটিকেটেড জিনিষ বাইরে রপ্তানী করতো, আমাদের ইঞ্জিনিয়ারিং ইনডাসট্রি পাম্প সেট তৈরী করতো না যে গ্রামে পাম্প সেট দিয়ে চাষের উন্নতি করা হবে। সুতরাং এই যে কলোনিয়াল স্ট্রাকচার আমাদের ইনডাসট্রিয়াল স্ট্রাকচারসের মধ্যে তার পরিবর্তন এই বিলের মধ্যে রয়েছে। সুতরাং এই বিল গ্রামে সবুজ বিপ্লব আনবে এবং এই সবুজ বিপ্লব শহরে শিল্প বিপ্লব আনতে সহায়ক হবে এবং এই বিল কেবলমাত্র কৃষির ব্যাপার নয়, গ্রামীণ উন্নয়নের ব্যাপার নয় এই বিলের মাধ্যমে আমরা এমন কর্মধারা দিতে চাই যে কর্মধারার মাধ্যমে আমরা গঠনমূলক শান্তিপূর্ণ পথে আমূল পরিবর্তন আনতে পারি যাকে বিপ্লব বলে তা আনতে পারি। রক্তাক্ত পথে যদি আমরা না যাই, হিংসার পথে যদি আমরা না যাই, আমরা যদি বিশ্বাস করি পরিবর্তন সম্ভব, শান্তিপূর্ণভাবে পরিবর্তন সম্ভব তবে এই জাতীয় আঞ্চলিক পরিকল্পনার মাধ্যমে যাতে প্রত্যেক মানুষের সাথে প্রত্যেক মানুষের সহযোগিতা করা হবে, অঞ্চলের ভিতরে সহযোগিতার ভিত্তিতে, সমবায়িক মনোভাবের ভিত্তিতে এই বিল আনা হয়েছে। এইজন্য আমাদের কৃষিমন্ত্রী যে বিল এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

Shri Kashinath Misra:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বিলটি এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সুরুতে এবং চতুর্থ পরিকল্পনার শেষে প্রতিটি জেলায় একটি করে ১০ হাজার এরিয়ার জন্য যে প্রকল্প গ্রহণ করা হয়েছে সেই প্রকল্পের নমুনা হিসাবে গ্রামবাংলার দরিদ্র চাষী যাদের আমরা প্রান্তিক চাষী বলি তাদের কথা চিন্তা করে এই প্রকল্প চালু করেছেন আমাদের এই সরকার। স্যার, এটাকে পঞ্চম পরিকল্পনার এ্যাডভান্স এ্যাকসান বলা যেতে পারে এবং এটাকে যদি দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যেতে পারা যায় তাহলে যুব সমাজ, কৃষক সমাজ আরো এগিয়ে আসতে পারে, সেই জন্যই এই পরিকল্পনা। পঞ্চম পরিকল্পনার শেষে ৩১০টি ১০ হাজারি প্রকল্প দেখতে পাব। অর্থাৎ রাজ্যের ৪০ ভাগ জেলাতে এই প্রকল্প কায়েম হবে এবং ষষ্ঠ পরিকল্পনার শেষে রাজ্যের ১৩৮ লক্ষ একরে এই প্রকান্ড কৃষি কান্ড এবং সাবিক উন্নয়নের কাজ আরম্ভ হবে। আরো দেখতে পাব ষষ্ঠ পরিকল্পনায় এতে প্রায় ১০০ লক্ষ একরে এই সাবিক উন্নয়ন ও কৃষি কান্ডের কাজ চলবে এবং এতে শুধু কৃষিকার্য নয়, শিল্পও এর সঙ্গে জড়িত আছে। আজকে সার, বীজ, পাম্প, বিদ্যুৎ, প্রয়োজনীয় যন্ত্রপাতি, রাস্তাঘাট, কারিগরি জ্ঞান ইত্যাদি যেগুলো গ্রামবাংলায় অভাব আছে সেগুলির উন্নতি করার প্রচেষ্টা আমর দেখতে পাচ্ছি। শতকরা ৭০ ভাগ লোক আজকে দারিদ্র সীমার নীচে আছে। সেই জন্য এই সি.এ.ডি.পি. বিলটি মাননীয় কৃষিমন্ত্রী আজকে এনেছেন এবং এর মাধ্যমে কৃষি উৎপাদন, ডেয়ারি, পোল্ট্রি, কুটির শিল্পের সামগ্রিক উন্নয়ন হতে পারে। সব চেয়ে বড় জিনিস হল গ্রামবাংলার মানুষের মধ্যে একটা স্বয়ংসম্পূর্ণতার ভাব আসবে এবং এর মাধ্যমে সেখানে অর্থনৈতিক কাঠামোর একটা পরিবর্তন আসবে। এর ফলে আমাদের দেশ থেকে গরিবী হঠবে, বেকারী দূর হবে। আজকে যারা দারিদ্র সীমার নীচে আছে তাদের উপরে তুলে নিয়ে আসতে হবে, ধনী দরিদ্রের মধ্যে বৈষম্য দূর করতে হবে। আঞ্চলিকভাবে যে বৈষম্য সৃষ্টি হয়ে আছে সেগুলি দূর করার জন্য গ্রামবাংলার সাবিক উন্নয়ন পরিকল্পনাই আজকে সকলের কাম্য। আজকে আমাদের মিনিমাম নিড যেটা সেটা পূরণ করতে হবে। দেশকে স্বয়ংসম্পূর্ণ অর্থনীতির উপর দাঁড় করানোর দিকে নজর এই সরকারের আছে। সেই জন্য এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। সব দিক দিয়ে সাবিক উন্নয়নের প্রচেষ্টা এই বিলের মধ্যে আছে এবং তার সঙ্গে আমরা যদি সহযোগিতা করি তাহলে বিলটি পূর্ণ রূপ ধারণ করবে এবং গ্রামবাংলা উপকৃত হবে। তাই আমি বিলটিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

Shri Mohammad Dedar Baksh:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রী যে সাবিক এলাকা উন্নয়ন বিল, ১৯৭৪ হাউসে এনেছেন এবং যে বিলের উপর আলোচনা চলছে সেই বিলের আলোচনায় অংশ গ্রহণ করে আমার কিছু বক্তব্য আমি এখানে রাখতে চাই। স্যার, মাননীয় কৃষিমন্ত্রী এই যে বিলটি এনেছেন সেটার ফল সুদুরপ্রসারী। এই বিলটি আমি বেশ ভাল করে পড়েছি এবং এর উদ্দেশ্য মহৎ। সেই জন্য আমি এই বিলটিকে সমর্থণ করে এবং সঙ্গে সঙ্গে মাননীয় কৃষিমন্ত্রীকে আমার অভিনন্দন জানাচ্ছি। স্যার, কৃষিকে বিজ্ঞানসম্মত উপায়ে আধুনিকীকরণ করে কৃষি উৎপাদন বৃদ্ধি করে এবং কৃষিজাত দ্রব্যের উপর যে সমস্ত শিল্প গড়ে উঠবে সেইগুলির সাহায্যে গ্রামের যে শ্রীবৃদ্ধি হবে—সেই কথা এখানে উল্লেখ আছে এবং সেই শ্রীবৃদ্ধির দ্বারা ৭০ভাগ লোক যারা দারিদ্র সীমার নীচে বাস করে তাদের উন্নতি সাধন করাই এই বিলের উদ্দেশ্য এবং মূল উদ্দেশ্য হল গ্রামের অর্থনৈতিক উন্নতি সাধন করা।

স্যার, আমি আশাবাদী, আমি মনে করি এই বিলে যে বিষয়বস্তু রয়েছে তার দ্বারা গ্রামের উন্নতি করতে পারলে আমাদের দলের শ্রদ্ধেয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যে সমাজবাদ কায়েম করতে বদ্ধপরিকর এবং যে গরিবী হটাও-এর নীতিতে বদ্ধপরিকর সেই পাথ

যাবার উদ্দেশ্য নিশ্চয় সার্থক ও সফল হবে। হয়ত কিছু দেরি হবে কিন্তু সমাজবাদের পথে এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ সে বিষয়ে কোন সন্দেহ নেই। ১০ হাজার একর করে জমি নিয়ে এক একটা ব্লক হবে এবং সেখানে উৎপাদন বাড়ানোর জন্য গভীর, অগভীর নলকূপের সাহায্যে, সেচ, সার, উচ্চ ফলনশীল বীজ ইত্যাদির সুযোগ সুবিধা থাকবে। তাছাড়া উৎপাদিত জিনিষ গুদামজাত করা এবং বাজারে উপযুক্ত দরে বিক্রির ব্যবস্থাও থাকবে। এরজন্য সরকারের নিয়ন্ত্রনে একটি কর্পোরেশন থাকবে। স্যার, এই যে ১০ হাজার একর করে জমি নেওয়া হবে এর মধ্যে বর্গাদার ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, বড় চাষী সকলেই থাকবে। সেখানে সি,এ,ডি,পি, কর্পোরেশন এবং তার অধীনে একটা কাউনসিল থাকবে, প্রজেক্ট এ্যাডভাইসারী কাউনসিল ইত্যাদি থাকবে। প্রজেক্ট যা নেওয়া হবে সেখানে এ্যাডভাইসারী বোর্ড থাকবে এবং সেখানে যে সব দ্রব্য উৎপাদিত হবে তা গুদামজাত করার ব্যবস্থা থাকবে এবং নায্য দরে বিক্রির ব্যবস্থা থাকবে। তাছাড়া ধর্মগোলার মাধ্যমে চাষীরা তাদের অসময়ে ঋণ পেতে পারবে। আমি আশা করি এই ভাবে একদিন আসবে যেদিন আমরা সমাজবাদ কায়েম করতে সমর্থ হব। স্যার, এই বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি। জয়হিন্দ॥

Shri Netai Deshmukh :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে সি,এ,ডি,পি, বিল এনেছেন আমি তাকে পরিপূর্নভাবে সমর্থন জানাচ্ছি। স্যার, যারা চাষ করেন তারাই বোঝেন চাষের জন্য কি প্রয়োজন। আর যারা শুধু সমালোচনা করবার জন্যই সমালোচনা করেন তারা এই বিলকে সমালোচনা করেন, তারা বোঝেন না চাষের জন্য কি প্রয়োজন। স্যার, চাষের জন্য যা প্রয়োজন তা যদি একসাথে এবং সময়ে না পাওয়া যায় তাহলে চাষীদের দুরবস্থা দূর হতে পারে না। যেমন ধরুন যদি খরা হয় এবং সে সময় সারের জন্য লোন দেওয়া হয় তাহলে তা দিয়ে চাষীর দুরবস্থা দূর করা যায় না। সেখানে তার ফলে চাষীদের আর্থিক বিপর্যয়ে আসতে বাধ্য। এখানে দেখলাম শীশ মহম্মদ সাহেব অনেক কথা বলে গেলেন, আমি স্যার, তাঁকে জিজ্ঞাসা করি আপনি কি বোঝেন চাষী কারা? আপনি বললেন, চাষের কথার মধ্যে দেখছি মুরগীর কথা, ছাগলের কথা ইত্যাদি। আমার মনে হয় এই বিল আসার জন্য আপনাদের মনে একটা আতঙ্ক দেখা দিয়েছে। যে জোতদারদের কথা ভাঙিয়ে আপনারা এতদিন খাচ্ছিলেন আমার মনে হয়, এই সি,এ,ডি,পি, বিলের পরে আর সে দলবাজী আপনাদের করা চলবে না।

[6-40—6-50 p.m.]

তার জন্য আপনারা এই বিলের সমালোচনা করেছেন। চাষী এই যে ঋণগ্রস্ত যেটা ভারতবর্ষের চাষীর কথা যদি আমরা চিন্তা করি তাহলে দেখতে পাবো যে চাষী ঋণগ্রস্ত— জন্ম থেকে শেষ পর্যন্ত সে ঋণগ্রস্ত। গোড়ার কথা হচ্ছে কেন সে ঋণগ্রস্ত? এজন্য যে দেশীয় মহাজন পরিকল্পিতভাবে তাকে ঋণী করে রাখে যাতে তার চাষ চলে যায়, ভাদ্রমাসে তাকে ঋণ দেন, যখন তার কিছু করার থাকে না সেই সময় তাকে ঋণ দেন। মহাজনের কাছে তাকে ৫দিন আসতে হয়। ৫দিন তাকে সময় নষ্ট করতে হয় তারপর সে ঋণ পায়। এইভাবে পরিকল্পিতভাবে মহাজন তাকে ঋণী করে রাখে জীবনভোর এবং বংশানুক্রমে। এই সি,এ,ডি,পি, বিলে ব্যাংক থেকে যে লোন দেবার ব্যবস্থা আছে যদি চাষী স্বীকৃতি পায় তবে ব্যাংক থেকে লোন পাবে। তাকে মহাজনের ঘরে যেতে হবে না, তাহলে নিশ্চয়ই সেই চাষী মনপ্রান দিয়ে যথাসময়ে চাষ করতে পারবে এবং অনধিক সে মহাজনগ্রস্ত হবে না। শুধু তাই নয়, এই সি,এ,ডি,পি বিলে আর একটা কথা বলা আছে যে, আমরা চাই গ্রামের মানুষকে আর্থিক দিক থেকে সুস্থ করতে। আমরা চাই মহাজন থেকে তাদের মুক্ত করতে। এই সি,এ,ডি,পি বিলে বোধ হয় তার তুলনা করা যায়। গ্রাম সমাজের জন্য আর একটা কথা বলি যে ডি,ভি,সি করা হয়েছে, সারা পশ্চিমবাংলায় করা হয়েছে, কংসাবতী করা হয়েছে, সারা পশ্চিমবাংলায় করা হয়েছে। আজকে আপনারা যখন দেখবেন এই সি,এ,ডি,পি, বিলে মহাজনরা বাধা দিচ্ছে। কেন বাধা দিচ্ছে?

Shri Jagadananda Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিল সমর্থন করছি এবং অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে গ্রামমুখী পরিকল্পনার মাধ্যমে এই বিল এসেছে। কিন্তু এর মধ্যে কয়েকটা জিনিষ যেটা আমি নিজে খুব আশঙ্কা প্রকাশ করছি, আমার কোন এ্যামেন্ডমেন্ট নেই, আমি মন্ত্রিমহাশয়কে বলছি তিনি একটু ভেবে দেখবেন। আমরা এক একটা কর্পোরেশনের ঠেলায় অস্থির। এই সি,এ,ডি,পি, বিলের মাধ্যমে যে কর্পোরেশনগুলি কাজ করবে সেগুলির কাজ কি ধরনের হবে। আমরা দেখেছি ক্যালকাটা কর্পোরেশনের ময়লা জমে আছে, স্টেট ট্রান্সপোর্টের গাড়ী বন্ধ হয়ে যায়, জুট কর্পোরেশনে ন্যায্য দামে পশ্চিমবাংলার মানুষের জন্য পাট খরিদ করতে পারে না। ফুড কর্পোরেশন সাপ্লাই দিতে পারে না এবং সীড কর্পোরেশনর সারও তথৈবচ। চাষের সময় তারা বলছেন সেটা কন্ট্রোল-এ দিচ্ছে সেই বীজ নিয়ে লাগাও। কাজেই এখানে প্রজেক্ট ডাইরেক্টার যাকে করা হচ্ছে তাকে অত্যন্ত ক্ষমতা দেওয়া হচ্ছে, সে সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে যে ডিফেন্ডার যারা, তারা প্রায়ই নোটিশ দিতে পারবে সে ব্যবস্থা আছে। কিন্তু যে সব কর্পোরেশন আছে, অনেকগুলি কর্পোরেশন এই সি,এ,ডি,পি, বিলের মাধ্যমে কাজ করবে। সুতরাং যদি ধরা যায়, যে জল দেবার পরে সারের দরকার, সে বলছে যে আমরা সার দিতে পারবো না। সার দেবার পরে বীজ দরকার। বীজ কর্পোরেশন বলে, আমরা বীজ দিতে পারব না। তাহলে অবস্থাটা কি দাঁড়াবে? সুতরাং পরিকল্পনা যে এত চমৎকার কিন্তু এর মধ্যে যে সব জিনিষ আছে সেটা বাড়িয়ে বলার কিছু নেই। পরিকল্পনা এত সুন্দর, সেজন্য আমি মনে করি এবং বলি মন্ত্রিমহাশয়কে বলি যে এই সম্পর্কে বিশেষভাবে সজাগ থাকতে। আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে পরিকল্পনাগুলি আজ পর্যন্ত হয়ে এসেছে সেগুলি হয়েছে শহরমুখী। বড় বড় শিল্প, কারখানার নাম করে আমরা বড় বড় বন্দর তৈরী করেছি, শহর তৈরী করেছি। কিন্তু কৃষি ভিত্তিক যে শিল্প সেটাকে আমরা অনেক অবহেলা করেছি বলে আজকে দীর্ঘ ২৬ বছর দেশ স্বাধীন হবার পরেও মন্ত্রীসভা এবং বিধানসভার সদস্যদের নির্লজ্জের মত বলতে হচ্ছে যে আমাদের দেশের গ্রাম-বাংলার ৭০ ভাগ লোক দারিদ্রসীমার নীচে। এটা কেন হচ্ছে? কেন হচ্ছে এই প্রশ্নের জবাব কেউ দেবে না। সুতরাং সেজন্য আমি বলি যে সংগ্রামভিত্তিক এবং গ্রামমুখী যে পরিকল্পনা আজকে গ্রহণ করা হয়েছে, এটার দিকে যদি সত্যিকারের রূপ দেওয়া যায় তাহলে এই সঙ্গে বেকার সমস্যা থাকবে না, খাদ্য সমস্যাও থাকবে না। আর একটা দিক সেটা হচ্ছে, সি,এ,ডি,পি বিল শুরু হয়েছে। বিল পাশ হলে তার কাজ শুরু হবে। নানা-রকম বিভ্রান্তিমূলক প্রচার শুরু হয়েছে সে সম্পর্কে সজাগ থাকা দরকার। এটাকে কিভাবে গ্রামের লোকজনের মধ্যে পাবলিসিটি করা দরকার। এই পাবলিসিটির মাধ্যমে সরকারী কর্মচারীরা যাতে ভালভাবে বোঝাতে পারে। আজকে এখানে যেকথা বলছি ঠিক বাইরে সেই কথাই বলতে চাই। আমার এরিয়াতে একটা হয়েছে গত ৩রা তারিখে সাত্তার সাহেব ঘুরে এসেছেন। তাতে আমরা দেখছি যে যুবকরা মনে করছে যে এটা একটা সরকারী পরিকল্পনা এর দ্বারা বিরাট চাকরির ক্ষেত্র তৈরী হবে। সুতরাং চাকরির ব্যাপার ছাড়া আর এর ভেতর কিছু নেই এবং অপোজিশন বন্ধুরা এখানে এর বিরোধিতা করছেন এবং বাইরে জমির মালিকদের ছোট বড় সকলকে বলছেন যে তোমাদের জমি সরকার নিয়ে নেবে এবং তোমাদের দিন মজুরের পর্য্যায়ে ফেলবে।

(শ্রীশীশ মহম্মদ ঃ কোশ্চেন)

তোমাদের জমির উপর তোমাদের স্বত্ব থাকবে না এবং তোমরা দিন মজুরে পরিণত হয়ে যাবে। সেদিন পান্নালালবাবু সামান্য সময়ের জন্য গিয়েছিলেন এবং মন্ত্রিমহাশয়ও উদ্বোধন করে এসেছেন এবং দু-তিন জায়গায় সভাও হয়েছে। তার মধ্যে আমরা যতটুকু পারি করেছি। আমার মনে হয়—মন্ত্রিমহাশয়রা তো এত কর্পোরেশন করেছেন, আমি বলি, আপনারা এম,এল,এ-দের নিয়ে একটা কর্পোরেশন করুন। এই এম,এল,এ, কর্পোরেশনের এম,এল,এ-রা গ্রামবাংলার চারিদিকে টহল দিয়ে বেড়াবে যাতে এই বিভ্রান্তির হাত থেকে গ্রামের লোকেদের বাঁচাতে পারেন। এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ali Ansar:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি,এ,ডি,পি, বিল সম্পর্কে বলতে গিয়ে আমি শুধু আমার অভিজ্ঞতার কথা এই হাউসের সকলকে জানাতে চাই। সেই অভিজ্ঞতা হয়তো পান্নালালবাবু এখানে আছেন এবং সাত্তার সাহেবও এখানে আছেন তাঁদেরও আছে।

Mr. Deputy Speaker:

পান্নালালবাবু ইজ নট হিয়ার।

Shri Ali Ansar:

আই এ্যাম সরি। হাওড়া জেলার বাগনান থানায় একটা বেসরকারী প্রজেক্ট ১০ হাজার বিঘা জমি নিয়ে পরিকল্পনা করা হয়েছিল তিন বছর আগে, সেখানকার অভিজ্ঞতা দিয়ে আমি বলতে চাই যে এই বিলের মাধ্যমে যা হবে আমি দেখছি, তাতে চাষীদের ঝাঁটা, কুলো নিয়ে বাড়ী ফিরতে হবে। কথা হচ্ছে, এই গ্রাম চালাতে গেলে যে খরচপত্র হবে, সেই খরচপত্রগুলো ব্যাংক থেকে লোন নিয়ে করতে হবে। এই কৃষিকে আধুনিকীরণ করতে গেলে যে খরচ করতে হবে, তা ব্যাংক থেকে লোন নিয়ে করতে হবে এবং এই খরচ-বাবদ চাষীদের সমস্ত ধানের একটা মোটা অংশ তার জন্য দিতে হবে যদিও সেখানে দুবার ফসলের উৎপাদনের ফলে ১০০ মন ধান ফলবে, কিন্তু ঐ বেসরকারী প্রজেক্ট এই ব্যবস্থায় ব্যর্থ হয়েছে, ঐ ম্যানেজমেন্টের ব্যর্থতার মধ্যে দিয়ে। যত গোলমাল দেখবেন ঐ ম্যানেজমেন্টের মধ্যে। এই বিলেও দেখা যাচ্ছে যে প্রজেক্ট ডিরেকটার-এর হাতে সকল রকম ক্ষমতা দেওয়া আছে, কত ফার্টিলাইজার লাগবে, কত ইনসেকটিসাইড লাগবে, বোর্ড এটা ঠিক করবে। কৃষক, ক্ষেতমজুর তাদের কেন তদারকী করবার ক্ষমতা নেই। আমি সেই জন্য বলতে চাই এই বিলের মধ্যে অনেক ভাল ভাল কথা থাকলেও যে বিপদ রয়েছে, সেই বিপদ হচ্ছে, চাষীরা উৎপাদন করে, দুটো ফসল ফলিয়ে যদি তাকে ঝাঁটা, কুলো নিয়ে ফিরতে হয় তাহলে তার প্রতিক্রিয়া সর্বত্র ছড়াবে। আর একটা কথা হচ্ছে, কৃষি আধুনিকীকরণ এটা একটা বৈপ্লবিক ব্যাপার, এই চেতনায় কৃষকদের ঘরের ছেলেদের জাগিয়ে তুলতে হবে। তাদের নিরক্ষরতা দুর করে, তাদের উদ্যোগী করে তুলতে হবে এবং কৃষি আধুনিককরণ করতে কৃষিবিজ্ঞান সম্পর্কে তাদের সচেতন করা দরকার। বর্ত্তমানে দৈনন্দিন যে চাষ হয়, সেই চাষ বিশেষ করে এই যে পুরানো কায়দায় আকাশের জলের উপর নির্ভর করে করতে হয়, এটাকে একটা বিজ্ঞানসম্মতভাবে যাতে হয়, এই বিজ্ঞান সম্পর্কে সামগ্রিকভাবে চেতনা যদি তাদের মধ্যে না আসে তাহলে এটা ব্যর্থ হতে বাধ্য।

[6-50—7-00 p.m.]

সেই জন্য আমি বিশেষ করে বলতে চাই যে শুধু সার দিলে যেমন ফসল বাড়ে, তেমনি শুধু কেমিক্যাল সার দেওয়ার সঙ্গে সঙ্গে জৈব সারেরও ব্যবস্থা করতে হবে। আমরা আমাদের অভিজ্ঞতা দিয়ে দেখেছি কুলজিয়ান কম্পানী যে ডিপ টিউবওয়েল বসিয়েছে তাতে তারা ৮ ইঞ্চি ব্যাসের পাইপ দিয়ে সাড়ে সাত ফুট গভীর করা হয়েছে আর সরকারী ব্যয়ে ডিপ টিউবওয়েল ৬ ইঞ্চি ব্যাসের ৫ ফুট গভীর করা হয়েছে। আমরা আরো আমাদের অভিজ্ঞতার মাধ্যমে দেখেছি যে শুধু টিউবওয়েল বসিয়েই চাষ করা যায় না যদি না সেখানে জৈব সার দেওয়া যায়। আমি এই বিলে দেখলাম একই সঙ্গে বিভিন্ন রকম কাজ করা হবে এবং এর মধ্যে দিয়ে খানিকটা বেকার সমস্যার সমাধান হতে পারে। কিন্তু এগ্রিকালচারের যে সমস্ত ইন্ডাষ্ট্রি আছে বা তাদের যে সমস্ত জিনিষ, ট্রাকটর যেখানে মেরামতের দরকার, সেখানে যদি মেরামতি কারখানা বা ছোটখাট পার্টস তৈরীর কারখানা না থাকে তাহলে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়, পাইলট প্রজেক্ট করেছেন, এবং পান্নালালবাবু ঐ সমস্ত জায়গায় জনমত নিয়েছিলেন। এটা ঠিক যে কৃষিকে আধুনিকীকরণের মধ্যে দিয়ে জনসাধারণের সাবিক উন্নতি এবং দেশের সাবিক উন্নতি হবে আমরা এটা বিশ্বাস করি। কিন্তু এটা পরিচালনা করবে কে, এর ভেতর

সিংহভাগটা কাদের, সেখানে দেখছি বেশী জমির মালিক যারা তারাই এর বেশীরভাগ ফল ভোগ করবেন। ছোট জমির মালিক আর ক্ষেতমজুররা—যদিও ক্ষেতমজুররা কিছু কাজ পাবে দো-ফসলার মধ্যে দিয়ে, কিন্তু সেই গ্যারান্টি কি আছে? সেই গ্যারান্টির একমাত্র হাতিয়ার হচ্ছে কৃষক এবং ক্ষেতমজুরের তদারকি করবার ক্ষমতা। বিশেষ করে ঐ খরচপত্র কিভাবে কম করে করা যায় সেটা দেখবার জন্য। কেননা আমলাতান্ত্রিক ব্যবস্থায় যেভাবে করা হচ্ছে, কর্পোরেশনে অবশ্য এ্যাডভাইসারী বোর্ড থাকবে, কিন্তু তার প্রজেক্ট ডিরেকটর গভর্ণমেন্ট নমিনি হবে এবং তারা আমলাতান্ত্রিক কায়দায় যান্ত্রিক উপায়ে ঐ ধরনের সমস্ত খরচপত্র করবে। সেই খরচপত্র কিভাবে কম করে করা যায় এবং জনসাধারণের চেতনাকে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেই ধরনের কোন ভরসা আমরা এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিশেষ করে আমাদের বাগনান এরিয়ার কথা বলতে চাই যে ১০ হাজার একর নিয়ে এটা সুরু হয়েছিল এবং আমাদের অভিজ্ঞতায় দেখেছি সেখানে ১০০ মন ধান হয়েছে, সেখানে একটা ড্রেনেজ স্কীম প্রজেক্ট হয়েছে এবং এটা হওয়া সত্ত্বেও সেখানে ঐ ১০০ একরকে বাড়িয়ে ২০০ একর করতে পারছি না অথচ সেই এরিয়া বাদ দিয়ে অন্য এরিয়ায় প্রজেক্ট করা হচ্ছে। এটা আমাদের অদ্ভুত লাগছে। যাই হোক আমি এই সকল আশংকা প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sisir Kumar Ishore:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে সি,এ,ডি,পি, বিল এনেছেন তাকে সমর্থন করি কারণ যে দেশে ৮০ ভাগ লোক গ্রামে বাস করে যে দেশের জনসাধারণ ২৫ বছর ধরে সম্পূর্ন অবহেলিত অবস্থায় বসবাস করছে। প্রকৃতপক্ষে পঞ্চম পরিকল্পনার মুখে একটা সবার্থসাধক গ্রাম উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং আশা করা যাচ্ছে যে এলাকার এই প্রজেক্ট গ্রহণ করা হয়েছে সেই এলাকার মানুষের সার্বিক উন্নয়ন সমস্ত দিক থেকে সম্ভব হবে। কৃষিতে যে এমপ্লয়মেন্ট নেওয়া সম্ভব সেটা আর কোন কিছুতেই সম্ভব নয়। এই কৃষিই অবহেলিত আজ আছে। সেজন্যই আজ দেখা যাচ্ছে গ্রামের কর্মহীন মানুষ শহরের দিকে ছুটে যাচ্ছে। কিন্তু এখানেও এসে তাদের কর্মসংস্থান হচ্ছে না। এতে যে উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাতে উৎপাদন বাড়বে না। নূতন কর্মসংস্থান সৃষ্টি করতে হবে এবং যেভাবে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে কৃষির উৎপাদন সীমাবদ্ধ থাকবে তার সঙ্গে সঙ্গে ছোট ছোট শিল্প একে ঘিরে আছে এবং কর্মসংস্থান হবে। আজ ব্যাংক ন্যাশানালাইজেশান হয়েছে। আমাদের এটা লজ্জার বিষয় যে ব্যাংক-এর কাছ থেকে ২।৪ জন মহাজন ছাড়া সাধারণ মানুষ কোন উপকার পাচ্ছে না। কিন্তু এই পরিকল্পনার মাধ্যমে সাধারণ মানুষ ব্যাংক-এর কাজ থেকে সাহায্য ও ঋণ পাবে। গ্রামের একজন আধিয়ার কৃষক যাদের ব্যাংক-এর কাছে যেতে সাহস হোত না তারা সরকারের কাছ থেকে এই প্রজেক্টের মাধ্যমে ঋণ ও সাহায্য পাবে। প্রজেক্ট-এর যিনি ডাইরেকটার এবং এ্যাডভাইসারী কাউনসিল থাকবে তাঁরাই সে ব্যবস্থা করবেন। এতদিন যে সব পরিকল্পনা ছিল সেগুলি সব ত্রুটিপূর্ন ছিল এবং পরিকল্পনার সুফল সারা দেশে হয়নি। কিন্তু এই প্রথম ইউনিফর্ম ওয়ে-তে সমস্ত পশ্চিমবাংলায় এই পরিকল্পন গ্রহণ করা হয়েছে। বড় জেলায় ২টা করে এবং ছোট জেলায় একটা করে এই পরিকল্পন গ্রহণ করা হয়েছে। সর্বপ্রথম এই রকম যে একটা ইউনির্ফম ওয়ে-তে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই বলে আমি শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 7 p.m. till 1 p.m. on Thursday, the 25th April, 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 25th April, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 5 Ministers of State and 140 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

[There was none to take oath.]

HELD OVER STARRED QUESTIONS
(to which oral answers were given)

ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮৭।) শ্রীসুপ্রিয় বসুঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) টিটাগড়ের ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানী বর্তমানে কি অবস্থায় রহিয়াছে;

(খ) উক্ত কারখানা পুনরায় চালু করিবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে, কতদিনের মধ্যে উক্ত কারখানা চালু হইবে?

Dr. Gopal Das Nag :

(ক) বন্ধ আছে।

(খ) উক্ত কারখানাটি চালু করার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হয় কিন্তু কেন্দ্রীয় সরকার আইন অনুসারে কারখানাটির পরিচালনার কর্তৃত্ব অধিগ্রহণ করিতে অস্বীকার করায় অন্য উপায়ে ইহা চালু করার চেষ্টা চলিতেছে। কিন্তু নতুন প্রচেষ্টার সাফল্য সময়সাপেক্ষ।

(গ) সুতরাং কবে নাগাদ চালু হইবে তাহা বলা সম্ভব নয়।

Shri Supriyo Basu :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন অন্যভাবে চালু করার চেষ্টা হচ্ছে, তিনি কি জানাবেন কিভাবে চালু করার চেষ্টা হচ্ছে?

Dr. Gopal Das Nag :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারখানাটি আই,এফ,সি এবং স্টেট ব্যাংক অব ইনডিয়ার কাছে মর্টগেজ ছিল, এরমধ্যে প্রিন্সিপ্যাল মর্টগেজী স্টেট ব্যাংক অব ইনডিয়া তার পাওনা

প্রায় আড়াই কোটি টাকা। স্টেট ব্যাংক অব ইনডিয়া তাঁদের প্রচেষ্টায় এই কারখানাটি একটা প্রাইভেট কোম্পানীকে হস্তান্তর করার ব্যবস্থা করেছেন এবং এই সম্বন্ধে লেনদেনের ব্যাপার পাকা হয়ে যাবার পর বর্তমানে হাইকোর্টের সামনে একটা দরখাস্ত আছে, কারণ, এই পুরাতন কোম্পানীটির লিকুইডেসান প্রোসিডিংস স্টার্ট হয়েছিল, মহামান্য হাইকোর্টের অনুমতি পেলে এর হস্তান্তর সম্পূর্ণ হবে এবং কারখানাটি পুনরায় নতুন কোম্পানী কর্তৃত্ব গ্রহণ করে চালু করবেন।

Shri Supriyo Basu :

মাননীয় মন্ত্রিমহাশয় কোন একটা প্রাইভেট কনসার্নের কথা বলেছেন, তিনি কি জানাবেন কোন প্রাইভেট কনসার্নকে দেওয়া হচ্ছে?

Dr. Gopal Das Nag :

মিঃ জনার্দন প্রসাদ কানোড়িয়া হচ্ছেন এই প্রাইভেট কনসার্নের মালিক। কোন নামে তিনি কিনছেন আমি জানি না, তবে পশ্চিমবঙ্গে তাঁদের জুটমিল ইত্যাদি আছে। এঁরা যে কোম্পানী স্টার্ট করেছেন সেই কোম্পানীর নাম হবে ব্রিটানিয়া স্টীল লিমিটেড।

Shri Supriyo Basu :

মাননীয় মন্ত্রিমহাশয়, বললেন যে, ভারত সরকার এটা নিতে অক্ষম বা অসুবিধা প্রকাশ করায় না করেছেন। কিন্তু এই ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং-এর পেরেন্ট ডিভিসান হচ্ছে টিটাগড়ে। কিন্তু বিহার গভর্ণমেন্টের যে ওয়াগান ডিভিসান ছিল সেটা যে কোন ভাবে হোক প্রেসার দিয়েই হোক বা ডেপুটেসান দিয়েই হোক সেন্ট্রাল গভর্ণমেন্টকে অধিগ্রহণ করতে রাজী করিয়েছেন এবং সেই ওয়াগান ডিভিসানকে অধিগ্রহণ করেছেন। যখন বিহার গভর্ণমেন্ট সক্ষম হলে এরই একটা অন্য ডিভিসান একই কোম্পানীর, তখন আমরা মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাচ্ছি যে, পশ্চিমবঙ্গ সরকার এর যে পেরেন্ট ডিভিসান, যেটা টিটাগড়ে আছে সেটা নিতে সেন্ট্রাল গভর্ণমেন্টকে সচেষ্ট বা বাধ্য করতে পারলেন না কেন?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাহয়, এই কনটেনসান-এ আমি বিশ্বাস করি না যে কোন প্রাদেশিক সরকার ভারত সরকারকে দিয়ে করিয়ে নিতে পেরেছেন। আর একটা প্রাদেশিক সরকার পারেননি। অবস্থা হচ্ছে এই ভারত সরকাররের সংশ্লিষ্ট দপ্তর বিহারের ওয়াগান বিল্ডিং ইউনিট যেটা ছিল সেটা অধিগ্রহণ করার স্বার্থকতা অনুভব করেছিলেন কিন্তু পশ্চিমবাংলার পেরেন্ট ডিভিসান অর্থাৎ ইঞ্জিনীয়ারিং ডিভিসান অধিগ্রহণ করার স্বার্থকতা অনুভব করেননি। পরবর্তীকালে আমরা চেষ্টা করেছিলাম যে জেসপ্ এণ্ড কোম্পানীর যারা ঐ লাইনে কাজ করে পশ্চিমবাংলার তারা যাতে এটা অধিগ্রহণ করেন। খানিকটা স্তর পর্যন্ত জেসপ্ এণ্ড কোম্পানী রাজী হয়েছিল। কিন্তু শেষকালে স্টেট ব্যাংক-এর সঙ্গে এদের পরে দাম কষাকষি হয়। তাতে স্টেট ব্যাংক যে টাকা চায় সেই টাকা জেসপ্ কর্তৃপক্ষ দিতে রাজী হয় না। সুতরাং স্টেট গভর্ণমেন্ট এবং জেসপ্ এ্যান্ড কোম্পানীর মধ্যে, ডিল ফাইনাল করে তখনই থার্ড পার্টি ব্রিটানিয়া স্টীল লিমিটেড, যার প্রধান কর্মকর্তা জে, পি কনোরিয়া, তিনি এগিয়ে আসেন এবং তার দাম স্টেট ব্যাংক-এর কাছে এ্যাক্সেপটেবল হয়।

Shri Supriyo Basu :

গত বছর বিধানসভায় প্রশ্নোত্তরে ছিল, এবং মন্ত্রিমহাশয় বলেছিলেন খোলা হবেই এবং আমার প্রশ্ন ছিল যে অনেক কর্মী যক্ষ্মায় মারা গেছেন, অনেকে ট্রেনে মাথা দিয়ে মারা গেছেন। আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাচ্ছি, তিনি অনগ্রহ করে বলবেন কি যে,

এত লোকজন প্রায় ২ হাজার লোক বেকার হয়ে গেছেন তার মধ্যে অনেক পরিবার কষ্টের মধ্যে আছেন, বহু মারা গেছেন। কাজেই কোন নির্দিষ্ট সময় দিতে পারেন কি যার মধ্যে কারখানাটি খোলা হবে?

Dr. Gopal Das Nag :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারখানা অধিগ্রহণ করা, খোলা, ও চালু করা এর সম্বন্ধে সরাসরি প্রত্যক্ষভাবে পশ্চিমবঙ্গ সরকারের কিছু করার নেই। সম্পূর্ণ কারখানাটির দায়িত্ব মোটামুটি এখন ষ্টেট ব্যাঙ্ক-এর কাছে। এই কারখানাটির কম্পানী লিকুইডেশন-এর কেস রয়েছে মহামান্য হাইকোর্ট-এর সামনে। ষ্টেট ব্যাঙ্ক এটাকে পুনরুদ্ধার করার জন্য প্রস্তাব নিয়েছেন। সেই প্রস্তাব হাইকোর্ট-এর সামনে পেশ করেছেন। হাইকোর্ট-এর মঞ্জুরী পেলে তাদের ব্যবস্থা অনুযায়ী কারখানা চালু হবে। ষ্টেট গভর্ণমেন্ট-এর কিছু করণীয় নেই। ষ্টেট গভর্ণমেন্ট-এর পক্ষ থেকে কোন সময় সীমা নির্ধারণ করা আমাদের পক্ষে মূর্খতাই হবে, তা ছাড়া আর কিছু হবে না।

Shri Supriyo Basu :
মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি প্রাইভেট কনসার্ন-এর কথা বলেছেন এই প্রাইভেট কনসার্ন অধিগ্রহণ করবেন। তাদের যে বোর্ড অফ ডাইরেক্টরস হবে তাতে কোন গভর্ণমেন্ট রিপ্রেসেন-টেটিভ থাকবে কিনা?

Dr. Gopal Das Nag :
থাকবে না। কারণ ষ্টেট গভর্ণমেন্ট বা সেন্ট্রাল গভর্ণমেন্ট কারো টাকাই এই কম্পানীতে থাকছে না। তবে ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া-এর সংগে কি বন্দোবস্ত হয়েছে আমি জানি না।

Shri Supriyo Basu :
মাননীয় মন্ত্রিমহাশয়, এর আগে একজন সাম গোয়েঙ্কা, তিনি একটা এ্যাপিল করেছিলেন মুখ্যমন্ত্রীর কাছে, কতকগুলি কণ্ডিশন নিয়ে। তিনিও প্রাইভেট কনসার্ন, তার মধ্যে একটা কণ্ডিশন ছিল যে সরকারী প্রতিনিধিকে বোর্ড অফ ডাইরেক্টরস-এ রাখা হবে। এটা যদি রাখা হয় তাহলে সেই রকম সংস্থায় কেন দেওয়া হচ্ছে না যেখানে গভর্ণমেন্ট-এর প্রতিনিধিত্ব থাকবে বোর্ড অফ ডাইরেক্টরস-এ?

Dr. Gopal Das Nag :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের কথা আমার জানা নেই। আমি যা জানি সেটা হচ্ছে, ২টি প্রাইভেট কম্পানী এটা খরিদ করতে চেয়েছিলেন। তার মধ্যে একটি হচ্ছে টেক্সমেকো, যার মালিক বিড়লা। আর একটি হচ্ছে ব্রিটানিয়া ষ্টিল লিমিটেড, যার মালিক জে, পি, কনোরিয়া। ষ্টেট ব্যাঙ্ক যেহেতু বিক্রয় করছে, ষ্টেট ব্যাঙ্ক-এর কনকারেন্স নিয়ে বিক্রয় করা হচ্ছে। কে, কে, বিড়লার অফার, আর জে, পি, কনোড়িয়ার অফার—এর মধ্যে ষ্টেট ব্যাঙ্ক-এর কাছে এ্যাকসেপটেড হয়েছিল জে, পি, কনোড়িয়ার অফার সুতরাং তার অফার এ্যাকসেপ্টেড হয়েছে, তাই তাকে দেওয়া হয়েছে। এর সংগে ষ্টেট গভর্ণমেন্ট-এর কোন সম্পর্ক নেই। ষ্টেট গভর্ণমেন্ট-এর কাছ থেকে যদি কেউ টাকা নিয়ে কিনতো তাহলে ষ্টেট গভর্ণমেন্ট-এর সংগে কোন সর্ত বা চুক্তি হতে পারতো।

[1-10—1-20 p.m.]

Shri Supriyo Basu :
যদি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে মিঃ গোয়েঙ্কা বা কোন প্রাইভেট কনসার্ন নিচ্ছে, বোর্ড অফ ডাইরেক্টারসের মধ্যে সরকারী প্রতিনিধিত্ব থাকবে, তাহলে সরকার কি বিবেচনা করবেন?

Dr. Gopal Das Nag :

এটা আমাদের কিছু বিবেচনা করার নাই, কারণ আমি আগেই বলেছি এই কোম্পা বিক্রী করবে পুরাতন মালিক স্টেট ব্যাঙ্কের কনকারেন্স নিয়ে। স্টেট ব্যাঙ্ক যে অফা দেবে তা যদি এ্যাক্সেপ্টেবল হয়, তাহলে তারা এ্যাক্সেপ্ট করবে। যদি স্টেট ব্যাঙ্কে থে স্টেট গভর্ণমেন্ট কিনতে রাজী হত আইদার ইণ্ডিপেনডেন্টলি অর জয়েন্টলি উই মিঃ গোয়েঙ্কা অর মিঃ বিড়লা, তবে এই প্রশ্ন উঠতে পারত। স্টেট ব্যাঙ্ক এবং স্টে গভর্ণমেন্ট জয়েন্টলি কিনবার কথা চিন্তা করছি না, ভবিষ্যতেও করতে পারি না।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে কণোরিয়া-বিড়লারা এই কারখানা কিনবার কথা ভাবছে আলাপ আলোচনা চলছে, কণোরিয়াই হোক্ আর বিড়লাই হোক্ যিনিই এই কারখা খুলুন না কেন, খরিদের পর, শ্রমিকরা যাতে ভিক্‌টিমাইজ না হয়, তার জন্য সরকার কি ব্যবস্থা করবেন? সরকার কি এই আশ্বাস দিচ্ছেন যে কোন শ্রমিককে—ভিক্‌টিমাইজ ক হবে না, তাদের কর্মচ্যুত করা হবে না বা তাদের অন্যান্য কোন অসুবিধা হবে না?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আশ্বাস আমি দিচ্ছি না। তবে এই ধরণের মালিকানা হস্তান্তরে পর একটা ত্রিপাক্ষিক চুক্তি নূতন মালিক, শ্রমিক এবং সরকারের মধ্যে হয়। অতএ কারখানা যখন চালু হয় তখন ত্রিপাক্ষিক চুক্তি হবে এবং স্বাভাবিকভাবে যখন ত্রিপাক্ষি চুক্তি হবে শ্রমিক পক্ষ নিশ্চয়ই দাবী করবে, সরকার সাধ্যমত চেষ্টা করবেন শ্রমিকদে স্বার্থ সংরক্ষণের জন্য, সেদিকে দৃষ্টি রাখার জন্য।

হাওড়া জেলায় মৎস্যজীবি

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৪।) শ্রীশিশির কুমার সেন ঃ মৎস বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ত্তমানে হাওড়া জেলার মৎস্যজীবিদের সংখ্যা কত;

(খ) উক্ত সম্প্রদায়ের জন্য ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারী পর্য্যন্ত) কত টাকা ঋণ ও অনুদান বাবদ মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) উক্ত সম্প্রদায়ের অবস্থার উন্নতির জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা?

Shri Santosh Kr. Roy :

(ক) আনুমানিক ১৮,০০০।

(খ) ঋণ এবং অনুদান বাবদ ১৯৭৩-৭৪ সালে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬২,০০০ টাকা।

(গ) হ্যাঁ।

Shri Sisir Kumar Sen :

এই যে ঋণ দিয়েছেন, তার মধ্যে কত টাকা ঋণ, এবং কত অনুদান?

Shri Santosh Kr. Roy :

৬২ হাজার ঋণ খাতে দেওয়া হয়েছে, ৩০ হাজার টাকা অনুদান খাতে, দু হাজার টাকা বন্যাপীড়িত মৎস্যজীবিদের গৃহনির্মাণ-এর জন্য এবং সুতা ক্রয় ইত্যাদির জন্য ৩০ হাজার টাকা।

Shri Sisir Kumar Sen :

াপনি মৎস্যজীবিদের উন্নতির জন্য কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা, এই প্রশ্নের ত্তরে আপনি বলেছেন—হ্যাঁ, আমি তাই জিজ্ঞাসা করছি—কি পরিকল্পনা গ্রহণ করেছেন ানতে পারি কি?

Shri Santosh Kr. Roy :

চতুর্থ পরিকল্পনায় যে সমস্ত প্রকল্প হয়েছে তার মধ্যে জাল, নৌকা ক্রয়, মৎস্যজীবিদের সমবায় সমিতির মাধ্যমে সুতা ঋণ দান, দুঃস্থ মৎস্যজীবিদের সাহায্যকল্পে মাছ ধরবার জাল দেওয়া, তাদের পানীয় জলের সরবরাহের জন্য নলকূপ স্থাপন, গৃহনির্মাণ বাবদ সাহায্য দান ইত্যাদি।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারবেন এই যে মৎস্যজীবি সম্প্রদায়কে ঋণ দেওয়া হয়েছে, সে সম্বন্ধে তাঁর কাছে জেলাওয়ারী সংখ্যা দেওয়া আছে কিনা, যদি থাকে তাহলে কাথায় কত বলবেন কি?

Shri Santosh Kr. Roy :

আমার কাছে শুধু হাওড়া জেলার তথ্য আছে।

Shri Mohammad Dedar Baksh :

মৎস্যজীবি সম্প্রদায়কে যে ঋণ দিয়েছেন, সে সম্বন্ধে বিস্তৃত তথ্য আপনার কাছে নেই?

Shri Santosh Kr. Roy :

এটা শুধু হাওড়া জেলার দেওয়া আছে।

Shri Khan Nasiruddin :

এই যে মাছ ধরার জন্য, সুতা, জাল, টাকা পয়সা দিচ্ছেন, মাছের পরিবর্তে যে মাছের ডিম ধরা হচ্ছে, সেটা বন্ধ করার জন্য কোন কিছু চিন্তা করছেন কি? সে সম্বন্ধে কোন পরিকল্পনা আছে কি?

Shri Santosh Kr. Roy :

হ্যাঁ, এর পরিকল্পনা এখন কিছু নাই। এই নদী থেকে বিশেষ করে গঙ্গা নদী থেকে ডিম ধরে পুকুরে ও অন্যান্য জলাশয়ে তা ছেড়ে মাছ উৎপাদন করা হয়। তিনি হয়ত মাছের অভাবের জন্য এই ডিম ধরা বন্ধ করবার কথা ভাবছেন। অনেক ক্ষেত্রে মৎস্য-জীবিরা মশারী জাল দিয়ে মাছ ধরে ফেলে। এ সম্বন্ধে আমরা বিবেচনা করে দেখছি। কিন্তু মাছের ডিম ধরা বন্ধ করার কোন ব্যবস্থা করা হয় নাই।

Shri Khan Nasiruddin :

আপনি নিশ্চয়ই জানেন ছোট মাছ ধরে না বিক্রী করে তা পুকুরে ছেড়ে ও মাছ তৈরী করা যায়। এই ডিম যদি না ধরা হয়, তাহলে মাছের এত অভাব হওয়ার কোন কারণ থাকতে পারে না। সুতরাং এই রকম একটী পরিকল্পনার কথা চিন্তা করার অবকাশ আছে।

Shri Santosh Kr. Roy :

মাননীয় সদস্য না বললেন এ সম্বন্ধে আমি বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ আলোচনা করে দেখবো। তবে দীর্ঘদিন ধরে এই গঙ্গা নদী থেকে ডিম ধরে লক্ষ লক্ষ লোক জীবিকা নির্বাহ করছে। তাদের কথাও ভাবতে হবে।

Shrimati Geeta Mukhopadhyaya :

আজকাল পরিকল্পনার মূল্যায়নের বাজারে মন্ত্রিমহাশয়ের এই মৎস্যের উপর টা বিনিয়োগের ফলে মৎস্য জন সংখ্যা কত বৃদ্ধি পেয়েছে এবং সেই বর্দ্ধিত মৎস্যজনসংখ্য গেল কোথায়? এর কোন পরিসংখ্যান আপনি দিয়েছেন?

Shri Santosh Kr. Roy :

যেটা বৃদ্ধি হয়েছে আপনারা তার অধিকাংশই কনজিউম করে খতম করেছেন। কাজে তার পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এই হাওড়া জেলায় যে সমস্ত মৎস্যজীবি সম্প্রদায়ে লোক আছে, তাদের বর্তমান ব্যবস্থাপনায় সামাজিক অবস্থার যে অধঃপতন যেভাবে আথি অভাব অনটনের মধ্যে তারা পড়েছে, তার পরিপ্রেক্ষিতে তাদের সাবিক উন্নয়নের জ কোন সামগ্রিক পরিকল্পনা আপনার আছে কি?

Shri Santosh Kr. Roy :

পরিকল্পনা সরকারের নিশ্চয়ই আছে। আপনি জানেন মৎস্যজীবিদের আথিক অব অত্যন্ত দুর্দশাগ্রস্ত। পশ্চিমবাংলার সীমিত সম্পদের মধ্যে তাদের অর্থনৈতিক উন্নয়নে চেষ্টা করা হচ্ছে। আমি মনে করি পশ্চিমবাংলার মাছের উৎপাদন বৃদ্ধি করা দরকা এবং মাছের উৎপাদন বৃদ্ধি করা হলে মাছ ধরার কাজের মধ্য দিয়ে মৎস্যজীবিদে সামগ্রিক উন্নয়ন করা সম্ভব। বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য পরিকল্প আমরা নিয়েছি। মৎস্যজীবিদের সাবিক উন্নতির জন্য পঞ্চম পরিকল্পনায় যথেষ্ট ব্যব আছে সেটা এখনো বিবেচনাধীন মঞ্জুরী হয় নাই। তাতে মৎস্যজীবিদের নৌকা, জা সমুদ্রোপকূলে মাছ ধরার ব্যবস্থা, মাছ বাজারে নিয়ে আসা, বরফ দেওয়ার ব্যবস্থা ফ্রিজি করে রাখার ব্যবস্থা এই সমস্ত পরিকল্পনা আমরা করেছি।

Shri Abdul Bari Biswas :

স্বাধীনতার পর থেকে এ পর্য্যন্ত পশ্চিমবঙ্গ সরকার এই মৎস্য চাষের খাতে যত টাব ব্যয় বরাদ্দ মঞ্জুরী করেছেন এবং যে টাকা ব্যয় করেছেন, তাতে হাওড়া জেলার মৎস জীবিদের কত অংশের আথিক পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে?

[1-20—1-30 p.m.]

Shri Santosh Kr. Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি মৎস্যজীবি সম্প্রদায়ের কথা ভাল করেই জানেন। অনে মাননীয় সদস্যদের চেয়ে ভাল করেই জানেন। এই দীর্ঘ ২৫ বছর ধরে মৎস্যজী সম্প্রদায় বা মৎস্য চাষের উন্নতির জন্য বিশেষ কিছু করা হয়নি তাদের প্রতি দৃষ্টি দেওয় হয়নি। যৎসামান্য যে টাকা দেওয়া হয়েছে তাতে এই সম্প্রদায়ের মৎস্য চাষের উপ অর্থনৈতিক পুনর্বাসন সম্ভব হয়নি। আমরা এই পরিকল্পনায় সরকারীভাবে ইনস্টিটিউস নাল ফাইনান্স করে একটা ব্যাপক পরিকল্পনা রচনা করার কথা চিন্তা করছি এব পরিকল্পনা কমিশানের কাছ থেকে অনুমোদনের আশা করছি। যদি হয় তাহলে আম আশা করছি যে আগামী ৫ বছরে পশ্চিমবাংলায় মাছের উৎপাদন বৃদ্ধি পাবে সঙ্গে স মৎস্যজীবি সম্প্রদায়ের সত্যকার অর্থনৈতিক অবস্থার উন্নতি করা সম্ভব হবে।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বাঙ্গালোর রাজ্যের বিভিন্ন স্থানে মৎস্যজীবিদে নিয়ে এসে তারা ফিসারি ডেভালাপমেন্ট করপোরেশান করে তাদের [illegible]

বসিয়ে দিয়ে তাদের ব্যবস্থা করে দিয়েছেন এবং অর্থনৈতিক পুনর্বাসন সম্পর্কে পরিকল্পনা গ্রহণ করে ডিপ সি ফিসিং স্কীম করে তাদের সমুদ্রে মাছ ধরতে, তাদের ফিজিং রেয়ারিং হচ্ছে, ব্রিডিং হচ্ছে ও এবং অনেক কিছু হচ্ছে, ও তারা ফরেনে পাঠাচ্ছে, তারা নিজেদের রাজ্যের চাহিদা মিটিয়ে আশপাশের রাজ্যে চালান দিয়ে থাকেন। আমাদের পশ্চিমবঙ্গে তারা এক সময় ২০ হাজার মেট্রিক টন মাছ মাসে মাসে দেবেন বলে জানিয়েছিলেন। শুধু তারা বলেছিলেন যে দাম বাড়াতে হবে। আমি কি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করতে পারি এই রাজ্যে মৎস্যজীবিদের অর্থনৈতিক অনটন, তাদের অসুবিধার কথা চিন্তা করে তাদের পুনর্বাসনের জন্য মহিশুরের বাঙ্গালোরের ন্যায় ফিশারি ডেভালাপমেন্ট কর্পোরেশন করে তাদের বাঁচাবার ব্যবস্থা করবেন কিনা এটা আপনি দয়া করে বলুন।

Shri Santosh Kumar Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার পরিকল্পনা এবং মৎস্য চাষ এবং মৎস্য উৎপাদন এবং মৎস্যজীবিদের অর্থনৈতিক উন্নতির পরিকল্পনা আমরা পশ্চিমবাংলার অবস্থায় পরিবর্ত্তন করছি। আপনারা জানেন যে, এখানে অনেক বিল ইত্যাদি আছে। এগুলি দীর্ঘ দিন সংস্কারের অভাবে তাতে মৎস্য উৎপাদন বেশী হচ্ছে না। আমরা পরিকল্পনা নিয়েছি যে আগামী পঞ্চম পরিকল্পনায় কেন্দ্রীয় পরিকল্পনা নিয়ে এবং ব্যাংক ও অন্যান্য অর্থনৈতিক প্রতিষ্ঠানের সাহায্য নিয়ে ব্যাপক পরিকল্পনা আমরা করতে চাই। যে বিল বাঁও ডেভালাপমেন্ট অথরিটি নামে এই বিল বাওড় সংস্কার করা হবে। এবং তা সংস্কার করে মৎস্যজীবিদের ঐ সম্প্রদায়ের এবং ঐ সম্প্রদায়ের শিক্ষিত যুবক না পেলে বেকার তপশীল যুবকদের তাদের একটা ট্রেনিং দেবার ব্যবস্থা যাতে মাছ বাড়ান যায়, যাতে নাকি মাছ চাষ করা যায়, সমবায় সমিতি করা, তাদের মধ্যে ছোট ছোট চাষীদের ব্যক্তিগতভাবে বা গোষ্ঠীকে দিয়ে এই সমস্ত মাছ উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা ও সেই সম্প্রদায়ের অর্থ-নৈতিক উন্নতির পরিকল্পনা আমরা নিয়েছি।

(গোলমাল)

দুঃস্থ লোকদের মধ্যে বস্ত্র বিতরণ

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৭।) **শ্রীশিশির কুমার সেন**ঃ ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ইহা কি সত্য যে, গত বৎসর (বঙ্গাব্দ ১৯৮০ সাল) পূজার সময় দুঃস্থ লোকেদের মধ্যে কাপড় জামা বিলি করার উদ্দেশ্যে প্রত্যেক বিধানসভা কেন্দ্রের জন্য সরকার ২০০০ টাকা করিয়া মঞ্জুর করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, হাওড়া জেলায় কত টাকার জামা কাপড় দেওয়া হইয়াছে; এবং

(গ) ঐ জামা কাপড় হাওড়া জেলার জনসাধারণের মধ্যে বিলি করা হইয়াছে কিনা?

Shri Santosh Kumar Roy :

(ক) প্রত্যেক বিধানসভার সদস্যদের দুঃস্থদের মধ্যে বিলি করিবার জন্য নগদ টাক নয়, ২০০ খানা ধুতি ও ২০০ খানা শাড়ী বিতরণের জন্য দেওয়া হইয়াছে।

(খ) হাওড়া জেলায় ৩২০০ খানা ধুতি ও ৩২০০ খানা শাড়ী দেওয়া হইয়াছিল। উহার মূল্য ৩১,২৪৮ টাকা।

(গ) ঐ কাপড় বিলি করিবার জন্য বিধানসভার সদস্যদের যথা সময়ে অনুরোধ করা হইয়াছে।

Shri Sisir Kumar Sen :
এই কাপড় কি এখন বিলি করা হয়েছে—এমন খবর কি আপনার কাছে আছে?

Shri Santosh Kumar Roy :
মাননীয় সদস্যদের আমি জানিয়েছিলাম তাদের এ্যালটমেন্ট করেছিলাম বলে। দু এ: জায়গা থেকে অসুবিধা হচ্ছিল যে তারা সময়মত কাপড় পাননি। আরতো জানা আছে যে এম,এল,এ'রা বিলি করেছেন বলে।

Shri Supriyo Basu :
এটা কি সত্য যে বিধানসভার সদস্যরা দুশো করে ধুতি এবং দুশো করে শাড়ী পেয়েছিলে আর মন্ত্রীরা পেয়েছিলেন দুশো করে ধুতি এবং দুশো করে শাড়ী প্লাস ৪শো করে ছে মেয়েদের জামা-কাপড়?

Shri Santosh Kumar Roy :
মাননীয় সদস্য যে কথা বলেছেন তার উত্তরে বলি মন্ত্রিমহাশয়কে দেওয়া হয়েছে তাঁদে নির্বাচন কেন্দ্র ছাড়াও যেহেতু লোক আসতে পারে তাই। ধুতি শাড়ী ছিল না তা ছেলেমেয়েদের জামা-কাপড় দিয়েছি। যদি অন্য জেলার দুঃস্থ লোক চায় তাহলে যাতে দিতে পারা যায়।

Shri Supriyo Basu :
বাচ্ছা ছেলেমেয়েদের জামা-কাপড় মন্ত্রিমহাশয়দের দেওয়া হয়েছে যাতে তাঁদের নির্বাচ কেন্দ্রের বাইরের লোকদেরও দিতে পারেন। কিন্তু এম,এল,এ'দের কাছে কি নিজেদে নির্বাচন কেন্দ্রের বাইরের লোক আসেন না অথবা তাদের নিজেদের নির্বাচন কেন্দ্রে কি ছো ছেলে মেয়ে নেই?

Shri Santosh Kumar Roy :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বুঝতে পারেছন না আমি যা বলতে চাইছি এই জিনিষ কম, সব জায়গায় দেওয়ার মতো ছিল না। তাই দিতে পারিনি।

Shri Supriyo Basu :
মন্ত্রিমহাশয় কি জানাবেন এম,এল,এ'দের সাথে কেন পার্থক্য করা হল?

Shri Santosh Kumar Roy :
কোন পার্থক্য করা হয়নি। মাননীয় সদস্যরা জানেন মন্ত্রীদের সমস্ত জেলা দেখতে হয় তাতে পারলে আরও বেশি দিতাম। বেশি ছিল না বলে এই চারশো করে দেওয়া হয়েছে

Shri A. H. Besterwitch : Just now the Hon'ble Minister has said that being a Minister he is responsible to the district and automatically if there are needy peopl the Minister gives the garments to them. Will the Hon'ble Minister be pleased to state whether the people of Madarihat Constituency need them ? Did he give the garments to the M. L. A. of that Constituency for distribution among the needy people ? Did he distribute the garments to the Madarihat people out of his quota ?

Shri Santosh Kumar Roy :
আমি তো বলেছি, এম,এল,এ'দের দিয়েছি। দল হিসাবে নয়। সমস্ত জায়গার প্রত্যেক এম,এল,এ'কে দেওয়া হয়েছে।

[1-30—1-40 p.m.]

Shri Santosh Kumar Roy :
মাদারিহাটের আমাদের মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেবও নিশ্চয় পেয়েছেন। যদি না পেয়ে থাকেন তাহলে আপনি জেলাশাসকের সংগে যোগাযোগ করুন।

Shri A. H. Besterwitch : Sir, the Hon'ble Minister says that I should contact the District Magistrate. I had written to District Magistrate, to Relief Department and to everybody and the District Magistrate had informed me that no allotment had been received from the Minister for Madarihat.

Shri Santosh Kumar Roy : I shall look into that. Because, I have allotted quota to every M.L.A.
আপনি যদি চিঠি দিয়ে থাকেন তাহলে আমি নিশ্চয় তদন্ত করব।

Shri Nasiruddin Khan :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বর্তমানে কাপড়ের যেভাবে দাম বেড়ে গেছে তাতে যার দুঃস্থ এম, এল, এ, আছেন তাদের জন্য আপনি কিছু এ্যালটমেন্ট করেছেন কিনা—জানাবেন কি?

(নো রিপ্লাই)

Shri. Gautam Chakravartty :
অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখছেন না বহু সদস্য আছেন যারা ৫।৬ টি সাপ্লিমেন্টারি কোশ্চেন করছেন অথচ আমরা হাউসের ডেকোরাম মেনটেন করবার জন্য এ্যাটেম্পট করার চেষ্টা করেও বার বার উঠে বসে পড়ছি, কোন প্রশ্ন করতে পারছি না। বহু সদস্য প্রশ্ন করতে চাচ্ছেন—আপনি দয়া করে প্রোটেকসান দিন যাতে করে অতিরিক্ত প্রশ্ন করতে পারি।

Mr. Speaker : Before that may I know from the honourable members whether you are eager to take up any other question ? Only 2 questions I have finished in half an hour and the third question I have taken up. Do you want to take half an hour for this ? It has been decided by the Business Advisory Committee that generally 5 minutes are to be allotted for one question. But as you press for more supplementaries I allow 10 minutes and sometimes 15 minutes also. But if you take 10/15 minutes for each and every question then the position becomes very difficult.

Shri Rajani Kanta Doloi :
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে মন্ত্রীদের এ্যালটমেন্টের কোটা বাড়ানো হয়েছে এম, এল, এ দের চেয়ে, তার কারণ মন্ত্রীরা নিজেদের কনস্টিটিউএন্সি ছাড়াও জেলার অন্যান্য জায়গায় কাপড় বিতরণের ব্যবস্থা করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি একটি দৃষ্টান্তও দিতে পারবেন যেখানে তাঁর কনস্টিটিউএন্সি ছাড়া অন্য কনস্টিটিউএন্সিতে কাপড় বিতরণের ব্যবস্থা করেছেন?

Shri Santosh Kumar Roy :
মন্ত্রীদের কাছ থেকে তথ্য সংগ্রহ করে এনে তারপরে আমাকে উত্তর দিতে হবে।

Shri Asamanja De :
দুঃস্থ ব্যক্তি নির্দ্ধারণের বেস্ট জাজ এম, এল, এ, স্বীকার করে নিয়ে প্রতিটি কেন্দ্রে এম, এল, এ, মারফৎ ২০০ খানা শাড়ি এবং ২০০ খানা ধুতি বিতরণের ব্যবস্থা করেছিলেন। সেই একই

নির্দ্ধারণের মাপ কাঠিতে প্রত্যেকটি সদস্যকে সমভাবে বন্টন করতে দিলেন না কেন, যখন সেই এম, এল, এ,ই হচ্ছেন সেই কেন্দ্রের বেস্ট জাজ?

Shri Santosh Kumar Roy :
সরকার কখন স্বীকার করে না মন্ত্রীদের নিজের জেলার দুঃস্থ মানুষদের অবস্থা পর্যালোচনা করে দেবার কিছু নেই। মন্ত্রীসভার যৌথ দায়িত্ব ছিল। আমি বিতরণ করতে পারিনি বলে আমাদের মন্ত্রীসভার সদস্যদের দিয়েছি।

Shri. Gautam Chakravartty :
মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, মন্ত্রীদের কিছু বেশী কাপড় দিয়েছিলেন। আমার জিজ্ঞাস্য, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, মালদহ ইত্যাদি যে সমস্ত জেলাতে বেশী দুস্থ লোক বাস করে সেই সমস্ত জেলায় আপনি একস্ট্রা কোটা দেবেন কি?

Shri Santosh Kumar Roy :
কাপড়ের যেটা সরবরাহ সেটা অত্যন্ত কম। বহুদিন ধরেই পূজার আগে কিছু কিছু কাপড় বিলি হয়েছে এবং সেই হিসাবেই মাননীয় সদস্যদের দেওয়া হয়েছিল যাতে সামান্য জিনিষ তাঁরা দেখেশুনে দিতে পারেন। তবে প্রাকৃতিক কারণে যে সাহায্য দেওয়া হয় সেটা কিন্তু আলাদা, এর মধ্যে নয়। তার হিসাব যদি আপনারা চান প্রশ্ন করলে আমি তা দেব যে কত কাপড় বা কি রিলিফ বন্টন করা হয়েছে।

Shri Sukumar Bandyopadhyay :
মাননীয় মন্ত্রীমহাশয় একটু আগে বললেন যে কাপড় দেবার ব্যাপারে এম, এল, এ, এবং মন্ত্রীদের মধ্যে কোন বৈষম্য করা হয়নি। এম, এল, এ, দের দেওয়া হয়েছে সর্বসাকুল্যে ৪ শো এবং মন্ত্রীদের দেওয়া হয়েছে ৮ শো। আমার জিজ্ঞাস্য, ৪ শো এবং ৮ শোর মধ্যে কোন পার্থক্য আছে বলে তিনি মনে করেন কি? দ্বিতীয় প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন মন্ত্রীদের অতিরিক্ত দায়িত্ব রয়েছে। আমরা সকলেই স্বীকার করি রাইটার্স বিল্ডিং'এ বসে এ্যাডমিনিস্ট্রেশান চালানোর ব্যাপারে বা সরকারী কাজকর্ম পরিচালনার ব্যাপারে তাঁদের অতিরিক্ত দায়িত্ব রয়েছে। কিন্তু আমার প্রশ্ন, জনসাধারণের সেবার ব্যাপারে বা কাপড় বিলির জন্য মন্ত্রীদের কি অতিরিক্ত দায়িত্ব পালন করতে হয় জানাবেন কি?

Shri Santosh Kumar Roy :
মাননীয় সদস্যরা যেটা পেয়েছেন সেটা তাঁদের নির্বাচন কেন্দ্রে দিয়েছেন। কিন্তু মন্ত্রীদের ব্যাপারে মাননীয় সদস্য জানেন, মন্ত্রীদের মাননীয় সদস্যদেরই অনুরোধে তাঁদের নির্বাচন কেন্দ্রে যেতে হয়। সেখানে ২।৪ জন দুঃস্থ মানুষ এসে কান্নাকাটি করে আবেদন করলে তাঁরা হয়ত কিছু দিতে পারেন। আমি তো আগেই বলেছি, আমাদের যদি সাফিসিয়েন্ট স্টক থাকতো তাহলে আমরা প্রত্যেক মাননীয় সদস্যকে বেশী দিতাম।

Shri Sukumar Bandyopadhyay :
স্যার, আমার প্রশ্নের উত্তর হল না। আমার জিজ্ঞাস্য ছিল, মন্ত্রীদের অতিরিক্ত দায়িত্ব কি?

Shri Santosh Kumar Roy :
মাননীয় সদস্য ভুলে যাচ্ছেন, মাননীয় সদস্য আমাকে প্রশ্ন করছেন আর আমাকে তার উত্তর দিতে হচ্ছে, এটা অতিরিক্ত দায়িত্ব, যেটা ও'র নেই।

Shri Sukumar Bandyopadhyay :
আপনিও বিধানসভার সদস্য, আমিও বিধানসভার সদস্য। আমাকে ধমক দিয়ে কথা বলবেন না। আপনি মন্ত্রী হয়েছেন, আপনাকে আমি জিজ্ঞাসা করেছি, অতিরিক্ত দায়িত্বটা

কি? আপনি বলেছেন, বিধানসভার প্রশ্নের উত্তর দিতে হয় এটা অতিরিক্ত দায়িত্ব। তাহলে আমার জিজ্ঞাস্য, এই অতিরিক্ত দায়িত্বের জন্য কি মন্ত্রীরা বেশী কাপড় পেয়েছেন?

Shri Santosh Kumar Roy :
আমি তা একবারও বলিনি। কাপড়ের ব্যাপারে আমি পরিষ্কার ভাবে আপনাদের বুঝিয়ে বলেছি। আপনি বার বার জিজ্ঞাসা করছেন অতিরিক্ত দায়িত্ব কি? এখন অতিরিক্ত দায়িত্বের কথা বলতে গেলে অনেক কথাই বলতে হয়। আমি তার মধ্যে না গিয়ে বলেছি, অতিরিক্ত দায়িত্ব নিশ্চয় আছে যেমন আপনি প্রশ্ন করছেন আর আমাকে তার জবাব দিতে হচ্ছে, এটা অতিরিক্ত দায়িত্ব যেটা আপনার নেই।

[1-40—1-50 p.m.]

Mr. Speaker : Mr. Banerjee, you have received the reply to your supplementary question. It may be that you are not satisfied with the answer. Let other members also place their supplementaries as so many members are interested in this particular question. This time I am allowing Shri Sarat Chandra Das to put his supplementary.

Shri Sarat Chandra Das :
মাননীয় মন্ত্রী মহাশয়, কি জানাবেন এটা কি সত্য যে মাননীয় মন্ত্রী মহাশয়কে এজন্য বেশী কাপড় দেওয়া হয়েছে, যে গত বছর জেলার মন্ত্রীমহাশয়দের এই সি, আর, এস, কম্বল এবং কাপড় দেওয়া হয়েছিল এবং কোন্ কোন্ মন্ত্রী মহাশয় সেটা নিজের কনস্টিটিউএন্সিতে বিলি করেছিলেন, বাকী জায়গায় দিতে পারেন নি, এটা সত্য কিনা?

Shri Santosh Kumar Roy :
না, এই বিষয়ে অবগত নই। আমি জানি বহু মন্ত্রী তাঁর নির্বাচন কেন্দ্রের বাইরেও অন্য জায়গায় বিলি করেছেন।

Shri Naresh Chandra Chaki :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, তিনি সমাজবাদী আদর্শে বিশ্বাস করেন। তিনি এই সমস্ত সদস্যদের অধিকার ভংগ করে মন্ত্রীদের প্রিভিলেজড ক্লাস হিসাবে চিন্তা করছেন তাদের বেশী কাপড় দিয়ে ভবিষ্যতে যখন এই ধরণের জিনিষপত্র আসবে এবং সমস্ত মেম্বারদের বিতরণের প্রশ্ন যখন আসবে, তখন তিনি এবারের ভুল সংশোধন করে সমস্ত সদস্যদের সমান দৃষ্টিতে দেখবেন কিনা, সেটা দয়া করে জানাবেন কি?

Shri Santosh Kumar Roy : It is a request for action.

Shri Naresh Chandra Chaki : On a point of privilege, Sir, My question is specific and it is not a request for action. I want your protection, Sir.

Mr. Speaker : Mr. Roy, regarding the first part of Mr. Chaki's question that the Ministers have been treated as a privileged class, I have disallowed it. Regarding the second part of his question to treat all the Members equally you can give an answer.

Shri Santosh Kumar Roy : Sir, it is the general policy of the Government.

Shri Naresh Chandra Chaki :
আমি জানতে চাই যে ভবিষ্যতে কি করা হবে?

Mr. Speaker : As far as I understand the Minister, it is the general Policy of t Government to treat all the members equally.

Shri Santosh Kumar Roy :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছি যে এটাই হচ্ছে সাধারণ নিয়ম এবং সে নিয়ম পালন করা হয়েছে। কোন মন্ত্রীর জন্য আলাদাভাবে বিবেচনা করা হয়নি বিশে বিশেষ সুবিধা দিয়ে। সেটা এখনও করা হয়নি এবং ভবিষ্যতেও করা হবেনা।

Shri Puranjoy Pramanik :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, মন্ত্রী মহাশয়দের যে অতিরিক্ত কাপড় এবং জাম কাপড় দেওয়া হয়েছিল, তারা নিজের কেন্দ্র ছাড়া অন্য কেন্দ্রে সরবরাহ করার তালিব বা মাষ্টার রোল এখানে দাখীল করতে পারবেন কি?

Shri Santosh Kumar Roy :
মাননীয় পুরঞ্জয় বাবু আমাদের মধ্যে অভিজ্ঞ সদস্য। তিনি যদি এই ধরণের জবাব চা তাহলে কাগজপত্র দেখে বলতে হবে। উনি যদি এই রকম প্রশ্ন করেন যে কে কি দিয়েছে কোন বিধানসভার সদস্য বা কে নিয়েছেন বা কে নেননি সমস্ত কিছু তথ্য দিতে পারি।

Shri Puranjoy Pramanik :
মন্ত্রী মহাশয়দের কাপড় যা বিতরণের জন্য দেওয়া হয়েছিল, তার তালিকা বা মাষ্টার রোল মন্ত্রী মহাশয়রা দাখিল করেছেন কি?

Shri Santosh Kumar Roy :
মাষ্টার রোল যেখানে দাখিল করতে বলা হয়েছিল, সেখানেই জমা দেওয়া হয়েছে। যেমন মাননীয় সদস্যদের যেখানে জমা দিতে বলা হয়েছিল,
You will give the muster roll, because you have distributed the cloth.
সেটা নিশ্চয়ই সবাই সেখানেই জমা দিয়েছেন। এই সম্বন্ধে যদি আপনারা তথ্য চান তাহলে আমি তথ্য দিতে পারি যে কোন সদস্য কি করেছে না করেছে, সমস্ত তথ্য দিতে পারি। মিনিষ্টাররা কি দাখিল করেছে না করেছে তাও দিতে পারি।

(নয়েজ)

Shri Puranjoy Pramanik :
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৬৪, ১৯৬৫, ১৯৬৬ এবং ১৯৭৩-৭৪ সালে যে বিভিন্ন মন্ত্রী মহাশয়রা কাপড় বিলি করেছিলেন, তার কোন হিসাব দাখিল না করতে পারার জন্য পাবলিক এ্যাকাউন্টস্ কমিটি পর পর দু বছর আপনার ডিপার্টমেন্টকে স্ট্রিকচার দিয়েছে, তার জন্য কি ব্যবস্থা করেছেন?

Shri Santosh Kumar Roy :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য পুরঞ্জয় প্রামানিক মহাশয়কে জানাতে চাই যে আমাদের বিভাগের কোন নিজস্ব কর্মচারী জেলায় বা ব্লকে নেই। জেলা শাসক এবং ব্লক ডেভলপমেন্ট অথারিটির মাধ্যমে এই সব হিসাবপত্র রাখার জন্য সেখান থেকে নানা অভিযোগ দীর্ঘদিন ধরে হয়ে আসছে। আমাদের মন্ত্রীসভা, আমার বিভাগে ব্লক লেভেলে, সাবডিভিশন্যাল লেভেল পর্য্যন্ত রেখে যাতে হিসাব আমরা ঠিকমত রাখতে পারি তার ব্যবস্থা করেছি এবং আমাদের অর্থ দপ্তর এই বিষয়ে মঞ্জুরী দিয়েছেন এবং এই বছর থেকে সেই স্টাফ রাখা হবে। এবং এই সমস্ত হিসাব যাতে এ, জি, এবং পাবলিক এ্যাকাউন্টস্ কমিটিকে ঠিকমত দেওয়া যায় তার ব্যবস্থা করা যাবে। মাননীয় প্রবীন সদস্য পুরঞ্জয়

:বু, তিনি যে সমস্ত প্রশ্ন তুলেছেন পাবলিক এ্যাকাউন্টস্ কমিটি থেকে—বহু ক্ষেত্রে জেলা াসক এবং মহকুমার শাসকের কাছ থেকে এই সমস্ত কাগজ পত্র, হিসাব পাওয়া যায়নি :ল এটা দেওয়া যায়নি।

Shri Mohammad Dedar Baksh :

ন্ত্রী মহাশয় বলেছেন যে বিধানসভার কেন্দ্র ভিত্তিক ২০০ কাপড় এবং ২০০ ধুতি দেওয়া হয়েছে। আমি এই বিষয়ে যাচ্ছি না, আমি জিজ্ঞাসা করতে চাই যে মুর্শীদাবাদ জেলায় দেওয়া হয়েছে কি না। আমি কম বেশী সম্বন্ধে কিছু বলতে চাই না।

Shri Santosh Kumar Roy :

আমি নিশ্চয়ই এটা দেখবো যে যদি না পেয়ে থাকেন, কেন পাননি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই কাপড়ের সংগে ইটালিয়ান কম্বল কত বিতরণ করা হয়েছিল, যদি বিতরণ হয়ে থাকে তাহলে কিসের ভিত্তিতে দেওয়া হয়েছিল, যে কম্বল-গুলোর দাম ৪০০ থেকে ৫০০ টাকা?

Shri Santosh Kumar Roy :

এর সংগে কোন কম্বল বিতরণ করা হয়নি।

মৎস্য চাষ উন্নয়ন

*৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫৯।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** ঃ মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) পশ্চিমবঙ্গ সরকার মৎস্য চাষ উন্নয়নের জন্য জেলাওয়ারী ভাবে গত ১৯৭৩ সাল হইতে ফেব্রুয়ারী ১৯৭৪ পর্যন্ত কোন্ ব্লক উন্নয়ন সংস্থায় কত পরিমাণ অর্থ ব্যয় করিয়াছেন; এবং

(খ) কোন্ কোন্ তথ্যের ভিত্তিতে মৎস্য চাষ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন?

[1-50—2-00 p.m.]

Shri Santosh Kumar Roy :

(ক) পশ্চিমবঙ্গ সরকার মৎস্যচাষ উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্পের অধীনে যে অর্থ ব্যয় করে সেই ব্যয়ের কোন ব্লকওয়ারী হিসাব রাখার ব্যবস্থা বর্তমানে সরকারের নাই। তবে ব্লক অঞ্চলে পুকুরে মৎস্যচাষে উন্নয়ণের জন্য যে প্রকল্প সরকারের আছে, সেই প্রকল্পে ব্যয়িত অর্থের একটি ব্লকওয়ারী হিসাব এই সংগে প্রদত্ত বিবরণীতে দেওয়া হইল।

(খ) মৎস্যচাষোপযোগী প্রচুর সংখ্যক জলাশয়ের অস্তিত্ব এবং গ্রামীণ মানুষের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে বিভিন্ন ব্লকে মৎস চাষ উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়।

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বিগত ২৫ বছরে মৎস্য চাষ বাবদ কত টাকা খরচ করা হয়েছে, কর্মচারীদের বেতন বাবদ কত খরচ হয়েছে এবং কত টাকার মাছ পাওয়া গিয়েছে?

Shri Santosh Kumar Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আলাদা প্রশ্ন দিলে পরে আমি নিশ্চয়ই জবাব দে: এখন আমার কাছে ঐ সম্বন্ধে কোন তথ্য নেই।

Shri Hemanta Kumar Dutta :

কোস্টাল ফিসারীর দিক দিয়ে পশ্চিমবঙ্গের রামনগর থানা এবং কাঁথী থানা সব চে বেশী উন্নত। এখানে দীঘা, জামালপুর, এবং জুনপুট, এরমধ্যে দুটো ফিসারী ডেভালপমে কর্পোরেশনের আর একটা ফিসারী ডিপার্টমেন্টের। এখন মাননীয় মন্ত্রী মহাশয় এখা গিয়ে আইস প্লান্ট সম্বন্ধে বলেছিলেন, তা সেই প্রস্তাব অনুযায়ী সে বিষয়ে তিনি কি ব্যব গ্রহণ করেছেন জানাবেন কি?

Shri Santosh Kumar Roy :

সে তথ্য এখানে দেওয়া সম্ভব নয়। মাননীয় সদস্য জানেন যে আমরা সেই আইস প্লা করবার চেষ্টা করছি। এটা অন্য ধরনের আইস, সাধারণভাবে ব্লাক আইস তৈরী হয় ন সেটা সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে, কনভার্ট করা যায় কিনা।

Shri Monoranjan Pramanik :

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মোট ২৪ কোটি টাকা মাছ কেনবার জন্য ব্যয় কর হয়েছে, তার মধ্যে আমরা দেখেছি মাত্র ১ কোটি টাকার মাছ, আর বাকি ২৩ কোটি টাক অফিসারদের মাইনে বা অন্যান্য ভাবে খরচ হয়েছে। এবং এই সম্বন্ধে আনন্দবাজা পত্রিকায় প্রকাশিত হয়েছে, এটা যদি মিথ্যা হয় তাহলে সে সম্পর্কে আনন্দবাজার পত্রিকা বিরুদ্ধে প্রতিবাদ জানান হয়নি কেন?

Shri Santosh Kumar Roy :

আপনি যে সম্বন্ধে বললেন সে সম্বন্ধে তথ্য চাইলে নিশ্চয়ই পেশ করা হবে। দীর্ঘ দি ধরে এই দপ্তরের কাজ যেভাবে চলা উচিত ছিল সেই ভাবে চলেনি এবং মাছ আনার যে প্রচেষ্টা হওয়া উচিত ছিল সেই প্রচেষ্টা দেখা যায়নি বা নেওয়া হয়নি। বর্তমানে আমর চেষ্টা করছি যাতে মাছের চাষের উন্নতি এবং মাছ আনা যায় এবং মৎস্যজীবীদের অর্থ নীতির উন্নতি করা যায় সব দিক দিয়ে।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের অনুন্নয়ণ-এর কথা তা উনি দয়া করে আমাদের জানাবেন কি যে ৫ম, পরিকল্পনায় বিশেষ ভাবে মৎস্যজীবীদে জন্য কোন পরিকল্পনা আহ্বান করেছেন কিনা?

Shri Santosh Kumar Roy :

আমি আগেই বলেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হয়ত শোনেননি, আগামী ৫ম পরিকল্পনায় আমার দপ্তর পশ্চিম বাংলায় ব্যাপক মৎস্য চাষের উন্নতি এবং মৎস্যজীবীদের জীবন যাত্রার উন্নতির জন্য পরিকল্পনা গ্রহণ করেছে, যদিও এই গুলি পরিকল্পন কমিশনের অনুমোদনের অপেক্ষায় রয়েছে এবং অনুমোদন দিলে এই সম্বন্ধে কাজ শুরু হবে।

Shri Asamanja De :

দীর্ঘদিন ধরে এই ফিসারী ডিপার্টমেন্ট ঠিকভাবে চলেনি। কিন্তু তিনি কি খতিয়ে দেখেছেন কোন কোন ত্রুটির জন্য এই ডিপার্টমেন্ট ঠিকভাবে চলেনি এবং তা সংশোধন করার কি চেষ্টা করেছেন?

Shri Santosh Kumar Roy :
বরাদ্দ এত অল্প ছিল যে তা প্রয়োজনের তুলনায় অতি কম। যে মিনিমাম স্টাফ স্ট্রেন্থ দরকার এই মৎস্য দপ্তরের জন্য তার চেয়ে বেশী ছিল এই কারণে কাজ কিছু হয়নি। এখন যাতে ভালভাবে কাজ হয় সেই চেষ্টা করছি।

Shri Ajit Kumar Bandyopadhyay :
বালাজলে মাছ ধরার ব্যাপারে বিশেষ বিশেষ কিছু সম্প্রদায় বিশেষজ্ঞ হবার ফলে আজ এই বিভাগের এই দুরবস্থা। সুতরাং এই বিভাগের অবলুপ্তি ঘটালে টাকার সাশ্রয় হবে কিনা?

Shri Santosh Kumar Roy : It is a matter of opinion, Sir,

Shri Ajit Kumar Bandyopadhyay :
আমি তো স্পেসিফিক প্রশ্ন করেছি?

Mr. Speaker : Your question was very ironical. You have expressed an opinion with which the Hon'ble Minister does not agree and the first part of your question is not accepted by the Hon'ble Minister.

Shri Ajit Kumar Bandyopadhyay :
ফার্স্ট পার্টের না হয় না দিলেন কিন্তু দ্বিতীয়টা এ্যাক্সেপ্ট করে তার উত্তর দিন।

Shri Santosh Kumar Roy :
বিভাগ তোলার কোন পরিকল্পনা নাই।

Shri Rajani Kanta Doloi :
মৎস্য বিভাগে বেকার গ্রাজুয়েটদের ট্রেনিং-এর ব্যবস্থা আছে কি?

Shri Santosh Kumar Roy :
মৎস্য চাষের জন্য বেকারদের ট্রেনিং দেবার একটা পরিকল্পনা চালু করেছি।

Shri. Gautam Chakravartty :
বর্তমান সরকারের চেষ্টায় বহু অঞ্চল বন্যার কবল থেকে রক্ষা পেয়েছে যেমন মালদহের হরিশচন্দ্রপুর ইত্যাদি। কিন্তু তার জন্য যে সমস্ত মৎস্যজীবী বেকার হল তাদের জন্য সরকার কি করেছেন জানাবেন কি?

[2-00 – 2-10 p.m.]

Shri Santosh Kumar Roy :
এই সম্বন্ধে আমরা বিচার বিবেচনা করছি। মালদহ জেলার মৎস্যজীবীদের যে অসুবিধা ঘটেছে তা কিভাবে নিরসন করা যায় এবং তাদের অন্য কিভাবে পুনর্বাসনের ব্যবস্থা করা যায় সে সম্বন্ধে আমরা বিচার বিবেচনা করছি।

Shri Sukumar Bandyopadhyay :
মাননীয় মন্ত্রী মহাশয়ের যোগ্যতা সম্বন্ধে আমার সন্দেহ নেই, আমি একটা কথা বলছি মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে মৎস্য দপ্তরের জন্য বরাদ্দকৃত অধিকাংশ অর্থ কর্মচারীদের বেতন বাবদ খরচ করা হয়েছে, মাছের যা উৎপাদন হয়েছে তা কিন্তু সন্তোষজনক নয়, বলা যেতে পারে বরাদ্দকৃত অর্থের ৯৮ ভাগ কর্মচারীদের বেতন বাবদ খরচ করা হয়েছে এটা মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন।

Shri Santosh Kumar Roy :
৯৮ ভাগ এই বাবদ খরচ হয়েছে এটা স্বীকার করি না।

Mr. Speaker : Question hour is over, Now calling attention.

Shrimati Ila Mitra :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ ব্যাপারের উপর বলার জন্য আমি আপনার অনুমতি নিয়েছি, সেই ব্যাপারে আমাকে বলতে দেবেন।

Mr. Speaker : If the Hon'ble Minister agrees I have no objection.

Shrimati Ila Mitra : The Hon'ble Minister has agreed.

Mr. Speaker : Yesterday one Hon'ble Minister sought my permission for answering a particular question in public interest and he took about 50 minutes on that question.

Shrimati Ila Mitra :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কোশ্চেন দিয়েছি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে তিনি তার উত্তর দেবেন বলেছেন। এই কয়টি কোশ্চেনের মধ্যে আমি একটা মাত্র কোশ্চেন করেছিলাম সেই কোয়েশ্চেনটা ছিল ওয়েস্ট বেঙ্গল ট্যানারিজ সম্বন্ধে, মিনিমাম ওয়েজ ফর ওয়ারকার্স ইন ট্যানারিজ, সেই কোয়েশ্চেনটা কিন্তু এপর্যন্ত ঘুরে ঘুরে যাচ্ছে, কোনবার আসছে না। সেজন্য আপনি অনুমতি দিয়েছেন, আপনাকে ধন্যবাদ দিচ্ছি। সেই কোয়েশ্চেন হচ্ছে অনুমোদিত ২৭০১, ২৭০২।

Shri Naresh Chandra Chaki :
অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অনেক প্রশ্ন আছে যেগুলি সময়ভাবে আলোচনা করা গেল না। এই পরিপ্রেক্ষিতে আপনি বিশেষ একজন সদস্যের প্রশ্ন উৎথাপন করার অনুমতি দিয়েছেন, তাহলে কি আমাদের অধিকার খর্ব করা হচ্ছে না? এটা বিশেষভাবে বিবেচনা করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : You have misunderstood the entire proceedings. It is the Hon'ble Minister seeking permission from the Chair to answer a particular question in public interest. If any Hon'ble Minister wants permission from the Chair for answering a particular question in public interest, I will allow him. In this particular case the Hon'ble Labour Minister, Dr. Nag, has sought my permission to answer a particular question in public interest and I have allowed him to give the answer.

STARRED QUESTIONS

(to which oral answer was given)

Minimum Wages for the workers in Tanneries

*737. (Admitted question No. *2701.) **Sm. Ila Mitra :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of
  (i) tanneries located in West Bengal ;
  (ii) workers engaged in these tanneries ;
  (iii) people in this State who maintain their livelihood in manufacture of finished products of leather goods, e.g.. footwear, Santiniketan leather bags, hand gloves, etc. ;

(b) If any minimum wage has been fixed for the tanneries in West Bengal ;

(c) if the reply to question at (b) above be in the affirmative the details thereof ; and

(d) the number of tanneries in which the said minimum wages have been implemented : and

(e) the steps taken by the Government to implement minimum wage in respect of other workmen, delingquent tanneries, if any ?

Dr Gopal Das Nag : (a) (i) Number of registered tanneries located in West Bengal is 83.

(ii) 1851 workers are engaged in these tanneries.

(iii) Exact figures are not available.

(b) Yes.

(c) Monthly minimum wages fixed for different categories of employees engaged in the tanneries in 1969 are given as follows :

Unskilled workers :97

Semi-skilled workers : 108

Skilled workers : 122

Clerks : 150.

(d) The number of tanneries in which the minimum wages have been implemented is not readily available.

(e) In the case of non-implementation of minimum wages, 10 cases are instituted in the court of authority appointed under the Minimum Wages Act, 1948.

Shrimati Ila Mitra :

কিন্তু এই বিষয়ে আমি সন্তুষ্ট হতে পারছিনা। কথাটা আমার মনে হচ্ছে তাঁকে দপ্তর থেকে যেগুলি লিখে দিয়েছে এই কথাগুলি ঠিক নয়। কেননা, যেখানে বলছেন ১৮৫১জন ওয়ার্কর্স এন্‌গেজড্‌ ইন দিজ টেনারস্‌ সেখানে প্রায় ১০ হাজারের উপর ওয়ার্কার্স এনগেজড্‌ আছে। আবার যেখানে বলেছেন রেজিসটারড টেনারী আছে ৮৩ সেখানে অরগানাইজড্‌-৬০০ এ্যাণ্ড আনঅরগানাইজড-২০০ রয়েছে। তাছাড়া আর একটা জিনিস যেখানে বলছেন যে কতলোক তার সংগে যুক্ত আছে একজাক্‌ট ফিগারস আর নট এ্যাভেইলেবেল। সেখানে আমরা জানি ২৫ হাজারের উপরে লোক সেখানে কাজে নিযুক্ত রয়েছে। তাছাড়া মিনিমাম ওয়েজেস-এর যে কথা বললেন যে ১৯৬৯ সালে লেদার ইণ্ডাষ্ট্রি এ্যাক্‌ট, ওয়েষ্ট বেঙ্গল গভঃ এর মিনিমাম ওয়েজ এ্যাক্‌ট অনুসারে ৯৭ টাকা প্লাস বেসিক পে, ডিয়ারনেস এ্যালাউন-সেস, আর ১৯৬৯ সালের অল-ইণ্ডিয়া বেসিক ইন লেদার ইণ্ডাষ্ট্রি, ফার্ষ্ট ওয়েজেস বোর্ড

অনুযায়ী মিনিমাম ওয়েজেস হয়েছিল ওয়েস্ট বেঙ্গল এর জন্য ১১২ টাকা ১৮ পয়সা আর ডিয়ারনেস এ্যালাউন্স হচ্ছে পার পয়েন্ট ৭৫ পয়সা। কিন্তু আমার এই একটা প্র যে, এতগুলি লোক যেখানে যুক্ত, এত কারখানা সেখানে ২।১টি কারখানা ছাড়া কো জায়গায় এই ওয়েজেস ইম্প্লিমেন্টেড হয়নি। এই সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় কিছু বলে পারবেন কিনা? আর এ ছাড়া সেই সমস্ত কারখানাগুলির অবস্থা কি সেটা মন্ত্রীমহাশ তথা পশ্চিমবঙ্গ সরকার ভাল ভাবেই জানেন। প্রথমতঃ এই ওয়েজেস সেখানে ইম্প্লিমেন্টে হয়নি। দ্বিতীয়তঃ তাদের কোন হাজিরা খাতা নেই, সেখানে আইন বলে কিছু নেই ওখানে যে ত্রি-পাক্ষিক চুক্তি হয়েছিল ১৯৭৩ সালে তা কেন ইম্প্লিমেন্টেড্ হয়নি সে সম্পর্ক মন্ত্রী মহাশয় কিছু বলতে পারবেন কি?

Mr. Speaker : You should not put so many supplementaries together. You should put one supplementary at a time.

Dr. Gopal Das Nag :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই উত্তরে বলেছি যে, in the case of non-implementation 10 cases are instituted step নেওয়া হয়েছে। নন-ইমপ্লিমেনটেসনের জন্য আমি জানিয়েছি number of prosecution started is 18 ; number of claim cases started is 2 ; number of claim cases pending is 2. So far in 33 cases notices were issued to the differen employees of tanneries for non implementation of prescribed register record et and final action in this respect is expected to follow soon.

আর মাননীয় সদস্য যেটা বললেন ইমপ্লিমেনটেসন-এর কথা Notification No. 543 LW/LW/2W/65/67 dated 23rd May 1969 revising minimum rates of wages in tanneries and leather manufacturing concerns.

এটার মাঝখানে ৯৭, ১০৮, ১২২, ১৫০ ধার্য্য করা হয়েছিল।

Shrimati Ila Mitra :
কিন্তু সেখানে একটা গুণ্ডা রাজত্ব চলছে, কোন রকম নিয়ম-কানুন নেই। সে সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা যেখানে ১০ হাজারের উপর লোক সেখানে যুক্ত রয়েছে?

Dr. Gopal Das Nag :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও টেনারীর সংখ্যা অনেক কিন্তু আমাদের কাছে যে রেজিসটা টেনারী আছে তার সংখ্যাটা আমরা বলতে পারি, আন-রেজিসটার্ড টেনারী, উনি যে অঞ্চলে কথা বলছেন সেই অঞ্চলে বহু আছে।

এদের অধিকাংশ মালিক হচ্ছে চীনারা, এরা ডিসিপ্লিনের কোন ধার ধারেনা, কোন আই কানুন মানেনা, নিজেদের আইন চালু করেছিল এত দিন ধরে, সরকার নানা রকমে ত্রিপাক্ষি বৈঠকের মাধ্যমে ইন্সপেকশনের মাধ্যমে, অন্য আইন প্রয়োগের ভয় দেখিয়ে এবং ইত্যাদি করে কিছু কিছু জায়গায় ডিসিপ্লিন আনার চেষ্টা করছে, সব গুলিতে সফলতা আসেনি যে চুক্তির কথা বলছেন ত্রিপাক্ষিক, শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রীর চেষ্টায় হয়েছিল, সেটাও চীন মালিকেরা অধিকাংশ জায়গায় মানেনি। তার জন্য চিন্তা করছি ট্যানারী কর্মচারীদে ন্যূনতম কি ব্যবস্থা করা যায়, সেই ব্যবস্থা যাতে সার্থকভাবে প্রতিপালিত হয়। তার জন এই শ্রেনীর মালিক বার বার আইন ফাঁকি দিয়ে শ্রমিকদের এক্সপ্লয়েট করে আসছে, তা বিরুদ্ধে বাধ্যতামূলক ব্যবস্থা কি করা যায় তার জন্য চিন্তা করছি।

Shri Gangadhar Pramanick : May I rise on a point of privilege, Sir ?

Mr. Speaker : Is that with regard to any question ?

Shri Gangadhar Pramanick : No it is with regard to the bulletin issued on the 4th April, 1974.

Mr. Speaker : I will allow you to raise it after the question hour.

HELDOVER STARRED QUESTIONS

(To which oral answers were laid on the table)

জে, কে, নগরে বন্ধ এ্যালুমিনিয়াম কারখানা খোলার ব্যবস্থা

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯।) শ্রী সামসুল আলম খান: শ্রম বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) সরকার কি অবগত আছেন যে আসানসোল জে, কে, নগরে অবস্থিত এ্যালুমিনিয়াম কর্পোরেশন অব ইণ্ডিয়া লিমিটেড দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকায় প্রায় সাড়ে তিন হাজার কর্মী বেকার হইয়া পড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এই কারখানা খোলার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) হ্যাঁ।

(খ) শিল্প বিরোধ আইন অনুযায়ী বিষয়টি ত্রিদলীয় বৈঠকে আলোচনা করিয়া কোন সুরাহা করা যায় নাই, কারণ এই কারখানা আকারের অনাথিক এবং অন্যান্য কারণেও লাভজনক নহে। রাজ্য সরকার এ বিষয়ে প্রাপ্ত তথ্য আদি পর্য্যালোচনা করিয়া কি উপায়ে ইহাকে বাঁচানো যায় এবং পরে একটি লাভজনক সংস্থায় পরিণত করা যায় এরূপ একটি বিস্তারিত প্রস্তাব ভারত সরকারের ইস্পাত ও খনি মন্ত্রকের নিকট উপস্থাপিত করিয়াছেন। এই প্রস্তাবে প্রতিষ্ঠানটি অধিগ্রহণ করার সুপারিশও করা হইয়াছে। বিষয়টি এখন কেন্দ্রীয় সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে। কেন্দ্রই এ বিষয়ে সামগ্রিক ক্ষমতার অধিকারী।

বন্ধ চা বাগিচা

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২১০।) শ্রীনারায়ণ ভট্টাচার্য্য: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) বর্তমানে পশ্চিমবংগে বন্ধ চা বাগিচার সংখ্যা কত;

(খ) ঐ সমস্ত চা বাগিচায় মোট শ্রমিক সংখ্যা কত;

(গ) বন্ধ চা বাগিচা সমূহকে চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) বন্ধ চা বাগিচাগুলি চালু করিবার জন্য সরকারের পক্ষ হইতে এ পর্য্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) বর্তমানে বন্ধ চা বাগিচার সংখ্যা ১৪;

(খ) প্রায় ৪,৫০০ জন।

(গ) বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে;

(ঘ) বন্ধ চা বাগান চালু করিবার একটি প্রকল্প রাজ্য সরকার ১৯৭২ সালে কেন্দ্র বাণিজ্য মন্ত্রকে পাঠাইয়াছিলেন। ১৯৭৩ সালের সুরুতেই প্রয়োজনীয় আইন প্রণয়ে খসড়াও রাজ্যসরকার কেন্দ্রের নিকট পাঠান। সেই অবধি বিষয়টি কেন্দ্রীয় সরকারে বিবেচনাধীন আছে। এ বিষয়ে আইন প্রণয়নের অধিকার রাজ্য সরকারের নাই বিধ রাজ্য সরকার কেন্দ্রের সিদ্ধান্তের অপেক্ষায় আছেন।

Closure of Tea Gardens in Darjeeling and Jalpaiguri Districts.

***721** (Admitted question No. *2493) **Shri Md. Safiullah :** Will the Minister-charge of the Labour and Closed and Sick Industries Department be please to state –

(a) if the Government is aware that due to the closure of some tea gardens the districts of Darjeeling and Jalpaiguri the labourers are facing starvation; and

(b) if so—

(i) the steps taken by the Government to save the lives of more than 50 labourers due to the non-payment of wages to them of the Poshok as well as Loksa Tea Estates in Darjeeling and Jalpaiguri districts belonging to the same owner ?

Minister-in-charge of the Labour and closed and Sick Industries :—

(a) Government is aware that some labourers have lost their employment di to closure of some tea gardens in the districts of Darjeeling and Jalpaigur No specific report regarding starvation has been received by Government

(b) (i) As legislative powers in regard to the Tea Industry vest in the Goverr ment of India, the State Government took up the question of takin over of the closed Tea Gardens with that Government in 1972. Th matter is still under consideration of the Government of India.

Pashok Tea Estate had financial difficulties as a result of which, some time ag the management failed to pay wages regularly. Since then the manage ment have cleared up the arrear dues of the workers. No dispute in respect of non-payment of wages exists at present.

Loksan (Mohara) Tea Estate re-started functioning with effect from 22-3-74 The workers have also been paid of their arrear wages.

মুর্শিদাবাদের গ্রামাঞ্চলে বেকার ক্ষেতমজুরদের জন্য টি, আর অথবা জি, আর চালু

*৭২২ (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৪।) শ্রীশংকরদাস পাল: ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন গ্রামাঞ্চলের ক্ষেতমজুররা বর্তমানে কাজের অভাবে বেকার হইয়া পড়িয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে সরকার ক্ষেতমজুরদের দুঃখ কষ্ট লাঘব করিবার জন্য টি, আর অথবা জি, আর, চালু করিবার কথা চিন্তা করিতেছেন কি না; এবং

(গ) করিলে, কবে নাগাদ ইহা চালু হইবে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) গম কাটা এবং বোরোচাষের কার্যে বর্তমানে কিছুসংখ্যক ক্ষেতমজুর নিযুক্ত আছেন।

(খ) ও (গ) উপযুক্ত ক্ষেত্রে জি, আর, দিবার ব্যবস্থা আছে এবং সক্ষম ও দুঃস্থ ক্ষেত-মজুরদের কাজের মাধ্যমে রিলিফ দিবার জন্য টি, আর, স্কীম চালু আছে।

পশ্চিমবঙ্গে মেডিক্যাল কলেজ

* ৭২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৬।) **শ্রীঅনন্ত কুমার ভারতী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে কয়টি মেডিকেল কলেজ আছে;

(খ) ঐ সমস্ত মেডিকেল কলেজগুলিতে ইউনিট ওয়াইস বৎসরে গড়ে কতজন ইনডোর এবং আউটডোর পেসেন্টকে চিকিৎসা করা হয়;

(গ) ঐ সমস্ত মেডিকেল কলেজগুলিতে বৎসরে কতগুলি আসনে ছাত্র ভর্তির সুযোগ আছে; এবং

(ঘ) ঐ আসন সংখ্যার কয়টি পশ্চিম বাংলার ছাত্রের জন্য নির্দিষ্ট আছে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ৭ (সাত)টি

(খ) মেডিক্যাল কলেজগুলিতে ছাত্রছাত্রীদের শিক্ষণ, প্রশিক্ষণ ইত্যাদি হয়ে থাকে, রোগীদের চিকিৎসা হয় না।

(গ) ৭৫৫টি।

(ঘ) ভারত সরকারের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত ১৪টি আসন ছাড়া, প্রি-মেডিক্যাল কোর্সের বাকী ৭৪১টি আসনে পশ্চিমবঙ্গে সাধারণভাবে বসবাসকারী ভারতীয় নাগরিকদের ভর্তি হওয়ার সুযোগ আছে।

Development of Squatters' Colonies

*724 (Admitted question No. *2595) **Shri Pankaj Kumar Banerjee :** Will the Minister-in-Charge of the Refugee Relief And Rehabilitation Department be pleased to state—

(a) whether the Central Government has sanctioned money for the development of the squatters' colonies in West Bengal ; and

(b) if so, (i) the amount of money sanctioned ;

(ii) the amount of money received by the State Government so far, and

(iii) how the money is being spent ?

Minister-in-Charge of Refugee Relief and Rehabilitation Department :

(a) Administrative sanction for the development of the regularisable squatters colonies has been accorded by the Government of India :

(b) Lump allotments of fund for the purpose are generally received from the Central Government on the basis of actual requirements.

(iii) The expenditure on the development of the regularisable squatters' colonies is being incurred as per plan and estimates drawn up by the Construction Board. The items of development works include road, drains, water supply, etc. Now that the C. M. D. A. is undertaking development works in the Greater Calcutta area, the development of the squatters' colonies falling within its jurisdiction is expected to be looked after by that Authority.

পশ্চিমবঙ্গে শিক্ষিত বেকার

*৭২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬২।) শ্রীনিতাই পদ সরকারঃ শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পঃ বঙ্গে শিক্ষিত বেকারের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে;

(খ) সত্য হইলে পঃ বঙ্গে সরকারী হিসাব অনুযায়ী জেলাওয়ারী ভিত্তিতে বেকারের সংখ্যা বর্তমানে কত; এবং

(গ) উক্ত বেকার সমস্যা সমাধানে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ। জেলাওয়ারী কর্মসংস্থান কেন্দ্রে পঞ্জীভুক্ত শিক্ষিত ম্যাট্রিকুলেশান ও তদুর্ধ বেকারের সংখ্যাঃ

১।	কলিকাতা	..	১,৯৭,৩৮৬
২।	২৪ পরগণা	..	৯১,৩৭২
৩।	হুগলী	..	৪২,৭৮৯
৪।	বর্ধমান	..	১,০৬,১১৭
৫।	মেদিনীপুর	..	৭৬,৯৬৯
৬।	মুর্শিদাবাদ	..	১৮,৪৪১
৭।	দার্জিলিং	..	৮,৯৩০
৮।	হাওড়া	..	৪৪,২১৩
৯।	বীরভূম	..	২০,৭৭৪
১০।	বাঁকুড়া	..	৩০,৩৬৬
১১।	পুরুলিয়া	..	১৪,৩৯৫
১২।	নদীয়া	..	২৮,০০৭
১৩।	জলপাইগুড়ি	..	১৩,৩০০
১৪।	কুচবিহার	..	৭,৬৮৪
১৫।	মালদহ	..	৭,৪১৩
	মোট	..	৭,৩৪,৬১৪

এই রাজ্যে শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের জন্য কেন্দ্রীয় সরকারের অর্থানুকুল্যে উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প (এ্যাডিশন্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম) রূপায়ণে নিযুক্ত রহিয়াছে। ১৯৭৩-৭৪ সালে এই রাজ্যে এই প্রকল্প রূপায়নের জন্য কেন্দ্রীয় সরকার ১৫ কোটি টাকা বরাদ্দ করিয়াছেন তন্মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়ে সাত কোটি টাকা এ পর্যন্ত পাওয়া গিয়াছে এবং ৩৭,৩৮৩ জনের কর্মসংস্থান করা সম্ভব হইয়াছে।

বৃষ্টির অভাবে পুরুলিয়া জেলায় ধান চাষে বিঘ্ন

*৭২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫১।) **শ্রীশরৎ দাস**ঃ ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার অবগত আছেন কি পুরুলিয়া জেলার রঘুনাথপুর ২নং ব্লকের (চেলীয়ামা) চেলীয়ামা, জোরাডিহ, মঙ্গলদা, মৌতোড়, নতুনডিহ, অঞ্চল এবং পাড়া ব্লকের দেওলী, বহড়া উদয়পুর, নডিহা, দুবড়া অঞ্চল সমুহে (১) সময়োপযোগী বৃষ্টি না হওয়ার ফলে ধান্য বপনের কাজ ও উৎপাদন ব্যহত হয়েছে;

(২) জনগণ খাদ্য ও কাজের অভাবে অবর্ণনীয় দুর্দশার মধ্যে পড়েছেন; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত অঞ্চল সমুহের জনগণের দুর্দশা লাঘবের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) (১) ঐ সকল অঞ্চলে সময়োপযোগী বৃষ্টি না হওয়ায় ধান্য উৎপাদন ব্যাহত হইয়াছে;

(২) জনগণ খাদ্য ও কাজের অভাবে কষ্টে আছেন।

(খ) ক্ষেতমজুরদের কাজের সংস্থানের জন্য টেস্ট রিলিফ, কেয়ার সংস্থার ফুড্-ফর-ওয়াৰ্ক প্রকল্প এবং স্পেশাল এমপ্লয়মেন্ট স্কীম চালু করিবার ব্যবস্থা করা হইয়াছে। ইহা ছাড়া প্রয়োজনবোধে খয়রাতি সাহায্য বিতরনের ব্যবস্থা করা হইয়াছে।

নদীয়া জেলায় গাঁটরা সহকারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*৭২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৫।) **শ্রীঘিয়াসুদ্দিন আহমদ**ঃ স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার চাপড়া থানার অন্তর্গত গাঁটরা সহকারী স্বাস্থ্যকেন্দ্র যাহা চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত হইয়াছিল অদ্যাবধি তাহা স্থাপন না করার কারণ কি; এবং

(খ) প্রস্তাবিত হাসপাতালের নির্মাণকার্য্য কবে শুরু হইবে এবং কবে নাগাদ হাসপাতালের কাজ চালু হইবে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) ঐ জায়গায় উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব ছিল না।

(খ) প্রশ্ন ওঠে না।

শহর ও গ্রামাঞ্চলে বেকারের সংখ্যা

*৭২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫০।) **শ্রীশম্ভু নারায়ণ গোস্বামী**ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্ত্তমানে পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে প্রতি একহাজারে আনুমানিক কতজন করিয়া বেকার; এবং

(খ) তাহাদের কর্মসংস্থানের জন্য সরকার কি কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) করিয়া থাকিলে, তাহাদের বিবরণ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান ব্যুরো পরিচালিত ১৯৭০-৭১ সালে বেকার সংক্রান্ত সমীক্ষা হইতে জানা যায় যে, ১৯৭১ সালে শহরাঞ্চলে হাজার করা ২৬ জন, গ্রামাঞ্চলে হাজার করা ১৩ জন এবং সমগ্র রাজ্যে হাজার করা ১৬ জন বেকার ছিলেন।

(খ) হ্যাঁ।

(গ) এই রাজ্যে বেকারদের কর্মসংস্থানের জন্য কেন্দ্রীয় সরকারের অনুরোধ ও অর্থানুকুল্যে উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর দুইটি কর্মসংস্থান প্রকল্প গ্রহণ করিয়াছেন—

(১) বিশেষ কর্মসংস্থান প্রকল্প, ও

(২) অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প।

বিশেষ কর্মসংস্থান প্রকল্পে ১৯৭৩-৭৪ সালে ১৮৫'৭০ লক্ষ টাকা কেন্দ্রীয় সাহায্য সহ মোট ২৫৫'৭০ লক্ষ বরাদ্দ করা হইয়াছিল এবং তম্মধ্যে ৩১-১-৭৪ তাং পর্যন্ত ১৩২'৬৮ লক্ষ টাকা ব্যয় করিয়া ৩১,৯২৮ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হইয়াছে।

অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্পে কেন্দ্রীয় সরকার ১৯৭৩-৭৪ সালে ১৫ কোটি টাকা বরাদ্দ করেন। তম্মধ্যে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ২৮-২-৭৪ তাং পর্যন্ত ৮,৯২,৭০০ টাকা পাওয়া গিয়াছে এবং ৩৭,৩৮৩ জনের কর্মসংস্থান করা সম্ভব হইয়াছে।

খাদ্যে ভেজালকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

*৭২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭৩।) **শ্রীরজনী কান্ত দোলুই:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদ্যে ভেজাল বন্ধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) ১৯৭৩-৭৪ সালে (১২।৩।৭৪ পর্যন্ত) কতজন খাদ্যে ভেজালদারের বিরুদ্ধে কি কি শাস্তিমূলক ব্যবস্থা লওয়া হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) খাদ্যদ্রব্যে ভেজাল নিবারণের জন্য ১৯৫৫ সালের ১লা জুন হ'তে কেন্দ্রীয় আইন "খাদ্য ভেজাল নিরোধক আইন, ১৯৫৪" এই রাজ্যে চালু আছে এবং এই আইনের মাধ্যমেই ভেজাল নিবারণের জন্যে ব্যবস্থাদি নেওয়া হয়। এই আইন যথোপযুক্ত বিবেচিত না হওয়ায় পশ্চিমবঙ্গ বিধানসভায় গত সেপ্টেম্বর মাসে একটি সংশোধনী বিল পাশ করা হয়। বিলটি রাষ্ট্রপতির বিবেচনাধীন আছে। বর্তমানে ৯৮টি শহর ও ২৬১টি গ্রামাঞ্চলের জন্য ফুড ইন্সপেক্টর আছে। বর্তমানে ৭টি ল্যাবরেটরিতে খাদ্যদ্রব্যের নমুনা পরীক্ষা করা হয়। ১৯৭৩-৭৪ সালে ২৮ জন স্যানীটারী ইন্সপেক্টারকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২৪টি নতুন ফুড ইন্সপেক্টারের পদ তৈরী করা হয়েছে। রাজ্যের সরকারের অধীন ল্যাবরেটরিগুলিকে উন্নত করার জন্য ২'৪৫ লক্ষ টাকা মূল্যের যন্ত্রপাতি কেনা হয়েছে।

(খ) ১৩৮৪ জন ভেজালদারের বিরুদ্ধে কেস করা হয়েছে। এর মধ্যে ৪১৪ জনের শাস্তি হয়েছে। জরিমানা হিসেবে ১,১০,৩৪৫ টাকা আদায় হয়েছে।

ডোমকল ব্লকের ডুবাপাড়া গ্রামে অগ্নিকাণ্ড

*৭৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯১।) **ডাঃ একরামুল হক বিশ্বাস:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ডোমকল ব্লকে ডুবাপাড়া গ্রামে বিগত ১০।৩।৭৪ তারিখে আকস্মিক অগ্নিকাণ্ডে গ্রামের অধিকাংশ জনসাধারণের বাড়ীঘর, জিনিষপত্র এবং গরু বাছুর প্রভৃতির বিশেষ ক্ষতি হয়েছে;

(খ) অবগত থাকলে, কয়টি বাড়ীঘর পুড়েছে, এবং গরু ছাগল ও জিনিষপত্র বাবদ কত টাকার ক্ষতি হয়েছে; এবং

(গ) সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

(ক) হ্যাঁ, মুর্শিদাবাদ জেলার ডোমকল ব্লকে ডুবাপাড়া গ্রামে বিগত ১০।৩।৭৪ তারিখে াকস্মিক অগ্নিকাণ্ড ঘটিয়াছিল।

(খ) (১) ৪৮টি পরিবার ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(২) কোনও জীবনহানি হয় নাই;

(৩) সর্বমোট আনুমানিক এক লক্ষ টাকার (টাকা ১,০০,০০০) ক্ষতি হইয়াছে।

(গ) সম্ভাব্য সকল রকম ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে যথা জি, আর, বস্ত্রাদি, ত্রিপল এবং গৃহনির্মাণ বাবদ খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে।

কাটোয়ার স্থায়ী সিনেমা হাউসের কর্মচারীদের ন্যুণতম মজুরী

*৭৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫২।) **শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)**ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া সহরে বর্ত্তমানে স্থায়ী সিনেমাগুলির সব কয়টী হাউসের কর্মচারীরা রাজ্য সরকার ঘোষিত সংশোধিত ন্যূনতম মজুরী (রিভাইজড মিনিমাম ওয়েজ) পাচ্ছেন কি না;

(খ) ইহা কি সত্য যে পূর্বাচল সিনেমা হাউসের কর্মচারীরা ঐ মজুরী না পাওয়ায় গত মাসে (ফেব্রুয়ারী ১৯৭৪) প্রতিবাদ জানিয়ে মাহিনা নিয়েছেন;

(গ) অতিরিক্ত শ্রম কমিশনার শ্রী এন, সি, কুণ্ডু পূর্বাচল সিনেমা মালিকদের সংশোধিত হারে মজুরী দিয়ে দেওয়ার জন্য কোন চিঠি দিয়েছেন কি;

(ঘ) কাটোয়ার মহকুমা শাসক ঐ সিনেমাটীকে "দুর্বল সিনেমা" (সিক সিনেমা) মন্তব্য করে জেলা শাসক বা উদ্ধতন কর্তৃপক্ষের কাছে কোন নোট পাঠিয়েছেন কি;

(ঙ) ঐ সিনেমার কর্মচারী ও আসন সংখ্যা কত;

(চ) ঐ হাউসের মাসিক গড় আয় ও ব্যয় কত; এবং

(ছ) কাটোয়ার উত্তরা সিনেমা হাউসের আসন সংখ্যা, কর্মচারীর সংখ্যা ও তার গড় মাসিক আয় ব্যয় কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

(ঙ) কর্মচারী সংখ্যা : ১১।
আসন সংখ্যা : ৬৭৩।

(চ) ঐ হাউসের মাসিক গড় আয় ও ব্যয় যথাক্রমে টাঃ ১,৮০০·০০ প এবং টাকা ৮,০০০·০০প (আনুমানিক)

(ছ) কাটোয়ার উত্তরা সিনেমা হাউসের আসন সংখ্যা, কর্মচারীর সংখ্যা ও তার গড় মাসিক আয় নিম্নে দেওয়া হইল :—
আসন সংখ্যা : ৭৭৪।
কর্মচারীর সংখ্যা : ১৯।
আনুমানিক গড় মাসিক আয়—টাঃ ১৭,০০০·০০ প। মাসিক গড় ব্যয় কত জানা যায় নাই।

নদীয়ার বেতাই বা শ্যামনগরে স্টেট হসপিটাল স্থাপন

*৭৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০৯।) শ্রীকান্তিক চন্দ্র বিশ্বাস : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার বেতাই অথবা শ্যামনগরে একটি স্টেট হস্পিট্যাল স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, বর্তমানে উহা কি অবস্থায় আছে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Doctors in Basic Grade

*734. (Admitted question No. *2517) **Shri Rathin Talukdar :** Will the Minister-in Charge of the Health Department be pleased to state—

(a) how many doctors are on the basic grade and what will be their pay scale on revision ;

(b) how many doctors will be benefited from the intermidiate scale this year ;

(c) the scale of pay of an I.A.S. Officer of first appointment and on selection grade; and

(d) the total number of doctors that are stagnating in—

(i) selection grade; and

(ii) special selection grade?

Minister-in-Charge of Health Department :

(a) About 3500. There is no proposal for revision of the basic grade scale of pay.

(b) About 380 by th Intermediate Selection Grade of Rs. 740-1350 and 35 by the Intermedia Selection Grade of Rs. 1535-1775.

(c) Pay scales of I. A. S. Officers—
Junior scale—Rs. 400-400-500-40-700-(E.B.)-30-1000.
Senior scale—Rs. 900-50-1000-60-1600-50-1800/-.
Selection Grade—Rs. 1800-100-2000.

(d) (i) 535 approximately.
(ii) 162 approximately.

ঝালদায় স্বাস্থ্যকেন্দ্র ও প্রসূতি সেবাসদন খোলার পরিকল্পনা

*৭৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩০।) **শ্রীকিংকর মাহাতো**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ঝালদাতে বিড়ি শ্রমিক ও অন্যান্য শ্রমিক-শ্রেণী টি, বি, ও অন্যান্য রোগে প্রায়ই ভোগেন;

(খ) অবগত থাকলে ঝালদাতে একটি স্বাস্থ্যকেন্দ্র খোলার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(গ) এখানে একটি প্রসূতি সেবাসদন খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) এ বিষয়ে নির্দিষ্ট কোন রিপোর্ট নেই।

(খ) ঝালদাতে স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু করার অনুমোদন গত মার্চ মাসে দেওয়া হয়েছে।

(গ) উক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রেই প্রসূতিদের চিকিৎসার ব্যবস্থা হবে।

গাজোল ব্লকের আলালে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার স্থাপন

*৭৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩৭।) **শ্রীগৌতম চক্রবর্তী**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গাজোল ব্লকের আলালে একটি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার স্থাপন করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, তা কবে থেকে কার্যকরী হবে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ঘাটাল মহকুমা হাসপাতাল

*৭৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১১।) **শ্রীহরি সাধন দোলুই**ঃ স্বাস্থ্য দপ্তরের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমা হাসপাতালের নির্মাণ কার্য্য কতদিনে সম্পূর্ণ হইবে এবং ইহার জন্য কত টাকা ব্যয় বরাদ্দ হইয়াছে;

(খ) মহকুমা হাসপাতালটি কবে উদ্বোধন করা হইবে এবং প্রথমে হাসপাতালটিতে কতগুলি শয্যা থাকিবে;

(গ) এই হাসপাতালের জন্য কতজন ও কোন্ কোন্ বিভাগের বিশেষজ্ঞ ডাক্তার দেওয় হইয়াছে; এবং

(ঘ) ঘাটাল মহকুমার ক্ষীরপাই স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীটি বর্তমানে কি অবস্থায় আছে; এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এখন সঠিক বলা সম্ভব নয়। ৩৫ লক্ষ ৬ হাজার টাকা বরাদ্দ হয়েছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়। ১৩১টি শয্যা থাকবে।

(গ) বর্তমানে হাসপাতালে ৩ জন ডাক্তার আছেন। এঁদের কেউ বিশেষজ্ঞ নন।

(ঘ) ভগ্নাবস্থায় আছে। স্বাস্থ্যকেন্দ্রের ভগ্ন বাড়ীটি মেরামত করা লাভজনক হবে না বলে ১০টি শয্যা-বিশিষ্ট একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নতুন বাড়ী নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে।

কলেরা রোগ প্রতিরোধের পরিকল্পনা

*৭৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯৩।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা-ওয়ারী কলেরা রোগ দূরীকরণের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন এবং ঐ বাবদ সরকার ১৯৭৩-৭৪ সালে কত টাকা ব্যয় করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সহযোগীতায় এ রাজ্যে কলেরা অধ্যুষিত জেলাগুলিতে কলেরা দূরীকরণ প্রকল্প গ্রহণ করেছেন।

এ বাবদ ১৯৭৩-৭৪ সালে খরচের পরিমাণ ৫,৪০,৯১৮'৮৯ টাকা।

নবদ্বীপ টি, বি, ক্লিনিক উন্নয়ণ

*৭৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩৪।) **শ্রীরাধারমণ সাহা ঃ** স্বাস্থ্য দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপ টি, বি, ক্লিনিক-এর উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, তাহা কি এবং কবে নাগাদ তাহা কার্য্যকর হইবে?

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) নবদ্বীপ চেস্টক্লিনিকটি সরকারী নিয়ন্ত্রণে আনার একটি প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন আছে। আশা করা যায় শীঘ্রই প্রস্তাবটি কার্যকর হবে।

চাপড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৭৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৫।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদ ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার চাপড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সমস্ত স্টাফ কোয়ার্টারগুলি এবং ফ্যামিলি প্ল্যানিং-এর নূতন বাড়ীগুলি আজও বৈদ্যুতিকরণ না হওয়ার কারণ কি;

(খ) ডাক্তার এবং হাসপাতাল কর্মীদের নিরাপত্তার জন্য এবং লোকজনের যাতায়াত কোলাহল এবং গবাদি পশুর উৎপাত বন্ধ করিবার জন্য হাসপাতাল এবং হাসপাতাল প্রাঙ্গণ প্রাচীর অথবা কাঁটাতার দিয়া ঘিরিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(গ) থাকিলে, ঐ কাজ কবে নাগাদ শুরু হইবে; এবং

(ঘ) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য ত্রৈমাসিকের স্থলে প্রতি মাসে পর্য্যাপ্ত ঔষধ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পূর্ত (বৈদ্যুতিকরণ) বিভাগকে প্রয়োজনীয় প্ল্যান ও এস্টিমেট দিতে বলা হয়েছে। প্ল্যান ও এস্টিমেট পাওয়ার পর সরকারী অনুমোদন দেওয়া হবে।

(খ) আছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

(ঘ) না।

উদ্বাস্তু পুর্নবাসনের কার্য্যসূচী

*৭৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫০।) **শ্রীঅনন্ত কুমার ভারতী**ঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) সরকার কি অবগত আছেন যে সম্প্রতি স্বীকৃত উদ্বাস্তু কলোনীগুলির বাইরেও অধুনা পূর্ববাংলা থেকে আগত বহু উদ্বাস্তু পরিবার এখনও বাস করেন;

(খ) অবগত থাকিলে, তাদের পুনর্বাসনের বিষয়ে সরকারের কোন কার্য্যসূচী আছে কিনা;

(গ) থাকিলে, কি ধরনের কার্য্যসূচী;

(ঘ) যে সমস্ত রিফিউজি বৈধ ও অবৈধ কলোনীগুলিতে বাসস্থানের সুযোগ পাইয়াছেন তাহারা পূর্ববাংলা থেকে আগত মোট রিফিউজির কত অংশ; এবং

(ঙ) বাসস্থান সংগ্রহ করিতে যাঁরা বাকী আছেন ও অসমর্থ হয়েছেন তাদের বিষয়ে সরকার কি চিন্তা করিতেছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুর্নবাসন মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ;

(খ) এ সম্পর্কে একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে;

(গ) জবরদখল বৈধকরণ ও বাস্তুজমির উন্নয়ন সাধন করে বসবাসকারী উদ্বাস্তু পরিবারদের মধ্যে তা বন্টন এবং গৃহনির্মাণ ঋণ দান;

(ঘ) প্রায় ৬·৩ শতাংশ;

(ঙ) মাস্টার প্ল্যানে ঐ ধরণের উদ্বাস্তুদের কিছু পুর্নবাসন সাহায্য দেবার প্রস্তাব করা হয়েছে।

Growth of population in West Bengal

*745. (Admitted question No. *2425.) **Shri Md. Safiullah :** Will Minister-in-Charge of the Health Department be pleased to state—

(a) the steps taken by the Government so far to control the increase of population in West Bengal;

(b) how far the Government was successful in arresting the growth of population in 1972-73 and 1973-74 ; and

(c) the steps to be taken in 1974-75 ?

Minister-in-Charge of Health Department :

(a) The Family Planning Programme has been implemented since 1956 and all out efforts are being made under the Scheme to check the increase of population.

(b) The total number of acceptors of one or the other method of F. P. in 1972-73 and 1973-74 was respectively 3,23,372 and 1,08,159.

(c) Intensified efforts will be made to boost up the programme in order to bring down the birth rate from 38 per thousand as at present to 30 per thousand by the end of 5th Five Year Plan.

Medical Check up of College and School Students

*746. (Admitted question No. *2629). **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Health Department be pleased to state—

(a) whether the State Government is considering any proposal for compulsory periodical medical check up of School and College Students ; and

(b) if so the arrangements proposed to be made ?

Minister-in-Charge of Health Department :

(a) No such proposal is under consideration of the State Government at present.

(b) The question does not arise.

নবদ্বীপ আয়ুর্বেদ কলেজ

*৭৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩৯।) **শ্রীরাধারমণ সাহা ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপ আয়ুর্বেদ কলেজের উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহা কি এবং কবে নাগাদ কার্যকর হইবে?

স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

অবসরপ্রাপ্ত চিকিৎসকদের হাসপাতালে পুনর্নিয়োগ

*৭৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮০।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন হাসপাতালে চিকিৎসার সুযোগের প্রসারকল্পে অবসরপ্রাপ্ত চিকিৎসকদের পুনর্নিয়োগের সিদ্ধান্ত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, (১) বর্তমানে কতজন অবসরপ্রাপ্ত চিকিৎসককে কোন্ কোন্ হাসপাতালে নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে; এবং

(২) উক্ত চিকিৎসকদিগকে কি কি শর্তে নিয়োগপত্র দেওয়া হইতেছে?

Minister-in-Charge of Health Department :

(ক) হ্যাঁ। চিকিৎসকদের অভাবই অবসরপ্রাপ্ত চিকিৎসকদের পুনর্নিয়োগের সিদ্ধান্তের মূল কারণ।

(খ) ২৫৯ জন অবসরপ্রাপ্ত চিকিৎসককে পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে পুনর্নিয়োগ করা হইয়াছে। তাদের নিয়োগস্থলের জেলাভিত্তিক সংখ্যার একটি তালিকা নিম্নে সংস্থাপিত করা হইল।

(গ) স্পেশাল সিলেক্‌সন গ্রেড ও সিলেক্‌সন গ্রেড এর চিকিৎসকদিগকে সাধারণতঃ বেসিক গ্রেড এর সর্বোচ্চ বেতনে (ম্যাক্সিম্যাম পে) এবং বেসিক গ্রেড ও নন্‌ গেজেটেড চিকিৎসকদিগকে অবসর গ্রহণের প্রাককালীন বেতনে পুনর্নিয়োগ করা হয়। উভয় ক্ষেত্রেই পেন্‌সন ও পেন্‌সন ইকুইভেলেন্ট অফ রিটায়ারিং গ্রাচুইটী বেতন হইতে কাটিয়া লওয়া হয়। ইহাদের সাধারণতঃ কলিকাতা ও হাওড়া পৌর অঞ্চলের কোন জায়গায় নিয়োগ করা হয় না।

Statement reffered to in reply to clause (Kha) of starred question No. 748

জিলা		হাসপাতাল	স্বাস্থ্য কেন্দ্র	ই, এস, আই হাসপাতাল	অন্যান্য চিকিৎসা সংস্থা
বর্ধমান	--	১	১৫	--	৬
বাকুড়া	--	৪	১৩	--	৪
বীরভুম	--	--	৯	--	৯
কুচবিহার	--	৯	১	--	১
দার্জিলিং	--	৫	১	--	১
হাওড়া	--	২	৮	--	--
হুগলী	--	৭	১৫	--	৪
জলপাইগুড়ি	--	১	৩	--	--
মালদহ	--	--	৫	--	১
মেদিনীপুর	--	৯	১২	--	৭
মুর্শিদাবাদ	--	১	১৫	--	৩
নদীয়া	--	১৯	১১	২	৭
পুরুলিয়া	--	৯	৬	--	৩
২৪ পরগনা	--	৫	২২	৩	১০
পশ্চিম দিনাজপুর	--	২	৫	--	১
কলিকাতা	--	৩	--	--	--
		৬৩	১৪২	৫	৪৯

Reservation of posts in Government Services for the Scheduled Castes and Tribes, Muslims and Christians

*749. (Admitted question No. *2630.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Labour Department be pleased to state—

Whether any principle of reservation was followed with regard to Scheduled Castes and Tribes, Muslims and Christians of West Bengal in the matter of their appointments to the Government Services by the present Government ?

Minister-in-Charge of Labour Department :

There is provision for reservation of vacancies for the Scheduled Castes and Scheduled Tribes candidates at the rate of 15% and 5%, respectively.

But there is no such provision for reservation of vacancies for the candidates belonging to Muslim and Christian Communities.

Non-availability of Corpses in Medical Colleges in Calcutta

***750.** (Admitted question No. *2719). **Shri Md. Safiullah :** Will the Minister-in-Charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that Corpses required by medical students for dissection are not available in different Medical Colleges in Calcutta ; and

(b) if so,

(i) the reasons thereof ; and

(ii) the action taken by the Government in the matter ?

Minister-in-Charge of Health Department :

(a) Yes, at times corpses are not available.

(b) (i) Due to shortage of unclaimed dead bodies.

(ii) A pool of dead bodies is maintained at the Nilratan Sircar Medical College Hospital wherefrom supply is given to different institutions. When there is shortage, action is taken to procure dead bodies from Vagrant Homes, outlying Hospitals, etc.

নবদ্বীপ আয়ুর্ব্বেদ কলেজে সরকারী ঋণ

*৭৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩০।) **শ্রীরাধারমণ সাহা** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপ আয়ুর্ব্বেদ কলেজ সরকার হইতে ঋণ বাবদ কোন অর্থ লইয়াছেন কিনা ;

(খ) লইয়া থাকিলে, ঐ ঋণের পরিমাণ কত ; এবং

(গ) তাহার মধ্যে এ পর্য্যন্ত কত টাকা শোধ হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না.

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

আয়ুর্ব্বেদ ও হোমিওপ্যাথি হাসপাতাল ও চিকিৎসাকেন্দ্র

*৭৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫৭।) **শ্রীঅনন্ত কুমার ভারতী** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ব্যবস্থাপনায় পঃ বাংলায় আয়ুর্ব্বেদ ও হোমিওপ্যাথি হসপিটাল ও চিকিৎসাকেন্দ্র খোলা হইয়াছে কিনা ;

(খ) খোলা হইয়া থাকিলে, কোথায় কোথায় ; এবং

(গ) উক্ত চিকিৎসাকেন্দ্রগুলিতে ১৯৭৩ সালে কত রোগীর চিকিৎসা হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) সরকারী ব্যবস্থাপনায় পরিচালিত আয়ুর্বেদ হাসপাতালগুলি নিম্নলিখিত স্থানে খোলা হয়েছে।

(ক) যামিনীভূষণ রাষ্ট্রীয় আয়ুর্বেদ শিক্ষায়তন ও আরোগ্য নিকেতন, ১৭০, রাজা দীনেন্দ্র স্ট্রীট, কলিকাতা-৪।

(খ) পাতিপুকুর আয়ুর্বেদীয় যক্ষা হাসপাতাল, ২৯, এস, কে, দেব রোড, কলিকাতা-৪৪।

(গ) বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয় ও হাসপাতাল, ৯৭, গ্রে স্ট্রীট, কলিকাতা-৫।

(ঘ) শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠ ও হাসপাতাল, ২৯৪।৩।১, আচার্য্য প্রফুল্ল চন্দ্র রোড, কলিকাতা-৯।

(২) সরকারী ব্যবস্থাপনায় পরিচালনাধীন হোমিওপ্যাথি হাসপাতালগুলি নিম্নলিখিত স্থানে খোলা হইয়াছে ঃ—

(ক) ২৪-পরগণা

(খ) হাওড়া

(গ) হুগলী

(ঘ) মেদিনীপুর

(ঙ) বীরভূম

(চ) জলপাইগুড়ি

(ছ) পশ্চিম দিনাজপুর

(জ) কলিকাতা।

(গ) (১) সরকার পরিচালিত আয়ুর্বেদ হাসপাতালগুলিতে ১৯৭০ সালে প্রায় ১,৪৩,৫৮৯ জন রোগীর চিকিৎসা হয়েছে।

(২) হোমিওপ্যাথি দাতব্য চিকিৎসালয়গুলিতে কত রোগী চিকিৎসিত হয়েছেন সে সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হচ্ছে। বিধানসভাকে এ ব্যাপারে পরে অবহিত করা হবে।

[2-10—2-20 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-Charge of the Power Department will please make a statement on the subject of load-shedding throughout West Bengal, affecting industrial production, disrupting public life and causing collapse of education in colleges.

Shri Abu Barkat Atawal Ghani Khan Chowdhury : Mr. Speaker, Sir, in reply to the notices of Calling Attention under rule 198 of the Rules of Procedure and Conduct of Business by different honourable members of the House, I would like to make the following statement.

I fully share the anxiety and concern of the Hon'ble members of the House about the difficulties now being experienced as a result of the severe and prolonged load-shedding which is affecting every sphere of public life.

As the honourable members are aware, the Calcutta Electric Supply Corporation and the West Bengal State Electricity Board are the two main agencies, together with the Damodar Valley Corporation, who are entrusted with the responsibility of supplying power to Calcutta, the surrounding industrial area, and the districts in south Bengal.

The Calcutta Electric Supply Corporation supplies power in their licensed area from the power generated by the Corporation and from imports from the West Bengal State Electricity Board and the Damodar Valley Corporation.

Unfortunately for some time past the supply position particularly from the West Bengal State Electricity Board and the Damodar Valley Corporation has deteriorated sharply owing to a number of factors outlined below.

The West Bengal State Electricity Board's main source of generation is the Bandel Thermal Power Station where there are 4 units of 82.5 MW each. Allowing for normal outage of one unit for statutory and routine maintenance the power available from the station should be around 220 MW. This station played a vital role during last summer when the units operated continuously at their peak generation level for five months. The average generation for 3-unit operation for the station was 220 MW last year which speaks of the magnificent performance of the station itself. Bandel's generation has, however, come down substantially owing to the cumulative effect of a number of factors. The Engineers of the West Bengal State Electricity Board engaged in generation and maintenance work have been observing a work-to-rule movement and the other Engineers have been observing a cease work movement. Inspite of our best efforts it has not been possible to come to a settlement so far. This has caused a deterioration in the performance of the station.

Apart from this, certain operational difficulties are being faced in the station bringing down the generation. Substitution of Furnace Oil of high viscosity for Light Diesel Oil owing to the present oil shortage, has had a severe effect. Without going into technical details, I would like to inform the Hon'ble Members of the House that we have spared no pains to try to secure the appropriate oil of the required specification. The Hon'ble Chief Minister has personally taken up the question of supply of a sufficient quantity of light diesel oil or furnace oil of proper viscosity so that the oil can be used for backing up purposes and for bypassing and circumventing coal-feed troubles a constant feature in Thermal Power Stations now aggravated in Bandel because oversized coal damages the coal mills and the work-to-rule movement slows down repairs.

Another cause contributing to the present shortfall is the failure of the first unit of Santaldih on which much hope was placed by us. As the honourable members are aware this is the first unit of its type manufactured indigenously by BHEL and HEIL in the public sector. Unfortunately, even after the lapse of sufficient time the teething troubles normally faced by such stations are not yet over. Here again the Chief Minister has taken up the issue with the Union Minister for Heavy Industries so that manufacturers' representatives attend to the work of stabilising generation by the unit.

As regards Calcutta Electric Supply Corporation's generation, I would like to point out that the main difficulty in augmenting the generation lies in the aging machines which were installed long ago. Moreover, their old machines require for their boilers coal of the best quality which is now in short supply. We have, however, taken up the issue with the Coal Mines Authority Limited and the Government of India for securing necessary supply of coal. Labour troubles at their Mulajore generation station are resulting in some setback in generation. The Labour Department is seized of the problem and it is expected that with the settlement of the labour problem generation will improve, because the survey and servicing of boilers quickly will make serviced boilers available with proper steam production capacity upon which generation depends.

The supply from the DVC has been affected by the widely fluctuating levels of generation varying from 250 MW to 620 MW in the recent past. The DVC,

is, moreover, burdened with its commitment for supply to Railway traction, Steel Plants, Coal Mines and Washeries as a result of the national priority directive of the Government of India. Our Chief Minister has taken up with the concerned Union Ministries the question of conferring the same national priority status on electric supply to Calcutta where Jute Mills, the country's biggest foreign exchange earner, wagon-building firms, now engaged in the execution of prestigious foreign orders for supply of wagons are located. Without this equal priority treatment, the Howrah and Budge Budge areas, mainly which are dependent on the DVC supply, are suffering greatly.

The only permanent way out of this crisis is to increase the available generation capacity. We have already made some progress towards setting up new power stations but unfortunately new power projects take at least four and half years to come up and function effectively and additional generation cannot be secured instantly even with our best efforts.

I would finally like to assure the Hon'ble Members of this House that Government is very much aware of the difficulties caused by shortage of power and is working on a scheme for equitable distribution of the limited power available in the best possible manner, so as to bring to a halt the distress of the public caused by unscheduled load-shedding. As there is an overall shortage, there is, no doubt, that there will be some hardships to be endured even under this scheme, but we feel that something has to be done to ease the present chaotic conditions. In the meantime, the generating agencies are being pressed to step up their generation levels and where problems confront them in reaching this objective, to bring their problems to Government for whatever help we can give them, and I can assure the Hon'ble Members of this House that all possible help and the most forceful intervention of Government will be available.

[2-20—2-30 p.m.]

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, you may kindly recall that yesterday the Minister gave a statement in the House. I asked for a copy and we were assured that we would get a copy of that statement. I have not yet received any copy. Sir, the Ministers make very important and serious statements on various Call Attention motions but we remain in the dark, we simply hear them and go away. That is why, Sir, I request you, and through you to the Hon'ble Minister, to give copies of the statements and any such information that are being made by the Ministers on the floor of the House to each Member of the House. The House, I think, has the privilege and every Member should get a copy of the statements. I again request you to see that copies are given to us.

Shrimati Geeta Mukhopadhyaya :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই বিবৃতিটা আমাদের দরকার। কারণ আমরা কালকের আলোচনায় অংশ গ্রহণ করতে চাই।

Mr. Speaker : If I get cyclostyled copies I can circulate copies amongst the Members.

Shri Nandalal Gurung :
স্যার, এটা আলোচনা করা দরকার। আমাদের এটা দরকার সিক এন্ড ক্লোজ ইনডাস্ট্রির ব্যাপার আছে। এটা খুবই ইমর্পটেন্ট জিনিষ। আজকে দার্জিলিং-এ টি গার্ডেনস সব বন্ধ হয়ে যাচ্ছে। সেখানে ১০টা গার্ডেনস বন্ধ হয়ে গেছে। সেখানে সব ক্লোজ হতে চলেছে।

আজকে এরূপ অবস্থা দাঁড়িয়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে গভর্ণমেন্টকে বলতে চাই এটা বর্ডার্স এরিয়া।

ওখানে ভুটানী, তিব্বতী, চীনা, নেপালী, এবং সিকিম প্রভৃতি জায়গার লোক আছে সেখানে কি হবে সেটা ভেবে দেখতে হবে গভর্ণমেন্টকে। গুজরাট বা বিহারের মতে যদি হয়ে যায় দার্জিলিংকে কেউ বন্ধ করতে পারবে না। ডে বাই ডে গার্ডেন বন্ধ হয়ে যাচ্ছে। তাহলে কি হবে। দার্জিলিং-এ আর কোন ইনডাস্ট্রি নেই।

Mr. Speaker : Mr. Gurung, you have drawn the attention of the Hon'ble Ministers. I think, they will ponder over the problem. This matter has been mentioned by you through another question. As I could not reach that particular question you could not place your supplementaries on this question. At any rate I have allowed you to draw the attention of the Hon'ble Ministers. I think, they will ponder over the matter and take appropriate steps in this regard.

Shri Santosh Kumar Roy :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র ও শ্রীগৌতম চক্রবর্তী মহোদয়গণের পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে দুর্গত এলাকাগুলিতে ত্রাণ ব্যবস্থা গ্রহণ বিষয়ে দৃষ্টি নোটিশের উত্তরে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে জানাতে চাই যে সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত আছেন এবং সম্ভাব্য সব রকম ব্যবস্থা গ্রহণ করেছেন।

গ্রামাঞ্চলে বেকার মজুরদের কর্মসংস্থানের উদ্দেশ্যে প্রত্যেক জেলা শাসককে সময় থাকতে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প রচনা ও প্রয়োজনমত তা চালু করার নির্দেশ ইতিপূর্বেই দেওয়া হয়েছে। বর্তমান আর্থিক বৎসরের একমাস শেষ হবার আগেই এ যাবত মোট ৮০ লক্ষ টাকা বিভিন্ন জেলা শাসককে দেওয়া হয়েছে এবং প্রয়োজন হলে এই বাবদে আরো টাকা বরাদ্দ করা হবে। 'ফুড ফর ওয়ার্ক' প্রকল্প চালু করার জন্য কেয়ার সংস্থাও ইতিমধ্যে ৫১০০ মেট্রিক টন বালগার গম ও ১০০ মেট্রিক টন গম বিভিন্ন জেলায় পাঠানোর কাজ সুরু করেছেন। এছাড়া অপেক্ষাকৃত দুর্বল দুঃস্থ ব্যক্তিদের কর্মসংস্থানের উদ্দেশ্যে 'মডি-ফায়েড টি আর প্রকল্পের মাধ্যমে অল্প দৈহিক শ্রমের কাজ চালু করার জন্য বিভিন্ন জেলা শাসককে ইতিমধ্যে ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। অন্যান্য দুঃস্থ ব্যক্তিদের জন্য খয়রাতি সাহায্য দানের ব্যবস্থা করা হয়েছে এবং সেই উদ্দেশ্যে চলতি মাসে এ যাবত মোট ৮,১৯,৭৩১ টাকা বিভিন্ন জেলায় বরাদ্দ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সব তথ্য থেকে মাননীয় সদস্যরা সহজেই বুঝতে পারবেন যে সরকার পরিস্থিতির উপর সতর্ক দৃষ্টি রেখেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই সরকার প্রয়োজনীয় যথাযোগ্য ত্রাণ ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করেছেন। তা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মাননীয় সদস্যদের সহযোগীতা ও সতর্ক দৃষ্টি কামনা করছি।

[2-30—2-40 p.m.]

Mr. Speaker : I have received 37 notices of Calling on the following subjects, namely :

1. Dacoity at Debanandapur on 19th April 1974—from Shri Bhawani Prosad Sinha Roy.

2. Scarcity and rise in price of salt in rural areas—from Shri Hemanta Dutta.

3. High price of paper—from Shri Hemanta Dutta.

4. Non-payment of arrear due to the staff of State Transport Corporation—from Shri Abdul Bari Biswas, Shri Madhusudan Roy and Shri Kashinath Misra.

5. Power Shortage adversely affecting agricultural production—from Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

6. Deadlock in supply of fertiliser in jute growing areas—from Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

7. Loadshedding at Calcutta High Court on 24th April 1974—from Shri Abdul Bari Biswas, Shri Sunil Mohan Ghosh Maulik, Shri Madhusudan Roy, Shri Kashinath Misra and Shri Asamanja De.

8. Reported assault on two security police attached to the Hon'ble Chief Minister—from Shri Abdul Bari Biswas and Shri Madusudan Roy.

9. Reported arrest of 3 Police Constables at Esplanade on 24th April 1974—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

10. Reported death of 6 persons at Haldia—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

11. Bus accident wounding 26 persons at Shyambazar on 24th April 1974—from Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

12. Reported strike by Entally Workshop employees of Calcutta Corporation on 26th April 1974—from Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

13. Reported threat of protest week from the 22nd April, 1974 by the Bengal Income Tax Service Association—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

14. Reported burst of a Transformer at Rishra—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

15. Reported shortfall in ration scale in Nadia—from Shri Asamanja De and Shri Kashinath Misra.

16. Scheme of supplying organic and compost manures—from Shri Md. Safiullah and Shri Basudeb Hazra.

17. Supply of adequate and improved varities of jute seeds—from Shri Md. Safiullah and Shri Kashinath Patra.

18. Acute shortage of drinking water at Durgapur Industrial Belt—from Shri Md. Safiullah.

19. Supply of improved qualities of Aman Paddy seeds—from Shri Md. Safiullah and Shri Basudeb Hazra.

20. Renovation and Excavation of tanks in rural areas—from Shri Md. Safiullah.

21. Police firing at Birnagar on the 21st April, 1974—from Shri Naresh Chandra Chaki.

22. Acute rise in price of essential commodities in rural areas—from Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali and Shri Kashinath Misra.

23. Increase in dacoity, snatching etc. in Bankura—from Shri Phanibhusan Singhababu, Shri Saktipada Maji, Shri Sudhangsu Sekhar Tewary, Shri Gour Chandra Lohar and Shri Sambhu Narayan Goswami.

24. Apprehended disruption in water supply from Palta Pumping Station—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Bandyopadhyay, Shri Sambhu Narayan Goswami, Shri Gautam Chakravartty, Shri Rabin Bera and Shri Adya Charan Dutta.

25. Blackmarketing in cement—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Bandyopadhyay, Shri Gautam Chakravortty, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami and Adya Charan Dutta.

26. Trapidations by a Monkey at the R. G. Kar Medical College—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Bandyopadhyay, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami and Shri Adya Charan Dutta.

27. Small Pox epidemic in different districts—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Bandypadhyay, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami, Shri Adya Charan Dutta, Shri Mohammad Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

28. Proposed Fertiliser Factory at Durgapur—from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Ajit Bandyopadhyay, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami and Shri Adya Charan Dutta.

29. Proposed use of Bengali in Government Departments—from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Ajit Bandyopadhyay, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami and Shri Adya Charan Dutta.

30. Cancellation of long distance trains service due to threatened Railway strike—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Bandyopadhyay, Shri Gautam Chakravartty, Shri Rabin Bera, Shri Sambhu Narayan Goswami, Shri Adya Charan Dutta, Shri Mohammad Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

31. Power Rationing—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Mohammad Idris Ali, Shri Sambhu Narayan Goswami, Shri Monoranjan Pramanick, Shri Ajit Bandyopadhyay, Shri Gautam Chakravartty, Shri Rabin Bera, and Shri Abdul Bari Biswas.

32. Proposal for an enquiry committee regarding Kalyani University affairs—rom Shri K. N. Misra, Shri Monoranjan Pramanik, Shri Sukumar Bandyopadhya, ;hri Sambhu Narayan Goswami and Shri Abdul Bari Biswas.

33. People rendered homeless due to erosion at Farakka—from Shri Mohammad Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

34. Reported head-on collision between two trucks at Kolaghat Bridge—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

35. Theft in the house of Professor Debabrata Ghosh at Jalpaiguri—from Shri A. H. Besterwitch and Shri Shish Mohammad.

36. Supply of paddy seeds and jute seeds to the rural areas—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

37. Theft of five lakh rupees worth of petrol from Barauni Haldia pipeline—rom Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chatterjee, Shri Sarat Chandra Das, Shri Md. Idris Ali, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanik, Shri Ajit Kumar Bandyopadhyay, Shri Sambhu Narayan Goswami, Shri Gautam Chakravartty, Shri Rabindra Nath Bera and Shri Adya Charan Dutta on the subject of apprehended disruption in water supply from Palta Pumping Station. Hon'ble Minister-in Charge may please make a statement on the subject today, if possible, or give a date.

Shri Gyan Singh Sohanpal : Tomorrow, Sir.

Mention Cases

Mr. Speaker : There are a large number of mention cases and I think, I will not be in a position to call all the names of honourable members ; but if the honourable members co-operate with me, then I hope to finish the major portion of the mention cases. I hope the honourable members will kindly co-operate with me.

Shri Rabindra Nath Bera :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরেই এই বিধানসভায় মাননীয় সদস্যার ভয়াবহ খাদ্য সংকটের কথা তুলে ধরছেন। আমাদের মেদিনীপুর জেলার কথাও গতকাল আমাদের মাননীয় সদস্য শ্রীহেমন্ত দত্ত মহাশয় তুলে ধরে বলেছেন যে, সেখানে খাদ্য ংকট তীব্রতর। স্যার, এই সংকট এমন আকার ধারণ করেছে যে আজকে মা তার ছলেকে সকালবেলায় কারুর বাড়ীতে ছেড়ে দিয়ে যাচ্ছে এবং সেই ছেলে কান্নাকাটি করায় ৃহস্থকে বাধ্য হয়ে সেই ছেলের খাওয়ার ব্যবস্থা করতে হচ্ছে। মা'র সারাদিন দেখা পাওয়া যাচ্ছে না। স্যার, মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন, তিনি টাকা সংগ্রহে বেরিয়েছেন এবং তা সংগ্রহ হলে এম, আর, শপের মাধ্যমে কিছু খাদ্যের ব্যবস্থা তিনি করবেন। তা হাড়া, স্যার, আজকে আমাদের ত্রাণমন্ত্রী বললেন, টি, আর, স্কীমের কাজকর্ম চালু হবে এবং এম, আর, শপের মাধ্যমে রেশন দেবার ব্যবস্থা যা নতুনভাবে তিনি করেছেন তা চালু হবে। এই প্রসঙ্গে আমাদের বক্তব্য হচ্ছে, মেদিনীপুর জেলায় এক একটা ব্লকে কোথাও দেখা যাচ্ছে ১২ হাজার টাকা, কোথাও ১০ হাজার টাকা দেওয়া হয়েছে। যদি ৫ হাজার টাকা করে এক একটা স্কীম হয় তাহলে এই টাকায় ২/২৷৷টের বেশী স্কীম হতে পারে না। কিন্তু এক একটা ব্লকে ১২/১৩ কোথাও ১৫টা অঞ্চল আছে। কাজেই

এই অবস্থায় আমাদের বক্তব্য হচ্ছে, যখন এই রকম একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে, লোকে কাজ পাচ্ছে না তখন জেলায় আরো এ্যালটমেন্ট দিয়ে প্রত্যেক অঞ্চলের লোক যাতে কাজ পায় তার দ্রুত ব্যবস্থা করুন।

Shri Ajit Kumar Bandyopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে যে জরুরী বিষয়টির উল্লেখ করছি তার উপর পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়বে কিনা, কয়লাভিত্তিক যে শিল্পগুলি চলছে সেই শিল্পগুলি বন্ধ হয়ে যাবে কিনা তা একান্তভাবে নির্ভর করছে। স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, কয়লার ফ্রি সেলের ব্যবস্থা করা হোক। স্যার, দীর্ঘদিন ধরে এই সভায় বহু সদস্য এবং আমি নিজেও বহুবার চিৎকার করেছি এবং বলেছি যে আপনারা ডি, ও, সিসটেম বন্ধ করুন, রাজ্যসরকার এ সম্পর্কে ব্যবস্থা নিন এবং সড়ক পরিবহন ব্যবস্থার পারমিসান দিয়ে কয়লা বিক্রির সুব্যবস্থা করুন। স্যার, গত কয়েকদিন ধরে আমি কোল বেল্ট এরিয়া ঘুরে এসেছি এবং দেখেছি লক্ষ লক্ষ টাকার কয়লা ষ্টাক হয়ে রয়েছে যে কয়লা সরিয়ে নেবার কোন ব্যবস্থা হচ্ছে না। তার কারণ, সেই দুষ্ট চক্র এই কোলকাতায় বসে ডি, ও, সিসটেম চালাচ্ছে। স্যার, ইতিপূর্বে এ সম্পর্কে আলোচনা হয়েছে কিন্তু আজকে রেল ধর্মঘটের পরিপ্রেক্ষিতে আমাদের নতুন করে চিন্তা করবার সময় এসেছে। আগামী ১৫ দিনের মধ্যে যদি রাজ্যসরকার কয়লার ফ্রি সেলের ব্যবস্থা না করেন তাহলে শুধুমাত্র শিল্পগুলিই যে ভেঙ্গে পড়বে তাই নয়, লক্ষ লক্ষ টাকার কয়লা পুড়ে ছাই হয়ে যাবে এবং পশ্চিম বাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়বে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দয়ায় খাদ্যদপ্তর যেভাবে চলছে তা পশ্চিমবাংলার মানুষ বুঝেছে। কয়লা সম্পর্কে, কয়লা বিক্রয় সম্পর্কে, কয়লার বন্টন ব্যবস্থা সম্পর্কে একটা সুষ্ঠু ব্যবস্থা নিন। তাই আমি অনুরোধ করছি বিশেষ করে রাজ্যসরকারের খাদ্যমন্ত্রীকে যে বাস্তব জ্ঞান নিয়ে ফ্রি সেলের ব্যবস্থা করুন এবং সড়ক পরিবহনমন্ত্রী মহাশয় রয়েছেন, সড়ক পরিবহন ব্যবস্থাকে আরো সুব্যবস্থার মধ্যে নিয়ে কয়লা সরবরাহের ব্যবস্থা করুন। তা নাহলে অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়বে।

[2-40—2-50 p.m.]

Shri Rajani Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ এবং জরুরী বিষয় আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই যে এমনিতেই বর্তমানে খাদ্যাভাব এবং মূল্যবৃদ্ধি দেশে ছড়িয়ে গেছে, তা ছাড়াও গ্রামাঞ্চলে গত ১৫ই থেকে ১৯এ এপ্রিল পর্যন্ত কুচবিহার এবং জলপাইগুড়ি জেলায় এমন বৃষ্টিপাত হয়েছে যে কয়েকদিন ধরে বৃষ্টিপাতের ফলে কুচবিহার এবং জলপাইগুড়ি জেলায় সমস্ত আউস ধান এবং পাটের যে আবাদ হয়েছে, এই সমস্ত আউস এবং পাটের নিংড়ানোর কাজ চলছিল সেটা বন্ধ হয়ে গেছে এবং ধান এবং পাট নষ্ট হয়ে গেছে। আর একটা দিক হচ্ছে যে রেশানের যা সামান্য ব্যবস্থা ছিল কুচবিহার জেলায়, এখানে কোন গম রেশানে নেই, মাত্র ৩ শত গ্রাম চাল দেওয়া হচ্ছে। এই বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Mrigendra Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রিমহাশয়ের একটা গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার হাওড়ায় ২ জন পুলিশ কনষ্টেবল অজ্ঞাত আততায়ীর হাতে নিহত হয়েছে। পরে অবশ্য খুব তৎপরতার সঙ্গে আততায়ীকে ধরে ফেলার চেষ্টা হয়েছে এবং কিছু ধরা পড়েছে। আবার পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে নকশালী তৎপরতা বেড়েছে। আমার প্রশ্ন হচ্ছে, স্যার, যে সমস্ত পুলিশ কনষ্টেবল গত কয়েকদিন ধরে হত্যার স্বীকার হয়েছেন, তাদের আরো বেশী অর্থনৈতিক

নিরপত্তার ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাচ্ছি এবং বিশেষ করে যেসব জায়গায় এই সব পুলিশ কর্মচারী নিহত হবেন তাদের পরিবারের পোষ্যদের যাতে চাকরীর ব্যবস্থা হয়, এটা পুলিশ মহলে অত্যন্ত প্রয়োজনীয় প্রশ্ন। দ্বিতীয়তঃ যে সমস্ত পুলিশ কর্মচারী এই সমস্ত কাজে নিযুক্ত আছেন, তাদের বাধ্যতামূলক জীবনবীমা সরকারের খরচে ব্যবস্থা করতে আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করছি। কারণ যাদের উপরে সমাজের নিরাপত্তা নির্ভর করছে তাদের অর্থনৈতিক নিরাপত্তার প্রশ্নকে জোরদার না করলে এই যে পুনরায় নকশালী তৎপরতা শুরু হয়েছে, এর মোকাবিলা করা হয়ত সম্ভব হবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্ষেত্রে হাওড়ায় যে ২ জন কনস্টেবল নিহত হয়েছেন তাদের ভাইদের চাকরীর যাতে ব্যবস্থা হয় সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

Shri Madhu Sudan Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র-পুলিশ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মানুষের জীবনযাত্রা নির্বাহের জন্য অর্থনৈতিক সংস্থান, অন্নবস্ত্রের সংস্থানের জন্য যখন মানুষ ত্রাহি ত্রাহি রব সেইসময় নিউ জলপাইগুড়ি স্টেশন এবং শিয়ালদহ স্টেশনে পুলিশের সামনে গুণ্ডা-ট্যাক্স আদায় হচ্ছে। দার্জিলিং মেলে উঠতে গেলে দ্বিতীয় শ্রেণী যেটা আগের তৃতীয় শ্রেণীর যাত্রী কামরা ছিল, সেখানে গুণ্ডা-ট্যাক্স না দিলে গাড়ীতে উঠতে পারা যাবেনা এবং পুলিশের সামনে এই জিনিষ হচ্ছে। দেখা যায়, ট্রেনের দ্বিতীয় শ্রেণীর কামরায় কাগজ বা কাপড় বিছিয়ে কতকগুলি লোক থাকে। সেখানে সিট হল ২ টাকা আর বাক্স নিতে গেলে ৪ টাকা, এইরকম করে একটা গুণ্ডা-ট্যাক্স আছে এবং এটা পুলিশের সামনে হচ্ছে। যদি কেউ গুণ্ডা-ট্যাক্স না দেয় তাহলে ট্রেন থেকে নামিয়ে দেওয়া হয়। গত ৪ঠা এপ্রিল আমাদের বিধানসভার মাননীয় সদস্য রজনী দাস মহাশয় এবং তার সঙ্গে কয়েকজন কংগ্রেস কর্মী ছিলেন। তারা রজনীবাবুকে পর্যন্ত বলেছিলেন যে হয় টাকা দিন তা নাহলে গাড়ী থেকে নেমে যান। প্রতিদিনই নিউ জলপাইগুড়ি এবং শিয়ালদহ স্টেশনে এই জিনিষ চলছে। জনসাধারণ এর নাম দিয়েছে গুণ্ডা-ট্যাক্স। যারা ট্যাক্স আদায় করেন, তার বলেন, এটা আমাদের বেকার ভাতা। আমরা বেকার সেজন্য এই ভাতা নিচ্ছি। যাইহোক এটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। সেজন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের পুলিশমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Dr. Ekramul Haque Biswas :

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮-৪-৭৪ তারিখে মুর্শিদাবাদ জোর-সাদিখান্দিয়াড় গ্রামে ছামের মণ্ডলের বাড়ীতে একটা ভয়াবহ ডাকাতি হয়ে যায়। যার ফলে ছামের মণ্ডল নিহত হন এবং তার তিন ছেলে গুরুতররূপে আহত হন। এদের বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয় এবং তাদের অবস্থা আশংকাজনক। ছামের মণ্ডলের বাড়ীর পার্শবর্ত্তী একজন গ্রামবাসী তিনি এই ডাকাতদের বাধা দিতে আসেন এবং ডাকাতদের হাতে নিহত হন। এই ডাকাতদের হাতে একরকম অস্ত্র ছিল যার নাম ম্যাগাজিন, যেগুলো সাধারণতঃ বর্ডার সিকিউরিটি ফোর্স এবং মিলিটারীদের কাছে থাকে, সেইরকম অস্ত্র তাদের হাতে ছিল। এই অস্ত্র হয় বাংলাদেশ থেকে আমদানী করা হয়েছে নয়তো বর্ডার সিকিউরিটি ফোর্স বা মিলিটারীর কাছ থেকে জোগাড় করা হয়েছে। উক্ত এলাকার পাশে আরও অনুরূপ ডাকাতি হয়েছে। আমি পুলিশ মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন ঐ এলাকায় যা পুলিশ আছে, তারচেয়ে বেশী পুলিশ স্টাফ এবং পুলিশ ভেহিক্লসের ব্যবস্থা করেন শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য।

Shri Rajani Kanta Doloi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলায় খাদ্যাবস্থা আজকে চরমে উঠেছে এবং তা বর্ণনা করা যায়

না, যে কথা আমাদের জেলার অনেক বন্ধু সদস্য বলেছেন। আমি আমার এলাকার কথা বলছি, সেখানে মানুষ না খেতে পেয়ে পশুর মত জীবন যাপন করছে। সেখানে এমন ঘটনা ঘটে গেছে বাপ ছেলেকে না খেতে দিতে পেরে, তাকে বিষ খাইয়ে মারছে। ওখানকার মানুষের হাতে কোন কাজ নেই, সেখানে টি. আর, জি, আর,-এর কোন ব্যবস্থা করা হয়নি। সেখানে দিনের পর দিন মানুষ না খেতে পেয়ে গেঁড়ি, গুগলি, কচুপাতা সিদ্ধ করে খুন্নিবৃত্তি করছে। এই সমস্যার সমাধান সেখানে করতে হবে। সেখানে এম, আর. শপের ব্যবস্থা করতে হবে যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্র সেখানকার মানুষ পায়, যেমন চাল, আটা, নুন, ইত্যাদি। এই সমস্ত জিনিষের ব্যবস্থা যদি সেখানে না করতে পারা যায় তাহলে সেখানে অনতিবিলম্বে একটা ভয়াবহ আকার ধারন কর্‌বে, তখন আর আয়ত্বের মধে থাকবে না। সেইজন্য মন্ত্রী সভার কাছে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাঁর যথাসত্বর ব্যবস্থা অবলম্বন করেন।

Shri Harasankar Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন তাঁকে আমি একটা বিষয় বিবেচনার জন্য অনুরোধ জানাচ্ছি। আজকাল কলকাতায় এবং মফঃস্বল শহরে একটা নূতন ব্যবসা আরম্ভ হয়েছে, প্রাইভেট নার্সিং হোম। প্রাইভেট নার্সিং হোম শহরে শহরে এত বিপুল সংখ্যায় গজিয়ে উঠেছে যেটা পাঁচ ছয় বছরে একটা বড় ব্যবসায়ে পরিণত হয়েছে। স্যার, অসুস্থ মানুষ একান্ত অসহায়, সেই অসহায়তার সুযোগ নিয়ে এই প্রাইভেট নার্সিং হোমগুলো অত্যন্ত বেশী টাকা আদায় করছে হাসপাতালে অতিরিক্ত ভিড়ের সুযোগ নিয়ে। এরা মফঃস্বলের হাসপাতালের দরজায় দরজায় দালাল রেখে দিচ্ছে এবং তাদের মাধ্যমে নার্সিং হোমে সমস্ত রোগী আনছে। এই নার্সিং হোমগুলো অত্যন্ত অস্বাস্থ্যকর। ছোট ছোট ঘর, আলো বাতাস নেই, এই সমস্ত নার্সিং হোম পরিচালিত হচ্ছে। এর অপারেশন থিয়েটারগুলো অত্যন্ত অস্বাস্থ্যকর, বিজ্ঞানসম্মত যে নিয়ম কানুন, এই সমস্ত নার্সিং হোমগুলোতে মানা হয় না। একটা সেপটিক কেস হয়ে গেল, সেই পুরানো জায়গাতেই আধ ঘন্টা বাদে আর একটা অপারেশন হয়ে গেল। আমি তাই স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো, অবিলম্বে এই নার্সিং হোমগুলো রেগুলেট করার জন্য একটা আইন এই বিধানসভায় আনুন এবং এই সম্বন্ধে একটা আইন থাকা দরকার। একটা গাঁজার দোকান যদি করতে হয় তাহলে লাইসেন্স দরকার হয়। অথচ একটা নার্সিং হোম করতে গেলে কোন লাইসেন্স দরকার হয় না। আমি বলবো এরজন্য একটা নিয়মিত লাইসেন্স থাকার দরকার আছে। সেই আইনে কি মিনিমাম রিকয়্যারমেন্টস হওয়া উচিত, তার একটা ডিটেল আউট হওয়ার প্রয়োজন আছে। শুধু তাই নয় তার অকেশনাল বা ফ্রিকোয়েন্ট ইনসপেকশন হওয়া প্রয়োজন। এই সমস্ত ব্যাপারগুলি আর বেসরকারী ব্যবসায়ীদের দ্বারা চলতে দেওয়া উচিত নয় এবং রেখে দেওয়া অত্যন্ত খারাপ হচ্ছে। স্বাস্থ্যমন্ত্রী আছেন, উনি যদি কিছু উত্তর দেন তাহলে আমি কৃতজ্ঞ হব।

[2-50-3 p.m.]

Shri Ajit Kumar Panja :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন যে আইন নেই তা নয়, আইন আছে একটা এবং এর ফলে পশ্চিমবাংলার সমস্ত নার্সিং হোমকে সরকারী অফিসারের কাছ থেকে লাইসেন্স নিতে হয়। তবে আমরা কিছুদিন যাবৎ লক্ষ্য করছি আইনটা অত্যন্ত পুরোন হয়ে গিয়েছে, সরকারী কন্ট্রোল যতটা থাকা উচিত ততটা নেই। নানা দিকে নার্সিং হোমের সংখ্যা বাড়ছে। আমাদের কাছে অনেক অভিযোগ এসেছে কিছু কিছু নার্সিং হোম সম্বন্ধে যে সেখানে অস্বাস্থ্যকর পরিস্থিতি রয়েছে এবং সরকারী ট্যাক্স ফাঁকি দেবার নানান ষড়যন্ত্র চলছে। তারজন্য আমরা আইনটাকে আবার নতুন করে করবার জন্য ইতিমধ্যেই কাজ সুরু করে দিয়েছি। তবে এই সেখানে সেটা আনা সম্ভব

হবেনা, কারণ নতুন করে করতে হচ্ছে এবং অনেক কিছু দেখতে হচ্ছে, যত তাড়াতাড়ি সম্ভব আমরা এটা করবার চেণ্টায় আছি।

Shri Hemanta Dutta :

মাননীয় অধ্যক্ষমহোদয়, একটি বিশেষ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃণ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে দীঘা পশ্চিমবঙ্গের মধ্যে পর্যাটন কেন্দ্র হিসাবে বিশেষ খ্যাতি অর্জন করেছে। সম্প্রতি দীঘার ভাঙ্গন রোধ করবার জন্য সরকার ৪৫ লক্ষ টাকা ব্যয়ে সেখানে বাঁধ নির্মাণ করছেন। পশ্চিমবাংলার অধিবাসীরা তাদের অল্প সামর্থের মধ্যে বেড়াতে দীঘায় যাচ্ছেন ব্যাপকভাবে। এখানে আসার জন্য যেভাবে প্রচার কার্য্য চলছে এবং সেই প্রচার অনুযায়ী যে বিরাট সংখ্যক মানুষ সেখানে যাচ্ছে তারজন্য সেখানে সেই সংখ্যক গৃহের ব্যবস্থা করা হয়নি। এর ফলে বহু সংখ্যক মহিলা তাঁদের ছেলে মেয়েদের নিয়ে গিয়ে বারান্দায় বা ঝাউ গাছের নীচে স্থান করে নিচ্ছেন। এই সুযোগে সেখানকার কিছু স্থানীয় লোক এক একটি ঘরের বিনিময়ে দৈনিক ১০ টাকা ২০ টাকা ভাড়া নিচ্ছে। গত আথিক বছরে সরকার থেকে ১০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল এই ব্যাপারে, কিন্তু আবার জানতে পারলাম যে সেই ১০ লক্ষ টাকার মঞ্জুরী ক্যানসেল করে দেওয়া হয়েছে এবং সেই কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করব যাতে সেই টাকা আবার মঞ্জুর করা হয়।

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় প্রদত্ত একটি প্রতিশ্রুতি রক্ষিত হচ্ছেনা বলে আমি আপনার নজর আকর্ষণ করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মেদিনীপুর জেলার মেচেদা এবং কোলাঘাট, অর্থাৎ পাঁশকুড়া ব্লক (২) এবং তমলুক ব্লক (২) অত্যন্ত ঘাটতি এলাকা। এর আগে যে সকল সরকার ছিলেন, প্রফুল্ল সেনের সরকার, পরবর্তীকালের যুক্তফ্রন্ট সরকার, রাষ্ট্রপতির সরকার, কোয়ালিশন সরকার সকলেই এই এলাকাতে বরাবর মডিফায়েড রেশন দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় আজকে এই দুটো ব্লকে—একটা আমার কনসটিটিউয়েন্সির মধ্যে, আর একটা মাননীয় সদস্য শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ের কনসটিটিউয়েন্সির মধ্যে পড়ে। এর ঠিক ওপাড়ে হাওড়া জেলার বাগনান, সেখানে ৯০০ গ্রাম করে রেশন দেওয়া হচ্ছে, এতে আমার আপত্তি কিছু নেই এবং ঈর্ষাও করছি না বরং এতে আমি খুশী। কিন্তু কোলাঘাটে বা মেচেদায় মাত্র ২০০ গ্রামও রেশন দেওয়া হচ্ছে না। আমি এর আগে বলেছিলাম, মাননীয় খাদ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু আজ পর্য্যন্ত তা রক্ষিত হয়নি, তাই এখন তিনি নাই, মেদিনীপুর জেলার মন্ত্রী, পার্লামেণ্টরী মিনিণ্টারকে আমি এই বিষয়ে বিশেষভাবে অনুরোধ করছি, আপনি দেখবেন যাতে সেই প্রতিশ্রুতি রক্ষিত হয়।

Shri Phani Bhusan Si..ghababu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যদিও শিক্ষামন্ত্রী এখন এখানে নেই। মাধ্যমিক স্কুলগুলির শিক্ষক এবং অশিক্ষক কর্মীরা ১৯৬২-৬৩ সাল থেকে এ যাবৎ কোন বকেয়া, এরিয়া গ্রাণ্টস পাননি। এর ফলে সেই সকল স্কুলগুলির শিক্ষক এবং অশিক্ষক কর্মীরা অনাহার অর্ধাহারের মধ্যে দিয়ে দিন যাপন করছেন। তাই আপনার মাধ্যমে মন্ত্রিসভার নিকট আমার অনুরোধ যে এই পরিস্থিতিতে মাসের পর মাস ঐ সকল শিক্ষকরা বকেয়া বেতন যদি না পান তাহলে তাদের আরো দুঃখ কষ্টের মধ্যে পড়তে হবে। সবচেয়ে দুঃখের এবং বেদনার কথা যে আমরা বিভিন্ন সময় শিক্ষকদের দাবীদাওয়া সম্বন্ধে মন্ত্রীমহাশয়কে বলেছি এবং তিনি সেগুলি স্বীকার করা সত্বেও আজ পর্য্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা হয়নি। তাই আমি আজকে শিক্ষামন্ত্রী মহাশয় নেই, আপনার কাছে জানাচ্ছি যে তিনি তাড়াতাড়ি শিক্ষকদের গ্রান্ট দেবার ব্যবস্থা করুন।

Shri Sisir Kumar Sen :

স্যার, আপনার মাধ্যমে যদিও শিক্ষামন্ত্রী নেই তবুও তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলছি ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এ নূতন করে আবার জাল এ্যাডমিট কার্ড বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা হচ্ছে। সম্প্রতি আমার এলাকায় অযোধ্যা বেলপুকুরের হেডমাস্টার-এর উপর সম্মিলিতভাবে স্কুল বোর্ড থেকে জবরদস্তি করে ২ জন মহিলা ও একজন ছেলেকে জাল এ্যাডমিট কার্ড নিয়ে পরীক্ষা দিতে অনুরোধ করেছিলেন। তিনি বলেছিলেন এসব ব্যাপারে কোন হস্তক্ষেপ করব না। কিন্তু দেখা যাচ্ছে যখন ফাইন্যাল এ্যাডমিট কার্ড দিচ্ছে তখন ২০টা ছেলের সঙ্গে নূতন এ্যাডমিট কার্ড দিচ্ছে যে এ্যাডমিট কার্ড-এ সই করা হয়েছে সেটা হেডমাস্টার-এর জাল সই এবং যে স্ট্যাম্প দিয়েছে সেটাও জাল। এইভাবে পরীক্ষাকেন্দ্রে জাল এ্যাডমিট কার্ড বিলি করা হচ্ছে।

Shri Paresh Baidya :

স্যার, গোসাবা কেন্দ্রে কিছু আদিবাসী ছাত্র-ছাত্রীকে ১৯৬৯-৭০, ১৯৭০-৭১, ১৯৭২-৭৩ সালে সরকারী যে অনুদান দেওয়া হয়েছিল সেগুলি হেডমাস্টার তাদের না জানিয়ে, তাদের না দিয়ে ডিসবারর্মমেন্ট খাতায় জাল সই করে তিনি নিজে আত্মসাৎ করেছেন। এগুলি সংশিষ্ট কর্তৃপক্ষের নোটিশে এনেছি। কিন্তু কোন প্রতিকার হয়নি। অনুন্নত শ্রেণীর জন্য যে সমস্ত সরকারী স্টাইপেন্ড দেওয়া হয় সেসব যদি এইভাবে নষ্ট হয় তাহলে সরকারী সাহায্যের কিছুই কার্য্যকরী হচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে বলছি যে এই দুর্নীতি দমন করার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য দাবী করছি।

Shri Sukumar Bandyopadhyay :

স্যার, এক ভয়াবহ চক্রান্ত পশ্চিমবাংলাকে নষ্ট করছে। এক শ্রেণীর শিল্পপতি এর-দ্বারা তাদের পকেট ভারী করছে এবং তাদের সঙ্গে কিছু আমলাও আছে। বন্ধ ও দুর্বল শিল্প দপ্তরের মারফৎ আজ কিছু শিল্পপতি এই চক্রান্তের খেলায় মেতেছেন। আজ শিল্পপতিদের সবচেয়ে বড় ব্যবসা হচ্ছে তাদের শিল্পকে দুর্বল বলে ঘোষণা করা। তা করতে পারলেই তারা আই,আর,সি,এ; ন্যাশানাইজড ব্যাংক এবং ইন্ডাস্ট্রিয়াল ব্যাংকগুলির কাছ থেকে বছরের পর বছর টাকা পেয়ে আসছেন। এই বিভাগের সচিব অবনী বসু ৪ বার এক্সটেনসান পেয়েছেন। তিনি আই. সি. এস; অফিসার ছিলেন। এখন তাঁকে লোকে বলে টি,ডি,এস; অফিসার—টিল ডেথ অফিস। এই ভদ্রলোক এই কাজের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত আমার এলাকায় সেন-র‍্যালে কারখানাকে আই,আরসি,এ; এইভাবে ২ কোটি টাকা দেয়। কিন্তু কর্তৃপক্ষ সেই টাকা শেষ করে দিয়ে সরকারকে ব্ল্যাক মেল্ করে আবার টাকা আদায়ের চেষ্টা করছেন। আই,আর,সি,এ; নিয়ন্ত্রিত ঐ কারখানা শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড-এর ১৫ লক্ষ টাকা জমা দেয়নি, ঘর বাবদ ৯ লক্ষ টাকা জমা দেয়নি এবং কম্পালসারী ডিপজিট স্কীম বাবদ ৫৫ হাজার টাকা জমা দেয়নি। তাই এই বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব সরকারের অসাবধানতার সুযোগ নিয়ে এবং এক শ্রেণীর আমলার চক্রান্তে কোটিপতিরা কোটি কোটি টাকা করে নিচ্ছে। এইভাবে যদি চলে তাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক বিপন্ন হবে, সর্বনাশ হবে এবং জনসাধারণের বহু টাকা নষ্ট হবে।

(3-00—3-10 p.m.]

Shri Rabindra Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের শ্যামপুর থানার নবগ্রাম অঞ্চলের কুলিয়া গ্রামের একজন বিখ্যাত সমাজবিরোধীর নাম হচ্ছে বিজু মোল্লা যার ৪।৫ শো বিঘা জমি রয়েছে। সেই জমি নিজের ফ্যামিলির মধ্যে বেনামা করে রেখেছে। সে গ্রামের গরীব মুসলমান মেয়েদের উপর অত্যাচার করে, গ্রাম থেকে বিতাড়িত করে, রেশন কার্ড

বন্ধক রাখে, যারা রেশন কার্ড চাইতে যায় তাদের উপর অত্যাচার করে। এই ঘটনা সাব-ডিভিসনাল পুলিশকে জানান হয়েছে। পুলিশ অফিসার তদন্ত করতে গেছেন, সে সেখান থেকে পালিয়ে গেছে। সেখানে উলুবেড়িয়া থানার প্রভাবশালী নেতা পুলিশ অফিসারকে প্রেটেন করেছেন যে উনি আমার দলের একজন সভ্য, কেন ওঁর বাড়িতে যাওয়া হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথায় কথায় বন্দুক দেখিয়ে সে গ্রামের মানুষের উপর অত্যাচার করার চেষ্টা করে। এখানে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীমহাশয় আছেন, তাঁর কাছে দাবি, করছি এখনই তার বন্দুক সিজ করা হোক। এই কুখ্যাত সমাজবিরোধী যিনি ডি, আই রুলের আসামী ছিলেন যিনি লেভি ফাঁকি দেয়, বেনামীতে জমি রাখে, গরীব মানুষের রেশন কার্ড বন্ধক রাখে, মানুষের উপর অত্যাচার করে তার বিরুদ্ধে মিসা প্রয়োগ করা হোক।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি একটা বিষয়ের উপর আকর্ষণ করছি। আমাদের হুগলী জেলায় ব্যাপকহারে ডাকাতি হচ্ছে এবং এই ডাকাতি-গুলি সাধারণ ডাকাতি নয়, স্টেনগান, রাইফেল এইসব ব্যবহার করছে। গত ১৯ তারিখে ডাকাতদের সঙ্গে লড়াই-এ আমাদের জেলার নেতৃস্থানীয় একজন ব্যক্তি মারা গেছেন। সবচেয়ে দুঃখের ব্যাপার যে পুলিশের যে ধরণের সক্রিয়তা থাকা দরকার সেই ধরণের সক্রিয়তা এখানে অনুপস্থিত। আমরা বার বার বলেছি, আবার এখানে আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই ব্যাপারে সজাগ হওয়ার দরকার আছে। উগ্র-পন্থীরা সমাজবিরোধীরা যারা হিংসাত্মক কাজে প্রয়াসী তারা অত্যন্ত সক্রিয় হয়ে উঠেছে। এই বিষয়ে সরকারের অনুসন্ধান করা দরকার, ব্যবস্থা নেওয়া দরকার।

Shri Asamanja De :

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিবিধান দাবি করছি। আজকে পশ্চিমবঙ্গের বাজারে সর্বত্র সরষের তেলের যে আকাল এবং সংকট দেখা দিয়েছে তা নয়, সরষের তেলকে কেন্দ্র করে ব্যাপক ভেজালের কারবার চলছে, সরকার সেখানে নীরব দর্শক। আমি দু'একটা নজির তুলে ধরে তার প্রতিবিধান দাবি করছি। স্যার, যখন রেপসিড ওয়েল দেওয়া হত তখন সরকারের সঙ্গে চুক্তি ছিল ৬৩ পার্সেন্ট তেল হবে, কিন্তু বাস্তব হচ্ছে ৩৬ পার্সেন্ট, ৩ পার্সেন্ট এক্সট্রা রেপসিড অয়েলের সঙ্গে পাইল করে ভেজাল দেওয়া হত। স্যার, আপনি জানেন আজকে রেপসিড দেওয়া হয়না, তিসির তেল দেওয়া হয়। আমি কয়েকটা নজীর তুলে ধরছি। এমন কতকগুলি মিলের মালিক আছে যাদের সরষের তেলের মিল আছে এবং তিসির তেলের মিল আছে, তারা ব্যাপক বেপরোয়াভাবে ভেজাল চালাচ্ছে। যেমন রয়েছে রাজা দীনেন্দ্র স্ট্রীটের দেবেন্দ্র অয়েল মিল, উল্টোডাঙ্গা অয়েল মিল, বেলগাছিয়া লক্ষ্মী অয়েল মিল, গোয়াবাগানের শিবশংকর অয়েল মিল, গোয়াবাগানের ভগৎ অয়েল মিল। এই সমস্ত মালিকের তিসির তেলের মিল আছে এবং সরষের তেলের মিল আছে এবং তারা বেপরোয়াভাবে ভেজাল চালাচ্ছে। স্যার, আপনি যেকোন একদিন সন্ধ্যা বেলায় গেলে দেখতে পাবেন, গিয়ে দেখবেন চৌবাচ্চায় তেল ঢেলে পাইল করা হচ্ছে। গতবার বিধান সভায় বলার পর হোম মিনিস্টার এনফোর্সমেন্ট পাঠিয়ে ২৪-৩-৭৩ তারিখে লক্ষ্মী নারায়ণ মিল এবং ভদ্রকালী অয়েল মিলে হানা দিয়ে প্রচুর ভেজাল সরষের তেল উদ্ধার করেছিল। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কিন্তু আবার নীরব হয়ে গেছে। আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে প্রশ্ন সরকারের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কেন নীরব রয়েছে সমস্ত জেনেশুনে? আপনি জানেন আজকে ঝুনঝুন ওয়ালার দল কলকাতায় বিভিন্ন রাজ্য থেকে ট্রাকে করে তিসি নিয়ে আসে। আপনি জানেন তিসি থেকে রং হয়। সুতরাং সেই তিসির রং যাচ্ছে কোথায় এবং তিসির তেল যাচ্ছে কোথায় খোঁজ নিন। মাননীয় স্পীকার মহাশয়, ক্যালকাটা কর্পোরেশানের মিনিস্টার বসে রয়েছেন, ক্যালকাটা কর্পোরেশানের দায়িত্ব হচ্ছে স্যানিটারী

ইন্সপেক্টর পাঠিয়ে স্যাম্পল ধরে পাবলিক এ্যানালিস্টের কাছে পাঠান এ্যাডালটারেটেড কিনা তা প্রমাণ করে দেখবার জন্য। আজকে ক্যালকাটা কর্পোরেশান নীরব, সেখানে স্যানিটারী ইন্সপেক্টর স্যাম্পল পাঠাচ্ছে না। যদি স্যাম্পল নিয়ে পাবলিক এ্যানালিস্টের কাছে পাঠান হয় তাহলে পাবলিক এ্যানালিস্টের রিপোর্ট দিন। এইভাবে মিউনিসিপ্যালিটি চালাতে গিয়ে দেখেছি সর্বত্র বেপরোয়াভাবে ভেজাল চালাচ্ছে। আমি জনস্বার্থের খাতিরে দাবি করছি অবিলম্বে এদের গ্রেপ্তার করা হোক।

Shri Ganesh Hatui :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় যখন তীব্র খাদ্য সংকট চলছে তখন হুগলীজেলার জংগীপাড়া, চণ্ডীতলা, হরিপাল থানা এলাকায় প্রায় ২০ হাজার বিঘা জমির উচ্চ ফলনশীল জমির ধান সেচের জলের অভাবে নষ্ট হতে বসেছে এবং চাষীরা যে বোরো চাষ করছে, কি কষ্ট করে তাদের ঘটি-বাটী স্ত্রীর গহনা বন্ধক রেখে সমবায় ব্যাংক থেকে ঋণ নিয়ে তারা এই উচ্চ ফলনশীল ধানের চাষ করছে এবং ধান আজকে ফলতে যাচ্ছে এবং শীষ বেরোবে এই অবস্থায় ধানের জমিতে সেচ বিভাগ থেকে জল দেওয়া হচ্ছে না। তার ফলে জমির মাঠ ফেটে যাচ্ছে এবং রোদের তাপে শুকিয়ে মরছে, চাষীরা চোখের জল ফেলছে এবং পাগলের মত ছোটাছুটি করছে। সেচ বিভাগের এস, ডি, ও, ইরিগেশান সেকশান-এর সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার বলেছেন যে ডি, ভি, সি,-এর জল মাত্র ৫০০ কিউবিক ছাড়া যেতে পারে। যদি এই রেটে জল ছাড়া হয় তাহলে বিস্তির্ণ অঞ্চলে জলের অভাবে এই যে উচ্চফলনশীল যে ধান, যেটা ফলনমুখী হয়েছে সেই সমস্ত ধান নষ্ট হয়ে গেলে চাষীরা ভীষণ দুরবস্থার মধ্যে পড়বে। সুতরাং অবিলম্বে জল দেবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও ঠিক একই কথা বলতে চাই আপনার মাধ্যমে। এখানে আমাদের সেচমন্ত্রী নেই, আধপোয়া মন্ত্রী ছিলেন অবশ্য। বর্তমানে কৃষি বর্ধমানের বিভিন্ন জায়গায়—যেমন গলসী, মঙ্গলকোট, মেমারী, মন্তেশ্বর, নাদানঘাট ইত্যাদি বিভিন্ন এলাকায় আজকে জলের বড়ই অভাব।

Mr. Speaker : Mr. Samanta, when you address or draw the attention of the Minister, " "এক পোয়া, আধ পোয়া, all these words should not be used. It is derogatory. It is not at par with the decency and decorum of this House. I would request you to address properly.

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত। যাইহোক ব্যাপারটা অত্যন্ত গুরুতর। বর্ধমানে প্রচুর ধান হয়েছিল, পরে সারের অভাবে খানিকটা বাধাপ্রাপ্ত হয়েছে। কিন্তু বর্তমানে জলের অভাবে বোরোধান বোধ হয় আর হবেনা। সরকার এদিকে লেভীর কথা বলছেন, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই, দেখে আসুন বর্তমানে বর্ধমানের মাঠের অবস্থা বিশেষকরে মন্তেশ্বর, মেমারীর বিভিন্ন এলাকা। জলের অভাবে মাঠ ফেটে গেছে। বোরোধান হবার যেটুকু আশা ছিল, চাষীর যেটুকু ভরসা ছিল শেষ পর্যন্ত সেই ভরসা মাঝমাঠে মারাগেল। এ যেন সেই মই দিয়ে তুলে দিয়ে মই কেড়ে নেবার মত অবস্থা। চাষীরা একবিঘা জমি পিছু ৩ শত টাকা খরচ করেছে কিন্তু আজকে জলের অভাবে বোরো-ধান বোধ হয় আর হবেনা। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এ কথা বলতে যে অবিলম্বে জল প্রেরণ করুন এবং অন্ততঃ ৩০ তারিখের পরে ১০ দিন জল থাকে সে জন্য অনুরোধ করছি।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে সরকারের অধীনে একটা দপ্তর আছে, যেটাকে তুঘলকী দপ্তর বলা যায়। সেই দপ্তরের অনেক অফিসার মহম্মদ বিন তুঘলকের বংশধর হিসাবে দাবী করতে পারেন বলে আমি মনে করি।

Mr. Speaker : Mr. Chaki, under rule 351, the privilege extended to the honourable members only is to draw the attention of the House and the Minister on some specific or particular facts. Do not go on criticising anybody misusing rule 351.

Shri Naresh Chandra Chaki :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের সেই দপ্তরের নাম হচ্ছে শিক্ষা দপ্তর। এই শিক্ষা দপ্তর থেকে ক্লাশ থ্রি'-র ইংরাজী এবং ইতিহাস বই ছাপা এবং সরবরাহ হয়ে থাকে। আজকে এপ্রিল মাস চলে যাচ্ছে মে মাসের শেষ দিকে সামার ভেকেশান হয়ে যাবে কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে সেই ইংরাজী এবং ইতিহাস বই সরকারী প্রেস থেকে ছাপা হয়নি এবং শিক্ষা দপ্তর থেকে কোন স্কুলে সেই বই সরবরাহ করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খবর নিয়ে জানবেন যে এর ফলে এই ক্লাশ থ্রিতে ইংরাজী এবং ইতিহাস পড়ান সম্ভব হচ্ছে না। কিছুদিন আগে একটা শিক্ষক সমিতির পক্ষ থেকে রাইটার্স বিল্ডিংসে খবর নিতে গিয়ে জানতে পেরেছেন যে এই ইতিহাস বই ছাপা হচ্ছে এবং পশ্চিমবঙ্গ সরকার ক্লাশ থ্রি-র ইতিহাসের যে সিলেবাস ধার্য করেছেন তাতে ১৩টি চ্যাপ্টার আছে।

(3-10—3-20 p.m.)

কিন্তু সেই বইটি যেহেতু ৬ মাসের মধ্যে ছাপান হল না, সেজন্য এই ইতিহাস বইয়ের প্রথম দিকে চারটি চ্যাপ্টার এবং শেষের দিকে দুটি চ্যাপ্টার বাদ দিয়ে ছাপান হচ্ছে। আপনি দেখুন স্যার, অবস্থা কি, পুরো বই থেকে ছয়টি চ্যাপ্টার বাদ দিয়ে বই ছাপান হচ্ছে। আমি জানতে চাচ্ছি শিক্ষক সমাজকে হেয় করবার জন্য কি পশ্চিমবঙ্গে এই কারবার চলবে? শিশু শিক্ষার্থীদের সর্বনাশ করার জন্য কি এই কারবার চলবে? আমি তাই জানতে চাই এই কারবার বন্ধ হবে কিনা। আজকে শিক্ষাদপ্তরের তোঘলকি কারবারের শিকার হচ্ছেন পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজ এবং শিক্ষার্থীরা। আমি জানতে চাই, এ জিনিষ কতদিন ধরে চলবে? আপনি স্যার, এখনি শিক্ষামন্ত্রীকে ডেকে পাঠান, আমরা জানতে চাই।

Shri Subrata Mukherjee (Katwa) :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩শে এপ্রিল আনন্দবাজারে ছবিসহ একটি সংবাদ বেরিয়েছে। এই সংবাদটি হচ্ছে পশ্চিমবঙ্গের কিছু ব্যবসায়ী কয়লা শিল্পে দারুণ একটা চক্রান্ত করে চলেছে। এই সমস্ত ব্যবসায়ীরা হাজার হাজার মণ কয়লা বস্তা ভর্তি করে অন্যান্য রাজ্যে যেমন লুধিয়ানা, হরিয়াণা, পাঞ্জাবে চালান দিচ্ছে। এই যে ব্যবসায়ী সম্প্রদায় বস্তা ভর্তি করে রাজ্যের বাইরে কয়লা চালান দিচ্ছে, এতে স্বভাবতঃই একটা প্রশ্ন উঠতে পারে যে কেন তারা বস্তায় কয়লা ভর্তি করছে। এর কারণ হচ্ছে আজকে রেলওয়ের কিছু আমলা, ওয়াগন চাইলে বলে যে খাদ্যশস্য পাঠাবার জন্য ওয়াগন দেওয়া যেতে পারে, অন্যথায় নয়। এই কারণে এই আমলাদের সহযোগে এক শ্রেণীর ব্যবসায়ী বস্তায় কয়লা ভর্তি করে কাগজে কলমে খাদ্যশস্য বলে লিখে দিয়ে কয়লার কালোবাজারী করবার জন্য ওয়াগনগুলি ব্যবহার করছে এবং এইভাবে রেলের অসাধু আমলারা এই অসাধু ব্যবসায়ীদের সঙ্গে দিনের পর দিন ব্যবসা করে কয়লার কালোবাজারী করছে। আমি তাই আপনার মারফৎ জানতে চাই যে সংবাদপত্রে ছবি সহ এই সংবাদ বেরোনর পর মাননীয় খাদ্যমন্ত্রী এই ব্যাপারে তদন্ত করেছেন কিনা এবং কোন সক্রিয় ব্যবস্থা নিয়েছেন কিনা?

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এলাকার একটি বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত কয়েকমাস আগে নুরপুর অঞ্চলে দফাদার আবদুল সোভান মারা যায়। তার পুত্র তখন দরখাস্ত করে সেই দফাদার পদের জন্য। এই অঞ্চলের অঞ্চল প্রধান ২৪ জন সদস্যের মধ্যে ১০ জনকে নিয়ে এক সভা করেন এবং অন্য একজন লোককে এই পদে নিয়োগ করেন। বি, ডি, ও, অফিসে প্রাক্তন এম, এল, এ, সোরাব আলি সাহেব নাকি বলেছেন, বর্ত্তমানে এম, এল, এ,-র কোন রিকমেণ্ডেশন দরকার হয় না। আমি এই ইনজাস্টিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সরকারের নীতি হচ্ছে যদি কোন কর্মচারী মারা যায় এবং তার কোন উপযুক্ত পুত্র থাকে তাহলে তাকেই চাকুরী দেওয়া হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এ-কথাই বলতে চাই যে তিনি যেন ন্যায় বিচার করেন। এই বলে আমি ১৪ জন সদস্যের লেখা এই কাগজ মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর হাতে দিচ্ছি এবং তদন্তের দাবী করছি।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্ব বিষয়ে এই হাউসে রাখছি। আজ বাঁকুড়া জেলায় একদিকে যেমন খাদ্যাভাবে হাহাকার চলছে, তেমনি অন্যদিকে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। এই পানীয় জলের অভাবে হাহাকার সহরে ও গ্রামাঞ্চলে দেখা দিয়েছে। বাঁকুড়া সহরের পাশে দ্বারকেশ্বর নদীর উপর যে ইলেক্ট্রিক পাম্প ছিল, গত বর্ষায় তা নষ্ট হয়ে গেছে। আজ পর্যান্ত সেই পাম্প মেরামত হয়নি। আর সবচেয়ে দুঃখের বিষয় গত ১৯৭১ সালে পাব্লিক হেলথ্ ডিপার্টমেন্ট ১০টী ব্লকের প্রত্যেকটা ব্লকের জন্য ১০টী করে কুয়ো মঞ্জুর করেছিলেন, আজ পর্যান্ত সেখানে একটী কুয়োও খনন করা হয় নাই। এর ফলে দেড়-দু লক্ষ টাকা নষ্ট হয়ে গেছে। ১৯৭৪ সালে যে টেণ্ডার দেওয়া হয়েছিল কুয়োগুলির জন্য, সিমেন্টের অভাবে তার কাজ বন্ধ হয়ে গেছে। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাচ্ছি

Shri Monoranjan Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার ৬টা বিশ্ববিদ্যালয়ের ৮ হাজার কর্মী কতক-গুলি দাবীদাওয়া শিক্ষামন্ত্রীর কাছে পেশ করেছেন বেতনের হার পুনর্নিধারণ, সার্ভিস রুলের পরিবর্তন, পে-কমিশন গঠন, বিশ্ববিদ্যালয় পরিচালনায় তাদের মধ্য থেকে প্রতিনিধি গ্রহণ ইত্যাদি। দীর্ঘদিন ধরে তাঁরা তাঁদের বিভিন্ন দাবীদাওয়া ও অভাব অভিযোগ বিভিন্ন সময়ে জানিয়ে আসছেন। দীর্ঘদিন ধরে তাঁরা বিক্ষুব্ধ। গত ২২শে এপ্রিল তাঁরা এই বিধানসভা অভিযান করেছিলেন। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় তাঁদের দাবীগুলির প্রতি কোন সহানুভূতি না দেখানোর ফলে তাঁরা খুব ক্ষুব্ধ হয়েছেন। আগামী ৭ই ও ৮ই মে এই ৬টি বিশ্ব-বিদ্যালয়ের ৮ হাজার কর্মী ধর্মঘট করবেন। এর ফলে যারা পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে একটা অচল অবস্থার সৃষ্টি হবে। তাই এই ধর্মঘট এড়াবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি তিনি তাঁদের দাবী দাওয়াগুলি মেনে নিন্ অবিলম্বে।

Shri Gautam Chakraborty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অরণ্যে রোদন বলে একটা কথা আছে। বার বার করে মালদহের দুস্থঃ মানুষের কথা এখানে বলছি। অথচ রিলিফ মিনিস্টার বলেছেন বিভিন্ন জেলায় খয়রাতি সাহায্য পাঠানো হয়েছে। আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন—মালদহের হরিশ্চন্দ্রপুর থানায় দুটো ব্লকে পনেরটি অঞ্চল আছে যেখানে মাত্র ২১ হাজার টাকা টেস্ট রিলিফের জন্য পাঠানো হয়েছে। অনেক আরো বিভিন্ন জেলায় এই রকম পাঠানো হয়েছে মালদহের গাজোল, হবিবপুর, বামনগোলা, হরিশ্চন্দ্রপুর এই সমস্ত অঞ্চলের মানুষের দুঃখের কথা বার বার লোকাল এ্যাডমিনিস্ট্রেশনকে বলেও কোন ফল হচ্ছে না। তাই আমি দাবী করছি রিলিফ মিনিস্টার একবার মালদহ জেলা পরিভ্রমন করে সব কিছু নিজে দেখে-শুনে আসুন এবং কি ধরনের সাহায্য সেখানে দরকার তার ব্যবস্থা তিনি করুন।

আর একটা বিশেষ কথা আমাদের চীফ্ মিনিষ্টারের কনস্টিটিউয়েন্সিতে সাধারণ মানুষের অবস্থা আরো ভয়াবহ। চীফ্ মিনিষ্টারের কোন রিপ্রেজেনটেটিভ নাই। শুনলাম লোকাল এ্যাডমিনিসট্রেটিভ বলেছেন, অনিল চন্দ্র রায় বলে একজন লোক মদের ব্যবসায় করেন, তাকে বলা হয়েছে রিলিফের কোন কাজ নাই--কোন উদ্যমও নাই। অনিল রায় নাকি চীফ্ মিনিষ্টারের নমিনি রিলিফ ও ভিজিলেন্স-এর প্রতিনিধি হয়ে আছেন। আমি দাবি করছি চীফ্ মিনিষ্টারের কনস্টিটিউয়েন্সিতে বন্যার্ত মানুষের দিকে তাকাবার কেউ ওখানে নাই। সেখানকার দুঃস্থ মানুষ দিনের পর দিন শাক-পাতা খেয়ে আছে। তাদের রক্ষার জন্য রিলিফ মিনিষ্টারকে মালদহে গিয়ে স্বচক্ষে সবকিছু দেখে আসতে অনুরোধ জানাচ্ছি।

[3-20—3-45 p.m.]

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে খাদ্যের যে অবস্থা তা আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। সেই খাদ্য অভাবের জন্য আপনার মাধ্যমে আমি জানাচ্ছি। আমাদের নাগড়ি এলাকায় যেখানে পাট চাষ হবে সেখানে আউসের চাষ হবে। আমাদের উত্তর ২৪ পরগনা থেকে আরম্ভ করে আপার কুচবিহার পর্যন্ত সমস্ত জেলায় উন্নত ধরনের পাট চাষ হয়। এই চাষের আগে সার পৌঁছানো দরকার। কিন্তু খবর নিয়ে দেখলাম, কারণ কাউকে সেখানে থেকে আমার কাছে লোক এসেছে যে সেখানে সুফলা ইত্যাদি যে সারের যা প্রয়োজন তা সেখানে পৌঁছায় নি। এখন মাটিতে জল পড়লেই সঙ্গে সঙ্গে সেখানে চাষ আরম্ভ হবে, সেখানে সুফলা ইত্যাদি সারের প্রয়োজন হবে। আমাদের এখানে মাননীয় কৃষি মন্ত্রী আছেন আমাদের মালিক আছেন ষ্টেট মিনিষ্টার আছেন এদের আমি বিশেষ ভাবে জানাই যে এই সমস্ত পাট চাষের এলাকায় যে সমস্ত জমি আছে সেখানে যাতে সার পাঠান হয়। আমরা দিল্লী গিয়েছিলাম। সেখানে সারের অভাবের কথা তুলতেই তারা বললেন যে ইতিমধ্যে আমরা কিছু সার পাঠিয়ে দিয়েছি। কিন্তু সার নাকি ইতিমধ্যে মালদহে গেছে। মালদহের যে সমস্ত জায়গায় গেছে তা দিল্লী দিয়ে বিতরণের কোন সুষ্ঠু ব্যবস্থা করা হয় নি, এই কথা সত্য কিনা আমি জানি না। এই সব কথা আমার শোনা কথা। দপ্তর আছে তারা বলতে পারবেন। কিন্তু পাটের বেলায় সুফলা ও অন্যান্য সারের বিশেষ প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা গুরুত্বপূর্ণ প্রশ্ন তাই আমি আপনার মাধ্যমে এখানে রাখছি।

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি কমিশনার রোজ, ডুম এ পয়েন্ট আমরা সব জায়গায় পাঠিয়েছি। যদি কোথাও সারের অভাব হয় আপনারা স্পেসিফিক খবর দেবেন। এটা হয় না। দুটো অসুবিধা হচ্ছে রেলওয়ে মুভমেন্ট আর আপনারা জানেন বোধ হয় যে একটা ট্রাক শক্তিগড়ে লুঠ হয়ে গেছে। সুতরাং আমরা ইনসিওর না করে পাঠাতে পারছি না। তবুও যে জায়গায় পাট বা আউসের চাষ হয় আমরা যেমন যেমন পাচ্ছি তেমন প্রোরেটা পাঠাচ্ছি। বোরোর কথা বলেছেন। তার দপ্তর যেভাবে ডিরেকসান দিচ্ছেন— আমাদের কৃষি মন্ত্রীর দপ্তর সেই ভাবে আমাদের বোরো চাষের গুরুত্ব দেওয়া হচ্ছে। এর পরে খারিফ যে ফসল আছে এর জন্য পাঠান হচ্ছে পাট ও আউসের জন্য। আপনাদের কোথাও না গিয়ে পৌঁছালে আমাদের জানাবেন। আমরা পুরোপুরি দিতে পারছি না। যা আসছে আমরা ডিটেন করে রাখছি না। এবং যে সুফলা এবং এগ্রিকালচার ফার্টিলাইজার কথা বলছি যে যা আমরা পাচ্ছি সঙ্গে সঙ্গে আমি তা পাঠিয়ে দিচ্ছি। আমি অনুরোধ করবো দুটো সাইড লক্ষ্য রাখতে। এগ্রো সারভিস সেন্টারে যেখানে হয়ে গেছে সেখানে ডিলার নিচ্ছি ফ্রম এগ্রো ইনডাস্ট্রিস কর্পোরেসান, যেখানে মার্কেটিং ষ্ট্রাকচার আছে-- মার্কেটিং ষ্ট্রাকচার যদি ফেডারেশান-এর মেম্বার হয়ে থাকে তাহলে ডাইরেক্ট করবে। যেখানে মার্কেটিং ষ্ট্রাকচার নেই সেখানে ষ্টেট এগ্রিকালচারাল মার্কেটিং ফেডারেশান ডাইরেক্ট ব্রাঞ্চ সেন্টার দায়িত্ব নেবে। সেখানে লোকাল লিডারশিপের কাছে আমরা

সহযোগিতা চাচ্ছি ফ্রম টু পয়েন্টস একটা রিলায়েবল পারসন্স, আর একটা সেল্ফ গো ডাউন। যারা দিতে পারবেন দেখুন যাতে নাকি লুঠ না হয়।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খবরের কাগজে দেখেছি ও নানা জায়গায় দেখছি যে যারা দারিদ্র সীমার নীচে বাস করে তাদের অনেকেই অনাহারে আজকে অর্ধাহারে, মারা যাচ্ছে, তারা তাদের ছেলেমেয়ে, বিক্রি করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রাম বাংলায় গম নেই, চাল নেই, কেরসিন তেল নেই, সরিষার তেল নেই, চিনি নেই, সার নেই, সেচ নেই, ডিজেল নেই, ইত্যাদি কেবল নেই নেই। এই গ্রাম বাংলায় যারা দারিদ্র সীমার নীচে বাস করে সেই জনসাধারণ তারা বিস্ফোরনের অবস্থায় রয়েছে। আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই সমস্যাগুলি জরুরী ভিত্তিক করা দরকার তা না হলে নিশ্চই অসুবিধা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেটের জ্বালা মানে না, খিদায় মস্তিষ্ক ঠিক থাকে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খিদের জ্বালায় তারা আত্মহত্যা করছে আজকে পল্লী বাংলার এক একটা পরিবারের চিত্র এই রকম। তাই আপনার মাধ্যমে বলছি যে সেখানে জরুরী ভিত্তিক ব্যবস্থা করা দরকার। ঠান্ডা ঘরে বসে বা রাইটার্স বিল্ডিং-এ থাকলে চলবে না। আমাদের এম.এল.এ.-দের যেতে হবে, আমাদের হাউস শেষ হয়ে যাবে তখন আমাদের যেতে হবে। তাই আমি বলি আপনারা এই সমস্ত দূর করুন। এই কথা বলে আপনি আমাকে যে বলতে দিয়েছেন সেজন্য ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ॥

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After Adjournment)

The West Bengal Comprehensive Area Development Bill, 1974 (as reported by the Select Committee)

[3-45 3-55 p.m.]

Shri Ajit Kumar Basu (Singur) :

মাননীয় স্পীকার মহাশয়, এই সি.এ.ডি. বিলকে উপলক্ষ্য করে আলোচনার ক্ষেত্রে অনেকগুলে বুনিয়াদী কথা উঠেছে। ক্যালেকটিভাইজেসান ইন এগ্রিকালচার এই বিলে আমরা কি সেই দিকে নিয়ে যাচ্ছি? প্রাক্তন মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র তুলে ধরেছেন এবং সঙ্গে সঙ্গে একথা বলেছেন ক্যালেকটিভাইজাসান ইন এগ্রিকালচার এটার ফল ভাল হয় না, সোভিয়েট রাশিয়াতে ফল ভাল হয়নি। অনেক বন্ধু আমাকে বলেছেন যাই হোক এটা ক্যালেকটিভাইজেসানের দিকে নিয়ে যাচ্ছে। আমাদের মন্ত্রী শংকরবাবু বলেছেন মোটামুটি আমরা যা করতে চাই একটা অ-ধনতান্ত্রিক পথে কৃষির প্রকাশ। আমরা খুব খুশী যে এই সমস্ত মৌলিক কথ আমদানী হয়েছে। আমি প্রথমে কাশীকান্তবাবুর কথার প্রত্যোত্তরে বলতে চাই ক্যালেক্টি-ভাইজেসান যেটা তাঁরা বলেছেন এবং বলছেন এবং যেটা তাঁরা আশংকা প্রকাশ করছেন এই বিলে মোটামুটি তার ধারে কাছে যাওয়া যাচ্ছে না। তাহলে অন্তত সেটাতে লেখা থাকতো ক্যালেকটিভাইজেসানের মূল কথা। সেই এলাকার চাষীদের কো-অপরেটিভের মাধ্যমে অত্যন্ত প্রগতিশীল অবস্থায় নিয়ে যাওয়ার কথা এই বিলে নাই। দ্বিতীয়তঃ, ক্যালেকটিভাইজেসান সম্বন্ধে তাঁরা কি জানেন আমি জানি না। একদিকে পাচশো বিঘায় মালিক, আর একদিকে দু কাঠার মালিক— এই রকম অসম ভূমি বন্টন ব্যবস্থার মধ্য দিয়ে ক্যালেকটিভাইজেসান হয় না। কাজেই যে থেকে ক্যালেকটিভাইজেসান হয়েছে সেখানে বড় লোকের জমি জোর করে কেড়ে নিয়ে সাধারণ মানুষকে বিলি করা হয়েছে এবং সেখানে বৈষম্য ছিল না। সেখানে লোককে সংঘবদ্ধ করে স্টেট হেলপের মধ্যে তাদের

ক্যালেকটিভাইজেসান করা হয়েছে এবং এই ক্যালেকটিভাইজেসান কোন রেজিমেনটেড সোসাইটির অবদান নয়। এই ক্যালেকটিভাইজেসান সেখানকার চাষীদের ভিতর দিয়ে গড়ে উঠেছিল। ১৯২৩ সালে লেনিন তখন বেঁচে আছেন এবং তিনি থাকতে থাকতে এর পত্তন হয়। তিনি বলেছিলেন জোর করে কাউকে কো-অপারেটিভের মধ্যে এনো না।

ছোট কো-অপারেটিভ করে সেখানে ভালভাবে সাহায্য কর। সেখানে যদি ভাল কাজ হয় তাহলে তার দৃষ্টান্ত দেখিয়ে আশপাশের হাজার হাজার চাষীকে উদ্বুদ্ধ করেছেন, তখন তারা এসে যোগ দিয়েছেন এবং এইভাবেই ক্যালেকটিভাইজেসান হয়েছে। কাজেই ক্যালেকটিভি-জেসান সম্বন্ধে যে আতঙ্কের কথা বলেছেন, এটাতে কোন রেজিমেনটেড সোসাইটির অবদান নেই, মানুষ ইচ্ছা করে কো-অপারেটিভ-এর মধ্যে কালেকটিভ ফার্মিং গড়ে তুলেছে এবং এগুলির যোগেই ক্যালেকটিভিজেসান বলছেন। দ্বিতীয় কথা বলেছেন ক্যালেকটিভিজেসান ফসল ভাল হচ্ছে না। তিনি নিশ্চয় আমেরিকার সঙ্গে কমপেয়ার করে বলেছেন। জানিনা কেন এই সমস্ত কথা চাপা থাকে। বিরাট দেশ সোভিয়েত রাশিয়ায় প্রকৃতি বিমুখ আমি নিজে গিয়ে দেখে এসেছি এবং সেন্ট্রাল এশিয়া, কাজাকিস্থান প্রভৃতি জায়গায় পাহাড়ের মাথার বরফ গলিয়ে ঝর্ণা ধারার মত করে জল এনে সেচের ব্যবস্থা করতে হয়, যেখানে লক্ষ লক্ষ একর প্রেয়ারি ল্যাণ্ড রয়েছে সেখানে আজকে তারা কি করেছেন সেটা দেখে আসুন। আপনি নিশ্চয় ভার্জিন সোয়েলের এই পড়েছেন। চারিদিক থেকে যেখানে লোক ডেকে চাষের ব্যবস্থা করতে হয়, সেখানে স্কুলের ছেলেরা ছুটল, কিছু লোক ছুটল, কিছু চাষী ছুটল, গভর্ণমেন্ট সেখানে ট্রাক্টর দিল এবং প্রকৃতি যেখানে একেবারে বিমুখ সেখানে একটি মরশুমের মধ্যে শীতের শেষে গ্রীষ্মের প্রথমে দু এক ফোঁটা যদি বৃষ্টি হয় তাহলে কিছু ফসল হবে এই রকম প্রেয়ারি ভূমিতে আজকে কি সুন্দর ফসল হচ্ছে। আমরা সাইবেরিয়ার কথা জানি। সাইবেরিয়া তুষারাচ্ছন্ন দেশ। বছরের মধ্যে ৩।৪ মাস ফসল তৈরী করা যায়, তাও আবার সব বছর হয় না, সেখানে এখন ফসল তৈরী হচ্ছে। কাজেই প্রকৃতি যেখানে বিমুখ সেখানে তাদের লড়াই করে ফসল তৈরী করতে হচ্ছে। ইউক্রেনের গমের কথা শোনা যায়। গোটা রাশিয়ায় এই রকম দু একটি জায়গা আছে, যেখানে প্রকৃতির সঙ্গে লড়াই করে তাদের চাষাবাদ করতে হয়। কাজেই আতঙ্কিত হবার কিছু নেই, সেখানকার মানুষ প্রকৃতির সঙ্গে লড়াই করে চাষাবাদ করছে, সেটা না গিয়ে দেখলে বোঝা যাবে না। কাজাকিস্তানের শতকরা ৯১ ভাগ পাহাড়ের ঢালু জমিতে চাষ হয়, দার্জিলিং-এর শিড়ির মত কেটে চাষ হয়, কেবল যেখানে ফলের বাগান রয়েছে, সেখানে শুধু শিড়ি কাটা হয়েছে। (শ্রী আবদুস সাত্তার:-- এখানে কি সোভিয়েৎ রাশিয়া নিয়ে আলোচনা হচ্ছে?) এখানে সোভিয়েত রাশিয়ার কথা বলা হয়েছে বলেই আমি বলছি। কাজেই তারা বিমুখ প্রকৃতির সঙ্গে লড়াই করে চাষাবাদ করছে সমস্ত পৃথিবার মানুষ তার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের দেশে সি.এ.ডি.পি মারফৎ যেটা করতে যাওয়া হচ্ছে সেটা কি? বিভিন্ন রকম কথা উঠেছে। কালকে শঙ্করবাবু যেটা বলেছেন-- কোন দিকে ওয়েটেজ দেবেন সেটা বলছেন না। কিন্তু বলছেন তলার লোকেদের জন্য মোমুটামুটি একটা ইকনমিক বেস তৈরী করতে চাই। এটা খুব ভাল কথা, আমরাও তো সেই কথাই বলে আসছি। তলার লোকদের জন্য যদি ইকনমিক বেস তৈরী করতে চান তাহলে ওয়েটেজ দেবার কোন ব্যবস্থা নেই? হাতিও ৪ পেয়ে, আর ব্যাঙও ৪ পেয়ে--এখন এই দুটোকেই ৪ পেয়ে হিসাবে ট্রিট করছেন। হাতি একটু বেশী খাবে, আর ব্যাঙ কম খাবে এইভাবে ওয়েটেজ ধরা হচ্ছে। আমরা যেকথাটা চাই সেটা বিলের মধ্যে ইনকরপোরেটেড হোক, সেটা হচ্ছে না। এইখানে ঠিক হোক গরীব লোকেদের জন্য আমরা একটা ইকনমিক বেস তৈরী করে দিচ্ছি যে বেসের উপর দাঁড়িয়ে তারা লড়াই করে তাদের পাওনা বুঝে নেবে, আর এটাকেই অ-ধনতান্ত্রিক পথে কৃষি বিকাশের কথা বলছি।

[3-55—4-05 p.m.]

এটা তাই কিনা জানি না, তবে সেই দিকে যদি নিয়ে যাওয়া যায় নিশ্চয় খুশী হব। কিন্তু যে সাধু ইচ্ছা তাঁরা প্রকাশ করেছেন এই আইনের মধ্যে তার প্রতিফলন কোথায়?

আমরা সে কথাই তুলে ধরেছি বারবার যে আপনারা যদি জমির অনুপাতে— প্রোপোরসানে, সাহায্য করেন তাহলে গরীব চাষী, ছোট চাষী, খুব অল্পই সাহায্য পাবে এবং তার ভেতর দিয়ে আজকে তাদের এ্যাডভেন্টেজ পাবার কথা, যে ইকনমিক বেস তৈরী হবার কথা তা হবে না। অনুগ্রহ করে তার ব্যবস্থা করুন এ কথাই আমরা বলতে চাইছি। কাজেই যেটা আপনারা বলছেন অথচ বিলে নেই আমরা সে কথাই স্পষ্ট করে বলতে চাইছি, এই বিলে আমাদের আপত্তি এই খানেই তফাৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা একথা বলছি, গোড়া থেকে এদের এমন সব অর্গানাইজেশান, সেবা প্রতিষ্ঠান, সার্ভিস কো-অপারেটিভ ইত্যাদি করুন। সমান ট্রিটমেন্ট নয়, প্রায়োরিটির ভিত্তিতে এদের ইনপুট্স দিতে হবে। যেহেতু আপনার ইনপুট্স কম কাজেই জমির অনুপাতে দিলে বঞ্চিত হবে এবং তার ভেতর দিয়ে আপনারা যেটা চাইছেন ডেভেলপমেন্ট অন দি বেসিস অফ ইকুয়ইটি, উৎপাদন যা নিয়োজিত হবে তার একটা ইকুইটেবিল ডিস্ট্রিবিউসান হবে— ইকুইটেবল ডিসট্রিবিউসানের কথা শংকরবাবু বলেছেন, তা কি করে হবে, তা হতে পারে না। এ প্রসঙ্গে আমাদের বিশ্বনাথবাবু খুব ভাল করেই বলেছেন যে, এর ফলে একজন খুব উঁচুতে উঠে যাবে আর একজন সামান্য উঠতে পারবে। কাজেই আমাদের কথা হল, মোটামুটি প্রায়োরিটি দিয়ে এই সেকসানকে আপনাদের ট্রিট করতে হবে। এখানে নিশ্চয় কিছু ব্যাপার থাকবে যেখানে প্রায়োরিটি দেবার ব্যাপার থাকবে না। যেমন ধরুন, একটা ডিপ টিউবওয়েল হলে সেখানে সকলেই জল পাবে। কিন্তু অন্যান্য ইনপুট্স যেমন যন্ত্রপাতি, সেখানে যন্ত্রপাতি যখন আসবে তখন সেগুলি ব্যবহারের জন্য গরীব লোক প্রান্তিক চাষী, ভাগচাষী, তারা যেন অগ্রাধিকার পায়। তারপর সার যেটা আসবে সেই সার এদের দিকে তাদের আগে বন্টন করা হোক। তারপর একটা ডিপটিউবওয়েল বসালে তা থেকে সকলকে সেচের জন্য জল দেবেন কিন্তু সেখানেও এদের জমিতে জলের জন্য যেটা একটু লক্ষ করুন, এই হচ্ছে আমাদের কথা। এটা যদি করেন তাহলে আপনারা যেটা বলছেন এবং আমরা যেটা চাইছি তা মিললে এবং আমরা একটা জায়গায় মোটামুটি ভাবে দাঁড়াতে পারবো। কিন্তু এই বিলের মধ্যে তার প্রতিফলন না থাকার জন্য আমরা অনেক প্রশ্ন করছি এবং সেগুলি এই বিলে আনবার কথা বলছি। প্ল্যানিং প্রসেসের যে পদ্ধতি যেটা শংকরবাবু কালকে বলেছেন, আমরা বলেছি যে মোটামুটি মাইক্রো লেভেল প্ল্যানিং— আমি উন্নয়ন পর্ষদের সদস্যদের সঙ্গে কথা বলেছি, ডাক্তার সাহেবের সঙ্গে কথা বলেছি, তারা সকলেই বলছেন তলার লেভেল থেকে প্ল্যানিং হবে, এই কথা আমরাও সেকথাই বলছি। এখন যা দেখছি বিল যা হচ্ছে, এখানে যে কর্পোরেশন যা পশ্চিম-বাংলার সমস্ত প্রজেক্ট অথরিটিকে চালাবে, যারা ওপরে বসে, তারা পলিসি ডিটারমিন করবে।

অথচ আমার মনে হয় তলা থেকে মোটামুটি মাইক্রোলেভেল প্ল্যানিং এবং ইমপ্লিমেন্টেশন করতে হবে। প্রজেক্ট লেভেলই তফাৎ থাকছে। অথচ আমরা যখন কথাবার্তা বলি, কথাবার্তাগুলি এক জায়গায় এসে দাঁড়াচ্ছে। সেই কথাবার্তা কোন জায়গায় দাঁড়াচ্ছে? কিন্তু বিলে যা আমরা দেখছি সেটা আর যাই হোক মাইক্রোলেভেল প্ল্যানিং হচ্ছে না এবং মাইক্রোলেভেলে ইমপ্লিমেন্টেশনও হচ্ছে না। কাজেই আমি যেখানে অস্বস্তি প্রকাশ করছি সেটা হচ্ছে এইখানে। প্ল্যানিংটা তলায় বসে হোক, তলার মানুষকে নিয়ে হোক। তারজন্য প্রোজেক্ট অথরিটির হাতে ক্ষমতা থাকুক, তারজন্য প্রোজেক্ট অথরিটিকে ডেমোক্র্যাটিক করা হোক এবং একটা ইলেকটেড প্রোজেক্ট কাউনসিল থাকুক এবং এইভাবে যদি প্রোসিড হয় এই আলোচনা আমরা যখন করবো তখন বলবেন যে, হ্যাঁ, আমরা এটাই ভাবছি, এটাই করছি। আমি শুধু একথা বলতে চাই যে বিলের মধ্যে এই গাইড-লাইন সুস্পষ্টভাবে করে দিন আপনারা এবং আমরা যাতে এককথা বলতে পারি। গাইডলাইন সুস্পষ্ট করে দিন শুধু কথা নয়। দ্বিতীয় যে কথা শঙ্করবাবু বলেছেন, অত্যন্ত ভাল কথা যে, আমরা তলার মানুষকে একটা ইকনমিক বেস তৈরী করে দিতে চাই। তাদের বারগেইনিং পাওয়ার বাড়াতে চাই, আমরাও সেকথা বলছি। ভাগচাষী, ছোট চাষী, প্রান্তিক চাষী সে আজকে নিজের অধিকার বুঝে নিতে পারছেনা। ভাগচাষী আজ উচ্ছেদ হয়ে যাচ্ছে। সে নিজের অধিকার প্রতিষ্ঠা করতে পারছেনা, আইন থাকা সত্ত্বেও। এই রকম

একটা পরিস্থিতিতে মোটামুটি ইকনমিক বেস করে দিলে সে নিজের শক্তি নিয়ে দাড়াতে পারবে, বিলের অধিকার অর্জন করতে পারবে। এই যে কথাটা বলেছেন আমি সবিনয়ে জানাতে চাই যে, এই যে ইকনমিক বেস তৈরী করে দেবার কথা হয়েছে, মোটামুটি তাদের যে বারগেনিং পাওয়ার বাড়াবার জন্য, আজকে অবস্থা দেখুন আমাদের দেশে এর আগে যে সমস্ত কাজকর্ম হয়েছে সেগুলির নাম আমরা অনেক জানি। সেখানে দেখেছি গ্রামাঞ্চলে সেই সমস্ত লোকেরা যারা বেশী জমির মালিক, যারা জোতদার, যারা মহাজন, ব্যবসায়ী, ফড়িয়া এবং চোরাকারবারী মোটামুটি ইনপুট্স এর মধ্যে সমস্ত ব্যাপারে যাকিছু চেনেলাইজড হয়েছে, এরা গ্রামদেশের অর্থনীতিকে নিজেদের মধ্যে বন্দি করে রেখেছে এবং ইনপুট্স নিজেদের দিকে বেশী করে টেনে নিয়ে গেছে। এইতো আজ পর্যন্ত সমস্ত প্রকল্পের ইতিহাস। এইরকম কত ক্ষেত্রে তাদের বারগেনিং পাওয়ার বাড়াবার কথা যেটা আপনারা বলেছেন, বাড়াতে গেলে আমরা যে কথা বলেছি তারমধ্যে ইলেক্টেড বডি রাখুন, তাকে প্রাওরিটি দিয়ে ইনপুট্স, ওয়েটেজ দিন এবং মোটামুটি এর ভিতরে দিয়ে তাদের বারগেনিং পাওয়ার বেড়ে উঠবে। কিন্তু আমরা যে কথাটা এর আগে বলেছিলাম--আপনারা একটা তিন পায়ের দৌড়ের ব্যবস্থা করলেন। হাতীও থাকবে, ব্যাঙও থাকবে। হাতীর পায়ের সংগে ব্যাঙের পা বেঁধে দিয়ে যদি বলেন দৌড়তে তাহলে সেটা হাতীর দৌড় হবে সেটা ব্যাঙের দৌড় হবেনা। (ডাঃ জয়নাল আবেদিনঃ--সোভিয়েট রাশিয়ার কথা কিছু বলুন) কাজেই এই-রকম একটা পরিস্থিতিতে তাদের বারগেনিং পাওয়ার যেটা বাড়াবার কথা ভাবা হচ্ছে, সেই বারগেনিং পাওয়ার বাড়াতে গেলে এটাই যদি গাইডলাইন হয় প্রিজ পুট ইট ডাউন ইন দি বিগ এবং এটাই যদি গাইডলাইন হয় তাহলে এদের আপনাদের সেপারেট কো-অপারেটিভ এর মধ্যে অরগানাইজ করতেই হবে, তাতে কেউ কেউ হয়ত কালেকটিভাইজেসন বলে কপালে চোখ তুলবেন। সেজন্য কালেক্টিভাইজেসন-এর কথা তুললাম। কিন্তু এটা কালেক্টিভাইজেশন-এর কথা নয়। মানুষ স্বেচ্ছায় সমবায়ের মধ্যে সংগঠিত হচ্ছে, সোভিয়েট রাশিয়ায়, এখানেও মানুষ স্বেচ্ছায় সমবেত হবে কো-অপারেটিভ এর মধ্যে; তারজন্য যে বাস্তব পরিস্থিতি সেই বাস্তব পরিস্থিতি সৃষ্টি করে দেবার দায়িত্ব আপনাদের। আপনারা অনুগ্রহ করে সেটা করবেন। তাহলে আপনারা এবং আমরা এক জায়গায় দাড়াতে পারবো।

[4-05—4-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আসতে হয় ক্ষেত মজুরদের কথায়। এই কথা বলতে চাই না যে ক্ষেত মজুরদের অবস্থা আজকে কি এবং কেন আজকে এই অবস্থার উন্নতি হওয়া দরকার। আমি শুধু এইটুকু মনে করিয়ে দিতে চাই যে তাদের জন্য যে-কোন আর্থিক অবস্থার পুনর্গঠন করার ব্যবস্থা করে দিতে হবে। তা নাহলে সমস্ত দেশ পিছিয়ে পড়ে থাকবে। সেই পুনর্গঠন করতে গিয়ে কোনখান থেকে আরম্ভ করবো? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা রাখি, কি চাই আমরা তাদের কাছ থেকে? আমরা চাই যাতে তারা আগামী দিনে নিবিড় চাষ ভালভাবে করতে পারে। উৎপাদন বৃদ্ধির কাজে, তাদের শ্রম যেন আরও বেশী উৎপাদনশীল হয়। এখন কথা হচ্ছে, এই ক্ষেত মজুররা একটা সাধারণ জনসমষ্টি এবং তাদের একটা অংশ করবে, তারা পাঁচ টাকা রোজ নিয়ে যাবে, তাদের সারা বছর কাজ দেবেন, এইভাবে যদি ভাবা হয়, আমি মনে করি এটা একপেশে ভাবনা হচ্ছে। আমি এই কথা বলবো, তাদের মিনিমাম নিড্সের দিকে লক্ষ্য রেখে যেন তাদের মজুরী নির্ধারণ করা হয়। তাদের মিনিমাম নিড্স বেজ্ড না হতে পারে, তারসঙ্গে সামঞ্জস্য রেখে ওয়েজেজ নির্ধারিত হয়। আর সিজন্যাল ইনক্রিজ যা হয়, সেটা সামঞ্জস্য রেখে করা হোক। কিন্তু যে কথাটা প্রজেক্ট পেপারে থাকছে, সেটা আমাদের হতাশ করছে, সারা বছর কাজ দেবেন এবং পাঁচ টাকা পর্য্যন্ত মজুরী দেওয়া হবে। আইনে যেটা বলা হয়েছে সেটা ৪৮ সালের মিনিমাম ওয়েজ অনুসারে, সেইরকম ভেবে বা তার চেয়ে কম ভেবে বলছেন। কাজেই এইরকম একটা পরিস্থিতিতে কি পরিকল্পনার ক্ষেত্রে, কি বাস্তব রূপায়ণের ক্ষেত্রে মোটামুটি সংখ্যক বিচার করা হচ্ছে না। বিলে যা আছে, উন্নয়ন পর্ষদ যে রূপ রেখা তৈরী করেছে, তারসঙ্গে এটায় বাস্তব রূপ দেবার দিক থেকে অনেক পেছনে রয়েছে। আমরা যেটা বলতে চাই সেটা হচ্ছে আপনাদেরকে তাদের

কো-অপারেটিভের মাধ্যমে সংগঠিত করতে হবে। আমাদের দেশে এক ফসলী চাষে যে শ্রম সরবরাহ করা হয়, খুব অসংগঠিতভাবে সরবরাহ করা হয়। বাইরে থেকে লোক ডেকে নিয়ে আসতে হয়। আপনারা একটা বৈজ্ঞানিক প্রথায় চেষ্টা করছেন, এক জমিতে দুই-তিন রকম ফসল উৎপাদন করবার ব্যবস্থা করছেন। এই বৈজ্ঞানিক চেষ্টা কঠোর আইন ও শৃংখলার উপর নির্ভরশীল। শ্রমকে যদি সমবায়ের মধ্যে নিয়ে চেষ্টা করেন— সারা বছর শ্রম সরবরাহের ব্যবস্থা না করেন তাহলে এক ফসলী জমির পক্ষে ভালভাবে কার্য্যকরী হচ্ছে না। এই সমস্ত তলার লোকেরা আপনাদের যে আদর্শ উদ্দেশ্য, সেই অনুযায়ী প্রকল্পে যে উদ্বৃত্ত সৃষ্টি হবে তাতে তাদের নিজেদের ভাগ যাতে ভালভাবে বুঝে নিতে পারে তারজন্য তাদের শ্রম করতে হবে।

উন্নয়নকে যে তলার মানুষের কাছে নিয়ে যাব তা হবে না। তৃতীয় কথা হচ্ছে—এই মানুষগুলির আজকে যে উৎপাদন ক্ষমতা, সেই উৎপাদন ক্ষমতাকে সংগঠিত করে বাড়াতে হবে। তা নাহলে আপনি নিবিড় চাষ, বৈজ্ঞানিক চাষ করতে পারবেন না। এটা কথার কথা নয়, ভালভাবে এই শ্রমিকদের অর্গানাইজ করে শ্রম সরবরাহ যদি ভালভাবে করা যায় তাহলে কাজ করতে পারবেন। যাতে প্রকল্প এলাকায় যে উদ্বৃত্ত সৃষ্টি হবে সেই উদ্বৃত্তর মধ্যে নিজেদের যে পাওনা হবে তা এই এপ্রোচ পেপারে বর্ণিত উদ্দেশ্যকে স্বার্থক করতে পারবে এবং এরজন্য আপনাকে কো-অপারেটিভকে সংগঠিত করতে হবে। এই গাইড লাইন যদি আপনি বিলে না দেন তাহলে কোথায় তাকে আপনি নিয়ে যাচ্ছেন আমি জানিনা। আর একটা আপনি কো-অপারেটিভ করছেন, প্রজেকট অথরিটি করছেন, জিনিষ-গুলো কি হচ্ছে? যে ওভার সেন্ট্রালাইসড ব্যুরোক্রেসি তারসঙ্গে কিছু হয়ত টেকনিক্যাল লোক দিয়ে দিচ্ছেন এখানে ওখানে। কিন্তু ওভার সেন্ট্রালাইসড ব্যুরোক্রেসি থেকেই যাচ্ছে। কাজেই মাইক্রোলেভেল অফ প্ল্যানিং এন্ড ইমপ্লিমেন্ট এই সমস্ত তলার মানুষের কাছে ফ্রুটস অফ ডেভালপমেন্ট এনে দেয় তারজন্য যে সংগঠন করা দরকার সেটা মন্ত্রী মহাশয় আপনার বিলের মধ্যে দেখতে পাচ্ছি না বা তার কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আপনার কথায় সেগুলি শুনেছি, মাননীয় সাত্তার সাহেব বললেন আমরা এইগুলো করব, এই কো-অপারেটিভগুলো পরের ধাপে করব। কিন্তু আমরা বলছি যে, কেন এইরকম রাখছেন? আজকে ওভার সেন্ট্রালাইসড ব্যুরোক্রেসির হাতে সমস্ত ম্যানেজমেন্ট বিলে দিয়ে আপনি বলছেন সেগুলি করবেন, আগামী দিনে এগুলো হবে, সেটা আমরা কি করে বুঝব? সেই জন্য আপনার কাছে অনুরোধ করছি, দাবী জানাচ্ছি যে আজকে বিলের মধ্যে এই ব্যবস্থা করে দিন। তা নাহলে আমরা পূবে যেখানে ছিলাম সেইখানেই থেকে যাব। এই বিলের রূপ রেখায় বলা হচ্ছে যে এটা কৃষিভিত্তিক বিল এবং আমার মনে হয় এখানে কিছু আশ্বাস এবং পরিকল্পনা তুলে ধরা হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে সমস্ত লিটারেচারগুলি আমরা পেয়েছি তাতে দেখেছি অত্যন্ত অল্প সময়ের মধ্যে উৎপাদন ৫ গুণ বৃদ্ধি করা হচ্ছে এবং উৎপাদকের আয় ৩ গুণ বৃদ্ধি করা হচ্ছে, এই কথা বলা হয়েছে। আমার কাছে হিসাব আছে ঐ এককের কথা, আমি অন্যান্য কথা বলতে চাইনা, আমি শুধু একটা কথা বলতে চাই, আজ পর্য্যন্ত পৃথিবীতে কোথাও হয়েছে যে একটা পরিকল্পনায় অত্যন্ত তাড়াতাড়ি অনেক বেশী পয়সা খরচ করে, অনেক ইনপুটস সৃষ্টি করে অল্প সময়ের মধ্যে করা হয়েছে? (শ্রী আবদুস সাত্তার :— জাপানে হয়েছে।) তাহলে জাপানের ২০।৩০ দশকের কথা বলতে হয়। সেখানে কি করা হয়েছিল, কাজেই অনেক পোর খেয়ে তারা সেখানে গিয়েছে। আমরা এইসব কথা নোট অফ ডিসেন্টে বলেছি, সামগ্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে হয়ত সেখানে যেতে পারবেন। কিন্তু আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে অনেক বড় বড় কথা বলা হচ্ছে, ১ বছরে প্রোডাকশন ৫ গুণ বাড়বে আর ওয়ার্কিং পিপুলদের তিন গুন আয় বাড়বে, এটা পৃথিবীর কোথায় হয়েছে? ভবিষ্যতের সামগ্রিক প্রচেষ্টার মধ্যে দিয়ে হয়ত এটা হতে পারে। কাজেই এই রকম একটা ক্ষেত্রে মোটামুটি আমরা যেটা বলতে চাই সেটা হচ্ছে এই প্রোডাকশন আপনি হিসাব করেছেন, সেখানে বলা হচ্ছে এক একর জমিতে ২৫০০ টাকার অতিরিক্ত উৎপাদন হবে, ১৫০০ টাকা ইনপুটস হিসাবে এবং ১০০০ টাকা মুনাফা দেখানো হচ্ছে।

[4-15—4-25 p.m.]

এসব হিসেব করে দেখিয়ে দেওয়া হয়েছে। আমরা বলি এগুলি ঠিক হয়নি। কারণ পৃথিবীর কোথাও এই জিনিষ এত তাড়াতাড়ি হয়নি। এখানে ওভার এস্টিমেট হয়েছে এবং কণ্ট স্কেল ডাউন করা হয়েছে। কাজেই এ জিনিষ সঙ্গত নয়। আর একটা কথা বলতে চাই যেটা কাল আনসারী সাহেব বলেছেন যে চাষী ২ বার ফসল ফলাবার পরও যে শুধু কুলো ঝাটা নিয়ে বাড়ী যায়। আপনি যে প্রভিসন করেছেন যে তাতে ঋণ পরিশোধ করার পর চাষীর যা উদ্বৃত্ত থাকবে সে তার ঘরে নিয়ে যাবে। খরচ করে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করার পর তার আর কি উদ্বৃত্ত থাকবে? কাজেই এরকম ক্ষেত্রে আমরা এ্যামেন্ডমেন্ট দিয়েছি। নিশ্চয় ঋণ পরিশোধযোগ্য উদ্বৃত্ত বলে তাদের সে ব্যবস্থা করবে। কিন্তু এইভাবে প্রকল্প হলে তার ফল ভাল হতে পারেনা। সেজন্য আমরা এ্যামেন্ডমেন্ট দিয়েছি যেটুকুন ঋণ পরিশোধযোগ্য উদ্বৃত্ত সৃষ্টি হবে তা থেকে ঋণ পরিশোধ করার ব্যবস্থা করুন, না হলে গরীব লোক মারা যাবে এবং আইনের মধ্যে পড়ে পথ হারিয়ে ফেলবে, কিছুই হবে না। এই সমস্ত কথা বলে মন্ত্রী মহাশয়ের প্রয়োজনীয় সংশোধন করতে অনুরোধ করে আমি শেষ করছি।

Srimati Geeta Mukherjee :

স্যার, আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ ৫০ হাজার হোসিয়ারী শ্রমিক আই.এন.টি.ইউ.সি.; এ.আই.টি.ইউ.সি. এবং এন.এফ.টি.র মিলিত জয়েন্ট কাউন্সিল অফ এ্যাকশান-এর তরফ থেকে মিছিল করে বিধানসভায় এসেছে এবং তাদের একটা প্রতিনিধিদল এখানে এসেছে। তাদের কথা হচ্ছে ৫-৯-৭৩ তারিখে শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে তাদের সম্বন্ধে একটা ট্রিপারটাইট এ্যাগ্রিমেন্ট হয় এবং সেখানে যে কতকগুলি সর্ত ছিল তারমধ্যে ছিল ইনটারিম ইনক্রিজ অফ পে, বোনাস এবং ডিকট্রিমাইজেসন হবে না এবং বলা ছিল যে একটা কমিটি নিয়োগ করে সমস্ত বিষয়ে তদন্ত করা হবে। কিন্তু মালিক ট্রিপারটাইট এগ্রিমেন্ট মানছে না বলে শ্রমমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করছি।

Shri Sukumar Bandyopadhyay :

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আপনি এই সভার অধিকাংশ সদস্যের নয়, সমস্ত সদস্যদের আস্থাভাজন। আপনি সব সময় আমাদের অধিকার রক্ষা করে থাকেন। আপনি আজ ওখানে সকলের সমর্থনে আছেন, কারুর দয়ায় নেই। তাই আজ আপনার কাছে বিচার প্রার্থনা করে একটি বক্তব্য রাখছি। একটু আগে এ্যাসেম্বলি-র ক্যানটিনে খাবার জন্য গিয়েছিলাম। সেখানে বিধানসভার সভ্যদের জন্য সুরক্ষিত জায়গা আছে। তার ভেতরে গিয়ে দেখি কিছু অসভ্য সেখানে বসে আছেন। যখন বললাম আমরা বলতে চাই, আমাদের বসার জায়গা করে দিন। তখন তাতে অনেকে রাজী হলেন না, এবং কটুক্তি করলেন। বিধানসভার সভ্য আবদুর রাউফ আনসারী সাহেবও ছিলেন।

কয়েকজন সাংবাদিকও ছিলেন, সাংবাদিকরা দাঁড়িয়ে দাঁড়িয়ে বলছিলেন বিধানসভায় ইতিপূর্বে এমন ঘটনা দেখা যায়নি। বিধানসভার বিরতির সময় মাননীয় সদস্য এবং সাংবাদিকরা চা ইত্যাদি খাওয়ার জন্য এখানে আসেন এবং কোন সময়ে এইভাবে অপদস্থ হতে হয় না। আমি একজন তরুণকে বললাম আপনার চা খাওয়া হয়ে গেছে, বললে হয়ে গেছে। তখন বললাম তাহলে দয়া করে জায়গা ছেড়ে দিন, বললে জায়গা কেন ছেড়ে দেব? আমি বললাম বোর্ডে লেখা আছে দেখুন এই জায়গা বিধানসভার সদস্যদের জন্য সংরক্ষিত তারপর আমি বললাম আপনি কোন এম.এল.এ'র সঙ্গে এসেছেন। বললে অর্দ্ধেন্দু শেখর নস্করের সঙ্গে এসেছি। নামটা লিখে নিন, দিলিপ গাংগুলি নাকি নামটা বললেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখে এবং ক্ষোভে আমি নামটা লিখে নিইনি। ৩।৪ বার বলেছে যে নামটা লিখে নিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা কেবল পশ্চিমবঙ্গে নেই, সারা

ভারতবর্ষে আছে। দিল্লীতে সংসদ রয়েছে, সেখানে একটা নিয়ম রয়েছে, সেখানে এইরকম হাট-বাজার বসে না। স্যার, আপনি হয়ত বলবেন ইফ অনারেবল মেম্বার্স কো-অপারেট উইথ মি আপনাকে যে আমরা সমর্থন করি সে প্রশ্ন সমস্ত সন্দেহের উপরে, আপনি যদি আজকে জোর করে একটা নিয়ম করে দেন যে বিধানসভার বাইরে বিধান সভার চত্বরে এইভাবে আচরণ বিধি হবে, এইভাবে আচরণ করা চলবে আমার মনে হয় এই বিধানসভায় এমন মাননীয় সদস্য নেই যিনি আপত্তি জানাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই মনে করছি যে উশৃংখলতা বিধানসভার চত্বরে হচ্ছে এটা যদি বন্ধ করা না যায় তাহলে বিধানসভার মর্যাদা থাকবে না। সুতরাং আপনার কাছ থেকে আমরা এই সম্বন্ধে রুলিং চাচ্ছি।

Shri. Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মাননীয় সদস্য সম্পর্কে রিপোর্ট করেছেন সেই মেম্বার হাউসে আসেন নি।

Mr. Speaker :

মাননীয় সদস্য যেদিকে আমার দৃষ্টি আকর্ষণ করলেন আমি এই জিনিষটা সম্পর্কে নিশ্চয়ই অবিলম্বে খোজ খবর নেব এবং এই অবস্থার পুনরাবৃত্তি যাতে না ঘটে তারজন্য ইফ নেসাসারি এক্সট্রিম স্টেপ নিয়ে এখানকার সদস্যদের অধিকার সম্মান যাতে সম্পূর্ণভাবে প্রোটেকটেড থাকে তার ব্যবস্থা নিশ্চয়ই আমি গ্রহণ করব এই এ্যাসিওরেন্স আমি হাউসকে দিচ্ছি।

Shri Shib Sankar Bandyopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ওয়েস্ট বেঙ্গল কমপ্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট বিল এনেছেন সেই বিলের সমর্থনে বলতে উঠে আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাব। এই বিল এনে দীর্ঘকাল বাদে শহর এলাকায় বা ইনডাস্ট্রিতে অর্থ বিনিয়োগ করা যখন হচ্ছিল সেই সময় প্রথম গ্রামীন এবং কৃষি অর্থনীতির উপর জোর দিয়ে অধিকতর অর্থ নিয়োগ করার প্রচেষ্টা করছেন এই সরকার, এজন্য সত্যই গ্রামবাংলার প্রতিনিধি হিসাবে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই বিল নিয়ে নানা তর্ক-বিতর্ক সুরু হয়েছে, একদিকে বলা হয়েছে যে এই বিলের মাধ্যমে এমন একটা টোটালিটেরিয়ান অবস্থার সৃষ্টি করা হচ্ছে যাতে করে সাধারণ চাষীদের স্বাধীনতা হরণ হয়ে যাবে, সাধারণ চাষী তাদের নিজেদের ইচ্ছামত চাষ করতে পারবে না, অন্যদিকে সি,পি,আই এর পক্ষ থেকে বলা হয়েছে, এই বিলে এমন ব্যবস্থা করা হচ্ছে যে দরিদ্র মানুষ ঐ মার্জিনাল ফার্মাস, বর্গাদার ইত্যাদি তারা আরো অধিকতর শোষিত হবে।

(4-25—4-35 p.m.)

এটা দেখলে মনে হচ্ছে যে বিলটি ঠিক মোটামুটি পথে চলেছে। এটা অতি বাম বা অতি দক্ষিণ পথে চলেনি। এটা দেখে ধরে নিতে পারি যে বিলটি একটি স্থির লক্ষ্যের দিকে চলেছে। প্রথম কথা এই বিলের মধ্যে যেকথা বলা হয়েছে সেটা হচ্ছে আমাদের মাইনর ইরিগেসান কর্পোরেশান করার কথা। আমাদের এখানে আদার ডেভেলপমেন্ট কর্পোরেশান আমরা করেছি যেমন ফার্টিলাইজার কর্পোরেশন ইত্যাদি এবং এর মধ্যে দিয়ে আমরা কৃষি উৎপাদন বাড়াবার চেষ্টা করেছি কিন্তু দীর্ঘ ২৭ বছর পরে খাদ্যের ব্যাপারে আমাদের যে পরনির্ভরতা তা কিছুতেই যাচ্ছে না। এই পরনির্ভরতা দুর করতে গেলে, আমাদের অর্থনীতিতে একটা এমন গতি দিতে হবে, একটা স্পিড যোগাড় করে দিতে হবে, এরোপ্লেন যে রকম চলতে চলতে একটা ম্যাক্সিমাম স্পিড পাবার পরে যখন মাটি থেকে উপরে ওঠে ঠিক তেমনিভাবে আমাদের কৃষি, অর্থনীতিতে এমন একটা স্পিড দেওয়া দরকার যা দিয়ে আমরা কৃষির ব্যাপারে, খাদ্যের ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ হতে পারি।

তারই দিকে লক্ষ্য রেখে এই বিল আনা হয়েছে। তারই দিকে পুরোপুরিভাবে লক্ষ্য রেখে এই বিল আনা হয়েছে। এই বিলে একটা কথা বলা হয়েছে যে, এটা প্যাটার্ন অফ ক্রপ। এটা যদি ঐ প্রোজেক্ট অফিসার করেন অর্থাৎ ধান লাগাবে না, পাট লাগাবে, গম লাগাবে না, সরিষা লাগাবে, এটা যদি প্রোজেক্ট অফিসার ঠিক করেন তাহলে চাষীদের স্বাধীনতা নষ্ট হয়ে যাচ্ছে। পাড়াগাঁয়ে আমি দেখেছি যে এবারে বোরোধান হবে না, গম হবে, এই ব্যাপারে জল নিয়ে এমন মারামারি হয়ে গেল যে জোর করে কথা না শুনে অতিরিক্ত জমিতে বোরোধান লাগায়, যার টিউবওয়েল থেকে বোরোধানে এত জল দেবার ক্ষমতা নেই, তারা দিতে পারলেন না। বোরোধান নষ্ট হয়ে গেল। আমি মনে করি ইরিগেটেড ওয়াটার-এর জন্য ম্যাক্সিমাম ইউটিলাইজেসান হচ্ছে। এইরকম একটা প্যাটার্ন নির্ধারণ করার প্রয়োজন আছে। আমরা অনেক সময় যে কথা বলি সেটা এখানে উল্লেখ করতে চাই যে চাষীদের স্বাধীনতা হরণ হয়ে যাচ্ছে, চাষীদের স্বাধীনতা হরণ হয়ে যাচ্ছে— স্যার, আজকে আমরা কিসের জন্য, কিসের নামে এই অশ্রু ফেলছি বুঝতে পারছি না। আমাদের চাষীদের প্রকৃত অবস্থা যদি দেখি তাহলে দেখবো যে জন্ম জন্মান্তর থেকে তারা শুধু ঋণের বোঝা বহন করে যাচ্ছে। যুগযুগ ধরে সঞ্চিত ঋণের বোঝা মাথায় নিয়ে চাষী তার পুত্রকে উত্তরাধিকার হিসাবে শুধু ঋণ দিয়ে যাচ্ছে। এই অবস্থা থেকে পরিত্রাণ করবার জন্য, এই অসহনীয় অবস্থা থেকে চাষীকে মুক্ত করার জন্যই এই প্রচেষ্টা। যারা ভিন্ন চোখে দেখে আমরা খুঁজে পাইনা তাদের মূল উদ্দেশ্য কি, তারা নিজেদের রেডিক্যাল বলে, সোস্যালিষ্ট বলে, আমরা বুঝতে পারিনা। ছোট ছোট চাষীরা তারা এই সুযোগ পায়না। আমরা একথা বলি যে আজকে ভাগচাষীকে অধিকার দেওয়া হচ্ছে। কয়টা ভাগচাষীকে আমরা রেকর্ড করাতে পেরেছি? অন্ততঃপক্ষে এই এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট-এর মধ্যে যে চাষীরা পড়বে তাদের ৭৫ ভাগ অধিকার অন্ততঃপক্ষে সাব্যস্ত হয়ে গেল। ফসলের ৭৫ ভাগ পাবে এই অধিকার পেল। অন্ততঃ এইভাবে আমাদের দেখার প্রয়োজন আছে। শেষকালে যে কথা আমার বিশেষ করে মনে হচ্ছে সেটা হচ্ছে এই যে আমাদের দেশের কৃষি, অর্থনীতিকে যদি দ্রুত এগিয়ে নিয়ে যেতে না পারি আমার মনে হয় এই-রকম একটা পদ্ধতির মধ্য দিয়ে অল্প জায়গা যেমন বনে অধিকতর ফসল ফলানো যায়, সম্পূর্ণ চেষ্টাকে একটা জায়গায় কেমন করে কেন্দ্রীভূত করা যায় সেই কেন্দ্রীভূত ব্যবস্থার মধ্য দিয়ে কেমন করে কৃষিভিত্তিক উৎপাদন বৃদ্ধি করা যায় তার উপর লক্ষ্য রেখে এই বিল করা হয়েছে। তাই এই বিলকে বৈপ্লবিক বিল বলে অভিনন্দন জানাই। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sukumar Bandyopadhyay:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কৃষিমন্ত্রী মহাশয় সীমিত অঞ্চলের উন্নয়নের জন্য যে প্রকল্প বিল এনেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করি। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা আপনার সামনে রাখতে চাই। এই বিল প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে সি,পি,আই এবং আর,এস,পি-এর মাননীয় বন্ধুরা তুমুল বাকবিতন্ডা করেছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কাছে সংবাদ আছে গ্রামে বড় বড় জোতদাররাও এই বিলের সমালোচনা করছে, আবার এই বিধানসভার অভ্যন্তরে দেখছি সি,পি,আই এবং আর,এস,পি-এর বন্ধুরা সমালোচনা করছেন। আমি তাদেরকে দালাল বলতে চাই না বলা উচিতও নয়। কিন্তু বিধানসভার মধ্যে সি,পি,আই এবং আর,এস,পি-এর কন্ঠস্বর কি করে জোতদারদের সঙ্গে এক হয়ে যাচ্ছে?

(জনৈক কংগ্রেস সদস্য: এটা চিরকালের ব্যাপার)

আজকে এই যে প্রকল্প নীতি গ্রহণ করা হচ্ছে বা গ্রহণ করার চেষ্টা করছি এটা হল গ্রামের চাষীদের মহাজনদের হাত থেকে খানিকটা রেহাই দেওয়া ভিলেজ লেন্ডারদের এর হাত থেকে রেহাই দেওয়া। এটা হলে তারা সুদখোরদের হাত থেকে খানিকটা রেহাই পাবে। যুগ সঞ্চিত ঋণের হাতে রেহাই পাবে। আজ গ্রামবাংলার কৃষিক্ষেত্রে দিন মজুররা যে

মজুরী পান তা অতি নগণ্য, তা আপনি অধ্যক্ষ মহাশয় জানেন। আশা করা যায় সি,এ,ডি,পি' গ্রহণ করার পর যখন বাস্তবে এটা রূপ নেবে তখন নিশ্চয়ই দিন-মজুররা বাঁচবার মত মজুরী পাবে। সি, পি, আই এবং আর, এস, পি বন্ধুর নির্বাচন নিয়ে খুব হৈ-চৈ করেছেন। আমি বলি এই সি,এ,ডি,পি-তে যেন নির্বাচনের খেলা না খেলা হয়। কেননা আমরা দেখেছি কোন নূতন জিনিষ গ্রহণ করতে যেয়ে রাজনীতি তাতে প্রবেশ করলে কি অবস্থা হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ক্ষেত্রে বছরে ২৫ বার দিন পিছিয়ে দেবার মত যদি দিন পিছিয়ে দেওয়া যায় তাহলে সি,এ,ডি,পি-এর কাজ ব্যাহত হবে। সেজন্য আমি মনে করি, এই প্রকল্প গ্রহণ করার সঙ্গে সঙ্গে নির্বাচনকে গ্রহণ না করে কিছুদিন পর নির্বাচন ব্যবস্থা করা যেতে পারে। পার্টিসিপেশন অব পিপল্ নিশ্চয়ই দরকার, এই প্রকল্পকে সার্থক রূপায়ণ করতে গেলে জনগণের, রাজনীতিদলগুলির সহযোগিতা প্রয়োজন আছে।

আমি এবার আমলা প্রসঙ্গে আমার বক্তব্য রাখব। আমলারা যে সবাই খারাপ তা আমি মনে করি না। আমলাদের মধ্যেও এমন অনেক লোক আছেন যাদের দেশপ্রেম আছে, দেশের প্রতি ভালবাসা আছে। রাজনীতিকদের মধ্যেও যে সকলেই দেশকে ভালবাসেন এমন নয়, নিজের দেশকে যেমন ভালবাসেন এমন অনেক আছেন আবার কেউ কেউ চীনের দিকে তাকিয়ে আছেন, বা অন্য কোন দেশের দিকে তাকিয়ে আছেন এমনও অনেকে আছেন। কোন কোন আমলা খারাপ থাকতে পারেন, যোগ্য লোক দেখে দায়িত্ব দিতে হবে। এমন মানুষকে দিতে হবে যিনি গ্রামের মানুষকে ভালবাসেন, গ্রামের মানুষের কল্যাণ চান, তাদের কল্যাণের কথা চিন্তা করেন। সেইরকম ব্যক্তিকে প্রকল্পের দায়িত্ব দিতে হবে এবং তা যদি করা হয় তাহলে সবচেয়ে ভাল হবে। এই প্রকল্প বলবৎ করার বিষয়ে আমার কৃষিমন্ত্রীর কাছে আবেদন তিনি যেন এমন লোক নিয়োজিত করেন, যিনি চাকুরি করার জন্যই চাকুরি করেন না। আই, এ, এস অফিসারদের সম্বন্ধে অনেক সময় অনেক কথা বলা হয়ে থাকে। তারাও আমাদের দেশের মানুষ, তাদের আমাদের দেশের সার্বিক কল্যাণের জন্যই নিয়োগ করা হয়েছে এবং তাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে। আমরা চাই এমন অফিসার যাতে সি,এ,ডি,পি প্রকল্পে সুষ্ঠু পরিচালন ব্যবস্থা গ্রহণ করা হয় আমার আর, এস, পি এবং সি, পি, আই বন্ধুদের অনেকে বিপ্লবী পান্নালাল দাশগুপ্তের সম্বন্ধে কটাক্ষ করেছেন, কৃষিমন্ত্রীর সম্বন্ধেও অনেক কটাক্ষ করেছেন। আজকে দেখা যাচ্ছে যাঁরা তাদের সঙ্গে থাকেন তারাই মহাবিপ্লবী, মহাপ্রগতিবাদী, বিপ্লবের ধূমকেতু। কিন্তু তাঁদের সঙ্গে না থাকলেই তাঁরা সবচেয়ে প্রতিক্রিয়াশীল একথা বলে থাকেন। যেমন মানবেন্দ্র রায়কে পরবর্তীকালে প্রতিক্রিয়াশীলদের তল্পীবাহক বলে বলা হয়েছে।

(শ্রী অজিত বসুঃ আই কোশ্চেন)

ঠিক তেমনি দেখছি শ্রী পান্নালাল দাশগুপ্ত মহাশয় আজকে যে নূতন চিন্তা করছেন সেই চিন্তাধারার সঙ্গে আমাদের কৃষিমন্ত্রী মহাশয় যে স্বপ্ন দেখছেন, সেই স্বপ্ন দেখাও তাঁদের কাছে পাপ বলে বোধ হচ্ছে এবং তার বিরোধিতা করার জন্য তৈরী হয়েছেন। আমি পরিশেষে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, তাঁর কয়েকটি বিষয় জানা দরকার। আজকে সি,এ,ডি,পি বলবৎ করতে গেলে আমাদের দেখতে হবে একটা ইন্‌ফ্রাস্ট্রাক্‌চারের বিষয়ে, ইন্‌ফ্রাস্ট্রাক্‌চার তৈরী করা হলে বিভিন্ন জিনিষ পাওয়া যাবে কিনা, এই সমস্ত বিষয়গুলি চিন্তা করা দরকার। আজকে বিদ্যুতের সঙ্কট রয়েছে। সি,এ,ডি,পি বলবৎ করা হলে ৫ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হবে, জেলাগুলিতে দুই আড়াই মেগাওয়াট বিদ্যুৎ যেখানে পাচ্ছিনা, সেখানে সি,এ,ডি,পি হলে বিদ্যুৎ কোথা থেকে আসবে, তা কিন্তু কৃষিমন্ত্রীর বিবেচনা করা দরকার কেননা সি,এ,ডি,পি করতে গিয়ে বিদ্যুৎ আমরা পাবনা।

আর একটা কথা এই সার্বিক আঞ্চলিক উন্নয়ন প্রকল্প বিলে বলা হয়েছে ২৯ লক্ষ মেট্রিক টন শস্য হবে। কীভাবে এই হিসাবটা বিলে করা হয়েছে তা আমাদের জানা

দরকার। কাগজপত্রে হিসেব করে কি সরকার মনে করেন ১০টা প্রকল্পে ২৯ লক্ষ মেট্রিক টন শস্য হবে? কৃষিমন্ত্রীকে আমি বলবো এটা ঠিক হবেনা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তাই এই সি.এ.ডি.পি বলবৎ করবার জন্য কৃষি মন্ত্রীকে অনুরোধ করবো। আগে সার্কেলে সার্কেলে অফিস ছিল, সেই সার্কেল অফিসের পরিবর্তে এখন ব্লক হয়েছে, ব্লক অফিস হয়েছে। আসলে পরিবর্তন কিছু হয় নাই। কিন্তু এই সি.এ.ডি.পি আইনটা গ্রামের অর্থনীতির ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনবে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো এই সি.এ.ডি.পি আইনটা যেভাবে করছেন তার প্রতিটা লাইনকে যেন তিনি বাস্তব রূপদান করবার ব্যবস্থা করেন। এই কথা কয়টা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-35—4-45 p.m.]

Shri Mrigendra Mukherjee :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ২৭ বছর ধরে পশ্চিমবাংলার কৃষকের স্বার্থ রক্ষা ও কৃষি উৎপাদনের স্বার্থ রক্ষার কাজ রাইটার্স বিল্ডিংস্ থেকে পরিচালনা করা হতো। কৃষকের স্বার্থ রক্ষা করতে গেলে আগে আমরা রাইটার্স বিল্ডিংস্ থেকে আইন করতাম। সরকারের উচ্চতর দপ্তর থেকে আইন যেত— একটা দপ্তর থেকে আইন তৈরী করা হলো, গ্রামে গিয়ে সেই আইন কৃষকের কাছে ফাল্তু হয়ে গেল। আমরা আইন তৈরী করে বললাম ভাগচাষী তিনের চার ভাগ পাবে। আর জমির মালিক একের চার ভাগ পাবে। কিন্তু মাঠে গিয়ে দেখা গেল ভাগচাষীর নামের তালিকা উড়ে গেছে। ফার্টিলাইজার কর্পোরেশন দেবেন সার, জলের কর্পোরেশন দেবেন জল, বীজের কর্পোরেশন দেবেন বীজ, আর যন্ত্রপাতির কর্পোরেসন দেবেন যন্ত্রপাতি। সমস্তই দিচ্ছেন বিভিন্ন দপ্তর; কিন্তু মাঠে যেখানে চাষ হচ্ছে সেখানে গিয়ে দেখছি সব পৃথক---কারো সঙ্গে কোন যোগাযোগ নাই। এই কারণেই আমরা এই বিলটাকে সমর্থন করি। সারা পশ্চিমবাংলায় এই প্রথম একটা সর্বাত্মক প্রচেষ্টা, বিভিন্ন উন্নয়নমুখী দপ্তরকে একটা জায়গায় কোঅরডিনেসান করানো হয়েছে এই সি.এ.ডি.পি বিলের মাধ্যমে। এই বিল পশ্চিমবাংলার কৃষি উৎপাদনের বিভিন্ন দপ্তরের কার্য্যকলাপ কোঅরডিনেট করার জন্য যে গুরুতর প্রশ্নের উত্তর দিয়েছে, পশ্চিম-বাংলার কৃষক ও কৃষির স্বার্থে এত বড় একটা বৈপ্লবিক বিল আজ ২৭ বছরেও যাঁদের মাথায় আসেনি তাঁরা এর বিরোধিতা করতে পারেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি বিপ্লবের পরীক্ষা নিরীক্ষা সারা ভারতবর্ষ করেছেন এবং তা করতে গিয়ে নাকের জল চোখের জল সব এক হয়ে গেছে। কিন্তু এই আইনের মাধ্যমে উন্নয়নকে বিকশিত করার দৃষ্টিভঙ্গী এনে দেওয়া, তার যথার্থ নাম হলো বিপ্লব। এই বিলের মধ্য দিয়ে অনেকে আতঙ্ক প্রকাশ করেছেন---এই বলে যে একটা পুঁজিবাদী নীতি এর ফলে কৃষি ক্ষেত্রে প্রবেশ করবে এবং কৃষক চিরকাল ধরে পুঁজিবাদীদের হাতে মার খাবে। এই বিলকে সেদিক থেকে বলা যায় পুঁজিবাদী অর্থনীতির সঙ্গে তার কোন সম্পর্ক নাই— একটা আস্মান জমীন ফারাক। এই বিলকে কোন ক্ষেত্রে সেই রকম কোন ব্যবস্থা করা হয় নাই যে জমি কোন একটা জায়গায় কনসোলিডেসান হতে পারবে, একটা লোকের হাতে গিয়ে জমি পড়বে। আমেরিকা কিংবা ব্রিটেন কিংবা ফ্রান্স্ সেখানে হাজার, ১০ হাজারী খামার তারের জাল দিয়ে ঘিরে টাকা শোষণের খামার---এটা এই বিলে হতে পারে না। এই বিলের আইনের বিধানে কনসোলিডেসান-এর বিরুদ্ধে রক্ষা কবচের ব্যবস্থা রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে জমির যে সিলিং আছে, এই বিলের দ্বারা কোন জায়গায় তা ক্ষতিগ্রস্ত হয়নি। সব চেয়ে বড় জিনিষ এখানে মালিক এক চতুর্থাংশ ও ভাগচাষী তিন চতুর্থাংশ এই প্রোপোরসান আমরা আইনে করেছি। সেই আইন দেখবারও কোন লোক ছিল না, আইন পালন করবার কোন লোক ছিল না, এই সি.এ.ডি.পি কর্পোরেসন

যদি গঠিত হয়, এই গঠিত কর্পোরেসন তাদের গ্যারান্টী দিতে পারবে, ভাগচাষীদের স্বার্থ রক্ষিত হতে পারবে। ক্ষেতমজুরদের জন্য আমরা মুখে অনেক কিছু বলি। এই কর্পোরেশনের কাজ ঠিকমত চলতে থাকলে আস্তে আস্তে আর ক্ষেতমজুর বলে আর কোন বস্তু থাকবে না। সকলেই উৎপাদনের অংশীদার হবেন। তাই এই বিল ক্যাপিটালিজমএর বিরুদ্ধে অত্যন্ত কঠিন একটা দৃঢ় বজ্রমুষ্টি স্বরূপ। কিন্তু অনেকে আতঙ্ক প্রকাশ করে বলেছেন সমাজতন্ত্র আগে করুন। রাতারাতি সেটা আনতে চেষ্টা করলে মাঠের উৎপাদন মার খেয়ে যাবে। তাদের এই চিন্তাধারা ভুল। কারণ এই ইনসেনটিভ তুলে ধরার কোন ব্যবস্থা এই নতুন আইনের ব্যবস্থা নয়। তারপর হচ্ছে প্রত্যেকের ব্যক্তিগত সম্পত্তি থেকে যাচ্ছে, তার উৎপাদন বাড়াবার ব্যবস্থা থাকছে, তার নিজের উৎপাদন বাড়িয়ে দেশের উন্নয়ন ঘটাতে পারবে।

সুতরাং কৃষককে মহাজনের সুদের হাত থেকে রক্ষা করতে গেলে কৃষককে আমলাতন্ত্রের হাত থেকে রক্ষা করতে গেলে রাইটার্স বিল্ডিং বা বিধান সভার খবর নানান জায়গায় পৌছে দিতে হলে, কো-অর্ডিনেটেড একটু একটা কৃষি ক্ষেত্রের উন্নতি করতে গেলে এই বিল পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কৃষককের সামনে মুক্তির শপথ এনে দেবে। কাজে কাজেই এই বিল সমর্থন করে পশ্চিমবাংলার কৃষকদের স্বার্থ রক্ষা করতে উদ্যোগী হয়েছি। এই বিলের মাধ্যমে আমরা সেই প্রসঙ্গগুলো আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরছি। এই বিলের মাধ্যমে কৃষকের আর্থিক উন্নয়নের পথ প্রশস্ত হবে। কৃষক মহাজনের সাথে আর গাঁট ছড়া বাঁধবে না। লেভির ট্যাক্স যদি হয়ে যায় তাহলে লেভির ট্যাক্স-এর জন্য আমরা জমির মালিকের কাছে যাব না। আমার থেকে উৎপাদন ধরে আনতে পারি। এই কৃষি ভিত্তিক গ্রাম অর্থনীতির কথা যা আমাদের মহাত্মা গান্ধী বলে গেছেন সেই গ্রামীন অর্থনীতি ডি-সেণ্ট্রালাইজেসান ইকর্নমি যেটা নাকি কংগ্রেসের আদর্শ তা প্রতিষ্ঠা করতে হবে বলে আমরা বলেছিলাম এই বিলের মাধ্যমে স্বয়ংক্রিয় স্বয়ংসম্পূর্ন গ্রামীন অর্থনীতি জন্মাবে। তাই এই বিলকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি; এবং কৃষি মন্ত্রী মহাশয়কে এই বিল আনার জন্য অভিনন্দন জানাচ্ছি।

Shri Hemanta Kumar Dutta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, যে সি, এ, ডি, পি, বিল এনেছেন তার জন্য তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। সি, এ, ডি, পি, বিল যা উত্থাপন করা হয়েছে এই বিলের মাধ্যমে গ্রাম বাংলার একটা পূর্ণ উন্নতির চেষ্টা করা হয়েছে। বাংলাদেশের শতকরা ৮০ জন লোক কৃষিজীবী। আমরা জানি বিভিন্ন কারণে পল্লী বাংলার লোক বিভিন্ন ভাবে বঞ্চিত হয়ে এসেছে। আজকে পল্লী বাংলার লোক ততটা বুদ্ধিমান নয় বলে তাদের বিভিন্নভাবে বঞ্চিত করছে শহরের লোক। আমরা জানি যে শরীরের সমস্ত রক্ত যদি মুখে এসে সঞ্চিত হয় সেটা যেমন স্বাস্থ্যের লক্ষণ নয় তেমন আমাদের অর্থনৈতিক জগতে বা সামাজিক জগতে আমরা দেখতে পাই যে সেখানে যদি পল্লী বাংলাকে শোষণ করে এনে শহর বাংলাকে পুষ্ট করা হয় সেটাও তেমন সামাজিক স্বাস্থ্যের লক্ষণ নয় বা দেশের অর্থনৈতিক উন্নতির পক্ষে যথেষ্ট নয়। আজকে বাংলাদেশের অর্থাৎ যে পল্লী বাংলার যে পূর্ণাঙ্গ কৃষি প্রকল্প গ্রহণ করা হয়েছে বা সার্বিক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে এর ফলে পল্লী বাংলার যথেষ্ট উন্নতি হবে এটা আমরা আশা করি। কারণ আমরা জানি পল্লী বাংলার কৃষকরা তারা মহাজনের হাতে ক্রীড়নক হয়ে থাকে। তারপরে তারা যে সমস্ত ফসল উৎপাদন করে তার মার্কেটিংএর চেষ্টা বা সুযোগ সুবিধা তারা পায় না। দেখা যায় অনেক ক্ষেত্রে তারা অনেক সময় ডিসট্রেস সেল করতে বাধ্য হয়। যার ফলে তারা শস্য উৎপাদন করার সঙ্গে সঙ্গেই সে ফসল মাঠ থেকে যারা দাদন দিয়ে ছিল তাদের ঘরে উঠে যায় এটা আমরা দেখেছি। সে ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি এদের উন্নতির চেষ্টা করা হচ্ছে, সত্যকারের এই বিল পল্লী বাংলার পক্ষে আশীর্বাদ স্বরূপ। তবে আমার মনে হয় যে এক একটা যে প্রকল্প গ্রহণ করা হয়েছে দশ হাজার একরকে নিয়ে, এই দশ হাজার একরকে কেন্দ্র করে যে পরিকল্পনা গড়ে তোলা হচ্ছে তার ফলে

রিজিওনাল ইমবেলেন্স হতে পারে বলে আমি মনে করি। অনেক ক্ষেত্রে দেখা যায় যে সার আছে বীজ আছে, এই বীজ যদি কোন জায়গায় এনে উন্নতির চেষ্টা করা হয় সেটা যদি সঠিকভাবে অন্যান্য জায়গায় দেওয়া হয় তাহলে সব উন্নতি হতে পারে। তাই আমি বলছি সার এবং অন্যান্য জিনিষ যারা যা পাচ্ছিলো তাদের যেন তা থেকে বঞ্চিত করা না হয়। আজকে দেখা যাচ্ছে যে কৃষি বাংলার কৃষকেরা কৃষিকর্মের উন্নতি করবার জন্য তারা যথেষ্টই আগ্রহী। কিন্তু কতকগুলি এইরূপ প্রতিবন্ধকতা আছে যার ফলে তারা সেদিক থেকে অগ্রসর হতে পাচ্ছে না। আমরা এ বিষয়ে জানি এবং সেই অভিজ্ঞতা থেকেই আমরা এটা বুঝতে পাচ্ছি। অনেক জায়গায় জল পাচ্ছে তো তারা সার পাচ্ছে না, আবার সার পাচ্ছে তো বীজ পাচ্ছে না, আবার হয়তো জল এত পেয়েছে তার ফলে ফল ধরতে যাচ্ছে এমন সময় জল শুকিয়ে গেল। ফলে মাঠের ধান মাঠেই রয়ে গেল, কৃষকের যে আনন্দ তা নিরানন্দে পরিণত হয়ে গেল। এটা আনন্দের চেয়ে বেশী দুঃখদায়ক বলে আমি মনে করি। এটা আনন্দের চেয়ে অনেক বেশি দুঃখদায়ক বলে মনে করি। সুতরাং আজকে যে ইমপিলিমেনটেশান হবে তার ফলে দেখতে হবে এখানে যা লাগবে সেটা ছাড়া যেটা নরমাল ডেভালাপমেন্ট সেদিকে দৃষ্টি রেখে এমন একটা পুঁজি করতে হবে এমন ষ্টক করতে হবে যার থেকে নির্দিষ্ট জায়গা থেকে সার বা অন্যান্য জিনিষ নিয়ে আসতে পারি। এটা আমাদের দেখতে হবে। অনেক ক্ষেত্রে দেখা যায় এমন সরকারী কর্মচারীদের উপর ভার দেওয়া হয় সে কাজের ভার নেবার জ্ঞান তাদের নেই। তারা মাটির কাছাকাছি থাকেন না বা মাটির সঙ্গে তাদের যোগাযোগ নেই অর্থাৎ নট টিলারস অফ দি ল্যাণ্ড। টিলারস অফ দি ল্যাণ্ডএর সাথে যোগাযোগ অনেক কম থাকে। তাই আমরা যাদের গ্রামসেবক নিযুক্ত করি তারা গ্রামে না গিয়ে অনেক সময় ধোপ দুরস্ত থাকে, হোয়াইট কলার জব করে, চাষীদের সঙ্গে যোগাযোগ থাকে না। তারা চাষীদের সত্যিকার উপদেশ দিতে পারে না। এমন কি অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে সমস্ত অভিজ্ঞ চাষী আছেন সেই অভিজ্ঞ চাষীদের সঙ্গে অভিজ্ঞতায় তারা হার মেনে যান এবং অনেক ক্ষেত্রে দেখা যায় তারা প্রকৃতপক্ষে চাষের সঙ্গে যুক্ত না থাকার জন্য তাদের অভিজ্ঞতার কিছু মূল্য থাকে না। তাই যারা শহরের লোক ডিরেকটর হবেন তারা যেন গ্রাম বাংলাতে যান এবং গ্রামের মানুষের সঙ্গে এক সঙ্গে সুখে দুঃখে এক হয়ে থাকেন। অনেক সময় দেখা যায় তারা মনে করেন ধান গাছে তক্তা হয়, পাটগাছের খুঁটি হয়। এই রকম লোক যদি থাকেন তাহলে এর সঙ্গে যত বড় প্রকল্পই হোক না কেন কার্য্যকরী হবে না। এই মনোভাব পরিবর্ত্তন করে এখনই তাদের সেখানে নেমে আসতে হবে। এই কথা বলে বিলকে সমর্থন জানিয়ে কতকগুলো সাজেসানস রাখলাম এবং এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Ekrumul Haque Biswas :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কৃষক ঘরের কৃষিমন্ত্রী ওয়েস্ট বেঙ্গল সি, এ, ডি, পি, যে বিল এনেছেন তাকে আমি স্বাগত জানিয়ে, অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি এই বিল সম্পূর্ণভাবে পড়েছি। তাতে দেখা যায় এই বিলের উদ্দেশ্য অত্যন্ত মহৎ এবং সুদূরপ্রসারী এবং পশ্চিমবঙ্গের বুকে মনে হয় এই প্রথম ঐতিহাসিক এবং অত্যন্ত বিপ্লবী বিল আমাদের কৃষিমন্ত্রী আনতে সমর্থ হয়েছেন এবং এই বিলের মধ্য দিয়ে তিনি যে বিজ্ঞানসম্মত উপায়ে কৃষির আধুনিকীকরণ ও গ্রামীণ অর্থনৈতিক ব্যবস্থা সুদৃঢ় করবার জন্য তিনি যে প্রয়াস রেখেছেন সেইজন্য তিনি সারা পশ্চিমবাংলার কৃষিকূলের কাছে অভিনন্দনযোগ্য। এই বিল কার্য্যকরী হলে দেখা যাবে গ্রাম বাংলায় যে হাজার হাজার যুবক ভাইয়েরা আছে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। এক অঞ্চলের সাথে অন্য অঞ্চলের যে বৈষম্য আছে তা দূরীকরণের ব্যবস্থা এতে রয়েছে। এই সি, এ, ডি, পিতে যারা এ্যাডভাইসরি কমিটিতে আছেন এই সংস্থার মধ্য দিয়ে বৈজ্ঞানিক উৎপাদন ব্যবস্থা, সেচ ব্যবস্থা, সার ব্যবস্থা, কীটনাশক ঔষধের ব্যবস্থা সুষ্ঠুভাবে করতে পারেন, সেই অবস্থা এ্যাসিওর্ড করা যায় তাহলে আশা করছি কৃষিমন্ত্রী যে সবুজ বিপ্লবের স্বপ্ন দেখেছেন তাহলে সেই সুসংগঠিত এলাকাতে সেই সবুজ বিপ্লব শুধু স্বপ্নই থাকবে না সেটা বাস্তবে রূপায়িত হবে। আমরা দেখেছি গ্রাম বাংলায় বহু মহাজন, ছোট ছোট ক্ষুদ্র

প্রান্তিক চাষী এবং বহু চাষী তারা ঋণের দায়গ্রস্ত হয়েছেন। এই সমস্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা এই সি, এ, ডি, পির মাধ্যমে, ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নিয়ে তাদের সমস্ত চাষ আবাদের সুষ্ঠু যে ব্যবস্থা করেছেন এই বিল সেইজন্য কৃষিমন্ত্রী সারা পশ্চিমবাংলার কৃষিকূলের ধন্যবাদের পাত্র এবং ছোট প্রান্তিক চাষীরা ওই সমস্ত সার, কীটনাশক দ্রব্য ও জলের ব্যবস্থা পেয়ে তারা উৎসাহিত হয়ে চাষের ব্যবস্থা করবেন এবং সঙ্গে সঙ্গে দেশের খাদ্যদ্রব্য উৎপাদনের সহায়তা করবেন এবং আমাদের দেশে খাদ্যদ্রব্যের যে অভাব আছে তা থেকে মুক্ত করে দেশকে স্বয়ং সম্পূর্ণতার পথে এগিয়ে নিয়ে যাবে বলে বিশ্বাস করি। এই বিলে আরো দেখতে পাচ্ছি আমাদের দেশে যে সময় কাজ থাকে না সেই সময়ে হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ইত্যাদির মাধ্যমে কর্ম সংস্থানের ব্যবস্থা করা হয়েছে এবং তার ফলে গ্রামের ক্ষেতমজুর, বেকার যুবক, শিক্ষিত, অর্দ্ধশিক্ষিত বেকার যুবক ভাইরা অনেক সুযোগ সুবিধা পাবেন, লাভবান হবেন বলে আমি বিশ্বাস করি। এই বিলের মধ্যে দিয়ে কিছু কিছু আমলাতন্ত্রের উপর কাজের ভার দেওয়া হয়েছে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করছি তিনি এটা ভালভাবে অনুধাবন করে যে উদ্দেশ্য নিয়ে এই বিলটি প্রনয়ন করেছেন—অর্থাৎ গ্রামের সাবিক উন্নয়নের জন্য গ্রামের লোকরাই যাতে প্রকৃত প্রতিনিধিত্ব করতে পারেন সেদিকে লক্ষ্য রেখে তিনি যেন কাজ করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত আশাবাদী। তিনি যে বিল হাউসে নিয়ে এসেছেন সেটা প্রকৃতপক্ষে যে কার্যকরী হবে সে বিশ্বাস আমার আছে এবং তিনি তাঁর সুদক্ষ বুদ্ধি দিয়ে এটা পরিচালিত করতে পারবেন বলে আমাদের বিশ্বাস আছে এবং এর ফলে সারা পশ্চিমবাংলার বুভুক্ষু মানুষের দারিদ্রের জ্বালা প্রশমিত হবে বলে আমরা বিশ্বাস করি। সেইজন্য মাননীয় কৃষিমন্ত্রী যে বৈপ্লবিক এবং ঐতিহাসিক বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ। বন্দেমাতরম।

Shri Sarat Chandra Das :

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যে সি, এ, ডি, পি, বিল হাউসের সামনে উপস্থিত করেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিল উৎথাপনের সময়ে তিনি যে সমস্ত কথা বলেছেন—ইতিপূর্বে আমাদের দেশে কমিউনিটি ডেভেলাপমেণ্ট প্রোজেক্ট যখন প্রবর্তিত হয় তখনও সেই সমস্ত কথা বলা হয়েছিল, কিন্তু সেই কমিউনিটি ডেভেলাপমেণ্ট প্রোজেক্ট জনমানসে যে আশা সঞ্চার করেছিল সেটা পূর্ণ হয়নি। কিন্তু বর্তমান যে বিল এনেছেন সেই বিলে সার, বীজ, স্থানীয় রাস্তাঘাট ইত্যাদি অর্থাৎ সমস্ত জিনিসের সাবিক বিকাশ যাতে হয় তার জন্য সাবিক প্রযত্ন, প্রচেষ্টা তিনি চালাবেন, সেটা তিনি এই বিলের মধ্যে উল্লেখ করেছেন এবং বহু আকাঙ্খিত আশাকে বিচ্ছিন্নভাবে না দেখে একটি সীমাবদ্ধ জায়গায় সর্বশক্তি সংহতি করে যে চাষের পরিকল্পনা করা হয়েছে সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য এবং সেই শক্তির সম্পূর্ণ ভাল ফল যে আমরা পাব সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রকল্পের মধ্যে সেই সব জিনিসের কথা আমরা প্রত্যেকেই শুনেছি যেমন সার, বীজ ইত্যাদি জিনিস সারা বছর ধরে চাষীদের কাছে বিতরণ করতে পারছি কিনা সেটাই দেখতে হবে। সার, বীজের অভাব নিয়ে এই হাউসে অনেক আলোচনা হচ্ছে এবং গ্রামাঞ্চলে ঠিক সময় মত সার, বীজ দিতে পারবেন কিনা মন্ত্রিমহাশয় নিশ্চয় তাঁর জবাবী ভাষণে উত্তর দেবেন এবং সি, এ, ডি, পির মাধ্যমে এগুলি মেটাতে পারবেন কিনা, সেটা আশা করি বলবেন। আজকে বিদ্যুতের অভাবে ত্রাহি ত্রাহি রব উঠেছে, গোটা পশ্চিমবাংলা আজকে বিদ্যুতের অভাবে অচল হতে বসেছে তখন সেখানে বিদুৎ সরবরাহ করা সম্ভব হবে কিনা—

[4-55—5-05 p.m.]

এইসব শক্তিকে যথাসম্ভব সংহত করে গ্রামীণ এলাকায় নবজীবন প্রতিষ্ঠার জন্য যেই বিল এসেছে সে বিল অত্যন্ত সম্ভবনাময় এবং সেই বিল প্রান্তিক চাষী, ভাগচাষী সকলের মনে সাড়া জাগাতে পারবে। অতএব আশা করবো তিনি এই সমস্ত কথা তাঁর জবাবী

ভাষণে বলবেন যাতে যে সমস্ত আশা আকাঙ্খার কথা এই বিলে রাখা হয়েছে সে সম্বন্ধে আমরা নিশ্চিত হতে পারি। স্যার, এই বিলের মধ্যে বলা হয়েছে সি, এ, ডি, পি এলাকায় যদি কেউ জমি বিক্রি করে তাহলে তাকে প্রজেক্ট কর্তৃপক্ষের কাছে অনুমতি নিতে হবে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে বলব, এখানে জমি বিক্রি করার কোন প্রশ্নই নেই। কারণ প্রান্তিক চাষী, ছোট চাষী তাদের কল্যাণের জন্য, তাদের মঙ্গলের জন্য, তাদের অর্থনৈতিক উন্নতির জন্য, তাদের সমাজ জীবনের উন্নতির জন্য আপনারা এই বিল এনেছেন। এখন এই জমি বিক্রি করলে কর্তৃপক্ষের অনুমতি নেবার কিসের প্রয়োজন হবে তা আমি বুঝতে পারছি না। আমার কথা হল, আপনারা এমন করুন, হটাৎ যদি প্রয়োজন হয় কোন আকস্মিক কারণে তাহলে সেই প্রয়োজন মেটাবার জন্য আপনারাই ব্যবস্থা করুন।

Shri Abdus Sattar :

আপনি যেটা বলছেন সেটা বিলে নেই।

Shri Sarat Chandra Das :

আমাদের একটা আশঙ্কা ছিল। যাই হোক, তারপর সর্বভারতীয় ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলার কুটিরশিল্প খুবই উন্নত ছিল কিন্তু তা আজ নষ্ট হয়ে যাবার ফলে সে সমস্ত কুটির শিল্পের শিল্পীরা ছোট ছোট জমি নিয়ে বসে গিয়েছেন। এই বিলে যে প্রভিসান রাখা হয়েছে তাতে সাবিক কল্যাণের জন্য ছোট ছোট শিল্পের 'র' মেটিরিয়াল, তার বিক্রির ব্যবস্থা ইত্যাদি সবই ঐ কর্পোরেশন করবে। এতে ঐ শিল্প নবজীবন লাভ করবে এবং অতীত দিনের যে গৌরব তা পশ্চিমবঙ্গ আবার ফিরে পাবে। আজকে গ্রামে যে সমস্ত শিল্পীরা বাস করেন তাদের শিল্প নষ্ট হয়ে যাবার ফলে তারা ছোট ছোট জমি নিয়ে বসে গিয়েছেন এবং তার ফলে জমির উপর চাপ পড়েছে। আজকে এই শিল্পকে যদি পুনরুজ্জীবিত করা যায় তাহলে তারা নিজেদের কাজ ফিরে পাবে এবং সরকার যদি তা বিক্রির সুব্যবস্থা করেন তাহলে সেই শিল্পীদের মধ্যে একটা নতুন আশার সঞ্চার হবে। এই বিল অত্যন্ত সম্ভবনাময় এবং দূরদৃষ্টিসম্পন্ন। এই বিলে বাস্তব দৃষ্টিভঙ্গী থাকার জন্য নিশ্চয় আমি বিলের রচয়িতাকে ধন্যবাদ জানাচ্ছি। সরকারের নিয়ন্ত্রণে শক্তি এবং সামর্থনে এক জায়গায় করে এতে সাবিক কল্যাণের কথা বলা হয়েছে। সমাজতন্ত্র যদিও নয় কিন্তু এটা সমাজতন্ত্রের পথে একটা বলিষ্ঠ পদক্ষেপ বলেই আমি মনে করি।

Shri Rajani Das :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে আঞ্চলিক সাবিক উন্নয়ন বিল এনেছেন সেটাকে আমি সমর্থন করে দু একটি কথা বলব। স্যার, এই বিলে যদিও সমাজতন্ত্র হবে না বা ধনবৈষম্য দূর হবে না তবুও এই বিল এক দিক দিয়ে ভাল। সেটা হচ্ছে, বাংলাদেশের ক্ষেতমজুররা যেখানে ১২ মাসের মধ্যে ৪ মাসও মজুরের কাজ পায় না সেখানে তাদের একটা স্থায়িত্ব বা নিশ্চয়তা থাকছে। এরা প্রত্যেকেই কম হোক বা বেশী হোক কিছু পয়সা পাবে। আর একটা জিনিষ এই বিলে আছে সেটা হচ্ছে, আঁধিয়ার, বর্গাদার এদের যে প্রাপ্য, যে অধিকার সেটা এরা অর্জন করেছে মোটামুটি বিলের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যর মধ্যে একটা জিনিষ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও আইনে যেটা আছে সবই থাকবে কিন্তু একটা বিভাগ ভূমিসংস্কার এবং সদ্ব্যবহার মন্ত্রিমহাশয়ের এখানে কিছু দায়িত্ব আছে। এর সাবিক উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের আগে যে পরিসংখ্যান দরকার, যে হিসাব দরকার সেটা হয়ত অনেক বেশী জমির মালিক যারা তারা চেষ্টা করবে ঐ আঁধিয়ার, ঐ বর্গাদারদের যাতে তারা কামলাদিন মজুর হিসাবে না দিতে পারে, সেদিক থেকে তারা যাতে বঞ্চিত না হয় সেদিক থেকে আমি দুই মন্ত্রীকে অনুরোধ করবো যে এটা কার্য্যকরী করার সময় তিনি যেন এটা দেখেন। আর সকল সদস্য বলেছেন কাজেই একই কথা বারবার বলে সময় নষ্ট না করে এই বিলকে আমি সমর্থন করে বিদায় নিচ্ছি।

Dr. Sailendra Chattopadhyay :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে বিলটি উত্থাপিত হয়েছে এটাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। আজকে পশ্চিমবাংলার অর্থনীতি বিপর্য্যস্ত। এর মধ্যে প্রাণ সঞ্চার করতে হলে আজকে গ্রামবাংলার উন্নয়ন করার জন্য জোয়ার আনতে হবে এবং তা করতে হবে সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে। এটাই হচ্ছে সি, এ, ডি, পি'র মূল কথা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উৎপাদন এবং উন্নয়নের সঙ্গে যুক্ত সরকারের বিভিন্ন সংস্থা, বিভিন্ন বিভাগ তার নিজ নিজ পথে কাজ করে যান। তার ফলে কোন একটা বিশেষ এলাকার উন্নয়নের কাজ সেটা যদি বা বেশী রাখে,—আমরা যদি বিচার করে দেখি তাহলে দেখবো যে অনেক ক্ষেত্রে একটা কাজ অপরটির প্রতিবন্ধক হয়েছে। আবার কোথাও কোথাও বা সমস্ত অপচয় হয়েছে। যেমন একটা বিরাট জলা এলাকা। সেখানে ফিসারী ডিপার্টমেন্ট থেকে অনেক পয়সা খরচ করে মাছের চাষ করলেন। কিছুদিন পরে দেখা গেল যে ইরিগেশান ডিপার্টমেন্ট একটা ক্যানাল কেটে জল নিকাশ করে দিলেন। ফলে মাছের চাষ বিপর্যাস্ত হলো। এই রকম অনেক ব্যাপার আছে। হেলথ সেন্টারে এ্যাপ্রোচ যে রাস্তা নেই, কোন ইলেকট্রিসিটি নেই, কোন ডাক্তার যেতে চান না এবং কার্য্যতঃ সেইসব হাসপাতাল অচল হয়ে আছে। এই যে মাইক্রো লেভেল প্লানিং অর্থাৎ অনেক উঁচু থেকে, দুর থেকে বিক্ষিপ্ত উন্নয়ন পরিকল্পনা সি, এ, ডি, পি, তার পরিবর্ত্তন আনবে। পরিকল্পনা হবে মাইক্রো লেভেল প্লানিং অর্থাৎ যে সমস্ত প্রয়োজনগুলি আছে সেগুলিকে পাশাপাশি রেখে বিচার করে অঞ্চলভিত্তিক একদম নিচের তলার প্লানিং হবে এবং সমন্বয় আসবে, অপচয় বন্ধ হবে। সি, এ, ডি, পি, তাকে কেন্দ্র করে একদিকে যেমন সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থা, অন্যদিকে তেমনি জনসাধারণ তারা এসে আলোচনা করবে এবং সেই আলোচনার মাধ্যমে একটা সর্বাঙ্গসুন্দর পরিকল্পনা তৈরী হবে এবং যেহেতু জনসাধারণ এই পরিকল্পনা রচনার সঙ্গে যুক্ত থাকবে, এই রূপায়ণে তারা আন্তরিকভাবে সাহায্য করবে। কিন্তু তা হয়ত সরকারী সংস্থা বা সরকারী বিভিন্ন বিভাগ করবে। তা ছাড়া সামাজিক, অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে এবং সরকারের যে কমিটমেন্ট এইসব ক্ষেত্রে সি, এ, ডি, পি, বিল বৈপ্লবিক পরিবর্ত্তনের প্রতিশ্রুতি দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে আসল প্রশ্ন হচ্ছে গণতন্ত্রের মাধ্যমে এই বৈপ্লবিক পরিবর্ত্তন সম্ভব কিনা? কারণ ভোটের কথা চিন্তা করি। ভোটের স্বার্থে আমরা মানুষকে আঘাত দিতে ভয় পাই। অনেক সময় আমাদের ন্যায়, নীতি, বিবেকের বিরুদ্ধে কাজ করি এবং তার ফলে অতীতে আমরা অনেক ভাল ভাল কথা বলেছি। কিন্তু কাজ করছি খুব সামান্য, জনসাধারণের বিশ্বাস কমে গেছে। তাই স্বাধীন হবার ২৬ বছর পরেও এখনও দেখছি অধিকাংশ মানুষ পেটভরে খেতে পায় না, ক্ষুধার অন্ন জোটাতে পারে না, পরনে শতছিন্ন বস্ত্রখণ্ড, হাজার হাজার মানুষ বেকার, দেশে দুর্নীতিতে ভরে গেছে। আজকে যুবকগণ অশান্ত চঞ্চল।

[5-05— 5-15 p.m.]

আজকে আমাদের আলোচনার সময় নেই। আজকে আমাদের চিন্তা করতে হবে অস্তিত্ব রক্ষা করার জন্য এবং তার জন্য এখন কাজ সবচেয়ে বড় হবে। আজকে যে হাজার হাজার যুবক অন্তরের আগ্নেয়গিরির প্রচণ্ড শক্তি নিয়ে অপেক্ষা করছে তাদের এই প্রাণশক্তি গঠনের কাজে, সৃষ্টির কাজে, সামাজিক ও অর্থনৈতিক, ন্যায়বিচারের প্রতিষ্ঠার কাজে লাগাতে হবে এবং তার জন্য আমাদের এই বিধানসভার শীততাপ নিয়ন্ত্রিত আরাম জায়গা ছেড়ে দুর গ্রাম থেকে গ্রামান্তরে যেতে হবে একজন মিশনারীর অন্তরিকতা নিয়ে। এদের সঙ্গে সমস্ত শক্তি নিয়ে কর্মযজ্ঞে ঝাঁপিয়ে পড়তে হবে। তার ফলেই সি, এ, ডি, পি, সাকসেসফুল হবে। এই বলে আমি আবার এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bimal Paik :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বিল এনেছেন, আমি সর্বান্তকরণে তা সমর্থন করি। সমর্থন করি দুটি কারণে। প্রথম কারণ, এই বিল আমি মনে করি,

দৃঢ়তার সঙ্গে মনে করি যে ভূমিসংস্কার আইনের পরিপূরক, দ্বিতীয় কারণ আমি মনে করি এই বিল জমিদারী উচ্ছেদ আইনের পরিপূরক। এই কথা আমার অনেক বন্ধু বলে গেছেন যে এই বিল দেশের প্রডাক্শন বাড়াতে পারবে, দেশের কৃষক উন্নত হতে পারবে, অনেক কথা বলে গেছেন। কিন্তু আমি কৃষিমন্ত্রী মহাশয়কে বলবো যে এই বিলের দ্বারা কোন প্রডাক্শন না হয়ে থাক, তাহলেও বলি যে ভূমি সংস্কারের পরিপূরক হিসাবে এই বিলের প্রয়োজনীয়তা রয়েছে। জমিদারী উচ্ছেদ আইনের পরিপূরক হিসাবে এই বিলের প্রয়োজনীয়তা রয়েছে। আমি অবাক হয়ে যাই আমাদের আর. এস. পি. বন্ধু এবং দু একজন সি. পি. আই. বন্ধু যারা বর্গাদারদের দুঃখে দুঃখিত হয়ে পড়েছেন— আমি বুঝিনা, যে আমাদের ভূমিসংস্কার মন্ত্রী ৭৫ পার্সেণ্ট ভাগেতে দেবার যখন ব্যবস্থা করেন, এই সম্বন্ধে বিল আনেন, তখন করেন তার বিরোধিতা। আমি বুঝতে পারি না যে আমাদের ভূমিসংস্কার মন্ত্রী যখন রেস্টোরেশন অব এ্যালিয়েনেটেড ল্যাণ্ড বিল এ্যাকসেপ্ট করার জন্য এই হাউজে আনেন তখন তার করেন বিরোধিতা। বলেন মুখে যে জোতদাররা নাকি বর্গাদারদের দিনের পর দিন উচ্ছেদ করে যাচ্ছে, আজকে স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলি, এই বিলের সেই জন্যই প্রয়োজনীয়তা আছে যে বর্গাদারকে জোতদাররা উচ্ছেদ করবার জন্য দিনের পর দিন চেষ্টা করেছিল, এই বিল সেই বর্গাদারদের স্বার্থ রক্ষা করবে। কোন জোতদার পারবে না, সেই বর্গাদারকে এই রকম উচ্ছেদ করতে। আমি পাড়াগ্রামে দেখেছি, আমি পাড়াগ্রামের লোক, কৃষক দুঃখ কষ্ট করে হাড়ভাঙ্গা খাটুনি খেটে কি ভাবে একমুঠো অন্নের ব্যবস্থা করে। এই বিল অদ্ভুত ভাবে সাহায্য করবে বর্গাদারদের। আমি জানি যে সি. পি. আই. সি. পি. এম. আর. এস. পি. যারা দৃঢ়তার সঙ্গে বলেন যে জোতদাররা নাকি এই ধান কাটার সময় তাদের মাথা নাবিয়ে দিচ্ছে, প্রকৃতপক্ষে দেখছি যে রক্তে রাঙ্গা হয়ে যায় সেই শ্যামল প্রান্তর কৃষকের রক্তে কিন্তু এই বিল রক্ষা করবে পিসফুল হার্ভেস্টিং, মারামারি, হানাহানি, রক্তারক্তি করতে হবে না, তাই এই বিলের প্রয়োজনীয়তা রয়েছে বলে মনে করি। দ্বিতীয়তঃ জমিদারী উচ্ছেদ আইন, যখন আনা হয় তখন অনেক আর. এস. পি. সি. পি. আই এবং অনেক বিরোধী বন্ধুরা বলেছেন যে জোতদাররা, বড় বড় জমিদাররা তারা নাকি অনেক জমি বেনামী করে রেখেছে। সেই বেনামী করবার জন্য —ভূমিসংস্কার মন্ত্রী এখানে বসে আছেন, তিনি যখন লাস্ট এ্যামেণ্ডমেণ্ট এনেছিলেন ৪৪(২), তিনি সেই রেকর্ড সংশোধন করবার জন্য, আজকে এই বিল তার পরিপূরক। বেনামী রাখবার মত আর ক্ষমতা কারও সেখানে থাকবে না, অতএব এই বিলে সেই প্রয়োজনীয়তা আছে। তাই বলি এই বিল কৃষকের স্বার্থে না জোতদারের এটা আপনারা বিবেচনা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তারা কতগুলি সমালোচনা করেছেন এবং তাদের সেই সমালোচনা শুনে আমার একটা গল্প মনে পড়ে যাচ্ছে, আপনার বোধ হয় জানা আছে, সেটা হচ্ছে ডি এল রায়ের একটি কবিতা। তাতে বলা হচ্ছে একটি ছেলে বড় হয়ে ভাবছে যে অনেকেই তো বড় হলো, নিউটন বড় হলেন, রবীন্দ্রনাথ বড় হলেন, তাহলে আমাকেও বড় হতে হবে এবং সেইজন্য সে দিন রাত ঘরের দরজা বন্ধ করে ভাবতে শুরু করল এবং ভেবে কি আবিষ্কার করল

" শ্রীকৃষ্ণের বাঁশীতে ছিল ক'টা ছাঁদা
দিলীপের বাগানে ছিল ক'টা গাঁদা
এসব করিয়ে বাহির বড় বিদ্যে করেছি জাহির।

আকবর শাহ কাছা দিত কিনা
মীরাবাঈ ছিল ক্ষীনা কিংবা পীনা
চানক্যের ছিল ক' আঙ্গুল টিকি
দ্রাবিড়েতে ছিল ক'টা টিকটিকি—
এসব করিয়ে বাহির বড় বিদ্যে করেছি জাহির।''

তাই আমাদের বন্ধুরা এই এমেণ্ডমেণ্টগুলি দিয়েছেন বিদ্যা জাহির করবার জন্য। কৃষকের স্বার্থের কথা ভেবে তারা কর্পোরেশন না করার বা এমন ভাবে করার কথা বলেছেন যাতে তারা তাদের বড় বিদ্যে জাহির করেছেন। অতএব আমি আজকে এই কথা কৃষি মন্ত্রীকে

বলব এবং আমি একথা পরিপূর্ণভাবে বিশ্বাস করি যে দেশের স্বার্থে, কৃষকের স্বার্থে, প্রকৃতপক্ষে এই বিলের প্রয়োজন আছে। আমি আরো বলব প্রকৃতপক্ষে এই বিলে-এর প্রয়োজন কৃষকের স্বার্থে, বর্গাদারের স্বার্থে এবং সিলিং-এর বাইরে জোতদারের যে জমি রয়েছে সেই জমি তার হাত থেকে নিতে হলে এই বিলের প্রয়োজনীয়তা আছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

Shri Bhupal Chandra Panda :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে এই বিলের আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে মাননীয় সদস্যরা বিভিন্ন দিক দিয়ে যে সমস্ত বক্তব্য বলেছেন তাতে আমার কাছে এটা খুব আশ্চর্য্য লাগছে যে, কমিউনিষ্ট পার্টির তরফ থেকে আমরা এই বিলের যে সব জায়গায় ত্রুটি আছে সেই ত্রুটিগুলি তুলে ধরার ফলে এত বিক্ষুব্ধ হওয়ার কি কারণ আছে? আমরা এই কথা কি বলছি যে এই বিলের দ্বারা কিছু হবে না? অন্যান্য জায়গায় বাদ দিয়ে একটা জায়গায় যদি মেকসিমাম রক্ত কনসেনট্রেটেড করা যায় তাহলে নিশ্চয়ই জায়গাটা খানিকটা ফুলে উঠবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং এতে উৎপাদন বাড়বে না একথা নয়, ২ কোটি ৩০ লক্ষ টাকা একটা নির্দিষ্ট ১০,০০০ একরের ওপর ইনভেষ্ট করলে, সে জায়গায় নিশ্চয়ই প্রোডাকশন বাড়বে, কিন্তু তাতে সবুজ বিপ্লব এসে যাবে, মার্জিনাল চাষী, গরীব চাষী, খেতমজুরদের সর্বাঙ্গীন উন্নতি হয়ে যাবে, এই ধরনের বক্তব্যের আমরা বিরোধিতা করছি। সব জায়গা ছেড়ে একটা জায়গা শুধু ইনজেকটেড হলে সেখানে উৎপাদন বাড়বে এবং তাতে আমাদের দ্বিমত নেই। তবে তাতেই যে সর্বাঙ্গীন উন্নতি হয়ে যাবে সেই কথা বলতে আমাদের আপত্তি আছে এবং এই আপত্তি মাষ্ট বি নোটেড। এটা পরীক্ষা হোক, প্রমাণিত হোক এবং সেইভাবে আমরা এটাকে দেখতে বলি। যারা বলছেন এটা বিপ্লব এবং এর দ্বারা ধনবৈষম্য দূর হয়ে যাবে এবং সেটা আমরা গান্ধীজীর আদর্শে আনব। তাদের আমি বলি ২৭ বছরে কোথায় আপনারা প্রবেশ করতে পেরেছেন, সুতরাং সমবণ্টন হয়ে যাবে অর্থনৈতিক দিক দিয়ে, এই সমস্ত কথাবার্তা না বলাই ভাল। আজকে আমাদের গ্রামাঞ্চলের মধ্যে একটা নির্দিষ্ট এলাকার মধ্যে মেকসিমাম মানি আমরা লাগাব এই বিলের ভেতর দিয়ে, তাহলে সেখানে এখন দেখতে হবে সেখানকার মানুষগুলোর অর্থনৈতিক উন্নতি, জীবন বিকাশের দরজা খুলবে কিনা?

(5-15—5-25 p.m.)

প্রশ্নটা হচ্ছে এখানে। আর আমাদের সমলোচনা এই লিমিটেশন-এর মধ্যে, তার বাহিরে নয়। কাল শঙ্করবাবু বলেছেন ভারতে আমরা অপুঁজিবাদী বিকাশের একটা নূতন ধারা আবিষ্কার করছি। আমরা জানি কিভাবে আমরা এই ধারার মধ্য দিয়ে অগ্রসর হচ্ছি। তবে যে মানুষ প্রধান উদ্যোগ সে মানুষদের সাজেশন, অংশ গ্রহণ ছাড়া উৎপাদন বৃদ্ধি হবে না। একথা চিন্তা করে সমাজতান্ত্রিক অবিশ্বাসের লক্ষণ এবং আপনার সি, এ, ডি, পি, -র মধ্যে দিয়ে সেই ভাবেই আইন তৈরী হয়েছে। সেজন্য আমরা বলেছি ৫০ পারসেন্ট রিপ্রেজেনটেটিভ ক্ষেতমজুরদের গ্যারান্টি করা দরকার। তাদের সাজেশন নেবার জন্য প্রোজেক্ট কাউনসিল যদি তৈরী না করা হয় তাহলে উপর থেকে ভাল করে ২৭ বছর ধরে যে ভাবে চলেছে সেই আবার চললে কিছু হতে পারে না—ইউ মাষ্ট চেঞ্জ। যে মানুষ উৎপাদন বাড়াবে তার মানবিকতার পরিবর্তন করতে হবে এবং তাকে বুঝিয়ে দিতে হবে কাদের মধ্য দিয়ে, তার উদ্যোগ, উৎসাহ এবং শক্তির অংশ গ্রহণের মধ্য দিয়ে তার উন্নতি করতে হবে। এ বিষয়ে তাকে সচেতন করে না তুললে প্রোজেক্ট ডাইরেক্টরকে বেশী পাওয়ার দিয়ে কৃষককে বলা হবে তুমি আইন মেনে চল সে জিনিষ টোয়েন্টিএথ সেঞ্চুরীতে হয় না এবং তার নজির পৃথিবীর কোথাও নেই। সুতরাং আমাদের এখানে নূতন যে কল্পনা আমরা চালু করতে যাচ্ছি সে জিনিষ হতে পারে না। একটা জায়গায় টাকা ঢাললে প্রোডাকশন কিছু বাড়বে সন্দেহ নেই। কিন্তু সেটা প্রপারলি ডিসট্রিবিউটেড হবে, সেলফ সাফিসিয়েন্ট ইউনিট হিসাবে ডেভেলপ করাবে যেটা দেখে পার্শ্ববর্তী মানুষ এগিয়ে এসে সক্রিয় হবে তার ব্যবস্থা কোথায়? পাওয়ার যত বেশী দেবেন, আর হুকুমদারী করবেন

তাহলে তো সেই পিটিয়ে কাঁঠাল পাকানোর মত অবস্থা হবে। সুতরাং মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তিনি এগুলি একটু চিন্তা করে দেখবেন। কার্যতঃ, যার স্মল প্রডিউস তাদের উৎপাদনে উৎসাহিত করে তোলার দিক থেকে তাদের শক্তিশালী করতে গেলে তাদের উপর ভরসা করা উচিৎ। তাদের রাইট দেওয়া উচিৎ। প্রোজেক্ট, প্ল্যান পরিচালনা করার ক্ষমতা তাদের হাতে এসেছে। তাদের কথাগুলি শোনা হচ্ছে এই রকম আবহাওয়া যদি সৃষ্টি না করা যায় তাহলে সি, এ, ডি, পি, যা এখানে বলা হল সে উদ্দেশ্য সফল হতে পারে না। এই রকম আবহাওয়া যদি সৃষ্টি না করা যায় তাহলে সি, এ, ডি, পি সম্বন্ধে যে বক্তব্য এখানে রাখা হল সেই উদ্দেশ্য কখনও সফল হতে পারে না এটা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বিচার বিবেচনা করার জন্য বলছি। দ্বিতীয় কথা হচ্ছে আমরা সাধারণভাবে গরীব অংশ যারা তাদের সম্পর্কিত বিষয়ে কয়েকটি কথা বলছি। যারা স্বচ্ছল অংশের মানুষ আছে বা থাকবে স্বাভাবিকভাবে তারা চায় আমলা বর্গের হাতে অধিকতর ক্ষমতা থাক' তাহলে স্বাভাবিকভাবে গরীব অংশ তাদের অধিকারগুলি ঠিকমত পেতে পারে না। সেই কারণে আমরা ক্ষেত মজুর, ভাগচাষী বা গরীব চাষী, প্রান্তিক চাষী তাদের যে কো-অপারেটিভ সেই কো-অপারেটিভের উপর জোর দিতে বলেছি। সেই কো-অপারেটিভে যে সহযোগিতা এবং তাদের যে প্রোপোরসনাল রিপ্রেজেনটেসান সেটা বেশী যেহেতু সংখ্যায় তারা বেশী, সেই কারণে যদি প্রোজেক্ট কাউন্সিল করা হয় তাহলে সেই কাউন্সিলে তাদের রিপ্রেজেন্টেসান যেন বেশী থাকে। তাহলে হবে কি—যে টাকাটা ইনভেস্টেড হচ্ছে, যেভাবে সেটা ডিসট্রিবিউটেড হচ্ছে, সেই ডিসট্রিবিউসানের ফলে প্রান্তিক চাষী বা গরীব চাষী তারা কি পরিমাণে বেনিফিটেড হতে পারছে কি পারছে না সেই দিকে স্বাভাবিকভাবে প্ল্যান, প্রোজেক্ট কর্তৃপক্ষকে সচেতন করবে এবং সঠিকভাবে যাতে চলে তার দিকে পরিবর্তন আনতে সাহায্য করবে। তারই জন্য এদের সংখ্যাধিক্য রিপ্রেজেন্টেসানের কথা বারে বারে বলেছি। আর একটা কথা এখানে আমরা বলেছি সেটা হচ্ছে এই যে এটা ভুল বোঝান হচ্ছে যে আমরা আমলা চাই না, কিন্তু তা নয়, কাজ পরিচালনার জন্য আমলার দরকার আছে সেই বিষয়ে সন্দেহ নেই। অনেক ভাল আমলা না থাকলে রাষ্ট্র চলত না। খারাপ কিছু থাকবে কিন্তু ভালও আছে, তার ভালত্ব প্রকাশ করার দিকে সাহায্য করতে হবে, সেই অনুযায়ী ব্যবস্থা হওয়া দরকার। আমলাদের কাজের ধারা সম্পর্কিত বিষয়ে আমরা যদি সচেতন থাকি, সে দিক থেকে সীমাবদ্ধতা রাখবার চেষ্টা করি এবং তাদের মধ্যে এই জিনিসটা জাগাতে বাধ্য করি তাহলে মানুষের যে সমস্ত বক্তব্য তা শোনবার জানবার প্রয়োজনীয়তা তার আছে। এই পরিকল্পনাকে সাকসেসফুল করতে গেলে সেই দিকে যদি বাধ্যবাধকতা প্রয়োগ করতে পারা যায় তাহলে পরবর্তীকালে সেই দিকে চিন্তা ঘটাবার যে স্কোপ সেটা বাড়বে। সেই দিক থেকে ১৩, ১৬ ক্লজে যে সমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছি সেগুলি মন্ত্রী মহাশয় যদি বিচার করে দেখেন তাহলে নিশ্চয়ই দেখবেন আমরা সঠিকভাবে এইসব জিনিসগুলি উপস্থিত করেছি। সব থেকে অসুবিধা যেটা অনুভব করেছি সিলেক্ট কমিটিতে এইসব বিষয়ে যা আলোচনা হয়েছে সেই আলোচনার মাধ্যমে মন্ত্রী মহাশয় কোন পরিবর্তন সেদিক থেকে গ্রহণ করতে চাননি, যার ফলে আমাদের ধারণা জন্মেছে উনি যেটাই করেছেন সেটাই বহাল রাখবেন, তার কোন পরিবর্তন আনবেন না বা আনতে চান না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে ভেবে দেখবেন। এইসব দিকে পরিবর্তনগুলি হলে যাতে বিল সর্বাঙ্গসুন্দর হয় এবং রিয়েলি গরীব অংশের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করতে পারেন সেইভাবে বিলটি যদি গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই এই বিলের যথার্থতা প্রকাশ পাবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(5-25—5-35 p.m.)

Shri Monoranjan Pramanick :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সি, এ, ডি, পি, বিল যেটা আনা হয়েছে, এই বিলকে আমি আন্তরিক সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে এর মধ্যে একটা বৈপ্লবিক চিন্তাধারা আছে। সরকার দীর্ঘদিনের প্রচলিত জমিদারী প্রথা উচ্ছেদ করেছেন

খুব সত্য কথা। কিন্তু গ্রামে এই পর্য্যন্ত অর্থনৈতিক দিক থেকে যে সমাজ ব্যবস্থা চলছে সেটা হচ্ছে একটা আধা সমাজতন্ত্র এবং আধা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা গ্রামের মধ্যে আমি পরিষ্কারভাবে ৩টি শ্রেণীকে দেখতে পাই। একটা শ্রেণী হচ্ছে খুব বড়লোক। যারা শুধু চাষবাস করেনা, যাদের ব্যবসা আছে এবং সেই সঙ্গে সঙ্গে যাদের কিছুটা শিল্পের মাধ্যমে রোজগার হয়। কিন্তু আর বাকী যে ২টি শ্রেণী আছে তার একটা হচ্ছে মধ্যবিত্ত এবং আর একটি হচ্ছে নিম্নমধ্যবিত্ত বা বিশেষ করে গরীব সম্প্রদায়, তপশীল সম্প্রদায় এবং গরীব মুসলমান সম্প্রদায়। এই মুসলমান সম্প্রদায় এবং তপশীল সম্প্রদায়, যার আজকে সংখ্যায় অনেক বেশী এবং যাদের অর্থনৈতিক কাঠামো দিনের পর দিন নিচের দিকে চলে যাচ্ছে এবং যারা রুজী-রোজগার করতে পারেনা, দু'বেলা দুমুঠো খেতে পাচ্ছেনা। তার কারণ কি? কারণ হচ্ছে, যদি বিশ্লেষণ করে দেখা যায় তাহলে দেখবো যে এই মানুষগুলির আসলে কোন ক্রয় ক্ষমতা নেই। কারণ তারা কোন কাজ পায়না। তাই যাতে এই মানুষগুলি কাজ পায় তার ব্যবস্থা করা হচ্ছে আজকে সরকার-এর একমাত্র উদ্দেশ্য হওয়া দরকার বলে আমি মনে করি। আজকে গ্রামবাংলাকে যদি বাঁচাতে হয়, ঐ তপশীল সম্প্রদায়কে যদি বাঁচাতে হয়, ঐ বাগদী, বাউড়ী, সাওতাল ইত্যাদি এদের অর্থনৈতিক কাঠামো যদি উন্নত করতে হয়, যদি পেটভরে দুবেলা দুমুঠো খেতে দিতে হয় তাহলে কাজ দিতে হবে এবং কাজ সৃষ্টি করতে হবে। এই বিলের মাধ্যমে সেই কাজ সৃষ্টি করার প্রয়াস রয়েছে এবং তারজন্য এই বিলকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। দীর্ঘদিন ধরে একটা কথা বারেবারে শুনে আসছি যে শোষণহীন, শ্রেণীহীন সমাজব্যবস্থা প্রতিষ্ঠা। যেটা জাতীর জনক গান্ধীজীর স্বপ্ন ও আদর্শ। স্বাধীনতার ২৬ বছর পরেও আমরা সেই আদর্শকে বাস্তবে রূপ দিতে পারিনি। আজকে আমরা দেখছি যে গ্রামে গ্রামে ধনী দরিদ্রের মধ্যে অর্থনৈতিক দিক থেকে বিরাট বৈষম্য রয়েছে। সর্বোপরি ১৯৭২ সালে জনসাধারণের আশীর্বাদ নিয়ে আমরা এই বিধানসভায় এসেছিলাম। সেদিন ইন্দিরা গান্ধীর নেতৃত্বে আমরা ভারতবর্ষের কোটি কোটি মানুষকে আশার বাণী শুনিয়েছিলাম যে দেশের মধ্যে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবো, গরিবী হঠাব। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আমরা সেদিকে আজ পর্যন্ত অগ্রসর হতে পারিনি। যদি এই বিলের উদ্দেশ্যকে বাস্তবে রূপায়িত করতে পারি, যদি আমরা এই বিলকে গ্রামে গ্রামে ছড়িয়ে দিতে পারি, এই বিলের মাধ্যমে যদি আমরা সত্যিকারের অর্থনৈতিক কাঠামোকে উন্নত করতে পারি তাহলে আমরা ধনী দরিদ্রের মধ্যে বৈষম্য দুর করতে পারবো। একটা কথা গ্রামের অর্থনৈতিক কাঠামোকে যদি উন্নত করতে হয় তাহলে শুধু মাত্র কৃষির উপর নির্ভর করলে চলবে না। কারণ আমরা দেখতে পাই গ্রামে অনেক সময় একটা বাড়ীতে ৫ জন পুরুষ মানুষ কাজ করতে পারে—বাবা, ছেলে, ভাই ইত্যাদি ৫ জন আছে কিন্তু আমরা দেখেছি যে জমির পরিমাণ ঐ পরিবারের মাত্র ৬ বিঘা। সেই ৫ জন ব্যক্তি সারা বছর ধরে ৬ বিঘা জমি চাষ করে। এই যে বেকারী, এই বেকারিকে যদি দুর করতে হয় তাহলে এই বিল নিশ্চয়ই সমর্থন করতে হবে। এই বিল সমর্থন না করে অন্য কোন উপায় নেই। এই বিল বহু আগেই আনা উচিত ছিল বলে আমি মনে করি। কারণ এই সাবিক উন্নয়ন পশ্চিমবঙ্গে বিশেষ করে প্রয়োজন। পশ্চিমবঙ্গে সম্পদ বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। আমি আমার জেলার কথাই বলি। এক দিকে বিরাট অঞ্চলে আসানসোল মহকুমা, দুর্গাপুর মহকুমা, আর এক দিকে বিরাট কৃষিক্ষেত্র কালনা কাটোয়ার সদর মহকুমার, সেই কৃষি অঞ্চলের সঙ্গে সঙ্গে যেখানে শিল্পাঞ্চল রয়েছে, সেখানে প্রচুর রিসোর্স ছড়ান রয়েছে—কোল, রেল, এগ্রিকালচার —সমস্তগুলি যদি কাজে লাগাতে হয়, সাবিক উন্নয়ন করতে হয়, তাহলে হয়ত সময় লাগবে, সেই সময়টুকুতো অপেক্ষা করতেই হবে। এই রকম একটা আইনের খুবই প্রয়োজনীয়তা আছে। শুধুমাত্র আইন করলেই হবেনা, এই আইন যাতে প্রয়োগ করা যায়, সেটা দেখতে হবে। আজকে শুধুমাত্র কৃষির উপর নির্ভরশীল হয়ে গ্রামকে পুনরুজ্জীবীত করা সম্ভব নয়, সেখানে কুটির শিল্প বা মাঝারী শিল্প, ক্ষুদ্র শিল্প করা দরকার, বিশেষ করে পোল্ট্রি, পশুপালন শিশু খাদ্যের উপযোগী যে সমস্ত ফ্যাক্টরি আছে, সেই শিল্প হতে পারে এবং এগুলি এর মাধ্যমে সম্ভবপর। আমি একটা কথা বলি, সেটা হচ্ছে সিলেক্‌শন অব প্লেসেস সম্বন্ধে। কোথায় কোথায় সি, এ, ডি, পি হবে, সেটা খুব চিন্তা করতে হবে। যেগুলি অনগ্রসর এলাকা সেগুলিকে আগে সুযোগ সুবিধা দিতে হবে। আমার এলাকা সম্বন্ধে

আমি বলতে পারি, সেখানে ইণ্ডাসট্রি বলতে মাত্র কতকগুলি হাস্কিং মিল আছে এবং কুটির শিল্প বলতে গেলে বিড়ি ফ্যাক্টরি আছে, এই রকম অনগ্রসর এলাকা, জেলাকে সি, ডি, পিতে অন্তর্ভুক্ত করতে হবে। যে রাজ্য যোজনা পর্ষৎ আছে, তাতে সভাপতি রয়েছে পরম শ্রদ্ধেয় পান্নালাল দাশগুপ্ত মহাশয়, সেই যোজনা পর্ষতের হাতে আরও ক্ষমতা দেওয়া আমি প্রয়োজন মনে করি। যে সমস্ত অফিসার রাইটার্স বিল্ডিংসে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে, তাদের হাতে যদি বেশী ক্ষমতা চলে যায়, তাহলে এই পরিকল্পনা বানচাল হবে। তাই এই সম্বন্ধে আমি সতর্ক করে দিচ্ছি। তবে শুধুমাত্র সরকারের উপর নির্ভর করলে হবেনা, জনসাধারণকে প্রচেষ্টা চালাতে হবে। কোন পরিকল্পনা জনসাধারণের সহযোগিতা ব্যতিরেকে বাস্তবে রূপায়িত হতে পারেনা।

Shri Gurupada Khan :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী মহাশয় সাবিক উন্নয়ন প্রকল্প হিসাবে এখানে যে বিল উপস্থিত করেছেন, সেই বিলকে আন্তরিকভাবে সমর্থন করে, আমি আমার কিছু বক্তব্য উপস্থিত করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পল্লী অঞ্চলের সংগে আমার খুব ঘনিষ্ঠ পরিচয়, এটা নিশ্চয়ই মাননীয় কোন সদস্য অস্বীকার করতে পারেন না। সেখানে আমরা যা দেখছি—কমিউনিস্ট বন্ধুরা যা বলেন তা আমি মোটেই অস্বীকার করতে পারিনা। সেখানে নিশ্চয়ই প্রচুর ধনবৈষম্য রয়েছে। আমরা দেখেছি সেখানে কৃষকদের মধ্যে যারা সঙ্গতিসম্পন্ন তারাও আধুনিক সমস্ত সাজসরঞ্জাম নিয়ে আসতে পারেনা। একদিকে চাষের জমিতে লক্ষ্মীশ্রী প্রতিষ্ঠিত হয়েছে, তার পাশেই এক বিঘা দু বিঘা জমির মালিকরা সময় মত সার কিনতে পারেনি, সময় মত ঠিক বীজ কিনতে পারেনি বলে তাদের জমিতে ফসল কুকড়ে মরে যাচ্ছে।

(5-35—5-45 p.m.)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইভাবে এই বৈষম্য আমাদের কমিউনিস্ট বন্ধুরা বজায় রাখতে চান। আমাদের ঐ যে হতশ্রী পল্লী রয়েছে সেখানে গরীব কৃষকের পাশাপাশি ধনী সম্পন্ন কৃষক মূলধন বেশী করে বিনিয়োগ করে আরো অধিকতর ধনী হয়ে উঠছে। আর যে সব বঞ্চিত দরিদ্র কৃষক যাদের জমিতে জলসেচের জন্য ইলেকট্রিক পাম্প বসাবার ক্ষমতা নাই, তারা হাঁ করে বসে আছে, ধনী কৃষকদের কাণ্ডকারখানা ফ্যাল ফ্যাল করে তাকিয়ে শুধু দেখছে। এই যে বৈষম্য, এই যে অবস্থা এ আমরা আর চলতে দিতে পারিনা। এই অবস্থা দূরীকরণের জন্য এই প্রকল্প, এই অবস্থা দূরীকরণের জন্য যারা পশ্চিমবঙ্গে এই প্রকল্প আমরা ছড়িয়ে দেব। গরীব কৃষক যারা রয়েছে যারা কোনদিন কল্পনা করতে পারেনি তাদের মাঠে ইলেকট্রিক এসে বিদ্যুৎ এসে জল সেচ করবে। তারা কোনদিন কল্পনা করেনি ট্রাক্টর এসে তাদের জমি চাষ করে দেবে। তারা কোনদিন কল্পনা করেনি ভাল সার বীজ তারা পাবে; তারা কোনদিন কল্পনা করেনি ব্যাংকের কাছ থেকে ময়লা গামছা গলায় জড়িয়ে গিয়ে ঋণের টাকা আনতে পারবে। বড় বড় ব্যাংক যেগুলি জাতীয়করণ করা হয়েছে, সেখান থেকে সই করে বা টিপসই দিয়ে টাকা আনতে পারবে তা কখনো তারা ভাবেনি বা কল্পনা করেনি। আমি দৃঢ়ভাবে বলতে পারি যাদের ব্যথায় ব্যথিত হয়ে আমাদের প্রধানমন্ত্রী যে ব্যাংকগুলি কঠোর হস্তে জাতীয়করণ করেছেন, ক্ষমতা না থাকলেও ব্যাংক তাদের হাতে টাকা পৌঁছে দিচ্ছে সার রূপে, বীজ রূপে এবং আরো নানারকম উপকরণ রূপে।

আজকের দিনে এইভাবে যদি আমাদের দেশের খাদ্য সমস্যা দূরীভূত করতে চাই, যদি আমাদের গরীব কৃষকদের কিছুমাত্র উপকার করতে চাই, তাহলে মনে জোর নিয়ে আমাদের এই প্রকল্পকে রূপায়িত করতে হবে। কেউ কেউ বলেছেন এর দ্বারা আমরা শোষণকে বাড়িয়ে তুলছি, পুঁজিবাদ নিয়ে আসছি, বন্ধুরা এইরূপ অলীক সন্দেহ প্রকাশ করেছেন। আমরা তো কোন বিড়লার টাকা বা কোন টাটার টাকা এখানে খরচ করছি না। একি কোন একটা ইনডাস্ট্রি, একটা শিল্প? এই শিল্পে কার টাকা নিয়োজিত হচ্ছে? ব্যাংকের টাকা। অন্য কোন অঞ্চলকে বঞ্চিত করে তো এই টাকা আমরা

নিয়ে আসছি না। আমাদের বাজেট থেকেও কোন যাচ্ছে না। জাতীয়করণ করা হয়েছে যে ব্যাংকগুলি যারা এখন পর্যন্ত কৃষিতে বেশী টাকা লগ্নী করেন নাই, যারা এখন পর্যন্ত ছিন্নবস্ত্র পরিহিত চাষীর দিকে তাকায়নি, আজ তারা এই সুফল তাদের হাতে পৌঁছে দিতে চাচ্ছে। পশ্চিমবাংলার প্রত্যেকটা চাষী, পল্লী অঞ্চলের প্রত্যেকটা চাষী নিশ্চয়ই আজ প্রত্যাশা করে রয়েছে তাদের অঞ্চলে কখন এই প্রকল্প, কখন এই পরিকল্পনা রূপায়িত হবে। আমি দেখেছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বাঁকুড়া জেলায় যে প্ল্যানিং কমিটী আছে, সেই প্ল্যানিং কমিটী থেকে যে অংশে এই সি,এ,ডি,পি এলাকা নির্ধারিত হয়েছে, সেই এলাকা থেকে আমি নির্বাচিত হয়েছি। সেই এলাকায় গিয়ে আমি দেখেছি তারা চাচ্ছে কবে এই প্রকল্প চালু হবে সেখানে। অথচ কোন কোন বন্ধু বলেছেন যে জনসাধারণকে এর মধ্যে সংযুক্ত করা হয় নাই। শুধু ইলেকসান-এর মাধ্যমে বা ভোটের মাধ্যমে এলে এখানে অংশ গ্রহণ করতে পারবে, তা নয়। আমি নিজে তাদের চোখে মুখে ব্যক্তিগতভাবে দেখেছি সাগ্রহে তারা এরজন্য অপেক্ষা করে আছে। তাঁরা কি জানেন না যেখানে যেখানে এই প্রকল্প রূপায়িত হতে যাচ্ছে, দিনের পর দিন আমরা সেখানকার সাধারণ চাষী, সাধারণ মানুষের সঙ্গে মিটিং করেছি, তাদের সঙ্গে মত বিনিময় করা হয়েছে।

সাধারণ লোকের সঙ্গে কতবার মত বিনিময় করা হয়েছে, চাষীর ঘরের ছেলেকে নিয়ে বিভিন্ন জায়গায় গিয়ে বিভিন্ন রকমের তথ্য সংগ্রহ করে এনেছি। হ্যাঁ, ভলেনটিয়ারলি স্থানীয় ছেলেরা স্বেচ্ছায় এসে আগ্রহ নিয়ে এই পরিকল্পনার জন্য তারা স্বেচ্ছায় আশা এবং আগ্রহ প্রকাশ করেছে সার্থকভাবে যাতে রূপায়িত হয়। তাদের কি উপকার হবে? আমি আপনার মাধ্যমে এইটুকু কথা বলতে চাই তথা সভার কাছে নিবেদন করতে চাই যে, এই সন্দেহ যদি কারোর থাকে যে এর চেয়ে বেশী পার্টিশিপেসান তাহলে আলাদা কথা, কিন্তু এর চেয়েও বেশী পার্টিশিপেসান হয় না। নির্বাচন করে কয়েকজন ব্যক্তিকে নিয়ে এলে সব হবে না। নির্বাচন যখন হবে, ভবিষ্যতে যদি প্রয়োজন হয় তখন দেখা যাবে, কিন্তু এখনই তারা সমস্ত লোকই এতে অংশ গ্রহণ করেছে। সমস্ত লোক না হলেও ঐ ১০০ জনের মধ্যে ১০০ জন নাহলেও অধিকাংশ লোক সেখানে অংশ গ্রহণ করেছে। সেই আলোচনায় আমি বার বার বলেছি, তারা এই কথাই বলতে চাইছে যে এই প্রকল্প দ্রুত হোক। আমি ব্যক্তিগতভাবে সাক্ষী এটা জোর করে বলতে পারি। কাজেই যদি কোন সন্দেহ কারুর মনে থেকে থাকে যে জনসাধারণকে বাদ দিয়ে করা হচ্ছে তাহলে সে সন্দেহের কোন কারণ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন তাহলে এই সব দেখতে পাবেন। আমাদের কোন কোন বন্ধু আতঙ্কিত হয়ে উঠছেন; তারা বলছেন যে আমলাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে সমস্ত কাজকর্ম। যাদের না আছে মাটির সঙ্গে সম্পর্ক তারাই বোধ হয় সব ডিকটেসান দেবে তাই বোধ হয় হবে, এই তাদের ধারনা, কিন্তু এই আইনটার দিকে যদি লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন যে ১৭ নম্বর ধারায় বলা আছে

"Subject to the provisions of any regulations or any directions given by the Corporation, the Project Director shall be in overall and immediate charge of implementation of any project".

এই প্রোজেক্ট কথার উপর জোর দিচ্ছি। পরে বলা হয়েছে

any Project approved by the State Govt. under Subsection (1) of Section (15)

কি বলছি আমরা সেকসান ১৫র সেই সেকসান ১৫র সাবসেকসান (১) বলা হয়েছে

The State Govt. may approve, either with or without modification or project.

কার উপর ইমপ্লিমেন্ট করবে? যে প্রোজেক্ট অফিসার রয়েছে তার মাথা থেকে বেরিয়েছে প্রোজেক্ট করবার জন্য এই প্লান করবার জন্য কত দিন কত তথ্য সংগ্রহ করতে হয়েছে, চাষীদের সঙ্গে আলোচনা করতে হয়েছে। কোন জায়গায় কি রকম ফসল হবে বিভিন্ন দিকে কি সুযোগ সুবিধা এই সমস্ত নিয়ে মিটিং করা হয়েছে। প্রত্যেক ক্ষেত্রে এইরূপ করার পর প্লান রচনা করা হয়েছে, এই প্রোজেক্ট রচনা করা হয়েছে। এই প্রোজেক্টে

গভর্ণমেন্ট-এর যে সমস্ত বিশেষজ্ঞ আছেন তারা মডিফিকেসান করতে পারবেন। এই প্রোজেক্ট ইম্পিলিমেন্ট করবার দায়িত্ব তুলে দেওয়া হয়েছে। মাননীয় অপাধ্যক্ষ মহাশয়, ইমপ্লিমেন্ট যে তিনিই করবেন তা নয় তার মাথা থেকে হয়নি। কেন এ আশঙ্কা আমার বন্ধুরা করছেন তা আমি বুঝতে পারছি না। একনায়কত্বের মত সে প্রোজেক্ট অফিসার বসে থাকতে পারেনা। প্রোজেক্ট যখন তৈরী হয়েছে বহু বিশেষজ্ঞের বহু অভিমত রয়েছে, প্রোজেক্ট যখন তৈরী হয়েছে চাষীদের সঙ্গে বহু আলোচনা করা হয়েছে, প্রোজেক্ট যখন তৈরী হয়েছে তখন স্থানীয় চাষীর ঘরের ছেলেরা বাড়ীতে বাড়ীতে গিয়ে তথ্য সংগ্রহ করে নিয়ে এসেছে। তার উপরেই নির্ভর করে এই সব করা হয়েছে--কলকাতায় বসে নয়। যে সব অঞ্চলের কথা বলা হয়েছে সেই অঞ্চলের পল্লী অঞ্চলে গিয়ে ঐ মিউনিসিপ্যাল টাউনে বসে নয়, সেখানে গিয়ে সকলের সঙ্গে মিলেমিশে মিটিং করে একে রূপায়িত করবার চেষ্টা করা হয়েছে। প্রোজেক্ট অফিসার এর উপর নয়। তার একটা পরিধি আছে, আমি জানি অনেকে সন্দেহ প্রকাশ করেছেন যে সমস্ত প্রান্তিক চাষী বা ক্ষুদ্র চাষী যারা—তাদের বোধ হয় এর সঙ্গে কোন সম্পর্ক থাকবেনা। আমি মাননীয় সদস্যদের ১৬ নং ধারার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। ১৬(২) ধারায় বলা হয়েছে এ্যাণ্ড এ্যাডভাইসারি

এটা নিশ্চয়ই মাননীয় সদস্যরা লক্ষ্য করে থাকবেন কাদের নিয়ে করা হচ্ছে, কারা সেখানে আসছেন।

(5-45—5-55 p.m.)

কারা আসছে সেখানে বলতে পারেন? নমিনেট করবেন, এখন হয়তো এটা হচ্ছে। ভবিষ্যতে যখন দেখা যাবে তারা এই প্রকল্পে শিক্ষিত হয়ে গিয়েছে, দায়ীত্ব গ্রহনের মতো তারা জ্ঞান অর্জন করেছে, দায়ীত্ব বোধ ঠিকমতো নিচ্ছে আগ্রহ সহকারে তখন অন্যরকম চিন্তা করা যাবে। কাদের আমরা ধারে ধারে নিয়েছি--মারজিন্যাল ফারমারস, যারা সত্যিকারের চাষী, মাটির সংগে নিজেদের দেহ-প্রাণ-মন মিশিয়ে দিয়েছে, স্মল ফারমারস কোনদিন কোন সুযোগ যারা পাচ্ছিল না--তাদের এই সুযোগের আওতায় আমরা নিয়ে এসেছি। লেবার যাদের জমি নেই, ভূমিহীন চাষী যাদের একটা সে থাকা উচিত, তারা বলবে। আমাদের ভূমিহীন ক্ষেতমজুর যারা যাদের আমার চেয়ে বা অধ্যাপক হরশঙ্করবাবুর চেয়ে চাষের অভিজ্ঞতা নিশ্চয়ই বেশি তারা বলবে। আমি ১০ বিঘা জমির মালিক হলেও চাষ যদি একজন ভূমিহীন চাষী করে থাকে তবে তার অভিজ্ঞতা কিছুতেই অস্বীকার করতে পারি না। তার থেকে সবিনয়ে অবনত মস্তকে আমাদের শেখবার অনেক কিছু আছে। তাদের দাবী আমরা কি মেনে নিচ্ছি না? তারা এ্যাডভাইস করবেন, বলবেন তারা, নির্দেশ দেবেন তারা, বিরাট একটা প্রকল্পের মধ্যে তাদের অংশ থাকবে। প্রগ্রেসিভ ফারমার তাদের বাদ দিতে পারি না। স্মল ফারমার, বর্গাদার যে বর্গাদারের জন্য সকল সদস্যই ব্যথিত হয়ে রয়েছেন তাদের একটা উপযুক্ত মর্য্যাদা দেওয়া হয়েছে। তারাও এখানে নির্দেশ দেবেন, উপদেশ দেবেন, পরামর্শ দেবেন।

one representative each from the farmers Co-operative Societies within the notified area.

যদি সেখানে থেকে থাকে তাহলে কো-অপরেটিভ সোসাইটি অফ ফারমারস আসবে। বি, ডি, ও, অল

extension officers of the block level, officers of the Corporation.

ইত্যাদি থাকবে। কাজেই যে সন্দেহটা সাধারনের মনে আসতে পারে বুঝি। চাষীদের আমরা অবহেলা করে চলেছি। ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, লেবার, ক্ষেতমজুর, যাদের ভূমি নেই, কোনদিন কিছু বলার সুযোগ পায় নি, কোনদিন যারা চাষের সম্বন্ধে চিন্তা করতে পারে নি আমরা তাদের যোগ্য মর্য্যাদার আসনে বসাচ্ছি। বর্গাদারি যারা আইন আমরা করেছি, আমরা তাদের যোগ্য মর্য্যাদার আসনে বসাচ্ছি। বর্গাদাররা উন্মুখ হয়ে আছেন। গ্রাম পঞ্চায়েতে যারা আসতেন, পঞ্চায়েত সমিতির যারা সদস্য হবেন তারা নিশ্চয়ই এ্যাডভাইসরি বডির সদস্য হবেন। কাজেই মাননীয় সদস্যদের এই যে আশংকা সেটা অমূলক আমি বলবো। প্রথমতঃ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো এমন কোন প্রকল্প রচনা

হয়েছে, যখন কোন প্রকল্প রচনা হয়, দুর্গাপুরের বিরাট প্রকল্প রচনা হয়েছে, আমরা দেখেছি অনেক বড় বড় ইলেকট্রিসিটি প্রকল্প হচ্ছে, নদী প্রকল্প হচ্ছে, জনসাধারণের মনের সংগে মিলেমিশে এক হয়ে কোন প্রকল্প পশ্চিমবাংলা কেন সারা ভারতবর্ষে গঠিত হয়েছে বলে আমি জানি না। যারা এই প্রকল্প রচনা করেছেন তারা চিন্তা করেছেন ওই গরীব চাষী, প্রান্তিক চাষী, ওই ক্ষেত মজুরদের নির্বাচিত প্রতিনিধি এবং যারা বিধানসভাতে আছেন, পঞ্চায়েতে আছেন তাদের সংগে মিলেমিশে সামগ্রিকভাবে সকলকে নিয়ে তাদের অভিজ্ঞতাকে নিয়ে এই প্রকল্প এবং এর মধ্যে রূপ দিতে পেরেছি। কাজেই বন্ধুদের কথা সবিনয়ে স্বীকার করতে পারছি না যে এই প্রকল্প হলে এরা স্থান পাবে না। কিসের আমাদের আশংকা—অর্থনৈতিক অসাম্য সৃষ্টি হবে? অনেকে আশংকা প্রকাশ করেছেন এখানে ধনী চাষী যারা আছেন সেই ধনী চাষীরা বুঝি সরকারের টাকা আরও বেশি করে পেয়ে আরও বেশি বড় হবে। গরীব চাষীরা সেই সুযোগ পাবে না। আমি তো একটু আগেই বলেছি মাননীয় অধ্যক্ষ মহাশয় পাড়াগায়ে যারা যান তারা কি দেখেননি পাম্পের জল তারা পাচ্ছে, জমিতে ইলেকট্রিসিটি তারা নিয়ে এসেছে, তারা জমির উপকার পাচ্ছে, সার তারা যেকোন উপায়ে সংগ্রহ করে আনতে পারছে। পাশাপাশি এরা অর্থাৎ গরীব চাষীরা তা পাচ্ছে না। তাই দেবার জন্য পুনরুক্তি হলেও বলছি ওই দেবার জন্য গরীব যারা রয়েছেন, তাদের এই সুযোগটা দেবার জন্য এই প্রকল্প। সুতরাং আমি যা বলছিলাম এতে করে কোন নূতন বৈষম্য সৃষ্টি করা হচ্ছে না।

ভারতবর্ষে, পশ্চিমবাংলায় বৈষম্য আছে আমি অস্বীকার করি না, কিন্তু এই প্রকল্পের দ্বারা আশংকা প্রকাশ করা হয়েছে যে আরো নতুন করে বৈষম্য সৃষ্টি হবে সেটা আমি কিছুতেই স্বীকার করতে পারি না। বরঞ্চ যারা খেটে খাওয়া মানুষ, নিজের জমি যখন চাষ করবেন, নিজের জমিতে যখন ফসল ফলাবেন তখন তার মজুরী, পারিশ্রমিক সেটা যেমন তিনি পাবেন তেমনি এই ফসলের ন্যায্য অংশ, ন্যায্য প্রাপ্য নিশ্চয় পাবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। কেউ হয়ত বলতে পারেন এখানে আমরা কি করছি? আমরা সকলেই বলে থাকি কনসোলিডেসন অব ল্যাণ্ড করবো, অনেক বন্ধুও এই কথা বলে থাকেন এবং অনেক জায়গায় কনসোলিডেসন অব ল্যাণ্ড হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সকলের কাছে নিবেদন করতে চাই কনসোলিডেসন অব ল্যাণ্ড করলেও কি করে হয়? আমার জমি এই জায়গায়, সেই জায়গায়, বিভিন্ন জায়গায় ছড়িয়ে রয়েছে তাকে একজায়গায় এনে চকবন্দী করলাম, কিন্তু আমার পরে যখন পরবর্তী বংশ আসবে তখন সেটা আবার টুকরো টুকরো হয়ে যাবে, কেউ রোধ করতে পারবে না। কেননা, আমাদের দেশে উত্তরাধিকারের যে আইন আছে সেটা এতে কিছুই করতে পারবে না। কিন্তু এখানে যে প্রকল্প রচিত হয়েছে এই চকবন্দী যদি কোনদিন নাও হয়—ইলেকট্রিসিটি এল, জল এল, অন্যান্য ইনপুটস এল, তারপর আমাদের এখানে যে ইনফ্রা-স্ট্রাকচার তৈরী করলাম—প্রথমে একটা প্রকল্প রচনা করলাম যে জমির অংশ টুকরো টুকরো পরিমান হয়ে গিয়েছিল সেগুলিকে একসংগে করলেও বংশপরম্পরায় চকবন্দী অবস্থায় থাকবে কি? হয়ত এক দুই বছর থাকল—চাষের যে সুযোগসুবিধা রয়েছে, যে জন্য চকবন্দী করতে চাই, যে জন্য কনসোলিডেশান চাই চাষের সুযোগসুবিধা করবার জন্য সেটা কিন্তু বংশপরম্পরায় থেকে যাচ্ছে এবং কনসোলিডেসনের যে সুযোগসুবিধা এর মধ্যদিয়ে আসছে সেটা কিন্তু এক বছরের জন্য নয়, বছরের পর বছরের জন্য সেটা আসছে, সেটাকে আমাদের নিশ্চয় সাদরে গ্রহণ করে নিতেই হবে। আমাদের অনেকের সন্দেহ হয়েছে সাধারণভাবে দেশে যে সার উৎপন্ন হচ্ছে, দেশে চাষের জন্য অন্যান্য যে সমস্ত উপকরণগুলি রয়েছে সেই উপকরণগুলি সমস্ত দেশকে বঞ্চিত করে—কোন বন্ধু বললেন শরীর দেহকে বঞ্চিত করে মুখে রক্ত সঞ্চালন করা—তা নয়, কাউকে বঞ্চিত করা হচ্ছে না এবং এই প্রকল্পের অন্তর্ভুক্ত যেমন জায়গা রয়েছে তার বাহিরে যারা যেমনভাবে পাচ্ছেন সেই সরবরাহ ঠিকমত অব্যাহত রেখে দেওয়ার জন্য আলাদা ব্যবস্থা আমাদের নিশ্চয় করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর দ্বারা আর কে উপকৃত হবেন? ছোট ছোট চাষী যারা রয়েছেন, এমন কি সেই জায়গায় যদি কোন সংগতিসম্পন্ন চাষী থাকেন যার ৫০ বিঘা জমি আছে—আমি মাননীয় বন্ধুদের জিজ্ঞাসা করব আপনারা বলুন যদি বিদ্যুতের দরকার হয়, যদি কোন ক্যানেলের প্রয়োজন

হয় তাহলে কে আনতে পারবে? ঐ একটিমাত্র চাষীই বিদ্যুৎ নিয়ে আসতে পারবে। উনি যদি নিয়ে আসতে পারেন তাহলে কত খরচ পড়বে দেখুন, পাশাপাশি গরীব চাষীরাও সেটা পাবেন, উপকৃত হবেন। এই প্রকল্পের মাধ্যমে হচ্ছে কি? একা আনতে হলে অনেক বেশী খরচ পড়বে, কিন্তু এই প্রকল্পের মাধ্যমে সেখানে সমস্ত জমির জন্য বিদ্যুৎ আনা হচ্ছে, সমস্ত জমির জন্য সেচের ব্যবস্থা করা হচ্ছে এবং এজন্য খরচ অত্যন্ত যে কম পড়বে সে বিষয়ে কোন সন্দেহ নেই, হারাহারি অংশ অত্যন্ত কম পড়ে যাবে। এটাতে পরিষ্কারভাবে আমরা দেখতে পাচ্ছি যে আমার যদি এক বিঘা জমি থাকে তাহলে আমি একটা স্যালো-টিউব-ওয়েল করতে পারব না, সাত্তার সাহেবের যদি ১০ বিঘা জমি থাকে, উনি যদি সংগতিপন্ন হন তাহলে করবেন। আমি যে চুপ করে তাকিয়ে থাকব তা নয়, এই প্রকল্পের দ্বারা সাত্তার সাহেব যেমন উপকৃত হবেন, আমিও সেইরকম উপকৃত হব। এই যে উপকার পাবার ব্যবস্থা করা হচ্ছে এর কেউ বিরোধিতা করবেন বলে আমি মনে করতে পারি না এবং আপনারা নিশ্চয় এর বিরোধিতা করতে পারেন না। ক্ষুদ্র চাষীগুলি অনেকদিন থেকে বঞ্চিত হচ্ছে আমরা যারা বলছি, ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছে তার উপকার এদের সামনে পেঁৗছে দেব আমরা যারা বলছি, সেই উপকার যখন দিতে যাব তখন তাতে কেউ বাধা সৃষ্টি করতে পারবেন? মনে মনেও করতে পারেন না, এটা নিজেদের মনকে প্রশ্ন করে দেখুন। ঐ চাষীর উপকার করবার জন্য যে প্রচেষ্টা রয়েছে তাতে অজিতবাবু নিশ্চয় কিছু বাধা দিতে পারেন না। সমালোচনা করার আছে এরজন্য প্রবীন বক্তারা নিশ্চয়ই সমালোচনা করতে পারেন না। আপনারা মনকে জিজ্ঞাসা করলে বুঝতে পারবেন এই যে উপকার তাদের সামনে পেঁৗছে দেওয়া হচ্ছে তার কিছুতেই আপনারা বিরোধিতা করতে পারেন না। হয়ত ভাবতে পারেন বেকার সমস্যা বেড়ে যাবে, ট্রাকটর আসবে, অন্যান্য হয়ত নানারকম টেকনোলজিক্যাল জিনিষ আসবে, কনসোলিডেসন করতে যে বিভিন্ন টেকনোলজি আসবে—আমি সবিনয়ে একটি কথা বিভিন্ন জায়গায় বলে থাকি সেটা হচ্ছে এই, কৃষিকে যদি ঠিকমত আধুনিক শিল্পে রূপায়িত করতে না পারি তাহলে কোনদিনও চাষের উন্নতি হবে না।

(5-55—6-05 p.m.)

আজ কৃষির আধুনিকীকরণ করা চাই। এরজন্য বিজ্ঞানকে কিছুতেই আমরা অবহেলা করতে পারি না। বিজ্ঞান যে সুযোগ সুবিধা বিভিন্ন ক্ষেত্রে এনে দিয়েছে চাষের উন্নতির জন্য তাকে আমাদের পল্লীর ঐ গরীব চাষীর ঘরে পেঁৗছে দিতেই হবে। ঐ যে ১০ কাঠা জমির মালিক সেও যাতে ঐ সুযোগ সুবিধা ভোগ করতে পারে তারজন্যই আমরা সুযোগ এনে দিচ্ছি। এখানে ট্রাকটর আসতে পারে, ইলেকট্রিসিটি আসতে পারে—এসব আসবে। আর এর মাধ্যমে যারা শিক্ষিত যুবক রয়েছে তাদের কাজের সংস্থান হবে। কেউ হবেন ট্রাকটর চালক, কেউ ট্রাকটর সার্ভিসিং স্টেশন করে সেখানে ট্রাকটর সারাবেন, কেউ বিদ্যুতের কাজ শিখে বিভিন্ন যে মোটর ইত্যাদি আসবে সেগুলির কাজ করতে পারবেন। এই ভাবে সেখানে বহু কাজের সংস্থান হবে। যদি বুঝতাম কৃষির ব্যাপারে দৃষ্টি দিয়েই এই পরিকল্পনা স্তব্ধ হয়ে যাবে, পল্লীঅঞ্চলে অর্থ উপার্জনের আর যে সব সংস্থান রয়েছে সে দিকে দৃষ্টি দেওয়া হয়নি তাহলে নিশ্চয় বলতাম কৃষিমন্ত্রী একচোখো হয়ে গিয়েছেন, কিন্তু তা তো নয়,। স্যার, আমি খুব দরিদ্র জায়গা থেকে এসেছি, আমি দেখেছি, ধান কাটা যেই শেষ হল, ধান ঝাড়া যেই শেষ হল ওমনি টি, আর'এর কাজ শেষ করতে হবে। সেখানে দেখেছি, মাঠ ধু ধু করছে, খাঁ খাঁ করছে, সেখানে চাষ হচ্ছে না। কিন্তু এই প্রকল্পের দ্বারা যে বলিষ্ঠ পদক্ষেপ আমরা নিয়েছি তাতে একটা ফসলের জায়গায় গড়ে আড়াইটে করে ফসল আমরা করতে পারবো। ফলে সেখানে যে কৃষি শ্রমিক আগে লাগতো তার জায়গায় বহু বেশী কৃষি শ্রমিক এখন লাগবে। স্যার, বিস্তারিত আলোচনা করবার সুযোগ যদি পাওয়া যেত তাহলে আমি দেখিয়ে দিতে পারতাম এখন যে সমস্ত কৃষি শ্রমিক বা ক্ষেত মজুর রয়েছে এ কাজ তাদের একলার দ্বারা সম্ভব হবে না। স্যার আমার মনেও আগে সন্দেহ ছিল, কিন্তু অঙ্কের হিসাবে দেখেছি—অঙ্কের হিসাব তো অবিশ্বাস করা যায় না, এই প্রকল্প যে এলাকায় রচিত হচ্ছে সেখানে যে শ্রমিক রয়েছে তাদের ছাড়াও বাইরে থেকে হয়ত শ্রমিক নিয়ে আসতে হবে। কাজেই আমি বলব, কারুর মনে

এ রকম আতঙ্ক সৃষ্টি হবার কোন কারণ নেই যে ট্রাকটর এলে বা ইলেকট্রিসিটি এলে সেখানে বেকার বেড়ে যাবে। ফসল সেখানে ২ গুন, আড়াই গুন বেড়ে যাচ্ছে সুতরাং এ আশঙ্কা অমূলক। তারপর আরো বিভিন্ন যে দিক রয়েছে যেমন— পোলট্রি এখানে হবে, ডেয়ারী ফার্ম হবে, [illegible] উন্নতি করতে হবে, মার্কেটিং যাতে ভাল ভাবে করা যায় তার ব্যবস্থা করতে হবে, ওয়ার হাউস করে চাষীর যাতে লোকসান না হয় সে ব্যবস্থা করতে হবে ইত্যাদি নানান দিক দিয়ে সর্বাঙ্গীন উন্নতি করতে হবে। যে সুমহান উদ্দেশ্য নিয়ে আমাদের প্রধানমন্ত্রী বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে ব্যাংক জাতীয়করণ করেছিলেন যে টাকা বিড়লার মতন বড় বড় লোকেদের বঞ্চিত করে ঐ গরীব লোকেদের উপকারের জন্য এই টাকাটা লাগাবার চেষ্টা করতে হবে, আমরা সেই চেষ্টাই করছি। সুতরাং মাননীয় সদস্যদের সবিনয়ে নিবেদন করবো যে এই বিলের বিরোধিতা আপনারা নিশ্চয় করবেন না। অনেক আশা অনেক প্রত্যাশা নিয়ে গ্রামের ঐ চাষী পরিবার, ক্ষেত মজুররা তাকিয়ে রয়েছে— তারা পোলট্রি করবে, ডেয়ারি করবে, যানবাহন পরিচালনা করবে, বিভিন্ন রকম ভাবে তাদের উন্নতি হবে। আমি নিশ্চয় বলছি না যে, এটা হয়ে গেলেই আমরা দেশকে একেবারে সোনায় মুড়ে দেব, কিন্তু এটা বলছি আমাদের তো চুপ করে বসে থাকলে চলবে না, এক পা এক পা করে আমাদের এগুতেই হবে। আজকে তারই জন্য সুযোগ সৃষ্টি করা হয়েছে। ঐ ছেঁড়া, ময়লা কাপড় পরা লোক যে কোনদিন কল্পনা করতে পারে না জীবনদীপ বিল্ডিং'এ এসে লোন নেবে আজকে তারজন্য সরকার ভার নিয়েছে, প্রজেক্ট অফিসার ভার নিয়েছে। কাজেই এই দায়িত্ব যখন সরকার বহন করছেন তখন সকলে সহযোগিতা করবেন এবং চাষীর মুখে হাসি ফুটিয়ে তোলবার জন্য সর্বাঙ্গীন যে উন্নয়ন পরিকল্পনা রচিত হয়েছে সুনিশ্চিতভাবে তাকে সমর্থন করবেন এই আশা করে আমি শেষ করলাম।

Second Report of the Committee on Rules

Mr. Speaker : I, the Chairman of the Committee on Rules, have the honour to submit this Second Report of the Committee.

The Committee met to-day, the 25th of April, 1974 in my Chamber in the Assembly House and recommended the following amendments to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, namely :—

In the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, in chapter XXV, in sub-rule (2) of rule 303D for the word "ten", the word "thirteen" shall be substituted.

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কৃষিমন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত সি, ডি, পি বিল আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। দেখছিলাম বিলের নোট অব ডিসেন্টগু। আর, এস, পি'র বন্ধু, প্রদ্যোত মহানতী মহাশয়, এবং সি, পি, আই-এর কিছু বন্ধু সদস্য এবং সেই সঙ্গে আছেন বিশ্বনাথ মুখার্জী মহাশয়। তাতে কয়েকটা শব্দ লেখা আছে— কোথাও কোথাও সমাজতান্ত্রিক ব্যবস্থা, কোথাও কোথাও পুঁজিবাদী ব্যবস্থার কথা লেখা আছে। আমি সেইসব বিষয়ে পরে আসবো। কিন্তু এই পবিত্র বিধানসভায় দাড়িয়ে আজকে আমার একটা কথা মনে পড়ছে। এই বিধানসভায় দাঁড়িয়ে একদিন মুর্শিদাবাদের এক সন্তান স্বর্গীয় বিমল চন্দ্র সিংহ মহাশয় নিজে জমিদার হওয়া সত্ত্বেও এই বিধানসভায় জমিদারী উচ্ছেদ আইন এনেছিলেন। আর আজ মুর্শিদাবাদের আর এক সন্তান এখানকার পবিত্র বিধানসভায় যে বিল এনেছেন তাতে আমাদের এই ধারণা হচ্ছে যে লক্ষ লক্ষ কোটি কোটি নিষ্পেসিত, নির্য্যাতিত মানুষের মুক্তি সন্ধান মিলবে। ওরা ভাবেন, ওদের ভাবা স্বাভাবিক কারণ ওরা আর একজনের কাজকে কখনই ভাল নজরে দেখেন না। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, এই বিলে আজকে আমরা যে ব্যবস্থাপনার কথা দেখেছি তাতে নিশ্চিতভাবে আজকে আমরা একটা সামাজিক লড়াইয়ের বিরুদ্ধে নামছি। আজকে আমরা একপ্রকার কায়েমী স্বার্থসম্পন্ন কিছু কিছু ব্যক্তির স্বার্থের বিরুদ্ধে লড়াইয়ে নামছি। এই মানসিকতার দিক থেকে যে প্রস্তুতি, আমি বলবো যে এই প্রস্তুতি অত্যন্ত বলিষ্ঠ পদক্ষেপ সরকারের তরফ থেকে এটা ভেবে দেখতে হবে। দীর্ঘদিন ধরে বিধানসভায় সেই ক্ষেতমজুর, সেই ভূমিহীন চাষী, সেই প্রান্তিক ছোট জমির চাষী তাদের স্বার্থের কথা বারবার উৎথাপিত হয়েছে। এই সি, এ, ডি, পি, বিলে আমি মনে করি যে সমস্ত মানুষ, যারা অর্থনৈতিক শোষণে শোষিত হচ্ছিল সেই শোষণের হাত থেকে মুক্তির সন্ধান পাওয়া যাবে। ভয়, আতঙ্ক চারিদিক থেকে যদি আসে তাহলে সেই আতঙ্কের কোন ঔষধ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রোগের ঔষধ আছে কিন্তু রোগগ্রস্তের, আতঙ্কের কোন ঔষধ নেই। আজকে ওদের অতীত দিনের কথা স্মরণ করিয়ে দিতে চাই। অজিত বন্দ্যোপাধ্যায় মহাশয় সি, পি, আই বন্ধুদের বলি তারা এই সরকারে এসে ভাগচাষীকে ৭৫ ভাগ ফসলের ব করেছিলেন। আপনারা বলুনতো ১৯৭২ সালের পরে কয় জায়গায় দাঁড়িয়ে ৭৫ ভাগ ফসল ভাগচাষীকে আদায় করে দেবার জন্য কংগ্রেসের মোর্চা বা আপনারা এককভাবে লড়াই করেছেন? কিন্তু বর্গাচাষীদের বংশানুক্রমের ভিত্তিতে গুরুপদ খাঁ মহাশয় রেকর্ড করতে চলেছেন। কয়টা জায়গায় দাঁড়িয়ে সেই রেকর্ডের জন্য আর, এস, পি, বন্ধুরা লড়াই করে চলেছেন? তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে একটা প্রশ্ন জাগে যে যখন কোন ভাল কাজ করতে যাওয়া হয় তখন অপর পক্ষের মনে সংশয় ঐ এমনভাবে জেগে ওঠে, যে সংশয় জনমানসে প্রতিফলিত করে রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করা আগামীদিনের একটা সুপরিকল্পিত সুদুর পরিসরের প্রকল্প হিসাবে তারা ভেবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, আজকে সি, এ, ডি, পি, প্রোগ্রাম যখন আমরা আনি তখন এই গ্রামের যে এলাকা সি, এ, ডি, পি, প্রোগ্রামে নেওয়া হয়েছে সেখানকার চাষীদের মধ্যে এক সমীক্ষার কাজ চালান হয় চাষীর ঘরের সন্তানদের দিয়ে। তাদের আর্থিক অবস্থার কথা, তাদের জমিজমার পরিমাণের কথা এবং তাদের বৈষয়িক অবস্থার কথা জেনে নেওয়া হয়েছে। আমরা সমস্ত বিচার করে এক জায়গায় কনসোলিডেটেড করে তার উপরে মাপের ভিত্তিতে আজকে সি, এ, ডি, পি, তার কাজ হাতে নিতে চলেছে। আমি মনে করি আজকে দীর্ঘদিন ধরে যে ক্ষেতমজুরদের কথা বলে আসছিলাম, এই প্রকল্পের মাধ্যমে যে কর্পোরেশান গঠিত হবে তার মধ্যে দিয়ে ন্যূনতম মজুরীর যে আইন পশ্চিমবাংলার স্বার্থে, ক্ষেতমজুরের স্বার্থে তৈরী করে বাস্তবে রূপায়িত করা হবে। তাদের আর কোন রকম জোতদারের দ্বারস্থ হতে হবে না।

কোন জোতদারের দারস্থ হবে না, এবং এই যে কর্পোরেশন, এই কর্পোরেশন সেই সমস্ত ক্ষেত মজুর, যাদের দাবি দাওয়া আদায়ের জন্য প্রতিটি রাজনৈতিক দলের কৃষক সংগঠন মায়া কান্না কেঁদে থাকেন, তাদের আর কাঁদতে হবে না। আমরা যে আন্তরিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি, সেই প্রচেষ্টার স্বার্থক রূপায়ন হবে বলে আমরা মনে করি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা নিশ্চয়ই জানেন এই সি,এ,ডি,পি, প্রগ্রামের মধ্যে আমাদের যে সমস্ত ব্যবস্থা রয়েছে তাতে আমরা সামগ্রিক ভাবে এর এগ্রিকালচারাল ইমপুট্স এবং যে সমস্ত সাধারণ অধিকার, সমস্ত সরবরাহ করার ব্যবস্থা করেছি। এবং সেখানে ছোট ছোট চাষী, প্রান্তিক চাষী, যারা সেচের ট্যাক্স বহন করতে পারে— তাদের সেচের জল দেবার ব্যাপারে পক্ষপাতমূলক মনোভাবে নয়, এই রকম অভিযোগ আসে, এই ক্ষেত্রে তার অবকাশ নেই। সেখানে সেচের ব্যবস্থার সুষ্ঠু পরিকল্পনা থাকবে, বীজ সরবরাহের ব্যবস্থা থাকবে, সার সরবরাহের ব্যবস্থা সুষ্ঠু ভাবে করা হবে। আজকে সেদিক থেকে আমি বলবো যে পশ্চিমবাংলায় যে কটা জায়গায় এই সি,এ,ডি,পি; প্রগ্রাম নেওয়া হয়েছে— অতীতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটা কথা মনে পড়ে গেল তদানিনতন কংগ্রেস পক্ষের রাষ্ট্রমন্ত্রী শ্রী বন্দোপাধ্যায় যখন নদীয়া এবং অন্যান্য জেলায় ডিপ টিউবওয়েলের ব্যবস্থা করছিলেন তখন আর একটা রাজনৈতিক দল সি,পি,এম, মুর্শীদাবাদ জেলায় গ্রামে গঞ্জে প্রচারে নেমে গিয়েছিলেন যে এই ডিপ টিউবওয়েলের দ্বারা চাষের উপকার হবে না, এই জলের মধ্যে দিয়ে বেরিয়ে পড়বে আইরন। আজ দীর্ঘদিন পার হয়ে

গেছে এবং এই কথা আমরা আজকে ভেবে দেখবার অবকাশ পেয়েছি যে সেটা ব্যর্থ হয়নি। ডিপ টিউবওয়েল রিভারলিফ্‌ট, ব্যর্থ হয়নি এবং শ্যালো টিউবওয়েলও ব্যর্থ হচ্ছে না। সুতরাং আতঙ্কিত হয়ে, আশঙ্কা করে, সামগ্রিক ভাবে যে পরিকল্পনা নেওয়া হয়, তার বিরুদ্ধে জনমত সৃষ্টি করার প্রয়াস করতে হবে যাতে এই রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ না হয়। এই যে প্রগ্রাম আমরা নিয়েছি, এই পরিকল্পনার মাধ্যমে গ্রামাঞ্চলের সর্বত্র চাষীদের সামগ্রিক স্বার্থের একটা উপকরণ হিসাবে দেখা যাবে। এই ভাবে আস্তে আস্তে গ্রামাঞ্চলে মানুষের খাদ্যের যে চাহিদা-- সেটা এক জমিতে বারবার ফসল ফলিয়ে চাষীদের উপকরণ যোগাবে এবং পশ্চিমবাংলার চার কোটি ৬৭ লক্ষ লোকের সামগ্রিক ভাবে খাদ্য সুরাহা হবে। এই যে উদ্যোগ এবং তৎপরতা, এই তৎপরতাকে আন্তরিক অভিনন্দন না জানিয়ে, রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত হয়ে এখানে কিছু কিছু সদস্য যে বক্তব্য রেখেছেন, তাদের সেই বক্তব্য পশ্চিমবঙ্গের স্বার্থের পরিপন্থী বলেই মনে করি। এই যে তৎপরতা আমাদের মন্ত্রী মহাশয় নিয়েছেন, তার জন্য তাঁকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(6-05—6-15 p.m.)

Shri Ghiasuddin Ahmed :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী সি,এ,ডি,পি, বিল যা এখানে এনেছেন, সেই বিলটাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি একজন গ্রামের মানুষ, এই বিলটা আমি ভাল ভাবে পড়েছি। আমার মনে হয় কৃষি উন্নয়নের ক্ষেত্রে এটা একটা যুগান্ত সৃষ্টিকারী বিল। আমার ধারণা বাংলার কৃষক সমাজের সামনে এই বিলটা একটা নুতন দিগন্তের সন্ধান দেবে। এই বিলের উদ্দেশ্য সুপরিকল্পিত ভাবে এবং পর্য্যায়ক্রমে কৃষি উন্নয়নের পক্ষে ফলপ্রসু হবে। সেই সঙ্গে কুটির শিল্পেও উন্নয়ন ঘটবে। এই ব্যবস্থার ফলে পশুপালন, দুগ্ধ উৎপাদন, কুটির শিল্প, এইগুলো সমান ভাবে গড়ে উঠবে। বাংলার যে ভেঙ্গে পড়া অর্থনৈতিক অবস্থা, এই অবস্থার উন্নতি সাধন হবে। এই ব্যবস্থার ফলে শুধু কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে না, ন্যায় বিচারের ভিত্তিতে এই উৎপাদিত যে ফসল তা সমাজের অত্যন্ত দরিদ্র শ্রেণীর কাছে পৌঁছে দিতে পারবে।

আমাদের পশ্চিমবাংলায় কৃষিযোগ্য ভুমির পরিমাণ হচ্ছে ১ কোটি ৩৮ লক্ষ একর। আর আমাদের পশ্চিমবাংলায় ভুমিহীন কৃষক সমেত সমস্ত প্রকারের কৃষক পরিবারের সংখ্যা ৫৫ লক্ষ। যদি এই ৫৫ লক্ষ পরিবারকে মাথাপিছু সমস্ত জমি বিলি করে দেওয়া হতো তাহলে হয়ত আড়াই একর জমি প্রত্যেকে পেত। এই আড়াই একর জমিকে আধুনিক ব্যবস্থার মাধ্যমে সুপরিকল্পিতভাবে চাষ করলে, যে মানুষগুলি সমাজে দারিদ্র সীমার নীচে বাস করছেন, তাদের দারিদ্র সীমার উর্ধে নিয়ে আসা সম্ভব হত। কিন্তু আমাদের যে ব্যবস্থা চালু আছে, সেই ব্যবস্থা চালু থাকার জন্য আমাদের মোট জনসাধারণের ৭০ ভাগ লোক দারিদ্র সীমার নীচে বাস করছেন। এখন এখানে বলা হচ্ছে খেতমজুর, ভাগচাষী, ছোট চাষী, প্রান্তিক চাষী, যারা বছরে ২।১টি ফসল করতে পারেন, কিন্তু যার দ্বারা তাদের সারা বছরের অন্নের সংস্থান হয় না, এই সি,এ,ডি,পি'র মাধ্যমে তাদের দরিদ্র অর্থনৈতিক অবস্থার উন্নয়ণ করা সম্ভব হবে এবং এটা আমাদের দৃঢ় বিশ্বাস। স্পেসিফায়েড এরিয়ায় সমস্ত ধরণের কৃষকদের চাষের সব রকমের সুযোগ সুবিধা দেওয়া হবে, আর স্পেসিফায়েড এরিয়ায় যে চাষ হবে সেটা দুই থেকে তিন ফসল হবে এবং এর জন্য কৃষকের যে অর্থ প্রয়োজন হবে তা তারা ব্যাংকের কাছ থেকে ঋণ হিসাবে পাবেন এবং সেটা সুদ সমেত ফসলের দ্বারা শোধ করতে হবে। বাকি ফসল তারা নিজেদের জন্য নিতে পারবেন। প্রয়োজন যদি হয় কৃষক সেই ফসল গভর্ণমেন্ট ওয়ার হাউসে জমা দিয়ে রাখতে পারেন এবং ফসলের যখন দাম বৃদ্ধি হবে তখন সেটা তারা বিক্রি করে দিয়ে লাভবান হতে পারবেন। সমস্ত রকম কৃষি ইমপুটস্‌-এর যোগান যাতে পাওয়া যায় সেই জন্য বিভিন্ন শ্রেণীর কর্পোরেশন করার ব্যবস্থা এই বিলে আছে। সমস্ত প্রকল্পের পরিচালনা করবেন প্রজেক্‌ট ডিরেকটর, তিনি তাঁর নিজের ইচ্ছামত কৃষি উন্নয়ণের কাজ করবেন। তাঁকে সাহায্য করবার জন্য থাকবে একটা এডভাইসারী কমিটি। সমস্ত ধরণের কৃষক,

বি,ডি,ও, কৃষি সম্প্রসারণ আধিকারিক ইত্যাদিকে নিয়ে এই কমিটি গঠিত হবে। কৃষিকদের ঋণের হাত থেকে বাঁচাবার জন্য ডেট সেটেলমেন্ট বোর্ড গঠন করা হবে। আর একটা জিনিষ থাকবে, পূর্বেও যেটার কথা বলা হতো, সেটা হচ্ছে ধর্মগোলা। ভলেনটিয়ারি কন্ট্রিবিউশনের মাধ্যমে এটা গড়ে উঠবে। কৃষকরা দুর্দশাগ্রস্ত যখন হবে তখন এই গোলা থেকে ঋণ নিয়ে সেই সমস্ত ক্ষেত্রে তারা কাজ করতে পারবেন। এই সমস্ত প্রগতিশীল ব্যবস্থাগুলি এই বিলে থাকার জন্য বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

Shri Mahadeb Mukhopadhyay :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করি। এই বিল যদি চিন্তা করে দেখি তাহলে দেখব চাষের মাধ্যমে পশ্চিমবাংলাকে ডেভেলপ করার একটা বৈপ্লবিক চিন্তা এর মধ্যে আছে। এই পরিবর্তন করতে গেলে কি করা দরকার সেই চিন্তা এখানে করা হয়েছে। এখন যে একটা মানসিকতা আছে তাকে কাটিয়ে বড় জোতদার-এর তার জোতের যারা ছোট চাষী তাদের সব একত্র করে ১০ হাজার জমিতে চাষ করার একটা পরিকল্পনা করা হয়েছে। এর দ্বারা পারস্পরিক একটা যৌথ গোষ্ঠী তৈরী হচ্ছে। চাষের দিক থেকে এর দ্বারা একটা বড় উন্নতি হবে এবং সেখানে বড়, ছোট, মাঝারী সকলের মধ্যে একটা সমন্বয় হবে এবং এর মাধ্যমে একটা মেনটাল রেভলিউসান হবে। এই পরিবর্তন সারা ভারতবর্ষে একদিন আসবে এবং সেই পরিবর্তনের দরজা এই পরিকল্পনার মাধ্যমে খোলা হল। এই কর্পোরেশন-এর মাধ্যমে নিম্নমানের দরিদ্র চাষীরা চাষেরই যে শুধু সুযোগ পাবে তা নয়, এর দ্বারা কুটির-শিল্প, গ্রামীনশিল্পও পুনরুজ্জীবিত হবে এবং এর মাধ্যমে কিভাবে জীবনযাত্রার মান উন্নত হবে তার জন্যও কর্পোরেশন ব্যবস্থা করবে। এই পরিকল্পনা পরিচালনা করার জন্য যে সমস্ত এ্যাডমিনিস্ট্রেসান ব্যবস্থা হয়েছে তার মধ্যে একটা এ্যাডমিনিস্ট্রেসান বোর্ড থাকবে। এখন যে পঞ্চায়েৎ আমাদের দেশে আসছে সেটা ডিসেনট্রেলিভস হবে এবং সেই পঞ্চায়েৎ এই এ্যাডভাইসারি বোর্ড-এর মাধ্যমে গিয়ে পরিচালিত হতে পারবে এবং সত্যিকারের দরিদ্র মানুষের মিনিমাম নিড-এর দ্বারা মিট হবে। এই পরিকল্পনা আঞ্চলিক বলেও অভিনন্দনযোগ্য এবং এর মধ্য দিয়ে যে মানষিকতা সৃষ্টি হবে সেটাও কম কথা নয়। এই বিলের উপর খুব বেশী কথা না বলে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-15 – 6-25 p.m.]

Shri Tuhin Kumar Samanta :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা বলতে চাই। ২৭ বছর ধরে আমরা যদি গ্রামীন অর্থনীতি ও কৃষির কথা চিন্তা করি তাহলে আমরা দেখব এ বিষয়ে কয়েকবার চেষ্টা করা হয়েছে একবার কো-অপারেটিভ-এর মধ্য দিয়ে আর একবার ফারমিং সোসাইটি-র মাধ্যমে। এবার নূতনভাবে চিন্তা করা হয়েছে কিভাবে গ্রামীন অর্থনীতির সাবিক উন্নতি করা যায়। একদিন ইণ্ডাস্ট্রিয়াল অর্থনীতির উপর নজর ছিল। কিন্তু আজ চিন্তা করা হচ্ছে আমাদের দেশের প্রোডাকশানকে গ্রাম ভিত্তিক করতে পারবে কিনা বা প্রোডাকশানকে গ্রামের উন্নতির দিকে লক্ষ্য রেখে করতে পারব কিনা এবং যদি তা পারা যায় তাহলে সেটাকে বলা যেতে পারে একটা ব্রেক থ্রু।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি কো-অপারেটিভের ক্ষেত্রে উইফেল্ড। মহারাষ্ট্র হয়ত কিছুটা অগ্রগতি হয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ ফেল করেছে। আমরা বর্তমান গ্রামীন চিত্রগুলি যদি পর্যালোচনা করে দেখি তাহলে দেখব সি,এ,ডি,পি, প্রোগ্রাম একটা বৃহৎ প্রোগ্রাম। নিশ্চয়ই এটা একটা বেসিক থিং কিং-এর মধ্য দিয়ে একটা বেসিক ইকনমিক রুট, সেই ইকনমিক রুটকে টেনে নিয়ে আসার যে প্রচেষ্টা তারজন্য অভিনন্দন জানাই। আমি সন্দেহ বাতিক নই, আমি বিশ্বাস রাখি, আস্থা রাখি, আজকে সেই বেসিক

ক্ষেত্রের অবস্থাটা আমাদের দেখার প্রয়োজন আছে। আজকে গ্রামের জমির দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন সাব-ডিভিসানে ফ্র্যাগমেন্টেসান কৃষি ক্ষেত্রে একটা বিরাট অন্তরায় হয়ে রয়েছে, মেথডসের ক্ষেত্রে আর একটা বিরাট অন্তরায়। সাব-ডিভিসান ফ্র্যাগমেন্টেসান, পুরানো কায়দায় চাষ, পুরানো বৈচিত্রতা, পুরানো মন, সব মিলিয়ে যে কারণে কো-অপারেটিভ সোসাইটি ফেল করেছে সেই মানষিকতা নিয়ে যদি আমরা সি.এ.ডি.পি.-কে দেখার চেষ্টা করি তাহলে আমরা আবার ফেল করব সেই বিষয়ে কোন সন্দেহ নেই। মানসিকতার পরিবর্তন হওয়া প্রয়োজন। বলবেন ম্যানেজমেন্টের কথা। কিছুক্ষণ আগে যে কথা বলছিলেন এলাকা ভিত্তিক ম্যানেজমেন্ট অথরিটি থাকবে, আমি কিন্তু বিশ্বাস করি না তাদের হাতে দায়িত্ব দিলে গ্রামীণ উন্নতি সর্বাঙ্গীনভাবে হয়ে যাবে। আমরা কি লক্ষ্য করেছি কৃষি ক্ষেত্রে, সরকারী সারের কথা বলছি না, ঠিক সময়ে বীজ পৌঁছাতে পারে না, গ্রামে গ্রাম সেবক আছে, ব্লক অফিসার আছে, ব্লক ডেভেলপমেন্টের জন্য অনেক কিছু আছে, সরকার অনেক টাকা খরচ করেন, কিন্তু চাষের জন্য যে মানসিকতা চাষীদের মনে তৈরী করে দেওয়া প্রয়োজন সরকারী প্রশাসন যন্ত্র সেখানে ফেল করেছে। সেই জায়গায় সি.এ.ডি.পি. প্রকল্প নেবার সময় আমাদের নতুন করে বিশেষভাবে চিন্তা করার প্রয়োজন আছে। তার কারণ, যেখানে আমরা বলতে পারি নো মোর ইনডাস্ট্রি, গ্রামের দিকে ফিরে চল, গ্রামের অর্থনীতি বাড়াও, প্রোডাকসান বাড়াও, আমি ইকনমিকসের অন্য দিকের কথা বলতে চাই না, প্রোডাকসান কখন আপ করে কখন ফল করে বা তার সর্বোচ্চ সীমা কি সে কথা বলতে চাই না, কিন্তু একথা বলতে চাই সমস্ত কিছু নির্ভর করে সুষ্ঠু চিন্তাধারা এবং সুষ্ঠু পরিচালন ব্যবস্থার উপর। গুরুপদবাবু বললেন রাস্তা হবে মাটি হবে ডেয়ারী হবে পোল্ট্রি হবে এবং পোল্ট্রি-র নামে পশ্চিমবঙ্গে কোটি কোটি টাকা বহু কো-অপারেটিভ সোসাইটি নিয়েছে কয়টা পোল্ট্রি টিকে আছে? ঠিক এই রকমভাবে যদি দেখি তাহলে দেখতে পাব পশ্চিমবঙ্গ এমন একটা জায়গা এবং তার প্রশাসনের মধ্যে এমন কতকগুলি ফাঁক আছে যে ফাঁকগুলি সমস্তগুলিকে হজম করে নেয় পোল্ট্রি বলুন, ডেয়ারী ডেভেলপমেন্ট বলুন., কি ফিসিং সিসটেম বলুন, কি ফার্মিং সোসাইটি বলুন সমস্ত কিছু। আজকে তাই মানষিকতার পরিবর্তনের প্রয়োজন আছে এবং মানষিকতা পরিবর্তন ঠিক সরকার এবং জনসাধারণের মধ্যে যদি একটা সমতা না আনা যায়, যাকে বলে ইন্টারলিঙ্ক সেটা যদি না করা যায় তাহলে সি.এ.ডি.পি, যতই প্রোগ্রাম নেন, যতই বলুন যে এখানে স্মল স্কেল ইনডাস্ট্রিজ হবে, তাহলে স্মল স্কেল ইনডাস্ট্রি ডিপার্টমেন্ট তুলে দেওয়া উচিত ছিল, কিছুই হয়নি, কটেজ ইনডাস্ট্রি কিছুই হয়নি, কটেজ ইনডাস্ট্রি দপ্তর ছিল, স্মল স্কেল ইনডাস্ট্রি দপ্তর আছে, স্মল স্কেল হয়নি, কটেজ ইনডাস্ট্রিও হয়নি, কিছুই হবে না। আজকে কেন্দ্রীয় সরকার চিন্তা করছেন যে ২শো কোটি টাকার ফার্টিলাইজারের ব্যবস্থা করবেন। আমরা ঐ ২শো কোটি টাকার যদি গ্যাস প্ল্যান্ট তৈরী করতে পারতাম গ্রামে গ্রামে তাহলে গ্রামের অর্থনীতির পরিবর্তন সাধন করতে পারতাম। আনন্দবাবুর সঙ্গে কথা হচ্ছিল, উনি বললেন ৫০ হাজার টন গ্যাস প্ল্যান্ট করার চেষ্টা করছি। ভাল কথা, কিন্তু সমস্ত কিছু নির্ভর করে মানষিকতার উপর। অত্যন্ত আনন্দের সঙ্গে বলতে চাই এই মানসিকতা পরিবর্তন করতে পারে একমাত্র যুব সমাজ। যুব সমাজ যদি নতুন চিন্তাধারা, নতুন প্রচেষ্টা, উদ্দম নিয়ে গ্রামীন অর্থনীতি চিন্তাধারার মধ্যে নিজেদের নিয়োজিত না করে তাহলে আমি বিশ্বাস করি এই প্রকল্প ফেল করবে। আমি মনে করি আজকে গ্রামে যেসব যুবক হতাশায় ভুগছেন তাঁদের কাছে এই প্রকল্প একটা পথ নির্দেশ। কিন্তু এই পথ নির্দেশ সব থেকে বড় কথা নয়, সব চেয়ে বড় কথা হচ্ছে, এই সরকার এবং তার ম্যানেজমেন্ট।

সেই ম্যানেজমেন্ট সেই যুব-সম্প্রদায়কে কতখানি পথ নির্দেশ করতে পারবে সে সম্পর্কে আমার সন্দেহ আছে। তাই, আমি কৃষিমন্ত্রীকে মহাশয়কে বলতে চাই সমস্ত কিছু করুন জমি সংরক্ষণ করুন বা অসংরক্ষণ করুন একটা এলাকা ভিত্তিক করুন বা না করুন কিন্তু আসল কথা হচ্ছে মানসিকতা পরিবর্তন করার জন্য জনমত গঠন করার প্রয়োজন আছে এবং জনসাধারণকে উত্তাল তরঙ্গের সঙ্গে সংযুক্তি করার প্রয়োজন আছে তা নাহলে ই প্রকল্প সাফল্যমণ্ডিত হবে না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-38 p.m.]

Shri Harish Chandra Mahapatra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিমন্ত্রী মহাশয় যে উদ্দেশ্য নিয়ে এই সি,এ,ডি,পি, বিল বিধানসভায় এনেছেন, সেই উদ্দেশ্য আমি সম্পূর্ণ সমর্থন করি। সমর্থন করি এই কারণে যে স্বাধীনতার বহু বৎসর পরে গ্রামবাংলার অর্থনীতিকে পুনর্গঠন করার জন্য, গ্রামবাংলার কৃষিক্ষেত্রে অর্থ লগ্নী করার জন্য, গ্রামবাংলার যে সব দরিদ্র মানুষ তাদের অবস্থা ফেরাবার জন্য এই যে বিল আনা হয়েছে, এই উদ্দেশ্যকে সম্পূর্ণভাবে সমর্থন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল, এই বিল শুধু যে কৃষিক্ষেত্রে উন্নতি ঘটাবে তা নয়, তার সঙ্গে সঙ্গে শিল্পকে পুনর্গঠন করবে এবং শিল্প বিকাশ হবে। এই বিলের উদ্দেশ্য সত্যিকারের এই পশ্চিমবাংলায় যে ঝিমিয়ে পড়া অর্থনীতি সেই অর্থনীতিকে চাঙ্গা করে তুলবে এবং তার ফলে পশ্চিমবাংলার সাধারণ মানুষ, গ্রামবাংলার শিল্প এলাকা উভয়েই উপকৃত হবে। এই বিলে ইন্সটিটিউশন্যাল ফিনান্স যেটা এনে দেবার কথা বলেছি, যেটা অকেজো হয়ে পড়ে আছে, যেটা শিল্পক্ষেত্রে নিয়োজিত হয়, বড় বড় কোটিপতির স্বার্থে এইরকম নিয়োজিত হয়েছে যাতে সেই ব্যাংকের টাকা আমরা কৃষিক্ষেত্রে নিয়োজিত করতে পারবো, সাধারণ মানুষের উন্নতির জন্য এই টাকা ব্যয় করতে পারবো এবং কৃষিক্ষেত্রে পরিবর্তন ঘটবে এবং সেই সঙ্গে সঙ্গে শিল্পের উন্নতির জন্য এরা সাহায্য করবে। নানরকম রাসায়নিক সার, পাম্প সেট, নলকূপ ইত্যাদি তৈরীর শিল্প যেগুলি সেগুলিরও উন্নতি ঘটবে। এর ফলে পশ্চিমবাংলার অর্থনীতিতে যে বিপুল গতিবেগ সৃষ্টি হবে সেই গতিবেগের ধারা নিশ্চয়ই আমাদের প্রত্যেকের জীবনে আঘাত করবে। আর একটা কথা হচ্ছে যে প্রোজেক্ট ডাইরেক্টরের যে ক্ষমতা সে সম্পর্কে সমালোচনা করা হয়েছে। এই ক্ষমতা থাকা প্রয়োজন যাতে ব্যাংকের অর্থলগ্নীর সেই মূলধন যাতে নিরাপত্তা থাকে, সেই অর্থ যাতে ফিরে আসতে পারে, সেই অর্থ যাতে নষ্ট না হয় তারজন্য তার ক্ষমতা থাকা প্রয়োজন। সেইসঙ্গে যে এ্যাডভাইসরি বোর্ড, কনস্টিটিউশান হচ্ছে সেটা যাতে রেগুলেশানের দ্বারা প্রোজেক্ট ডাইরেক্টরের উপর কিছু নিয়ন্ত্রণ থাকে সেটা নিশ্চয়ই কৃষিমন্ত্রী মহাশয় রেগুলেশান তৈরী করার সময় নজর দেবেন। পশ্চিমবাংলার যে বেকারী, অর্ধ-বেকারী, যারা এখনও কাজ পায়নি, যারা বিভিন্ন উগ্রপন্থী রাজনীতির স্বীকার হচ্ছে, যারা বছরে ৯ মাস কোন কাজ পায়না এবং না পেয়ে বভুক্ষুতে দিনপাত করে তাদের ক্ষেত্রে এটা আশীর্বাদ স্বরূপ হবে।

এটা শুধু যারা মাজিনাল ফারমার্স, স্মল ফারমার্স, যারা ভূমিহীন চাষী, যারা কৃষিক্ষেত মজুর তাদের উপকারসাধন করবে না, সকলেরই উপকারসাধন করবে, সকলের ক্ষেত্রেই আয় বাড়বে। তাদের আয় বাড়ার সঙ্গে সঙ্গে তাদের ক্রয় ক্ষমতাও বাড়বে এবং দেশের সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত হবে। এই যে বিকাশের ধারা এটা যদি অব্যাহত থাকে, আশা করছি পশ্চিমবাংলার গ্রামবাংলার বিশেষতঃ কৃষিক্ষেত্রে উন্নয়নের সঙ্গে সঙ্গে নিশ্চয়ই সমবায়িক মনোভাবের সৃষ্টি হবে, এবং সকলে হাত মিলিয়ে চলবার চেষ্টা করবে। এই ব্যাপারে যদি পশ্চিমবাংলার বিপুল জনসমষ্টি যোগ দেয়, তাহলে বিলের উদ্দেশ্য সার্থক হয়। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Aftabuddin Mondal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে সর্বপ্রথম মাননীয় সাত্তারসাহেব সি,এ,ডি,পি, প্রকল্প যে বিল তুলেছেন, সেই বিল সমর্থন করে, আমি কয়েকটি কথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। অনেক অনেক কারণে সমালোচনা করেছেন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিই। পশ্চিমবাংলায় প্রগতিশীল আইন অনেক আছে, মতবাদ আছে, আমরা বার বার এই বিধানসভা থেকে প্রগতিশীল আইন পাশ করে পশ্চিমবাংলার মানুষের কাছে পৌঁছে দিয়েছি। কিন্তু দেখা গিয়েছে, সেই সমস্ত প্রগতিশীল আইনগুলি ইমপ্লিমেন্টেশনের অভাবে মৃত্যু ঘটেছে। সেই মেশিনারি আমরা তৈরী করতে পারিনি, এই দোষ আমাদের রয়েছে। কমিউনিস্ট পার্টির বন্ধুরা যে সমস্ত কথা বলেছেন, আমি সেই সমস্ত সমালোচনা শুনেছি। তাদের কাছে একটা প্রশ্ন আমি রাখতে চাই। তাঁরা তো তেভাগা

আন্দোলন পশ্চিমবাংলায় করেছিলেন, কিন্তু কার্যতঃ সেটা পালিত হচ্ছে কি? তা আন্দোলন করেছিলেন বলেই কি তাঁরা প্রগতিশীল হয়ে গেলেন? আমরা যদি কৃষকদে চার ভাগের মধ্যে তিন ভাগ ফসল দেওয়ার আন্দোলন করি, তাহলেই কি আমরা অধি প্রগতিশীল হয়ে যাবো? আমাদের আসল দোষ হচ্ছে প্রগতিশীল আইনকে বাস্তবে রূপায়ি করার অভাব। আমরা যদি আইনকে ইমপ্লিমেন্ট যথাযথ করতে পারি, তাহলে সে পুলিশ মেশিনারির অভাব পূরণ করতে পারি। তা পারিনি বলেই প্রতিটি ক্ষেত্রে আমাদে বাধা পেতে হচ্ছে। একথা ঠিক যে ইন্ডাস্ট্রিয়েল সেক্টারের ২০ পার সেন্ট পাবলি সেক্টারের কন্ট্রোলে। পূর্বে ইন্ডাস্ট্রির উপর সরকারের উপর কন্ট্রোল ছিল না। এই সরকারের কন্ট্রোল কিছু কিছু থাকছে, সেটা দেশের স্বার্থে, মানুষের স্বার্থে এবং সে সরকারের নিজের স্বার্থে রাষ্ট্রযন্ত্র পরিচালনার অপরিহার্য অঙ্গ, এটা বাদ দিয়ে চল পারে না। এটা চিন্তায় এনে আমরা সুফল পেয়েছি। তেমনি আর একটা জিনিষ এ মধ্যে সুফল আছে। সেই সুফল হচ্ছে স্মল প্রডিউসার যারা আছে যাদের প্রতিক্রিয়াশী মহাজনদের কাছে হাত পেতে দাদন নিতে হত, তাদের সেটা আর নিতে হবেনা। আগাম দিনে তারা ফসল ঘরে তুলতে পারবে। এগ্রো ইন্ডাস্ট্রি যেটা ১০ হাজার একর ইউনি করছেন, সেটা আগামী দিনে সি,এ,ডি,পি,-এর মাধ্যমে যে রূপ নেবে, তার ফলে আমর আশা করছি এই চাষীদের আর মহাজনদের কাছ থেকে দাদন নিতে হবেনা এবং এইরক ধরণের ক্যাপিটালিস্টদের হাতে আর বন্দী হতে হবেনা। স্মল কাল্টিভেটারস্ প্র্যাক্টিক্যা ব্যাংক থেকে মূলধন পাবে এবং সাবিক আশা করছি যে পশ্চিমবাংলার একটা সেক্শ যেখানে পশ্চিমবাংলার শতকরা ৯০ জন-এর মধ্যে ৫ পার সেন্ট বাঁচবে কিনা সন্দেহ সেখানে একটা সেক্শন বাঁচবে। সরকারী পরিচালনাধীনে গেলে চাষীরা ৭৫ ভাগ ফসলে মালিকানা পাবে। আজকে পশ্চিমবাংলার বিভিন্ন এম, এল, এ,-রা একথা বলেছেন এই আইন আমরা বাস্তবে রূপ দিতে পারিনি, সব জায়গায় দিতে পারিনি, এ মেশিনারি পশ্চিমবাংলায় চালনা করতে পারিনি।

যদি সি,এ,ডি,পি,-র আদর্শকে প্রতিষ্ঠা করতে পারা যায়, বাস্তবে রূপ দিতে পারা যা যেটা এই বিলের ইন্ট্রোডাকশান-এ রেখেছেন, তাহলে পশ্চিমবাংলার মানুষকে তার অর্থ নীতিকে অনেকখানি শক্ত করে তুলতে পারবেন। পশ্চিমবঙ্গের মানুষকে যদি সেইভাবে পরিচালনা করতে পারেন তাহলে প্রতি বছর ৭৫ ভাগ ফসলের মালিকানা তাদের দি পারবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সমাজতন্ত্রের আদর্শের কথা যারা বলি সে সম্ব বাস্তব জ্ঞান আমাদের খুব সীমিত। যে মানুষগুলো আমাদের সমাজের সব চাইতে অব হেলিত অঙ্গ, সেই অঙ্গকে আগে ডেভেলপ করতে হবে; যে অবহেলিত মানুষগুলো সকলে অগোচরে রয়ে গেল, তাদের সবার সামনে টেনে নিয়ে এসে হাজির করতে হবে, সকলে সঙ্গে পরিচিত করতে হবে। এইটাই সমাজতন্ত্রের আদর্শ।

আমাদের দলকে আমি দেখেছি এই সি.এ.ডি.পি. অঞ্চল হিসেবে নির্বাচিত হয়েছে। যেখানে ইরিগেসান পোটেনসিয়ালিটি সবচেয়ে বেশী, সেই এলাকার মানুষের ক্যাপিটাল বেশী আছে, বছরে তিনটা ফসল তুলতে পারেন, সেখানে এই সি,এ,ডি,পি, এলাকা করা হয়েছে কেন? আমরা যদি দেখতে পেতাম যেখানে সিডিউল্ড কাস্ট, গরীব বর্গাদার, ক্ষেতমজুর বেশী, জলের অভাব, মূলধনের অভাব সেই অঞ্চলে সি,এ,ডি,পি, হয়েছে, তাহলে খুসী হতাম। সেখানে বছরে ফসল তোলার ব্যবস্থা হলে, লোকে অর্থনৈতিক উন্নতি ব্যবস্থা হতো। তাহলে আমরা বলতে পারবো সমাজতন্ত্রের আদর্শ এগিয়ে চলেছে বাস্তব ক্ষেত্রে। এই ভুল সরকার করছেন। যদিও এই সি,এ,ডি,পি, প্রকল্প খুব ভাল; এটা সাধারণ মানুষের অঞ্চলে হলে ভাল হতো। যে মেশিনারীর হাতে এই স্থান নির্বাচনের ভার দিয়েছেন যে পশ্চিমবাংলার কোন্ কোন্ জায়গায় এই সি,এ,ডি,পি, এলাকা হবে, যে মেশিনারীর দোষে আজ এই সমাজতন্ত্রের আদর্শকে মার খেতে হচ্ছে। সরকার যে সদুদ্দেশ্য প্রণোদিত হয়ে এই প্রকল্প চালু করতে যাচ্ছেন, তা মেশিনারীর দোষে পণ্ড হয়ে না যায়। এই প্রকল্পের দরুণ কোটী

কোটী টাকা এমন একটা জায়গায় ঢালা হচ্ছে যেখানে ইরিগেসান পোটেনসিয়ালিটি বেশী আছে, সারা বছর যেখানে জল পায়। কিন্তু যে জায়গা শুকনা সেখানে এর জায়গা নির্বাচিত হলো না, সে জায়গা অগ্রাধিকার পেল না। আমি অনুরোধ করবো যদি কোনরকম চেষ্টা থাকে, পরিকল্পনা থাকে যে জায়গায় বর্গাদার সবচেয়ে বেশী, ইরিগেসান পোটেনসিয়ালিটি কিছু নাই. সেখানে এই সি.এ.ডি.পি. চালু করুন। এই কথা কয়টী বলে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6.38 p.m. till 1 p.m. on Friday, the 26th April, 1974. at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 26th April, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 124 Members.

[1-00—1-10 p m]

Oath of Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

[There was none to take oath]

STARRED QUESTIONS
(to which oral answers were given)

নিশিপুর রাণীতলা ও হরিরামপুর দেবাইপুর রাস্তার নির্মাণকার্য

*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮১।) শ্রী মহঃ দেদার বক্স ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় নশিপুর-রাণীতলা ৬ মাইল রাস্তার এবং হরিরামপুর-দেবাইপুর ৪ মাইল রাস্তার ল্যাণ্ড অ্যাকুইজিশান প্ল্যান তৈয়ারী হইয়াছে কিনা এবং না হইলে, তাহার কারণ কি;

(খ) উক্ত রাস্তা দুইটিতে (পৃথক পৃথকভাবে) ফেব্রুয়ারী, ১৯৭৪ পর্য্যন্ত কত টাকার মাটির কাজ হইয়াছে এবং বর্তমানে উহাদের কাজ কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত রাস্তা দুইটির কাজ কোন্ সময়ে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

Shri Ram Krishna Saraogi :

(ক) নশীপুর-রাণীতলার সরকারী কাজ খড়িবোনা-রাণীতলা এবং হরিরামপুর-দেবাইপুর রাস্তা হইল আইশবাগ-হরিরামপুর রাস্তার আখেরীগঞ্জ-[illegible] পর্যন্ত সম্প্রসারন। এই দুই রাস্তার জরিপের কাজ শেষ হইয়াছে এবং আর, এস, মৌজা ম্যাপ জোগাড় হইলে এল, এ, প্ল্যান তৈয়ারী করা হইবে;

(খ) খরিবোনা-রাণীতলা রাস্তার মাটির কাজ এই বছরের ফেব্রুয়ারী পর্যন্ত ১১,৬০০ টাকা খরচ হইয়াছে এবং অপর রাস্তার মাটির কাজ হয় নাই;

(গ) যদি জমি ও প্রয়োজনীয় অর্থ পাওয়া যায় তবে দুই বছরের মধ্যে রাস্তা দুইটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিলেন রাস্তার জরিপের কাজ শেষ হইয়াছে। আর, এস মৌজার ম্যাপ তৈরী করা হবে। আমি বুঝতে পারছি না মন্ত্রী মহাশয় কি বলছেন। মৌজার

ম্যাপ না হলে রাস্তার জরিপের কাজ হলো কি করে। যদি জরিপের কাজ শেষ হয় তা হলে তা হবার অসুবিধা কোথায়? আমি যে কথা বলতে চাই যে সারভের কাজ শেষ হয়েছে তো রিভিশানাল সেটেলমেন্ট ম্যাপ সারভে না হলে রাস্তা কোন দিক দিয়ে গেল সেটা কি করে হলো। আবার আপনি জরিপের কাজ শেষ হয়েছে বলেছেন। অথচ ল্যাণ্ড প্ল্যান তৈরী হয়নি আর, এস, মৌজা ম্যাপের অভাবে। এই দুটো কনট্রাডিকসান হচ্ছে এটা পরিষ্কার করে বলুন।

Shri Ram Krishna Saraogi:
আমাদের কাছে যে ম্যাপ ছিল ওটা ঠিক যে আমরা কমপ্লিট করেছি কিন্তু আর অন্য ম্যাপের জন্য আমরা ডি, এম, এর-কাছে লিখেছি। এখনও পর্য্যন্ত তা পাওয়া যায় নি। আমরা আশা করছি যে তাড়াতাড়ি পাওয়া যাবে এবং আমরা আর, এস, মৌজা ম্যাপের কথা যা বলা হয়েছে—আমরা আমাদের কাজ করতে পারবো।

Shri Mohammad Dedar Baksh:
আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করেছি যে রিভিশ্যানাল সেটেলমেন্ট মৌজার ম্যাপ যেখানে থাকার কথা সেখানে খোঁজ হয়েছিল কিনা সেটা দয়া করে জানাবেন কিনা।

Shri Ram Krishna Saraogi:
আমাদের পক্ষ থেকে অফিসারদের কাছে ডিপার্টমেন্ট ম্যাপ ও অন্যান্য যে সমস্ত জিনিষ থাকার কথা সেখানে খোঁজ নিশ্চয়ই করা হচ্ছে।

Shri Mohammad Dedar Baksh:
মন্ত্রী মহাশয় বললেন খড়িবোনা-রাণীতলা রাস্তাটির মাটির কাজের জন্য মাত্র ৯১,৬০০ টাকা খরচ হয়েছে। মন্ত্রী মহাশয় বলবেন কি এসটিমেট কত টাকার এবং আনুমানিক কত টাকা ব্যয় হবে?

Shri Ram Krishna Saraogi:
৯-৬০ কিলোমিটার আছে তাতে আধা এসটিমেট হয়েছে ১৭ লক্ষ ২৮ হাজার টাকার।

Shri Mohammad Dedar Baksh:
উনি বলেছেন জমি এবং প্রয়োজনীয় অর্থ যদি পাওয়া যায় তাহলে দু বছরের মধ্যে সম্পূর্ণ হবে আশা করা যায়। এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একথা অনেক সময় আমি বলেছি। তাহলে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই জমি নেওয়ার এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অতি সত্বর ব্যবস্থা হবে কি?

Shri Ram Krishna Saraogi:
জমি সম্পর্কে আমরা চেষ্টা করছি। অর্থ সম্পর্কে মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আমাদের অর্থাভাব। কিন্তু আমরা নিশ্চয় চেষ্টা করবো। আমরা মাননীয় সদস্যর সংগে একমত এই রাস্তাটি গুরুত্বপূর্ণ এবং এটা তাড়াতাড়ি করা উচিত।

ঝাপড়া-চেলিয়ামা, ভারাপাড়া-দুবড়া রোডের আর্থওয়ার্ক

*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯০।) শ্রীশরৎ দাস: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) পুরুলিয়া জেলার ঝাপড়া-চেলিয়ামা, ভারাপাড়া-দুবড়া রোডের আর্থওয়ার্ক-এর কাজ কবে শুরু হইয়াছে এবং কবে নাগাত উহা শেষ হইবে;

(খ) উহার নির্মাণকার্যে দেরী হওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত রোড মেটাল্ড করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং না থাকিলে, তাহার কারণ কি?

Shri Ram Krishna Saraogi:

(ক), (খ) এবং (গ)। ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে শুরু হইয়াছে, ১২ মাইলের মধ্যে প্রায় ৯ মাইলের মতো রাস্তার আর্থওয়ার্কের কাজ শেষ হইয়াছে। অবশিষ্ট ৩ মাইল রাস্তার জন্য যে ঠিকাদার নিযুক্ত করা হইয়াছিল তিনি কাজ বন্ধ করিয়া দেওয়ায় নির্মাণ কাজে দেরী হইতেছে। আশা করা যায়, ১৯৭৫ সালের মার্চ মাসের মধ্যে বাকী অংশের কাজ সমাপ্ত হইবে।

আর্থিক অসচ্ছলতাহেতু রাস্তাটি আপাততঃ মেটাল্ড করার কোন পরিকল্পনা নাই।

Shri Ram Krishna Saraogi: (লিখিত উত্তর পাঠ--সংযুক্ত।)

Shri Sarat Chandra Das:

মাত্র ৬ মাইল আর্থ ওয়ার্ক হয়েছে। আর টাকা নেই। অথচ আপনার উত্তরে ৯ মাইলের কথা বলছেন। যিনি প্রথমে কনট্রাক্টার ছিলেন তিনি মারা গিয়েছেন। পরের ঠিকাদার টাকা নিয়ে চলে গিয়েছে--একথা সত্য কিনা? এই সম্পর্কে আপনাকে মুখে এবং লিখিতভাবে জানিয়েছিলাম সে সম্পর্কে আপনি খবর পাওয়ার পর কি করেছেন?

Shri Ram Krishna Saraogi:

মাটির কাজ জিরো মাইল থেকে ৬ মাইল পর্যান্ত এবং ৮ মাইল থেকে ১০ মাইল পর্যন্ত হয়েছে এই রিপোর্ট আমার কাছে আছে। আর যে ঠিকাদার পালিয়ে গিয়েছে তার সম্পর্কে নেসেসারী এ্যাকসানের জন্য ব্রিচ অফ কনট্রাক্ট আনছি।

Shri Sarat Chandra Das:

কি কি আনছেন? আমি আপনাকে জানিয়েছি লিখিতভাবে এবং মৌখিকভাবে দু বছর আগে। আপনি কি করেছেন এই সম্পর্কে?

Shri Ram Krishna Saraogi:

সেটা সম্পর্কে স্পেসিফিক কি এ্যাকসান হচ্ছে এখন ইমিডিয়েটলী বলা মুশকিল হচ্ছে। এখন বলতে পারি কনট্রাক্টারের বিরুদ্ধে এ্যাকসান নিচ্ছি।

[1-10—1-20 p.m.]

Shri Susanta Kumar Mukherjee:

যে রাস্তাটির কথা বলা হচ্ছে সেটার প্রয়োজনীয়তার কথা আপনি স্বীকার করেন কিনা— বলবেন কি?

Shri Ram Krishna Saraogi:

তা নাহলে এই রাস্তাটিকে আমরা স্বীকার করতাম কেন?

Shri Susanta Kumar Mukherjee:

প্রয়োজনীয়তার কথা যদি স্বীকারই করেন তাহলে ১৯৭২ সাল থেকে মাত্র ৬ মাইল রাস্তায় আর্থ-ওয়ার্ক হল কেন, আর হয়নি কেন? আমরা জানি ঠিকাদার টাকা নিয়ে পালিয়ে গেছে, উপরন্তু ডি, সি, ৮।১১।৭৩ তারিখে একটি চিঠি দিয়েছেন এই রাস্তাটির গুরুত্ব সম্বন্ধে, কিন্তু তাসত্ত্বেও আজ পর্যন্ত মাত্র ৬ মাইল আর্থ-ওয়ার্ক হবার কারণ কি, জানাবেন?

Shri Ram Krishna Saraogi:

অনেক কারণ আছে। টাকার অভাব আছে, কনট্রাক্টর পালিয়ে গেছে, তার বিরুদ্ধে এ্যাক্সন নেওয়া হচ্ছে।

Shri Susanta Kumar Mukherjee :

ডি, সির কাছ থেকে চিঠি পাবার পরে এ্যাক্‌সান নিলেন না কেন? এম, এল, এ, বলছেন, ডিস্ট্রিক্টের ডি, সি, যখন রাস্তাটির গুরুত্বের কথা বলছেন তখন একমাত্র টাকার অজুহাতই কারণ কিনা—মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ram Krishna Saraogi :

নোটিশ দিলে বলতে পারব।

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister be pleased to state, under what condition the contract was given to the contractors—was it according to the specification of the Public Woks Department ?

Shri Ramkrishna Saraogi : All the contracts are issued as per our rules.

Shri A. H. Besterwitch : If the contracts are issued as per rules of the Public Works Department, is the Minister aware that before any amount is paid to the contractor certain amount of security money should have been deposited to the Government, and at the same time payment is not made more than 60% of the work done.

Shri Ramkrishna Saraogi : Sir, I can say that we do not pay extra money to the contractors. But as and when they complete any work, we have to pay money as per rules laid down in our schedule.

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন রাস্তাটি খুব গুরুত্বপূর্ণ এবং অতিরিক্ত প্রশ্নের জবাবে এটাও জানা গেল ১৯৭২ সাল থেকে এখন পর্যন্ত রাস্তাটির কাজ সম্পূর্ণ হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় এটা নিশ্চয় জানেন সরকারী অর্থভান্ডারে যে অর্থ থাকে সেটা গুরুত্বপূর্ণ কাজের জন্যই ব্যবহার করা হয়। ১৯৭২ সাল থেকে এই গুরুত্বপূর্ণ রাস্তাটি হচ্ছে না, তাহলে কি আমাদের এটা ধরে নিতে হবে যে সরকারী অর্থভান্ডারে কোন অর্থ নেই?

Shri Ram Krishna Saraogi :

অর্থভান্ডারে অর্থ নেই-- অর্থ মানে যদি এটা বোঝা যায় যে কোন মাইনে নিই তাহলে আমি নিশ্চয় না বলব-- অর্থ মানে যদি মানি হয় তাহলে আমি বলব আমরা তো বারবার বলছি আমাদের অর্থের অভাব আছে।

Shri Gautam Chakraborty :

পশ্চিমবাংলায় এমন কোন কোন জায়গা আছে সেখানে সরকার থেকে টেন্ডার কল করা হয়েছে, টেন্ডার এ্যাকসেপ্ট হয়েছে, কন্ট্রাক্টর কাজ সুরু করেছেন এবং কার্যক্ষেত্রে দেখা গেল কোন কোন জায়গায় এক বছরের জায়গায় ৩ বছর লাগছে, কোথাও কোথাও কাজ শেষই করেনি, সরকার থেকে সেই সমস্ত কন্ট্রাকটরের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিধি আছে কিনা এবং তাছাড়াও অন্য কোন শাস্তির কথা বিবেচনা করবেন কিনা— মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ram Krishna Saraogi :

যে এ্যাকসন কন্ট্রাকটরদের বিরুদ্ধে হতে পারে সেই রকম এ্যাকসন আমরা নিশ্চয় নিই। আমরা এক্সট্রিম যদি চাই তাহলে কন্ট্রাকটরের কন্ট্রাক্ট ক্যানসেল করতে পারি, তার সিকিউরিটি মানি যেটা আছে সেটা ফরফিট করতে পারি। এটা সম্পর্কে আমরা ভেবে দেখছি কিভাবে কন্ট্রাকটরকে দণ্ড দিতে পারি।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Accumulation of Garbage in Howrah Municipal area

***546.** (Admitted question No. *1689) **Shri Md. SAFIULLAH : Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—**

(*a*) whether the Government is aware of the imminent danger of cholera, typhoid' small-pox and plague epidemic in Howrah Municipal Area in view of the huge accumulation of garbage there; and

(*b*) if so, the preventive measures taken by the Government in this regard ?

Shri Subrata Mukhopadhaya : (*a*) Yes.

(*b*) To prevent spread of any sort of epidemic disease in Howrah, the following measures were taken and are being taken :

(*i*) During the strike period every effort was made to remove the garbage with the help of local voluntary organisation and the available N.V.F. personnel.

(*ii*) After the strike was over the striking unions and the municipal authorities have been requested to see that all the accumulated garbage is cleaned within a fortnight without allowing any fresh accumulation.

(*iii*) Necessary disinfection measures were taken during the strike period and are continuing after the discontinuance of the strike.

(*iv*) Inoculation and vaccination against cholera, typhoid and small pox are being given to the people.

Howrah is free from plague. But still, vigilant watch is being maintained to find out any incidence of ratfall which, as a rule, is the forerunner of plague.

Shri Md Safiullah:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, হাওড়া রেলওয়ে ব্রীজের নীচে এবং পুরাতন হাওড়া ময়দান (মার্টিনের) ষ্টেশনের সামনে এত নোংরা বা জঞ্জাল জমে থাকার কারণ কি?

Shri Subrata Mukhopadhaya :

অনেক কারণ আছে। তবে মেন কারণ হল, নির্দিষ্ট সময়ে এটা খুব সায়েনটিফিক ব্যবস্থার মাধ্যমে পরিষ্কার করা হয়না সিটগুলি।

Shri Md Safiullah:

আমরা জানি কোলকাতার গংগার অপর পারে হাওড়া শহরটি যেমন ঘিঞ্জি তেমনি সেখানে ময়লা জমে থাকে। সেখানকার মিউনিসিপ্যালিটির ষ্ট্রাইকের কথা না হয় ছেড়েই দিলাম যদিও মিটে গিয়েছে। কিন্তু ষ্ট্রাইক ছাড়াও এই হাওড়া শহরটি এমন অবস্থায় এসে পৌছেছে যে, যে কোন সময়ে কলেরা, টাইফয়েড, প্লেগের মতন মারাত্মক ব্যাধি ছড়িয়ে পড়তে পারে। আপনাদের বিশেষজ্ঞদের রিপোর্ট ছেড়ে দিন আমরা নিজের চোখেই এসব দেখছি। কাজেই আমার জিজ্ঞাসা, এই গ্রীষ্মের সময় হাওডা শহরবাসীদের বাঁচাবার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya :

বাঁচাবার জন্য টোকেন ব্যবস্থা আমরা কিছু কিছু নিয়েছি। যেমন জলসরবরাহ, গার্বেজ ক্লিয়ারেন্স ইত্যাদি। তবে এই শহরে যদি সাবিক কল্যাণ করতে হয় বা উন্নয়ন করতে হয় তাহলে এই শহরটির জন্য সায়েনটিফিক প্লান, প্রোগাম নিয়ে কাজ সুরু করতে হবে।

আমার ব্যক্তিগত ধারণা হচ্ছে, সি, এম, ডি, এ,-এর মতন সাবিক পরিকল্পনা যদি করা যায় তাহলে সাবিক উন্নয়ন করা সম্ভব, টোকেন ব্যবস্থার মাধ্যমে নয়।

Shri Md. Safiullah:
আমরা বহুদিন ধরেই চেণ্টা করছি কিন্তু এই হাওড়া শহরের গার্বেজ ক্লিয়ার করতে পারিনি। হয়ত কিছুটা ক্লিয়ার হয়ে যায় কিন্তু তারপর আবার জমে যায়। হাওড়ায় মিউনিসিপ্যালিটি আছে, তার কর্মীও আছে। আমার জিজ্ঞাস্য, বারবার যারা এই ধরনের কাজ করছে সেই কর্মীদের বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা অবলম্বন করছেন জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya:
শুধু কর্মীদের দোষই নয়, হাওড়া শহরটি অবৈজ্ঞানিক উপায়ে তৈরি বা এই শহরটি যথেণ্ট পরিকল্পনা নিয়ে তৈরি হয়নি। কাজেই মিউনিসিপ্যালিটি যত ভাল কাজই করুক এর সাবিক উন্নয়ন বা একে খুব পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সম্ভব নয়।

[1-20—1-30 p.m.]

Shri Gautam Chakraborty:
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে শুধু মাত্র হাওড়া নয়, পশ্চিমবাংলার বহু মিউনিসিপ্যালিটি আছে যেখানে ময়লা আবর্জনা ফেলে রাখা হয়। সেই সমস্ত ময়লা আবর্জনা অন্য জায়গায় রাখার ব্যবস্থা করবেন কিনা যাতে শহরের বাতাস দুষিত না হয়?

Shri Subrata Mukhopadhaya:
বাতাস দুষিত প্রশ্নটা ঠিক বুঝলাম না। তবুও বলছি যে কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে একটা পরিকল্পনা গ্রহণ করেছেন এবং কিছু সাবসিডি দিয়ে সমস্ত গারবেজকে একটা ফার্টিলাইজার হিসাবে রূপান্তরিত করে কিছু রেহাই পাবার পরিকল্পনা শুরু হয়েছে। কিন্তু এখনও পশ্চিমবাংলায় সেটা শুরু হয়নি। চূড়ান্ত সিদ্ধান্ত নিলে এবং সাবসিডি সংক্রান্ত যে সব ব্যাপার আছে সেটা মিটে গেলে আমরা এই কাজে এগোব।

Shri Asamanja De:
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ইউনিয়ন কর্তৃপক্ষ মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষকে এক ফরটনাইট-এর মধ্যে গারবেজ ক্লিয়ার করার যে অনুরোধ বা নির্দেশ করা হয়েছিল, সে সম্পর্কে কি প্রোগ্রেস হয়েছে?

Shri Subrata Mukhopadhaya:
খুব ভাল।

Shri Chandra Kumar Dey:
মাননীয় মন্ত্রী মহাশয়, একটা খবর বলছি ইদানিংকালে মিউনিসিপ্যাল সারভিস খুব খারাপ হয়ে গেছে। এই সম্পর্কে আপনার কাছে কোন খবর আছে কিনা? প্রতিটি স্তরে দেখা যাচ্ছে যে মিউনিসিপ্যাল সারভিস-এর স্ট্যানডার্ড খুব খারাপ হয়ে গেছে এবং আমাদের হুগলী-চিনসুরা মিউনিপ্যালিটিতে দেখেছি, আপনি খবর নিতে পারেন যে সেই মিউনিপ্যাল সারভিস এত খারাপ হওয়ার কারণ কি? অথচ সেখানে যে সারভিসমেন আছে, যথা সময়ে সেটা কার্য্যকরী হয়না কেন এবং এ সম্পর্কে আপনার কাছে কোন খবর আছে কিনা জানাবেন?

Shri Subrata Mukhopadhaya:
এটা আমি আগেই বলেছি। সমস্ত ব্যাপারটিতে দুরদর্শীতার যথেণ্ট অভাব আছে এবং ব্রিটিশ পিরিয়ডের ১৯৩২ এ্যাক্ট-এর যদি খোরো চেঞ্জ না করা হয়, সেটা আছে পশ্চিমবঙ্গ

সরকার একটা ক্যাবিনেট সাব-কমিটি দিয়ে কাজ শুরু করেছেন। সেটা সম্পূর্ন যতক্ষণ না হবে এবং পরিকল্পনা নিয়ে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির কাজ শুরু হবে ততক্ষন এর কোন সাবিক সাফল্য হবে না। স্বভাবতই অব্যবস্থা আছে, অবৈজ্ঞানিক নানা রকম পদ্ধতি রয়েছে এবং ব্রিটিশ পিরিয়ড-এর ১৯৩২ এ্যাক্ট রয়ে গেছে, এই সব পরিবর্তন করতে হবে তাছাড়া সবচেয়ে বড় হ্যানডিক্যাপটড হচ্ছে ফিন্যাসিয়াল। সেটাকে কাটাবার জন্য পশ্চিম-বঙ্গ সরকার গত ক্যাবিনেট-এ একটা ফিন্যানসিয়াল কমিসান একটা এ্যাপয়েন্ট করেছেন তার মধ্য দিয়ে এই রিমিউন্যারেটিভ কোর্স হলে যথেষ্ট পরিমান আথিক সুব্যবস্থার হলে এর সুরাহা হবে।

Shri Susanta Bhattacherjee:

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে সি. এম. ডি. এ বা ঐ জাতীয় কোন পরিকল্পনা করলে তাহলে হাওড়া জেলার পরিষ্কার করা সম্ভব। তা আমার প্রশ্ন হচ্ছে আপনার কাছে যে, আপনি নিজে কোন মৌলিক চিন্তা করছেন কি হাওড়া জেলাকে পরিষ্কার করার ব্যাপারে বা জঞ্জাল মুক্ত করার ব্যাপারে?

Shri Subrata Mukhopadhaya:

এখনই কোন সাবিক পরিকল্পনা নিতে পারা যায়নি আথিক অসংগতি তার অন্যতম কারণ।

Shri Biswanath Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এখানে অনেকগুলি শহরে ও.টি.জি আছে। যেমন আমার বেহালায় আছে, এই রকম লোকালয়ের মধ্য থেকে এগুলিকে সরানোর কোন পরিকল্পনা সরকার করছেন কিনা?

Shri Subrata Mukhopadhaya:

যেখানে বিকল্প কোন পথ পাচ্ছি সেখানে শুরু করছি।

Shri Gautam Chakraborty:

মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, সল্ট লেক-এ যে বিরাট আবর্জনা ফেলা হচ্ছে বা অপ্রীতিকর ঘটনায় সৃষ্টি হচ্ছে সে সম্পর্কে আপনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন সেটা জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এত প্রশ্ন করার কি আছে আমি জানি না। তবুও আমি উত্তর দিয়ে যাচ্ছি। গৌতমবাবু যে প্রশ্ন করেছেন, সল্ট লেকে একটা বিরাট এলাকা। সুতরাং সল্ট লেক-এ যেখানে উন্নয়ন মূলক কাজ হচ্ছে, সেখানে আমরা আবর্জনা ফেলছি না। একটা বিশেষ সেকটর-এ ফেলা হচ্ছে। সেটা লোকালয় থেকে অনেক দূরে। কিন্তু তাসত্ত্বেও অভিযোগ এসেছে তার কারণ কোন কোন লরীর ড্রাইভার তারা সংক্ষিপ্ত করার জন্য লোকালয়ের মধ্যে ফেলে আসছে। সরকার এই ব্যাপারে সজাগ এবং চেষ্টা করবে এটা যাতে রিপিটেড না হয়।

Shri Md Safiullah:

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন সাইনটিফিক ওয়েতে হাওড়াকে পুনর্গঠন করলে তখন এই গারবেজ ক্লিয়ার করা সম্ভব হবে। এই উত্তরের পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসা করছি যে ময়লা জমার সঙ্গে এর সম্পর্ক কি আছে? এখন যে ময়লা জমছে সেটাকে পরিষ্কার করান আগে তারপর সাইনটিফিক ওয়েতে যা হবে সেটা পরের কথা। কাজেই এখন আপনি কি ব্যবস্থা অবলম্বন করছেন যাতে ক্লিয়ার করা যায় সেটা বলবেন কি?

Shri Subrata Mukhopadhava :
এখন যা বলেছি তার বেশী কিছু করার সম্ভাবনা দেখছি না।

Shri Asamanja De :
মন্ত্রী মহাশয় জানাবেন কি, হাওড়া জেলায় যখন চরম সঙ্কট চলছিল এবং অন্যান্য পৌরসভার অবস্থা খারাপ ছিল তখন পৌর কর্তৃপক্ষ ভ্যাক্‌সিনেশনের ব্যবস্থা করেছিলেন। কিন্তু ভ্যাক্‌সিনেটাররা যখন এলাকায় গিয়ে ভ্যাক্‌সিনেশন দিতে যায় তখন জনসাধারণ সেই প্রতিষেধক নেন না। এই ভ্যাক্‌সিনেশন না নেবার জন্য কোন শাস্তির ব্যবস্থা করার কোন বিশেষ পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে কি না?

Shri Subrata Mukhopadhava :
এটা হেল্‌থ ডিপার্টমেন্টের প্রশ্ন।

Shri Tuhin Kumar Samanta :
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জঞ্জাল সরাবার ব্যাপারে একটা বিশেষ সমস্যা আছে এই পশ্চিমবাংলায়, এই জঞ্জাল সরাবার ব্যাপারে মিউনিসিপ্যালিটিগুলোতে একটা এমার্জেন্সি সেল বা স্পেশাল ডিপার্টমেন্ট-এর ব্যবস্থা করবেন কি?

Shri Subrata Mukhopadhava :
এর জন্যই তো স্পেশাল ডিপার্টমেন্ট হ'ল মিউনিসিপ্যাল সার্ভিস।

Inclusion of some rural areas within the Kharagpur Municipality

***546(A).** (Admitted question No. *549) **Shri RAJANI KANTA DOLOI :** Wil the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state -

(*a*) whether the Government is considering any proposal for inclusion of some rural areas within the Kharagpur Municipality; and

(*b*) if the answer to (*a*) be in the affirmative, the present position of the proposal ?

***546(A). Shri Subrata Mukhopadhaya :** (*a*) Yes.

(*b*) Objection petitions received in response to the preliminary notification expressing intention of Government to include the adjoining areas within the municipality are now under examination.

Shri Rajani Kanta Doloi :
মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে খড়্গপুরের এ্যাডজয়েনিং এরিয়াকে মিউনিসিপ্যালিটির আওতায় আনার জন্য একজামিন করা হচ্ছে। এইগুলো কতদিনে শেষ করতে পারবেন বলে আশা করেন?

Shri Subrata Mukhopadhaya :
প্রায় শেষ হয়ে গেছে। আমরা এখনও গেজেট করে উঠতে পারিনি।

Shri Rajani Kanta Doloi :
য এরিয়াগুলো নিয়েছেন, সেই এরিয়াগুলো যাতে এ্যামিনিটিজ ভোগ করতে পারে তারজন্য কোন আইন করতে পারেন কি?

Shri Subrata Mukhopadhaya :
এই রকম কোন আইন নেই।

হুগলি জেলার দক্ষিণডিহি, আঁইয়া ও বড়গাছিয়া রাস্তা

*৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) শ্রীগনেশ হাটুই: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হুগলি জেলার জাংগীপাড়া ও চন্ডীতলা এবং হাওড়া জেলার জগৎবল্লভপুর থানার অন্তর্গত দক্ষিণডিহী, আঁইয়া, বড়গাছিয়া (ভায়া লক্ষণপুর ইছাপশর) রাস্তাটি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, ঐ রাস্তাটির কাজ এখনও পর্যন্ত শুরু না হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাত ইহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Ram Krishna Saraogi:

(ক) হাঁ।

(খ) প্রয়োজনের তুলনায় অর্থ বরাদ্দের স্বল্পতা;

(গ) প্রয়োজনমত অর্থের ব্যবস্থা হইলেই।

Shri Ganesh Hatui:

মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, এই রাস্তাটার দুরত্ব কত মাইল এবং এর জন্য কত টাকা এস্টিমেট ধরা হয়েছে?

Shri Ram Krishna Saraogi:

এই রাস্তাটা সাড়ে তিন মাইল লম্বা, এটার সাভে কমপ্লিট করা হয়েছে এবং ল্যান্ড এ্যাকুইজিশন পেন্ডিং।

Shri Ganesh Hatui:

মন্ত্রী মহাশয় যা বললেন তা ঠিক নয়। এ্যালাইনমেন্ট চেঞ্জ করার ফলে রাস্তার দুরত্ব বেড়ে গেছে। এখন এস্টিমেট যা আছে সেই অনুসারে ল্যান্ড ওনারদের কাছ থেকে এ্যাকুইজিশন হবার পর আর্থ ওয়ার্ক শুরু করবেন কি?

Shri Ram Krishna Saraogi:

আপনি প্রপোজাল পাঠাবেন, এটা সম্পর্কে নিশ্চয়ই বিবেচনা করে দেখবো।

Shri Md Safiullah:

মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি এই রাস্তাটা তৈরী করবার জন্য জমি ছাড়া প্ল্যানের যে ব্যবস্থা করেছেন, সেটাকে স্পিডি করবার জন্য কত টাকা মঞ্জুর হয়েছে, এটা জানাবেন কি?

Shri Ram Krishna Saraogi:

ফাইলের ভেতর এর এ্যান্সারটা পাচ্ছি না, পরে মাননীয় সদস্যকে আমি জানিয়ে দেব।

[1-30—1-40 p.m.]

Shri Md. Safiullah:

স্কীমটা কতটাকার বলতে পারেন?

Shri Ram Krishna Saraogi:

নোটিশ দিলে বলতে পারব।

Shri Tuhin Kumar Samanta:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, চতুর্থ পরিকল্পনায় এই রাস্তার কাজ ধরা হয়েছিল, এখন আপনি বলছেন যে অর্থ সরবরাহ কম। পরিকল্পনায় যখন এই রাস্তাটা ধরা হয়েছিল তখন অর্থ সরবরাহ না করার কারণ কি, এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যখন রাস্তাটি ধরা হয়েছিল তখন কি অর্থের কথা না ধরেই গ্রহণ করা হয়েছিল?

Shri Ram Krishna Saraogi:

স্যার, মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন সেই প্রশ্নের উত্তর এই হাউসে অনেকবার দেওয়া হয়েছিল, এবং যে সময় পি, ডবলু, ডি, রোড-এর গ্রাণ্ট সম্বন্ধে আলোচনা হয়েছিল সেই সময় সমস্ত ফ্যাক্টস, ফিগারস এবং রিসনস আমরা মাননীয় সদস্যদের সামনে রেখেছিলাম এখন আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে আমরা যে সময় এই রাস্তাগুলির কথা বিবেচনা করেছিলাম সে সময় আমরা আশা করেছিলাম যে পঞ্চম পরিকল্পনায় আমরা ভারত সরকারের কাছ থেকে বেশী টাকা রাস্তা নির্মাণের জন্য পাব। আমরা প্রায় ১৫৭ কোটি টাকার মত গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছে চেয়েছিলাম। কিন্তু এখন পর্যন্ত আমরা যে ইনডিকেশন পাচ্ছি তাতে আমরা দেখছি মাত্র ৫৫ কোটি টাকা পাওয়া যাচ্ছে। আমরা আগে স্বীকার করেছিলাম যে ৭৫ কোটি টাকার টোটাল কাজ। থার্ড এণ্ড ফোর্থ প্ল্যান থেকে স্পিল ওভার হয়ে ফিফ্‌থ প্ল্যানে এসেছে ৮০ কোটি টাকার এমাউণ্টের কাজ। যদি ৫৫ কোটি টাকা পাই তাহলে ২৫ কোটি টাকার মত কাজ পঞ্চম পরিকল্পনাকালে বাকি থেকে যাচ্ছে।

সেক্রেটারিয়েট ও রাইটার্স বিল্ডিংস-এর কর্মচারীদের বদলীর সম্পর্কে বিধি ও বিধান

*৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮২।) শ্রীআবদুল বারি বিশ্বাস: স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে এই রাজ্যের সেক্রেটারিয়েট এবং রাইটার্স বিল্ডিংস-এর কর্মচারীদের বদলীর বিষয়ে সরকারের বিধি ও বিধান আছে; এবং

(খ) সত্য হইলে, এই কর্মচারীদের ঐ বিধি ও বিধানবলে মহাকরণ ছাড়া রাজ্যের জেলাগুলির অফিসে বদলী করা হয় কি না?

Dr. Md Fazle Haque:

(ক) পিওন হইতে করণাধ্যক্ষ পর্যন্ত পদসমূহে কর্মরত সেক্রেটারিয়েটের বিভিন্ন বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে বিভাগের বাহিরে বদলীর বিধি ও বিধান নাই। সহ সচিব ও তদুর্দ্ধ পদে নিযুক্ত আধিকারিকদের ক্ষেত্রে বদলির বিধি ও বিধান আছে। মহাকরণে কর্মরত সেক্রেটারিয়েট ব্যতীত অন্যান্য অফিসের কর্মচারীরা তাঁহাদের চাকুরীর নিয়ম অনুযায়ী বদলী হইয়া থাকেন।

(খ) যাঁহাদের ক্ষেত্রে মহাকরণ ছাড়া রাজ্যের জেলাগুলির অফিসে বদলীর বিধি ও বিধান আছে তাঁহারা ঐ বিধি ও বিধান বলে মহাকরণ হইতে রাজ্যের জেলা অফিসে ও জেলা অফিস হইতে মহাকরণে বদলী হইয়া থাকেন।

Shri Abdul Bari Biswas:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সরকারী কর্মচারীদের নিয়োগ এবং বদলীর ব্যাপারে পশ্চিমবঙ্গ সেক্রেটারিয়েটে, এখানে যে প্রিভিলেজ ক্লাস-এর সৃষ্টি হচ্ছে এর কারণ কি?

Dr. Md. Fazle Haque:
প্রিভিলেজ ক্লাস তৈরী করার কোন কারণ নেই, কারণ রিক্রুটমেন্ট রুলস্ অনুযায়ী এটা চলে আসছে।

Shri Abdul Bari Biswas.
এই নিয়মের পরিবর্তন করবেন কি যাতে তাঁদের জেলায় বদলী করা যায়?

Dr. Md. Fazle Haque:
বর্তমানে নেই।

Shri Abdul Bari Biswas:
যারা আই,সি,এস এবং ডব্লু,বি,সি,এস-দের অভিজ্ঞতার জন্য কোন না কোন সময় জেলায় গিয়ে কাজ করতে হয়। এক্ষেত্রে জেলায় এমপ্লইজ ক্লাস-৩ এবং ক্লাস-৪ স্টাফদের রাইটাস বিল্ডিংস-এ আনা এবং রাইটাস বিল্ডিংস-এর লোকেদের জেলায় নিয়ে যাওয়ার অভিজ্ঞতা অর্জনের জন্য করবেন কিনা?

Dr. Fazla Haque: It is a matter of opinion.

Shri Abdul Bari Biswas:
স্যার, এটা কি হল?
I am not of the same opinion. I seek your protection.

Mr. Speaker: I pass over to the next question.

Shri Abdul Bari Biswas:
আমার প্রশ্ন ছিল অভিজ্ঞতা অর্জনের জন্য রাইটাস বিল্ডিংস-এর কর্মচারীদের জেলায় বদলী করা এবং জেলার কর্মচারীদের এখানে আনার প্রয়োজন তিনি মনে করেন কিনা?

Mr. Speaker: You have placed your supplementary question and the Hon'ble Minister has answered that. Now, have you got any other supplementary question? No speech will be allowed.

Shri Abdul Bari Biswas:
রাইটাস বিল্ডিংস থেকে বদলি না করার যে বিধান আছে সেই বিধানের যুক্তিসংগত কারণ কি?

Dr. Md. Fazle Haque:
রাইটার্স বিল্ডিংস-এ যে সমস্ত কমচারী নিয়োগ করা হয় তাদের জন্য কতকগুলি রিক্রুটমেন্ট রুলস্ পি,এস,সি রুলস্ আছে যার জন্য তাঁদের বাহিরে বদলী করা হয় না। এ্যাপয়েন্টমেন্ট যখন করা হয় তখন এই রুলস্-এর মাধ্যমেই করা হয়। বর্তমানে এই রুলস্ চেঞ্জ করা ছাড়া বদলী করা সম্ভব নয়। সেই রুলস্ চেঞ্জ করার ইচ্ছা বর্তমানে নেই।

Shri Naresh Chandra Chaki:
রাইটার্স বিল্ডিংস-এ যাঁরা কাজ করেন তাঁরা কোথাও ট্রান্সফার হননা, উপরন্তু তাঁরা সুযোগ সুবিধা বেশি পান। তাঁরা বদলী হবেন না এটা জেনে তাঁরা রাইটাস বিল্ডিংস-এ বসে খামখেয়ালীভাবে কাজ করেন তাস খেলেন, মন্ত্রীদের গুরুত্বপূর্ণ ফাইল পর্যন্ত উধাও করে দেন এ খবর কি জানেন?

Dr. Md Fazle Haque:
না জানা নেই।

Shri Gautam Chakraborty:
রাইটার্স বিল্ডিংস-এ যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের বেশির ভাগই বিশেষ একটা রাজ-নৈতিক দলের দ্বারা প্রভাবান্বিত এ খবর কি জানা আছে?

Dr. Md Fazle Haque:
সরকারী কর্মচারী সরকারী কর্মচারী। তাঁরা রাজনৈতিক দলভুক্ত বলে জানা নেই। এ সম্বন্ধে তথ্য থাকলে আমায় দেবেন আমি দেখব।

[1-40—1-50 p.m.]

Shri Sukumar Bandyopadhyay:
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে সরকারী কর্মচারীদের মধ্যে বদলীর ব্যাপারে এই বৈষম্য থাকবে, কেননা, বর্তমান রুলস নাকি এই বৈষম্য সৃষ্টি করছে এবং এও বলেছেন রুলস বর্তমান সময় পর্যন্ত পরিবর্তন করার ইচ্ছা সরকারের নেই। আজকের দিন পর্যন্ত নেই, কিন্তু অদূর ভবিষ্যতে এই রুলস চেঞ্জ করার কোন চিন্তা সরকার করছেন কি এবং রুলস চেঞ্জ করার ইচ্ছা যদি থাকে তাহলে কবে নাগাদ চেঞ্জ করা হবে?

Dr. Md Fazle Haque:
আমি তো বললাম এখন সেই চিন্তা আমার সরকারের নেই।

Shri Tuhin Kumar Samanta:
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেখানে জেলা পর্যায়ে ২ বছর ৪ বছর হলে সরকারী কর্মচারীদের ট্রান্সফার করা যায় সেখানে রাইটার্স বিল্ডিংসে ১৫।২০ বছর হলেও ট্রান্সফার করা যায় না একই সরকারের একই রুলসে। এই রুলস দুই রকম বৈষম্য কেন এবং এটা থাকা উচিত কিনা?

Mr. Speaker: This question has already been replied to by the Hon'ble Minister. The reply is that they are recruited under the Secretariat Rules and according to rules they are not transferable from the Writers' Buildings. The next part of your question is that in future
আপনাদের পরিকল্পনা আছে কিনা রুলস পরিবর্তনের, নতুনভাবে রিক্রুট করে ট্রান্সফার করার ব্যবস্থা করবেন কিনা সেটা আপনি জানতে চান।

Shri Satya Ranjan Bapuli:
সুকুমারবাবুর প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ভবিষ্যতে করবেন কিনা তিনি বলতে পারছেন না, আমি জিজ্ঞাসা করছি তিনি করবেন কিনা এই ভাবনা ভাবছেন কিনা এটাও তাঁর মধ্যে আছে কিনা?

Mr. Speaker:
বর্তমানে ভাবছেন না, ভবিষ্যতে ভাববেন কিনা দ্যাট ইজ হাইপথেটিক্যাল।

Shri Gautam Chakraborty:
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন রাইটার্স বিল্ডিংসের কর্মচারীরা বিশেষ কোন পার্টির দ্বারা প্রভাবিত নয়। আমি জানি গত বছর ১৯৭৩ সালে জনৈক করণিক শম্ভু দাস তিনি সরাসরি সি,পি,এম-র সাথে যুক্ত এই বলে অভিযোগ করা হয়েছে, অথচ আজ পর্যন্ত তাঁর প্রতি

কোন স্টেপ নেওয়া হয়নি। উনি বলছেন সরকারী কর্মচারী কোন রাজনৈতিক দলের সাথে জড়িত কিনা আমার জানা নেই। এই ঘটনা জানান সত্ত্বেও ডিপার্টমেন্ট থেকে কোন এ্যাকসান নেওয়া হয়নি কেন কারণটা জানাবেন কি?

Dr. Md Fazle Haque:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে স্পেসিফিক ঘটনার কথা বললেন সেটা কাকে বলছেন জানি না আমাকে জানালে আমি নিশ্চয়ই তদন্ত করে দেখব।

Shri Sarat Chandra Das:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বর্তমানে যে বিধি বিধান আছে তার বলে আমরা তাদের বদলী করতে পারি না, কিন্তু আপনি জনগণের কাছে, সকলের কাছে বলেছেন যে আমরা বৈষম্য দূর করব। যারা জেলা সদরে আছে তারা কোনদিন রাইটার্স বিল্ডিংসে আসতে পারে না। বৈষম্য দূর করা হচ্ছে যেখানে সরকারের দৃঢ় নীতি সেখানে রাইটার্স বিল্ডিংসে যারা আছে তাদের অদূর ভবিষ্যতে যাতে বদলী করা যায় সেই রকম বিধি বিধান করবেন কিনা এবং যদি করেন তাহলে কবে করবেন?

Mr. Speaker: The answer is there.

Shri Rajani Kanta Doloi:

সরকারী কর্মচারীরা অফিসে ঠিক মত কাজ করেন না, ফাইলগুলি নাড়ে না, তাঁরা লোকদের সঙ্গে খারাপ ব্যবহার করেন, এম, এল, এ-দের সঙ্গে খারাপ ব্যবহার করেন এবং অফিসে বসে নভেল, নাটক পড়েন এসব কথা মন্ত্রী মহাশয় জানেন কি?

(নো রিপ্লাই)

Shri Biswanath Chakraborti:

মাননীয় সদস্য গৌতম চক্রবর্তী রাইটার্স বিল্ডিংস-এর একজন কর্মচারী শম্ভু দাস-এর নাম করে যে প্রশ্ন এখানে করলেন তার উত্তরে মন্ত্রী মহাশয় বললেন যে, স্পেসিফিক অভিযোগ করলে ব্যবস্থা গ্রহণ করা হবে। আমার প্রশ্ন হচ্ছে তাঁর বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণ করা হবে সেটা কি সে সি, পি, এম-এর সদস্য বলে, না কাজে গাফিলতির জন্য?

Dr. Md Fazle Haque:

আমি বলেছি অভিযোগ থাকলে আমি বিচার করে দেখব। আমি বলেছি সরকারী কর্মচারীদের ব্যক্তিগত মতামতকে আমরা গ্রাহ্য করিনা, সরকারী কর্মচারীদের আমরা সরকারী কর্মচারী বলেই মনে করি। তবে তাঁদের কাজে বা ডিউটিতে যদি কোন গাফিলতি থাকে তাহলে সেটা বিবেচনা করব।

Shri Asamanja De:

মন্ত্রী মহাশয় বলেছেন কর্মচারীদের রাজনীতি সম্পর্কে তাঁর জানা নেই। মন্ত্রী মহাশয় কি জানেন যে, রাইটার্স বিল্ডিংস্-এর একদল কর্মচারীর একটা বিশেষ কমিটি আছে যার নাম হচ্ছে কো-অর্ডিনেসন কমিটি এবং সেই কমিটির সদস্যেরা অফিসে কাজ না করে ভেতরে বসে মিটিং করে এবং বিশেষ রাজনৈতিক দলে অংশ গ্রহণ করে? আমার প্রশ্ন হচ্ছে এর পরও কি সেই গোষ্ঠী রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত আছেন বলে মন্ত্রী মহাশয় মনে করেন না?

(নো রিপ্লাই)

Mr. Speaker: It is a matter of opinion.

Shri Monoranjan Pramanik:

মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন যে সমস্ত কর্মচারীদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ আছে এবং অভিযোগ প্রমাণিত হয়েছে সেই সব কর্মচারীরাও রাইটার্স বিল্ডিংস্‌-এ আছে। আমার প্রশ্ন হচ্ছে অভিযোগ দাঁড়ালে শাস্তি বিধান করা হবে কিনা?

Dr. Md. Fazle Hapue :

আমি বলেছি স্পেসিফিক অভিযোগ থাকলে শাস্তি পায়? সাসপেন্ড হয়, ডিপার্টমেন্টাল প্রসিডিংস্‌ করে ডিসিপ্লিন্যারি এ্যাকসন নেওয়া যায়।

Shri Abdul Bari Biswas:

মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই সদস্যদের উদ্বেগের কারণ বুঝতে পারছেন। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে রাইটার্স বিল্ডিংস্‌-এর ভেতরে যে সমস্ত কর্মচারীরা কাজ করছেন এবং রাইটার্স বিল্ডিংস্‌-এর বাইরে যে সমস্ত কর্মচারীরা কাজ করছেন তাঁদের নিয়োগ এবং বদলীর ব্যাপারে যে আইন রয়েছে তাতে যে বৈষম্য আছে সেটা দূর করবার কথা চিন্তা করছেন কি?

Dr. Md. Fazle Hapue :

নিয়োগ এবং বদলীর বৈষম্যটা আমি ঠিক বুঝতে পারলাম না।

[1-50—2-00 p.m.]

Shri Abdul Bari Biswas:

আমি যেটা জানতে চাইছি, তার উত্তর আমি পাইনি। আমার প্রশ্ন হচ্ছে এই যে রাইটাস বিল্ডিংসের বাইরে যে সমস্ত কর্মচারী আছে তাদের বদলী ইত্যাদি ব্যাপারে বৈষম্য আছে কিনা সেকথা বলছেন না, আমি জানতে চাইছি।

Mr. Speaker:

আমি যতটা বুঝতে পেরেছি রাইটার্স বিল্ডিংসে ডিফারেন্ট রুলসে রিক্রুটেড হয় এবং আউট-সাইডাররা অন্য রুলে রিক্রুটেড্‌ হয় এবং একর্ডিং টু ডিফারেন্ট রুল্স তারা গাইডেড্‌ হয়।

(নয়েজ)

(এখানে মাননীয় সদস্য মহম্মদ দেদার বক্স কিছু বলতে উঠে দাঁড়ান)

Mr. Speaker: I call upon Dr. Zainal Abedin to clarify the position.

Dr. Zainal Abedin:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেক্রেটারিয়েটে যে কর্মচারীরা আছে, তারজন্য একটা সার্ভিস রুল আছে, সেখান থেকে তাদের সহজে সরান যায় না, পরিবর্তন হয় না। এখন পরিবর্তন করলেও এফেক্ট দেওয়া হয় না। যখন এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল, তখন কন্ডিশন অব সার্ভিস ডিফাইন করা আছে। ডাইরেক্টরেটে যারা ঢোকে, তাদের বদল করা যায়। কোথাও কোথাও অসুবিধা আছে, এরা দল করছে সবাই জানে। সবাই দল করছে এটা ঠিক নয়, একাংশ কোথাও দল পাকাতে পারে, এটা অসম্ভব প্রপোজিশন নয়। আজকে

শুধু ইন রিলেশন টু সেক্রেটারিয়েট ধরলে হবে না। সর্বত্র আমরা দেখছি, কোথাও কোথাও, শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে, কোথায় কোথায় পরিবর্ত্তন করা যায় কিনা আমাদের ভেবে দেখতে হবে। আমাদের হাতে যে ব্যবস্থাগুলি আছে এন্‌ভাইরনমেন্ট বুঝে, সেই পটভূমিকায় নিতে হবে। এর মধ্যে ডাক্তার এবং ইঞ্জিনীয়ারদের স্ট্রাইক হয়ে গেল, একটা কন্টেক্সট দেখে, সিমিলারিটি দেখে ব্যবস্থা করতে হবে। সেজন্য আজকে এই জটিল অবস্থায় আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রীর পক্ষে কিছু বলা সম্ভব নয়। এন্টায়ার ক্যাবিনেটকে ভাবতে হবে দেশের যারা চিন্তাশীল মানুষ তাদের ভাবতে হবে, যখন আমাদের দেশে ডিমোক্রেসী রয়েছে, এ্যাড্‌মিনিস্ট্রেশনে কি করে এ্যাব্‌সোলিউট নিউট্রেলিটি রাখা যায় সেটা আমাদের লক্ষ্য। আজকে আমরা কংগ্রেসীরা ক্ষমতায় আছি, গীতা মুখোপাধ্যায়-এর দল কোনদিন ক্ষমতায় আসতে পারেন, আজকে গণতান্ত্রিক সমস্ত মানুষকে ভাবতে হবে। চট করে একটা কিছু কমিট করা যায় না ভাবতে হবে পর পর ঘটনার বিষয়ে। নিশ্চয়ই প্রতিকার করা উচিত। সমস্ত মাননীয় সদস্য এক মত হবে না, বোধ করি হাউসের বাইরে যে বৃহত্তর নাগরিক সমাজ আছেন তাঁরাও এক মত হবেন। এখন আমরা যে সার্কুলার দিয়েছি, সেগুলি ফলো করার চেষ্টা করছি।

জেলা পরিষদের কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা

*৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবাংলায় বিভিন্ন জেলা পরিষদের কর্মচারীদিগকে অন্যান্য সরকারী কর্মচারীদের ন্যায় বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হয় না ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত কর্মচারীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কি ?

Shri Subrata Mukhopadhaya :

(ক) হ্যাঁ।

(খ) কারণ ইঁহারা একটি স্বয়ং শাসিত প্রতিষ্ঠানের কর্মচারী, সরকারী কর্মচারী নহেন।

Shri Kashinath Misra :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পশ্চিমবঙ্গ জেলা পরিষদগুলিতে সর্বমোট কত কর্মচারী আছেন এবং তাঁরা কি কি সুযোগ-সুবিধা পাচ্ছেন ?

Shri Subrata Mukhopadhaya :

কত জন আছে তার জন্য নোটিশ দিতে হবে, আমার কাছে নাই।

Shri Kashinath Misra :

আমি জানতে চাচ্ছি তাঁরা কি কি সুযোগ-সুবিধা পাচ্ছেন ?

Shri Subrata Mukhopadhaya :

জেলা পরিষদের কর্মচারী সরকারী কর্মচারীদের মত পেনসন্ ও গ্র্যাচুইটী পান না বটে, কিন্তু ওখান থেকে বিশেষ একটা ভাতা পান্। কর্মচারীরা প্রভিডেন্ট ফাণ্ডে যে পরিমাণ টাকা জমা দেন, জেলা পরিষদ কর্তৃপক্ষ তাঁদের তহবিল থেকে তাদের কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ডের জন্য সমপরিমাণ টাকা কনট্রিবিউট করেন। এইটাই তাদের প্রিভিলেজ।

এছাড়া জেলা পরিষদের কর্মচারীদের সরকারী কর্মচারীদের ন্যায় সুযোগ-সুবিধা দেবার জন্য সরকার জেলা পরিষদকে বাধ্য করতে পারেন না। তার কারণ এই বর্ধিত খরচের সমস্ত দায়দায়িত্ব সরকারকে বহন করতে হবে। কিন্তু আপাততঃ এই কর্মচারীদের সুযোগ-সুবিধা সরকারী কর্মচারীদের মত না থাকলেও জেলা পরিষদকে সেই বর্ধিত খরচটা বহন করবার জন্য অনুরোধ করা হয়েছে।

Shri Kashinath Misra :
যখন এই সারা পশ্চিমবঙ্গে প্রতিটি সরকারী কর্মচারীর এমন কি বেসরকারী প্রতিষ্ঠানগুলির কর্মচারীদেরও বর্তমান দিনে বেতন ইত্যাদি বাড়ানো হচ্ছে, তখন এদের বেতন ভাতা ইত্যাদি বাড়ানোর কোন পরিকল্পনা আপনার পঞ্চায়েত বিভাগের আছে কি?

Shri Subrata Mukhopadhaya :
তেমন কোন পরিকল্পনা নাই।

Shri Sarat Chandra Das :
মন্ত্রিমহাশয় বলেছেন এঁরা সরকারী কর্মচারী নহেন, কেন এঁরা সরকারী কর্মচারী নহেন?

Shri Subrata Mukhopadhaya :
এই নিয়ম বরাবর চলে আসছে। সরকার তাদের শতকরা ৮০ ভাগ দুর্মূল্য ভাতা দিয়ে থাকেন মাত্র এর বেশী কিছু নয়।

Shri Gautam Chakraborty :
গ্রামসেবক বা অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী সরকার নিয়োগ করেন অথচ তাদের সরকারী কর্মচারীদের মত অন্যান্য প্রিভিলেজ দেওয়া হচ্ছে না। হাউস্ রেণ্ট অন্যান্য সরকারী কর্মচারীরা পান, এঁরা তা পাচ্ছেন না। এই বৈষম্য দূর করবার জন্য কি কোন ব্যবস্থা তিনি করছেন?

Shri Subrata Mukhopadhaya :
লোকাল সেল্ফ গভর্নমেণ্ট এর আওতায় যে সমস্ত সংস্থা আছে, তাঁদের কর্মচারীদের দায়-দায়িত্ব তাদের বহন করবার নিয়ম। এইরকম ক্ষেত্রে সরকার বিশেষ কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই ভাতা বাড়ানোর। সরকারী কর্মচারী হিসেবে তাদের গণ্য করবার কথা যদি বলেন, তাহলে বলবো তারজন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন, তা বহন করবার ক্ষমতা তাদের নাই অর্থাৎ লোকাল সেল্ফ গভর্নমেণ্ট ডিপার্টমেণ্টের নাই।

Shri Tuhin Kumar Samanta :
এটা কি সত্য যে অনেক জেলা পরিষদ তাদের কর্মচারীদের মাইনে ইত্যাদি বাড়াতে চান কিন্তু সরকারের কাছে জেলা পরিষদের যে কয়েক কোটী টাকা জমা আছে, তা না পাওয়ার ফলে বাড়াতে পারছেন না? সরকার কি এই টাকা জেলা পরিষদের কর্মচারীদের মাইনে বাড়ানোর জন্য সে টাকা দান করবেন?

Shri Subrata Mukhopadhaya :
আমার বর্দ্ধমান জেলা পরিষদের ব্যাপারে ডিটেল্স জানা নাই যে কত কি টাকা তাঁরা সরকারের কাছে পাবেন।

[2-00 - 2-10 p.m.]

Shri Sambhu Narayan Goswami :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অঞ্চল সেক্রেটারী যারা আছেন তারা জেলা পরিষদ থেকে এ্যাপয়েণ্টমেণ্ট পেয়েছেন কিন্তু তারা জেলা পরিষদের এ্যাপয়েণ্টমেণ্ট পেয়েও তারা

জেলা পরিষদের কোন সুযোগ-সুবিধা পাচ্ছেন না। আবার সরকারী কর্মচারীদের মত পাচ্ছেন না। এই বৈষম্য করা হচ্ছে। তারা জেলা পরিষদের মাধ্যমে এ্যাপয়েন্টমেন্ট পেলেও জেলা পরিষদের অন্য কর্মচারীর মত সুযোগ-সুবিধা পাচ্ছে না অঞ্চল থেকেও তারা সুযোগ-সুবিধা পাচ্ছে না। এই যে বৈষম্য এর কারণ কি?

Shri Subrata Mukhopadhaya :

বৈষম্য থাকা বাঞ্ছনীয় নয়। তবে নির্দিষ্ট যে নিয়ম বা পদ্ধতি আছে তাতে এইভাবে হয়ে আসছে।

Shri Pradyot Kumar Mahanti :

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পশ্চিমবাংলায় অনেকগুলি জেলা পরিষদ আছে সেখানে তারা জেলা পরিষদের কর্মচারীদের মত বেতন ও ভাতা দিয়ে আসছেন। এই কথা যদি সত্য হয় তাহলে মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে জেলা পরিষদের কর্মচারীদের জন্য জেলা পরিষদ এমপ্লয়মেন্ট কণ্ডাক্ট রুলস তৈরী করবার কথা চিন্তা করছেন কিনা?

Shri Subrata Mukhopadhaya :

হ্যাঁ, আমরা চিন্তা করছি।

Mr. Speaker : Question hour is over.

STARRED QUESTIONS
(to which oral answers were laid on the table)

মকদমপুর-ভাটোল ও সোহারাই-রায়গঞ্জ রাস্তা

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৭।) ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ ব্লকের মধ্যে মকদমপুর হইতে ভাটোল এবং সোহারাই হইতে রায়গঞ্জ ভায়া সুভাষগঞ্জ এই দুইটি রাস্তার কোন্‌টার কাজ কতদূর হইয়াছে; এবং

(খ) এই দুইটি কাজের কোন্‌টা কত দিনে শেষ হইবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ— (ক) মকদমপুর-ভাটোল রাস্তার ৮০% এবং সোহারই রায়গঞ্জ (ভায়া সুভাষগঞ্জ) রাস্তার ৩০% মাটির কাজ হইয়াছে;

(খ) জমির অধিগ্রহণ হইলে এবং উপযুক্ত বরাদ্দ পাওয়া গেলে ৫ম পরিকল্পনার মধ্যে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

কৃষ্ণরামপুর রোডের নির্মাণকার্য

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৬।) শ্রীগোবিন্দ চ্যাটার্জীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলী জেলার কৃষ্ণরামপুর রোড-এর কোন্নগর থেকে বাঁশাই অংশ নির্মাণের জন্য যে সমস্ত পাথর এবং স্ল্যাগ কয়েক মাস যাবত রেখে দেওয়া হয়েছে তার কিছু অংশ চুরি হয়ে যাচ্ছে, এবং

(খ) অবগত থাকিলে—

(১) ঐ চুরি বন্ধ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

(২) ঐ রাস্তার নির্মাণকার্য এখনও আরম্ভ না করার কারণ কি; ও

(৩) কবে নাগাত উহার কাজ আরম্ভ হবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—(ক) উল্লেখিত রাস্তাটি নির্মানের কোন পরিকল্পনা আপাততঃ নাই; সে কারণে ঐ কাজের জন্য মাল মসলা সংগ্রহ অথবা সেগুলি চুরি হওয়া সম্পর্কে সরকার অবহিত নহেন।

(খ) (১ ও ২) কোন প্রশ্ন ওঠে না।

Ladhasuli-Rohini Road

*375. (Admitted question No. *1014). **Shri Birendra Bijoy Malla Deb:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(*a*) the progress of work of the road between Ladhasuli and Rohini in Jhargram subdivision; and

(*b*) the amount allotted for this in the 5th Five-Year Plan period?

Minister-in-charge of Public Works (Roads) Department:—

There is no scheme named as Lodhasuli to Rohini, However, there is a road included in the 4th plan named as Lodhasuli to Ragra.

(a) Possession of land at certain stretches has been received and earthwork has been started where possession has been amicably received

(b) As the outlay for the Fifth Plan has not been fixed as yet, the allotment fo this road during the Fifth Plan period cannot be forecast now.

ঝাপড়া-চেলিয়ামা, ভায়াপাড়া-দুবড়া রোডের আর্থওয়ার্ক

*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯০।) **শ্রীশরৎ দাস**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝাপড়া-চেলিয়ামা, ভায়াপাড়া-দুবড়া, রোডের আর্থওয়ার্ক-এর কাজ কবে সুরু হইয়াছে এবং কবে নাগাত উহা শেষ হইবে;

(খ) উহার নির্মাণকার্যে দেরি হওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত রোড মেটাল্ড করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং না থাকিলে, তাহার কারণ কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:—(ক), (খ) এবং (গ)। ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে শুরু হইয়াছে; ১২ মাইলের মধ্যে প্রায় ৯ মাইলের মতো রাস্তার আর্থওয়ার্কের কাজ শেষ হইয়াছে। অবশিষ্ট ৩ মাইল রাস্তার জন্য যে ঠিকাদার নিযুক্ত করা হইয়াছিল তিনি কাজ বন্ধ করিয়া দেওয়ায় নির্মাণ কাজে দেরী হইতেছে। আশা করা যায়, ১৯৭৫ সালের মার্চ মাসের মধ্যে বাকী অংশের কাজ সমাপ্ত হইবে।

আর্থিক অস্বচ্ছলতাহেতু রাস্তাটি আপাততঃ মেটাল্ড করার কোন পরিকল্পনা নাই।

বেলপাহাড়ী-বাঁশপাহাড়ী রাস্তা

***৩৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৯।) **শ্রীজয়রাম সরেন ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার বেলপাহাড়ী হইতে বাঁশপাহাড়ী পর্যন্ত রাস্তাটির জন্য মাটিকাটার কাজ শুরু হইয়াও মাঝপথে বন্ধ হইয়া গিয়াছে;

(খ) অবগত থাকিলে,

(১) ইহার কারণ কি,

(২) কবে নাগাত উক্ত রাস্তাটির কাজ পুনরায় আরম্ভ করা হইবে;

(গ) (১) বীনপুর হইতে ডাংগরপাড়া পর্যন্ত,

(২) দহিজুড়ি হইতে রামগড় পর্যন্ত রাস্তা দুইটির উন্নয়নের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(ঘ) বীনপুর হইতে ভৈরবকুন্ড্ পর্যন্ত যে রাস্তাটি গত বৎসর হইতে অর্ধসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে তাহার কাজ সম্পূর্ণ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ—(ক) হাঁ;

(খ) (১) যে সমস্ত স্থানে আপোসে জমির দখল পাওয়া গিয়াছিল সেই সকল স্থানে মাটির কাজ শুরু হইয়াছিল। এই রাস্তার যে অংশে ফরেষ্ট বিভাগের জমি হইতে মাটি লইবার প্রয়োজন, তাহা এখনও পাওয়া যায় নাই। ফলে মাটির অভাবে কাজ বন্ধ হয়। জমি অধিগ্রহণের অসুবিধার জন্যই এই কাজ বন্ধ আছে।

(২) বিভাগীয় সহকারী বাস্তুকার বন বিভাগের কর্তাদের সাথে আলাপ আলোচনা চালাইতেছেন। ফরেষ্ট বিভাগের জমি হইতে মাটি কাটার অনুমতি পাইলেই অথবা অন্য ব্যবস্থা হইলেই পুনরায় মাটির কাজ শুরু হইবে;

(গ) (১) ও (২)—এই দুইটি রাস্তার উন্নয়নের কোন পরিকল্পনা বর্তমানে নাই। আর্থিক কৃচ্ছ্রতার জন্য অনেক সড়ক পরিকল্পনাই বাতিল করিতে হইয়াছে;

(ঘ) এই রাস্তাটি পূর্ত বিভাগের নহে।

হাড়োয়া-বেড়াচাঁপা-গোপালপুর রাস্তা

***৩৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২৪।) **শ্রীগঙ্গাধর প্রামাণিক ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসিরহাট মহকুমার অন্তর্গত হাড়োয়া-বেড়াচাঁপা রোড হইতে গোপালপুর পর্য্যন্ত রাস্তার কাজ কোন্ সময়ে আরম্ভ হইয়াছিল এবং বর্তমানে তাহা কোন্ পর্যায়ে আছে;

(খ) ঐ রাস্তার কাজ কবে নাগাত শেষ হইবে;

(গ) কতজন শ্রমিককে এই রাস্তার কাজে নিয়োগ করা হইয়াছে এবং তাহাদের নাম কি;

(ঘ) ওয়ার্ক অর্ডার কবে বাহির হইয়াছে; এবং

(ঙ) ১১ই ফেব্রুয়ারী, ১৯৭৪ পর্যন্ত কত টাকার কাজ হইয়াছে এবং তাহার মধ্যে কনট্রাকটরদের কত টাকা দেওয়া হইয়াছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ—(ক) ১৯৭৩ সালের জানুয়ারী মাসে কাজ আরম্ভ হ ৫ মাইল দীর্ঘ রাস্তাটির ৪½ মাইলে মাটির কাজ হইয়াছে।

(খ) জমির দখল পাওয়া গেলে এই বৎসর মাটির কাজ শেষ হবে বলে আশা করা য পাকা কর বিষয়ে ৫ম পরিকল্পনার বরাদ্দ চূড়ান্তভাবে স্থির না হওয়া পর্যন্ত কিছু সম্ভব নহে।

(গ) মাটির কাজে একজন কনট্রাক্টর নিয়োগ করা হইয়াছে ; তাহার নাম শ্রীসু মজুমদার।

(ঘ) ৫-১-৭৩ তাং এ ওয়ার্ক অর্ডার দেওয়া হইয়াছে।

(ঙ) মাটির কাজের দরুণ কন্‌ট্রাক্টরকে মোট ৫৫,০২৩ টাকা দেওয়া হইয়াছে।

তপসিয়া-ঘুসীঘাটা রাস্তা

*৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬।) **শ্রীগঙ্গাধর প্রামাণিক**ঃ পূর্ত বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় তপসিয়া হইতে ঘুসীঘাটা পর্যন্ত রাস্তার কাজ কোন্ স আরম্ভ হইয়াছে এবং উহা কবে নাগাত শেষ হইবে; এবং

(খ) এই রাস্তার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) তপসিয়া-ঘুসীঘাটা অর্থাৎ তপসিয়া—কুলটী রাস্ত ৫ম মাইল হইতে, শেষ পর্য্যন্ত অংশের নির্মাণ কার্য্য ২৩-৮-৭১ তারিখে আরম্ভ হইয়া

সর্ব্বানুকুল্যে আগামী দুই মাসের মধ্যে কাজটি শেষ হইবে বলিয়া আশা করা যা

উক্ত রাস্তার প্রথম চার মাইল অংশের উন্নয়ন কার্য্য পূর্ব্বেই সম্পন্ন হইয়াছিল।

(খ) এই রাস্তার ৫ম মাইল হইতে শেষ পর্য্যন্ত ১৭ মাইল অংশের মধ্যে ১২½ মাই অংশের পীচ দেওয়া পর্য্যন্ত সমস্ত কাজই সম্পন্ন হইয়াছে। অবশিষ্ট ৪½ মাইল অংশে পীচ দেওয়ার কাজ চলিতেছে। ২টী পুলছাড়া আর সব পুলের নির্মাণ কার্য্য শেষ হইয়াছে অবশিষ্ট ২টী পুলের নির্মাণ কার্য্যও অগ্রসর হইতেছে। প্রথম চার মাইল অংশের মের মতেরও আয়োজন চলিতেছে।

রাণাঘাট থানা এবং জি, আর, পি, রাণাঘাট এলাকায় ছিনতাই

*৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৫।) **শ্রী নিতাইপদ সরকার**ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগে মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদিয়া জেলার রাণাঘাট থানা এলাকায় এব জি আর পি, রাণাঘাট এলাকায় সম্প্রতি কতকগুলি বৃহৎ ধরনের ছিনতাইয়ে ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ। ১৯৭৪-এর ফেব্রুয়ারী পর্য্য ৬ মাসে রাণাঘাট থানায় দুটি এবং জি, আর, পি, রাণাঘাট এলাকায় পাঁচটি ঘটনা ঘটিয়াছে

(খ) উপদ্রুত এলাকায় সতর্কতামূলক টহলদারীর ব্যবস্থা করা হইয়াছে। কিছু দুর্বৃত্তে মিসায় গ্রেপ্তার করা হইয়াছে এবং অন্যান্যদের বিরুদ্ধেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ কর হইতেছে।

চলন্ত ট্রেনে হোমগার্ড এবং সাদা পোষাকের কনস্টেবল কর্তৃক টহলদারীর ব্যবস্থা করা হইয়াছে, এবং এ ব্যাপারে থানা অফিসার এবং উচ্চপদস্থ অফিসারগণ ঘন ঘন তদারকী করিতেছেন। পায়রাডাঙ্গা, মদনপুর এবং চাকদহ নামক উপদ্রুত স্টেশন সমূহে ব্যাপক দৃষ্টি রাখা হইতেছে।

"রূপায়ণ" সিনেমা

***৫৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১২১৯।) **শ্রী রবীন্দ্র ঘোষঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলকাতার "রূপায়ণ" সিনেমার কর্তৃপক্ষ সরকারের বিনা অনুমতিতে ১৯৭৩ সাল হইতে ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত ছবি প্রদর্শন করিয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে,

(১) কখন এই সংবাদ সরকারের গোচরে আসিয়াছে; এবং

(২) সরকার এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) ও (খ) সিনেমা হলটির একটি স্থায়ী লাইসেন্স আছে। ইহা প্রতিবৎসর নবীকরণ করাইতে হয়। ১৯৭৩ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত লাইসেন্সটি নবীকৃত করা হইয়াছিল। পরবর্তী বৎসরের জন্য নবীকরণের দরখাস্ত বিবেচনাধীন থাকাকালীন হলটিতে ১৯৭৪ সালের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত ছবি প্রদর্শিত হইয়াছে।

লাইসেন্স নবীকরণের দরখাস্ত প্রত্যাখান করা হইবে না কেন তাহার কারণ দর্শাইবার জন্য নোটিশ দেওয়া হইয়াছে।

বরাভূম-সিন্দরী রাস্তা ও সেতু মেরামতের জন্য অর্থ বরাদ্দ

***৫৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৬।) **শ্রী রূপ সিং মাঝিঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বরাভূম-সিন্দরী রাস্তার নির্মাণ এবং ঐ রাস্তার মধ্যে নদীগুলির উপর সেতু মেরামতের জন্য কোন অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, কোন আর্থিক বৎসরে মঞ্জুর করা হইয়াছে এবং কত টাকা; এবং

(গ) উহাদের কাজের অগ্রগতি কতদূর হইয়াছে এবং কবে নাগাত উহা সম্পূর্ণ হইবে?

পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) সড়ক নির্মাণের জন্য অর্থবরাদ্দ হইয়াছে। সেতু মেরামতের কোন প্রস্তাব নাই তবে নূতন সেতু তৈরী করার প্রস্তাব আছে।

(খ) আর্থিক বৎসর ১৯৬৯-৭০; মঞ্জুরীকৃত টাকার পরিমাণ ঃ—২২,২৮,৪০০ টাকা।

(গ) নিমগাঁসাই নদী ও কুমারীখালের উপর সেতু ও ৩ মাইল রাস্তা ছাড়া এই রাস্তার অন্য কাজ শেষ হইয়াছে। এই সেতু দুইটির জন্য সংশোধিত এস্টিমেট সরকারের বিবেচনাধীন আছে। এস্টিমেট মঞ্জুর হইলে ৫ম পরিকল্পনাকালে সেতু সমেত রাস্তার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

যুব কো-অর্ডিনেটার অফিস

***৫৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৮।) **শ্রী ফণিভূষণ সিংহবাবুঃ** যুব কল্যাণ বিভাগে মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুব কো-অর্ডিনেটার অফিস কোন্ কোন্ জেলায় খোলা হইয়াছে; এবং

(খ) কো-অর্ডিনেটার পদে কিসের ভিত্তিতে এবং কি পদ্ধতিতে নিয়োগ করা হইয়াছে?

যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) ভারত সরকার ২৪-পরগনা, বর্ধমান, মেদিনীপুর, মুর্শিদাবাদ ও দার্জিলিঙ জেলায় যুব কো-অর্ডিনেটার অফিস খুলিয়াছেন।

(খ) কো-অর্ডিনেটার পদে নিয়োগের জন্য প্রথমে পরীক্ষা গ্রহণ করা হয়। উপযুক্ত প্রার্থীদের প্রথমে রাজ্য নির্বাচন কমিটি পরে কেন্দ্রীয় নির্বাচন কমিটি সাক্ষাৎকার গ্রহণ করেন।

শ্যা বাজার হইতে বেলেঘাটা পর্যন্ত খাল সংস্কার

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৪। **শ্রী অনন্ত কুমার ভারতী:** পূর্ত (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামবাজার হইতে বেলেঘাটা পর্যন্ত যে খাল আছে উহা সংস্কার করার জন্য দীর্ঘদিন যাবৎ উক্ত খালে গঙ্গার জল প্রবেশ বন্ধ করা হইয়াছে;

(খ) সত্য হইলে এইভাবে আর কত দিন উক্ত খালে গঙ্গার জল প্রবেশ বন্ধ করিয়া রাখা হইবে;

(গ) খালের দুই পারের কোন অংশ বাঁধান হইয়াছে কি না ও খালটিকে গভীর করার জন্য কোন অংশে মাটি কাটা হইয়াছে কি না; এবং

(ঘ) উক্ত খালের দুই পাড়ের সব অংশই বাঁধান হইবে কি না ও খালটিকে গভীর করার জন্য খালটির সমস্ত অংশেই মাটি কাটা হইবে কি না?

পূর্ত (সহর ও নগর পরিকল্পনা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) হাঁ। সংস্কার ছাড়াও উক্ত খালের উপর সি, আই, টি কর্তৃক সি, এম, ডি, এ উন্নয়ন কর্মসূচী অনুযায়ী একটি সেতু নির্মাণ কার্য্য চলার কারণে উক্ত খালে গঙ্গার জল প্রবেশ বন্ধ করা হইয়াছে।

(খ) উক্ত সেতু নির্মান কার্য্য শেষ না হওয়া পর্য্যন্ত ঐ খালে গঙ্গার জল প্রবেশ বন্ধ করিয়া রাখা হইবে। এই বৎসরের মধ্যে সেতু নির্মাণ কার্য্য শেষ হইবে আশা করা যায়।

(গ) বেলগাছিয়া ব্রীজ হইতে উল্টাডাংগা ব্রীজ পর্য্যন্ত খালের উভয় পার্শ্ব বাধাবার কাজ শেষ হইয়াছে। উক্ত খালের উল্টাডাংগা ব্রীজ হইতে মানিকতলা ব্রীজ পর্য্যন্ত উভয় পার্শ্বে কিছু কিছু অংশ বাঁধান হইয়াছে। খালটীকে গভীর করার জন্য উপরোক্ত অংশের মাটি কাটার কাজও শেষ হইয়াছে।

(ঘ) উক্ত খালের উপরিবর্ণিত অংশগুলি ছাড়া অতিরিক্ত কোন অংশের পাড় বাঁধাবার বা মাটী কাটার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

Waterlogging of some areas in Rajabagan Lane and Seven Tanks Lane

*555. (Admitted question No. *2171.) **Shri Nandalal Banerjee:** Will the Minister-in-charge of the Public Works (C.M.D.A.) Department be pleased to state—

(*a*) whether the State Government is aware of the fact that a greater part of both Rajabagan Lane and Seven Tanks Lane in Calcutta (Cossipore area) remains waterlogged during the rainy season; and

(*b*) if so, the steps the Government has taken or proposed to take in the matter?

inister-in-charge of Public Works (C.M.D.A.) Department :—

One of the projects included in the C.M.D.A. programme is the Dum Dum Zone Sewerage & Drainage Project and the areas mentioned form a part of this project area. Execution of the Sewerage Scheme has been taken up and detailed surveys and collection of necessary hydraulic data with regard to drainage has commenced.

সাঁওতালী ভাষায় শিক্ষা ও তথ্যমূলক চলচিত্র নির্মাণ

***৫৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৫।) **শ্রী বেনজামিন হেমব্রম ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালী ভাষায় শিক্ষা ও তথ্যমূলক চলচ্চিত্র নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকিলে, তাহা কি এবং কবে নাগাত তাহা কার্যকরী হইবে; এবং

(গ) বিভিন্ন এলাকার সাঁওতাল শিল্পীদের ঐরূপ চিত্রে অংশ গ্রহণের সুযাগ দেওয়া হইবে কি না?

তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমানে নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

রাণীগঞ্জ থানার নুপুর কলোনীতে কংগ্রেস সকর্থক শ্রমিকদিগকে দুষ্কৃতকারী কর্তৃক ভীতিপ্রদর্শন

***৫৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, সম্প্রতি বর্ধমান জেলার রাণীগঞ্জ থানার বল্লভপুর এলাকায় নুপুর কলোনীতে দুষ্কৃতকারীরা কংগ্রেস সমর্থক একশত শ্রমিক পরিবারকে ভয় দেখিয়ে উক্ত কলোনী ছাড়তে বাধ্য করেছে; এবং

(খ) অবগত থাকলে, উক্ত শ্রমিকদের নিরাপত্তার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) একশত শ্রমিক পরিবারকে ভয় দেখিয়ে কলোনী ছাড়তে বাধ্য করার কোন খবর নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

প্রতি বিধানসভা কেন্দ্রে রাস্তা মঞ্জুর

***৫৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫১।) **শ্রী শিশির কুমার সেন ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গ সরকার প্রতি বিধানসভা কেন্দ্রে একটি করিয়া রাস্তা মঞ্জুর করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত রাস্তাগুলির নিমাণকার্য শেষ হইয়াছে কি না; এবং

(গ) ১৯৭৪-৭৫ সালে প্রতি কেন্দ্রে এইরূপ রাস্তা মঞ্জুর করার কোন পরিকল্পনা আছে কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক), (খ) এবং (গ) সরকারের এরকম একটি পরিকল্পনা ছিল যে, ২০ বছরের পরিকল্পনার সহিত সঙ্গতি রাখিয়া প্রতি বিধানসভাকেন্দ্রে একটি করিয়া রাস্তা নির্মাণ করা হইবে এবং প্রতিবছর অর্থবরাদ্দের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাস্তার কাজ শুরু হইবে। এমন কোন পরিকল্পনা ছিল না যে, ১৯৭২-৭৩ সালের মধ্যেই সবকটি বিধানসভা কেন্দ্রে একই সঙ্গে রাস্তা নির্মাণের কাজ শুরু করা হইবে। তবে অনেকগুলি রাস্তার কাজ শুরু হয়েছে। ১৯৭৪-৭৫ সালেও এমন কোনো পরিকল্পনা নাই যে, প্রতি বিধানসভা কেন্দ্রে একটি করিয়া রাস্তা নির্মাণ করা হইবে।

পঞ্চায়েৎ অঞ্চল সচিব, দফাদার ও চৌকিদারদের বর্ধিতহারে ডি এ প্রদান

*৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৮।) **শ্রী মহঃ দেদার বক্স ঃ পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রী** মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ঘোষণা অনুযায়ী ১৯৭৪ সালের জানুয়ারি মাস হইতে মার্চ পর্যন্ত যে ষোল টাকা এবং এপ্রিল হইতে আরও আট টাকা করে ডি এ দেওয়া হয়েছে তাহা পঞ্চায়েৎ অঞ্চল সচিব, দফাদার ও চৌকিদারদের ক্ষেত্রেও প্রযোজ্য কি না; এবং

(খ) প্রযোজ্য হইলে, এ সম্পর্কে সরকারী নির্দেশ গিয়াছে কি?

পঞ্চায়েৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) অঞ্চল পঞ্চায়েৎ সচিবদের ক্ষেত্রে প্রযোজ্য; চৌকিদার ও দফাদারদের ক্ষেত্রে প্রযোজ্য নহে।

(খ) হ্যাঁ, অঞ্চল পঞ্চায়েৎ সচিবদের ১৯৭৪ সালের ১লা জানুয়ারী হইতে ১৬্ টাকা হারে মহার্ঘ্যভাতা মঞ্জুর করিয়া সরকারী নির্দেশ প্রচারিত হইয়াছে।

বীরভূম জেলায় নূতন রাস্তা নির্মাণ

*৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৫।) **শ্রী শচীনন্দন সাউ ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার বীরভূম জেলায় কোন নূতন রাস্তা নির্মাণ করেছেন কি;

(খ) সিউড়ি-ইলামবাজার রাস্তাটার কাজ বন্ধ থাকার কারণ কি;

(গ) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে বীরভূম জেলার জন্য কয়টি রাস্তা অনুমোদন করেছেন;

(ঘ) বীরভূম জেলায় পূর্ত দপ্তরের কতজন কর্মচারীর পদ শূন্য আছে এবং শূন্য থাকার কারণ কি; এবং

(ঙ) পাণ্ডবেশ্বর ও ভীমগড়ের মাঝে অজয় নদীতে কোন ব্রীজ করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন কি না এবং না করলে, তার কারণ কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নূতন রাস্তার নির্মাণ সম্পন্ন করেন নাই, তবে নির্মাণের কাজ হাতে লইয়াছেন;

(খ) প্রয়োজনীয় ভূমি দখলের অভাবে;

(গ) ৪র্থ পরিকল্পনায় অন্তর্ভুক্ত রাস্তাগুলিই ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে অনুমোদিত যাহার সংখ্যা ২৭টি, প্রতি বৎসর নূতন রাস্তা অনুমোদনের প্রয়োজন হয় না;

(ঘ) সর্বসমেত ৯টি পদ শূন্য আছে। ব্যয় সঙ্কোচ সম্বন্ধে সরকারী নির্দেশনামা অনুযায়ী এই পদগুলি পূরণ করা হয় নাই;

(ঙ) আর্থিক অস্বচ্ছলতাহেতু সরকার আপাততঃ কোন ব্রিজ করার সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

রিটায়ার্ড আই এ এস, আই সি এস এবং আই পি এস অফিসারের পুনর্নিয়োগ

*৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৩।) **শ্রী পঙ্কজ কুমার ব্যানার্জী ঃ স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রী** মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কতজন রিটায়ার্ড আই এ এস, আই সি এস, এবং আই পি এস অফিসারকে সরকার এক্সটেনশন বা পুনর্নিয়োগ করিয়াছেন; এবং

(খ) ঐরূপ এক্সটেনশন বা পুনর্নিয়োগের কারণ কি?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) বর্তমানে ৯ জন আই, এ, এস, ২ জন আই, সি, এস এবং ২জন আই, পি, এস, অফিসারকে সরকার পুনর্নিয়োগ করিয়াছেন।

(খ) জনস্বার্থের প্রয়োজন তাহাদের পুনর্নিয়োগ করা হইয়াছে।

ফিল্ম স্টুডিও

*৫৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৮।) শ্রী হেমন্ত দত্তঃ তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কয়টি ফিল্ম স্টুডিও আছে;

(খ) এই স্টুডিওগুলির মালিক কতজন বাঙ্গালী এবং কতজন অবাঙ্গালী;

(গ) ফিল্ম সেন্সর বোর্ডে বর্তমানে কোন্ কোন্ ব্যক্তি সদস্য আছেন; এবং

(ঘ) সিনেমা শিল্প উন্নয়নের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) বর্তমানে মোট ৪টি স্টুডিও চালু আছে।

(খ) দুইটি স্টুডিওর মালিক অবাঙ্গালী এবং অপর দুইটি স্টুডিওর মালিক বাঙ্গালী।

(গ) কেন্দ্রীয় সরকারের সংস্থা কেন্দ্রীয় ফিল্ম সেন্সর বোর্ডে বর্তমানে নিম্নলিখিত নয়জন সদস্য আছেন—

(1) Shri B. R. Chopra,
(2) Smt. V. Duggal,
(3) Smt. S. Gupta
(4) Shri P. C. Mathew,
(5) Smt. M. Nasrullah,
(6) Shri B. N. Sircar,
(7) Shri A. L. Srinivasan,
(8) Shri C. R. Sundaram,
(9) Shri D. Abraham.

(ঘ) রাজ্যে সিনেমা শিল্পের উন্নয়নের জন্য সরকার রাজ্য চলচ্চিত্র পর্ষদ গঠন করিয়াছেন। পর্ষদ শিল্পের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করিতে সরকারকে পরামর্শ দিবেন। পর্ষদের বিভিন্ন সুপারিশ কার্য্যকরী করার জন্য প্রতি আর্থিক বৎসরে মোট ২৫ লক্ষ টাকা বরাদ্দ আছে এবং বরাদ্দ টাকা যথোপযুক্তভাবে ব্যয়ের কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

কেতুগ্রাম থানায় রাস্তা নির্মাণের কাজ

*৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৫।) শ্রীপ্রভাকর মণ্ডলঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে বর্ধমান জেলার অন্তর্গত কেতুগ্রাম থানায় কয়টি রাস্তা নির্মাণের জন্য গ্রহণ করা হইয়াছে;

(খ) ঐ রাস্তাগুলির কাজ আরম্ভ হইয়াছে কি না; এবং

(গ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি এবং কত দিনের মধ্যে কাজ আরম্ভ হইবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) ছয়টি;

(খ) ছয়টির মধ্যে দুইটির কাজ আরম্ভ হইয়াছে;

(গ) প্রয়োজনের তুলনায় অর্থবরাদ্দের স্বল্পতা এবং জমি দখল না পাওয়ায় সব কয়টির কাজ আরম্ভ করা যায় নাই। এই অসুবিধা দূর হইলেই কাজ আরম্ভ হইবে।

কুলটি-র বরাকর অঞ্চলকে "নোটিফায়েড" এলাকা হিসাবে ঘোষণা

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২১।) **শ্রীরামদাস ব্যানার্জীঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুলটি-বরাকর অঞ্চলকে "নোটিফাইড" এলাকা হিসাবে ঘোষণা করার প্রস্তাব বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কতদিনের মধ্যে এই কাজ সম্পূর্ণ হবে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

(ক) গত ১৯৭৩ সালের ৫ই জুলাই কলিকাতা গেজেটের বিশেষ সংখ্যাতে কুলটি-বরাকর অঞ্চলকে নোটিফায়েড' এলাকা হিসাবে ঘোষণা করিবার ইচ্ছা প্রকাশ করিয়া একটি সরকারী প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার পর স্থানীয় জনসাধারণ ঐ প্রজ্ঞাপনের বিরুদ্ধে প্রতিবাদপত্র পেশ করেন। এ সম্পর্কে স্থানীয় অফিসারদের নিকট হইতে পুনরায় তাহাদের মতামত চাওয়া হইয়াছে।

(খ) উপরিউক্ত স্থানীয় অফিসারদের রিপোর্ট ও মতামত পাওয়ার পর প্রতিবাদ পত্রগুলি বিবেচনা করিয়া দেখা হইবে এবং তৎপরে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

হুগলি জেলায় রাস্তা নির্মাণ

*৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৮।) **শ্রীবলাইলাল শেঠঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে হুগলি জেলায় কয়টি এবং কত মাইল রাস্তা তৈয়ারীর প্রস্তাব অনুমোদন করা হইয়াছে;

(খ) উক্ত রাস্তাগুলি তৈয়ারীর কাজ কতদিনের মধ্যে শুরু হইবে; এবং

(গ) ১৯৭৪-৭৫ সালে কোন্ কোন্ এবং কত মাইল রাস্তা তৈয়ারীর প্রস্তাব আছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) এবং (খ) ১৯৭৩-৭৪ সালে ৪র্থ পরিকল্পনায় অন্তর্ভুক্ত মোট ৩৫ মাইল দৈর্ঘ্যের ১৮টি রাস্তার কাজ সুরু হয়;

(গ) আর্থিক সঙ্গতি ও জমি পাওয়া সাপেক্ষে উক্ত ১৮টি রাস্তাসহ মোট ২৫টি রাস্তার কাজ করার প্রস্তাব আছে। উহাদের নাম ও দৈর্ঘ্য নিম্নে দেওয়া হইল:

নাম	মাইল
১। সোদপুর-ফুলিগঞ্জ	৮
২। তাঁতিসাল হেল্থ সেন্টার রোড	২
৩। নারায়নপুর-জিয়ারা	২
৪। আলিপুর-চন্দনপুর	১½
৫। বলরামপুর-ফতেপুর-গোতান	৪
৬। তাম্বা-ইলছোবা	২
৭। বাসনা-একতারপুর	৪
৮। পাণ্ডনান-ওচাই	২
৯। বৈঁচি-হরাল ভায়া বিলসারা	৩
১০। চুঁচুড়া-ধনিয়াখালি হইতে বেলমুড়ি রেলস্টেশন ভায়া মাকালপুর হেল্থ সেন্টার	২
১১। সাঁইয়া-পাণ্ডনান	২
১২। এস. টি. কে. কে রোড থেকে বড়াল	১
১৩। পাণ্ডুয়া-কালনা রোড থেকে দক্ষিনাকালী মন্দির	½
১৪। ডুমুরদহ থেকে ডুমুরদহ রেল স্টেশন	১
১৫। খানারগাছি ও জিরাটের মধ্যে সংযোগকারী রাস্তা	২½
১৬। কামারপুকুর আমুর	১½
১৭। জগৎপুর-ধরমপোতা থেকে খানাকুল হেল্থসেন্টার	½
১৮। জনাই বক্সা-কৃষ্ণরামপুর	২
১৯। এস. টি. কে. কে রোড থেকে সূর্যপুর ভায়া বেহুলা	১½
২০। দাওয়াপাড়া-পাঁচপাড়া	১½
২১। কোন্নগর রেল স্টেশন থেকে গোবরা রেল স্টেশন	৪
২২। তারকেশ্বর হেল্থ সেন্টার রোড	½
২৩। তাম্বা-কামারপাড়া-উছাপসরা	২
২৪। সাঁইথা দক্ষিণদিহি-ফুরফুরা	৩½
২৫। সুলতানগাছা-গুরাপ-দশঘড়া (পরিত্যক্ত অংশ)	১

চলচ্চিত্র উন্নয়ন পর্ষদ

*৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮৯।) **শ্রীঅশ্বিনী রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে চলচ্চিত্র উন্নয়ন পর্যদ গঠিত হইয়াছে কি না; এবং

(খ) হইলে—

(১) উক্ত পর্যদ কবে ও কাহাদের লইয়া গঠিত হইয়াছে (তাঁহাদের নাম ও যোগ্যতা); ও

(২) পর্যদের কাজ?

তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) হ্যাঁ।

(খ) (১) পর্যদ গত ১৯৭৩ সালে জুন মাসে নিম্নলিখিত সরকারী এবং বেসরকারী সদস্য লইয়া গঠিত হইয়াছে।

(১) মাননীয় মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, (২) মাননীয় পরিকল্পনা ও উন্নয়ন মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, (৩) মাননীয় রাষ্ট্রমন্ত্রী, তথ্য ও জনসংযোগ বিভাগ, (৪) উন্নয়ন

কমিশনার, পশ্চিমবঙ্গ সরকার, (৫) সচিব, তথ্য ও জনসংযোগ বিভাগ, (৬) শ্রীপ্রিয়রঞ্জন দাশমুন্সী, এম, পি, (৭) শ্রী বি, এন, সরকার, (৮) শ্রীসত্যজিৎ রায়, (৯) শ্রীঅসিত চৌধুরী, (১০) শ্রীবিমল দে, (১১) শ্রীসুবোধ মিত্র, (১২) শ্রীমতী কানন দেবী, (১৩) শ্রীমৃণাল সেন, (১৪) শ্রীউৎপল দত্ত, (১৫) শ্রীতপন সিংহ, (১৬) শ্রীউত্তম কুমার, (১৭) শ্রীসুকোমলকান্তি ঘোষ, (১৮) শ্রীহেমন্ত মুখার্জী, (১৯) শ্রীমতী মঞ্জু দে, (২০) শ্রীঅজিত বোস, (২১) শ্রীঅশোক সরকার, (২২) শ্রী এম, বি, মেহতা, (২৩) শ্রী এ, কে, সরকার ক্রমিক সংখ্যা ৭ হইতে ১৬ এবং ১৮, ১৯-এ লিখিত সমস্ত বেসরকারী সদস্যগণ চলচ্চিত্র শিল্পের সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট এবং ক্রমিক সংখ্যা ২০,২২,২৩-এর সদস্যগণ ইস্টার্ন ইণ্ডিয়া মোশান পিকচার্স এসোসিয়েসনের প্রতিনিধি এবং ক্রমিক সংখ্যা ১৭ এবং ২১ খ্যাতনামা সংবাদপত্রের সম্পাদক।

(খ) (২) পর্ষদ পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পের উন্নতিকল্পে গঠিত হইয়াছে এবং এতৎসম্পর্কে যথাযথ ব্যবস্থা অবলম্বনের ক্ষমতা পর্ষদের থাকিবে এবং পর্ষদ নিম্নবর্ণিত ব্যাপারে সরকারকে পরামর্শ দেবেন ঃ

(১) চলচ্চিত্র শিল্পের উন্নয়ণ প্রয়াসে কলিকাতা ও মফঃস্বল সিনেমা গৃহে বহুল পরিমাণে বাংলা চলচ্চিত্র প্রদর্শণের ব্যবস্থা সম্পর্কে অবস্থা সৃষ্টি করা।

(২) বর্তমান ফিল্ম ষ্টুডিওর উন্নতিসাধন বিশেষ করিয়া রঙিন চলচ্চিত্র যাহাতে এই রাজ্যের ষ্টুডিওতে তৈরী করা যায় সে বিষয়ে ব্যবস্থাদি গ্রহণ।

(৩) পশ্চিমবঙ্গে হিন্দী চলচ্চিত্র প্রণয়ণ এবং সারা ভারতে উহার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। অন্যান্য ভাষাতেও চলচ্চিত্র নির্মাণ করা যায় কিনা সে সম্পর্কে মতামত প্রদান।

(৪) এই রাজ্যে নির্মিত চলচ্চিত্রের সাধারণ কারিগরী উৎকর্ষের মান উন্নয়ণের জন্য আধুনিক যন্ত্রপাতি প্রদানের ব্যবস্থা করার উপায় নির্ধারণ।

(৫) চলচ্চিত্র শিল্পে নিয়োজিত কর্মীদের সর্বনিম্ন মজুরী প্রদান ব্যবস্থা কার্যকরী করা।

(৬) বাংলাতে তথ্যচিত্র, সংবাদচিত্র, স্বল্প দৈর্ঘ্যের চিত্র এবং কাহিনীচিত্র নির্মাণে আর্থিক সহায়তা এবং এইভাবে পশ্চিমবঙ্গে চলচ্চিত্র শিল্পে নিযুক্ত কারিগরী কর্মী ও অন্যান্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সম্বন্ধে সুপারিশ।

(৭) পশ্চিমবঙ্গে নির্মিত উৎকৃষ্ট কাহিনীচিত্র এবং শিশুচিত্রের জন্য নগদ টাকার পুরস্কারের জন্য সুপারিশ এবং বাংলায় উৎকৃষ্ট চলচ্চিত্র নির্মাণের উদ্দেশ্যে প্রযোজক, পরিচালক এবং কারিগরী কর্মীদের উৎসাহদান সুনিশ্চিত করা।

পুলিশ কর্মচারীদের মাথাপিছু রেশনের পরিমাণ

***৫৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **শ্রীনরেশচন্দ্র চাকী** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুলিশ কর্মচারীদের মাথাপিছু বর্তমানে কি পরিমাণ রেশন দেওয়া হয়;

(খ) কি কি জিনিষ কি কি দরে দেওয়া হয়; এবং

(গ) এর জন্যে সরকারকে বৎসরে মোট কত টাকা ঘাটতি পুরণ করতে হয়?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক)	চাল	—	১ কে. জি.	মাথা পিছু প্রতি সপ্তাহে
	গম ও গমজাত দ্রব্যাদি	—	১ কে. জি.	
	চিনি	—	২৫০ গ্রাম	
	ডাল	—	৭৫০ গ্রাম	
	সরিষার তেল	—	২৫০ গ্রাম	
(খ)	চাল	—	৫০ পয়সা	কিলো প্রতি
	গম ও গমজাত দ্রব্যাদি	—	২৫ পয়সা	
	চিনি	—	৭০ পয়সা	
	ডাল	—	৬০ পয়সা	
	সরিষার তেল	—	২ টাকা	

(গ) ৩'৩২ কোটি টাকা।

কাটোয়া পৌরসভার বার্ষিক গড় আয়

*৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৩।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** পৌর-বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) কাটোয়া পৌরসভার বর্তমানে বার্ষিক গড় আয় কত;

(খ) এই পৌরসভা এই বছরে (১৯৭৩-৭৪) বিভিন্ন খাতে সরকারের নিকট হইতে কত টাকা ঋণ বা অনুদান পেয়েছেন; এবং

(গ) উক্ত সময়ে উক্ত পৌরসভা ডেভলপমেণ্ট ফাণ্ডে রাজ্য সরকারের কাছ থেকে কত টাকা পেয়েছেন এবং সেই টাকার মধ্যে কত টাকা ইতিমধ্যে খরচ করেছেন?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) বার্ষিক গড় আয় পাঁচ লক্ষ ছিয়াশি হাজার টাকা।

(খ) কোন ঋণ পান নি। বিভিন্ন খাতে অনুদান যা পেয়েছেন, তাহা হইল ঃ

(১)	ডেভলেপমেণ্ট বাবদ অনুদান	—	১,১৮,৯৫৪ টাকা
(২)	যোগাযোগ ব্যবস্থা বাবদ অনুদান	—	২৫,৬০০ টাকা
(৩)	শিক্ষা খাতে অনুদান	—	১,২৮,৭৭০ টাকা
	মোট অনুদান	—	২,৭৩,০২৪ টাকা

(গ) ১,১৮,৯৫৪ টাকা পেয়েছেন এবং ইতিমধ্যে ২১,৭৯২ টাকা খরচ করেছেন।

শিলবাড়ী-বড়শালকুমার সড়ক

*৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৮।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং ব্লকের অন্তর্গত শিলবাড়ী-বড়শালকুমার সড়কটি কত সনে পূর্ত বিভাগ কর্তৃক অধিগ্রহণ করা হয় এবং কোন্ সালে ঐ রাস্তার কাজ চালু হয়;

(খ) এ পর্যন্ত ঐ রাস্তার জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরে ঐ রাস্তার জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) ১৯৬২ সালে অধিগ্রহণ এবং কাজ সুরু হয়;

(খ) গত মার্চ মাস পর্যন্ত ৪,৮৮,৬০০ টাকা;

(গ) ৭৫,০০০ টাকা।

মেজিয়াঘাটে দামোদর নদের উপর সেতু নির্মাণ

*৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৮।) **শ্রীশক্তিপদ মাঝি**: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর নদের উপর মেজিয়াঘাটে সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে,

(১) কখন এই পরিকল্পনার কাজ আরম্ভ হবে; ও

(২) এই পরিকল্পনা কার্যকরী করতে কত টাকার প্রয়োজন হবে?

পূর্ত সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

চাপড়া থানায় রাস্তার কাজ

*৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৪।) **শ্রীঘিয়াসুদ্দিন আহম্মদ**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অনুমোদিত নদিয়া জেলার চাপড়া থানার (১) কে কে এস রোড হইতে চাপড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হইয়া বাঙালঝি বাজারের রাস্তা (পরিমাণ ১ মাইল); (২) কে কে এস রোড হইতে হাট চাপড়া কিং এডওয়ার্ড স্কুলের রাস্তা (পরিমাণ ৳১২ মাইল) এবং (৩) কে কে এস রোড হইতে বড় আন্দুলিয়া বাজার, হাইস্কুল ও বালিকা বিদ্যালয় পর্যন্ত রাস্তার (পরিমাণ ৩।৳ মাইল) নির্মাণকার্য আরম্ভ না হওয়ার কারণ কি;

(খ) সুনির্দিষ্টভাবে ঐ ছোট রাস্তা তিনটির (যার মোট পরিমাণ ২$\frac{1}{8}$ মাইল) নির্মাণ কার্য কি নাগাত শুরু হইবে;

(গ) চাপড়া থানায় দৈয়ের বাজার হইতে পলিয়ানপুর-গাছারখাল রাস্তাটিতে আর্থওয়ার্ক এর কাজ সুরু হইয়া আকস্মিকভাবে বন্ধ হওয়ার কারণ কি; এবং

(ঘ) কবে নাগাত ঐ কাজ পুনরায় শুরু হইবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) পরিকল্পনার অর্থবরাদ্দ বিশেষভাবে হ্রাস হওয়ায় নূতন পরিকল্পনার ভুক্তি সম্বন্ধে বিশেষভাবে বিচার বিবেচনা করার প্রয়োজন হইয়াছে উক্ত রাস্তাগুলির অগ্রাধিকার সম্বন্ধে বিবেচনা করা হইতেছে;

(খ) জমির দখল ও প্রয়োজনীয় অর্থ পাওয়ার ও পরিকল্পনাভুক্তির উপর নির্ভর করিতেছে

(গ) জমি দখলে অসুবিধা ও ঠিকাদারের আকস্মিক মৃত্যু;

(ঘ) জমি দখল পাইলেই কাজ শুরু হইবে।

বাসুদেবপুরে জনতার উপর পুলিশের গুলিবর্ষণ

*৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭০।) **শ্রীশীশ মহম্মদ**: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ থানার বাসুদেবপুরে ১৭-১১-৭৩ তারিখে নিরস্ত্র জনতার উপর পুলিশের গুলি চালনার কোন ঘটনার বিষয় সরকার অবগত আছেন কি,

(খ) অবগত থাকিলে,—

(১) ঐরূপ গুলি চালানার কারণ কি;

(২) কতজন ও কে কে উক্ত গুলিচালনায় নিহত হইয়াছিল; ও

(৩) কাহার নির্দেশে গুলি করা হইয়াছিল;

(গ) সরকার কি অবগত আছেন যে গত ১৮-১১-৭৩ তারিখ রাত্রিতে বাসুদেবপুর ও নূতন লোহরপুর গ্রামদ্বয়ের বিভিন্ন বাড়ীতে পুলিশ প্রবেশ করিয়া নারী পুরুষ নির্বিশেষে বেদম প্রহার করেন;

(ঘ) অবগত থাকিলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) (খ)-এ উল্লেখিত মৃত ব্যক্তিদের পরিবারবর্গের জন্য ক্ষতিপূরণের কোন চিন্তা সরকার করিতেছেন কি না?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) ঐ দিন একটি সশস্ত্র হিংসাশ্রয়ী এবং উচ্ছৃঙ্খল জনতার উপর পুলিশের গুলিচালনার ঘটনা ঘটে।

(খ) (১) উক্ত জনতার হাতে স্থানীয় মহকুমা শাসক, পুলিশবাহিনী এবং ছাত্র পরিষদের কর্মীদের জীবনাশংকা এবং বিশেষতঃ অগ্নিসংযোগে সরকারী সম্পত্তির ক্ষতি সাধনের সম্ভাবনা।

(২) দুইজন—অর্জুন দাস এবং এরাদত শেখ।

(৩) জঙ্গীপুরের মহকুমা শাসকের নির্দেশে।

(গ) ঐদিন উক্ত গ্রামদ্বয়ে উক্ত ঘটনার সহিত জড়িত ব্যক্তিদের গ্রেপ্তারের জন্য পুলিশ এক তল্লাসী চালিয়েছিল তবে নারী পুরুষ নির্বিশেষে বেদম প্রহারের ঘটনা সত্য নহে।

(ঘ) এ প্রশ্ন ওঠে না।

(ঙ) এই গুলি চালনার ঘটনার নির্বাহী তদন্তের রিপোর্ট (এক্সিকিউটিভ এনকোয়ারী রিপোর্ট) পাওয়ার পর সরকার এ বিষয়ে বিবেচনা করে দেখবেন।

নদিয়া জেলার বাণিয়া-চাঁদেরঘাটে পাকা রাস্তা নির্মাণ

৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১০।) শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার বাণিয়া-চাঁদেরঘাট পাকা রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাত উহার কাজ শেষ হইবে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) মোট ৬·১৫ মাইলের মধ্যে তিন মাইলের মাটির কাজ শেষ হইয়াছে। জমি অধিগ্রহণের নকসা তৈরী হইতেছে। জমির অধিগ্রহণ হইলে এবং অর্থ বরাদ্দ হইলে পুনরায় কাজ শুরু হইবে।

(খ) আশা করা যায় পঞ্চম পরিকল্পনার মধ্যে, তবে আর্থিক সঙ্গতি ও জমি অধিগ্রহণের উপর নির্ভর করিতেছে।

পশ্চিম দিনাজপুর জেলায় ডাকাতি

***৫৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৬।) শ্রীদেবেন্দ্র নাথ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭৪ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিম দিনাজপুর জেলায় থানাভিত্তিক সংঘটিত ডাকাতির সংখ্যা কত?**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

জানুয়ারী—১৯৭৪

(১)	বালুরঘাট থানা	—	১
(২)	তপন থানা	—	১
(৩)	ইটাহার থানা	—	১
(৪)	গোয়াল পুকুর থানা	—	৪
	মোট	—	৭

ফেব্রুয়ারী—১৯৭৮

(১)	বালুরঘাট থানা	—	৩
(২)	কুমার গঞ্জ থানা	—	১
(৩)	গোয়াল পুকুর থানা	—	২
(৪)	কুশমণ্ডি থানা	—	২
(৫)	তপন থানা	—	১
(৬)	ইসলামপুর থানা	—	১
(৭)	বংশীহারী থানা	—	১
(৮)	কালিয়াগঞ্জ থানা	—	১
(৯)	গঙ্গারামপুর থানা	—	১
(১০)	করান দীঘি থানা	—	১
	মোট	—	১৪

উত্তরপাড়া ও মগরা থানায় নিযুক্ত অফিসার, কনস্টেবল ও অন্যান্য কর্মীর সংখ্যা

*৫৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮৩।) **শ্রীভবানী প্রসাদ সিংহ রায়**ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার উত্তরপাড়া ও মগরা থানায় বর্তমানে কতজন করিয়া, অফিসার কনস্টেবল ও অন্যান্য শ্রেণীর কর্মী কাজ করেন;

(খ) উক্ত দুটি থানার সব অফিসার, কনস্টেবল ও অন্যান্য কর্মীদের থানা সংলগ্ন সরকারী আবাস বা থাকার জায়গা আছে কি না এবং না থাকলে, উঁহারা কোথায় ও কিভাবে থাকেন;

(গ) থানা দুইটি কি সরকারী জায়গায় অবস্থিত; এবং

(ঘ) উল্লিখিত দুটি থানার নিজস্ব ঘরবাড়ী ছাড়া নিজস্ব কোন জায়গা আছে কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) উত্তরপাড়া থানাঃ—

এস, আই,	এ, এস, আই,	আরক্ষিক
৬	৪	১৪
মগরা থানা		
৫	৫	১৫

(খ) না, যাঁরা থানা সংলগ্ন সরকারী আবাসে থাকতে পান না তাঁরা সরকারের ভাড়া করা বাড়ীতে থাকেন।

(গ) হ্যাঁ।

(ঘ) না।

প্রাক্তন এম, এল, এ, শ্রীচন্ডীপদ মিত্রের খুনের তদন্ত রিপোর্ট

*৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৮।) **শ্রীগৌতম চক্রবর্তী** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাক্তন এম এল এ শ্রী চন্ডীপদ মিত্রের খুনের তদন্ত রিপোর্ট সরকার পেয়েছেন কি; এবং

(খ) না পেয়ে থাকলে, বিলম্বের কারণ কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) এ প্রশ্ন ওঠে না।

নদিয়া-বর্ধমান সংযোগস্থলে পুলিশ পাহারার ব্যবস্থা

*৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯২।) **শ্রীরাধারমণ সাহা** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?—

(ক) সরকার কি অবগত আছেন যে, নবদ্বীপ শহরের পশ্চিম প্রান্তে নদিয়া ও বর্ধমানের সংযোগস্থান পোলতা খালের রাস্তায় পুলিশ পাহারার ব্যবস্থা না থাকায় নবদ্বীপে খুন, ডাকাতি প্রভৃতির আসামীরা অসামাজিক ঘটনা ঘটাইয়া ঐ পথে পলায়ন করিতে সুবিধা পায়; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) নবদ্বীপ ও বর্ধমান জেলার সীমান্ত অতিক্রম করার দুটী গুরুত্বপূর্ণ স্থান খাল একপাড়া এবং বেশরা পাড়াতে ঘন ঘন পুলিশী টহলের ব্যবস্থা আছে।

নবদ্বীপ ও বর্ধমান পুলিশের যুগ্ম পরিচালনাধীনে পুলিশ ক্যাম্প খোলা হইয়াছে এবং কড়া পুলিশী তৎপরতার ফলে বর্তমানে অপরাধ অনেকটা প্রশমিত হইয়াছে।

Banarhat Police Station in Jalpaiguri district

*482. (Admitted question No. *2370.) **Shri Bhawani Paul :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) whether the Government is aware (*i*) that the construction of Banarhat police-station in Jalpaiguri district has been completed long before, (*ii*) the area is surrounded by Tea gardens and Military Cantonments;

(*b*) if so, the reasons for not opening a fullfledged police-station there; and

(*c*) when the proposed police-station will start its function ?

The Minister-in-charge of the Home (Police) Department :

(a) (i) Yes.

(ii) The area is surrounded by Tea Gardens by Tea Gardens and not by Military Cantonments.

(b) & (c) The draft of the statutory notification establishing the Police Station at Banarhat has not yet been finalised. This is being examined in consultation with the Direction of Land Records and Survey. The notification is expected to be issued soon.

শ্রীগৌরাঙ্গ চিত্র মন্দিরের বেআইনী কাজ

*৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২৫।) শ্রীঠাকুর[illegible] মাহাতো ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বেলদাস্থিত শ্রীগৌরাঙ্গ চিত্র মন্দিরের বিরুদ্ধে স্ট্যাম্প না দিয়ে সিনেমার টিকিট বিক্রয়, ট্যাক্স ফাঁকী এবং ডুপলিকেট টিকিট বিক্রয় ইত্যাদির কোন অভিযোগ সম্বলিত স্মারকপত্র সরকার পেয়েছেন কি;

(খ) পেয়ে থাকলে, এ বিষয়ে কোন তদন্ত হয়েছে কি; এবং

(গ) হলে, সেই তদন্তের রিপোর্ট সরকারের নিকট পেশ করা হয়েছে কিনা এবং তাহা কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) জেলা শাসকের কাছে অভিযোগসমূহের অনেকগুলির সত্য বলে তদন্তকারী অফিসার (মেদিনীপুর সদর-দক্ষিণের মহকুমাশাসক) রিপোর্ট দিয়েছেন।

Promotion of W.B.C.S. officers to the I.A.S. Cadre

*584. (Admitted question No. *561.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state whether the Government is contemplating to increase the ratio of promotions of W.B.C.S. officers to the I.A.S. cadre ?

Minister-in-charge of Home (General Administration) Department : This Government is not contemplating to increase the ratio of promotion of WBCS officers to the IAS Cadre as it is the Govt. of India who are competent to increase the ratio.

Theft of electric wires in areas under Behala P.S.

*585. (Admitted question No. *981.) **Shri Biswanath Chakrabarti :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) whether the Government is aware of the fact that theft of electric wires is a regular affair in areas under Behala police-station; and

(*b*) if so, the action taken by the Government in this regard ?

Minister-in-charge of (Home) Police Department :

(a) Government is award of such theft. But it is not a regular affair.

(b) Effective police patrol has been introduced and Registance Groups have been organised.

অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার দাবী

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৪।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার জন্য কোন দাবীপত্র সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে,

(১) কবে পাইয়াছেন; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

পঞ্চায়েৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ঠিক কবে প্রথম এই দাবী পত্র পাওয়া গিয়াছে তাহা নিশ্চিতভাবে বলা সম্ভব নহে; তবে সংশ্লিষ্ট নথি পত্র হইতে দেখা যায় যে ১৯৬৮ সাল হইতে বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গ অঞ্চল পঞ্চায়েত সচিব সমিতির পক্ষ হইতে অঞ্চল পঞ্চায়েত সচিবদিগকে সরকারী কর্মচারী হিসাবে গণ্য করিবার জন্য দাবী পত্র সরকার পাইয়াছেন। সর্বশেষ দাবী পত্রটি ১৯।৩।৭৪ তারিখে পাওয়া গিয়াছে।

(২) সরকারের পক্ষে এই দাবী মানিয়া লওয়া সম্ভব নহে। অঞ্চল পঞ্চায়েত সচিব সমিতিকে এই সিদ্ধান্ত জানাইয়া দেওয়া হইয়াছে।

পূর্ব ভারত সাংস্কৃতিক সম্মেলন

*৫৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৩।) **শ্রী অমলেশ জানা ঃ** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি সরকারী উদ্যোগে অনুষ্ঠিত পূর্ব ভারত সাংস্কৃতিক সম্মেলনে মোট কত টাকা কি কি বাবত খরচ হইয়াছে; এবং

(খ) উক্ত সম্মেলন উপলক্ষে কি কি বাবত মোট কত টাকা সরকারের আয় হইয়াছে?

তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) সম্প্রতি অনুষ্ঠিত পূর্বভারত সাংস্কৃতিক সম্মেলন বাবদ বিভিন্ন খাতে এ পর্যন্ত মোট টাঃ ৭,২৩,৬৯১.১৯ প. খরচ হইয়াছে—

(১)	সমগ্র মেলা প্রাঙ্গণে বেষ্টনী দেওয়া, বিভিন্ন মণ্ডপ ও ষ্টল নির্মাণ, পুলিশ, ফায়ার ব্রিগেড প্রভৃতির জন্য, অফিস ঘর নির্মাণ বাবদ আংশিক ব্যয়	—	টাঃ ৩৫,০০০.০০
(২)	সম্মেলন প্রাঙ্গনের প্রধান ফটক নির্মাণ বাবদ	—	টাঃ ১৭,০০০.০০
(৩)	বিভিন্ন রাজ্য হইতে আগত শিল্পী ও সাংস্কৃতিক আলোচনা-চক্রে যোগদানকারী শিক্ষাবিদগণের খাদ্য, বাসস্থান ইত্যাদি এবং নিযুক্ত কর্মচারীদের এবং স্বেচ্ছাসেবীদের দৈনিক মজুরী বাবদ আংশিক ব্যয়	—	টাঃ ১,১১,৪০১.৩৩
(৪)	বৈদ্যুতিক ব্যবস্থা বাবদ	—	টাঃ ১,১২,৪০০.০০
(৫)	জল সরবরাহ, স্যানিটারীর ব্যবস্থা বাবদ	—	টাঃ ৭২,৮২৫.০০
(৬)	সম্মেলন প্রাঙ্গনের রাস্তা নির্মাণ ও রক্ষনাবেক্ষণ বাবদ	—	টাঃ ৮০,০০০.০০
(৭)	পশ্চিমবঙ্গের প্রদর্শনী মণ্ডপ নির্মাণ ইত্যাদি বাবদ	—	টাঃ ১,৩৩,৬৪৪.১৬
(৮)	সাংস্কৃতিক অনুষ্ঠান	—	টাঃ ৩৭,১৮০.০০
(৯)	সম্মেলন ভূমির ল্যাণ্ডস্কেপিং	—	টাঃ ২৩,০০০.০০
(১০)	চলচ্চিত্র প্রদর্শন	—	টাঃ ৪,৫০০.০০
(১১)	প্রারম্ভিক ও সমাপ্তি অনুষ্ঠান	—	টাঃ ৫,০০০.০০
(১২)	সাংস্কৃতিক আলোচনাচক্রের ব্যবস্থাপনা	—	টাঃ ৬,৪৭৭.০০
(১৩)	সম্মেলনে মাইক্রোফোন স্থাপন, টেলিফোন ব্যবস্থা	—	টাঃ ২৬,৪৪০.০০
(১৪)	সম্মেলনের স্মারকগ্রন্থ প্রকাশন, প্রাচীরপত্র প্রকাশন, স্লাইড ইত্যাদি নির্মাণ	—	টাঃ ৪৯,৫২৮.২০
(১৫)	যোগদানকারী রাজ্যগুলিকে পুরস্কার প্রদান	—	টাঃ ৯,২৯৫.৫০

ইহা ছাড়া মণ্ডপ নির্মাণ, অন্য রাজ্য হইতে আগত শিল্পী, শিক্ষাবিদগণের খাদ্য, বাসস্থান, পশ্চিমবঙ্গের প্রদর্শনী মণ্ডপ নির্মাণ, সাংস্কৃতিক মণ্ডপ সজ্জা, মাইক্রোফোন ব্যবস্থা ইত্যাদি বাবদ বিভিন্ন ঠিকাদারগণের দাবীমত মোট টাঃ ১,৭৯,৯১৩.৭০ পয়সা ব্যয় হইবে বলিয়া অনুমিত হয়। বর্তমানে দাবীগুলি পরীক্ষাধীন আছে।

(খ) সরকারের মোট টাঃ ২১৮,২৭৩.৮০ নিম্নরূপ খাতে আয় হইয়াছে।

(১) প্রবেশমূল্য বাবদ	—	টাঃ ১,৬১,৬১০.৮০
(২) স্টল হোল্ডারদের নিকট হইতে আয়	—	টাঃ ৪৯,৬৬৩.০০
(৩) স্মারকগ্রন্থে প্রচার বাবদ বিভিন্ন সংস্থার নিকট হইতে আয়		টাঃ ৭,০০০.০০

কলিকাতার রাস্তা ও বস্তিতে আলো দেওয়ার ব্যবস্থা

*৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৪।) **শ্রী মহঃ দেদার বক্স**ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার রাস্তায় ও বস্তিতে আলো দিবার জন্য ১৯৭৩ সালের গৃহীত পরিকল্প অনুযায়ী লোহার খুঁটির জন্য টেন্ডার লওয়া হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত টেন্ডার কোন্ সময় আহ্বান করা হইয়াছিল এবং কাহার টেন্ডার মঞ্জুর করা হইয়াছে;

(গ) উক্ত খুঁটি পরীক্ষা করিয়া লওয়া হইয়াছিল কিনা; এবং লইলে, কে পরীক্ষা করিয়াছেন; এবং

(ঘ) উক্ত খুঁটির মান সম্বন্ধে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কিনা এবং পাইলে, তাহা কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত টেণ্ডার ১৫।১।৭৪ তারিখে আহবান করা হইয়াছিল।

৫৮বি, লোয়ার রেঞ্জ, কলিকাতা-১৯স্থিত মেসার্স স্টিল ইণ্ডাস্ট্রিজের ১২৫টি লোহার খুঁটি সরবরাহ করিবার টেণ্ডার মঞ্জুর করা হইয়াছে।

(গ) উক্ত লোহার খুঁটি এখনও পৌরসভাকে সরবরাহ করা হয় নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

হরিশ্চন্দ্রপুরের ১নং ও ২নং ব্লকের বাদশাহী সড়ক পাকা করার পরিকল্পনা

*৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১০০।) **শ্রীগৌতম চক্রবর্তী** ঃ পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিশ্চন্দ্রপুরের এক এবং দুই নং ব্লকের বাদশাহী সড়ক নামক রাস্তাটি পাকা করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) হরিশ্চন্দ্রপুরের দুই নং ব্লকে বর্তমানে কোনও পাকা সড়ক আছে কিনা; এবং

(গ) থাকিলে, তাহা কতটা?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হরিশ্চন্দ্রপুরের ১নং ব্লকে বাদশাহী সড়ক নাই। ২নং ব্লকে আছে। কিন্তু তাহার উন্নয়নের কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) আছে।

(গ) ৮½ মাইল।

পুরুলিয়া মোটর মজদুর সমাজের কার্যালয়ে হামলা

***৫৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী** মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭৪, প্রকাশ্য দিবালোকে একদল সশস্ত্র ব্যক্তি পুরুলিয়া শহরের বাস স্ট্যান্ডে অবস্থিত আই এন টি ইউ সি পরিচালিত পুরুলিয়া মোটর মজদুর সমাজের কার্যালয়ে হামলা চালিয়ে কয়েকজন শ্রমিককে মারাত্মকভাবে আহত করে এবং গুন্ডাদের হাতে বহু সংখ্যক শ্রমিক অপমানিত ও লাঞ্ছিত হয়;

(খ) অবগত থাকিলে, শ্রমিকদের নিরাপত্তার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(গ) উক্ত হামলার আশঙ্কা করে ১৭ই ফেব্রুয়ারি, ১৯৭৪, বেলা ৫-৩০ নাগাত পুরুলিয়া টাউন থানার অফিসের ইনচার্জের কাছে শ্রমিকদের নিরাপত্তার আবেদন জানিয়ে শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়, এম, এল, এ, মহাশয়ের নিকট হইতে যে চিঠি লেখা হয়েছিল সে সম্বন্ধে সরকার অবগত আছেন কি;

(ঘ) অবগত থাকলে, এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কি না; এবং

(ঙ) না হলে, এ বিষয়ে দায়ী ব্যক্তির বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ, দুইজন শ্রমিক আহত হয়েছিল।

(খ) দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়। এবং পুরুলিয়া বাস স্ট্যাণ্ডে কড়া পুলিশ পাহারা মোতায়েন করা হয়।

(গ) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় কর্তৃক লিখিত কোনো পত্র পাওয়া যায় নাই তবে মৃনালিনী নামে একটি পাবলিক বাসের উপর হামলার আশংকা করে উক্ত সদস্য মহাশয়ের মন্তব্য সম্বলিত একটি লিখিত অভিযোগ, পুরুলিয়া মোটর মজদুর সমাজের কার্যনির্বাহক সভাপতির কাছ থেকে পাওয়া যায়।

(ঘ) পুরুলিয়া সহরের ভিতর দুর্গাপুর রাঁচি বাসরুটে পাহারার ব্যবস্থা করা হয় এবং সেই ব্যবস্থা ১৮।২ তারিখ পর্যন্ত চালু ছিল।

(ঙ) প্রশ্ন ওঠে না।

কাটোয়া পৌরসভা সম্পর্কে অডিট রিপোর্ট

***৫৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৫।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত বছরে কাটোয়া পৌরসভার সরকারী অডিট রিপোর্ট-এ কি কি বিরূপ (অ্যাডভার্স) মন্তব্য করা হয়েছে?

পৌর কার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ গত বছরে কাটোয়া পৌরসভার ১৯৭১-৭২ সালের হিসাব-নিকাশ সরকারী অডিটর কর্তৃক পরীক্ষিত হইয়াছিল। ঐ বছরের অডিট রিপোর্টএ অডিটরের কোন বিরূপ মন্তব্য নাই। তবে, কয়েকটি ত্রুটি-বিচ্যুতির উল্লেখ আছে। ঐ ত্রুটি-বিচ্যুতিগুলি হইলঃ—

১। মোট ১২৪ টাকা ৬০ পয়সার দুইটি চেক্ যথাসময়ে ক্যাস্ করা হয় নাই এবং তাহার ফলে চেক্ দুইটির বৈধতা নষ্ট হইয়াছিল;

২। ত্রৈমাসিক স্থিতিপত্র (ব্যালেন্স সীট) প্রস্তুত করা হইয়াছিল কিন্তু পৌর হিসাব নিয়মাবলীর ২২৫ ধারা অনুযায়ী পৌর কমিশনারদের সভায় তাহা উপস্থিত করা হয় নাই;

৩। ১৯৭১-৭২ সালে প্রদেয় সরকারী ঋণের কিস্তি ও সুদ বাবদ মোট ৯২,৮১২ টাকা ও ৯৬ পয়সা দেওয়া হয় নাই;

৪। বিগত কয়েক বছরের উন্নয়ন ও যোগাযোগ খাতে প্রদত্ত সরকারী অনুদানের অংশবিশেষ ব্যয় করা হয় নাই।

৫। পৌরকর্মীদের মাগ্‌গীভাতা দেওয়ার জন্য সরকারী অনুদান থেকে মোট ৩,২৩৫ টাকা ৯৭ পয়সা বেশী তোলা (ওভারড্রন) হইয়াছিল;

৬। অভিযাচন ও আদায় খতিয়ান (ডিমাণ্ড এ্যাণ্ড কলেক্‌সন রেজিস্টার) সত্যাখ্যান (ভেরীফাই) করা হয় নাই;

৭। আর্থিক বছর ১৯৭০-৭১ এর প্রথম থেকে ১৯৭২-৭৩ এর শেষ পর্য্যন্ত পৌর কমিশনার শ্রীজ্যোতির্ময় দত্ত মহাশয়ের নিকট হইতে প্রাপ্য পৌরকর বাবদ মোট ৩১৫ টাকা ৮০ পয়সা আদায় করা হয় নাই;

৮। ১৯৬৮ সালের এপ্রিল মাস হইতে ১৯৬৯ সালের নভেম্বর মাস পর্য্যন্ত প্রভিডেন্ট ফাণ্ডের দরুণ পৌরকর্মীদের নিকট হইতে আদায়ীকৃত মোট ২৮,৫৩৩ টাকা ৮৬ পয়সা ও পৌরসভা কর্ত্তৃক ঐ বাবদ প্রদেয় অর্থ ভবিষ্যনিধি (প্রোভিডেন্ট ফাণ্ড এ্যাকাউন্টস) খাতে জমা দেওয়া হয় নাই।

৯। জনৈক কন্ট্রাক্টারকে মোট ৮১ টাকা ৭০ পয়সা বেশী দেওয়া হইয়াছিল; ও

১০। ১৯৭১-৭২ সালের সংশোধিত প্রাক্‌কলন (রিভাইজড এ্যাষ্টিমেটস) তৈয়ারী করা হয় নাই।

শাঁখাইঘাটে অজয় নদীর উপর সেতু

***৫১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬২।) **শ্রীপ্রভাকর মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেতুগ্রাম থানার অন্তর্গত শাঁখাইঘাটে অজয় নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) না থাকিলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) না।

(খ) সীমিত অর্থবরাদ্দ; এই বরাদ্দ বৃদ্ধি না হওয়া পর্যন্ত শেষ ব্যবস্থা সম্ভবপর নহে।

সেন্ট্রাল ব্যাঙ্কে অগ্নিকান্ড

***৫১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬০০।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার প্রধান কার্যালয়ে আগুন লাগার ঘটনা সম্পর্কে সরকার কোন তদন্ত করেছেন কি;

(খ) করে থাকলে, কবে ও কোন্ সময় আগুন লেগেছিল এবং আগুন লাগার কারণ;

(গ) ফায়ার ব্রিগেডকে কখন খবর দেওয়া হয়েছিল এবং কখন ফায়ার ব্রিগেড কাজ শুরু করেছিল; এবং

(ঘ) এই অগ্নিকাণ্ডে মোট কত টাকার ক্ষতি হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) তদন্ত চলছে।

(খ) (১) ৪-১-৭৪ তারিখের ভোরবেলা। আগুন লাগার কারণ এখনও জানা যায় নি।

(গ) আগুন লেগেছে জানতে পারা মাত্র ফায়ার ব্রিগেডকে সংবাদ দেওয়া হয় এবং তারা ৫-১০ মিনিটের মধ্যেই ঘটনাস্থলে এসে উপস্থিত হয় এবং সঙ্গে সঙ্গে কাজ শুরু করে।

(ঘ) কত টাকার ক্ষতি হয়েছে এখনও জানা যায় নি।

Cossipore Maternity Home

***596.** (Admitted question No. *2172.) **Shri Nandalal Banerjee :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state

(a) if it is a fact that the building of Cossipore Maternity Home has been constructed by the Calcutta Corporation long ago ;

(b) if so, the reasons for not opening this Maternity Home for use by the public ; and

(c) whether the Government is considering any proposal for handing over this building to C. M. D. A. ?

Minister-in-charge of Municipal Services Department :

(a) Yes.

(b) As the boundary wall of the Maternity Home and addition and alteration of the main building for accommodation of nurses' quarters could not be completed for want of adequate fund, the Maternity Home could not be opened for use by the public.

(c) Calcutta Metropolitan Development Authority has proposed for taking over the newly constructed building for Cossipore Maternity Home for opening a dispensary with a polyclinic by Calcutta Metropolitan Development Authority on a rental basis. Calcutta Corporation has approved of the proposal. Calcutta Metropolitan Development Authority has been requested to take possession of the building.

পলাশিপাড়ার জলঙ্গী নদীর উপর সেতু

***৫৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫১১।) **শ্রীকান্তিকচন্দ্র বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার পলাশিপাড়ায় জলঙ্গী নদীর উপর ব্রীজ নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কতদিনের মধ্যে ঐ কাজ শেষ হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ব্রীজের নক্সা এবং ব্রীজ নির্মাণের প্রাক্কলন প্রস্তুত হইতেছে।

ব্রীজে উঠিবার রাস্তা নির্মাণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যথাস্থানে লইয়া যাওয়া হইয়াছে। প্রয়োজনীয় ডিজেল তেল পাওয়া গেলে এই মাসেই নির্মাণের কাজ আরম্ভ হইবে।

(খ) সঠিক বলা সম্ভব নহে। তবে যত তাড়াতাড়ি সম্ভব কাজ শেষ করা হইবে।

পূর্তবিভাগের মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

প্রকাশ্য দিবালোকে নৃশংস হত্যাকাণ্ড

***৫৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৫।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার কালনা থানার একচাকা গ্রামে গত ১৪ই এপ্রিল, ১৯৭৩ তারিখে প্রকাশ্য দিবালোকে জনৈক শ্রীসুশীল কোলেকে নৃশংসভাবে হত্যা করা হয়; এবং

(খ) সত্য হইলে, সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন এবং কাহাদের গ্রেপ্তার করিয়াছেন?

স্বরাষ্ট (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) এইরূপ অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) (১) কালনা থানায় ১৪-৪-৭৩'এ আই, পি, সি'র ৩০২।৩৪ ধারায় ৭নং কেস্ চালু করা হইয়াছে।

(২) নিম্নলিখিত ১৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং সকলকে ২০-১১-৭৩'এ চার্জশীট দেওয়া হইয়াছে।

(১) নারায়ন দাস
(২) শ্যাম দাস
(৩) দীনু দাস
(৪)
(৫) বকু দাস
(৬) অমর খামারু
(৭) জোলা সাঁওতাল
(৮) নকুল দাস
(৯) হাবল দাস
(১০) শক্তি দাস
(১১) শান্তি দাস
(১২) মধুসূদন দাস
(১৩) লক্ষ্মণ পাল
(১৪) নারায়ণ দুলে
(১৫) মদন দাস
(১৬) মানিক দাস

(৩) কেস্‌টি বর্তমানে বিচারধীন।

ধুলিয়ান বাজারে চালপাচারকারী কর্তৃক জনৈক যুবক হত্যার ঘটনা

***৫৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭৪।) **শ্রীশীশ মহম্মদঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত ২৮-১০-৭৩ তারিখে মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ থানার ধুলিয়ানবাজারে ট্রাকে চাল পাচারকারীদের দ্বারা সুবল দাস নামীয় এক যুবক নিহত হইয়াছিল ও ২-১১-৭৪ তারিখে এ ব্যাপারে উক্ত থানার 'ও সি'-কে সাসপেণ্ড করা হয়; এবং

(খ) সত্য হইলে,—

(১) সুবল দাসের মৃত্যুকে কেন্দ্র করিয়া সামসেরগঞ্জ থানায় কোন কেস লিপিবদ্ধ করা হইয়াছে কি না;

(২) উক্ত থানা হইতে ঘটনাস্থল কত দূরে; ও

(৩) 'ও সি'-কে সাসপেণ্ড করার কারণ কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) চোরাই চাল বহনকারী বলে কথিত একটি লরিকে থামাতে গিয়ে তার ফুটবোর্ডে লাফিয়ে পড়ে সুবল দাসের মৃত্যু ঘটে। ২-১১-৭৩ তারিখে ও, সি, কে সাসপেণ্ড করা হয়।

(খ) (১) হ্যাঁ।
(২) প্রায় ১ মাইল।
(৩) ধুলিয়ান বাজার থেকে চাল পাচার প্রতিরোধে ব্যর্থ হওয়ায় এবং এ ব্যাপারে স্থানীয় লোকদের থানা থেকে সময় মত পুলিশী সাহায্য না দেওয়ার অপরাধে।

দোল উৎসবকে কেন্দ্র করে নৈহাটিতে সংঘর্ষ

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৩।) **শ্রীগৌতম চক্রবর্তী এবং শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৮ই মার্চ, ১৯৭৪ নৈহাটী থানা এলাকায় দোল উৎসবকে কেন্দ্র করে দুই দলের মধ্যে কোনও সংঘর্ষের বিষয় অবগত আছেন কি;

(খ) অবগত থাকিলে, উপরোক্ত ঘটনায়

(১) মোট কতজন আহত ও নিহত হইয়াছিলেন;

(২) মোট কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে; ও

(৩) কতজনের বাড়ী তল্লাসী করিয়া সম্পত্তি "ক্রোক" করা হইয়াছে;

(গ) যাঁহাদের সম্পত্তি "ক্রোক" করা হইয়াছে তাঁহারা কি কি সম্পত্তির মালিক; এবং

(ঘ) কোন্ কোন্ ব্যক্তির সম্পত্তি "ক্রোক" করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এইরূপ কোন ঘটনা ঘটে নাই।

(খ) (গ)-(ঘ) প্রশ্ন উঠে না।

রাণাঘাট থানা এলাকায় চাল পাচার

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৪।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট থানা এলাকায় হাজার হাজার কুইন্টাল চাউল লরির মাধ্যমে প্রায় প্রতিদিনই পাচার হইয়া থাকে এই মর্মে সরকার অভিযোগ পাইয়াছেন কি;

(খ) পাইয়া থাকিলে, উক্ত চাউল পাচার করিবার অভিযোগে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে কি না এবং হইলে, কাহাকে কাহাকে; এবং

(গ) বর্তমানে উক্ত চাউল পাচার বন্ধ হইয়াছে কি না?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্ন উঠে না।

মানিকতলা ও নারকেলডাংগা অঞ্চলে খুন

*৬০২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯২।) শ্রী **অনন্ত কুমার ভারতীঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ডিসেম্বর, ১৯৭৩ ও জানুয়ারি, ১৯৭৪ সালে মাণিকতলা ও নারকেলডাঙ্গা অঞ্চলে কয়েকটি খুনের ঘটনা সম্বন্ধে সরকার অবগত আছেন কিনা;

(খ) অবগত থাকিলে, তাহার জন্য কি কি ব্যবস্থা সরকার অবলম্বন করিয়াছেন;

(গ) এই খুনের ঘটনাকে কেন্দ্র করিয়া কোন আসামীকে আজ পর্যন্ত ধরা হইয়াছে কিনা; এবং

(ঘ) ধরা হইয়া থাকিলে, কতজন আসামীকে কোন্ কোন্ ঘটনায় ধরা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) হ্যাঁ, তবে নারকেলডাঙ্গা অঞ্চলে কোন খুনের ঘটনা সম্পর্কে সরকার অবগত নহেন।

(খ) আসামীদের গ্রেপ্তারের জন্য পুলিশ সর্বপ্রকার চেষ্টা করছে, এবং জোর তদন্ত চলছে।

(গ) হ্যাঁ।

(ঘ) উল্টোডাঙ্গা অঞ্চলে (মাণিকতলা থানা) শ্রীমতী যমুনা পালের খুনের ঘটনার সঙ্গে জড়িত একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

গোপন আগ্নেয়াস্ত্র উদ্ধার

*৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৭।) **শ্রীঘিয়াসুদ্দিন আহম্মদঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সীমান্ত এলাকায় দুষ্কৃতকারী এবং সমাজদ্রোহীদের গোপন আগ্নেয়াস্ত্র উদ্ধারের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) সীমান্ত অধিবাসীদের নিরাপত্তার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(গ) গ্রাম রক্ষীবাহিনীর হাতে আগ্নেয়াস্ত্র দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(ঘ) বিত্তশালী এবং সৎ নাগরিকদের নূতন করিয়া আগ্নেয়াস্ত্র রাখার লাইসেন্স দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি না?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) সীমান্ত এলাকায় গোপন আগ্নেয়াস্ত্র উদ্ধারের জন্য পুলিশ ও সীমান্তবাহিনীকে যথোচিত নির্দেশ দেওয়া আছে। এ-ব্যাপারে নূতন কোন পরিকল্পনা নাই।

(খ) গুরুত্বপূর্ণ স্থানগুলিতে সীমান্তরক্ষীবাহিনী ও স্থানীয় পুলিশকে সহায়তা করার জন্য গ্রামরক্ষীবাহিনীকে জোরদার করা হয়েছে। গ্রামরক্ষীবাহিনীসহ সমস্ত সংগঠনগুলি সীমান্ত অঞ্চলে উগ্রপন্থী, অপরাধী এবং সমাজবিরোধীদের গতিবিধির উপর নজর রেখে চলেছে।

(গ) না।

(ঘ) আবেদনকারী লাইসেন্স পাওয়ার উপযুক্ত কিনা এ সম্পর্কে যথোচিত তদন্তের পর লাইসেন্সিং কর্তৃপক্ষ আর্মস এ্যাক্ট ও আর্মস রুলস অনুযায়ী যোগ্য ব্যক্তিকে লাইসেন্স দিয়ে থাকেন।

সিভিল সার্ভিসের কর্মীদের বেতন কাঠামো ও প্রশাসনিক মর্যাদা বৃদ্ধির বিষয়ে কমিশন নিয়োগ

*৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩১।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রাজ্য সিভিল সার্ভিসের কর্মীদের বেতন কাঠামো এবং প্রশাসনিক মর্যাদা বৃদ্ধির বিষয় বিবেচনার জন্য সরকার কমিশন নিয়োগ করেছিলেন,

(খ) সত্য হলে, কতদিন পূর্বে ঐ কমিশন নিয়োগ করা হয়েছিল এবং কমিশনের সুপারিশ সরকার পেয়েছেন কিনা, এবং

(গ) পেলে, তাহা কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) শ্রী এস. এম. ভট্টাচার্য্যকে লইয়া গঠিত এক সদস্যবিশিষ্ট একটি কমিটি নিয়োগ করা হয়েছিল।

(খ) ১৯৭২ সালের মার্চ মাসে। হ্যাঁ।

(গ) সুপারিশ সমূহের একটি সংক্ষিপ্তসার নিম্নে প্রদত্ত হইলঃ—

(১) বিবেচনাধীন প্রতিটি কৃত্যকের জন্য একটিমাত্র রাজ্য কৃত্যক থাকা উচিৎ যাহাতে একটি উচ্চতর এবং একটি নিম্নতর বেতনক্রম থাকিবে। নিম্নতর কৃত্যকে যে সকল অফিসার ছয় বৎসর চাকুরী করিয়াছেন, তাঁহাদিগকে উচ্চতর বেতনক্রম প্রদান করা উচিৎ এবং তাঁহাদের বেতন পরবর্তী বেতন পর্য্যায়ের এক পর্য্যায় উপরে দেওয়া উচিৎ। উচ্চতর বেতনক্রমের উপরে সিলেকশন গ্রেড বর্তমানের মত চালু থাকা উচিৎ।

(২) একশত পদ লইয়া একটি হায়ার সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ্) গঠন করা যাইতে পারে। এই সকল পদের অধিকাংশই বর্তমানে "ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ্)" এর ক্যাডারের অন্তর্ভুক্ত ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ্)-এ পাঁচ বৎসর চাকুরী পূর্ণ করার পর হায়ার সার্ভিসে পদোন্নতি হওয়া উচিৎ।

(৩) পদোন্নত অফিসারদের অসন্নিযুক্ত (আনকনর্ফামড্) অবেক্ষাধীন (প্রোবেশানারি) অফিসারদের উপরে জ্যেষ্ঠতা (সিনিয়রিটি) থাকা উচিৎ।

(৪) বিশেষভাবে "ইণ্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট পুল" সৃষ্টি করার কোন প্রয়োজন নাই। একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা যোগ্য অফিসারদের একটি নাম সূচী প্রস্তুত করা যাইতে পারে যাহাতে বিভিন্ন বিভাগের অফিসারদিগকে সরকারী সংস্থা সমূহে নির্দ্দিষ্ট সময়ের জন্য ডেপুটেশনে প্রেরণ করা যাইতে পারে।

সরকার ইতিমধ্যে "ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সিভিল সার্ভিস" ও "ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ্)"-এর সংযুক্তিকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিয়া "ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস (ইউনিফিকেশন অফ স্টেট সার্ভিসেস) রুলস্ ১৯৭৪" প্রণয়ন করিয়াছেন। এই

রুলস অনুযায়ী" ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সিভিল সার্ভিস" ১লা মার্চ, ১৯৭৪ হইতে "ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ্)"-এর সহিত সংযুক্ত হইয়া একটি একক (সিঙ্গিল) সার্ভিস-এ পরিণত হইবে এবং এই সার্ভিসে একটি সিনিয়র স্কেল (৪৭৫—৩০-৬৮৫-৩৫-১০০০-৫০-১১৫০) ও একটি জুনিয়র স্কেল (৪২৫-১৫-৫০০-২০-৭০০-২৫-৮২৫) থাকিবে। উক্ত জুনিয়র স্কেলে ষষ্ঠ পর্য্যায়ে (স্টেজ) একটি এফিসিয়েন্সী বার (এফিসিয়েন্সী বার) থাকিবে। জুনিয়র স্কেলের অফিসারগণ পরিপূর্ণ সন্তোষজনকভাবে কাজ করা সাপেক্ষে জুনিয়র স্কেলে ছয় বৎসর চাকুরী করার পর সিনিয়র স্কেলে উন্নীত হইবার জন্য বিবেচনার যোগ্যতা (এলিজিবিলিটি) অর্জন করিবেন।

১লা মার্চ, ১৯৭৪ হইতে একটি নূতন সিলেকশন গ্রেড (৮২৫-৫০-৮৭৫-৬০-১৪১৫) প্রবর্তন করা হইয়াছে। সরকারের প্রচলিত রীতি অনুযায়ী সরকারী কর্মচারীদের সিনিয়রিটি নির্ধারণ করা হয়।

ইণ্ডাস্ট্রিয়াল ম্যানেজমেণ্ট পুল সম্পর্কে যে সুপারিশ করা হইয়াছে, সে সম্পর্কে সরকার এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

Water-logging of the area in South Suburban Municipality

***606.** (Admitted question No. *1140.) **Shri Biswanath Chakrabarti :** Will the Minister-in-Charge of the Municipal Services Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that a large portion of the Southern Wards of South Suburban Municipality becomes water-logged every year during the rains ; and

(b) if so, the action taken by the Government in this regard ?

Minister-in-Charge of Municipal Services Department :

(a) Yes.

(b) In order to remove the water-logging in South Suburban Municipal area Churial Basin Drainage Project, Monikhali Basin Drainage Project, Improvement of Tolly's Nullah and Keorapukur Basin Drainage Scheme have been included in the C.M.D.A. programme. About 60 per cent. of the work of the Churial Basin Drainage Project, about 50 per cent of the work of Monikhali Basin Drainage Project and about 30"„ of the work. of the Keorapukur Basin Drainage scheme Have been completed. The work of the improvement of Tolly's Nulluh is in its completion stage.

Firing of tear gas shells by Police at Teesta Valley Tea Estate, Darjeeling

*607. (Admitted question No. *1244.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) the circumstances under which the Police had to use tear gas shells at Teesta Valley Tea Estate at Darjeeling on Friday, the 22nd February, 1974 ;

(b) whether any firearm was seized by the Police on the occasion; and

(c) what precautionary measures have been taken by the Police in this regard ?

Minister-in-Charge of Home (Police) Department :

(a) No such incident occurred on 22nd February 1974.

(b) Does not arise.

(c) Does not arise.

'শ্রীমা' সিনেমা হল

*৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭৫।) **শ্রীশীশ মহম্মদঃ** তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ২৪-পরগনা জেলার খরদহ এলাকার 'শ্রীমা' সিনেমা হলটি বহুদিন যাবত বন্ধ রহিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে,

(১) কত দিন ধরিয়া 'শ্রীমা' সিনেমা হলটি বন্ধ রহিয়াছে;

(২) বন্ধ থাকার কারণ কি;

(৩) কতজন কর্মাচারী সিনেমা হলটি বন্ধ হওয়ার জন্য বেকার হইয়াছেন; ও

(৪) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

তথ্য এবং জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) বিগত ২৩-৩-৭৩ তারিখ হইতে সিনেমা হলটি বন্ধ আছে।

(২) সিনেমা হলের কর্ম্মচারিদের বিভিন্ন দাবি দাওয়া সম্পর্কে হলের মালিক ও কর্ম্মচারিদের মধ্যে বিরোধের জন্য।

(৩) সিনেমা হলের কর্ম্মচারিদের সংখ্যা—১৯।

(৪) ব্যারাকপুরস্থ সহকারী শ্রম কমিশনারের মধ্যস্থতায় বিরোধের মীমাংসা না হওয়ায়, বিষয়টি শ্রম বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বিবেচনার জন্য পেশ করা হইয়াছে।

বর্ধমানে 'কৃষক সেতু'র নির্মাণকার্য

*৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৩।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমানে 'কৃষক সেতু' নির্মাণের কাজ কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায়; এবং

(খ) ইহা কি সত্য যে বর্তমানে যে সমস্ত সেতু পশ্চিমবঙ্গে তৈরী হচ্ছে সেগুলির মধ্যে প্রস্তাবিত 'কৃষক সেতু'কে অগ্রাধিকার দেওয়া হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) প্রয়োজনীয় মালমশলা ঠিকমত পাওয়া গেলে "কৃষক সেতু" নির্মাণের কাজ ১৯৭৫ সালের জুন মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়;

(খ) হ্যাঁ।

কাটোয়া পৌরসভার বিভিন্ন বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগ

*৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৬।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** পৌর বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া পৌরসভার অন্তর্গত বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে গত এক বছরে কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং তাঁদের যে যে স্কুলে নিয়োগ করা হইয়াছে তার ছাত্র সংখ্যা কত; এবং

(খ) গত এক বছরে কতজন প্রাথমিক শিক্ষককে এক্সটেনশন দেওয়া হয়েছে এবং তাঁদের বয়স কত?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৫ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং বিদ্যালয়গুলির মোট ছাত্রসংখ্যা ৮৭০ জন।

(খ) দুইজনকে, তাঁদের বয়স ৬০ বৎসর।

৩৪নং জাতীয় সড়ক

*৬১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১৬।) **শ্রীগৌতম চক্রবর্তী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩৪নং জাতীয় সড়ক মালদার খেজুরিয়া ঘাট হইতে মালদা পশ্চিম দিনাজপুর জেলার সীমানা পর্যন্ত অংশটি চওড়া করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকলে কবে নাগাত ঐ পরিকল্পনা কার্যকর হবে; এবং

(খ) ৩৪নং জাতীয় সড়ক মালদা জেলার মধ্যে যেখানে যেখানে গিয়েছে সে সব অংশ এখনও চওড়া না হওয়ার কারণ কি?

পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ —এখন খেজুরিয়াঘাট হইতে পাগলা সেতু এবং গাজল হইতে মালদা-পশ্চিম দিনাজপুর সীমান্ত পর্যন্ত দুইটি অংশের চওড়া ও উন্নয়নের কাজ চলিতেছে, পাগলা সেতু হইতে গাজল অংশের চওড়া ও উন্নয়নের একটি প্রকল্প প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করা হইয়াছে। উহা পাওয়া গেলে কাজ শুরু হইবে।

(খ) (ক) অংশের উত্তর দ্রষ্টব্য।

বর্ধমান জেলার অম্বলগ্রামে মারপিট

*৬১২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০৭।) **শ্রীপ্রভাকর মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার অন্তর্গত কেতুগ্রাম থানার অম্বলগ্রামে গত ১৬-৩-৭৪ তারিখে সরকারী খাস জায়গা থেকে বালি তোলানর ঘটনাকে কেন্দ্র করে কোন মারপিটের ঘটনার বিষয় সরকার অবগত আছেন কি;

(খ) অবগত থাকলে, ঐ ব্যাপারে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে কিনা এবং হলে, কয়জনকে; এবং

(গ) গ্রেপ্তার করা না হলে তার কারণ কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় নি।

(গ) অভিযুক্ত ব্যক্তিরা পলাতক।

জলাভাব দূর করার ব্যবস্থা

*৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৮।) **শ্রীঅনন্ত কুমার ভারতী ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বেলেঘাটা, মানিকতলা, উল্টাডাঙ্গা ও মুরারীপুকুর অঞ্চলে গরম পড়ার সাথে সাথে প্রচণ্ড জলাভাব দেখা দিয়েছে,

(খ) উক্ত বাবত চতুর্থ পরিকল্পনার কত টাকা পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্পিলওভার কি না; এবং

(গ) করে থাকলে, কি কি ব্যবস্থা এবং কবে নাগাত তা কার্যকরী হবে?

পৌর কার্যবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :—

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) জলবাহী লরী ও নলকূপের সাহায্যে জলাভাব দূর করার ব্যবস্থা নেওয়া হয়েছে। ইহা ছাড়া, মানিকতলা এলাকায় জলাভাব দূর করার জন্য সি, এম, ডি, এ, ৫৪ ইঞ্চি পাইপ বসিয়ে টালা থেকে জল সরবরাহ বৃদ্ধি করবার জন্য একটি বিস্তৃত পরিকল্পনা (মাস্টার প্ল্যান) রচনা করেছে। এই পরিকল্পনা কবে কার্য্যকরী হবে সেই বিষয়ে সি, এম, ডি,-এর অনুসন্ধান করা হচ্ছে।

রাস্তা বাবত কেন্দ্রীয় অর্থ ছাঁটাই

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯১।) শ্রীকাশীনাথ মিশ্র: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনার সড়ক এবং সেতু বাবত কত টাকা স্পিলওভার করা হয়েছে;

(খ) উক্ত বাবত চতুর্থ পরিকল্পনার কত টাকা পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্পিলওভার করা হয়েছে;

(গ) ১৯৭৩-৭৪ সালে কেন্দ্র কর্তৃক সড়ক উন্নয়ন বাবত ১১'৬৯% টাকা হ্রাস করায় পশ্চিমবঙ্গ সরকারের তরফ হইতে কোন আপত্তি জানানো হইয়াছিল কি না; এবং

(ঘ) প্রস্তাবিত ৬২,০০০ কিলোমিটার রাস্তার মধ্যে কত কিলোমিটার রাস্তা এ পর্যন্ত তৈয়ারী হইয়াছে?

পূর্তবিভাগের ভারাপ্রপ্ত মন্ত্রী:—

(ক) ৩য় এবং তাহার পূর্ববর্তী পঞ্চবার্ষিক পরিকল্পনা হইতে ৪র্থ পরিকল্পনায় সড়ক ও সেতু বাবদ প্রায় ১৯.৫০ কোটি টাকা স্পিল ওভার হইয়াছে।

(খ) উহার মধ্যে ৬.৫০ কোটি টাকা ৫ম পরিকল্পনায় স্পিল ওভার হইয়াছে;

(গ) আর্থিক কৃচ্ছতার দরুন ১১.৬৯ পারসেণ্ট ব্যয় হ্রাস করার প্রস্তাব হইয়াছিল। আপত্তি করার কোন প্রশ্ন ওঠে না কেন না ইহা সর্বভারতীয় নীতি হিসাবে গৃহীত হইয়াছিল।

(ঘ) প্রস্তাবিত নতুন রাস্তাগুলিতে ৪র্থ পরিকল্পনায় মাটির কাজ করার কথা ছিল, সেইমত প্রায় ৬০০ কিঃ মিঃ রাস্তায় মাটি ফেলা হইয়াছে অবশ্য যেখানে জন প্রতিনিধিদের সহায়তায় জমির দখল পাওয়া গিয়াছে।

Calling Attention to Matters of Urgent Public Importanc

Mr. Speaker : The Minister-in-Charge of the Food and Supplies Department will please make a statement on the subject of artificial crisis through mal-practice in supply of coal causing its acute shortage affecting industrial production n West Bengal, and coal shortage for other reasons also. There are two calling attention notices which I have tagged together. The Minister-in-Charge can make one statement or can make separate statements.

Shri Prafulla Kanti Ghosh : Mr. Speaker, Sir, I would prefer to make separate statements.

In response to the calling attention notice tabled by Shri Sukumar Bandyopadhaya M.L.A. and three others on 23rd April, 1974, I would like to inform as follows :—

Soft coke is admittedly in short supply in Calcutta and the districts. While the requirement for Calcutta has been assessed at 45,000 metric tonnes per month, we have been receiving 31,000 metric tonnes only on an average per month during the last six months. The requirement of the districts has been assessed at 1,05,000 metric tonnes per month, while the sub-allotment of quota for the districts has been 83,800 metric tonnes only per month.

It may be pointed out that the Food and Supplies Department has no concern with the coal for industries and suitable replies may be had from the concerned department.

As regards the alleged serious hardship of the people throughout West Bengal for want of coal, the Government received some requests from a few districts for enhancement of their quota which could not be complied with in the absence of increased supply from collieries. No report of acute scarcity has, however, been received by the Government.

To facilitate movements of coal I frequently met the Coal Mines Authority and Railway Authority along with the departmental officers and sort out any bottleneck that might crop up. In addition to this, departmental officers met the C.M.A.L. and Bharat Cooking Coal Ltd. and also Railway officials twice every month. In these meetings the Railways in particular are requested to provide more rakes. The C.M.A.L. and D.C.C.L. are also requested to release bigger stocks for movements by road. This results in partial increase in supply but not to the desired extent. The Railways regretted their inability to provide substantially increased numbers of rakes owing to operation problem and overall commitments. The last such meeting was held on 27th March, 1974. For road movements a committee was set up before the last pujas at Asansol with the Additional D.M., Burdwan at Asansol as Chairman and this Committee supervised the loading of soft coke from different collieries and ensured transportation of the same to destination at Calcutta and elsewhere. The F. & S. Department requisitioned the services of Special Superintendent, E.B. at Calcutta for placing official to assist the above committee. The departmental head met the General Manager of the Eastern Railway in the chamber of the Chief Secretary on 16th April, 1974 and it was agreed to by the General Manager, Eastern Railway to move 18 rakes to Calcutta and 6 rakes to North Bengal during this month instead of 13 for Calcutta and 4 for North Bengal. In the meeting held on 4th April 1974 by me (FSM) with the M.L.As. It was decided that that the M.L.As of the districts would form a committee locally in order to ascertain and sort out the supply-cum-distribution position regarding foodstuffs and other essential commodities including coal. They have also been requested to get in touch with the District Authorities as and when required. The matter has for several times been brought to the notice of the Central Government with persistent request for ensuring increased and regular supply of coal. But, not getting any favourable response thereto. The Chief Minister has since written to the Centre with pointed reference to the gravity of the situation

Sir, in response to the calling attention notices tabled by Sarvashree Kashinath Misra, Balai Lal Seth and eight others and Sarvashree Asamanja De and Kashinath Misra on 23rd April, 1974, I would like to inform as follows :—

As regards the alleged report of surreptitious diversion and despatch of coal from some wayside railway stations, it may be stated that the State Enforcement machinery received secret information on a few occasions about such despatch of coal. In one case, such information was verified and appropriate action was taken by the police. The State Enforcement machinery is fully alive to the situation. It will take suitable action according to law whenever the situation so demands.

There is no credible evidence to suggest that the activities of these traders are directly affecting the availability of coal in West Bengal.

[2-10—2-20 p.m.]

Shri Subrata Mukhopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পলতা জলকলে অপরিশোধিত জল পরিষ্কার করিবার জন্য দৈনিক ৯ হইতে ১০ টন ফিটকারির (এ্যালাম কেক) প্রয়োজন হয়। এই প্রয়োজন মিটাইবার জন্য দায়িত্ব দুইটি প্রতিষ্ঠানের উপর ন্যস্ত আছে। একটি মেসার্স হিন্দুস্থান হেভি কেমিক্যালস এই মাসে কোন সরবরাহ দেয় নাই। কারণ হিসেবে জানিয়েছে যে পরিবহন ব্যবস্থার বিপর্যয়ের জন্য এবং কাঁচামালের অভাবে তাদের পক্ষে সরবরাহ দেওয়া সম্ভব হয় নাই। দ্বিতীয় প্রতিষ্ঠান মেসার্স বেঙ্গল কেমিক্যালস এণ্ড ফার্মাসিউটিক্যালস লিমিটেড দৈনিক এক লরী মাল প্রায় ৯ টন সরবরাহ দিচ্ছিল। কিন্তু লোড সেডিং-এর জন্য তাদের উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়ে ৫০ টন থেকে ৬ টনে দাঁড়িয়েছে এবং তারা জানিয়েছেন যে প্রতিদিনের পরিবর্তে একদিন অন্তর এক লরী ফিটকারী সরবরাহ করবেন। কিন্তু গত ১৯-৪-৭৪ তারিখ থেকে তারা আর সরবরাহ করতে পারছে না। বর্তমানে পলতায় ১০০ টন ফিটকারী মজুত আছে। এইজন্য ফিটকারীর অভাবে অদূর ভবিষ্যতে জল সরবরাহ ব্যাহত হবার আশঙ্কা আছে। বিকল্প ব্যবস্থা হিসাবে তরল ফিটকারী (লিকুইড এ্যালাম কেক) ব্যবহারের ব্যবস্থা হচ্ছে। এর পরিপ্রেক্ষিতে সরবরাহকারী প্রতিষ্ঠান মেসার্স বেঙ্গল কেমিক্যালস এণ্ড ফার্মাসিউটিক্যালস ওয়ার্কস লিমিটেড কিছু তরল ফিটকারী সরবরাহ করেছেন। রাসায়নিক পরীক্ষার ফল ভাল প্রমাণিত হলে এই ব্যবস্থা চালু করতে হবে।

Mention Cases

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩এ এপ্রিল তারিখে স্কুল ফাইন্যাল পরীক্ষা আরম্ভ হয়েছে বর্তমানে যেটা এখনও চলছে—সেই পরীক্ষায় প্রথম প্রশ্ন এবং ৫টি প্রশ্নের উত্তর লিখতে বলেছেন। কিন্তু দেখা যাচ্ছে যে মাত্র ৩টি প্রশ্ন আছে, বাকি প্রশ্ন ফাঁকা—কোন প্রশ্ন লেখা নেই, এই অবস্থায় যদি পরীক্ষা হয় তাহলে কি হবে সেটা একবার ভেবে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন স্ট্রংরুম থেকে প্যাকেটে প্রশ্ন ভর্তি করা হয় তখন কিভাবে স্ট্রং রুম থেকে প্রশ্ন বের করে দিচ্ছেন সেটা বুঝতে পারা যাচ্ছে না এবং সেই প্রশ্নপত্র সেন্টারে নিয়ে যাওয়া হয়েছে। ময়নাগুড়ি বয়েজ স্কুলে প্রশ্নপত্র বেশ কয়েক শত গেছে। আমি এই প্রশ্নপত্রের কাগজগুলি আপনার কাছে দিচ্ছি আপনি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে পৌঁছে দেবেন।

Shri Paresh Chandra Goswami :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পশ্চিমবাংলায় প্রায় ২ লক্ষ সেকেণ্ডারি এবং প্রাইমারী স্কুল টিচার আছেন, যারা এই দারুণ দুর্দিনে অর্থ সঙ্কটের মধ্যে পড়ে অত্যন্ত কষ্টে দিন যাপন করছেন। আপনি জানেন কোঠারি কমিশন যে পে স্কেল রেকমেণ্ড করেছিলেন প্রাইমারী এবং সেকেণ্ডারী টিচাররা তা থেকে বঞ্চিত হচ্ছেন। আমি আশা করব মাননীয় শিক্ষামন্ত্রী প্রাইমারী এবং সেকেণ্ডারী টিচারদের পে স্কেল পুনর্বিন্যাস করবেন। আপনি জানেন গত ২১ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত আমরা দিল্লীতে ছিলাম। সেখানে মাননীয়া প্রধানমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক নুরুল হাসানের সঙ্গে সাক্ষাৎ করেছে প্রধান শিক্ষক সমিতির প্রতিনিধিবৃন্দ। আজকে পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষক সমিতির নেতৃত্ব কার্জন পার্কে প্রতীক অনশন ধর্মঘট সুরু হয়েছে। পশ্চিমবাংলার বহু শিক্ষক, মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষাকর্মী তাদের পে স্কেল পুনর্বিন্যাসের দাবীতে প্রধান শিক্ষক সমিতির নেতৃত্বে কার্জন পার্কে অনশন সুরু করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ লক্ষ লক্ষ শিক্ষক যারা দেশকে গড়বে, যারা দেশে নূতন যুগের সূচনা করবে, যারা জাতির মেরুদণ্ড,

তারা না খেয়ে দিন যাপন করছেন। আমরা দেখছি কলেজ টিচার্স এবং ইউনিভার্সিটি টিচারদের পে স্কেল রিভিসন হয়েছে। আমরা আনন্দিত হয়েছি। কিন্তু আজকে তাদের সঙ্গে প্রায়রিটি রেখে আমাদের মাধ্যমিক শিক্ষকদের বেতনের হার পুনর্বিন্যাস করার ব্যবস্থা করা হোক, এই দাবী আমি করছি। মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী আজকে তাদের সামনে গিয়ে দাবীর যৌক্তিকতা স্বীকার করে নিন—এই দাবী আমি আপনার মাধ্যমে সভার কাছে করছি।

[Noise]

[Shri Sukumar Bandyopadhyay, Shri Monoranjan Pramanik and several other members went on speaking simultaneously.]

Mr. Speaker : Honourable members, please stop and take your seats. Mr. Bandyopadhyay, Mr. Pramanik and other members, it is useless to exhaust your lungs at a time. I cannot hear any of you. Nor have any honourable members or the Hon'ble Ministers followed what you have argued. You have exhausted your lungs. You have not been able to draw the attention of the Hon'ble Ministers or of the Chair.

Now, let us pass over to the next item of business, i.e., Government Business—Laying of the Annual Report on the working and affairs of the West Bengal Small Scale Industries Corporation Limited for the year 1972-73. Hon'ble Minister, Dr. Zainal Abedin to lay.

[Several members rose to speak]

[Noise]

Please take your seats. As a special case I have allowed Shri Paresh Chandra Goswami to draw the attention of the Hon'ble Minister and of the House and I have done that inspite of the fact that the Business Advisory Committee had recommended none to mention any case. As a special case I have allowed Shri Goswami to mention this particular matter. He has drawn the attention of the House and of the Hon'ble Ministers; and after that several members are going on shouting which is useless.

GOVERNMENT BUSINESS

Laying of Report

The Annual Report on the working and affairs of the West Bengal Small Scale Industries Corporation Limited for the year, 1972-73.

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Small Scale Industries Corporation Limited for the year 1972-73.

Legislation

The West Bengal Comprehensive Area Development Bill, 1974, as reported by the Select Committee.

Shri Khan Nasiruddin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে দি ওয়েস্ট বেঙ্গল কম্প্রিহেনসিভ এরিয়া ডেভলপমেন্ট বিল, ১৯৭৪ এনেছেন সেই বিল নিঃসন্দেহে গ্রহণযোগ্য নিঃসন্দেহে এই বিল ভাল। ইতিপূর্বে এই ধরনের চিন্তা কোন সরকারের আমলে হয়নি সেইজন্য এই বিল

নিঃসন্দেহে গ্রহণযোগ্য। এই বিল সমর্থনযোগ্য এই কারণে যে—আমি একটি সম্পূর্ণ চাষার ছেলে, সুদীর্ঘদিন পরে এই সরকার নানান দিকে নানান প্রকল্প গ্রহণ করার পর শেষে আসল প্রকল্প হাতে নেবার কথা চিন্তা করেছেন, এইজন্য এই বিল সমর্থনযোগ্য। স্যার, আজও আমাদের শতকরা ৮০ জন মানুষ পাড়াগাঁ-এ বাস করেন এবং তারা চাষের উপর নির্ভরশীল। সেই চাষের জন্য এবং শতকরা ৮০ ভাগ মানুষের জন্য এরকম বিল ইতিপূর্বে কোনদিন কোন ভাবে দেখা যায়নি।

[2-20—2-30 p.m.]

কিন্তু এই বিল পুরাপুরি সাকসেসফুল হবে কিনা সে সম্বন্ধে আমি খুব সন্দিহান এবং আমার খুব ভয়ও আছে। এই কর্পোরেসনকে যদি সাকসেসফুল করতে হয় তাহলে এর বিশেষ যে ২।৩টি দিক আছে সে সম্বন্ধে সরকারের প্রথমতঃ দেখা প্রয়োজন ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রকল্প বাস্তবায়িত করাতে গেলে প্রথম দরকার সেচ ব্যবস্থা। কিন্তু আমরা দেখছি সেচের ব্যবস্থা আপনারা কিছুই করলেন না। আপনারা সেচ ব্যবস্থার জন্য আগে কোন প্রকল্প গ্রহণ করলেন না এবং সেচের দিক থেকে পশ্চিমবাংলার সাধারণ মানুষের চাহিদা পূরণ করলেন না। তা যখন করলেন না তখন এই প্রকল্পের মাধ্যমে ৯০ হাজার একর জমিকে পুরাপুরি সেচের আওতায় আনার চিন্তা কিভাবে করলেন? আমার প্রথম কথা হচ্ছে সেচের ক্ষেত্রে যেমন পুরাপুরি অব্যবস্থা রয়েছে ঠিক তেমনি সারের ব্যাপারেও অব্যবস্থা রয়েছে। আমরা প্রতিদিন হাউসের ভেতরে আলোচনা শুনছি সার নেই এবং যেটাও বা আছে তাতে নুন মেশান, বস্তা ফাটা, প্রতি বস্তায় ১০ কে. জি. করে কম এবং সেটাও সব সময় পাওয়া যায় না। কাজেই প্রশ্ন জাগে সার এবং জল না হলে আপনি কি করে এই প্রকল্পকে বাস্তবায়িত করাবেন? বীজ সম্বন্ধে মন্ত্রিমহোদয় জানেন গত কয়েক বছর ধরে বীজের অবস্থা কি? যে বীজ আপনারা দিচ্ছেন সেটা সময়মত দিতে পারছেন না। আপনি ৯০ হাজার একর জমির জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন এবং ৫ বছরে ৯০০ কোটি টাকা খরচ করবেন এটা খুব ভাল পরিকল্পনা আমি মানি। কিন্তু এই পরিকল্পনাকে যদি আপনি বাস্তবায়িত করাতে না পারেন তাহলে কি উপায় হবে? সরকারের পরিচালনাধীন যে সমস্ত জিনিষগুলি হচ্ছে তার নমুনা দেখে আমাদের মনে নানা রকম চিন্তা আসে। আপনি লক্ষ্য করবেন যখনই সরকার কোনটার দায়িত্ব নিচ্ছে তখন ব্যাপারে করাপশন মনে হয়। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসন যে প্রোডাকসন করে তার নাইনটি পারসেন্ট তারা আপনাদের দেয়, কিন্তু আপনাদের যে সমস্ত বিদ্যুৎ কেন্দ্র আছে তার প্রোডাকসন হচ্ছে মাত্র ২৩।৫০ ভাগ। কাজেই আপনারা চিন্তা করে দেখুন সরকার যেটা পরিচালনা করেন তার অবস্থা কি হয়।

আপনি বিরাট একটা এরিয়া নিলেন, কিন্তু আপনার তো সার নেই, আপনার তো সেচ নেই। আমি বলছিলাম এই প্রকল্প আপনাকে নিতে হ'ত দুবছর পরে। এই ৯০০ কোটি টাকা দিয়ে আগে ব্যবস্থা নিতে হ'ত সেচের সমগ্র পশ্চিমবাংলার, সারের এবং বীজের এই তিনটি জিনিসে আপনি যেখানে পূর্ণ সাকসেসফুল হতে পারতেন, তখন এই প্রকল্প নিলে নিশ্চয়ই সাকসেসফুল হতে পারতেন। আমি ফার্মিং সিসটেম দেখেছি, সেই ফার্ম হচ্ছে ৮০ বিঘা জমি নেওয়া হ'ল, আজকে যে কোন ফার্মের সম্বন্ধেই বলতে পারি যে সেখানে লোকসান হচ্ছে। প্রত্যেকটি এগ্রিকালচারাল ফার্মে লোকসান চলছে। আপনাকে হিসাব দিলে দেখবেন যে প্রত্যেক ফার্মের গড় হিসাব হচ্ছে লোকসান। এই প্রকল্প নিশ্চয়ই গ্রহণযোগ্য কিন্তু আপনি কি দিয়ে করবেন? আসল ভাণ্ডারে যে জিনিস না হলে কোন মতে সাকসেসফুল করা সম্ভব নয়, আজকে সার, সেচ, বীজ আপনার কাছে নেই। আপনাকে তো পরমুখাপেক্ষী হয়ে থাকতে হবে। বিদেশ থেকে সার না আমদানি করলে কি করে প্রজেক্ট সাকসেসফুল করবেন। আর সেচের ব্যাপারে দেখুন ইলেকট্রিসিটির কি অবস্থা এক ঘন্টা জল দিলো তো তিন ঘন্টা জল নেই ফলে এক ঘন্টা যে জলটা দিল সেটাও কাজে লাগলো না। এই যদি অবস্থা হয় তাহলে কি করে আপনি সাকসেসফুল হবেন। নিশ্চয়ই আমি স্বীকার করবো যে আপনি চাষীর বাড়ির ছেলে হয়ে, চাষীদের কথা চিন্তা করে একটা বিরাট অংশ টাকার প্রজেক্ট করেছেন। আপনি গত বছর গুচ্ছ প্রকল্প করলেন,

খুব ভাল প্রকল্প, তার আগের বছর কি নিলেন, প্রত্যেক চাষীদের লোনের ব্যবস্থা হ'ল। কিন্তু কি হ'ল সব, সেইগুলো সম্ভবপর হ'ল না, আবার পরিবর্তন করলেন। আমি এবার ভাবছি, একটা এলাকাকে আপনি বেছে নিয়ে সেই এলাকার পেছনে একটা বিরাট টাকার অংশ ইনভেস্ট করলেন, কিন্তু এর পরে তো আপনি আগেরকার মত পরিকল্পনা পালটাবেন। সুতরাং যে এলাকা পেল, সেই এলাকা লাভবান হ'ল কিন্তু যে এলাকা এর আওতায় এলো না তাদের অবস্থা একবার চিন্তা করুন, কারণ আপনি গোটা অংশকে বাদ দিয়ে একটা ছোট অংশ লাভবান হবে, আপনি সমস্ত এরিয়া কভার করতে পারছেন না। এটা কি করে হবে আমি বুঝতে পারছি না। আর একটা বিষয় মাননীয় মন্ত্রিমহাশয় লক্ষ্য করবেন, আমি পুরো চাষীর ঘরের ছেলে, আপনি একটা কথা প্রথমে বলেছেন যে এই প্রকল্পে ঋণ দেওয়া হবে চাষীকে এবং যখন ফসল উঠবে, সেই ফসল প্রথমে প্রজেক্ট ডিরেক্টার বিক্রি করবেন, করে সমস্ত লোন সকলে পরিশোধ করবে, এর পর চাষীরা পাবে।

এমন এমন চাষী এই প্রজেক্টের ভেতর পড়বে, যাদের ২।৩ বিঘা জমি আছে, তারা কি করবে? আপনি জানেন ২।১টা ফসল কেটে এনে তারা পায়ে ভেঙে খায়। অথচ এখানে প্রজেক্ট ডিরেক্টরের কাছে সম্পূর্ণ মালটা না পাঠালে বিক্রি হচ্ছে না, লোন পরিশোধ না হওয়া পর্যন্ত, সে টাকা দিচ্ছে না, তাহলে এই ৩।৪ মাস চাষী বাঁচবে না। কারণ দেখুন এখান ২০(৩) ধারাতে বলা হচ্ছে,

Any loan advanced to a cultivator under this section including any interest chargeable

এখানে বলা হচ্ছে সম্পূর্ণ টাকাটা আগে পরিশোধ করতে হবে। মাল উঠবে, তার পরে সুদ সমেত সমস্ত লোনের টাকা শোধ হবে তবে চাষী টাকা পাবে। কিন্তু মাঝের সময়টা চাষী বাঁচবে কি করে?

Mr. Speaker : Director will give money.

Shri Khan Nasiruddin :

ডিরেক্টর দেবার কথা কিন্তু এখানে নেই। এই টাইমটা যদি চাষাকে বাঁচতে হয় তা'হলে সেই প্রভিশন আপনার রাখা উচিত ছিল। তবে এটার এমেণ্ডমেন্ট আনতে হবে, কিন্তু আমি বলছি যে আগেই এইগুলি দেখেশুনে করলে ভাল হয়। আপনি তো জানেন, কারণ আপনি চাষী ঘরের ছেলে, কিন্তু অনেক এম, এল, এ, আছেন যারা ধান গাছ দিয়ে এত বড় বড় তক্তা হয় বলেন। যারা পায়ে ভেঙে খায়, ছোট ছোট চাষী, তাদের জন্য আপনি এখানে কোন প্রভিশন রাখেন নি। আর একটা জিনিস মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিশ্বাস করি এই বিলের প্রয়োজন আছে, কিন্তু ফরমেশন অফ দি বডি, এটা ভুল হচ্ছে। আপনি গণতান্ত্রিক মানুষ, আপনি গণতন্ত্রে বিশ্বাস করেন, তাহলে গণতান্ত্রিক পদ্ধতিতে আপনি বডি তৈরী করলেন না কেন? এখানে ৯৬(২) ধারাতে দেখুন, আপনি এখানে বডি তৈরী করতে বলছেন কি, ফিট ব্যক্তিকে এপয়েনটেড করা হবে এই কমিটির সমস্ত সদস্যপদে। কিন্তু সেখানে আপনি ডেমোক্রেটিক ওয়েতে একজন লোককেও গ্রহণ করছেন না। ১০,০০০ একরের ভেতর যারা থাকবেন, যে সমস্ত জমির মালিকরা থাকবেন তাদের ভোটে নির্বাচিত একজন পারসেনকে আপনি তাদের রিপ্রেজেনটেটিভ হিসাবে নিচ্ছেন না। সেখানে আপনি বলছেন যে প্রয়োজন হ'ল, ইচ্ছা করলে, ভাল মনে করলে আপনি এপয়েন্টমেন্ট দেবেন তাদের এই কর্পোরেশনে। তাহলে আমরা দেখতে পাচ্ছি যে এই বডির কাজ ভাল ভাবে হবে কি না বলছি না, কিন্তু আপনি গণতন্ত্রে বিশ্বাস করেন, তাই আমি গণতান্ত্রিক পদ্ধতির কথা বলছি। এই কথা বলতে গিয়ে আমি আপনাকে একটি গল্প বলব। স্যার, আমি এই গল্পটা বলেই আমার বক্তব্য শেষ করছি।

একজন ব্রাহ্মণ তার শিষ্যকে সাথে করে রওনা হয়েছে, যেতে যেতে সেই রাজত্ব ছেড়ে আর এক রাজত্বে চলে গেছে। সেখানে গিয়ে দেখেন সেই দেশের রাজা ৫ বছর অন্তর নির্বাচিত হয় এবং যার হাতে বাজপাখী এসে বসে সেই রাজা হবে ৫ বছরের জন্য। সেই সাধর লোভ হওয়ায় সে ভগবানকে বলল আমার হাতে যদি বাজপাখী বসাও তাহলে আমি

দেশের সমস্ত ভাল কাজ করব—স্বাস্থ্যকেন্দ্র করব, জল দেব, রাস্তাঘাট করব। আর তার পেছনে তার শিষ্য কালু ছিল সে ভাবল যে তার গুরুদেব যখন সবই চেয়েছে তখন সে ভগবানের কাছে ঠিক উল্টো চেয়ে বলল যে আমার হাতে যদি বাজ বসাও তাহলে আমি রাস্তা ভেঙ্গে দেব, জলাশয় বন্ধ করে দেব, হাঁসপাতাল নষ্ট করে দেব। দিনের দিন দেখা গেল কালুর হাতেই বাজ এসে বসল। সে এমন ভাবে কাজ আরম্ভ করল যে দেশের লোকের অবস্থা সাংঘাতিক হতে আরম্ভ করল। তখন লোকেরা তার গুরুদেবের কাছে গিয়ে বলল যে সর্বনাশ হয়ে যাচ্ছে তোমার শিষ্য সব শেষ করে দিচ্ছে, তুমি বাঁচাও। গুরুদেব যখন এল তখন কালু বলল আমি যা বলেছি তাই করেছি। আপনি ভাল কাজ করতে চেয়েছিলেন, আর আমি আপনার শিষ্য হয়ে খারাপ কাজ করতে চাই এবং আমি সেই কাজই করেছি। সেইরকমভাবে আপনারাও প্রোজেক্ট সাকসেসফুল করতে পারবেন না। ১৯৬৭ সালে কালুর হাতে বাজ বসেছিল তারা মানুষকে কাজ করতে নিষেধ করত, মাইনে বাড়াবার আন্দোলন করতে বলত। সেজনাই বলছি আপনি এসব চিন্তা করুন। এইবলে আমি শেষ করছি।

Shri Chandra Kumar Dey :

মাননীয় স্পীকার মহাশয়, এই সি, এ, ডি, পি, বিল সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে। কৃষিমন্ত্রী যে বিল এনেছেন সেই বিলের একটা বিরাট আকৃতি রয়েছে সেটা স্বীকার করি। কিন্তু আমার সন্দেহ হয় বর্তমান পরিস্থিতিতে এই বিলের সাফল্য কি ভাবে হবে? সাফল্যের সব চেয়ে বড় বিষয় হচ্ছে ফারটিলাইজার স্মল ইরিগেশন ইত্যাদি সব কাজকে কোঅরডিনেট এর মাধ্যমে করতে হবে। এখানে বলা হয়েছে এই বিল কার্যকরী হলে আমাদের পশ্চিম-বাংলা খাদ্যে সারপ্লাস হবে। উচ্চ স্তরে সব সময় চিন্তা করা উচিৎ। এইভাবে বিল হয়েছে বলে আমার মনে হয়। আমরা আশা করব খাদ্য সমস্যার সমাধান হোক। বর্তমান পরিস্থিতিতে সাধারণ মানুষের একটা বিশ্বাস জন্মেছে যে পশ্চিমবঙ্গে ধান হয় কিনা সন্দেহ।

[2-40—2-50 p.m.]

পশ্চিমবাংলায় বর্তমান পরিস্থিতিতে আমাদের দেশে ধান হয় কিনা এই রকম আবহাওয়া যখন মানুষের মনে স্থান পেয়েছে তখন এই বিলটা মানুষকে খুব সাহায্য করবে আশা করতে পারেন। আমি মনে করি এই বিলটা যদি গৃহীত হয় তাহলে পশ্চিমবঙ্গের মানুষ হয়ত আরো আশা করবে আগামী ৫ বছরের মধ্যে খাদ্যের সম্ভাবনা বৃদ্ধি পাবে। এই বিলের সম্পর্কে আমার প্রথম বক্তব্য হচ্ছে বিলের মধ্যে নিঃসন্দেহে কিছু চিন্তাশীলতার পরিচয় রয়েছে। এখানে কোঅর্ডিনেসনের যে ব্যবস্থা করা হয়েছে, কৃষি কার্যের যে বিভিন্ন স্তর আছে ইলেকট্রিসিটি, ফার্টিলাইজার এবং স্মল ইরিগেশানের মধ্যে একটা কো-অর্ডিনেসানের ব্যাপার রয়েছে, সেই কো-অর্ডিনেসান সম্ভব হবার জন্য একটা যোগ্য প্রচেষ্টা হয়েছে বলে আমি মনে করি এবং সেই হিসাবে আমি বিলটাকে সমর্থন করি। আর একটা বিষয় রয়েছে, আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গে বর্তমানে যে কৃষক সমাজ রয়েছে আধুনিক কৃষি ব্যবস্থা সম্পর্কে তাদের যেটুকু জ্ঞান আছে সেটুকু তাঁরা রেডিও মাধ্যমে গ্রহণ করে থাকেন এবং তাঁরা প্রত্যক্ষ ভাবে বর্তমান বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের সঙ্গে এখন পর্যন্ত পরিচিত হতে পারেন নি। আশা করা যাচ্ছে এই বিলের মাধ্যমে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করার সুযোগ পেয়ে আমাদের কৃষক সমাজ উন্নত হবে, শিক্ষিত হবে এবং বাংলাদেশ আরো বেশী সমৃদ্ধশালী হতে পারবে বলে আশা করব। সেজন্য সেইসব প্রচেষ্টা এই বিলে রয়েছে বলে আমি এই বিলকে সমর্থন করি। ৩ নং, আমি এই বিলের পক্ষে বলতে চাই যে আমাদের বর্তমানে খাদ্য সমস্যা যেটা রয়েছে সেটা সমাধান করার জন্য মাননীয় কৃষি-মন্ত্রী যে বক্তব্য রেখেছেন সেটা সম্ভব হলে আমরা সকলেই সেটাকে স্বানন্দে গ্রহণ করব। সারপ্লাসের কথা যেটা বলেছেন সেটা বর্তমানে বলা উচিত কিনা জানি না, আমরা বর্তমানে খেতে পেলেই যথেষ্ট। তবে এই বিল সম্পর্কে আমার দু'একটা জায়গায় বিনীত বক্তব্য আছে, সেই বিনীত বক্তব্যের মধ্যে প্রথম বক্তব্য হচ্ছে আমাদের কৃষক সমাজের মধ্যে প্রোজেক্ট ডাইরেক্টরের মাধ্যমে যে ঋণ বন্টন করা হবে স্টেট ব্যাঙ্কের কাছ থেকে কৃষকরা

তার মাধ্যমে চাষ করবে, তাদের ফসল উৎপন্ন করবে এবং যে টাকা দিয়েছে ফসলের মাধ্যমে সেই টাকা শোধ করবে অর্থাৎ প্রোজেক্টের সমস্ত খরচ খরচা কৃষকের উপর চলে যাচ্ছে। কৃষকদের যে ঋণ দেওয়া হবে সেই ঋণ কৃষকদের ফসল থেকে কেড়ে নেওয়া হবে, তা শোধ করতে তাদের বাধ্য করা হবে। এতে এমন কথা রয়েছে যে কৃষকরা যদি ব্যর্থ হয় তাহলে তারা গৃহও হারাতে পারে অন্যান্য জিনিস হারাতে পারে। সুতরাং কৃষকের উপর বিরাট একটা চাপ নিয়ে আসা হচ্ছে সেটা অস্বীকার করা যায় না। সেজন্য আমার সাজেসান গভর্ণমেণ্টের তরফ থেকে প্রোজেক্ট অফিসার যে টাকা দেবেন, যে ব্যয়ভার এই প্রোজেক্টের হবে সেই ব্যয়ভার গভর্ণমেণ্টের তরফ থেকে বহন করা উচিত, কৃষকের উপর যে আর্থিক চাপ-এর ব্যবস্থা করা হয়েছে সেটা কৃষকের মানষিক শক্তি নষ্ট করে দেবে এবং ফসল পর্যাপ্ত পরিমাণে উৎপন্ন করতে পারবে কিনা সন্দেহ আছে। এই প্রোজেক্ট সম্পর্কে একটা এ্যাডভাইসারি কাউন্সিলের কথা বলা হয়েছে, সেই এ্যাডভাইসারি কাউন্সিল কিভাবে গঠিত হবে, কতখানি গণতান্ত্রিক হবে সে সম্বন্ধে স্পষ্ট কিছু নেই। আমার ধারণা হচ্ছে এই এ্যাডভাইসারি কাউন্সিল যদি গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত না হয় তাহলে এই এ্যাডভাইসারি কাউন্সিল থাকা বা না থাকা একই ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে এবং প্রোজেক্ট ডাইরেকটর যিনি হবেন তিনি এ্যাডভাইসারি কাউন্সিলের আওতার বাইরে থাকছেন এবং বাইরে থেকে এই প্রোজেক্ট অফিসার চাকরি করতে পারবেন এই কথা পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে।

প্রজেক্ট অফিসারকে যদি এ্যাডভাইসরি কাউন্সিলের অন্তর্গত না করা হয়, প্রজেক্ট অফিসার যদি এ্যাডভাইসারি কাউন্সিলের কাছে রেসপনসেবল না হন তাহলে মনে হয় ব্যুরোক্রেটিক প্রেসার পড়বার সম্ভাবনা রয়েছে। কাজেই আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি এ সম্বন্ধে তিনি তাঁর সুস্পষ্ট বক্তব্য রাখবেন এবং প্রজেক্ট অফিসারের কর্তব্য কি তাঁর ক্ষমতা কি সেটাও বলবেন। আমি আশা করব প্রজেক্ট অফিসারকে এমন কোন ক্ষমতা দেবেন না যাতে এ্যাডভাইসরি কাউন্সিল নামমাত্র হয়ে পড়ে। এটা যদি নামমাত্র হয়ে পড়ে তাহলে আমাদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হবে। আমি আশা করি কৃষিমন্ত্রী মহাশয় এই বিষয়ে নজর রাখবেন এবং এখানে পরিষ্কার বক্তব্য রাখবেন যে আমাদের স্টেট গভর্ণমেণ্টের মারফৎ এই প্রোজেক্টকে পালন করা হবে কিনা এবং প্রজেক্ট অফিসারকে এ্যাডভাইসারি কাউন্সিলের অন্তর্ভুক্ত করা হবে কিনা। যা খুশী করবার ক্ষমতা যদি প্রজেক্ট অফিসারের থাকে তাহলে কৃষকদের অপকার হবে বলে আমি মনে করি।

Shri Abdus Sattar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৪ দিন ধরে এই বিলের উপর মাননীয় সদস্যরা আলোচনা এবং সমালোচনা দুই-ই করেছেন এবং এই আলোচনার মাধ্যমে তাঁরা তাঁদের মনোভাব প্রকাশ করেছেন। সি. পি. আই. নেতা বিশ্বনাথবাবু এই বিল নিয়ে যখন দ্বিতীয় দিনে তর্ক আরম্ভ করলেন তখন তিনি বললেন এই বিলের মাধ্যমে পুঁজিবাদি অর্থ ব্যবস্থার বিকাশ ঘটবে এবং মোটামুটি পুঁজি ব্যবস্থাই কায়েম হবে। অন্যদিকে আমাদের দলের মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছেন এই বিল কালেকটিভাইজেসন অব দি ফার্মের দিকে নিয়ে যাবে সেটা রাশিয়ান টাইপের খানিকটা এক্সপেরিমেন্ট। অবশ্য এই কালেকটিভাইজেসনের উত্তর আমাদের এ্যালায়েন্সের বন্ধু সি. পি. আই. সদস্য অজিত বসু মহাশয় গতকাল দিয়েছেন। যাহোক, বিশ্বনাথবাবু পুঁজিবাদি কথাটা যেমন বলেছেন তার সঙ্গে সঙ্গে একথাও বলেছেন যে, আমাদের এ্যামেণ্ডমেণ্টগুলি যদি গ্রহণ করা হয় তাহলে আমরা এটাকে পরীক্ষামূলকভাবে দেখতে পারি। আমি এ্যামেণ্ডমেণ্টের ব্যাপারে পরে বলব। তাঁদের এ্যামেণ্ডমেণ্টগুলি যদি নেই তাহলে এটা পুঁজিবাদের দিকে যাবে না এবং এ্যামেণ্ডমেণ্ট না নিলে এটা পুঁজিবাদের দিকে যাবে এর মানে আমি বুঝতে পারছি না। তাঁরা কি বলতে চান? তাঁরা একবার বলছেন এটাকে সমর্থন করবেন যদি তাঁদের এ্যামেণ্ডমেণ্টগুলি গ্রহণ করা হয়, আবার বক্তৃতার মাধ্যমে এমন সব কথা বলছেন তাতে মনে হয় বিলকে তাঁরা সমর্থন করেন না। যাহোক, আমি তাঁদের যে সমস্ত ইমপর্টাণ্ট এ্যামেণ্ডমেণ্ট আছে সেগুলি পরে দেখব। কিন্তু এ্যামেণ্ডমেণ্ট তাঁরা দিয়েছেন তার দ্বারা বিলের রূপরেখা পরিবর্তন হবে না

তারপর পুঁজিবাদ বলতে তাঁরা কি বলতে চান সেটা আমি বুঝতে পারলাম না। আমি জিজ্ঞাসা করছি এটা কি এমন একটা ব্যবস্থা যে এই যে ১০ হাজার একর জমির কথা বলা হয়েছে সেটা একজন বা দুজন কান্ট্রাক্টর তাদের লেবার দিয়ে কাজ করাবেন এবং যারা কাজ করল তারা বেতনভুক কর্মচারী কাজেই কাজ করবার পর তারা তাদের বেতন নিয়ে চলে গেল এবং ২।৯ জন লোক সেই ফসল ভোগ করল? এটা যদি হতো তাহলে এটা পুঁজিবাদি হতো। কিন্তু লক্ষ্য করুন আমরা কোথায় যাচ্ছি, কি করছি। কাজেই আমার মনে হয় এই পুঁজিবাদ কথাটা বলা মানুষের মনে একটা বিভ্রান্তি সৃষ্টি করা ছাড়া আর কিছু নয়। এখানে সকলেরই নিজ নিজ মালিকানা থাকছে এবং নিজেরা চাষ করবে। তবে চাষের পদ্ধতি কি হবে সে সম্বন্ধে আমরা কিছু কথা বলেছি। পশ্চিম-বাংলার গ্রামীণ অর্থনীতি যেটা আছে তারই পরিপ্রেক্ষিতে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। আমি বলেছি আমরা এটা রাশিয়া বা আমেরিকা থেকে ধার করে আনিনি। কেউ আমাদের দেখাতে পারবেন না যে, আমরা আমেরিকা বা রাশিয়ার আইন থেকে নিয়েছি।

[2-50—3-00 p.m.]

এটা কেউ দেখাতে পারবেন না যে আমরা রাশিয়ার থেকে এক্সপেরিমেন্ট হিসাবে নিয়েছি। কেননা রাশিয়া কালেকটিভাইজেশন নিয়ে কোন এক্সপেরিমেন্ট করে না। তাদের সেখানে স্টেট ফার্ম আছে, কালেকটিভ ফার্ম তারা কখনো করে না। আইনের এমন কিছু নাই যে ওনারশিপ স্বত্ব বিলোপ হবে। তাদের স্বত্বাধিকার থাকবে, মালিকানা থাকবে, একথা আমি ক্যাটেগরিক্যালি বলছি। একজন বলেছেন আমরা নাকি রাশিয়ার দিকে যাচ্ছি, আর একজন বলেছেন, পুঁজিবাদের দিকে নাকি যাচ্ছি, এই দুই পথের কোনটাতেই আমরা যাচ্ছি না। আমাদের যে পথ সেটা আমাদের নিজস্ব পথ এমন কি এই পথ ভারতবর্ষের কোন প্রদেশে পর্যন্ত এটা গ্রহণ করা হয়নি। সর্বপ্রথম পশ্চিমবাংলায় এই পথ আমরা গ্রহণ করেছি। এটা একেবারে নিছক নিজস্ব পথ, এখানে আমরা কোন ধার করা জিনিষ নিইনি বা আপনাদের কাছে তুলে ধরিনি।

আজকে কেন এই সি. এ. ডি. পি করছি, এর পেছনের কারণ আপনাদের জানা দরকার। সি. এ. ডি. পি ভাল জিনিষ কিন্তু পেছনের জিনিষ যদি আপনি জানতে না পারেন, তাহলে আমাদের ভুল বুঝা হবে। বর্তমানে গ্রামবাংলার অবস্থাটা কি? আমি আপনাদের সঙ্গে, আপনাদের বক্তৃতার সঙ্গে, সকলের সঙ্গে একমত যে গ্রামবাংলার এখন ভয়াবহ অবস্থা। গ্রামবাংলার অর্থনীতি দুর্বল আছে, দেশের অর্থনীতি দুর্বল আছে, সত্যিকারের ভারতবর্ষের গ্রামবাংলায় আছে এবং পশ্চিমবাংলার গ্রামবাংলায় আছে। আজকে কলকাতার বিরাট অট্টালিকা বা দুর্গাপুরের বিরাট বিরাট কারখানা দেখে বিচার করলে ভুল হবে। বর্তমানে গ্রামবাংলায় সামাজিক অবস্থা, অর্থনৈতিক অবস্থার দিকে লক্ষ্য রাখতে হবে। সেখানে সামাজিক এবং আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে এই বিল নিয়ে এসেছি। সেখানে সামাজিক অবস্থা কি? অর্থনৈতিক অবস্থা কি? আজকে আমরা দেখছি যে ভারতবর্ষে ২২ কোটি লোক, তার প্রায় ৪০ পার সেন্ট সেন্সাস থেকে দেখাচ্ছে যে দারিদ্র্য সীমার নীচে। হোমের প্রাক আমাদের পশ্চিমবাংলার ক্ষেত্রে ৭০ পারসেন্ট লোক দারিদ্র্য সীমার নীচে। ভারতবর্ষের অবস্থা যা, তার চেয়ে পশ্চিমবাংলার অবস্থা আরও ভয়াবহ।

১৯৬১ সালের আদমসুমারিতে দেখা যায়—প্রতি দশজন ভূমির মালিক তার সঙ্গে ৪ জন ভূমিহীন ছিলেন। আর ১৯৭১ সালের আদমসুমারীতে দেখা যাচ্ছে প্রতি ১০ জন ভূমির মালিকের সঙ্গে ৮ জন ভূমিহীন রয়েছে। অর্থাৎ ভূমিহীনের সংখ্যা বেড়ে গেছে। এই যে প্রায় 44 পার্সেন্ট ভূমিহীন, ১০ বছরে ভূমিহীন চাষীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪.৮ লক্ষ। অর্থাৎ যে সমাজ ব্যবস্থা বর্তমানে আছে, সেই সমাজ ব্যবস্থায় গ্রামের একটা ভয়াবহ ছবি আদমসুমারীতে পাওয়া যায়। সেই ছবিতে আমরা দেখতে পাচ্ছি ১০ বছর আগে যে ভূমিহীনের সংখ্যা ছিল। সেইসংখ্যা ১০ বছর পরে বেড়ে দাঁড়ালো ১৪.৮ লক্ষে। আর এর উপর যারা ভাগচাষী, ছোট মালিক সেই চাষীর সংখ্যা কমেছে ৪.৬ লক্ষ। এই হচ্ছে একদিকের অবস্থা। আর একদিকে পশ্চিমবাংলার বেকার সমস্যা — সেটাও ভয়াবহ।

সেখানে প্রায় ২৮ লক্ষ লোক বেকার। আর গ্রামের যে চাষী, আমি কাশীবাবুর সঙ্গে একমত—তারা শতকরা ৮০ ভাগ লোক ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী। আর বাকি ২০ ভাগ যে চাষী আছে, তারা বেশীরভাগই জমির মালিক। এই অবস্থা। আমাদের দেশের এই বিরাট দারিদ্র্য—মাথার উপর জগদ্দল পাথরের মত চেপে আছে। এই জিনিষ, কিন্তু এই সঙ্গে একটা জিনিষ বলবো—, আমরা কৃষির দিক থেকে দেখতে পাচ্ছি—১৯৫০-৫১ সালে আমাদের পশ্চিমবাংলায় যা উৎপাদন হয়েছে, ১৯৭১ সালে উৎপাদন তার ডবল হয়েছে। আমি একটা ইংরেজী জার্নালে দেখতে পাচ্ছি—গোটা ভারতবর্ষে যদি দেখা যায়, তাহলে সেখানে দেখা যাবে—

"So far, Rs. 7,000 crores have been spent on agriculture and allied heads under various plans. As a result of this outlay, our agricultural output has increased by 80 per cent. and the foodgrains output has nearly doubled. But the poor in rural India have remained almost untouched by this growth of Indian agriculture. For it is the rich farmers who got most of the benefits of the plan outlay and effort." ..not the poor Agriculturist.

দেখা যাচ্ছে ডবল আউটপুট হয়েছে।

So, the problem with which we started our journey in 1947 still remain largely in salved.

সেই সমস্যার সমাধান এখনো হয়নি।

এরপর ও The Challenge of World Poverty. (Pelican)

সেখানে বলা আছে—

"During recent years, we have all re-discovered that India is still poor and that our poverty is mainly concentrated among agricultural labourers. According to the latest census, there were some 473 lakhs of them in 1971. Thus the number of agricultural labourers was about 10 times the 49 lakhs of industrial workers employed in 77,000 factories of the country (1970), built up over a century of industrial development. Now, there is no practicable means of transferring at sizable of agricultural labourers or that of even all the new entrants to their ranks, to non-agricultural jobs. So, it follows that Indian agriculture would have to be developed in such a manner as to provide more productive and more remunerative employment to these agricultural labourers. Thus, the whole question of reducing the poverty of the poorests by providing gainful and more remunerative employment to them is closely tied up with devising and implementing an appropriate scheme of agricultural development."

এই পটভূমিকা পেছনে রেখে আপনারা চিন্তা করুন। এই যে স্কীম নেওয়া হয়েছে, এই স্কীম হচ্ছে সেই স্কীম যার দ্বারা দারিদ্র্য দূরীকরণ সম্ভব হবে।

[3-00 -3-10 p.m.]

আজকে এই যে স্কীম আপনাদের সামনে এসেছে। আপনারা সকলেই জানেন কি কৃষিক্ষেত্রে কি শিল্পক্ষেত্রে একটা যুগান্তকারী আবিষ্কার হয়েছে। আজকে বিজ্ঞানের ধার দিয়েও অনেক উন্নতি হয়েছে। কৃষির মধ্যে যে বিজ্ঞান যে ভাবে বিপ্লব এনে দিয়েছে সে বিপ্লবের সুবিধা কারা কারা নিচ্ছে। গ্রামের শতকরা ৮০ পারসেণ্ট চাষী তারা সে সুযোগ নিতে পারেনি। গ্রামের বড় বড় চাষীরা তারাই সে সুযোগ সুবিধা নিয়েছে। তাই সেখানে ভাল বীজ বলুন, ফার্টিলাইজার বলুন ইত্যাদি যা কিছু বলুন উচ্চ ফলনশীল বীজ থেকে আরম্ভ করে—যা আমাদের প্রোডাকসানের জন্য দরকার সব কিছু তারা গ্রহণ করেছে। প্রশ্ন জাগে ছোট চাষী, মাঝারি চাষী ও প্রান্তিক চাষী তারা এই বিজ্ঞানের সুযোগ সুবিধা পায় না। এখানেই জিজ্ঞাসার চিহ্ন। বিজ্ঞান যা আমাদের সামনে এত সম্ভবনা এনেছে সেটাকে যদি আমরা ব্যবহার করতে না পারি দেশের শুধু কৃষি বিপ্লব নয় শিল্প বিপ্লব এক সঙ্গে গড়ে উঠবে। এই কৃষি ও শিল্প বিপ্লবের যে সম্ভবনা এনে দিয়েছে বিজ্ঞানের সুবিধা তা

কি কেবল বড়লোক, যাদের অর্থ আছে তারাই কি এর সুযোগ সুবিধা গ্রহণ করবে না সে সুযোগ সুবিধা মাথার ঘাম পায়ে ফেলে মাঠে যারা ফসল করছে, যারা দিনের পর দিন কাজ করে মাত্র ১ টাকা কি ২ টাকায় মজুরী পায় তারা পাবে না? এইভাবে তারা বীজ পায় না। আজকে আমাদের ছোট চাষীদের মহাজনের কবলে পড়তে হয় তার ফলে সর্বস্ব হারায়। তারা পায় না কিছু। এখানে জিজ্ঞাসার চিহ্ন। আজকে সেই যে ছোট প্রান্তিক চাষী যারা বিজ্ঞানের এত সম্ভবনাকে কখনও কাজে লাগাতে পারে না। যারা এখনও দরিদ্রতার কারণে এই সব গ্রহণ করতে পারে না। আজকে আমার মনে হয় আমার এই বিশ্বাস যে সি, এ, ডি পি, বিল তাদের সে সম্ভবনাকে স্বার্থক করবে। তার জন্য আমরা এই বিল দেশের লোকের সামনে হাজির করেছি। আপনারা জানেন যে ব্যাঙ্কে যে টাকা দেয় তা গ্রামের মানুষেরা দেয়। সেখানে গরীব বড়লোকেরা দেয়। সেই ৯০ পারসেন্ট মানি অফ দি ব্যাঙ্ক কারা জমা দেয় আপনি তা খোঁজ নিন। যদিও আমাদের ব্যাঙ্ক ন্যাশানালাইজ হয়েছে কিন্তু সেখানে ৯০ পারসেন্ট লগ্নী হতে পারছে না। কৃষি কাজে লগ্নী হতে পাচ্ছে না কেননা সেই সব চাষীরা যারা এই সব নেবে তাদের জামা নেই কাপড় নেই তারা ছেঁড়া কাপড় জামা পরে থাকে। তাদের পক্ষে ব্যাঙ্কে গিয়ে টাকা নেওয়া সম্ভব নয়। তাদের পক্ষে সেই বাজ কেনা সম্ভব হচ্ছে না। আমাদের দেশে শতকরা ৮০ জন চাষী চাষের কাজে নিয়োজিত। আমাদের ব্যাঙ্ক-এর এরূপ নিয়ম যে তারা তার দরজায় যেতে পারে না। অথচ সেখানে বিরাট সম্ভবনা রয়েছে। ব্যাঙ্ক ও সেখানে টাকা লগ্নী করতে চায়। ব্যাঙ্ক লগ্নী করতে চাইলেও ব্যাঙ্ক চায় যে সে যে টাকা দিচ্ছে সে টাকা ফেরত সে পাবে কিনা। এইজন্য ব্যাঙ্ক টাকা দিতে পারে না। সেই ব্যাঙ্ক-এর টাকা নিয়ে আমরা ছোট চাষীকে, প্রান্তিক চাষীকে, ক্ষেতমজুরকে ও মাঝারি চাষীকে যারা নাকি মহাজনের কবলে পড়ে হাবুডুবু খাচ্ছে, যারা ঋণের দায়ে জর্জরিত আজকে সেই সব মানুষের হাতে আমরা চাষের যে উন্নত পদ্ধতি অবলম্বন করছি তাতে তারা পেতে পারবে। আমরা যে প্রোডাকসানের কথা বলেছি তা তারা পেতে পারবে—সে প্রোডাকসান আমাদের হতে পারে, সেখানে ৪।৫ গুণ পর্যান্ত পেতে পারা যাবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে প্রশ্ন হচ্ছে সারের কথা। সারের অবস্থা এখনকার দেখে আপনারা ভাববেন না। বেলডাঙ্গা যার কথা বলছেন সে বেলডাঙ্গায় সারের অভাব নেই। সারের অভাব অন্য জায়গায় আছে। আপনারা জানেন যে পকেটে পয়সা আছে যার সে স্মাগলিং করে নিতে পারে। যা হোক বেলডাঙ্গায় কিন্তু চাষীরা বলে না যে চাষের অভাব আছে। বেলডাঙ্গায় চৌমাথায় বসে সার বিক্রি হয়। সেখানে সার পাওয়া যায়। আজকে সারের কথা বলে সব জিনিস কেয়াস করে লাভ নেই। সারের কথা আমি পরে বলছি। আমরা আজকে এই সম্ভবনাকে নিয়ে এগিয়ে যাচ্ছি। আমরা আমেরিকার কাছ থেকে ধার করে নিয়ে আসি নি বা রাশিয়ার কাছ থেকে ধার করে নিয়ে আসি নি।

যারা আজকে আমেরিকা বা রাশিয়া থেকে দুটো জিনিষ তুলে আগাগোড়া ধরছেন আমার মনে হয় তারা ভুল পথে চলছেন। আমরা গ্রামের দিকের অর্থনৈতিক বেস তৈরী করছি। গ্রামের সামাজিক, অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে এটা করেছি। আজকে সামাজিক অর্থনৈতিক পরিবেশে কি জিনিষ হতে পারে সেইটা তুলে ধরা হয়েছে। আমার সি, পি, আই, বন্ধুরা কিছু এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন। আমি সে সম্পর্কে দেখাবো এই যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন তার দ্বারা চেহারা বেশি কিছু পালটাবে না। আপনারা এ্যামেণ্ডমেন্ট আনলেন এবং বললেন এটা নিলে সি, এ, ডি, পি, সমর্থন করছি। এই যে কণ্ডিসনাল সমর্থন এটা বুঝতে পারছি না। পরিষ্কার ভাষায় বলবেন এটা গ্রহণযোগ্য নয়। একবার বলছেন এইটুকু যদি বদলে এই কয়েকটা সেকসান দেওয়া যায় তাহলে এটা গ্রহণযোগ্য, না করলে নয়। আবার বিশ্বনাথবাবু বলছেন সি, এ, ডি, পি, সম্পর্কে সাত্তার সাহেব এমন বক্তৃতা করলেন মনে হচ্ছে যেন এমন একদিন আসছে যে মধুর গংগা বয়ে যাবে সেখানে আমি আর বিশ্বনাথবাবু সাঁতার কাটবো, আর কোকিল নাকি গান করবে। কবির ভাষায় অনেক কিছু তিনি বলে গেলেন। তাঁর ভাষায় অনেক কিছু তিনি বলে গিয়েছেন কিন্তু তিনি কি চান সেকথা বুঝতে পারলাম না। তিনি বলেছেন, আমরা [illegible] নিতে পারি যদি আমাদের কয়েকটা এ্যামেণ্ডমেন্ট নেওয়া হয়। বা বা, [illegible] নিতে পারি মানে কি। আজকে যে

সম্ভাবনা দেখা দিয়েছে গরীব, মধ্যবিত্ত, ক্ষুদ্র চাষীদের সি. এ. ডি. পির মাধ্যমে তাতে আপনাদের প্রথমেই উচিত ছিল যখন আপনারা নিজেদের মারক্সিট হিসাবে পরিচয় দেন গরীব চাষীদের দিকে তাকিয়ে, তারা যখন আজকে মহাজনের নিকট লাঞ্ছিত হচ্ছে, তারা যখন সর্বস্ব হারিয়েছে, আজকে এটা সমর্থন করা। জানি না আপনি জানেন কিনা আজকে একটা গরীব বা মাঝারী চাষী টাকা ধার করে মহাজনের কাছ থেকে এবং একশো টাকা নেয় ধার হিসাবে আর দলিলে লিখতে হয় দুশো বা তিনশো টাকা। আজকে তার অল্প সুদের টাকা পাবার উপায় নেই। আজকে সি. এ. ডি. পির কাছ থেকে সে সাহায্য পাবে কিনা? এই সি. এ. ডি. পি. মহাজনের কবল থেকে, তাদের অত্যাচারের কবল থেকে তাকে বাঁচাবে, উদ্ধার করবে। শুধু তাই নয়, আজকে যদি বিলটা পড়ে থাকেন তাহলে দেখবেন আজকে এটাও সম্ভাবনা দেখা দিয়েছে যে সমস্ত লোন ১৯৪০ সালের পর থেকে চাষীরা ওই এগ্রিমেন্ট করেছে সেটা আমরা ডেট সেটেলমেন্ট যেটা আইন আছে যেটাকে বলে বেঙ্গল এগ্রিকালচারাল ডেট এ্যাক্ট, ১৯৩৬ সে অনুসারে ডেট সেটেলমেন্ট বসিয়ে তা আমরা করবো। আমার মনে হয় ১৯৩৬ সালের আইনের জন্যই ফজলুল হক সাহেব একদিন চাষীর বন্ধু হিসাবে সকলের মনে স্থান করে নিয়েছিলেন। তাঁকে এখনও ভুলতে পারেনি চাষী, তার কারণ ১৯৩৬ সালের বেঙ্গল এগ্রিকালচারাল ডেটরস এ্যাক্ট। তার জন্য সকলে ভুলতে পারে নি। সেই এ্যাক্ট চালু আছে, কিন্তু সেই এ্যাক্ট অনুসারে এখন আমাদের বোর্ড নেই। এ্যাক্ট চালু আছে,

but there is no board for the settlement of the debts.

আজকেও সেই এ্যাক্ট চালু আছে, সেই এ্যাক্টে বলা আছে ১৯৪০ সালের আগে পর্যন্ত যে সমস্ত ডেট হয়েছে সেটা আইনে আছে। সেইজন্য বলছি —

In each notified area there shall be one or more Debt Settlement Boards to be established under sub-section (1) of section 3 of the Bengal Agricultural Debtors Act, 1936, which shall settle all outstanding debts in accordance with the provisions of the said Act notwithstanding that any such debt had been incurred after the 1st day of January, 1940.

কমিউনিটি ডেভলাপমেন্ট কেন ফেল করলো সেটা আপনি জানেন। সেকসান ২২তে বলা আছে কোন ডেট ১০ বছরেও দিতে পারে।

[3-10 3-30 p.m.]

সেকসান ২২ সেখানে ডেট সেটেলমেন্ট বলা আছে। কিন্তু ডেট ১৫ বছর পর্যন্ত দিতে পারে। যদি দেখা যায় ১৫ বছরেও দিতে পারেনি, অর্থাৎ তার এমন টাকা হচ্ছে না যাতে সে শোধ করতে পারে তখন তাকে ইনডেভমেন্ট ডিক্লেয়ার করতে পারি এবং ২০ বছরের পর্যন্ত দেওয়ার কথা বলা আছে। আমার মনে হয় এরা ঋণগ্রস্ত চাষী, অথচ আপনারা এদের সম্বন্ধে একটু কিছুও বললেন না। আমি আশা করেছিলাম এত বড় একটা রেভলিউ-সনারি জিনিষকে আপনারা সমর্থন করবেন। একটা ডেট সেটেলমেন্ট বোর্ড আছে, যেখানে চাষীদের ঋণের দায় হতে মুক্তি দেওয়া হবে। কই সে সম্বন্ধে তো একটি কথাও বললেন না যে এটা একটা রেভলিউসনারি জিনিষ এটাকে সমর্থন করা উচিত। এই জিনিষ, এই আইন আগে আমরা কখন নিয়ে আসিনি, সর্বপ্রথম এই আইন নিয়ে এসেছি, অথচ আপনারা সেখানে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন। এই এ্যামেণ্ডমেন্টগুলির কোন ইমপর্ট্যান্স আছে কিনা সেটা দেখতে হবে। আমার মনে হয় নেই। আপনারা ইলেকসানে কোন জিনিষ জানবেন না। তিমির ভাদুড়ী মহাশয় বলেছেন আমি মার্কসিস্ট। এখন কথা হচ্ছে ইলেকসান করলে ছোট চাষী, মাঝারী চাষী, প্রান্তিক চাষীরা জীবনেও কিন্তু এই এ্যাডভাইসারি বোর্ডে আসতে পারবে না।

শ্রীতিমির বরণ ভাদুড়ী ঃ ইলেকসানের ব্যবস্থা করছেন না কেন?)

ইলেকসান করলে ঐ বড় চাষী, অবস্থাপন্ন চাষীরাই, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত-এর ভোটে চলে আসবেন। ইলেকসান করলে দেখা যাবে তিমির ভাদুড়ী মহাশয়ও যেতে পারবেন না। আজকে দেখছি তিমির ভাদুড়ী ইলেকসান নিয়ে ব্যস্ত হয়ে পড়েছেন। আপনি জানেন আমাদের যে সমস্ত প্রোজেক্ট আছে তার জন্য সাইনটিস্টস, টেক্‌নোলজিস্টস ইত্যাদি দরকার হবে। তবে এই কথা ঠিক উইদআউট দি পার্টিসিপেসান অব দি পিপল কিছুই সম্ভবপর নয়। আপনি বলেছেন ইলেকসান করলে পার্টিসিপেসান হয়ে যাবে। অনেক ইলেকসান করেছি—কিন্তু আপনারা কি বিশ্বাস করেন এই জিনিষের সমস্যার সমাধান হবে ইলেকসানে? কিন্তু তবুও আমরা ক্যাটিগোরি রেখেছি যে এই এই ক্যাটিগোরির লোক আসবে। আপনারা কি মনে করেন ইলেকসান করলে এই লোক আসতে পারবে? একটিও আসতে পারবে না। কেন পারবে না, সেটা আপনারা নিশ্চয় জানেন। আমাদের যা সামাজিক অবস্থা তাতে তারা আসতে পারবে না।

(শ্রীতিমিরবরণ ভাদুড়ী সেফগার্ডের ব্যবস্থা কোথায়?))

যেটা আমরা এনেছি সেটাই হচ্ছে সব চেয়ে বড় সেফগার্ড। দিস ইজ দি সেফগার্ড। একদিকে আমাদের দরিদ্র কৃষক, অন্য দিকে উপরতলার অবস্থাপন্ন জোতদার—চাষের এর মাঝে আধুনিকীকরণের কথা বলেছেন। এই বিষয়ে কোন সন্দেহ নেই যে কৃষি আধুনিকীকরণ কিম্বা শিল্প যেটা রয়েছে এর সবই সেই সব ছোট চাষীদের দিতে হবে। কাজেই একটা বিরাট সম্ভাবনা এসেছে। এত বড় বড় শিল্প করেছি, ভারি শিল্প করেছি, কিন্তু দেখা গেল এগ্রিকালচারের উপর আমরা তেমন নজর দিতে পারি নি। ইস্পাতের প্রোডাকসান খুব বেড়েছে, ইণ্ডাস্ট্রির দিকে কি খুব এগিয়ে গেছি? তা যেতে পারি নি। কাজেই এগ্রিকালচার অর্থাৎ কৃষি বিপ্লবই বলুন, আর ইণ্ডাস্ট্রি বিপ্লবই বলুন, এই দুটো বিপ্লবকে এক সংগে নিয়ে যেতে হবে। দুটিই হচ্ছে একটির পরিপুরক। কাজেই কৃষির উন্নতি যদি করতে হয় তাহলে শিল্পের উন্নতির প্রয়োজন আছে, আর শিল্পের উন্নতি যদি করতে হয় তাহলে কৃষির উন্নতি প্রয়োজন আছে। কাজেই কৃষির উন্নতি যদি না করতে পারি তাহলে শিল্প ভেঙ্গে পড়তে বাধ্য হবে। তাই কৃষির উন্নতি করতে গেলে আজকে ফার্টিলাইজার, পেসটিসাইডস, পাম্প, পাইপ্‌স, পাওয়ার ইত্যাদি দরকার হবে এবং তার ফলে এই সমস্ত জিনিষের ইণ্ডাস্ট্রি গড়ে উঠবে। এখন এগুলি যদি করতে হয় তাহলে অটোমেটিক্যালি শিল্প গড়ে উঠবে। কাজেই কৃষি এবং শিল্প এই দুটি জিনিষে আজকে আমাদের এগিয়ে যাবার সম্ভাবনা এসেছে! আর এই দুটি জিনিষে যদি আমরা এগিয়ে যাই তাহলে নিশ্চয় সমস্যা সমাধানের পথে এগিয়ে যাব সে বিষয়ে কোন সন্দেহ নেই। করপোরেশন করলেও আমাদের সামনে যে কি বিরাট সমস্যা—আমি বলছি না যে এই সি, এ, ডি, পি, করার সংগে সংগে আমাদের সামাজিক অবস্থার পরিবর্তন এসে যাবে। আমাদের ১ কোটি ৩৭ লক্ষ একরের মধ্যে আমরা যে প্রোগ্রাম নিয়েছি তাতেও দেখবেন অনেক জমি পড়ে থাকছে।

অনেক জমি পড়ে থাকছে—বিরাট এলাকা পড়ে থাকছে। এখন এই ভাবে যদি আমরা এক একটা সিলেক্টেড এরিয়া নিয়ে অগ্রসর হতে পারি—সংশয় যা প্রকাশ করেছেন সে জিনিষ নিশ্চয় আছে, সেটাও দেখতে হবে। এখানে দেখতে হবে সেখানে সেচের ব্যবস্থা করতে পারবো কিনা, ফার্টিলাইজারের ব্যবস্থা করতে পারবো কিনা, বিদ্যুৎ দিতে পারবো কিনা, পেস্টিসাইডস দিতে পারবো কিনা ইত্যাদি। তা ছাড়া এ ব্যাপারে সেখানকার লোকেদেরও উদ্বুদ্ধ করতে হবে এই বলে যে এটা তাদের উপকারের জন্যই হচ্ছে। আজকে এই সমস্ত জিনিষগুলো চিন্তা করেই আমাদের অগ্রসর হতে হবে এবং এগুলি আমরা চিন্তা করছি। আজকে সারের অভাব দেখা দিয়েছে এবং সেইজন্য আতংকের সৃষ্টি হয়েছে। আপনারা জানেন, সারের অভাবের জন্য আমরা কোল-বেস ফার্টিলাইজার—গভর্ণমেন্ট অব

ইণ্ডিয়া একটা উড়িষ্যাতে, দুটো মধ্যপ্রদেশে এবং এখানে একটা করা যায় কিনা চিন্তা করছেন। তা ছাড়া এক একটা এরিয়াতে যদি আপনারা দেখেন তাহলে দেখতে পাবেন আমরা কমপোস্ট সার কি ভাবে নষ্ট করে ফেলছি। টাউনের গার্বেজ যদি আমরা ব্যবহার করি এবং তার সংগে যদি আমরা ফার্টিলাইজার দিই তাহলে দেখা যাবে আমাদের অনেক সমস্যার সমাধান হবে। কিন্তু সেগুলি আমরা কখনও লক্ষ্য করি না। আজকে ধাপা মাঠের ময়লা নিয়ে এগ্রো ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন চিন্তা করছেন যে কি করে এটাকে কমপোস্ট সারে পরিণত করে ডিস্ট্রিবিউট করা যায়। কাজেই যেহেতু সারের অভাব আছে সে হেতু আমরা কিছু করবো না, বাড়ীতে বসে থাকবো, কোন পরিকল্পনা বা স্কীম নেব না এই ভাবে যদি ভাবা যায় তাহলে দেশ কোনদিন এগিয়ে যেতে পারে না। আমরা যখন স্কীম নিচ্ছি তখন এই স্কীমের সংগে সংগে তার এ্যানসিলারী যে কতকগুলি ইণ্ডাস্ট্রিজ করা দরকার সেগুলি না করলে আমাদের এই স্কীম সাকসেসফুল হবে না। আমরা যদি কেবল সি, এ, ডি, পি, করে দিয়ে বা তার স্ট্রাকচার রেখে দিয়ে সরে আসি তাহলে কখনও সাকসেসফুল হতে পারবো না। তা ছাড়া স্যার, এই প্রসংগে আর একটা কথা মাননীয় তিমিরবাবু ও অন্যান্য সদস্যদের বলব। আমি অন্ততঃ ১০।১২-টা সি, এ, ডি, পি, এরিয়াতে গিয়েছি এবং সেখানে দেখেছি ছোট এবং মাঝারি কৃষকরা আমাদের সংগে সহযোগিতা করবার জন্য এগিয়ে এসেছেন। বাধা সেখানে নিশ্চয় আছে এবং সে বাধা দিচ্ছে বড় চাষারা। একটা এরিয়াতে আমরা সেখানকার স্থানীয় ছেলেদের ভলেনটিয়ার হিসাবে লাগিয়েছিলাম এবং তারা সেখানে ভলেনটারী সার্ভিস দিচ্ছেন। তারা বাড়ী বাড়ী গিয়েছেন এবং সোসিও ইকনমিক সার্ভে করেছেন। তারপর হয়ত দেখা গেল মোট জমির ৫০ পারসেন্ট জমির মালিককে হয়ত খুঁজে পাওয়া যাচ্ছে না। আমরা বললাম তাদের তো খুঁজে বার করতে হবে। হয়ত এমন হতে পারে কিছু বড় চাষী জমির কথা বলেনি আর না হয় কিছু লোক ঐ এরিয়ার বাইরে থাকে, এই ভাবে হয়ত পাওয়া যাচ্ছে না। স্যার, আমরা ল্যাণ্ড রিফরমস করেছি, অনেক কিছু করেছি কিন্তু বিরাট একটা কিছু নিয়ে আমরা পারসিউ করতে পারি নি। ঐ এরিয়াতে ঐ যে ৫০ পারসেন্ট জমি কার সেটা নিশ্চয় বেরিয়ে যাবে, ছেলেরা চেষ্টা করছে। সেখানকার জে, এল, আর, ওকে বসিয়ে, তহশীলদারকে বসিয়ে তারা সে চেষ্টা করছে। আজকে কোন ইকনমিক সার্ভে দেখাতেই হবে না, আমরা যে ভূমি সংস্কার-এর কথা বলছি নিরূপমবাবু বলেছেন, যা করা হয়েছে সেগুলিকে রূপ দেবার জন্য আমাদের দরকার আছে, আমাদের করতে হবে। আমার মনে হয় এই এরিয়াতে ভূমি সংস্কার অর্থাৎ ল্যাণ্ড রিফরমস এ্যাকটে জোতদারের সংগে সম্পর্ক কিম্বা যারা জমি লুকিয়ে রেখেছে সে সব জিনিস আস্তে আস্তে বেরিয়ে পড়বে।

[3-20 3-30 p.m.]

কারণ প্রত্যেকটি লোককে প্রত্যেকটি বাড়ীতে যেতে হবে এবং প্রতিটি বাড়ীতে যদি যাওয়া যায় তাহলে দেখা যাবে এটা কার ল্যাণ্ড। এই বিল ভূমি সংস্কার আইনকে এগিয়ে নিয়ে যাবে এবং সেদিক থেকে মনে হয় এই বিল একটা বিপ্লব। এটা শুধু কৃষি বিপ্লব নয়, এটা একটা সামাজিক বিপ্লব এবং এটা সমাজের মধ্যে একটা গ্যারান্টী নিয়ে আসবে। আপনারা যাঁরা কলেকটিভাইজেসন বলছেন সেটা ঠিক নয় এবং যদি কেউ বলেন এটা আমেরিকার দিকে যাবে সেটাও ঠিক নয়। বিদ্যুতের কথা যেটা বলেছেন তাতে আপনারা জানেন বিদ্যুতের যে অবস্থা চলছে এটা যে চিরদিন থাকবে তা নয়। আমাদের গ্রামের দিকে বিদ্যুৎ কম গেছে এটা ঠিক এবং সেইজন্যই আমরা যে জায়গায় বিদ্যুৎ পাওয়া যাবে সেই জায়গা বেছে নিয়েছি। আমাদের একটা সি, এ, ডি, পি, এরিয়াতে দুই থেকে আড়াই মেগওয়াট বিদ্যুৎ লাগবে সেচ ইত্যাদির ব্যাপারে এবং সেই কারণে যেখানে আমাদের বিদ্যুৎ আছে সেখানেই আমরা গেছি। আজকে স্ট্রাইক হোক বা যে কোন কারণেই হোক আমাদের ঘাটতি দেখা দিয়েছে। আমি বলতে পারি এই অবস্থা চিরদিন থাকবে না কাজেই আমরা কাজে এগুবো না এটা ঠিক কথা নয়। বীজের কথা এখানে বলা হয়েছে। গত বছর গমের বীজ আমরা সাপ্লাই করতে পারিনি কারণ গম টেকওভার করবার ফলে ক্লিয়ারেন্সের ব্যাপার নিয়ে অসুবিধা দেখা দিয়েছিল যার জন্য এটা করা যায়নি। এই যে এক একটা স্কীম করা হয়েছে, প্রোজেক্ট রিপোর্ট করা হয়েছে তাতে প্রত্যেকটি জিনিষ

আমরা দেখে শুনে এগিয়ে যাচ্ছি। আজকে ক্ষেতমজুরদের সম্বন্ধে একটা এ্যামেণ্ডমেন্ট এনেছেন। আমি দার্জিলিং-এ বলেছিলাম মিনিমাম ওয়েজেস্ এ্যাক্ট অনুসারে যে মজুরী ধার্য আছে তার নীচে হবে না। শুধু তাই নয়, যদি দরকার হয় তাহলে এ্যাডভাইসরি বোর্ড বর্তমান বাজারদরের কথা চিন্তা করে গভর্ণমেণ্টের কাছে রিকমেণ্ড করতে পারেন ফর এ্যামেণ্ডমেন্ট অব দি মিনিমাম ওয়েজেস্ এ্যাক্ট। যতক্ষণ পর্যন্ত মিনিমাম ওয়েজেস্ এ্যাক্ট আছে ততক্ষণ পর্যন্ত আমরা কিছু করতে পারি না কারণ লেবার ডিপার্টমেন্ট এটা করেছে। তবে লেবার ডিপার্টমেন্ট যদি ৭ টাকা করেন বা ৮ টাকা করেন তাহলে সেটা তারা পাবে। তারপর শেয়ার-এর ব্যাপারে ৫০।৫০ ভাগ এখনও গ্রামে চালু আছে। ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টে যদি সেটাকে ৭৫।২৫-এ রূপ দিতে হয় তাহলে সেটা করা যাবে। কাজেই জমির মালিকদের আশংকার কারণ নেই। আগে ৫ কুইন্টাল ধান হলে একজন লোক আড়াই কুইন্টল পেত।

Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Parui, Shri Mohini Mohon.
Pramanik, Shri Monoranjan.

NOES 48—*concld.*

Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Shamsuddin Ahmed, Shri.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

AYES—12

Ali Ansar, Shri.
Basu, Shri Ajit Kumar (Singur).
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharyya, Shri Harasankar.
Chakrabarti, Shri Biswanath.
Ghosal, Shri Satya.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Panda, Shri Bhupal Chandra.
Roy, Shri Aswini Kumar.
Shish Mohammad, Shri.
Sinha, Shri Nirmal Krishna.

The Ayes being 12 and the Noes 48, the motions were lost.

The question that clause 27 do stand part of the Bill, was then put and agreed to.

Fifteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Fifteenth Report of the Business Advisory Committee, which at its meeting held on the 26th April, 1974 in my chamber considered the question of allocation of dates and time for the disposal of the legislative business and recomended as follows :—

Thursday, 2nd May, 1974 (*i*) Notice under rule 194 regarding acute power crisis in West Bengal by Shri Mrigen Mukherjee, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyaya.—
2½ hours

(*ii*) Motion under rule 185 regarding improvement of the transport and communication arrangement in the State—by Shri Abdul Bari Biswas and others
2—hours

Friday, the 3rd May, 1974— (i) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974—Introduction, consideration and passing. —2 hours.

(ii) Howrah Municipal (Repealing) Bill, 1974—Introduction, consideration and passing.
1 hour.

Hon'ble Minister for Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Shish Mohammad : On a point of privilege, Sir,
আজকে রুল ১৯৪ অনুসারে পাওয়ার সম্বন্ধে ডিসকাসন হওয়ার কথা ছিল। আপনি তো মিঃ স্পীকার স্যার জানতেন এবং আমরাও জানতাম যে আজকে ডিসকাসন হবে।

Mr. Speaker : Mr. Shish Mohammad, perhaps you are aware that your party leader Shri A. H. Besterwitch has agreed in the Business Advisory Committee which recommended the programme.

Shri Shish Mohammad :
বেশ কিছুদিন থেকে বিদ্যুত সংকটটা দেখা দিয়েছে এবং বিশেষ করে কলকাতায় দেখা যাচ্ছে যে দিনের পর দিন ব্যবসা-ব্যাণিজ্য সমস্ত নষ্ট হতে বসেছে। কাজেই এত গুরুত্বপূর্ণ বিষয়ে একটা মুহূর্তও আলোচনা দেরী হওয়া উচিত নয় বলে মনে করি। এই সম্পর্কে হাউসের ওপিনিয়ান নেওয়া হক। আজকে এতে ডিভিসান ডাকা হক। আমরা এখনও পর্য্যন্ত কিছু জানি না তো। আমরা জানি যে আজকে ডিসকাসন হবে।

Mr. Speaker : But your party leader who is also a member of the Business Advisory Committee has agreed to this decision ; and you are now opposing your leader. I think, you have no confidence on your leader.

Shri Shish Mohammad :
আমাদের আলোচনা করার সুযোগ দেওয়া হচ্ছে না। আমরা আলোচনা করার জন্য প্রস্তুত হয়ে এসেছিলাম। আমরা এর প্রতিবাদ করে চলে যাব।

Mr. Speaker : That is why your Party leader is in the business Advisory Committee.

Shri Timir Baran Bhaduri :
আমরা এখনও জানি না পার্টি লীডার কি বলেছেন। এটা আজকে বাংলাদেশে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।

Mr. Speaker : I know that. But this is the decision of the Business Advisory Committee. The members have agreed to postpone this particular business upto the 2nd day of May, 1974. Your party leader also has accepted the position. Not only that. This proposal came from the representative of the C. P. I. Shrimati Ila Mitra who was present in the meeting. She proposed that the 2nd day of May should be fixed for discussion of this particular item and accordingly it was unanimously accepted by the Business Advisory Committee. There was no contradiction.

Shrimati Geeta Mukhopadhyaya :
আমি আপনার অনুমতি নিয়ে একটি কথা বলছি। এই বিদ্যুৎ-এর উপর আলোচনায় যেহেতু শ্রীমতী মিত্রের নাম বলেছেন বলে আমাকে প্রিভিলেজের জন্য একটু বলতে হচ্ছে। আমরা এটাকে খুব গুরুত্ব দিয়ে আলোচনা করতে চাই। এই সি,এ,ডি,পি, বিল নিয়ে আলোচনা করতে গিয়ে দেখলাম এখন সাড়ে ছয়টার বেশী বেজে গেছে, এর পরে যদি এই প্রস্তাবের উপর আলোচনা করতে যাওয়া হয় তাহলে যথাযথ গুরুত্ব আমরা দিতে পারব না। তিনি এখানে এখন নেই বলেই আমাকে বলতে হচ্ছে। যাই হোক তিনি এখন এসে পড়েছেন। ২৯ তারিখে করতে হলে কোশ্চেন এবং মেনসন বাদ দেবার কথা ওঠে এবং আমরা কোশ্চেন, মেনসন রোজ বাদ দিতে চাই না। তাই এই প্রস্তাব আর্লি য়েস্ট অপারচুনিটি আমরা চেয়েছি এবং যথাযথভাবে যাতে গুরুত্ব দেওয়া যায় সেদিকে লক্ষ্য রেখেই এটা করা হয়েছে। আমরা সত্যি সত্যিই খুশী হতাম এবং সবচেয়ে ভাল

হত যদি সি,এ,ডি,পি, বিলের আলোচনা আজকে না হয়ে ২৯ তারিখে হোত। যাইহোক যা ঘটবার সেটা তো ঘটে গেছে। সুতরাং আর্লিয়েণ্ট অপারচুনিটিতে যাতে আলোচনা হতে পারে সেই ভাবেই আমরা সবাই একমত হয়েছি। কিন্তু আমি একটি প্রিভিলেজের কথা তুলেছিলাম। সেটা হচ্ছে এই এখন পর্যন্ত আমরা বিদ্যুৎ মন্ত্রীর বিবৃতি পাইনি, যেটাও একটা অন্যতম কারণ। কারণ, সেই বিবৃতির উপর ভিত্তি করেই আমাদের আলোচনা করতে হবে। মন্ত্রীরা যদি পেয়ে থাকেন তাহলে সেটা আলাদা কথা, কিন্তু আমরা এ্যাসেম্বলীর মেম্বাররা এখন পর্যন্ত পাইনি।

Shri Siddhartha Shankar Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিদ্যুৎ সম্পর্কে বিতর্ক আমি এবং আমার দল আজকেই চেয়েছিলাম। কারণ, এটা অত্যন্ত জরুরী ব্যাপার এবং এটা চেয়েছিলাম এই জন্য যে জনসাধারণের প্রকৃত অবস্থাটা জানা দরকার এবং তারজন্য আমি ব্যবস্থা করেছিলাম যে যখন বিতর্ক হবে তখন সমস্ত কাজ ছেড়ে আমি যাতে এখানে উপস্থিত থাকতে পারি সেজন্য অনেক মাননীয় সদস্য আমার সঙ্গে দেখা করতে চেয়েছিলেন, আমি তাদের বলেছি আজকে দেখা করতে পারব না। তারপরে যখন শুনলাম যে এটা আজকে হচ্ছে না তখন আমি আশ্চর্য্য হয়ে গিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে নেই, তারজন্য আমি ব্যাপারটা কি সেটা জানতে চেয়েছিলাম। তারপরে শুনলাম আর, এস, পির নেতা বেণ্টারউইচ সাহেব বলেছেন দেরী হয়ে যাচ্ছিল বলে আজকে বিতর্ক না করে পরে করা হোক, ইলা মিত্র মহাশয়াও গুরুত্ব দিয়ে এই বিতর্ক না করে পরে হবে বলে তিনি বলেছিলেন আর একটি দিনে করা হোক। হাউস যদি চায় তাহলে আমি প্রস্তাব করব যে শনিবার আমরা বসি, কালকে এই বিতর্ক করি—এই প্রস্তাব করেছিলাম। কিন্তু দুঃখের কথা যে কোন কারণেই হোক রাজি হতে পারেনি। কালকে যদি অসুবিধা থাকে—আমার দলের থেকে কোন অসুবিধা নেই। কিন্তু যদি অন্য কোন দলের অসুবিধা থাকে—আমরা অসুবিধা করে বিতর্ক করতে চাই না। কারণ, সমস্ত দলের সভ্য যারা আছেন তাদের মতামত শোনা দরকার, জানা দরকার। তারজন্য কালকে যদি অসুবিধা হয়—আমাদের কংগ্রেস দলের তরফ থেকে আমি বলতে পারি এ্যাজ দি লিডার অব দি পার্টি যে আমাদের কোন অসুবিধা নেই আমরা আজকে এই বিতর্কের জন্য প্রস্তুত আছি।

Shrimati Ila Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শনিবারের যে কথা উঠেছে—সাধারণতঃ বাজেট সেসানের সময় ছাড়া শনিবার কোন আলোচনা হয় না, এটাই হচ্ছে সাধারণতঃ কনভেনসান। কিন্তু যে গুরুত্বের কথা মুখ্যমন্ত্রী মহাশয় বললেন এটাকে আমার খুব গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করি। কাজেই তিনি যখন বলছেন যে তাদের দলের কোন আপত্তি নেই, তখন আমি আমাদের দলের পক্ষ থেকে বলছি যে আমাদেরও কোন আপত্তি নেই। এই বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে বলছি আজকে যদি আলোচনা হয় বিদ্যুৎ সম্পর্কে সেটা হোক্।

Shri Timir Baran Bhaduri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বভাবতঃই প্রশ্ন এসে যায় এই কারণে যে আজকে বিজনেস এ্যাডভাইসারি কমিটির মিটিং হয়েছে—মুখ্যমন্ত্রীর দলের একজন সদস্য জ্ঞান সিং সোহনপাল ছিলেন এবং শ্রীমতী ইলা মিত্র সেখানে উপস্থিত ছিলেন এবং আমাদের দলের নেতা বেণ্টারউইচ সাহেব ছিলেন। সেখানে যদি শনিবারের আলোচনা না হয়ে থাকে তাহলে আজকে মুখ্যমন্ত্রী যেহেতু এখানে এসে বললেন সেহেতু আমাদের এ্যাকসেপট করতে হবে? তাহলে বিজনেস্ এ্যাডভাইসারি কমিটির যে গুরুত্বকে আপনারা অনুধাবন করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হয়ে যাচ্ছি—তাহলে এই প্রশ্ন থেকে যাচ্ছে যে এই আলোচনা ঠিক হবে কিনা—

[6-35—6-45 p.m.]

Shri Siddhartha Shankar Ray : The Business Advisory Committee is a committee of the House. The House can always change the recommendations of the Business Advisory Committee.

কালকে যদি তিমিরবাবুদের অসুবিধা হয় তাহলে আমার দল প্রস্তুত আছে আজকে রাত্রি ১২টা পর্য্যন্ত আলোচনা করতে।

Shri Timir Baran Bhaduri :
আমাদেরও কোন অসুবিধা নেই রাত্রি ১টা পর্য্যন্ত বসে আলোচনা করতে।

Shri Siddhartha Shankar Ray :
তাহলে আজকেই হোক যদি গীতাদিরা রাজী থাকেন। কারণ গীতাদি বলেছেন, পাওয়ার মিনিষ্টারের জবাবের ব্যাপারে। তাই আমি গীতাদিকে অনুরোধ করবো, আসুন আজকেই বিতর্কটা করি। আর এই সঙ্গে আরো বলব সি, এ, ডি, পি, বিল নিয়ে এত ডিভিসান ডাকবেন না, কারণ এত বিদ্যুৎ খরচ করে কি লাভ? ওটা যা হয় হোক, আসুন আমরা সত্যি সত্যি যেটা দরকার সেই বিদ্যুৎ সংক্রান্ত ব্যাপারে আলোচনা করি।

Shrimati Ila Mitra :
আমাদেরও কোন আপত্তি নেই, আজকেই আলোচনা হোক।

Mr. Speaker :
আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে যখন বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে এ বিষয়ে আমরা আলোচনা করেছিলাম তখন বেণ্টারইউচ সাহেব এবং শ্রীমতী ইলা মিত্র দুজনেই বলেছিলেন যে, শনিবারে যেন কোন সিটিং না হয়। বাজেট সেসানে আমরা শনিবার করেছি। এখন এমন কোন এমারজেন্সী নেই যার জন্য শনিবারও বসতে হবে, সমস্ত সদস্যই আপত্তি করেছিলেন। তাঁরা বলেছিলেন, আমরা অলরেডি শনিবারে বিভিন্ন প্রোগাম নিয়ে নিয়েছি, বিভিন্ন লোক কনসটিটিউয়েন্সীতে যাবেন, কাজেই প্রোগাম লাষ্ট মোমেন্টে কাটেল করা সম্ভবপর নয়। এইজন্য তাঁরা শনিবার আলোচনা করতে আপত্তি জানিয়েছিলেন। তারপর, বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে ঠিক হয় আজকে যেন এ বিষয়ে আলোচনা না ওঠে, কারণ এই বিলের জন্য যেখানে তিন ঘন্টা সময় ঠিক করা হয়েছিল সেখানে আরো দু ঘন্টা সময় বাড়াবার জন্য মোশান আনা হল। এই বিলের উপর অনেক ডিভিসান কল করা হচ্ছে এবং প্রতিটি এ্যামেন্ডমেন্টের উপর ডিসকাসান হচ্ছে যার জন্য তিন ঘন্টার জায়গায় ৫ ঘন্টা লাগছে। এই অবস্থায় ৫ ঘন্টা বিলের ডিসকাসানের পর মেম্বাররা বললেন আর ঐ মোশানের উপর আলোচনা করলে এর আর কোন গুরুত্ব থাকবে না, আমরাও এগজসটেড। এই অবস্থায় আমরা সমস্ত বিষয় বিবেচনা করার পর বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে ঐ সিদ্ধান্ত নিয়েছিলাম যে যত তাড়াতাড়ি পারা যায়—নেক্‌সট্ ওপেনিং ডে-তে যেন আলোচনা করা হয়। সোমবার এবং মঙ্গলবার হাউস থাকছে না, সেইজন্য সোমবার এবং মঙ্গলবার এটা রাখা যায়নি' দু তারিখে এটা রাখা হয়েছে। বিজনেস এ্যাডভাইসারী কমিটি যে সিদ্ধান্ত গ্রহণ করেছে সেই সিদ্ধান্ত যদি এখানে গৃহীত না হয় তাহলে একটা নতুন পরিস্থিতির উদ্ভব হবে। এর আগে বিজনেস এ্যাডভাইসারী কমিটির কোন রিপোর্ট হাউসের মধ্যে কখনও এ্যামেন্ডেড হয়নি বা সেটা পরিবর্তন করবার জন্য কোন রিকোয়েষ্ট হাউসের কাছ থেকে আসেনি। এটা একটা নতুন প্রিসিডেন্ট হতে যাচ্ছে। অবশ্য [illegible] আসতে পারে। এখন তাহলে যে এ্যামেন্ডমেন্ট হবে সেই এ্যামেন্ডমেন্ট রেফার ব্যাক করতে হবে বিজনেস এ্যাডভাইসারী কমিটির কাছে এবং বিজনেস এ্যাডভাইসারী কমিটিকে আবার নতুন করে

মিটিং-এ বসতে হবে এবং মিটিং-এ বসে সেখানে সিদ্ধান্ত নিয়ে সেটার এ্যামেন্ডমেন্ট করতে হবে। রুল ২৮৭তে একথা বলা আছে যে—

that an amendment may be moved that the report be referred back to the Committee ither without limitation or with reference to any particular matter.

কাজেই এই এ্যামেন্ডমেন্ট মুভ করতে হবে এবং রেফার ব্যাক করতে হবে বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে। তারা এগ্রি করার পর আবার হাউসে প্রেজেন্ট করতে হবে এবং এ্যাডপসান করতে হবে। এইজন্য লিডার অব দি হাউসের কাছে এবং মাননীয় সকল সদস্যদের কাছে আমি অনুরোধ করবো যে, এই কমপ্লিকেসানের মধ্যে না গিয়ে যদি এটা এ্যাকসেপ্ট করে নেন তাহলে কি বেটার হয় না? অবশ্য যদি হাউস এটাতে এগ্রি না করেন তাহলে এটা রেফার ব্যাক করতে হবে এবং এমারজেন্সী মিটিং এখনই কল করতে হবে। তবে মাননীয় লিডার অব দি হাউস যা বলেছেন তাতে মাননীয় সদস্যগণ যদি একমত হন তাহলে এটার এ্যামেন্ডমেন্ট করে দিন আমি বিজনেস এ্যাডভাইসারী কমিটির মিটিং ডাকি।

Shri Siddhartha Shankar Ray :
মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কথা বলছিলাম তার যুক্তি আছে। এই বিদ্যুৎ সঙ্কটের জন্য মানুষের যে অসুবিধা হচ্ছে তাতে আমার মনে হয় আজকে যত রাতই হোক না কেন বিধানসভার সদস্যদের এই সম্বন্ধে আলোচনা করা উচিত, কারণ আজকে মানুষের সমস্যা অত্যন্ত তীব্র এবং সেদিক থেকে আমাদেরও উচিৎ এই সম্বন্ধে আমাদের বক্তব্য এখানে রাখা। আমরা কোথায় পারিনি, কেন পারিনি, কার দোষ আমরা সেটা পরিষ্কারভাবে মানুষকে জানাতে চাই। কাজেই আপনার কাছে অনুরোধ রাখছি এই এ্যামেণ্ডমেণ্ট ক্যারেড হলে আপনি একটা ইমারজেন্সী মিটিং ডাকুন এবং তাতে হয়ত ৫ মিনিট যাবে। আমার মনে হয় এই সি, এ, ডি, পি, বিল বোধ হয় ১০ মিনিটেই শেষ হয়ে যাবে এবং তারপর ৭টা থেকে আমরা এই পাওয়ারের ব্যাপারে নিয়ে আলোচনায় বসতে পারি এবং মনে হয় তাতে কারুরই আপত্তি হবে না।

Shrimati Geeta Mukhopadhyaya :
মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী যে কথা বললেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। মুখ্যমন্ত্রী বললেন পশ্চিমবাংলার মানুষকে তাঁরা অবস্থা জানাবেন। আমরাও চাই পশ্চিমবাংলার মানুষ প্রকৃত অবস্থা জানুক। কিন্তু আজকে আলোচনার ব্যাপারে আমাদের আপত্তির কারণ হচ্ছে এখন যদি আমরা আলোচনায় বসি তাহলে সেটার পাবলিসিটি হবে না অর্থাৎ এই খবর কাগজে স্থান পাবে না। মুখ্যমন্ত্রী বলছেন পশ্চিমবাংলার মানুষকে তাঁরা জানাবেন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে আজকে এত রাত্রে আলোচনা হলে সেই কথা পশ্চিম-বাংলার মানুষকে জানাবার উপায় থাকবে না। আমাদের পার্টি এমনিতেই পাবলিসিটি পায় না তারপর এত রাত্রে আলোচনা হলে কি অবস্থা হবে তা বুঝতেই পারছেন। কাজেই আমরা চেয়েছিলাম এই আলোচনা আর্লিয়েস্ট অপরচুনিটিতে হোক। আমরা এত রাত পর্যন্ত আলোচনা করতে পারি, কিন্তু আসলে পশ্চিমবাংলার মানুষের কাছে সত্য কথা বলা হবে না।

Shri Satya Ranjan Bapuli :
আপনি কি পাবলিসিটি পাবার জন্য বক্তব্য রাখতে চান?

Shrimati Geeta Mukhopadhyaya :
না, আমার বক্তব্য তা নয়। আমাদের পার্টি পলিসি কি সেটা জনসাধারণের জানা দরকার। এটা আমাদের নিজেদের ব্যাপার কিছু নয়, এটা জনসাধারণের ব্যাপার কাজেই এটা তাদের জানা দরকার। আমি মনে করি ওই ধরনের চিপ কথাবার্তা বলে কোন লাভ নেই। আপনারা কি চাননা সমালোচনামূলক কথা ফাঁক দিয়ে হলেও বার হোক?

Mr. Speaker : Hon'ble Minister for Parliamentary Affairs may please move the motion for acceptance of the report, or an amendment that the matter be referred back to the Business Advisory Committee for reconsideration of its decision.

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, under rule 287 I beg to move that the House agrees with the amendment to the report of the Business Advisory Committee presented this day and that the matter be referred back to the Business Advisory Committee for necessary action.

The motion was then put and agreed to.

Shri Sukumar Bandyopadhyay :
মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি সভার কাছে একটা সংবাদ রাখছি। রাণীগঞ্জ চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট একটা জরুরী টেলিগ্রাম পাঠিয়েছেন।

[6-45—6-55 p.m.]

আসানসোল কয়লাখনি অঞ্চলে প্রতিদিন ১০ হাজার টন কয়লা উৎপাদন ব্যাহত হয়েছে লোডশেডিং-এর জন্য। হঠাৎ চিত্তরঞ্জন কারখানা, সেন র‍্যালে সাইকেল কারখানা, রাণীগঞ্জের বেঙ্গল পেপার মিল বন্ধ হবার উপক্রম হয়েছে এবং হাজার হাজার শ্রমিকের বেকার হবার আশঙ্কা দেখা দিয়েছে। ডি, ভি, সি,-র দায়িত্ব হচ্ছে আসানসোল শিল্পাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা। কিন্তু ডি, ভি, সি, আসানসোল শিল্পাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করছে না, প্রায় বন্ধ করে দিয়েছে বললেই হয়। সেই বিদ্যুৎ ঐ চাণ্ডিল এবং অন্যান্য জায়গাতে বা নিকটবর্তী বিভিন্ন জায়গায় ডাইভার্ট করছে এবং আসানসোল ইণ্ডাস্ট্রিয়াল বেল্টকে পাওয়ার দিচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীআইচ যে টেলিগ্রামটি পড়লেন সেই টেলিগ্রাম আমার কাছেও এসেছে, আসানসোল শিল্পাঞ্চলের অবস্থা অত্যন্ত ভয়াবহ, যে কোন মুহূর্তে আসানসোল শিল্পাঞ্চলের কয়লাখনি এবং বৃহদায়তন শিল্পগুলি বন্ধ হয়ে যাবে এবং প্রায় ২ লক্ষ শ্রমিক বেকার হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে এদিকে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : Honourable members, I will request the members of the Business Advisory Committee to attend my Chamber immediately to hold a meeting of the Business Advisory Committee, as per the amendment that has been accepted by the House just now.

The Bill will continue.

Shri Pradyot Kumar Mahanti :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যারা বিজনেস্ এ্যাড্‌ভাইসারী কমিটিতে আপনার দ্বারা নমিনেটেড হয়েছি, বিভিন্ন পার্টির রিপ্রেজেনটেটিভ নিয়েছেন, বেন্টারউইচ্ আর, এস, পি দলের লিডার তিনিও একজন মেম্বার। আজকে বিজনেস্ এ্যাড্‌ভাইসারী কমিটির মিটিং হয়েছিল। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি আমি ছিলাম সে সভাতে। সাধারণতঃ বিজনেস্ এ্যাড্‌ভাইজারী কমিটি-র মিটিং হয় পার্লামেন্টারি এফেয়ার্স-এর মিনিষ্টার-এর প্রোপোজালগুলি বিচার বিবেচনা করে একসেপ্ট বা রিজেক্ট করা হয় এবং একটা সিদ্ধান্তে আসে। কিন্তু আজকে যে বিজনেস এ্যাড্‌ভাইসারী কমিটির মিটিং হলো তাতে বেন্টারউইচ-এর প্রোপোজাল ইন টো-টো হ্যাজ্ বিন একসেপটেড বাই দি বিজনেস এ্যাড্‌ভাইসারী কমিটি, কেননা তিনি অনেকগুলি প্রশ্ন দিয়েছিলেন, কারণ অনেক ইম্‌পরট্যান্ট বিল-এ তিনি অংশ গ্রহণ করতে চান, তিনি কয়েকদিন থাকবেন না এবং তাঁরই সুবিধামত এই জিনিস করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এবং আমরা যারা পার্টির রিপ্রেজেনটেটিভ আছি তাঁদের পক্ষেও অত্যন্ত লজ্জাকর কথা যে, তার লিডার একসেপ্ট করা সত্বেও এবং

আমি গিয়ে শীস মহম্মদ সাহেবকে অনুরোধ করা সত্বেও সীস মহম্মদ সাহেব এই মোশান তুললেন এবং যার জন্য হাউস-এ একটা নুতন প্রিসিডেন্ট ক্রিয়েট হল। আপনি সভা ডেকেছেন এবং সভাতে আমি যাচ্ছি, কিন্তু সভাতে গিয়ে কোন রকম অংশ গ্রহণ করবো না এইজন্য যে আমি একটা পার্টির লিডার হিসাবে সেখানে গিয়েছিলাম, বেন্টারউইচ সাহেব অনুপস্থিত, তাঁর অনুপস্থিতিতে তাঁর পার্টি-র প্রোপোজালকে নাকচ করতে চাচ্ছেন এই প্রতিবাদ—আপনি আমাকে ক্ষমা করবেন আজকে আমি বিজনেস্ এ্যাড্ভাইসারী কমিটির মিটিং এ্যাটেণ্ড করবো না।

Shri Abdul Bari Biswas :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর, এস, পি, রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য যে প্রোসেস অবলম্বন করেছিল, জনস্বার্থের জন্য কংগ্রেস তা একসেপ্ট করে নিয়েছে। আপনি নিশ্চয়ই জানেন এই কাজ বঞ্চিত হবার জন্য আপনার যে সমস্ত ষ্টাফ্ আছে —আমর অতীত দিনে দেখেছি, তাদের কাজের ওভারটাইম দেওয়া হয়নি এবং তাদেরকে রাত্রিবাস করতে হয়েছে। আমি অনুরোধ করবো যে সমস্ত ষ্টাফ্ কষ্ট পাবেন তাদের ওভারটাইম-এর ব্যবস্থা করবেন এবং সঙ্গে সঙ্গে তাদের খাওয়া, থাকার ব্যবস্থা করবেন।

The West Bengal Comprehensive Area Development Bill, 1974
(as reported by the Select Committee)

Clause 28

Shri Timir Baran Bhaduri : I beg to move that in clause 28(3), lines 3 and 4, for the words "State Government may, by special or general order, direct" the words "Corporation may decide by two-thirds of the members present and voting out of three alternatives recommended by the State Government." be substituted.

Shri Abdus Sattar : I oppose the amendment.

The motion was then put and lost.

The question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 29 to 31

The question that clauses 29 to 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32

Shri Ali Ansar : Sir, I beg to move that in clause 32, in the proviso, line 3, for the word "may" the world "shall" be substituted.

I also move that in clause 32, in the proviso, in line 5, after the words "Act 1948", the words "and shall be settled in consultation with the agricultural workers co-operative and it shall be in keeping with the minimum needs of the labourer and the seasonal increase in wages during sowing and harvesting seasons" be inserted.

Shri Ajit Kumar Basu:
স্যার, এখন এখানে এগ্রিকালচারাল্ ওয়ার্কারদের জন্য ১৯৪৮ সালের যে য়্যাক্ট রয়েছে এবং তাতে যে ওয়েজ ঠিক করা রয়েছে, তার চেয়ে বেশী আমরা দিতে পারব না বলা হচ্ছে। এখানে আমি বলতে চাই আজকে জীবনধারণের মান অনেকখানি বেড়ে গিয়েছে এবং আরো বাড়বে বলে আশা করছি, এইরকম একটা জায়গায় মে না করে স্যাল করুন। ১৯৪৮ য়্যাক্টের এমেণ্ডমেন্ট অনুসারে যেখানে সর্বনিম্ন মজুরী ধার্য করা হচ্ছে, তার চেয়ে বেশী এখানে ধার্য করতে হবে এই কথা বলেছেন এবং এরপরে যে কথা বলেছেন

সেটা হচ্ছে ধরুন এগ্রিকালচারাল ওয়ার্কারদের কো-অপারেটিভের সঙ্গে পরামর্শ করে মোটামুটি রেট ধার্য করা হোক। দ্বিতীয় কথা যে, কৃষির যে পশ্চাতপদ অবস্থা তাতে নিড-বেসড, প্রয়োজনভিত্তিক মজুরী হোক সে কথা বলতে পারছেন না, তাহলে অন্ততঃপক্ষে তার প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে যেন মজুরীটা ঠিক হয়। তৃতীয় কথা হচ্ছে সোয়িং এণ্ড হার্বেস্টিং সেসনের সময় অনেক ক্ষেত্রে এগ্রিকালচার ওয়ার্কাররা কাজ পায় না, এই যে প্রাকটিস বা কাস্টম এর সঙ্গে সঙ্গতি রেখে এগ্রিকালচারাল ওয়ার্কারদের মজুরী যেন ঠিক করা হয়, এটা আমাদের বলতে হলো। এর কারণ আমরা নোট অফ ডিসেন্টে দিয়েছি। সেখানে বলা হয়েছে মোটামুটি আমরা বেশী দেব, তাদের সারা বছর কাজ দেব। এখানে সেটা ৫ টাকা পর্য্যন্ত বলা হয়েছে। আমরা বলছি অনেক জায়গায় আজকের পরিস্থিতিতে ৫ টাকার বেশী দেওয়া উচিত, দিতে পারা যায় এবং আমাদের দিতে হবে। সেইজন্য এই সংশোধনী আপনি অনুগ্রহ করে গ্রহণ করুন।

Shri Abdus Sattar :

স্যার, এই সম্পর্কে আলোচনা হয়েছে, মিনিমাম ওয়েজ য়্যাক্‌টে যা আছে সেইরকম হবে। ওটা যদি পরিবর্তন করা হয় তাহলে এখানেও সেটা হবে। সেইজন্য আমি এটা গ্রহণ করতে পারছি না।

The motions of Shri Ali Ansar that in clause 32, in the proviso, line 3, for the word "may" the word "shall" be substituted.

And

that in clause 32, in the proviso, in line 5, after the words "Act 1948", the words "and shall be settled in consultation with the agricultural workers cooperative and it shall be in keeping with the minimum needs of the labourer and the seasonal increase in wages during sowing and harvesting seasons" be inserted.

were then put and lost.

[6-55—7-05 p.m.]

The question that Clause 32 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 33 to 39

The question that clauses 33 to 39 to stand part of the Bill, was then put and agreed to.

Long Title

Shri Ali Ansar : Mr. Deputy Speaker, Sir, I beg to move that in the Long Title, for the words beginning with "comprehensive development" and ending with "agricultural production", the words "development of the State of West Bengal through area based development programme with a view to increasing agricultural and allied production" be substituted.

Shri Abdus Sattar : I accept it.

The motion of Shri Ali Ansar that in the Long Title, for the words beginning with "comprehensive development" and ending with "agricultural production", the words "development of the State of West Bengal through area based development programme with a view to increasing agricultural and allied production" be substituted, was then put and agreed to.

The question that Long Title, as amended, was then put and agreed to.

Preamble

Mr. Deputy Speaker : There are amendments to the Preamble (Amendment Nos 66 and 69) by Shri Ali Ansar. Shri Ansar may please move his amendments.

Shri Ali Ansar : Mr. Deputy Speaker Sir, I first move amendment No. 66, that in preamble, lines 1 to 4 for the words beginning with "Whereas it is" and ending with "agricultural production", the words "to provide for development of the State of West Bengal through area based comprehensive programme with a view to increasing agricultural and allied production to the cultivators", be substituted.

Sir, I also move my amendment No. 69, that in the Preamble, for the words beginning with "comprehensive development" and ending with "agricultural production", the words "development of the State of West Bengal through area based development programme with a view to increasing agricultural and allied production" be substituted.

Shri Abdus Sattar : Mr. Deputy Speaker, Sir, I accept his amendment No. 69.

The motion of Shri Ali Ansar that in Preamble, lines 1 to 4, for the words beginning with "Whereas it is" and ending with "agricultural production", the words "To provide for development of the State of West Bengal through area based comprehensive programme with a view to increasing agricultural and allied production to the cultivators", was then put and lost.

The motion of Shri Ali Ansar that in the Preamble, for the words beginning with "comprehensive development" and ending with "agricultural production", the words "development of the State of West Bengal through area based development programme with a view to increasing agricultural and allied production" be substituted, was then put and agreed to.

The question that Preamble, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

[7-05—7-25 p.m.]

Shri Abdus Sattar : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Comprehensive Area Development Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[The House was then adjourned for 20 minutes].

(After adjournment)

Sixteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 16th Report of the Business Advisory Committee which at its meeting held on 26th April, 1974, in my chamber, considered the question of allocation of dates and time for the disposal of the legislative business and recommended as follows :—

Friday, the 26th April, 1974	Notice under rule 194 regarding Acute Power Crisis in West Bengal, by Shri Mrigen Mukherjee, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyaya—2½ hours.
Thursday, the 2nd May, 1974	(*i*) Howrah Municipal (Repealing) Bill, 1974—(Introduction, consideration and passing).—1 hour.

(ii) Motion under rule 185 regarding the Improvement of Transport and Communication Arrangement in the State—Shri Abdul Bari Biswas and others—2 hours.

Friday, the 3rd May, 1974

(i) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974—(Introduction, consideration and passing).—2 hours.

(ii) The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974—(Introduction, consideration and passing).—2 hours.

I now call upon the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance.

[7-25—7-35 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Sixteenth Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.

The motion was then adopted.

Discussion on Matter of Urgent Public Importance for short duration

Mr. Speaker : Motion under rule 194 regarding acute power crisis in West Bengal—notice given by Shri Mrigendra Mukherjee, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyay. Shri Mrigendra Mukherjee is not here. So, I call upon Shrimati Geeta Mukhopadhyay to move the motion.

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমগ্র পশ্চিমবাংলায় বিদ্যুৎ সঙ্কট তীব্র আকার ধারণ করেছে এবং তার গভীরতা যে কত সাংঘাতিক সেটা ভাষায় বর্ণনা করা যায় না এবং আমার মনে হয় বিধানসভায় সেটা নিয়ে বর্ণনা করবার দরকারও নেই, কারণ প্রতিটি মানুষের জীবনযাত্রা আজ বিপর্যস্ত, সমস্ত শিল্প বিপর্যস্ত, বেকার সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে, ভবিষ্যতে শিল্পের উপর এর প্রতিক্রিয়া হচ্ছে, জীবনযাত্রার অবস্থা অত্যন্ত সাংঘাতিক এবং প্রতিটি পরিবারের কি অবস্থা হচ্ছে সেটা যত কম বলা যায় ততই ভাল, কারণ একেই বিদ্যুৎ সঙ্কট তার উপর কেরোসিন পাচ্ছে না, সমস্ত একেবারে অন্ধকারে নিমজ্জিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সঙ্কটের কারণ সম্পর্কে আমার যে ধারণা সেটা বলার আগে অন্য একটি কথা না বলে পারছি না। আজকে এই গভীর রাত্রে বিরল বিধানসভা ভবনে রাত্র সাড়ে সাতটায় এই আলোচনা সুরু করবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী যে বিপুল আগ্রহ দেখালেন, বিগত দু-বছর ধরে এই বিদ্যুৎ সঙ্কট সমাধানের জন্য সেই বিপুল আগ্রহের একটা প্রধান অংশ না হোক একটা ছোট অংশও যদি দেখাতেন, তাহলে এই অবস্থায় আমাদের পড়তে হত বলে আমি মনে করি না। যাই হোক বিলম্বে হলেও আমরা আলোচনা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা কথা বলছি যে এই বিধানসভাতে যে কজন সদস্য গোড়া থেকে এই সঙ্কট সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছেন তাতে নিশ্চয়ই আপনি একজন সাক্ষী যে তাদের মধ্যে আমিও একজন। কাজেই অভিজ্ঞতা সূত্রে আমি একথা না বলে পারছি না যে এ যাবৎকাল বিভিন্ন সময়ে যতগুলো সমস্যা এবং সাজেশন এই ব্যাপারে বলেছি, তাতে দুঃখের সঙ্গে না বলে পারছি না যে এ বিষয়ে বিদ্যুৎমন্ত্রীর কাছ থেকে কোন সাড়া পাওয়া দূরে থাক সব সময় তাঁর কাছ থেকে পেয়েছি একটা আত্মসন্তুষ্টির মনোভাব। আমি চোখের সামনে এই জিনিষ দেখেছি, কাজেই একথা অস্বীকার করবার উপায় নেই। আমি এই ব্যাপারে দুই-একটি উদাহরণ দেব। যে সমস্ত

সমস্যা তোলা হয়েছিল তার প্রত্যেকটির ভ্যালিডিটি আজও আছে এবং আপনি লক্ষ্য করবেন পরবর্তী সময়ে যে কথাগুলি আমি বলব, তার সঙ্গে তার যোগ আছে। সাঁতালদি সম্বন্ধে আপনার মনে আছে বিদ্যুৎ আলোচনার সময়ে আমি এই সভায় বলেছিলাম সাঁতালদির যে পরিস্থিতি হয়েছে, তাতে এই ব্যাপারে গভীরভাবে না গেলে, তার সমস্ত সংগঠন ঢেলে সাজাতে না পারলে এবং তার ট্রান্সমিশন লাইনের ব্যাপারে ভালভাবে কাজ করতে না পারলে, সাঁতালদি হবে না। আমার এই কথার জবাবে তখন বিদ্যুৎমন্ত্রী বলেছিলেন "হবেই হবে, হবেই হবে।" এবং তখন তাঁর এই কথা শুনে যে সমস্ত সদস্যরা তাঁকে টেবিল চাপড়ে অভিনন্দন জানিয়েছিলেন, তাঁদের যদিও আমি এখন দেখছি না এখানে, তবু তাঁদের সেই টেবিল চাপড়ানোর কথা কিন্তু আমার মনে আছে। যাই হোক আমার কথা হচ্ছে বিদ্যুৎমন্ত্রীর ঐ কথার বদলে যদি প্রথম থেকেই তিনি এই বিষয়ে নজর দিতেন, তাহলে সাঁতালদির অবস্থা এইরকম হত বলে মনে হয় না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনুরূপভাবে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সমস্ত কাজকে ঢেলে সাজাবার জন্য, ফাংশনেলী ওরিয়েন্টেড করবার জন্য, তাদের ঠিক ঠিক ভাবে চালাবার জন্য, তাদের শীর্ষস্থানে বসাবার জন্য বার বার বিধানসভায় অরণ্যে রোদন করেছি। আমরা বিদ্যুৎমন্ত্রীর কাছ থেকে প্রকৃত জবাব একদিনের জন্যও পাইনি। তাঁর কি স্মার্ট জবাব স্মার্টনেস ভাল কিন্তু সমস্যার সমাধান না হয়ে যদি ডোন্ট কেয়ারভাবে বেগ্ ইয়োর পার্ডন বলে জবাব দিয়ে চলে যান, তাহলে সেটাতো জবাব হল না। আমরা বিভিন্ন সময়ে যে সাজেশন দিয়েছি সেগুলি অরণ্যে রোদন হয়েছে। আপনি জিজ্ঞাসা করতে পারেন, এগুলি তুলছি কেন? তুলছি এই কারণে যে আজকে একথা উঠেছে বহু মহল থেকে, যে বিদ্যুৎ সঙ্কট চলেছে তার পরিপ্রেক্ষিতে বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগের প্রয়োজন হয়েছে। বিদ্যুৎমন্ত্রী বলেছেন কমিশন হবে, কমিশন বসে যদি তাঁকে দোষী বলে মনে করেন তাহলে তিনি পদত্যাগ করবেন আমি বলি কমিশনের রায়ের প্রয়োজন নাই। পশ্চিমবঙ্গের জনজীবনে যে পরিস্থিতি হয়েছে, তাতে তারা এই বিষয়ে রায় দিয়ে দিয়েছে। আজকে আমরা দুরবস্থার শীর্ষে গিয়ে উঠেছি, ইতিমধ্যে বিধানসভায় এই সমস্ত গঠনমূলক সমালোচনা হয়েছে, তাতে যদি রি-এ্যাক্ট না করে থাকেন সেক্ষেত্রে পশ্চিমবঙ্গের জনজীবনের বিপর্যাস্ত অবস্থায়, সেটাই তাঁর পদত্যাগের পক্ষে রায় হয়ে গিয়েছে। আমি আশা করবো তিনি সেই রায় গ্রহণ করবেন। সে রায় তিনি গ্রহণ করবেন কি করবেন না, তিনি রায় গ্রহণ নাও করতে পারেন, সেটা তার ব্যাপার। তাছাড়া এইসব কথা তুলব এজন্য যে আমরা যে সব কথা বলেছিলাম সে অনুযায়ী তিনি কাজ করেছেন বলে সেই প্রমাণ আজ পর্য্যন্ত পাইনি। সেজন্য রেকর্ড রাখবার জন্য, আবার সেই গতি না হয়, তার জন্য পুরাণো ইতিহাস পুনরাবৃত্তি করবার প্রয়োজনবোধ করছি। একথা বলে এটাই আমি বুঝাতে চাই আপনার মাধ্যমে যে, বিদ্যুৎ সঙ্কট সম্পর্কে আমাদের যে সমস্ত সমালোচনা সেগুলি বধির কাণে পৌঁছাবে না, তার একটা গ্যারান্টি চাই। মুখের কথায় হবে না, তার জন্য কাজে গ্যারান্টি দিতে হবে বলে আমি মনে করি। যে বক্তৃতা মন্ত্রিমহাশয় দিয়েছিলেন, যার উপর আমি প্রিভিলেজ তুলেছিলাম, তার কপি আমি এখন পর্য্যন্ত পাইনি। কালও এই বিধানসভায় পাইনি। অনেক বক্তৃতা কাগজে পড়ে বিধানসভার মধ্যে সেই বিবৃতির উপর আলোচনা চলতে পারে। বিগতকাল আমাদের সঙ্কট সম্বন্ধে দৃষ্টি-আকর্ষণী প্রস্তাব, তিনি যে বিবৃতি দিয়েছেন, তাতে দেখা যাক কি বলেছেন এবং সঙ্কটের সমাধান সম্পর্কে কতখানি তাঁর সচেতন হওয়ার আছে, সেটা একটু পরীক্ষা করে দেখা যাবে। বিগতকাল দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে ওঁর বক্তব্য, তাতে তিনি কয়েকটি কথা বলেছেন। তার মধ্যে প্রথমে বলেছেন—স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর আণ্ডারে যে সমস্ত এজেন্সিজ্ আছে, সেই সমস্ত এজেন্সিজ্-এর কম প্রডাক্শন করার কারণ কি। সেই কারণ সম্বন্ধে বলতে গিয়ে দুটি কথা বলেছেন। একটি হচ্ছে দুটি ব্যাপারের কিউ-মুলেটিভ এফেক্ট-এ কাজ হচ্ছে—ইঞ্জিনীয়ারদের ধর্মঘট, আর একটি অপারেশন্যাল ডিফিকাল্টিজ। ইঞ্জিনীয়ারদের ধর্মঘট আজকে মিটে গিয়েছে, খুব আনন্দের কথা সন্দেহ নাই। ইঞ্জিনীয়ারদের কাছে আমরা আহবান জানাই যে এই সঙ্কট আপনাদের দাবী যখন মিটেছে, প্রাণপণে চেষ্টা করুন। আপনাদের যতখানি হস্তক্ষেপ করার সুযোগ আছে, সেটা করার জন্য অনুরোধ নিশ্চয়ই তাদের কাছে রাখব। এই সম্বন্ধে আমি একটা কথা না

বলে পারছি না। আজকে যদি মনে করেন কিউমুলেটিভ এফেক্টের জন্য ইঞ্জিনীয়ারদের ধর্মঘট এবং অপারেশন্যাল ডিফিকাল্টিজ-এর জন্য হচ্ছে, তাহলে জিজ্ঞাসা করি আজকে একমাস ধরে যে ইঞ্জিনীয়ারদের ধর্মঘট চলছে, তার জন্যই কি এটা ঘটছে? শুধু কি ইঞ্জিনীয়াররাই এজন্য দায়ী?

[7-35—7-45 p.m.]

তারপর দেখুন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর ইঞ্জিনিয়ারদের ব্যাপার। এই ইঞ্জিনিয়ারদের সঙ্গে আলোচনার করবার কথা ছিল ১১ই মার্চ; তাদের দাবীদাওয়ার পারভিউ-এর মধ্যে যে কয়টা সাবজেক্ট আছে তাই নিয়ে তাঁরা ডিসকাস্‌সান করবেন প্রস্তাব নিয়েছিলেন। কিন্তু ১৮ই এপ্রিল পর্য্যন্ত সেই প্রস্তাব কার্য্যকরী করা হয় নাই; তাঁদের সঙ্গে বসবার জন্য কোন ব্যবস্থা করা হয় নাই। এই কি তাড়াতাড়ি ইঞ্জিনিয়ারদের সঙ্গে আলোচনা করে ধর্মঘট মিটাবার সরকারী প্রচেষ্টা? মিটলো কী করে? দেখলাম ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কতকগুলি ফাংসানাল দিকের টেকনিক্যালি ওরিয়েন্টেড করবার দিকের কতকগুলি তাদের দাবীদাওয়া আপনারা মেনে নিয়েছেন, তাই যদি হয়ে থাকে, তাহলে বিগত দু-বছর ধরে এই মর্মে আমরা যে চীৎকার করে যাচ্ছি, তার প্রতি যথাসময়ে আপনারা কর্ণপাত করেন নাই কেন? তা করা হলে আর আজকে এই দূরবস্থার মধ্যে পৌছানোর দরকার হতো না। আজকে এর কিউমিলেটিভ এফেক্ট এই সঙ্কটের অন্যতম প্রধান কারণ—একথা আমি নিশ্চয়ই বলবো। ইঞ্জিনিয়ারদের ধর্মঘটের এই কারণ যদি থেকে থাকে, তারা যদি ধর্মঘট চালিয়ে যাবার জেদ ধরে থাকেন, তাহলে গভর্ণমেণ্ট তার দায়িত্ব এড়িয়ে যেতে পারেন না। দেশব্যাপী এখন এই কথা বলা হচ্ছে গভর্ণমেণ্ট এরজন্য দায়ী। একথা বলা ছাড়া তাদের অন্য কোন উপায় নাই। এই কি ইঞ্জিনিয়ারদের ধর্মঘট টেকল করবার কায়দা? জনজীবনকে এইভাবে বিপর্য্যস্ত তাঁরা কেন করলেন? এর জবাব আশা করি তিনি দেবেন। বহুদিন আগেই এই ইঞ্জিনিয়ারদের ধর্মঘট তাঁরা মিটিয়ে ফেলতে পারতেন। ইচ্ছে করে তাঁরা মেটান নাই।

আর বিদ্যুৎ সঙ্কটের দ্বিতীয় কারণ তিনি বলেছেন অপারেসানাল ডিফিকাল্টি আছে। নিশ্চয়ই তার জন্য মুখ্যমন্ত্রীর দিকে থেকে এই অপারেশানাল ডিফিকাল্টি দূর করবার জন্য যাতে ফারনেস্‌ অয়েল, লাইট ডিজেল অয়েল পাওয়া যায়, তিনি যুক্ত করছেন। এই অপারেশনাল ডিফিকাল্টি উদাহরণস্বরূপ এই ফারনেস অয়েল-এর কথা তিনি বলেছেন। এই অপারেশনাল ডিফিকাল্টি এক রকম নয়, অনেক রকম। আমি জানতে চাই সেইসব অপারেশনাল ডিফিকাল্টি রিমুভ করবার জন্য আমাদের বিধানসভায় ইতিপূর্বে অসংখ্যবার আমরা বলেছি। সেই সম্পর্কে কী ব্যবস্থা করা হয়েছে তা আমরা জানতে পারিনি। তবে একটা দেখতে পাচ্ছি—মন্ত্রিমহাশয় যে অপারেসানাল ডিফিকাল্টি দূর করবার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন সহানুভূতিশীল ভাবে তার কোন জবাব দিয়েছেন বলে কিছু আমরা দেখতে পাচ্ছি না।

তারপর এই লো-গ্রেড কোল-এর ব্যাপারে তিনি কী লড়াই করেছেন, কী প্রচেষ্টা করেছেন, তা আজ পর্য্যন্ত আমরা জানি না, কেবল ফারনেস অয়েল এর কথা বলেছেন আর লো গ্রেড্‌ কোল সম্পর্কে তিনি কী করেছেন—যে কথা তাঁকে বলতে হবে। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর আণ্ডারে জেনারেসান কথা আলোচনা করেছেন। তাঁর সেই বিবৃতির মধ্যে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যেভাবে কাজ করছে, সেই সম্পর্কে একটি কথাও তিনি বলেন নাই এজ ইফ দেয়ার ইজ নো ডিফিকাল্টি এজ ইফ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে কায়দায় ফাঙ্কসান করেন, তা যেন কোন সমালোচনার বিষয় নয়। তার যেন কোন উন্নতির প্রয়োজন নাই সে বিষয় তাদের কোন এওয়ারনেস নাই যে সরকারকে সেই কাজ করে দেখতে হবে। এর চেয়ারম্যান সম্পর্কে এতদিন তিনি কিছু করেন নাই। এখন বলছেন—করবো। এই পরিস্থিতির দিকে নজর আকর্ষণ করতে চাই। আজ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের আণ্ডারে যেখানে যেখানে অপারেসানাল ইউনিট আছে, যেই সমস্ত জায়গা কাজ করে, তার উৎপাদন আজকে যদি নতুনভাবে পুরা কেপাসিটি ব্যবহার করতে

হয়, আমি নতুন জেনারেসান-এর কথা বলতে পারি এই স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড কে নতুন করে ঢেলে সাজাবার প্রয়োজন আছে। তিনি নতুন যে চেয়ারম্যান করবেন, তিনি তাঁর পেয়ারের লোক হবেন—এটী যেন বিচারের মাপকাঠি না হয়। প্রকৃতপক্ষে অভিজ্ঞ সৎ, নিরপেক্ষ ইঞ্জিনিয়ারকে যেন শীর্ষস্থানে বসাতে পারেন। তাঁর পেয়ারের লোকের উপর যে দরদ আছে, সেটা যেন তিনি পরিত্যাগ করেন। ইতিপূর্বে সেই দরদের প্রমাণ আমরা পেয়েছি।

(A voice: তার নাম বলুন।)

জে, সি, তালুকদার। এই অবস্থার মধ্যে আমি বলবো —ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড-এর জেনারেশনের যদি ভালভাবে উন্নতি করতে হয়, তাহলে তার জন্য যে যে সচেতনতা প্রয়োজন, গতকালের বিদ্যুৎমন্ত্রীর বিবৃতির মধ্যে যে সচেতনতা আমরা দেখতে পাইনি। এদিকে আপনার নজর আকর্ষণ করছি।

দ্বিতীয় আর একটি এজেন্সির কথা বলা হয়েছে – সি, ই, এস, সি, এই ব্যাপারে আমাদের দারুন চিন্তিত করে তুলেছে। এই সি, ই, এস, সি সম্বন্ধে তিনি বললেন —ব্যর্থতার দুটো কারণ—একটী হলো ওল্ড, অয়েলিং মেসিনারি, আর একটী হলো বয়লার-এর জন্য বেস্ট কোয়ালিটির কোল পাওয়া যাচ্ছে না।

আর একটা কথা বলেছেন নুনাজোড়ে, লেবার ট্রাবলের কথা। স্যার, এই কথা বলতে বাধ্য যে সি, ই, এস, সির ব্যাপারে যে বিবৃতি দেওয়া হয়েছে —মন্ত্রিমহাশয় কলিং এ্যটেনসানের উত্তরে বলেছেন আমি বলবো যে এটা একটা নির্লজ্জ জবাব হলো এটা সাজানো জবাব হলো সি, ই, এস, সির ব্যাপারে যা বলেছেন। শেষ এই কথা বলবো অয়েলিং এন্ড ওল্ড মেশিনারি, এলমেন্ট নিশ্চই বলতে পারেন সমস্ত মেশিনারি সত্ত এলমেন্ট ছিলো ১৯৭৩-৭৪ সালের মধ্যে সর্ব প্রকার এলমেন্ট হঠাৎ একেবারে তুঙ্গে উঠে গেল আজকে নরগালি আমাদের এই কথা বিশ্বাস করতে হবে? দেখুন স্যার, সি, ই, এস, সির শ্রমিকদের কাছ থেকে হিসাব এনেছি। ইচ্ছা করলে মাননীয় মন্ত্রিমহাশয় [illegible] দেখতে পারেন। সি, ই, এস, সি, ১৯৭৩ সালের জানুয়ারীতে তার যে জেনারেশান টোটাল ছিল সেটা ছিল যা আমি মিলিয়ান ইউনিটে বলছি [illegible] ১৪১ মিলিয়ান ইউনিট। আর ১৯৭৪ সালের জানুয়ারী মাসে তা দাঁড়িয়েছে ১১৯ মিলিয়ান ইউনিট। ফেব্রুয়ারী মাসে দেখছি আমরা ১৯৭৩ সালে ১৩২ মিলিয়ান ইউনিট, আর ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাসে ১১৮ মিলিয়ান ইউনিট। মার্চ মাসে আমরা কি দেখছি ১৯৭৩ সালে ১৫১ মিলিয়ান ইউনিট, আর ১৯৭৪ সালে দেখেছি ১২৮ মিলিয়ান ইউনিট সেন্ট আউট করেছে। তাদের রেকর্ড থেকে আমরা দেখতে পাচ্ছি। স্যার, বলতে পারেন এই যে ব্যাপারটা এত কমে যাওয়া এই কমে যাওয়াটা প্রায় ৩০ পারসেন্ট বেটে কমে যাওয়া। আমি পারসেন্টেজে যাব না। কিন্তু এই যে লম্বা একটা হিসাব ১৪১ থেকে ১১৯ ও ১৩২ থেকে ১১৮ এই যে একটা বিরাট কমে যাওয়া এটা কখন হলো ঐ ৩০ পারসেন্ট রেট বাড়বার পর কমলো। এটা কি আকস্মিক? আমি যদি অভিযোগ করি স্যার, যে এটা আকস্মিক নয়। রেট বাড়ানোর জন্য সি, ই, এস, সি, এই ভাবে গুঁতোগুঁতি করছিলো। রেটটা বাড়াতে পারলেই তখন আর তাদের বিদ্যুৎ বাড়াবার তাগিদ রইলো না—কারণ কি না রেট বেড়ে গেছে এখন কম বিদ্যুতেই চলতে পারে। এই কথা বলছি এই কারণে যে না বলে উপায় নেই। কারণ এর আগে কিছু কাল আগে পর্য্যন্ত সি, ই, এস, সির তরফ থেকে যত বিবৃতি দেওয়া হয়েছে তাতে তারা কি বলেছেন? শচীন চৌধুরী কি বলেছেন? এই সেপ্টেম্বর মাসে যে সি, ই, এস, সির রিভিউ হয়েছিলো তাতে তিনি কি বলেছেন? ব্যালেন্সসিট এ মার্চ এন্ডিং ইয়ার ১৯৭৩ সালেতে বলেছেন যে,

If the present rate of Production is to be maintained, revision of rate can not be delayed.

তিনি এই কথা বলেননি তো যে প্রেজেন্ট রেট অফ প্রোডাকসান কান্‌ট বি মেনটেনড এই

কথা বলেছেন রেট বাড়লেই নাকি হবে। কিন্তু মেসিন বাড়বে না। প্রেজেন্ট রেট অফ প্রোডাকসান মেনটেণ্ড করতে হবে। সেখানে তখন প্রেজেন্ট রেট অফ প্রোডাকসান কত ছিল ৬৬০ মেগাওয়াট, সেপ্টেম্বর মাসে সি, ই, এস, সি-তে। আজকে সেখানে এইভাবে উৎপাদন হচ্ছে না। মন্ত্রিমহাশয় বলেছেন এলিং মেশিনারির কথা। স্যার, যত এলমেন্ট একেবারে ৩ মাসের মধ্যে রেট বাড়াবার পরে সমস্ত এলমেন্ট বেড়ে গেল। এর আগে এলিং মেশিনারির এরূপ এলমেন্ট দেখতে পাওয়া যায়নি। স্যার, আমি অভিযোগ করেছি যে এর পেছনে চক্রান্ত আছে। আমাদের মন্ত্রিমহাশয় এ বিষয়ে একটা স্টেটমেন্ট করেছেন।

[7-45—7-55 p.m.]

একথা বলছি স্যার, নাইট প্রোডাকসান হতে পারে। কিন্তু নাইট প্রোডাকসান সি, ই, এস, সি, বন্ধ করে রেখেছেন। ওল্ড কাশীপুরে কি অবস্থা। ওয়ারকারদের সংগে কথা বললে জানতে পারবেন। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সাঁওতালদি কমিশন করেছেন, কাজেই নো নিড ফর প্রোডাকসান ওখানে, কারণ এটা ইকনমি নয়। সি, ই, এস, সির এই সব ব্যাপারে পূর্ণ তদন্ত শুধু নয়, গভর্ণমেন্ট ইচ্ছে করলে জাতীয়করণ করতে পারেন। আমরা জাতীয়করণের দাবী তুলেছি। জনৈক সাংবাদিক আজকের কাগজে লিখেছেন জাতীয়করণের দাবী তুললেই ওঁরা আর নজর দিচ্ছেন না। আমরা জাতীয়করণের দাবী তুলেছি। তার অর্থ কি এই যে ওরা যন্ত্রপাতি ঝরঝরে করে দিতে পারে। ওরা ইচ্ছে করলেই ঝরঝরে করে দিতে পারে। এখন জাতীয়করণের দাবী তুললেই সেই কাজ। এখন জাতীয়করণের দাবী তোলা একশো বার উচিৎ। তার আগে যে কন্ট্রোল আমরা এক্সারসাইজ করতে পারি, আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ড করতে পারে সেটা ইতিমধ্যে কিছুমাত্র এক্সারসাইজ করা হয় নি। আমি স্যার, মনে করি সি, ই, এস, সির উপর চাপ দেওয়া দরকার ২৭৫ মেগাওয়াট করবার জন্য এবং এই প্রোডাকসান এ্যাবসলুউটলি যুক্তিসংগত যদি শ্রমিকদের সংগে কথা বলেন তাহলে বুঝতে পারবেন। যদি এই কাজগুলো সব করা হয় তাহলে পাওয়ার রেশনিং যদি সাময়িকভাবে করতেও হয় তাহলে দ্রুত এড়ান যায়। স্যার, আমার আশংকা পাওয়ার রেশনিং করা হয় তারপর সেইটা একজিসটিং ক্যাপাসিটিকে সত্যি সত্যি ব্যবহার করবার জন্য যে চাপ সে চাপ কমিয়ে দেবে এবং সে চাপ কমিয়ে দিয়ে লোককে একটা পাওয়ার রেশনিংয়ের মধ্যে ঠেলে দেওয়া হবে। সুতরাং এই পরিস্থিতিতে আজকে যে বিদ্যুৎ সংকট তার জন্য দায়ীত্ব অন্যান্য নানা কোয়ারটারকে দেওয়া যেতে পারে। কিন্তু এই বিগত দু বছর ধরে যা যা করা উচিত তা না করে পূর্ণ আত্মসন্তুষ্টির মনোভাবে চলার দরুণ সেই সংকট আরও বেশী হয়েছে বলে মনে করি। এই কথা আপনার সামনে উপস্থিত করে যে সমস্ত প্রতিকার ব্যবস্থা ইতিপূর্বে তুলেছি এবং এখনও দাবী করছি সেগুলো গ্রহণ করতে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Asamanja De:

মিঃ স্পীকার, স্যার, আজকে পশ্চিমবাংলায় চরম বিদ্যুৎ সংকট সম্পর্কে যে প্রস্তাব উৎথাপিত হয়েছে তার উপর আলোচনা প্রসংগে নিশ্চিতভাবে একথা স্বীকার করি পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের সাথে আজকে যে সারা রাজ্যে বিদ্যুৎ সংকট সৃষ্টি হয়েছে। ডি, ভি, সি, কেন্দ্রগুলোর অবস্থা শোচনীয় হয়ে উঠেছে—আমি নিশ্চয় একথা স্বীকার করি। আমি নিশ্চয় একথা স্বীকার করি, দুর্গাপুর, সাঁওতালদি প্রকল্প বেশ কিছুটা ব্যর্থ হয়েছে। আমি নিশ্চয় একথা স্বীকার করি সি, ই, এস, সির ক্ষমতা কমে গিয়েছে। নিশ্চয় একথা স্বীকার করি ব্যাণ্ডেলের তাপ বিদ্যুৎ কেন্দ্রে অবিরাম কাজের ফলে দুটো ইউনিট প্রায় অচল হয়ে আসছে। এই বিদ্যুৎ সংকটের জন্য পশ্চিমবাংলার মানুষের সাথে আমি নিশ্চয় উদ্বেগ প্রকাশ করছি। কিন্তু এই সংকটের ব্যাখ্যা করতে গিয়ে আমার পূর্ববর্তী বক্তা মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগের কথা বলেছেন। আজকে শ্রীমতী মুখার্জী বা অন্য কোন ব্যক্তিকে ওই দপ্তরের ভারপ্রাপ্ত করলে যদি বিধানসভায় এই ধরণের সুস্পষ্ট আশ্বাস এবং প্রতিশ্রুতি পেতাম যে এই সংকটের সত্যিকার প্রতিকার হবে

তাহলে এই সুস্পষ্ট প্রতিশ্রুতির ভিত্তিতে আমি হয়তো বিদ্যুৎমন্ত্রীকে দেশের সামগ্রিক স্বার্থে পদত্যাগ করতে অনুরোধ জানাতাম। এই আশ্বাস বা প্রতিশ্রুতি দেওয়া কোন মানুষের পক্ষে সম্ভব এটা যদি গীতা মুখার্জীরা বা অন্য কেউ এই সভায় বলতে পারেন তাহলে চিন্তা করা যেতে পারে। আমি নিশ্চয় স্বীকার করি আজকে বিদ্যুত সংকট শিল্প কারখানা, হাসপাতালে একটা খুব অসুবিধা নিয়ে এসেছে। লে অফের ফলে প্রায় ১০ হাজার কর্মচারী ছাঁটাই হয়েছে। আমি একথা স্বীকার করি শুধু ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রিতে শুধু জানুয়ারী থেকে মারচ পর্য্যন্ত ১৫ কোটি টাকা ক্ষতি হয়েছে, পাটশিল্পে ২৫ দিনের মধ্যে ৯ কোটি টাকা ক্ষতি হয়েছে। আজকে বুঝি কলকাতার এমন অবস্থা স্বীকার করতে হয় কলকাতা গোবিন্দপুর-সুতানুটি গ্রামের সেই চেহারায় ফিরে এসেছে। স্বভাবতঃই এই অবস্থা দেখে ভবিষ্যতে পশ্চিমবাংলার ইতিহাস-এ এই সময় ডার্ক এজ হিসাবে পরিগণিত হয়ে থাকবে। মিঃ স্পীকার স্যার, এই ডার্ক এজ সৃষ্টির জন্য এইটা বলা দরকার বর্তমান পশ্চিমবঙ্গ সরকারকে যতটা দায়ী করা চলে তার চেয়ে অনেক বেশী দায়ী করা চলে ১৯৬৬ সালের পর যারা পশ্চিমবাংলার ক্ষমতায় এসেছিল। ১৯৬৬ সালের পর পশ্চিমবঙ্গের ক্ষমতায় এসেছিল যুক্তফ্রন্ট দল যারা পশ্চিমবাংলার মানুষের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদার কথা চিন্তা করে এক অতিরিক্ত মেগাওয়াট বিদ্যুত উৎপাদনের কোন প্রকল্প গ্রহণ করেন নি।

শুধু যে প্রকল্প গ্রহণ করেন নি, তা নয়, পশ্চিমবাংলার বুকে এই বিদ্যুত উৎপাদনের জন্য যে সমস্ত মেশিন দীর্ঘদিন ধরে পড়েছিল, যেগুলি অকেজো হয়ে যাচ্ছিল, আয়ুষ্কাল শেষ হয়ে যাচ্ছিল সেগুলি মেরামত, সংস্কারের কোন ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার করেন নি। তাই আজকে এই সংকটের জন্য বর্তমান বিদ্যুতমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকারকে দায়ী করলে চলবে না। মাননীয় স্পীকার, স্যার, এই যে সংকট এসেছে সেই সংকটের মোকাবিলা করার জন্য নিশ্চয় কিছু কাজ করেছেন। ১৯৬৬ সাল থেকে ১৯৭২ সাল পর্য্যন্ত সাঁওতালদি প্রোজেক্ট ৪৫ পারসেন্ট করেছিল, আর ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালের জানুয়ারী পর্য্যন্ত ৫৫ পারসেন্ট পাওয়ার জেনারেট করেছে। আমরা দেখছি সাঁওতালদি প্রোজেক্টের এই বি, এইচ, ই, এল, এইচ, ই, আই, আর, মেশিন ইমপোর্টেড এবং গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া সাপ্লাই করে। মেকানিক্যাল ডিসঅর্ডারের জন্য ক্যালকাটা এবং অন্যান্য জায়গায় লোড সেডিং হচ্ছে। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে টেলেক্স পাঠিয়ে বলা হয়েছে যে হয় মেশিন ফেরত নাও, না হয় পুরো রিফাণ্ড কর। আজকে পশ্চিমবঙ্গ সরকারের আর একটি এ্যাচিভমেন্ট সমালোচনার সংগে সংগে নিশ্চয় স্বীকার করতে হয় ট্রানসমিশন লাইনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার বেশী উদাসীন। আমি স্ট্যাটিসটিক্স দিয়ে সভাকে ওয়াকিবহাল করতে চাই ১৯৪৭ সাল থেকে ১৯৭২ সাল পর্য্যন্ত ১২ হাজার ৪২৮ কিলোমিটার ট্রান্সমিশন লাইন বসানো হয়েছিল। ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সালের মার্চ মাস পর্য্যন্ত ২ বছরের মধ্যে মাত্র ১২ হাজার ৭২৫ কিলোমিটার বসানো হয়েছে। সুতরাং এই দিক দিয়ে পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয় কিছু কৃতিত্ব দাবী করতে পারে। আজকে ট্রান্সমিশন লাইন বসানোর সংকট হচ্ছে না। কিন্তু যখন উৎপাদন ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে তখন দেখা যাচ্ছে রাস্তায় মার্কারি লাইটে ভরে দেবার পরিকল্পনা হচ্ছে। মাননীয় স্পীকার, স্যার, আজকে আমরা দেখতে পাচ্ছি সেক্সপিয়ার স্মরণীর এয়ার-কণ্ডিশণ্ড মার্কেটে প্রচুর পরিমাণে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আমি অবাক হয়ে যাচ্ছি গ্রাণ্ড হোটেল, হোটেল হিন্দুস্থান ইন্টারন্যাশনাল, ফিরপো, গ্রেটইষ্টার্ণে বড় লোকদের কোল্ড বিয়ার সরবরাহ করবার জন্য, ঠাণ্ডা মদ সরবরাহ করার জন্য বহু মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করে নষ্ট করা হচ্ছে। আমি তাই সরকারের কাছে দাবী করছি এই চরম সংকটের যুগে উৎপাদনের স্বার্থে এই বিদ্যুৎ অপচয় বন্ধ করা হোক। সরকারী অফিস, হোটেল, আদালত, মন্ত্রীদের ঘর, এমন কি দরকার হলে বিধানসভা থেকে এয়ার-কণ্ডিশন মেশিন সরিয়ে দিয়ে কারখানায় উৎপাদন অব্যাহত রাখার জন্য পশ্চিমবাংলার স্বার্থে, পশ্চিমবাংলার অগ্রগতির স্বার্থে এই বিদ্যুৎ অপচয় বন্ধ করা হোক। স্যার, আজকে আমরা গণতন্ত্রের কথা বলছি। আমি এই কথা বলছি হাসপাতালের অপারেশন থিয়েটারে বিদ্যুৎ সরবরাহ করা হোক। আজকে আমাকে একজন সাংবাদিক বন্ধু বলছিলেন পি, টি, আই, অফিসে প্রত্যেকদিন একবেলা ৫ ঘন্টা, ওবেলা ৫ ঘন্টা লোডসেডিং চলছে—সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানে আজকে এই অবস্থা হয়েছে।

আমি অনুরোধ জানাব হাসপাতালের অপারেশন থিয়েটারের সংগে সংগে সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানগুলিকে এই লোডসেডিং-এর হাত থেকে নিষ্কৃতি দেওয়া হোক। আর একটি কথা বলা দরকার আজকে যে সংকট সৃষ্টি হয়েছে এই সংকট সম্বন্ধে যদি কেউ বলেন যে এর জন্য একমাত্র বিদ্যুৎমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকারই দায়ী তাহলে আমি কিন্তু তার সংগে একমত হতে পারব না। গত ২৩ তারিখে চন্দ্রপুরার ট্রান্সফরমার বাষ্ট করল, ২৪ তারিখে দেখলাম বিদ্যুৎ পর্ষদের ট্রান্সফরমারে বিস্ফোরণ ঘটল। সাঁওতালদির কাজকর্ম বন্ধ হল, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের কাজকর্ম বন্ধ হয়ে গেল এবং তার সংগে বিদ্যুৎ পর্ষদের ইঞ্জিনিয়াররা ৪৫ দিন ধরে দেশের ভবিষ্যৎকে বাজী রেখে নিজেদের স্বার্থকে চরিতার্থ করবার জন্য এই সর্বনাশ করলেন--আমি পরিষ্কারভাবে মনে করি যে এটা একটা স্যাবোটেজ, এটা একটা চক্রান্ত এবং আজকে কেবলমাত্র মন্ত্রী বা সরকারের উপর দোষ দিলে চলবে না। আজকে পরিষ্কারভাবে এটার তদন্ত হোক এই স্যাবোটেজের নায়ক কারা, চক্রান্তের নায়ক কারা এবং কারা বিদ্যুৎমন্ত্রী ও পশ্চিমবঙ্গ সরকারকে জনসাধারণের সামনে হেয় প্রতিপন্ন করবার জন্য প্রয়াস চালাচ্ছেন তাদের খুঁজে বের করে পরিষ্কারভাবে শাস্তির ব্যবস্থা করা হোক। মাননীয় স্পীকার, স্যার, আমি এই কথা পরিষ্কারভাবে বলতে চাই যে এই চক্রান্তকারীদের খুঁজে বের করতেই হবে এবং সেই সংগে সংগে বিদ্যুৎ উৎপাদনের কথাও চিন্তা করতে হবে। আমরা দেখেছি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের দুটি জেনারেটিং ইউনিট ছিল। একটি মেটিয়াব্রুজে, অপরটি কাশীপুরে অবস্থিত এবং এই জেনারেটিং ইউনিট দুটি অনেকদিন বন্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের উপর চাপ সৃষ্টি করে মেটিয়াব্রুজ এবং কাশীপুরের জেনারেটিং ইউনিট দুটি যাতে রিভাইভ করা যায় তার জন্য চেষ্টা করতে হবে। আর একটি কথা বলা দরকার যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পূর্বাঞ্চলীয় রাজ্যগুলি অনেকক্ষেত্রে বিমাতৃসুলভ মনোভাব পাচ্ছে। আজকে মন্ত্রিসভা থেকে পশ্চিমবাংলার বুকে বিদ্যুৎ উৎপাদনের জন্য যে সমস্ত প্রকল্প গ্রহণ করছেন সেই সমস্ত প্রকল্প ত্বরান্বিত করতে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে যাতে অধিকতর পরিমাণে বিদ্যুৎ সরবরাহ করতে বাধ্য হন তারজন্য পশ্চিমবঙ্গ সরকারের চাপ সৃষ্টি করা উচিত। আর একটি কথা সর্বত্রই ট্রান্সমিশন লাইন চুরি, বৈদ্যুতিক তার চুরি যাচ্ছে, তার ফলে যে গোলযোগ সৃষ্টি, সংকট সৃষ্টি হচ্ছে তারজন্য একটা প্রতিরোধের ব্যবস্থা করা দরকার। কিছুদিন আগে বিদ্যুৎমন্ত্রী বলেছিলেন দেখলাম বিহার এবং উড়িষ্যা থেকে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ আনবার জন্য তোড়জোড় চলছে। বিহার এবং উড়িষ্যা থেকে যাতে বিদ্যুৎ আনা যায় তার চেষ্টা করতে হবে। আজকে বিদ্যুৎ রেশনিং-এর কথা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বার বার বলা হচ্ছে শুনতে পাচ্ছি। আর একটি কথা উৎপাদনের কেন্দ্রগুলিতে বিদ্যুৎ সরবরাহের সুস্পষ্ট নিশ্চয়তা দেওয়ার প্রাক্‌কালে এই বিদ্যুৎ রেশন প্রথা প্রবর্তন করলে আমি মনে করি উৎপাদন ব্যবস্থা বিপর্যস্ত হবে এবং শিল্পে অশান্তি সৃষ্টি হবে। সেইজন্য ন্যূনতম কলকাতায় ৪৫০ মেগাওয়াট বিদ্যুৎ যতদিন পর্যন্ত না সরবরাহ করা হচ্ছে ততদিন যেন এই বিদ্যুৎ রেশনিং-এর পরিকল্পনা গ্রহণ না করেন। আজকের সংকট শুধু আজকের নয়, এই সঙ্কট ভবিষ্যতের। কাজেই যাতে বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা করা যায় সেই রকম একটা প্রকল্প গ্রহণ করা উচিত এবং সেটা যদি হয়ও তাহলে ১৯৮০।৮১ সালের আগে সেই বিদ্যুৎ উৎপাদন হবে না। তাই ভবিষ্যৎ কালের স্বার্থে আর একটি কথা বলা দরকার। স্যার, দুর্গাপুর ডি,পি,এল প্রোজেক্টের যে সমস্ত ইঞ্জিনিয়ার ধর্মঘটে যোগ দেননি, সরকারী নিয়ম নীতি লংঘন করে অতিরিক্ত সময় কাজ করে এই সংকটের সময়ে বিদ্যুৎ উৎপাদন করে দেশকে চরম সঙ্কটের হাত থেকে বাঁচিয়েছেন, সেইজন্য এই ডি,পি,এল অফিসারদের ক্ষেত্রে যেমন প্রকৃত প্রশাসনিক যোগ্যতার সঙ্গে সুস্পষ্ট পদ্ধতিকে অবলম্বন করা সম্ভব হয়েছে, তেমনি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের গাফিলতির ক্ষেত্রে সেই সুস্পষ্ট প্রশাসনিক দক্ষতা দিয়ে পশ্চিমবঙ্গ সরকার দৃঢ় কঠোর হাতে যাতে এই প্রশাসনিক ব্যবস্থাকে কন্ট্রোল করেন তারজন্য অনুরোধ জানাচ্ছি, আবেদন জানাচ্ছি। আমি জানি এই প্রশাসনিক দৃঢ় পদক্ষেপের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার এই স্যাবটেজকারীদের চূর্ণ-বিচূর্ণ করে দিয়ে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে পশ্চিমবাংলার অগ্রগতি, কৃষ্টি, সভ্যতা, ইতিহাসের উন্নতি হবে, এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-55—8-05 p.m.]

Shri Timir Baran Bhaduri :

স্যার, আমি আমার মূল বক্তব্য রাখার আগে বলি যে, কিছুক্ষণ আগে হাউসে যে ঘটনা ঘটল তাতে আমরা আমাদের তরফ থেকে যে কথাটা বলবার চেষ্টা করেছি সেটা হচ্ছে, আজকে বিদ্যুৎ সংকট পশ্চিমবঙ্গ তথা সারা ভারতবর্ষে এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যে সেই অবস্থার গুরুত্ব অনেক খানি এবং তা উপলব্ধি করেই আমরা হাউসে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আপনার ঘরে বিজনেস এ্যাডভাইসারী কমিটির মিটিং-এর ডিসিসান আমরা জানতাম না সেইজন্য গুরুত্ব উপলব্ধি করেই আমরা এটা হাউসে রেখেছিলাম। স্যার, আপনি আমাদের এটা আজকে আলোচনা করবার সুযোগ দিয়েছেন কাজেই আমি, স্যার, আপনাকে এরজন্য আমাদের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, এরপর আমি আমার মূল বক্তব্য রাখছি। স্যার, একটু আগেই বিদ্যুৎ সংকট সম্পর্কে বলতে গিয়ে ও প.ক্ষর বক্তা কিছুটা কেন, বেশীরভাগই যুক্তফ্রন্টের উপর দায়িত্ব আরোপ করলেন। স্যার, আপনি জানেন, ১৯৬৭ এবং ১৯৬৯ এই দু বছরে দুবারে যুক্ত ফ্রন্ট সরকার মাত্র ২২ মাস সরকারে ছিলেন। তাছাড়া, স্যার, অসমঞ্জবাবুর দলের বিদ্যুৎমন্ত্রী কে, সি, পন্থ আমাদের দলের নেতা শ্রীত্রিদীব চৌধুরীর এক জরুরী প্রশ্নের জবাবে গত ২৪শে এপ্রিল স্বীকার করেছেন যে, পশ্চিমবঙ্গে যে বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে তার কোন সুরাহা এই মুহূর্তে কিছু করা যাবে বলে দেখা যাচ্ছে না। স্যার, তারও আগে শ্রী কে, সি, পন্থ বলেছিলেন প্রয়োজনের তুলনায় বিদ্যুৎ উৎপাদন হচ্ছে না। চতুর্থ যোজনাকালে ৭০ শতাংশ বিদ্যুতের চাহিদা বেড়েছে, খরচ বেড়েছে মাত্র ৩০ শতাংশ আর লক্ষ্যমাত্রা ছিল ৯০ লক্ষ কিলোওয়াট এবং হয়েছে মাত্র ৪০ লক্ষ কিলোওয়াটের মত। তাই, স্যার, অসমঞ্জবাবুকে বলি, এগুলো একটু ভেবে দেখবেন, ভাবের ঘরে চুরি করবেন না। গোটা ভারতবর্ষে আজকে যে বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে সেই বিদ্যুৎ সংকটের ভেতরে বার বার নিজেদের গাফিলতি, নিজেদের দুর্বলতা ঢাকবার জন্য কোন সময়ে যুক্ত ফ্রন্টের উপর দোষ চাপান, কোন সময়ে ইঞ্জিনিয়ার বা কর্মচারী যারা আছেন তাদের উপর দোষ চাপান।

গোটা ভারতবর্ষের দিকে যদি তাকাই তাহলে বলবো যে হ্যাঁ, স্যাবোটেজ হয়েছে বিদ্যুতে, এবং আমি মনে করি এই স্যাবোটেজের সঙ্গে ভারতবর্ষের ধনিক গোষ্ঠী জড়িত রয়েছে। আজকে ভারতবর্ষে পুঁজিপতি এবং কালোবাজারীর সংখ্যা অত্যন্ত বেড়েছে এবং তারা মনে করছে যে যদি এখানে টাকা লগ্নী করা যায় তাহলে আরও বেশী মাত্রায় আমাদের প্রফিট হবে। দেশ স্বাধীন হওয়ার এতদিন পর আজকে এই জিনিষ যে তারা করছে তাতে হয়ত প্রশ্ন উঠতে পারে যে আগে কেন তারা এই জিনিষ করেনি। এর উত্তর হচ্ছে যে আগে এই পুঁজিপতিদের ক্যাপিটেল যেটা ছিল তাতে তাদের পক্ষে একটা থার্মেল প্ল্যান্ট হওয়ার ক্ষমতা ছিল না। আজকে তাদের যে ব্যাংক ব্যালেন্স হয়েছে, তাতে তারা দেখছে সমস্ত ভারতবর্ষের বিদ্যুতের উপর যদি লগ্নী করতে পারি তাহলে আমাদের একটা মোটা প্রফিট আসবে। আমি অসমঞ্জবাবুকে এই দিকে তাকাতে বলি। আমাদের সেচমন্ত্রী কি করেছেন না করছেন, সেটা বাংলাদেশের মানুষ এবং সদস্যরা জানেন। সিদ্ধার্থ শঙ্কর রায় ক্ষমতায় আসার পর চীৎকার করে বলেছিলেন আমরা দশ হাজার গ্রামে বিদ্যুৎ দেব।

Shri Siddharta Sankar Ray :

আমি চীৎকার কোথায় করলাম?

Shri Timir Baran Bhaduri :

গ্রামে গ্রামে মিটিং করেছেন এবং বলেছেন দশ হাজার গ্রামে বিদ্যুৎ দেব। আমি আশা করি উনি অঙ্ক শাস্ত্রে বিশারদ এবং যোগ অঙ্ক ভালভাবেই জানেন। কিন্তু আমি একটা কথা তাঁকে বলি একথা বলার আগে তাঁর ভাঁড়ারে কত বিদ্যুৎ আছে সেটা ভেবে দেখেননি কেন? কাজেই মনে হয় দেশের মানুষকে ধোঁকা দেবার জন্য তিনি বলেছিলেন দশ হাজার

গ্রামে বিদ্যুৎ দেব। সি, পি, আই সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ চেয়েছেন, কিন্তু আমি বলব মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত যদি গণতন্ত্রের প্রতি তাঁর কণা মাত্রও বিশ্বাস থাকে। আমি এই প্রসঙ্গে একটু পুরাণো ইতিহাস বলি যে চীন যুদ্ধের ব্যাপারে কৃষ্ণমেনন পদত্যাগ করেছিলেন আশা করি সিদ্ধার্থবাবু সেকথা ভুলে যাননি। শুধু তাই নয় কথায় কথায় সিদ্ধার্থবাবু যে লালবাহাদুর শাস্ত্রীর কথা বলেন সেই লালবাহাদুর শাস্ত্রীও কিন্তু রেল দুর্ঘটনার জন্য পদত্যাগ করেছিলেন। ভারতবর্ষের বাইরে যেখানে পার্লামেন্টারী ডেমোক্রেসী রয়েছে, সেই ইংলন্ডের দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব হেরল্ড উইলসন পদত্যাগ করেছিলেন। কাজেই বলছি আজকের এই গলদ কাটাতে গেলে একটি কচুর ডগা কেটে কিছু হবে না, এইজন্য বাস্তব দৃষ্টিভঙ্গী দরকার। দশ হাজার গ্রামে বিদ্যুৎ দেব বলে মুখ্যমন্ত্রী বলেছিলেন কিন্তু সেকথা যখন রক্ষা করতে পারেননি তখন আমি মনে করি মুখ্যমন্ত্রীর আর ঐ আসনে বসে থাকার যোগ্যতা নেই। আজকে গোটা বাংলাদেশে যে বিদ্যুৎ সংকট চলছে তাতে আমরা শুধু বিধান সভায় বসে কলকাতার সহরের কথাই চীৎকার করে বলছি কিন্তু আপনি গ্রামের দিকে যদি যান, তাহলে দেখবেন বিদ্যুৎ সংকটের জন্য গ্রামে স্যালো টিউবওয়েল চলছেনা এবং তার ফলে চাষীরা চাষবাদ করতে পারছে না। জুট ইন্ডাস্ট্রির দিকে যদি তাকাই —যার উপর ভারতবর্ষের অর্থনীতি নির্ভরশীল—তাহলে দেখব গত বছর আই জি, এম এ-এর চেয়ারম্যান বলেছেন পঁচিশ কোটি টাকা আমাদের ক্ষতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার আনন্দ হচ্ছে এই জিনিষ দেখে যে ঐ পক্ষের মন্ত্রীর কাগজ যুগান্তরে ধারাবাহিকভাবে সংবাদ বেরিয়েছে।

[8-05—8-15 p.m.]

পদত্যাগ দাবী করেছেন বর্কত সাহেবের, খুব ভাল কথা, প্রফুল্লবাবুর কাগজ—প্রফুল্লবাবু একটু ভেবে দেখবেন, রাত্রির অন্ধকারে, তিনি মানুষকে খেতে দিতে পারছেন কি না, আমি বলতে চাই তিনিও যেন পদত্যাগ করেন, এই সুবুদ্ধি যেন তাঁর আসে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বাজেট ভাষণের সময় বলেছিলাম যে থারমাল পাওয়ার যেখানে যেখানে আছে তাতে যে অবস্থা দেখা দিয়েছে সেই অবস্থার ভিতর ডি,ভি,সি যে কয়লার উপর নির্ভর করে বিদ্যুৎ উৎপাদন হয় তাতে কয়লার মান যা দেওয়া হয় দীর্ঘদিন ধরে, তাতে দেখা যায় ৩০ অংশ এক হওয়ায় দরকার। কিন্তু সেখানে দেখা যাচ্ছে সেই কয়লার ৪০।৫০ ভাগ পর্যন্ত থাকে না। এইভাবে ক্রমান্বয়ে সেই কয়লা দিয়ে থারমাল পাওয়ারকে চালানোর জন্য আজকে দীর্ঘদিন ধরে আস্তে আস্তে বিদ্যুতের সঙ্কট দেখা দিয়েছে এবং এই সরকারের দুরদৃষ্টি নেই, নিয়ার ফিউচার বা ১০ বছর পর আমাদের কত বিদ্যুৎ গোটা পশ্চিমবঙ্গে লাগবে, সেদিকে দৃষ্টি রেখে যে পরিকল্পনা করা উচিত ছিল, এই সরকার তা নিতে পারেননি। বরকত সাহেব মাঝে মাঝে ১৯৭২ সাল থেকে চিৎকার করে আসছেন কাগজে, আমাদের লোড সেডিং হবে না, ১৯৭২ সাল থেকে কি ভাবে তা আমরা দেখেছি। ১৯৭৩ সালে বললেন যে বিদ্যুৎ রেশনিং শুরু হ'ল। তারপর ২৯ এপ্রিল ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন কর্তৃক লোড সেডিং'এর তালিকা প্রকাশ হয়, ১৫ই জুন প্রাক্তন কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ মন্ত্রী কে, এল, রাও বললেন বর্ষা শুরু হলে ডি,ভি,সি এলাকা ছাড়া দেশের বাদবাকী সমস্ত অঞ্চলে বিদ্যুৎ ঘাটতি দুর হবে। তারপর ১৯৭৪ সালের ৩০শে জানুয়ারী বিদ্যুৎ মন্ত্রী বললেন এবার গ্রীষ্মকালে কোন লোড সেডিং হবে না। আমি জানি না বর্কত সাহেব কিভাবে বলেন, কি বিচার বিবেচনা করে বলেন, বর্কত সাহেব আজকে কাগজে বলেছেন আনন্দবাজার পত্রিকার ছবি দিয়ে বেরিয়েছে, তিনি বলেছেন, আমি এটা তদন্ত করবার পর যদি দেখা যায় যে বিদ্যুৎ ঘাটতির জন্য আমি দায়ী তাহলে আমি পদত্যাগ করবো। এতদিন পর চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেবার পর, তিনি আবার কর্পোরেশন-এর কথা বললেন। তাঁর যোগ্যতা তো ১৯৭২ সাল থেকে দেখতে পাচ্ছি, তাঁর সমস্ত কথাগুলো যা বলেছেন, একটার সঙ্গে আর একটার কোন মিল নেই, কার্য্যকারীতা নেই। দ্বিতীয়তঃ নুতনভাবে মানুষকে ধাপ্পা দেবার চেষ্টা হচ্ছে। তা যদি হয়ে থাকে আজকে ১৯৭৪ সালের এপ্রিল মাসেও যখন কলকাতা শহরে অন্ধকারে ছেয়ে রয়েছে বিদ্যুৎ মন্ত্রীর যদি সৎসাহস থাকে, গণতন্ত্রের উপর আস্থা থাকে তাহলে এই মুহূর্তে পদত্যাগ করা উচিত ছিল। আজকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিতে হবে? বলতে হবে আপনি

পদত্যাগ করুন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাবতে অবাক লাগে, পদত্যাগ করা সমস্যার সমাধান হবে না, আজকে আপনি বলুন, আমার প্রশ্ন যে সমস্ত সরকারী কর্মচারীদে আমলাতন্ত্রের উপর নির্ভর করে যে স্টেটমেন্ট দিয়েছেন, কাগজে স্বীকার করেছেন, তাহ আপনার বিচার বুদ্ধি, জ্ঞান গম্যি কি ছিল না? এরা যা কথা বলছে আপনাকে, যে কথাগুলো বলে সাধারণ মানুষকে ভাঁওতা দেবার চেষ্টা করছেন?

আজকে সুতা শিল্পে বা অন্যান্য ইঞ্জিনিয়ারিং শিল্পে লক্ষ লক্ষ কর্মচারীকে বেকার হ হচ্ছে, লে-অফ হচ্ছে, লক-আউট হচ্ছে, ক্লোজার হচ্ছে এবং আজকে দুটো বড় ইঞ্জিনীয়া শিল্পের চেয়ারম্যান ঘোষণা করেছেন যে ক্রমাগত যদি এই ভাবে বিদ্যুৎ চলতে থা তাহলে গোটা মিল আমাদের বন্ধ করে দিতে হবে। বিদ্যুৎ মন্ত্রীর দলের সদস্য শ্রী গৌত চক্রবর্তী কিছুদিন আগে এই বিধান সভায় চিৎকার করে বলেছেন গ্রামে যে বিদ্যুতের তা গিয়েছে তাতে কাপড় শুকানো হয়। আজকে যদি এটা সত্যি হয় তাহলে গৌতমবা সেদিন কেন আপনি ঐ বরকত সাহেবের পদত্যাগ চাননি? আপনারা যে প্রতিশ্রুতি দিয়ে মানুষের কাছে এসেছিলেন, সেই প্রতিশ্রুতি একটাও যদি ঠিক মত পালন করতে না পারে তাহলে শুধু বরকত সাহেব নয় এই মন্ত্রীসভার পদত্যাগ করা উচিত। যারা বাংলাদেশে মানুষের আহারের ব্যবস্থা করতে পারছে না, যারা কাপড়-চোপড়-এর ব্যবস্থা করতে পারছে না, এমন কি আলো বাতাস পর্যন্ত দিতে পারছেন না সভ্য দেশ হতে হলে যা দরকার সেই আলো বাতাস পর্যন্ত যারা বন্ধ করে দিয়েছেন আমি মনে করি সেই সরকারের পদত্যাগ করা উচিত এবং বরকত সাহেব বিধান সভায় ঘোষণা করবেন কাল সূর্য ওঠার আগেই তিনি পদত্যাগ করবেন, তবে আমি তাঁকে বাহবা দেব, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ মাননীয় তিমির বরণ ভাদুড়ীর বক্তব্য শুনছিলাম। তিমিরবাবু মন্ত্রীসভার পদত্যাগ চেয়েছেন। মন্ত্রীসভার পদত্যাগ চাইছেন এই জন্য আমার মনে হয় আসল বক্তব্যের মধ্যে না গিয়ে, আসল ঘটনার মধ্যে না গিয়ে যে, পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষ যে সরকারকে প্রতিষ্ঠিত করেছে, তাকে স্বাভাবিক ভাবে সরান যাবেনা, তাই এই রকম একটা কথা বললে যদি এই সরকার পদত্যাগ করে তাহলে ওদের আসার সুবিধা হয়। সেই আশা কম। এখন তিমিরবাবুকে আমি বলব যে আমরা সবাই স্বীকার করছি পশ্চিম বাংলায় বিদ্যুৎ সংকট আছে এবং শুধু পশ্চিমবাংলায় নয় ভারতবর্ষের প্রত্যেক রাজ্যেই বিদ্যুৎ সংকট হচ্ছে। আমি ভারতবর্ষের অন্য রাজ্যের কথায় এখন যেতে চাই না। মাননীয়া সদস্যা শ্রীমতি গীতা মুখার্জী যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের মধ্যে আমার বক্তব্যকে সীমাবদ্ধ রাখব। মূলত বৃহত্তর কলকাতার শিল্প অঞ্চলকে কেন্দ্র করে বিদ্যুৎ সংকট প্রকট হয়ে উঠেছে এবং সেটা আমাদের এখানকার সবাইর মনে রাখা উচিত। এই কথা ঠিক যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ত্রুটি বিচ্যুতি আছে এবং এটা আমরা কেউ অস্বীকার করতে পারিনা। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ও কোন জায়গায়েই অস্বীকার করেননি। প্রশ্নটা হচ্ছে আমি অনুরোধ জানাব তিমির বাবুকে যে আসল সংকটটা কোথায় একটু জানুন। সেই সংকটটা হচ্ছে আমাদের পশ্চিমবাংলার বিদ্যুৎ সরবরাহের মূল উৎসটা কোথায়, সেই উৎসটা হচ্ছে—ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সেখানে প্রধান ছিল না, প্রধান ছিল ডি, ভি, সি,। এখন ডি, ভি, সি, তাদের যে মূল পরিকল্পনা ছিল সেই পরিকল্পনা থেকে ডি, ভি, সি, ডিভিয়েট করেছে। আমি এটা মাননীয় তিমিরবাবুকে স্মরণ করতে বলি যে ডি, ভি, সি,-র যে হাইড্রাল সেই হাইড্রাল-এর বাইরে যে ডিমাণ্ড হবে ডি, ভি, সি, এরিয়ায় সেগুলি থার্মাল দিয়ে পূরণ করা হবে, এই ঠিক ছিল। কিন্তু যে কোন কারণে হোক ডি, ভি, সি, সেই থার্মাল প্ল্যান্ট তৈরী করতে পারেনি বা সেই সব থার্মাল প্ল্যান্ট প্রকল্প হয়নি। পরবর্তীকালে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সেই দায়িত্ব নিয়েছে। এখন প্রশ্ন হচ্ছে এই যে সরকার, এই সরকার ডি, ভি, সি,-র ঐ পরিকল্পনা থেকে বিদ্যুৎ না পাওয়ার জন্য দায়িত্বশীল হবে কিনা?

[8-15—8-25 p.m.]

ডব্লু. বি. এস. ই. বি. যে সমস্ত প্রকল্প গ্রহণ করেছিলেন তারজন্য এই সরকার দায়িত্বশীল আছেন কিনা সেটা আলোচনা করা দরকার। আমরা অস্বীকার করছিনা শিল্পে সংকট দেখা দিয়েছে; গ্রামাঞ্চলে পাম্প ও স্যালো টিউবওয়েলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, কোলকাতা ও শহরতলীতে অন্ধকার আছে। এরজন্য শুধুমাত্র মুখ্যমন্ত্রী ও মন্ত্রীসভার সদস্যদের আসামীর কাঠগোড়ায় দাঁড় করানো হবে কিনা সেটাও প্রশ্ন নয়। আমি বলতে চাই সি. ই. এস. সি.-র যে এক্সটেনসন করার ছিল সেগুলি তারা করেনি। শ্রীমতি গীতা মুখার্জীর কথায় তারা স্যাবোটেজ করেছে। ডব্লু. বি. এস. ই. বি.-র ইঞ্জিনীয়াররা দীর্ঘদিন ধরে এই কাজ তারাও করছে। আমি ব্যাণ্ডেল থারমাল প্লান্ট-এর শ্রমিক ইউনিয়ন-এর সঙ্গে যুক্ত আছি বলে বলতে পারি ১৯৬৭ সাল থেকে এই স্যাবোটেজ চলছে। ইঞ্জিনীয়ারদের যখন ধর্মঘট হয় তখন কনভেয়র বেল্ট-এ আগুন লেগে যায়। ব্যাণ্ডেল থারমাল প্লান্ট-এর ইঞ্জিনীয়াররা কোনরকম মেইনটেনেন্স-এর কাজ করে কিনা আজ দেখা হোক। অতএব শুধুমাত্র মুখ্যমন্ত্রী ও বিদ্যুৎমন্ত্রীকে দায়িত্বশীল করে লাভ হবে না। ইঞ্জিনীয়ার, শ্রমিকদের যদি ধর্মঘট করার প্রয়োজন থাকে তাহলে তা পশ্চিমবঙ্গের ৪½ কোটি মানুষের স্বার্থকে বলি দিয়ে নয়। ব্যাণ্ডেলের একটা ইনস্টান্স রাখছি যে সেখানকার ইঞ্জিনীয়াররা গত ৪৬ দিন ধরে পরিকল্পিতভাবে সেখানকার প্রোডাকসন বন্ধ করার চেষ্টা করেছিল। একথা আমাদের সকলের জানা আছে আজ সারা দেশে ব্যুরোক্র্যাট ও টেকনোক্র্যাট-দের মধ্যে একটা কনট্রোভারসি উঠেছে এবং এই প্রচেষ্টায় ডি. ভি. সি., সি. ই. এস. সি., ডব্লু. বি. এস. ই. বি. ইত্যাদি সব প্লান্টে চলছে। এটা সামনে রেখে সঙ্কটের কথা বলা দরকার এবং সাজেসন রাখা দরকার সামনে যে সঙ্কট চলছে তা থেকে উত্তীর্ণ হতে গেলে আমাদের এখন কি কি করা দরকার। সেইরকম সাজেসন যদি তিমিরবাবু দিতে পারতেন তাহলে বুঝতাম। কিন্তু একথা না বলে তিনি মন্ত্রীদের পদত্যাগ দাবী করছেন। তিনি ভাল ভাবেই জানেন সঙ্কট ২।৯ দিনে সুরাহা হবে না। সেই সব সাজেসন না রেখে রাজনৈতিক উদ্দেশ্যে তিনি এই বক্তব্য রেখেছেন। এই বলে আমি শেষ করছি।

Shri Gautam Chakravartty:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ মন্ত্রীর পদত্যাগ আমি এই মুহূর্তে চাইছি, তবে তার আগে একটা শর্ত আছে সেটা হচ্ছে মাননীয় তিমিরবাবু এই মুহূর্ত থেকে বিদ্যুৎ মন্ত্রীর পদটা যদি গ্রহণ করেন এবং আগামী কাল থেকে পশ্চিমবঙ্গে বিদ্যুতের যে ঘাটতি আছে সেই সমস্যার মোকাবিলা করা যাবে এবং সমস্ত বিদ্যুৎ ঘাটতি পশ্চিমবঙ্গ থেকে চলে যাবে, তাহলে কিন্তু আমি রাজী আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে লোড সেডিং-এর ফলে পশ্চিমবঙ্গের যে দুরবস্থা, অর্থনৈতিক যে বিপর্যয় সে সম্বন্ধে কোন বক্তব্য রাখতে চাই না, তবে বিগত দিনে ক্ষমতায় যাঁরা আসীন ছিলেন তাদের উপর দোষারোপ নিশ্চয়ই আমরা করব। কি কারণে করব তার একটা মাত্র এক্সাম্পল দিতে পারি, ১৯৬৪-৬৫ সালে তদানীন্তন পশ্চিমবঙ্গের যিনি শিল্প মন্ত্রী ছিলেন, বর্তমানে যিনি শিল্প মন্ত্রী আছেন, যে ডিপার্টমেন্টে এখন পর্যন্ত একটা ইঁট পড়েনি, সেই মন্ত্রী মহাশয়ের আমলে সেন্ট্রাল গভর্ণমেন্টের ২২ কোটি টাকার একটা প্রকল্প দুর্গাপুরে হওয়ার কথা ছিল এবং সেই প্রকল্পের জন্য ইউ. এস. এড. ফাণ্ড থেকে লেন্ড করার কথা ছিল। অত্যন্ত দুঃখের কথা তদানীন্তন মন্ত্রী মহাশয় দুর্গাপুরের সেই প্রোজেক্টকে স্যাংকসান করলেন না। আজকে ১৯৭৪ সালে আমরা তার খেসারত দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমরা এখানে বিদ্যুৎ ঘাটতি সম্বন্ধে আলোচনা করছি, কিন্তু আমি একথা বলতে পারি দুর্গাপুর এবং ডি. ভি. সি.-র কর্মচারীরা দিনের পর দিন কোল কেনার নাম করে যে সমস্ত দুর্নীতি করছেন তা আপনার কাছে বর্ণনা করার ভাষা আমার নেই। পশ্চিমবঙ্গের তথা ভারতবর্ষের কয়লা নিয়ে যদি জাপানে হাজার হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে তাহলে ভারতবর্ষে পশ্চিমবঙ্গে সেই কোল নিয়ে আমরা কেন বিদ্যুৎ উৎপাদন করতে পারব না? আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে কিছুদিন আগে ১৯৭৩ সালে যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সি. ই. এস. সি.-র যে সমস্ত দায়িত্বশীল ব্যক্তি রয়েছেন তাঁদের সাথে কথা বলেছিলেন তখন তাঁরা বলেছিলেন আমাদের ভাল কোল দাও আমরা ভালভাবে জেনারেট করতে পারব।

আমরা দেখে ছিলাম মাননীয় মুখ্যমন্ত্রীর চেষ্টায় সি, ই, এস, সিতে বেশী উৎপাদন করতে পেরেছিলাম। কিন্তু যে মুহূর্তে সমস্ত কিছু সরকারী আমলাদের হাতে চলে গেল, কোলকে যখন জাতীয়করণ করা হল, আমরা দেখতে পাচ্ছি প্রত্যেকটি জায়গায় ইনফিরিয়র কোয়ালিটির কোল দিয়ে আমাদের বিদ্যুৎ ঘাটতির একটা বিরাট শক্তি সঞ্চয় করে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আজকে আপনার মাধ্যমে বলতে চাই যে আগামী দিনে পশ্চিমবঙ্গের বুকে আমরা কোন প্ল্যান্ট করব, যে প্ল্যান্টে আমরা আগামী দিনে বিদ্যুৎ জেনারেট করতে পারব, যে সমস্ত শিল্পে আমাদের ইঞ্জিনিয়ার আছে সেই সমস্ত শিল্পগুলি আমাদের এখানে হওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ কি ধাপার মাঠ? সেখান বাইরে থেকে ওয়েস্ট জার্মানী থেকে রাশা থেকে ইউ, এস, এ, থেকে সব বড় বড় রোদ্দী যত সব ভাংগা মেশিন আমাদের ভারতবর্ষের বুকে প্রতিষ্ঠিত করবে আর ভারতবর্ষের বুক থেকে শোষণ করবে এ চলতে পারে না। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করতে চাই আমাদের পশ্চিমবঙ্গে আরো ছোট ছোট প্ল্যান্ট গ্রহণ করুন যে প্ল্যান্ট আমাদের পশ্চিমবঙ্গে যে সমস্ত ইঞ্জিনিয়ার আছেন তাঁরাও তৈরী করতে পারেন। আমাদের পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে যে সমস্ত ইলেকট্রিক্যাল মেশিনারী গুড্‌স তৈরী হচ্ছে ভূপালের মত সুন্দর সুন্দর ফ্যাক্টরীতে সেই সমস্ত গুড্‌স দিয়ে আগামী দিনে আমরা পশ্চিমবাংলার বুকে নতুন বিদ্যুৎ সঞ্চার করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে আমাদের নিশ্চয়ই কিছু কিছু ত্রুটি আছে, আমরা বিরাট আশা নিয়ে ১৯৭২ সালে যখন বিধান সভায় এসেছিলাম, গ্রামের দুস্থ মানুষের দিকে তাকিয়ে যখন ছিলাম, শুষ্ক মাঠগুলির দিকে যখন তাকিয়ে ছিলাম, আমরা ভেবেছিলাম শুষ্ক মাঠকে সজীব করে দেব। আমরা গ্রামের দরিদ্র মানুষের পাশে দাঁড়াতে চাই, সেজন্য আমরা রুরাল ইলেকট্রিফিকেশানের জন্য চেঁচামেচি করেছিলাম।

[8-25 - 8-35 p.m.]

আমি মাননীয়া সদস্যা গীতা মুখার্জীর সঙ্গে একমত যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বহু অফিসার আছেন বহু কর্মী আছেন যাদের ঠিক ঠিক জায়গায় বসান হয়নি। আমি উদাহরণস্বরূপ বলছি মালদহতে রুরাল ইলেকট্রিফিকেশনের যিনি ডিভিশনাল ইঞ্জিনীয়ার, তিনি হেভি প্ল্যান্টের একজন এক্সপার্ট। অথচ দুঃখের বিষয় তাঁকে পোল বসানোর দায়িত্ব দেওয়া হয়েছে। কাজেই বলছিলাম যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে যে সমস্ত দায়িত্বশীল লোক আছেন, তাঁদের যেন সত্যিকারের পদে প্রতিষ্ঠিত করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় স্যাবোটেজ যে হচ্ছেনা একথা আমি অস্বীকার করিনা। আমি মনে করি এই স্যাবোটেজকে দূর করতে হলে পশ্চিমবঙ্গ সরকারের দৃঢ় পদক্ষেপ নিতে হবে। এবং দরকার এখানে আমরা যে মিসা আইন পাশ করেছি সেই মিসা আইনের সাহায্যে যে সমস্ত ব্যক্তির আমাদের এই প্ল্যান্ট— স্যাবোটেজ করছে, তাদের গ্রেপ্তার করতে হবে। সর্বশেষে আমি বলব কিছু দিনের জন্য সিনেমা হলে থিয়াটার হলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হোক্ এবং স্ট্রীট লাইটস্, এয়ারকুলার, এয়ারকন্ডিশন্ ইত্যাদি কিছুদিনের জন্য বন্ধ রাখা হোক। এই সম্বন্ধে আর একটু বক্তব্য হচ্ছে আগামী দিনে যে সমস্ত মাল্টিস্টোরি বিল্ডিং হবে সেখানে সরকার থেকে আইন করে বলে দেওয়া হোক্ যে নিজেদের জেনারেটর বসিয়ে এগুলি চালাতে হবে। আমি মনে করি এইভাবে করলে আগামী বিদ্যুতের ক্ষেত্রে আমাদের যে ঘাটতি আছে, সেটা মেটাতে পারব। এছাড়া যে সমস্ত স্টোরে দোকানে সুন্দর আলো জ্বালিয়ে বিদ্যুৎ এক্সপ্লয়েট করা হচ্ছে সেগুলি বন্ধ করতে হবে। এই কথা বলে বক্তব্য শেষ করছি। জয়হিন্দ॥

Shri Sukumar Bandyopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় আমরা যে বিদ্যুৎ সঙ্কট নিয়ে আলোচনা করছি, সেই বিদ্যুতের অবস্থা পশ্চিমবাংলায় যা হয়েছে, তা দেখে মনে হয় আমরা এমন একটা অবস্থায় ফিরে যাচ্ছি যেখানে কোন আশা নেই, আলো নেই, চলার পথ নেই। এবং রবীন্দ্রনাথের ভাষায় বলি "দাও ফিরে সেই অরণ্য লও এ নগর"। বিদ্যুৎ সংকটের

জন্য আজকে আমাদের এই অবস্থা হয়েছে, কলকারখানা সঙ্কটের মধ্যে গিয়ে পড়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠান এই অবস্থার মধ্যে গিয়ে পড়েছে। আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে এক কথায় বলা যেতে পারে পশ্চিমবাংলার সমস্ত রকম অগ্রগতি এবং প্রগতি স্তব্ধ হয়েছে এই বিদ্যুৎ সঙ্কটের জন্য। এই সঙ্কট সম্বন্ধে আলোচনা করতে উঠে মাননীয়া সদস্যা গীতা মুখার্জী তারস্বরে এবং তিমিরবাবু উচ্চকণ্ঠে দাবী করলেন বিদ্যুতমন্ত্রী পদত্যাগ করলেই এই সঙ্কটের সুরাহা হবে। ভাবের ঘরে চুরি একথা বলার মধ্যে সত্যতা কতদূর আছে আমি জানিনা অথবা চোরের মার বড় গলা একথা বলার মধ্যে সত্যতা কতটা আছে আমি জানিনা। আমি পরিস্কার করে বলতে চাই এই সঙ্কটকে আমরা ছোট করে দেখতে চাইনা। এখন প্রশ্ন হল এই সঙ্কট কখন থেকে সুরু হয়েছে? এতে কোন কোন সদস্য ইঙ্গিত দিয়েছেন যে, এটা সুরু হয়েছে ১৯৬৬ সাল থেকে। অর্থাৎ তাঁরা বলছেন যুক্ত ফ্রন্টের অর্থমন্ত্রী জ্যোতিবাবু, পি, সি, সেনের অর্থমন্ত্রী শৈলবাবু এবং পি.ডি.এ-গভর্ণমেন্টের অর্থমন্ত্রী প্রতাপ চন্দ্র চন্দ্রকে অর্থাৎ এই সমস্ত বাঘা বাঘা অর্থমন্ত্রীকে যখন সতর্কবাণী উচ্চারণ করা হয়েছিল যে, পশ্চিমবাংলায় বিদ্যুৎ সঙ্কট নেমে আসছে তখন কিন্তু তাঁরা কোন পরিকল্পনা দেননি এবং কেউই একথা বলেননি যে, বিদ্যুৎ উৎপাদনের জন্য এখনই যুদ্ধকালীন অবস্থা চিন্তা করে আমাদের প্ল্যান করতে হবে। জ্যোতিবাবু যে মন্তব্য রেখেছিলেন সেই ফাইল নাকি এখন খুঁজে পাওয়া যাচ্ছেনা। তবে তিনি নাকি বলেছিলেন, বিদ্যুৎ প্রসাধন সামগ্রী, লাকসারী, কাজেই বিদ্যুতের উৎপাদনের দরকার নেই, কেবলমাত্র রাজনীতিতে প্রতিষ্ঠার জন্য আন্দোলন করে যাও। ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল এই ৫ বছর আমরা যে অবস্থার মধ্য দিয়ে চলেছি, যেভাবে আমাদের প্রগতি স্তব্ধ হয়েছে, যেভাবে উৎপাদন নষ্ট হয়েছে, যেভাবে পশ্চিম বাংলার কৃষি এবং শিল্পকে সমৃদ্ধি করবার স্বপ্ন চুরমার হয়ে গেছে তাতে সিদ্ধার্থশঙ্কর রায়ের অপরাধ যে তিনি সেই সুন্দর স্বপ্ন দেখেছিলেন। সিদ্ধার্থশঙ্কর রায়ের অপরাধ তিনি তিমিরবাবুর কাছে চেয়েছিলেন এই সঙ্কটকে চুরমার করে দিন, এই সঙ্কটকে মোকাবিলা করুন। এই সঙ্কটকে অস্বীকার করার কথা সিদ্ধার্থশঙ্কর রায় কোনদিন বলেননি। স্যার, আজকে সত্য কথা বলা দরকার আজকের এই যে সঙ্কট এটা ১৯৭২ সালের সঙ্কট নয়, এটা ১৯৭৩ সালের সঙ্কট নয়।

১৯৭২ সালে সাঁওতালদিতে মাত্র ৪৫ অংশের কাজ হয়েছে। ১৯৭২-৭৩ সালে সেই কারখানা আমরা চালু করবার জন্য চেষ্টা করেছিলাম। সেই কারখানা চালুও হয়েছিল। আজকে বরকত সাহেবের পদত্যাগ দাবী করা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, যে ডি.ভি.সি বিদ্যুৎ সরবরাহ করে, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন বিদ্যুৎ সরবরাহ করে, সেগুলি কি পশ্চিমবঙ্গের অধীনে? আমি জিজ্ঞাসা করি ডি পি, এল যারা বিদ্যুৎ দেয়, ইলেকট্রিক কোম্পানী, এর কোন সংস্থা কি আমাদের অধীনে? আজকে আমি একথা জোর করে বলতে পারি ডি ভি সি-এর যে দায়িত্ব পালন করার কথা ছিল পশ্চিমবঙ্গের প্রতি তারা সে দায়িত্ব পালন করেনি, নিম্ন পশ্চিমবঙ্গ যে বিদ্যুৎ চেয়েছিল ডি ভি সি-র কাছে আমরা দেখলাম জোর করে সেই বিদ্যুৎ টেনে নিয়ে গেছে বিহারে। তা আমরা পারিনি। যে বিদ্যুৎ আমাদের পশ্চিমবঙ্গের পাবার কথা ছিল, সেই বিদ্যুৎ বিহার কেড়ে নিয়ে গেছে। তার ফলে আজকে এই সঙ্কট আরম্ভ হয়েছে এবং আমাদের ভোগ করতে হচ্ছে। কোন দায়িত্বশীল যে বিরোধী পক্ষ, আমাদের শরিক তাদের কাছ থেকে আমরা আজকে কি নির্দেশ চাই? সেটা কি বরকত সাহেবের পদত্যাগ? মুখ্যমন্ত্রীর থাকার কোন দরকার নাই। পৃথিবীর কোন দায়িত্বশীল বিরোধী পক্ষ একথা বলেনা। যাঁরা একথা বলেন তাঁরা জনগণের কাছ থেকে কোন দায়িত্ব পাননি এবং কোন দায়িত্বভার পাননি বলেই এমন কথা বলতে পারেন। আজকে দেখলাম শ্রদ্ধেয়া গীতা মুখোপাধ্যায়-এর কণ্ঠস্বর এবং তিমিরবাবুর কণ্ঠস্বর মিলে একাকার হয়ে গেল। তাঁদের কথায় এই বিদ্যুৎ সঙ্কটকে মোকাবিলা করার একমাত্র যাদুমন্ত্র হচ্ছে বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ। আশ্চর্য্যজনক কথা। আজকে বিধানসভায় দাঁড়িয়ে আমি একথা তাঁদের কাছে শুনলাম। আমি বিদ্যুৎ সঙ্কটের পরিপ্রেক্ষিতে কিছু নিবেদন করতে চাই। আজকে ডঃ জয়নাল আবেদিন সাহেব রয়েছেন, মাননীয় মুখ্যমন্ত্রী রয়েছেন, পশ্চিমবঙ্গের তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে যে কয়লা সরবরাহ করা হয় তা মোটেই ভাল হয়। নিকৃষ্ট ধরণের কয়লা। তাতে বহু পাথরকুচো

থাকে যার জন্য তাপ বিদ্যুৎ কেন্দ্রের বহু যন্ত্রাংশকে চুরমার করে দিচ্ছে। আজকে তাই এই বিষয়ে আমি কয়েকটি সুপারিশ আপনার মাধ্যমে করতে চাই।

আজকে বিভিন্ন প্রকল্প কর্তৃপক্ষকে জল ও তাপ উভয় বিদ্যুৎ ক্ষেত্রেই রক্ষাণাবেক্ষণের কর্মসূচী প্রস্তুত করতে হবে এবং যন্ত্রাংশের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রতিটি তাপ বিদ্যুৎ কেন্দ্রে যাতে উপযুক্ত পরিমাণ কয়লা ও জ্বালানী সরবরাহ হয়, এবং সেজন্য যাতে প্রয়োজনীয় পরিবহণ ব্যবস্থা সুনিশ্চিত করা হয়, সেটা দেখতে হবে। কোন ওয়াশিরিতে শোধিত কয়লার উৎকর্ষ বিধানের জন্য যে ব্যবস্থা আছে, তাতে একবার নয়, দুবার নয়, ত্রিস্তর নিডলিং-এর ব্যবস্থা করতে হবে। আজকে তাপ বিদ্যুৎ কেন্দ্রের অবস্থা অত্যন্ত ভয়াবহ। যে সমস্ত দেশপ্রেমিক লোক আছেন, সেই রকম দেশের জন্য উৎসর্গীকৃত প্রাণ বিশেষজ্ঞদের দ্বারা তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের সুপারিশ গ্রহণ করতে হবে। তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে প্রশিক্ষণের ব্যবস্থা নাই। সরকার থেকে ব্যবস্থা করতে হবে যাতে প্রশিক্ষন ব্যবস্থা ত্বরান্বিত করা হয়। আগামী দিনে যাতে তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি ভাল এবং সুষ্ঠুভাবে চলে, তাতে যাতে কোন রাজনীতি অনুপ্রবেশ না করে সেটাও দেখতে হবে। তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে যাতে কোন রাজনৈতিক সিদ্ধান্ত না নেওয়া হয় এবং জল ও কয়লার উন্নততর পরিবহন ব্যবস্থা যেখানে সহজলভ্য হবেনা সেখানে যেন না করা হয়।

মাননীয় খনি ও ইস্পাত মন্ত্রী শ্রী কে ডি মালভিয়া আসানসোলে এসেছিলেন, তিনি বলেছিলেন যে কয়লাখনি চালাবার জন্য বিদ্যুৎ কেন্দ্র সেখানে স্থাপন করতে পারেন।

[8-35—8-45 p.m.]

রেলমন্ত্রী ললিত নারায়ণ মিশ্রের সঙ্গে আমার কথা হয়েছে, তিনিও সেটা করোবোরেট করেছেন যে আমাদের পশ্চিমবঙ্গে আসানসোল এলাকায় রেলের পক্ষ থেকে একটা তাপ-বিদ্যুৎ কেন্দ্র তারা তৈরী করতে চায়। রেল কর্তৃপক্ষ ও কয়লা খনির কর্তৃপক্ষকে অবিলম্বে বলা হোক আসানসোলে কয়লাখনি এলাকায় জন্য তোমরা ঐ তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন কর। আমরা দুর্গাপুর থেকে বিদ্যুৎ নিয়ে ও বিভিন্ন ডি-ভি-সি থেকে বিদ্যুৎ নিয়ে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ ঘাটতি পূরণ করবার চেষ্টা করবো। এই দাবী কেন্দ্রের কাছে আমাদের তুলে ধরতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে রয়েছেন, আমি একটা কথা বলতে চাই আজকে বিধান সভা চলছে হয়ত আরো কয়েকদিন চলবে; বিধানসভাকে গোপন করে কোন পাওয়ার ডিসট্রিবিউসান বা রেশনিং-এর ব্যবস্থা যেন ঠিক করা না হয়। বিধান সভাকে জানাতে হবে, আমরা যেন জানতে পারি এই পাওয়ার রেশনিং কি পদ্ধতিতে কী ভাবে ঠিক করা হবে। এই সংকটের সময়ে যেন পাওয়ার রেশনিং-এর উপর কোন ভুল সিদ্ধান্ত নেওয়া না নয়। এই সম্পর্কে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া উচিত।

আপনার মাধ্যমে স্যার, এই কয়টী কথা মাননীয় মুখ্যমন্ত্রী ও বিদ্যুৎ মন্ত্রীর কাছে রেখে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Shri Satya Ranjan Bapuli : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হবে বলে আমরা বসেছি রাত্রি সাড়ে আটটার সময়ে। কিন্তু আমার একটা বিষয়ে অত্যন্ত দুঃখ হচ্ছে যে সি,পি,আই বন্ধু ও আর,এস,পি বন্ধু যাঁরা, এইটাকে তাঁরা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করেছিলেন বলে আমরা ভেবেছিলাম। বোধ হয় সরকার ও জনগণের দুঃখ-দুর্দশা দূর করবার জন্য তাঁরা কোন কনক্রিট সাজেশান দেবেন। কিন্তু দুঃখের বিষয় তাঁদের বক্তৃতায় আমরা হতাশা বোধ করছি সি,পি,আই-এর মাননীয় সদস্যা গীতা দেবী তিনি আজ সাজেশান দিলেন যে বরকত সাহেব যেন এই বিদ্যুৎ সংকটের পরিপ্রেক্ষিতে পদত্যাগ

করেন। তিমিরবাবু সাজেশান দিলেন মাননীয় মুখ্যমন্ত্রী যেন পদত্যাগ করেন। তাহলে পশ্চিমবঙ্গে তথা কলকাতার রাজপথে আলো জ্বলবে এবং বিদ্যুৎ সংকট বলে কোন সমস্যাই আর থাকবে না। কিন্তু দুঃখের কথা তাঁরা শুধু মুখেই বলেন সমস্যাটা গুরুত্বপূর্ন, কিন্তু কাজের বেলায় দেখলাম সমস্যা সম্বন্ধে গভীরভাবে কোন রকম চিন্তা করেছেন বলে মনে হল না। আজকের বিধানসভার আলোচনা শুনে পরিষ্কার বোঝা গেল কেন—অপজিসনে যাঁরা রয়েছেন, যাঁরা মোর্চার শরিক দল রয়েছেন, তাঁদের আজ জনগণ ক্ষমতায় না বসিয়ে আমাদের কংগ্রেস দলকে ক্ষমতায় বসিয়েছেন। কংগ্রেস আজকে যেমনভাবে চিন্তা করছেন চেষ্টা করছেন, এই বিদ্যুৎ সংকটের দিনে কি করে কি করা যায় এই সঙ্কট দূর হতে পারে, এই সমস্যার আশু সমাধান করা যায়, অন্যেরা তার কিছুই করছেন না। আজ এই সমস্যা সমাধানের জন্য কংক্রিট সাজেশান দরকার। সেই কংক্রিট সাজেসান দেওয়া দূরের কথা, তাঁরা আজ মন্ত্রীদের পদত্যাগ করার সাজেসান দিচ্ছেন, যেন তাহলেই সব সঙ্কটের সমাধান হবে। এই প্রসঙ্গে বলতে গিয়ে আর একজন বিরোধী সদস্য খাদ্য মন্ত্রীর পদত্যাগ করবার দাবী করে বসলেন যেন তাহলেই সমস্যার সমাধান হয়ে যাবে। এটা আমি বুঝতে পারি না সেইজন্য কি আজকে আমরা বিধানসভার এত অমূল্য সময় নষ্ট করছি?

আপনি জানেন স্যার এই যে বিদ্যুৎ সঙ্কট এটা শুধু পশ্চিমবাংলায় নয়। আমরা দিল্লীতে গিয়েছিলাম সেখানেও বিদ্যুৎ সঙ্কট আরম্ভ হয়েছে। পশ্চিমবাংলার সাড়ে চার কোটী লোক অন্ততঃ বিশ্বাস করেছে যে কংগ্রেসের উপর দায়িত্ব দিয়ে তাঁরা সকল সমস্যার সমাধান করতে পাবে। এই গুরুত্বপূর্ন আলোচনায় সি,পি,আই ঐ আর,এস,পি বন্ধুদের ভূমিকা এই হাউসে প্রমাণিত হয়েছে।

আপনি জানেন স্যার, আজকে শিল্পাঞ্চলে অত্যন্ত বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে। এই বিদ্যুৎ সঙ্কট গত ১৯৭২ সাল থেকে আরম্ভ হয়েছে। তার আগের পাঁচটী বছর বিদ্যুৎ উৎপাদনের জন্য যা যা করা উচিত ছিল, যে সমস্ত দায়িত্বশীল ব্যক্তি ও পার্টী তখন এই সরকারী প্রশাসনে অংশ গ্রহণ করেছিলেন, তাঁদের কি উচিত ছিল না সময় থাকতে আগে আগে এই প্ল্যান্ট এই ইলেকট্রিক জেনারেটীং প্ল্যান্ট বসানো যাতে করে পরবর্তী দু-তিন বছরের মধ্যে তার আউট-পুট পাওয়া যেতে পারে? বিদ্যুৎ সমস্যার সমাধান দূরের কথা শিল্পের উন্নতি সাধনের ব্যাপারে কোন দিন একটী কাজও তাঁরা ভেবেচিন্তে করেন নাই। কিজন্য করেন নাই? দু-দুবার সুযোগ পেলেন তাঁরা, অথচ পশ্চিমবাংলার শিল্পোন্নয়নের ব্যাপারে একবারও চিন্তা করলেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা জানি যে আমাদের অত্যন্ত বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে, আমাদের সরকার কিভাবে এই সমস্যার সমাধান করা যায় তার চেষ্টা করছেন। আজকে বরকত সাহেব যদি ২৪ ঘণ্টার বদলে ৪৮ ঘণ্টাও কাজ করেন তাহলে এ সমস্যার সমাধান করতে পারবেন না। মন্ত্রী সভা দিনের ভিতর যদি ২৪ ঘণ্টা খাটেন তাহলেও এই সমস্যার সমাধান করতে পারবেন না। এই সমস্যার সমাধান করতে গেলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা চিন্তা করা উচিত যে, ১৯৬৭-৬৮ সালে যদি সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করা হতো তাহলে তার ফল পাওয়া যেত। আজকে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান তারা কতটা ইলেকট্রিক দিচ্ছে? আজকে সেখানে স্যাবোটেজ হচ্ছে। সেখানে স্যাবোটেজ হচ্ছে এবং ঠিক মত কাজ করছে কিনা সেটা চিন্তা করে আমাদের সি, পি, আই বন্ধু বা আর, এস, পি বন্ধুরা তা বন্ধ করার কথা চিন্তা করেছেন কি? তারা তা চিন্তা করেননি। সরকারের সঙ্গে কোন রকম সহযোগিতা করেননি। আজকে বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান বিদ্যুৎ দিচ্ছেন, পশ্চিমবাংলায় বিদ্যুৎ অত্যন্ত সঙ্কীর্ন ও বিদ্যুৎ-এর ক্ষমতা সীমাবদ্ধ। আজকে আর, এস, পি বন্ধুরা যে কথা বলেন আমি জানিনা তাঁদের কোন অভিজ্ঞতা আছে কি না,—ফাইফ প্লাস টু ইজ ইকুয়াল টু সেভেন যদি এই হয় তাহলে জিজ্ঞাসা করতে হয় পশ্চিম বাংলায় যে বিদ্যুৎ আমাদের আসে এবং যা আমাদের প্রয়োজন তা যথেষ্ট কিনা? তা যদি না হয় তাহলে দেখতে হবে যে

এর প্রকৃত অবস্থাটা কি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কয়েকটা সাজেসান আছে। আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলার আজকে বিদ্যুৎ সঙ্কট চরমে উঠেছে। আমরা ৫।৬ জন এম,এল,এ এই সঙ্কটে আমরা কলকাতায় রাস্তায় ঘরে ঘুরে দেখিছি যে কি অবস্থা চলেছে। স্যার, আমরা দেখিছি রাত্রির ১০টার সময় শোরুমে আলো জ্বলছে, ফ্যান ঘুরছে এই সমস্ত জিনিষ মার্কেটে চলেছে অথচ সেখানে সমস্ত মার্কেট বন্ধ। স্যার, এই ধরনের অপচয় হচ্ছে এটা আমরা ঘুরে ঘুরে দেখেছি। দিন ভোর আলো জ্বলছে অথচ সেখানে কেউ নেই। তাই আজকে আমার সাজেসান হচ্ছে যে ইলেকট্রিক জেনারেটিং মেশিন যেখানে আছে যে সমস্ত জায়গায় ডিসট্রিবিউসান হয় সেখানে যে সমস্ত কর্মীরা কাজ করেন সেখানে কোন রকম ইউনিয়ন করা চলবে না, এটা বন্ধ করুন। তারপর এই যে বিদ্যুৎ অপচয় এটা করা চলবে না। এটা আইন করে বন্ধ করতে হবে, এই সব যদি করিও আমরা আশা করবো যে বিরোধী দলের বন্ধুরাও এই সাজেসান দেবেন যে সেখানে কোনরকম ইউনিয়ন করা চলবে না। সেখানে এসব বন্ধ করতে হবে এবং অপচয় বন্ধ করতে হবে। অপরদিকে সকাল ৮টা থেকে অফিস বসান বিকেল ৪টা পর্যন্ত। সিনেমা শোগুলি কমিয়ে দিন। তাহলে আমাদের বর্তমানে যে বিদ্যুৎ সঙ্কট তা থেকে আমরা খানিকটা উদ্ধার হতে পারবো বলে আমার বিশ্বাস। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Satya Ghosal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন অনেক রাত হয়ে গেছে এত রাতে যে কি বলবো তা বুঝে উঠতে পারছি না। সমস্যাটা এত জরুরী আর সময়টা এত কম ও আমরা যারা উপস্থিত আছি এই জরুরী বিষয় নিয়ে আলোচনা করবার জন্য তাদেরও সংখ্যাটাও এত কম যে সবে মিলে ব্যাপারটা একটু জটিল হয়ে গেছে। যাহোক রাতে যখন বাড়ী ফিরে যাব তখন কি চেহারা দেখবো জানিনা, কালকে যখন যাচ্ছিলাম তা থেকেই শুরু করি। কাল যখন যাচ্ছিলাম তখন দেখলাম চৌরঙ্গী অন্ধকার। আমার স্বভাবতই শরৎ চন্দ্রের সেই কথা মনে পড়লো—কোন্ মিথ্যাবাদী প্রচার করেছে আলোর যত রূপ অন্ধকারের রূপ নেই, অবাধ বারি মসী কৃষ্ণ এবং যা যত কিছু গভীর তা তত বেশী অন্ধকার। তাই আমাদের চৌরঙ্গীতে গভীর অন্ধকার এসেছে, চৌরঙ্গী অন্ধকারে নিমজ্জিত। সুতরাং ব্যাপারটা গভীরতর বটে। এবং সেই গভীরতার কথাই বলবো। আমি যখন এই বলে শুরু করছিলাম তখন মনে করবার কোন কারণ নেই এটা শুধু আলোরই অন্ধকারত্ব। এটা আমাদের সামগ্রিক জাতীয় জীবনের অন্ধকার এবং বিপর্যয় যে নেমে আসছে তারই একটা প্রতীক।

[8-45—8-55 p.m.]

দেখুন যে শুধু রাস্তার আলো নিভে যায় তাই নয়, রাস্তায় অন্ধকার হয় তাই নয়, কলকারখানা বন্ধ হয়ে যায়। শ্রমিকেরা ছাঁটাই হচ্ছে। শ্রমিকদের যে দুর্দশা হচ্ছে সেটা আমার বলার কোন দরকার নেই। আমি বললে বন্ধুরা মনে করবেন এটা আমরা বলেই থাকবো। এখনইতো এক বন্ধু শেষই করছিলেন। শ্রমিকদের সংগঠন করার দরকার নেই, ধর্মঘট করার দরকার নেই। তাই আই.এন, টি, ইউ, সি,-র সভাপতির কথাই বলি। আই, এন, টি, ইউ, সি, নেতা শ্রী বিষ্ণু ব্যানার্জীর কথাটাই বলি। তিনি বলছেন, এর ফলে workers are victims of retrenchment, lay off and drastic reduction in income. আমার কথার প্রতিবাদ করা সোজা। আশাকরি, বন্ধুদের প্রতিবাদপত্রটা বিষ্ণু বাবুকে পাঠিয়ে দেবেন। সুতরাং এই অবস্থা চলছে।

আফটার সাম ইভেনচুয়্যাল রিপেয়ারস এর ফলে প্রতি মাসে আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল আউটপুট-এ ক্ষতি হচ্ছে ৩০ কোটি টাকা। শ্রমিকদের সাপ্তাহিক আয় কমেছে ৫০ টাকা করে। আগে ছিল ৭০ টাকা, এখন তা কমে হয়েছে ২০ টাকা। ইউনিভারসিটির রিসার্চের জন্য বলছি শিক্ষা জগতে আজকে অন্ধকার নেমে আসছে। আর যারা ছোট ছোট কলকারখানা গড়তে চান সেই সমস্ত ইঞ্জিনিয়ারিং ব্যাপারগুলি বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং

এই যদি চিত্র হয় তাহলে সেই অবস্থায় গণতন্ত্র, সমাজতন্ত্র, উন্নয়ন ইত্যাদি বড় বড় যে সমস্ত কথাগুলি বলা হচ্ছে সেগুলি শুধু ওয়ার্ডস, শুধু ওয়ার্ডস সিগনিফাইয়িং নাথিং? এর কোন তাৎপর্য নেই? যদি এর তাৎপর্য থাকে তাহলে সেই শ্রমিক ছাঁটাই হয়ে যাচ্ছে, যারা লে অফ হয়ে যাচ্ছে, যারা সংগ্রাম করছে তারা তখন এই কথা মনে করবে তাদের প্রতি নিষ্ঠুর বিদ্রুপ করা হচ্ছে। এই পাওয়ার সংকটের ফলে তাদের প্রতি যেন বিদ্রুপ করা হচ্ছে, একটা বিদ্রুপ বটে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীকে এই কথা ভেবে দেখতে বলব এবং যারা আমাদের বিরুদ্ধে শুধু সমালোচনা করে উত্তেজিত হয়ে উঠেছেন তাদের এই কথা ভাবতে হবে এই অসংগতি শুধু কথায় নয়, দেশের মানুষের উন্নতিতে এই অসংগতি—তা যদি বিশ্বাস করেন তাহলে তাঁদের নেতৃ শ্রমতী ইন্দিরা গান্ধী—কারণ, শ্রীমতী ইন্দিরা গান্ধী সমাজতন্ত্রের কথা বলেন, গণতন্ত্রের কথা বলেন, দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল চক্রান্তের কথা বলেন এবং তার বিরুদ্ধে সবাইকে রুখে দাঁড়াবার কথা বলেন। আজ এই পাওয়ার ক্রাইসিসের ফলে হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়ে যায়, যদি সমাজ ব্যবস্থা বিপর্য্যস্ত হয়ে যায়, ভেঙ্গে পড়ে, কল-কারখানা বন্ধ হয়ে যায়। তার ফলে দেশে যদি ব্যাপক অংশে গণ বিক্ষোভ দেখা যায়, সেই গণ বিক্ষোভ, অসন্তোষকে যদি দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তিরা ব্যবহার করে তাহলে বিদ্যুৎ মন্ত্রী কি স্বয়ং তাঁদের প্রধানমন্ত্রীর বিরোধিতা করার দায়ে অভিযুক্ত হচ্ছেন না বা হচ্ছেন বলে তিনি কিছু মনে করছেন না? আমি এখানে এই কথা ভেবে পারছি না যে তিনি যদি এই সংকটের মুখে দাঁড়িয়ে একটির পর একটি বিবৃতি দেন—তাহলে তা প্রধানমন্ত্রীকেই বিদ্রুপ করে এবং তিনি যে বলেছেন বিদ্যুৎ মন্ত্রী পালন করতে পারছেন না—সেই কথাই বোঝানো হয়। শুধু এই কথা ভেবে দেখতে বলি যারা মনে করছেন যে সি, পি, আই, দায়িত্বজ্ঞানহীন, এই কথা বললে দায়িত্ব পালন করা হবে—তাদের সেই কথা ভেবে দেখতে বলব। যেমন ধরুন বিবৃতি দেওয়া হচ্ছে। এই বিবৃতি প্রসংগে আমি দু একটি কথা বলব। মুখ্যমন্ত্রী বলেছেন কলকাতায় এখন তাদের হচ্ছে ৪২৫ মেগাওয়াট, আমি আজকের কাগজ থেকে সংগ্রহ করেছি। তারপরে তিনি আরো বলেছেন এটা বাড়লে ৪২৫ মেগাওয়াট পর্যন্ত হতে পারে, যদি সাঁওতালদিকে একটু মেরামত করিয়ে নেওয়া যায়। শ্রমমন্ত্রী ডাঃ গোপাল দাস নাগ বলেছেন কলকাতায় পাওয়ার রিকোয়ারমেন্ট হল ১৫০ মেগাওয়াট, আর শুধু ইণ্ডাষ্ট্রির জন্য ৩২০ মেগাওয়াট। আপনাদের নাম করে কাগজে বেরিয়েছে। তাহলে দেখা যাচ্ছে আপনি যা বলেছেন, আর মুখ্যমন্ত্রী যা বলেছেন এবং মুখ্যমন্ত্রী যে আশা প্রকাশ করেছেন তাতে করে সর্টফল ১০০ মেগাওয়াটেরও কম হবে। আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। যেমন ধরুন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর ব্যাণ্ডেল পাওয়ার ষ্টেশনে মার্চ ১৯৭৪ পর্যন্ত তারা পাওয়ার জেনারেট করত ৩০ মেগাওয়াট, এই মার্চ ১৯৭৪ এর পরে এখন তারা পাওয়ার জেনারেট করছে ১১০ মেগাওয়াট। এস, ই, বি, তাতে সাপ্লাই করত ১২০ মেগাওয়াট, আর এখন সাপ্লাই করছে ৪০ মেগাওয়াট, ডি, ভি, সি, এখন দিচ্ছে ২৮ মেগাওয়াট, সি, ই, এস, সির একজিস্টিং ক্যাপাসিটি হচ্ছে ২৩০ মেগা ওয়াট। এটা খুব ইন্টারেস্টিং তারা আশা করছেন আফটার সাম ইভেনচুয়্যাল রিপেয়ারস এটাকে ৩০ মেগাওয়াট করে বাড়িয়ে তুলতে পারবেন। এটা আমরা লক্ষ্য করে দেখলাম হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড বলেছেন আফটার সাম ইভেনচুয়্যাল রিপেয়ার্স, আর অমৃত বাজার পত্রিকায় তারা বললেন যে সি, ই, এস, সি, প্ল্যান্ট এণ্ড মেশিনারি আর ইন এক্সসেলেন্ট কণ্ডিসন—বুঝুন ঠেলা। হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড বললেন আফটার সাম ইভেনচুয়্যাল রিপেয়ার্স কিছু বাড়াবেন, আর অমৃতবাজার পত্রিকা বললেন দে আর ইন এক্সসেলেন্ট কণ্ডিসান এবং আরো কাজের কথা বললেন

It would increase by 50 m.w. if workers of C.E.S.C. and S.E.B. are disciplined

বুঝুন। এক জায়গায় বললেন একেবারে এক্সসেলেন্ট কণ্ডিসনে আসে, আর একজায়গায় বললেন রিপেয়ার করতে হবে, আর এক জায়গায় বললেন শ্রমিকরা যদি ডিসিপ্লিণ্ড হয় তাহলে ভাল হবে এবং সি, ই, এস, সি, প্রোডাকসান বাড়বে যদি এস, ই, বি,-র শ্রমিকরা ডিসিপ্লিণ্ড হয়। বাংলাদেশে একটি কথা চালু আছে—কাশী ধামে কাক মরেছে, বৃন্দাবনে হাহাকার। সি, ই, এস, সি,-র কাজ হবে যদি এস, ই, বি, ডিসিপ্লিণ্ড হয়—বুঝুন ঠেলা। এই হল অবস্থা, এই অজুহাত তারা দিচ্ছে এবং এইভাবে যদি একটির পর একটি বিবৃতি দেন তাহলে আমরা কাদের দায়ী করব? যেমন ধরুন সি, ই, এস, সি, বলেছেন ল্যাক অব

সাপ্লাই, আর আমাদের মন্ত্রী স্টেটমেণ্ট দিয়েছেন যদি প্রয়োজনীয় সমস্ত কিছু সাপ্লাই করা যায় তাহলেও দেখা যাবে এফিসিয়েণ্ট ডিষ্ট্রিবিউসন সম্ভব হবে না। এখন কার কথা সত্য? ল্যাক অব সাপ্লাই সত্য, না সাপ্লাই করলেও ডিষ্ট্রিবিউসন সম্ভব হবে না, এই কথা সত্য? উইলসন ডিরোজ এই হাউসের মাননীয় সদস্য একটি কথা হাউসে তুলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি প্রশ্নোত্তরকালে তাঁকে বলেছিলেন এটা এখন আর বলা যাবে না। তিনি বলেছিলেন সি, ই, এস, সি,-র কণ্ট্রোল রুমে ৮ জন ভদ্রলোক বসে বসে সব নিয়ন্ত্রণ করেন। এই ৮ জন ভদ্রলোক কারা, এদের নাম জানা যায় নি। টেলিফোন গাইডেও এদের নাম, ঠিকানা খুঁজে পাওয়া যায় নি। এদের সংগে আর একজন ভদ্রলোক থাকেন, তিনি হচ্ছেন এক্স-আই, জির ছেলে। জানি না এই অফিসারের ফাংসান কি—ফাংসান এমনও হতে পারে হয়ত কোন যোগাযোগকারী অফিসার হিসাবে কাজ করেন, সি, ই, এস, সির দপ্তরের সংগে পুলিশ বাহিনীর যোগাযোগ করেন। কেন না পাছে সি, ই, এস, সির দপ্তরগুলি রেডেড হয়ে যায়—জানি না তিনি সেখানে কি করেন। আর এই ৮ জন ভদ্রলোক, এদের কোয়ালিফিকেসন কি, তাও জানা নেই। শুধু এটুকু বলতে পারি ওরা বাস করেন অনেক দূরে, মূঢ় জনতার কলকোলাহল থেকে অনেক অনেক দূরে।

far from the maidan madness those ignoble dwellers.

মেটিয়াবুরুজের ওপারে। এদের সচরাচর দেখা যায় না, এরা কারা? মুসলীম ভায়েরা একেশ্বরে বিশ্বাস করেন, খৃষ্টান ভায়েরা মনোথিষ্ট-মনোথিজমে বিশ্বাস করেন, দেয়ার ইন গড ইন ওয়ান ট্রিনিটি, হিন্দুরা ৩ বলতে পারেন, আবার ৩৩ কোটিও বলতে পারেন, কিন্তু এই ভদ্রলোকেরা নটি গড।

Dr. Zainal Abedin :

কমুনিষ্টদের সম্বন্ধে কিছু বলুন।

Shri Satya Ghosal :

কমুনিষ্টদের কথা এখানে হচ্ছে না, হিন্দুদের কথা হচ্ছে। এ সম্বন্ধে যদি জানতে চান তাহলে আর একদিন ব্যাপক ভাবে করা যাবে। আর ওরা বিশ্বাস করেন নটি ঈশ্বর—কেন বললাম? এই ৯জন ঈশ্বরকে কেউ জানেন না। এই দেবতাদের চেনা যায় না, ওঁরা এত দূরে বসে থাকেন এবং ওঁরাই কিন্তু সমস্ত কণ্ট্রোল করেন। এখানে ডিষ্ট্রিমিনেসনের কথা উঠেছে। এই কথা বলতে পারি যখন দেখা যাবে সমস্ত রাস্তা অন্ধকার হয়ে রয়েছে তখন হোটেল ক্যাবারে নর্তকীর লাস্যময়ী ভঙ্গিমা হয়ত আলোকে উচ্ছসিত হয়ে উঠেছে। সেখানে হয়ত আলোর ফলিত হাসি স্যামপেনের বন্যা বয়ে যাচ্ছে। শুধু সেটাই নয়, আমি আরো বলতে পারি। আমাদের পার্টির পত্রিকা কালান্তর অফিসে দৈনিক ৮ থেকে ৯ ঘণ্টা লোড সেডিং-এ ভোগে, আর আমাদের সহযোগী পত্রিকা গণশক্তির যে অফিস আছে, সেখানে বোধ হয় কংগ্রেসের পত্রিকা অফিস আছে, তাই সেখানে কোনদিন লোড সেডিং হয় না। এই লোড সেডিং কিজন্য হচ্ছে, কি কায়দায় এই ডিক্সিমিনেসন হচ্ছে তা আমি জানি না। ওখানে কংগ্রেস এবং মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টির সহাবস্থানও বটে এবং সেখানে কিন্তু কোনদিন লোড সেডিং হয় না। তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের আপত্তি হচ্ছে এইখানে দেখুন ডানলপ কোনদিন কমপ্লেন করে নি। আর স্টেট সেকটরে যেটা হয়েছে ইনচেক সেখানে কেন সাফার করে? ডানলপে কমপ্লেন নেই, অথচ ইনচেকে কমপ্লেন আছে এবং ইনচেক সেখানে সাফার করছে। এটা ইরাটিক বলতে পারা যায় এবং

out of this madness it must be admitted that there is method in the madness.

এখন এই ম্যাডনেসের ভিতর একটা মেথড আছে— যেখানে স্টেট সেকটরে আছে সেখানে অন্ধকার হয়ে যাবে, সেখানে থাকবে না, এই ব্যাপারটা আমরা একটুখানি বুঝতে চাই। আমাদের পাওয়ারের ব্যাপারে যিনি সর্বময় কর্তা পাওয়ার কমিশনার, পেন-এ্যানটনি—আমি জানি না স্কুলে ইলেকট্রিসিটি সম্পর্কে কোন পড়াশুনা করেছিলেন কিনা। আই,এ,এস, অফিসার তিনি পাওয়ারের কর্তা। রাগ করবেন না, আর একজন হলেন মিঃ এ, বি, কেসি,

এত বড় নাম বলে আমি ছোট করে বললাম। এখন বিপদ হল কি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই সব ব্যাপারে তদন্ত করবার জন্য, ওড়িয়া জজ বলে আমি খুব খারাপ উদ্দেশ্য ব্যবহার করছি না, আমাকে মাপ করবেন, একজন ওড়িষ্যা হাই কোর্টের বিচারপতিকে নিযুক্ত করেছেন। তাঁর ইঞ্জিনিয়ারিং ব্যাপারে কতটা জ্ঞান, দক্ষতা আছে সেটা আমার জানা নেই। কি রকম এ্যহস্পর্শ একবার বুঝুন। যেমন থ্রি হেংচমেন ইন হিন্দুস্থান— এই আলোর ব্যাপারে ৩জন লোক তদন্ত করবেন, যারা কিছুই জানেন না। এই প্রসঙ্গে আমার একটি গল্প মনে পড়ল। ৩ জন কালা বাজারে যাচ্ছেন। একজনও, কানে শুনতে পায় না। সেখানে একজন বলল কি মশাই বাজারে যাচ্ছেন নাকি? সে বলল না না এই একটু ব'জারে যাচ্ছি। আর একজন বলল ও তাই বলুন, আমি ভেবেছিলাম আপনি বাজারে যাচ্ছেন। অর্থাৎ সব ব্যাপারেই এই ৩ জন ব্যাপারটা বুঝতে পারবেন এই রকম ৩ জন লোককে, নিযুক্ত করেছেন। এই যে ৩ জন লোককে নিযুক্ত করা হল এদের সুপারভাইজ করছেন আমাদের বিদ্যুতমন্ত্রী, সেটা আমি আগেই বলেছি। আমাদের ডাবল বিদ্যুৎ মন্ত্রী আছেন গনি সাহেব ছাড়াও, তিনি হলেন জয়নাল আবেদিন সাহেব। তিনিও বিদ্যুতের ব্যাপারে আছেন। মুস্কিল হচ্ছে তিনি আড়ালে থাকেন, আর গনি সাহেব সামনে থাকেন, তাই জয়নাল সাহেব কিছু করেন না। জয়নাল সাহেবকে স্যাটিসফাই করতে হয় গনি সাহেবকে। এখন গনি সাহেবের বিপদ হচ্ছে তিনি কাউকে কন্ট্রোল করতে পারেন নি। তিনি না পারেন জয়নাল সাহেবকে কন্ট্রোল করতে, দপ্তর তার কন্ট্রোলে নেই, আর না পারেন ইঞ্জিনিয়ারদের কন্ট্রোল করতে।

[8-55—9-05 p.m.]

তারা যদি গো-স্লো করে তাহলে তিনি আরো স্লো হয়ে ৪৬ দিন ওয়েট করার পরে তাদের মোকাবিলা করেন। যেটা আগেই করা দরকার সেটা তিনি ৪৬ দিন পরে করেন। একে আমাদের দেশের অন্য কথা বলে, আমি আর তার মধ্যে যেতে চাই না। কাজেই না পারেন বেচারি শ্রমিকদের কন্ট্রোল করতে, না পারেন ইঞ্জিনিয়ারদের কন্ট্রোল করতে। শ্রমিকরা দাবী করেছে যে ইউনিয়ানগুলিকে রেকগনিসান দিয়ে তোমরা উৎপাদন বাড়াও, ঠিকাপ্রথা বিলোপ করে দাও, পে প্যাকেজ মঞ্জুর কর, বাড়ী ভাড়ার ব্যাপারটা ফয়সালা করে দাও ইত্যাদি। কিন্তু তিনি এখনও এগুলি করতে পারেন নি, এখনও তাদের দাবী-গুলি ঝুলছে। এগুলি যদি করতে পারতেন তাহলে মিমাংসা করতে পারতেন কিন্তু এর কোনটাই উনি পারেন নি। স্যার, উধু পারেন শুধি বিবৃতি দিতে। স্যার, আমার সময় বিশেষ নেই, আমি বিস্তারিতভাবে সব কিছু বলতে পারবো না কাজেই আমি উল্টো দিক দিয়ে যে ঘটনা ঘটছে সেটা বলছি। ভাবুন দেখি, এত অল্প সময়ের মধ্যে এত এ্যাকসিডেন্ট-এর আগে কখনও হয়েছে? সাঁওতালডি, ব্যান্ডেল, চন্দ্রপুরায় এ্যাকসিডেন্টের পর এ্যাক-সিডেন্ট হচ্ছে। এর আগে এত অল্প সময়ের মধ্যে এত এ্যাকসিডেন্ট কখনও হয়নি। এখন এই যে এত অল্প সময়ের মধ্যে এত এ্যাকসিডেন্ট হচ্ছে এর পেছনে কি কোন কারণ নেই? যদি থাকে সেগুলি তাহলে কি? সেগুলির কি তদন্ত হয়েছে? যেমন ধরুন ব্যান্ডেলের ব্যাপার। আমি যতদূর শুনেছি— আমি টেকনিক্যাল লোক নই, সেদিন মেডিক্যাল গ্রান্টের আলোচনার সময় বলেছিলাম, যার কর্ম তারেই সাজে অন্য লোকের লাঠি বাজে, কাজেই আমি শুনেছি সেটা বলছি, ভুল হলে সংশোধণ করে দেবেন। ব্যান্ডেলে যে সমস্ত মেশিন আছে সেগুলি আমেরিকান এবং সেগুলি আধুনিক মেসিন নয়। আমেরিকার যে আধুনিক মেশিন তার সঙ্গে এগুলির মিল নই, এগুলি একটু সেকেলে। তারপর ডি,পি,এল,-যে মেশিন বসানো হয়েছে সেখানে মজাটা হচ্ছে, তার বয়লারটা হচ্ছে জার্মানীর, তার টার্বাইনটা হল মার্কিনী এবং অন্যান্য যন্ত্রপাতি হল পাঁচমিশালী। ঠিক ঐ রাজকাপুরী ফিল্মী গান মেরা জুতা হ্যায় জাপানী, পাতলুন ইংলিশতানী, শিরপর লালটুপি রুশী, ফিরভী দিল হ্যায় হিন্দুস্থানী, প্রায় সেই অবস্থা। পাঁচমিশালী যদি ভাল হয়, খিচুড়ি যদি ভাল হয় আমার আপত্তি নেই কিন্তু অসুবিধা হচ্ছে, এর যদি কোন মেরামত করার প্রয়োজন হয় তাহলে পাঁচ জায়গায় ছুটতে হবে। তাছাড়া এর যদি কোন পার্টস ভেঙ্গে যায় বা খারাপ হয় তাহলে যেহেতু এগুলি পুরানো আমলের সেহেতু স্পেয়ার পার্টস পাওয়া যায় না। স্যার, আমি শুনেছি গত ৭ বছর ধরে কোন স্পেয়ার পার্টস এখানে আসে নি। প্লানিং বোর্ড

কিছু স্পেয়ার পার্টস একবার আনিয়ে দিয়েছিলেন তারপর থেকে গত ৭ বছর কোন স্পেয়ার পার্টস আমদানী করা হয়নি। তারপর ধরুন সি,ই,এস,সি,-র কথা। এ ব্যাপারে আমাদের পার্টির শ্রীমতী গীতা মুখার্জী এর আগে বলেছেন, আমি আর তারমধ্যে যেতে চাই না, আমি অন্য প্রসঙ্গে বলছি। সি,ই,এস,সি,-র যে সমস্ত মেশিন আছে— এটা সকলেই জানেন, ২০ বছর অতিক্রান্ত করলে ১০ পারসেন্ট করে মেশিনের ক্যাপাসিটি কমে যায় এবং তারপর প্রতি বছর ১০ পারসেন্ট করে কমে। সুতরাং ২০ বছর অতিক্রম করলে যে মেশিন আগে উৎপাদন করতো ১০০ মেগাওয়াট সে করবে ৯০ মেগাওয়াট। ২১ বছরে করবে ৮০ মেগাওয়াট, ২২ বছরে করবে ৭০ মেগাওয়াট এবং এই ভাবে কমে যাবে। এখন সি,ই,এস,সি হচ্ছে একটা মনোপলি কনসার্ন, তার বিরুদ্ধে আমার কিছু বলবার নেই কিন্তু এটা যদি আমাদের হাতে থাকতো তাহলে আমরা এর বিরুদ্ধে কিছু বলতে পারতাম এবং নতুন প্ল্যান্ট কেনাতে পারতাম। কিন্তু একে আমরা কেনাতে পারছি না। সেইজন্য আমি বলি, আমাদের টোয়েন্টিফিফ্‌থ এ্যামেন্ডমেন্ট অব দি কনসটিটিউসান তো হয়েছে, তাতে আর্টিকেল ৩৯(বি)-তো বলা হয়েছে ওনারসিপ এ্যান্ড কন্ট্রোল যা আছে তা এমনভাবে একসারসাইজ করা উচিত যা জনসাধারনের প্রয়োজনের সঙ্গে মেলে। তার উপর দাঁড়িয়ে আমাদের সেটা কন্ট্রোল করা উচিত। তা যদি হয় তাহলে জনসাধারণের প্রয়োজন এবং চাহিদার সঙ্গে আজকে যে সম্পর্ক গড়ে উঠেছে তাতে ইমিডিয়েটলি এটা আমাদের হাতে নিয়ে নেওয়া উচিত আর এর কন্ট্রোলে আমাদের নিজেদের লোক বসানো উচিত। তারপর স্যার, আমি আর একটি প্রসঙ্গে ২।১টি কথা বলছি। এই যে এত দেরি হচ্ছে পাওয়ার ফেলিয়োর হচ্ছে এর আর একটা দিক আছে। অবশ্য সেদিকটার সম্বন্ধে আমি আগেই সভার দৃষ্টি আকর্ষন করেছি, সেটা হচ্ছে, ইনডিয়ান বয়লার এ্যাক্টে যে স্পেসিফিকেসান আছে সেই স্পেসিফিকেসান অনুযায়ী আমরা জিনিষপত্র কিনিনি, সেই স্পেসিফিকেসান ভায়োলেট করেছি এবং ভ্যায়োলেট করে ইনটারন্যাশানাল স্টানডার্ড অর্গানাইজেসান-এর অনুসারে মালপত্র কিনেছি। এ,ভি,বি নামক বৃটিশ ফার্মকে আমরা ভার দিয়েছি এবং তারা যে টিউব আমদানী করেছে তার থিকনেস অনেক কম থাকার ফলে সেগুলি তিন বছর চার বছর অন্তর অন্তর অকেজো হয়ে যায়।

অথচ যদি ইন্ডিয়ান স্পেসিফিকেসন অনুসারে করত তাহলে আমাদের খরচ কম হোত। কিন্তু সেটা যে করা হল না তার কারণ হচ্ছে বৃটিশ কোম্পানীগুলি এই জিনিস বিক্রয় করছে এবং সাড়ে আটকোটি টাকা এর দাম, কাজেই যত দ্রুত খারাপ হবে তত এরা দাম পাবে। এই প্রসঙ্গে অনেক বন্ধু কয়লার কথা বলেছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করছি, কোল হ্যান্ডলিং প্ল্যান্টকে কি আনা হয়েছে। আমি মনে করি খারাপ কোল সমস্যা নয়, সমস্যা হচ্ছে কোলকে গ্রাইন্ড করা, ছোট ছোট টুকরা করা। এটা না করার জন্যই খারাপ হচ্ছে অথচ সেকথা কেউ বলেননি। এই প্রসঙ্গে আমি লো এ্যাস কনটেনটের কথা বলব, যার ফলে চোক্‌ড হয়ে গেছে। এটাকে এক্সপার্টরা অপোজ করেছিলেন এবং এমন কি গোপাল দাস নাগও বলেছিলেন। কিন্তু ইট ওয়াজ ওভাররুল্ড বাই মিঃ সুব্রমনিয়াম। সুব্রমনিয়ামের বৃটিশ প্রীতি অবশ্য আমরা সকলেই জানি। যাহোক, এই প্রসঙ্গে আমি বলব ইন্সটল ক্যাপাসিটি পশ্চিমবাংলার হচ্ছে ১২০০ মেগাওয়াট এবং বৈজ্ঞানিক সত্য হল বয়লার্স ক্যাপাসিটি সুড নট বি মোর দ্যান ফাইভ টু টেন পারসেন্ট অব মেগাওয়াট ক্যাপাসিটি। অথচ এ,ভি,পি, যে সমস্ত ইউনিট তৈরী করছে সেগুলি ১২০ মেগাওয়াট। আমরা যদি ছোট ছোট সিক্সটি/ফিফ্‌টি মেগাওয়াট তৈরী করতাম তাহলে বেশী কাজ হোত। কিন্তু দুঃখের বিষয় সেটা আমরা করিনি। তারপর দেখুন, সাঁওতালদি কারা ইউনাইটেড কিংডম, ব্যান্ডেলে কারা ইউ, এস, এ, দুর্গাপুরে কারা—ওয়েস্ট জার্মানী এবং ইউ, এস, এ, চন্দ্রপুরা কারা— ইউ, এস, এ, এবং ইউ, কে। আপনারা লক্ষ্য করে দেখুন যা কিছু হচ্ছে এগুলিকে কেন্দ্র করে হচ্ছে কিনা। তা যদি হয়ে থাকে তাহলে এগুলির দিকে আমাদের নজর দেওয়া উচিত। কিন্তু সেদিকে নজর না দিয়ে আমরা যদি অন্য কথা বলি তাহলে আমাদের চিন্তা করা দরকার যে আমাদের সেটা পাওয়ার সঙ্কটকে সমাধান করে কিনা এবং আরও নিয়ন্ত্রিত করে কিনা। যাঁরা খুব বেশী উৎসাহিত হয়েছেন তাঁদের জানাতে চাই যেখানে আমাদের ভারতবর্ষের প্রোডাকসন হল ১৫ হাজার মেগাওয়াট

সেখানে ইউ, কে,-র প্রোডাকসান হল ৬০ হাজার মেগাওয়াট, প্যোলান্ডের মত দেশের প্রোডাকসান হল ৫০ হাজার মেগাওয়াট এবং ইউ, এস, এ,-র প্রোডাকসান হল ১ লক্ষ ৭৫ হাজার মেগাওয়াট। কাজেই শিল্প বিপ্লব করবার রাস্তা কি সেটা আপনারো এবার ভেবে দেখুন। ১৫ হাজার মেগাওয়াট দিয়ে শিল্প বিপ্লব হবে না এটা আমাদের বুঝতে হবে এবং আপনারা যদি ভেবে থাকেন এই যে ১৫ হাজার মেগাওয়াট প্রোকডাকসন আমাদের হচ্ছে তা দিয়ে সমস্ত গ্রামাঞ্চলে আমরা বিদ্যুৎ ছড়িয়ে দেব তাহলে আমি বলব এর মধ্যে গিমিক থাকতে পারে, এর ভেতরে আর যা ইচ্ছে থাকতে পারে কিন্তু এর ভেতর সত্য নেই এবং আমি মনে করি এই দৃষ্টিভঙ্গী দিয়ে আমাদের পাওয়ার ক্রাইসিসকে বিচার করা উচিত। আমার বন্ধুরা বার বার ওই কথা বলেছেন বলে আমি এই কথাগুলি বললাম। তারপর শ্রীমতী গীতা মুখার্জী কখনও একথা বলেননি যে, বরকত সাহেব রিজাইন করলেই কাল থেকে আমাদের বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যাবে। তিনি বলেছেন যে, বরকত সাহেব নাকি কাগজে বলেছেন প্রমাণিত হলে তিনি পদত্যাগ করবেন এবং শ্রীমতী গীতা মুখার্জী শুধু তাঁকে ওই ডেমোক্রেটিক কনভেনসনটা মনে করিয়ে দিয়েছেন, যে, এই ব্যবস্থা করবার জন্য ওকথা বলবার দরকার হয় না, আগে প্রমাণিত হোক তারপর পদত্যাগ করব। এমনও হতে পারে আমি পদত্যাগ করলাম এবং নির্দোষ প্রমাণিত হলে পর আবার ফিরে আসতে পারি। কাজেই গীতা মুখার্জীর কথার মানে এই নয় যে, বরকত সাহেব যদি এখনই পদত্যাগ করেন তাহলে আমাদের বিদ্যুৎ সমস্যার সমাধান হয়ে যাবে। যেভাবে ওভার সিমপ্লিফিকেসন করে দেখান হয়েছে তাতে আমি মনে করি এটা সমস্যার সমাধান নয়। আমি মনে করি এই পাওয়ার ক্রাইসিসের পেছনে গভীর চক্রান্ত রয়েছে এবং সেটা উৎঘাটিত হওয়া দরকার। আজকে আমাদের দেশ যে গভীর বিদ্যুৎ সঙ্কটে নিমজ্জিত হয়ে রয়েছে সেটা থেকে উদ্ধার পাবার জন্য আমরা যে সমস্ত কথা বললাম সেটা গভীরভাবে অনুধাবন করা হোক এবং আমাদের এই যে পাওয়ার ক্রাইসিস্ রয়েছে তার সমাধান করবার চেষ্টা করা হোক এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Zainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলায় যে ডিপেনিং ক্রাইসিস্ চলছে তাতে এক এক সময় আমার মনে হয় আমরা কার সঙ্গে বাস করছি, কোন পলিটিক্যাল অর্গানাইজেসন এখানে অপারেট করছে যারা মানুষের জীবন এবং জীবিকার যে আদর্শ সেটা যখন ধূলায় লুণ্ঠিত হয় তখন কোন কথা বলেনা।

9-05—9-15 p. m.]

বিধান সভায় গলা জাহির করে? আজকে আপনার মনে আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ঐ চেয়ারে-এ বসবেন না, যদি এই হাউস-এর মর্য্যাদা রাখতে না পারেন সিদ্ধার্থ রায় তাঁর জীবন দেবেন মন্ত্রীত্বের দায়িত্ব থেকে যদি চ্যুত হয়ে যায়, অতীতে ভারতের পুরাণে আছে, রাজা তার দায়িত্ব পালন না করতে পারলে ভিক্ষুকের বেশে চলে যায়। ভারতের এই ইতিহাস আছে, বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই, কোন সমাজের হয়ে কথা বলছেন আপনারা? যে সমাজ গোটা সমাজকে হ্যান্ডস্যাম ধরে রেখেছিলো, গোটা সমাজটাকে ব্ল্যাকমেল করেছিল। আমাদেরই মধ্যে কিছু শিক্ষিত কারিগর, তার মধ্যে কিছু শিক্ষিত ভাগ্যবান যারা এই দায়িত্বে ছিলেন আমি ডাক্তার, ইঞ্জিনিয়ারদের ধর্মঘটের কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন গভীর সঙ্কটের মধ্যে-- আজকে আপনি শুনেছেন ৪০ দিন ওয়ার্ক টু রুল এ্যান্ড সিজ্ অয়ার্ক যখন বিদ্যুৎ কারখানাগুলো, বিদ্যুৎ জেনারেটিং-এর সেডগুলো মেনটেনেন্স করা যাচ্ছে না, ট্রান্সমিসন লাইনকে মেনটেন করা যাচ্ছে না, একটার পর একটা ভেঙ্গে পড়ছে, সেখানে এদিকে এই সমাজ দুর্ব্বল, দারিদ্র্যে ভরা সমাজ, এই সমাজে কৃষিতে ব্যাহত হয়েছে, শিল্পে ব্যাহত হয়েছে, মানুষের দৈনন্দিন জীবন যাত্রা ব্যাহত হচ্ছে বোধ করি গীতা দেবীর আজকে হাঁসজারু রাজনীতির যে পত্র-পত্রিকা লেখা হয়, তাও ব্যাহত হচ্ছে। আজকে তখন একটা কথাও বলেছেন কখনও? রাতের পর রাত, দিনের পর দিন যারা এই সমস্যা সমাধানের চেষ্টা করেছেন, সিদ্ধার্থ

বাবুর মন্ত্রী সভার সহকর্মীরা আজকে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, শিক্ষক তাদের ছাত্রকে শিক্ষা দিতে না পারলে আসন ছেড়ে চলে যায়, এরা কিন্তু তা যায় না। ইঞ্জিনিয়াররা যখন সমাজকে কোন সারভিস দিতে পারলো না, তখন তারা কুইট করেনি। আজকে গোটা সমাজকে উচ্চ মূল্যে মুক্তিপণে নিজেদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করবার জন্য এগিয়ে এসেছে এবং অত্যন্ত বেদনার কথা ঐ পক্ষের বন্ধুরা যারা খানিকটা আমাদের সঙ্গে আছেন তাঁরাও এতে সহযোগিতা করেছেন। আজকে গোটা সমাজ যেন তছনছ হয়ে যাচ্ছে ওদের জন্য। মানুষ পর্য্যন্ত বিশ্বাস হারিয়ে ফেলেছে, কোন সমাজে বাস করছি, কাদের সঙ্গে বাস করছি। আজকে প্রেস পাবলিসিটি-র জন্য মোসান করা যায় কিন্তু তাতে সমস্যার সমাধান হবে না। আপনাদের কনট্রিবিউসান আছে তাদের উপর, যারা ক্যায়স আর ডিসটারব্যান্স আনতে চাইছে। আজকে সেই দোষ কি অস্বীকার করতে পারবেন? আমার মনে হচ্ছে, আজকে এই বিদ্যুৎ সঙ্কটের কারণ হিউম্যান এথিকস, হিউম্যান ভ্যালু কমে গেছে আমাদের সমাজে এবং এরা অত্যন্ত দক্ষ্য সহযোগীর মত এই ভ্যালু যাতে ধূলায় লুন্ঠিত হয় তার জন্য সহযোগিতা করেছেন। এছাড়া আরও কিছু কারণ আছে আজকে অনেক বন্ধু বলেছেন মেনটেনেন্স, স্পেয়ারস, নেসেসারি কোল, ফুয়েল সম্বন্ধে, শুধু কোয়ানটিটি নয় কোয়ালিটি পর্য্যন্ত আজকে খারাপ হয়ে গেছে। মুখ্যমন্ত্রী একট, সভার এ্যাড্রেস করেছেন আমাদের দুর্গাপুর প্রেজেক্ট-এ যেখানে আমাদের পাওনা ছিল ৮০ থাইজেন্ড মেট্রিক টন অফ কোল, আমরা মার্চ মাসে পেয়েছি ৩১ মেট্রিক থাউজেন্ড টন অফ কোল অনলি। সেখানে আপনাদের তো কিছু লোক আছে, দিল্লীর পার্লামেন্ট-এ, সেই লোকদের দিয়ে বলিয়েছেন কখনও যে বাংলার এই সঙ্কট, আজকে আপনাদের কন্ট্রি-বিউসান কোথায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ফারনেস অয়েল এ্যান্ড ডিজেল অয়েল দরকার হয় আন্ডার ফায়ারিং করার জন্য। আজকে পেট্রোল সঙ্কটের ফলে, পেট্রোলজাত সামগ্রীর যে সঙ্কট হয়েছে, আমরা যে রাইট টাইপ অব

করতে চাই, তা পাচ্ছিনা। শিলিগুড়ি থেকে নিয়ে আসতে হচ্ছে ট্রাকে করে, লরিতে করে দুর্গাপুরের পাওয়ার প্ল্যান্টকে চালু রাখার জন্য।

আজকে এছাড়াও অস্বীকার করবার উপায় নেই যে কিছু কিছু ঘটনা ঘটছে যা এক্সপ্লেন করা যায় না। আমরা ফিফ্‌থ কলামিস্ট-এর কথা বলছি এবং সেটা কোথাও কোথাও অপারেট করছে না, একথা আজকে অস্বীকার করতে চাই না এবং স্যাবোটেজ যদি থেকে থাকে তাহলেও আমরা সে সম্বন্ধে দৃঢ়ভাবে বলতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কিছু কিছু ঘটনা ঘটছে যা আমরা ব্যাখ্যা করতে পারছি না, সে জন্য আমাদের মনে সন্দেহ এসেছে এবং এদের বিরুদ্ধে আমাদের ঐ পক্ষের বন্ধুরা— পি,ডি,এ,র শরিকরা এবং তিমিরবাবুরা কোথাও সোচ্চার হননি, এখানে বাণিজ্য করার প্রবৃত্তি নিয়ে আসরে নেমেছেন, সিদ্ধার্থ শঙ্কর রায়ের মন্ত্রীসভার পদত্যাগ দাবী নিয়ে, এটা লজ্জার কথা। একটা কথা মাননীয় তিমিরবাবুকে জিজ্ঞাসা করি সিদ্ধার্থ শঙ্কর রায়-এর মন্ত্রীসভা আজকে বাংলার দায়িত্ব যদি ছেড়েও দেয়— বাংলার ৪ কোটি মানুষ যাকে আশীর্বাদ করেছে, ভরসা রেখেছে— আজকে নব্য বাংলার রূপায়ণ কার হাতে দিয়ে যাবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো বৈষ্ণব সাহিত্য নিশ্চয়ই কিছু পড়েছেন, শেষ সময় রাধিকা বলেছিল, "কানু হেন গুননিধি কারে দিয়ে যাব?" তার উত্তর কি ঐ তিমিরবাবু? আজকে আপনি তিমিরবাবুর চরিত্র জানেন, ওদের দলের চরিত্র জানেন, নেতাকে আজকে অপমান করে ওরা তাড়িয়ে দিলেন। ওদের নেতা প্রতিশ্রুতি দিয়েছিলেন বিজনেস এডভাইসারী কমিটিতে, আর ওরা এখানে সেই প্রতিশ্রুতিকে ধূলায় লুন্ঠিত করলেন। আমার মনে হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সঙ্কট কাটাবার দুটো পথ আছে, একটা সর্ট টার্ম মেজার, আর একটা লঙ টার্ম জেমার। সত্যবাবু অবশ্য এই দিকে একটু ইংগিত করেছেন। আমাদের ইন্ডা-স্ট্রিয়াল, এগ্রিকালচারাল এন্ড ডোমেসটিক রিকোয়ারমেন্ট সম্পর্কে লঙ টার্ম প্ল্যান করতে হবে। দুর্গাপুরের ফিফ্‌থ ইউনিট ১৯৬৭ সালে উদ্যোগ নেওয়া সত্বেও এখনো কেন হয়নি, সেই রহস্যের ওপর একটু আলোকপাত গীতাদেবী করবেন কি? তখন আপনারা এই দিকে ছিলেন, কতখানি কনট্রিবিউশন করেছিলেন? আজকে সে জন্য দুটো মেজার নিতে

হবে, একটা লঙ টার্ম মেজার আর একটা সর্ট টার্ম মেজার। আমার মনে হয় লঙ টার্ম মেজার আমাদের রিকোয়ার এ্যাসেস করে প্রজেকশন করে আমাদের ইনসটলেশন বাড়াতে হবে বোথ ইন দি হাইড্রাল সেকটর এনড ইন দি থার্মাল সেকটর। কারণ আমরা দেখেছি গেল বছর খরার সময় মহারাষ্ট্র থেকে সুরু করে প্রত্যেক জায়গায়; সেই জন্য একটা সিসটেমের উপর নির্ভর করে থাকা চলে না। আজকে রেলওয়ে স্ট্রাইক হবে, আমাদের যদি হাইড্রাল প্রজেক্ট না থাকে তাহলে এন্টালি কয়লার ওপর নির্ভর করে থাকতে হবে, সেখানে পরিবহণ ব্যবস্থা বিপর্যস্ত হতে পারে। সুতরাং আমাদের হাইড্রাল প্রজেক্ট বাড়াতে হবে এবং সেই ভাবে সর্ট টার্ম মেজার সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে। আমাদের ইনসটলড ক্যাপাসিটি এখানে যা আছে তাতে আজকে ইনসটলড ক্যাপাসিটিকে কুইকেষ্ট পসিবল টার্মে আমরা অপটিমাম জেনারেশনে আনতে পারি কিনা, আজকে এটার ওপর গুরুত্ব দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ৩৬ থেকে ৩৮ মাস সময় লাগবে একটা জেনারেশনকে ম্যাচিয়র করতে, সেট ম্যাচিয়র করতে, একটা জেনারেশন ইউনিটকে ম্যাচিয়র করতে এবং তার পর জেনারেশন স্টার্ট করতে। সুতরাং আজকে ওয়েষ্ট বেঙ্গলে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড কিম্বা সি,ই,এস,সি বা ডি,পি,এল-এর পিছনে কতখানি ক্যাপাসিটি আছে, নেসেসারি স্পেয়ার্স, নেসেসারি ইমপুটস বোথ ইনটার্মস অফ ফুয়েল জোগাড় করে জেনারেশন বাড়াতে হবে। আমার বন্ধুবর মাননীয় বিদ্যুৎমন্ত্রী এ বিষয়ে সার্বিক আলোকপাত করবেন। আমি দুর্গাপুর প্রজেক্টের মধ্যে আমার আলোচনা সীমাবদ্ধ রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন দুর্গাপুরে ৫টি ইউনিট আছে, দুটো ইউনিট আছে ১২ জানুয়ারী ১৯৭৪ সালে একটা মিস্যাপ হয়ে গেল। আমি বিভিন্ন ভাবে তদন্ত করেছি এবং তারা যে সুপারিশ দিয়েছেন, যে এই এই প্রিকোয়েশনারী মেজার্স নিতে হবে। আজকে সেই প্রিকোয়েশনারী মেজার্স দুর্গাপুরের ক্ষেত্রেই শুধু মাত্র নিতে পারবনা, এনটার দুর্গাপুর ইন্ডাষ্ট্রিয়াল কমপ্লেক্স যদি তা না নেয়। আজকে এখানে কুয়িকেষ্ট পসিবল টাইমে আমরা রিপেয়ার করতে চাই, আমরা ডি,ভি,সি-র কেবল এখানে-- বোথ হিয়ার এন্ড আউট সাইড, যারা দায়িত্ব নিয়েছে, আমরা আশা করছি সামনের মাসের মধ্যে আমরা এই গুলি করতে পারব। কিন্তু তা সত্ত্বেও এই গুলি সেট অপারেট করবে না। ফুয়েল, লাইট ডিজেল অয়েল এবং ফার্নেস অয়েল-এর অভাবের যদি সমাধান না করতে পারি তাহলে অন্য দিকে আমাদের যে তিনটি ইউনিট আছে তার জন্য আমাদের অনেক সময় ষ্টক করতে হয় শহরে, নগরে বিদ্যুৎ সরবরাহ করবার জন্য, যেটা ২৮,০০০ আওয়ার্স সময় করা দরকার, আজকে বিদ্যুৎ সঙ্কটের সুরাহা করবার জন্য আমরা ৩৬,০০০ আওয়ার্স করব।

[9-15- 9-30 p. m.]

তার রেজাল্ট ও আমাদের কিছু মূল্য দিতে হচ্ছে। যেখানে ৭৫ মেগাওয়াট জেনারেট করতে পারি সেখানে এই ওভার ওয়ার্ক-এর জন্য মেশিং ফ্যাটিক্-এর জন্য মেক্যানিক্যাল ডিনাএলমেন্ট-এর জন্য আমরা দেখছি ২।৩ মেগাওয়াট কমে গেছে। আমাদের এই জেনারেটরগুলি সিমেন্স কোম্পানী আমরা চেষ্টা করছি স্পেয়ার করে ডিরেটেড ক্যাপাসিটি থেকে ইন্সটল্ড ক্যাপাসিটি-তে নিয়ে যেতে পারি কিনা। এখানে ৩টা ইউনিট আছে ৭৫ মেগাওয়াট-এর; কিন্তু আমরা কোন সময়ে ৫টা ইউনিটস এক সঙ্গে চালাতে পারিনি। খিওরিটিক্যাল পজিবিলিটিস-তে যদি চলে তাহলে রেটেড ক্যাপাসিটি ২১০-এর বেশী কোন সময় হবে না এবং এই ২১০-এর মধ্যে ক্যাপটিভ কনজামসান, ইনটারনাল কনজামসান ১০ দিতে হবে-- ২১ মেগাওয়াট সেখানে লাগবে। সুতরাং এক্সপোরেটেবল সারপ্লাস যদি ইন্সটল্ড ক্যাপাসিটি, রেটেড ক্যাপাসিটি-তে প্রতিটি ইউনিট চলে তাহলে ১৮৯-এর বেশী দুর্গাপুরে হবে না। আজ দুর্গাপুরে সাপ্লাই হচ্ছে থার্ড ইউনিট ডিরেটেড ক্যাপাসিটি-তে। ৫৫-১৬০ পর্য্যন্ত। আমরা এগুলি দুর্গাপুর ইন্ডাষ্ট্রিয়াল বেল্ট, পাণ্ডবেশ্বর কমপ্লেক্স-এ দিই, বাকী ওয়েষ্ট বেঙ্গল স্টেটইলেকট্রিসিটি বোর্ড এক্সপোর্ট করে দেয়। আজ ট্রান্সমিসান দিয়ে করার ক্ষমতা দেখা দিয়েছে, কিন্তু সব জায়গায় এটা চ্যানেল করতে পারিনি। এর জন্য আমাদের চেষ্টা করতে হবে। ডি,ভি,সি থেকে ভারত সরকার ন্যাশানাল প্রাইওরিটিস অটোকেট করে দিয়েছে রেল, কলিন্স দুর্গাপুর স্টিল প্ল্যান্ট-এর হিন্দুস্থান স্টিল

প্ল্যান্ট এ বিষয়ে আমি মনে করি আমাদের হাউস থেকে মাননীয় সদস্যদের একমত হতে হবে। ক্যালকাটা-তে যেখানে ভ্যালু আউটপুট সব চেয়ে বেশী, আনএমপ্লয়মেন্ট প্রোবলেম যেখানে সবচেয়ে বেশী এ্যাকিউট অবস্থা, যেখানে লে-অফ, রিট্রেঞ্চমেন্ট একটা ভলকানিক অবস্থা সৃষ্টি করছে সেখানে ক্যালকাটা এবং সুর্বাব-এর ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স গুলিতে ন্যাশানাল প্রাইওরিটি দেবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা দরকার। ডি,ভি,সি-র মূলধনী অর্থ পশ্চিমবাংলার রাজকোষ থেকে। এক্সচেকার থেকে কনট্রিবিউট করা হয়েছে সেই ডি,ভি,সি তার ডিউ স্পেয়ার যেন ওয়েস্টবেঙ্গলকে কনট্রিবিউট করে এই অনুরোধ আমরা করব। রেলওয়েস, কলিয়ারি, স্টিল প্ল্যান্ট-এর সঙ্গে ক্যালকাটা এবং ক্যালকাটা সুবারবস-এর যে ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স গুলি আছে তাতে বোথ ফর হিউম্যান ভ্যালু এ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল আউট এই দুটোর দিকে দৃষ্টি রেখে আজ ভারত সরকার, ডি,ভি,সি কর্তৃপক্ষ পশ্চিমবাংলায় যে লগ্নীকৃত মূলধন আছে তার রিটার্ন হিসেবে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ দপ্তরকে সহযোগিতা করা দরকার। পশ্চিমবাংলার বিদ্যুৎ সরবরাহের তার কনট্রিবিউসান থাকা উচিত বলে আমি মনে করি। যাহোক বিদ্যুৎমন্ত্রী এ বিষয়ে নিশ্চয় সমস্ত চিত্র তুলে ধরবেন। কি কি লঙ টার্ম প্লান-এর আবশ্যিক কি কি কর্ম করবেন সেসব কথা নিশ্চয় তিনি বলবেন। আজকে এরজন্য বিদ্যুৎমন্ত্রী ও সিদ্ধার্থ শঙ্কর রায় মন্ত্রী সভাকে স্কেপগোট করলে হবে না। তিমিরবাবুকে বলব আবার যদি তারা ক্ষমতা ফিরে পাবার চিন্তা করেন তাহলে বলব তিনি যে ঝিমিয়ে আছেন সেই তিমিরেই থাকবেন। সেজন্য বাংলার মানুষ ওঁদের ঐ ব্যবস্থা করেছেন। সর্বশেষে ভারত সরকারের সহযোগিতা কামনা করে বিদ্যুৎমন্ত্রী যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন সেই প্রচেষ্টায় সহযোগিতা করার জন্য আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable members and the Press Reporters also are requested to take tea in the lobby, and for that purpose the House is adjourned for 10 minutes.

(At this stage the House was accordingly adjourned for 10 minutes)

[9-30—9-40 p. m.]

Shri Ananda Gopal Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, বিদ্যুৎ সঙ্কটের গভীরতা বিশেষভাবে বলবার প্রয়োজন আছে বলে মনে করি না। এই সমস্যার দরুন দার্জিলিং চা-বাগানের শ্রমিক থেকে আরম্ভ করে আসানসোলের কয়লা খনির শ্রমিক পর্যন্ত একটা অনিশ্চয়তার সামনে এসে দাঁড়িয়েছে। স্কুল, হাসপাতাল, দুধ, ডেয়ারী ফার্ম ইত্যাদি সমস্ত জায়গায় স্বাভাবিক কাজকর্ম প্রায় বন্ধ হয়ে বসেছে। এই সঙ্কট যে কত গভীর তা গভীরভাবে উপলব্ধি করেছি বলেই আজ আমরা এখানে এই নিয়ে আলোচনা করছি। কিন্তু একটা কথা এখানে বলা বোধ হয় ঠিক হবে যে এই সঙ্কটের গভীরতা বিশেষভাবে উপলব্ধি করে আমরা কি এখানে এই আলোচনা করছি? কারণ, তা যদি হত তাহলে বিধান সভার সদস্যদের উপস্থিতি এখানে আরো বেশী করে দেখা দিত। আর একটা দিক বোধ হয় বলার প্রয়োজন আছে, যাঁরা এই সঙ্কটের গভীরতার কথা বলতে চেয়েছেন তাঁরা সত্য কথা বোধ হয় জেনেও বলেননি কিংবা বক্তব্যের মধ্যে অনেকে হয়ত ঠিক এর কারণ কি তা না জানার দরুন হয়ত বলেননি। কিন্তু অনেকে যাঁরা বললেন তাঁদের বক্তব্য থেকে এটাই পরিস্ফুট হল যে তাঁরা এটাকে একটা সুযোগ বলে গ্রহণ করেছেন যাতে সরকারী বিরোধী সমালোচনা করা যায়। কিন্তু আপনার কাছে একটা কথা আবেদন করব আমাদের বিধান সভার মধ্যে দুই পক্ষ আমরা যারা আছি আমরা আমাদের কথা যেন ভুলভাবে না দিই। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা পার্লামেন্টে শ্রী কে, সি, পন্থ এই সঙ্কটের কারণ সম্বন্ধে কি বলেছেন সেটাই তাঁরা বললেন, কিন্তু এর আসল সত্যিকারের যে কারণ সেই সম্বন্ধে কেউ কিছু বললেন না।

একজন সদস্য কিছু বললেন কিন্তু এই জায়গাটায় এসে এত তাড়াহুড়া করে বললেন যাতে গুরুত্ব সেই জায়গায় গিয়ে না পৌঁছায়। কেন্দ্রীয় সরকার পরিষ্কারভাবে এ কথা বলেছেন যে, চতুর্থ পরিকল্পনায় পশ্চিমবাংলার বিদ্যুৎ উৎপাদনের জন্য যে পরিকল্পনা ছিল সেই পরিকল্পনা ঠিকভাবে কার্য্যকরী না হওয়ার জন্যই আজকে পশ্চিমবাংলায় এই অবস্থা দেখা দিয়েছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের মাননীয় সদস্যরা সেই জায়গায় গেলেন না। আমরা যদি পশ্চিমবাংলার বিদ্যুতের পরিকল্পনার কাজকে গোড়া থেকে খতিয়ে দেখি তাহলে দেখব প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদনের জন্য যে পরিকল্পনা আমরা গ্রহণ করেছিলাম সেটা কার্য্যকরী হয়েছে। কিন্তু চতুর্থ পরিকল্পনায় এসে পশ্চিমবাংলার এই সঙ্কটে বিশেষভাবে অনুধাবন করে সেন্ট্রাল ওয়াটার এ্যান্ড পাওয়ার কমিশন পশ্চিমবাংলার লোড সার্ভে করে এবং পশ্চিমবঙ্গ সরকার এখানে বিদ্যুৎ উৎপাদনের জন্য যে পরিকল্পনা নিয়েছিলেন সেটা কার্যকরী হল না। আমি এই "হলনা" এটা ধরে নিয়ে কার কত দোষ সেই বিচার করব না। তবে এই যে "হয়নি" সেই সত্য কথাটা আমাদের স্বীকার করতেই হবে। চতুর্থ পরিকল্পনাতে সাঁতালদিহির কাজ আরম্ভ হয়ে শেষের দিকে এসে ১৯৭২ সালে যেখানে সাঁতালদিহি কমার্শিয়াল হবার কথা সেটা আর হতে পারলনা এবং সেখান থেকেই সমস্যা শুরু হয়েছে। ১৯৭৪ সালে সাঁতালদিহির এক নম্বর/দু-নম্বর/তিন নম্বর ইউনিট স্বার্থক হয়ে পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদন বাড়াবে এরকম কথা ছিল। কিন্তু আমার এখানে এসে দু-বছরের বেশী সময় নষ্ট করে ফেললাম এবং তার উপরে পশ্চিমবাংলায় প্রতি বছর যেভাবে লোক বেড়েছে তাতে এই সঙ্কট আজকে আমাদের সামনে ভয়ঙ্করভাবে দেখা দিয়েছে। সাঁতালদিহি যদি ঠিকভাবে কার্যকরী হোত তাহলে নিশ্চয়ই এই সঙ্কট এত তীব্রভাবে হোত না। কিন্তু এই সঙ্গে আমি আর একটা কথা বলব যে, সাঁতালদিহিতে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করে দিলেই কাজ শেষ হল না, সেখান থেকে কোলকাতা পর্যন্ত ট্রান্সমিসন লাইন টানার যে কাজ সেটা কিন্তু ১৯৭২ সাল পর্যন্ত সুরু হয়নি। কাজেই আমি আজকে বিরোধী বন্ধুদের জিজ্ঞাসা করছি আমি যদি ধরে নেই সাঁতালদিহির এক'দুই এবং তিন নম্বর ইউনিট এনারজাইজ হয়ে গেল তাহলে সেই বিদ্যুৎ কোথায় যেত? চতুর্থ পরিকল্পনার মাধ্যমে সাঁতালদিহিতে তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করে সেখান থেকে ট্রান্সমিসন লাইন করবার যে কথা ছিল সেটা কি তাঁরা চিন্তা করেননি? আজকে তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা যেমন সময় সাপেক্ষ ঠিক তেমনি ট্রান্সমিসন লাইন টেনে আনা আরও বেশী সময়সাপেক্ষ কারণ এই তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা এবং সেখান থেকে ট্রান্সমিসন লাইন টেনে আনার জন্য যে পরিমাণ ইস্পাতের প্রয়োজন আজকে চাহিদা অনুসারে নিশ্চয়ই সেটা সাপ্লাই হচ্ছে না। সেটা আমাদের স্বীকার করতেই হবে এবং সেইজন্য সময় আরও বেশী লাগছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি খতিয়ে দেখেন তাহলে দেখবেন পশ্চিম-বাংলায় আমাদের তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হচ্ছে বটে, কিন্তু পশ্চিমবাংলায় যখন ইন্ডাস্ট্রি-য়াল রিসেসন চলছে, তখন এই তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা আমরা বিশেষ-ভাবে কেউ উপলব্ধি করিনি এবং তার ফলে আজকে এগুলির রক্ষণাবেক্ষণ ঠিকভাবে করা হয়নি। এই সত্য আপনি কোথায় খুঁজে পাবেন, না, অঙ্কশাস্ত্রে খুঁজে পাবেন।

[9-40—9-50 p.m.]

চতুর্থ পরিকল্পনার মাধ্যমে তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলিতে টোটাল রেক্টিফিকেশান এন্ড মডিফিকেশনে কত টাকা লগ্নী হয়েছে হিসাব করে দেখুন। ১৯৭২-৭৪ সাল পর্যন্ত তাপ বিদ্যুৎ কেন্দ্রে টোটাল রেক্টিফিকেশন এন্ড মডিফিকেশনে তার থেকে পাঁচগুণ টাকা লগ্নী করা হয়েছে কিনা সেটা হিসাব করে দেখুন। একটা পরিকল্পনার শেষ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিদ্যুৎ তাপ কেন্দ্রগুলিকে রক্ষণাবেক্ষনের চেষ্টা করা হয়নি। এটা অঙ্কশাস্ত্রই বলে দেবে। আজকে দোষ দেব কাকে, দোষ দিতে যদি যাই, দোষ খুঁজতে যাই, সেটা তাহলে দুই পক্ষের ঘাড়েই আসবে। তাই ব্যাপারটা গভীরভাবে ভেবে দেখতে হবে। আজকে সরকার পক্ষকে শুধু দায়ী করলে ভুল হবে। এই রোগ অনেক দিন আগেকার। এই সমস্যার কি করে সমাধান হবে অনেক চিন্তা করে পাচ্ছিনা। আমি একটা কথা বিরোধী সদস্যদের সামনে রাখতে পারি, এই সমস্যার সমাধান সহজে হবে না। (এখানে লাল

আলো জ্বালানো হয়।) মাননীয় স্পীকার মহাশয়, আমাকে কয়েক মিনিট সময় দেবেন। মিঃ স্পীকার স্যার, আমি অত্যন্ত কৃতজ্ঞ যে শেষ কথাও আমি দাঁড়িয়ে বলতে পারছি। এই সমস্যার সমাধান করতে গেলে, আমাদের যে শর্ট টার্ম এবং লং টার্ম পরিকল্পনাগুলি নিতে হবে এবং যেগুলি অত্যন্ত প্রয়োজন, সেগুলির বিষয়ে আপনার কাছে সময়াভাবে না বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sarat Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, আজ সারা পশ্চিমবাংলায় বিদ্যুৎ সংকটের ফলে কল-কারখানা, স্কুল কলেজ, আদালত এবং সারা পশ্চিমবাংলার জনজীবন স্তব্ধ হতে চলেছে। এই সংকটজনক মুহূর্তে আমরা সকলে বিদ্যুৎ সম্বন্ধে আলোচনা করতে বসেছি এবং এখানে যে সমস্ত রাজনৈতিক দল আছে, যে কোন দলই হোক্ না কেন, আমরা সকলেই চাইছি পশ্চিমবঙ্গের জনজীবন যাতে অব্যাহত রাখতে পারি এবং আমরা সকলেই দেশের জনগণের সুখ শান্তি, সমৃদ্ধি এবং মঙ্গল কামনা করি। এই সংকটের যাতে মোকাবিলা করা যায় তার জন্য সর্বপ্রথম প্রয়াস প্রত্যেকের দলমত নির্বিশেষে থাকা উচিত। কিন্তু আমি দেখলাম এখানে আমাদের যে সমস্ত পলিটিক্যাল পার্টির বন্ধুরা আছেন, তাঁদের ইস্যু হচ্ছে এই সুযোগে নিজের আশা আকাঙ্খা কতটা চরিতার্থ করব তার সম্বন্ধে বেশী ধ্যান দিয়েছেন। গভীর রাতে যখন কারও বাড়ীতে আগুন লাগে, তখন সেখানে দু তিন রকমের লোক যান। কেউ যান ঘরে যে সামান্য জল আছে, তা দিয়ে আগুন নেভাতে গৃহস্থকে সাহায্য করতে, কেউ যান সেখানে কিছু সরিয়ে নিতে, কোন কোন লোক আবার যান যে সাইডে আগুন লাগে নাই, সেখানে আগুন লাগিয়ে দিতে। সি. পি. আই.-এর যাঁরা গিয়েছেন কিছু সরিয়ে নিতে তিমিরবাবুরা গেছেন যেখানে আগুন লাগার সম্ভাবনা নাই সেখানে আগুন লাগিয়ে দিতে। বিভিন্ন সদস্য বিভিন্ন ভাব নিয়ে গেছেন। মাননীয় সদস্যা গীতা মুখোপাধ্যায় বিজলী সংকট সম্বন্ধে বরাবরই হাউসের দৃষ্টি আকর্ষণ করেন এবং চেষ্টা করেন, যত্ন করেন যাতে বিদ্যুৎ সমস্যার সমাধান হয়। কিন্তু তিনিও কিন্তু লোভ সংবরণ করতে পারেন নি। তিনি মাননীয় মন্ত্রীর পদত্যাগ দাবী করেছেন এবং তিমির ভাদুড়ী মহাশয় আবার আর একটু অগ্রসর হয়ে বলেছেন—সমস্ত মন্ত্রী সভারই পদত্যাগ দাবী করি। জানিনা কি মনে করে তিনি বলেছেন, কথা শুনে মনে পড়ে ফিউচার প্রসপেক্টের খেয়ালেই তিনি একথা বলেছেন।

কোন একটা সহরে একটা সার্কাস এসেছিল। সেখানে সার্কাসে একটা গাধা এনেছিল। সেই সার্কাসের গাধার সঙ্গে আর একটা সহরে গাধার দেখা হলো একদিন। সেই গাধাটা সার্কাসের গাধাটাকে জিজ্ঞাসা করলো তোমাকে খুব কাহিল দেখছি, শরীর খুব দুর্বল হয়ে গেছে; তুমি খেতে পাওনা? সে বললো খেতে পাই বটে, তবে খুব খাটুনী, অন্য গাধা বললো তাহলে ছেড়ে দেওনা কেন? তার উত্তর সার্কাসের গাধা বললো তাইতো, ছেড়ে যে দেব তবে কিনা আমার একটা ফিউচার প্রোসপেক্ট আছে। সে কী ব্যাপার—অন্য গাধা শুধালো, সার্কাসের গাধা উত্তরে বললো দেখো আমার পিঠে চড়ে একটা সুন্দরী মেয়ে কসরৎ করে, খেলা দেখায়। খেলা দেখাতে দেখাতে কোন সময় খেলায় ভুল করলে রিং মাষ্টার মেয়েটীকে বলে তোকে ঐ গাধার সঙ্গে বিয়ে দেব। এই ফিউচার প্রোসপেক্ট আছে—তাই আর সার্কাস ছেড়ে যেতে চাই না।

আমাদের ওধারের বন্ধুরাও তেমনি করছেন। আমাদের সাঁওতালদি সম্বন্ধে একটু বলা দরকার।

(red light shown.)

আমাকে একটু সময় দিন স্যার। ফরচুনেটলী আমি সেখানকার এম, এল, এ, সে সম্বন্ধে কিছু কিছু জানি।

Mr. Speaker: Now, Shri Abdul Bari Biswas.

Shri Sarat Chandra Das

স্যার, ১৯৭২ সাল থেকে আমাদের মুখ্যমন্ত্রী সাঁওতালদিতে দু-তিন বার গিয়েছেন যাতে ঐ বিদ্যুৎ কেন্দ্রটী তাড়াতাড়ি চালু হয়। আর আমাদের বিদ্যুৎমন্ত্রী ও প্রতি মাসে সেখানে গিয়েছেন সেখানকার ইঞ্জিনিয়ারদের সঙ্গে কনসালটেশন করেছেন খোঁজ খবর নিয়েছেন কি করে তাড়াতাড়ি সাঁওতালডি কেন্দ্রটী চালু করা সম্ভব হয়। তাঁদের সঙ্গে সাংবাদিকরা গিয়েও সেখানকার ব্যবস্থাপনা দেখে এসেছেন। এই সরকার চুপচাপ বসে নাই। আপ্রাণ চেষ্টা করছেন কি করে এই বিদ্যুৎ সংকট কাটিয়ে ওঠা যায়।

Mr. Speaker : Now I call upon Shri Kashinath Misra :

Shri Abdul Bari Biswas :

স্যার, আমার চান্স কী হলো? আমি তো এখানে বসে আছি।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এখানে যে বিদ্যুতের সংকট দেখা দিয়েছে, এটা বিদ্যুৎ সংকট যে একটা জাতীয় সংকটরূপে দেখা দিয়েছে এটা নিশ্চয়ই সকলে উপলব্ধি করছেন। দেশের এই সংকটে তিমিরবাবু ও তাঁর দলের দুজন প্রতিনিধি শুধু দেশের সাড়ে চারকোটী লোকের সংকটরূপে বুঝছেন। হোসিয়ারী শিল্পে যে সংকট এসেছে, তার কথা তুলেছেন, দেশের অন্যান্য শিল্পে যে সংকট ঘনিয়ে এসেছে তার কথা বুঝেছেন। আজ দেশের সাড়ে চার কোটী মানুষের দায়িত্ব এই রায় মন্ত্রীসভা নিয়েছেন। আজকে প্রশ্ন আমাদের দুঃখ ছাড়া সুখলাভ হয় কী মহীতে? এ কথাটা উপলব্ধি করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধুরা বলছেন দেশের এই যে প্রোব্লেম কি করে সল্ভ করা যায় তার কথা কেউ বলেছেন না। শুধু বলেছেন তাঁরা এই মন্ত্রীসভা এই করেছে, এই করেছে। কিন্তু সংকট সল্ভ করবার জন্য কি কোন প্রস্তাব তাদের পক্ষ' থেকে দেওয়া উচিত ছিল না? আমি বলবো এই সংকটের দূরীকরণের জন্য যিনি এই লাইনের লোক, সেই লোককে এদিকে নিয়ে যাওয়া দরকার। ব্যাণ্ডেল, কোলাঘাট, সাঁওতালডি যেখানে এক্সপার্ট অফিসার নিয়োগ করুন পাওয়ার হাউসের মধ্যে। এই পাওয়ার প্লান্ট সম্বন্ধে যাদের জ্ঞান ও অভিজ্ঞতা বেশী সেই সব লোককে সেখানে বসান দরকার। এই মেইন্টানেন্স সম্বন্ধে অভিজ্ঞ ও অধিক জ্ঞানসম্পন্ন লোকদের সেখানে দেওয়া দরকার—যারা সেগুলির মেইন্টানেন্স করতে পারবে ভালভাবে। এই মেইন্টানেন্স সম্বন্ধে যারা ট্রেনিং নিয়েছেন, ট্রেনিংপ্রাপ্ত সেই এক্সপার্টদের সেই কাজে লাগাতে পারেন। বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে তাদের নিয়োগ করুন। তাহলে পরে বর্তমান সংকট আমার মনে হয় তাড়াতাড়ি দূর হতে পারে। আর একটী জিনিষ আমাদের করা দরকার সেটা হলো যে বিদ্যুৎ চুরি হচ্ছে সেটা বন্ধ করা অবিলম্বে দরকার এবং এই বিদ্যুৎ চুরি সম্বন্ধে একটা তদন্ত করা দরকার। আর একটা জিনিষ হলো যাতে বিদ্যুৎকে আমরা ভালভাবে কাজে লাগাতে পারি তার জন্য চেষ্টা করতে হবে। গৃহস্থ বাড়ীতে যারা বিদ্যুৎ কম ব্যবহার করেছেন, তাদের একটা রিবেট দেওয়া যায় কিনা—সেই সম্পর্কে সরকারকে একটু চিন্তা করে দেখতে বলি। আর একটা হচ্ছে এই ট্রান্সমিশান লাইনের তার চুরি বন্ধ করা দরকার। এই কথা কয়টী বলে আমার বক্তব্য শেষ করছি।

[9-50—10-0 a.m.]

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :

মাননীয় স্পীকার স্যার, আমি ভেবেছিলাম আমাদের আর, এস, পি, এবং সি, পি, আই, বন্ধুরা কিছু কন্সট্রাক্টিভ কথা বলবেন কিন্তু দেখলাম তাঁরা কেবল বিশ্বাস করেন পলিটিক্যাল স্ট্যান্ট-এ, তাঁরা বিশ্বাস করেন কনফিউসন ক্রিয়েট করবার। তাঁদের কাছে কনস্ট্রাক্টিভ কথা পাওয়া যায় না। আমার সেই স্যার উইন্সটন চারচিল-এর একটা কথা মনে পড়লে It is silly to argue with the communists.

আমি যে কথা বলছিলাম—ভেবেছিলাম তাঁরা অনেক কিছু বলবেন কারণ তাঁরা না অহঙ্কার করে বলেন যে তাঁরা অনেক খবর রাখেন। মাননীয়া সদস্যা, গীতা মুখোপাধ্যা বলেছেন ব্যাণ্ডেল-এর কথা, মাননীয়া সদস্যা গীতা মুখোপাধ্যায় ইঞ্জিনিয়ারদের স্ট্রাইক-এ কথা বলেছেন। ভারতবর্ষে এরূপ একটা স্টেট নেই যেখানে ইঞ্জিনিয়াররা ওয়ার্ক টু রুল করছে না। একমাত্র পশ্চিমবাংলায় মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের ইন্টারভেনশনে কালকে সিজ ওয়ার্ক এ্যাণ্ড ওয়ার্ক টু রুল মিটেছে। এটা পশ্চিম বাংলার সমস্যা নয় এটা গোটা ভারতবর্ষের সমস্যা। আজকে যে কথা আমি বলছি যে ইঞ্জিনিয়াররা কাজে ফিরে গেছেন এবং বিকাল ৫-টার সময় আমার কাছে যা খবর এসেছে ৩০ মেগা ওয়াট পাওয়ার বেড়ে গেছে। আমি আশা করবো তাঁরা যখন সকলে কাজ আরম্ভ করবেন তখন পাওয়ার ক্রাইসিস-এর পরিবর্ত্তন হবে। আমি যে কথা বলবার চেষ্টা করছিলাম তার অনেকটাই আমার বন্ধু ডাঃ জয়নাল আবেদিন কয়লা ইত্যাদি অনেক বিষয়ই বলে গেছেন। আমি সেগুলির কথা বলবো না। আমি ব্যাণ্ডেল পারফরমেন্স-এর কথা বলবো। ব্যাণ্ডেল পারফরমেন্স-এর কথা বলতে গিয়ে বলবো যে, ১৯৭২ সালে অল ইণ্ডিয়া এভারেজ ৩২০০ কিলো-ওয়াট, সে জায়গায় ব্যাণ্ডেল-এর পারফরমেন্স ৪৮,০০০ কিলো-ওয়াট, ওয়ার্ল্ড এভারেজ হ'ল ৩৭০০ কিলো-ওয়াট। ট্রম্বয়তে যেখানে তেলে চলে সেখানে হচ্ছে ৫,৮০০ কিলো-ওয়াট, জাপানে হচ্ছে ৫,৬০০ কিলো-ওয়াট, ইউ, এস, এ,-তে হচ্ছে ৪,৭০০ কিলো-ওয়াট, ১৯৭৩ সালে ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ব্যাণ্ডেল-এ ছিল ৬০০ কিলো-ওয়াট। আমাকে বলা হয়েছে অযোগ্য মন্ত্রী। ব্যাণ্ডেল-এর পারফরমেন্স স্ট্রাইক এর আগে পর্য্যন্ত যা ছিল তাতে পৃথিবীর মধ্যে ওয়ান অব দি বেষ্ট পারফরমেন্সেস ছিল। আমাকে যদি পদত্যাগ করতে হয় তাহলে পশ্চিম বাংলা কেন ভারতবর্ষের অনেক জায়গার অনেক স্টেটের পাওয়ার মন্ত্রীকে রিজাইন করতে হবে। আমি যে কথা বলার চেষ্টা করছিলাম ১৯৭৩ সালে ব্যাণ্ডেল-এ কি পারফরমেন্স ছিল। ১৯৭৩ সালে সেকেণ্ড জানুয়ারীকে একটা ডেট হিসাবে ধরছি সেকেণ্ড জানুয়ারীতে ছিল ২২০ মেগাওয়াট, সেকেণ্ড এপ্রিলে ছিল ২২৫ মেগাওয়াট আমি সেকেণ্ড ধরে যাচ্ছি। সেকেণ্ড জুলাই ছিল ২৬৫ মেগাওয়াট, সেকেণ্ড নভেম্বর ছিল ২৩০ মেগাওয়াট।

২রা নভেম্বর ছিল ২৩০ মেগাওয়াট। সেই সময় ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসানের ২রা জানুয়ারী প্রডাকসান ছিল ২৮২ মেগাওয়াট। ২রা এপ্রিল ছিল ২৫৮ মেগাওয়াট, ২রা জুলাই ছিল ২৭২ মেগাওয়াট, ২রা নভেম্বর ছিল ২৬৯ মেগাওয়াট। ডি,ভি,সি'র কথা বলি। ডি,ভি,সি'র ছিল ৮০ মেগাওয়াট ২রা জানুয়ারী। ২রা এপ্রিল ৭৫ মেগাওয়াট, ৬২ মেগাওয়াট, এ্যান্ড ৪৪ মেগাওয়াট। তখন প্রায়ই দেখা যায়, ব্যান্ডেলের কথাই আসি, প্রায়ই দেখা যায় ২৩০ মেগাওয়াট পর্য্যন্ত এ্যাভারেজে প্রডাকসান ছিল। যেমনি এ্যাজিটেসান আরম্ভ হল তেমনি ২৫শে এপ্রিল তারিখের কথা বলছি, ব্যান্ডেলের জেনারেসান ১৯৫ মেগাওয়াট ১১ই এপ্রিল ছিল ১৯৫ তারপর নেমে এল ২০৫, ১৫৬, ১৭৫ সো এ্যান্ড সো ফোর্থ নেমে এল। এরা বলে, মিঃ স্পীকার স্যার, আমরা নাকি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে রেকগনাইজ করি না। এরা যে প্রিচ করে তা কখনই ইমপ্লিমেন্ট করে না। আমরা এই মন্ত্রীসভা থেকে দুজনকে মেম্বার ইঞ্জিনিয়ার রেখেছি। একজন পার্ট-টাইম মেম্বার ইঞ্জিনিয়ার রেখেছি। এদের সময় যখন ওদের মন্ত্রীসভা ছিল তখন মাত্র একজন পার্ট-টাইম ইঞ্জিনিয়ার ছিল। আমি এই হাউসে বলবো আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে রিকগনাইজ করবো। এটা আমাদের অভিমত। আমরা চিন্তা করছি, মুখ্যমন্ত্রী চিন্তা করছেন যাতে যত তাড়াতাড়ি পারা যায়। তখন ওখানে একজন টেকনোক্র্যাট বসাবো। আমরা ডকট্রিন নিয়ে চলি না। আমরা চলি কিভাবে আমরা ভাল করে কাজ করতে পারবো, কিভাবে পশ্চিমবাংলার মানুষের আশা-আকাংক্ষা মিটাতে পারবো। আমি যেকথা বলার চেষ্টা করেছিলাম আমাদের এখানে বলা হয়েছে ৪৪ দিন কেন দেরী করা হল। যেখানে ভারতবর্ষে কোন স্টেট এখনও মেটাতে পারেনি। মুখ্যমন্ত্রীর ইন্টারভেনসান সেই ওয়ার্ক টু রুল, সিজ ওয়ার্ক মিটে গিয়েছে। ওদেরও তো কর্ত্তব্য ছিল। আমি ওদের জিজ্ঞাসা করি ওরা এই বিষয়ে কি করেছিলেন। আমরা ডেমোক্রেটিক ট্রেডিসান মানি। মন্ত্রী থাকা বা না থাকা বড় কথা নয়। কিন্তু বড় কথা হচ্ছে কি করে আমরা পশ্চিমবাংলার মানুষের

আশা-আকাংক্ষা পূরণ করবো। সেকথা বলতে গিয়ে আমি বলছি এরা বলেছেন আমরা নাকি........

শ্রী অজিত বসু:— এরা কারা? আই অবজেক্ট ইট। 'ওঁরা' বলে বলুন।)

ওঁরা বলেছেন যে আমরা নাকি ট্রান্সমিসান লাইন টানিনি। মিঃ স্পীকার স্যার, ওঁরা জানেন না, ওঁরা কি কথা বলেন। যেখানে ২৬ বছরে ১২ হাজার ৪২৮ কিলো মিটার ট্রান্সমিসান লাইন টানা হয়েছিল আর আমরা এই দু-বছরে ১২ হাজার ৭২৫ কিলোমিটার ট্রান্সমিসান লাইন টেনেছি। আমি যখন এই কথা বলছি তার মানে এই নয় আমাদের সব কাজ হয়ে গিয়েছে, আমরা সমস্ত ট্রান্সমিসান লাইন টেনে ফেলেছি।

[10-00—10-06 a.m.]

আমরা সাঁওতালদি পুরুলিয়া ট্রান্সমিসান লাইন কমপ্লিট করেছি। ডি,ভি,সি গ্রিডে সাঁওতালদি জেনারেশন করে ফেলতে পারব। সাঁওতালদি টু ওয়ারিয়ার আমরা করে ফেলেছি, দুর্গাপুর টু সাঁইথিয়া করে ফেলেছি। তারপরে এই ইনডিপেনডেন্ট ২০০ কেভি, ট্রান্সমিসান লাইন সাঁওতালদি টু ডাইরেক্ট এ,সি,বি, করে ফেলেছি। যেটা করার কথা হয়নি মিঃ স্পীকার স্যার, সেটা সচ্ছে সাঁওতালদি থেকে ডাইরেক্ট হাওড়া— মিঃ স্পীকার স্যার, আমরা অনেক দূর এগোতে পারতাম ইমপোর্টেড ষ্টীল যেটা ব্যবহার করা হয় সেটা পাইনি। প্ল্যানিং কমিশন আমাদের সামান্য ষ্টীল দিয়েছেন। আমরা চেষ্টা করছি, আমাদের মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন, আশা করি ষ্টীল পেলেই অনেক এগিয়ে যেতে পারব। মিঃ স্পীকার, স্যার, সাঁওতালদির কথা অনেকেই বলেন। এই সাঁওতালদির কাজ আরম্ভ হয়েছিল ১৯৬৬ সালে। মিঃ স্পীকার, স্যার, আমি যখন প্রথম ওখানে যাই তখন বিশেষজ্ঞদের জিজ্ঞাসা করেছিলাম কত পারসেনটেজ কাজ হয়েছে, আর কত পারসেনটেজ কাজ বাকি আছে? তারা আমাকে হিসাব করে দিলেন যে ৪৫ পারসেন্ট কাজ ১৯৬৬ সাল থেকে ১৯৭২ সাল পর্য্যন্ত হয়েছে। মিঃ স্পীকার স্যার, তারপরে আমরা দু-বছরে ৫০ পারসেন্ট কাজ করেছি। আমরা খুব অন্যায় করেছি, পশ্চিমবাংলার মানুষকে ষ্টান্ট দিয়েছি ধোঁকা দিয়েছি? আমরা সাঁওতালদিতে যে মেশিনারি চেয়েছিলাম সেই মেশিনারি পেয়েছিলাম ডি,এ,জি,এল এ,জি,আই,এল-এর কাজ থেকে, ইনডিজিনাস মেশিন— সেই মেশিন আমাদের টিদিং ট্রাবল দিচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী ইনডাষ্ট্রি মিনিষ্টারের কাছে টেলেক্স পাঠিয়েছেন। সেদিন তাতে তিনি পরিষ্কার ভাবে বলেছেন যে হয় তোমরা সাঁওতালদি মেশিন ঠিক করে যাও, না হয় সাঁওতালদি মেশিন উঠিয়ে নিয়ে যাও, আমরা সাঁওতালদি মেশিন চাই না। মিঃ স্পীকার, স্যার, মেশিনের উপর আমাদের কোন হাত নেই। আমাদের টেকনোক্রাটস যারা এই প্ল্যান্ট হ্যান্ডেল করতেন তাতে যে অভিজ্ঞতা থাকা দরকার, সেই অভিজ্ঞতা তাদেই নেই। কাজে কাজেই ফাইন্যাল সেফ দিতে একটু দেরী হচ্ছে। আমি কমিশনের কথা বলেছি। কমিশনের কথা এই জন্য বলেছি নিজেদের দোষ ঢাকবার জন্য নয়, পশ্চিমবাংলার মানুষের কাছে সত্যিকারের কথা রাখতে চাই। সেই জন্য মিঃ স্পীকার, স্যার, পার্লামেন্টারি এটিকেটে যে শাস্তি পাওয়া দরকার, কমিশন যদি ভার্ডিক্ট দেয় তাহলে নিশ্চয় আমি সেই শাস্তি মাথা পেতে নেব। আমরা সি,পি,আই, আর,এস,পি পার্টির মত পাওয়ার ধরে থাকতে চাই না— আমরা মানুষের সেবা করতে চাই, মানুষের আশা আকাংক্ষাকে পূর্ণ করতে চাই। মিঃ স্পীকার, স্যার, আমি মনে করি আমাদের সাঁওতালদির যে টিদিং ট্রাবল আছে—ইঞ্জিনিয়ারদের সঙ্গে আমাদের সমঝোতা হয়েছে, আমি মনে করি ব্যান্ডেলের নর্ম্যালসি ফিরে আসবে এবং ব্যান্ডেলে যদি নর্ম্যালসি ফিরে আসে, সাঁওতালদি যদি চালু হয় তাহলে আমি মনে করি আমার বন্ধু জয়নাল আবেদিন সাহেব যেভাবে ডি,পি,এল-এর উন্নতি করেছেন— লাষ্ট ইয়ারে ডি,পি,এল যেখানে ৩০।৪০ মেগাওয়াট দিচ্ছিল, আজ সেখানে ডি,পি,এল ক্যালকাটা সিসটেমে ৮০।৯০ মেগাওয়াট দিচ্ছে। এখন ডি,পি,এল যদি ৮০।৯০ মেগাওয়াট দিতে থাকে এবং আমরা যদি নর্ম্যালসি ফিরিয়ে আনতে পারি তাহলে নিশ্চয় কলকাতার এই বিদ্যুৎ সঙ্কটের মোকাবিলা করতে পারব। কিন্তু মিঃ স্পীকার, স্যার, ২৫ বছরের এই যে লিগ্যাসি, ২৫ বছরের যে সমস্যা, সেই সমস্যাকে

এমন কোন গভর্নমেন্ট আছে পৃথিবীতে, যে গভর্নমেন্ট ২ বছরে তার মোকাবিলা করতে পারে? যদি মোকাবিলা করতে পারে তাহলে আমি নিশ্চয় রিজাইন করব। তা হয় না— মানুষকে ধাপ্পা দেওয়া যায়, স্টান্ট দেওয়া যায়, কিন্তু মানুষের সমস্যার সমাধান করা যায় না।

ডি.পি.এল যদি ৮০।৯০ মেগাওয়াট দিতে থাকে, আমরা যদি নর্ম্যালসি ফিরিয়ে আনতে পারি তাহলে নিশ্চয় কোলকাতার যে বিদ্যুৎ সঙ্কট সেই বিদ্যুৎ সঙ্কটের মোকাবিলা আমরা করতে পারবো। কিন্তু স্যার, ২৫ বছরের লেগ্যাসি, ২৫ বছরের যে সমস্যা পৃথিবীতে এমন কোন গভর্নমেন্ট আছে কি যে গভর্নমেন্ট ২ বছরের মধ্যে তার মোকাবিলা করতে পারে? তা যদি স্যার, করতে পারে তাহলে আমি নিশ্চয় রিজাইন করবো। তা হয় না। মানুষকে ধাপ্পা দেওয়া যায় বা স্টান্ট দেওয়া যায় কিন্তু মানুষের সমস্যার সমাধান করা যায় না।

Adjournment

The House was then adjournment at 10-06 p.m. till 1 p.m. on Thursday, the 22nd May 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 2nd May, 1974, at 1 p.m.

Present :

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 127 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

[There was none to take Oath]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Memorandum of the Union of National Tannery Co. Ltd.

***744** (Admitted question No. *2702) **Shrimati Ila Mitra :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) if any memorandum has been submitted by the Union of the National Tannery Co. Ltd. Canal South Road, Pagladanga, Calcutta-15 to the Minister-in-charge of Labour Department on 23rd August 1972 and

(*b*) if so, the action taken by the Government in that regard ?

Dr. Gopal Das Nag : (*a*) and (*b*) No such memorandum appears to have been received either in the Labour Department or in the Labour Directorate. Action will be taken as and when such a memorandum is received by the Department.

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি, এই মেমোর‍্যান্ডাম ২৩-৮-৭২ তারিখে দেওয়া হয়েছিল। লেবার মিনিস্ট্রিতে কি কোন ইনফরমেশান ব্যুরো নেই যে কখন মেমোর‍্যান্ডাম আসছে বা তার জন্য কি ব্যবস্থা আছে, সেই সম্পর্কে দেখাশুনা করার?

Dr. Gopal Das Nag :

না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইনফরমেশান ব্যুরো নেই।

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবগতির জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি যে ২৩-৮-৭২ তারিখে এই মেমোর‍্যান্ড্যাম লেবার মিনিস্টারের কাছে দেওয়া হয়েছিল.

তারপর সেই সম্পর্কে কোন রকম ব্যবস্থা না হওয়ায় পার্লামেন্টে সনত রাহা, এম, পি, তিনি রঘুনাথ রেড্ডীকে এই বিষয়ে চিঠি লেখেন এবং তিনিও সনত রাহাকে তার উত্তর দিয়ে এ কথা বলেছেন,

"Please refer to Khadilkarji's letter of November 22, 1972 in reply to yours of '71 about the National Tannery Co. We have taken up the matter with the Government of West Bengal."

এ কথা বলেছেন যে গভার্ণমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের সঙ্গে এই ব্যাপারে কথাবার্তা বলছি

"The management, we are advised, have since been able to make financial arrangement to get over the difficulties and the company are now well on the way to operate without losses. At the management's request the State Government has also moved the Ministry of Industrial Development to stay investigation into the Company's affairs for a period of six months.

With kind regards,

Yours sincerely,

Government of West Bengal. K. B. Raghunath Reddy."

এই সম্পর্কে কেন্দ্র থেকেও গভার্ণমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের কাছে চিঠিপত্র লেখালিখি হয়েছে। তা সত্বেও কেন এই বিষয়ে কিছু করা হয়নি। কাজেই এই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কিছু জানতে চাই, তিনি বলতে পারবেন কি?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন ছিল ২৩-৮-৭২ তারিখের মেমোর‍্যান্ডাম সম্পর্কে এবং আমি উত্তর দিয়েছি যে সেটা আমার দপ্তরে নেই। ন্যাশানাল টেনারী সম্বন্ধে মাননীয়া সদস্যা যা জানতে চেয়েছেন—ন্যাশানাল টেনারী গত কয়েক বছর ধরে আর্থিক সংকটে ভুগছিল। পশ্চিমবঙ্গ সরকার এই ন্যাশানাল টেনারী যাতে ইন্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট এ্যান্ড রেগুলেশান এ্যাক্ট-এর ম্যানেজমেন্ট টেক ওভার করা যায় তার জন্য স্বতঃপ্রবৃত্ত হয়ে ভারত সরকারের ইন্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট মিনিষ্ট্রির কাছে লেখেন, এর জন্য একটা ইনভেষ্টিগেটিং কমিটি হোক—

With the involvement of the State Government representative.

এবং দরকার হলে ষ্টেট গভর্ণমেন্টের যে স্কীম হবে তাতে ফিনানসিয়াল পার্টিসিপেশান করতে রাজী আছেন যদি এটা টেকওভার হয়। তারপর ১৯৭৩ সালে আমরা ভারত সরকারের কাছ থেকে চিঠি পাই এবং স্থানীয় ম্যানেজমেন্টও আমাদের অফিসিয়ালি জানান যে তাদের যে ফিনানসিয়াল ডিফিকাল্টিজ ছিল সেটা এখন আর নেই। তারা ফারদার ব্যাংক এ্যাকোমডেশান পেয়েছেন এবং অব দেয়ার ওন এটাকে রিভাইভ করতে পারবেন। সুতরাং সেই পরিপ্রেক্ষিতে ভারত সরকার চান না আর ইনভেষ্টিগেশান হোক। সেই অবস্থায় এটা চোক্‌ড হয়ে যায়। আমরা এখনও মনে করি ন্যাশানাল টেনারী অব ইটস ওন যদি না ভালভাবে আর্থিক সংকট কাটিয়ে উঠতে পারেন তাহলে এটা ইন্ডাষ্ট্রিয়াল ডেভলপমেন্ট এ্যান্ড রেগুলেশান এ্যাক্টে টেকওভার করে পশ্চিমবঙ্গ সরকার-এর পরিচালনার দায়িত্ব গ্রহণে তৈরী আছেন। এই টেকওভারের প্রস্তাব এবং ম্যানেজমেন্ট পুনর্গঠন এবং ফিনানসিয়াল ষ্ট্রেনদেনিং-এর জন্য স্বক্রিয়ভাবে পার্টিসিপেট করার জন্য।

Shrimati Ila Mitra :

মাননীয় মন্ত্রিমহাশয় আপনি কি জানেন ইউনাইটেড ব্যাঙ্ক-এর কাস্টোডিয়ান সেখানে বসে আছেন এবং ১॥ কোটি ২ কোটি টাকা করে লোন যাচ্ছে?

Dr. Gopal Das Nag :

আধুনিক খবর আমার কাছে নেই যদি মাননীয় সদস্যা এ সম্পর্কে ইউনিয়ন-এর পক্ষ থেকে আমার কাছে একটা মেমোর‍্যাণ্ডাম দিতে পারেন তাহলে আমি প্রোসিড করতে পারি কারণ এর মালিক পক্ষ, কম পক্ষে ইউনিয়ানের রিপ্রেজেন্টেসন সরকারের কাছে দেওয় দরকার, যার ভিত্তিতে আমরা এটা নিয়ে মুভ করতে পারি।

Shrimati Ila Mitra :

আপনি কি জানেন যে এটা যদি গভর্ণমেন্ট টেকওভার করে তাহলে আরও ৫০০।৬০০ লোক নিয়োগ করে অনেক বেশী টাকা লাভ করা যায়?

Dr. Gopal Das Nag :

ঠিক কত লোক নিয়োগ করা যাবে, কত লাভ করা যাবে সে সম্বন্ধে তথ্য দিতে পারবো না তবে আমার ধারণা যতটুকু আমি ষ্টাডি করেছিলাম যে ন্যাশনাল টেনারী শুধু ভারতবর্ষে নয় এশিয়ার ইণ্টার্ন রিজেন-এর অন্যতম শ্রেষ্ঠ টেনারী, সুতরাং এটাকে যদি প্রপার ম্যানেজমেণ্ট দেওয়া যায় এবং প্রপার ফাইনান্স-এর ব্যবস্থা করা যায়, নিশ্চয়ই এটা লাভজনক ব্যবসা হবে এবং নিশ্চয়ই এটাতে আরও অধিক লোক নিয়োগ করা যাবে।

Shri Saroj Roy :

মন্ত্রিমহাশয় কি জানেন যে ১৯৭৩ সালে কেন্দ্রীয় ডেপুটী মিনিষ্টার প্রণব মুখার্জী, আপনাদের কাছে একটা সংবাদ দিয়েছিলেন তথ্য দিয়ে, এটাকে টেকওভার করা দরকার?

Dr. Gopal Das Nag :

মাননীয় সদস্যের প্রশ্নোত্তরের মর্মার্থ আমি উদ্ধার করতে পারলাম না। কেন্দ্রীয় মন্ত্রী অর্থাৎ ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এর উপমন্ত্রী শ্রীপ্রণব মুখার্জী আমাকে টেকওভার করার দরকার বলবেন কেন? টেকওভার করার অধিকারতো পশ্চিমবঙ্গ সরকারের নেই, টেকওভার করবার জন্য ডিসিসন একমাত্র অধিকার আছে ঐ ইণ্ডাষ্ট্রিয়াল ডেভলপ-মেণ্ট মিনিষ্ট্রির, মাননীয় প্রণববাবু যদি এই প্রয়োজনীয়তা অনুভব করে থাকেন তাহলে তিনিই তো সেই সিদ্ধান্ত নিতে পারতেন। তাঁকে তো ওয়েষ্টবেঙ্গল গভর্নমেণ্টকে এ্যাড্ভাইস করবার কোন দরকার ছিল না, যে টেকওভার করার দরকার।

Shri Saroj Roy :

টেকওভার করার জন্য আপনাকে কোন রকম মতামত চেয়েছিলেন কিনা?

Dr. Gopal Das Nag :

আমি আগেই বলেছি শ্রীমতী ইলা মিত্রের প্রশ্নের উত্তরে যে পশ্চিমবঙ্গ সরকার স্বতঃস্ফূর্ত হয়ে ভারত সরকারকে অনুরোধ করেছিলেন যে ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট এ্যাক্ট-এ টেক-ওভার করবার আগে এটাকে একটা ইনভেষ্টিগেসন কমিটির দ্বারা ইনভেষ্টিগেসন করা হোক। কারণ এটা একটা প্রাওর কণ্ডিসন, যদি কারখানা ৩ মাস সম্পূর্ণ বন্ধ না থাকে তাহলে একটা ইনভেষ্টিগেসন কমিটি এ্যাপোয়েন্ট করে ইনভেষ্টিগেসন করে তার সেই ইনভেষ্টিগেসন-এর রিপোর্টের ভিত্তিতে ভারত সরকার গ্রহণ করতে পারেন, এটা হচ্ছে ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট রেগুলেসন আইনের ওয়ান অফ দি রিকুইয়ারমেণ্টস, আর যদি মোর দেন থ্রি মান্থস সম্পূর্ণ বন্ধ থাকে তাহলে বিনা এনকোয়ারীতেও টেকওভার করা যায়। যেহেতু এই কারখানা কোনদিন বন্ধ ছিল না, সেইজন্য এখানে একটা ইনভেষ্টি-গেসন কমিটি নিয়োগ করার দরকার ছিল প্রায়র টু টেকওভার, সেই কথা আমরা সুপারিশ করেছিলাম। কিন্তু যে কোন কারণেই হোক পরবর্তীকালে ভারত সরকার সেই বিষয়ে

আমাদের সঙ্গে সম্পূর্ণ একমত হননি। ম্যানেজমেন্টের যে কনটেনশন ছিল যে আমরা ফাইনানসিয়াল ডেভেলপমেন্ট ওভারকাম করেছি, ফারদার ব্যাঙ্ক এ্যাকমোডেশন চেয়েছি এবং যেটা সত্যাই, তারই ভিত্তিতে ভারত সরকার বলেছিলেন যে এটা এখন ইনভেস্টিগেসন-এর আর কোন প্রয়োজন নেই।

Shri Ananta Kumar Bharati :

মন্ত্রিমহাশয় বললেন যে মেমোরেণ্ডাম দেওয়া হয়েছে ২৩-৮-৭২ তারিখে আর আমাদের রঘুনাথ রেড্ডী সাহেবের একটা চিঠি মিঃ সাহাকে মেনসান করে লেখা আছে ১৪ ফেব্রুয়ারী ১৯৭৩। উনি বলেছিলেন যে টেকওভার করার ব্যাপারে কোম্পানীর ফিনানসিয়াল অবস্থা যদি ভাল হয়—এখন আমরা যেটা দেখছি, এটা ৬০ সালে চালু হয়েছে, এটা খুব ঐতিহ্যপূর্ণ কোম্পানী, ইউনাইটেড ব্যাঙ্ক পাবে ১ কোটি ৭০ লক্ষ টাকা, আই, ডি, বি, আই, এর লোন ৩৮ লক্ষ টাকা, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল করপোরেশন ১২ লক্ষ টাকা। ফাইন্ড দি ক্রেডিট আপ ৩২ লক্ষ টাকা। তারপর আরও রহস্য আছে, এখানে পড়ে দেখা যাচ্ছে প্রায় আড়াই কোটি টাকার মত লাইবিলিটিস, কোম্পানী এ্যাসেট হচ্ছে ৪৫ লক্ষ টাকা। প্রথমে আই, আর সি, আই নেবার জন্য তারা আপত্তি করেছিল কিন্তু এখন এই কারখানাটি শুধু এশিয়া নয় ওয়ার্লড-এর মধ্যে এই জাতীয় কারখানা আছে কিনা সন্দেহ।

[1-10—1-20 p.m.]

অতএব বিগ বসেস, তারা এই ভাবে মাইনে পাচ্ছে। আমাদের মাননীয় মন্ত্রী যে কথা বললেন যে কিছু ফাইনানসিয়াল সুযোগসুবিধা পেলে কোম্পানীটি কাজ করতে পারে, এখানে ৬০০।৭০০ লোক কাজ করে, কিছু লোক আরো দিতে পারলে কোম্পানীটি বিরাট ভাবে বাড়ানো যেতে পারে। তাহলে আমি কি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করতে পারি যে আমি নিজে কারখানার ভিতরে গিয়ে দেখে এসেছি অদ্ভুত কারখানা, প্রচুর মেসিনারিস রয়েছে, যে মেসিনারিস বাটা কোম্পানীতে নেই, তাও রয়েছে—কারখানাটিকে কার্যকরী করে তোলার জন্য চেষ্টা করবেন?

Dr. Gopal Das Nag :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যের প্রশ্নের মূল অর্থ বুঝতে পারলাম না। একটা পার্ট রিকোয়েস্ট ফর একশান, সেটা আমি বাদ দিচ্ছি। আর যেটা আছে, সেটা সম্বন্ধে আমি আগেই বলেছি উনি শুনেছেন কিনা জানি না। ইন্ডাষ্ট্রিয়াল ডেভালপমেন্ট রেগুলেশন য়্যাক্টে কারখানা পরিচালনার ভার ভারত সরকার নিতে পারেন বা তারা বলতে পারেন পশ্চিমবাংলা সরকারকে যে আপনারা আমাদের হয়ে কারাখানাটি পরিচালনার ভার নিন। আর তৃতীয় ব্যবস্থা হচ্ছে ম্যানেজমেন্ট এবং আর, আর, সি, আই,-এর মধ্যে আন্ডার স্ট্যান্ডিং করে তারা ঐ কারখানাটির কাজ চালাতে পারে। এখন তৃতীয় ব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের করবার কিছু নেই। এখানে সম্পূর্ণ অন্য দৃষ্টিভঙ্গী থেকে কাজ হয়ে থাকে। মাননীয় সদস্য জানেন যে এটা একটা ব্যাংকার্স অর্গানাইজেশন, সর্ট লোন প্রভাইট করা। এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কিছু করার নেই। ইন্ডাষ্ট্রিয়াল ডেভালপমেন্ট নেগোসিয়েশন য়্যাক্টে কোন কারখানাকে টেকওভার যদি করতে হয় তাহলে, যদি কারখানাটি নিরবিচ্ছিন্নভাবে মোর দেন থ্রি মানথস পড়ে থাকে তবে আমরা টেক-ওভারের কথা বলতে পারি। সিকনেস অফ দি সারফেস দেখে ইনভেসটিগেশন করতে হবে, ইট ইস এ প্রি-কনডিশন, তার আগে ইন্ডাষ্ট্রিয়াল রেগুলেশন য়্যাক্ট অনুযায়ী করা যেতে পারে। এখন আমি মাননীয় সদস্যকে জানাতে পারি যে আমরা ভারত সরকারকে লিখতে পারি ইনভেস্টিগেশন করবার উপযুক্ত বলে।

Shri Ananta Kumar Bharati :

আই, আর, সি, আই, বলছে কিছু করবার নেই, কিন্তু যেখানে এতগুলো লোক কাজ করে, ৫০০।৬০০ লোক কাজ করেন, তারা যাতে বেকার না হয়ে পড়েন তারজন্য পশ্চিমবঙ্গ

সরকারের পক্ষ থেকে কি কিছুই করবার নেই, সেই জন্য আমি আপনাকে অনুরোধ করছি যে আপনি এই বিষয়ে স্টেটের পক্ষ থেকে কিছু ব্যবস্থা গ্রহণ করুন। তার কারণ ইউনাইটেড ব্যাঙ্ক থেকে প্রচুর টাকা দিয়েছে, তারা লোক দিয়েছে, আই, ডি, পি, আই-র থেকে নিয়েছে, ওয়েস্ট বেঙ্গল ফাইনানসিয়াল কর্পোরেশন থেকে নিয়েছে। আমরা আশা করব আপনার নেতৃত্বে ন্যাশনাল পয়েন্ট অফ ভিউ থেকে একটা নেগোসিয়েশন করে সুব্যবস্থা গ্রহণ করবেন।

Dr. Gopal Das Nag :

ইট ইস এ রিকোয়েস্ট ফর একশান।

ক্ষেতমজুরদের সর্বনিম্ন মজুরী

*৭৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৯।) শ্রী নিতাইপদ সরকার: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) ইহা কি সত্য যে সরকার ক্ষেতমজুরদের সর্বনিম্ন মজুরী বাঁধিয়া দিয়াছেন এবং

(খ) সত্য হইলে, উক্ত মজুরী সেচ এলাকায় ও অসেচ এলাকায় কত?

Dr Gopal Das Nag :

(ক) হ্যাঁ।

(খ) সরকার সেচ এলাকা ও অসেচ এলাকার জন্য পৃথকভাবে নিম্নতম মজুরী নির্ধারণ করেন নাই।

Shri Harasankar Bhattacharyya :

সচ ও অসেচ এলাকার জন্য পৃথক মজুরী নির্ধারণ করার পরিকল্পনা সরকারের আছে ক?

Dr. Gopal Das Nag :

চ, অসেচ ও সি, এ, ডি, পি, ৩টা এলাকার জন্য ৩টি মজুরী হার নির্ধারণ করার পরিকল্পনাই শুধু নয়, প্রাথমিক পর্য্যায়ে আলোচনাও সম্পূর্ণ হয়ে গেছে।

Shri Harasankar Bhattacharyya :

ক্ষেতমজুরদের ভেতর নানা রকম ভ্যারাইটি আছে, সেই শ্রেণীভেদ অনুযায়ী মজুরীর হার নির্ধারণ করার পরিকল্পনা চিন্তা করছেন কি?

Dr. Gopal Das Nag :

আমরা এখানে এটাকে ৩ ভাগে ভাগ করি। একটা হচ্ছে মানথিলি রেট এটার জন্য একট হার নির্ধারণ এর মধ্যে হয়ত খাওয়াও আছে। আর একটা হচ্ছে ডেলি রেট। আর একটা হচ্ছে শুকো রেট যেটা প্রিরিকুইজিট—এর মধ্যে জলখাবার, বিড়ি ইত্যাদি আছে সমস্ত রকম ফ্যাক্টর কনসিডার করে আমরা প্রাথমিক পর্য্যায়ে আলোচনা শেষ করেছি এবং সরকারীভাবে একটা প্রস্তাব ঐ কমিটির কাছে রাখার ব্যবস্থা করা হচ্ছে।

Shri Harasankar Bhattacharyya :

ক্ষেতমজুর সমিতি ৪.৫ টাকা রেট দাবী ক: আপনাদের কাছে একটা যে মেমোর‍্যাণ্ডাম দিয়েছে তাতে সেচ এলাকায় ৪ টাকা অসেচ এলাকায় ৫ টাকা সি, এ, ডি, পি, কম বলেনি, সেই দাবীর কথা স্মরণ রাখবেন কি?

Dr. Gopal Das Nag:

ক্ষেতমজুর সমিতির একজন নেতা ঐ কমিটিতে আছেন। ও‍ঁরা যা চাইছেন তার চেয়ে বেশী হবে, কম হবে না।

Shri Harasankar Bhattacharyya :

শুধু মজুরী ছাড়া কেরালা ধরনের আইন প্রভিডেণ্ড ফাণ্ড, গ্র্যাচুয়িটী, ফ্রি মেডিকেল বেনিফিট, কাজের সময়, ছুটির কথা ইত্যাদি বিষয় নিয়ে আইন করার কথা চিন্তা করছেন কি?

Dr. Gopal Das Nag:

এমপ্লয়ারদের যেখানে আইডেন্টিফাই করা যায়না সেখানে আইন করলে সেটা একটা দুসমন হবে। তবে সি, এ, ডি, পি, পুরাপুরিভাবে চালু হলে সি, এ, ডি, পি, এলাকায় এমপ্লয়ী ও এমপ্লয়ার-এর একটা রিলেসন এস্টাবলিশড করা যাবে এবং সেখানে এইরকম একটা কিছু করার চেণ্টা করছি। অবশ্য সমস্ত নির্ভর করছে সি, এ, ডি, পি,-র সাফল্যের উপর।

Shri Harasankar Bhattacharyya :

যেখানে এমপ্লয়ারকে আইডেন্টিফাই করা যায় না সেখানে আইনকে আধুনিকভাবে কার্যাকর করার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের জন্য প্রতিনিধিত্বমূলক কমিটি করে সেটা কার্য্যকরী হচ্ছে কিনা সেটা পর্য্যালোচনা করার কথা চিন্তা করছেন কি?

Dr. Gopal Das Nag:

জনপ্রতিনিধিদের নিয়ে ইতিপূর্বে কমিটি গঠন করেছি তাতে ক্ষেতমজুর সমি প্রাক্তন মন্ত্রী সুবোধ ব্যানার্জি আছেন, ষ্টেট প্ল্যানিং বোর্ডের সদস্য শ্রীপান্নালাল দাসগুপ্ত আছেন, স্পেসাল ইনভাইট হিসেবে সি, পি, এম,-এর আবদুল্লা রসুল সাহেব আছেন এবং ষ্টেট লেবার মিনিষ্টার এই কমিটির চেয়ারম্যান, এদের দুটি বৈঠক হয়ে গেছে এবং ও‍ঁরা কটা আইডিয়া দিয়েছেন কি ভাবে গভর্ণমেন্টের চলা উচিত।

[1-20—1-30 p.m.]

Shri Saroj Roy :

আপনাকে ধন্যবাদ আপনি অনেক দূর এগিয়েছেন। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে কাজের ঘণ্টা ঠিক হয়েছে কি এবং এটা কবে নাগাদ শেষ হবে?

Dr. Gopal Das Nag:

গত কমিটির শেষ অধিবেসন গত ৭দিন আগে হয়েছে। কমিটির সদস্যেরা যে সাজেসন্স দিয়েছে সেই সাজেসনের ভিত্তিতে গভর্ণমেন্টের টেনটেটিভ প্রোপোজাল আমাদের কাছে এলে আমরা একটা রিকমেনডেসন দেব। গভর্ণমেন্ট প্রস্তাব তৈরী করছেন এবং আশা করি একদেড়মাসের মধ্যে ফাইন্যাল রেকমেনডেসন করতে পারব।

ধর্মঘটের পরিপ্রেক্ষিতে ডাক্তার বরখাস্ত

*৭৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১৫।) শ্রীগৌতম চক্রবর্তীঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডাক্তারদের ধর্মঘট করার জন্য কোন ডাক্তারকে বরখাস্ত করা হয়েছে কিনা এবং হলে, কতজনকে; এবং

(খ) উক্ত ডাক্তারগণ কোন্ জেলায় কোন্ হাসপাতালের সহিত যুক্ত ছিলেন?

Shri Ajit Kumar Panja :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Shri Gautam Chakravartty :

ডাক্তার এবং ইঞ্জিনিয়ারদের যখন ধর্মঘট হয়েছিল তখন সরকার ঘোষণা করেছিলেন যে সমস্ত ডাক্তাররা ধর্মঘট করছেন তাঁদের বিরুদ্ধে ডিসিপ্লিন্যারি এ্যাকসন নেওয়া হবে অথচ আপনি আজকে বলছেন কোন ডাক্তারকে বরখাস্ত করা হয়নি। আমার প্রশ্ন হচ্ছে কোন ডাক্তারের বিরুদ্ধে ডিসিপ্লিন্যারি এ্যাকসন নেওয়া হয়েছে কি?

Shri Ajit Kumar Panja :

আমি (ক)-এর উত্তরে বলেছি কোন ডিসিপ্লিন্যারি এ্যাকসন নেওয়া হয়নি কারণ ধর্মঘটের প্রায় ৪০ দিনের মাথায় একটা সেটেলমেন্ট মুখ্যমন্ত্রীর মধ্যস্থতায় হয়েছিল এবং তাতে উভপক্ষই একটা সম্মানজনক সেটেলমেন্টে এসেছে বলে ওই ডিসিপ্লিন্যারি এ্যাকসনের কথা আর আসছে না।

Shri Gautam Chakravartty :

আপনারা যখন একটা সেটেলমেন্টের জন্য এগুচ্ছিলেন তখন এই রকম ধরনের কথা বিধানসভায় ঘোষণা করার কোন যৌক্তিকতা আছে কি?

Shri Ajit Kumar Panja :

একথা যে বলা হয়েছিল তার কারণ হচ্ছে তখন পর্যন্ত যে পজিসন ছিল তাতে সরকার চালাতে গেলে এবং ন্যুনতম স্বাস্থ্য ব্যবস্থা রাখতে গেলে আমাদের জোরদার ব্যবস্থা করা উচিত। কিন্তু সেটা যখন নোগোসিয়েসনের দিকে মোড় নিল তখন সরকার ভিন্ডিক্টিভ হতে পারে না এবং সেইজন্যই এই ব্যবস্থা করা হয়েছে।

Shri Gautam Chakravartty :

ভবিষ্যতে যখন স্বাস্থ্য প্রকল্পের কোন ক্লাস থ্রি এবং ক্লাশ ফোর স্টাফ ধর্মঘট করবেন তখন তাদের বিরুদ্ধে ডিসিপ্লিন্যারি এ্যাকসন নেবেন কি?

Mr. Speaker :

ইট ইজ হাইপোথিটিক্যাল।

Shri Pradip Kumar Palit :

মন্ত্রিমহাশয় বললেন কোন ডাক্তারকে ধর্মঘট করবার জন্য বরখাস্ত করা হয়নি কারণ তাঁদের সংগে এগ্রিমেন্ট হয়েছে। কিন্তু আমরা জানি এর আগে বিধানসভায় বক্তব্য রাখা হয়েছিল ডাক্তার যাঁরা ধর্মঘট করছেন তাঁরা সমাজবিরোধী, তাঁদের বরখাস্ত করা হবে। এর পরিপ্রেক্ষিতে আমি প্রশ্ন করছি ডাক্তারদের সম্বন্ধে যে উক্তি এখানে করেছিলেন সেটা কি এই এগ্রিমেন্টের মধ্য দিয়ে প্রত্যাহার করে নেওয়া হয়েছে?

Mr. Speaker :

দিস্ কোশ্চেন ডাজ নট এ্যারাইজ। প্লিজ টেক ইওর সিট।

Shri Gangadhar Pramanick :

[illegible]

Mr. Speaker : *Mr. Pramanick, I think, this question has [is of] no utility at present. This is a post mortem examination. It is better not to discuss this question because it is a very touchy one.*

Shri Gangadhar Pramanick : Sir, I am not putting any supplementary. I am just clarifying the position.

Shri Gangadhar Pramanick :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীফ মিনিষ্টার যে দিন এখানে ষ্টেটমেন্ট দেন, এর আগের দিন এই হাউসে একটা রেজুলেশান করা হয়েছিল এবং আপীল করা হয়েছিল যে তারা জয়েন করুক, তারপর রাত্রে ১২টায় ইন এন আপরচুন মমেন্ট এই জিনিষ সেটল্ হয়, এবং চীফ মিনিষ্টার এখানে বলছেন---,
his inability to appraise this matter before the honourable members, that is why, in the first opportune moment he has declared what settlement has been arrived at with the technocrats. So, I do not think.

যে কথা বলা হয়েছিল তাতে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে, সেটার আর কোন উল্লেখ হতে পারে?

(নো রিপ্লাই)

Provision for Test Relief to labourers of closed Tea Gardens

***755** (Admitted question No. *2822). **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Relief and Welfare Department be pleased to state—

(*a*) if there is any provision for giving Test Relief to the labourers as short-term measures of such tea gardens that have been closed for months together ; and

(*b*) if so, the number of such tea gardens that have so far received Test Reliefs in the districts of Darjeeling and Jalpaiguri since 1972 ?

Shri Santosh Kumar Roy : (*a*) and (*b*) There is no such provision specifically for the labourers of the closed tea gardens in the tea garden areas.

Shri Md. Safiullah :
দার্জিলিং এবং ডুয়ার্স অঞ্চলে কয়েকটী চা-বাগিচা বন্ধের ফলে তাদের ক্যাশ ডোল ব সাহায্যের জন্য বা অন্য কোন রকমের ত্রাণ ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

Shri Santosh Kumar Roy :
আমি আগেই বলেছি দার্জিলিং এবং ডুয়ার্স অঞ্চলে সি, এস, আর, ই, হয়েছিল, দার্জিলিং এর ডি, সি, রিলিফওয়ার্ক এ কাজ দিতে চেয়েছিল, আমরা মোটামুটি ক্লিয়ারেন্স দিয়েছি যে প্রোয়োজন হলে খুলতে পারেন।

Shri Md. Safiullah :
এই সমস্ত চা বাগিচায় নেপালী ও অন্যান্য তপশীলি সম্প্রদায় আদিবাসি কাজ করে, এই চা-বাগিচা বন্ধ হয়ে যাবার ফলে তাদের দূর্দ্দশা বেড়ে গেছে, আমার জিজ্ঞাসা হচ্ছে এদের জি, আর দেবার কোন ব্যবস্থা করছেন কি?

Shri Santosh Kumar Roy :
সাধারণ ভাবে কোন শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের কার্য্যচ্যুতি ঘটলে আমাদের জি, আর দেবার ব্যবস্থা নাই, তবে ষ্টারভিং কেসে কয়েক জায়গায় জি, আর দিতে হয়েছে, এখানে দার্জিলিং-এ কয়েকটি বাগানে সি, এস, আর, ইতে যখন এই রকম অবস্থা হয়েছিল, তাদের কাজের

জন্য ডি, সি, জানতে চেয়েছিলেন যে রিলিফ ওয়ার্কের কাজ করা যাবে কিনা যদিও এটা নিয়মের মধ্যে পড়ে না কিন্তু আমরা বলেছিলাম দরকার হলে করতে পারেন।

Shri Md. Safiullah:

বন্ধ চা বাগিচায় শ্রমিকদের উৎপাদনমূলক রিলিফ ওয়ার্ক দিয়ে তাদের বাঁচাবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

Shri Santosh Kumar Roy :

আমিতো বলেছি তিনটি বাগানের বিষয়ে ডি, সি, আমাকে লিখেছিলেন, দার্জিলিং-এর বিশেষ পরিপ্রেক্ষিতে প্রয়োজন হলে করতে পারেন এইরকম নির্দেশ দিয়েছি।

Shri Sukumar Bandopadhyay :

আমি মাননীয় মন্ত্রিমহাশয়-এর কাছে জানতে চাই কিসের উপর ভিত্তি করে টি, আর,-এর কাজ সুরু হয়?

Shri Santosh Kumar Roy :

মাননীয় সভ্য অবগত আছেন যে গ্রামাঞ্চলে যখন দুরাবস্থা হয় কৃষি শ্রমিকদের কাজ থাকে না তাদের সাহাযার্থে কিছু কাজের ব্যবস্থা করা হয় রিলিফের মাধ্যমে।

Shri Sukumar Bandopadhyay :

চা বাগানের শ্রমিকদের কাজের বিনিময়ে টি, আর, দেওয়ার আপত্তি কোথায় মাননীয় মন্ত্রি-মহাশয় জানাবেন কি?

Shri Santosh Kumar Roy :

রিলিফ ডিপার্টমেন্টের যে কাজ সেটা হচ্ছে গ্রামাঞ্চলে মোটামুটি দুস্থ কৃষকদের সাহায্য করা, কিন্তু কলকারখানার শ্রমিকদের কাজের দায়িত্ব লেবার ডিপার্টমেন্টের আমাদের শিল্পের শ্রমিকদের কাজের ব্যবস্থা করা বা তাদের আর্থিক সাহায্য করার আর্থিক সঙ্গতি আমার রিলিফ ডিপার্টমেন্টের নাই, তা সত্বেও দার্জিলিং-এর বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে দার্জিলিং-এর ডি, সি, চা বাগানে কাজ করান যাবে কিনা তার অনুমতি চেয়েছিলেন আমরা রিলিফ ডিপার্টমেন্টের তরফ থেকে ডিজার্ভিং কেসে কিছু জি, আর, এর ব্যবস্থা করেছি।

[1-30—1-40 p.m.]

Shri Gautam Chakravartty :

টেস্ট রিলিফের কাজে আগে দু কেজি করে গম দেওয়া হত, কিছুদিন আগে থেকে ১ কেজি করে গম এবং একটি করে টাকা দেওয়া হচ্ছে বর্ত্তমানে গমের যে দাম তাতে এক টাকায় এক কেজি গম পাওয়া যায় না। সেক্ষেত্রে আগের মত দু কেজি করে গম দেওয়ার ব্যবস্থা করবেন কি?

Mr. Speaker : Mr. Roy, if the supplementaries extend the limit of the question, it will never be finished.

Shri Santosh Kumar Roy :

স্যার, এটা একটা পলিসির কথা, আমি এর উত্তর দিয়ে দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এবারে আমাদের খাদ্যশস্যের অভাব, পূর্বে আমাদের টেস্ট রিলিফের মাধ্যমে খাদ্যশস্য বিতরণের পরিকল্পনা ছিল, কিন্তু খাদ্যশস্যের অভাবের জন্য আমরা তা করতে পারছি না।

এবারে আমাদের যে পরিকল্পনা নেওয়া হয়েছে, সেটা হচ্ছে বেশীরভাগ ক্ষেত্রে কাজের মজুরী টাকা হিসাবে দেওয়া হবে, আড়াই টাকা করে মজুরী করা হয়েছে।

Shri Abdul Bari Biswas :

বর্ত্তমানে রিলিফ ম্যানুয়েলে যা আছে।

Mr. Speaker : That supplementary does not arise out of the present question.

Shri Abdul Bari Biswas :

বর্ত্তমানে রিলিফ ম্যানুয়েলে যা আছে তা চা বাগানের কর্মচ্যুত বেকার শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য কিনা?

Mr. Speaker : You see, the answer is already there.

Shri Pradip Kumar Palit :

এর আগে মাননীয় শ্রমমন্ত্রী বললেন চা বাগানের শ্রমিকদের দায়িত্ব লেবার ডিপার্টমেন্টের কলকারখানার শ্রমিকদের দায়িত্বও লেবার ডিপার্টমেন্টের, আমার তাই জিজ্ঞাস্য কলকারখানা এবং চা বাগান এই দুটিই কি এক ক্যাটিগরিতে পড়ে?

(উত্তর দেওয়া হয় নাই।)

Dr. Ramendra Nath Dutt :

চা বাগানের যে ওয়ার্কাররা আছে, তার মধ্যে কত পারসেন্ট স্থানীয় এবং কত পারসেন্ট বহিরাগত?

Shri Santosh Kumar Roy :

আমি বলতে পারব না।

Shri Md. Safiullah :

বর্ত্তমানে কত শ্রমিক বেকার হয়ে পড়েছে তার পরিসংখ্যান রিলিফ ডিপার্টমেন্ট থেকে সংগ্রহ করা হয়েছে কি?

Shri Santosh Kumar Roy :

না।

Abolition of Contract Labour System

***758** (Admitted question No. *2706) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) whether the Government is considering any proposal to abolish contract Labour system in the State ; and

(*b*) if so, the features of the proposal ?

Dr. Gopal Das Nag : (*a*) The State Government is going to take necessary action for regulating contract labour and also for abolition thereof, wherever necessary under the relevant Act.

(*b*) The Contract Labour (Abolition & Regulation) Act, 1970, has been enacted by the Central Government and the State Government has also framed rules thereunder. The State Labour Advisory Board on Contract Labour has since been constituted and the Board is holding sittings to consider such proposals.

Shri Rajani Kanta Doloi :

সেন্ট্রাল গভর্ণমেন্ট, কন্ট্রাক্ট লেবার (এ্যাবোলিশন এণ্ড রেগুলেশন) এক্ট ১৯৭০, গ্রহণ করেছেন এইভাবে আমাদের ষ্টেট গভর্ণমেন্ট কোন রকম এ্যাক্ট করার কথা ভাবছেন কি?

Dr. Gopal Das Nag :

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই আপনার মাধ্যমে, পার্লামেন্টের যে এ্যাক্ট পাশ হয়েছে, তা ভারতবর্ষের প্রত্যেক প্রদেশের উপরই প্রযোজ্য, সুতরাং ষ্টেট গভর্ণমেন্টের কোন রকম এ্যাক্ট পাশ করার কোন প্রশ্ন উঠে না। প্রশ্ন উঠেছে রুল করার ব্যাপারে আণ্ডার দ্যাট এ্যাক্ট, রুল ফ্রেম করা হচ্ছে, এ্যাডভাইসরি কমিটি এ্যাপয়েন্টেড হয়েছে, তার মিটিং চলছে।

Shri Rajani Kanta Doloi :

এ পর্য্যন্ত ঐ ষ্টেট লেবার এ্যাডভাইসারি বোর্ড কতবার মিলিত হয়েছেন এবং তাঁরা কি কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

Dr. Gopal Das Nag :

ষ্টেট লেবার এ্যাডভাইসারি বোর্ড ফর কনট্রাক্ট লেবার মাত্র একবার মিলিত হয়েছে, কোন সিদ্ধান্ত কিছু হয়নি; আলোচনা হয়েছে এবং সেই অনুযায়ী প্রোপ্রোসাল তৈরী হয়েছে।

Shri Rajani Kanta Doloi :

ঐ ষ্টেট লেবার এ্যাডভাইসারি বোর্ডে কারা সদস্য আছেন এবং তার মধ্যে কোন এম,এল,এ আছেন কিনা?

Dr. Gopal Das Nag :

মাননীয় স্পীকার স্যার, এটা একটা ট্রাইপারটাইট কমিটি, এর মধ্যে কনট্রাক্ট লেবারদের প্রতিনিধি হিসেবে থাকবে, কনট্রাক্ট লেবারস ট্রেড ইউনিয়ন অরগানাইজেশান, কনট্রাকটদের প্রতিনিধি থাকবে, ডিফারেন্ট চেম্বারস্-এর প্রতিনিধি থাকরে, সেনট্রাল ট্রেড ইউনিয়ন অরগানাইজেসানএর প্রতিনিধি থাকবে, সরকারের প্রতিনিধি থাকবে, কোন ব্যক্তি বা এম,এল,এ এম,পি বা মন্ত্রী—এর কোন প্রতিনিধি সেখানে থাকতে পারবেন না।

চাকুরী ক্ষেত্রে অন্ধ কালা ও বোবা এবং খোঁড়াদের অগ্রাধিকার

*৭৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫৯।) **শ্রীঅনন্ত কুমার ভারতী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী চাকরীর ক্ষেত্রে যেমন মাইনরিটি, সিডিউল কাস্ট, আদিবাসী প্রভৃতি সম্প্রদায়ের অগ্রাধিকার ও কোটা আছে তেমনি যারা অন্ধ, খোঁড়া, বোবা ও কালা তাদের বিষয়ে কোন আলাদা ব্যবস্থা আছে কিনা;

(খ) থাকিলে, কি কি এবং কোন্ কোন্ ক্ষেত্রে; এবং

(গ) এদের জন্য আগামী পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সরকারের কোন বিশেষ পরিকল্পনা আছে কি?

Dr. Gopal Das Nag :

(ক) না।
(খ) প্রশ্ন ওঠে না
(গ) বিষয়টী সমাজকল্যাণ বিভাগের বিবেচনাধীন আছে।

Shri Ananta Kumar Bharati :

আমাদের স্টেটে বা সেনট্রাল গভর্ণমেন্ট-এর কাছে চাকরীর ব্যাপারে মাইনরিটী, আদিবাসী সিডিউল্ড কাস্ট সমস্ত রকম জিনিষ আছে; তাহলে এই প্রশ্নটা বোবা হয়ে গেল। যাদের জন্য আমি কথা বললাম!

Dr. Gopal Das Nag :

আপনি অনুগ্রহ প্রিভিলেজড ক্যাটাগরি যেটা আছে পড়ে দেখুন। আপনি এখানে নতুন একটা প্রোটেকটেড ক্যাটাগরি করতে চেয়েছেন। সেটা আমার এক্তিয়ারে নয়। তবে সংবিধান অনুযায়ী আইন আছে কিছু কিছু শ্রেণী বা সমাজের নিমস্তরে যাঁরা আছেন। তাদের প্রোটেকশান-এর ব্যবস্থা আছে। তাদের সঙ্গে এই অন্ধ, বোবা কালা ইত্যাদি যারা ফিজিক্যাল ইনফারমিটিতে ভুগছে বা বাইক্লাস ডাউন ট্রোডেন নয়, তাদের জন্য দেয়ার ইজ নো কনস্‌টিটিউসনাল প্রভিসান।

Shri Ananta Kumar Bharati :

তাহলে কি আপনি মনে করেন এদের জন্য কোন নতুন প্রভিশন কনসটিটিউশান-এ হওয়া উচিত কি না?

Mr. Speaker : He is not the competent person to say that.

হোসিয়ারী ইনডাস্ট্রির বিভিন্ন ইউনিয়ন ও মালিক প্রতিনিধিদের লইয়া গঠিত রিভিউ-কমিটির রিপোর্ট

*৭৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫১।) **শ্রীঅনন্ত কুমার ভারতী** ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) গত ৫-৯-৭৩ তারিখে হোসিয়ারী ইনডাস্ট্রির বিভিন্ন ইউনিয়ন ও মালিক প্রতিনিধিদের নিয়ে সরকার যে একটি রিভিউ কমিটি করেছিলেন সেই রিভিউ কমিটির রিপোর্ট কমপ্লিট হয়েছে কিনা;

(খ) না হলে, দেরী হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ রিপোর্ট কমপ্লিট হবে আশা করা যায়?

Dr. Gopal Das Nag :

(ক) না।

(খ) ৫-৯-৭৩ তারিখের এক চুক্তির ফলে ইহা ঠিক হইয়াছিল যে উপ-শ্রম-মহাধ্যক্ষ শ্রী পি, সি, সেনকে চেয়ারম্যান নিযুক্ত করিয়া একটি কমিটি গঠিত হইবে এবং উক্ত কমিটি ছয় মাসের মধ্যে সরকারের নিকট তাহার রিপোর্ট দাখিল করিবেন। কিন্তু উক্ত অফিসারের অন্যত্র বদলী হওয়ার দরুন, ১৫-১-৭৪ তারিখে অন্য একজন উপ-শ্রম-মহাধ্যক্ষ শ্রী এস, কে, মিত্রকে এই ভার দেওয়া হইয়াছে, উক্ত কমিটি আলোচনা চালাইতেছেন; কিন্তু কিমিটির কাজ বিলম্বে শুরু হওয়ার দরুন রিপোর্ট পেশ করিতে দেরী হইতেছে।

(গ) যথাশীঘ্র সম্ভব রিপোর্টটি দেবার জন্য তাগিদ দেওয়া হইতেছে।

[1-40—1-50 p.m.]

Shri Ananta Kumar Bharati :

আপনার দপ্তরে সেটেলমেন্টের কথা বলেছেন এবং তাতে ৩১এ মে-র মধ্যে রিভিউ কমিটির রিপোর্ট বার করে দেবেন বলেছেন। ৫-৯-৭৩-তে কমিটি করা হয়েছিল। এবং সেখানে বলা হয়েছিলো যে উইদিন ফোর মানথস্ এটা বার করা হবে। এত দেরী হবার কারণ কি?

Dr. Gopal Das Nag :

আমার উত্তরেই আমি বলছি। কমিটির যিনি চেয়ারম্যান শ্রী পি, সি, সেন তিনি অন্যত্র বদলি হয়ে গেছেন। তিনি দুর্গাপুরে জয়েন্ট লেবার কমিশনার হয়েছেন। নূতন কমিশনার নিযুক্ত হয়েছেন। তাঁর নোটিফিকেশানও হয়েছে। এরজন্য দেরী হয়েছে।

STARRED QUESTIONS

(to which oral answers were laid on the table)

জঙ্গীপুর মহকুমার মৎস্যজীবিদের জীবিকার উন্নয়ন

*৭৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭০।) **শ্রীহবিবুর রহমান:** মৎস্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় মৎস্যজীবিদের কত টাকা ঋণ দেওয়া হয়েছে;

(খ) ঐ ঋণ দেওয়ার উদ্দেশ্য কি;

(গ) ঐ ঋণের জন্য কোন জামিন দরকার হয় কিনা; এবং

(ঘ) মৎস্যজীবিদের জীবিকার উন্নয়নের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন।

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী: (ক) প্রদত্ত ঋণের পরিমাণ ২,৪০০ টাকা।

(খ) মাছ ধরার জাল/নৌকা ও অন্যান্য সরঞ্জাম ক্রয় ও প্রস্তুত করার জন্য এবং আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য ঐ ঋণ দেওয়া হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) এ বিষয়ে সরকারী ব্যবস্থাবলী নিম্নরূপ—

(১) মাছ ধরার জাল, নৌকা ও অন্যান্য সরঞ্জাম ক্রয় বা প্রস্তুত করার জন্য মৎস্যজীবিদের স্বল্পসুদে ঋণদান প্রকল্প;

(২) মাছ ধরার জাল প্রস্তুত করার জন্য দরিদ্র মৎস্যজীবিদের মধ্যে বিনামূল্যে নাইলন সুতা বিতরণ, বাসগৃহ নির্মাণের জন্য অনুদান ও মৎস্যজীবি অধ্যুষিত অঞ্চলে নলকূপ স্থাপন প্রকল্প;

(৩) মৎস্যোৎপাদন বৃদ্ধিকল্পে মৎস্যজীবিদের সমবায় সমিতি গঠন ও অর্থসাহায্য প্রদান

মুর্শিদাবাদ সিডিউল কাস্ট ও ট্রাইব্‌স উপদেষ্টা কমিটি

*৭৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫৩।) **শ্রীহরেন্দ্র নাথ হালদার**ঃ তপশীলি উপজাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

(ক) মুর্শিদাবাদ জেলায় সিডিউল কাস্টস্‌ (এ্যন্ড ট্রাইবস্‌ এড্‌ভাইসরি) কমিটি গঠন করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, ঐ কমিটি এ পর্য্যন্ত কয়টি মিটিং করেছেন?

তফ্‌সিলী ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ।

(খ) একটিও না।

বীরভূমের নলহাটিতে ওয়াটার ওয়ার্কাস

*৭৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮১।) **শ্রীসুধীর বেরা**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূমের নলহাটিতে প্রস্তাবিত ওয়াটার ওয়ার্কাসটির কাজ বর্ত্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) উহার কাজ কতদিনের মধ্যে সমাপ্ত হইবে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) কাজ আরম্ভ হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

নানুর থানায় প্রাইমারী হসপিটাল স্থাপন

*৭৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮৯।) **শ্রীদুলাল সাহা**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় নানুর থানায় প্রাইমারি হসপিটাল স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা বর্ত্তমানে কোন পর্য্যায়ে রহিয়াছে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) নানুরে একটি দশ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নির্মাণকার্য্য ২৯-৩-৪৭ তারিখে অনুমোদিত হইয়াছে।

Hospital facilities for the workers' families

*762 (Admitted question No. *3073). **Shri Lal Bahadur Singh :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state —

(*a*) whether Government is aware that or want of adequate number of hospital beds the hospitalisation facilities for the workers' families could not be extended ;

(*b*) if so, the action taken by the Government in this regard ;

(*c*) if it is fact, that additional bed strength for the workers is available in the hospitals of Hooghly district ;

(*d*) if so, the reasons for not extending such facilities for the 24-Parganas district ; and

(*e*) the reasons for not fully commissioning the Budge Budge Hospital seen by E.S.I. authorities ?

The Minister-in-Charge of the Labour Department : (*a*) Yes. The problem is only for Calcutta and 24-Parganas.

(*b*) Construction of a Four Hundred beded E.S.I. Hospital at Manicktala is under progress. A 300 beded hospital at Budge Budge is commissioned already.

(*c*) No.

(*d*) Lack of requiied bed strength.

(*e*) The hospital is thrown open for direct admission. With a little more publicity it is expected that the hospital will run to full strength.

জঙ্গীপুর মহকুমায় মৎস্যজীবি সমবায় সমিতি

*৭৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭৯।) **শ্রীহবিবুর রহমান ঃ** মৎস্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় বর্ত্তমানে কয়টি মৎসজীবি সমবায় সমিতি আছে ;

(খ) এই সমিতিগুলি কি ধরনের কাজ করিতেছে ; এবং

(গ) এই সমিতিগুলি কোথা হইতে অর্থ সংগ্রহ করিয়া থাকে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) পনেরোটি।

(খ) সংশ্লিষ্ট সমিতিগুলি সাধারণতঃ সরকারের নিকট হইতে জলাশয় বন্দোবস্ত লইয়া সমিতির সদস্যদের মধ্যে মাছ ধরার জন্যে বিলি করিয়া থাকে।

(গ) উপরোক্ত পনেরোটি সমিতির মধ্যে একমাত্র বিবেকানন্দ মৎস্যজীবি সমবায় সমিতি সরকারের নিকট হইতে ঋণ ও খয়রাতি সাহায্য এবং শেয়ার ক্রয় বাবদ মোট ১৪,৫০০৪ টাকা সংগ্রহ করিয়াছে। অপর সমিতিগুলির অর্থের উৎস সম্পর্কে জানা নাই।

Policy of conferment of rights and title to plot-holders in squatters' colonies

***765** (Admitted question No. *3074). **Shri Lal Bahadur Singh :** Will the Minister-in-charge of the Refugee, Relief & Rehabilitation Department be pleased to state—

(*a*) the details of the policy of conferment of rights and title to the plot-holders of squatters' colonies ;

(*b*) how much area will be allotted to each plot-holder ; and

(*c*) the policy in regard to the development of these colonies after conferment of rights and title ?

The Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department : (*a*) The policy decision regarding conferment of right and title has been communicated to the State Government and that was announced on the 26th January, 1974. Details of the title deed and lease bond are being worked out by the Government of India in the Ministry of Finance and other concerned Ministries and these details shall be communicated to the State Government soon.

(*b*) As per the existing orders, a family in an approved squatters' colony is entitled to a plot of land not exceeding 2¼ cottahs. The policy regarding the excess land in occupation of a family is being evolved ;

(c) The development of the approved squatters' colonies by this Department even after conferment of right and title is under centemplation of the Government, subject, of course, to the availability of necessary funds in this regard from the Government of India.

প্রতি ব্লকে প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*৭৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১৭)। **শ্রীহবিবুর রহমান**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে সরকার প্রতি ব্লকে ন্যূন পক্ষে একটি স্বাস্থ্যকেন্দ্র ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২নং ব্লকে বর্তমানে কয়টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও কয়টি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে?

স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ (ক) হ্যাঁ, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ঐরূপ একটি প্রকল্প গৃহীত হয়েছিল।

(খ) এখনও পর্য্যন্ত একটিও নেই। তবে তেঘরিতে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও মহম্মদপুরে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য্য অনুমোদিত হয়েছে।

Telegram

Shri Sukumar Bandyopadhyay : Sir, I want to read a telegram. It is as follows : "Joint Secretary Swapan Sanyal with M.L.A. Adya Dutta and others interested about 20 thousand quintal of coal being illegally transported to Jullundur, Punjab from Cossimbazar and Murshidabad station depriving the people of West Bengal. Great resentment caused. Three persons arrested. Kumar Dipti Sen Gupta demands of the Chief Minister to order high level probe to unearth the source of racket.—KUMAR DIPTI SEN GUPTA."

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received 29 notices of calling attention on the followin subjects, namely :—

1. Cease-work by the District School Board employees from 3.5.74—fro Shri Ganesh Hatui.
2. Failure of rationing system in rural areas of West Bengal—from Sh Ganesh Hatui.
3. Murder of an Inspector of Calcutta Police near Dum Dum Airport o 30.4.74—from Shri Md. Dedar Baksh.
4. Murder cases in different districts—from Shri Md. Dedar Baksh.
5. Production of Boro paddy hampered for want of D. V. C. water and powe shortage—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.
6. Seizure of documents connected with Naxalite movement and various ammu nition from a place in Botanical Garden—from Shri Md. Dedar Baksh an Dr. Ekramul Haque Biswas.

7. Research work held up due to load shedding—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

8. Theft of 5 lakhs rupees worth of petrol from Haldia Barauni Pipe-Line—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

9. Suicide cases due to starvation—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

10. Cancellation of trains—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

11. Ensuing railway strike—from Shri Md. Dedar Baksh.

12. Taking of bribes by the examiners of the Board of Secondary Education—from Sarbasree Kashinath Misra, Monoranjan, Pramanik, Sukumar Bandyopadhyay, Gautam Chakravartty, Md. Shafiullah, Abdul Bari Biswas and Narayan Bhattacharyya.

13. Reopening of Lohia Matri Seva Sadan—from Shri Kashinath Misra and Shri Gautam Chakravartty.

14. Closure in about thirty tea gardens of North Bengal--from Sarbasree Narayan Bhattacharyya, Kashinath Misra, Abdul Bari Biswas, Sambhu Narayan Goswami, Gautam Chakravartty, Adya Charan Dutta and Sukumar Bandyopadhyay.

15. Starvation deaths in certain districts—from Sarbasree Sukumar Bandyopadhyay, Kashinath Misra, Monoranjan Pramanik, Narayan Bhattacharyya, Gautam Chakravartty, Sambhu Narayan Goswami, Abdul Bari Biswas and Md. Shafiullah.

16. Detection of an international spy-ring on 29.4.74 on Sevoke Road—from Sarbasree Kashinath Misra, Monoranjan Pramanik, Abdul Bari Biswas, Narayan Bhattacharyya and Sukumar Bandyopadhyay.

17. Diversion of 332 wagons of coal meant for Calcutta Electric Supply Corporation—from Sarbasree Kashinath Misra, Gautam Chakravartty, Monoranjan Pramanik, Adya Charan Dutta, Md. Shafiullah, Abdul Bari Biswas and Sukumar Bandyopadhyay.

18. Supply of rice and wheat through ration shops in the modified rationing areas—from Sarbasree Kashinath Misra, Monoranjan Pramanik, Abdul Bari Biswas, Sambhu Narayan Goswami, Saktipada Majhi, Narayan Bhattacharya, Gautam Chakravartty, Md. Shafiullah and Sukumar Bandyopadhyay.

19. Acute water scarcity in Bankura district and outbreak of endemic diseases—from Sarbasree Kashinath Misra, Sambhu Narayan Goswami, Saktipada Majhi, Monoranjan Pramanik and Sukumar Bandyopadhyay.

20. Recrudescence of Naxalite activities—from Shri Sukumar Bandyopadhaya, Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanick, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Md. Safiulla, Shri Sakti Pada Maji, Shri Sambhu Narayan Goswami and Shri Gautam Chakravartty.

21. Smuggling in tyres in Calcutta—from Shri Md. Safiullah.

22. Increase in cholera cases in Calcutta—from Shri Md. Dedar Baksh.

23. Murder of manager of the seed farm at Dum Dum—from Shri Ganesh Hatui.

24. Proposed "Bangla Bundh" on the 7th May, 1974—from Shri Bhawani Prosad Sinha Ray and Shri Tuhin Samanta.

25. Nationalisation of Chittaranjan Seva Sadan—from Shri Phani Bhusan Singha Babu, Shri Gour Chandra Lohar and Shri Sambhu Narayan Goswami.

26. Disruption in milk supply in Greater Calcutta due to shortage of milk powder —from Shri Md. Dedar Baksh.

27. Acute water crisis in the town due to mechanical disorder at Palta and Mallikghat Pumping stations—from Shri Md. Dedar Baksh.

28. Outbreak of fire at a factory on the Park Street on 30.4.74 causing death to 2 young workers—from Shri Md. Dedar Baksh.

29. Deplorable condition of the 'Udayan' and 'Bani Bhawan' hostels for scheduled castes and scheduled tribes students at Calcutta—from Shri Monoranjan Pramanick.

I have selected the notice of Shri Monoranjan Pramanick on the subject of deplorable condition of the 'Udayan' and 'Bani Bhawan' hostels for the scheduled castes and scheduled tribes students at Calcutta.

The Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

Shri Gyan Singh Sohanpal : To-morrow, Sir.

Mention Cases

Shri Mrigendra Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিনের মধ্যেই ২৫ এ বৈশাখ ঘোষিত হবে। ২৫ এ বৈশাখের আর মাত্র কয়েকদিন বাকি। সরকারের কাছে আপনার মাধ্যমে একটা আবেদন রাখছি। সরকারী কাজে বাংলাভাষা ব্যবহারের দাবী দীর্ঘদিনের দাবী। এই দাবীকে সরকার এখনও পর্য্যন্ত নীতিগতভাবে মেনে নিলেও কাজে পরিণত হল না। যেখানে গুজরাট, অন্ধ্র প্রভতি সমস্ত জায়গাতে স্থানীয় ভাষাকে সরকারী কাজে ব্যবহার করা হচ্ছে আমাদের এই রাজ্যে সেই ব্যবস্থা এখনও কায়েম করা হল না। ১৯৫৫ সালে, ১৯৬২ সালে বিধানসভায় প্রস্তাব গ্রহণ করা হয়েছিল যে সরকারী ভাষা হিসাবে বাংলাভাষাকে সরকারী কাজে ব্যবহার করা হবে। কিন্তু এখনও পর্য্যন্ত সেটা কাজে পরিণত করা হল না। প্রথম মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র ঘোষ এবং প্রথম মুখ্যসচিব সুকুমার সেন একবার আদেশ জারী করেছিলেন তারপর সেই আদেশ কার্য্যকারণে নানারকমভাবে পিছনে ফেলে দেওয়া হয়। কিছুদিনের জন্য ব্যবহার করা হয়েছিল বাংলাভাষাকে তারপর সব স্তিমিত হয়ে যায়। এটা খুব লজ্জার কথা যে এখনও পর্য্যন্ত এ সম্পর্কে ব্যবস্থা হয় নি। এ কাজ করতে টাকা লাগে না, বাজেটে প্রভিসান লাগে না, এ কাজে কোন অর্থ লাগে না—একাজ সরকারী সিদ্ধান্তের ব্যাপার। টাইপ মেসিনের প্রশ্ন একবার তোলা হয়েছিল। আপনার মাধ্যমে এটাও জানিয়ে রাখছি—টাইপ মেসিনের অভাব বর্তমানে পশ্চিমবঙ্গে নেই, এখনও পর্য্যন্ত বাংলাদেশে উদ্বৃত্ত টাইপ মেসিন পড়ে আছে বাংলাভাষার। সে টাইপ মেসিন এখানে আনা যেতে পারে। আমি জানি আজকে সরকারী প্রশাসনযন্ত্রে যে সমস্ত অফিসার আছেন তারা এটা পছন্দ করেন না। তারা বাংলাভাষায় নোট দিতে, বাংলাভাষা ব্যবহার করতে রাজী নন। তাই সরকারের কাছে আবেদন রাখছি যাতে আগামী ২৫ এ বৈশাখ থেকে অন্তত সিদ্ধান্ত ঘোষণা করা হয় যে সরকারী ভাষা হিসাবে বাংলাভাষাকে গ্রহণ করে সমস্ত কিছু বাংলাভাষায় চালু করা হোক।

Shri Arabinda Naskar :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আজকে এমন একটা জিনিষের অবতারনা করতে চাই যেটা বর্তমান সরকারের পক্ষে অত্যন্ত লজ্জার বিষয় এবং সেটা হল এই সরকারের নির্দেশ অনুযায়ী গত জানুয়ারী মাসে যখন বিভিন্ন দিকে আমরা এম, এল, এ,-রা কংগ্রেস সংগঠনের কর্মকর্তাদের এবং কর্মীদের নিয়ে ডি-হোডিয়ে বেরোই এমনি একটা অঞ্চলকে যাই। সেখানে এস. ডি. ও আলিপুর, বি,ডি,ও, ইন্সপেক্টার অফ পুলিশ, অঞ্চল প্রধান, অঞ্চলের সেক্রেটারী, অঞ্চলের প্রেসিডেন্ট এবং বিশিষ্ঠ মানুষদের নিয়ে এলাকায় এক কুখ্যাত জোতদার যারা আজও ১২ বিঘে জমি বহাল তবিয়তে স্বনামে-বেনামে, ছাগল-কুকুর, গরু-ভেড়ার নামে আজও সরকারী প্রশাসন বিভাগের আমলাদের কারচুপি এবং কারসাজির ফলে রেখে দিয়েছে।

[1-50—2-00 p.m.]

এবং তার জন্য এস,ডি,ও বি,ডি,ও ডিহোঁড করতে গিয়ে মোট ১৬২ কুইন্টল ধান উদ্ধার করে আসবার কিছু দিন পরে বি,ডি,ও ইন্সপেক্টার অফ পুলিশ, অঞ্চল প্রধান, অঞ্চল সেক্রেটারী, কংগ্রেস প্রেসিডেন্ট এই সমস্ত ব্যক্তির বিরুদ্ধে নন-বেলেবেল ওয়ারেন্ট ম্যাজিস্ট্রেটের দ্বারা ইসু হয়ে তা থানায় গিয়ে হাজির হয়েছে। এই রকম অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানিয়ে রাখি যে এইভাবে ম্যাজিস্ট্রেট এই সমস্ত সরকারী অফিসারদের বিরুদ্ধে এম,এল,এ ও ঐ সমস্ত লোকদের জড়িয়ে নন-বেলেবেল ওয়ারেন্ট ইসু করতে পারে কিনা। এই ঘটনা আমি মাননীয় সাত্তারদাকে জানিয়েছি, মুখ্যমন্ত্রীকে জানিয়েছি কিন্তু আজ পর্য্যন্ত সেই নন-বেলেবেল ওয়ারেন্ট রিকল বা উইথড্র করার কোন ব্যবস্থা হয়নি। আমি এম,এল,এ বা বি,ডি,ও,-কে এ্যারেষ্ট হয়তো নাও করতে পারে কিন্তু অঞ্চল প্রধান বা আঞ্চলিক কংগ্রেস সেক্রেটারী প্রেসিডেন্ট যারা আছেন তাদের গ্রেপ্তার করতে পারেন বা তাদের ঘর তল্লাসী করে এলাকার মধ্যে একটা সন্ত্রাসের সৃষ্টি হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুতর অভিযোগ এবং ঐ অঞ্চলের যে টেনসন তাতে আমি খুব অসহায় অনুভব করছি। কারণ ডিহোঁডিং করতে গিয়ে এই রকম যদি নন-বেলেবেল ওয়ারেন্টের সম্মুখীন হতে হয় তাহলে তার দায়দায়িত্ব সরকারের। এই নন-বেলেবেল ওয়ারেন্ট এগেনষ্টমি শুধু নয়, বি,ডি,ও এমন কি হাইকোর্টে গিয়ে এস,ডি,ও-কে পর্যন্ত জড়িয়েছে। এই রকম অবস্থায় এখানে আইনমন্ত্রী ও পুলিশের রাষ্ট্রমন্ত্রীও এখানে উপস্থিত আছেন তাঁদের কাছে আবেদন করছি যে এই ওয়ারেন্ট আপনারা উইথড্র বা রিকল করার ব্যবস্থা করুন। তা না হলে ডিহোডিং করার যে ব্যবস্থা এবং আমাদের সরকারের যে ভাবমূর্তি তা নষ্ট হয়ে যাবে।

Shri Abdus Sattar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ঘটনার কথা মাননীয় সদস্য বললেন তা খুবই দুঃখজনক কিন্তু বিষয়টি আমাদের হাতের বাইরে। কারণ জুডিসিয়াল সেপারেসন হবার পর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট যারা করেছেন, জুডিসিয়াল মিনিষ্টার হিসাবে সেটা আমার কন্ট্রোলের বাইরে। তবে তারা দেশের কাজ করতে গিয়ে কেবল এম,এল,এ নয়, বি,ডি,ও এবং অন্যান্য অফিসার তাদের বিরুদ্ধেও করা হয়েছে। এবং যে জিনিসটি নিয়ে আপনারা দৃষ্টি আকর্ষণ করেছেন সেটা আমার এক্তিয়ারের বাইরে।

(গোলমাল)

Mr. Speaker : Hon'ble members, I am clarifying the position. The Hon'ble Minister has stated that Judiciary and Executive have been separated. Now I understand a case has been started on F. I. R. made by the Police. It is prosecution by a private person.

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের জনগণের স্বার্থে কাজ করতে গিয়ে একজন এম,এল,এ এবং কতকগুলি অফিসারদের বিরুদ্ধে ঐ জোতদার শ্রেণীর লোক যেভাবে মামলা খাড়া

করে দিয়েছে সে বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আমাদের জুডিসিয়ারী সেপারেসন হবার পর নিশ্চিতভাবে সেটা সরকারের হাতে নাই। কিন্তু ঐ জোতদার যে দেশের জন-প্রতিনিধি ও অফিসারদের বিরুদ্ধে যারা দেশের কল্যাণের জন্য কাজে হাত দিয়েছে তার বিরুদ্ধে কেন মিসা প্রয়োগ করা হবে না? ঐ জোতদার যে ধান চুরি করে রেখে এই রকম কাজ করছে তার বিরুদ্ধে আজকে মিসা হয় না কেন এটা মন্ত্রিমহাশয় আমাদের বুঝিয়ে বলুন।

Shri Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় সত্য বাপুলী মহাশয় ঠিক এই রকম একটা ঘটনার কথা এই সভায় উল্লেখ করেছিলেন। এবং আমরা সকলে মিলে তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলাম এবং তার প্রতিকার দাবী করেছিলাম। আজকে ঠিক সেই রকম আর একটি ঘটনার কথা শুনছি। এই রকম দিনের পর দিন ঘটনা ঘটছে।

স্যার, আমরা জানতে চাই আমরা যারা জনপ্রতিনিধিরা আছি তারা কোন প্রটেকসান পাব কিনা। স্যার, কোরাপসানের বিরুদ্ধে ফাইট করতে গিয়ে আমরা দেখছি কতিপয় অফিসার আমাদের বিরুদ্ধে চক্রান্ত করছে, তার কোন প্রতিবিধান হবে কিনা সেটা আমি আপনার মাধ্যমে সরকারের কাছে জানতে চাই। দিনের পর দিন একটার পর একটা যে ঘটনা ঘটছে, মাননীয় সদস্যদের উপর যে অমানুষিক নির্য্যাতন চালাবার চক্রান্ত চলেছে সেটা আর আমরা সইতে পারি না, আপনার কাছে আমরা প্রটেকসান চাইছি।

Mr. Speaker : You must understand the legal position. A complaint has been filed by an individual in a court of law and on the basis of that complaint the Magistrate who is not an Executive Magistrate but a Judicial Magistrate and is not under the control of the Department, has issued non-bailable warrants against some persons. Under the Constitution, under the Indian Penal Code, and under the Criminal Procedure Code, every individual has the right to go to a court of law and file a case]and] on the basis of which non-bailable warrant can be issued. In the circumstances, I think, the Minister has got nothing to do in the matter. But a question has arisen in this particular connection that the man who has filed the case is not a good man and there are so many reports against him that he is a *jotedar* who is hoarding rice, etc. On that particular score investigation may be made by the police officers or by the Government and if on investigation the man is found not to be a good man and that there are so many serious allegations against him viz., the allegation of hoarding foodgrains etc., then, certainly, the Government is empowered to take action against that particular man. Regarding that the Hon'ble Minister himself can make an enquiry into the matter as to what are the allegations against the person who is conspiring in such a manner and after investigation if it is found that the allegations are true then action may be taken against that individual under different sections of the law.

Shri Abdus Sattar :

অরবিন্দবাবু এবং সত্য বাপুলি মহাশয় এই দুজন মাননীয় সদস্যই আমার সংগে দেখা করেছিলেন। একটা কমিটি করা হয়েছিল প্রকিওরমেন্ট কমিটি। তার চেয়ারম্যান প্রধান না কাকে করা হয়েছিল। চেয়ারম্যান অব দ্যাট কমিটি, তাঁদেরকে এবং পাবলিক যারা হেল্প করেছে প্রকিওরমেন্টে তাদের বিরুদ্ধে ৫টা কেস হয়েছে। জোতদার যিনি তিনি এসে কেস করেছেন কোর্টে। কোর্ট থেকে ওয়ারেন্ট ইস্যু করেছে। এটা গভর্ণমেন্টের কেস নয়, তাহলে তো আমাদের হাতে থাকত। এমন কি অফিসারস হ্যাভ বিন মেড এ্যাকিউসড। সেখানে এ্যাগেন্‌ষ্ট বি, ডি, ও, নন-বেলেবেল ওয়ারেন্ট বেরিয়েছে এবং আমার মনে হয় এম, এল, এ, আছেন। এই অবস্থায় যেহেতু জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আমাদের কন্ট্রোলে নয়—এখন একজন প্রাইভেট ইনডিভিজুয়াল বা যে কেউ আসতে পারে, কেস ফাইল করতে

পারে। আপনি বললেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে হিসাবে কেস হয়েছে। তবে আমরা তাদের কেসটা ডিফেণ্ড করার জন্য লইয়ার দেবার কথা বলেছি, আমাদের এল, আর সেই এ্যাকসান নিয়েছেন যে কি করে সেই কেসটা ডিফেণ্ড করা যায়—এ্যাকসান এ্যাট গভর্ণমেণ্ট কণ্ট। আর গৌতমবাবু যেটা বললেন সে সম্পর্কে এর আগে আর একটা কেস হয়েছে কিছু ভাগীদার ভার্সেস একজন জোতদার এই নিয়ে আরম্ভ হয়েছে। সেই ধান এখনও মাড়াই হচ্ছে না। যিনি জোতদার তিনি প্রথমে এসে সাব-জাজের কাছে কেস করেন এবং সেখান থেকে হাইকোর্টে কেস করেন, করে একটা ইনজাংসান পান। এখন এরা ভাগচাষ-বোর্ডে—বাপুলীবাবু যে কাগজপত্র এনেছিলেন তাতে দেখেছি, আগে ভাগচাষ বোর্ডে এর ভাগীদার বলে ডিক্লিয়ার করা হয়েছে কিন্তু সেকশানটা একটু ভুল যে সেকশান কোট করেছিলেন এই ভাগচাষ বোর্ড। তার ফলে হাইকোর্টের অর্ডারে বলা হয়েছে সেকশানটা ভাল, এই সেকশানে এই অর্ডার হতে পারে না, এটা সংশোধন করা হোক। ফারদার তারা কেস করেছে, করার পরে রিসেন্টলি অর্ডার পেয়েছেন। আজকে আমার সংগে বাপুলি মহাশয় দেখা করেছিলেন আমি তাঁকে গভর্ণমেন্টের হাইকোর্টের যিনি প্লিডার আছেন তাঁর সংগে পরামর্শ করতে বলেছি। সেখানে কি করে হাইকোর্টে কেসটা ফাইল করে বলা যায় যে, যে অর্ডার ছিল সেটা মডিফায়েড হয়েছে, কারেকটেড হয়েছে।

এখন ভাগীদাররা যে ধান সেখানে ষ্ট্যাক করা আছে তার ৭৫ পার সেণ্ট অংশ পাবে—এই মর্মে একটা দরখাস্ত করা হবে কি হবে না—সে জন্য এল, আর-কে ডেকে, বাপুলী মহাশয়কে ডেকে, এক জায়গায় বসিয়ে গভার্ণমেণ্ট প্লিডারের সংগে পরামর্শ করতে বলেছি।

Shri Pradip Kumar Palit :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়টি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে, পশ্চিমবাংলার বিভিন্ন রেলওয়ে সাইডিং-এ গেলে একটা অদ্ভুত জিনিষ দেখা যাচ্ছে সেটা হচ্ছে, কয়লাগুলি বস্তায় প্যাক করা হচ্ছে এবং তারপরে রেলওয়ে ওয়াগনে করে পাঞ্জাব, হরিয়ানায় চালান হচ্ছে। এখানে আমি ডিভিশনাল সুপারিন্টেনডেন্ট-এর একটা অর্ডার নিয়ে এসেছি, ১৯ জন ব্যবসায়ীর নামে অর্ডার প্রত্যেক ষ্টেশান মাষ্টারের কাছে পাঠান হয়েছে। তার মধ্যে ১৯ জনই মাড়োয়ারী, তারা এই ব্যবসা চালাচ্ছে। পশ্চিমবঙ্গের কয়লা পাঞ্জাব, হরিয়ানায় পাঠিয়ে দিচ্ছে। অথচ আমরা এখানে কয়লা পাচ্ছি না। এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, রেলওয়ে দপ্তরের ব্যাপার। এর মধ্যে আর একটা হাই কোর্টের অর্ডার আছে, এটা আমি আপনার কাছে পাঠিয়ে দিচ্ছি, অর্ডারের কপি আমি নিয়ে এসেছি ডিভিশনাল সুপারিনটেনডেন্ট-এর, এটা পাঠিয়ে দিচ্ছি এবং আপনার মাধ্যমে অনুরোধ করবো যাতে এই কয়লা চালান বন্ধ হয় তার জন্য আপনি বিভাগীয় মন্ত্রীর সংগে কথা বলে ব্যবস্থা করবেন।

Shri Jagadananda Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জলপাইগুড়ির গুরুতর অবস্থার কথা আপনার মাধ্যমে বলছি। আমার চোখের সামনে ৪টি লোক না খেয়ে মারা গেছে এবং জলপাইগুড়িতে যে অবস্থা হয়েছে অতি বৃষ্টি হবার ফলে—সেখানে আউস ধান এবং পাট নষ্ট হতে চলেছে, যার ফলে ক্ষেতমজুরেরা কাজ পাচ্ছে না এবং আধিয়াররাও ৩/৩।। টাকায় চালের কে, জি, হওয়ায় তারা তা কিনতে পারছে না। ফলে তারা কলারপাতা, কচুর সিদ্ধ খেয়ে তাদের শরীর নষ্ট করছে। এর আগেও বলেছিলাম ৪ জন লোক মারা গেছে এবং হয়ত ভবিষ্যতে আরো লোক মারা যাবে। তিন সপ্তাহ পরে যে গম পাওয়া যায় সেটাও অর্ধেক বিলি করার পরে দেখা যায় তাতে বিষ মেশান আছে এবং ২টি লোক তা খেয়ে অসুস্থ হয়ে পড়ে। সেই গমের যে কোটা সেটাও তুলে দেওয়া হয়েছে। আজকে ৪ সপ্তাহ হল কোন ব্যবস্থা করা হল না গমের জন্য, কাজেই একদিকে অতি বৃষ্টি হবার ফলে ক্ষেতমজুররা যেমন কাজ পাচ্ছে না, আধিয়াররাও ঠিক তেমনি চালের দাম অতি মাত্রায় বেড়ে যাবার ফলে চাল সংগ্রহ

করতে পারছে না, খাদ্যের ব্যাপারে একটা বিভীষিকার সৃষ্টি হয়েছে। সুতরাং এই সময়ে যদি সত্বর গম-এর ব্যবস্থা না করা হয় এবং গমের সাপ্লাই না দেওয়া হয় তাহলে আরো লোক মারা যাবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। তাছাড়া চাল যে পরিমাণ দেওয়া হয়েছে—'এ' এবং 'বি' তাও ৩ শত গ্রাম করে সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগন্য। তা ছাড়া হোলসেলারা যারা আছেন, তাদের নেপাল থেকে চাল সংগ্রহ করতে বলা হয়েছে। এই হোলসেলাররা দেখছে যে ৩ টাকার উপর চাল সংগ্রহ করতে দাম পড়ে এবং এর পরে ওরা কি দামে বিক্রয় করতে পারবে এইরূপ সন্দেহ হওয়ায় তারা খুব বেশী উৎসাহ নিচ্ছে না। যার ফলে বাইরে থেকে যে চাল সাপ্লাই হত, যেটা সাধারণ লোকেরা কিনতে পারতো কি পারতো না, মোটামুটি বাজারে স্থিতিশীল অবস্থা আসতো, সেটা বন্ধ হয়ে গেছে। কাজেই রেশানের মাধ্যমে যদি চাল সরবরহের ব্যবস্থা এবং অতি সত্বর গম পাঠানো না যায় তাহলে ঐ জেলার অবস্থা খারাপের দিকে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

Shri Supriyo Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধমে শিক্ষা সংক্রান্ত একটা ব্যাপার সভার কাছে উত্থাপিত করছি। কিছুদিন পূর্বে যখন বাজেট আলোচনা হয়েছিল, আমরা দেখেছি সর্বাধিক ব্যয়বরাদ্দ হয়েছে শিক্ষা খাতে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাদপ্তর এবং বোর্ডের কিছু কিছু কাজকর্ম দেখে মনে হচ্ছে, আমরা যে এত ব্যয়বরাদ্দ করেছি সেটা হয়ত নিছক একটা কাগজে লেখা হয়েছে। কারণ শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ বেশী হয়েছে শিক্ষার প্রসার এবং শিক্ষার অগ্রগতির জন্য করা হয়েছে।

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে প্রত্যেক জেলায়—হাওড়া জেলাতে কিছু সেকেণ্ডারী এবং জুনিয়ার হাই স্কুলকে রেকগনিশনের কিছু কিছু কোটা পাঠানো হয়েছিল। এবং ডিস্‌ট্রিক্‌ট এ্যাডভাসারী কমিটি টু দ্যাট এক্সটেন্ট, গভর্ণমেন্ট থেকে এ্যাপয়েন্ট দেওয়া হয়েছিল। আমরা ১৯৭২ সালে ডিস্‌ট্রিক্‌ট এ্যাডভাইসারী কমিটি থেকে সেই সব স্কুলগুলোকে রেকমেণ্ড করে পাঠিয়ে দিয়েছি। আজকে ১৯৭৪ সাল হয়ে গেল, আজ পর্য্যন্ত সেই কোটাগুলো এ্যাপপ্রুভ হয়ে ফিরে এলো না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর কাছে প্রশ্ন রাখতে চাই, এই স্কুলগুলোর রেকগনিশন কেন হচ্ছে না এবং আর এক দিকে এই রেকগনিশন না হবার জন্য শিক্ষকরা বেতন পাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর একটা জিনিস জানাতে চাই, যখন ডিস্‌ট্রিক্‌ট এ্যাডভাইসারী কমিটির রেকমেণ্ডেশন থাকা সত্বেও দু তিন বছর ওয়েট করে থাকতে হচ্ছে, তাহলে এই কমিটির গুরুত্ব কোথায়, এই জিনিসটা তাঁর কাছ থেকে আমরা জানতে চাইছিলাম। আমাদের ১৯৭২ সাল থেকে ১৯৭৪ সাল পর্য্যন্ত দাঁড়াতে হয়েছে, আর কতদিন দাঁড়াতে হবে? আমি মনে করি শিক্ষা খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা মাত্র নিছক কাগজে পত্রেই লেখা আছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন তাঁর কাছে জানতে চাই, যে সমস্ত স্কুলগুলোকে রেকমেণ্ড করা হয়েছে সেইগুলো কবে রেকগনিশন পাবে, সেটা আশা করি নিশ্চয়ই তিনি জানাবেন।

Shri Sambhu Narayan Goswami :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী বিষয় আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলায় গোটা ২০ জুনিয়ার টেকনিক্যাল স্কুল হয়েছিল, এই সব স্কুলগুলোর উদ্দেশ্য ছিল দেশের ছেলেদের কারিগরী শিক্ষায় যোগ্য করে তোলা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সব স্কুলের ছেলেদের বেতন দিতে হয় না, উপরন্তু এই সব ছাত্ররা স্টাইপেণ্ড পেয়ে থাকে। দুঃখের বিষয়ে আমরা লক্ষ্য করেছি এই সব স্কুলগুলো সরকারী মঞ্জুরীর টাকা পাচ্ছে কিন্তু এই সব স্কুলের দায়িত্ব সব গভর্ণিং বডির উপর। সুতরাং গভর্ণমেন্টের যে সমস্ত নিয়ম কানুন আছে, এরা তা মানতে চায় না, কিছু মিশনারী স্কুল আছে, তারা তো একেবারেই মানছে না।

এই দ্বৈত শাসনের ফলে আজকে নাভিশ্বাস উঠেছে। আমরা চেয়েছিলাম জুনিয়ার টেকনিক্যাল স্কুলগুলো যাতে সরকার সরাসরি গ্রহণ করেন, কিন্তু দুঃখের বিষয় আমরা দেখেছি আমাদের শিক্ষামন্ত্রী এই পলিটেকনিকগুলো সরকারের অধীনে নেবার চেষ্টা করলেন কিন্তু এই জুনিয়ার টেকনিক্যাল স্কুলগুলো নিলেন না। এই জুনিয়ার টেকনিক্যাল স্কুলে মাস্টার মহাশয়রা যখন চাকরি পান, অন্য স্কুলের মাস্টার মহাশয়দের মাইনের চেয়ে তাদের মাইনে অনেক কম হয়। সুতরাং আমি অনুরোধ করবো মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে, তিনি যেমন পলিটেকনিক স্কুলগুলো নেবার ব্যবস্থা করেছেন, তেমনি এই জুনিয়ার টেকনিক্যাল স্কুলগুলোও নেবার বন্দোবস্ত করুন, এই আমার বিশেষ অনুরোধ।

[2-10—2-20 p.m.]

Dr. Sailendra Chattopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সরকারের কাছে উপস্থাপিত করছি। বর্ধমান জেলার অনেকটা এবং হুগলী জেলার সমগ্র এলাকায় চাষের জলের জন্য চাষীদের হাহাকারের কথা বিধানসভার অনেক মাননীয় সদস্য এই সভায় বলেছেন। আমি কয়েক দিন ধরে ঐ সমস্ত অঞ্চল ঘুরে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছি তাতে নিশ্চিতভাবে বলতে পারি যে জলের প্রকৃতপক্ষে অভাব ছিল না এবং পশ্চিমবঙ্গ সরকার সমস্ত হিসাব নিকাশ করে ডি, ভি, সি,-র কাছে যতটা জল চেয়েছিলেন তার চেয়ে বেশী পেয়েছেন। কিন্তু দামোদর ইরিগেটিং সার্কেলের সুপারেনটেণ্ডিং ইঞ্জিনীয়ারের ওপর জল বন্টন করার ভার ছিল, তার খামখেয়ালীপনায় জল সুষ্ঠভাবে বন্টন করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১,০০০ একর জমির জন্য একজায়গায় ৫০০ কিউসেক জল সরবরাহ করা হয়েছে আর, বি, এম, সি-র ক্যানেল দিয়ে, এই জল দিয়ে ২০,০০০ একর জমিতে চাষ করা সম্ভব হত। অতএব প্রচুর পরিমাণ জল যদি হুগলী জেলা পেত, অর্থাৎ এই জলটা যদি সমগ্র হুগলী জেলা পেত তাহলে সমগ্র হুগলী জেলার ফসল বাঁচত। সেদিন আমি আরো দেখেছি মাঠে কোন জায়গায় হয়ত ফসল নেই অথচ মাঠ জলে ভেসে যাচ্ছে বা ফসল আছে কিন্তু এত জল যে চাষী ফসল তুলতে পারছে না মাথায় হাত দিয়ে বসে আছে। এই জল বন্টন সমস্যার একটা সুষ্ঠু সমাধান করবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি এবং যে সকল এলাকায় একদম জল পাওয়া যাচ্ছে না সেখানে জল সরবরাহের ব্যবস্থা করা হোক তা নাহলে বর্ধমান ও হুগলী জেলার ফসল সব নষ্ট হয়ে যাবে।

Shri Rajani Kanta Doloi :

পাওয়ার স্টেজে শুধু যে ইণ্ডাস্ট্রি, হেল্থ ডিপার্টমেন্ট এবং সাধারণ মানুষই অসুবিধা ভোগ করছেন তাই নয়, মেদিনীপুর জেলার ১১টি কোল্ড স্টোরেজ এর দ্বারা আক্রান্ত হচ্ছে। এই ১১টি কোল্ড স্টোরেজে ১৫ লক্ষ মণ আলু রয়েছে, তার আনুমানিক দাম হচ্ছে ৬ কোটি টাকা। পাওয়ার সরটেজের ফলে এই সমস্ত আলু নষ্ট হতে বসেছে। সেখানে ১২ লক্ষ মণ বীজ আলু, আর ৩ লক্ষ মণ আলু নষ্ট হচ্ছে। এই বিষয়ে বার বার পাওয়ার মন্ত্রীর কাছে আবেদন রেখেছি এবং বলেছি অবিলম্বে এই ব্যাপার যাতে দূর হয় এবং কোল্ড স্টোরেজ গুলিতে যাতে পাওয়ার সরটেজ না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। কিন্তু আজ পর্য্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অন্যান্য মন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ১১টি কোল্ড স্টোরেজের পাওয়ার সরটেজ বন্ধ করা হয়।

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব, সেটা হচ্ছে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শিক্ষক এবং ছাত্ররা একটি অভিযোগ পাঠিয়েছে। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে যে অব্যবস্থা আছে সে সম্পর্কে তার

বলছেন এবং সরকারী হস্তক্ষেপ দাবী করছেন, তাদের মূল দাবী অধ্যক্ষের বিষয়ে। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে যিনি অধ্যক্ষ আছেন, তার খামখেয়ালীপনা এবং স্বেচ্ছাচারের জন্য ২১এ মে কলেজের স্টুডেন্টস কাউনসিল একটা প্রেস কনফারেন্স করে এই সম্পর্কে জানিয়েছে যে কাউনসিলের নির্বাচনের পর সংবিধানের নির্দেশকে অগ্রাহ্য করে অধ্যক্ষ ১ বছরে কয়েকবার ছাত্র কাউনসিল গঠন করেন। ছাত্রদের যে সিসনাল মানি আছে তা ছাত্ররা তাদের প্রয়োজনে ব্যবহার করতে পারছে না। অথচ অধ্যক্ষ মহাশয় নিজের খেয়াল-খুশী মত খরচ করছেন। সুতরাং সেখানে তার সংগে শিক্ষক এবং ছাত্রদের অবস্থা এমন অবস্থায় গিয়ে পৌঁছেছে যে অবিলম্বে সরকারী হস্তক্ষেপ যদি না করা হয় তাহলে অবস্থা আরো শোচনীয় আকার ধারণ করবে। এ ছাড়া এখানে ছাত্ররা মেগাজিন প্রকাশ করতেন এবং ক্রীড়ার ব্যবস্থা ছিল, কিন্তু অধ্যক্ষ মহাশয় বর্তমানে সমস্ত কিছু বন্ধ করে দিয়েছেন। কাজেই আমি দাবী করছি যে মন্ত্রীসভা অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ করুন এবং অধ্যক্ষের খামখেয়ালীপনা বন্ধ করে কলেজ যাতে ভালভাবে চলে তার ব্যবস্থা করুন।

Shri Asamanja De :

স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে ঘটনা বলব তার সংগে দেশের আইন শৃঙ্খলা ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। ১৯৭১ সালে নদীয়া জেলা নকশাল আন্দোলনের একটা পীঠস্থান ছিল। আবার সেই নকশাল আন্দোলন গত কয়েকমাস ধরে শুরু হবার ফলে নদীয়া জেলার জনজীবন বিপর্য্যস্ত। নদীয়া জেলার কোতোয়ালী থানার কালীনাতা গ্রামের আশমত মণ্ডল নামে একজনকে খুন করা হয়েছে। তার কয়েকদিন পরে সোনাতলা গ্রামের গোলাম নবী নামে একজন খুন হল। রানাঘাটে একজন কনস্টেবল খুন হয়েছে। ১৫ই এপ্রিল ফুলিয়ার গভর্ণমেন্ট সীড ফার্মের ২ জনকে খুন করে মুণ্ডহীন অবস্থায় গঙ্গার ধারে ফেলে রেখে যায়। এদের একজন হচ্ছেন ঐ ফার্মের ম্যানেজার সুধীর সরকার এবং আর একজন ওভারসীয়ার সুধীর বর্মা। তাঁরা অফিসে কর্মরত অবস্থায় ছিলেন, তখন কয়েকজন নকশালী তাঁদের মুণ্ডু ছিন্ন ভিন্ন করে দেয় এবং সেখানেই তাঁরা মারা যায়। পুলিশ এ বিষয়ে নিষ্ক্রীয়। আমি নিজে সরেজমিনে ঘুরে সব দেখে এসেছি। পুলিশ এ বিষয়ে ৪ জন মজদুরকে গ্রেপ্তার করেছে। ফুলিয়াতে একটা সেন্ট্রাল গভর্ণমেন্টের টাউনশিপ আছে। সেখানে অসংখ্য লোকের অফিস ও বাড়ী আছে। এস. পি. থেকে আই.জি.ও শেষ পর্যন্ত মুখ্যমন্ত্রীকে সেখানে একটা টাউন আউটপোষ্ট করার কথা বলেছিলাম। কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। তিলজলা, বেলেঘাটা, রিজেন্ট পার্ক-এ পশ্চিমবঙ্গ সরকার একটা যেমন ইনভেস্টিগেশন সেন্টার বসিয়েছেন ফুলিয়াতেও সেইরকম একটা ইনভেস্টিগেশন সেন্টার করা উচিত। আর একটা কথা হচ্ছে পুলিশ কর্মরত অবস্থায় হত্যা হলে তখন তারজন্য ১০ হাজার টাকা এক্সগ্রেসিয়া দেওয়া হয়। কিছুদিন আগে আউশগ্রামের বি. ডি. ও-এর চেয়ারম্যান কমরত অবস্থায় খুন হওয়ায় পশ্চিমবঙ্গ সরকার ১০ হাজার টাকা এক্সগ্রেসিয়া দেন। কিন্তু আমাদের এখানে একজন অফিসার ও একজন ওভারসীয়ার কর্মরত অবস্থায় খুন হবার ফলে তাদের পরিবারের যে আর্থিক সঙ্কটে পড়েছে তার জন্য কৃষিমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে আবেদন জানাচ্ছি অবিলম্বে তাঁদের পরিবারকে এক্সগ্রেসিয়া পেমেন্ট করা হোক।

[2-20—2-30 p.m.]

Shri Gautam Chakravartty :

স্যার, দ্রব্যমূল্য বৃদ্ধি আমরা রোধ করতে পারিনি, বড় বড় চোরাকারীদের বেশিরভাগকেই আমরা ধরেতে পারিনি তখন দেখতে পাচ্ছি বিগত দিনের নকশাল বন্ধু যাঁরা ছিলেন তাঁরা আবার এ্যাক্টিভ হয়ে গেছেন। গত ৩০ তারিখে এইরকম ঘটনার পুনরাবৃত্তি হয়েছে দমদমে। সেখানে রাজ্যবিভাগের একজনকে হত্যা করা হয়েছে। বর্তমান সরকারের বহু ত্রুটিবিচ্যুতি থাকা সত্বেও পশ্চিমবাংলার আমাদের স্যালুট দিচ্ছে এজন্য যে আমরা দেশে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে পেরেছি। কিন্তু আবার দিনের পর দিন হত্যাকার্য্য ঘটছে এবং ল এ্যান্ড অরডার ডেটোরিওট্‌ করছে তখন হয়ত আগামীদিনে আমরা নকশাল মুভমেন্টকে

রোধ করতে পারব না, তারপর এখানে পুলিশ বিভাগের মধ্যে দুটি গ্রুপ তৈরী হয়েছে। এর মধ্যে একটা হচ্ছে আই,জি রনজিৎ গ্রুপের যারা চাইছে রঞ্জিত গুপ্তকে। অথচ পশ্চিমবাংলার এই ল এ্যান্ড অরডার ডেটোরিওট্ করার জন্য দায়ী এই রনজিৎ গুপ্ত। পুলিশের মধ্যে একটা সেকশান বলছে আমরা রনজিৎ গুপ্তকে চাই। পুলিশ ও ইন্সপেকটরদের মধ্যে যখন এই রকম একটা বিভেদ সৃষ্টি হচ্ছে তখন আগামীদিনে পশ্চিমবাংলার বুকে আর আইন শৃখলা রক্ষা করা যাবে না। যাহোক আপনার মাধ্যমে বলতে চাই পুলিশকে যেন প্রোটেকশান দেওয়া হয় এবং যে সমস্ত নকশালরা আবার পশ্চিমবাংলার বুকে অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করছে তাদের রোধ করার জন্য যেন যথাযথ ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা হয় এই অনুরোধ করছি।

Shrimati Geeta Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সঙ্গে একটি বিশেষ বিষয়ের প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই কয়েকদিন ধরে আমার নির্বাচন কেন্দ্র এবং অজয় মুখোপাধ্যায়ের নির্বাচন কেন্দ্র তমলুক ২ নম্বর বলক এবং পাঁশকুড়া ২ নম্বর বলকে যে গুরুতর খাদ্য পরিস্থিতি চলছে এবং সেখানে রেশনের ব্যবস্থা করা অবিলম্বে উচিত একথা বিধানসভায় বারে বারে বলে আসছি। আমার একথা বলার পর খাদ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় দাঁড়িয়ে আমার প্রশ্নের উত্তরে বলেছিলেন এই বিষয়ে বিবেচনা করা হবে। কিন্তু তারপর কোন ব্যবস্থা না হওয়ায় আমি যখন ব্যাপারটি মেদিনীপুরের ভারপ্রাপ্ত মন্ত্রী অর্থাৎ আমাদের পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রী জ্ঞান সিং সোহনপালকে বলি তখন তিনি আমাকে বললেন আপনি এবং অজয়বাবু পুনরায় সহি করে একটি অনুরোধ পত্র আমাকে দিন আমি সেটা খাদ্যমন্ত্রীকে দেব। আমি এবং পাশাপাশি কনসটিটিউএনসীর এম,এল,এ অজয় মুখার্জী যখন এই জিনিষটি পুনরায়. খাদ্যমন্ত্রীকে দিই তখন তিনি বললেন এই বিষয়ে তিনি নিশ্চিতভাবে বিবেচনা করবেন। এই দাবী অত্যন্ত ন্যায়সঙ্গত। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি এই সমস্ত করার পর দেখলাম আমাদের ওই দুটি বলকে এতদিন পর্যন্ত ২০০ গ্রাম করে যে গম যাচ্ছিল সেটাও বন্ধ হয়ে গেল। আজকে আমাদের ওখানে লক্ষ্য করছি ছোট ছোট চাষীরা তাদের জমি বিক্রি করছে এবং ধানের দর দেখছি ৩ টাকা ৪০ পয়সা। আমাদের ওখানে এই যে অবস্থা চলছে তাতে সকলেই স্বীকার করছে যে আমাদের ওটা ডেফিসিট এরিয়া। আমাদের পার্শ্ববর্তী হওড়া জেলায় যে রেশন দেওয়া হচ্ছে সেটা যথেষ্ট নয় এবং সেখানকার অবস্থাও ওই একই রকম। আমাদের ওখানকার সম্বন্ধে এত প্রতিশ্রুতি দেবার পর এই যে গম বন্ধ হয়ে গেল তার প্রতি আমি বিশেষভাবে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং ওখানকার লোকের যে কল্পনাতীত দুরবস্থা চলছে সেটা যাতে অবিলম্বে দূর হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের নদীয়া জেলার ভয়াবহ খাদ্য পরিস্থিতির প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে আমাদের নদীয়ায় যে ভয়াবহ খাদ্য পরিস্থিতি চলছে তাতে পাষাণেরও হৃদয় গলবে বলে আমার ধারনা। বাজারে ৩ টাকা ৪০।৩টাকা ৫০ পয়সা চালের দর চলছে এবং তার উপরে লোকের কাজ কর্ম নেই। রেশনের মাধ্যমে যে চাল এবং গম দেওয়া হোত সেটাও বন্ধ হয়ে গেল। গভর্ণমেন্টের স্টকে চাল, আটা, মাইলো, ভুট্টা প্রভৃতি নেই। নদীয়ার এই ভয়াবহ অবস্থার জন্য ৪ হাজার/সাড়ে চার হাজার মেট্রিক টন রিজার্ভ স্টক যেটা রয়েছে সেটা থেকে কিছু সেখানে দেওয়া হয়েছে। বাজারে আটা, ময়দা, মাইলো, ভুট্টা উধাও। বুভুক্ষু মানুষের মিছিল দেখলে আপনি অবাক হয়ে যাবেন। স্যার, অত্যন্ত বেদনার এবং লজ্জার কথা কয়েকদিন আগে দেখা গেছে একটি ক্ষুধার্ত বালক কুকুরের মাংস খাচ্ছে। রানাঘাট ন্যাসনাল হাইওয়েতে একটি কুকুর এ্যাক্সিডেন্টে মারা যায় এবং সেখানে পড়ে থাকে। এই ক্ষুধার্ত বালককে দেখা গেল সেই কুকুরের তাজা মাংস সে খাচ্ছে। এই কুকুরের মাংস কেন খাচ্ছে একথা জিজ্ঞেস করায় জানা গেল সে আজ ৫।৬ দিন ধরে

কিছু খেতে পাচ্ছে না তাই এই কুকুরের মাংস খাচ্ছে। তখন একজন হৃদয়বান লোক সেই বালকটিকে তার বাড়ীতে নিয়ে যায় এবং জানা গেল এখন সে সুস্থ অবস্থায় রয়েছে স্যার, এই হচ্ছে আমাদের নদীয়ার পরিস্থিতি। খাদ্যাভাবে আজ সেখানে মানুষ অখাদ্য কুখাদ্য খাচ্ছে। আমাদের নদীয়ার ওপারে বর্ধমানে চালের দর ১ টাকা/দেড় টাকা কম আমাদের নদীয়ার লোক খেতে পাচ্ছে না অথচ ওপারে বর্ধমানে প্রতি কে,জি-তে চালের দর দেড় টাকা করে কম। আমাদের বুভুক্ষু নদীয়াকে যদি বাঁচাতে হয় তাহলে অবিলম্বে লরী বা রেলওয়ের মাধ্যমে সেখানে খাদ্য পাঠান নতুবা নদীয়ায় অনাহারে যে মৃত্যু ঘটবে সে বিষয়ে আমার বিন্দুমাত্র দ্বিধা নেই।

Shri Manoranjan Pramanick :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আগামীকাল থেকে সারা পশ্চিমবাংলার স্কুল বোর্ডের কর্মচারীরা ধর্মঘট করছেন। যার ফলে সারা পশ্চিমবাংলার স্কুল বোর্ডগুলি আগামী কাল থেকে বন্ধ হয়ে যাবে। স্কুল বোর্ডের কর্মচারী কতকগুলি দাবীদাওয়ার ভিত্তিতে এবং তাদের কতকগুলি অভাব-অভিযোগ নিয়ে যেমন গ্রাচুইটি, পেনশান, প্রভিডেন্ট ফান্ড, শিক্ষা পরিষদের উপদেষ্টা কমিটিতে স্কুল বোর্ডের প্রতিনিধি নেওয়া এবং করণিক, টাইপিষ্ট, পিয়ন পদের নিয়োগ ইত্যাদির সৃষ্টি এবং এক বছরের উপর কর্মরত কর্মচারীদের চাকুরীতে স্থায়ীকরণ প্রভৃতি দাবীর ভিত্তিতে তারা দীর্ঘদিন ধরে আবেদন নিবেদন করে এসেছে। গত নভেম্বর মাসে তারা অবস্থান ধর্মঘট করেছিল এবং বিভিন্ন সময়ে বিভিন্ন উপায়ে তাদের দাবীগুলি তারা সরকারের কাছে পেশ করেছেন। কিন্তু তাদের দাবীগুলি আজও বাস্তবে রূপায়িত হয়নি। গত তেসরা এপ্রিল থেকে তারা লাগাতার ধর্মঘট করার সিদ্ধান্ত গ্রহণ করেছিল। তেসরা এপ্রিল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপের ফলে ধর্মঘটের দিন তারা পিছিয়ে দিয়ে তেসরা মে থেকে তারা ধর্মঘট সুরু করছে। তারা পরিষ্কার বলে দিয়েছে যে আগামী দোসরা মে-এর মধ্যে যদি তাদের দাবী-দাওয়ার সুষ্ঠু সমাধান না করেন, শিক্ষামন্ত্রী যদি কোন আশ্বাস দেন তাহলে তারা ধর্মঘট পিছিয়ে দেবেন। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন তার কাছে আমি আবেদন জানাচ্ছি যে আজকে শিক্ষকদের জটিল অবস্থার মধ্যে ফেলবেন না, এখানে আপনি কিছু বলুন যাতে তারা ধর্মঘট উইথড্র করেন। এবং যার ফলে প্রাইমারী শিক্ষকরা এবং গ্রামের স্কুলগুলি যাতে ঠিক মত চলে সেই দিকে মন্ত্রিমহাশয় বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করছি।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটী গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে রাখছি। গত ২২এ ফেব্রুয়ারী থেকে আমাদের বিধানসভা চলছে, তখন থেকে বাঁকুড়ার যে খাদ্য পরিস্থিতি এবং সেখানে মানুষের যে দুরাবস্থা সে কথা বারবার আমি এই হাউসে বলেছি। কিন্তু আজ পর্যন্ত সেখানের মানুষের এবং দিন মজুরদের, ক্ষেত মজুরদের, শ্রমিকদের এবং নিম্ন মধ্যবিত্তদের কোন রকম অবস্থার কোন প্রতিকার হল না। কালকে আমি বাঁকুড়া থেকে এসেছি, সেখানে যে অবস্থা দেখে এসেছি, যে গ্রামাঞ্চলে মানুষদের হাঁড়ি চড়ছে না। তারা সজনে গাছের সাক, যে পুকুরের জল শুকিয়ে গিয়েছে তার শামুক এবং হিংচে শাক পাতা খেয়ে তারা কোন রকমে জীবন ধারণ করছে। সেখানে গ্রামাঞ্চলে চাল নাই, গম নাই এবং তাদের দুরবস্থার প্রতিকারের কোন ব্যবস্থা করা হচ্ছে না। আজকে সেখানে দেখা যাচ্ছে কয়েকদিন আগে রাজগ্রাম এলাকায় অমলা লক্ষ্মণ বলে এক ভদ্র মহিলা খেতে দিতে না পারার জন্য তার দুই ছেলেকে মাত্র ১০ টাকায় বিক্রি করে দিয়েছেন। সেখানের অবস্থা চরমে পৌঁচেছে। গ্রাম থেকে গ্রামান্তরের লোকের কোন কাজ নাই, টি,আর,-এর কাজ হচ্ছে না, অঞ্চল বেসিসে এক দু জায়গায় কাজ আরম্ভ হয়েছে, দুইদিন কাজ হচ্ছে তারপর বন্ধ হয়ে যাচ্ছে। আরেকটী বিষয় যেটা সবচেয়ে বড় সমস্যা সেটা হচ্ছে নবজীবনপুর এবং কল্যানপুর যেখানে নিগেটিভ পেশেন্ট কুষ্ঠ রুগীরা থাকে, যারা ভিক্ষাবৃত্তি ছেড়ে কাজ করে জীবিকা নির্বাহ করে সেখানেও

কাজ বন্ধ। তাদের মধ্যে অনাহার দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত ২২এ ফ্রেব্রুয়ারী থেকে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি কারণ বাঁকুড়ায় কোন শিল্প নাই, মানুষ শুধু নির্ভর করে টি,আর, এবং জি,আর,-এর উপর সেখানে আজকে জিরো পয়েন্ট দুই-হাজারে দুই জনকে রিলিফ দেওয়া হচ্ছে। সেখানে দুঃস্থ-কাণা-খোঁড়া এদের সংখ্যা হয়ত হাজারে দুইজন তাহলে হাজারে দুই জনকে যদি কাজ দেওয়া হয় তাহলে মানুষ কি করে বাঁচবে। কিন্তু সরকার এখানে নীরব। তাই আমি বলছি যে বাঁকুড়ার লোককে যদি বাঁচাতে হয় তাহলে অবিলম্বে ব্যাপকভাবে কাজ চালু করতে হবে। সেখানে অন্তত শতকরা পাঁচভাগ কাজ দিন তাহলে এই অসহায় অনাহার থেকে তাদের বাঁচাতে পারবেন, এই অনুরোধ করছি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে।

বাঁকুড়ার অবস্থা স্যার, অত্যন্ত কাহিল এদিকে বিধানসভা বন্ধ হতে চলেছে, তার উপর সেখানে যে অবস্থার সৃষ্টি হয়েছে সেখানে গিয়ে আমরা দাঁড়াতে পারি না। তাই আপনার মাধ্যমে একথা জানাচ্ছি যে বাঁকুড়ার অবস্থা অত্যন্ত খারাপ, কিন্তু কোন রকম ব্যবস্থাই এখন পর্য্যন্ত হয়নি। অবিলম্বে এ বিষয়ে একটা ব্যবস্থা করুন।

(নয়েজ)

[2-30—2-40 p.m.]

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখনি পর পর কয়েকজন মাননীয় সদস্যের কথা শুনলাম, খাদ্যাভাবের কথা। আমাদের খাদ্যাভাব আছে। আমি যে কথা বলছি সেটা হচ্ছে তার উপর রাত্রে ঘুম হয় না। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় আছেন, তিনি যদি দয়া করে আমার কথা একটু মনোযোগ দিয়ে শুনেন, তাহলে কৃতার্থ হব। ঘুম না হওয়ার কারণ হচ্ছে এই, খবর এসেছে আমার ছেলে চিঠি দিয়েছে, বৃলক কংগ্রেসের জেনারেল সেক্রেটারীও চিঠি দিয়েছেন, আমাদের ওখানে এমন একটি রাত্রি নেই যেদিন ডাকাতি হচ্ছে না। মুর্শিদাবাদ-এর জলঙ্গী, রাণীনগর সীমান্তবর্ত্তী এলাকা, সেখানে ব্যাপকভাবে ডাকাতি হচ্ছে। জলঙ্গী। থানার পুলিশ যে কি করছে বুঝতে পারছি না। নিরীহ মানুষদের সঙ্গে ডাকাতের সংঘর্ষ হয়েছে এবং তাতে মানুষ মৃত্যুবরণ পর্য্যন্ত করেছে। আমি জিজ্ঞাসা করছি পুলিশ সেখানে কি কাজ করছে? যার জন্য আজকে ডাকাতি বন্ধ হচ্ছে না? শুনতে পাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওপার থেকে বাংলাদেশ থেকে দুর্বৃত্তরা এসে রাত্রির অন্ধকারে ডাকাতি করছে। বাংলাদেশের বর্ডার সিকিউরিটি ফোর্স আছে, সেখানে পুলিশ ক্যাম্প আছে আমাদের দিকে, অতন্দ্র প্রহরীর মত তারা পাহারা দিচ্ছে। রাত্রের অন্ধকারে যখন চোরাই মাল পাচার হয় তখন পুলিশ পকেটে টাকা নিয়ে সেই মাল পার করে দিয়ে আসছে এবং এইভাবে বহু মাল বাংলাদেশে পাচার হয়ে চলে যাচ্ছে। আজকে স্যার, মানুষের ঘুম নেই, মানুষকে মৃত্যুর সঙ্গে লড়াই করতে হচ্ছে। দিনের পর দিন গ্রামে গঞ্জে তারা পাহারা দিচ্ছে দাঁড়িয়ে। কিন্তু ডাকাতরা রাইফেল নিয়ে রিভলবার নিয়ে বড় বড় আরম্স এবং এমিউনিশন নিয়ে, ডাকাতি করতে আসে, লোকে মার্ডারড হচ্ছে, লোকের কোন নিরাপত্তা নাই। শান্তি শৃঙ্খলা দিনের পর দিন বিঘ্নিত হচ্ছে। আজকে খাদ্যাভাব হয়েছে সেটা স্বীকার করি কিন্তু তার সঙ্গে যদি নিরাপত্তা না থাকে তাহলে দুটি মিলে কি অবস্থা ধারণ করবে সেটা কি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ভেবে চিন্তে দেখছেন না? আমি তাঁকে অনুরোধ করব এখনও সময় আছে একটা ব্যবস্থা গ্রহণ করুন। সেখানে দুটি লোক মার্ডারড হয়েছে, ডাকাতদল রাইফেল নিয়ে, রিভলবার নিয়ে, বোমা নিয়ে ডাকাতি করতে আসছে। আপনার পুলিশ সেখানে কি করছে? আমি জানতে পেরেছি আমার গ্রামের পাশে ডাকাতি হয়েছে রাত্রে, গরু চুরি হয়ে যাচ্ছে—এই রকম অবস্থা আগে হয়েছিল এবং দিনের পর দিন চলছিল, মাঝে বন্ধ ছিল, আবার আরম্ভ হয়েছে। আমাদের তো বাংলাদেশের সঙ্গে সম্পর্ক ভাল। দয়া করে তাঁদের একটা খবর দিন যাতে ওখান থেকে, ওদিক থেকে যদি ডাকাতরা

আসে যাতে সতর্ক ব্যবস্থা গ্রহণ করা হয়। আর যদি আমাদের এ পাশের ডাকাত হয়ে থাকে, তাহলে সেই সমস্ত ডাকাতদলকে ধরে মিসায় ভরে দিন, যাতে সাধারণ লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ-এর জীবনে শান্তি ফিরে আসে এবং মানুষ মৃত্যুর হাত থেকে বাঁচতে পারে।

আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলি। সীমান্ত এলাকায় মানুষ যাতে জীবন এবং মান নিয়ে বাঁচতে পারে সেজন্য যারা বন্দুকের দরখাস্ত করেছে, সেই বন্দুকের দরখাস্ত ত্বরায় যেন গ্রহণ করা হয় এবং সেখানে শান্তি শৃঙ্খলা যাতে ব্যাহত না হয়, তার জন্য আমি আশা করি তিনি কঠোর ব্যবস্থা নেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sukumar Bandopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে চক্রান্ত ইচ্ছাকৃতভাবে হচ্ছে। পশ্চিমবঙ্গের অস্থির জনজীবনে ৩৫ লক্ষ বেকার যুবককে চাকুরির সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। আজকে প্রথমেই আমার এই বক্তৃতা রাখার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে চক্রান্তমূলকভাবে পশ্চিমবঙ্গের বেকার যুবকদের যেভাবে চাকুরীর সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে, অবিলম্বে হাইকোর্টের বিচারপতিকে দিয়ে তদন্ত কমিশন গঠন করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং চক্রান্ত বন্ধ করার জন্য সরকারের নিকট দাবী জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে কয়লা, লোহা, ইস্পাত, চা, রেল, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান, ডাক ও তার বিভাগ—বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এবং সওদাগরী প্রতিষ্ঠান ও আরো অন্যান্য বে-সরকারী প্রতিষ্ঠান রয়েছে। যেখানে বছরে পাঁচ থেকে ছ'লক্ষ লোকের স্থায়ী ও অস্থায়ীভাবে কর্মসংস্থান হয়ে থাকে। এই যে যেখানে প্রতিবছর পাঁচ থেকে ছ'লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়, তার মধ্যে বোধ হয় শতকরা দশভাগ ও পশ্চিমবঙ্গের বেকার ছেলেরা যেখানে কোন চাকরীর সুযোগ পান না। আমি অনেক আগে এই বিধানসভায় প্রস্তাব রেখেছিলাম সমস্ত অফিসে ওভার-টাইম বন্ধ করে পশ্চিমবঙ্গের বেকার যুবকদের যেখানে চাকরীর সুযোগ করে দেওয়া হোক্ এবং কোথায় কোথায় চাকরীর সুযোগ রয়েছে সেটা খুঁজে বের করা হোক্। সরকার সে সম্বন্ধে সমীক্ষা করবেন ও ব্যবস্থা করবেন এই আশ্বাসও আমাদের সরকার দু-বছর আগে দিয়েছিলেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হল না। আমাদের শ্রমবিভাগ এই ব্যাপারে যেন মূক, বধির ও পঙ্গুর ভূমিকা গ্রহণ করেছেন। আমাদের কোন কথায় তাঁরা কর্ণপাত করছেন না। বিহার, তামিলনাড়ু ইত্যাদি প্রদেশে তাঁরা সেখানে বাধ্যতামূলকভাবে করছেন যে স্থানীয় বেকার যুবকদের শতকরা ৮০ ভাগ চাকরীতে নিতে হবে। আর দক্ষ কারিগরী ও ম্যানেজরিয়াল ক্ষেত্রে শতকরা ৬০ ভাগ নিতে হবে। কিন্তু আমাদের পশ্মিবঙ্গ সরকার এর কিছুই এখন পর্য্যন্ত করতে পারছেন না। আজকে দেখছি বিভিন্ন ডিভিশনে কর্মী নিয়োগ হচ্ছে শতকরা ৯০ ভাগ পশ্মিবঙ্গের বাইরের লোক। পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং পাট ও অন্যান্য শিল্পে ও ঐ একই অবস্থা চলছে। আর আমাদের সরকার ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। তাঁদের কেবল বেকার যুবকদের কথা বলতে গিয়ে অশ্রুর বন্যা নেমে আসে। এই যে পশ্চিমবঙ্গে প্রতিবছর ৫।৬ লক্ষ লোকের কর্মসংস্থান হচ্ছে তার কেন স্থানীয় বেকার যুবকদের চাকরীর সুযোগ হচ্ছে না তা দেখবার কোন প্রশাসনিক ব্যবস্থা পর্য্যন্ত আমাদের নাই। এরা কেবল নকশালদের কথা তোলেন মাঝে মাঝে। মহারাষ্ট্র ও বিহারকে এঁরা বলতে পারেন প্রতিক্রিয়াশীল, আজকে আমরা কেউ জানি না—মন্ত্রীসভাও জানে না—পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্প যে সমস্ত রয়েছে—, তার কর্মীদের ৬০।৭০ ভাগ হচ্ছে পরদেশী। অবশ্য আমি এরমধ্যে প্রাদেশিকতার কোন কথা আনছি না। আমি প্রতিটি প্রদেশের মানুষকে শ্রদ্ধা করি সম্মান করি। আজকে ২রা মে, আগামী আসবে ২রা জুন, তারপর ২রা আগষ্ট এ সম্বন্ধে কেন ভবিষ্যতে কোন নীতি নির্ধারণ করা হচ্ছে না? এই বেকার যুবকদের জন্য আমাদের কিছু করতেই হবে। আমরা একটি আগ্নেয়গিরির উপর বসে আছি। আমরা শুনছি আজকে চোখের সামনে যে অবস্থার মধ্যে

তারা রয়েছে, যে অবস্থার স্থানীয় বেকারদের একটা ধোকার মধ্যে রেখে দেওয়া হয়েছে আমরা তার কোন প্রতিকার করতে পারছি না। বিধানসভা আর দু-একদিনের মধ্যে বন্ধ হয়ে যাবে। মূল সত্যিকার বেকার যুবকদের প্রতিষ্ঠার উদ্দেশ্যে আমাদের সকলকে অবিলম্বে এগিয়ে আসতে হবে। এই ৩৫ লক্ষ বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারলে পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটী মানুষ আমাদের দু-হাত তুলে আশীর্বাদ করবে।

Shri Ganesh Chandra Hatui :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্টমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটী হলো হুগলী জেলার পুন্যতীর্থ—আঁটপুরকে—টুরিস্ট সেণ্টার হিসেবে গণ্য করার জন্য পর্য্যটন বিভাগের মন্ত্রিমহাশয়কে বলছি। আঁটপুর গ্রাম কাষ্ঠ নির্মিত বহু প্রাচীন চণ্ডীমণ্ডপ, শ্রীশ্রীরাধাগোবিন্দ জীউর মন্দির, পাঁচ শিবের মন্দির, যথা—যুগেশ্বর, জলেশ্বর, রামেশ্বর, বানেশ্বর ও গঙ্গাধর, দোলমঞ্চ, রাসমঞ্চ ও স্বামী প্রেমানন্দের জন্মস্থান হিসেবে বিখ্যাত। এই কারণে প্রতি বৎসর প্রচুর সংখ্যক টুরিস্ট স্বামী প্রেমানন্দের জন্মস্থান আঁটপুরে বেড়াতে আসেন। আঁটপুরের তিনশো বছরের পুরাতন চণ্ডীমণ্ডপটী হলো দারুশিল্পের অপূর্ব নিদর্শন। কাঠের উপর এত সূক্ষ কারুকার্য্য যে প্রায় চোখে দেখা যায় না। পুরাণ বর্ণিত কত যে দেব দেবীর মূর্তি এতে অঙ্কিত আছে, তা দেখলেই বোঝা যায়। আর দুশো বছরের পুরাতন শ্রীশ্রীরাধাগোবিন্দ জীউ মন্দিরটী হলো স্থাপত্য শিল্পের ও পোড়ামাটির কাজের এক অপূর্ব নিদর্শন। মন্দিরগাত্রে নক্সা ও চিত্রগুলি রামায়ণ ও মহাভারতের কাহিনীর উপর ভিত্তি করে অঙ্কিত। তাছাড়া আরো যে নানা শ্রেনীর কারু-কার্য্য রয়েছে—তাতে তৎকালীন সমাজের চিত্র ফুটে উঠেছে। আর একটী লক্ষনীয় বিষয় হলো মন্দিরে ভেতর গাত্রে যে অসংখ্য পদ্মফুলের কাজ আছে, সেগুলির প্রত্যেকটির নক্সা অবিভিন্ন। মন্দির প্রতিষ্ঠাকালে চিকন কালা বংশীধারীর বামে বসানো হয়েছিল প্রেমের শাশ্বত প্রতীক রাধারাণীর অপূর্ব মূর্তি।

অথচ এগুলি রক্ষণাবেক্ষণের অভাবে নষ্ট হতে চলেছে। এই আঁটপুরে স্বামী বিবেকানন্দ, স্বামী প্রেমানন্দ, স্বামী অভেদানন্দ প্রমুখ ৭ জন মহাপুরুষ ১৮৮৬ খৃষ্টাব্দে ২৪এ ডিসেম্বর শুক্রবার সন্যাসধর্ম গ্রহণের চরম সঙ্কল্প গ্রহণ করেন। আঁটপুরের ঘোষ বাড়ীতে শ্রীশ্রীমায়ের ব্যবহৃত ঘর ও স্বামীজীর ব্যবহৃত ঘর আজও দেখতে পাওয়া যায়। স্বামীজীর ঘরের চৌকির উপর শোকেসের ভিতর চন্দনচর্চিত পাদুকা, মোজা ও দাঁতনকাঠিগুলি আজও দেখতে পাওয়া যায়। ঐ দ্রব্যগুলি ভগবান শ্রীশ্রীরামকৃষ্ণ আঁটপুর থাকাকালীন ব্যবহার করেছিলেন। আঁটপুর কলকাতা থেকে মাত্র ২২ মাইল দূরে অবস্থিত। এইজন্য কলকাতা থেকে আঁটপুর দুটি সরকারী বাস মাননীয় পরিবহনমন্ত্রী যদি চালাবার চেষ্টা করেন তাহলে অনেক গরীব মানুষ কম খরচে দারুশিল্পের ও টেরাকোঠার কাজ দেখার সুযোগ পাবেন।

[2-40— 2-50 p.m.]

Shri Md. Safiullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় বেকারিশিল্পে আজকে চরম সঙ্কট দেখা দিয়েছে ময়দার অভাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সরকার শতকরা ৯০ ভাগ ময়দা বেকারীদের জন্য নির্দিষ্ট করে রেখেছেন। কিন্তু এই ৯০ ভাগের মধ্যে অত্যন্ত কম ময়দা তাদের দেওয়া হয়। এবং এর ফলে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে বেকারিগুলি আজ বন্ধ হয়ে গেছে এবং এর ফলে বহু লোক সেখানে আজকে বেকার হয়ে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের ভুল খাদ্যনীতির ফলে আজকে আমাদের পশ্চিমবাংলায় মানুষ অর্ধাহারে ও অনাহারে দিন কাটাচ্ছে। একটা পাঁউরুটি খেয়ে পল্লী বাংলার বহু মানুষ দিন কাটায়। কিন্তু এই পাঁউরুটি সঙ্কটের জন্য সেখানে মানুষের কষ্ট হচ্ছে। কলকাতার বড় বড় কারখানাগুলি থেকে সেখানে পাঁউরুটি যাচ্ছে সেখানে

কল্যাকে ১০০ গ্রাম পাঁউরুটির দাম ৪৫।৫০ পয়সা। এই দামে সেখানে বিক্রি হচ্ছে। এটা আমাদের অত্যন্ত দুঃখের কথা। আমি আশা করবো যে আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়, পর্য্যাপ্ত গম দিয়ে এই বেকারিশিল্পকে বাঁচাবেন। আর একটা কথা এই সমস্ত ছোট ছোট বেকারির মালিক যারা তারা হোলসেলারদের কাছ থেকে ময়দা নেয়। তারা যদি ডায়রেক্ট মিলের কাছ থেকে মাল নিতে পারে তাহলে তাদের অনেক উপকার হয়। এটা আমার একটা সাজেসান রইলো। আমি আশা করি যে মাননীয় মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন ও এই শিল্পকে তিনি বাঁচাবেন।

Shri Phani Bhusan Singhababu:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রি মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও আমাদের সেচমন্ত্রী মহাশয় সভায় উপস্থিত নেই। গত ২৭-১০-৭৩ তারিখে কৃষি বিভাগ ও সেচ বিভাগের যৌথ উদ্যোগে কংসাবতী প্রকল্পের অধীনে আমার বিধানসভা কেন্দ্রের ৪টি অঞ্চলে, মেদিনীপুর ডিসট্রিক্টের কিছু অংশ রায়পুর ও আর দুটি সেখানে জল দেওয়া হচ্ছে না। সেখানে জল দেওয়া হবে বলে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিলো। বি, ডি, ও,-র মাধ্যমে গ্রাম-বাংলায় এ কথা প্রচার করা হয়েছিলো। অতীব দুঃখের কথা সেখানে জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে জল দিয়ে সে সকল গ্রামের চাষীদের প্রায় ২০ হাজার একর-এর মত জমিতে বিভিন্ন চাষ বোরো ইত্যাদির চাষ করিয়ে আজকে গ্রাম বাংলার চাষীদের জলের জন্য তারা বিভিন্ন দাবীদাওয়া বিভাগীয় কর্তৃপক্ষের নিকট উপস্থিত করা সত্ত্বেও আজও কংসাবতী প্রকল্পে জল দেওয়া হচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে আমাদের মন্ত্রীসভার যে সকল সদস্য উপস্থিত আছেন তাঁদের কাছ আমার বিনীত নিবেদন যে কংসাবতী সেচ প্রকল্প এলাকায় সেখানে গ্রাম-বাংলার মানুষেরা সেই চাষী ভায়েরা যারা মাথার ঘাম পায়ে ফেলে এতটা ফসল ফলিয়েছে আজকে জলের অভাবে তাদের সে ফসল নষ্ট হতে বসেছে—সেজন্য আপনার মাধ্যমে আমার নিবেদন যে কমপক্ষে ১০ দিন কংসাবতী ব্যারেজে যে জল আছে সে জল দিয়ে ঐ ২০ হাজার একর-এর ফসল কি ভাবে বাঁচান যায় ও আমাদের গ্রাম-বাংলার মানুষের মুখে কি করে হাঁসি ফোটান যায় তারজন্য আমি আবেদন করছি। আমি এ ব্যাপারে বিভাগীয় কর্তৃপক্ষের নিকট দাবী জানাচ্ছি। সেই বিভাগীয় কর্তৃপক্ষ বারবার বলেছেন যে এখন কংসাবতী প্রকল্পে কাজ চলেছে জল দেওয়া সম্ভব নয়। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আবেদন জানাচ্ছি যাতে ২০ হাজার একর ঐ জমিতে জল সেচের ব্যবস্থা করে রবিশস্যকে বাঁচান যায়। আমাদের কৃষি ও সেচ বিভাগ তখন জোর গলায় বলেছিলেন যে রবি মরশুমে জল দেওয়া হবে। আর আজকে সেখানে জলের অভাবে ফসল নষ্ট হচ্ছে। আপনার মাধ্যমে আমি আবেদন জানাচ্ছি যাতে সে ফসল বাঁচান যায় তার ব্যবস্থা শীঘ্র করুন।

Dr. Kanai Lal Sarkar:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত আছেন। আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা বিনীত নিবেদন রাখতে চাইছি। আপনি জানেন যে ম্যালেরিয়া রোগ ১৯৪০-৪১ সাল পর্য্যন্ত বাংলাদেশের একটা সর্বনাশা রোগ ছিল। যার ফলে বাংলাদেশ এবং বিশেষ করে গ্রাম-বাংলা শ্মশানে পরিণত হয়েছিল এবং লক্ষ লক্ষ লোক ম্যালেরিয়াতে মারা গিয়েছিল এবং বহু লোক দুঃস্থ এবং জীর্ণ-শীর্ণ হয়ে মারা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ম্যালেরিয়া রোগ প্রায় নির্মূল করা হয়েছিল। তার কারণ মশা যারা ম্যালেরিয়া ক্যারি করে তাদের নিধন-যজ্ঞ এবং যে সমস্ত রুগী যারা ম্যালেরিয়া বীজ ক্যারি করে তাদের ঔষধ দেওয়ার জন্য। ১৯৬৯ সালে আমরা দেখলাম সেই ম্যালেরিয়া রোগ আবার বাংলাদেশে এসে গিয়েছে। ১৯৬৯ সালে এ্যাটাক ছিল ৪৯ হাজার এবং আমরা দেখলাম ১৯৭৩ সালে তারা দাঁড়িয়েছে ১৫ লক্ষতে। আমরা যদি আশু বন্দোবস্ত না করতে পারি, এই ম্যালেরিয়া রোগ যে কারণে মশক নিবারণ দরকার তা না করতে পারি, এ্যাডল্ট মসকুইটো এবং লাল মসকুইটো ঠিকভাবে তেল দিয়ে বা কেমিকেল দিয়ে সেগুলো মারতে না পারি এবং যে সমস্ত রুগী ম্যালেরিয়া রোগাক্রান্ত যারা ইনফেকসাস তাদের প্যাজমো-কুইনাল-প্যালোড্রিন

দিয়ে সেগুলো কন্ট্রোল না করতে পারি আমরা মনে করছি আবার ম্যালিরিয়ার যে সর্বনাশ যা আমাদের গ্রাম-বাংলাকে শ্মশান করে তুলেছিল হয়তো আবার তারা সেই ভূমিকা নেবে। আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে আমাদের দেশে ম্যালেরিয়া রোগের প্রতিষেধক যেটা দরকার সেটা তিনি অবহেলা করছেন। পৌরমন্ত্রী আছেন। আমাদের কর্পোরেসানে মসকুইটো ডিপার্টমেন্ট আছে। কিন্তু এক ফোটাও তেল নেই যাতে মশা নিবারণ করার কোন পন্থা আছে। আমি দুজনকে অনুরোধ জানাবো তাঁরা আশু প্রতিকারের ব্যবস্থা করুন।

Shri Chandra Kumar Dey: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা বক্তব্য পেশ করছি এবং সেই ব্যাপারে আমাদের বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বিধানসভার সদস্য হবার পর আমার খুব দুর্ভাগ্য হয়েছিল গত ২৫ তারিখে আমাদের চুঁচুড়াতে যে সি, এম, ও, অফিস সেখানে যাবার একটা বিষয়ে তদারক করতে। বিষয় ছিল খাদ্য সরবরাহের জন্য সেদিন কন্ট্রাক্টারদের টেণ্ডার খোলার দিন ছিল। সেই টেণ্ডারের ব্যাপারে আমার কাছে অভিযোগ ছিল টেণ্ডার যেখানে দেওয়া হয়ে থাকে সেখানে নানা প্রকার দুর্নীতি থাকে এবং একজন কন্ট্রাকটার বছরের পর বছর কন্ট্রাকট পায়। সেই কন্ট্রাকটারের সম্পর্কে বহু অভিযোগ লিখিতভাবে সেখানে করা আছে। এস, ডি, এম, ও,-র কাছে তারা সেই অভিযোগ স্থাপন করেন কিন্তু সেগুলো গ্রাহ্য করা হয়নি। এই মর্মে আমি ২৫এ তারিখে বেলা ১১টার সময় সি, এম, ও, অফিসে গিয়েছিলাম। সেখানে যাওয়ার আগে ২৪ তারিখে বিধানসভা থেকে ফিরে বাড়ীতে অনেক ভিড় দেখি। যারা কন্ট্রাকটারের বিরুদ্ধে অভিযোগ করতে এসেছিল তারা এসে জানায় বছরের পর বছর এই কন্ট্রাকটারকে কন্ট্রাক্ট দেওয়া হচ্ছে। সেখানে অনেক দুর্নীতির ব্যবস্থা আছে এবং একজন কন্ট্রাকটারই বারবার কন্ট্রাকট পেয়ে আসছে তারা আমায় অনুরোধ করে বলে যে, আপনি দয়া করে সেখানে উপস্থিত থাকুন যাতে ভালভাবে এই কন্ট্রাকট বণ্টন হয় তার ব্যবস্থা করতে। আমি তখন সি, এম, ও,-র সঙ্গে টেলিফোনে যোগাযোগ করি। আমি তাঁকে এইসব লোকদের কাছে যেসব অভিযোগ শুনেছিলাম সেগুলো বলি এবং সেগুলো তিনি অস্বীকার করেন। এমন কি টেলিফোনে কথা বলতে বলতে তিনি টেলিফোন রেগে ফেলে দিয়েছিলেন এবং বলেছিলেন আপনি যদি ভদ্রলোক হন এই এইসব কথা আমাকে বলবেন না। টেলিফোনে তিনি ছেড়ে দিয়েছিলেন। আর একটা বিষয় আমি জানি গত বছর ১৯৭৩ সালে যখন কন্ট্রাক্ট বণ্টন হয়েছিল আমি সি, এম, ও, অফিস প্রাঙ্গণে উপস্থিত ছিলাম এবং সেখানে নিজে লক্ষ্য করেছিলাম যে কি রকম দুর্নীতি সেখানে হয়ে থাকে। কিন্তু গত বছর আমি আটকাতে পারি নি। এই বছর সি, এম, ও,-র সঙ্গে টেলিফোনে কথা বলার জন্য তিনি টেলিফোন ফেলে দেন। অত্যন্ত অভদ্র অফিসারের মতন টেলিফোনে কথা বলতে বলতে বন্ধ করে দিয়েছিলেন। তাই আমি ঠিক করেছিলাম পরবর্ত্তী দিনে যখন টেণ্ডার খোলা হবে আমি তাঁর অফিসে যাব এবং সাড়ে ১১টার সময় আমি সেখানে গিয়েছিলাম। সি, এম, ও,-কে বলেছিলাম আজকে আপনাদের যেখানে টেণ্ডার খোলা হবে আমি সেখানে উপস্থিত থাকতে চাই। সি, এম, ও, আমাকে বলেছিলেন আপনি এখানে উপস্থিত থাকতে পারেন কিনা জানি না, যদি জেলা শাসক অনুমতি করেন তাহলে থাকতে পারেন।

[2-50—3-30 p.m.]

যাহোক আমি তাঁর ঘরে এক মিনিট ছিলাম। তিনি তারপর আমাকে বল্লেন যে, আপনি এখানে বসে থাকতে পারবেন না—পাশের ঘর বসে থাকতে হবে। আমি জানতে চাই যে সি, এম, ও, এইচ,-এর এই রকম ক্ষমতা আছে কিনা যে একজন পাবলিক রিপ্রেজেনটেটিভকে যিনি তদারক করতে গিয়েছেন তাঁকে তার সামনে থাকতে দিতে পারেন না। এটা শুনে আমি আশ্চর্য হয়ে গেলাম। যা হোক তার ঔদ্ধত্য কতখানি বাড়ে তা দেখার জন্য আমি সেই পাশের ঘরে অপেক্ষা করে বসেছিলাম। তার এক ঘন্টা পরে এবং সেই এক ঘন্টার মধ্যে অন্যান্য কর্মচারীরা এসেছেন সি, এম, ও, এইচ,-এর বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য আমাকে তারা অনুরোধ জানিয়েছে। তাদের অভিযোগ আছে ওনার শাসন পদ্ধতি সম্বন্ধে, উনি

মানুষের সঙ্গে ভদ্র ব্যবহার করেন না। তারপর জেলা শাসক আসার পর আমাকে ডেকে পাঠানো হয়। সেখানে গিয়ে দেখি টেণ্ডার খোলার ব্যবস্থা করা হয়েছে যদিও আমাকে সেখানে বসতে দেওয়া হয় নি। আমি সে কথা জেলা শাসককে জানালাম। যা হোক এবছর ভালভাবে টেণ্ডার দেওয়া হয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে সি, এম, ও,-র মত একজন অফিসার একজন পাবলিক রিপ্রেজেনটেটিভের সঙ্গে এইরকম ব্যবহার করতে পারেন কিনা। এইরকম আরও একটি দুটি অভিযোগ উচ্চ সরকারী কর্মচারীর বিরুদ্ধে বিধানসভার সদস্যদের অপমান করার বিরুদ্ধে এই সভায় এসেছে। আজকে এই অপমান শুধু আমার নয়, সমস্ত বিধানসভার সদস্যদের এবং আমি আশা করবো এরজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ঐ সি, এম, ও, এইচ,-এর সঙ্গে যোগাযোগ করবেন। তিনি টেলিফোনে কথা বলার মত ভদ্রতা রাখেন না। দু নম্বর হচ্ছে তিনি একজন পাবলিক রিপ্রেজেন্টেটিভকে তাঁর টেবিলের সামনে পর্যন্ত বসে থাকতে দেন না। এইরকম ধরণের সরকারী অফিসারকে আমরা হুগলী কিংবা চুঁচুড়ায় রাখতে রাজী নই। তাই আমি বলছি যে এই সি, এম, ও, এইচ,-কে পাবলিকলি এ্যাপলজিজ চাইতে হবে। আমি এই বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ও বিধানসভার অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Ajit Kumar Panja:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটি ইতিমধ্যে আমাদের নজরে এসেছে। টেণ্ডার সিলেক্সন যখন হয় তখন আইন অনুযায়ী প্রতি জায়গায় একটি করে কমিটি তৈরী আছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, মেডিক্যাল অফিসার সি, এম, এইচ, থাকেন সেই কমিটিতে। সেই টেণ্ডার সিলেক্সন কমিটিতে মাননীয় সদস্য যদি থাকতে চান তাহলে তিনি নিশ্চয় থাকতে পারেন। কিন্তু গভর্ণমেন্টের নিয়ম অনুযায়ী অন্য কেউ থাকতে পারেন না। তিনি এ সম্পর্কে যদি কোন কমপ্লেন পান তা আমাকে তিনি দিতে পারতেন এবং এইরকম কমপ্লেন যাঁরা আমাকে দিয়েছিলেন সঙ্গে সঙ্গে আমি যতটা সম্ভব তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে পেরেছি। এখানে দুটি ব্যবসায়ী গ্রুপ আছে। এই দুটি গ্রুপ টেণ্ডার সিলেক্সনের ব্যাপারে গভর্ণমেন্টের রুল ব্যতিরেকে প্রেসার ক্রিয়েট করে টেণ্ডার এ্যাকসেপ্ট করাতে চেষ্টা করেছিল। এটা কিছুতেই মাননীয় সদস্য যুক্তিসঙ্গত বলে মনে করেন না বলে আশা করি। এবং জনসাধারণের প্রতিনিধি হসাবে, মন্ত্রী হিসাবে আমি এটাকে বরদাস্ত করতে পারি না। তবে মাননীয় সদস্যকে নিশ্চিতভাবে সি, এম, এইচ, অফিসে বসতে দেওয়া হয়েছিল। কিন্তু টেণ্ডার যখন ওপেন করার সময় কমিটির সদস্য ছাড়া অন্য কেউ থাকতে পারেন না। তবে যদি কোন অন্যায় হোত তাহলে তিনি আমাকে জনসাধারণের পক্ষ থেকে তা লিখিতভাবে দিতে পারতেন। আমি এইরকম কোন কিছু তাঁর কাছ থেকে বা জনসাধারণের পক্ষ থেকে কোন কমপ্লেন পাই নি। তবে এরজন্য মাননীয় সদস্য যদি কোন দুঃখ পেয়ে থাকেন তাহলে সি, এম, ও, এইচ, কেন এটা আমারই কর্তব্য আমি ক্ষমা চাইছি। তবে আমি জানি জনসাধারণের প্রতিনিধি কেন তিনি যেই হোন না কেন যদি তিনি কমিটি সদস্য না হন তাহলে তিনি সেখানে যেতে পারেন না। সেই টেণ্ডার কমিটিতে ডি, এম, সি, এম, ও, এইচ, মেডিক্যাল অফিসার তাঁরা রয়েছেন। এবং গভর্ণমেন্টের নিয়ম অনুযায়ী হয়তো তিনি বাধা পেয়েছেন। আমি তাঁর কাছে আশা করবো ভবিষ্যতে তিনি সদস্য হিসাবে দেখবেন এবং যদি কোন অন্যায় হয়েছে দেখেন তাহলে তিনি সরাসরি সেটা আমার কাছে নিয়ে আসবেন নিশ্চয় আমি তাঁকে সাহায্য করবো। এই সমস্ত ব্যাপারে ৩৩৫টি ব্লক রয়েছে কোথায়ও থেকে এই রকম কমপ্লেন আজ পর্য্যন্ত আসে নি যে কমপ্লেন তিনি এখানে আজকে বলছেন এবং তিনি লিখিতভাবে আমাকে কিছু দেন নি।

Shri Chandra Kumar Dey:

স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন তাতে আমি খুব সন্তুষ্ট এবং অত্যন্ত গর্বিত। তিনি যে ঘটনা ঘটেছে তার জন্য দুঃখ প্রকাশ করেছেন। স্যার, কিন্তু আমার দুঃখ, এত ভাল স্বাস্থ্যমন্ত্রী যেখানে সেখানে অফিসাররা এরকম খারাপ ব্যবহার করেন। এই প্রসঙ্গে স্যার, স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো, ১৯৭২।৭৩ সালের যেভাবে টেণ্ডার বিতরণ করা হয়েছে সে সম্পর্কে ঘোরতর অভিযোগ আছে তিনি যেন সেটা দেখেন।

Shri Mohammad Dedar Baksh:

স্যার, আপনি জানেন, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের এম, এ, এম, কম, বি, এ, বি, এস, সি, পরীক্ষা অনেকদিন হয়ে গিয়েছে কিন্তু তার ফল প্রকাশের কোন প্রয়াস কোলকাতা বিশ্ববিদ্যালয় নিচ্ছেন না বলেই মনে হচ্ছে এবং কাগজপত্রে সেই রকম দেখছি। স্যার, যারা পরীক্ষা দেয় ঠিক সময়ে পরীক্ষার ফল না বেরুলে তাদের দুর্গতির অন্ত থাকে না। তাদের মধ্যে যারা ফেল করবে তারা পরে পরীক্ষা দেবার সময় পাবে না ফলে পরীক্ষার হলে বসে টুকবে এবং তাতে পরীক্ষার মানদণ্ড নষ্ট হবে আবার অন্য দিকে যারা পাশ করবে তাদের মধ্যে যারা টেকনিক্যাল ইত্যাদিতে ভর্তি হতে চায় তারা সে সুযোগ পাবে না। তাছাড়া স্যার আজকের এই অর্থনৈতিক সঙ্কটের সময়ে যারা এম, এ, এম, এস, সি, পাশ করে চাকরিতে ঢুকে সংসার জীবনে প্রতিষ্ঠিত হতে চায় তারা সে সুযোগ পাবে না। স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বললেই তিনি বলেন যে, কোলকাতা বিশ্ববিদ্যালয় একটা অটোনমাস বডি, আমরা কিছু করতে পারবো না। কিন্তু স্যার, যেখানে সরকারী সাহায্য দেওয়া হচ্ছে যে অটোনমাস বডি তা নিচ্ছে, সেখানে নিশ্চয় সরকারের নিয়ন্ত্রণ থাকবে এবং শিক্ষামন্ত্রীর নিয়ন্ত্রণ থাকবে। স্যার, শিক্ষামন্ত্রীকে এখানে দেখছি না, কিন্তু আমি আশা করছি তিনি এই হাউসের চত্বরের মধ্যেই আছেন কাজেই স্যার, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে দাবী করছি অবিলম্বে এই রেজাল্ট যাতে বের করা হয় সে ব্যবস্থা করুন।

Shri Bhawani Prosad Sinha Roy

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও এ ব্যাপারে এর আগে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে তবুও স্যার, আপনার মাধ্যমে আমি আবার তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জেলায় জেলায় প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে উপদেষ্টা কমিটি তৈরি করা হয়েছে এবং এই উপদেষ্টা কমিটিগুলির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত রাইটার্স বিল্ডিং'-এর শিক্ষা আধিকারিক এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি মহাশয় বানচাল করার চেষ্টা করছেন এবং প্রত্যেকটি উপদেষ্টা কমিটিকে আজকে জনসমক্ষে অপদস্ত করার চেষ্টা করছেন। স্যার, আমি দুটি ঘটনার কথা উল্লেখ করবো। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমার জেলাতে যারা আমরা সদস্য ছিলাম—বিধানসভার সদস্য, এর আগে প্রতিবাদে পদত্যাগ করেছিলাম কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রীর অনুরোধে আমরা এখনও কাজ করে যাচ্ছি। স্যার, রাইটার্স বিল্ডিং-এ ধর কম্পানী বলে একটি প্রাইভেট লিমিটেড কম্পানী আছে। এই ভদ্রলোকের কাছে এলে যে মেয়ের বিয়ে হয়নি তাকে বিয়ের আগেই বিবাহিত বলে তার চাকরি হয়ে যাচ্ছে। এরকম অনেক ঘটনা আছে। স্যার, আমরা উপদেষ্টা কমিটি থেকে প্রস্তাবাকারে এসব রেখেছি এবং বিচার বিভাগীয় তদন্ত চেয়েছি। প্রাথমিক শিক্ষকদের যে প্যানেল সেই প্যানেল পয়সার বিনিময়ে বদল হয়, নাম বদল হয় এরকম অভিযোগও এসেছে। আমরা বারবার বলেছি কিন্তু শিক্ষামন্ত্রীর কাছ থেকে কোন কিছু পাইনি। তারপর স্যার, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আর একটা ঘটনার কথা বলছি। উপদেষ্টা কমিটি আমার জেলায় একটা বালিকা বিদ্যালয় সম্বন্ধে, তার ম্যানেজিং কমিটি সম্বন্ধে স্পেসিফিক অভিযোগ করেছে, জেলাশাসক মহাশয় অভিযোগ করেছেন, তিনি বলেছেন, ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্নে সেখানে এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা হোক। সেখানকার শিক্ষিকা যাঁরা রয়েছেন তাঁরা এই ম্যানেজিং কমিটির কোন কোন সদস্য দ্বারা লাঞ্ছিত হয়েছেন কিন্তু এই অভিযোগ সত্বেও, ডি, পি, আই, ডি, আই, রেকমেণ্ড করা সত্বেও মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি মহাশয় এটা ফেলে রেখেছেন। তাঁর ১০টা কাজের মধ্যে, যেগুলি হচ্ছে গোলমেলে কাজ তিনি অবসর পান নি, আজ ৬ মাস তিনি ফেলে রেখে দিয়েছেন। স্যার, আমরা বার বার শিক্ষামন্ত্রীকে জানিয়েছি এবং মনে করছি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ শিক্ষা এবং শিক্ষকদের বিরুদ্ধে কাজ করছে।

এবং এনটায়ার মধ্যশিক্ষাকে আজকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে এবং এই সভাপতি মহাশয় প্রায় প্রত্যেক জায়গাতে এই ধরণের শিক্ষকদের অপদস্ত করছেন। আমি আপনার মাধ্যমে এর প্রতিকার দাবী করছি।

[3-00—3-10 p.m]

Shri Biswanath Chakraborti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভালই হয়েছে শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন। গত কয়েকদিন আগে মহঃ সফিউল্লা সাহেব-এর একটা প্রশ্নোত্তরে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে অন্ধের সমস্যার কথা উপস্থিত করা হয়েছিল এবং তিনি তার উত্তর দিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভারতবর্ষে প্রায় ৫০।৬০ লাখের উপর অন্ধ আছেন এবং প্রতিবছর ১০ হাজার শু প্রোটিনের অভাবে, ভিটামিনের অভাবে অন্ধ হয়ে যাচ্ছে। বিজ্ঞান অনেকদুরে এগিয়েছে এবং তার আশীর্বাদ অনেক বেশী এবং অনেক ক্ষেত্রে অন্ধত্ব নিবারণ করার কতকগুলি উপায় উপস্থিত হয়েছে। যার মধ্যে একটা হচ্ছে কর্ণিয়া। এই কর্নিয়া মৃত ব্যক্তির চোখ থেকে নিয়ে তাকে অন্ধের চোখে দিলে বহু ক্ষেত্রে অন্ধত্ব নিবারিত হচ্ছে। আমাদের ক্যালকাটা মেডিক্যাল কলেজে এই ধরণের ব্যাপার হয়েছে আমরা জানি। কিন্তু পশ্চিমবাংলায় এই ব্যাপারে কোন লেজিসলেশান নেই, আইন নেই। সেদিন প্রশ্নোত্তরের সময় সেকথা বলেছিলাম। শুনলাম যে অস্ট্রেলিয়া থেকে কর্ণিয়া আসছে। ভাল কথা, তারা বন্ধুত্ব হিসাবে পাঠিয়েছেন এবং সেটাকে ইনসার্ট করা হয়েছে। সুরেন্দ্রনাথ কলেজের একজন অধ্যাপক-এর চোখে এইরকম করে মৃত ব্যক্তির কর্ণিয়া দিয়ে তার চোখের দৃষ্টিশক্তি ফিরে পাবার চেষ্টা চলছে। এখন আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের ভারতবর্ষে এবং অন্যান্য রাজ্যে—মহারাষ্ট্রে আছে, গুজরাটে আছে, সেখানে আইন করা হয়েছে যাতে সরকারী হাসপাতালে যারা মারা যায় তাদের কর্নিয়া ৪ ঘন্টার মধ্যে নিয়ে ৭২ ঘন্টার মধ্যে অন্ধ ব্যক্তির চোখে লাগাতে পারলে অন্ধত্ব নিবারিত হচ্ছে। এইরকম একটা আইন এখানে করতে পারেন কিনা। আমি শুনেছি একজন ডাঃ এস, পি, রায় চৌধুরী, এইরকম একটা প্রস্তাব করে পাঠিয়েছিলেন, তাদের এ্যাসোসিয়েশান আছে এবং চীফ জাস্টিস সেটাকে রেকমেণ্ড করেছিলেন। সেটা করতে পারলে ভাল হত। আমাদের সমাজে অনেক কুসংস্কার আছে। হয়ত কিছু কিছু মানসিক বাধা ইত্যাদি কিছু কুসংস্কার থাকবে মৃত ব্যক্তির চোখ থেকে কর্ণিয়া নিয়ে অপরের চোখে লাগানোর ব্যাপারে। তবে আমরা যেমন প্রগতির পথে এগিয়ে যাবো, বিজ্ঞানের যুগে এই সমস্ত কুসংস্কারগুলির ফাইট আউট করবো। এখন সরকার কিছু টাকা দেন, গরীব লোকেরা হয়ত ৫০ টাকা নিয়ে যায়। কিন্তু সাধারণ-ভাবে বুদ্ধিজীবিদের ক্ষেত্রে যদি আবেদন করা যায়, আপনারা দিন, এইরকম স্বীকৃত হন যে সরকারী হাসপাতালে মারা গেলে ৪ ঘন্টার মধ্যে কর্ণিয়া নিতে পারবে। তা যদি বলা হয় এবং এর বদলে যদি আইন করেন, এটা করতে পারেন যে, যারা কর্ণিয়া দিতে স্বীকার হবেন তাদের সরকার থেকে সার্টিফিকেট দেওয়া হবে এবং তাদের বংশধরদের কাছে এটা একটা সম্মান হিসাবে থাকবে। এইরকম একটা আইন তিনি আনতে পারেন কিনা বিধানসভায় সেটা ভেবে দেখুন। তাহলে যে মানুষগুলি দৃষ্টিশক্তি থেকে বঞ্চিত, যাদের চোখের আলো নিভে গেছে, বিজ্ঞান যখন তাদের চোখে আলো এনে দিতে পারে, বিজ্ঞান যখন স্পর্ধার সঙ্গে সেই চ্যালেঞ্জ জানাচ্ছে, আমাদের মত দেশ যখন অগ্রসর হচ্ছে তখন সেই সুযোগ গ্রহণ করবে কিনা এবং আইনের মাধ্যমে সেই ব্যবস্থাকে এনসিউওর করবে কিনা, সেটা করা যায় কিনা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে সেটা ভাবতে অনুরোধ করছি। এই সেসান শেষ হয়ে এসেছে। আবার যখন শরতকালে অধিবেশন হবে তখন এই রকম একটা আনতে পারলে আমার মনে হয় অন্ধ মানুষ, যাদের দৃষ্টিশক্তি নেই তাদের কাছে তিনি আশীর্বাদ পাবেন। সবশেষে তাদের হয়ে আবেদন করছি, আইন করে আপনি অন্ধজনকে আলো দিন। অন্ধজনে দেহ আলো।

Shri Ajit Kumar Panja:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন, ইতিমধ্যে সরকার এটা নিয়ে চিন্তা করছেন যে কমপালসারী কর্ণিয়া ডোনেশান শুধু হাসপাতালে মারা যারা যাচ্ছেন তাদের জন্য প্রথম ধাপ হিসাবে আমরা নিতে পারি কিনা। আমরা প্রথমে একটা চালু করছি যে যারা তাদের পরিবারের চোখ ৪৮ ঘন্টার মধ্যে দান করে যাবেন তাদের আমরা

৫০ টাকা দিচ্ছি। এটা আমরা পাইলট প্রোজেক্ট হিসাবে রেখেছি। এখন অসুবিধা হচ্ছে ২টি। একটা হচ্ছে, ধর্মীয় কারণে। আপনারা জানেন যে প্রায় প্রতি ধর্মে আছে মৃত ব্যক্তির মারা যাবার পরে তার দেহ কোন রকম ভাবে আঘাত প্রাপ্ত না হয়। এটা আমাদের বড় বাধার কারণ হয়ে দাঁড়িয়েছে। আর দ্বিতীয় কারণ হয়ে দাঁড়িয়েছে যে কেউ রাজী হচ্ছেন না ৫০ টাকা নিয়ে চোখ দেবেন। তারা স্বভাবতই শোকাতুর হয়ে রয়েছেন সেই সময়ে চোখ নিলে ডিসফিগার হয়ে যায় ডেড বডি। সেজন্য সেদিক থেকেও বাধা হচ্ছে। এই দুটি কারণে আমাদের অসুবিধা হচ্ছে। আমরা পাইলট প্রোজেক্ট রেখেছি এবং সঙ্গে সঙ্গে প্রোপাগান্ডা মেসিনারী দিয়ে, এ্যাডভারটাইজমেন্ট করে জনসাধারণ যাতে ঐ আইনটা ভালভাবে নিতে পারে সেজন্য তৈরী করছি। আমরা আশা রাখছি কৃতকার্য্য হওয়ার। তবে মাননীয় সদস্য যে কথা বলেছেন সেটা খুব প্রয়োজন এবং সেখানকার দক্ষ ডাক্তাররা প্রায় প্রতিটি ক্ষেত্রেই কর্ণিয়া গ্রাফটিং-এ সাকসেসফুল হচ্ছেন। যারা চিরকাল অন্ধ ছিল তাদের আলো দিচ্ছেন এবং তারা নরম্যাল কাজও শুরু করেছেন। আশা রাখছি খুব সম্ভব তাড়াতাড়ি এই সম্পর্কে একটা পরিস্কার ছবি দেশের মানুষের কাছে রাখতে পারবো।

Shri Rabindra Ghosh

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্পবানিজ্য মন্ত্রিমহাশয়ের কাছে একট জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। যদিও তিনি এখানে উপস্থিত নেই, আমি বিধানসভায় উপস্থিত সমস্ত মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডবলিউ, বি. জি. প্রেসের কর্মচারীদের সম্বন্ধে কয়েকদিন ধরে এই বিধান-সভায় ভীষণ উত্তেজনার সৃষ্টি হয়েছিল। ওখানকার কর্মচারীরা এই সরকারকে অপ্রিয় করবার জন্য। এ্যাসেম্বলি কোশ্চেন বা বুলেটিন ছাপাচ্ছেন না এবং রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে তারা সরকারকে অপ্রিয় করবার জন্য বিধানসভায় কোশ্চেন আসছে না, এই সব কারণে খুব উত্তেজনার সৃষ্টি হয়েছিল। সেই ডবলিউ, বি, জি প্রেস সম্বন্ধে আমার বিশেষ অভিজ্ঞতা আছে। ওখানকার সুপারিনটেনডেন্ট বা কন্ট্রোলার এই বিধানসভায় রিপোর্ট দিয়েছেন বা মন্ত্রিমহাশয়ের কাছে রিপোর্ট করেছেন যে কর্মচারীরা কাজ করছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয় এইভাবে ঐ কন্ট্রোলার এবং সুপারিনটেনডেন্ট নানা রকম চক্রান্ত করে ঐ কর্মচারীদের উপর দোষ চাপিয়ে এবং সরকারকে অপ্রিয় করবার জন্য কোশ্চেন বা অন্যান্য কাগজ পত্র কর্মচারীদের ছাপাতে দেয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৬ তারিখে ঐ বি, জি, প্রেসে হাবাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া সম্বন্ধে কর্মচারীরা সুপারিনটেনডেন্ট-এর কাছে এ্যাজিটেশন করেছিল বা স্মারকলিপি পেশ করেছিল। ঐ বি, জি, প্রেসে ১২৫টি কর্মখালি রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ঐ বি, জি, প্রেসের একটা বিরাট ফুটবল টিম আছে। এই ফুটবল টিমের জন্য কিছু খেলোয়াড়ের প্রয়োজন ছিল এবং যে কর্মচারীরা অবসর গ্রহণ করেছেন তাদের ছেলেমেয়েদের কাজ দেবার জন্য ঐ কর্ম-চারীরা সুপারিনটেনডেন্ট এবং কন্ট্রোলারের কাছে আবেদন জানিয়েছিল। হাবাদের কাজ দেবার জন্য তারা বিক্ষোভ জানিয়েছে, ঘটনাটা তা নয়। এবং এই ঘটনাকে কেন্দ্র করে বি, জি, প্রেসের কর্মচারীদের উপর ১০ জনকে সাসপেনশন নোটিশ দেওয়া হয়েছে। ১৬ তারিখে আন্দোলন হয়, ১৭ তারিখে শিল্পমন্ত্রীর সঙ্গে আলোচনা হয় এবং ১৭ তারিখ থেকে তারা ভালভাবে কাজ করে এবং ২৫ তারিখে পুলিশ দিয়ে সাসপেনশন নোটিশ টাঙ্গানো হয়, আজও সেখানে পুলিশ দেওয়া হয়েছে। ছয়জনকে প্রথমে সাসপেনশন নোটিশ দেওয়া হয় এবং পরে চারজনকে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৭ তারিখ থেকে ২৫ তারিখের মধ্যে কর্মচারীরা কোশ্চেন ছেপেছে, কিন্তু সুপারিনটেনডেন্ট এবং কন্ট্রোলার বলেন যে তোমাদের কাজ করতে হবে না, এই চক্রান্ত করে বিধানসভায় কাছে এসে বলা হ'ল যে কর্মচারীরা কাজ করবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি, জি প্রেসের মধ্যে একটাই ইউনিয়ন আছে আই, এন, টি, ইউ, সি'র ইউনিয়ন এবং এতে ৭০ ভাগ কর্মচারী আছেন। আজকে চক্রান্ত করে কন্ট্রোলার এবং সুপারিনটেনডেন্ট ১০ জন কর্ম-কর্মচারীকে সাসপেনশন নোটিশ দিয়েছেন এবং তাদের রুটি কেড়ে নেওয়া হয়েছে।

মোহনবাগানের প্রখ্যাত খেলোয়াড়, যিনি কোনদিন কোন রাজনীতি করেন না, যাঁর নাম পরিমল মজুমদার তাঁকে পর্য্যন্ত সাসপেনশন নোটিশ দেওয়া হয়েছে। এই যে ১০ জনের রুটি কেড়ে নেওয়া হয়েছে, বিনা অপরাধে, এই বিষয়ে পুনরায় তদন্ত করার জন্য মাননীয় শিল্পমন্ত্রী এবং বিধানসভায় উপস্থিত সমস্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 p.m.]

Shri Tuhin Kumar Samanta:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীসভার কাছে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখতে চাই। প্রশ্নটা হচ্ছে আজকে সিমেণ্ট নিয়ে জনসাধারণের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। সামনেই আষাঢ় মাস, অনেক গৃহস্থ অনেক বিদ্যালয়ের পরিচালক সমিতি আজকে চিন্তা করছেন যে আগামী বর্ষাকালটা তাঁদের কিভাবে যাবে। কয়েকদিন আগে একটি স্কুলের কর্তৃপক্ষ আমার কাছে এসেছিলেন কিছু সিমেণ্টর জন্য। আমি খোঁজ নিয়ে জানতে পারি যে সিমেণ্ট নাকি এখন ফ্রি সেল হচ্ছে না বা গভর্ণমেণ্ট ফ্রি সেল করছেন না। আমি সরকারের কাছে প্রশ্ন রাখতে চাই যে সরকারের সিমেণ্ট বণ্টন নীতিটা কি? এবং-এটাও জানতে চাই যে গভর্ণমেণ্ট সমস্ত সিমেণ্ট কি নিজেদের গুদামে বা নিজেদের ডেভালপ-মেণ্টের কাজেই লাগাচ্ছেন? যদি তাই হয় তাহলে কি করে ১৩ টাকার সিমেণ্ট বাজারে ৩০ টাকা থেকে ৩৫ টাকা দামে পাওয়া যাচ্ছে? আমরা স্কুলের জন্য একটার পর একটা ডিলারের দরজায় হন্যে হয়ে ঘুরেছি, তারা বলেছেন উইথআউট দি পারমিশন অফ দি ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেট আমাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। অথচ আমার এক বন্ধু আমাকে এসে বললেন যে টাকা দিলেই সিমেণ্ট পাওয়া যায়, তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী-সভার কাছে জানতে চাইছি যে তাঁদের সিমেণ্ট বণ্টন নীতিটা কি? আজকে পশ্চিমবাংলার সাধারণ মানুষ একটু ড্রেন করবার জন্য বা ফুটো ছাদ মেরামত করবার জন্য একটু সিমেণ্ট পাওয়া যাচ্ছে না, কিন্তু কালোবাজারে বহু সিমেণ্ট পাওয়া যাচ্ছে ৩০ টাকা, ৩৫ টাকা করে। আমি এই বিষয়ে জনসাধারণকে সঠিক তথ্য জানাবার জন্য মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করছি। কারণ আজকে জনসাধারণ চিন্তা করছেন গভর্ণমেণ্ট প্রকৃতপক্ষে কি নীতি গ্রহণ করেছেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রীসভার সিনিয়র মেম্বারদের কাছে অনুরোধ করছি যে আপনারা সিমেণ্ট বণ্টন নীতিটা কি সেটা বুঝিয়ে বলুন, যদি বুঝিয়ে বলতে না পারেন তাহলে কালোবাজার করা সিমেণ্ট নিয়ে বন্ধ হবে না। আমি আশা করব একজন সিনিয়র মন্ত্রী এ বিষয়ে জবাব দেবেন।

[3-20—3-45 p.m.]

17th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 17th Report of the Business Advisory Committee which at its meeting held on the 2nd May, 1974 in my Chamber considered the question of allocation of time and date for disposal of legislative business and recommended as follows:

Saturday, 4th May, 1974—

1. The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1974. (Introduction, Consideration and Passing)—1½ hours.
2. The West Bengal Workmen's House Rent Allowance Bill. (Introduction, Consideration and Passing)—1 hour.
3. The Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974 (Introduction, Consideration and Passing)— 1 hour.

4. The West Bengal Relief Undertakings (Speci Provisions) (Amendment) Bill, 1974. (Intr duction, Consideration and Passing)— minutes.

There will be no Calling Attention and Mention Cases on that date.

The Minister-in-Charge of Parliamentary Affairs may now move the motio for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the 17th Report of th Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then agreed to.

[At this stage the House was adjourned for 30 minutes.]

[3-45—3-55 p.m.]

[After adjournment]

Mr. Speaker : Now, legislation. I call upon the Hon'ble Minister of State i charge of Municipal Affairs to introduce The Howrah Municipal (Repealing) Bill 1974.

Shri Sukumar Bandyopadhyay : Where is the Minister, Sir ? He is not in th House.

Mr. Speaker : Honourable members, in the programme of business that wa circulated earlier it was decided that the Motion will be taken up first and then th Howrah Municipal (Repealing) Bill, 1974, will be taken up. In the revise programme, I understand, it has been altered. So there has been some misunder standing and the Minister-in-Charge of Municipal Affairs thought that his Bill woul be taken up after the Motion. So I take the sense of the House.

Shri Shish Mohammad :

এটা কি Business Advisory Committee থেকে ঠিক হয়েছে ?

Mr. Speaker : That is why I am taking the sense of the House. If the House agrees then I can take up the original programme. It all depends on the House. The House can alter its business. The House has got that much of right. So, with the sense of the House I take up the Motion under Rule 185 first. I think the House will agree.

[Voices—Yes]

Shri Puranjoy Pramanik :

Recently যে programme দিয়েছেন তাতে প্রথমে বিলে একবারে motion হবার কথ ছিল।

Mr. Speaker : Now, let us, with the sense of the House, take up the Motion under Rule 185. Shri Abdul Bari Biswas may please move his motion.

Motion under Rule 185

Shri Abdul Bari Biswas : Mr. Speaker, Sir, I beg to move that in view of the Government's commitment to have an additional new road in every rural constituency in West Bengal, this House request s the Government of West Bengal to sk for additional Central assistance for the purpose.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখানে আলোচনা করছি এব আমি আশা করব বিধানসভার প্রত্যেকটি সদস্য আমার সংগে একমত হবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার গ্রামীন যে অর্থনীতি আছে তার যদি বিকাশ ঘটাতে হয়, সেই অর্থনীতির যদি পুনরুজ্জীবন ঘটাতে হয়, তাকে সজীব করে তুলতে হয়, সেই অর্থনীতিক কাঠামোকে যদি আরও সুদৃঢ় করে তুলতে হয়, তাহলে যে সমস্ত উন্নয়নমূলক কাজ আমাদের আছে সেগুলো উন্নত হওয়া দরকার, রাস্তাঘাট পরিবহন ব্যবস্থা যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হওয়া দরকার। আমরা যতদূর জানি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের দেশে রাস্তার জন্য যে কাজ হাতে নেওয়া হবে, সেই কাজ করতে গেলে মোটামুটি সর্বসাকুল্যে ১৫৭ কোটি টাকা দরকার। কিন্তু পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মাত্র ৫৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে। পাঁচ বছরের এই পরিকল্পনার মধ্যে দাঁড়িয়ে আমরা যদি ৫৫ কোটি টাকাকে পাঁচ দিয়ে ভাগ করি তাহলে দেখতে পাচ্ছি বছরে ১১ কোটি টাকা রাস্তার কাজ আমরা করতে পারব। এবারে অর্থাৎ ১৯৭৪-৭৫ সালের আর্থিক বছরে পশ্চিম বাংলায় মাত্র ৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অতএব যদি আনুপাতিক হারে ৫৫ কোটি টাকার কাজ করে যেতে হয়, তাহলে বাজেট বরাদ্দীকৃত অর্থ থেকে আরও ৬ কোটি টাকার প্রয়োজন হয়। কিন্তু স্যার, একথাই শেষ কথা নয়। আমরা জানি ৫৫ কোটি টাকার উপরে কাজ আছে, এবং সেটা সরকারকেই করতে হবে। অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমাদের উন্নয়নমূলক কাজের প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে এবং সদস্যদের দু চারটি কথা বলতে চাই। আমরা জানি আজকে আমাদের দেশে যখন গ্রামীন অর্থনীতির বিকাশ প্রয়োজন ঠিক সেই সময় আমরা যদি গ্রামের গ্রোথ অব ইকনমির কথা চিন্তা না করি, গ্রামের রাস্তাঘাট পাকা করবার কথা চিন্তা না করি, তাহলে আমাদের গ্রাম বাংলায় যে সমস্ত প্রডাক্ট হয়, সেই সমস্ত প্রডাক্টস নন্-প্রডিউসিং এরিয়া কিম্বা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়ায় নিয়ে আসার পক্ষে সুবিধাজনক পরিস্থিতির সৃষ্টি করা যায়না। আমি মনে করি রাস্তাঘাট শুধু সম্প্রসারণ করলেই হবেনা, রাস্তাঘাটের সংগে যদি যোগাযোগ ব্যবস্থা উন্নত না করতে পারি, তাহলে গ্রামের মানুষের উৎপাদিত যে প্রডাক্ট সেগুলি আনা নেওয়ার পক্ষে অসুবিধার সৃষ্টি হবে। স্বাধীনতার ২৬ বৎসর পর আমরা গ্রামের মানুষেরা নিশ্চয়ই আশা করতে পারি, গ্রামে যে রাস্তাঘাট আছে তার উন্নতি হবে এবং তার মধ্য দিয়ে গ্রামীণ অর্থনীতির উৎকর্ষ সাধন হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিষ ভাবতে যেমন অবাক লাগে ঠিক তেমনি ভালও লাগে। আমি এমন একটা জায়গা থেকে এসেছি যেটা পদ্মার ধারে অবস্থিত এবং সেখানে কাঁচা ইলিশ এবং আরও অনেক জাতের মাছ তৈরী হত। আমি জানি এবং শীস মহম্মদ সাহেবও জানেন যে আমাদের ঐ পদ্মার ধারে এক হালি মাছ এক টাকায় বিক্রী হত। আজকে পরিবহণ ব্যবস্থা থাকার দরুন সেই সমস্ত পণ্যদ্রব্য য আমাদের ঐ রুরাল এরিয়ার উৎপাদিত হয়, তা সে মাছই হোক্ বা কাঁচামালই হোক আজকে দেখছি সেখানকার উৎপাদকরা ন্যায্যমূল্য পাচ্ছে।

[3-55—4-05 p.m.]

আজকে যদি এই বিষয়ে আমরা না দেখি তাহলে নিশ্চিত ভাবে যে গ্রাম বাংলায় শতকরা ৭৫ ভাগ লোক বাস করে তাদের উপর অবিচার করা হবে। আজকে আমাদের যে সমস্ত, পেরিসেবল গুডস্ গ্রাম বাংলায় উৎপন্ন হয় তাতে যদি উতপাদকদের ন্যায্যমূল্য দিতে হয় তাহলে সুষ্ঠু পরিবহণ ব্যবস্থা এবং রাস্তাঘাটের ব্যবস্থা অবশ্যই করতে হবে। আজকে মাছের কিম্বা আলু পটল শাক সবজী ইত্যাদি যা গ্রাম বাংলায় উৎপন্ন হয় এবং যে সমস্ত কাঁচামাল উৎপাদন হয় যার উপর গ্রামের অর্থনৈতিক কাঠামো নির্ভর করে সেই অর্থনৈতিক কাঠামো যদি সুষ্ঠু এবং সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে হয় তাহলে রাস্তাঘাটের প্রভূত উন্নতি সাধন একান্ত প্রয়োজন। আমরা যদি ভাবি যে গ্রামের মানুষের শুধু রাস্তা চলার জন্য রাস্তার প্রয়োজনীয়তা কিম্বা পাকা রাস্তার উপর হাটার প্রবনতা বেড়েছে বলেই পাকা রাস্তার প্রয়োজনীয়তা তাহলে আমি বলব বিধান সভায় দাঁড়িয়ে পবিত্র কাজ হাতে নিয়ে নিশ্চয়ই ভুল করা হবে। আমাদের পক্ষে সমস্ত জায়গায় রেলের যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারিত হওয়া সম্ভব নয় সুতরাং এই রকম অবস্থায় গ্রামের ইকনমিকে যদি সুদৃঢ়

করতে হয়, গ্রামের চাষীদের যদি তাদের উৎপন্নের ন্যায্য মূল্য পাইয়ে দিতে হয় এবং সেই সংগে সংগে যারা শহরে বাস করেন যারা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়াতে বাস করেন কিম্বা একজায়গায় উৎপাদকরা আরেক জায়গায় অনুপাদিত এলাকায় সেই সমস্ত পণ্যদ্রব্য চলাচলের পক্ষে যদি আমরা সুব্যবস্থা না করতে পারি তাহলে আমরা দেশের মানুষের যে ন্যায্য দাবী সেই দাবীকে সম্প্রসারণ করতে পরবনা। মাননীয় মন্ত্রী ভোলা সেন মহাশয় এখানে আছেন তাঁকে একথা বলতে আপত্তি নাই যে তিনি এই বিধান সভায় প্রশ্ন উত্তরের সময় বলেছিলেন যে প্রত্যেকটা কেন্দ্রে একটা করে অন্তত রাস্তা হবে। এমন কি ওনার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তিনিও বলেছিলেন যে ৩২০০ কিলোমিটার রাস্তার কাজ হাতে নেওয়া প্রয়োজন। আমরা বাজেটের বই খুলে দেখছি এমন অনেক জায়গা আছে যেখানে রাস্তার কাজ হাতে নেবার ইচ্ছা থাকলেও পরে অর্থের অভাবের জন্য বাজেটে এ্যলটমেণ্ট করা হয়নি। আজকে যদি অর্থের সুগম করতে না পারা যায়, অর্থ যদি না আনতে পারা যায় তাহলে আমরা যে কাজ করতে চেয়েছি গ্রামের মানুষের উন্নতির জন্য, গ্রাম বাংলার মানষের অর্থনৈতিক উন্নতির জন্য এবং গ্রামের অর্থনৈতিক কাঠামোকে আর সুদৃঢ় করবার জন্য আমরা সে কাজ হাতে নিতে পারবনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে আমরা যে দাবী করছি তাতে নিশ্চিতভাবে এসে যেতে পারে যে কালকে আমাদের বাজেট পাশ হয়েছে এখন বারি সাহেব কি ৫ কোটীর জায়গায় আজকে ১১ কোটী টাকা চাইতে পারেন? আজকে বিধান সভা এই সিদ্ধান্ত করেছে এবং বাজেটে ৫ কোটী টাকা এ্যালোকেশন করেছে একথা আমি জানি কিন্তু আমরা বাজেটের এ্যালোকেশান ছাড়াও আমরা সেণ্ট্রাল গভর্ণমেণ্টর কাছে আরও এই খাতে অর্থ চাইতে পারি। সেণ্টারের কাছে আমাদের দাবী করতে হবে যে আমাদের এই খাতে আরও টাকা দেওয়া হউক। ১৫৭ কোটী টাকার কাজে ৫৫ কোটী টাকা বরাদ্দ, তার পরের বছর ১১ কোটী টাকার জায়গায় আমরা ৫ কোটী টাকা পেয়েছি আর ৬ কোটী টাকার কাজ হাতে নিলে টাকা আমরা কোথায় পাব। সেজন্য আজকে নিশ্চিত ভাবে মোর ফাণ্ডের কথা উঠেছে। এখন কোথা থেকে এত টাকা আসবে। আমরা জানি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন অতীতদিনে ড্রটের জন্য খরচ করতে হয়েছিল সেই সময় সেন্টার থেকে অতিরিক্ত ১২ কোটী টাকা তিনি পশ্চিম বাংলার গরীব জনসাধারণের জন্য এনেছিলেন। সেই সময় তিনি পশ্চিম বাংলার গরীব জনসাধারণের কাছ থেকে আন্তরিক ধন্যবাদ পেয়েছিলেন এবং তারা তাদের অন্তরের অভিনন্দন পেয়েছিলেন। আমি বলব এখন তিনি গ্রাম বাংলার গরীব জনসাধারণের মুখের দিকে চেয়ে তাদের স্বার্থের কথা চিন্তা করে বাজেটের লিমিটেড এ্যালোকেশানের দিকে না তাকিয়ে তিনি এবং আমরা সকলে মিলে এই দাবী করি যাতে কেন্দ্রীয় সরকার আরও অর্থ বরাদ্দ করেন।

অন্ততঃপক্ষে এই ন্যূনতম দাবী আমরা করতে পারি। হয়ত একথা উঠবে এখানে আমর যে সমস্ত কথা আলোচনা করছি তার কতটা স্কোপ আছে? আমরা যখন বিধানসভায় গ্রামের মানুষের জন্য সাধারণ মানুষের জন্য এখানে আলোচনা করছি তখন নিশ্চিতভাবে তাদের দাবী নিয়ে আমরা মুভ করতে পারি। যে বাজেট পাশ হয়েছে, তাতে একটি খাতে দেখছি কিছুটা টাকা কম ধরা হয়েছে। যে সমস্ত উন্নয়নমূলক কাজ আছে তার মধ্যে এমন কিছু কিছু খাত আছে যেগুলি আমরা ত্বরিঘড়ি না হাতে নিলেও চলে আবার এমন কতকগুলি দপ্তর আছে যেখানে কাজগুলি তাড়াতাড়ি না হলে গ্রামের মানুষের আশা আকাঙ্খা, অর্থনৈতিক বুনিয়াদ যেভাবে গড়ে উঠার কথা ঠিক সেভাবে হয়না। ঠিক এমনই কাজ আজকে আমাদের রাস্তা তৈরীর কাজ। এটা একটা উদাহরণ দিলে আরও ভালভাবে বুঝান যেতে পারে। স্যার, আমারই এলাকাতে একটা রাস্তা তৈরী খুবই দরকার। কেন বলছি, সেখানে যে মাছ উৎপাদন হয় সেই কাঁচামাল রাস্তার অভাবে শহরে পাঠান যায়না যার জন্য সেখানকার মানুষ খুবই ক্ষতিগ্রস্ত হয়। শহরে যেখানে মাছ ৬।৭।৮ টাকা দরে বিক্রী হয়, তখন আমার এলাকায় সেই উৎপাদনকারীরা ৩ টাকা সাড়ে ৩ টাকার বেশী পাননা। আজকে বরফ না হলে ১০।১২ মাইল দূরে সেই জিনিষ পাঠানও যায়না কারণ মাছ পচে যাওয়ার সম্ভাবনা থাকে, এবং অনেক সময়ই ফেলেও দিতে হয় অথবা চার আনা আট আনা দামে বিক্রী করে দিতে হয়। আপনারা জানেন অনেক সময় ইলিশ

মাছও বরফের অভাবে ফেলে দিতে হয় এবং এই রকম ঘটনা ঘটে থাকে। অথচ আজকের দিনে নিশ্চয়ই এই রকম ঘটা উচিত নয়। আজকে এই সমস্যা বিরাট হয়ে আমাদের সম্মুখে দাঁড়িয়ে আছে। আজকে বিধান সভায় প্রকৃতপক্ষে গ্রাম বাংলার মানুষের যে ন্যূনতম চাহিদা, সেই চাহিদার কথা আমরা না বলি তাহলে নিশ্চিতভাবে আমাদের কর্ত্তব্য-চ্যুতি হবে। তাই বিধানসভার আলোচনায় আমরা কেন্দ্রের কাছে টাকা চাইব এবং আশা করব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই বিধানসভা থেকে দলমত নির্বিশেষে সকল মানুষ একমত হয় এই প্রস্তাব গ্রহণ করতে পারব। আমাদের দাবী হচ্ছে কেন্দ্রের কাছে এই যে আমরা আরও কিছু টাকা চাই এই আর্থিক বছরের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে কাজ হাতে নিয়েছি, সেই কাজ করতে পাঁচ কোটি টাকার জায়গায় যদি আমরা ১১ কোটি টাকা পাই, তাহলে পঞ্চম বার্ষিকী পরিকল্পনার প্রারম্ভিক পর্য্যায়ে ১৯৭৪-৭৫ সালে করতে পারব। তা যদি না হয় তাহলে রাস্তার কাজ কিছুতেই হবেনা। এ ছাড়া আর একটি কথা আপনার কাছে আমি নিবেদন করতে চাই। গ্রাম বাংলায় অনেক রুরাল হেল্থ সেন্টার, সাবসিডিয়ারি হেল্থ সেন্টার আছে। গত ২৬ বছরের মধ্যে সরকারের পক্ষে সম্ভব হয়নি সেগুলির সংগে জনসংযোগমূলক রাস্তা তৈরী করার। ফলে কি হচ্ছে তা অনেক মাননীয় সদস্য বন্ধু দেখেছেন। দেখা গেছে অনেক প্রসূতি হাসপাতালে স্ট্রেচারে করে নিয়ে যেতে গিয়ে সন্তান প্রসব হয়ে যায়। আবার অনেক রুগী যারা ফ্রাক্চারে কণ্ট পাচ্ছে, রাস্তার দুরবস্থার জন্য এমন ঘটে যে তার ফ্রাক্চার আরও বেড়ে যায়। রাস্তার পিচ্ছিলতার জন্য অনেক সময় এরকম ঘটে। এই রকম একটা অস্বাভাবিক অবস্থার মধ্যে আজকে আমাদের গ্রাম বাংলার মানুষদের চলতে হচ্ছে। তাই পশ্চিম বাংলার বিধান সভা থেকে আমরা কি আমাদের পবিত্র কর্ত্তব্য পালন করবোনা? সাধারণতঃ গ্রামাঞ্চলে যে হেল্থ সেন্টার আছে, তার সংগে সংযোগের জন্য ২১৫ মাইল পাকা রাস্তা করার প্রয়োজন আগেই ছিল। ইতিপূর্বের সরকার নিশ্চয়ই সে ব্যবস্থা করতে পারেননি। আজকের সরকারও সেটা পারবেননা একথা মনে করার কোন কারণ নেই। আমি তাই অনুরোধ করব যে রেজোলিউশন আমি মুভ করছি, সেটা নিশ্চয়ই আলোচনা হবে সব দিক থেকে, কিন্তু আমি আশা করব যে সমস্ত দলের সদস্য দলমত নির্বিশেষে গ্রামের আর্থিক বুনিয়াদের কথা মনে রেখে, এমন ব্যবস্থা নেবে যাতে আমাদের পূর্তমন্ত্রী মহাশয়ের হাত শক্ত হয় এবং তিনি কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করে অতিরিক্ত আরও ১০ কোটি টাকা বরাদ্দ করাতে পারেন।

[4-05—4-15 p.m.]

Shri Biswanath Chakraborti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু আব্দুল বারি বিশ্বাস সাহেব যে প্রস্তাব আনলেন, তাকে সমর্থন না করে উপায় নাই। কেননা মানুষের যা দাবী, তাকে সব সময় আমাদের সমর্থন করতে হবে। কাজেই এই প্রসঙ্গে দু-একটী কথা আমি এর সমর্থন করতে গিয়ে বলতে চাই। এর দ্বারা আমার কন্সটিটুএন্সির কোন লাভ হচ্ছে না বটে, শহর এলাকার সব রাস্তাঘাট সি, এম, ডি, এ, করে যদিও সেটা ভোলাবাবুর দপ্তর। তিনি যদি করেন, তাহলে রাস্তাঘাট সব হবে। যাহোক্ গ্রাম বাংলার বিধান সভার সদস্যরা যদি এই দাবী আদায় করে নিতে পারেন, তাহলে আমি খুসী হব। আমি প্রথমে এই প্রস্তাবকে সমর্থন করছি। এখন স্বভাবতঃ আমাদের বারি সায়েব কি কি বক্তৃতা হতে পারে তা এ্যান্টিসিপেট করে দু-একটী কথা বলেছেন। বাজেটের পরে এই প্রস্তাব যদিও বাজেট অধিবেশনে সকলে মিলে এ সব আলোচনা করলাম। রাস্তা তো একটা গৌণ ব্যাপার এর চেয়ে জরুরী ব্যাপার ইত্যাদি নিয়েও তখন আলোচনা করেছি। তারপরে এই প্রস্তাব আমায় একটু বিস্মিতই হয়েছি। যাহোক প্রস্তাব যখন এসেছে, আমি প্রথমে বলতে চাই স্বাভাবিকভাবে পিছিয়ে পড়া দেশে, তথা ভারতবর্ষের মধ্যে অন্যতম পিছিয়ে পড়া রাজ্য এই পশ্চিমবঙ্গে যদিও অনেকে তা আমরা স্বীকার করিনা। আমাদের অভাব আছে, অনেক প্রয়োজন আছে। আজকে এমন একটা কেন আরো অনেক প্রস্তাব আসতে পারে আমাদের খাদ্য সংকটের সুরাহা করবার জন্য আরো কেন্দ্রের এ্যাসিসটেন্স প্রয়োজন; পশ্চিমবঙ্গের শিল্পায়ণে কেন্দ্র

আরো আমাদের টাকা দিক, মন্ত্রী জয়নাল সায়েব ও সে কথা বলতে পারেন। সব মন্ত্রীই তাঁর নিজ নিজ দপ্তরের জন্য সে কথা বলতে পারেন—আমাদের প্রচুর অভাব, প্রচুর টাকার দরকার সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই সভায় যাঁরা আছেন তাঁরা জানেন কেন্দ্র পশ্চিম-বঙ্গের প্রতি অনেক ব্যাপারে সুবিচার করেন নাই। আজকে মুখ্যমন্ত্রীও বলেছেন বিভিন্ন সভায়, সচরাচর তিনি এই কথা বলে বেড়াচ্ছেন। খুব ভাল। কেন্দ্রের অবিচারের কথা। যদিও কিছুদিন আগে মুখ্যমন্ত্রী ফাইনান্স কমিশনের কাছে তাঁর এক স্মারকলিপি ফিপ্থ প্ল্যান এ্যালোকেশান-এর ব্যাপারে খুব গৌরবের সঙ্গে বলেছিলেন। অনেক কথা শুনছি মুখ্যমন্ত্রী শিল্প ক্ষেত্রে বলে বেড়াচ্ছেন কেন্দ্র আমাদের প্রতি অবিচার করছেন। আমরাও এই সম্পর্কে তাঁর সঙ্গে একমত। পশ্চিমবঙ্গ একটী বিশেষ সমস্যা সংকুল ও প্রান্তবর্তী রাজ্য—এখানে বেকারের সংখ্যা সবচেয়ে বেশী। অথচ এই রাজ্য কেন্দ্রকে প্রচুর পরিমাণে টাকা জোগায় চা-পাট প্রভৃতি থেকে এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা সত্বেও আলাদা বারি সাহেব এই প্রস্তাব এনেছেন। জানিনা ভোলাবাবুর এতে পরোক্ষ সমর্থন আছে কিনা বাজেটের পরে এই প্রস্তাব আনয়নে। প্রোসেস ও প্রোসিডিওর-এর ক্ষেত্রে দেখলেও অন্যান্য ক্ষেত্রে এই রকম দাবী উঠতে পারে। রাস্তার দাবী জোর হবে, অন্যান্য দাবী জোর হবে না তা কথা নয়। ইরিগেশন মন্ত্রীও একটী দাবী করতে পারেন। আমার বন্ধু হরশংকর বাবু বলছিলেন কেন্দ্র কিছু টাকা আমাদের দিক। বড় বড় পুকুর তৈরী করতে হবে টেম্পোরারী জলের ব্যবস্থা করতে হবে ইত্যাদি এই রকম প্রস্তাব আসতে পারে। স্বভাবতঃই সেন্সেটিভনেস আছে কেন্দ্রের কাছ থেকে কিছু টাকা চাই অন্যভাবে বিরোধ থাকলেও আমি বলবো সকল সভা একমত হয়ে এই প্রস্তাব সম্পর্কে সর্বসম্মত সিদ্ধান্ত নিক্।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাস্তা আমাদের স্বাধীনতা পরবর্তীকালে কিছু কিছু হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নাই। তবুও এটা বলি এতদিন রাস্তা হয়েছে রাজনৈতিক রাস্তা পলিটিক্যাল রোড্‌স। কারণ একসময় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় নাকি ভোটে হেরে গিয়েছিলেন, আরামবাগে রাস্তা করে দিয়ে জিতে গিয়েছিলেন। ভোলা বাবু এই যে রাস্তা-রাস্তা করছেন এও সেই পলিটিক্যাল রোড্‌স নয় তো? মুশকিল হয়েছে জনসাধারণকে ভোটের সময় গিয়ে বলছি আমি এত রাস্তা করে দিয়েছি আমাকে ভোট দাও। এখন পশ্চিমবঙ্গে যে অবস্থা হয়েছে কারা হারবে কারা জিতবে বলা মুশকিল। তবে আমরা খুশী হব রাস্তা হোক্; গ্রামের রাস্তা কলকাতার সঙ্গে সংযুক্ত হোক, আর কালো পিচের রাস্তা দিয়ে জনতার মিছিল এই কলকাতায় আসতে পারবে আমরা খুসি হব। কারণ রাস্তা হোক এ আমরা সকলেই চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাস্তাঘাটের আমাদের খুব বেশী প্রয়োজন আছে। বারি সাহেবও সেই কথা বলেছেন। এখন আমি এটা বলতে চাই যে, যেকোন রাস্তাঘাট করুন, পুকুর করুন, সেচের ব্যবস্থা করুন যাই করুন না কেন আজকের দিনে এটা স্বীকৃত যে, একটা দেশের অর্থনৈতিক উন্নতি, একটা রাজ্যেরও বটে, এবং বিভিন্ন অঙ্গের উন্নতি সব কিছুই একটা কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে কেন্দ্রীয় পরিকল্পনার অঙ্গ হিসাবে আনতে হবে। এটা তো ঠিক যে একটা করে এ্যাডিসানাল রাস্তা প্রত্যেক কনস্টিটুয়েন্সিতে হোক। এই প্রস্তাব আমাদের সমর্থন করতে হচ্ছে। তবে মন থেকে সমর্থন করতে পারছি না। পশ্চিমবাংলায় অনেক এরূপ বিধান সভা কেন্দ্র আছে যেখানে একটাও রাস্তা নেই। আবার গত ২৭ বৎসরে রাজনৈতিক কারণে এরূপ অনেক গ্রামের রাস্তা হয়েছে। সুতরাং রাস্তাঘাট করার প্রশ্ন যদি হয় এবং তা যদি কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে আসতো তাহলে খুব খুশী হতাম। আজকে স্বভাবতঃই এই প্রস্তাব পাশ হবার পর, যদিও কেন্দ্রীয় সরকার দেবেন না বলেই আমি মনে করি, তবু যদি কিছু টাকা দেওয়া হয় ভোলাবাবু—তা হলে কি প্রত্যেক বিধানসভা কেন্দ্রে জাস্টিস হবে—সুবিচার হবে এই কথা বলতে পারেন? আমি তো মনে করিনা। সুন্দরবনে অনেক রাস্তা এখনও হয়নি। আমাদের এখানে ২৪ পরগণা অনেক বন্ধু আছেন, সুন্দরবনের এইরূপ বিধানসভা কেন্দ্র আছে যে বিধানসভা কেন্দ্রে ছুঁয়ে গেছে রাস্তা। কিন্তু সেখানে ঐ মাটির আল দিয়েই হাঁটতে হয়। সুতরাং এইরূপ বহু রাস্তা আছে। রাস্তাঘাট নূতন করে হোক, বেশী হোক এতে আমাদের আপত্তি নেই। আমি বারি সাহেবকে ও ভোলাবাবুকে

বলবো যে রাস্তাঘাট যদি তৈরী করতে পারেন বেশী করে
let it be a part of the centralised planning.

একটা কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে করে রাস্তাঘাট তৈরী করা হোক যাতে সমস্ত পশ্চিম-বাংলার মহানগরীর সঙ্গে জেলার এবং সমস্ত জেলাগুলিও নগরের সঙ্গে যুক্ত হতে পারে ও প্রত্যেক মানুষের যাতে কাজ হয় এই কথা মনে রাখা দরকার। আজ এটা বলা প্রয়োজন। দ্বিতীয় কথা হচ্ছে, রাস্তাঘাট করার ব্যাপারে আমাদের দু একটি কথা ভাবতে হবে। আমি আগেই বলেছি যে আমি এই প্রস্তাব সমর্থন করছি। (ডাঃ জয়নাল আবেদিনঃ সমর্থন করছেন না বিরোধীতা করছেন বলুন।) আমি এর বিরোধীতা করছিনা আমি সমর্থনই করছি। দ্বিতীয়তঃ অর্থনৈতিক প্রয়োজনের দিকে দেখিয়ে বারি সাহেব যে কথা বলেছেন, সেই সম্পর্কে আমি দু একটা কথা বলতে চাই। এখন আমরা স্বভাবতঃই পশ্চিমবাংলার যা অর্থনীতি সেই সম্বন্ধে আমরা সকলেই ভাবছি, আমরা ভাবছি যে এই যে ষ্ট্যাগনেশান এটাকে সচলতা করা দরকার এ বিষয়ে কোন সন্দেহ নেই। এবং এই সচলতা আনতে গেলে ভারী এবং মূল শিল্পগুলি করা দরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার কি স্যাংশান করবেন তা আমরা জানিনা আমরা কতবড় শিল্প করতে পারবো জানিনা, কিন্তু অর্থনীতিবিদরা বলেছেন যে পশ্চিমবাংলার গ্রামীন শিল্পকে তৈরী করতে হবে তাকে পুনঃরুজ্জিবিত করতে হবে। এবং সঙ্গে সঙ্গে আমাদের ভাবতে হবে ও এগ্রো ইণ্ডাসট্রিস এর দিকে জোর দিতে হবে, এবং প্রত্যেক অঞ্চলে যে সম্ভাবনা আছে তাকে কাজে লাগাতে হবে। তা না হলে যে বিপুলসংখ্যক গ্রামীন বেকার যারা শহরের বেকারে পরিণত হচ্ছে পরের দিন তাদের কাজকর্ম দিতে পারবোনা। যে বিপুল সংখ্যক মানুষ আছে সেই মানুষ গ্রামের দিকে প্রতিদিন কাজ চাইছে তাদের কাজ দিতে আমরা পারবো না। সবার উপরে রাস্তাঘাট যখন করতে হবে তখন একটা সাধারণ সরলিকৃত দৃষ্টিভঙ্গীর উপর এটা দেখা দরকার যে, প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটা করে রাস্তা হোক। এই দৃষ্টিভঙ্গী না দেখে তার অর্থনৈতিক সম্ভাবনা দিকে দেখা দরকার। যদি দেখা যায় যে কোন অঞ্চলের কোন একটা বিধানসভা কেন্দ্রের রাস্তা তৈরী করতে পারলে নূতন করে এগ্রো ইণ্ডাসট্রিস তৈরী করা যেতে পারে তাহলে সেখানে দুটো রাস্তা হোক। যদি দেখা যায় যে কোন বিধানসভা কেন্দ্রের বেশী রাস্তা করতে পারলে তার যে কমারশিয়াল ক্রপস—বাণিজ্যিক শস্য তাকে শহরে এনে চাষীদের হাতে টাকা দেওয়া যায় ও তার অর্থনীতিতে অল্প হলেও সচলতা আনা যায় তাহলে সেখানে দুটো রাস্তা হোক আপত্তি নেই। আমার যেটা বক্তব্য যে অর্থনৈতিক সম্ভাবনার বৃদ্ধির দিক থেকে রাস্তাঘাট নির্বাচন করার দিকে আমাদের নজর দিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কেও তার দপ্তরকে সেদিকে বেশী নজর দিতে হবে এবং সঙ্গে সঙ্গে সমস্ত সদস্যদেরও সেই দিকে বেশী নজর দিতে হবে। এই দিকেই আমাদের বিশেষ করে দেখা দরকার তৃতীয় কথা হচ্ছে, যেটা বলা বিশেষ দরকার সেটা হচ্ছে রাস্তাঘাট আমাদের হবে এবং মন্ত্রী মহাশয় ৫ কোটি টাকা রাস্তা করবেন বলেছেন ও আরো যদি কেন্দ্রীয় সরকার থেকে টাকা আসে তাহলে হবে। কিন্তু আমরা বিধানসভায় ক্ষোভ দেখিয়েছিলাম যে আমাদের দেশের যে কাজকর্ম করার পদ্ধতি সেটা হোল কণ্ট্রাকটারের মাধ্যমে বা ঠিকাদারের মাধ্যমে। স্বভা-বতঃই আমাদের আশংকা আপনি জানেন এবং মন্ত্রী মহাশয়ও বলবেন যে এর জন্য আমাদের অনেক বেশী টাকা খরচ হয়। এর জন্য আমাদের বহু টাকা অপচয় হয়। এক বন্ধু বলছিলেন যে পিচের ড্রাম পড়ে পড়ে নষ্ট হয়ে যায় চুরি হয়ে যায়। আমাদের ওখানে ডায়মণ্ডহারবার রোড বাইপাস হচ্ছে যে কথা মন্ত্রী মহাশয় জানেন। সেখানে ঠিকাদাররা হাজার হাজার ইট ফেললো কোথায় জানিনা। অথচ সেই রাস্তা বন্ধ হয়ে আছে। আজকে এইরূপ অবস্থা হচ্ছে। পি, ডাব্লু ডির কণ্ট্রাকটার যাঁরা রাস্তা তৈরী করেন এইভাবে কত টাকা যে অপচয় হয়, স্টোন চিপ-এর ব্যাপারে কত টাকা যে অপচয় হয় তা আপনারা সকলেই জানেন।

[4-15—4-25 p.m.]

স্বভাবতঃই যদি এই অপচয় বন্ধ করার ব্যাপারে কোন একটা উপায় অবলম্বন করা যায় তাহলে আমার মনে হয় যে টাকা আপনি পেতে পারেন বা পাচ্ছেন বা কেন্দ্রীয় সরকার

থেকে টাকা পাওয়া যায় তাহলে তাতে অনেক বেশী রাস্তা হতে পারে। তৃতীয় কথা আমাদের সরকারী কাজের যে ধরণ তাতে একটা মজার জিনিষ হচ্ছে কোন ডেভেলাপমেন্ট ওয়ার্ক হলে তার থেকে এডিশন্যাল এমপ্লয়মেন্ট বা এডিশন্যাল ইকনমি যাকে বলা যেতে পারে সচলতা তা জেনারেট করে না, নূতন করে তৈরী হয় না। ধরুন কোন কোন অঞ্চলে রাস্তাঘাট তৈরী করা নিয়ে যে নূতন করে মানুষ কাজ পাবে, টাকা পাবে বা গ্রামীন বেকার ছেলেদের মধ্যে একটা অর্থনৈতিক সচলতা সৃষ্টি হবে এমন কি করা যায় না? আমরা সেদিন বক্তৃতায় শুনছিলাম বোধ হয় রবীনবাবু বলছিলেন যে জি, আর, টি, আরের কাজ অবিলম্বে আরম্ভ করুন। স্বভাবতঃই প্রত্যেকটা বিধানসভা কেন্দ্রে একটা করে রাস্তা করুন। সেখানে বহু বেকার ছেলে আছে যারা কাজকর্ম করতে চায়। যদি এখনও পর্যন্ত ঠিকাদারকে দিয়ে কাজকর্ম করানোর পদ্ধতিটা বদল করা যায় তাহলে এই রকম নিয়ম করা যায় না কি যে ঠিকাদারকে বলা যে প্রত্যেকটা বিধানসভা কেন্দ্রে যারা যোগ্য, অল্প শিক্ষিত বা অশিক্ষিত ছেলে যাদের দুটো হাত আছে, শক্ত কাজকর্ম করতে পারে এমন বেশী সংখ্যক ছেলেকে দিয়ে কাজকর্ম করানোর ব্যবস্থা করতে হবে অর্থাৎ এমন কি কিছু করা যায় রাস্তার জন্য যে টাকা আমরা রাস্তায় ঢালবো সেই টাকায় যাতে কাজকর্মের চলাকালীন প্রত্যেকটা বিধানসভা কেন্দ্রে বা প্রত্যেকটা অঞ্চলে বেশ কিছু ছেলেকে কাজকর্মের সুযোগ করে দিতে পারি? এমন কিছু করা যায় কিনা? এইভাবে রাস্তা করা যায় কিনা ভোলাবাবু দেখবেন এবং এইটা হচ্ছে আমার অভিমত। এটা যদি করা যায় অত্যন্ত ভাল হবে। জি, আর, টি, আরের কথা আমরা বলছি। জি, আর বা টি, আরের কাজের সংগে কোন রকমে পি, ডব্লু, ডির যে নূতন রাস্তা করার পরিকল্পনা তার লিংক-আপ করা যায় কিনা সেটা ভেবে দেখতে হবে। সেটা ভোলাবাবুকে ভেবে দেখতে বলছি। এটা হলে দেখবেন গ্রামীন বেকার যুবকদের অনেক পরিমাণে উৎসাহের সৃষ্টি হবে এবং বিধানসভার সদস্যারা প্রতিদিন এখানে যেকথা বলেন সেই ব্যাপারে তারাও কিছুটা উৎসাহ পাবেন। যাই হোক রাস্তাঘাট হোক, আমি বেশিক্ষণ বক্তৃতা করতে চাই না। আমাকে স্পীকার মশাই বলেছেন অল্পক্ষণ বক্তৃতা করতে। আমি অল্পক্ষণ বক্তৃতা করে বলি যে বারি সাহেব যে প্রস্তাব এনেছেন সেটা সর্বান্তকরণে সমর্থণ করছি এবং একটি প্রশ্ন, একটি কিন্তু থাকছে, ওই প্রস্তাব পাঠাবো, কেন্দ্রীয় সরকার কি দৃষ্টিভংগীতে দেখবেন আমি জানি না। কেন্দ্রীয় সরকারতো সব ব্যাপারেই এখন ইকনমি করতে বলছেন, টাকা-পয়সা কন্ট্রোল করতে বলছেন এবং বিভিন্ন রাজ্য সরকারকে টাকা ধার দেওয়ার ব্যাপারেও তাদের হস্ত তারা সংকুচিত করছেন। এই প্রস্তাব পাশ হলে ভোলানাথবাবু দিল্লীতে যাবেন, মুখ্যমন্ত্রী যাবেন, কি ফসল তাঁরা নিয়ে আসবেন জানি না। আমরা অপেক্ষা করে থাকবো। রাস্তা হচ্ছে দেশের রক্তস্রোতের ধমনীর মতো। রাস্তা যদি হয় সে রাস্তায় যেমন বড় বড় ক্যাপিটালিস্টদের লরীও চলে, তাদের শিল্পের মালও যায় তেমনি আবার কৃষকের পণ্যও যায় তেমনি আবার দরিদ্র মানুষের প্রয়োজনও শহরে মেটে, জিনিষপত্রের চলাচল হয়, গ্রামীন অর্থনীতিরও সচলতা আসে এবং তেমনি মানুষের শহরের সংগে যোগাযোগ বাড়ে এবং যে শহরে মুষ্টিবদ্ধ দুটি হাতে অনেক জিনিষ আদায় করে নিতে হয় আমি আগেও বলেছি সেই মানুষের মিছিলের আসবার পথও সুগম হয়। এইটা হোক রাস্তা হোক আমরা সর্বান্তকরণে সমর্থন করছি বারি সাহেবের প্রস্তাব। আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস সাহেব ১৮৫ রুল অনুযায়ী পশ্চিমবঙ্গের গ্রামীন রাস্তার ব্যাপক প্রসারের জন্য যে একটা রেজুলেসান মুভ করেছেন এবং সেই রেজুলেসানের আলোচনায় অংশ নিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে তিনি রেজুলেসান মুভ করেছেন পশ্চিমবঙ্গ যদি সত্যিকার এই রেজুলেসান অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য পায় আর যদি টাকাকে পুরোপুরি কাজে লাগাতে পারে তাহলে নিশ্চয় দেশের কল্যাণ হবে, গ্রামীন উন্নয়ন হবে, শহরের সংগে গ্রামের যোগাযোগ স্থাপিত হবে, কৃষক উপকৃত হবে এবং বিশেষ করে যে অর্থনৈতিক কাঠামো আজ পশ্চিমবঙ্গে বর্তমানে ভেংগে পড়েছে ফর ওয়ান্টস অফ রোডস

সেটার উন্নয়ন সাধন হবে। কিন্তু অতীতকালের যে ইতিহাস সেটা দেখতে হবে। টাকা মঞ্জুর সেন্ট্রাল গভর্ণমেন্ট করুন বা না করুন সেটা পরবর্ত্তী অধ্যায়। রেজুলেসান সকলে মিলে একমত হয়ে পাস করতে অসুবিধা নেই।

কিন্তু অতীতের যে ইতিহাস সেই ইতিহাস আমাদেরকে এই রেজলিউসনের ক্ষেত্রে থমকে দাঁড় করিয়ে দিয়েছে। জানি বারি সাহেবের এই রেজলিউসন পাশ হবে। আমি যখন পাবলিক ওয়ার্কস-এর বাজেট ডিসকাসনের সময় আমার বক্তব্য রেখেছিলাম তখন আমি কতকগুলি পিন পয়েন্ট করে দিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আবার উল্লেখ করছি যে এই পশ্চিমবঙ্গে সব থেকে মোট টাকা এই পাবলিক ওয়ার্কস এডুকেসন ডিপার্ট-মেন্টে, ইরিগেসন ডিপার্টমেন্টে মিস ম্যানেজ হয়। গ্রামের লোকরা বলে এদের যে এতো ব্রুট মেজরিটি রয়েছে এগুলি তত্বাবধান করার কি কোন লোক নাই? স্যার, আপনি অবগত আছেন এই সরকার যখন প্রতিষ্ঠিত হয়েছিল তখন পশ্চিমবঙ্গে আমলাতান্ত্রিক ব্যবস্থা চলছিল তখন ঐ আমাদের মধ্যে একটা তটস্থ ভাব এসেছিল। তারা ভেবেছিল যে এই রকম ব্রুট মেজরিটির ক্যাবিনেট--কাজেই যদি কোন গলদ বেরিয়ে পড়ে তাহলে এরা চেপে ধরবে। ১৯৭৩ সালে জয়েন করার পর দেখলাম একটা ভয় ছিল—কিন্তু বর্তমানে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে তারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে যাচ্ছে। তারা ধরে নিয়েছে যে এরা কামড়াকামড়ি করেই মরবে আমাদের চেপে ধরতে পারবে না। আজকে যেভাবে টাকা চুরি হচ্ছে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে তাতে ফ্রম দি টপ টু বটম তদন্ত হওয়া দরকার। কিন্তু সেই তদন্ত করার ভার সেই ডিপার্টমেন্টের লোককেই যদি দেওয়া যায় তাহলে এক চোর আর এক চোরকে নিশ্চয় বাঁচাবে। একথা আজকে সকলেই জানেন যে এই ডিপার্ট-মেন্টে প্রচুর পরিমাণে চুরি হয়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো—রেজলিউসন পাশ হয়ে যাবে বারি সাহেব যে রেজলিউসন এনেছে--কিন্তু সেই টাকা ঠিকভাবে কাজে লাগবে কিনা সেখানেই আমাদের সন্দেহ। বাজেট বকতৃতার সময় বক্তব্য রেখেছিলাম যে কেন্দ্রের কাছ থেকে টাকা চাইতে হবে--মন্ত্রী মহাশয় বোঝেন কিনা জানি না কিংবা জেনেও হয়তো উদাসীন হয়ে থাকেন--কিন্তু তখন আমি বলেছিলাম যে এইখাতে অত্যন্ত কম পরিমাণ টাকা ধরা হয়েছে এবং এর জন্য আমি দুঃখ প্রকাশ করেছিলাম। সেই সংগে আমি এ বক্তব্যও রেখেছিলাম যে ন্যাশন্যাল হাইওয়ের দু পাশে প্রচুর খাল বিল আছে এবং বর্ষাকালে সেই জলে প্রচুর মাছ হয় এবং সেখান থেকে মাছ ধরার ব্যবস্থা করলে কোটি কোটি টাকা আসতে পারে। তখন আমাদের কর্মকর্তারা ধান গাছে তক্তা দেখার মত বলেছিলেন যে সেখানে যদি মাছের চাষ হয় তাহলে ঐ খালবিলগুলি খুঁড়ে দিলে রাস্তার ক্ষতি হবে। অথচ সেখানে বর্ষার জলে অটোমেটিক্যালি মাছের চাষ হয়। অনেক আজে-বাজে লোক সেগুলি ধরে খায়--কিন্তু ধরে খাক তাতে দুঃখ নেই--তবে সেখানে একটু খনন করে যদি মাছের চাষ করা হোত তাহলে সেখানে প্রচুর মাছ হয় এবং তাতে কোটি কোটি টাকা সরকারের আসতে পারে। কিন্তু সেগুলি করার কোন ব্যবস্থা নাই। এগুলি আমলারা এমনভাবে ব্যবস্থা করে নিয়েছে যে তা অল্প দরে বিক্রি করে দিয়ে নিজেরা টাকা পকেটস্থ করছে।

[4-25—4-35 p.m.]

তাহলে নিশ্চয় কেন্দ্রের কাছে যা পাওয়া যাবে তার উপরে আমাদের খাতে এই ভাবে যে টাকা আসবে তা দিয়ে গ্রামীণ রাস্তা তৈরীর কাজ ত্বরান্বিত করা যাবে। স্যার, বারি সাহেব বলেছেন, আমিও বলছি, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে গেলে দেখা যাবে অনেক স্ক্যাটার্ড এলাকা আছে যার সংগে রাস্তার কোন যোগাযোগ নেই। স্যার, সেই অঞ্চলের কোন মার যদি অসুখ হয় তাহলে সংগে সংগে তাকে হসপিটালাইজ করা যায় না প্রসূতিকে সেখানে রাস্তার অভাবে মরতে হয় ডাক্তার সেখানে রাস্তার অভাবে যেতে পারে না বলে। এই রকম একটা অবস্থা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দেখা যায়। স্যার, বৈজ্ঞানিক গবেষণার ফলে অনেক উন্নতি হয়েছে, মানুষ আজ চাঁদে পর্য্যন্ত যাচ্ছে কিন্তু পশ্চিমবাংলার গ্রামের মানুষ রাস্তার অভাবে সভ্য মানুষের মতন চলার সুযোগ থেকে আজও বঞ্চিত হয়ে আছে। আমি মনে করি, এদের প্রতি যদি একটু সুনজর দেওয়া যায় তাহলে নিশ্চয় আমরা উন্নতি করতে

পারবো। কিন্তু আমরা গ্রাম সম্পর্কে উদাসীন। স্যার, কোলকাতার জন্য সি, এম, ডি, এ' আছে, কোলকাতার বহু এম, এল, এ, আছেন, তাঁরা আন্দোলনের মাধ্যমে চেপে ধরে সব কিছু করিয়ে নিচ্ছেন কিন্তু পল্লী-গ্রামের মানুষ নিরীহ, তারা লড়াই করতে পারে না, অস্ত্র নিয়ে বেরুতে পারে না, খুন জখম করতে পারে না তাই আপনারা তাদের পশ্চাতে ফেলে রেখেছেন। কিন্তু মনে রাখবেন যাদের আপনারা পশ্চাতে ফেলে রেখেছেন তারা আপনাদের পশ্চাতে টানছে, তারা কিন্তু আপনাদের রেহাই দেবে না. তারাও জেগে উঠেছে। স্যার, পশ্চিমবাংলার গ্রামাঞ্চল হচ্ছে হিণ্টারল্যাণ্ড। আজকে পশ্চিমবাংলার জুট শিল্পের ক্ষেত্রেই হোক বা অন্যান্য শিল্পের ক্ষেত্রেই হোক তার কাঁচামাল কিন্তু গ্রামাঞ্চলেই হয়, সেখানে প্রচুর জমি আছে। কিন্তু স্যার, সেই জমি যারা চাষ করে, সেই কৃষকরা তারা কিন্তু ন্যায্য দর পায় না। আজকে কৃষকরা মরছে কেন? তারা মরছে কতকগুলি ফড়িয়া এবং দালালের জন্য। তারা তাদের কুক্ষিগত হয়ে গিয়েছে। যখন তারা ফসল বোনে তখন এই দালাল এবং ফড়িয়ারা তাদের ঋণ দেয়। কারণ তারা জানে হাটে বাজারে বসে ন্যায্য দামে মাল বিক্রি করার ক্ষমতা ঐ গরীব কৃষকরা রাখে না। তা ছাড়া স্যার, বর্ষার সময় গ্রামের রাস্তার কি অবস্থা হয় সেটা যারা গ্রামে থাকেন সকলেই জানেন। স্যার, এই প্রসংগে বলি, শীতকালে এবং গ্রীষ্মকালে আমরা দেখি মন্ত্রী মহাশয়রা পশ্চিমবাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যান্ত জীপে বা গাড়ীতে ঘুরে বেড়ান এবং মালা গ্রহণ করেন কিন্তু স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়দের অনুরোধ করবো তাঁরা একবার বর্ষার সময়ে গ্রামে যান। কিন্তু স্যার, আমরা জানি, তাঁরা বর্ষার সময়ে যাবেন না কারণ তাদের মোটরের চাকা বসে যাবে। স্যার, সেখানে বর্ষার সময় রাস্তা এমন কর্দমাক্ত হয় যে কৃষকরা তাদের কাঁচামাল নিয়ে হাটে বাজারে গঞ্জে যেতে পারে না ফলে যার উপর নির্ভর করে তারা জীবিকা নির্বাহ করে সেই কৃষিপন্নের ন্যায্য দাম তারা পায় না। স্যার, বারি সাহেব বলেছেন, পশ্চিমবাংলায় ট্রেন আছে কিন্তু স্যার, ট্রেনের লাইন সব জায়গা দিয়ে যায় নি এবং তা যাওয়া সম্ভবও নয়। কাজেই আমি ওঁদের বলব, আজকে যদি গ্রামাঞ্চলে রাস্তা ছড়িয়ে দিতে পারতেন তাহলে গ্রামবাংলার খানিকটা উন্নতি হত এবং ইণ্ডাষ্ট্রি গড়ে উঠতো। স্যার, আজকে গ্রামের মানুষ রাস্তার অভাবে হা হা কার করছে, তারা তাদের ঘরে প্রকৃত অর্থ নিয়ে যেতে পারে না। ফলে স্যার, রাস্তার অভাবে টোট্যাল ইকনমি একেবারে ধ্বংসের মুখে চলে যাচ্ছে। স্যার, আজকে আমরা সভ্য যুগে পদার্পণ করেছি বলে বহু শ্লোগান শুনছি কিন্তু আমি মনে করি আমরা এখনও বর্বরের যুগে বন জংগলে বাস করছি।

(... যুক্ত ফ্রণ্টের আমলে)

স্যার, আমরা যখনই বক্তৃতা দিতে উঠি বা ওঁরা যখনই বক্তৃতা দিতে ওঠেন তখন ঐ একটি কথাই শুনি যুক্ত ফ্রণ্ট। ২২ মাস যুক্ত ফ্রণ্ট যেন ওদের ঘট পর্য্যন্ত অশুদ্ধ করে দিয়ে গিয়েছে। যুক্ত ফ্রণ্ট নাকি সবাইকে মেরে দিয়ে গিয়েছে। তাই স্যার, আমি জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করি যদি তাই হয় তাহলে আপনারা জীবিত আছেন কি করে?

পশ্চিমবঙ্গে যুক্তফ্রণ্ট কিছুই করেনি। আপনারা যুক্তফ্রণ্ট সরকারকে ভেঙ্গে দেবার জন্য সর্বপ্রকার চেষ্টা করেছেন। যুক্তফ্রণ্ট সরকার চেয়েছিল জনসাধারণের কল্যাণ করতে কিন্তু আপনারা তা করতে দেননি। যাইহোক সেটা আমার প্রসঙ্গ নয়, আমি বলি কেন্দ্রের কাছ থেকে টাকা আসুক তাতে আমরা দ্বিমত নই। কিন্তু একটা কথা হচ্ছে টাকাটা পূর্ণভাবে যাতে ইউটিলাইজ হয়। ইরিগেশানে স্পার-এর উদাহরণ দিয়ে বলছি, স্পার নির্মাণের ব্যাপারে জঙ্গীপুর সাব-ডিভিশনের অনেক সদস্যই সরকারী পক্ষের চিৎকার করেছেন। গঙ্গার ভাঙ্গন প্রতিরোধের জন্য টাকা মঞ্জুর হয়েছে। আমার এলাকায় যে কমিটি গঠিত হয়েছে, অত্যন্ত দুঃখজনক। আমি মনে করি সেখানে স্পার নির্মাণের জন্য যে টাকা প্রকৃতপক্ষে স্পার নির্মাণ হবে কিনা জানিনা। সেদিন চিঠি দেওয়া হয়েছে যে আমাদের উপর দায়িত্ব এসেছে, অবিলম্বে আমাদের সঙ্গে এসে দেখা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখজনক ব্যাপার, কি কারণে দেখা করবেন! আমি টিউবওয়েল-এর

ব্যাপারে গত বছর বলেছিলাম। মাননীয় ইরিগেশান মিনিষ্টার ২টা টিউবওয়েল পাঠিয়েছিলেন। দুইশত টাকা ঘুষ খাওয়া হয়েছিল আমি মেনশানে বলেছিলাম। তিনি স্পেসালিষ্ট দিয়ে এনকোয়ারী করিয়া তারপর উত্তর দিয়েছেন যে না, ঘুষ খায়নি। তবে এক্সট্রা টিউবওয়েল বসাবার জন্য আরো একশো, একশো করে টাকা নেওয়া হয়েছে বিভিন্ন জায়গা থেকে। যদিও এইরকম নেওয়া উচিৎ নয়। তাহলে পক্ষান্তরে স্বীকার করা হচ্ছে যে নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রশ্ন করি সেই যে একশত করে টাকা নিয়ে এক্সট্রা টিউব বসাবার যে চেষ্টা করেছেন, আজ পর্যন্ত আমার এলাকায়, ঐরকম এক্সট্রা টিউব বসান হয়েছে কিনা বা টাকা যা নেওয়া হয়েছে তার রসিদ কি দেওয়া হয়েছে? হয়নি। কাজেই ৫ কোটি টাকা দিয়েও যে অবস্থা, ১০ কোটি, ১৫ কোটি টাকা দিয়েও সেইরকম অবস্থা। ম্যানেজমেন্ট-এর অভাবে পশ্চিমবাংলার সবকিছু ধূলিসাৎ হয়ে যাচ্ছে এবং পশ্চিমবাংলার কল্যাণ হতে দেবে না। আর যে সমস্ত আমলাকে বসিয়ে রেখেছেন, এরা বুদ্ধাঙ্গুষ্টি দেখায়, এরা কিছু জানে না, কাগজপত্র না দেখালে এদের বিদ্যা কিছু নেই। এঁরা তো সুরাবর্দী, ফজলুল হক্, শ্যামাপ্রসাদ মুখার্জী নয়, এরা এযুগের মানুষ। কাজেই এরা কন্ট্রোল করতে পারে না, পারবে না। পশ্চিমবঙ্গের কল্যাণ হবে না। রাস্তার টাকা নিয়ে কল্যাণ করতে পারবে না। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable members, there is a large number of speakers who want to participate in the discussion. So, I request all the members to be as brief as possible.

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার মাননীয় সভ্য আব্দুলবারি বিশ্বাস যে প্রস্তাব আজকে বিধানসভায় এনেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পল্লীবাংলার রাস্তা নির্মাণের বিষয়টি এমন পর্য্যায়ে এসে পৌঁচেছে যে পূর্তমন্ত্রী যিনি আছেন তাঁর ঐকান্তি ইচ্ছা এবং আগ্রহ থাকা সত্ত্বেও তিনি আজকে আমাদের সকলের কাছে বলতে বাধ্য হচ্ছেন যে তাঁর হাতে উপযুক্ত পরিমাণ অর্থ নেই। যে প্রতিশ্রুতি এই সরকার পক্ষ থেকে দেওয়া হয়েছিল সেই প্রতিশ্রুতি রক্ষা করা সরকার পক্ষ থেকে সম্ভব হবে না। যদি না কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আরো বেশী অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয় এই রাস্তা নির্মাণের জন্য। দুঃখের কথা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে নির্দ্দেশনামা এসেছে, সেই নির্দ্দেশনামা সবচেয়ে কম গুরুত্ব দেওয়া হয়েছে রাস্তার উপরে। পাঞ্জাবে কিম্বা হরিয়ানায় হয়ত রাস্তা গুরুত্বপূর্ণ অত বেশী নয়। কেননা, পাঞ্জাবে এবং হরিয়ানায় তাদের রাস্তার সমস্যা সমাধান করে ফেলেছেন, কিন্তু পশ্চিমবাংলায় আজকে রাস্তা নির্মাণকে যদি বলা হয় গৌণ বিষয়, যা বিশ্বনাথবাবু বললেন, আমি মনে করি এটা একটা মিশ্র উপহাস ছাড়া কিছু নয়। বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় যে বক্তব্য রেখেছেন, প্রথমেই তিনি স্বীকার করেছেন যে তিনি শহরে থাকেন, গ্রামের কিছু বোঝেন না এবং তাই সেই বক্তব্য তিনি রেখেছেন। সেই বক্তব্য খানিকটা কেন্দ্রীয় সরকারের অর্থ সচিবের বক্তব্য বলে মনে হচ্ছে। কিন্তু আসলে পশ্চিমবাংলার জনপ্রতিনিধি রূপে গ্রামের রাস্তা নির্মাণের জন্য যে দাবী আসা উচিৎ ছিল, তার কণ্ঠ থেকে সেই আওয়াজ আসেনি।

[4-35—4-45 p.m.]

তিনি বলেছেন একটা কথা যে অতীতে রাস্তা নির্মাণ হয়েছে ভোট-এর বাক্সের ভিত্তির দিকে তাকিয়ে এবং রাস্তাগুলো হয়েছে রাজনৈতিক রাস্তা। বিশ্বনাথবাবুর এটা জানা উচিৎ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও স্বীকার করবেন এই সরকারই প্রথম নীতি গ্রহণ করেছেন যে পশ্চিমবাংলার প্রতিটি নির্বাচন কেন্দ্রে কম পক্ষে একটি করে পাকা রাস্তা তৈরী হবে, সেই নির্বাচন কেন্দ্রে আর,এস,পি'র শীস মহম্মদ সাহেবই আসুন কিংবা সি,পি,আই-এর বিশ্বনাথবাবুই আসুন কিংবা সব ঝুটা হ্যায় বলে আজকে বিধানসভায়

যারা অনুপস্থিত আছেন তারাও, আমাদের সকলের জন্যই বলা হয়েছে যে প্রতিটি নির্বাচন কেন্দ্রে কম পক্ষে একটা করে পাকা রাস্তা দেওয়া হবে। সেই প্রতিশ্রুতি অনুসারে কিন্তু টাকা আজকে নেই। আমি তাই বিধানসভার পক্ষ থেকে এই দাবী নিশ্চয়ই করবো যে পঞ্চম পরিকল্পনায় রাস্তা নির্মাণের জন্য ১৫৭ কোটি টাকার যে দাবী আমাদের আছে সেই দাবী তো নিশ্চয়ই আমাদের থাকবে, সঙ্গে সঙ্গে অন্ততঃপক্ষে এর ভেতরে গ্রামাঞ্চলে রাস্তা নির্মাণের জন্য আমাদের ১০ কোটি টাকা প্রয়োজন। রাস্তাকে যারা গৌণ বলেন, তাঁদের কাছে জিজ্ঞাসা করতে চাই, আজকে গ্রামের মানুষের রাস্তা গৌণ নয়। আজকে গ্রামের মানুষের রাস্তা হচ্ছে সবচেয়ে মুখ্য। আজকে গ্রামে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, ডাকাতি, চুরি, ছিনতাই হচ্ছে, আজকে পুলিশ সুদূর গ্রামাঞ্চলে পৌঁছাতে পারছে না, যেহেতু পাকা রাস্তা নেই। আজকে ধান সংগ্রহ নীতি অনেকাংশে নষ্ট হচ্ছে, সুদূর পল্লীঅঞ্চলে আজকে সরকারী নিয়ন্ত্রণ যন্ত্র পৌঁছতে পারছে না রাস্তার অভাবে। আজকে গ্রামের মানুষের যে উৎপাদন, গ্রামের মানুষের যে ফসল সেই ফসল শহরে আসতে পারেছে না; মাঝখানে ফড়িয়ারা লুঠ করে নেয়, যেহেতু গ্রামের মানুষের পক্ষে সহজে শহরের মানুষের সঙ্গে যোগাযোগকারী রাস্তা নেই। তাছাড়া, রাস্তা যদি ভাল ভাবে তৈরী হয়, পাকা রাস্তা যদি পল্লীগ্রামে সম্পূর্ণভাবে তৈরী করে দেওয়া যায় তাহলে গ্রামের যে চাপ আসে, সেই চাপ কমবে, গ্রামীণ উন্নতি হবে, যে সমস্ত শিল্পপতিরা আছেন তাঁরা গ্রামাঞ্চলে ছোট, মাঝারী শিল্প স্থাপনে উৎসাহী হবেন, সেখানে বিদ্যুৎ যাবে এবং অন্যান্য ব্যবস্থা হবে এবং তার ফলে রাস্তার মাধ্যমে আসবে অর্থনৈতিক বুনিয়াদ এবং সমৃদ্ধি। আজকে তাই রাস্তার জন্য টাকার যে প্রস্তাব বিধানসভায় এসেছে এটা একটা রাজনৈতিক স্ট্যান্ট নয়, বাজেটের মাধ্যমে যা এলো এলো, যেখানে অতি অবশ্য, অতি প্রয়োজনীয় এই মনোভাব আমরা মনের মধ্যে রেখে, বিধানসভায় সর্ব্বসম্মতি ক্রমে এই প্রস্তাব যে গ্রহণ করি এবং প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিই। কেন্দ্রীয় সরকার আমাদের তত্ত্বাবধায়ক নিশ্চয়ই কিন্তু কেন্দ্রীয় সরকারের আন্ডার-এ পশ্চিমবঙ্গের জনগণ চাকরী করেন না। তাই কেন্দ্রীয় সরকারকে আমরা যা দিয়ে থাকি, সেই দ্বিগুণ পরিমাণ অর্থ, তার পরিবর্ত্তে আমরা চেয়েছি মাত্র ১০ কোটি টাকা এই বছরে রাস্তা নির্মাণের জন্য। আমি মনে করি আমাদের সম্মিলিত দাবীর কাছে কেন্দ্রীয় সরকার নতি স্বীকার করবেন। এই কটা কথা বলে প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Asamanja De :

মাননীয় স্পীকার স্যার, আজকে সভায় অনারেবল মেম্বার এ, বি, বিশ্বাস গ্রামাঞ্চলে অর্থনৈতিক কাঠামো পুনর্গঠনের জন্য যে রাস্তাঘাটের উন্নয়ন সম্পর্কিত যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে সর্ব্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। কারণ আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি যে গ্রামাঞ্চলে দেশের আইন-শৃঙ্খলা, অর্থনৈতিক শক্তির বিকেন্দ্রীকরণ, গ্রামাঞ্চলের কল্যাণ, তার অর্থনৈতিক সমৃদ্ধি, তার সবচেয়ে বড় প্রয়োজনীয় বিষয় হচ্ছে যোগাযোগ ব্যবস্থা এবং তারজন্য সড়কের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা দরকার। আমরা দেখেছি মাননীয় স্পীকার মহাশয় পশ্চিমবঙ্গ সরকার পঞ্চম পরিকল্পনায় ৩২ শত কিলো মিটার রাস্তা তৈরীর পরিকল্পনা করেছেন এবং এই পরিকল্পনাকে বাস্তবে কার্য্যকরী করতে গেলে অন্ততঃ বছরে গড়ে ৬০০ কিলোমিটার রাস্তা তৈরী করা দরকার। কিন্তু আমাদের অভিজ্ঞতাবলে এতাবৎকাল পর্য্যন্ত স্বাধীনতার পর থেকে শুরু করে পশ্চিমবঙ্গ সরকার কোন বছরেই ২০০ কিলোমিটারের বেশী রাস্তা তৈরী করতে পারেননি। কাজেই এই পরিকল্পনাকে স্বার্থক করে তুলতে গেলে, রাজ্য সরকারের তহবিলের ঘাটতিকে পুরণ করতে গেলে কেন্দ্রীয় সরকারের উপর অতিরিক্ত চাপ সৃষ্টি করা দরকার। আজকে দেখছি ইন্টার প্রোভিনসিয়াল সেন্ট্রাল গভর্ণমেন্ট করছে, ইন্টার ডিস্ট্রিক রোডগুলো স্টেট গভর্ণমেন্টকরছে, কিন্তু গ্রামের সঙ্গে গ্রামের যোগাযোগের যে রাস্তা, অঞ্চলের সঙ্গে অঞ্চলের যোগাযোগের যে রাস্তা তা নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকার অদ্যাবধি নেননি।

তাই কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করে অর্থ আদায় করে রাজ্য সরকারের গ্রাম থেকে গ্রামে, অঞ্চল থেকে অঞ্চলের সংগে, থানার সংগে থানার সংযোগ রক্ষা করতে

রাস্তাগুলিকে নির্মাণ করে উন্নয়নের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া উচিত ছিল। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন পঞ্চম পরিকল্পনায় ৩,২০০ কি, মি, রাস্তা তৈরীর পরিকল্পনাকে স্বার্থক করতে গেলে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে ১৫৭ কোটি টাকা দাবী করতে হয় এবং সেটা আমরা করেছি। মাননীয় স্পীকার মহাশয়, এই সংগে প্রয়োজন আমাদের সেকেণ্ড প্ল্যান এণ্ড থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর যে সমস্ত রাস্তা আছে সেই রাস্তাগুলিকে সম্পূর্ণ করতে গেলে আমাদের ২০ কোটি টাকা দরকার, আর ফোর্থ প্ল্যানে যে রাস্তাগুলি অসম্পূর্ণ আছে সেই রাস্তাগুলির কাজ সম্পূর্ণ করতে গেলে ৭৫ কোটি টাকার দরকার। অর্থাৎ সেকেণ্ড, থার্ড এণ্ড ফোর্থ প্ল্যানের অসমাপ্ত কাজকে সম্পূর্ণ করতে গেলে ৯৫ কোটি টাকা দরকার। আপনি জানেন ফোর্থ প্ল্যানে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া ১৫ কোটি টাকা দিয়েছে, সুতরাং প্রয়োজন আরো ৮০ কোটি টাকা এবং পঞ্চম পরিকল্পনায় ৫৫ কোটি টাকা দিতে স্বীকৃত হয়েছেন, অর্থাৎ আরো ২৫ কোটি টাকার ঘাটতি থেকে যাচ্ছে। আমাদের পঞ্চম পরিকল্পনার উদ্দেশ্যকে সার্থক করতে গেলে এই ২৫ কোটি টাকার ঘাটতির জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের ওপর বিশেষ চাপ সৃষ্টি করা দরকার। শুধু তাই নয় কেন্দ্রীয় সরকারের আমরা আমাদের প্রতি বিমাতৃসুলভ মনোভাব লক্ষ্য করছি। আমরা যদি লক্ষ্য করে দেখি তাহলে দেখব ন্যাশানাল হাইওয়ে এক্সটেণ্ট উত্তরাঞ্চলের অন্যান্য যে সমস্ত রাজ্য আছে তার তুলনায় পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্মিত হয়েছে অনেক কম। মাননীয় স্পীকার মহাশয়, শুধু টাকার স্বল্পতাই নয়, আমরা দেখেছি পি, ডব্লু, ডিপার্টমেণ্টের লেটার অফ ক্রেডিট সিসটেমে তারা বলছে বাজেটের তিন মাসের ২০%-এর বেশী খরচ করা চলবে না, তার ফলে তারা স্মুথলি কাজ চালাতে পারছেন না, এইভাবে অসুবিধার সৃষ্টি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি কাজ সুরু করতে গিয়ে ল্যাণ্ড একুইজিশন প্রবলেম দেখা দিচ্ছে, কাজ সুরু করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি টেস্ট রিলিফের কাজ হচ্ছে, সি, এস, আর-এর কাজ হচ্ছে, যার ফলে এই পি, ডব্লু, ডিপার্টমেণ্টের রাস্তার কাজ একটি বর্ষায় ধুয়ে যাচ্ছে, সব ভেঙ্গে যাচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়ে বলব যে এই টেস্ট রিলিফ ওয়ার্ক, সি, এস, আর, ই, ওয়ার্ক, এবং পি, ডব্লু, ডি, ওয়ার্ক-এর মধ্যে একটা কো-অর্ডিনেশন স্থাপনের বিশেষ ব্যবস্থা করুন। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ডিপার্টমেণ্ট সম্বন্ধে আমার সবচেয়ে বড় অভিযোগ যে টাকা মঞ্জুর করা হচ্ছে তা আমলাতান্ত্রিক গাফিলতির জন্য রেড টেপিজিম-এর ফলে সেগুলি কার্য্যকরী করা হচ্ছে না। এটা অস্বীকার করে লাভ নেই যে কনট্রাক্ট সিস্টেম চালু করার ফলে অফিসারদের সংগে কনট্রাক্টরদের পারসেনটেজের ব্যবস্থা রয়েছে এবং এটা অস্বীকার করে লাভ নেই এবং এর ফলে কনট্রাক্টররা যে মেটিরিয়াল দিয়ে রাস্তা তৈরী করে তাতে সেই রাস্তা আর মেরামতি এবং সংস্কারের ব্যবস্থা হচ্ছে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব পশ্চিমবাংলার মানুষকে বাঁচাতে গেলে পশ্চিমবাংলাকে সজীব করে তুলতে, পশ্চিমবাংলার যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করতে গেলে, পশ্চিমবাংলার সড়ক ব্যবস্থাকে গুরুত্ব দেওয়া দরকার। যেমন খাদ্যের জন্য পশ্চিমবঙ্গ সরকার থেকে ডেপুটেশন গিয়ে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করা একান্ত প্রয়োজনকে চরিতার্থ করবার জন্য এখান থেকে চাপ সৃষ্টি হতে পারে, তেমনিভাবে রাস্তা মানুষের একটা অপরিহার্য অঙ্গ, পশ্চিমবাংলা সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করা হোক রাস্তার বরাদ্দ যাতে কেন্দ্রীয় সরকার মঞ্জুর করে পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোকে পুনর্গঠিত করতে বাধ্য হয়।

Shri Pradyot Kumar Mahanti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৮৫ নং, নিয়ম অনুযায়ী মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন যে, ভারতসরকারের উপর চাপ সৃষ্টি করা যাতে পশ্চিমবাংলার রাস্তাঘাটের উন্নতির জন্য বেশী টাকা বরাদ্দ হয় সেই প্রস্তাবটা সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে আমি দু-চারটি কথা এই সভার কাছে নিবেদন করতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শুধু পশ্চিমবাংলা নয় সারা ভারতবর্ষ আজকে

অর্থনৈতিক সংকটের সম্মুখীন। আমরা জানি রাস্তাঘাটের পিছনে টাকা পয়সা খরচা করলে ইনফ্লেশন হবে। মুদ্রাস্ফীতিতে ইন্ধন যোগানো হবে রাস্তাঘাট তৈরী করে, কেননা এটা আনপ্রডাকটিভ এক্সপেনডিচার। এখন এটাকে প্রডাক্‌টিভ এক্সপেনডিচার যদি করে তুলতে হয় তাহলে এর পিছনে যে প্রপার প্ল্যানিং দরকার, তা যদি না করা যায় তাহলে কিছু হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে এই কথা জানাতে চাই যে আজকে তাদের হাতে যে টাকা আছে, ভারতসরকারের কাছ থেকে টাকা না পেলেও সেই টাকা দিয়ে যদি প্রপার প্ল্যানিং না করা যায়, আনপ্রডাকটিভ হেড থেকে প্রডাকটিভ হেডে প্ল্যানের মাধ্যমে যদি আনতে না পারেন এবং অপচয় বন্ধ না করতে পারেন, এডমিনিসট্রেশনকে টোন আপ করতে না পারেন তাহলে কেন্দ্রীয় সরকার টাকা দিলেও সেই টাকা দিয়ে পশ্চিমবাংলার কোন উন্নতি করা সম্ভব হবে না এবং মুদ্রাস্ফীতিতে অর্থনৈতিক দুরবস্থা ভবিষ্যতে আরো বাড়বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন পশ্চিমবঙ্গ সৃষ্টি হলো নতুনভাবে—বিধান চন্দ্র রায়ের নেতৃত্বে কর্মযজ্ঞ সৃষ্টি হয়েছিল এবং তার ফল স্বরূপ আজকে পশ্চিমবাংলায় আমরা দুটো জিনিষ দেখতে পাচ্ছি সেচ, রাস্তাঘাটের উন্নতি, স্বাস্থ্য কেন্দ্রের উন্নতি অর্থাৎ হেল্‌থ সেন্টারের উন্নতি।

[4-45—4-55 p.m.]

আজ পূর্ব, পশ্চিম, দক্ষিণ এবং উত্তর দেখুন চারিদিকেই খুব বড় বড় রাস্তা হয়েছে। এটা ঠিক নয়। বারি সাহেবের প্রস্তাবের মধ্যে আছে পশ্চিমবাংলার রাস্তা ঘাটের উন্নতি হলে গ্রামবাংলার মানুষের আথিক উন্নতি হবে। কিন্তু সেই গ্রামবাংলার মানুষ রাস্তার কোন সুযোগ সুবিধা পাচ্ছে না। ডাঃ বিধান চন্দ্র রায়ের মন্ত্রিসভায় পি, ডব্লু, ডি, মিনিস্টার বিমল চন্দ্র সিংহের একটি প্রশ্নোত্তর পড়ছিলাম তাতে তিনি বলেছিলেন আমাদের বহু রাস্তা করার ইচ্ছা আছে, কিন্তু যেদিন দেখব গ্রামের মানুষ ১ মাইল পথ হেঁটে পাকা রাস্তায় উঠতে পেরেছে সেদিন বুঝব পশ্চিমবাংলায় রাস্তা তৈরী করতে পারলাম। গ্রামের লোকেদের জন্য রাস্তা তৈরী করতে গেলে প্রচুর টাকার দরকার এবং এরজন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য দরকার। সেজন্য এই প্রস্তাবের উপর জোর দেওয়া উচিত। কিন্তু সঙ্গে সঙ্গে বলতে চাই যেটুকুন খরচ হচ্ছে সেটুকু এমন ভাবে খরচ হচ্ছে তার ২।৪টি দৃষ্টান্ত দিচ্ছি। আজ সারা দেশে যেখানে খাদ্য, অর্থ, বস্ত্র ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অভাবে মানুষ হাহাকার করছে সেখানে মেদিনীপুরে গেলে দেখবেন স্বাধীনতার পূর্ব থেকে আরম্ভ পর থেকে ডি, এম-রা যে আলাদা বাড়ীতে থাকতো সেখানে সেটা আজ হাজার হাজার টাকা খরচ করে বাড়ীর চারিদিকে প্রাচীর দেওয়া হচ্ছে। গভর্ণমেন্ট-এর যেসমস্ত বিল্ডিংস উঠছে তাতে দেখবেন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, পি, ডব্লু, ডি, এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার (রোড্‌স), যেসমস্ত বাংলোতে থাকেন সেগুলি চুনকাম করার জন্য প্রত্যেক বছর লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। এসব যদি বন্ধ না করতে পারেন তাহলে সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে টাকা দিলে বা এখানে প্রস্তাব পাশ করলেও কিছু হবে না। সুতরাং আমি বলব এইরকম আনপ্রোডাকটিভ এ্যাণ্ড আন-প্ল্যাণ্ড এক্সপেনডিচার এখন করা উচিত নয়। পশ্চিমবাংলার মানুষ আজ যে আথিক অবস্থার মধ্যে পড়েছে তাতে কেবলমাত্র সেন্ট্রাল থেকে টাকা আসলে হবেনা, একটা করে রাস্তা প্রতিটি কনষ্টিটিউয়েন্সিকে করলে হবে না সেখানকার আথিক, শিল্প, শিক্ষা, কৃষির যদি উন্নতি করতে হয় তাহলে সেইরকমভাবে কনষ্টিটিউয়েন্সি বেছে নিয়ে ২।৩টি করে রাস্তা করুন তাতে ক্ষতি নেই। ২৮০টি কনষ্টিটিউয়েন্সিতে রাস্তা করতে হবে সেরকম কথা নেই। পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচান, শিল্প, কৃষিকে উন্নত করার জন্য যেরকম প্ল্যানিং করা প্রয়োজন সেরকমভাবে করুন। তাতে কারুর দ্বিমত হবেনা। সেন্ট্রাল থেকে টাকা পাই বা না পাই, সেখান থেকে টাকা আসুক বা না আসুক বা প্রস্তাবকও জানেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট প্রস্তাব পাশ করলেই যে টাকা দেবেন তা তিনি মনে করেন না, কিন্তু তবুও এই প্রস্তাব পাশ করা দরকার। সুতরাং পশ্চিমবাংলার মানুষের স্বার্থে আমাদের হাতে যে টাকা আছে সেই টাকা এমনভাবে খরচ করতে হবে যাতে মানুষ বুঝতে পারে এই সরকার

আমাদের দরদী সরকার। শুধুমাত্র ভোটের জন্য কনস্টিটিউয়েন্সি পিছু রাস্তা করলে কিছু হবে বলে মনে হয় না।

আমি আর একটা জিনিস আপনার মাধ্যমে বলছি যেটা বিশ্বনাথবাবু বলেছেন। তিনি বলেছেন আমরা টাকাকড়ি পাই, প্ল্যানিং করি কিন্তু কোথায় প্রয়োজন, কোথায় অপ্রয়োজন সেটা মনে করিনা। বারি সাহেব বিধানসভায় বেশী করে বলেন কাজেই তাঁর এলাকায় বেশী করে রাস্তা করে দিলেন, সুকুমারবাবু বেশী করে চেঁচামেচি করেন কাজেই তাঁর এলাকায় কিছু রাস্তা করে দিলেন, শীষ মহম্মদ সাহেব গালাগালি করেন কাজেই তাঁর এলাকায় দুটো রাস্তা করে দিলেন এরকম করলে হবেনা। আমি মনে করি রাস্তার প্ল্যান করতে গেলে অর্থনৈতিক উন্নতির কথা চিন্তা করে কাজ করতে হবে, রাজনৈতিক চিন্তাধারা রাখলে হবেনা। এর সংগে সংগে আমি আর একটা কথা বলব আপনারা আনপ্রোডাক্টিভ এক্সপেণ্ডিচার বন্ধ করুন, অপচয় বন্ধ করুন এবং এ্যাডমিনিস্ট্রেসনের দীর্ঘসূত্রতার জন্য আমরা অনেক সময় দেখি কেন্দ্রীয় সরকার টাকা দিল কিন্তু আমাদের সরকার সেটা খরচ করতে পারলেননা এটা দূর করুন, এ্যাডমিনিস্ট্রেসনকে টেকআপ করুন। একথা বলে মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারি সাহেব যে প্রস্তাব এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিছুদিন আগে বিধানসভায় একটা প্রশ্ন এসেছিল এবং তাতে আমি বলেছিলাম সারা পশ্চিমবাংলায় ৩২০০ কিলোমিটার রাস্তা কেন হোলনা? আজকে সেটা প্রস্তাব আকারে এখানে এসেছে দেখে আমি খুসী হয়েছি। আমাদের রাস্তার খুবই প্রয়োজন কিন্তু আজকে আমাদের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে দীর্ঘদিনের অব্যবস্থার ফল। আমাদের পূর্বসূরিরা, জেলা পরিষদের প্রেসিডেন্ট থেকে আরম্ভ করে এম, পি, এম, এল, এ এবং মন্ত্রীরা রাস্তা তৈরী করেছেন নিজেদের প্রয়োজনে এবং এমন সব জায়গায় রাস্তা করেছেন যেখানে রাস্তার প্রয়োজন নেই। আমি উদাহরণস্বরূপ আপনাদের বলছি অতুল্য ঘোষের দেওলাপাড়ায় যে প্রাসাদ বা ভবন আছে, সেখানে রাস্তার প্রয়োজন না থাকা সত্বেও সেখানে রাস্তা হয়েছে। স্যার, পশ্চিমবাংলার বহু জায়গায় রাস্তা নাই, আমাদের বাঁকুড়া জেলায় রাস্তা নাই, অথচ এইভাবে কোথাও কোথাও রাস্তা তৈরী হয়েছে। কাজেই আমরা যে ভুল করেছি সেই ভুলের সংশোধন আজকে নিশ্চয়ই করতে হবে। আমাদের খুব পরিষ্কারভাবে বিচার করা উচিত এবং প্রতিটি কন্‌স্টিটিউয়েন্সীতে ঠিকভাবে যাতে রাস্তা দিতে পারি সেটা দেখা উচিত। আমাদের গ্রামবাংলায় যে রাস্তা রয়েছে সেটা বিচার করে যেন নূতন রাস্তা দেওয়া হয়। আমাদের ৯৫ কোটি টাকা যেটা দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পরিকল্পনায় ঘাটতি আছে সেটা পূরণের জন্য কেন্দ্রীয় সরকারকে বলতে হবে। এই দাবী করতে গেলে আমাদের পূর্ণ সমর্থন দরকার এবং সেটা বিধানসভা থেকেই পাশ করতে চাই। আমি মনে করি আজকে বিভিন্নভাবে চাপ সৃষ্টির মাধ্যমে সরকারকে জোর করে কেন্দ্রীয় সরকারের কাছে বলতে হবে যে তোমরা বিভিন্নভাবে সারা দেশকে কত টাকা দিচ্ছ? কাজেই সেই অনুসারে আমাদের পশ্চিমবাংলাকেও টাকা দেওয়া হোক্ এবং পশ্চিমবাংলায় ৩২০০ কিলোমিটার রাস্তা শেষ হোক। পশ্চিমবাংলার গ্রামে রাস্তা তৈরী হবে এইকথা বলে মাননীয় সদস্য যে প্রস্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং মন্ত্রী ভোলানাথবাবুকে বলছি তিনি তাঁর প্রলয় মূর্ত্তি কেন্দ্রীয় সরকারকে দেখান, তাঁর প্রলয়রূপের মাধ্যমে তিনি ইন্দিরা গান্ধীর উপরে চাপ সৃষ্টি করে টাকা আদায় করুন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55—5-05 p.m.]

Shri Monoranjan Pramanick :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ১৮৫ রুলসে যে মোশান মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় বিধানসভায় এনেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করি। পশ্চিমবাংলার

উন্নয়নের জন্য অধিক পরিমাণে কেন্দ্রের সাহায্যের প্রয়োজন আছে। পশ্চিমবাংলায় কস্ট অব রোড বিল্ডিং ভারতবর্ষের অন্যান্য প্রদেশের চেয়ে এখানকার কস্ট অব রোড বিল্ডিং অনেক বেশী, যারজন্য অধিক পরিমাণে কেন্দ্রের সাহায্যের প্রয়োজন আছে। গ্রামের মানুষ পশ্চিমবাংলায় অনেক বেশী, সমগ্র পশ্চিমবাংলায় বেশীর ভাগই গ্রাম। এই গ্রামবাংলাকে উপেক্ষা করে পশ্চিমবংগের কখনই উন্নতি হতে পারেনা। সমগ্র শরীরকে প্রতারণা করে কেবল যদি মুখে রক্ত সঞ্চার হয় তবে তাকে স্বাস্থ্য বলা যায়না, ঠিক সেইরকম সমস্ত গ্রামবাংলাকে উপেক্ষা করে শুধু মাত্র কলকাতা সহর কিম্বা দুই একটী বড় সহরের উন্নতি করা হয় তাহলে সমগ্র দেশের উন্নতি হয়েছে একথা বলতে পারা যায়না। আমরা বেশীর ভাগ সদস্য যারা এখানে এসেছি প্রায় সকলেই গ্রামাঞ্চলের লোক। তাই গ্রামাঞ্চলের অর্থনৈতিক উন্নতির দাবী আমরা নিশ্চয়ই করব। প্ল্যানিং কমিশন বলেছেন যেখানে ১৫০০ লোক বাস করে সেই ১৫০০ লোকের গ্রামের সংগে সহরের সংযোগসাধন করা হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় প্ল্যানিং কমিশন আজ পর্য্যন্ত এই বিষয়ে কোন প্ল্যান দিতে পারেননি। পশ্চিম বাংলাকে ৫ বছরে ৫৫ কোটী টাকা দেওয়া হবে বলেছেন প্ল্যানিং কমিশন। তার মধ্যে ৫ কোটী টাকা দিয়েছেন, এইভাবে যদি টাকা দেবার পরিমাণ হয় তাহলে পরে যখন আমাদের সময়সীমা অতিক্রম হবে, হয়ত আগামী নির্বাচনের প্রাক্কালে আমরা জনসাধারণের কাছে যখন কৈফিয়ত দেব তখন আমরা সন্তোষজনক কোন কৈফিয়ত দিতে পারবনা। তারজন্য আমাদের আজকে গ্রাম উন্নয়নের প্রয়োজন আছে। প্ল্যানিং কমিশন রাস্তাকে সব থেকে লোয়েস্ট প্রাইওরিটি দিয়েছেন। অত্যন্ত দুঃখের কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কার-ভাবে গ্রামবাংলার চিত্র যদি অনুধাবন করি তাহলে আমরা দেখতে পাব প্ল্যানিং কমিশনের রাস্তাকে লোয়েস্ট প্রাইওরিটি দেওয়াকে অত্যন্ত অবিবেচনাপ্রসূত কাজ বলে মনে করতে বাধ্য হব। যারা প্ল্যানিং কমিশনে আছেন তারা মনে করেন পশ্চিম বাংলার সমস্ত গ্রাম আজ হরিয়ানা পাঞ্জাবের মতন--এখানে তাঁরা অত্যন্ত ভুল করছেন। আজকে পশ্চিম বঙ্গের গ্রামাঞ্চলের অবস্থা অত্যন্ত খারাপ। সেখানে রাস্তাঘাটের কাজ ফাস্ট প্রাইওরিটি দিয়ে করার প্রয়োজন আছে। যদি গ্রামের উন্নয়নমূলক কাজ করা যায় তাহলে একদিকে যেমন গ্রামের রাস্তাঘাটের উন্নতি হবে সেই সংগে সংগে গ্রামের যে সব থেকে বড় প্রবলেম--বেকার সমস্যা সেই বেকার লোকদের রাস্তার কাজ করে রুজি রোজগারের ব্যবস্থা হবে। বর্দ্ধমানে যে কৃষক সেতু তৈরী হচ্ছে যারজন্য সেই অঞ্চলের মানুষ অনেক আশান্বিত হয়েছে এবং এই সেতুর দ্বারা আগামী দিনে ঐ সমস্ত এলাকার অর্থনৈতিক উন্নতি হবে বলে আমি মনে করি। আজ শুধু কৃষির উপর নির্ভর করে গ্রামবাংলার সর্ব্বাঙ্গীন উন্নতি হতে পারে না। কারণ কৃষি জমির পরিমাণ অত্যন্ত কম। তাই গ্রামের মানুষগুলি আজ অর্দ্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে, তাদের ক্রয় ক্ষমতা নাই পারচেজিং ক্যাপাসিটি নাই। সেই গ্রামের মানুষদের যদি পারচেজিং ক্যাপাসিটি বাড়াতে হয় তাহলে তাদের কাজ দিতে হবে। সেজন্য আজকে পি, ডব্লু, ডি'র মাধ্যমে রাস্তাঘাটের কাজ দিতে হবে। যদি গ্রামের রাস্তাঘাটের উন্নয়ন করা যায় তাহলে গ্রামবাংলারও উন্নয়ন সাধন হবে এবং সেই সংগে গরীব সম্প্রদায়-এরও রুজি-রোজগারের ব্যবস্থা হবে। তাই স্যার, আমি আপনার মাধ্যমে আবদুল বারি সাহেব যে মোশান এনেছেন তা যাতে আরও জোরদার হয় তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় অত্যন্ত কম, তাই সংক্ষেপে বলবার চেষ্টা করব। মাননীয় সদস্যারা যে কথা বলেছেন সেটা অত্যন্ত খাঁটি কথা যে আমরা যদি গ্রামের উন্নতি করতে চাই তাহলে পাকা রাস্তার দরকার। আমি একটা এলাকার কথা বলি হরিশ্চন্দ্রপুর ব্লক, সেখানে এক ইঞ্চি পাকা রাস্তাও নাই। গ্রামের মানুষ ১০।১২ মাইল হেঁটে তবে পাকা রাস্তা দেখতে পায়। আজকে যেখানে পাকা রাস্তা আছে সেখানকার মানুষের যে জীবনযাত্রা আর যেখানে পাকা রাস্তা নেই সেখানকার মানুষের যে জীবনযাত্রা, তা আলাদা। সেটা আমি নিজের চোখে দেখেছি। সেন্ট্রাল গভর্ণমেন্টের কথা বললেন আমাদের মাননীয় মনোরঞ্জনবাবু, যে সমস্ত গ্রামে পাকা রাস্তা নেই, সেই সমস্ত গ্রামের মানুষকে শহরে আনার

চেষ্টা করবেন। সেন্ট্রাল গভর্ণমেন্ট ৫৫ কোটি টাকা স্যাংশন করলেন, যেখানে ১৫ থেকে ১৬ শত লোক বাস করে সেখানে, পাকা রাস্তা করতে পারবে। আমি যা দেখছি ৩ হাজার পর্য্যন্ত লোক যেখানে আছে, সেখানেও পাকা রাস্তা করতে পারব কিনা সন্দেহ।

দ্বিতীয় কথা হচ্ছে পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় ৩২০০ কিলোমিটার রাস্তা করবেন যেখানে বলেছেন, সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যেকথা আমি রুরাল ইলেকট্রিফিকেশনের বেলায় বলেছিলাম, যেখানে ৩২০০ কিলোমিটার রাস্তা করবেন বলেছেন, সেখানে হয়ত দেখব ২২০০ কিলোমিটার রাস্তা করতে পারবেন কিনা সন্দেহ। কেননা যে টাকা দিয়েছেন তাতে করে ৩২০০ কিলোমিটার হতে পারেনা। রাস্তার ব্রিজ তৈরী করলে ৭৫ কোটি টাকার দরকার। আমরা দীর্ঘদিন ধরে দেখছি কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ করে চলেছেন, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন সদস্য বহুবার তা বলেছেন। কিছুদিন হল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পাবলিক মিটিং-এ বলেছেন যে ইস্টার্ন জোনের প্রতি কেন্দ্রের অবিচার হচ্ছে, আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। শুধুমাত্র একটা স্টেটের কথা আমি এই সম্পর্কে বলছি। পাঞ্জাব স্টেট ওয়েস্ট বেঙ্গল থেকে ছোট। সেন্ট্রাল গভর্ণমেন্ট প্ল্যানিং করেছেন টপ্‌মোস্ট প্রাইওরিটি এবং লোয়েস্ট প্রাইওরিটি দিয়ে। সব থেকে যে লোয়েস্ট প্রাইওরিটি দিয়েছেন পাঞ্জাবকে, তাকে দিচ্ছেন ১২৩ কোটি টাকা ৫ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়। সেখানে দেখবেন পাঞ্জাব সেই টাকা কিভাবে খরচ করবে। নূতন ৭০০ কিলোমিটার রাস্তা তৈরী করবে এবং সেটা চওড়া হবে ১২ ফুট, পাকা রাস্তা চওড়া করবে না এবং অন্য যে সমস্ত রাস্তা সেগুলি চওড়া করা হবে ২৪ ফুট এবং কোথাও ৩৬ ফুট। গ্রামের মানুষ আমাদের এখানে যেখানে ১০।১২ মাইল হেঁটে এসে পাকা রাস্তা পান সেখানে পাঞ্জাবে পাকা রাস্তা করবে ১২ ফুট চওড়া করে এবং সেজন্য টাকা খরচ করবেন। এইভাবে দেখছি আমাদের প্রতি দিনের পর দিন অবিচার করা হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই আবদুল বারি বিশ্বাস যে রেজলিউশন মুভ করেছেন, সেটা আমি সম্পূর্ণ সমর্থন করছি। তার সংগে আমি এই আবেদন করতে চাই, আমাদের যিনি মন্ত্রী আছেন, তিনি যেন এমন নেতৃত্বের চাপ দেন যাতে আগামী দিনে কেন্দ্রের নিকট যে টাকা দাবী করেছি সে টাকা দেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhupal Chandra Panda:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় আব্দুল বারি বিশ্বাস সাহেব যে প্রস্তাব এনেছেন, তা আমি সম্পূর্ণরূপে সমর্থন করি। আমি এ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। একথা ঠিক যে আমাদের পশ্চিমবঙ্গের বিভিন্ন এলেকা এমন একটা অবস্থার মধ্যে এখনও পড়ে আছে যেটা কার্য্যতঃ সবচেয়ে অবহেলিত এবং পশ্চাদপদ। রাস্তা হচ্ছে কার্য্যতঃ আলোকবর্ত্তিকা-স্বরূপ, কারণ রাস্তা না হলে কৃষি বা নূতন শিল্পের বিকাশের কোন সুযোগ বা সম্ভাবনা হয় না, ঠিক তেমনিভাবে তাদের মধ্যে শিক্ষা ও জ্ঞানের আলোকবর্ত্তিকার সঙ্গে আধুনিক দুনিয়ার অগ্রগতির কোন স্পর্শও তাদের কাছে গিয়ে পৌঁছবেনা।

[5-05—5-15 p.m.]

সেই কারণের জন্য আমাদের দেশের গ্রামাঞ্চলের উন্নতির ভিত্তি হিসেবে রাস্তাকে প্রথম অগ্রগণ্য হিসেবে গ্রহণ করা উচিত।

আমরা দেখেছি আমাদের ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের ক্ষেত্রে মাননীয় গৌতম চক্রবর্তী বললেন—পাঞ্জাব সম্পর্কে বললেন। আমি, মাননীয় স্পীকার স্যার, মহারাষ্ট্রের কথা আমাদের মন্ত্রী মহোদয়কে বিচার-বিবেচনা করতে বলি। মহারাষ্ট্রের উন্নতির দিকে লক্ষ্য করলে প্রথমে দেখা যাবে সেখানে ব্যাপক উন্নতির মূল কারণ হলো এই রাস্তাঘাটের উন্নতির দিকে তাঁরা প্রথমে জোর দিয়েছিলেন। আজকে যেখানে এই রাস্তার মাধ্যমে চারিদিকে—কি কৃষিতে, কি শিল্পে সবদিকে উন্নতির দরজা খুলে গিয়েছে। রাস্তা হওয়ার সঙ্গে সঙ্গে সেখানে নতুন কৃষিতে সেচের উন্নতি বিধানের জন্য টিউবওয়েল এবং আধুনিক

কৃষি যন্ত্রপাতির ব্যবহার অনেক পরিমাণে বেড়ে যায়। কৃষির উৎপাদনের সঙ্গে সঙ্গে কৃষি নির্ভর শিল্প বিকাশের ধারাও অনেক বেশী বেড়ে যায়। তার সঙ্গে দেখা যায়, এই রাস্তার মাধ্যমে বিদ্যুৎ এবং অন্যান্য দিকের যে পরিকল্পনা সেই পরিকল্পনাগুলিও এই সঙ্গে জড়িয়ে আছে। এইভাবে সামগ্রিকভাবে গ্রামাঞ্চলকে সহরের নিকটবর্তী ও সহর এবং গ্রামের দূরত্ব অনেক বেশী কমিয়ে তোলা হয়েছে। আধুনিক রাস্তা গ্রামে কম। এই রাস্তার সঙ্গে সঙ্গে যদি সর্বাঙ্গীন পরিকল্পনা নেওয়া হয় তাহলে সেটা উন্নতির অনেক বেশী সহায়ক হতে পারে। আমাদের যে সব ন্যাশানাল হাইওয়ে—বড় বড় যে সব স্টেট রোডস্ তার সঙ্গে মিলে যদি আমাদের বিভিন্ন জেলা এবং বিভিন্ন এলাকার রাস্তাগুলি আরটারী রোড হিসেবে লিঙ্ক করা যায়, তাহলে অনেক এরিয়ায় ডেভেলপমেন্ট হতে পারবে, এবং দূরবর্তী এলাকাও সহরের নিকটবর্তী করে ফেলতে পারবে। সেই কারণে রাস্তার পরিকল্পনা যখন গ্রহণ করা হয়, সেই পরিকল্পনা এইভাবে তৈরী হওয়া দরকার যাতে সেই রাস্তা মূল আরটারী রোড-এর সঙ্গে অন্যান্য পশ্চাদপদ এলাকা সংযুক্ত করতে পারবে। তার সঙ্গে ব্যবসা-বাণিজ্যের যোগাযোগ ব্যবস্থা অনেক দ্রুততর হতে পারে।

মাননীয় স্পীকার স্যার, আমাদের মেদিনীপুর জেলায় এখনো এমন অনেক এলাকা রয়েছে, যেমন আমি বলতে পারি আমার নির্বাচন কেন্দ্র নন্দীগ্রাম, যেখানে মাত্র ৫ মাইল পাকা রাস্তা আছে। দয়া করে আমাদের রাষ্ট্রমন্ত্রী সেখানে একবার গিয়ে তিনি তো হতবম্ব। এই রকম একটা জায়গা এখনো থাকতে পারে যেখানে মাত্র ৫ মাইল পাকা রাস্তা! সেখানে হেলথ্ সেন্টারের সঙ্গে কোন যোগাযোগ নাই, থানার সঙ্গে একটুখানি জায়গা যুক্তমাত্র। এছাড়া গোটা এলাকা যেখানে আড়াই লক্ষ মানুষ বাস করে যেখানে পাকা রোডের সঙ্গে কোন যোগাযোগের ব্যবস্থা নাই, কোন কমিউনিকেসান-এর ব্যবস্থা নাই। এমন একটা সমস্যা। হলদিয়া ডেভেলপমেন্ট-এর ফলে আমাদের এরিয়া ঐ বিরাট এলাকার জন্য ম্যাক্সিমাম খাদ্য সরবরাহ করে। অথচ পাকা রোডের অভাবে সেখানে মালপত্র ঠিকমত পৌঁছতে পারে না। এই যে অবস্থা তার দিকে বিশেষ লক্ষ্য দেওয়া দরকার। যখন রাস্তার ডেভেলাপমেন্ট করবেন তখন তার সঙ্গে সঙ্গে কোন্ কোন্ মূল কেন্দ্র লিঙ্ক-আপ হবে সেটা ঠিক করা দরকার যাতে সে শিল্পাঞ্চলকে ফিড করতে পারে সহজে। অন্যান্য উন্নয়নেরও পরিপূরক হতে পারে। সেইজন্য প্লানিং হচ্ছে যখন তখন আমাদের টোটালি অনেক রাস্তা হয়েছে ঠিকই কিন্তু দেখা যায় যে সেই রাস্তাগুলি প্রধানতঃ শিল্প কেন্দ্র কিংবা বাজার কিংবা রেলওয়ে স্টেশনের সঙ্গে যুক্ত হয়নি যেখানে দ্রুত পৌঁছান যায়। সেদিক থেকে যথাযথ প্লানিং আমাদের হয়নি।

সেই হেল্থ সেন্টারগুলির সঙ্গে মানুষের যোগাযোগ কিম্বা রুরাল এরিয়ার সঙ্গে মানুষের যোগাযোগ, ব্লক সেন্টারের সঙ্গে মানুষের যোগাযোগ-এর দিকে লক্ষ্য রেখে রাস্তা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা দরকার। সেরূপ সঠিকভাবে আমাদের রাস্তা গ্রহণ করা হয়নি। রাস্তা আমাদের চাই ও রাস্তার জন্য টাকা আমাদের চাই। রাস্তার জন্য আরো বেশী অর্থের আমাদের প্রয়োজন আছে নিশ্চয়ই ও তারজন্য আমাদের কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করা দরকার। কিন্তু সেখানে টাকা যাতে যথাযথভাবে ব্যয়িত হয় সেদিকে বিশেষ নজর দেওয়া দরকার। তা না করে কিছু টাকা দিয়ে কিছু রাস্তা তৈরী করলাম তা হলে হবে না। ইতি-পূর্বে এ ব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে। সেই কারণের জন্য আমার এ্যাপিল হচ্ছে আপনারা এইভাবে করুন। আমার এই প্রস্তাবে সম্পূর্ন সমর্থন আছে। আপনারা কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করুন আমাদের এই দেশের উন্নতি করবার জন্য ও গ্রামাঞ্চলে কৃষি ও শিল্পের উন্নতি করবার জন্য যা নাকি উন্নতির মূল ভিত্তি রাস্তা সেই রাস্তা আরো বেশী পরিমাণে নির্মাণের জন্য সচেষ্ট হোন। কিন্তু আমাদের স্মরণ রাখতে হবে যাতে সে কাজ প্ল্যানের মাধ্যমে হয়, যাতে নাকি শিল্পোন্নয়ন হয় ও আমাদের মূল মূল যে শিল্প তার সঙ্গে যাতে যোগাযোগ হয়, অপর দিকে যাতে আমদানী ও রপ্তানীর সুব্যবস্থা করা যায়, বন্দর ও কেন্দ্রের সঙ্গে যাতে যোগাযোগ করা যায়। এই সমস্ত সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে হোক—এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Puranjoy Pramanick :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় আবদুল বারি বিশ্বাস মহাশয় যে মোশান এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি এই জন্য যে, রাস্তাঘাটের উপকারিতা ও প্রয়োজনের কথা বলার অপেক্ষা রাখে না। রাজ্যের সঙ্গে রাজ্যের ও বন্দরের সঙ্গে বন্দরের জন্য কেন্দ্রীয় সরকার আছেন। জেলার সঙ্গে জেলার ও শিল্পাঞ্চলের সঙ্গে শিল্পাঞ্চলের জন্য রাজ্য সরকার আছেন। কিন্তু পল্লীর সঙ্গে পল্লীর, গ্রামের সঙ্গে গ্রামের এবং অঞ্চলের সঙ্গে অঞ্চলের, থানার সঙ্গে থানার সংযোগ রক্ষা করবার জন্য কোন যন্ত্র নাই। সে দিকে কোন ব্যবস্থা করা হয় নাই। আমি আপনার মাধ্যমে নিবেদন করবো আমাদের যে পরিকল্পনা তা যেন এইরূপভাবে গ্রহণ করা হয়। এর কারণ আমাদের দেশের মানুষ শতকরা ৭০ ভাগ দারিদ্রসীমার নীচে বাস করে। তাদের যদি উন্নতি করতে হয় তাহলে এটা করতে হবে। চাষী যদি তার জিনিষ বিক্রি করবার সুযোগ না পায় তাহলে গ্রামের কোন উন্নতি হবে না, সেখানে যদি রাস্তা ঘাটের কোন ব্যবস্থা না হয় তাহলে আমরা গ্রামের মানুষের উপর কোন সুবিচার করতে পারবো না। আমার এগুলি হলো মোটামুটি কথা। আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, যে রাস্তার জন্য ডাঃ বিধান চন্দ্র রায় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শতকরা ১৯ ভাগ টাকা এ্যলটমেন্ট করেছিলেন—আমি কি মনে করবো ডাঃ বিধান চন্দ্র রায় প্ল্যানিং কমিশান বা বর্তমান মন্ত্রী-সভার চেয়ে অপদার্থ ছিলেন? তারপর সেকেণ্ড প্ল্যানে বলা হয়েছে শতকরা ১০ ভাগ টাকা। কিন্তু বর্তমান সময়ে আমরা দেখতে পাচ্ছি মাত্র শতকরা ৪ ভাগ টাকা রাস্তার জন্য বরাদ্দ করা হয়েছে। মাননীয় স্পীকার স্যার, আমরা দেখতে পাচ্ছি ১৫৭ কোটি টাকা পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মঞ্জুর করবার জন্য প্ল্যানিং কমিশানের কাছে চেয়েছিলেন, তাঁদের কাছ থেকে পেয়েছেন ৫৫ কোটি টাকা। তার মানে এই ৫ বছরের এক এক বছরের জন্য ১১ কোটি টাকা পাবেন। কিন্তু তাঁরা সেখানে পেয়েছেন মাত্র ৫ কোটি টাকা। তার মানে যে টাকা তাঁরা দেবেন বলেছিলেন তাও দিচ্ছেন না। ৫ কোটি টাকায় কি রাস্তা হবে? পশ্চিম বাংলায় যেখানে মানসাই ব্রীজ, গৌরাঙ্গ সেতু, সদরঘাট ব্রীজ ইত্যাদি এক একটা করতে দেড় কোটি কি দু'কোটির মত টাকা খরচ হয় সেখানে ৫ কোটি টাকায় কি রাস্তা হবে তা আমি জানি না। তাই আপনার মাধ্যমে নিবেদন করবো ডাঃ বিধান চন্দ্র রায় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ও ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে রাস্তা করেছিলেন তার পরিমাণ হচ্ছে ৬ হাজার ৩১২ মাইল, আমরা ১৯৬৭ সালের পর ১৯৭৩-৭৪ সাল পর্যান্ত ৬০০ মাইল রাস্তা বাড়াতে পেরেছি। ৬।৭ বৎসরে মাত্র ৬০০ মাইল রাস্তা বেড়েছে। মাননীয় স্পীকার স্যার, আপনার কাছে আমি নিবেদন করবো দেশ যখন স্বাধীন হয় তখন পশ্চিম বাংলায় পাকা রাস্তার পরিমাণ ছিল ১০৮০ মাইল। তারপর ডাঃ বিধান চন্দ্র রায় ১ম ও ২য় পঞ্চমবার্ষিকী পরিকল্পনায় করলেন ৬৩১২ মাইল রাস্তা। আর অপর দিকে দুটো যুক্তফ্রন্ট সরকার, রাষ্ট্রপতি শাসন এবং এই সরকার দু বৎসরে সব মিলিয়ে করলেন মাত্র ৬০০ মাইল রাস্তা। তাই আপনার মাধ্যমে নিবেদন করবো যে রাস্তার জন্য আরো বেশী অর্থ বরাদ্দ করা দরকার। এখানে আমাদের কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে হবে। কেন্দ্রীয় সরকার যা দিয়েছেন তা যথেষ্ট নয়।

তাই আমি আপনার কাছে নিবেদন করবো রাস্তার জন্য অধিক অর্থ বরাদ্দ করা দরকার এবং এরজন্য কেন্দ্রীয় সরকারকে চাপ দিতে হবে। এর আগে তাঁরা যা দিয়েছেন তা পর্য্যাপ্ত নয়। তাঁরা মনে করেন হরিয়ানা, পাঞ্জাব যেখানে জলা জায়গা নয় সেখানে যেমন চট করে রাস্তা তৈরী হয় সেইভাবে পশ্চিম বাংলাতেও হবে। কেন্দ্রের অবিচারের বিরুদ্ধে তীব্রভাবে প্রতিবাদ জানাচ্ছি এবং দাবী করছি পশ্চিমবঙ্গে রাজ্যে রাস্তার উন্নয়নের জন্য আরও অধিক অর্থ বরাদ্দ করা হোক। যদি অধিক অর্থ বরাদ্দ করা না হয় তাহলে পশ্চিম-বঙ্গের উন্নয়ন ব্যাহত হবে।

[5-15 5-25 p.m.]

Shri Sambhu Narayan Goswami :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি। আজকে যেমন কৃষির উন্নতির প্রয়োজন আছে,

আজকে যেমন শিল্পের প্রয়োজন আছে, যেমন সেচের প্রয়োজন আছে তেমনি গ্রামবাংলার সাধারণ গরীব চাষীর রাস্তাঘাট মস্ত প্রয়োজন, সেটা অস্বীকার করবার উপায় নেই। আজকে দেখা যায় গ্রামে শতকরা ৮০ জন মানুষ কৃষিজীবি। তারা যে পণ্য উৎপাদন করে, রাস্ত যদি না থাকে, যদি যোগাযোগের ব্যবস্থা না থাকে দেখা যায় তার ফলে সাধারণ ফোঁড়েদে কাছে অর্ধেক দামে উৎপন্ন শস্য বিক্রি করতে হয়। আজকে শ্রীআবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে বলতে চাই আজকে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করতে হবে। যেমন খাদ্যের জন্য মন্ত্রী এবং এম. এল. এরা দিল্লী গিয়েছিলেন তেমনি আজকে পশ্চিমবঙ্গের যোগাযোগের জন্য পি. ডব্লু. ডি. মন্ত্রী ভোলানাথবাবু আমাদের তৈরী করুন যাতে গ্রাম বাংলার উন্নতির জন্য দরকার হলে আমরা এম. এল. এরা কেন্দ্রীয় মন্ত্রীসভার কাছে আমাদের দাবী উপস্থিত করতে পারি। আমরা দেখেছি বর্তমান পঞ্চবার্ষিক পরিকল্পনাতে পাঞ্জাবকে ১২৩ কোটি টাকা দেওয়া হল কিন্তু পশ্চিম বাংলা মাত্র ৫৫ কোটি টাকা পেলো। কিন্তু দুঃখের বিষয় এবং পরিতাপের বিষয় পশ্চিমবঙ্গ থেকে আমরা সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা কেন্দ্রকে দিয়ে থাকি। আজকে আমাদের আবেদন নয়, আমাদের নিবেদন নয়, আমাদের পরিষ্কার দাবী কেন্দ্রের কাছে। আমরা পশ্চিমবাংলা থেকে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা দেবো অথচ পশ্চিমবাংলা বঞ্চিত হবে কেন? এই দাবী রেখে আমাদের মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি। আমি যে জেলা থেকে এসেছি সেই জেলাতে রাস্তাঘাট বিশেষ নেই। এমন জায়গা আছে যেমন ইন্দাস একটি জায়গা সেখানে দেড় মাইলের বেশী রাস্তা নেই। বাঁকুড়া জেলার অধিকাংশ জায়গায় যোগাযোগের রাস্তা নেই এবং আমি দাবী করবো যে প্রত্যেকটি এম. এল. এ. কন্সটিটুএন্সী অনুযায়ী একটা রাস্তার কথা মাননীয় মন্ত্রিমহাশয় যে বলেছেন সে রাস্তা যাতে অনতিবিলম্বে হয় তারজন্য। আর একটা জিনিষ বলবো রাস্তাটা তৈরীর সময় দেখতে পাই বিহারের পাঁকুড়া থেকে পাথর আনতে হয়। এই পাথর আনতে একশো সি. এফ. টি. পাথরের জন্য আমাদের দুশো টাকা দিতে হয়। কিন্তু আমরা জানি বাঁকুড়া এবং পুরুলিয়াতে এই জাতীয় বা অন্যান্য পাথর রয়েছে যে পাথর আনতে গেলে সরকারের সাশ্রয় হয় একশো টাকা অর্থাৎ একশো টাকাতে একশো সি. এফ. টি. পাথর পাওয়া যায়। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো রাস্তা তৈরী করতে সেখানে আমাদের এ্যালটমেন্ট কম সেখানে বিহারের ওই পাঁকুড়া থেকে পাথর না এনে আমাদের বাঁকুড়া, পুরুলিয়া থেকে পাথর আনলে আমাদের অনেক সাশ্রয় হবে। মাননীয় আবদুল বারি বিশ্বাসের প্রস্তাবের সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

Shri Mohammad Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস ১৮৫ নিয়ম অনুযায়ী যে প্রস্তাব এই হাউসের সামনে উপস্থাপিত করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পাঁড়াগায়ে রাস্তার অভাবে অনেক প্রসূতি হেল্‌থ সেন্টারে যেতে পারেন না মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন নিশ্চয় এই অভিজ্ঞতা সঞ্চয় করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর ৭০।৮০ ভাগ লোক যারা গ্রামে বাস করে যেখানে অধিকাংশ কৃষক সেই কৃষকরা কৃষিজাত দ্রব্য নিয়ে আসতে পারে না রাস্তার অভাবে মাননীয় কৃষিমন্ত্রী রয়েছেন উনি নিশ্চয় জানেন। আমাদের ওখানে জিয়াগঞ্জে রেগুলেটেড মার্কেট রয়েছে। সেখানে আমার কেন্দ্রে অত্যন্ত প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ রাস্তা যেটা আমাদের মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন এবং কৃষিমন্ত্রী জানেন সেই রাস্তার অভাবে আজকে কৃষিজাত দ্রব্য যেতে পারছে না। এই রকম প্রত্যেকটা বিধান-সভা কেন্দ্রে গ্রাম-বাংলাতে যে রাস্তা তৈরীর পরিকল্পনা, সেই পরিকল্পনা টাকার অভাবে বানচাল হতে চলেছে। মাননীয় পূর্তমন্ত্রীর সংগে যখন কথা বলছিলাম উনি তো রেগে বললেন—'আপনারা কিছু করেন না, হাত গুটিয়ে বসে থাকেন।'

টাকা কোথায় পাব। আমি বলবো নিশ্চয় টাকার ব্যবস্থা করতে হবে। কেন্দ্রে চাপ সৃষ্টি করে আমরা পশ্চিমবঙ্গে যে প্রতিশ্রুতিবদ্ধ সেই প্রতিশ্রুতিকে বাস্তবে রূপ দিতে হবে

এবং প্রত্যেকটি বিধানসভা কেন্দ্রে অন্তত একটি করে রাস্তা তৈরী করে সহরের সংগে, থানার সংগে, হেল্থ সেন্টারের সংগে যাতে যোগাযোগ ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রামবাংলায় যারা বাস করে তারাই তৈরী করে পাট এবং সেই পাটের মাধ্যমে কেন্দ্র প্রচুর ফরেন মানি উপার্জন করে। কিন্তু আজকে পশ্চিমবাংলা তার ন্যায্য অংশ পাচ্ছে না। তাই আজকে আমি অনুরোধ করবো এই বিধান-সভার সমস্ত সদস্যদের যে আসুন আমরা আজকে এই প্রস্তাব সকলে মিলে পাশ করে পূর্তমন্ত্রী মহাশয়ের হাতে দিই এবং পূর্তমন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে অনুরোধ করি যে তাঁরা যেন সেখানে ধরণা দিয়ে আমাদের সমগ্র এশিয়ার নেত্রী ইন্দিরা গান্ধী গ্রাম-বাংলায় গরীবী হটাও গ্রামের অর্থনৈতিক উন্নতি সাধন করার যে কথা বলেছিলেন সেই কথা অনুযায়ী চাপ সৃষ্টি করেন। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে যেন এই প্রস্তাব কাগজে কলমে না রেখে দিল্লীতে ছুটে গিয়ে তার কার্যকরী ব্যবস্থা করেন। গ্রামের রাস্তা, গ্রামের যোগাযোগ ব্যবস্থা গ্রামের বেকারদের কর্মসংস্থানের মাধ্যমে নিশ্চয় করা যায় এবং সেই পথে চল্লেই দেশের সর্বাঙ্গীণ উন্নতি সাধন করা যাবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই কথা বলে যে মোসন আজকে এখানে উপস্থিত করা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sital Chandra Hembram :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় আবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রস্তাব এই হাউসের সামনে আজকে এনেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে যদি দেশের মধ্যে যোগাযোগ ব্যবস্থা না থাকে তাহলে গ্রামীণ অর্থনৈতিক কাঠামোর উন্নতি কখনই সম্ভব নয়। তাই জাতির কল্যাণে, সমাজের কল্যাণে যোগাযোগের জন্য রাস্তার প্রয়োজনীয়তা যথেষ্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় যোগাযোগের অভাবে অর্থাৎ যে এলাকায় রাস্তা নাই সেই এলাকার মানুষ সভ্য মানুষদের সাথে যোগাযোগ করতে পারে না। ভারতবর্ষ স্বাধীন হবার পরেও আজও তারা অনেক পিছিয়ে পড়ে আছে। দৃষ্টান্তস্বরূপ আমি বলতে পারি পুরুলিয়া জেলায় আমার নির্বাচনী এলাকা মাণ্ডুয়ানার কথা। সেখানে একটি থানা ও দুটি ব্লক আছে, একটি প্রাথমিক হেল্থ সেন্টার ও চারটি উপস্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু সেখানে এক ইঞ্চিও পীচের রাস্তা নাই। সেখানে গ্রীষ্মকালে চার মাস বাস চলে আর বাকী সময়ে মানুষকে ২০ মাইল রাস্তা হেঁটে বাস ধরতে হয়। ২০ মাইল গরুর গাড়ী করে গিয়ে সমস্ত সরকারী কর্মীদের কাজ করতে হয়। এছাড়া আর কোনই যোগাযোগের ব্যবস্থা নাই। তাহলে ভেবে দেখুন যে সেখানকার মানুষ কিভাবে বেঁচে আছে—আজকে সেখানে কিভাবে কল্যাণ-মূলক কাজ হচ্ছে তা আপনারা সহজেই অনুভব করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই নির্বাচনী ক্ষেত্রে একটা ক্যাবিনেটের অধিবেশন হয়েছিল এবং সেখানে মন্ত্রীরা গিয়েছিলেন তাঁরা নিশ্চয় জানেন যে সেখানে যোগাযোগের কি রকম দুরবস্থা। আজও জেলার সাথে কোন যোগাযোগের ব্যবস্থা করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানকার শতকরা ৯৯ জন আদিবাসী। আদিবাসী কল্যাণের জন্য বার বার অনেক কথা ঘোষণা করা হয়—কিন্তু আপনি জানেন স্যার, সেই এলাকা আজ যোগাযোগ বিচ্ছিন্ন—সেই আদিবাসী মানুষ কি শিক্ষায় কি দীক্ষায় এমন কি কৃষির দিক থেকে সেখানে কিছুই উন্নতি করা সম্ভব হয় নি। সেখানে যে সামান্য বিলাতী বেগুনের চাষ হয় তাও জলের দরে বিক্রি হয়ে যায়। সেখানে যোগাযোগের ব্যবস্থা না করলে এই জাতির এই সমাজের কখনই উন্নতি হতে পারে না। তাই আমি বলবো যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে প্রত্যেক নির্বাচনী ক্ষেত্রে একটি করে রাস্তা করা হবে অন্তত স্বাধীনতার পরে যেখানে এক ইঞ্চিও পীচের রাস্তা হয় নি সেই প্রথমেই অগ্রাধিকার দিতে হবে এই অনুরোধ আমি পূর্তমন্ত্রীকে জানাচ্ছি। আমি বিশেষভাবে তাঁর কাছে অনুরোধ রাখি যে রাস্তাবিহীন এলাকায় প্রথমেই যোগাযোগের জন্য রাস্তা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

Shri Sachinandan Sau :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে মোশান এনেছেন তা আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। আপনি জানেন স্যার, মাইলেজের হিসাবে যদি দেখান যায় তাহলে পশ্চিমবাংলায় অনেক রাস্তা হয়েছে কিন্তু এই রাস্তার ব্যাপারে বিভিন্ন জায়গায় সয়েলের তারতম্য আছে, পশ্চিমবঙ্গে এ্যালুভিয়েল সয়েল, এই সয়েলে রাস্তা করার জন্য বেশী টাকার দরকার হয়। তাই আমরা কেন্দ্রের কাছে নিশ্চয় বেশী টাকা দাবী করতে পারি বিশেষ করে গ্রামবাংলার জন্য। স্যার, মাইলেজের হিসাবে হয়ত পশ্চিমবঙ্গে রাস্তা হয়েছে কিন্তু সেই সমস্ত রাস্তা হয়েছে মিউনিসিপ্যাল এলাকায় এবং কোলকাতা কর্পোরেশনের এরিয়ার মধ্যে। গ্রামবাংলার দিকে নজর দেওয়া হয়নি। স্যার, কি অর্থনৈতিক উন্নতির দিকে বলুন, কি অন্যান্য দিকে বলুন গ্রামবাংলাকে পরিপূর্ণভাবে বঞ্চিত করা হয়েছে। স্যার, পি, ডব্লু, ডিতে স্বাধীনতার আগে আমরা জানি সামন্ততন্ত্র নেতৃত্ব করত আর স্বাধীনতার পরে দেখছি সেখানে ঠিকাদারীতন্ত্র কায়েম হয়েছে। স্যার, ২৫ বছর পরে নতুন দৃষ্টিভংগী নিয়ে আমাদের এই সরকার এসেছেন কিন্তু সরকার এসেও লক্ষ্য করছি সেই ঠিকাদার বা কন্ট্রাক্টরদের কাছেই যেন আত্মসমর্পন করে বসে আছেন। কোন রাস্তার এষ্টিমেটেড কষ্ট যদি ৫ লক্ষ টাকা হয় আমরা দেখি সেখানে ৩০।৪০ পারসেন্ট লেস্ দেওয়া হচ্ছে। যে কনট্রাক্টর যত বেশী লেস দিতে পারে। স্যার, যে রাস্তার জন্য ৫ লক্ষ টাকা দেবার ঠিক হল সেখানে ৩০।৪০ পারসেন্ট লেস দিলে কি রকম কাজ হবে সেটা বুঝতেই পারছেন। কাজেই স্যার, এই দপ্তরটি দুর্নীতি এবং চুরিতে ভর্তি হয়ে গিয়েছে, এখানে টাকা সেভ করার কোন ব্যবস্থাই নেই। তারপর স্যার, বেকার ছেলেদের কনট্রাক্ট দেবার কোন বন্দোবস্তই হল না। এই সরকার আসার পরও আমরা দেখছি নামী বড় কনট্রাক্টরদেরই কাজ দেওয়া হচ্ছে। স্যার, আজকে যে সমস্ত বড় বড় বাড়ী বা প্যালেসিয়াল বিল্ডিং সেগুলির ব্যাপারে যদি খোঁজ নেন তাহলে জানতে পারবেন সেগুলি ঐ সমস্ত কনট্রাক্টরদের বাড়ী। স্যার, আমি বিশেষ করে বীরভুম জেলা সম্বন্ধে বলব, সেখানে আমরা দেখছি কনট্রাক্টরদের বড় বড় বাড়ী। স্যার, আজকে আমরা দেখছি গ্রামবাংলা তুলনামূলকভাবে বঞ্চিত হচ্ছে। আমাদের বীরভুম জেলা সম্বন্ধে বলতে চাই সেখানে অর্থনৈতিক উন্নতির জন্য রাস্তা বা ব্রীজের দিকে নজর দেওয়া হয়নি। এই প্রসঙ্গে স্যার, বলি, আপনি জানেন, অজয় নদীর উপর পাণ্ডবেশ্বর এবং তামরভের মাঝে যদি একটা ব্রীজ হয় তাহলে আসানসোল এবং দুর্গাপুরের মতন কোলিয়ারী ও শিল্পপ্রধান এলাকার সংগে কৃষিপ্রধান বীরভুম জেলার যোগাযোগ সহজ হবে। কিন্তু বার বার বলা সত্ত্বেও আজ পর্যন্ত হয়নি। স্যার, প্রথম, দ্বিতীয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে বীরভুমের গ্রামবাংলার জন্য যে সমস্ত রাস্তা গৃহীত হয়েছিল আজও তা রূপায়িত হয়নি। কাজেই স্যার, এখন গ্রামবাংলার দিকে যদি নজর না দেওয়া হয় তাহলে যে দৃষ্টিভংগী নিয়ে আমরা এসেছি তা ব্যর্থ হবে। সব শেষে স্যার, বলব, যে মোশান এসেছে তা সমর্থন করছি এবং পূর্তমন্ত্রীর বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন যথাযথভাবে এ ব্যাপারে মনোযোগ দেন।

Shri Satya Ranjan Bapuli : I

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আবদুল বারি বিশ্বাস মহাশয় যে মোশান এনেছেন ত আমি সর্বান্তকরণে সমর্থন করছি। কিন্তু স্যার, দুঃখ হচ্ছে পূর্তমন্ত্রীর অবস্থা দেখে। তাঁর হাতে টাকা নেই অথচ রাস্তা সবচেয়ে বেশী দরকার। স্যার, আপনি সুন্দরবনে গিয়েছেন, আপনি জানেন, পাথরপ্রতিমা ব্লকের আয়তন হচ্ছে ২৫০ স্কোয়ার মাইল কিন্তু স্যার, সেখানে এক ইঞ্চিও পীচের রাস্তা নেই। বাসন্তি সেখানে রাস্তা নেই, কুলতলীতে রাস্তা নেই। স্যার, সুন্দরবন স্বাধীনতার আগে থেকে আজ পর্যন্ত একই অবস্থায় আছে। তাই স্যার, অত্যন্ত বিনীতভাবে বলব, রাস্তা অত্যন্ত জরুরি কয়েকটি ক্ষেত্রে।

কৃষিক্ষেত্রে রাস্তার অত্যন্ত প্রয়োজন। আজকে বহু ডি, পি, এজেন্ট-এর কাছে প্রোকিওরমেন্টের ধান আছে সেটা রাস্তার জন্য আনা যাচ্ছে না সেখানে পড়ে আছে। আজকে রাস্তার

দরকার আছে। স্বাস্থ্যের জন্য রাস্তা দরকার, কুটির শিল্পের জন্য রাস্তা দরকার, যে কোন অবস্থাতেই রাস্তা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিম বাংলায় খাদ্যসমস্যা অত্যন্ত প্রকট। সেখানে যেমন খাদ্যের দরকার আছে, সেখানে তেমনি রাস্তারও দরকার আছে। রাস্তা যদি ভালভাবে না হয় তাহলে এইসব সমস্যারও সমাধান হবে না। সুন্দরবনের ৪টি জেলায় সেখানে অত্যন্ত ভাল প্রোকিওরমেন্ট করেছে। তার মধ্যে আমাদের সাউথ ২৪ পরগণা, নর্থ ২৪-পরগণায় ভাল প্রোকিওরমেন্ট হয়েছে। কিন্তু সেই সব জায়গায় রাস্তা অত্যন্ত কম। আজকে মাননীয় পূর্তমন্ত্রীর হাতে এত অল্প টাকা কেন আমি জানি না। অথচ ১০ কোটি টাকা টি, আর স্কীমে রাস্তার জন্য খরচ করা হবে যার শতকরা অর্ধেক টাকা চুরি যায়। যে মাটি ফেলা হয় সেটা ধুয়ে যায়। আমি জানি না সেই ১০ কোটি টাকা থেকে ৫ কোটি টাকা কেটে নিয়ে নিশ্চয়ই এখানে ব্যয় করা যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার খাদ্যসমস্যার জন্য আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সকলে চিন্তা করছেন, কিন্তু এটা নিয়ে চিন্তা করছেন কি যে যদি রাস্তা না করা যায় তাহলে খাদ্য-সমস্যার সমাধান করা সম্ভব নয়? কোথাও ট্রাক্টর পাঠাতে হবে, কোথাও সার পাঠাতে হবে, কোথাও যন্ত্রপাতি পাঠাতে হবে কিন্তু সেখানে রাস্তা নেই। আজকে বর্ষার দিনে-মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সুন্দরবনে নিশ্চয়ই গেছেন এবং দেখেন যারা আসন্ন প্রসূতি, যে অত্যন্ত কঠিন অসুখে ভুগছে, মুমূর্ষু রুগী তাদের আনার কোন উপায় নেই রাস্তার অভাবে। তারা পথেই মারা যায়। স্বাধীনতার ২৭ বছর পরে আমরা মানবতার দিক থেকে সাধারণ লোকের উপর সুবিচার করছি না, আমরা অবিচার করে আসছি। তাই, আমি বলবো শুধু রাস্তার খাতে যে কোন ভাবেই হোক, যে জায়গা থেকেই হোক টাকা নিয়ে সব জায়গাতেই রাস্তা তৈরী করতে হবে। তা যদি না করা যায় তাহলে পশ্চিম-বাংলার খাদ্যসমস্যার সমাধান হবে না। এটা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি এবং মন্ত্রীমণ্ডলী তারা যেন এই বিষয়ে চিন্তা করেন। জয় হিন্দ।

Shri Bholanath Sen :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, একথা ঠিক যে আমি সকলকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে প্রত্যেক কনস্টিটিউয়েন্সিতে একটা করে রাস্তা হবে। সেই প্রতিশ্রুতি যখন দিয়েছিলাম তখনও ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনা আরম্ভ হয়নি এবং সেই প্রতিশ্রুতির প্রধান কারণ ছিল যে দেশের উন্নতি শুধু নয়, দেশের মানুষের পকেটে যাতে টাকা যায়, যাতে তারা বেঁচে থাকতে পারে। গ্রামে গ্রামে, জেলায় জেলায় মন্ত্রীসভার বৈঠক বসেছিল, গ্রামে গ্রামে আমরা গিয়েছি এবং এই বিধানসভাতেও আমরা বলেছি, প্রতিটি কনস্টিটিউয়েন্সিতে যাতে কাজ হয় গ্রামে তার ব্যবস্থা করবো। আমি দেখেছি যে গ্রামে যে রাস্তা হয়, সেই রাস্তাতে গ্রামের মানুষ কাজ পায় এবং আমি দেখেছি প্রতি কোটি টাকা খরচ করাতে প্রতি ১২ হাজার মানুষের কর্মসংস্থান হয়। বড় বড় কমপ্লিকেটেড মেসিন, ফাইন ইন্সট্রুমেন্ট, লাকসারি গুডস্ তৈরী করে কি করতে তা আমি জানি না। কিন্তু আমি জানি আজকের মানুষ ক্ষুধার্ত, আমি জানি আজকের মানুষের পকেটে টাকা দিতে হবে। তা না দিলে চাল থাকলেও খেতে পারবে না এবং আমি জানি, যদি এক কোটি টাকায় ১২ হাজার লোকের কর্মসংস্থান হয় তাহলে যত বেশী কোটি টাকা খরচ করা হবে, এই দরিদ্র দেশে যেখানে ২৮ লক্ষ বেকার সেখানে বেকারের সংখ্যা অনেক কমে যাবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যে কোন কারণেই হোক কেন্দ্রীয় সরকার এবং পরিকল্পনা দপ্তর তারা ধরে নিচ্ছেন যে রাস্তার প্রয়োজন নেই বললেই চলে; সবচেয়ে তার প্রাইররিটি কম। আজকে প্রায় ১১ শত কোটি টাকা দেবেন বলে চিন্তা করছেন কিন্তু ৫৫ কোটি টাকায় ভাবছেন সমস্ত গ্রামবাংলা আর তার জন্য এবছর মঞ্জুর করেছেন ৫ কোটি টাকা। অর্থাৎ কিনা প্রতি জেলায় ৩১ লক্ষ টাকার বেশী খরচ করা যাবে না। কিন্তু বোম্বে, বিহার, উড়িষ্যা বা অন্যান্য জায়গায় থেকে যখন কোলকাতা পোর্টে আসবার জন্য হুগলী ব্রীজ হবে, তার জন্য ৬০ কোটি টাকা দিতে তারা কার্পন্য করেননি। কিন্তু পশ্চিমবঙ্গের বেলায় যেখানে মানুষ খেতে পাচ্ছে না, যেখানে ২৮ লক্ষ বেকার সেখানে মাত্র ৫৫ কোটি টাকা এবং সেই ৫৫ কোটি টাকার যদি ১১ কোটি টাকাও এ্যালোকেশান হত তাহলে কিছু করা যেত।

একটা ব্রীজ করতে আপনারা জানেন ২ কোটি, ৩ কোটি, ৪ কোটি, ৫ কোটি টাকা সেখানে টাকার দাম কমে যাচ্ছে, জিনিষের দাম বেড়ে যাচ্ছে। সেখানে ৫ কোটি টাকা সারা বাংলা দেশের জন্য ধরা হয়েছে।

[5-35—5-45 p.m.]

অল ইন্ডিয়া ইনকাম-এর পুরান হিসাব আমি দিচ্ছি—আজকে আরও অনেক বেশী' ১৯৫৭ সালের যে হিসাব আছে তাতে দেখা যায় রাস্তা করার পর—তারা ১৯৫৭ সালে রাস্তা করার দরুন প্রত্যেকটা ভিহিক্যাল-এর জন্য ৪৭০ ডলার রোজগার করেছে ভারত সরকার ট্যাক্স ইত্যাদি বাবদ। জার্মানীতে হয়েছে ২৪০ ডলার পার ভিহিক্যাল, জাপানে ২৩৫ ডলার পার ভিহিক্যাল, ইউ,এস,এ'তে হচ্ছে ১১৫ ডলার পার ভিহিক্যাল আর শ্রীলঙ্কাতে হচ্ছে ৯৪ ডলার পার ভিহিক্যাল, ইউ,কে হল ৬৩ ডলার পার ভিহিক্যাল। এত ইনকাম থাকা সত্বেও আজকে এটাই হয়ে গেছে নগন্য। কি পরিকল্পনা আমি জানি না, আমি অন্ততঃ, বহু পরিকল্পনা যাঁরা করেন, সেই সমস্ত প্লানার যাঁরা আছেন তাঁদের আমি প্রশ্ন করে দেখেছি বিশ্ববিখ্যাত প্ল্যানার কলকাতা গিয়ে যাঁরা পাশ করেছেন, তাঁদের জন্যে দুজনের সঙ্গে কথা বলে দেখেছি, তাঁরা বলেছেন, তোমার গ্রামের উন্নতি যদি না হয় তাহলে কলকাতা সহরের উপর বা জেলা সহরের উপর চাপ কমবে না, আবহাওয়া দুষিত হবে, চাকরির অভাবে তোমাদের দেশের উন্নতি হবে না, তোমার দেশের উন্নতি করতে গেলে এগ্রিক্যালচার-এর উন্নতি করা চাই। তোমার দেশের রাস্তার উন্নতি করা চাই এবং দেশের মানুষের থাকার সুযোগ সুবিধার উন্নতি করা চাই। এগ্রিক্যালচার-এর চেষ্টা হচ্ছে, কিন্তু এগ্রিক্যালচার করবেন কি? সেখানে ইনপুটই বা দেবেন কোথা থেকে বা এগ্রিক্যালচার প্রোডাকটস নিয়ে আসবেন কোথা থেকে? আমি আমার জায়গায় দেখেছি, পুরুলিয়াতে আমি জানি এখনও কয়েক জায়গায় কয়েক নয়া পয়সাতে পাবেন টোমাটো। কিন্তু কলকাতায় সেই ফড়ে পাবে ২ টাকা ৩ টাকা। আলু যে যদি তৈরী করে, সে যদি রাস্তা দিয়ে না আনতে পারে তাহলে গরমে তো সব নষ্ট হয়ে যাবে। এই যে জিনিস তারা তৈরী করছে, যদি বাজারে না আনতে পারে তাহলে তো নষ্ট হয়ে যাবে। যদি মাঠে সেই ইনপুট না দিতে পারি, ফার্টিলাইজার না দিতে পারি, প্রোডাকসান হবে না, হসপিটাল হচ্ছে একের পর এক, হেলথ সেনটার হচ্ছে, সেখানে যদি রাস্তা না দিতে পারি তাহলে সেই হেলথ সেনটার করায় কোন অর্থ হয় না। খুন হচ্ছে, ডাকাতি হচ্ছে, কটা ডাকাতি সামলানো যাবে যদি রাস্তা না থাকে? আপনি একটা জীপ দিয়েছেন, একটা থানা দিয়েছেন, কটা ডাকাতি সামলানো যায়? ল এ্যান্ড অর্ডার কি সামলানো যায়? যে দেশ দরিদ্র, যে দেশে এখনও দুর্নীতি প্রবল, সেই দেশে ১০টা পুলিশ দিয়ে এবং একটা ভিহিক্যাল দিয়েও ল এ্যান্ড অর্ডার কি করে ঠেকাবেন? দেখা গেছে রাস্তা করলে ১২ হাজার মানুষের কর্মসংস্থান হয়, ১ কোটি টাকা রাস্তার দাম লাগছে। কিসের প্লান আমি জানি না, কিন্তু আমি এইটুকু বুঝি প্ল্যানিং ইজ মিন্ট ফর দি পিপ্‌ল।

একটা লং টার্ম প্ল্যানিং থাকে এবং একটা সর্ট টার্ম প্ল্যানিং থাকে। আজকে শুনলাম একটা কুকুর রাস্তার মারা গেছে আর সেখানেই খাচ্ছিল একজন। এই বিধানসভায় আজকে বলা হয়েছে, সেই দেশের মানুষের জন্য প্ল্যানিং করছি আমরা। সেই দেশের মানুষ মাটি কাটতে রাজী আছে, আমাদের দেশের উন্নতি হবে, সেই উন্নতি কি হবে? পারমানেন্ট উন্নতি হবে গ্রামের এবং গ্রামের উন্নতি যদি হয়, আমি নিজে গ্রামে গ্রামে যাই এবং দেখেছি তাদের কি কষ্ট আমার সঙ্গে একজন বি,ডি,ও দেখা করতে এসেছিলেন ৪০ মাইল রাস্তা হেঁটে।

সেখানে কি ভূমিরাজস্ব হবে, কি ফরেস্ট হবে, সেখানে কি কো-অপারেশন হবে, সেখানে আপনি ইলেক্‌ট্রিসিটি নিয়ে কি করবেন, সেখানে কোন কাজটা কি ভাবে, কোথায় কি আদায় হবে? বিধান চন্দ্র রায় ১৯% দিয়েছিলেন, বাংলাদেশে আজকে যা কিছু হচ্ছে তাঁর চিন্তা

মতই হচ্ছে, তাঁর কাজগুলিকেই আমরা আজকে ফলো-আপ করছি, তাঁর স্বপ্নকে রূপ দেবার চেষ্টা করছি। তিনি রাস্তা চেয়েছিলেন, সত্যিকারের ১৯% উনি রাস্তা চেয়েছিলেন, আজকে আমাদের আরো অনেক বেশী দরকার। মাঝে মাঝে আমার কাছে ইণ্ডাস্ট্রি এণ্ড কমার্সের লোক আসে, বাইরে থেকে ব্যবসা করবার জন্য লোক আসে, সবাই প্রশ্ন করে ইলেকট্রিসিটির কথা, তারপর প্রশ্ন করে রাস্তার কথা, রাস্তা আছে তো? তারা সবাই কলকাতায় আসতে চায় না, তারা চায়---রাস্তা থাকা চাই, ইলেকট্রিসিটি থাকা চাই। সুতরাং আজকে সমন্বয় থাকা দরকার এবং এই সমন্বয়ের প্রয়োজন আছে। আমার একটা ধারনা হচ্ছে যে এই প্ল্যানিং-এ সমন্বয়ের একটা অভাব দেখা যাচ্ছে। সমস্ত জিনিষটাকে মিলিয়ে নিয়ে চলতে হবে, রাতারাতি আমেরিকা হয়ে যেতে পারে না, কেউ কেউ বললেন যে রাতারাতি রাশিয়া হও, কিন্তু তাও সম্ভব নয়। সুতরাং আজকে লঙ টার্ম প্ল্যান করতে হবে এবং সর্ট টার্ম প্ল্যান করতে হবে। সবচেয়ে বড় কথা হলো রাস্তাটা লঙ টার্ম এবং সর্ট টার্ম এই দুটো দিক দিয়েই করতে হবে। সর্ট টার্মে করে আমাদের দরিদ্র মানুষের পকেটে টাকা দিতে হবে, তাদের বাঁচাতে হবে। আমরা খোজ নিয়ে দেখেছি যে সমস্ত কনট্রাক্টারদের দিয়ে কাজ করা হচ্ছে, তাতে সেখানে যারা কাজ করছে তারাও আমাদের দেশের মানুষ এবং সেই সব কনট্রাক্টররাও আমাদের দেশের মানুষ, তাদের উন্নয়ণমূলক কাজগুলি আপনারা নিশ্চয়ই বিচার করে দেখবেন। খোজ নিয়ে দেখুন মুর্শিদাবাদে, মালদহে, দার্জিলিং-এ কারা খাটছে, সেখানে যদি রাস্তা না হয় তাহলে ঐ সমস্ত মানুষের কাজ থাকবে না, ফলে তাদের জি, আর, টি, আর দিতে হবে, নাহলে খেতে পাবে না। মানুষ ভিক্ষা করবে, না তাঁকে কাজ দিয়ে সম্মান দেব? ২৮ লক্ষ বেকার আমাদের দেশে, আজকে ইলেকট্রিসিটি ট্রাবল আছে, স্ট্রাইক আছে, নানান ব্যাপার আছে। শহরের কথা ভেবে দেখুন, শহরে যারা বাস করেন তাদের শতকরা ৫৬ জন লোক বাংলাদেশের বাইরে থেকে আসেন, সেখানে চাল-কল ৭৫ হয়ে গেল, অন্যান্য কল-কারখানা বন্ধ হয়ে গেল, লে-অফ হয়ে গেল, ঠিক কথা। কিন্তু ক'জন বাংলাদেশের ছেলে লে-অফ-এ পড়েছেন, হিসাব করে দেখবেন। কোন রাস্তায় বাংলা দেশের লোকেরা আছে আজকে সেটা একটু ভেবে দেখবেন। আমাদের কষ্ট হচ্ছে ফ্যান চলছে না, কারণ আমরা এতে অভ্যস্ত, ইলেকট্রিক চলছে না আমাদের পড়াশুনা করতে অসুবিধা হচ্ছে, কারণ এটা আমাদের অভ্যাস হয়ে গিয়েছে। কিন্তু লে-অফ হয়ে গিয়েছে খেতে পায়নি আমাদের দেশের ছেলেরা সেটা হিসাব করে দেখবেন। আমাদের কাছে এসে তারা চাকুরীর জন্য কান্নাকাটি করছে, পায়ে ধরে পর্যন্ত, তারা বাঁচতে চায়, সেই সুযোগ আমরা দেব না? আমাদের কো-অপারেশন দরকার এবং সব কটা জিনিষ বিচার করে দেখে সবচেয়ে তাড়াতাড়ি কোন জিনিষটা উৎপাদন দেয়, কোন জিনিসটা সবচেয়ে তাড়াতাড়ি মানুষকে রোজগার দেয়, কোন জিনিষ সবচেয়ে তাড়াতাড়ি মানুষকে সমৃদ্ধশালী করে সেটা দেখতে হবে। আর একটা জিনিষ হচ্ছে প্ল্যান ছাড়া এটা হয় না, ঠিক কথা এবং রাস্তা প্ল্যানের ওপর হচ্ছে, প্ল্যানিং-এর ২০ রুলে আছে ওয়ান মাইল পার স্কোয়ার মাইল, এতে ৩৮ হাজার স্কোয়ার মাইল ছিল, সে জায়গায় আমাদের আছে ৬ হাজার ৯০০ মাইল, আমরা কত পিছিয়ে আছি, আর পাঞ্জাব, হরিয়ানা কত এগিয়ে গিয়েছে। ৬৩ লক্ষ মণ ধান হচ্ছে আর ৫ লক্ষ মণ আমরা জোগাড় করতে পারছি না, হাসকিং মিল বন্ধ করবার কথা হলো, পারলাম না।

[5-45—5-55 p.m.]

কারণ রাস্তা নেই বলে পুলিশ, বি, ডি, ও, যেতে পারে না, লুকিয়ে সমস্ত চাল পাচার হয়ে যায় এবং তাতে সমস্ত দেশ হয়ে গেল দুর্নীতিমূলক। মানুষের সঙ্গে মানুষের, গ্রামের সঙ্গে শহরের কোন কমিউনিকেসন নেই। এটা যদি না করা যায় তাহলে কিছু হবে না। আবার যদি টাকা না পাওয়া যায় তাহলে রাস্তার বিষয় দুর্বলতা আসবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। একটা ব্রীজ করতে যেখানে ৩।৪ কোটি টাকা লাগে সেখানে ৫ কোটি টাক এক বছরে কিছু হবে না। আমার সময় হয়ে গেছে বলে বারি সাহেবের প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করছি।

Mr. Speaker : Now the mover may speak by way of reply.

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব সুখের কথা যে সমস্ত মাননীয় সদস্য এবং পূর্তমন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে তাঁরা এর উপর পূর্ণ সমর্থন রেখেছেন। গ্রামীণ অর্থনীতি, আইন শৃঙ্খলার কথা সকলেই উপলব্ধি করেছেন। সেজন্য আমি আমার রেজলিউসন মুভ করছি এবং আশা করি হাউসের সমস্ত সদস্যরা একমত হয়ে আমার রেজলিউসন গ্রহণ করবেন।

The motion of Shri Abdul Bari Biswas that in view of the Government's commitment to have an additional new road in every rural constituency in West Bengal, this House requests the Government of West Bengal to ask for additional Central assistance for the purpose, was then put and agreed to.

LEGISLATION

The Howrah Municipal (Repealing) Bill, 1974

Shri Subrata Mukhopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা উত্থাপন করার আগে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অবগত করতে চাই যে কিছুক্ষণ আগে এই বিলটা উত্থাপন করার জন্য আপনি অনুরোধ করেছিলেন। কিন্তু আমি জানি আমার জন্য নির্দিষ্ট সময় ছিল ৫'৫০-এর পর সেজন্য আমি ৫'১৫ মিনিটে এসে হাজির হয়েছি। অথচ তার আগে যে কোন কারণেই হোক আমার নাম ঘোষণা করা হয়। যাইহোক এই ভুল বোঝাবুঝির যেন অবসান হয়। ১৯৭৪ সালের হাওড়া পৌর (নিরসন) বিধায়ক বিল উত্থাপনের জন্য আমাকে অনুমতি দেওয়া হোক।

[Secretary then read the title of the Bill]

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৭৪ সালের হাওড়া পৌর (নিরসন) বিধেয়কটি বিবেচনার জন্য পেশ করিতেছি। মহাশয়, প্রস্তাবিত আইনটির উদ্দেশ্য এবং হেতু সম্পর্কে আমি ইহা বলিতে চাই যে, হাওড়ায় একটি পৌর সংস্থায় প্রস্তাবিত সংগঠনে বালি পৌরসংঘের অতি-করদাতাদিগের মধ্যে ব্যাপক অসন্তোষ উদ্ভূত হইবার সম্ভাবনা রহিয়াছে। তাঁহারা এ প্রস্তাবিত পৌর সংস্থায় বালির অন্তর্ভুক্তির ঘোরতর বিরোধী। বালি ও হাওড়া পৌরসংঘের আর্থিক অবস্থার এরূপ তারতম্য রহিয়াছে যে, উভয়ের একত্রীকরণে গুরুতর প্রশাসনিক জটিলতা সৃষ্টি হইবার সম্ভাবনা রহিয়াছে। হাওড়া পৌরসংঘ বর্তমানে তীব্র আর্থিক সংকটে পড়িয়াছে। উহার পুঞ্জিত অপরিশোধিত ঋণের মোট পরিমাণ ২'৫০ লক্ষ টাকার অধিক। যেক্ষেত্রে বালি পৌরসংঘের প্রায় ৫২ শতাংশ পৌর কর সংগৃহীত হয় সেক্ষেত্রে, মোট চাহিদার তুলনায় প্রায় ২০ শতাংশ অপেক্ষা ন্যূন পৌর কর সংগ্রহের ফলস্বরূপ এই পৌরসংঘের স্থায়ী রাজস্ব ঘাটতির কারণে এই পৌরসংঘকে প্রতি মাসে গড়ে তিন লক্ষ টাকার অধিক সংস্থান বাবদ অগ্রিম দিয়া সাহায্য করিতে হয়। সুতরাং যেক্ষেত্রে রাজ্য সরকারের যথেষ্ট পরিমাণে উচ্চতম আর্থিক দায়িত্ব পরে জড়াইয়া পড়িবার সম্ভাবনা রহিয়াছে এরূপ এক পৌরসংস্থা গঠন অপেক্ষা দুই পৌরসংঘের পৃথকভাবে কৃত্য সম্পাদনে অতিকরদাতাদিগের পক্ষে অধিক সুবিধাজনক হইবে। তাছাড়া, প্রস্তাবিত সংস্থার রাজস্বের সংস্থান এ সংস্থা গঠনের পর কয়েক বৎসরের মধ্যে বৃদ্ধি পাইবার সম্ভাবনা নাই। ফলতঃ উচ্চতম মানের জনসেবার জন্য এবং বৃহত্তর প্রশাসনিক কাঠামোর ব্যয় নির্বাহের জন্য এ সংস্থাকে বর্তমানে হাওড়া পৌরসংঘের জন্য যেরূপ ব্যবস্থিত আছে তদপেক্ষা অধিক উচ্চতর মাত্রায় আর্থিক সাহায্যের উপর নির্ভর করিতে হইবে। যে পর্যন্ত না প্রস্তাবিত সংস্থাটি দৃঢ়তর আর্থিক বনিয়াদ প্রতিষ্ঠিত করিতে সক্ষম হয় সে পর্যন্ত রাজ্য সরকারকে আর্থিক ভার বহন

করিতে হইবে। রাজ্য সরকার যেরূপ আর্থিক কৃচ্ছ্রতায় পড়িয়াছেন তাহা বিবেচনায়, রাজ্য সরকারের পক্ষে এরূপ কোন আর্থিক দায়িত্বে পড়া সম্ভব হইবে না। এমতাবস্থায়, হাওড়া ও বালী পৌরসংঘদ্বয়ের পৃথক অস্তিত্ব পুনঃপ্রতিষ্ঠিত করিবার জন্য হাওড়া পৌর আইন, ১৯৬৫ (১৯৬৫ খ্রীষ্টাব্দের পশ্চিমবংগীয় ১৭ আইন) নিরসিত করা স্থির হইয়াছে।

বিধেয়কটি উপরিবর্ণিত উদ্দেশ্যে রচিত হইয়াছে। যদি ১৯৬৫ সালের হাওড়া পৌর আইন এইভাবে নিরসিত হয় তাহা হইলে সরকারের উপর কোন আর্থিক দায় বর্তাইবেনা। আমি আশাকরি যে, বিধেয়কটি সভার সকলের সম্মতি লাভ করিবে। মহাশয়, একথা বলিয়া আমি সভার সমর্থনের জন্য প্রস্তাবটি পেশ করিতেছি।

Shri Biswanath Chakrabarti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুবই দুঃখের কথা পৌর-শাসন মন্ত্রীকে এইরকম একটা বিল আনতে হল। আমি অবশ্য বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে বিলের বিরোধিতা করছিনা সমর্থনই করছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই ইট ইজ এ বিল র‍্যাদার অব পলিটিক্যাল কনভেনিয়েন্স দ্যান অব প্রিন্সিপল্। এটা নীতিগত কোন বিল নয়, এটা হচ্ছে একটা সুবিধা। প্রিন্সিপল কথাটা বদলে বলতে পারি এটা সরকারের একটা পলিটিকাল কনভেনিয়েন্স বিল। আজকে এই যে বিল মন্ত্রিমহাশয়কে এখানে আনতে হল তার অর্থ হচ্ছে প্রস্তাবিত হাওড়া কর্পোরেশনকে ভাগ করে হাওড়া এবং বালিকে আলাদা করে দাও। ১৯৬৫ সালে যখন হাওড়া কর্পোরেশন বিল আনা হল তখন আমি সদস্য ছিলামনা। তখন স্বায়ত্ত-শাসন মন্ত্রী ছিলেন ফজলুর রহমান। গতকাল আমি তাঁর একটা বক্তৃতা পড়ছিলাম, তাতে তিনি বলেছেন এটা প্রিন্সিপলের বিল নয়, পলিটিকাল কনভেনিয়েন্স বিল। ফজলুর রহমান সাহেব বোধ হয় এখন সুব্রতবাবুদের সংগে নেই। যাই হোক সেই বিলের বক্তব্য ভাল ছিল এবং তখন মোটামুটি কনটেক্স্টে কর্পোরেশন করবার পেছনে একটা আপেক্ষিক দৃষ্টিভঙ্গী ছিল। তিনি তাঁর বক্তৃতায় বলেছিলেন হাওড়া একটা বড় শহর প্রচণ্ড ঘিঞ্জি শহর একে বাড়াতে হবে না হলে এর উন্নতি করা যাচ্ছে না। বিলের উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে তিনি একটা কথা খুব জোর দিয়ে বলেছিলেন--হাওড়া সহরের প্রতি একরে ১০০ জন লোক বাস করে। এটা অবশ্য ১৯৬৫ সালের কথা, তাহলেও বলব ওখানে যে মানুষগুলোর বাস তাদের নিশ্বাস নেবার জায়গা নেই, মানুষগুলো সেখানে কোনরকমে গাদা মেরে বাস করছে। হাওড়া শিল্পের দিক থেকে বাড়ছে। কাজেই বালিকে তার সংগে যুক্ত করা হলে এবং ১৪টি মৌজা যেগুলি হাওড়া বা বালির মধ্যে নয়, তাদের যদি তারমধ্যে অন্তর্ভুক্ত করি তাহলে অসুবিধা হবে। এইসব কথা বলা হচ্ছে এবং আরও বলা হল এই প্রস্তাবিত কর্পোরেশনে জনসংখ্যা হবে একর প্রতি ৭০ জন।

[5-55—6-05 p.m.]

অর্থাৎ অনেকখানি পরিমাণে যে ঘিঞ্জি অবস্থা সেটা কেটে যেতে পারে বা মানুষকে অন্য জায়গায় সরিয়ে দেওয়া যেতে পারে, যার ফলে হাওড়া সহরের স্বাস্থ্যের উন্নতির অনেক সম্ভাবনা বেড়ে যেতে পারে। এই কথা তিনি বলেছিলেন। দ্বিতীয়তঃ যেটা তিনি বলেছিলেন যে হাওড়া ও কলকাতা পশ্চিম পাড়ে যার প্রশাসনিক ব্যবসায়ী বাণিজ্যিক সমস্ত জিনিষটা কলকাতার সংগে ওতোপ্রতোভাবে জড়িত, যেমন আমাদের বেহালা তেমনি হাওড়া এগুলি প্রাকটিক্যালি এক্সটেনশান অব ক্যালকাটা--মাঝখানে গংগা ভাগীরথী আছে হাওড়াকে ভাগ করে রেখে দিয়েছে। সেই হাওড়াকে যদি একটা বড় প্রশাসনিক কাঠামোর মধ্যে আনা যায় তাহলে পরে এর পরিবর্তন বিশেষ করা যাবে না। সুতরাং তিনি কনফেডারেশানের প্রস্তাব করেছিলেন। এই প্রস্তাব করতে গিয়ে তখন যে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট ১৯৫১ সালে এই ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টটাই পুরোপুরি হাওড়াতে প্রযোজ্য হবে এইগুলি তিনি বলেছিলেন এবং সেই ভাবে আইনটী তৈরী করেছিলেন। আমি সেই সময় ফজলুল হক সাহেবের বক্তৃতা পড়লাম এবং তখনকার যারা বিরোধী পক্ষে ছিলেন তাদের

বক্তৃতাও পড়লাম। আমার কথাগুলি মনে পড়ছে। আমি স্যার আপনার বক্তৃতা খুঁজলাম আপনি এই বিষয়ে বলেন নি দেখলাম। কানাই বাবু বলেছিলেন, তাতে তখনকার দিনে বিরোধী সদস্যরা--প্রিন্সিপ্যাল বিজয় ভট্টাচার্য মহাশয় সদস্য ছিলেন তার বক্তৃতাও পড়লাম--তারা কিন্তু একটা কথা বলেছিলেন যে করপোরেশান করুন আর মিউনিসিপ্যালিটি করুন হাওড়ার যে পৌরসভা তার যে কুনিক ফাইনানসিয়াল ডিফিক্যালটি আছে এটা যদি বদল করতে না পারেন এ্যাডিশানাল রিসোস অব ইনকাম যদি না বাড়াতে পারেন তাহলে হাওড়ার কিছুতেই উন্নতি হবে না। একথা তারা জোর দিয়ে বলেছিলেন করপোরেশান করুন চেয়ারম্যান করুন আর মেয়র থাকুক নতুন অলডারম্যান পদ সৃষ্টি হউক বা নাই হউক-এই হচ্ছে হাওড়ার প্রকৃত অবস্থা। তারপর করপোরেশান হয়েও হলনা। নির্বাচন হল নির্বাচিত কাউনসিলাররা বসতে পারলেন না---মামলা ইত্যাদি হয়েছে এবং সেই মামলার ফল যা হয়েছে আপনারা জানেন আমরাও জানি। আজকে গভর্ণমেন্টকে বলতে হচ্ছে যে হাওড়া এবং বালীকে আলাদা করে দাও। মজার কথা হচ্ছে যে এই আলাদা করে দেবার পিছনে আমার নীতিগত কোন প্রশ্ন নাই--খানিকটা পরিমাণে প্যারোকিয়ান ফিলিং। বালীর লোকেরা তারা হাওড়ার সংগে থাকতে রাজী নয়। সেই ব্যাপারে স্যার, আমি দেখলাম অপোজিং পলিটিক্যাল ভিউয়ের লোকেরাও একমত, কেননা হাওড়ায় প্রচণ্ড কুনিক ডেফিজিট, প্রচণ্ড টাকা ধার। হাওড়ায় কিছু হবার নয়। হাওড়ার ডিমাণ্ড হচ্ছে ১২ লক্ষ টাকা আর মাহিনা দিতে লাগে ১৬ লক্ষ টাকা। সুতরাং হাওড়ার কোন কাজ কর্ম হবেনা। বালীটাকে আলাদা করে দাও। এই হচ্ছে বক্তব্য--এখন বালীটাকে এই কারণে আলাদা করে দেবার প্রশ্ন--অথচ ভৌগলিক ভিত্তিতে প্রশাসনিক ভিত্তিতে বলুন বালী এবং হাওড়া আলাদা নয়, একটা জি. টি. রোড তার এপাশে হাওড়া ওপাশে বালী, একই ডাম্পিং গ্রাউণ্ডে দুইজনই ময়লা ফেলে অনেক কিছুই কমন কিন্তু বালীতে একটা মিউনিসিপ্যালিটি ছিল এবং হাওড়াতে একটা আলাদা মিউনিসিপ্যালিটী ছিল, দুটো মিলে একটা করপোরেশান হল। আমি কিছু বলার আগে একটা নীতিগত প্রশ্ন তুলতে চাই সেটা হচ্ছে এই কিছুদিন ধরে আমাদের পশ্চিম বাংলায় যে পৌরশাসন ব্যবস্থা আছে সেগুলি কি ভাবে চেলে সাজান হবে তা নিয়ে অনেকে ভাবছেন। তার আয়তন কি হবে, তার প্রশাসনিক ব্যবস্থা কি রকম হবে এগুলি নিয়ে চিন্তা ভাবনা হচ্ছে। কোথাও কোথাও বলছেন যে ছোট ছোট মিউনিসিপ্যালিটি তুলে দিয়ে বড় বড় করপোরেশান কর, আর এই করপোরেশানের চেহারা অন্য রকম কর--এই রকম কথাবার্তা হচ্ছে। তবে একথা ঠিক যে পৌর শাসন ব্যবস্থা পঃ বাংলার ৫০টা সহরে যা আছে তা আর চলছে না। কোন মিউনিসিপ্যালিটি এ কথা বলতে পারেনা যে আমরা সিভিক এ্যামেনিটিস অর্থাৎ পৌর সুযোগ সুবিধা গুলি দিতে পারছি। সব জায়গায় একই প্রবলেম। একই সমস্যা--কলকাতা মহানগরী দেখে আমরা বুঝতে পারছি। সুতরাং আজকে পৌর মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখব যে দুই বছর হয়ে গেছে এই নতুন এ্যাসেম্বলি বসার পর এই বিধান সভায় পিসমিল রেজুলেশান ছাড়া আর কিছুই আসেনি।

মিউনিসিপ্যালিটিগুলি তাদের নূতন চাকুরি দিতে পারবে না। হাওড়া মিউনিসিপ্যালিটি আর বালী মিউনিসিপ্যালিটি আলাদা হয়ে যাক, তার জন্য একটা আইন এসেছে, একটা পিসমিল রিজোলিউশন এসেছে। আমরা বার বার এই হাউসে প্রশ্ন করে জানবার চেষ্টা করেছি যে পৌর শাসনব্যবস্থাকে বদলাবার জন্য সরকার কম্প্রিহেনসিভ আইন আনছেন কিনা। এখন পর্য্যন্ত আসেনি। আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীকে বলব ইট, ইজ এ মাস্ট অব দি ডে। এখনি পৌর শাসন ব্যবস্থাকে পরিবর্তন করার জন্য ব্যাপক নূতন আইন যদি না আনেন তাহলে যে উদ্দেশ্যে এই মিউনিসিপ্যালিটিগুলি তৈরী, যা দিয়ে আমরা হেল্দি আর্বানাইজেশন চাইছি, তা এই পৌর আইনের মধ্য দিয়ে করা যাবে না। এই ব্যাপারে আমি পৌর মন্ত্রীকে বলছি যে তিনি অবিলম্বে একটা সিদ্ধান্ত করুন। একথা আগেও বলেছি। যুক্ত ফ্রন্টের আমলে একটা কমিটি হয়েছিল, কমরেড লাহিড়ী যখন স্বায়ত্তশাসন মন্ত্রী তিনি একটা কমিটি করেছিলেন, গোপাল ব্যানার্জী তার চেয়ারম্যান ছিলেন। সেই কমিটির রেকমেণ্ডেশন আছে, আমি একথা বলছি না যে এই কমিটির রিকমেণ্ডেশনগুলি ব্যাপক এবং সেগুলি মেনে নিলেই, একটা ভাল আইন হবে। সেগুলি আছে, আরও মানুষ চিন্তাভাবনা করছেন,

কথাবার্তা হচ্ছে, এমন একটা আইন করুন—কলকাতাকে যদি আলাদা করতে হয় করুন, রেণ্ট অব দি ষ্টেট সম্পর্কে আলাদা আইন যদি করতে হয় করুন, এমন আইন করুন যাতে পৌরসভাগুলি সত্যসত্যই আর্থিক দিক থেকে স্বয়ংসম্পূর্ণ হতে পারে, তাদের ক্ষমতা বাড়ে। গণতন্ত্র মানে শুধু ভোট নয়, গণতন্ত্র কথা হচ্ছে এখানে এণ্ড দি এ্যাবিলিটি টু ডেলিভার গুড্‌স। আমরা কিছু কাজ করতে পারলাম না ইলেকটেড হয়ে বসে রইলাম, কমিশনার হলাম, কাউন্সিলার হলাম, মেয়র হলাম, চেয়ারম্যান হলাম, কাজ কিছুই করতে পারলাম না, এভাবে সরকারের মুখাপেক্ষী হয়ে বসে থাকতে হলে এটা কোন গণতন্ত্র হল না। সুতরাং সত্যিকারের পৌর শাসন ব্যবস্থা যাতে গড়ে উঠতে পারে তার ব্যবস্থা করুন। এই বাজেট সেসনে পারলেন না কিন্তু আগামী দিনে আইন করুন নূতন করে, একটা ভাল আইন আনুন আমরা বিচার বিবেচনা করি, তাহলে সত্যসত্যই পশ্চিমবাংলার সহরগুলির উন্নতি হবে এবং পৌর শাসন ব্যবস্থার আমরা পরিবর্তন করতে পারব। তা না হলে পিসমিল রেজোলিউশন দিয়ে কিছু হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি যখন এই রিপিল বিলটা এল দু তিনটি সংশয়-এর কথা বলে রাখি। পৌরমন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় বললেন। বালি মিউনিসিপ্যালিটি এবং হাওড়া মিউনিসিপ্যালিটি আলাদা হল পুরো এলেকা সমেত, কিন্তু ১৯৬৫ সালের বিলিতে বালি এবং হাওড়া মিউনিসিপ্যালিটির বাইরে যেগুলি নন্‌মিউনিসিপ্যালিটি এরিয়া ছিল, সেগুলির অনেকগুলি খুব উন্নত অঞ্চল, শিল্পোন্নত অঞ্চল এবং সেগুলি প্রায় সহরের সম্প্রসারণ বলা যেতে পারে, সেগুলিকে আবার অঞ্চলে ঢুকিয়ে দিলেন কেন? ধরুন দুই একটা জায়গার কথা বলা যাক। আপনি বলেছেন হাওড়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে ১৯২৩ সালের যে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট যা খানিকটা সামান্য আকারে হাওড়া মিউনিসিপ্যালিটিকে পরিচালনা করত, হাওড়ার ক্ষেত্রে সেটা বলবৎ হবে। সেটা সেক্ষেত্রে হয়ে গেছে। বালির ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট বলবৎ হবে। পুরানো যে সমস্ত অঞ্চল ছিল সেগুলির ক্ষেত্রে অঞ্চল আইন বলবৎ হবে, অর্থাৎ সেগুলি কর্পোরেশনের মধ্যে অন্তর্ভুক্ত হল সেগুলি আবার অঞ্চল শাসন ব্যবস্থায় গড়ে উঠবে। ধরা যাক বাকসারা অঞ্চল, নাজিরগঞ্জ যেখানে বড় বড় কারখানা আছে, শালিমার পেইন্ট আছে, বড় বড় কারখানা আছে, পোর্ট ইঞ্জিনীয়ারিং কারখানা আছে, বাল্টিকুড়ি একটা বড় ইণ্ডাষ্ট্রিয়েল এলেকা বেশ বড় উন্নত অঞ্চল, সেখানে সহরের সমস্ত সুযোগ সুবিধা সম্প্রসারিত হোক এটা চাই, সেগুলিকে আবার অঞ্চলে ফিরিয়ে দেওয়া হবে। যেমন ধরুন সাঁতরাগাছি রেল কলোনী সেটা আবার চলে যাবে অঞ্চলের মধ্যে। আবার কোণার স্যাটেলাইট টাউন যেটা ডঃ রায় বলেছিলেন হাওড়া সহরকে বাড়াবার জন্য নূতন সহর সৃষ্টি করার জন্য, সেই কোণার স্যাটেলাইট টাউন আবার চলে যাবে অঞ্চলের মধ্যে। এখন অবস্থাটা কি দাঁড়াবে? আজকে পঞ্চায়েত আইন [illegible] করেছেন, পরিবর্তন করেছেন কিন্তু তাতে কি পঞ্চায়েতগুলি এই ক্রমবর্ধমান শিল্পোন্নত সহরতলী অঞ্চলের চাহিদা মেটাতে পারবে? নাজিরগঞ্জ বাকসারা, কোণার স্যাটেলাইট টাউন, সাঁতরাগাছি রেলওয়ে কলোনী এই অঞ্চলগুলির চাহিদা কি মেটাতে পারবে? জলের চাহিদা, রাস্তার চাহিদা আলোর চাহিদা, ড্রেন সুয়ারেজের চাহিদা এই সমস্ত কি মেটাতে পারবে? আমি মনে করি পারবে না। সুতরাং আজকের আইন রিপিল করার সঙ্গে সঙ্গে আর একটা কন্সিকুয়েনশিয়েল বিলের কথা আসবে, পরিনামী বিল একটা উপস্থিত করতে হবে, সেটাতে হয়ত ওখানকার লোক কিছু কিছু আপত্তি করবে কেননা অঞ্চল চালাতে গেলে যেখানে ৮০ পয়সা ট্যাক্স দিত সেখানে দেড় টাকা ট্যাক্স দেবে এবং আমরা চেষ্টা করবো যাতে সুযোগ সুবিধাগুলি থাকে, কিন্তু এটা সম্ভব নয়।

[6-05—6-15 p.m.]

পশ্চিমবাংলার খুব দুটো-একটা অঞ্চল ছাড়া এমন কি কোন অঞ্চল আছে যেখানে মিউনিসিপ্যালিটী রাস্তার ষ্ট্রিট লাইট-এর ব্যবস্থা করতে পারেন? তাঁদের পক্ষে তা সম্ভব নয়। আঞ্চলিক সহরের ফিনানসিয়াল রিসোর্সেস যতই বাড়াবার চেষ্টা করুন না কেন এই বাজেটের মধ্য থেকে এই আর্থিক অবস্থার মধ্য থেকে তাঁরা ষ্ট্রিট লাইট-এর ব্যবস্থা করতে পারেন না। পশ্চিমবাংলার কোন্ অঞ্চল আছে যাঁরা ড্রেনেজের ব্যবস্থা করতে

.পারেন? পশ্চিমবাংলার কোন্ অঞ্চল আছে যারা নিজেদের উদ্যোগে ডিপ টিউব ওয়েল করতে পারে? গভর্ণমেন্ট লেভেলে করতে পারবে? তাও পারবে না। সুতরাং আমার প্রধান বক্তব্য হচ্ছে যে অঞ্চলগুলো নন্-মিউনিসিপ্যাল অঞ্চল বলে কর্পোরেশন এলাকার বাইরে ফেলে দিচ্ছেন। যেগুলি অঞ্চলের ঘাড়ে দিয়ে দিচ্ছেন আগে যেগুলি কর্পোরেশনের ভেতর অন্তর্ভুক্ত ছিল সেগুলি সম্পর্কে একটা "কন্সিকোয়েনসিয়াল বিল" একটা প্রস্তাব মারফৎ আপনাকে এই হাউসের মধ্যে উপস্থিত করতে হবে। তাছাড়া আর কোন উপায় এখন নাই। তা নাহলে স্বভাবতঃ একটা অন্যায় করা হবে। কিছু লোক বলবে আমরা গ্রামে ফিরে যাব। ওখানে ডেভালপমেন্ট হয়েছে দেখছি, আর আমাদের একটা পীচের রাস্তাও নাই। এরচেয়ে আমরা গ্রামে ফিরে যাব অযথা এখানে ট্যাক্স বাড়িয়ে কাজ নাই। আমরা পীচের রাস্তা চাই না, আমরা মেটো রাস্তায় যাব। এই সমস্ত কথা লোকে বলবে। আমরা তো তা চাইনা---আমরা চাই সহর হাওড়া। আজ এই হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এর কল্যাণে সহর থেকে নিম্ন মধ্যবিত্তরা দূরে চলে যেতে বাধ্য হচ্ছে। কারণ তাঁরা এই সমস্ত মিউনিসিপ্যাল এলাকার বাইরে গিয়ে বসতি স্থাপনের চেস্টা করছে। তাদের একটা ক্রম-বর্দ্ধমান চাহিদা আছে, সুযোগ-সুবিধার জন্য মিউনিসিপ্যালিটী। সুতরাং হাওড়া মিউনিসিপ্যালিটীর বাইরে বালি মিউনিসিপ্যালিটী ছাড়া আরো যে ১৪টী মৌজা নন্-মিউনিসিপ্যাল মৌজা আছে তাদেরকে কর্পোরেশনের অন্তর্ভুক্ত করা হয়েছিল সেগুলি সম্পর্কে আপনাকে একটা সিদ্ধান্ত এখনই নিতে হবে। সেগুলি সম্বন্ধে আপনি কি করবেন? যে সম্বন্ধে সিদ্ধান্ত আপনাকে নিতে হবে। আমি আশা করবো পৌরমন্ত্রী সে সম্বন্ধে এখানে কিছু বলবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন যেটা বলা হয়েছে প্রস্তাবে---যে হাওড়া মিউনিসিপ্যালিটীর ট্যাক্স অত্যন্ত কম আদায় হয়। কুড়ি পার্সেন্ট,---কি তারও কম। আর বালি মিউনিসিপ্যালিটীতে আদায় হয় ৫২ পারসেন্ট-এর মত। কাজেই তারা আলাদা আলাদা থাকবে। এখন ধরা যাক এই এ্যাক্ট রিপিল হয়ে গেল, পাশ হয়ে গেল এবং হবার পর এই হাওড়া মিউনিসিপ্যালিটী দাঁড়িয়ে গেল; আর পুরানো হাওড়া মিউনিসিপ্যালিটী যা ১৯২৩ সালের ক্যালকাটা মিউনিসিপ্যালিটি এ্যাক্ট দ্বারা পরিচালিত হবে, তার অবস্থা কী হবে? তার আর্থিক অবস্থা কোথায় গিয়ে দাঁড়ালো? সুতরাং এই এ্যাক্ট রিপিল হবার পর আমার ধারণা হচ্ছে পৌরমন্ত্রীমহাশয় আগে থেকে ঠিক করেছেন যা তাঁর উদ্দেশ্য শুনলাম, আগামী দু-দশকে হাওড়া পৌরসভার মধ্যে নির্বাচিত কোন পৌর বোর্ড থাকবে না। আর থাকলেও তারা কাজ চালাতে পারবে না। যে আড়াই কোটী টাকা ঋণ আছে---যখন ঐ এলাকা আরো ছোট হয়ে গেল, বালির অপেক্ষাকৃত সলভেন্ট এলাকায় সব চলে গেল। এস্টাবলিসমেন্ট খরচ বালি তো প্রায় দেয় না, হাওড়া মিউনিসিপ্যালিটী বেশী দেয়---বালিতে কম। সুতরাং হাওড়া মিউনিসিপ্যালিটির উপর আরো খরচ চাপালো। আড়াই কোটী টাকা ঋণ আছে। সেই ঋণ প্রত্যেক বছর বাড়তে থাকবে---তিন, চার, পাঁচ কোটী টাকায় গিয়ে দাঁড়াবে। তাহলে হাওড়া মিউনিসিপ্যালিটি তার যে পৌরসভা কলকাতার পশ্চিমে বৃহত্তর কলকাতার ক্রমবর্দ্ধমান একটা বৃহত্তর অংশ---এই হাওড়ার দিক আরবানাইজেসান হাক্, তার রিসোরসেস বাড়ুক, সমৃদ্ধিকরণ হোক্ এটা আমরা চাইছি। কিন্তু তার অবস্থা ভবিষ্যতে কী দাঁড়ালো? আমরা মনে করছি খুব পৌর শাসনে কর পাটা না থাকলে ভবিষ্যতে ছোট হয়ে গেল যে হাওড়া মিউনিসিপ্যালিটী, যা অবিরত ঋণ নিমজ্জিত হচ্ছে, তার দায়িত্ব নিতে কেউ এগিয়ে আসবে না। তার আসল সমস্যা কি সে কথাও ভাবতে হবে। যেখানে আমরা চাই-বা-না চাই গণতন্ত্রের ভবিষ্যৎ সমাধি হয়ে গেল সে কথা ভাবতে হবে। কিন্তু আসল সমস্যা সেখানে নয়। আসল সমস্যা হচ্ছে রিসোরসেস এর সমস্যা, টাকা পয়সা আদায়ের সমস্যা। পশ্চিমবাংলার অধিকাংশে র---সভাসমস্যাই তাই। হাওড়া পৌরসভা সম্বন্ধে যেকোন লোকের সঙ্গে কথা বললে পাবেন, সকলেই একবাক্যে বলবে হাওড়া সহরে ট্যাক্স প্রচুর বেড়ে গেছে। দাসগুপ্ত, তিনি এখানে নাই---তিনি জানেন এই ট্যাক্স কি পরিমাণ বেড়ে গেছে। বিরুদ্ধে অনেকের রিসেন্টমেন্ট আছে। অথচ হাওড়া সহরের জন্য যে আইন আছে, পৌর আইন আছে---তাতে ইণ্ডাস্ট্রিয়াল আণ্ডারটেকিংস শিল্পকারখানা যেগুলি আছে

তাতে স্ল্যাব সিস্টেম-এ ট্যাক্স বসাবার ব্যবস্থা নাই। যার ফলে ট্যাক্স বাড়ছে না। রেসিডেন্সিয়াল হাউসের যে ট্যাক্স আর ইণ্ডাস্ট্রিয়াল আণ্ডারটেকিং এরও সেই একই ট্যাক্স হার।

কাজেই তুলনামূলকভাবে ঐসব শিল্প কারখানার ট্যাক্স অনেক কম। যারজন্য ট্যাক্স বাড়ছে না। গভর্ণমেন্টকে টাকা বার বার দিতে হচ্ছে। হাওড়া সহরের একটা মজা আছে--সেখানে প্রচুর বড়লোক থাকে, শিল্প কারখানার মালিক যেমন থাকে, তেমনি প্রচুর দরিদ্র মানুষও রয়েছে। সুতরাং হাওড়ার যে শিল্প কারখানাগুলি আছে তার উপর আরো বেশী করে ট্যাক্স চাপান যেতে পারে, বেশী ট্যাক্স করা যেতে পারে। প্রোগ্রেসিভ সিসটেম-এ ট্যাক্স-এর ব্যবস্থা করলে হাওড়া সহরের রিসোর্সেস অনেক বাড়তে পারে। আজকাল যে সমস্ত এনকোয়ারী কমিশন হচ্ছে, লোকাল ট্যাক্সেসন সম্পর্কে যে কমিটী হয়েছে, তার অনেক রিপোর্ট আছে। সেগুলি একটু বিচারবিবেচনা করে দেখলে ভাল হয়। আমি পৌরমন্ত্রীকে বলি যে কিছুকিছু ট্যাক্স বাড়াবার উপায় ও ব্যাপক সুযোগ করে দেবার কথা আপনাকে ভাবতে হবে। বোম্বেতে যেমন আছে ট্রান্সপোর্ট বাবদ ট্যাক্স কর্পোরেসন পরিচালিত করে রোজগার করে। আমরাও সেইরকম কিছু করতে পারি কিনা পরীক্ষা করে দেখুন প্রথম এই হাওড়া দিয়ে সুরু করুন--দেখা যাক্ আমরা পারবো কিনা। তারপর ধরুন এ্যামিউজমেন্ট ট্যাক্স ইত্যাদি যেগুলি আছে তার একটা অংশ আমরা নিতে পারি কিনা। টার্মিন্যাল ট্যাক্স বোধহয় হাওড়া মিউনিসিপ্যালিটির কিছু আছে। সেটা আরো বাড়িয়ে দিলে কিছু বেশী টাকা আদায় হতে পারে। হাওড়া হচ্ছে কলকাতা সহরের গেট-ওয়ে। এই হাওড়ার উপর দিয়ে দৈনিক লক্ষ লক্ষ লোক যাতায়াত করে কলকাতায়। এই সমস্ত মানুষের কাছ থেকে টার্মিন্যাল ট্যাক্স বা এই ধরনের কিছু আমরা নিতে পারি কিনা? মালপত্রের উপর অকট্রয়-এর অংশ বেশী করে হাওড়া মিউনিসিপ্যালিটিকে দেওয়া যেতে পারে কিনা--সেই সম্পর্কেও আপনি একটু ভেবে দেখবেন। তা নাহলে আজকে কিছু হবে না।

তা নাহলে কিছু হবে না। আপনি হাওড়া মিউনিসিপ্যালিটির কথা বলেছেন সেখানে বালি মিউনিসিপ্যালিটির লোকের আপত্তি আছে। হাওড়ার ইমপ্রুভমেন্ট-এর জন্য সেখানে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আছে। আপনারা সেখানে সুয়ারেজ স্কীম গত ১০ বৎসরে করতে পারেননি। একটা বাই পাস সেই শৈলবাবুর আমলে হয়েছিল সেই হাওড়া স্টেশন থেকে সেই বাই পাস এখনও কমপ্লিট করতে পারলেন না। হাওড়া মিউনিসিপ্যালিটির অনেক লোককে উচ্ছেদ করা হয়েছে। অপরদিকে সুরোজমল নাগরমলকে বহু টাকা কমপেনসেসান হিসাবে পাইয়ে দিয়েছেন। অথচ আমরা দেখছি যে সেই বাই পাস এখনও কমপ্লিট হল না। হাওড়ার অবস্থা দেখে অনেকে ঠাট্টা করে বলেন যে নোংরা ঘিঞ্জি শহর, সারফেস ড্রেন, নর্দমা অসংখ্য, বহু বস্তি যার কোন উন্নতি নেই। আজ পর্য্যন্ত এসবের কোন উন্নতি হয়নি। এই শ্বাসরোধ অবস্থার মধ্যে সেখানের মানুষ বাস করে। এর একটা প্রতিকারের ব্যবস্থা করা দরকার। গোটা শহরের কথা ভেবে সরকারকে বলবো যে আপনাদের আরো অনেক টাকা দিতে হবে। এই কথা ভেবে দেখা দরকার টাকা আপনাদের সেখানে দিতেই হবে, হাওড়ায় টাকা না দিলে আপনারা তাকে বাঁচাতে পারবেন না। এমন অনেকে ঠাট্টা করে বলেন যে আরো ১০ বৎসর হাওড়াকে সরকারের হাতে রেখে দেওয়া হোক ও কিছু টাকা দিয়ে একে ঠিক করে দিক। হাওড়ার যা অবস্থা এ অবস্থা থাকলে হাওড়া বাঁচবে না। আমি তাই বলছি আমাদের পৌরমন্ত্রী মহাশয়কে দুটা কাজ করতে হবে প্রথম হলো কনসিকোয়েন্সিয়াল বিল আনতে হবে যাতে হাওড়া মিউনিসিপ্যালিটি ১৯২৩ সালে মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ যা ছিল সে অবস্থায় ফিরে যাচ্ছে যা অসম্ভব আজকের দিনে এবং অবাস্তব ও হাস্যকর। সুতরাং এরজন্য আমাদের নুতন বিল আনতে হবে। ২য় কথা যে হাওড়ার কিছু অংশ বাইরে চলে যাচ্ছে, আমার মনে হয় হাওড়া মিউনিসিপ্যালিটির সেই সব অঞ্চলগুলির ঐ পৌরসভার অন্তর্ভুক্ত করুন এবং এরজন্য নুতন বিল আনতে হবে। ৩য় হচ্ছে নুতন যে হাওড়া মিউনিসিপ্যালিটি আইন আসবে তাতে হাওড়ার রিসোর্সেসের বাড়াবার জন্য [illegible] হবে। তা

তাহলে আপনারা হাওড়া মিউনিসিপ্যালিটির সমস্যার সমাধান করতে পারবেন না। বলা হয়, হাওড়ার পশ্চিমকুল বারানসীর সমতুল, কিন্তু হাওড়ায় গেলে মানুষের সে ভক্তিশ্রদ্ধা থাকে না। সেখানে মানুষের দুঃখ দেখলে কষ্ট হয়। আপনি স্যার, হাওড়ার লোক কিন্তু দেখুন আজকে সেখানে কি অবস্থা। সেখানে কারুর যেতে ভাল লাগেনা। হাওড়ায় অনেক বড় বড় লোক বাস করেন, সেখানে দরিদ্র মধ্যবিত্ত সবরকমের লোকই আছেন তাই সেখানে এইসব কাজ করা অপরিহার্য্য। হাওড়া হলো কলকাতা শহরের প্রবেশ পথ। হাওড়ার নিজস্ব একটা স্থান আছে। তাই আমি বলবো আপনারা এ ব্যাপারে দৃষ্টি দিন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Supriyo Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। আমি হাওড়া মিউনিসিপ্যাল এলাকার লোক। সুতরাং বিশ্বনাথবাবু যে দুঃখ প্রকাশ করেছেন সে দুঃখ আমারও হয়। সেখানে যে জিনিস হচ্ছে তা আমরা দেখতে পাচ্ছি। সেখানে বৃহৎ উন্নতি করবার জন্য সি,এম,ডি,এ এবং ডিফারেন্ট অর্গানাইজেসান-এর মধ্যে নিয়ে নিয়েছেন যেমন সি,এম,ডাব্লু,এস,এ এইচ,আই,টি, সি,আই,টি ইত্যাদি যেগুলি সব নিয়েছেন আমি মনে করি যে হাওড়ার উন্নতি করবার জন্য যে মিউনিসিপ্যাল এলাকাগুলি একত্রিত করা হয়েছিল এবং একটা কর্পোরেশান তৈরি করা হয়েছিল তাতে আমরা মনে করেছিলাম এই বালিকে নিয়ে করার জন্য হাওড়ার জনসাধারণ হিসাবে যে আমাদের অনেক উন্নতি হবে আমরা অনেকটা এগিয়ে যেতে পারবো। সে হিসাবে সাধারণ মানুষ হিসাবে আমি নিশ্চই দুঃখ পাচ্ছি যে একটা গড়া জিনিষকে ভেঙ্গে দেওয়া হচ্ছে। আমি বিশ্বনাথবাবুকে বলবো যে তিনি দুঃখ প্রকাশ করেছেন সেই দুঃখটার কথা যদি তিনি একটু ভেবে দেখেন। ১৯৬৫ সালের পর যখন এটা হলো, যখন ১৯৬৭ সালের নির্বাচনের পর যুক্তফ্রন্টের নির্বাচিত প্রার্থীরা যারা জিতেছিলেন তাদের মামলার দ্বারাই আজকে এইরূপ একটা ডেড লক অবস্থার সৃষ্টি হয়েছে। তারা যদি তখন মামলা না করতেন তাহলে বিশ্বনাথবাবুকে বা আমাকে আজকে দুঃখ প্রকাশ করতে হতো না। তাই সাধারন মানুষ হিসাবে বলি, হাওড়ার লোক হিসাবে বলি যে আজকে যে অবস্থা হয়েছে এরজন্য আমি তাদেরই দায়ী করবো। আজকে যে বিল এখানে এসেছে এর এ্যাডমিনিস্ট্রেটিভ দিক সম্পর্কে বিশ্বনাথবাবু বলেছেন যে বর্তমান প্রশাসনিক দিক থেকে এটা গ্রহণযোগ্য ও সমর্থনযোগ্য। আমি সেইজন্য বলছি এটা যদি আরো আগে হত তাহলে হাওড়ার লোকেরা বেঁচে যেত। আজকে আমার একটা কথা মনে হচ্ছে যে হাওড়াবাসীরা বোধ হয় একটা আলোর সন্ধান পাবেন। আজকে হাওড়া মিউনিসিপ্যাল সারভিসের যে অবস্থা রাস্তা-ঘাটের যে অবস্থা, সেখানে জল সরবরাহের যা অবস্থা হেল্থ-এর যে কন্ডিশান, সে অবস্থায় মনে করি যে ১৯৬৭ সালের পর থেকে সেখানে যে ডেড লকের সৃষ্টি হয়েছিল, হাওড়া মিউনিসিপ্যালিটিতে সরকারী আমলারা গিয়ে ১৯৬৭ থেকে ১৯৭৪ হাওড়া মিউনিসিপ্যালিটির যা অবস্থা তা গ্রাজুয়ালী ব্যাড টু ওয়ার্স্ট-এর দিকে চলে যাচ্ছে।

[6-15—6-25 p.m.]

আমি মনে করি আজকে এই বিলটা হবার পর অনতিবিলম্বে যদি নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধিরা আসেন তাহলে সরকারী আমলার হাত থেকে জনপ্রতিনিধিদের হাতে গিয়ে হয়তো জনসাধারণের জন্য চিন্তা করে হাওড়া শহরের কিছু উন্নতি হতে পারে। তাই প্রথমেই এই কারণে এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। আজকে স্বভাবতই একটা প্রশ্ন উঠেছে যে হাওড়া মিউনিসিপ্যালিটির সাথে বালি মিউনিসিপ্যালিটি থাকলে যে করপোরেসান হয়েছিল তা খারাপ না ভাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাওড়ায় থাকেন, হাওড়া মিউনিসিপ্যালিটির অবস্থা জানেন। সেখানে গেলে আপনি জানেন একটা টিউবয়েল সারানোর জন্য নাট-বল্টু পাই না। দীর্ঘদিন ধরে টিউবয়েল সেখানে খারাপ হয়ে পড়ে রয়েছে। টিউবয়েল সারানো হয়ে গিয়েছে গত বছর বিল [illegible] একটা

জলও পড়ে না। বহু গলির মধ্য দিয়ে বহু রাস্তা দিয়ে পাইপ যায় নি। নর্দমাগুলো অসম্ভব-ভাবে অপরিষ্কার রয়েছে, পরিষ্কার হয় না। রাস্তাঘাট নির্মাণ করার জন্য, মেরামত করার জন্য ভাংগাচোরা সারাবার জন্য বললে বলেন--কোথা থেকে দেব? যে পৌরসভায় সরকার থেকে মাসে ১০ লক্ষ টাকা না গেলে কর্মচারীদের মাইনে দেওয়া হয় না তারা কোথা থেকে রাস্তা করবেন? তারা কোথা থেকে জল সরবরাহ করবেন? এমন একটি মিউনিসিপ্যালিটি যে মিউনিসিপ্যালিটি এশিয়ার সর্ববৃহত মিউনিসিপ্যালিটি তার সংগে বালি মিউনিসিপ্যালিটি সংযুক্তিকরণ করলে যেন সামগ্রিকভাবে একটা উন্নতি হবে--এই আশা আমরা করতে পারি? এই আশংকাও আমরা দেখতে পাচ্ছি যে সংযুক্তিকরণের পর আর একটা খারাপ মিউনি-সিপ্যালিটি হাওড়া মিউনিসিপ্যালিটি যার অবস্থা অত্যন্ত খারাপ সংযুক্তির পর বালি মিউনি-সিপ্যালিটি যেটা কিছুটা ভালভাবে চলে সেটা আরও খারাপ হয়ে যাবে। আজকে অত্যন্ত দুঃখের বিষয় যে হাওড়া মিউনিসিপ্যালিটিতে ২০ পারসেন্ট-এর বেশি ট্যাক্স আদায় হয় না। কিন্তু বালি মিউনিসিপ্যালিটির অবস্থা কিছুটা ভাল। সেন্ট পারসেন্ট না হলেও মোর দ্যান ৫০ পারসেন্ট সেখানে ক্যালেকসান হচ্ছে এবং সেই ক্যালেকসানের মধ্য দিয়ে বালি মিউনি-সিপ্যালিটি অন্তত কিছুটা বেঁচে থাকতে পারছে। সেটা ডেফিসিটে রান করছে না। আজকে এই দুটো যদি এক করা হয় আমাদের হয়তো আশা থাকবে দুটোর সংযুক্তিকরণের পর একটা গ্রেটার ডেভেলাপমেন্ট হবে। কিন্তু আমি মনে করি একটা গ্রেটার ডেভেলাপমেন্টের জায়গায় এই করপোরেসান হলে পরে সরকারের কতকগুলো ফাইন্যানসিয়াল লায়বিলিটি বেড়ে যাবে। আজকে আমরা মিউনিসিপ্যালিটি থেকে কাজ না পেলেও করপোরেসান হলে কর্মচারীরা করপোরেসানের সমতুল্য স্যালারি ডিমাণ্ড করবে। স্যালারি নিশ্চয় তারা ডিমাণ্ড করবে। কিন্তু করপোরেসান হলে তাদের ডিমাণ্ড লিগালাইজ হয়ে তারা কাজ তো দূরে থাক সেই ডিমাণ্ডের পিছনে ছুটবেন। তাই আমি আশা করি আজকে যে বিলটা এসেছে এই বিলটা কার্য্যকরী হলে হাওড়া মিউনিসিপ্যালিটি বা বালি মিউনিসিপ্যালিটির পৃথকভাবে কিছু উন্নতি সম্ভব। কিন্তু বিশ্বনাথবাবু যেটা বলছিলেন আমি তার সংগে একমত। শুধু বিলটা করলেই চলবে না, কিছু কিছু মেজার্স নিতে হবে যার ফলে হাওড়া মিউনিসিপ্যালিটির যথার্থ কিছু উন্নতি হতে পারে। আজকে যদি আমরা ট্যাক্স ক্যালেকসানের কথা দেখি দেখবো ক্যালকাটা করপোরেসান বা হাওড়া মিউনিসিপ্যালিটি গংগার এদিক আর ওদিক। কিন্তু ক্যালকাটা করপোরেসানে আমরা জানি যে ৮০ পারসেন্ট কি ৯০ পারসেন্ট ট্যাক্স ক্যালেকসান হয়। হাওড়া মিউনিসিপ্যালিটিতে যতদূর জানি ২০ পারসেন্ট হয়। তবে আমি ঠিক জানি না। স্ট্যাটিসটিক্স ভুল কি ঠিক। পৌরমন্ত্রী এখানে আছেন তিনি বলতে পারেন। আমার যতদূর ধারণা যতদূর শোনা তাই বলছি। যাই হক, ক্যালকাটা করপো-রেসানে যে সিসটেমে ট্যাক্স ক্যালেকসান হয়, যে সিসটেমে ট্যাক্স ক্যালেকটররা ট্যাক্স ক্যালেকসান করেন হাওড়া মিউনিসিপ্যালিটিতে সেই ইনসেন্টিভ দেওয়া হচ্ছে না। আর ক্যালকাটা করপোরেসানে তাদের ট্যাক্স ক্যালেকসানের জন্য কাউন্টার রয়েছে, করদাতারা এসে দিয়ে যাবে। কিন্তু হাওড়া মিউনিসিপ্যালিটিতে কোন কাউন্টার নেই।

এছাড়া যে নিয়ম যে পদ্ধতি এই ট্যাক্স কালেকসনে রয়েছে সেই আইন বা পদ্ধতি কিন্তু আদৌ মজবুত নয়। তাই আজকে এই বিল সমর্থন করার সংগে সংগে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এমন একটা মেজারে ট্যাক্স কালেকসনের ক্ষেত্রে আইন প্রবর্তন করুন যার মাধ্যমে ঐ যে আড়াই-কোটি তিন কোটি টাকা ট্যাক্স আদায় বাকী পড়ে রয়েছে সেই ট্যাক্স আদায় করে নিতে পারি। আজকে ইনসেনটিভ দেওয়া হচ্ছে যে যাদের তিন মাসের ট্যাক্স পড়ে আছে তাদের আড়াই পারসেন্ট লেস করে দেওয়া হবে। আর যাদের তার বেশী পড়ে আছে তাদের সেভেন পারসেন্ট লেস দেওয়া হবে। এই যদি করা হয় তাহলে কে আর আড়াই পারসেন্ট লেস নেবে সকলেই সেবেন পারসেন্ট লেস নেবে বেশী করে বাকী রাখবে। তাই আমি পৌর মন্ত্রীকে নিবেদন করছি যে অন্তত এই ট্যাক্স কালেকসনের কাঠামো যেটা রয়েছে সেটাকে পরিবর্তন করার চেষ্টা করুন। আজকে যেটা ওরিয়েন্টেড করার চেষ্টা হচ্ছে তার মাধ্যমে আমি মনে করি হাওড়া মিউনিসিপ্যালিটির ট্যাক্স কালেকসন ইমপ্রুভ হতে পারে না। এ ছাড়া আর একটা কথা যেটা বিশ্বনাথবাবু বল্লেন আমি তাঁর

সংগে একমত। ঐ যে চুক্তি কর সিসটেম বা মোটর ভিহিকিলস এ্যাক্ট [অনুসারে ট্যাক্স কালেক্‌সন হচ্ছে এগুলি থেকে হাওড়া মিউনিসিপ্যালিটি যথাযথভাবে আনুপাতিক হারে টাকা পাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন ভাল করে দেখেন যাতে তার শেয়ার অর্থাৎ মোটর ভিহিকলস ট্যাক্স যেটা দেওয়া হয় বা অন্যান্য যে সব ট্যাক্স দেওয়া হয় সেটা হাওড়া মিউনিসিপ্যালিটি প্রোপোরসনেট ওয়েতে ন্যায়সংগতভাবে যাতে পায় তার ব্যবস্থা করুন যার মাধ্যমে হাওড়া মিউনিসিপ্যালিটির আর্থিক উন্নতি হলে অন্যান্য দিকের কাজকর্মের উন্নতি হতে পারবে। একদিকে অত্যন্ত দুঃখ হচ্ছে যে একটা গড়া জিনিষ ভাঙ্গতে হচ্ছে আবার সেই সংগে সাধারণ মানুষ হিসাবে ঐ অঞ্চলের মানুষ হিসাবে আনন্দ হচ্ছে যে ঐ সরকারী আমলাদের দিয়ে যে হাওড়া মিউনিসিপ্যালিটি চলছিল এখন থেকে সেই হাওড়া মিউনিসিপ্যালিটি জনপ্রতিনিধিদের দ্বারা পরিচালিত হবে। আমিই অনেকবার গিয়ে কাজের জন্য সেখান থেকে ফিরে আসতে হয়েছে। সময় দিয়েও তাদের ঘরে দেখতে পাই নি। এ্যাপয়েন্টমেন্ট করেও তাদের পাওয়া যায় নি। আশা করি জনসাধারণের দিক থেকে জনসাধারণের উন্নতির দিক থেকে তার দ্বারা হাওড়া মিউনিসিপ্যালিটিকে এগিয়ে নিয়ে যেতে পারবে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো শুধু হাওড়ার স্বার্থে নয়, বিল পাশ করতে গিয়ে এই কথাই বলবো আগামী দিনে হাওড়া মিউনিসিপ্যালিটি করপোরেসন হোক স্থানীয় মানুষ হিসাবে তা সকলেই চায় স্থানীয় উন্নতি সেই হিসাবে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন তার যথাযথ ব্যবস্থা করেন। আইন অনুসারে তার নির্বাচনী নোটিশ দিয়ে জনপ্রতিনিধিদের নিয়ে এসে হাওড়া মিউনিসিপ্যালিটিকে জনপ্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান হিসাবে ব্যবহার করেন। এই কয়টি কথা রেখে আমার বক্তব্য শেষ করছি।

Shri Gobinda Chatterjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে হাওড়া মিউনিসিপ্যালিটি (রিপিলিং) বিল যেটা এখানে আনা হয়েছে আমি তাকে স্বাগত জানাচ্ছি। কিন্তু একটা জিনিষ আমি খুব দুঃখের সংগে লক্ষ্য করছি যে হাওড়া সহরের আশে-পাশে যে এলাকাগুলি যেগুলিতে কোথায়ও কোথায়ও পঞ্চায়েতের সংগে ছিল সেই এলাকাগুলিকে আবার অঞ্চল পঞ্চায়েতে ফেরত পাঠাবার ব্যবস্থা হচ্ছে। আমরা সকলেই জানি শিল্পপতিরা বহু শিল্প পৌরসভার উপকণ্ঠে নির্মাণ করে। তার একটা কারণ হচ্ছে, ঐ পৌর এলাকার যে কর সেটা তারা ফাঁকি দিতে পারে। আমরা সকলেই জানি এই রকম একটা অবস্থা হয়েছিল উত্তরপাড়ায় যে মিউনিসিপ্যালিটির ক্ষেত্র আছে তার বাইরে ঐ হিন্দুস্থান মোটর যেটা একটা পশ্চিমবঙ্গে সর্ব বৃহৎ ইঞ্জিনিয়ারিং শিল্প তৈরী হয় এবং আপনারা শুনলে আশ্চর্য হবেন যে তারা কর দিতো মাত্র ৮০ টাকা। এখন তাকে অঞ্চল পঞ্চায়েত ধীরে ধীরে বাড়িয়ে ২৫০ টাকা করেছে।

[6-25—6-35 p.m.]

কোলকাতা শহরের বহু বাড়ীর ট্যাক্স বছরে ২৫০ টাকার বেশী। তা হিন্দ মোটর বছরে যদি ২৫০ টাকা অঞ্চল পঞ্চায়েতকে ট্যাক্স দিয়ে পার পেয়ে যায় তাহলে স্বাভাবিক ভাবেই মিউনিসিপ্যাল এলাকায় আসার কোন প্রস্তাব এলে বা আইন এলে তারা বিরোধিতা করবেন। বিরোধিতা যাতে করা যায় তারজন্য সেই রকম বন্দোবস্ত করবেন, লোকজনকে সেই ভাবে চালাবেন। এমন কি আশেপাশের এলাকার লোকজনকে এই লোভ দেখাবেন যে, তোমাদের উন্নয়ন আমরা করে দেব, এই ভয় দেখাবেন যে, মিউনিসিপ্যালিটিতে গেলে কোন কাজকর্ম হবে না কেবল ট্যাক্স দিতে হবে, এটা তারা করবেন। হাওড়ার ক্ষেত্রে যে সমস্ত অঞ্চলগুলি হাওড়া কর্পোরেশনের সংগে যুক্ত হয়েছিল সেখানে বহু শিল্প গড়ে উঠেছে—ছোট, বড়, মাঝারি নানান শিল্প গড়ে উঠেছে। এখন এই সমস্ত ইণ্ডাস্ট্রিগুলি যদি আবার পূর্বেকার অবস্থায় ফিরে যায় তাহলে একমাত্র তারাই লাভবান হবে, সেই এলাকার মানুষের কোন লাভই হবে না, হাওড়া পৌরসভাও কিছু লাভবান হবে না। এই দিক থেকে মাননীয় পৌরমন্ত্রীকে বিশেষ ভাবে অনুরোধ করবো যে, যে সমস্ত অঞ্চলগুলিকে আবার পূর্বের এলাকায় ফিরিয়ে দেবার ব্যবস্থা তিনি করছেন সেখানে হয় সেই সমস্ত অঞ্চলগুলিকে নিয়ে

আর একটা পৃথক মিউনিসিপ্যালিটি করুন আর তা না হলে তাকে হাওড়া পৌরসভার মধ্যে যাতে আনা যায় তার জন্য আর একটা আইন করুন। এখানে এই দুটি অলটারনেটিভ আছে। এর সংগে সংগে স্যার, আর একটা কথা বলতে চাই। যখন হাওড়া এবং বালি পৌরসভাকে এক করা হয়েছিল তখন সম্ভবতঃ একটা চিন্তা ছিল—অনেক সাজানো, গোছানো কথার বাইরে একটা চিন্তা ছিল যে হাওড়া একটা ডেফিসিট মিউনিসিপ্যালিটি, বিরাট বড় মিউনিসিপ্যালিটি, একটা স্লাম এলাকা বললেও অত্যুক্তি হয় না, এর নানান সমস্যা, এই সব সমস্যার সমাধান করতে পারে না অথচ প্রভাবশালী লোক এখানে আছেন, নেতারা আছেন, সুতরাং হাওড়ার ব্যাপারে একটা কিছু করা দরকার। তারা একটা এক্সপেরিমেন্ট করলেন। স্যার, সেটা হচ্ছে, কয়েকটা গরিব লোককে এক সংগে করে দিলে তারা বড় লোক হয় কিনা দেখার মতন। এই রকম একটা এক্সপেরিমেন্ট তারা করলেন। সেখানে দু' তিনটি ভিখারীকে তারা এক করে দিলেন এই ভেবে যে দেখা যাক ২।৩ ভিখারী এক সংগে হলে কিছু করতে পারে কিনা। সেই এক্সপেরিমেন্টটি টোট্যালি ফেল করলো। সুপ্রিয়-বাবু যে কথা বললেন আমি তাঁর সংগে একমত নই যে যুক্তফ্রন্টের সময় আপনারা এই করেছিলেন, তাই করেছিলেন, মামলা করেছিলেন ইত্যাদি। ব্যাপারটা সেই দিক থেকে বিচার করলে চলবে না। বালি, বেলুড় যে মিউনিসিপ্যালিটী —বালি মিউনিসিপ্যালিটি মানে বেলুড়কে নিয়ে, বালি মিউনিসিপ্যালিটিতে যাঁরা বাস করেন তাঁদের দৃষ্টিকোণ থেকেও এটার বিচার করতে হবে। এই বালি মিউনিসিপ্যালিটি খুব ছোট মিউনিসিপ্যালিটি নয়, এটা পশ্চিমবাংলার বৃহ মিউনিসিপ্যালিটির থেকে বড় মিউনিসিপ্যালিটি। ১৯৬৪ সালের কথা জানি, সেই সময় সেখানে ৮০ ভাগের বেশী ট্যাক্স আদায় হত। একসংগে হবার পরে মন্ত্রিমহাশয়ের স্টেটমেন্ট অনুযায়ী দেখছি ৫২ পারসেন্ট ট্যাক্স আদায়ে দাঁড়িয়েছে। এই মিউনিসিপ্যালিটি যেখানে ৮০ পারসেন্টের বেশী ট্যাক্স আদায় হত এবং হাওড়ার থেকে যে মিউনিসিপ্যালিটি ভালভাবে রান করতো সেই মিউনিসিপ্যালিটির মানুষেদের দৃষ্টিকোণ থেকেও এটার বিচার করতে হবে। বালি মিউনিসিপ্যালিটি খুব ভালোভাবে যে চলতো তা নয় বা এটা একটা আদর্শ মিউনিসিপ্যালিটি ছিল তাও নয় কিন্তু হাওড়ার সংগে যুক্ত করে দেবার ফলে বালি-বেলুড়ের মানুষকে অত্যন্ত নিরুৎসাহিত করে দেওয়া হল, সেখানে উন্নয়নের অনেক রাস্তা বন্ধ হয়ে গেল। এখন বালি-বেলুড়ের যে আয় সেই আয় থেকে হাওড়া মিউনিসিপ্যালিটির আরো একটু তাদের বেনেফিটটা কমাব এরকম চিন্তা হয়ত থেকে থাকতে পারে। বালি থেকে নির্বাচিত মাননীয় সদস্যকে আজকে এখানে দেখছি না, যাই হোক, হয়ত এই চিন্তাটা থাকতে পারে। আমি এই কথাটা বিশেষভাবে বলছি এই কারণে যে, ভবিষ্যতে দুটো মিউনিসিপ্যালিটিকে বা তার পাশের মিউনিসিপ্যালিটিকে এক করে দেবার কোন প্রস্তাব যদি সরকারের বিবেচনাধীন থাকে তাহলে এ জিনিষটা চিন্তা ও বিচার করে যেন সিদ্ধান্ত নেন। অথবা অতীতে যুক্ত করে দেওয়া একটা মিউনিসিপ্যালিটিকে পুনর্বার বিযুক্ত করে দেবার কোন প্রস্তাব যদি মন্ত্রিমহাশয়-এর কাছে থাকে তাহলে এ জিনিষগুলো বিচার করে যেন তিনি সিদ্ধান্ত নেন। অর্থাৎ ঐ যে আগে বললাম, কয়েকটা ভিখারীকে এক করে দিলেই তারা বড়লোক হয় না এটা চিন্তা ও বিচার করার দরকার আছে। মিউনি-সিপ্যালিটির সাইজ কি হবে, কত স্কোয়ার মাইল এলাকা নিয়ে হবে, কত জনসংখ্যাকে কভার করবে, তার আয় কি এগুলি দেখতে হবে। যদি দেখা যায় খুব ছোট মিউনিসিপ্যালিটি যার নিজের অবস্থা ম্যানেজ করা সম্ভব নয় তাহলে সেই মিউনিসিপ্যালিটিকে আরো একটু বড় করে কি করে তার আয়ের উন্নতি করা যায় সেটাও চিন্তা করার দরকার আছে। অর্থাৎ যাতে ভায়াবিলিটি আনা যায় সেটা দেখার প্রয়োজন আছে। সেই জন্য একটা অপটিমাম সাইজ দরকার। কারণ ধরুন একটা ছোট মিউনিসিপ্যালিটি হল এক স্কোয়ার মাইল বা আধ স্কোয়ার মাইল এলাকা নিয়ে এখন তার যে পপুলেসান সেই পপুলেসানের কাছ থেকে যে ট্যাক্স আদায় হওয়া সম্ভব সেই দিক থেকে চিন্তা করা হল না তাহলে সেটা মুশকিলের ব্যাপার হয়ে যায়।

এবং পাশাপাশি অন্য এলাকায় যদি শিল্প এলাকা গড়ে উঠতে থাকে, শিল্পনগরী গড়ে উঠতে থাকে তাহলে সেগুলি যুক্ত করে নেওয়া দরকার। এটা প্রধানতঃ দেখা যাবে, আমি অন্ততঃ হুগলী, হাওড়া জেলার কথা জানি যে রেল লাইন যে সমস্ত এলাকাগুলিতে আছে

সেগুলি প্রধানতঃ অঞ্চল পঞ্চায়েতের এলাকায়। এই অঞ্চল পঞ্চায়েতের এলাকায় থাকার ফলে সেখানকার ইণ্ডাস্ট্রিগুলি একটা বিরাট বেনিফিট পেয়ে যায়। এখন যদি সেগুলি মিউনিসিপ্যাল এলাকার সংগে যুক্ত করা যায় এবং তাদের উপর উপযুক্তভাবে কর ধার্য্য করা যায়, তারা যদি মিউনিসিপ্যাল ট্যাক্স ফাঁকি দিতে না পারে তাহলে মোটামুটিভাবে এলাকাগুলির একটা সামগ্রিক উন্নতি সম্ভব হয়। আমি এই প্রসংগে উত্তরপাড়া-কোতরং মিউনিসিপ্যালিটির কথা বলবো। কারণ উত্তরপাড়া এবং কোতরং মিউনিসিপ্যালিটিকে এ্যামলগেমেট করা হয়েছিল এবং পরবর্ত্তীকালে গেজেট নোটিফিকেসন দিয়ে হিন্দুস্তান মোটরস এলাকায় মাতলা রঘুনাথপুর এলাকা সেখানে যুক্ত করা হয়েছিল। হিন্দুস্তান মোটরস-এর কতৃপক্ষ, তার নিজেরা এবং লোকজন দিয়ে মামলা মোকদ্দমা করিয়ে ইনজাংসন নিয়ে রেখে দিয়েছেন বন্দোবস্ত করে। জানি না, সরকার পক্ষ থেকে কি প্রচেষ্টা আছে। এই রকমভাবে যদি চিন্তা থাকে যে পাশাপাশি শিল্পাঞ্চলগুলিকে আমরা ঐক্যবদ্ধ করে নেব এবং সেগুলি করবার জন্য ঐ সমস্ত শিল্পনগরীর উপর কি প্রভাব সৃষ্টি করা যায়, সরকারের যে প্রভাব আছে সেগুলি যদি ব্যবস্থা করা যায় তাহলে অনেক ভাল হয়। এই রকমভাবে যুক্ত করা সম্বন্ধে যদি মাননীয় মন্ত্রিমহাশয় মিউনিসিপ্যালিটির যে এ্যাসোসিয়েসন আছে এবং সংশ্লিষ্ট বিষয়ে যে সমস্ত সদস্য আছেন তাদের সংগে একটা চিন্তা, পরামর্শ করে যদি করেন তাহলে জিনিষটা অনেক বেশী সুষ্ঠু হয়। কিন্তু মূল সমস্যা এখানে নয়। মূল সমস্যা হচ্ছে পৌরসভাগুলির আয়ের ব্যবস্থা করার জন্য নূতন পন্থা বের করা। তাদের আয়ের ব্যবস্থা করা এবং সামগ্রিকভাবে অবস্থা হচ্ছে সেখানে। আমাদের পৌরসভা সংক্রান্ত যে সমস্ত বিল বিভিন্ন সময়ে এসেছে, আমরা বারে বারে বলেছি যে পৌরসভাগুলিকে স্বাবলম্বী করতে হবে, তার ব্যবস্থা করতে হবে, তাদের আয় বাড়াতে হবে। সেদিক থেকে সরকার কিছুই করছে না যেন একটা প্রচণ্ড বাধা থেকে যাচ্ছে। মিউনিসিপ্যালিটির যে এ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট আছে, প্রত্যেক বিষয়ে এ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট আছে, কিন্তু এ্যাসেসরটা করে কে? না, সরকারের যে প্যানেল অফ এ্যাসেসরস আছে সেই এ্যাসেসরসদের মধ্যে থেকে একবছর বাদে বাদে এ্যাসেসরস যান, গিয়ে এ্যাসেস করে চলে আসেন। তিনি যদি কারো ট্যাক্স বাড়িয়ে দিয়ে থাকেন তাহলে সেই ট্যাক্স কমিয়ে দেওয়ার ক্ষমতা রিভিউ কমিটির আছে। কিন্তু কারো ট্যাক্স যদি আণ্ডার-এ্যাসেসড থাকে তাহলে বাড়ানোর ক্ষমতা রিভিউ কমিটির নেই এবং দেখা যাবে বহু ক্ষেত্রে আণ্ডার এ্যাসেসমেন্ট আছে—বাড়ীতে ভাড়া আছে, কারখানা ইত্যাদি আছে সেখানে আণ্ডার এ্যাসেসমেন্ট আছে। কিন্তু মিউনিসিপ্যালিটির হাতে যদি এ্যাসেসমেন্ট-এর দায়িত্ব দেওয়া হয়—সেখানে জনমতের চাপেও বটে এবং তাদের মিউনিসিপ্যালিটিকে স্বাবলম্বী করার প্রয়োজনের দিক থেকে প্রপারটি এ্যাসেস করতে বাধ্য হবে। কাজেই এ্যাসেসমেন্ট প্রসিডিওরটা চেঞ্জ করা দরকার। এই ধরনের বহু জিনিষ করা যায় সেগুলি আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত কমিটি আছে, আগে হয়েছে, আমি সেগুলি রিপিট করছি না। এবং কেন্দ্রীয় সরকার যে সমস্ত কমিশন নিযুক্ত করেছেন তাদের যে রেকমেণ্ডেসন সেগুলি নিয়ে চিন্তা করে যদি একটা পূর্নাঙ্গ বা কম্প্রিহেনসিভ বিল আনেন এবং সেখানে যদি বিশেষভাবে লক্ষ্য দেন যে মিউনিসিপ্যালিটিগুলির আয় বাড়াতে হবে এবং গণতান্ত্রিকভাবে যাতে ম্যানেজ করা যায়। এখন বর্তমানে যে অবস্থায় আছে মিউনিসিপ্যালিটিগুলির চেয়ারম্যান যা করেন কমিশনারদের তার উপর বেশী কিছু করার থাকে না। কোন কোন ক্ষেত্রে চেয়ারম্যানদের এ্যাবসলিউট পাওয়ার আছে। কিন্তু যেখানে ক্ষমতার আরো বেশী বিকেন্দ্রীকরণ করা দরকার যদি গণতন্ত্রসম্মতভাবে পৌরসভাগুলিকে চালনা করা যেতে পারে। সেটা না করা পর্যন্ত লোককে এ্যামিনিটিজ এবং নীডস সেটিসফাই করার অন্য কোন উপায় নেই। মাননীয় পৌরমন্ত্রী মহাশয়, যদি এই বিষয়ে চিন্তা করেন তাহলে সর্বদিক থেকে সুন্দর হয়। এবং খুব সত্বর একটা কমপ্রিহেনসিভ এ্যামেণ্ডমেন্ট বিল এনে পশ্চিমবঙ্গের পৌরসভাগুলিকে অন্ততঃ বাঁচাবেন। বর্তমানে যে অবস্থায় চলছে সেই অবস্থা থেকে অন্ততঃ বাঁচাবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Subrata Mukhopadhaya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যারা যে বক্তব্য রাখলেন এবং এই রিপিলিং বিল সমর্থন করলেন আমি তাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। অনেক কথা বলার এ

বিলকে কেন্দ্র করে নেই। বিশ্বনাথবাবু যে বক্তব্য বলেছেন, সেই বক্তব্যের উত্তর বিভিন্নভাবে, বিভিন্ন পরিপ্রেক্ষিতে এর আগে আমি বিধানসভায় রেখেছি। নূতন করে তবু একবার আমি আপনাদের কাছে নিবেদন করছি যে এটা কোন রাজনৈতিক সুবিধা বা অসুবিধার প্রশ্ন এই রিপিলিং বিল-এ উত্থাপন আমি করিনি। এই বিল যখন উত্থাপিত হয়, আমাদের সামগ্রিক বিশ্লেষণ করে ধারণা যে দুটি অঞ্চল—হাওড়া এবং বালি—সেই সময় যারা সরকারে ছিলেন বা বিল এনেছিলেন তারা যথেষ্ট পরিমাণ ঐ অঞ্চলের মানুষের জনমতের মর্য্যাদা দেননি। যদি দিতেন তাহলে আজকে আমাকে হাউসের সামনে এটা পেশ করতে হত না। তার কারণ, অনেকগুলি কারণের মধ্যে সাধারণভাবে আমি কিছু বলতে পারি।

[6·35—6·46 p.m.]

তার অনেকগুলো কারণের মধ্যেও সাধারণভাবে আমরা দেখতে পাই যে বালী, হাওড়াকে কেন্দ্র করে যখন কর্পোরেসন গঠন করার প্রস্তাব সরকার পক্ষ থেকে '৬৫ সালে আনা হয়, ঠিক সেইসময় থেকেই উভয়ে বিশেষ করে বালির একটা ক্ষোভ ছিল, এই বিক্ষোভ শুধুমাত্র বিক্ষোভই রইল না, এই সিদ্ধান্তকে আরও জটিল আকার দিল। এর কেস হ'ল এবং নির্ব্বাচিত প্রতিনিধিরা কেস করলেন, কেস করার ফলে আজ পর্য্যন্ত নির্ব্বাচনের সম্ভাবনা দেখা দিতে পারেনি, সেইজন্য আমি প্রথমেই বলতে চাই যে জটিলতার সৃষ্টি হয়েছিল। এই বিল যদি পাশ হয়ে যায় তাহলে সেই জটিলতা থেকে আমরা মুক্ত হবো এবং গণতান্ত্রিক অধিকার নির্ব্বাচনের মাধ্যমে আমরা ফিরিয়ে দিতে সক্ষম হবো। আমি আশাবাদী, আমি মনে করি যে আমরা যখন সকলেই চাই স্বায়ত্বশাসনের অধিকার এবং নির্ব্বাচিত মানুষের হাতে ক্ষমতা দিতে, সেই ক্ষমতা দেবার প্রয়াস এবার আমরা পাবো। দ্বিতীয়তঃ এই কর্পোরেশন যদি গঠিত হ'ত তাহলে সামগ্রিক উপকার কত হত সেটা আমাদের সন্দেহ আছে। শুধুমাত্র একটা সরকারের নূতন করে ফাইনানসিয়াল লাইবিলিটিজ বাড়তো যে কথা বিশ্বনাথবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই এবং আমি একমত যে কর্পোরেশন করে বড় করলেই সমস্যার সমাধান হবে না। কলকাতা কর্পোরেশন-এর সমস্যার সমাধান করবার জন্য যদি আমি বিশ্বনাথবাবুর এলাকা ঐ বেহালা মিউনিসিপ্যালিটি নিয়ে নিই তাহলে কি কলকাতা কর্পোরেশন-এর সমস্যার সমাধান হয়ে যাবে? এলাকা বড় করলেই হবে না। যে মূল সমস্যায় তিনি আঘাত করেছেন, আমিও সরকার পক্ষ থেকে সেই মূল সমস্যার সমাধান করবার চেষ্টা করছি। মৌলিক সমস্যার মূল সমস্যা সমাধান করতে স্বভাবতঃই একটু দেরী হয়। আমি নিজে নিন্দা করি বিচ্ছিন্নভাবে প্রয়াসকে। কিন্তু সরকারে থাকলে কোন কোন জায়গায় বিচ্ছিন্ন প্রয়াস আমাদের গ্রহণ করতে হয়। কারণ এই ক্ষেত্রে ঠিক সেইভাবে এই বিচ্ছিন্ন প্রয়াস করে আমরা এর গতিকে স্তব্ধ করে দিতে চাই না এবং হাওড়া মিউনিসিপ্যালিটি, বালি মিউনিসিপ্যালিটির অগ্রগতিকে ব্যাহত করতে চাই না। আমরা এর সামগ্রিক রূপদান করবার একটা পরিকল্পনা অলরেডি গ্রহণ করেছি। যে কথা উনি বলেছেন যে একটা ওভারঅল পরিবর্ত্তন করা দরকার তার জন্য একটা পরিকল্পনা খসড়া আইন সরকার পক্ষ থেকে পাশ করা দরকার। আমি আগেও বলেছি '৩২ সালের আইন যদি '৭৪ সালে চালু থাকে তাহলে হাওড়া মিউনিসিপ্যালিটি কেন, প্রায় ৯০টি মিউনিসিপ্যালিটির কোন উন্নতি সম্ভব হতে পারে না। এর আগে যারা ছিলেন তাদের এটা ভাবা উচিৎ ছিল। কিন্তু আমরা সরকারে আসার পর, সেই কথা ভেবেছি এবং সেই খসড়ার কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। আমি এই বিধানসভায় এই সময়ে আনতে পারবো না, কিন্তু অচিরে সেই বিল বিধানসভায় আনতে পারবো বলে আশা করছি। দ্বিতীয় কথা, যেটা উনি বলেছেন আমিও সম্পূর্ণ একমত যে রেমিউনারেসন রিসোর্সেস বার করতে হবে। অনেকে বোম্বে'র উদাহরণ দিয়েছেন, বোম্বেতে আছে। বোম্বের পথটা মিউনিসিপ্যালিটিগুলোকে গ্রহণ করতে হবে। রেমিউনারেসন রিসোর্সেস কলকাতা কর্পোরেসন থেকে আরম্ভ করে বাংলাদেশের সমস্ত মিউনিসিপ্যালিটিগুলোতে আমাদের আস্তে আস্তে চিন্তা করতে হবে এবং প্রবর্ত্তন করবার চেষ্টা করতে হবে, সেই ক্ষেত্রে সরকার পক্ষ থেকে কি করেছি, সেই প্রশ্ন উঠতে পারে। প্রথম যেমন উত্তর দিয়েছিলাম যে '৩২ সালের আইন পরিবর্ত্তন করার জন্য সামগ্রিক আইন পরিবর্ত্তন আইন খসড়া তৈরী হচ্ছে এবং সেটা

বিধান সভায় আসবে। দ্বিতীয়তঃ অন্যান্য রিসোর্সেস মিউনিসিপ্যালিটিতে বাড়াবার জন্য আমরা এই কেবিনেট-এর আগের কেবিনেট-এ একটা মিউনিসিপ্যাল ফাইনানসিয়াল কমিশন গঠন করেছি এবং তার কাজ শীঘ্র শুরু হয়ে যাচ্ছে। স্বভাবতঃই আমরা মনে করি যে রিসোর্সেস বাড়াবার আমরা চেষ্টা করছি এবং রিসোর্সেস বাড়ানোর ফলে এ্যাক্টগুলো আধুনিক উপযুক্ত বাস্তবধর্ম্মী এবং বৈজ্ঞানিক যদি করতে পারি তাহলে যে গতিহীন অবস্থা মিউনিসিপ্যালিটিগুলোতে আছে একদম ৫ পারসেন্ট সিভিক্স এ্যামিনিটিস দিচ্ছে না, যে অবস্থা রয়েছে, তা থেকে আমরা মুক্তি পাবো। আমি মনে করি যে এই দুটি কাজ সরকার পক্ষ থেকে যা গ্রহণ করা হয়েছে তা যত দ্রুত সম্ভব যদি সমাধান করা যায় এবং রূপায়ণ করা যায় তত তাড়াতাড়ি এই রাহু অবস্থা থেকে আমাদের মুক্তি হতে পারে।

আমি এই কথা কখনো বলছি না যে হাওড়া মিউনিসিপ্যালিটির বিরাট ভাল অবস্থা, হাওড়া মিউনিসিপ্যালিটির খারাপ অবস্থা, অবশ্য এ বিষয়ে আমার চেয়েও হাওড়ার মানুষ আরো ভাল জানেন। আমি এই দপ্তরে এসে জানতে পেরেছি এবং এটা বুঝতে পারছি যে হাওড়া মিউনিসিপ্যালিটিতে বিচ্ছিন্নভাবে কিছু করলে কোন লাভ হবে না। প্রথমতঃ এমন একটা অবৈজ্ঞানিক কায়দায় গোটা শহরটা করা হয়েছিল, যা প্রায় সেই ব্যাবিলনিক যুগের মত। আমার সন্দেহ আছে যে সে যুগেও এত অবৈজ্ঞানিক শহর করা হত কিনা? লক্ষ লক্ষ বছর আগেকার ঘটনা পড়লে জানতে পারা যায় যে, সে সময়ও সে সব জায়গায় ড্রেনেজ সিসটেম চালু ছিল। কিন্তু হাওড়ায় যে ড্রেনেজ সিসটেম তা আজকের দিনে কোন আধুনিক শহরে থাকতে পারে বলে আমরা বিশ্বাস করি না। সেই জন্য এই আইনে সামগ্রিকভাবে আইনের পরিবর্তনে রেমুনারেটিভ রিসোর্স সাধারণভাবে বাড়বে না। কিন্তু আমার সর্বপ্রথম আবেদন আছে রাজনৈতিক দলগুলির কাছে এবং যারা আজকে এটাকে সমর্থন করেছেন তাদের কাছে যে কর্পোরেশন হলে সেখানে কিছুই হবে না, কর্পোরেশন করে নয়, রিসোর্স বাড়িয়ে নয়, কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির পার্থক্য করে নয়, কিছুতেই কিছু হবে না, যদি না আমরা কর্মচারীদের সচেতন করতে পারি। কর্মচারীদের সেবামূলক মন যদি আমরা তৈরী করতে না পারি---আজকের রাজনৈতিক যুগে, ধর্মের যুগ নয়, রাজনৈতিক অনুশাসনের যুগ---সুতরাং সেই দায়িত্ব এবং কর্তব্য যদি আজকে পালন না করতে পারি, যতরকম বৈজ্ঞানিক পরিকল্পনা করবারই চেষ্টা করা যাক না কেন সব ব্যর্থ হয়ে যাবে এবং ব্যর্থ হয়ে যেতে বাধ্য হবে। মানুষের আসল যে সম্পদ মানুষের সুখ-স্বাচ্ছন্দ্য এবং সাধারণ নিরাপত্তা সেই জিনিষ আমাদের শহরবাসীদের কাছে পৌঁছে দিতে হবে এবং তার জন্য প্রয়াস আমাদের নিতে হবে। সে কর্পোরেশনই হোক আর মিউনিসিপ্যালিটিই হোক প্রত্যেক জায়গায় কর্মচারীদের সেবামূলক সচেতন মন তৈরী করতে হবে। শুধু মাত্র রাজনৈতিক কারণে এবং সংকীর্ণ কারণে কুলাগত বল্যাকমেল করবার যে টেনডেন্সি—প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে সমস্ত রাজনৈতিক দলের লোকেরা কর্মচারীদের মধ্যে ইনজেক্ট হয়ে গিয়েছে তার বিরুদ্ধে আমাদের প্রত্যক্ষ সংগ্রাম করা দরকার। আমি সেদিক থেকে আপনাদের কাছে আবেদন করবো দীর্ঘমেয়াদী স্কীম নিয়ে---একদিকে সরকার তাদের প্রয়াস সুরু করেছেন---আর একদিকে আপনারা যারা রাজনৈতিক দল করেন তারা এই জিনিষের পরিবর্তন করবার জন্য কর্মচারীদের মানসিকতা তৈরী করবার জন্য সক্রিয় অংশগ্রহণ করুন। কয়েকটি গুরুত্বপূর্ণ কথা এখানে আজকে বিশ্বনাথবাবু এবং সুপ্রিয় বাবু বলেছেন, যেমন বিশ্বনাথবাবু বলেছেন বাকশড়া, সাঁতরাগাছি প্রভৃতি শিল্পাঞ্চলগুলি সম্বন্ধে, আমরা জানি এবং সেই মত আমরা এই শিল্প অঞ্চলগুলিকে বালি এবং হাওড়া, যেটার কাছে যেটা সেই মত বিচার করে দেখছি এবং যত তাড়াতাড়ি সম্ভব আমরা ঐ কাছাকাছি মিউনিসিপ্যালিটির সংগে এ্যালায়েড করে দেবার ব্যবস্থা অবলম্বন করছি। গোবিন্দ-বাবু একটা কথা বলেছেন যে ছোট হলেই সর্বনাশ নয়, অথবা বড় হলেই সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে তা নয়, স্বয়ংসম্পূর্ণ হতে হবে, স্বাবলম্বী হতে হবে। অর্থনৈতিক স্বাবলম্বী হবার জন্য সরকারী প্রয়াসের দরকার, আবার ট্যাক্স আদায় করতে স্বয়ংশাসনের যে নিয়মকানুন সেই অনুযায়ী কাজ করতে হবে। কলকাতা কর্পোরেশনে আজকে ৯৫ পারসেন্ট ট্যাক্স আদায় হচ্ছে, আর হাওড়া মিউনিসিপ্যালিটি, এত বড় মিউনিসিপ্যালিটি, বড় বড় সমস্ত ফ্যাক্টরি আছে, যার লক্ষ লক্ষ টাকা ট্যাক্স, সেখানে তা সত্বেও ট্যাক্স আদায় হয় না,

বলুন কোন আইন করলে এই ট্যাক্স আদায় হবে? এটা আজকে ভাবা দরকার, কর্মচারীদের সচেতন এবং মানসিকতা যদি তৈরী করাতে না পারি তাহলে আমাদের সমস্ত কিছু ব্যর্থ হয়ে যাবে। আমরা তাই বারবার আপনাদের কাছে এটা বলতে চাই যে আমার এই মিউনিসিপ্যাল ডিপার্টমেন্টে এসে যে অভিজ্ঞতা হয়েছে তাতে প্রথম এবং প্রধান কর্তব্য হচ্ছে কর্মচারীদের সচেতন করে তুলতে হবে, এখানকার কর্মচারীদের সেবামূলক মনোভাব তৈরী করুন এবং রাজনৈতিক সংকীর্ণতার ঊর্ধে সমস্ত কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলিকে তুলে রাখবার চেষ্টা করুন। এইটুকু বলে সকলকে ধন্যবাদ জানিয়ে এবং বিল পাশ করে দেবার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Subrata Mukhopadhaya that the Howrah Municipal (Repealing) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the Howrah Municipal (Repealing) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 1 p.m. on Friday, the 3rd May, 1974.

Adjournment

The House was accordingly adjourned at 6-46 p.m. till 1 p.m. on Friday, the 3rd May 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 3rd May, 1974, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 138 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

[There was none to take Oath]

Shri Biswanath Chakrabarti : Sir, the Minister is not here.

Mr. Speaker : Let us take up other questions. I am sending the information to the Minister concerned.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

বর্ধমান জেলায় ডাকাতি, হত্যাকাণ্ড, গুণ্ডামী ও রাহাজানি

*৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৩।) শ্রীমনোরঞ্জন প্রামানিক : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) গত ১৯৭২ সাল হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যান্ত বর্ধমান জেলার কোন্ থানায় কয়টি করিয়া (১) ডাকাতি, (২) হত্যাকান্ড, (৩) গুন্ডামি, ও (৪) রাহাজানির ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) ইহার মধ্যে কতগুলি ক্ষেত্রে অপরাধীর সাজা হইয়াছে?

Dr. Md. Fazle Haque :

(ক) ও (খ) একটা বিস্তারিত তালিকা টেবিলে রাখা হল।

থানার নাম	১৯৭২				১৯৭৩				১৯৭৪ (২৮-২-৭৪ পর্যান্ত)			
	ডাকাতি	হত্যা-কাণ্ড	গুণ্ডামি	রাহা-জানি	ডাকাতি	হত্যা-কাণ্ড	গুণ্ডামি	রাহা-জানি	ডাকাতি	হত্যা-কাণ্ড	গুণ্ডামি	রাহা-জানি
বর্ধমান —	১৪	১৮	—	৩৪	১৮	২৬	—	৬৩	১	৪	—	৪
গলসী —	১১	৬	—	৯	৪	৫	—	২	১	১	—	—
আউসগ্রাম —	৯	২	—	২	৭	৬	—	২	১	১	—	—
ভাতার —	১০	১	—	১	৫	—	—	১	২	—	—	—
মেমারি —	৬	১১	—	—	৮	৬	—	৯	১	—	—	১
জামালপুর —	২	২	—	১	১১	২	—	৭	১	—	—	—
খণ্ডকোষ —	৪	৪	—	১	৬	—	—	[illegible]	—	—	—	—
রায়না —	৪	৪	—	২	৭	২	—	১	১	—	—	—
কালনা —	৫	৬	—	৭	১৩	৯	—	৬	১	—	—	—
পূর্বস্থলী —	১৫	৮	—	৬	২১	—	—	১	১	১	—	—
মন্তেশ্বর —	৬	১	—	—	৭	৩	—	—	—	১	—	১
কাটোয়া —	৭	১	—	৬	১৭	৫	—	৩	৩	—	—	২
কেতুগ্রাম —	৭	১	—	১	৭	১	—	২	৩	১	—	—
মঙ্গলকোট —	৪	১	১	১	৯	১	—	—	১	—	—	—
আসানসোল	১০	৭	—	২	২	৬	—	১৬	১	১	—	৩
চিত্তরঞ্জন —	—	—	—	—	১	—	—	৪	—	—	—	১
সালানপুর —	১	১	—	৪	২	১	—	—	—	—	—	—
কুলটী —	২	১	—	৪	৭	৭	—	৭	—	১	—	—
রাণীগঞ্জ —	৬	৩	—	৮	৫	১০	—	৭	২	—	—	২
জামুরিয়া —	১২	৭	—	১৪	১২	৫	১	১৩	১	—	—	১
হীরাপুর —	১	৯	—	—	৫	৪	—	৮	—	২	—	১
বড়বণী —	১	১	—	—	১	২	—	৩	—	—	—	২
অণ্ডাল —	৫	২	—	৮	৬	২	—	৩	—	—	—	১
ফরিদপুর —	৪	৩	—	৩	৪	১	—	৭	২	—	—	—
কাংসা —	২	৪	৮	২	৬	৫	১০	২	—	—	২	—
বুদবুদ —	৬	২	—	১	১	৩	—	৩	—	—	—	—
দুর্গাপুর —	৮	১০	—	১২	৬	৬	—	৯	—	—	—	৪

[illegible]

১৯৭২				১৯৭৩				১৯৭৪ (২৮-২-৭৪ পর্যান্ত)			
ডাকাতি	হত্যাকাণ্ড	গুণ্ডামি	রাহাজানি	ডাকাতি	হত্যা-কাণ্ড	গুণ্ডামি	রাহাজানি	ডাকাতি	হত্যা-কাণ্ড	গুণ্ডামি	রাহা-জানি
কেস—১ লোক—৩	কেস—১ লোক—১	—	কেস—১ লোক—১	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	কেস—১ লোক—৩	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
কেস—১ লোক—৩	কেস—১ লোক—২	—	—	—	—	—	কেস—১ লোক—[illegible]	—	—	—	—
—	কেস—১ লোক—২	—	—	—	—	—	—	—	—	—	—
—	কেস—১ লোক—১	—	—	—	—	—	—	—	—	—	—
—	কেস—২ লোক—৩	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	কেস—১ লোক—১	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
কেস—১ লোক—১	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
কেস—১ লোক—১	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—
—	—	—	—	—	—	—	—	—	—	—	—

Shri Monoranjan Pramanik :

যাদের গ্রেপ্তার করা হয়েছে, যে তালিকা পেশ করা হয়েছে যাদের জামীন দেওয়া হয়েছে এই তালিকার মধ্যে কি তাদেরও ধরা হয়েছে?

Dr. Md. Fazle Haque :

হ্যাঁ, সব তালিকার মধ্যে ধরা হয়েছে।

Shri Monoranjan Pramanik :

কতগুলি কেসের ফ্যাইনাল রিপোর্ট দেওয়া হয়েছে?

Dr. Md. Fazle Haque :

সমস্ত তালিকা থানাওয়ারী দেওয়া হয়েছে। আপনার প্রশ্ন ছিল বর্দ্ধমান জেলার, আপনি কোন থানার চাচ্ছেন সেটা যদি স্পেসিফিক জানতে চান তাহলে কোন থানার জানতে চাচ্ছেন সেটা বলুন এবং কোন ইয়ারের ১৯৭০, ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪ সাল কোন বছরের সেটা বলুন তাহলে বলতে পারব।

হুগলী জেলায় মিসা আইনে আটক ব্যাক্তির সংখ্যা

*৭৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮৪।) **শ্রীভবানী প্রসাদ সিংহরায় :** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে হুগলী জেলায় কতজনকে মিসা আইনে আটক করা হয়েছে;

(খ) আটক ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগ সমূহ কি কি;

(গ) যাদের আটক করা হয়েছে তাদের বিরুদ্ধে অন্য কোন আদালতে পুলিশ কোন মামলা দায়ের করেছে কি?

(ঘ) করলে, সেই সব ক্ষেত্রে অভিযোগ কি এবং মিসার অভিযোগের সংগে এই অভিযোগের কি কোন মিল আছে;

(ঙ) থাকলে, কয়টি ক্ষেত্রে; এবং

(চ) উক্ত সময়ে উক্ত জেলায় মিসায় আটক ব্যক্তিদের কতজন কি ভাবে ছাড়া পেয়েছেন?

Dr. Md. Fazle Haque :

(ক) ১।৪।৭৩ তারিখ থেকে ৩১।৩।৭৪ তারিখ পর্যান্ত সময়ের মধ্যে আটক ব্যক্তির সংখ্যা ১৫০।

(খ) (১) জনশৃঙ্খলা রক্ষার পক্ষে হানিকর কার্য্য ও (২) সমাজের পক্ষে অত্যাবশ্যকীয় সরবরাহ ও কাজ চালু রাখার পক্ষে হানিকর কার্য্য।

(গ) হ্যাঁ।

(ঘ) ও (ঙ) সব কয়টি আটকের ক্ষেত্রে আদালতে আনীত মামলার অভিযোগ ও মিসার অভিযোগ অনুরূপ।

(চ) মুক্তি পেয়েছেন মোট ৪৪ জন। তাঁদের মধ্যে ২৯ জন উপদেষ্টা পর্ষদের প্রতিবেদনের ভিত্তিতে, ৬ জন সরকারের পুনর্বিবেচনার ফলে, ৫ জন কলিকাতা হাইকোর্টের রায় অনুযায়ী এবং ৪ জন কলিকাতা হাইকোর্ট প্রদত্ত জামিনের আদেশে।

Shri Bhawani Prosad Sinha Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় এটা স্বীকার করেন কিনা যে যাদের বিরুদ্ধে আদালতে স্পেসিফিক মামলা করা হচ্ছে কিন্তু সেগুলি টিকছে না বলে এইভাবে মিসায় লোকদের আটক করার মধ্য দিয়ে পুলিশের অযোগ্যতার প্রমাণ হচ্ছে কিনা?

Dr. Md. Fazle Haque :
আপনার প্রশ্নটা ঠিক বুঝলাম না, তবে মিসা করতে হলে কেস করতে হয় সাক্ষী সাবুদ ইত্যাদি উপযুক্ত প্রমাণের দরকার হয়, সমাজের পক্ষে যারা হানিকর বা এসেনশিয়েল সার্ভিস রক্ষার জন্য যেটা দরকার সেখানে মিসা করা হয়।

Shri Bhawani Prosad Sinha Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি হুগলী জেলায় পুলিশের সংগে বন্দোবস্ত ব্যবস্থায় যারা আসতে পারছে না এই রকম ১৫০ জনের কয়েকজন আছে, তাদের বিরুদ্ধে এইভাবে মামলা করা হয়েছে এবং মামলায় হেরে যাবার অবস্থা যখন হয়েছে তখন তাদের মিসায় আটক করা হয়েছে, এই রকম কোন খবর আপনার আছে কিনা?

Dr. Md. Fazle Haque :
এই রকম খবর আমার জানা নাই।

Shri Bhawani Prosad Sinha Roy :
হুগলী জেলায় আজ পর্য্যন্ত যারা মিসায় আটক হয়েছে এবং যেভাবে মিসায় আটক হয়েছে, দেখা যাচ্ছে একদল পুলিশ কর্মচারী সেখানে উদ্দেশ্যপ্রণোদিত হয়ে কংগ্রেসী ছেলেদের বিরুদ্ধে নানা রকম অভিযোগ সৃষ্টি করছে, এমন কি অনেক নেতৃস্থানীয় লোকের বিরুদ্ধেও এই রকম অভিযোগ সৃষ্টি করছে, এমন কি তারা বলছে মন্ত্রীর হুকুমে, এম, এল, এ-র হুকুমে মিসা হচ্ছে, তাই হুগলীর এই এন্টায়ার ব্যাপারটা মাননীয় মন্ত্রিমহাশয় তদন্ত করবেন কি?

Dr. Md. Fazle Haque :
এই রকম গুরুতর অভিযোগ সম্বলিত কোন স্পেসিফিক ঘটনা যদি দেন নিশ্চয়ই তদন্ত করব।

Shri Ganesh Hatui :
মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে, জানাবেন কি মিসায় যাদের আটক করা হয়েছে, তাদের মধ্যে কালবাজারী কতজন এবং মিল মালিক কত জন আছে?

Dr. Md. Fazle Haque :
এখানে যাদের ধরা হয়েছে তাদের মধ্যে কালবাজারী, মিলমালিক থাকতে পারে, কিন্তু কে কোন ক্যাটাগরির বলা মুস্কিল, এদের এসেন্শিয়েল কমোডিটিজ্ এ্যাক্টে ধরা হয়েছে।

Shri Md. Safiullah :
মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি চণ্ডীতলা থানার অন্নু স্পিনিং ফ্যাক্টরিতে যারা ডিমনেস্ট্রেশন করতে গিয়েছিল তাদের মধ্যে কোন ব্যক্তিকে মিসায় গ্রেপ্তার করা হয়েছে কিনা?

Dr. Md. Fazle Haque :
নোটিশ দিলে বলতে পারি।

Shri Md. Safiullah :
আপনি ভুল তথ্য দিচ্ছেন। অনুপ সেন গুপ্তকে এ্যারেস্ট করা হয়েছে, অন্ধ্র স্পিনিং ফ্যাক্টরিতে স্থানীয় ছেলেদের চাকুরি দেবার জন্য ডিমনেস্ট্রেশন করেছিল, এই ধরণের অপরাধে—যা অপরাধ নয়, তাকে মিসায় আটক করা হয়েছে। আমি স্পেসিফিক ঘটনা দিচ্ছি। কি ব্যবস্থা অবলম্বন করবেন বলবেন কি?

Dr. Md. Fazle Haque :
মাননীয় সদস্য কোন স্পেসিফিক প্রশ্ন করে ঘটনা দিলে নিশ্চয়ই তদন্ত করব, কিন্তু এই প্রশ্নের সংগে সেই ঘটনা সংযুক্ত নয় বলে উত্তর দেওয়া সম্ভব নয়।

Shri Pankaj Kumar Banerjee :
মাননীয় মন্ত্রিমহাশয় এটা কি জানেন যে কোন মন্ত্রী ফলমূল নিয়ে মিসায় আটক কোন ব্যক্তির সংগে দেখা করতে গেছলেন এবং তাঁকে মঞ্জুরী দেওয়া হয়েছিল?

Dr. Md. Fazle Haque :
আমার জানা নাই।

Shri Shish Mohammad :
দুর্নীতিপরায়ণ কাজে লিপ্ত থাকার জন্য যাদের এ্যারেস্ট করা হচ্ছে, এ্যারেস্ট করার পর, কি করে বুঝবেন যে এদের কে কংগ্রেসী আর কে কংগ্রেসী নয় এবং অন্যান্য পার্টির লোক?

Dr. Md. Fazle Haque :
কেউ কংগ্রেস পার্টির কিনা সেটা দিয়ে বিচার করা হয় না, সমাজের পক্ষে ক্ষতিকর যারা তাদেরই ধরা হয়।

[1-10 – 1-20 p.m.]

Shri Md. Safiullah :
হিন্দ-মোটর কারখানার মালিকের নির্দেশে কতজনকে মিসায় গ্রেপ্তার করা হয়েছে?

Dr. Md. Fazle Haque :
মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় সদস্যকে বোঝাতে পারছি না। কোন ব্যক্তির নির্দেশে মিসা হচ্ছে, কি না হচ্ছে আমার কোন স্পেসিফিক কেস জানা নাই, তার জন্য নোটিস দিতে হবে। কতজনকে ছাড়া হয়েছে কি ধরা হয়েছে কোন ইনডিভিজুয়াল থানার ব্যাপার বলা মুশকিল।

Shri Biswanath Chakrabarti :
এই মিসা আটক আইনে পুলিশের খুব সুবিধা আছে এবং বহু জায়গায় এই রকমভাবে তাদের প্রতিহিংসামূলক প্রবৃত্তি চরিতার্থ করছে, বহু ছেলেকে মিসায় আটক আইনে পুলিশ আটক করে দিচ্ছে। এই রকম কেস্ মন্ত্রিমহাশয়কে দিলে তিনি কি এর সুবিচার করবেন?

Dr. Md. Fazle Haque :
নিশ্চয়ই তদন্ত করে দেখবো।

Shri Biswanath Chakrabarti :
পুলিশের কাছ থেকে রিপোর্ট নেওয়া ছাড়া ও স্থানীয় জনপ্রতিনিধির কাছ থেকে এ সম্বন্ধে রিপোর্ট নেবেন?

Dr. Md. Fazle Haque :
তা কি করে সম্ভব হবে।

Shri Susanta Bhattacharjee :
একই ধারায় কেস দায়ের করা হচ্ছে আবার সঙ্গে সঙ্গে সেই ধারায় মিসা করা হচ্ছে এই রকম এ্যাডমিনিস্ট্রেশান—এ অবস্থায় কী করা যায়?

Mr. Speaker : It requires a legal opinion. The matter may be referred to L.R by the Department. The Minister is not the competent authority to give opinion in the legal matter.

Shri Bhawani Prosad Sinha Roy :
পুলিস আগে একটা স্পেসিফিক কেস্ নিয়ে অভিযোগ দায়ের করছে, সেটা আদালতে যখন তারা প্রমাণ করতে পারছে না, তখন পুলিস সেই লোককেই মিসায় মিথ্যা অভিযোগে আটক করছে— অনেক ক্ষেত্রে এই রকম মিথ্যা ঘটনাও আছে— সেটা সম্বন্ধে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি তিনি জানেন কিনা?

Mr. Speaker : That is a matter in which criminal proceedings have been started. At the same time the man is being arrested under MISA, I think the original case that is pending in the court of law is filed by the Police. That is not pursued against a particular man.

Shri Sarat Chandra Das :
মিসা কেসের ব্যাপারগুলো খতিয়ে দেখবার জন্য কোন ট্রাইবুনাল আছে— এটা সত্য কি?

Dr. Md. Fazle Haque :
মিসা কেস্ সম্পর্কে আমাদের একটা প্রোসিডিয়োর আছে—সব সর্ট আউট হয়ে ডিস্ট্রিক্ট অথোরিটি এস.পি, ডি.এম-এর কাছ থেকে আমাদের কাছে আসে। আমরা সেটা এ্যাপ্রুভ করবার পর ৩০ দিনের মধ্যে এ্যাডভাইসারি বোর্ডের কাছে আপীল করা যেতে পারে— এ্যাডভাইসারি বোর্ড বিচার বিবেচনা করে ছেড়ে দিতে পারে। না হলে এ্যাডভাইসারি বোর্ড যদি এ্যাপ্রুভ করেন তো ডিটেনশন-এর ব্যবস্থা হয়।

Shri Sarat Chandra Das :
অভিযুক্ত ব্যক্তি কি ট্রাইবুনালের সামনে বক্তব্য রাখবার সুযোগ পান?

Dr. Md. Fazle Haque :
হ্যাঁ, এ্যাডভাইসারি বোর্ডের সামনে বক্তব্য রাখতে পারে।

Dr. Ramendra Nath Dutt :
যে সব কেসে দেখা যায় পুলিস ফল্স গ্রাউন্ড-এ কেস করেছে ম্যালিসিয়াসলি, সে সব ক্ষেত্রে পুলিসের বিরুদ্ধে কি কোন এ্যাকসান নেওয়া হবে?

Dr. Md. Fazle Haque :
ফল্স গ্রাউন্ড-এ কেস হয়েছে এরকম প্রমাণিত হলে তো কোর্ট থেকে স্ট্রিকচার দেওয়া হয়ে থাকে।

Dr. Ramendra Nath Dutt :
মিসা কেসে যে কয়টা গ্রাউন্ড দেওয়া হয়েছে তা কোর্টে ফল্স প্রমাণিত হলে সেই পুলিস অফিসারের বিরুদ্ধে কোন এ্যাকসান নেওয়া হবে কিনা?

Mr. Speaker : Mr. Dutt, who will declare that all the allegations made against particular persons are maliciously false ? If it goes to the Hon'ble High Court and the High Court expresses the opinion or observes that the grounds are maliciously false then I think action must be taken against that particular officer. There must be some judicial authority or competent authority to declare that grounds are maliciously false. In that case the Government is bound to take action.

Shri Sachinandan Sau :
আমরা লক্ষ্য করছি যে পুলিস যে সমস্ত মিসা আইন করেছে তাতে মিসা আইনের যথেচ্ছ ব্যবহার করছেন ও নানা ক্ষেত্রে তাদের উপর অত্যাচার করা হচ্ছে বলে আমরা মনে করি।

Mr. Speaker : It is a matter of opinion.

Shri Sachinandan Sau :
এই ব্যাপারে আমাদের সরকার বা মন্ত্রী মহাশয় কি চিন্তা করছেন যে সমস্ত অভিযোগ এসেছে অর্থাৎ যে সমস্ত অভিযোগ এসেছে সে সম্পর্কে তিনি কি চিন্তা করছেন? আমার কথা হচ্ছে যে আমরা অভিযোগ দিই সেই সম্পর্কে তিনি কি চিন্তা করছেন?

Dr. Md. Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যা বললেন তাতে উনি মনে করছেন যে পুলিস একসেস করছে। এটা ওনার ব্যক্তিগত মত। আমি বার বার বলেছি যে স্পেসিফিক ঘটনা ওনার যদি দৃষ্টিতে থাকে তাহলে উনি দৃষ্টিগোচর করুন। আমি সাধ্যমত তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করবো এটা আশ্বাস দিতে পারি।

Shri Asamanja De :
মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, মিসায় আটক ব্যক্তিদের মধ্যে কতজনকে হাইকোর্ট থেকে রিলিজ করে দিয়েছে, এবং যদি দিয়ে থাকে তাহলে কেন দিয়েছে। আমি হুগলী জেলার কথা বলছি। হুগলী জেলার ব্যক্তিদের মধ্যে কতজনকে ঐ মিসায় আটক ব্যক্তিদের মধ্যে কতজনকে হাইকোর্ট থেকে রিলিজ করে দিয়েছে। এবং যদি দিয়ে থাকে তাহলে কেন দিয়েছে সেটা জানাবেন কি?

Dr. Md. Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাইকোর্ট থেকে কতজনকে রিলিজ করে দিয়েছে তা আমি আমার প্রশ্নের উত্তরে বলেছি। ৫ জনকে ও ৪ জনকে কলকাতা হাইকোর্ট জামিনের আদেশে, এই মোট ৯জন ব্যক্তি রিলিজ হয়েছে।

Shri Naresh Chandra Chaki :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এ্যাডভাইশারি বোর্ড আছে সেটা কাদের নিয়ে তৈরি এবং কিভাবে কতদিন অন্তর তৈরি হয়ে থাকে সেটা দয়া করে জানাবেন কি?

Dr. Md. Fazle Haque :
নোটীশ দিলে বলতে পারবো।

Sukumar Bandyopadhya :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হাইকোর্ট থেকে বা সুপ্রিমকোর্ট থেকে যে সমস্ত ব্যক্তিদের মুক্তি দেওয়া হয়েছে তাদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যারা বিচারপতি তারা পুলিস সম্পর্কে কোন বিরূপ মন্তব্য করে কোন স্ট্রিকচার দিয়েছেন কি?

Dr. Md. Fazle Haque :
আমার জানা নেই।

Shri Abdul Bari Biswas :
মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই দেখেছেন যে মিসায় আটক ব্যক্তিদের কেস প্রমাণ নিয়ে এক দিকে যেমন হাইকোর্ট রিলিজ করে দিচ্ছে, অপর দিকে সরকার কিছু কিছু কেস রিভোক করে দিচ্ছেন। তাহলে এই কথা স্বভাবতঃই প্রমান হচ্ছে যে পুলিস যত কেস মিসা করছে সমস্ত কেস প্রমাণ হচ্ছে না। এই অবস্থায় যাতে যথাযথ ব্যক্তিদের মিসায় ধরা যায় তারজন্য জেলা লেবেলে একটা নন-অফিসিয়াল এ্যাডভাইশারি কমিটি নিয়ে কোন কমিটি করার কথা চিন্তা করছেন কি?

Dr. Md. Fazle Haque :
এরূপ কোন কমিটি করার কথা সরকারের বিবেচনাধীন নেই।

Shri Md. Safiullah :
মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে একই অফেন্সে একজনকে ধরা হয়েছে। সাপোজ ৩২৩-তে ধরা হয়েছে। তার অফেন্স দেখান হল-- তাকে ছেড়ে দেওয়া হল। এই যে এই ভাবে অপব্যবহার হচ্ছে এই অপব্যবহার বন্ধ করার কথা চিন্তা করছেন কি?

Dr. Md. Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য উকিলও বটে। উনি নিজে ক্লিয়ার করে দিয়েছেন যে যে কেস মিসা করা হয়েছে তা কোর্ট কেস হয় না। এক জনের নামে কেস এলে তা ডাইরি হবে। থানায় কেস হবে তারপর পরবর্তী কালে মিসা হয় ফাইল হয়ে যায় কেস থাকে না। আর যেটা বললেন, কোর্ট থেকে ছাড়া পেল তারপর তাকে আবার ধরা হলো। হতে পারে তার মানে এই নয় যে কেসের জন্য মিসা হল। অন্য অভিযোগ থাকতে পারে তাই মিসা করা হয়েছে।

বাংলাভাষায় প্রচারিত অশ্লীল পত্রিকা ও পুস্তক

*৭৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৯।) **শ্রীহেমন্ত দত্ত :** স্বরাষ্ট্র (প্রেস) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে বাংলা ভাষায় কি কি অশ্লীল পত্রিকা ও পুস্তক প্রচলিত আছে ;

(খ) গত তিন বৎসরে কোন্ কোন্ সাহিত্যিক, সাংবাদিক ও কবি অশ্লীলতার দায়ে আদালতে অভিযুক্ত হয়েছেন ;

(গ) তাঁদের মধ্যে কার কার দন্ড হয়েছে ; এবং

(ঘ) এই সমস্ত অশ্লীল পত্রিকা প্রকাশ বন্ধ করার জন্য সরকার কি কি পন্থা অবলম্বন করেছেন?

[1-20—1-30 p.m.]

Dr. Md. Fazle Haque :
(ক) প্রচলিত বিধি অনুযায়ী প্রত্যেকটি প্রকাশিত পত্রিকা ও পুস্তকের কয়েকটি কপি নির্দিষ্ট সরকারী কর্তৃপক্ষকে জমা দেওয়া নিয়ম আছে। কিন্তু অশ্লীল পত্রিকা ও পুস্তকের মুদ্রকগণ স্বভাবতঃই সেগুলি সরকারী দপ্তরে জমা দেন না। সেইজন্য প্রচলিত অশ্লীল

পত্রিকা বা পুস্তকের কোন তালিকা সরকারের নিকট থাকে না তবে এরূপ পত্রিকা ব পুস্তক সরকারের নজরে আসিলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয় ১৯৭৩ সালে প্রচলিত বিধি অনুসারে অথবা পুলিশী অভিযানের ফলে যে সমস্ত পুস্তক ও পত্রিকা সরকারের হাতে আসিয়াছে, তন্মধ্যে নিম্নোক্ত পত্রিকাগুলির বিরুদ্ধে অশ্লীল প্রকাশনার অভিযোগে আইনানুগ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ঃ—

(১) রঙ্গিনী নায়িকা — জানুয়ারী, ১৯৭৩।
(২) পুষ্পধনু — শারদীয়া, ১৯৭৩।
(৩) সম্মুজীবন — শারদীয়া, ১৯৭৩।
(৪) রূপোলী প্রজাপতি — শারদীয়া, ১৯৭৩।
(৫) সঙ্গিনী — শারদীয়া, ১৯৭৩।

(খ) এবং (গ) গত তিন বৎসরে সরকার কর্তৃক কোন সাহিত্যিক, সাংবাদিক ও কবি অশ্লীলতার দায়ে আদালতে অভিযুক্ত হন নাই। কোন ব্যক্তির তরফ হইতে এই জাতীয় অভিযোগ জানিয়া আদালতে মামলা রুজু হইয়া থাকিলে, সরকারের নিকট সে সম্পর্কে পূর্নাঙ্গ তথ্য আপাততঃ নাই। উক্ত তথ্য সংগ্রহ করা হইতেছে এবং যথাসময়ে তাহা বিধানসভায় পেশ করা হইবে।

(ঘ) অশ্লীল পত্র পত্রিকা প্রকাশ বন্ধ করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করিয়াছেন ঃ—

(১) এই সমস্ত অশ্লীল পত্র-পত্রিকার প্রকাশ, প্রচার ও বিক্রয়ের উপর সরকার সতর্ক ও সজাগ দৃষ্টি রাখেন।

(২) অশ্লীল পত্র-পত্রিকা বিক্রয় বন্ধ করার উদ্দেশ্যে পুলিশ পথপার্শ্বস্থিত বিভিন্ন বুকস্টল ও সম্ভাব্য অন্যান্য বিক্রয় কেন্দ্রে মাঝে মাঝে হানা দিয়া বেআইনী অশ্লীল পত্র-পত্রিকা হস্তগত করেন এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হয়।

(৩) স্বরাস্ট্র (মুদ্রিতক) বিভাগের অধীনস্থ বোর্ডকে রিভিউ অফ্ পাবলিকেশনস্ নামক উপদেষ্টা পর্ষদের সমীক্ষা ও বিচারে যে সব পত্র-পত্রিকা অশ্লীল বলিয়া বিবেচিত হয়, আইন উপদেষ্টার পরামর্শ লইয়া সেইসব পত্র-পত্রিকার বিরুদ্ধে সরকার কর্তৃক আদালতে ভারতীয় দন্ডবিধির ২৯২ ধারা অনুযায়ী মামলা রুজু করা হয়।

(৪) আশু ব্যবস্থা অবলম্বন করার জন্য সময় সময় ফৌজদারী দন্ডবিধির ৯৯-এ ধারা অনুযায়ী এইসব পত্র-পত্রিকার আপত্তিকর অশ্লীল সংখ্যাগুলি সঙ্গে সঙ্গেই সরকার কর্তৃক বাজেয়াপ্ত করা হয়।

Shri Hemanta Dutta :

যে সমস্ত অশ্লীল পত্রিকা রেজিস্ট্রি করানো হয় অথচ তা সত্ত্বেও এগুলো যে সরকারী দপ্তরে পাওয়া যাচ্ছে না তার সম্পর্কে কি ব্যবস্থা নিচ্ছেন?

Dr. Md. Fazle Haque :

রেজিস্ট্রি করানোর আমাদের নিয়ম আছে। যে সমস্ত পত্রিকা প্রকাশিত হয় তার তালিকা সরকারের কাছে পেশ করতে হয়। কিন্তু অশ্লীল পত্র-পত্রিকা যারা প্রকাশ করেন তারা আমাদের জানান না। আমাদের খোঁজ-খবর করে বের করতে হয়।

Shri Hemanta Dutta :

আমরা জানি ওই সম্পর্কে প্রোপাইটারের নাম, কি পত্রিকা প্রকাশ করতে যাচ্ছেন— মানথলি, কোয়াটারলি কি এ্যানুয়ালী— এগুলো সরকারকে জানিয়ে রাখেন। কিন্তু প্রথমে যে সাবজেক্ট ম্যাটার সরকারকে দেখিয়ে নেন পরে যখন বেরোয় সেটা অন্য রূপ নেয়। এ সম্পর্কে কিছু বলতে পারেন।

Dr. Md. Fazle Haque :
তারা জানান না। যারা অপকর্মটা করেন তারা জানান না। আমাদের বের করতে হয়। প্রত্যেকের জানাবার কথা কিন্তু জানান না।

Shri Hemanta Dutta :
এই সব পুস্তকাদি অশ্লীল কিনা এই সম্পর্কে বিচার করবার জন্য কোন কমিটি বা ব্যক্তি আছেন কিনা জানাবেন কি?

Dr. Md. Fazle Haque :
জানালাম তো এই সম্পর্কে একটা কমিটি আছে। স্বরাষ্ট্র (মুদ্রিতক) বিভাগের অধীনে বোর্ড অফ পাবলিকেসানস নামে একটা কমিটি আছে। তারা সমস্ত বিচার বিবেচনা করেন। তারপর সরকারের কাছে এলে তারপর লিগ্যাল এ্যাকসান নেওয়া হয়।

Shri Hemanta Dutta :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ যে সমস্ত ফরেন পুস্তক হাওড়া ষ্টেশনে বা বিভিন্ন জায়গায় পাওয়া যায় সে সম্পর্কে সরকার থেকে কি ব্যবস্থা নেওয়া হয়?

Dr. Md. Fazle Haque :
আমিতো বললাম যে বিভিন্ন স্টলে বা প্রকাশ্যে হাওড়া ষ্টেশনের সন্নিকটে এই সমস্ত পুস্তক যেখানে বিক্রি হয় তার জন্য হাওড়া জি,আর,পি তাদের বিরুদ্ধে কেস করার জন্য বলা হয়েছে এবং তার বিরুদ্ধে এ্যাকসন নেওয়া হয়েছে।

Shri Naresh Chandra Chaki :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে অশ্লীল কথাটির মৌলিক সংজ্ঞা কি?

Mr. Speaker : It is not possible for the Hon'ble Minister to give reply, as it is a legal term.

Shri Asamanja De :
মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই অশ্লীল পত্র-পত্রিকা ধরার তেমন কোন সরকারী ব্যবস্থা নেই। তাহলে এই অশ্লীল পত্র-পত্রিকাগুলি কিভাবে বাজেয়াপ্ত হয়ে থাকে এবং এই যে সব পুস্তক কলকাতার খোলা বাজারে বিক্রি হচ্ছে সেটা কি মন্ত্রিমহাশয়ের চলা-ফেরার পথে চোখে পড়ে না?

Dr. Md. Fazle Haque :
আমিতো বললাম মাঝে মাঝে রেড করা হয়।

Mr. Speaker :
নজরে পড়লে তো উনি তখনই পুলিশকে দিয়ে তা ধরার ব্যবস্থা করেন।

Shri Harasankar Bhattacharyya :
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই যে সমস্ত অশ্লীল পুস্তক যেগুলি আমাদের দেশে ছাপা হয় না, আমেরিকার থেকে এই সব পুস্তক আমাদের দেশে ছেয়ে যাচ্ছে তা ওঁর নজরে এসেছে কি? এবং আমি আরও আবেদন করছি যে সেগুলি আমদানি বন্ধ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সেই রকম কোন প্রস্তাব সরকারের তরফ থেকে রাখা হয়েছে কিনা?

Dr. Md. Fazle Haque:
আমিতো বললাম আমাদের যে ব্যবস্থা চৌরঙ্গীতেই বলুন বা অন্যান্য বুক স্টলে এইরকম পত্র-পত্রিকা থাকলে আমরা মাঝে মাঝে সেখানে হানা দিয়ে থাকি। তবে মাননীয় সদস্য যদি বলেন অমুক জায়গায় বিক্রি হচ্ছে তার বিরুদ্ধে পুলিশ কোন এ্যাকসান নেয় নি তাহলে নিশ্চয় আমি তদন্ত করে ব্যবস্থা নেবো।

Shri Susanta Bhattacharjee:
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে হাওড়া ডি.এম-কে এই সমস্ত অশ্লীল পত্র-পত্রিক বন্ধ করবার জন্য নির্দেশ দেওয়া সত্বেও প্রকাশ্য দিবালোকে এই সমস্ত পত্র-পত্রিকা হাওড়া ষ্টেশনে ও স্টলে বিক্রি হচ্ছে—এ সম্পর্কে হাওড়া ডি.এম-কে কি আপনি জানাবেন?

Dr Md. Fazle Haque:
আমিতো আগেই বলেছি যে হাওড়া জি.আর.পি-র তরফ থেকে এ সম্পর্কে এ্যাকসন নেওয়া হয়। যদি সাক্ষাতে বা অসাক্ষাতে দেখেন এইরকম হচ্ছে—তাহলে আপনি নোটিশে আনবেন নিশ্চয় আমি তার ব্যবস্থা করার চেষ্টা করবো।

Shri Chandra Kumar Dey:
মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে তিনটি ঠিকানা দিচ্ছি। এই তিনটি জায়গা খোঁজ করলে এই সব জিনিস তিনি দেখতে পাবেন যেমন ফ্রী স্কুল ষ্ট্রীট এলাকা, কিড ষ্ট্রীট এরিয়া, হাওড়া ষ্টেশন, শিয়ালদা ষ্টেশন এরিয়ায়, ও নৈহাটি ষ্টেশন এলাকায় আপনি খোঁজখবর করলে সেখানে এই সব জিনিস দেখতে পাবেন।

(উত্তর নাই)

Shri Md. Safiullah:
কলকাতার বিভিন্ন জায়গায় এ্যাবসকন ব্লু ফিল্ম বিভিন্ন জায়গায় পাওয়া যায়। আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাইছি যে এগুলি কোথা থেকে আসে—যতদূর আমি জানি বিদেশ থেকে এগুলি আসে—আমার প্রশ্ন হচ্ছে এগুলি আসার সোরস কি এবং সে সম্বন্ধে আপনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন বা বন্ধ করার জন্য কোন চেষ্টা করেছেন কিনা?

[1-30 - 1-40 p.m.]

Dr. Md. Fazle Haque:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইরকম কোন ব্লু ফিল্ম আমদানী হয় কিনা আমার জানা নেই। যদি হয়ে থাকে তবে এটা বে-আইনীভাবে করা হয়ে থাকে। মাননীয় সদস্য যদি জানান যে অমুক জায়গায় হচ্ছে তাহলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

Shri Biswanath Chakrabarti:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আমাদের রাজ্যের মধ্যে যে সব অশ্লীল পত্র-পত্রিকা বেরোয় সেগুলিকে বন্ধ করার জন্য আপাততঃ কোন উপায় সরকারের হাতে আছে বলে মনে হচ্ছে না। যে সব স্টলগুলি আছে সেখানে এগুলি বিক্রয় হয়। এই সমস্ত কাগজ তারা পায় কোথায়? এরা লাইসেন্স-বা পায় কোথা থেকে? এইরকম স্টল-গুলির বিক্রয় হয়ত বন্ধ করা যায়। কিন্তু যে প্রশ্নটা হরশঙ্করবাবু করলেন যে বিদেশ থেকে ফিল্ম-ই বলুন বা পত্রিকাই বলুন এগুলি প্রচুর আসে। এবং সেগুলি আসে কেন্দ্রীয় সরকারের আমদানী নীতির আড়ালে। সুতরাং কেন্দ্রীয় সরকারকে আপনি লিখবেন কিনা এই সমস্ত জিনিষ আমদানী বন্ধ করার জন্য?

Dr. Md. Fazle Haque:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি এগুলি এসে থাকে তাহলে এটা বে-আইনীভাবে এসেছে। এটাতো আইনসিদ্ধভাবে আসেনি।

Shri Puranjoy Pramanik:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন করছি না। আমি প্রশ্ন করছি চন্দ্রকুমারবাবুর কাছে। যে কথা তিনি বললেন, যে সমস্ত জায়গায় অশ্লীল পুস্তক পাওয়া যায় সেটা কি তিনি নিজের অভিজ্ঞতার কথা বললেন?

Mr. Speaker: Mr. Pramanik, there is a procedure that if you want to ask any question to any individual member, you will have to place that question before me, and if I allow that question, then only that member can give reply to that particular question.

পুরুলিয়া পৌর এলাকার পুকুর বন্দোবস্ত

*৭৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০২।) **শ্রীশরৎ দাস:** পৌরকার্য্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) গত ১৯৭২ সালে খরার ফলে পুরুলিয়া পৌর এলাকায় মৎস্যজীবিদের বন্দোবস্ত দেওয়া পুকুরগুলির জল স্বাভাবিক ভাবে কমিয়া যায় এবং উক্ত পুকুরগুলির মাছ স্থানীয় জনসাধারণ কর্তৃক ধরিয়া লইবার ফলে ঐ মৎস্যজীবিগণ প্রভূত ক্ষতিগ্রস্ত হইয়া পড়িয়াছিলেন; এবং (২) পৌরকার্য্য বিভাগের ২২-২-৭৩ তারিখের মেমো নং ৬০৮।এম।৩পি ৭৭।৭২ এবং পরে ৯।৬।৭৩ তারিখের মেমো নং ১১৮৫।এম।৩পি, ৭৭।৭২ দ্বারা সরকার পুরুলিয়া ডি.সি, তথা পুরুলিয়া পৌর প্রশাসককে উক্ত ক্ষতিগ্রস্ত মৎস্যজীবিদের তিন বা ততোধিক বৎসর মৎস্য চাষ করিবার সময়-সীমা বৃদ্ধি করিয়া দিবার জন্য নির্দেশ দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ নির্দেশ কার্য্যকরী হইয়াছে কি না এবং হইলে, কোন কোন ক্ষেত্রে কিভাবে হইয়াছে?

Mr. Speaker: This question is held over.

Shri Abdul Bari Biswas:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, শরৎচন্দ্র দাস মহাশয়ের এই প্রশ্নটি হেল্ড-ওভার কতদিন হয়ে থাকবে? আপনি নিশ্চয়ই জানেন যে এটা একটা গুরুত্বপূর্ন প্রশ্ন এবং একটা অস্বাভাবিক অবস্থা যেখানে মৎস্যজীবিদের স্বার্থবিজড়িত। গত বছর প্রশ্ন করেছিলাম। আবার এবছরেও দেখছি হেল্ড-ওভার হল। তাই জিজ্ঞাসা করছি, কত বছর ধরে হেল্ড-ওভার হয়ে থাকবে? আপনি যদি দয়া করে জানান তাহলে মৎস্যজীবিদের উপকার হয়। কেননা, দে আর আন্ডার সাসপেনসান। আমরা যখন প্রশ্ন করি ফর দি গ্রেটার ইন্টারেস্ট অফ দি পাবলিক ইন জেনারেল।
এবং এক্ষেত্রে যে অসাম্য এবং বৈষম্য হয়ে আছে, তারপর সরকারের রিপ্রেজেনটেসান, ডিপুটেসান সমস্ত কিছু দেওয়া হয়েছে কিন্তু বিচার পাওয়া যায় নি। এ্যাসেম্বলীতে যখন প্রশ্ন করা তখন যদি হেল্ড-ওভার হয় তাহলে আমাদের আপনার কাছে প্রোটেকসান চাওয়া ছাড়া কোন উপায় নেই।

Mr. Speaker: The Hon'ble Minister may enlighten the House on the matter.

Shri Subrata Mukhopadhaya :
গত বছর আমি মন্ত্রী ছিলাম না, প্রথম কথা। তবুও এটা সিরিয়াস ব্যাপার। আমি আজকে দেখবো যে এই রকম একটা সিরিয়াস প্রশ্ন কেন হেল্ড-ওভার হয়েছে। স্বভাবতঃই তথ্য সংগ্রহ হয়নি, তবে সিরিয়াস এ্যালিগেসান যখন পেলাম তখন আমি নিশ্চয়ই এই বিষয়ে দেখবো।

Mr. Speaker : In the meantime, may I draw the attention of the Hon'ble Minister that one question, namely, heldover starred question No. 557, was called by Shri Biswanath Chakrabarti but at that time the Hon'ble Minister was not present here ? I hope that he is ready to give answer to that particular question.

Shri Subrata Mukhopadhaya :
স্যার, আমি সময় চেয়েছি।

Mr. Speaker : Shri Biswanath Chakrabarti, then the question is heldover.

Cases pending in Hastings and Watgonj P.S. regarding Alipore Zoological Garden

*772 (Admitted question No. *2430). **Shri Md. Safiullah :** Will the Minister in-charge of the Home (Police) Department be pleased to state—

(*a*) the number of cases pending in Hastings and Watgonj Police stations regarding various offences within the Alipore Zoological Garden upto February this year :

(*b*) the number of cases reported to Watgonj and Hastings Police stations regarding offences within Alipore Zoological Garden in 1972-73 and 1973-74 (upto February) ; and

(*c*) in how many cases the offenders have been punished ?

Dr. Md. Fazle Haque : (*a*) Hastings P.S. — Nil
Watgunge P.S. — 1

		1972-73	1973-74
(*b*)	Hastings P.S. —	Nil	Nil
	Watgunge P.S. —	Nil	7

(*c*) 1 (one)

Shri Md. Safiullah : Will the Hon'ble Minister be pleased to state the nature of offences committed within the Zoological Garden under Watgunge Police Station ?

Dr. Md. Fazle Haque :
যে সব ঘটনা দেখছি এখানে সেগুলি হচ্ছে চুরি এবং ছেনতাই।

Shri Md. Safiullah : Will the Hon'ble Minister be pleased to state how many cases of teasing of animals were committed within the Alipore Zoological Garden ?

Dr. Md. Fazle Haque :
আলিপুর জুয়লজিক্যাল গার্ডেনে এই রকম রেকর্ড নেই।

Shri Md. Safiullah : My question is, what are the offences committed under the Watgunge Police Station and whether there was any case of teasing of animals within the Alipore Zoological Garden.

Dr. Md. Fazle Haque :
আমি আগেই বলেছি, না।

Shri Md. Safiullah : Will the Hon'ble Minister be pleased to state whether there was any occasion of offering of food articles to animals by visitors ?

Dr. Md. Fazle Haque :
না, এই রকম কোন অফেন্সের রেকর্ড নেই।

বাঁকুড়া জেলায় যুব কল্যাণ দপ্তর

*৭৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩২।) **শ্রীকাশীনাথ মিশ্র :** যুব কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭৩ সালে বাঁকুড়া জেলায় একটি যুব কল্যাণ দপ্তর খোলার সিদ্ধান্ত ছিল; এবং

(খ) সত্য হইলে,

(১) উক্ত দপ্তর এখনও না খোলার কারণ কি; এবং

(২) উক্ত দপ্তর কবে নাগাদ ও কোথায় স্থাপিত হইবে?

Shri Subrata Mukhopadhaya :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Kashinath Misra:
১৯৭৩ সালের মাঝামাঝি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটি স্মারকলিপি দিয়েছিলাম, তখন মন্ত্রিমহাশয় বলেছিলেন যে বাঁকুড়াতে তাড়াতাড়ি এক যুব কল্যাণ দপ্তর খোলা হবে, অথচ এখন পর্য্যন্ত হয়নি, সুতরাং সেটা কবে হবে এটা জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya :
স্যার, এখনই বলতে পারছি না কবে হবে, তবে আমাদের একটা পরিকল্পনা ছিল, কিন্তু কেন্দ্রীয় সরকারের অনুমোদন না পাওয়ার জন্য সেই পরিকল্পনা আপাততঃ স্থগিত আছে। তবে আমরা আশা করছি আগামী ৬ মাসের মধ্যে ওখানে একটি যুব দপ্তর খোলা সম্ভব হবে।

Shri Phani Bhusan Singhababu:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই যুব কল্যাণ দপ্তর পশ্চিমবাংলার কোন কোন জেলায় খোলা হয়েছে?

Shri Subrata Mukhopadhaya :
দার্জিলিং, মেদিনীপুর, মালদহ, বীরভূম, ২৪-পরগনা এবং পুরুলিয়া জেলাতে খোলা হয়েছে।

Shri Phani Bhusan Singhababu:
বাঁকুড়া জেলায় না হওয়ার কারণ কি?

Shri Subrata Mukhopadhaya :
না হওয়ার অন্যতম কারণ হচ্ছে মূল পরিকল্পনাটা কেন্দ্রীয় সরকারের, কেন্দ্রীয় সরকার আমাদের যে পরিমাণ আশ্বাস দিয়েছিলেন কেন্দ্র খোলার ব্যাপারে, তা পূর্ণ করতে পারেননি। আমরা চিঠি-পত্র লিখছি। অনুমোদন দিলে দ্বিতীয় ক্ষেত্রে বাঁকুড়াতে খোলা হবে।

Shri Abdul Bari Biswas :
যুব কল্যাণ দপ্তর খোলার মূলতঃ কারণ কি কি, জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya :
অনেক আগেই বলেছি, ট্রেনিং দেওয়া, নিরক্ষরতা দূর করা, সরকারকে সহযোগিতা করা এবং আত্মনির্ভরশীল হয়ে উঠে নানারকম প্রকল্পকে স্বার্থক করা। এছাড়া আছে সামগ্রিক-ভাবে খেলাধূলা এবং গঠণমূলক কাজে নিজেদের নিয়োগ করা।

Shri Abdul Bari Biswas :
বাঁকুড়া জেলায় নিরক্ষরতা দূর হয়ে গেছে বলে খোলা হচ্ছে না, না অন্য কোন কারণ আছে?

Shri Subrata Mukhopadhaya :
নিরক্ষরতা দূরীকরণ হয়নি।

Shri Susanta Bhattacharjee:
যে সমস্ত জেলার কথা বললেন সেখানে কিসের বেসিস-এ এগুলি হয়েছে?

Shri Subrata Mukhopadhaya :
প্রথমভাবে ৫টা কেন্দ্রে করার অনুমতি পাওয়া যায়। ৫টা কেন্দ্র আমরা এইভাবে চয়েস করি উত্তরবঙ্গে একটা, উত্তর ২৪-পরগণায় একটা, মেদিনীপুর সাউথ-এ একটা।

Shri Mohammad Dedar Baksh:
ডিস্ট্রিক্ট-এ যে স্পোর্টস্ হয় তাতে কমপিটিটর থাকে না, সেজন্য ডিসট্রিক্ট-এ ব্লক লেভেল-এ লিমিটেড কমপিটিসান নিয়ে স্পোর্টসকে উন্নত করার চেষ্টা করবেন কি?

Shri Subrata Mukhopadhaya :
এটা স্পোর্টস ডিপারটমেন্ট-এর ব্যাপার।

Delimitation of Wards of South Suburban Municipality

***557.** (Admitted question No. *979.) **Shri Biswanath Chakrabarti :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(*a*) if the Government received any resolution passed in a meeting of the Commissioners of South Suburban Municipality containing a proposal of delimitation of the present wards and increase of the number of Commissioners from 25 to 30 ;

(*b*) if so, when the resolution was received ; and

(*c*) the action taken by the Government in this regard ?

[1-40—1-50 p.m.]

Shri Subrata Mukhopadhaya : (*a*) Yes.

(*b*) The resolution was received in June 1971.

(*c*) No action for processing the proposal for re-delimitation of the wards of this Municipality, as proposed by the Commissioners of the Municipality, was possible as the correct figures of its population were not furnished. The Commissioner of the Presidency Division was asked to furnish the correct figure of population. His report is still being awaited.

Shri Biswanath Chakrabarti :
সাউথ সাব-এরিয়া মিউনিসিপ্যালিটির ডিলিমিটেসান-এর প্রস্তাব কমিশনাররা করে ১৯৭১ সালের জুন মাসে পাঠিয়েছিলেন আর এটা ১৯৭৪ সাল, কিন্তু সরকার এ বিষয়ে এখনও পর্যন্ত কোন সিদ্ধান্ত নিতে পারেননি। অথচ পৌরসভার নির্বাচন ডিক্লেয়ার হয়ে গেছে। তাহলে পৌরসভার কমিশনারদের গঠন সর্বসম্মত প্রস্তাবের উপর কোন সিদ্ধান্ত না করেই কি নির্বাচন হবে?

Shri Subrata Mukhopadhaya
নির্বাচন দীর্ঘদিন ধরে পেনডিং আছে। মানুষের সবচেয়ে বড় চাহিদা নির্বাচন বলে নির্বাচনের গুরুত্ব সবচেয়ে আগে দিতে হবে। এটা দুঃখের কথা যে ১৯৭১ সালের পর থেকে এই সমস্যার সমাধান করা উচিৎ ছিল। প্রেসিডেন্সি ডিভিসান-এর কমিশনার-এর কাছে অবিলম্বে লিখব যাতে তিনি কারেক্ট ফিগার দিতে পারেন।

Shri Biswanath Chakrabarti :
বেহালা পৌরসভার প্যাপোলেশন রেট-এ পপুলেশান বাড়ছে। বর্তমানে যে এক্সিটিং ওয়ার্ড আছে তাতে কোনটাতে ১২ হাজার, কোনটাতে ৪০ হাজার, কোনটাতে ৭ হাজার লোক সংখ্যা আছে। এই যে অবৈজ্ঞানিক ভিত্তিতে লোকসংখ্যা আছে এর পরিবর্তন না করেই কি নির্বাচন হবে?

Shri Subrata Mukhopadhaya :
নির্বাচনের আগে কিছু করতে পারব বলে মনে হয় না, তবে এটা করতে হবে।

বারাসাত মহকুমায় সরকারী কার্যালয়গুলির জন্য নিজস্ব বাড়ী

*৭৭৪। (অনুমোদিত প্রশ্ন *২৭১৫।) **শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জী** : স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি :—

(ক) সরকার কি অবগত আছেন যে ১৯৬২ সালে ২৪-পরগণা জেলাকে প্রশাসনিক ক্ষেত্রে দুই ভাগে বিভক্ত করা হইয়াছিল কিন্তু অদ্যাবধি উত্তর ২৪-পরগণার বারাসাত মহকুমায় কোর্ট, কাছারি এবং অন্যান্য অফিস ঘর করার পরিকল্পনা কার্যকরী না হওয়ায় উক্ত এলাকায় সাধারণ মানুষ সরকারী অফিসের সুযোগ সুবিধা হইতে বঞ্চিত হইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে,

(১) উক্ত এলাকায় দীর্ঘদিন ধরিয়া উহা কার্যকরী না হওয়ার কারণ কি; এবং

(২) কবে নাগাদ উক্ত এলাকায় সরকারী কার্যালয়গুলির জন্য নিজস্ব বাড়ী এবং অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে?

Dr. Md. Fazle Haque:

(ক) ও (খ) (১) ১৯৫৯ সালে ২৪-পরগণা জেলাকে উত্তর ও দক্ষিণ দুইভাগে বিভক্ত করার সিদ্ধান্ত করা হয়। তিনটি পর্য্যায়ে উক্ত সিদ্ধান্ত রূপায়ণের সিদ্ধান্ত করা হয়। কাজের সুবিধার জন্য বারাসাতে একজন অপর জেলা শাসক এবং একজন অপর আরক্ষাধীক্ষক নিযুক্ত করা হয়।

পরিকল্পনা রূপায়ণের প্রথম পর্য্যায়ের কাজ ৮টি থানা নির্মাণ শেষ হইবার পর দেশে জরুরী অবস্থা ঘোষিত হওয়ায় এবং আর্থিক সংকটের জন্য পরবর্ত্তী পর্য্যায়ের কাজ ব্যাহত হয় ও স্থগিত রাখা হয়। বর্তমানে সুন্দরবন এলাকা লইয়া একটি পৃথক জেলা গঠনের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

এই জেলা গঠনের ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা (এ্যাড্‌মিনিস্ট্রেটিভ মেজার্‌স) সমূহ সম্পর্কে পরামর্শ দিবার জন্য একটি কমিটি নিয়োগ করা হইয়াছে। কমিটির কার্য্য-কালের মেয়াদ আপাততঃ ৩০-৬-৭৪ তারিখ পর্য্যন্ত আছে।

(খ) (২) (ক) ও (খ) (১) প্রশ্নের উত্তরে যাহা বলা হইয়াছে তাহার পরিপ্রেক্ষিতে এই প্রশ্নের জবাবে নিশ্চিত কিছু বলা সম্ভব নয়।

Shri Kanti Ranjan Chatterjee:

এই যে আপনি বলেছেন সুন্দরবন সম্পর্কে তার আগে সরকার দুই জেলাকে ভাগ করে তার অধিকাংশ প্রশাসনের বিভাগকে ভাগ করে দিয়েছেন। আমার প্রশ্নের মুখ্য উদ্দেশ্য ছিল সেখানে সরকারী কোর্ট এবং কাছারী সম্পর্কে—স্বাধীনতার পর থেকে সেখানে আজ পর্য্যন্ত কোন নতুন দালান করার কোন ব্যবস্থা করা হয়নি। দ্রুত গতিতে সেখানে বহু অফিস গিয়েছে এবং সেখানে লোকজনের পক্ষে অফিস খুজে বের করা খুব শক্ত। তাই আমি বলছিলাম সেখানে সেক্রেটারিয়েট লেভেলে কোন ঘরবাড়ী করা সম্ভব কিনা এবং সেখানে এস. ডি. ও'র বাংলোর পাশে প্রচুর পরিমাণে জমি রয়েছে সেখানে ঘরবাড়ী করে ছড়ান কাছাড়ী যা আছে তাকে একজায়গায় করা সম্ভব কি অদূর ভবিষ্যতে হবে, এটা কি বলতে পারেন?

Dr Md. Fazle Haque:

মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন তাতে আমি বলেছি যে ২৪-পরগণা জেলা বৃহত্তর জেলা এবং সেই জেলাকে ভাগ করার সিদ্ধান্ত অনেকদিন আগে হয়েছে এবং তিনটা ফেজে এই কাজ করা হবে—প্রথম ফেজের কাজ আটটা থানা ভাগ করা হবে এবং সেটা করা হয়েছে, দ্বিতীয় ফেজে ক্রিয়েশান অব টু নিউ সাবডিভিশান এবং তৃতীয় ফেজে হচ্ছে ক্রিয়েশান অব এ নিউ ডিসট্রিক্ট বারাসাত। এই ভাগে তিনটা ফেজে ভাগ করা হয়েছিল। আমি বলছি প্রথম ফেজ-এর কাজ সম্পূর্ণ হয়েছে। তার পরে ১৯৬৩ সালে ইমারজেন্সী ডিক্লেয়ার করা হয়, তারপর আর্থিক অসংগতির জন্য কাজ সমস্ত বন্ধ হয়ে আছে কিন্তু সরকার এই বিষয়ে সচেতন আছেন। নতুন পরিস্থিতিতে আবার সুন্দরবনকে নিয়ে একটা জেলা গঠন করা হয়েছে। প্ল্যানিং কমিশন বলেছেন সুন্দরবন ডেভেলাপ করতে হলে আলাদা জেলা করা দরকার। সেইজন্য সমস্ত প্রস্তাবটা আবার রিভিউ করা দরকার। সেজন্য একটা কমিটি করা হয়েছে এম. এল. এ.-দের নিয়ে, সুতরাং এই কমিটির মতামত না পেলে পরবর্ত্তী ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না।

[1-50—2-00 p.m.]

Shri Kanti Ranjan Chatterjee:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে ব্যাপারটা আর একটু পরিষ্কার করার জন্য আর একটা প্রশ্ন রাখছি। আমি জবাব চেয়েছিলাম কোর্ট-কাছারী সম্বন্ধে। এই কোর্ট-কাছারী বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে, এ্যাডিশনাল জাজ কোর্ট কম্পাউণ্ডের কাছে ১০০ বিঘার মত জমি পড়ে রয়েছে, সেখানে কিছু টাকা খরচ করে একটা মিনি সেক্রেটারিয়েট যদি গড়ে তোলা

যায় তাহলে কোর্টগুলি সুসংবদ্ধভাবে এক জায়গায় হয় এবং জনসাধারণও বুঝতে পারে কোথায় কোর্ট ইত্যাদি আছে, তাতে সরকারেরও টাকা বাঁচে। তাই জিজ্ঞাসা করি এখন সরকারের পক্ষে কি এইরকম একটা মিনি সেক্রেটারিয়েট করা সম্ভব?

Dr. Md. Fazle Haque:
বর্ত্তমান অবস্থায় সরকারের যে আর্থিক সংগতি আছে তাতে এটা করা সম্ভব নয়।

সিক ওয়ার্ক পিরিয়ডের বেতন কাটা ও অন্যান্য শাস্তি

*৭৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২০।) শ্রীসুনীল মোহন ঘোষ মৌলিক: মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে সিক্ ওয়ার্ক করলে সিক্ ওয়ার্ক পিরিওড-এর বেতন কাটা ও অন্যান্য শাস্তি দেওয়া হয়;

(খ) সত্য হইলে, সম্প্রতি যে টোকনোক্র্যাটরা সিক্ ওয়ার্ক করিয়াছিলেন তাঁহাদের ক্ষেত্রেও উহা প্রযোজ্য কি না; এবং

(গ) না হইলে, ইহার কারণ কি?

Dr. Md. Fazle Haque:
(ক) পশ্চিমবঙ্গ কৃত্যক বিধির ৩(গ) ধারা অনুসারে কোন সরকারী কর্মচারী কর্ত্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মে অনুপস্থিতি বা বিরত থাকিলে ঐ সময়ের জন্য বেতন পাওয়ার অধিকারী নহেন।

(খ) ও (গ) এই বিধি সকল সরকারী কর্মচারীদের ক্ষেত্রেই প্রযোজ্য। ধর্মঘটী ইঞ্জিনীয়ার ও চিকিৎসকগণ তাঁদের কর্মবিরতি আন্দোলন প্রত্যাহার করিয়া বিভিন্ন দাবী-দাওয়া সম্পর্কে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব মুখ্যমন্ত্রীর হস্তে ন্যস্ত করায় তাঁহাদের ক্ষেত্রে সরকার পাওনা ছুটির সংগে কর্মবিরতিকালীন সময়ের এ্যাডজাস্ট করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

Shri Sunil Mohan Ghosh Maulik:
পাওনা ছুটি তাদের না থাকলে সরকার কি স্টেপ নেবেন?

Dr. Md. Fazle Haque:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টা বিবেচনা করার জন্য একটা কমিটি গঠন করা হয়েছে মাননীয় অজয় মুখার্জিকে চেয়ারম্যান করে। এ বিষয় এই কমিটির বিবেচনাধীন আছে, কমিটি যে সিদ্ধান্ত নেবেন, সে অনুযায়ী আমরা ব্যবস্থা নেব।

Shri Asamanja De:
ডঃ ও ইঞ্জিনীয়ারদের ধর্মঘট মন্ত্রিসভা বৈঠকের মাধ্যমে মিটিয়ে নেবার চেষ্টা হয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি বিগত দিনে সরকারী কর্মচারী যারা ধর্মঘট করেছে তখন কখনো মন্ত্রিসভা কোন চুক্তির মাধ্যমে সেই ধর্মঘটের সুমীমাংসা করার চেষ্টা করেছিলেন কিনা?

Dr. Md. Fazle Haque:
মাননীয় সদস্য চুক্তির কথা বললেন, এটাকে ঠিক চুক্তি বলা যায় না। মুখ্যমন্ত্রীর সংগে কথাবার্ত্তা হয়েছে, সেটা এগ্রিমেন্ট বা চুক্তি নয়। অন্যান্য সরকারী কর্মচারীদের বেলায় এটা করা হয়নি। উনি যে চুক্তির কথা বলছেন, এটা ঠিক চুক্তি নয়।

বাঁকুড়া পৌরসভার অধীন দ্বারকেশ্বর নদীর উপর রাজগ্রাম সদরঘাট রাস্তা

***৭৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪০।) শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া পৌরসভার অধীন দারকেশ্বর নদীর উপর রাজগ্রাম সদরঘাট রাস্তাটির জন্য কত টাকা ব্যয় হইবে;

(খ) উক্ত রাস্তার জন্য কিসের ভিত্তিতে ও কাহাকে ঠিকাদার হিসাবে নিয়োগ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে উক্ত রাস্তাটির জন্য যাহাকে ঠিকাদার নিয়োগ করা হইয়াছে তিনি উক্ত পৌরসভার জনৈক সদস্যের নিকট আত্মীয়; এবং

(ঘ) উক্ত পৌরসভার ঠিকাদার হিসাবে বেকার ছেলেদের সুযোগ না দেওয়ার কারণ কি?

Shri Subrata Mukhopadhaya :

(ক) ২০,২০৯ টাকা ব্যয় অনুমিত হইয়াছিল; কিন্তু ৯,৯১২ টাকার মধ্যে কার্য্যটি সমাপ্ত করা হইয়াছে।

(খ) কোন ঠিকাদার নিয়োগ করা হয় নাই। তবে, পৌরসভার আর্থিক অসংগতির জন্য সরকারী অনুমোদন সাপেক্ষে ঐ সেতুর উপর অস্থায়ীভাবে টোল ধার্য্য করিয়া সেতু-নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং টোল আদায়ের সমুদয় ব্যয় সংকুলান করার এক গৃহীত প্রস্তাব অনুযায়ী সর্বোচ্চ ডাক প্রদানকারী দুই ব্যক্তিকে, কয়েকটি সর্ত সাপেক্ষে, নিজেদের অর্থ ব্যয় করিয়া ঐ কাজ করিবার ভার দেওয়া হয়।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না

Shri Phani Bhusan Singhababu :
মন্ত্রিমহাশয় কি জানাবেন—এই পৌরসভার প্রশাসক তার নিকট আত্মীয় কিনা? তিনি ঐভাবে উত্তর দিয়ে এড়িয়ে যাচ্ছেন কেন? আমরা সব জানি।

Shri Subrata Mukhopadhaya :
আমাদের নিয়মানুসারে টেণ্ডার গ্রহণের ব্যাপারে কোন আত্মীয়-অনাত্মীয়-এর কোন প্রশ্ন ওঠে না। যেটা কম হবে সেটা গ্রহণ করতে হবে। ফাইলে সে সম্বন্ধে কিছু লেখা নাই—আত্মীয়-অনাত্মীয়ের উপর টেণ্ডার পাওয়া-নাপাওয়া নির্ভর করে না।

Shri Sambhu Narayan Goswami :
এক্ষেত্রে বিশেষ কোন তদন্ত করে দেখা হয়েছে কি—নিপোটিজম বা আত্মীয় পোষণ হয়েছে কি না?

Shri Subrata Mukhopadhaya :
এই সম্পর্কে বিশেষ কোন তদন্ত করা হয় নাই। আপাততঃ ফাইলে দেখা যাচ্ছে নিপোটিজম-এর কিছু লেখা নাই।

Shri Sambhu Narayan Goswami :
এ সম্পর্কে তদন্ত করে তার ফলাফল হাউসের পরবর্তী অধিবেশনে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Subrata Mukhopadhaya :
মাননীয় সদস্য যদি এই সম্পর্কে কোন তদন্ত চান, তাহলে আমি ডিপার্টমেন্টাল তদন্তের ব্যবস্থা করতে পারি।

Shri Kashinath Misra :
দ্বারকেশ্বর নদীর উপর একটা রাস্তা করার যে প্রোপোজাল, সেই প্রোপোজালটা হঠাৎ করা হলো কেন?

Shri Subrata Mukhopadhaya :
হঠাৎ নয়। প্রয়োজনভিত্তিক করা হয়েছে।

Mr. Speaker : Starred questions 778 and 779 are held over.

আই, এ, এস. অফিসারদের প্রমোশন

*৭৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০৯।) শ্রীসুশান্ত ভট্টাচার্য্য : স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের আই.এ.এস. অফিসাররা কত বছর চাকুরী করার পর সিনিয়ার স্কেল পান,

(খ) কয় ধাপ প্রমোশন পেলে তাঁরা কমিশনার হতে পারেন এবং একজন নূতন আই.এ.এস. অফিসারের কমিশনার হতে সাধারণত কত বছর সময় লাগে; এবং

(গ) এ কি সত্য যে ডেপুটি ম্যাজিস্ট্রেটরা পনের বছর চাকুরী করার পরও পদোন্নতির সুযোগ প্রায় ক্ষেত্রেই পান না?

Dr. Md. Fazle Haque :
(ক) অনধিক ছয় বৎসর চাকুরী করার পর 'এই রাজ্যের ডাইরেক্ট রিক্রুট' আই, এ, এস. অফিসাররা সিনিয়ার স্কেলে উন্নীত হইবার জন্য বিবেচিত হইয়া থাকেন।

(খ) (১) চার ধাপ।

(২) তবে কমিশনার হইতে কত বছর সময় লাগে তাহা নির্দিষ্টভাবে নির্ণয় করিয়া বলা সম্ভব নহে। বর্তমানে কনিষ্ঠতম কমিশনার উনিশ বৎসর চাকুরী করিবার পর কমিশনার পদে উন্নীত হইয়াছেন।

(গ) আই, এ, এস, ক্যাডারে প্রমোশনের ক্ষেত্রে ডেপুটি ম্যাজিস্ট্রেটরা আই, এ, এস, প্রমোশন রেগুলেশন অনুসারে আট বৎসর রাজ্য সিভিল সার্ভিসে নিরবচ্ছিন্নভাবে চাকুরী করিবার পর উক্ত ক্যাডারে পদোন্নতির জন্য বিবেচিত হইবার সুযোগ পান।

Shri Susanta Bhattacharjee:
ইহা কি সত্য ডেপুটী ম্যাজিস্ট্রেটদের সমান বেতনহার হওয়া সত্ত্বেও প্রশাসনিক ক্ষেত্রে এই ডেপুটী ম্যাজিস্ট্রেটরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হতে পারেন না, শীর্ষস্থানে যেতে পারেন না?

Dr. Md. Fazle Haque :
ডেপুটী ম্যাজিস্ট্রেটরা অনেকে প্রশাসনিক ক্ষেত্রে আই, এ, এস-দের মত ডেপুটী সেক্রেটারী, এ্যাসিস্টেন্ট সেক্রেটারী বা ডিরেক্টর হয়েছে।

Shri Susanta Bhattacharjee:
এ্যাসিস্টেন্ট সেক্রেটারী ইঞ্জিনীয়ার এদের পদোন্নতির ব্যাপারে ৫০-৫২ ভাগ প্রমোশনের ক্ষেত্রে বাড়ান হয়েছে। আর ডেপুটী ম্যাজিস্ট্রেটদের ক্ষেত্রে ৩০-৩২ ভাগ বাড়ানো হয়েছে ইহা কি সত্য?

Dr. Md. Fazle Haque :
আমার জানা নাই।

Shri Susanta Bhattacharjee:
এই ডেপুটী ম্যাজিস্ট্রেটদের পদোন্নতি, চাকরীর উন্নয়নের জন্য কিছু ভাবছেন কি?

Dr. Md. Fazle Haque :
নতুন করে যে রুল্‌স এ্যাণ্ড রেগুলেশন্স করা হয়েছে তাতে ৮ বছর চাকরীর পর ডেপুটী ম্যাজিস্ট্রেটরা আই, এ, এস, হবার সুযোগ পান। এ ছাড়াও আরো অনেক সুযোগ-সুবিধা তাঁরা পান। এ্যাসিস্‌টেন্ট সেক্রেটারী, ডেপুটী সেক্রেটারী এবং ডাইরেক্টরও হতে পারেন।

Shri Sambhu Narayan Goswami:
আপনি বলেছেন প্রোমোশনের সুযোগ আছে। কিন্তু বর্তমানে তাদের যে পে-স্কেল করা হয়েছে তাতে দেখা যায় বিশেষ বিশেষ অফিসারেদের—যেমন ডি, এস, পি,—তাদের বেতন অনেক বেশী দেওয়া হয়েছে। এতে কি মরাল ডি-গ্রেডেশন হবে না বা এ্যাডমিনিস্‌ট্রেসন ক্ষতিগ্রস্ত হবে না?

Mr. Speaker : It is a matter of opinion.

[2-00—2-10 p.m.]

Shri Shish Mohammad :
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে কাজের সময়ের ভিত্তিতে উন্নতি হয় না যোগ্যতার ভিত্তিতে উন্নতি হয়?

Dr. Md. Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাদের ৮ বছর চাকরী হবার পর বলেছি যে এটা ডেপুটি ম্যাজিস্‌ট্রেটএর প্রমোশানের এলিজিবল হন। তাদের প্রোমোশান ঠিক করার জন্য ইউনিয়ান পাবলিক সারভিস কমিশান থেকে কেন্দ্রীয় সরকারের অন্যান্য অফিসারও থাকেন ও আমাদের চিফ সেক্রেটারী সেখানে থাকেন, ফাইনান্স কমিশানার থাকেন। একটা সিলেকসান কমিটি আছে তারা যোগ্যতা ও সিনিয়রিটি দুটা বিচার করে ঠিক করলেই তবে হয়।

Mr. Speaker : Question hour is over. Now short notice starred questions.

আবগারী দ্রব্যের অনুমোদিত বিক্রয় কেন্দ্র

*৭৯৩। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩৯।) **শ্রীগঙ্গাধর প্রামাণিক :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কলিকাতা ও কলিকাতা উপনগরীতে আবগারী দ্রব্যের অনুমোদিত বিক্রয় কেন্দ্রের সন্ধান সরকারের জানা আছে কিনা এবং থাকিলে, তাহার সংখ্যা কত;

(খ) ১৯৬৭ হইতে ১৯৭০ সালের মধ্যে ইহাদের সংখ্যা কত;

(গ) এই সমস্ত বিক্রয় কেন্দ্র আবিষ্কার করার ও চিরতরে বন্ধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(ঘ) দেশীমদের অনুমোদিত প্রস্তুত সংস্থা কলিকাতা ও প্রতি জেলায় কতগুলি আছে; এবং

(ঙ) ইহাদের অবলুপ্তির জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

Shri Sitaram Mahato ;

(ক) ও (খ) হ্যাঁ। যে স্থানগুলিতে অননুমোদিত আবগারীদ্রব্যের বিক্রয় হয় তাহাদের সংখ্যা জানান সম্ভব নয়। ইহার অন্যতম কারণ এই যে উক্ত কেন্দ্রগুলিতে নির্দ্দিষ্ট সংবাদের ভিত্তিতে যখন প্রশাসনিক হানা দেওয়া হয় তখন সেগুলি বন্ধ থাকে কিন্তু সুযোগমত পরবর্তী কালে অন্যত্র এইরূপ বিক্রয় কেন্দ্র চালু করা হয়। ফলতঃ এই সকল কেন্দ্রের সঠিক সংখ্যা জানান সম্ভব নয়।

(গ) অন্তঃ শুল্ক অধিকারের অধীনে দুইটি বিশেষ শাখা আছে। এই শাখা দুইটির বিশেষ কাজ হইল অননুমোদিত আবগারী দ্রব্যের বিক্রয় কেন্দ্র সম্পর্কে সংবাদাদি গোপনে সংগ্রহ করা এবং সেই সংবাদের ভিত্তিতে ঐ সমস্ত কেন্দ্রে আকস্মিক হানা দেওয়া।

(ঘ) (ক) ও (খ) এর উত্তরে যে কারণ দেখান হইয়াছে ঠিক সেই কারণেই এই সমস্ত কেন্দ্রের সংখ্যা সম্বন্ধে সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়।

(ঙ) যাহাতে অননুমোদিত মাদকদ্রব্যের প্রস্তুত ও বিক্রয় কেন্দ্রের প্রসার না ঘটে তজ্জন্য হানা দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু যতদিন পর্য্যন্ত না দেশের জনসাধারণ নিজেরাই মাদক-দ্রব্য সেবনের বিষময় ফল সম্বন্ধে সচেতন হয় এবং মাদকদ্রব্য সেবন বর্জন করেন ততদিন এই ব্যাধি সমাজ হইতে দূরীভূত হইবে না। তবে শিক্ষা ও জীবন ধারণের মান উন্নতির সঙ্গে সঙ্গে এই ব্যাধি বহুলাংশে প্রশমিত হইবে।

Shri Gangadhar Pramanick :

মাননীয় মন্ত্রি মহাশয় বললেন যে ১৯৬৭-৭০ মধ্যে, তার পক্ষে সংখ্যা দেওয়া সম্ভব নয়। তিনি যদি সংখ্যাটা ডিপার্টমেন্টের কাছে চাইতেন তাহলে তিনি পেতেন যে ১৯৬৭-৭০ ভেতর কতগুলি জায়গায় হানা দিয়ে এই সমস্ত অননুমোদিত আবগারী দোকান পাওয়া গেছে, এটা তিনি বলতে পারতেন। তিনি এই সংখ্যা বলতে পারলেন না, কেন এই সংখ্যা কি তার ডিপার্টমেন্টে নেই?

Shri Sitaram Mahato .

১৯৬৭-৭০ সালের ভেতর কেসের সংখ্যা হল ৩৪,৮৩০ এবং এই চোলাই মদের সঙ্গে জড়িত ব্যক্তির সংখ্যা হল ২৬,৪৩০।

Shri Gangadhar Pramanick :

এই যে ৩৪ হাজারের কথা বলছেন এটা কি ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সালের ভিতরে এবং এক জায়গাতে দু-তিনবার করা হয়েছে না ৩৪ হাজার ৮শো এটা ভিন্ন জায়গাতে করা হয়েছে?

Shri Sitaram Mahato .

সেটা তো বলা সম্ভব নয়। যে জায়গাগুলোতে চোলাই মদ হয়েছে—এই সব জায়গাতে হয়েছে। হয়তো একাধিকবার কোন জায়গাতে হতে পারে। কিন্তু সেটা সঠিক বলা সম্ভব নয়।

Shri Gangadhar Pramanick :

যে জায়গায় ধরে নিয়ে গেলো তারপর সেদিন খুললো আবার আপনি ১০ দিন পরে ধরলেন, আবার বন্ধ করলো, কিন্তু কয়েকদিন পরে আবার খুললো আবার ধরলেন—এইরকম হল, না সেটা একেবারে বন্ধ হয়ে গেলো অন্য জায়গাতে হল?

Shri Sitaram Mahato .

নূতন জায়গায়।

Shri Gangadhar Pramanick :
আজ্ঞে না। একই জায়গাতে হয়। তার কারণ পারমান্যান্টলী বন্ধ করবার কোন ব্যবস্থা করেননি এবং আপনার ডিপার্টমেন্টের অফিসাররা এইগুলো সাপোর্ট করে এবং তার জন্য আপনারা আজ পর্য্যন্ত কোন আইন প্রণয়ন করেননি। যাতে চিরতরে বন্ধ হতে পারে তার ব্যবস্থা করবেন কি?

Shri Sitaram Mahato .
যা ব্যবস্থা আছে তার চাইতে যাতে উন্নত ব্যবস্থা করা যায় তার চেষ্টা করবো।

Shri Gangadhar Pramanick :
যে লোকগুলোকে ধরা হয় সাধারণতঃ তারা অত্যন্ত গরীব লোক। এদের পেছনে যে বড় বড় এজেন্ট আছে যারা এইগুলো অর্গানাইজ করে তাদের ধরার ব্যবস্থা বা সন্ধান নেবার ব্যবস্থা আছে কিনা এবং যদি না থাকে সে ব্যবস্থা করবেন কিনা?

Shri Sitaram Mahato .
আমাদের চোলাই মদ ধরবার যে ব্যবস্থা আছে তা সত্ত্বেও যদি আপনাদের সেরকম কিছু জানা থাকে যে আমাদের ডিপার্টমেন্টের যে ব্যবস্থা আছে তা যথেষ্ট নয় বা তারা ঠিক-মতো কাজ করছে না তাহলে জানালে দেখতে পারি।

Shri Gangadhar Pramanick :
ধরুন ব্লাডার সমেত দুটো গরীব ছেলেকে ধরলেন বা একটি মহিলাকে ধরলেন ছিন্ন বস্ত্র পরে যে গাড়ী করে আসছে, কি একটা বস্তীর এক জায়গা থেকে ১০ বোতল নিয়ে এসে বেচছে তাকে আপনি ধরলেন, কি গাঁজা স্মাগল করছে আপনি ধরলেন। কিন্তু এরা অত্যন্ত গরীব। এরা এটা বেচে হয়তো দু-তিনটাকা পায়। যারা এগুলো অর্গানাইজ করে তাঁরা মালটিমিলিওনিয়ারস এবং তাঁরা সমাজের ভিতরে বেশ একটা প্রতিপত্তিশালী বলে বিখ্যাত। সেই সমস্ত লোককে ধরার ব্যবস্থা করবেন কি যাতে এইগুলো চিরতরে বন্ধ হয়? এইগুলোর ফাইন্যান্সিং এজেন্সী যে আছে সেগুলো ধরবেন কি?

Shri Sitaram Mahato .
আমাদের ধরার ব্যবস্থা আছে। এছাড়া যদি আরও কি মাননীয় সদস্যরা ফারদার ইনফর-মেসান দিতে পারেন আমরা নিশ্চয় সেসব জায়গায় ধরবো।

Shri Gangadhar Pramanick :
এটা সদস্যদের মাথা ব্যথা নয়। এটা গভর্ণমেন্ট রেভিনিউ যারা আর্ন করে তাদের মাথা-ব্যথা। হাজার হাজার টাকা মাইনে দিয়ে সরকারী কর্মচারী রেখেছেন কেন যদি তাদের দিয়ে এটা না করাতে পারেন?

Sir, is it the duty of the honourable members to inform the Hon'ble Minister ? The Hon'ble Minister answers that it is the duty of the honourable members to detect the cases. If it is so, then why the Government have appointed officers for doing this ? This is my question.

[No reply]

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রি মহাশয় কি একথা বলতে পারেন আমরা দুর্নীতির সব খোঁজ খবর রাখবার এজেন্সী? এইটাই কি আমাদের মনে করে নিতে বলছেন?

[No reply]

Mr. Speaker : Government have got an independent machinery. The Hon'ble Minister is asking for co-operation from the honourable members.

Shri Gangadhar Pramanick :

আপনার অফিসাররা যাদের ধরেন তারা হচ্ছে এ্যাপয়েনটেড পারসন। যারা এই এ্যাপয়েন্টমেন্ট দিয়ে এই ব্যবস্থা চালায় সেই সমস্ত লোককে ধরার কিছু ব্যবস্থা করবেন?

Shri Sitaram Mahato .

নিশ্চয় করবো।

Establishment of a Hospital at Digha

*794. (Short Notice) (Admitted question No. *3090). **Shri Hementa Dutta :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(*a*) if it is a fact that a 50-bedded hospital is going to be established at Digha ;

(*b*) if so,

(*i*) the progress of the proposed hospital ,

(*ii*) how much land (in acre) will be required for the purpose ; and

(*iii*) whether the land is Khas, acquired or will be made over by Digha Development Authority ; and

(*c*) when the proposed hospital is expected to be opened to the public ?

[2-10—2-20 p.m.]

Shri Ajit Kumar Panja : (*a*) Yes.

(*b*) (*i*) A site has been selected. Plan and estimate have been asked for from he Chief Engineer, Construction Board, for the purpose.

(*ii*) About 18 acres.

(*iii*) The land selected for the purpose is in possession of the Digha Development Board, who have agreed to transfer it to Government.

(*c*) It is not possible to state definitely at this stage.

Shri Hemanta Dutta :

মাননীয় মন্ত্রি মহাশয় জানাবেন যে দীঘা ডেভেলপমেন্টের আন্ডারে যে জমি আছে সেই জমি এখনও হেল্থ ডিপার্টমেন্ট ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের কাছ থেকে চান নি। আমি নিজে দীঘা এ্যাডমিনিস্ট্রেটরের অফিস থেকে জেনেছি যে হাসপাতাল স্থাপনের জন্য এতো জায়গা দরকার এ সম্বন্ধে হেল্থ ডিপার্টমেন্ট ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের কাছ থেকে চান নি একথা কি সত্য?

Shri Ajit Kumar Panja :

জায়গা চাওয়ার আগে মাননীয় সদস্য কি একথা বুঝতে পারছেন যে সাইটটি সিলেকসন করার আগে আমাদের নানারকম জিনিস ইনসপেকসন করার দরকার হয়। যে ৫০ বেডের হাসপাতাল করার পক্ষে আমাদের দেখতে হবে যে ঠিকমত রাস্তার ধারে জমি পাওয়া যাচ্ছে কিনা সেখানে ঠিকমত জল সাপ্লাই করা যাবে কিনা এই সব দেখে নেবার পর জায়গা হ্যান্ডওভার করার কথা বলতে পারা যাবে বা রিকোয়েস্ট করা যাবে।

Shri Hemanta Dutta:
যে জায়গা নেওয়া হচ্ছে সেটা দীঘা হেল্‌থ রিসর্ট কো-অপারেটিভ সোসাইটির ছিল। তার থেকে ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট নিয়ে নেয়, এটা ডিসপিউটেড ল্যান্ড—হাইকোর্টে কেস ছিল। আমার প্রশ্ন হচ্ছে এখানে এই জমি নেবার ব্যাপারে কোন লিগ্যাল বার আসবে কিনা?

Shri Ajit Kumar Panja:
এখনও পর্য্যন্ত সেখানে কোন লিগ্যাল বার আছে বলে আমার জানা নাই।

Shri Hemanta Dutta:
অনেক ক্ষেত্রে দেখা যায় সরকার প্রজেক্টের কথা ঘোষণা করলেন, তারপর দেখা গেল মাঝখানে ফর ওয়ান্ট অব ফাইন্যান্স কাজ বন্ধ করে দেওয়া হোল, আমার প্রশ্ন হচ্ছে এইরকম কি দীঘার বেলায় ঘটবে?

Shri Ajit Kumar Panja:
প্ল্যান স্যাংসন হবার সংগে সংগে ৫০ বেডের হাসপাতাল করার জন্য সেখানে টাকা ধরা আছে। সুতরাং ফাইন্যান্স ষ্টপ হবার প্রশ্ন আসছে না।

Mr. Speaker: Now, calling attention.

Shri Sukumar Bandopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার-এ আমার কিছু বক্তব্য আছে।

Mr. Speaker: What is your point of order.

Shri Sukumar Bandopadhyay:
স্যার, এই দু-দিনের মধ্যে হাউস বন্ধ হয়ে যাবে।

Mr. Speaker: Not yet decided.

Shri Sukumar Bandopadhyay:
যাহোক হয়তো পাঁচ-সাত দিনের মধ্যে হাউস বন্ধ হয়ে যাবে। স্যার, আপনি এতদিন পর্য্যন্ত অর্থাৎ ২২এ ফেব্রুয়ারী থেকে আপনি আমাদের পশ্চিমবাংলার জনসাধারণের অনেক সমস্যার কথা আপনি এখানে তুলতে দিয়েছেন আমাদের আলোচনা করার সুযোগ দিয়েছেন। এবং বিভিন্নক্ষেত্রে বিভিন্ন মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা তার জবাবও পেয়েছি। আমাদের এই সব আলোচনা করার মাধ্যমে অনেক কাজও হয়েছে আবার হয় নি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষাক্ষেত্রে যে নির্লজ্জ অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছে, সে সম্বন্ধে আমরা বারংবার এই সভায় উল্লেখ করে তার কোন উত্তরই আমরা পাই নি। আমাদের শিক্ষামন্ত্রী সে সম্বন্ধে নীরবতা পালন করে চলেছেন। হায়ার সেকেণ্ডারী পরীক্ষা হয়ে গেল প্রশ্নপত্র রাস্তায় গড়াগড়ি যাচ্ছে। দু বছরের জায়গায় চার বছর অতিক্রান্ত হয়ে যাচ্ছে..

Mr. Speaker: Mr. Banerjee, please hear me. What is the point of order? Come to your point directly. You are making a speech; I won't allow a speech, please state specifically and clearly what is the point of order.

Shri Sukumar Bandopadhyay:
আমার বক্তব্য হচ্ছে মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত রয়েছেন অথচ এই বিধানসভায় এইরকম উদ্বেগ প্রকাশ করা হচ্ছে বিভিন্ন ঘটনা উল্লেখ করা হচ্ছে। কিন্তু তিনি এই সমস্ত ব্যাপারে একেবারে নীরব থাকছেন। তাই আমি আপনার কাছে প্রটেকসন চাচ্ছি। কেননা

আর কিছুদিন পরেই আমরা আপনার কাছে এইরকম বলার সুযোগ পাবো না। আপনিও আমাদের প্রটেকসান দেবার সুযোগ পাবেন না। আজকে শিক্ষাক্ষেত্রে যে অবস্থার সৃষ্টি হয়েছে, এবং সে সম্বন্ধে বার বার বিভিন্ন সদস্য অত্যন্ত উদ্বেগের সঙ্গে উল্লেখ করেও কোন জবাব পান নি। শিক্ষামন্ত্রী বলুন যে আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য তিনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন।

Mr. Speaker : There is no point of order involved in it, I am sorry.

Shri Sukumar Bandopadhyay :

স্যার, গত ২২এ ফেব্রুয়ারী থেকে আজ পর্য্যন্ত তাঁর কাছ থেকে আমরা কোন জবাব পাই নি। স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীকে বলুন অন্ততঃ তিনি কিছু বলুন। যে অবস্থার সৃষ্টি হয়েছে সে ব্যাপারে তিনি কিছু আলোকপাত করুন। আজ ২২এ ফেব্রুয়ারী তার কাছ থেকে আমরা কোন কিছু শুনতে পেলাম না। কোন কিছু জানতে পেলাম না। শুধু কেবল চুপ করে বসে থাকলেন। এটা হতে পারে না।

(গোলমাল)

স্যার, আপনি হাতুড়ী ঠুকে আমাদের কণ্ঠস্বরকে স্তব্ধ করতে পারেন কিন্তু আজকে যদি আপনি বিধানসভার সদস্য থাকতেন; আমরা জানি আপনি আপনার বলিষ্ঠ ভাষণে বিধানসভার অলিন্দ প্রকোষ্ট উদ্বেলিত হয়ে উঠত; বিধানসভার অলিন্দ কাঁপতো আপনার কণ্ঠস্বরে। ২২এ ফেব্রুয়ারী থেকে আজ পর্য্যন্ত একদিনের জন্যও তাঁর কাছ থেকে আমরা কিছু জানতে পারলাম না। কাজেই আপনি অন্ততঃ দয়া করে মাননীয় শিক্ষামন্ত্রীকে নির্দেশ দিন কিছু বলার জন্য, এই অনুরোধ আপনার কাছে রাখছি।

[Noise]

Shri Nandalal Banerjee : Sir, on a point of order.

Mr. Speaker : I find disorder in the House. I do not understand why so many honourable members should stand up at a time and start speaking. I do not like to make any observation, but honourable members should maintain order and co-operate with me in conducting the business of the House.

Shri Nandalal Banerjee : Sir, is misrule and mismanagement in education the order of the day ?

Mr. Speaker : Honourable members, let us proceed with the business of the House. Hon'ble Minister is here. He is not deaf and dumb. I understand he knows the problem very well. If the honourable members are dissatisfied, then, I will request them to take steps as per rules of the House. I cannot force the Hon'ble Minister to make a statement. He is here. He is sensitive and I understand he feels the grave concern expressed by the honourable members. If he wants time to make a statement, I will allow him to do so, but I cannot force him to make a statement.

Shri Satya Ranjan Bapuli : Sir, the Hon'ble Minister is here. He should, at least, express his feeling over the matter.

Mr. Speaker : I cannot say that he must give a reply. He has been in the education line for a long time. He knows the problem very well. He can make a statement if he likes. If you are not satisfied, please come as per rules of this House. Then, I can help you. But I cannot ask the Hon'ble Minister to stand up and make a statement at any time, as you desire. It is up to him to make a siatement, but if he

does not make any statement and if you are not satisfied, please come as per rules of the House. I request the honourable members to take their seats. There are mention cases through which you can draw the attention of the Hon'ble Minister. If the Hon'ble Minister thinks it fit, he may make a statement. At this moment there it no point of order or point of privilege. The Chair cannot force the Hon'ble Minister to make a statement. Through mention cases you can draw the attention of the Hon'ble Minister and if he thinks that it is a fit case to make a statement, he will certainly do so.

STARRED QUESTIONS
(to which oral answered were laid on the table)

বনগ্রাম পাইকপাড়া-কুড়ুলিয়া রাস্তা

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬০।) শ্রীঅজিত কুমার গাঙ্গুলী: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বনগ্রাম পাইকপাড়া হইতে কুড়ুলিয়া পীচ রাস্তা দীর্ঘদিন যাবত অসমাপ্ত পড়িয়া আছে এবং ফলে জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে,

(১) ইহার কারণ কি, ও

(২) কবে নাগাদ উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়:

(ক) মেরামত করার ফলে রাস্তাটি এখন যানবাহন চলাচলের উপযোগী হইয়াছে। সুতরাং জনসাধারণের অসুবিধা হওয়ার কোন কারণ নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) প্রশ্ন উঠে না।

শ্যামবাজার হইতে বেলেঘাটা পর্যন্ত খাল সংস্কার

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৪।) শ্রীঅনন্ত কুমার ভারতী: পূর্ত (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামবাজার হইতে বেলেঘাটা পর্য্যন্ত যে খাল আছে উহা সংস্কার করার জন্য দীর্ঘদিন যাবৎ উক্ত খালে গংগার জল প্রবেশ বন্ধ করা হইয়াছে;

(খ) সত্য হইলে, এইভাবে আর কত দিন উক্ত খাল গংগার জল প্রবেশ বন্ধ করিয়া রাখা হইবে;

(গ) খালের দুই পারের কোন বাঁধান হইয়াছে কিনা ও খালটিকে গভীর করার জন্য কোন অংশে মাটি কাটা হইয়াছে কিনা; এবং

(ঘ) উক্ত খালের দুই পাড়ের সব অংশই বাঁধান হইবে কিনা ও খালটিকে গভীর করার জন্য খালটির সমস্ত অংশই মাটি কাটা হইবে কিনা?

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়:

(ক) হ্যাঁ। সংস্কার ছাড়াও উক্ত খালের উপর সি,আই,টি কতৃক সি,এম,ডি,এ উন্নয়ন কর্মসূচি অনুযায়ী একটি সেতু নির্মাণকার্য্য চলার কারণে উক্ত খালে গংগার জল প্রবেশ বন্ধ করা হইয়াছে।

(খ) উক্ত সেতু নির্মাণকার্য্য শেষ না হওয়া পর্য্যন্ত ঐ খালে গংগার জল প্রবেশ বন্ধ করিয়া রাখা হইবে। এই বৎসরের মধ্যে সেতু নির্মাণকার্য্য শেষ হইবে আশা করা যায়।

(গ) বেলগাছিয়া ব্রীজ হইতে উল্টাডাংগা ব্রীজ পর্য্যন্ত খালের উভয় পার্শ্ব বাঁধাবার কাজ শেষ হইয়াছে। উক্ত খালের উল্টাডাংগা ব্রীজ হইতে মানিকতলা ব্রীজ পর্য্যন্ত উভয় পার্শ্বে কিছু কিছু অংশ বাঁধান হইয়াছে। খালটীকে গভীর করার জন্য উপরোক্ত অংশের মাটি কাটার কাজও শেষ হইয়াছে।

(ঘ) উক্ত খালের উপরি বর্নিত অংশগুলি ছাড়া অতিরিক্ত কোন অংশের পাড় বাঁধাবার বা মাটী কাটার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

কুলিমোর গ্রামের সড়কের উপর বেআইনী ঘর-বাড়ী

*৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২২।) শ্রীহরেন্দ্রনাথ হালদার: পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার কুলিমোর গ্রাম সড়কের উপর কয়েক জায়গায় বে-আইনীভাবে ঘর-বাড়ী তৈরী হয়েছে; এবং

(খ) অবগত থাকিলে, এর প্রতিকারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়:

(ক) হ্যাঁ।

(খ) আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

নবদ্বীপে গৌরাঙ্গ সেতু

*৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৬।) শ্রীরাধারমণ সাহা: পূর্ত(সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপে গৌরাঙ্গ সেতুর মাটির কাজ এখনও শুরু না হওয়ার কারণ কি;

(খ) উক্ত সেতু নির্মাণের জন্য পঞ্চম পরিকল্পনাকালে যোজনা কমিশন হইতে টাকা বরাদ্দ মঞ্জুর হইয়াছে;

(গ) ১৯৭৪-৭৫ সালে ঐ ব্যয়বরাদ্দের পরিমাণ কত;

(ঘ) ঐ ব্যয়বরাদ্দে কি কি কাজ হইবে; এবং

(ঙ) সিমেন্ট ও ইস্পাত ক্রয়ের জন্য অতিরিক্ত টাকা ১৯৭৪-৭৫ সালে মঞ্জুর হইয়াছে কিনা?

পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়:

নবদ্বীপে গৌরাঙ্গ সেতুর প্রয়োজনে যে এমব্যাঙ্কমেন্ট প্রয়োজন তার জন্য মৃত্তিকা পরীক্ষা সমেত সেতুর পরিকল্পনার কাজ এখনও বাকী আছে; ১৯৭৪-৭৫ সালে এই সেতুর জন্য ১,০০,০০০ টাকা (এক লাখ টাকা বরাদ্দ করা হইয়াছে; তবে সিমেন্ট ও ইস্পাত

ক্রয়ের জন্য অতিরিক্ত কোনো টাকা মঞ্জুর করা হয়নি; যোজনা কমিশনও এই সেতুর জন্য আলাদা কোন বরাদ্দ মঞ্জুর করে নি।

কলিকাতা পৌরসভার অর্থসঙ্কট

***৭৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭২।) **শ্রীরজনী কান্ত দলুই:** পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতা পৌরসভার অর্থসঙ্কট বর্ত্তমানে চরম আকার ধারণ করেছে; এবং

(খ) সত্য হলে—

(১) ঐরূপ সঙ্কটের কারণ কি; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

পৌরকার্য্য বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়:

(ক) হ্যাঁ;

(খ) (১) জীবিকানির্বাহের ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে পৌরসভার কর্মচারীদের বেতন, ভাতা প্রভৃতি বেশ বৃদ্ধি করতে হয়েছে। এতদ্‌ভিন্ন জিনিষপত্রের দাম বেড়ে যাওয়ায় পৌর-সভার দৈনন্দিন কার্য্যাবলী এবং উন্নয়নমূলক কার্য্যের ব্যয়ও অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। কিন্তু এই খরচের তুলনায় পৌরসভার আয় বৃদ্ধি পায় নাই। বছরের পর বছর এই অবস্থা চলার ফলে পৌরসভার অর্থ সঙ্কট বর্ত্তমানে খুব খারাপ হয়ে পড়েছে।

(২) কলিকাতা পৌরসভাসহ পশ্চিম বাংলার সকল পৌরসভার আর্থিক অবস্থা পর্য্যালোচনা করে উহাদের আর্থিক উন্নতির উপায় নির্ধারণ করার জন্য সরকার একটি মিউনিসিপ্যাল ফাইন্যান্স কমিশন গঠন করার সিদ্ধান্ত লইয়াছেন।

বাঁকুড়া পৌরসভার অধীনে শিক্ষক শিক্ষিকা নিয়োগ

***৭৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪১।) **শ্রীফনীভূষণ সিংহবাবু:** পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে বাঁকুড়া পৌরসভার অধীনে কতজন শিক্ষক এবং শিক্ষিকা নিয়োগ করা হইয়াছে;

(খ) উক্ত নিয়োগকালে কি পদ্ধতি অবলম্বন করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, বেশীর ভাগ ক্ষেত্রে উক্ত পৌরসভার সদস্যসের নিকট আত্মীয়দের নিয়োগ করা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, কোন্ কোন্ সদস্যের আত্মীয় এবং সদস্যদের সহিত প্রার্থীর সম্পর্ক?

পৌরকার্য্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়:

(ক) বাঁকুড়া পৌরসভার অধীনে উক্ত সময়ে সরাসরি কোন শিক্ষক এবং শিক্ষিকা নিয়োগ করা হয় নাই;

(খ) প্রশ্ন উঠে না;

(গ) প্রশ্ন উঠে না;

(ঘ) প্রশ্ন উঠে না।

কলিকাতা গৃহ সমস্যা সমাধানকল্পে হাউসিং এস্টেট নির্মাণ

*৭৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩৭।) **শ্রীঅনন্ত কুমার ভারতী**: গৃহ নির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলিকাতা সহরে গৃহ সমস্যা ব্যাপক হওয়ায় এবং জনসাধারণের গৃহ সমস্যা মিটাইবার জন্য কলিকাতায় কোন হাউসিং এস্টেট তৈরী করিবার পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কোথায়, কয়টি, ও কি কি ধরণের?

গৃহনির্মাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়:

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমানে কলিকাতা শহরে (কর্পোরেশন এলাকার মধ্যে) আবাসন বিভাগ কর্তৃক ৬৪৪টি এবং আবাসন পর্ষদ কর্তৃক ২৭০০টি ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা আছে। বিস্তৃত বিবরণী এ্যাসেম্বলী হাউসের টেবিলে রাখা হইয়াছে। ইহা ছাড়াও আর কয়েকস্থানে জমি অধিগ্রহণের কার্য্য চলিতেছে। অধিগ্রহণ সম্পূর্ণ হইলে গৃহ নির্মাণের পরিকল্পনা লওয়া হইবে।

*Statement referred to starred question No. *784 (Kha)*

কলিকাতা শহরে (কর্পোরেশন এলাকার মধ্যে) গৃহ নির্মাণ পরিকল্পনার বিবরণী

১। আবাসন বিভাগের পরিকল্পনা ঃ

(ক) শ্রমিক ও নিম্নতর আয়সম্পন্ন ব্যক্তিগণের মধ্যে ভাড়া দেওয়ার জন্য—

(১) পিক্‌নিক গার্ডেন রোড (১ম দফায়)	—	৬৪টি	জমির দখল এখনও পাওয়া যায় নাই।
(২) পিক্‌নিক গার্ডেন রোড (২য় দফায়)	—	১৭৬টি	
(৩) কুষ্টিয়া রোড	—	২৩২টি	নির্মাণকার্য্য
(৪) ৩৫।১, কাশীপুর রোড	—	২২৮টি	চলিতেছে।
		৭০০টি	

(খ) নিম্ন আয়সম্পন্ন ব্যক্তিগণের মধ্যে ভাড়া দেওয়ার জন্য—

(১) পাম্ এ্যাভেনিউ	—	৮টি	
(২) পিক্‌নিক্ গার্ডেন রোড ও কুষ্টিয়া রোড সংযোগস্থল	—	১০৪টি	(৮০টি'র নির্মাণ-কার্য্য চলিতেছে)
(৩) নারিকেল ডাঙ্গা নর্থ রোড	—	১২০টি	নির্মাণকার্য্য চলিতেছে)
		২৩২ টি	

(গ) মধ্য আয়সম্পন্ন ব্যক্তিগণের মধ্যে ভাড়া দেওয়ার জন্য—

(১) পাম্ এ্যাভেনিউ	—	৬৪টি	(জমির দখল পাওয়া যায় নাই)

*Statement referred to starred question No. *784 (kha)*—concld.

(ঘ) সরকারী কর্মচারীদের মধ্যে ভাড়া দেওয়ার জন্য—

(১) সাহাপুর — ২৪৮টি (৪০টির নির্মাণ-কার্য্য চলিতেছে)

(ঙ) নিম্ন এবং মধ্য আয়সম্পন্ন ব্যক্তিগণের মধ্যে বিক্রয়ের উদ্দেশ্য—

(১) পাইকপাড়া (স্টেট গ্যারেজের নিকট) — ৪০০টি

মোট ১৬৪৪টি

২। আবাসন পর্ষদের পরিকল্পনা ঃ (বিক্রয়ের জন্য)

(১) ১৬০, মানিকতলা মেন্ রোড্	— ৭০০টি	(প্লান তৈরী হইতেছে, সংখ্যাগুলি আনুমানিক)
(২) গলফ্ ক্লাব, টালিগঞ্জ	— ১৮৫০টি	
(৩) সানি পার্ক, বালীগঞ্জ	— ১৫০টি	
	মোট ২৭০০টি	

বাংলা চলচ্চিত্র শিল্প উন্নয়ন

*৭৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫২।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ তথ্য ও জন-সংযে বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কেন্দ্রীয় সরকার বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য অর্থ সাহা করার সিদ্ধান্ত লইয়াছেন;

(খ) সত্য হইলে, ১৯৭৪-৭৫ সালে এ ব্যাপারে কত টাকা সাহায্য দেওয়ার আশ্ব পাইয়াছেন; এবং

(গ) ঐ অর্থে পশ্চিমবঙ্গ সরকার কি কি কাজ করা করার পরিকল্পনা করিয়াছে

তথ্য ও জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ

(ক) বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্য কর সিদ্ধান্তের বিষয় রাজ্য সরকারের জানা নেই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্ন উঠে না।

Piling up of Stone Chips inside the graveyard at Church Road, Howrah

***787.** (Admitted question No. *2594). **Shri Md. Safiullah :** Will the Minist in-charge of the Municipal Services Department be pleased to state—

(*a*) if it is a fact that stone chips are piled up inside the graveyard situated Church Road, Howrah ; and

(*b*) if so—

(*i*) the reasons thereof ;

(*ii*) the reasons for not maintaining the Christian Cementry of the abc place ?

The Minister-in-charge of the Municipal Services Department : (*a*) It is a fact that some stone chips and stone metals have been stacked inside the graveyard at Church Road, Howrah by the Howrah Improvement Trust.

(*b*) The said graveyard is now an abandoned one and has been acquired by the Howrah Improvement Trust.

Recrutment in Calcutta Corporation

*788. (Admitted question No. *2618). **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Municipal Survices Department be pleased to state—

(*a*) whether the Ordinance promulgated by the Government to check unplanned recruitment in the Municipalities has been relaxed in the case of Calcutta Corporation : and

(*b*) if so, the reasons thereof ?

The Minister-in-charge of the Municipal Services Department : (*a*) The Ordinance amended the Bengal Municipal Act, 1932 which is applicable to municipalities only. The Calcutta Corporation is governed by a different statute, namely the Calcutta Municipal Act, 1951. The question of making a similar amendment in the Calcutta Municipal Act, 1951 is under consideration of the State Government.

(*b*) Does not arise.

নবদ্বীপ পৌর এলাকায় রাস্তাঘাট নির্মাণ ও মেরামত

*৭৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩৭।) শ্রীরাধারমন সাহা : পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে নবদ্বীপ পৌর এলাকার রাস্তা ঘাট নির্মাণ ও মেরামতের জন্য সালওয়ারী বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) বর্তমানে শহরের কোন্ কোন্ রাস্তার মেরামত ও নির্মাণের কাজ সুরু হবে ; এবং কত দিনের মধ্যে হবে ?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় : (ক) ১৯৭২-৭৩ সাল

উন্নয়ন খাতে অনুদান (ডেভেলাপমেন্ট গ্রান্ট) ৬০,০০০ টাকা এবং যোগাযোগ খাতে অনুদান (কমিউনিকেশন গ্রান্ট) ৪৮,৩৯৪ টাকা।

১৯৭৩-৭৪ সাল

উন্নয়ন খাতে অনুদান (ডেভেলপমেন্ট গ্রান্ট) এক লক্ষ (১,০০,০০০) টাকা এবং যোগাযোগ খাতে অনুদান (কমিউনিকেশন গ্রান্ট) ৪৮,৩৯৪ টাকা।

(খ) সম্ভবত আগামী এক মাসের মধ্যে নিম্নবর্ণিত পাঁচটি রাস্তার মেরামতীর কাজ আরম্ভ হইবে :

১। এম, কে, চৌধুরী রোড

২। স্টীমার ঘাট রোড

৩। ফাঁসিতলা ঘাট রোড

৪। চর রোড্

৫। শ্রীবাসনঙ্গন রোড

Irregularity in the workings of Kharagpur Municipality

*790. (Admitted question No. *2711). **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(*a*) if it is a fact that the Inspector of Local Bodies, Chinsurah Division has in his last inspection report, reported gross irregularity in the working of Kharagpur Municipality, and/or diversion of Development and Motor Vehicle grants by the Municipal authorities ; and

(*b*) if so,

what action the Government has so far taken or proposes to take in the matter ?

The Minister-in-charge of the Municipal Services Department : (*a*) No gross irregularity was noticed by Inspector of Local Bodies, Burdwan Division duringhi last inspection on 26-11-73, but there was a diversion of M.V. Tax grants received in 1971-72 and 1972-73 amounting to Rs. 40,292. There was no diversion of development grant.

(*b*) The Inspector of Local Bodies was assured by the Municipality that by improving collection, it would recoup the M.V. grant diverted and utilise it under proper head by May 1974. The question of Government taking further action in the matter will arise only on receipt of a further report in this regard from the Inspector of Local Bodies, after May, 1974.

নবদ্বীপ শহরের জল নিষ্কাশনের জন্য অর্থ বরাদ্দ

*৭৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩৮।) **শ্রীরাধা রমণ সাহা ঃ** পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপ শহরের জল নিষ্কাশনের ব্যবস্থার জন্য কোন অর্থ বরাদ্দ আছে কিনা;

(খ) থাকিলে, সেই অর্থের পরিমাণ কত; এবং

(গ) কত দিনের মধ্যে তাহার কাজ শুরু হইবে?

পৌরকার্য্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

সেফ্‌টি প্রিভি

*৭৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪১।) **শ্রীঅনন্ত কুমার ভারতী ঃ** পৌরকার্য্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যালক্যাটা কর্পোরেশন-এর অন্তর্গত বিভিন্ন বস্তিতে সি,এম,ডি,এ যে সেফ্‌টি প্রিভি তৈরী করেছে সেই সকল সেফ্‌টি প্রিভির রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার রাখার দায়িত্ব কার; এবং

(খ) উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা তা দেখার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) থাকলে, কি ভাবে?

পৌরকার্য্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় : (ক) প্রাথমিকভাবে ইহা স্থির হয়েছে যে কলিকাতা পৌরসভা এই দায়িত্ব নেবে।

(খ) ও (গ) কলিকাতা পৌরসভা ও সি, এম, ডি, এ, উভয়ের উপরই এ বিষয়ে দেখাশোনা করার দায়িত্ব আছে।

[2-20—2-30 p.m.]

Calling Attention to a Matter of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-charge of the Scheduled Caste and Scheduled Tribes Welfare Department is requested to make a statement on the subject of deplorable condition of the "Udayan" and "Bani Bhawan" hostels for the Scheduled Caste and Scheduled Tribes students at Calcutta. Attention was called by Sarbasree Monoranjan Pramanik and Kashinath Misra on 2nd May, 1974.

I understand the Hon'ble Education Minister will make the statement.

Shri Mrityunjoy Banerjee :
মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি এই বিবৃতিটি হাউসের সামনে রাখছি। বহুদিন ধরে শিক্ষা বিভাগের পরিচালনায় দুটি ছাত্রাবাস তপশিলী সম্প্রদায়ভুক্ত ছাত্রদের ব্যবহারের জন্য চলে আসছে। একটা 'উদয়ন ছাত্রাবাস', যার আবাসিক সংখ্যা ৮০ এবং অপরটি 'বাণীভবন', যার আবাসিক সংখ্যা ৪০, দুটি রিকিউজিসন করা বাড়ীতে বহুদিন ধরে চলছে। কিন্তু এই বাড়ীগুলির অবস্থা ভাল নয়। আমরা বহুবার বাড়ীর মালিকদের লিখেছি মেরামত করবার জন্য। কিন্তু তারা কিছু করেননি। যেহেতু বাড়ীগুলি রিকিউজিসন করা সেহেতু সরকারের পক্ষে বড় রকমের মেরামত করা সম্ভব হয়নি সম্প্রতি আবাসিকগণ ইলেকট্রিসিটির বিল না দেওয়ায় বহু টাকা বাকি পড়ে গিয়েছিল এবং ইলেকট্রিসিটির সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছিল। আমরা ইলেকট্রিক কম্পানীকে দেয় বাকি টাকা দিয়ে পুনরায় ইলেকট্রিসিটি চালু করেছি। দুটো আবাসিক ছাত্রাবাসেরই আশু সংস্কার প্রয়োজন। এই দুটো ছাত্রাবাস তপশিলী এবং আদিবাসী কল্যাণ বিভাগকে হস্তান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছি। ঐ বিভাগ শীঘ্রই যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন।

[noise]

[At this stage several honourable members rose to speak.]

Mr. Speaker : I cannot hear you at a time. I understand that the honourable members want some clarification on the short statement that has been made by the Hon'ble Education Minister.

Shri Gangadhar Pramanick :
স্যার, তিনি যে স্টেটমেণ্ট দিলেন তার মধ্যে অনেক রকম ফেব্রিকেশন আছে। প্রথমতঃ তিনি বোর্ডারদের উপর চার্জ করলেন যে তারা ইলেকট্রিসিটি বিল দেয়নি বলে লাইন কেটে দেওয়া হয়েছিল। কিন্তু কেন তারা দেয়নি সেটা তিনি জানেন এবং সেটা তিনি চেপে গেলেন। সেটা হচ্ছে ইলেকট্রিসিটি লাইন যেদিন তারা বাড়ী নিয়েছে তারপর থেকে মেরামত হয়নি। আগে যেখানে ২৫ টাকা হোত সেটা সেখানে ৫০।৭৫ টাকা হতে লাগল মেরামত না করার জন্য। অর্থাৎ যে দায়িত্ব এডুকেশন ডিপার্টমেণ্টের এই দিন সেই দায়িত্ব মিনিস্টার ও ডিপার্টমেন্ট পালন করেন নি। তার খেসারৎ কি গরীব ছেলেদের দিতে হবে? তিনি মাঝখান থেকে ছেলেদের উপর চার্জ করলেন যে টাকা দেয়নি বলে এই জিনিষ হয়েছে। কত বছর ধরে এ জিনিষ চলেছে তা তিনি বলেননি। ছেলেদের যে স্নান করার জায়গা আছে সেখানে অপসৃত জল পড়ে, মাঝখানে খাবার জলের ব্যবস্থা ছিল না। হেল্থ ডিপার্টমেন্টকে ধরে

তারা সেখানে একটা টিউবওয়েল করে নিয়েছে এবং সেই জল তারা খায় ও স্নান করে। এই অবস্থা ৮।১০ বছর ধরে চলছে। এডুকেসান ডিপার্টমেন্টকে বারবার বলা সত্ত্বেও তারা কিছু করছেন না। মিনিস্টার-এর কাছে এ নিয়ে ডেপুটেসানও দেওয়া হয়েছে, আপনি নিজে বলেছেন কিন্তু তিনি কোন কিছুতেই কর্ণপাত করছেন না। আজ তিনি বলছেন সিডিউলকাস্ট ট্রাইব ডিপার্টমেন্ট-এর কাছে পাঠিয়ে দিয়েছেন। সেই ডিপার্টমেন্ট-এর দেখতেও আবার ১০ বছর লাগবে। এই রকমভাবে—

They shirk their responsibilities and so I don't know how they will treat the scheduled caste and scheduled tribes students. They are treating these students in this fashion. This is my humble submission.

Shri Asamanja De :

হার্ডিঞ্জ হোসটেলে বড় বড় লোকের ছেলেরা থাকে বলে সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে। এখানে করোকেটিং ছাদ ফুটো জল পড়ে। পানীয় জলের কোন ব্যবস্থা নেই। এরকম দুরবস্থায় ১০।১২ বছর ধরে চলছে। সেখানে পি, জি, স্টুডেন্ট, ফ্রি স্টুডেন্ট থাকে বলে কি কিছু করা হবে না? অথচ হার্ডিঞ্জ হোস্টেলে লক্ষ লক্ষ টাকা খরচ করে মেরামত করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে এ বিষয়ে কর্তৃপক্ষ বছরের পর বছর উদাসীন থেকে যাচ্ছে।

Mr. Speaker : I also personally know the deplorable state of affairs in these two hostels. The students also came to me and gave me a representation which I forwarded to the Education Minister. I personally wrote to the Minister-in-charge of Scheduled Castes and Scheduled Tribes Department and drew his attention to the necessity of early repairs. But still now the deplorable condition is continuing. It is unfortunate. May I expect an assurance from the Hon'ble Education Minister that for the students who are residing in the hostel, steps should be taken at an early date so as to remove their genuine grievances ?

Shri Mrityunjoy Banerjee :

স্যার, আমার বিবৃতির মধ্যে মূল সমস্যার কথা বলেছিলাম। বাড়ীটি অন্যের কাছ থেকে নেওয়া বলে রিপিয়ার করার টেকনিক্যাল অসুবিধা ছিল। বাড়ীর মালিক যদি রিপেয়ার না করে তাহলে আমাদের এ্যাকুইজিশান করতে হয়, না হয় অন্য জায়গা দেখতে হয়। এই কাজটা সময়সাপেক্ষ। আমরা অসুবিধার কথা জানি। ছোট ছোট কাজগুলি করার চেষ্টা করছি। বাড়ীটা হয় বদল করতে হবে, না হয় পুরাপুরিভাবে সংস্কার করতে হবে। আমরা অবিলম্বে এদিকে নজর দেব। আমাদের সিডিউলকাস্ট ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট যদি না দেখেন তাহলে আমাদের ডিপার্টমেন্ট থেকে যত তাড়াতাড়ি পারি ব্যবস্থা অবলম্বন করব।

[Several members rose to speak.]

[Noise]

[2-30—2-40 p.m.]

Mr. Speaker : Honourable members, please hear me. The Hon'ble Minister has stated that if it is not looked after by the Scheduled Caste Welfare Department he assures this House that he will take all necessary steps for early repair of the buildings. He has also stated that if necessary both the houses will be acquired by the Government as early as possible for repair works or alternative accommodation will have to be made for the students. That is the assurance given by the Hon'ble Minister.

Shri Abdul Bari Biswas :

অধ্যক্ষ মহাশয়, আমরা....

Mr. Speaker : I have received 34 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Disruption of train service in Sealdah Division— from Shri Md. Safiullah :

2. Scarcity of drinking water in Calcutta—from Shri Md. Safiullah, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Bhawani Prosad Sinha Roy ;

3. Coal Distribution in urban and rural areas—from Shri Sukumar Bandyopadhyay, Shri Md. Safiullah, Shri Abdul Bari Biswas and Shri Bhawani Prosad Sinha Roy ;

4. Inquiry into supply of inferior quality coal to Thermal Power Stations—from Shri Sukumar Bandyopadhyay, Dr. Ramendra Nath Dutta, Shri Abdul Bari Biswas, Shri Bhawani Prosad Sinha Roy and Shri Md Safiullah :

5. Broad gauge railway line between Dankuni-Sealdah, Howrah-Amta and Howrah-Champadanga—from Shri Sukumar Bandyopadhyay, Dr. Ramendra Nath Dutta, Shri Abdul Bari Biswas, Shri Bhawani Prosad Sinha Roy and Shri Md. Safiullah ;

6. Diversion of coal meant for West Bengal—from Shri Kumar Dipti Sen Gupta, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra :

7. Accumulation of more than 5 lakhs tonnes of Coal—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kasinath Misra ;

8. Recruitment without going to Employment Exchanges by industrial and other units—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kasinath Misra :

9. Acute scarcity of drinking water—from Shri Sukumar Bandyopadhyay. Shri Kashinath Misra, and Md. Dedar Baksh :

10. Lock-out in Indian Refractories at Kulti– from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra ;

11. Dead-lock in power generation in 'Santaldihi Power Plant'– from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra ;

12. Proposed student strike in protest against high price and scarcity of text books and essential commodities—from Md. Dedar Baksh ;

13. Cheque referred to drawer for want of deposits by the P.W.D.—from Md. Dedar Baksh ;

14. Acute water scarcity in urban and rural areas of West Bengal—from Shri Kashinath Misra, Shri Gautam Chakrabarty, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Monoranjan Pramanick, Shri Narayan Bhattacharyya, Shri Asamanja De and Shri Sambhu Narayan Goswami ;

15. Sanction of G.R., T.R. and employment for the peasantry of West Bengal—Md. Dedar Baksh, Shri Asamanja De, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay ;

16. Habitat for the Scheduled Castes and Tribes of rural Bengal—from Md. Dedar Baksh ;

17. Affairs of the Mental Hospital at Lumbini Park—from Md. Dedar Baksh ;

18. Rehabilitation of the refugees—from Md. Dedar Baksh ;

19. Want of food and employment in rural areas of West Bengal—from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik, Shri Abdul Bari Biswas. Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakravartty, Shri Sarat Chandra Das, Shri Sambhu Narayan Goswami, Shri Narayan Bhattacharyya and Shri Asamanja De ;

20. Missing of Dr. Santosh Nath and Dr. Swapan Sarkar of Saha Institute ot Neuclear Physics—from Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik. Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakravartty, Shri Sarat Chandra Das. Shri Asamanja de and Shri Narayan Bhattacharyya ;

21. Reduction in the Wheat allotment for West Bengal—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Narayan Bhattacharyya, Shri Monoranjan Pramanik, Shri Gautam Chakravartty, Shri Asamanja De, Shri Sambhu Narayan Goswami and Shri Md. Safiullah ;

22. Constant supply of inferior quality coal to Power Plants—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra ;

23. Disruption in telephone lines in Calcutta, Bankura and Purulia—from Shri Monoranjan Pramanik ;

24. Closure of J. K. Nagar Aluminium Factory—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra ;

25. Ex-gratia sanction of Rs. 10,000 to each of the families of the murdered Agricultural Farm Manager and Overseer—from Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik and Shri Sukumar Bandyopadhyay.

26. Immediate opening of Lohia Hospital—from Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Gautam Chakravartty, Shri Monoranjan Pramanik and Shri Md. Safiullah.

27. Proposed students' strike on 4th May, 1974—from Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

28. Reported arrest of 100 persons on the eve of Railway strike—from Shri Sukumar Bandyopadhyay, Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Monoranjan Pramanik and Shri Md. Safiullah.

29. Eviction of 100 families of Congress supporters by C.P.M. Hooligans in Raniganj area—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

30. Acute food-shortage in rural areas of Asansol Subdivision—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

31. Serious food crisis in the districts of Murshidabad and Bankura—from Shri Shish Mohammad.

2. *Looting and arson by a gang of goondas in Kuli village under Farakka P.S.—from Shri Shish Mohammad.*

. Railway Strike—from Shri Mohammad Dedar Baksh.

. Reported death of two teenagers by fire at a factory at Park Street—from Shri Mohammad Dedar Baksh.

I have selected the notice of Shri Mohammad Dedar Baksh, Shri Asamanja De, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay on the subject of sanction of G.R., T.R. and employment for the peasantry of West Bengal.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : Tomorrow, Sir.

Shri Shish Mohammad :
ন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি একটা পয়েন্ট অব ইনফর্মেশনের উপর বলবার ন্য বার বার চেয়ারের কাছে অনুমতি চেয়েছিলাম। সরকার পক্ষের সদস্যদের গন্ডগোলেই াক অথবা অন্য কোন কারণেই হোক্ বার বার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আমি সেই ারমিশন পাইনি। কাজেই সে ক্ষেত্রে আমি মনে করি আমার যে অধিকার আছে বিধান-ভার সদস্য হিসাবে সেই অধিকার ক্ষুন্ন করা হয়েছে। সেজন্য তার প্রতিবাদে কতক্ষণের ন্য আমি হাউস ছেড়ে চলে যাচ্ছি।

Mr. Speaker : There is no such thing as 'point of information in the Rules. ou can rise on a point of order or on a point of privilege. However, if you have it to say anything I allow you to say that.

Shri Shish Mohammad :
াননীয় স্পীকার মহাশয়, আজকে সকাল থেকে এই পর্য্যন্ত হাওড়া ডিভিশনে দুটি একটি াত্র ট্রেন এসেছে, আর কোন ট্রেন আসেনি। কাজেই কলকাতায় যে জিনিষপত্র দৈনন্দিন াসে ভেজিটেবল্স ইত্যাদি মালপত্র আসেনি। ফলে কলকাতার জনসাধারণের অবস্থা ত্যন্ত কঠিন হয়ে পড়েছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ রছি যে অনতিবিলম্বে এমন ব্যবস্থা গ্রহণ করুন যাতে এই অবস্থার নিরসন হয় এবং য়মিত কলকাতায় মালপত্র আসতে পারে। এটাই আমার বক্তব্য।

[2-40—2-50 p.m.]

Mention Cases

Shri Prabhakar Mandal:
ননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের তথা মাননীয় মন্ত্রীর নজরে কটা গুরুত্বপূর্ণ ঘটনা আনতে চাই। সেটা হচ্ছে এই যে গত ২৮এ এপ্রিল রবিবার দিন ন্ড ঝড়ে কেতুগ্রাম থানার পার্শ্ববর্তী ভরতপুর বরোয়া কেন্দ্রের বহু গ্রামের ঘরবাড়ী ড় গেছে। বড় বড় গাছপালা ভেঙে পড়েছে, বিদ্যুত খুঁটি পর্য্যন্ত ভেঙে পড়েছে। তাই াপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই যে এই সমস্ত লাকার দুঃস্থ ব্যক্তিদের অনতিবিলম্বে সাহায্য দেবার ব্যবস্থা করা হোক্ এবং মধ্যবিত্ত বস্থার লোক যারা তাদের ঋণ সরবরাহের ব্যবস্থা করা হোক। তা যদি না করা হয়, ই দারুণ দুর্মূল্যের বাজারে এই সমস্ত গৃহহীন লোকেরা যদি তাদের গৃহ পুণনির্মাণ া করতে পারে তাহলে তারা তাদের ছেলেপুলে নিয়ে অত্যন্ত দুঃস্থ অবস্থায় পড়ে থাকবে।

অনতিবিলম্বে এই সম্পর্কে প্রতিবিধান করবার জন্য যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করা হোক——আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি ও দৃষ্টি আকর্ষণ করছি এই বলে যে এই বিষয়টীকে যেন অত্যন্ত জরুরী বলে তিনি গ্রহণ করেন ও সেই অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা সত্বর গ্রহণ করেন।

Mr. Speaker : I will request the honourable members to be very brief. I have got 40 notices of mention cases, and it is now 20 minutes left to 3 p.m. Please co-operate with me.

Shri Susanta Bhattacharjee :

মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে হাওড়া জেলার গ্রামাঞ্চলে যে একটা অবর্ণনীয় অবস্থা চলছে—তার প্রতিকারের জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটী কথা বলছি। হাওড়া জেলায় বর্তমানে মাত্র তিন লক্ষ টাকা টি, আর এবং জি, আর-এর জন্য দেওয়া হয়েছে। গত একমাস কিছু কিছু জি, আর, দেওয়া হচ্ছে। আর মডিফাইড রেশনিং-এ চাল দেওয়া হচ্ছে সামান্য। রিলিফ মিনিষ্টার ও সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে সেখানে আরো টাকা দেওয়া হোক টি, আর, চালু করবার জন্য। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে খবর নিয়ে জানলাম সেখানে জি, আর, দেওয়ার ম্যাটিরিয়াল্স কিছু নাই। আমি বলবো সেখানে ক্যাশ জি, আর, দেওয়ার ব্যবস্থা করা হোক। ব্লকে ব্লকে টেস্ট রিলিফের কাজ আরম্ভ করা হোক। যে সব প্রোডাকটিভ স্কীম অলরেডী সাবমিট করা হয়েছে, তা অবিলম্বে চালু করবার জন্য ৩০ লক্ষ টাকা মঞ্জুর করা হোক।

Shri Sunil Mohan Ghosh Maulik :

মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত ২৮শে এপ্রিল রবিবার সন্ধ্যায় মুর্শিদাবাদ জেলার কান্দি সাব-ডিভিসনের আমার কন্সটিটিউয়েন্সির উপর দিয়ে একটা প্রচণ্ড ঝড় চলে গেছে। তার ফলে কেতুগ্রাম থানার বহু গ্রামের ঘর বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে। তারা অধিকাংশ গরীব মানুষ এই ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী পুনরায় তৈরী করবার তাদের ক্ষমতা নাই। সেখানে সরকার পক্ষ থেকে অবিলম্বে খয়রাতি সাহায্যের, জি, আর,, টি, আর, দেওয়ার ব্যবস্থা করা হোক্।

Shri Diokinandan Paddar :

स्पीकर सर, ग्रापके माध्यम से मैं सरकारका— विशेषकर पौरव मंत्री का ध्यान ग्राकर्षित करना चाहता हूं। बड़ा बजार ग्रंचल के निवासियों का जिस प्रकार रहना हो रहा है, मैं उसके बारे में कुछ कहना चाहता है। एक बड़ी भयावह ग्रौर विषम स्थिति में बड़ा बजार के निवासी रह रहे हैं। हर कोने में, हर गली में, हर रास्ते में जिस तरफ ग्राप निकलें उसी तरफ पूरा ग्रम्बार नजर ग्राता है। कारपोरेसन के ग्रथरिटिज को कभी कहा जाता है या वार्ड ग्राफिस वालों को कहा जाता है, तो वे कहते हैं कि मेरे पास गाड़ी नहीं है। कमिशनार से बात करिए तो कहते हैं कि मेरे पास लरियां नहीं हैं। तो क्या सरकार उस ग्रंचल के निवासियों से सिर्फ कर लेनाही जानती है—टैक्स लेना जानती है? क्या सरकार ने जनता को पहले यही प्रतिश्रुति दी थी कि हम तुमसे सिर्फ कर लेंगे—कूड़े की व्यवस्था—पानी की व्यवस्था—गन्दगी की निकासी की व्यवस्था हम नहीं कर पायेंगे। कारपोरेसन के कमिशनर ने एक बिसपति दी थी कि कारपोरेसन ३३ लाख जनता का या ३५ हजार कर्मचारियों का। हम विशेषकर पौरव मंत्री से पूछना चाहते हैं कि कारपोरेसन के ग्रन्दर क्या बड़ा बजार ग्रंचल के निवासी नहीं रहते हैं? कारपोरेसन के द्वारा जो हर क्षेत्र को फैसीलिटीज मिलती है क्या उनको नहीं मिलनी चाहिए? या उनकी मांगे गलत हैं?

विशेषकर रामलोचन मल्लिक स्ट्रीट्—राजा कटरा—मछुआ बाजार और कुछ ऐसे इलाके हैं, जहां महीनों कूड़े का अम्बार नहीं उठता है। जो नर्दमा निकाल जाता है, वह रास्ते में रख दिया जाता है। वही नर्दमा ड्रेनों में जा कर जम जाता है। और ड्रेनें बन्द हो जाती हैं। और उनसे पूछने पर कहते है कि मेरे सफाई करने का सामान नहीं है। अगर यही परिस्थिति रही तो एक भयावह बिमारी बड़ा बजार अंचल में फैलेगी एक भयावह परिस्थिति कलकत्ते में उपजेगी। क्या मैं यह सोचूं कि सरकारने या मंत्री मण्डल ने एक झूठी प्रतिश्रुति जनता को दी थी? अगर यही झूठी प्रतिश्रुति जनता को दी थी तो सरकार कितने दिनों तक चल सकती हैं? जनता तो सरकार से आपना हक मांगती हैं।

मुख्य मंत्री ने विशेषकर प्रतिश्रुति दी थी कि हम कलकत्ता की सफाई करेंगे, कलकत्ता को हम सुन्दर करेंगे। तो मैं मुख्य मंत्री और पौरव मंत्री का विशेषकर ध्यान आकर्षित करना चाहता हूं, मंत्री मण्डली को आवाहन करता हूं कि कलकत्ते की गन्दी की सफाई करावें। बड़ा बजार अंचल को जाकर देखें तो मरशर्म के भारे नहीं उठता है।

Shri Satyanarayan Singh :
अध्यक्ष महोदय, आपके माध्यम से मै लेवर मिनिस्टर का ध्यान आकर्षित करना चाहता हूं। एन० आर० एस० आर० और निक्को एन० बी० टी० ये तीन कारखानों के मालिकों ने २२० श्रमिकों को निकाल कर उनको रास्तों का भिखारी बना दिया है। १५-२० वर्ष से काम करने वाले श्रमिक जो कि बराबर उस कारखाने में काम करते रहे है—कंट्राक्टर बदलते रहे हैं लेकिन ये श्रमिक आपनी जगह पर काम करते रहे है। लेकिन हठात् बिना सात दिन की नोटिश दिए हुए, उन श्रमिकों को एक वा एक निकालकर बाहर कर दिया। आज वे श्रमिक रास्ते के भिखारी है। बल्कि उनका केस अभी ट्राइब्युनल में चल रहा है, बोनस के लिए, ग्रेचुएटी के लिए, वेजेस के लिए। ये चीजें होते हुए भी उन श्रमिकों के उपर किसी न किसी तरीके से आज भी अत्याचार चलाया जा रहा है, पुलिस के माध्यम से। कम्पनी यहां पर सी० आर० पी० को बुला करके जब भी मजदूर अपनी मांग को रखते हैं, सी० आर० पी० के द्वारा उनको खामोश कर दिया जाता है। उनकी असल जो मांग है, उनका जो हक है उसे कुचल कर रख दिया जाता है।

इसलिए मैं कहना चाहता हूं कि लेवर मिनिस्टर इधर जल्द से जल्द ध्यान देकर उन श्रमिकों को अपनी जगह पर रखवाने की चेष्टा करें।

Shrimati Ila Mitra :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি স্যার জানেন যে, আজকে ওরা যে সারা ভারতের কোটী কোটী মানুষ সরকারের জনস্বার্থবিরোধী নীতির পরিবর্তনের জন্য বিক্ষোভে ও প্রতিবাদে ফেটে পড়েছে। আপনি স্যার জানেন যে, আজকে দেশের মধ্যে কি প্রচণ্ড অবস্থা দাঁড়িয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিদ্যুৎ সংকট, পরিকল্পনার সংকট, বেকারি সমস্যা, ছাঁটাই লে-অফ, খাদ্য সমস্যা ইত্যাদিতে মানুষের জীবন আজকে অসহনীয় হয়ে উঠেছে। তারজন্য আজকে বিক্ষোভ ও প্রতিবাদ জানাবার জন্য এবং সরকারের নীতির পরিবর্তন করবার জন্য সারা ভারতের কোটী কোটী মানুষ আজকে প্রতিবাদ জানাচ্ছে। তারা সরকারের নীতির অবিলম্বে পরিবর্তন চাইছেন। সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ মানুষ আজকে আইন অমান্য করে এর প্রতিবাদ জানাচ্ছে এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছে যে সরকার এই নীতির পরিবর্তন করুন এবং এই জনস্বার্থবিরোধী নীতি নিয়ে চলতে পারা যাবে না। এই কারণে আজকে দুঃখ-দুর্দশা নেমে এসেছে। আজকে যদি এই নীতির পরিবর্তন না হয় তাহলে যে আমরা যে শুধু থাকবো না তাই নয় আপনারাও থাকবেন না। দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তি তারা মাথা চাড়া দেবে। তারা মাথা চাড়া দেবে—তারা আবার ক্ষমতা দখল করবে। আজকে তাই প্রতিবাদ জানাবার জন্য সকলে উপস্থিত হয়েছেন। আমি সরকারকে বলছি যে সরকার এই নীতির পরিবর্তন করুন। দক্ষিণপন্থী

প্রতিক্রিয়াশীল শক্তি যেভাবে মাথা চাড়া দিয়ে উঠছে আপনারা তা গুজরাটে দেখেছেন। আজকে নিশ্চিন্ত হয়ে বসে থাকার দিন নেই। সেইজন্য কংগ্রেসের ভেতরে যে সমস্ত বন্ধুরা আছেন এবং কংগ্রেসের বাইরে যে সমস্ত বন্ধুরা আছেন তারাও এর প্রতিবাদে সোচ্চার হয়ে উঠছেন। আমরা দেখতে পাচ্ছি যে মেনশানের সময় বিভিন্ন সদস্যরা আজকে গ্রাম-বাংলার কি অবস্থা তা তুলে ধরছেন। আজকে তারা ফেটে পড়ছেন। গণতান্ত্রিক মানুষ আজকে..........

(তুমুল হট্টগোল)

[2-50—3-00 p.m.]

Shri Sukumar Bandopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর ঘটনা আপনার সামনে উপস্থিত করতে চাই। অনেকদিন থেকে নানা বিষয়ে মেনশান করলেও সব সময় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করা সম্ভব হয় না। গত ২৮শে এপ্রিল তারিখে নদীয়ার কালীগঞ্জ থানা অঞ্চলে একটা ভয়ংকর ঝড় বয়ে চলে গেলো এবং তারফলে সমস্ত গাছপালা, পানের বরজ, এমনকি ঘরবাড়ি সব উড়িয়ে নিয়ে গিয়েছে এবং অকস্মাৎ হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পড়েছে। এই দারুণ গ্রীষ্মে হাজার হাজার লোক আকাশের নীচে রয়েছে। আবার রাত্রিতে বা বৈকালে জল ও ঝড় যাচ্ছে। এই অবস্থায় ভয়ংকর কষ্টের মধ্যে যদি হাজার হাজার মানুষ থাকে তাহলে তারা মরে যাবে। সেইজন্য বিশেষ করে অনুরোধ করছি এই অঞ্চলে যেন রিলিফ দেওয়া হয়।

Shri Pradyot Kumar Mahanti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি মেদিনীপুরে যে হাহাকারের অবস্থা হয়েছে তারজন্য। মেদিনীপুরে রিলিফের জন্য যে টাকা দেওয়া হয়েছে সেটা অত্যন্ত কম। যেটুকু টাকাও পৌঁছেছে সেটুকু টাকারও কাজ আরম্ভ করা যাচ্ছে না জেলা ম্যাজিস্ট্রেটের একটি সারকুলারের জন্য। সেই সারকুলার ২৫শে এপ্রিল তিনি দিয়েছেন যেটা এক তারিখে বি,ডি,ও'দের কাছে পৌঁছেছে এবং তাতে তিনি বলছেন কোন রিলিফের কাজ করতে গেলে লিস্ট তৈরী করতে হবে এবং সেই লিস্ট-এ কতজন পুরুষ এবং তার ডিপেনডেন্ট কত এগুলো সমস্ত দিতে হবে ডি,এমকে বাই ফিফটিনথ অব মে এবং তিনি এ্যাপ্রুভ করলে তবে কাজ আরম্ভ করা যাবে। আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি বিশেষ করে মেদিনীপুর জেলা থেকে যিনি মন্ত্রী আছেন সেই জ্ঞান সিং সোহনপালের যিনি ট্রান্সপোরট বিভাগের মন্ত্রী এবং যিনি জেলার সমস্ত কাজকর্ম দেখাশুনা করছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি জেলা ম্যাজিস্ট্রেটের সারকুলার যদি এ্যামেন্ড না করা হয়, বাতিল না করা হয় তাহলে যেটুকু টাকাও সরকার দিয়েছেন, তা কম হলেও, টেস্ট রিলিফের কাজ আরম্ভ করা যাবে না। তাই যাতে অবিলম্বে ব্যবস্থা হয় সেইজন্য দাবী জানাচ্ছি।

Shri Netaipada Ghosh:

মিস্টার স্পীকার স্যার, আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি একটা বিষয়ে আকর্ষণ করছি। অনগ্রসর জেলা বীরভূমে গরীব জনসাধারণ যাতে সুচিকিৎসা পায় তারজন্য ২৩ বছর আগে থেকে একটা হোমিওপ্যাথিক কলেজ কয়েকজন হোমিওপ্যাথিক চিকিৎসক চালিয়ে আসছেন। তার ভিত্তি প্রস্তর আমাদের স্বাস্থ্যমন্ত্রী স্থাপন করে এসেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা তিনি কথা দিয়েছিলেন সেই কলেজকে তিনি মঞ্জুরী দেবেন। কিন্তু এখনও পর্য্যন্ত আমরা জানতে পারিনি সেই কলেজ মঞ্জুরী পেয়েছে কিনা। আমি আশা করছি এবং আপনার মাধ্যমে তাঁকে জানাচ্ছি যাতে তিনি অবিলম্বে মেডিকেল কলেজটির মঞ্জুরী দেন।

Shri Ajit Kumar Panja:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁদের মজুরী আজকে দেওয়া হয়ে গিয়েছে।

Shri Mahadeb Mukherjee:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খাদ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবশ্য খাদ্যমন্ত্রী মহাশয় উপস্থিত নেই হাউসে। আজ খাদ্যসংকট হয়েছে এবং হুগলী জেলা এবং আরামবাগ মহকুমাতে প্রচন্ড খাদ্যসঙ্কট যেখানে রেশনে গম কিছু দেওয়া হচ্ছিল সেটাও দেওয়া হচ্ছে না এবং হাহাকারে গরীব মানুষ খেতে পাচ্ছে না। মানুষ আজ অনশনে আছে, অখাদ্য, কুখাদ্য খাচ্ছে। এই অবস্থা আজকে আরামবাগ মহকুমাতে। সেখানে আজ পর্য্যন্ত নিয়মিতভাবে চাল বা গম দেওয়া হচ্ছে না। এই খাদ্যসঙ্কটের মধ্যে আজকে মানুষ আয়ত্তের বাইরে যাচ্ছে, মানুষের আজকে যে অবস্থা তাতে বলতে পারি সতিকার একটা বিপর্যয় দেখা যাচ্ছে। দুঃখের কথা এই খাদ্যের অবস্থা এই হাউসে বারবার বলেছি এবং আগেও বলেছি। খাদ্যমন্ত্রী এখন হাউসে নেই। এমন অবস্থায় এসে পড়েছে যে আরামবাগ মহকুমাতে যদি রেশনে চাল অন্ততঃপক্ষে ৫শো গ্রাম এবং গম অন্ততঃ ৫শো গ্রাম না দেওয়া হয় তাহলে মানুষ আয়ত্তের বাইরে চলে যাবে এবং অনেকে না খেয়ে মরবে—একথা বলে দিচ্ছি। আর টি,আর এবং জি,আর যা দেওয়া হচ্ছে সেও যাতে নিয়মিতভাবে দেওয়া হয় যাতে সত্যিকার মানুষ কাজ পায় এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Shital Chandra Hembram:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেডিকেল কলেজের ক্ষেত্রে আমাদের অনেক জায়গায় যে রিজার্ভেসান আছে সরকার ঠিকভাবে তা পালন করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধানে মাতৃভাষার মাধ্যমে শিক্ষালাভের বিধান থাকা সত্ত্বেও পশ্চিমবাংলাতে ২২ লক্ষ সাঁওতালের যে মাতৃভাষা সেটাকে আজও স্বীকৃতি দেওয়া হল না। তারা আন্দোলন করতে জানে না, বিদ্রোহ করতে জানে না। তারা অল্পভাষী, অমায়িক, নিরীহ, চিরনিপীড়িত এবং তাদের অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে।

সেইজন্য আমি সরকারের কাছে এই অনুরোধ রেখে দাবী জানাচ্ছি যে যেন চাকুরীর ক্ষেত্রে ও প্রমোসনের ক্ষেত্রে এই আদিবাসী উপজাতীয়দের প্রতি উপযুক্ত ব্যবহার করা হয়। আমরা দেখেছি যে এই আদিবাসী হরিজনদের রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করা হয়েছে। তাই আমি অনুরোধ করবো যে তাদের রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার না করে তাদের যে ন্যায্য দাবী তা পূরণ করার সরকার যেন চেষ্টা করেন।

Shri Chandra Kumar Dey:
মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রী মহাশয়ের কাছে আমার এক বক্তব্য পেশ করতে চাচ্ছি। আগামী সাত-আট মাস পরে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট টিম এখানে খেলতে আসছে। এই টিকিটের ব্যাপারে খুব হাহাকার উঠবে। এবং বহু অঞ্চলের মানুষ সেই টিকিট থেকে বঞ্চিত হয় একথা সকলেরই খুব ভালভাবে জানা আছে। তাতে কলকাতার বেশীরভাগ লোকেরই খেলা দেখার সুযোগ থাকে। তাই এ বিষয়ে এখনও কয়েক মাস সময় আছে। এর সম্বন্ধে একটা ব্যবস্থা করা দরকার। যাতে প্রত্যেক জেলার স্পোর্টস এ্যাসোসিয়েসনের তরফ থেকে অন্ততঃ ২০০ করে টিকিট পায় এবং সেইভাবে যাতে সেখানে টিকিট পাঠানো হয় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এ পর্যন্ত জেলা স্পোর্টস এ্যাসোসিয়েসনে মাত্র ২০।২৫ খানি করে টিকিট দেওয়া হয় যেখানে হাজার হাজার লোকের সেই খেলা দেখার চাহিদা আছে। এবং এ ব্যাপারে একটা কমিটি তৈরী করা দরকার যে কিভাবে এই সমস্ত টিকিট বিলি হবে তার মাধ্যমে এই ব্যবস্থা হওয়া দরকার। আমার বিশেষ অনুরোধ হচ্ছে অন্ততঃপক্ষে ২০০ করে টিকিট এই সব

জেলা স্পোর্টস এ্যাসোসিয়েসনের হাতে দেওয়া উচিত। আশা করি মাননীয় ক্রীড়ামন্ত্রী মহাশয় এই বিষয়ে তাঁর নির্দেশ দেবেন।

Shri Gangadhar Pramanick :
মাননীয় অধ্যক্ষ মহাশয় এখানে আমাদের লোক্যাল সেল্ফ গভর্ণমেন্টের মিনিস্টার উপস্থিত আছেন আমি তাঁর কাছে একটি আবেদন রাখছি। আমাদের সংবিধান রচয়িতা ডাঃ বি, আর, আমেদকর মহাশয়ের এখানে বহু স্মৃতি আছে। আমি তাঁকে আবেদন করবো যে ময়দানে তাঁর একটা মূর্তি প্রতিষ্ঠা করার জন্য। এবং রবি দাস যিনি অস্পৃশ্য জাতির উন্নতির জন্য তাদের তৈরী করেছিলেন, তাদের মনোবল দিয়েছিলেন তাঁরও ঐতিহ্য আছে এবং তাঁরও একটা মূর্তি প্রতিষ্ঠা করা হোক।

Shri Subrata Mukhopadhaya:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী গঙ্গাধর প্রামাণিক মহাশয় যে কথা এখানে উত্থাপন করেছেন সে বিষয়ে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে জানাচ্ছি যে শ্রী আমেদকরের স্ট্যাচু তৈরী করার প্রস্তাব গ্রহণ করেছি এবং জায়গাটা এখনও অবশ্য ঠিক হয় নি। মাননীয় সদস্য বহুবার আবেদন করেছেন একটি প্রোপোজালও লিখিতভাবে আমার কাছে পাঠিয়েছেন। স্বভাবতঃ তারই পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তিনি যে অপর একটির নাম এখানে বললেন সে সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি। আমেদকর মহাশয় এই হাউস থেকে নির্বাচিত হয়ে তিনি যে এতবড় একটা কাজ করে গেছেন তারজন্য তাঁর সম্মানে স্ট্যাচু করা দরকার। জায়গা ঠিক হয়ে গেলে কাজ আরম্ভ হয়ে যাবে।

Shri Jagadananda Roy :
মিস্টার স্পীকার স্যার, আজকে জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলা একটা গুরুতর পরিস্থিতির সম্মুখীন হয়েছে। এবং সেই গুরুতর অবস্থার কথাটার উপর আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যুগ যুগ কাল ধরে তিস্তা নদী দার্জিলিং ও জলপাইগুড়ি জেলার অধিবাসীদের দুর্ভোগ ভোগ করিয়ে আসছে এবং বিভিন্ন সময়ে হাজার হাজার মানুষ তিস্তার বন্যায় প্রাণ হারিয়েছে, সম্পত্তি হারিয়েছে। আজকে যখন তিস্তা পরিকল্পনা রূপায়িত হতে চলেছে তখন অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে এই দুটি জেলা তার কোন ফল লাভ করতে পারছে না। তার ফল লাভ করছে পশ্চিম দিনাজপুর ও মালদা জেলা। স্যার, আপনি জানেন ১৯৬৮ সালে ঐ বিধ্বংসী বন্যার ফলে প্রচুর ধন-সম্পত্তি বিনষ্ট হয়েছে এবং বহু জীবনও হারাতে হয়েছে। তার পূর্ব থেকে তিস্তার মাস্টার প্লান করার কথা সরকার চিন্তা করছেন।

আজকে তার কোন ফল পাওয়া যায়নি। আপনি জানেন যে চা বাগান অধ্যুষিত এরিয়া, সেখানে সেচের দরকার আছে এবং পাওয়ারের দরকার আছে এবং অনেকেই জানেন যে জলপাইগুড়ি জেলায় প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়। কিন্তু আদতে প্রগতিশীল যুগে প্রকৃতিও প্রগতির রূপরেখা পরিবর্তন করেছে যারজন্য সময়মত বৃষ্টি হয় না। সেই ক্ষেত্রে অন্যান্য আবাদের এবং গমের বেলায়ও সেচের ব্যবস্থার দরকার। সুতরাং আজকে যে প্রকল্প গ্রহণ করা হচ্ছে, এই প্রকল্পের মূলে ৭০ কোটি টাকা খরচ হবে। জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলা এর স্বার্থ থেকে বঞ্চিত হবে সেটা জলপাইগুড়ি জেলা এবং দার্জিলিং জেলার লোকেরা কিছুতেই বরদাস্ত করবে না। কাজেই কাজলডাংগাতে বাঁধ নির্মাণ করে সেখানকার জল আজকে মহানন্দায় ফেলে, সেখানকার জল বইয়ে নিয়ে এসে ইসলামপুর, সোনারপুরে ব্যারেজ করে ওয়েস্ট দিনাজপুরের খানিকটা পোরশানে সেচের ব্যবস্থা করা হবে এবং সেই হিসাবে দেখতে হবে যে ৭০ কোটি টাকার বিনিময়ে আমরা কতটুকু ফল লাভ করছি। কাজেই এই সম্পর্কে সরকারকে সজাগ থাকতে বলি যে জলপাইগুড়ি এবং

দার্জিলিং জেলা যাতে কিছুতেই এই খরচের হাত থেকে বঞ্চিত না হয় সে জন্য নূতনভাবে প্রকল্প রচনা করা হয়। এই কথা বলে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00—3-10 p.m.]

Shri Sarat Chandra Das :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মধ্যশিক্ষা পর্ষদ শিক্ষা ব্যবস্থাকে কোথায় টেনে নিয়ে গেছেন তার একটা প্রকৃষ্ট উদাহরণ বর্তমানে পুরুলিয়া জেলায় ঘটেছে পুরুলিয়া জেলার হোরা সেন্টারে মাধ্যমিক পরীক্ষার খাতা দক্ষিণ ২৪-পরগণার নামখানা হায়ার সেকেন্ডারী স্কুলের গোবর্ধণ মান্না মহাশয়কে দেখতে দেওয়া হয়। তিনি সেই খাতায় ৪৫টি ছেলেকে ফেল করান। পরে ২টি লোককে পাঠিয়ে দেওয়া হয়—একজনের নাম হচ্ছে মনীন্দ্র পাত্র, আর একজনের নাম হচ্ছে পশুপতি মিত্র—তাদের পাঠান হয় যে ছেলেরা ফেল করেছে তারা মিনিমাম একশত এবং ম্যাক্সিমাম ২।৩ শত করে যদি টাকা দেন তাহলে তাদের পাশ করিয়ে দেওয়া হবে এবং তারা সেই জয়নগর ভবানীপুর কেন্দ্রে উপস্থিত হয়। পুরুলিয়া জেলার লোকেদের কুসংস্কারতা নেই, অথবা তারা বুদ্ধিজীবী তাই তারা এই মেধা বিক্রয় খরিদ করতে রাজী হয়নি। এখানে তারা এদের সকলকে ঘেরাও করে পুলিশের হাতে অর্পণ করে। এই যে পরীক্ষা ব্যবস্থা মেধাবী ছাত্রদের এখানে যে একচেটিয়া অধিকার ছাত্রদের মেধা বিক্রয় করার এইভাবে প্রমাণ করে তা একটা প্রকৃষ্ট উদাহরণ পাওয়া গেল। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের জন্য দাবী করছি।

Dr. Ramendra Nath Dutt :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলায় আইনশৃঙ্খলার অবস্থা অত্যন্ত খারাপ হয়ে পড়েছে। খাদ্যাভাব, চুরীডাকাতি অত্যন্ত বেড়ে গেছে। গোটা পশ্চিম দিনাজপুর জেলার সঙ্গে বাংলাদেশের বর্ডার দিয়ে দিনে রাত্রে স্মাগলিং হচ্ছে। কেউ বাধা দিতে গেলে সে বিপদে পড়ছে। বি.এস.এফ. থাকে তাদেরও বিপদে ফেলার চেষ্টা করছে। বাংলাদেশের বর্ডার দিয়ে ব্যাপকভাবে গরু, মহিষ চুরি হচ্ছে। থানায় কমপ্লেন করে কোন প্রতিকার হচ্ছে না। বিশেষত ইসলামপুরের রায়গঞ্জ সাবডিভিশনের বর্ডার এলাকার গ্রামবাসী থেকে ব্যাপকভাবে গরু মহিষ চুরি হচ্ছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই গরু, মহিষ চুরী বন্ধ করার জন্য ব্যবস্থা করেন।

Shri Sambhu Narayan Goswami:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীকে একটা বিশেষ জিনিষ অনুরোধ করব কিন্তু তিনি নেই তাই মন্ত্রী সভার অন্যান্য সদস্যদের অনুরোধ করছি আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতি জেলায় দেখলাম, যে বর্তমান সরকার পার্ট টাইম শিক্ষার জন্য মাধ্যমিক শিক্ষকদের ট্রেনিংয়ের ব্যবস্থা করেছেন। সেখানে রিফ্রেসার হিসাবে ১৮ মাস এই শিক্ষকগণ ট্রেনিং পাবেন। আমি আপনার মাধ্যমে একটা জিনিষ অনুরোধ করবো— কারণ শিক্ষামন্ত্রীকে কিছু বললে তিনি ভাবছি, ভেবে দেখবো ইত্যাদি বলা ছাড়া আর কিছুই বলেন না। তবে আমার মনে হয় এবং যেহেতু আর্থিক ব্যয়ের ব্যাপার নেই সেহেতু শুধুমাত্র রিফ্রেসারদের না দিয়ে সেখানে যে বেকার ছেলে রয়েছে, অর্থাৎ বি.এ এম.এ পাশকরা ছেলেরা আছে— কারণ কোন ট্রেইন্ড না হলে শিক্ষকতা করতে দেওয়া হয় না। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করি যে বি.এ এম.এ পাশকরা যে ছেলেরা রয়েছে তাদের রিফ্রেসার ছাড়া অর্থাৎ শিক্ষক ছাড়া তাদের যদি ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয় তাহলে দরিদ্র ছেলেরা, যারা ট্রেনিং প

পারে না কলকাতায় এসে বা বাইরে গিয়ে তাদেরও সুবিধা হয়। সে জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে এই ব্যবস্থা করার জন্য অনুরোধ করবো।

Shri Hemanta Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক দিন আগে আমি আমাদের মেদিনীপুর জেলার আদিবাসী অধ্যুসিত এলাকার খাদ্যাবস্থার কথা বলেছি। আজকে আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকার একটি করুন চিত্র আপনার মাধ্যমে সভার কাছে তুলে ধরছি। আমরা দু বছর হলো এসেছি, দু-বছর আগে আমাদের সরকার খাদ্যের দিক দিয়ে জনপ্রিয়তার শীর্ষে আরোহণ করেছিলেন, কিন্তু আমরা সেই জনপ্রিয়তা সম্পূর্ণ হারিয়ে ফেলেছি। আমাদের রামনগরে চালের দর ৩.২০ থেকে ৩.৫০ পয়সা কে,জি—ধান ৬০ টাকা থেকে ৭০ টাকা কুইন্টাল। সেখানে রেশনে কোন চাল দেওয়া হয় না, গম যেটা দেওয়া হয় ১৫ দিন অন্তর সেটা এতই অখাদ্য যে ডিলাররা তুলতে চান না, সেই গম এ, এবং বি, শ্রেণীকে দেওয়া হচ্ছে। এখন ডিলাররা কাকে দেবে, না দেবে ঠিক করতে পারেন না এবং অখাদ্য বলে এই দুটো কারণে তারা সেই গম নেন না। এর ফলে আজকে সেখানে দুর্ভিক্ষের অবস্থা চলছে।

Shri Harasankar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের খাদ্য দ্রব্য এবং কাঁচা মাল চলাচলে একটা অনিশ্চিত অবস্থায় দেখা দিয়েছে। গতকাল রেল দপ্তরের রেলওয়ে বোর্ডের এবং কয়েকজন দক্ষিণ-পন্থীর অপকৌশলে, চক্রান্তে জাতীয় রেলওয়েস কো-অর্ডিনেশন কমিটির কনভেনর শ্রী জর্জ ফার্নানডেজ সহ ৪০০ রেলওয়ের শ্রমিক নেতাকে গ্রেপ্তার করা হয়েছে। এর ফলে এস্টার্ন উত্তর রেল পথ বন্ধ হয়ে গিয়েছে। পশ্চিমবঙ্গে এর প্রভাব পড়েছে, যার ফলে মাল-পত্র আসছে না। উভয় পক্ষে যখন আলোচনা চলছিল তখন এইভাবে এ্যারেস্ট করা অত্যন্ত অগণতান্ত্রিক। রেলমন্ত্রী আলোচনার সুযোগ বন্ধ করে দিয়েছেন, এই জাতীয় স্যাবোটেজের ফলে পশ্চিমবঙ্গের দ্রব্য মূল্য বৃদ্ধি হচ্ছে। আমার আর একটা বক্তব্য আছে, সেটা হচ্ছে যেভাবে বলা হচ্ছে ৪০০ কোটি টাকা খরচ হবে এদের সব দাবী মেটাতে গেলে, সেখানে আমি বলব মাননীয় স্পীকার স্যার, টাটা, বিড়লার মত মোনোপলিস্টদের রেল কোম্পানী যে অর্থ ছাড় দেয়, সেটা না দিলে এই অর্থ পাওয়া যায়। সুতরাং আমি দাবী করব অবিলম্বে ঐ নেতাদের অবিলম্বে মুক্তি দিয়ে তাদের সঙ্গে এই বিষয়ে আলোচনা করে এই অচল অবস্থার অবসান করা হোক এবং পশ্চিমবাংলাকে এই সঙ্কটের হাত থেকে মুক্ত করা হোক।

Shri Subrata Mukhopadhaya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী গঙ্গাধর প্রামাণিক যে প্রশ্ন করেছিলেন এবং আপনি নিজে যেটার সম্বন্ধে প্রপোসাল দিয়েছিলেন সে সম্বন্ধে আমি একটু ব্যাখ্যা দেব। কারণ এটা একটা সেনসিটিভ ইসু। ডঃ আম্বেদকারের স্ট্যাচুর প্রস্তাব আমরা গ্রহণ করেছি, কিন্তু রবী দাসের সম্বন্ধে আমরা এখনো কোন প্রস্তাব গ্রহণ করিনি, কারণ কোন ধর্মগুরুর স্ট্যাচু হয় না, তাঁদের মন্দির করে দেওয়া হয়, তা না হলে কাকে হাগবে, বকে হাগবে। সুতরাং এটা পরিষ্কার করে দেওয়া প্রয়োজন ছিল। ডাঃ আম্বেদকরের স্ট্যাচুর প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

Shri Rajani Kanta Dolui:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, মাধ্যমিক স্কুল বোর্ডের কর্মচারীরা লাগাতার ধর্মঘট শুরু করেছেন, এর

ফলে বোর্ডের কাজ কর্ম অচল হয়ে গিয়েছে। লক্ষ লক্ষ স্কুল শিক্ষক এর ফলে অসুবিধার সম্মুখীন হচ্ছেন। দীর্ঘকাল যাবত মাননীয় শিক্ষামন্ত্রী এ বিষয়ে উদাসীন, তাই আমি সমস্ত হাউসের কাছে আবেদন করব যে মাননীয় শিক্ষামন্ত্রী যেন স্কুল বোর্ডের কর্মচারীদের ন্যায্য দাবীদাওয়াগুলি বিবেচনা করেন।

Dr. Ekramul Haque Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ডোমকল, জলঙ্গী, ভগবানগোলা, লালগোলা, ইত্যাদি এলাকায় বিগত ৩০ তারিখে কাল-বৈশাখীর ঝড় বয়ে গিয়েছে। এর ফলে সেখানকার অধিকাংশ বাড়ী, বহু আম, কাঁঠাল গাছ ভূমিস্যাৎ হয়ে গেছে। বহরমপুরের ২ জন মারা গেছে এবং বহু লোক গৃহহীন হয়ে গেছে। সেজন্য এ বিষয়ে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে অবিলম্বে যেন সেখানে অনুদান দেওয়া হয়।

3-10—3-20 p.m.]

Shri Krishnapada Roy :

স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে রিজার্ভ ব্যাংক-এর সুদ সংক্রান্ত নীতি ঘোষিত হবার ফলে পশ্চিমবঙ্গে সমবায় সমিতির গতি রুদ্ধ হয়ে যাচ্ছে। বানিজ্যিক ব্যাংকগুলির ক্ষেত্রে রিজার্ভ ব্যাংক যে সুদ নির্দিষ্ট করেছেন তাতে পশ্চিমবঙ্গে সমবায় ব্যাংকগুলির ক্ষেত্রে যদি একই হার চলে তাহলে আমরা বুঝতে পারছি যে বানিজ্যিক ব্যাংকগুলির সঙ্গে সমবায় ব্যাংক দাঁড়াতে পারবে না। সমবায়ের ক্ষেত্রে মুনাফার কোন প্রশ্ন নেই। সেই সময় যদি বানিজ্যিক ব্যাংক-এর সঙ্গে সমবায় ব্যাংক-গুলির প্রতিযোগিতা করতে হয় তাহলে সমবায় ব্যাংকগুলি দাঁড়াতে পারবে না। আশা করব মন্ত্রীসভা এ বিষয়ে নজর দেবেন যাতে সমবায় আন্দোলনের গতি রুদ্ধ না হয় এবং এ ক্ষেত্রে অন্য হারে সুদের টাকা দেবার ব্যবস্থা করবেন।

Shri Sukumar Baudopadhyay :

স্যার, শহর কলকাতা, শহরতলী অঞ্চল এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গার একটা নূতন শিল্পের উদ্ভব হচ্ছে যার নাম হচ্ছে গুমটি শিল্প। পি.ডবলিউ.ডি-র রাস্তা রেলের জায়গায় এই সব গুমটি গড়ে উঠছে। এর মালিক অন্তরালে থাকে। এক শ্রেণীর অসামাজিক ব্যক্তিরা এই সব গুমটিগুলির কাছ থেকে ট্যাক্স আদায় করে থাকেন—যার নাম হচ্ছে মস্তান ট্যাক্স। পূর্তমন্ত্রীকে অনুরোধ করব পশ্চিমবাংলার হাজার হাজার মানুষ যাঁরা ফুট-পাত দিয়ে হাঁটেন, রাস্তা দিয়ে চলাফেরা করেন তাদের এর জন্য প্রচন্ড অসুবিধায় পড়তে হচ্ছে। যে জমির দাম ১০ হাজার টাকা কাঠা সেখানে এসব হচ্ছে। যদি সরকারের হাতে কোন ক্ষমতা থাকে তাহলে এগুলিকে বন্ধ করুন, তা না হয় এই গুমটি শিল্পগুলিকে আইন-সম্মত করুন। উপায় কিছু যদি না করেন তাহলে মানুষ বুঝবে সরকারের হাতে কোন কিছু করার ক্ষমতা নেই। এ বিষয়ে পূর্তমন্ত্রী ও মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

Shri Monoranjan Pramanik :

স্যার, পশ্চিমবাংলার বিভিন্ন হাসপাতালে এক্স-রে ডিপার্টমেন্ট ও লেবোরেটরি ডিপার্টমেন্ট আছে। সেখানে যাঁরা কাজ করেন তাঁরা কিভাবে নিজেদের জীবন বিপন্ন করে কাজ করে সে বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এক্স-রে বিভাগে যখন প্লেট তোলা হয় তখন সেখানে যাঁরা কাজ করেন তাঁদের রে দিতে হয়। সেই রে বা রঞ্জন রশ্মি তাঁদের কফের মধ্যে প্রবেশ করার ফলে তাঁরা অসুস্থ হয়ে পড়েন যার ফলে তাঁদের ভবিষ্যতে বংশধরদের জীবন ও তাঁর নিজের বিবাহিত জীবনও নষ্ট হয়ে যায়। ল্যাবোরেটরি ডিপার্টমেন্ট-এ যাঁরা কাজ করেন তাঁরা পাইপ ব্লো করে থাকেন বিভিন্ন রক্ত,

থুথু ইত্যাদি পরীক্ষা করার সময়। এর ফলে তাঁদের জীবনে নানা রকম জীবানু প্রবেশ করে। এর ফলে এক্স-রে ডিপার্টমেন্ট এবং ল্যাবোরেটরি ডিপার্টমেন্ট-এর কর্মীরা ধীরে ধীরে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছেন। তাঁরা কতকগুলি দাবীদাওয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে দিয়েছেন। আশা করি তিনি সেগুলি দেখবেন।

Shri Ajit Kumar Panja:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্স-রে টেক্নিসিয়ান এবং লেবরেটারী টেক্নিসিয়ান তারা তাদের দাবীদাওয়া আমার কাছে রেখেছিলেন, ইতিমধ্যে এ্যানামলি ঠিক করবার জন্য শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় মহাশয়ের নেতৃত্বে একটা কমিটি হয়েছে এবং সেই কমিটির সামনে তারা এ্যাপিয়ার করেছেন, এবং তারা তাদের বক্তব্য রেখেছেন, এটা এখন সরকারের বিবেচনাধীন।

Shri Asamanja De:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে তার প্রতিবিধান দাবী করছি। স্যার, আপনি জানেন যে একদিন ডাঃ রায়ের চেষ্টায় পশ্চিমবাংলায় মানুষকে সুলভে দুগ্ধ সরবরাহ করবার জন্য হরিণঘাটা ডেয়ারী ফার্মের প্রতিষ্ঠা করেছিলেন, কিন্তু আজকালের গতিতে সেই হরিণঘাটা ডেয়ারী ফার্ম একটী জুয়াচুরী এবং দুর্নীতির আড্ডায় পরিণত হয়েছে। স্যার, আপনি যে কোন মিল্ক ডিপোতে গেলে দেখবেন হরিণঘাটার দুধের প্যানে দুধের বদলে জল দেওয়া হচ্ছে এবং বোতলে যে দুধ দেওয়া হচ্ছে তাতে দুধ নাই সেটা জমে দই-এ পরিণত হচ্ছে। হরিণঘাটা ডেয়ারী ফার্মের এক বছরের হিসাব নিয়ে দেখেছি সেখানে প্রায় দেড় কোটী টাকা লোক্সান হচ্ছে। সেখানে নানান রকমের দুর্নীতি চলছে। লক্ষ লক্ষ টাকার জিনিষ বিনা টেন্ডারে কেনা বেচা হচ্ছে। পুলিশ আমলা এবং সমাজবিরোধী গুন্ডারা এইভাবে চক্রান্ত করে হরিণঘাটার ও,সি একটা তিন হাজার টাকা দামের হলষ্টিন গরু মাত্র ৩০০ টাকায় কিনে নিয়েছে। এই ধরণের চক্রান্ত চলেছে। হরিণঘাটা ডেয়ারী ফার্মের ক্যাটাল্ ফডার সাপ্লাই করে বেঙ্গল ফ্লাওয়ার মিলের মালিকের ছেলে ঝুনঝুনওয়ালার ছেলে কেদার নাথ আগরওয়ালা, সেখানে কর্মচারীদের সঙ্গে দুর্নীতি করে হরিণঘাটা ডেয়ারী ফার্মে ৫০ পারসেন্ট ক্যাটাল্ ফডার পৌছায় না আর ৫০ পারসেন্ট ব্ল্যাক হয়ে যায়। এই ধরণের দুর্নীতি পুষে রাখা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে। এর বিরুদ্ধে ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের ছেলেরা প্রতিবাদ জানানোর জন্য তাদের পুলিশে গ্রেপ্তার করলো। তারপর অন্যায়ভাবে মাষ্টার রোল ওয়ার্কারদের হরিণঘাটা ফার্ম থেকে অন্য জায়গায় বদলী করা হল। এই ধরণের দুর্নীতি পুষে রাখা হচ্ছে। আমি স্যার, দাবী জানাচ্ছি যে অবিলম্বে তদন্ত করা হউক এবং হরিণঘাটা ফার্মের যে টাকা নিয়ে ছিনিমিনি চলছে তা অবিলম্বে বন্ধ করা হউক এবং পশ্চিমবাংলার শিশু রুগী এবং সাধারণ মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা বন্ধ হউক এই দাবী আমি করছি।

Shri Ganesh Hatui:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদিও এই হাউসে বহু মাননীয় সদস্য এই ব্যাপারে বলেছেন। খাদ্য সঙ্কট এবার ভয়াবহ আকার ধারণ করেছে। এবার স্যার, আমাদের কেন্দ্রে ফিরে যেতে হবে। সেখানে এখন ভয়াবহ অবস্থা চলেছে। সেখানে রেশন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। গ শ্রেণীভুক্ত রেশন কার্ডে ১০০ গ্রাম চিনি ছাড়া আর কিছুই দেওয়া হচ্ছে না আর ক আর খ শ্রেণীভুক্ত কার্ডে কিছুই দেওয়া হচ্ছে না। লোকেরা সারা দিন খেটে এসে ওপেন মার্কেটে চাল কিনতে হচ্ছে সাড়ে তিন টাকা কেজি দরে, তা তাদের কেনার সামর্থ্য নাই। আমরা আশ্বাস পেয়েছিলাম কেন্দ্রের কাছ থেকে যখন আমরা দিল্লী গিয়েছিলাম, আমাদের সঙ্গে মাননীয় খাদ্যমন্ত্রীও গিয়েছিলেন আমাদের সঙ্গে, তখন বলা হয়েছিল

য় বাড়তি ২০ হাজার টন চাল গম আমরা পাব। এবং সেই অনুসারে আমরা তাদের ।খন স্যার, দেখছি সেগুলি মিলছে না। এখন খাদ্যের পরিস্থিতিতে ভয়াবহ অবস্থা চলছে। এবং অনাহারে মৃত্যুর সংবাদ এই বিধানসভায় পেয়েছি। এবং যারা ক্ষেতমজুর তারা অনাহারে দিন কাটাচ্ছে। অবিলম্বে জি, আর. টি. আর. চালু করবার জন্য আমি দাবী করছি।

Shri Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে অনেকবার এই দুইটি হসপিটাল সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। লোহিয়া মেটারনিটি হসপিটাল এবং সুস্নীলি হাসপাতাল এই দুইটি সম্পর্কে। সেখানে স্যার, আমরা দেখতে পাচ্ছি মেটারনিটি হসপিটালে আমরা ৩০০ বেড চালু করতে পারি। লোহিয়া মেটারনিটি হসপিটাল গত ১৩-৫-৭৩ তারিখ থেকে বন্ধ হয়ে যায়। সেখানে ম্যানেজমেন্টের সঙ্গে সেকখানকার কর্মচারীদের একটা গন্ডগোলের জন্য সেটা বন্ধ হয়ে যায়। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন এই হাসপাতালের ম্যানেজমেন্টে যারা আছেন তারা হচ্ছেন বিড়লা, হিম্মত সিংকা, কানোরিয়া এবং গোয়েংকা এই সমস্ত বড়লোকগোষ্ঠি যারা পশ্চিমবঙ্গে সমাজতন্ত্রকে ব্যাহত করার চেষ্টা করছে। এই সমস্ত লোকেরা এই হসপিটালের ট্রাষ্টিতে আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে খুসী হবেন যে গত ১৩-২-৭৪ তারিখে পশ্চিমবাংলা ক্যাবিনেট ডিসিশান নিয়েছেন যে এই হাসপাতাল গভর্নমেন্ট থেকে টেক-ওভার করা হবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আজকে থেকে তিন দিন আগে হঠাৎ পেপারে দেখলাম নিউজ বেরিয়েছে যে লোহিয়া হসপিটাল সরকার থেকে টেক-ওভার করা হবে না। এবং সেই ম্যানেজমেন্টের হাতে ছেড়ে দেওয়া হবে।

স্যার, আমি আপনার মাধ্যমে জানতে চাই যেখানে একটা ক্যাবিনেট ডিসিশন নিয়েছিলেন যে ১২ লক্ষ টাকা ব্যয়ে এই লোহিয়া ম্যাটারনিটি হসপিটাল গ্রহণ করা হবে, সেখানে এমন কি দেখা দিল যার জন্য সেই ডিসিশন উল্টে গেল? আমি শুনেছি যে ক্যাবিনেট ডিসিশন নেওয়া হয়েছিল যে অর্ডিন্যান্স করে, বিল করে এই লোহিয়া হাসপাতালকে নেওয়া হবে। আমি স্যার, জানতে চাই কোন্ চক্রান্তের ফলে, কোন্ কালো হাতের নির্দেশে এই লোহিয়া ম্যাটারনিটি হসপিটাল টেক্ ওভার করে নেওয়া হল না? আগামী দিনে যে ৩০০ বেড নিয়ে শিশু সন্তানদের জন্য এই হাসপাতাল খোলার কথা ছিল, কেন সেটা স্তব্ধ হল, সেটা আমি জানতে চাচ্ছি।

[3-20—3-30 p.m.]

Shri Ajit Kumar Panja:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন এখানে আছি, আমার কিছু এই সম্বন্ধে বলা উচিত বলে মনে করছি। আমি প্রথমেই জানাতে চাইছি যে কোন চক্রান্ত নেই। লোহিয়া ম্যাটারনিটি হসপিটাল একটা চ্যারিটেবল ট্রাস্ট। সরকার থেকে ক্যাবিনেট ডিসিশন হয়েছিল যে এই হাসপাতাল নিয়ে নেওয়ার। আমরা কতকগুলি স্টেপ নিচ্ছি, তার জন্যই, আমরা অপেক্ষা করছি। ইতিমধ্যে লোহিয়া হাসপাতাল মাতৃ সেবাসদন—মা ও শিশুদের হাসপাতাল যত তাড়াতাড়ি চালু করা যায় সেদিকে সরকার বিশেষ নজর দিচ্ছেন, তাই রবীন্দ্রনাথের জন্মদিন ২৫এ বৈশাখে এটাকে চালু করছি। সরকার কোনদিন এটা টেক-ওভার করবে না, এই রকম কোন সিদ্ধান্তে আসে নি।

Shri Sachinandan Sau :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে বিশেষ করে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিবিধান চাইছি। দেশে এখন দারুন সংকট চলছে, খাদ্যাভাবে, এই অবস্থায় সরকারী খাদ্যগুদামে কিন্তু গম পচিয়ে দেওয়া হচ্ছে। বীরভূম জেলার খাদ্য-গুদামের কর্তৃপক্ষের চূড়ান্ত অবহেলার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা

দেখলাম সিউড়ী সহরে কিছুদিন পূর্বে ২০০ কুইন্টাল গম ছাড়া হল বাজারে, সেই গমগুলি পচা গম, পোকায় খাওয়া গম এবং সেই গম বিলি করা হচ্ছিল। আমি এই নিয়ে হয়ত কিছু বলতাম না কেন না অনেক সময় আমরা দেখেছি সরকারের এই ধরণের গম বিলি করা হচ্ছে। কিন্তু আমরা লক্ষ্য করলাম কন্ট্রোলের দোকানে ভাল গম এবং পোকা খাওয়া গম, পচা গম মিশিয়ে জনসাধারণের মধ্যে ১'৩৯ টাকা দরে বিক্রী করা হচ্ছে। অন্য কোন লোক ভেজাল দিলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়, কিন্তু সরকার পক্ষ থেকে সরকারী কর্মচারী যখন এই জিনিষ করছেন তখন এনফোর্সমেন্ট বিভাগ থেকে কোন ব্যবস্থা কেন গ্রহণ করা হচ্ছে না। জেলা সমাহর্তাও নীরব দর্শকের ভূমিকা নিয়েছেন এই জিনিষ আমি দেখছি। আমি তাই আপনার মাধ্যমে এ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং জিজ্ঞাসা করছি এই সরকারী কর্মচারীদের বিরুদ্ধে এখন পর্য্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি কেন।

Shri Naresh Chandra Chaki :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ে মাননীয় স্বরাস্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমরা জানি আগামী ৮ই মে থেকে সমস্ত ভারতবর্ষের রেলওয়ে ধর্মঘটের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে এক শ্রেণীর রেলওয়ে কর্মচারী বিশেষ করে সমাজবিরোধী নয় বামের সংগে যোগসাজসে পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা নষ্ট করে পশ্চিমবঙ্গে অরাজকতা সৃষ্টি করতে চাইছে। তাদের দু-চারটি মিটিং-এ তাদের কথা শুনবার আমার সৌভাগ্য হয়েছে তাতে যা শুনেছি রেলওয়ে কর্মচারীদের স্বার্থ কতখানি দেখা হবে জানি না, বক্তৃতার সুর হল সরকারকে ধ্বংস কর, সরকারের সম্পত্তি বিনষ্ট কর, পশ্চিমবঙ্গে অরাজকতা সৃষ্টি কর, ফুড রাইট কর, শান্তি শৃঙ্খলা সম্পূর্ণরূপে ভঙ্গ কর, পশ্চিমবঙ্গকে ১৯৬৯ সালের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাও, এই রকম ধরণের চক্রান্ত বিভিন্ন মিটিং-এর মাধ্যমে প্রকাশে চলেছে। আমি তাই স্বরাস্ট্রমন্ত্রীর দৃষ্টি এদিকে আকৃষ্ট করে বলতে চাই এই ধর্মঘটের নামে সম্পত্তি নষ্ট, অরাজকতার সৃষ্টি করা হবে সেক্ষেত্রে পশ্চিমবাংলার নিরাপত্তা রক্ষার জন্য, রেলওয়ে সম্পত্তি এবং নাগরিকদের সম্পত্তিও রক্ষার জন্য কি ব্যবস্থা করেছেন জানতে চাই। মাননীয় স্বরাস্ট্রমন্ত্রী দয়া করে বলুন তিনি আমাদের পশ্চিমবাংলায় কি স্টেপ নেবেন।

Dr. Md. Fazle Haque :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকলে জানেন রেলওয়ে স্ট্রাইক-এর দ্বারা সমগ্র ভারতবর্ষে একটা ক্রাইসিস সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে এবং এ বিষয়ে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ সজাগ আছেন এবং আমরা রাজ্য সরকারও সজাগ আছি। এই নিয়ে দৈনিক আমাদের আলোচনা হচ্ছে। যাতে সরকারী সম্পত্তি ধ্বংস করা না হয়, যাতে সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের জোগান অব্যাহত রাখা যায়, তার জন্য আমাদের সরকারের পক্ষ থেকে যা যা করণীয় তা করা হচ্ছে। আমি মাননীয় সদস্যকে এইটুকু আশ্বাস দিতে পারি আমাদের যা করণীয় তা নিশ্চয়ই আমরা করবো কেউ যাতে সরকারী সম্পত্তি বিনষ্ট না করতে পারে তা দেখবো এবং মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষের জোগান যাতে বজায় রাখা যায় তার জন্য যথাসাধ্য চেষ্টা আমরা করবো।

Shri Md. Dedar Baksh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের ও মাননীয় স্বরাস্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সীমান্তের ওপার থেকে রাত্রির অন্ধকারে দুষ্কৃতকারীরা আমাদের এপারে এসে ডাকাতি চুরি ও ছিন্তাই করে আবার নিরাপদে সরে পড়ে। জলপাইগুড়ি ও পশ্চিম দিনাজপুরেও এই সব চুরি ডাকাতি হচ্ছে। আপনি, স্যার, কাল খবরের কাগজে দেখেছেন ছাত্র পরিষদ পুস্তক ও কেরোসিনের দাবীতে ধর্মঘট করছে। কালোবাজারীরা সমস্ত কিছু সীমান্ত দিয়ে ওপারে পাচার করে

দচ্ছে। কাপড়-চোপড়ের চরম সংকট এর ফলে দেখা দিয়েছে। খাদ্য এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষও ওপারে চলে যাচ্ছে। অবিলম্বে এই চোরাই চালান, চুরি ডাকাতি বন্ধ হওয়া দরকার। অতি সত্বর মন্ত্রিমহাশয় যেন তার ব্যবস্থা করেন। এই কথা কয়টী বলে আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Md. Safiullah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটী জরুরী বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্বর্গীয় ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে প্রায় ৮ হাজার একর বনভূমি ক্রয় করা হয়েছে সুন্দর বন অঞ্চলের হেড়েভাঙ্গা ব্লকে। তার মধ্যে ১৫০০ একর হাঁসিল করে উদ্বাস্তু কলোনী প্রতিষ্ঠা করা হয়েছে। আর বাকি প্রায় সাড়ে ছয় হাজার একর জমির মধ্যে কিছুটা হাঁসিল করা হয় এবং আর বাকিটা সব পতিত পড়ে থাকে। ফলে সেই পতিত জমিতে কালে কালে বনভূমি গজিয়ে ওঠে। এই গজিয়ে ওঠা নতুন বনভূমিতে সাধারণতঃ সুন্দর বনের বাঘিনীরা আশ্রয় করে থাকে। বর্তমানে সংবাদ পেয়েছি সেখানে ৬টী বাঘিনী আশ্রয় গ্রহণ করেছে। সরকারের কাছে অনুরোধ করবো ঐ নতুন গজিয়ে ওঠা বনভূমি যেখানে বাঘিনীরা আশ্রয় নিয়েছে, সেই বনভূমি যেন নষ্ট করা না হয়। তাতে সুন্দরবনের শোভা আরো বাড়বে।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী-মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরে জর্জ কোর্ট রোড, দক্ষিণে চেতলা হাট রোড পূর্বে গোপালনগর রোড ও পশ্চিমে আলিপুর রোড---এর মধ্যবর্তী ১৪ একর জমি নিয়ে মূল পরিকল্পনাটি রচিত হয়েছে এবং সি, এম, ডি, এ,-র মতে এটা হবে একটা বস্তি উন্নয়ণের ডিমনেস্ট্রেশন প্রোজেক্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আমার হাতের গেজেটে দেখতে পাচ্ছি এখানে বহু জমির প্লট নম্বর দেওয়া আছে। সময় অভাবে সে সব আমি পড়ে দিতে পারছি না। সেখানে দেখা যাচ্ছে বহু প্লান প্লান বাড়ীঘর থাকা সত্বেও প্রয়োজনীয় পয়ঃ প্রণালী থাকা সত্বেও সেখানে মানুষের মত বাস করা যায়, সেখানে বস্তি উন্নয়ণের নাম করে সি, এম, ডি, এ, বাড়ীঘর জায়গাজমি দখল করছে। সেখানে যে বাড়ী তৈরী হবে তার ফলে কিছু লোকের বসবাসের ব্যবস্থা করা হবে নিশ্চয়ই। কিন্তু দেখা যাচ্ছে প্রায় ৫০ হাজার লোক এর ফলে নিরাশ্রয় হয়ে পড়বে। যে সমস্ত দাগগুলি দখল করা হয়েছে, তার মধ্যে ডাঃ কানাই সরকার ও তার পেয়ারের লোকের দাগ নম্বরের জমি ও বাড়ীঘর দখল করা হয় নাই। পি, কে, সেন প্রাক্তন পুলিশ কমিশনার এর বাড়ীঘরও দখল করা হয় নাই। অথচ তার চতুর্দিকের বাড়ীঘর সমস্ত দখল করা হয়েছে। বিড়লাদের ভাগের জমিও দখল করা হয় নাই; ভাতিয়ার ভাগের জমিও দখল করা হয় নাই এবং আরো অন্যান্য অনুগ্রহভাজনদের জমি বাড়ীও দখল করা হয় নাই। এদের ছাড়া আর সব দখল করা হয়েছে। সরকারের কাছে অনুরোধ জানাবো এই জমি বাড়ীর দখল ছেড়ে দিন ও আপনাদের সিদ্ধান্ত পরিবর্তন করুন।

[3-30—3-40 p.m.]

Dr. Kanai Lal Sarkar Sarkar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি একটা ভুল তথ্য পরিবেশন করেছেন। কি পরিকল্পনা হচ্ছে আসলে তা উনি জানেন না। যে বস্তি আছে তা উন্নয়নের পরিকল্পনা হচ্ছে। যে বস্তি উন্নয়ন পরিকল্পনা ১৯৫৪ সাল থেকে মেটিরিয়ালাইজড হয়ে আজ দু বছর হল তা কমপ্লিট হয়ে গেছে। এই বস্তি উন্নয়ন পরিকল্পনার নুতন নাম হচ্ছে মর্ডানাইজেসান এণ্ড সাম ইমপ্রুভমেণ্ট স্কীম। এ যা উন্নয়ন হবে তা হল আগে বস্তির উন্নয়ন হবে, সেখানে পাকা বাড়ি হচ্ছে ৫ তলা ফ্ল্যাট প্রত্যেকটা বস্তীবাসীকে সেখানে রিহ্যাবিলেট করে তবে ভাঙ্গা হবে। ফ্লাট হলে তাদের আগে দেওয়া হবে তারপর করা হবে। সুতরাং কাউকে উদ্বাস্তু করা হবে না। এই যে পরিকল্পনার কথা এটা সকলেই জানেন। আপনি যে বিড়লার বাড়ী আছে বলেছেন তা ভুল। আপনি সব ভুল তথ্য পরিবেশন করেছেন।

Shri Bholanath Sen :

মাননীয় শীশী মহম্মদ সাহেব, জায়গাটা দেখেন নি যদি দেখতেন তাহলে আর উনি এসব কথা বলতেন না। এইখানে যে স্কীমটা হচ্ছে এই স্কীমটায় ওয়ার্লড ব্যাংক টাকা দিতে রাজী হয়েছে এবং আমরা চেষ্টা করছি যাতে এই স্কীম যতটা বেশী নেওয়া যায়। আমরা চেষ্টা করছি যাতে আরো নেওয়া হয় কিন্তু জানি না কতটা কি হবে। সেখানের এনটায়ার এটমোসফিয়ার চেঞ্জ করার চেষ্টা হচ্ছে। আপনাকে যারা এই সমস্ত কথা বলেছেন আমি জানি তাদের কয়েকজন ইনজাংসান্ দিয়ে সমস্ত জিনিষটাকে দমিয়ে দেবার চেষ্টা করছিলেন। তাই আমাদের কাজের স্পীডটা কিছুটা কমে গেছে। আপনি তাদের বলে দেবেন যাদের বাড়ীর নেবার কথা হচ্ছে তাদের বাড়ী নেওয়া হবেই হবে ভবিষ্যতে গরীব মানুষের খাতিরে।

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় অনেকগুলি কাপড়ের কল আছে তার মধ্যে কিছুটা আমাদের সরকার গ্রহণ করেছেন। কিন্তু ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশান সেখানে ৫১ পারসেন্ট এবং পশ্চিমবঙ্গ সরকার সেখানে ৪৯ পারসেন্ট টাকা দিয়ে গ্রহণ করেছেন। ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশান যে সমস্ত কাপড়ের কল নিয়েছে তার কথা প্রসঙ্গে আমি বলছি। সেখানে একটা সুপারভিসান কমিটি আছে। সেই সুপারভিসান কমিটিতে একজন করে এম,এল,এ'কে রাখা হয়েছে। কিন্তু সেই সুপারভিসান কমিটির কোন রকম কাজ হচ্ছে না। এম,এল,এ হলেন সেই কমিটির চেয়ারম্যান। কিন্তু দিল্লী থেকে ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশান যা খুশী তাই করছেন। আপনি জানেন যে আমাদের সরকার একটা স্টেট টেক্সটাইল কর্পোরেশান করবার চেষ্টা করছেন। কিন্তু সেই সিদ্ধান্তকে বানচাল করবার জন্য ন্যাশানাল টেক্সটাইল কর্পোরেশান নানা রকম চেষ্টা করছেন। তারা পশ্চিমবাংলার বুকে একটা নিজস্ব ইউনিট করে, টেক্সটাইল কর্পোরেশান করে এই পশ্চিমবঙ্গ সরকারের যে ৪৯ পারসেন্ট সেয়ার এই সেয়ারকে গোলমাল করবার চেষ্টা করছেন। শুধু তাই নয় ন্যাশানালইজ ব্যাংকগুলি থেকে আগের যে লাইবিলিটি ছিল কোটি কোটি টাকার সেই লাইবিলিটি এই সদ্য দু বৎসর যে সমস্ত কারখানা খুলেছে তাদের উপর চাপাতে চেষ্টা করছেন। এনটায়ার যে সমস্ত সিক এনড্ ক্লোজড্ ইনডাসট্রিস আছে তা বন্ধ হতে বসেছে।

Shri Kashinath Misra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাঁকুড়া জেলার একটা ঘটনার কথা জানাচ্ছি। আমি কিছুদিন আগে এই তথ্যটা সংগ্রহ করতে পেরেছি এবং আমার মনে হয় এটা শুধু পশ্চিমবাংলার নয় সারা ভারতবর্ষের একটা আশ্চর্যের ব্যাপার। পরিবার পরিকল্পনা সারা ভারতবর্ষে হচ্ছে এবং পশ্চিমবঙ্গেও তা হচ্ছে। কিন্তু বাঁকুড়া জেলার রাণীগঞ্জ থানার একটা জায়গায় এই পরিবার পরিকল্পনার আওতার বাইরে। সেখানে ১২টা পরিবার বাস করে এবং সেই ১২টা পরিবারের সেখানে তাদের সন্তানসন্ততি নেই। সেখানে তারা পরিবার পরিকল্পনা করেন নি। তারা যেভাবে জীবন চালাচ্ছে তাহলো সন্তান-সন্ততিবিহীন অবস্থায়। এটা একটা পরীক্ষা নিরীক্ষা করা দরকার যে পরিবার পরিকল্পনা না করে এরা কিভাবে আছেন। সারা ভারতবর্ষের মানুষ যদি এই হয় তাহলে আমাদের টাকা খরচ হয় না। এই জিনিষটা আসলে কি ঘটনা আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আছেন তাঁকে আমি কিছুটা জানিয়েছি তিনি যদি ব্যাপারটা পরিষ্কার করেন তাহলে ভাল হয়।

Shri Ajit Kumar Panja:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে জায়গাটার কথা বললেন সে সম্বন্ধে আমার কাছে কোন তথ্য নেই। তবে একটা খবর এসেছে বাঁকুড়া জেলার হিলিমিলি জায়গায় একটা ট্রাইবের

সন্ধান পাওয়া গিয়েছে যাদের সংখ্যা ৭৯, ফর্মার্মিলি নয়, তাদের সংখ্যাই হচ্ছে ওই ৭৯ এবং দেখা যাচ্ছে বছরের পর বছর তাদের কোন সন্তান-সন্ততি হয় নি। তাই আমরা ইমিডিয়েট ষ্টেপ হিসাবে তাদের পরিবার-পরিকল্পনা আওতার বাইরে রেখেছি। তবে এটা আমাদের সময়সাপেক্ষ এবং আমাদের দেখবার জিনিষ, জানবার জিনিষ যে কি করে এই জিনিষটা ঘটছে। এটা সত্যি কিনা তাই ভাল করে পরীক্ষা করে দেখবার জন্য একটা এক্সপার্ট টীম যাবে এবং তারপর আমরা ফাইন্যালি ডিসাইড করবো তাদের এই পরিকল্পনার আওতার মধ্যে রাখা হবে, কি হবে না।

Shri Abdul Bari Biswas:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা ২২এ ফেব্রুয়ারী আরম্ভ হয়েছে। এই বিধানসভার বসার পর আমরা বিভিন্ন অভাব-অভিযোগ গ্রামে চালের দর বৃদ্ধি, খাদ্যের অভাব, কেরোসিন, তেলের অভাব, কয়লার দাম বৃদ্ধি এবং তার অভাব, আইন-শৃঙ্খলা ঘটিত প্রশ্ন সমস্ত একের পর এক রেখেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুঃখের সঙ্গে জানাতে হয় বিধান-সভা প্রায় সমাপ্তির পথে। ২২এ ফেব্রুয়ারী থেকে আজ পর্যন্ত এখনও শুনলাম যে গ্রামে রেশন ব্যবস্থা ভেংগে পড়েছে। আজকে ২.৭৫ পয়সা কে.জি থেকে ৩.৫০ পয়সা কে.জি চাল। আমরা বলেছিলাম টেস্ট রিলিফ ১০০ ঘনফুট মাটি কেটে ২.৫০ পয়সার জায়গায় ৪.৫০ পয়সা দেওয়া হক। কিন্তু মন্ত্রীসভার তরফ থেকে নীরব। এই সমস্ত ব্যাপারে কবে কি হবে? আজ বিধানসভার শেষকালীন সময়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সকল সদস্যকে অনুরোধ করবো গ্রামের দিকে যেখানে ৭৫ ভাগ লোক বাসকরে, যেখানে ঝড়ের খবর আসে, যেখানে বাড়ীঘর উড়ে যায়, যেখানে ডাকাতির প্রকোপ বেড়ে যাওয়ায় রাত্রিতে সাধারণ মানুষের ঘুম হয় না, ২.৭৪ থেকে ৩.৫০ পয়সা চাল, এক টাকা লিটার আজকে কেরোসিন তেল, ১২ টাকা কে.জি সরষের তেল—এই অবস্থার প্রতিকার চাই। শুধু আমার কেন্দ্রের কথা বলছি না। এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলার জন্য মন্ত্রীসভার তরফ থেকে অন্ততপক্ষে সমাপ্তিকালীন সময়ে বিধানসভার সদস্যদের কিছু এ্যাসিওরেন্স দেবেন যা হাতে করে নিয়ে ঘরে ফিরে যাবো। কিন্তু আজকে অত্যন্ত দুঃখের এবং পরিতাপের বিষয় বাড়ী ফিরে যাবার সময় আমরা হাতে পেলাম ২.৭৫ পয়সার জায়গায় ৩.৫০ পয়সা কে.জি চাল, এক টাকা লিটার কেরোসিন তেল, ১২ টাকা কে.জি সরষের তেল, ২২ টাকা কে.জি নারকেল তেল, আজকে কয়লার দাম চরমে উঠেছে। এই অবস্থার প্রতিকার দরকার। আমি আশা করি বিধানসভা শেষ হলে মন্ত্রীসভার সদস্যরা যা আমাদের কাছ বক্তব্য শুনছেন ৩৫১ নোটিশের মাধ্যমে প্রত্যেকটির উত্তর বিধানসভার সদস্যদের বাড়ীতে পৌঁছবে, প্রতিকার হবে। পশ্চিমবাংলার মানুষ এটা আশা করে। বিধানসভার সদস্যরা যে পবিত্র ভূমিকা নিয়ে এসেছিলেন পবিত্র কর্তব্য পালন করতে পশ্চিমবাংলার মানুষ এটা আশা করে পশ্চিমবঙ্গের মন্ত্রীসভাও পবিত্র কর্তব্য পালন করবেন।

Shri Sheikh Sharafat Hussain:

মিস্টার স্পীকার স্যার, আমি কিছু বলছি। এটা বাংলায় বলবো। যদি কিছু ভুল হয় ক্ষমা করবেন। আমার ভাষা হিন্দী—উর্দু। আমার সঙ্গে ইসলামপুরের এস.ডি.ও গত ২৯এ তারিখে খুব দুর্ব্যবহার করেছেন। তার জন্য আমি সমস্ত সদস্য এবং মন্ত্রীসভার সবাইকে জানাতে চাইছি। গত ২৯এ তারিখে এস.ডি.ও—ইসলামপুর এক নোটিশ ইসু করে আমাদের সবাইকে মিটিং-এ ডাকে—তাতে ডি.এম; এ.ডি.এম; ডি.ও.এস; এল.আর.ও আর সাব-ডিভিসানের যত জে.এল.আর.ও তাদের ডাকেন এবং করণদিঘীর এম.এল.এ এবং আমাকে ডাকেন। ওই মিটিং-এ আমরা বসি, আমাদের আলোচনা হয় এবং আলোচনার মধ্যে রিগার্ডিং ল্যান্ড কিছু আলোচনা ছিল। সব আলোচনা শেষে আমাদের ডালখোলাতে একটা কবরস্থান আছে ওই কবরস্থান সম্বন্ধে আমি জিজ্ঞাসা করি। আমি শুনতে পাই ওই কবরস্থানের জন্য ওখানকার জে.এল.আর.ও একটা নোটিশ ইসু করেছেন যে কবর-স্থানে মাটি দিতে পারবে না। আমি মিটিং শেষে এস.ডি.ও'কে জিজ্ঞাসা করি, জানতে চাই যে এর তথ্য কি?

[3-40—3-50 p.m.]

তখন এস,ডি,ও রেগে গিয়ে বল্লেন এটা খুব সাংঘাতিক ব্যাপার এ সম্বন্ধে আপনি কিছু বলবেন না। আমি বললাম না এটা খুব ইমপর্টেন্ট জিনিস আছে। কারণ মুসলিমদের কবরস্থান মানে হচ্ছে এটা একটা রিলিজিয়াস টাইপের জিনিস। কাজেই আমি জানতে চাই কিভাবে এই নোটিশ ইস্যু হয়েছে। তাতে ওখানকার সেকেন্ড অফিসার যিনি ছিলেন তিনি বললেন যে কিছু দিন আগে আমি পারসোনালি এনকোয়্যারী করে দেখেছি ওটা কবরস্থান এবং ঐ কবরস্থানে অনেক পুরানো কবর আছে এবং নতুন কবরও আছে। এই যে দোষ হচ্ছে সার্ভে ডিপার্টমেন্টের। কবরস্থান বলে সার্ভে ডিপার্টমেন্টে এনটার হয় নি। তখন এস,ডি,ও বললেন যদি এনটার করা হয় নি তখন আমি বললাম যদি কোন মসজিদ এনটার না হয় বা যদি কোন মন্দির এনটার না হয় তাহলে সেটাকে কি ডিনাই করা যায়? সেটাকে কি বাসস্থান করা যায়? এই ফ্যাক্টসকে কি ডিনাই করা যায়? এটা যদি কাগজে কলমে ভুল হয়েছে বলে আপনি নোটিশ ইস্যু করে দেবেন? তাহলে যদি এখানে ব্রিচ অব পিস হয় তাহলে দায়ী হবেন কে? তখন এস,ডি,ও মহাশয় রেগে বললেন, না। এতে আপনার মাথা গলাবার কিছু নেই। যদি আপনি সে রকম কিছু বলেন তাহলে আপনার বিরুদ্ধে কনটেম্পট অব কোর্ট করবো। আর এখানে যদি কোন রকম ব্রিচ অব পিস হয় তার জন্য আমি আপনার বিরুদ্ধে এ্যাকসন নেবো। আপনি এতে মাথা গলাবেন না। স্যার, আপনার মাধ্যমে একথা বলতে চাই যে আমি এই হাউসের মেম্বার, আমি মুসলিমদের প্রতিনিধি এবং হিন্দুদেরও প্রতিনিধি আমি যেটা সেখানে প্রকৃতপক্ষে দেখবো সেটাই আমি বলবো এ্যাজ এ রিপ্রেজেনটেটিভ, সেটা হাউস-এ রিপ্রেজেন্ট করবো। কিন্তু এস,ডি,ও-র ঘরের মিটিংয়ে আমাকে এস,ডি,ও মুসলিম প্রতিনিধি বলে দিলেন। আমার এলাকায় যদি কোন মন্দিরের উপর কোন মুসলিম আক্রমণ করে তাহলে আমি কি ছেড়ে দেবো? আমি সবারই প্রতিনিধি। কিন্তু ঐ এস,ডি,ও তাঁর ঘরের মিটিংয়ে তিনি চেষ্টা করলেন আমাকে কেবল মুসলিমের প্রতিনিধি হিসাবে গণ্য করতে। ওঁর হয়তো পাওয়ার আছে—তাই বললেন আপনি যদি চুপ না হন তাহলে আপনার বিরুদ্ধে কনটেম্পট অব কোর্ট করবো। কিন্তু আমি জানতে চাই নোটিশ দিয়ে তিনি মিটিং ডেকেছেন এবং সেই মিটিংয়ের ঘরে কোন এস,ডি,ও কি কনটেম্পট অব কোর্ট করতে পারেন? তাহলে ফল কি হবে? আমরা এম,এল,এ বা আর এই রকম কোন মিটিংয়ে যাবো না। কারণ স্যার, ডি,এম; এস,ডি,ও; বি,ডি,ও তাদের এই রকম কনটেম্পট অব কোর্ট করার এক্তিয়ার আছে এবং সেই মিটিংয়ে আমরা যদি একমত হতে না পারি তাহলে ওনারা আমাদের কনটেম্পট অব কোর্ট করবে। এটা শুধু আমার প্রশ্ন নয় সমস্ত মাননীয় সদস্যদের প্রশ্ন—এই জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[noise]

[At this stage several honourable members, including Shri Abdur Rauf Ansari rose to speak.]

Mr. Speaker : Please allow Shri Ansari to speak.

Shri Abdur Rauf Ansari : Sir, we are talking so much about the blackmarketeers of the country. We say that they are the enemies of the country; that they are creating problems for the country and that they are obstructing the progress of the country. Sir, will you appreciate the movement of such an officer ?

দেশপ্রেমিক বলে ওরা যা করছেন

They are creating obstacles এটা secular State

দেশপ্রেমিক হবার অধিকার শুধু তারই নাই।

Administration must be clean. Such an officer should be given a good lesson. They are creating obstacles in the way of bringing socialism in the country. They are creating obstacles in the way of bringing secularism in the country. They are helping indirectly the reactionaries—the right reactionaries—because in Gujarat and

Bihar we have seen that such officers extended their help to these reactionaries. We should give exemplary punishment to such officers so that others may not be encouraged to do such things.

Mr. Speaker : I share the feeling expressed by the honourable member from Islampur. An M.L.A. does not represent a particular community. He represents the entire community irrespective of caste, creed or colour. The S.D.C. has no right to say that a contempt of court proceeding will be started against the honourable member when he was invited by the S.D.O. It is a perfect court case and the S.D.O. has no right to say so. I invite the Hon'ble Minister to speak something on this issue.

Shri Abdul Bari Biswas :
উই ডিম্যাণ্ড সাসপেনসান্ অব দি এস, ডি, ও। আজকে যেখানে স্বত্ব নিয়ে কোন গোলমাল নয়, যে বেরিয়াল গ্রাউণ্ড কবরস্থান হিসাবে চলে আসছে, সেখানে কার কোন অধিকার আছে সেই কবরস্থানে মৃত দেহ নিয়ে যেতে বাধা দেওয়ার এবং একজন মাননীয় সদস্যকে মিটিং-এর আগে যেভাবে কোর্ট অব কন্টেম্পট-এর ভয় দেখানোর সাহস এস, ডি, ও, কোথা থেকে পেলেন? কাজেই We demand suspension of the S. D. O. forthwith আজকে মন্ত্রী মহাশয় আছেন, তিনি বলুন এই এস, ডি, ও-কে সাসপেণ্ড করা হবে কিনা এবং আমরা আজকে বিকালের মধ্যে এটা জানতে চাই।

Dr Md· Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন আমি এটা প্রথম শুনছি। এর আগে শুনিনি, তবে যে গুরুতর অভিযোগ করেছেন এই বিষয়ে এবং আরো জমির ব্যাপার আছে, কি জন্য মিটিং ডেকেছেন জানি না।

Shri Abdul Bari Biswas :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমির ব্যাপার নয়, কবরস্থান মৃতদেহ নিয়ে যাবার ব্যাপার।

(গোলমাল)

Shri Kumardipti Sen Gupta :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্যাটা কি সেটা মাননীয় সদস্য বোঝাতে চেষ্টা করেছেন। সমস্যাটা হিন্দু-মুসলমানের একটা সমস্যা। তার থেকেও একটা বড় সমস্যা দেখা দিয়েছে সেটা হচ্ছে, একজন এস, ডি, ও, যদি আইন না জানেন তাহলে সেই লোক এস, ডি, ও, থাকবে, না তার সেই অজ্ঞতার জন্য তাকে অবিলম্বে সাসপেণ্ড করা হবে---এটাই হচ্ছে মাননীয় সদস্যদের দাবী।

Dr. Md· Fazle Haque :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিতো বলেছি যে ঘটনাটা গুরুতর। আমি এইমাত্র শুনলাম, আমিতো বলছি যে যত তাড়াতাড়ি কাগজপত্র দেখে যা ব্যবস্থা অবলম্বন করতে হয় আমি সেটা দেখবো। কিন্তু আমাকে শেষ করতে দিচ্ছেন না।

Shri Sukumar Bandopadhyay :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন প্রকার তদন্ত, কোন প্রকার ধূম্রজাল সৃষ্টি করে, কোন প্রকার অফিসারের কাছ থেকে আমরা এই জিনিষ শুনতে রাজী নই। আজকে একজন জনপ্রতিনিধিকে এস, ডি, ও, বলছেন যে এখানে যদি কোন গোলমাল হয় তাহলে আপনার

বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ আনবো। আমরা জানতে চাই—স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী এখানে রয়েছেন, তাকে আমি আগে বলেছিলাম। কিন্তু তিনি মুচকী মুচকী হাসেন আর অবাক হয়ে তাকিয়ে থাকেন। আজকে আমি একথা বলতে চাই, ধর্মনিরপেক্ষ ভারতবর্ষে, ধর্মনিরপেক্ষ রাজ্যে, আজকে ধর্ম আচরণের যে অধিকার সেই অধিকার লঙ্ঘন করেছেন সেই ইসলামপুরের এস, ডি, ও। এই এস, ডি, ও, যখন একটা অন্য বিষয় আলোচনা হচ্ছিল তখন এম, এল, এ-কে ধমকে দিয়ে বলছেন যে আপনার বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ আনবো। আজকে যদি বলেন ডঃ হক যে আমরা তদন্ত করবো, অফিসার পাঠাবো তাহলে আমরা কোন অবস্থাতেই এতে রাজী হতে পারি না। আমি মনে করি সমস্ত হাউসের বক্তব্য আমার সঙ্গে একমত হয়ে একই বক্তব্য রাখবেন।

[3-50—4-20 p.m.]

Shri Ananta Kumar Bharati :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুবই দুঃখের সঙ্গে জানাচ্ছি যে কয়েক-দিন আগে পরমাণু বিজ্ঞানী ডঃ স্বপন সরকার নিখোঁজ হয়েছেন, আজ পর্যন্ত তাঁর কোন হদিশ পাওয়া যায়নি, এটা লজ্জার কথা। আজকে হাউসে প্রথম থেকে স্বরাষ্ট্রমন্ত্রী ডাঃ হক অত্যন্ত বিব্রত হয়ে পড়েছেন। আজকে আবার দেখছি সাহা ইন্‌স্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্সের ডঃ সন্তোষ নাথ, গত বুধবার সন্ধ্যা বেলা বাড়ী থেকে বাইরে পায়চারি করতে বেরিয়েছিলেন, তারপর থেকে তাঁর আর কোন হদিশ পাওয়া যাচ্ছে না, স্ত্রীকে বলে গিয়েছিলেন, 'আমি একটু ঘুরে আসছি', তারপর থেকে আর তাঁকে পাওয়া যাচ্ছে না। লালবাজারে জানান হয়েছে, মানিকতলার পুলিশকে জানান হয়েছে। এখানে স্বরাষ্ট্র বিভাগের রাষ্ট্রমন্ত্রী ডাঃ হক রয়েছেন, তাঁকে আমি খুবই দুঃখের সঙ্গে বলছি যে যারা কোন সাধারণ লোক নন, যাদের আমরা জাতীয় সম্পদ বলে মনে করি, সেইরকম দু-জন পরমাণু বিজ্ঞানী ডঃ স্বপন সরকার এবং ডঃ সন্তোষ নাথ। সুতরাং আমি আশা করব এই বিষয়ে মাননীয় রাষ্ট্রমন্ত্রী কিছু বলবেন।

Laying of Report

Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Limited, for the year 1972-73

Shri Gyan Singh Sohanpal : With your permission, Sir, I beg to lay the Annual Report on the Working and Affairs of Durgapur Chemicals Ltd. for the year 1972-73.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

Legislation

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974

Shri Sankar Ghose : Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974.

[Secretary then read the title of the Bill.]

Shri Sankar Ghose : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974, be taken into consideration.

এই বিলের মাধ্যমে আমরা র জুট-এর উপর কিছু কর ধার্য্য করতে চাই। বর্তমানে তল সঙ্কটের জন্য জুটমিলগুলি বিরাট প্রফিট করেছে। এই জুটমিলগুলি যে মুনাফা করেছে তার একটা অংশ যাতে সরকার নিতে পারে তার উন্নয়নের জন্য সেজন্য এই বিল আনা হয়েছে। জুটগুড্‌স-এর দাম আগের চেয়ে অনেক বেড়ে গেছে। খরচ কিন্তু সেই পরিমাণে বাড়েনি। জুটগুড্‌স-এর দাম বাড়ার ফলে একটা বিরাট মুনাফা হচ্ছে যেটা বর্তমানে জুটমালিকরা পাচ্ছেন। ভারতবর্ষে ৮২টা জুটমিল-এর মধ্যে ৭০টি আছে পশ্চিমবঙ্গে, আর বাকী ১২টি আছে পশ্চিমবঙ্গের বাহিরে। র জুট যেটা উৎপাদন হয় তার ৫৭ ভাগ পশ্চিমবঙ্গে উৎপাদন হয় এবং জুটগুড্‌স যেটা তৈরী হয় তার প্রায় ৯৭ ভাগ পশ্চিমবাংলার জুটমিল তৈরী করেন। জুট-এর ক্ষেত্রে সমস্তটাই বেসরকারী মালিকানার হাতে আছে, স্টেট সেক্টর বা জয়েন্ট সেক্টর-এ নেই। জুট-এর যে মুনাফা আসছে তার বেশীরভাগ ক্ষেত্রে বড় বড় জুট কোম্পানী পাচ্ছে। তেলের দাম বাড়ার জন্য সনথেটিক ফাইবারের দাম বেড়ে গেছে এবং দুষ্প্রাপ্য হচ্ছে। এর ফলে জুটের চাহিদাও বেড়ে গেছে। সেজন্য তার দাম বাড়ার সঙ্গে সঙ্গে মুনাফাও বেড়ে গেছে। হিসাব যা আছে তাতে দেখা যাচ্ছে এক টন হেসিয়ান স্ট্যান্ডার্ড ক্লথ যেটা ১৯৭২-৭৩ সালে ১০১ টাকা ছিল সেটা এখন ১৭৭ টাকা হয়ে গেছে অর্থাৎ প্রায় ৭৭ ভাগ দাম বেড়ে গেছে, কিন্তু খরচ বাড়েনি। সুতরাং জুটমিলগুলির মুনাফা বেড়ে গেছে। জুটমিলগুলি ২টি জিনিষ বিশেষভাবে উৎপাদন করে—একটা হচ্ছে হেসিয়ান ক্লথ, আর একটা হচ্ছে স্যাকিন ক্লথ। হেসিয়ান ক্লথ ১০১ টাকা থেকে ১৭৭ টাকা হয়ে গেছে এবং স্যাকিন ক্লথ যেটা ১০০ ব্যাগ ছিল ১৯৭২-৭৩ সালে ২৪৮ টাকা সেটা ১৯৭৩-৭৪ সালে হয়েছে ৩৪৩ টাকা। সুতরাং এইভাবে তারা মুনাফা করছে। তাই আমরা যে কর ধার্য্য করতে চাই সেটা হচ্ছে জুটমালিকদের উপর। তাঁরা যে র জুট ব্যবহার করেন তার ১৮০ কে, জি, বেইল ৬ টাকা করে কর ধার্য্য করতে চাই। ১৯৭০-৭২ সাল থেকে এই মুনাফা জুটব্যবসায়ীদের বাড়ছিল। ৭৭টা জুটমিল-এর উপর ইকোনমিক্স টাইমস্, ফোর্থ আগস্ট, ১৯৭৩ —একটা হিসাব করেছিল।

[4-20—4-30 p.m.]

তা করে এখানে দেখাচ্ছে যে এদের যে প্রফিট সেটা হচ্ছে ১ বছরে ১১ কোটী থেকে ২০ কোটীতে এসে গিয়েছে। ৯ কোটী টাকা প্রফিট হয়েছে এই ২৭টা জুটমিলে এ বিষয়ে তারা অনুসন্ধান করে দেখেছেন। কিন্তু এটা ১৯৭০-৭১ সালে এবং ১৯৭১-৭২ সালের তুলনামূলক। আর তারপরে যেভাবে জুটের দাম বেড়ে গিয়েছে ইণ্ডিয়ান জুটমিল এসোসিয়েশান তাদের বইতে জুটের দাম তারা যেটা দিয়েছে তাতে দেখা যাচ্ছে এবং আরও ১৯৭২-৭৩ সালে যেখানে হেসিয়ানের দাম ২৫৮ ছিল সেখানে সম্প্রতি ৩০ মার্চ '৭৪ সালে কমাসে বেরিয়েছে সে দাম বেড়ে হয়েছে ৩৪৩। সুতরাং এটা পরিষ্কার যে জুটগুড্‌সের দাম বেড়ে গিয়েছে, শুধু খরচ বেড়েছে তা নয় প্রফিটও বেড়েছে কারণ বিরাট চাহিদা এসেছে। সুতরাং এই যে মুনাফা হচ্ছে তার একটা অংশ যাতে রাজ্য সরকার পেতে পারে তার উন্নয়নের কাজে সেইজন্য আমরা কর ধার্য্য করবার চেষ্টা করছি। এই কয়টী কথা বলে আমি এই প্রস্তাব রাখছি।

Shri Shish Mohammad : Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of June, 1974.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে ওয়েস্টবেঙ্গল ট্যাক্সেশান লজ (সেকেণ্ড এ্যামেণ্ডমেন্ট) বিল এই হাউসে উত্থাপন করে যে বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। তিনি বললেন যে বর্তমানে পশ্চিমবাংলায় ৭০টী জুটমিল আছে এবং সেই জুটমিল থেকে তৈরী যে সমস্ত সামগ্রী সেই সামগ্রীর দাম বহুল পরিমাণে বেড়ে গিয়েছে। সেজন্য সরকার এই জুট থেকে ট্যাক্স আদায় করবার জন্য সুপারিশ করেছেন। সরকার এই জুটমিলের মালিকদের কাছ থেকে ট্যাক্স আদায় করুন তাতে আমাদের আপত্তি নাই এবং পশ্চিম বাংলার ভাণ্ডারে অর্থ আসুক সেটাতে আমার কোন আপত্তি নাই কিন্তু আপত্তি এইখানে

যে জুটমিলের মালিকদের উপর ট্যাক্স বসান হয় সেই ট্যাক্স প্রকৃতপক্ষে সেই ট্যাক্স মিল-মালিকরা দেয় না। তাদের যে ১ নম্বর খাতা দুই নম্বর খাতা আছে এবং তারা যেভাবে খাতা মেনটেন করে এবং আমাদের সরকারী-দপ্তরের যে সমস্ত কর্মচারী আছে তারা হয় ধরতে পারে না কিম্বা ইচ্ছাকৃতভাবে বড় বড় ব্যবসায়ীদের কাছ থেকে টাকা খেয়ে তারা খাতা না দেখে চলে আসেন। এটাই পশ্চিমবঙ্গে চিরাচরিত প্রথা হয়ে আসছে। আমরা লক্ষ্য করেছি এই সরকার আসার পরে একটা সন্ত্রাসের ভাব এসেছিল ব্যবসায়ীদের এবং মিলমালিকদের, কালোবাজারী, জোতদার, মুনাফাখোরদের মনে কিন্তু এখন দেখা যাচ্ছে তাদের গা সওয়া হয়ে গেছে, তারা দেখছে সরকার কিছুই করে না।

এমন কি আজকে অসমঞ্জবাবুও বলেছেন যে পুলিশের উপর ভরসা করে চলছে না পুলিশের উপর ভর করে চলছে না। আমরা দু-পায়ে চলি, আপনাদের পুলিশ নিয়ে চার পা হয়ে গেছে। আজকে দেখছি আপনারা কথায় কথায় পুলিশ ডাকছেন, আপনাদের সঙ্গে সিকিউরিটির জন্য পুলিশ থাকছে, জীবনের নিরাপত্তার জন্য পুলিশ নিয়ে সিকিউরিটি নিয়ে বেড়াচ্ছেন। জীবনকে বাঁচান দরকার আছে, দু-চারটি সিকিউরিটি নিয়ে বেড়াচ্ছেন, বেড়ান কিন্তু আমার কথা হচ্ছে পশ্চিমবঙ্গের জুট থেকে টাকা আদায় করুন, কিন্তু মিল মালিকদের কাছে যখন যাবেন আদায়ের জন্য দেখবেন বেটারা এই টাকা দেবে না, তাদের ইনকামের টাকা দেবে না। সেজন্য সরাসরি চাপ গিয়ে পড়বে গ্রামের চাষীদের উপর, যারা পাট উৎপাদন করে তাদের উপরই গিয়ে চাপ পড়বে যে ট্যাক্স লাগাবেন তার চাপ গিয়ে তাদের উপরই পড়বে, অর্থাৎ তারা পাটের দাম কমিয়ে দেবে। আমরা বৃটিশ আমলে দেখেছিলাম বড় বড় পোস্টার 'চলরে সবাই সবার সাথে, পাট চাষীদের জমি দিতে'- কিন্তু আজকে বাস্তবে কি দেখছি? পাট এমনই মূল্যবান জিনিষ যে বিদেশ থেকে এই পাট বহু সম্পদ এবং টাকা নিয়ে আসে। এবং এই টাকা থেকে কেন্দ্রীয় ভাণ্ডার পূর্ণ হয় অথচ পাটের যে ন্যায্য প্রাপ্য অংশ তা কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে দেয় না যার ফলে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের দ্বারস্থ হয়ে হয়ে আর পারে না। তবে পাটের উপর যে ট্যাক্স বসান হচ্ছে তা প্রত্যক্ষভাবে মিল মালিকদের উপরই গিয়ে বর্তাবে বলে আমি মনে করি। আপনারা পাটের দর বেঁধেছেন ৬২ টাকা কিন্তু এখন পর্যন্ত পাটের দাম চলছে ৩৮ টাকা থেকে ৪০ টাকা। ২০ টাকা থেকে ২২ টাকা পর্যন্ত প্রতি মণে মিল মালিকরা পাট থেকে লাভ করে। যে পাটচাষীরা মাথার ঘাম পায়ে ফেলে এত কষ্ট করে পাট উৎপাদন করে, সেই কৃষকদের কথা আপনারা চিন্তা করছেন না। কেন্দ্রীয় মন্ত্রী দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় মহাশয় পাটের দর বেঁধেছেন। কয়েকদিন আগে রাইটার্স বিল্ডিংস-এর রোটান্ডা হলে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে মিটিং করেছেন। তাতে কেউ বলছেন দর হবে ৭৫ টাকা, কেউ বলেছেন ৮০ টাকা আবার কেউ বলেছেন ১০০ টাকা। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে আপনারা মিল মালিকদের ট্যাক্স বসান তাতে আমার আপত্তি নাই। সঙ্গে সঙ্গে এমন একটা ব্যবস্থা করুন যাতে পাটের যে ন্যায্য দর সরকার থেকে বেঁধে দেওয়া হবে প্রকৃতপক্ষে সেই দর পাটচাষীরা ফড়িয়া দালালদের কাছে পাট বিক্রী করে দিয়ে থাকে এবং মিল মালিকরা সেই পাট ক্রয় করে থাকে। জুট কর্পোরেশন অব ইন্ডিয়ার পাঠ ক্রয়ের কোন সংস্থা পশ্চিমবঙ্গে হয় নি। পশ্চিমবঙ্গ থেকে পাট সরকার এমনভাবে ক্রয় করার ব্যবস্থা করুন যাতে পাটচাষীরা প্রকৃতপক্ষে টাকা পায়। তারা কষ্ট করে যেভাবে পাট চাষ করে, পাট নিড়ানি, পাট পচাই করে যেভাবে শুকিয়ে শেষ পর্যন্ত পাট তৈরী করে তাতে তাদের বহু পরিশ্রম করতে হয়। আজকে যে বিল নিয়ে এসেছেন টাকা রোজগার করবার জন্য, সরকারী ভাণ্ডার পূর্ণ করবার জন্য, পাটচাষীদের কথা একটু চিন্তা করুন। মিল মালিকদের রেহাই দিন আমি এমন কথা বলছি না। কৌশল অবলম্বন করে পাট ক্রয়ের জন্য যে কোন সংস্থা করুন যারা পাটচাষীদের কাছ থেকে ক্রয় করবে এবং সেই সংস্থার কাছ থেকে মিল মালিকরা পাট কিনে নেবে। তারপরে ট্যাক্স বসান। তাহলে পাট চাষীরা ন্যায্য দর পাবে। আপনারা যে পদ্ধতিতে ট্যাক্স বসাচ্ছেন তাতে কার্যতঃ দেখা যাবে মিল মালিকেরা পাটের দর কমিয়ে দিয়ে পাটচাষীদের কাছ থেকেই সেই টাকা আদায় করে নেবে। এই কারণে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি।

[4-30—4-40 p.m.]

Shri Kumardipti Sen Gupta:

মিঃ স্পীকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে উদ্দেশ্যে এই বিলটী এনেছেন সেই উদ্দেশ্য সাধু এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সেই উদ্দেশ্য কতখানি সাধিত হবে সেই প্রশ্নে, সেই সংশয় আমাদের মধ্যে দেখা দিয়েছে। মিঃ স্পীকার স্যার, আপনি তো জানেন যে আজকের দিনে পশ্চিমবঙ্গের পাটচাষীদের ইতিহাস হচ্ছে বঞ্চনা ও লুণ্ঠনের ইতিহাস। আজকে গ্রাম থেকে গ্রামে, গঞ্জ থেকে গঞ্জে, প্রান্ত থেকে প্রান্তে আজকে সেই একই হাহাকার, একই আর্তনাদ, একই নিপীড়নের করুণ কাহিনী আমাদের কর্নকুহরে প্রবেশ করছে। আমি আশা করবো রাজনীতিকদের কর্নেও সেই করুণ আর্তনাদ প্রবেশ করেছে। পশ্চিমবঙ্গের মানুষের একটা আশ্রয় হতে পারে। একটু করুণা ঐ নিপীড়িত, উৎপীড়িত পাটচাষীদের জন্য কামনা করবো। ৩৯ লাইনের এই ক্ষুদ্র বিলটী ভুলে ভরা, ত্রুটিপূর্ণ। স কথায় পরে আসবো। এই বিল সম্পর্কে তিনটী প্রশ্ন মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই। প্রথম প্রশ্ন এই বিল আনা কি সময়োপযোগী হয়েছে? দ্বিতীয় প্রশ্ন হলো—কাদের স্বার্থে এই বিল আনা হয়েছে? তৃতীয় প্রশ্ন হলো কে এই বর্ধিত হারে ট্যাক্স আদায় দেবে? অতীতের তিক্ত-অভিজ্ঞতার ইতিহাসে আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গের যে কৃষক তাদের কৃষি ঋণের শতকরা ৭৭ ভাগ পাটচাষীদের কাছ থেকে আদায় করা হয়, পাটচাষীদের তা দিতে হয়। আজকের দিনে তাই আমি "ফ্লাউড" কমিশনের কথা সর্বপ্রথমে এই প্রসঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই—যেখানে বলা হয়েছে একটন সোনা—সমান .৪ টন প্যাডি। একমন পাট তৈরী করতে ৬০ টাকা খরচ হয়, অথচ তার মূল্য পাচ্ছে ৮ থেকে ৫০ টাকা আর একমন ধান তৈরী করতে খরচ হয় ৫০ টাকা, তার মূল্য চাষী পাচ্ছে ৮০ থেকে ৯০ টাকা। প্রত্যেক জিনিষের দাম আজকে বেড়েছে। তবে ক্ষোভের কথা। লজ্জার কথা—এই ১৯৩৯ সাল থেকে একই ইতিহাস দেখে আসছি। পাটচাষীরা দিনের পর দিন শোষণ থেকে শোষিত হচ্ছে, তাদের বঞ্চনার মাত্রা উচ্চ থেকে উচ্চতর হচ্ছে। আমরা দেখেছি ১৯৭০ সন পর্যন্ত এই পশ্চিমবঙ্গের প্রায় ১৩ শো থেকে ১৫ শো কোটী টাকা লুণ্ঠন করা হয়েছে পাটচাষীদের কাছ থেকে। তারপর আরো তিন চারশো কোটী টাকা পাটচাষীদের থেকে নেওয়া হয়েছে, তাদের মুখের গ্রাসকে কেড়ে নেওয়া হয়েছে, তাদের ছেলেপেলেদের অন্নহীন করা হয়েছে। তবুও আজ পশ্চিমবঙ্গে দাঁড়িয়ে সমাজতন্ত্রের কথা বলে যে আনন্দ আমরা পাচ্ছি, সেই অবস্থা থেকে আমাদের নামিয়ে দিচ্ছে। আজকের দিনে আমরা আবার জুট কর্পোরেশনের কথা বলি অত্যন্ত বেদনার কথা, অত্যন্ত দুঃখের কথা পূর্ব অঞ্চলের জুট কর্পোরেশান ও পশ্চিম অঞ্চলের কটন কর্পোরেশন অফ্ ইণ্ডিয়া আছে। এই কটন কর্পোরেশন যখন স্থাপিত হয়েছিল বোম্বেতে তখন এই কটন কর্পোরেশন-এর হাতে একশো কোটী টাকা দেওয়া হয়েছিল কটন খরিদ করবার জন্য। তারা শতকরা ৫০ ভাগ বেশী দাম দিয়ে কটন আমদানী করেছে। আর এই পাট যখন রপ্তানী করে তখন সাত পার্সেন্ট ভরতুকি দিতে হয়—এই তো ইতিহাস। পূর্ব অঞ্চলকে শোষণ করে মরুভূমি করা হচ্ছে, আর পশ্চিম অঞ্চলকে করা হচ্ছে ইন্দ্রপুরী। এই অন্যায় ও বঞ্চনা—পশ্চিমবঙ্গের মানুষ আর নীরবে সহ্য করতে পারে না। যে জুট কর্পোরেশন অফ্ ইণ্ডিয়া আমরা করতে চাই—যে সম্বন্ধে খবরের কাগজে বিবৃতি দেখতে পাই—লক্ষ লক্ষ টাকা চুরি হয়ে যাচ্ছে, যেখানে ঢাল নেই তরোয়াল নেই নিধিরাম সরদার, তার গোডাউন নাই, ওয়ারহাউস নাই, অর্থ নাই। পশ্চিমবঙ্গে জুট কর্পোরেশন-এর একটা হিসেবে দেখতে পাই—৮০ লক্ষ গাঁট পাট উৎপন্ন হয়েছে, তার ৬ লক্ষ গাঁট বিক্রী হয় নাই বা দালাল ও ফড়িয়াদের হাতে চলে গেছে। কৃষকতো আর পাট মাথায় করে বয়ে অনতে পারে না। যে কৃষক একটা গরুকে যেতে দিতে পারে না—ওসব তার পক্ষে স্বপ্নবিলাস। সেখানে যে গরুরগাড়ী তার রাখালের এসব জিনিস স্বপ্নবিলাস মাত্র। আজকের দিনে ডিসট্রেস সেল হিসাবে পাট ওঠার সঙ্গে সঙ্গে চাষীর সে ছেলেকে ছুটে যেতে হয় অন্য জায়গায়, যাতে নাকি সে পেটে তার দানা দিতে পারে, সেই কারণে তাকে ডিস্ট্রেস সেল হিসাবে তা বিক্রী করে দিতে হয়। তখন আমরা সেখানে জুট করপোরেশনকে দেখতে পাই না, জুট করপোরেশনকে কেবল বড় বড় ব্যবসাদারদের কাছ থেকে পাট কেনার

সময় দেখতে পাই। অন্য দিকে সাধারণ মানুষ তাদের সেখানে ডিসট্রেস সেল করতে হয়। আমি লালগোলায় কৃষকদের দেখছি তাদের যখন টাকা দেওয়া হয়, চেক দেওয়া হয় আমি দেখছি বহরমপুরে স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়াতে সেখানে তাদের টাকার চেক দেওয়া হয়। এখানে দেখা যাচ্ছে এইভাবে তাদের ৬ টাকা করে দাম কমে গেল। সুতরাং এই যে অবস্থা, এই অবস্থায় চাষীদের অভাব তা দূর হতে পারে না। চাষীরা ১০।১৫ মাইল দূর থেকে পাট মাথায় করে নিয়ে এসে সেখানে যেতে পারে না। সুতরাং সেখানে তারা ফড়িয়াদের এবং দালালদের বেচে দেয়। এখানেই ফড়িয়া এবং দালালদের আবার স্বর্গরাজ্য — সেখানে বড় লোক হবার এক অপূর্ব সুযোগ সুবিধা করে দিয়েছেন সেখানে পাটের দাম বেঁধে দিয়েছেন এক, কিন্তু অন্য জিনিস হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৪৪ সালের পাট মার্কেটিং রিপোর্টে সেখানে পাটচাষীরা কিভাবে বঞ্চিত এবং লুন্ঠিত হয়েছিল, আজকে ১৯৭২ সালে প্রায় ৩০ বছর পরেও আমরা সেই ইতিহাসই দেখছি। আমরা দেখছি যে পাটচাষীদের ধলতা দিতে হয়, তাদের বাচাদ দিতে হয়। বাছাদ অর্থাৎ নিম্ন দামের পাট বলে কম দাম দেওয়া হয়। কাবাদি বলে একটা কথা আছে। সেখানে ফড়িয়াদের যে সমস্ত স্টাফ আছে তাদের জন্য টাকা রাখা হয়। নমুনা বলে কিছু স্যানপেল নেওয়া হয়। পশগা বলে একটা কথা আছে। সেটা হচ্ছে ভুল ওজন হতে পারে, তার জন্য ওজন কমিয়ে দেওয়া হয়। তার উপর আছে আগড়-দারী, তার উপর আছে দালালী, তার উপর আছে কয়েলী, তার উপর আছে অফিস এক্সপেন্স। তার উপর আবার আছে খাজনাদারী, তার উপর আছে বিডি। এইভাবে একটা মুরগী বা একটা পাঁঠাকে জবাই করে যে যবাই করা হবে এই ট্যাক্সের বোঝা বাড়িয়ে তা আমরা জানি না। আবার পশ্চিমবাংলার পাটচাষীদের ত নূতন করে বলি দেবার জন্য নূতন করে এই যূপকাষ্ঠে আনার কি প্রয়োজন ছিল সেটা বুঝতে পারছি না। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ১৯৭২ সালের আগে এই-রকম এণ্ট্রি ট্যাক্সের প্রয়োজন ছিল না। ১৯৭২ সালে মাত্র একটাকা এণ্ট্রি ট্যাক্স করা হয়েছিল। ১.৮০ কেজি পাটের উপর আজকে ১৯৭৪ সালে ৬ গুণ ধার্য করা হয়েছে। অর্থাৎ কিনা সেখানে এককে ৬ দাঁড় করানো হয়েছে। তাকে ৬ টাকা ট্যাক্স সেখানে দিতে হবে। অর্থাৎ ১.৮০তে যদি পাট আনতে হয় তাকে ৬ টাকা ট্যাক্স দিতে হয়। আমি শীশ মহম্মদের সঙ্গে একমত যে আজকে এই ট্যাক্স দেবে কে—এই ট্যাক্সের আঘাত কার উপর আসছে? আমাদের অতীতের যে অভিজ্ঞতা তাতে আমরা দেখেছি যে যেখানে ট্যাক্স ধার্য করা হয়েছে হয়ত ৪০ পয়সা সেখানে আমরা দেখছি যে ব্যবসাদাররা লক্ষ লক্ষ টাকা আদায় করে নিয়ে অধিক মুনাফা করে নিয়ে যাচ্ছে। আজকে যদি এই অবস্থা হয় তাহলে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যা বলেছেন তা কি করে হবে? যদি সেই বড় লোকেদের প্রাসাদকে আরো গৌরবান্বিত করবার জন্য, আরো বেশী শোষণ করবার জন্য যদি তারা সব সময় ব্যতিব্যস্ত থাকে তাহলে কি হবে? যে সমস্ত প্রাসাদ রয়েছে সেই প্রাসাদের দিকে তাকিয়ে মনে হয় না অট্টালিকা—মনে হয় এই বিলে যা লেখা আছে পাটচাষীদের রক্তের করুণ কাহিনী, সেই কথাই মনে পড়ে। আজকে এই টাকাকে ৬ টাকা ধরা হয়েছে, আজ এই ৬ গুণ ট্যাক্স সারা পশ্চিমবাংলায় কেন, সারা ভারতবর্ষের কোন জায়গাতে ধার্য হয়েছে বলে আমার জানা নেই। আজকে এর পর যদি বিলের আলোচনায় আসা যায় তাহলে মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি দেখুন এই যে বিল আনা হয়েছে, এর সেকসান ২-র সিডিউল যেখানে এ্যামেন্ডমেন্টে বলা হয়েছে—

Calcutta as described in Schedule 1 to the Calcutta Municipal Act, etc., etc., as deemed to have been amended by notification under section 594 of the said Act, together with the district of Howrah, the Barrackpore, Sadar and Diamond Harbour Subdivisions of the district of 24-Parganas and the Chandernagore, Serampore and Sadar Subdivisions of the district of Hooghly.

সেখানে পার বেল ৬ রুপিজ পার বেল অব ১৮০ কেজি, আজকে যদি পার বেল ১৮০কেজি হয়, যদি কলকাতাতে এই ব্যবসাদাররা মুনাফা করে তাহলে কি হবে? সেখানে রেলে পাট নেওয়া হয়। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব যে তাঁর কি আইন আছে যে তিনি তাঁদের কাছ থেকে সেই টাকা আদায় করবেন।

4-40—4-50 p.m.]

১৮০ কেজি তারা করবে না, তারা করবে হয় ১৭৬ কেজি নয় ১৬৮ কেজি নয় ১৭৮ নয় ১৭৯। অন্তত এক কেজিও তারা কমিয়ে দেবে। কিন্তু এই যে ৬ টাকা ট্যাক্স ধার্য্য হয়েছে তাতে অন্তত পক্ষে ১৮০ কেজি কিছু না হলেও ২৬ টাকা দর পাটচাষীদের কম দেবে এই অজুহাতে যে এই ট্যাক্স তাদের দিতে হবে। ত্রুটিপূর্ণ বিল এইজন্য বলছি এই যে ট্যাক্স ধার্য্য হয়েছে এতে এত বেশি ফাঁকি রয়েছে যে কোনদিন এই বিলের মাধ্যমে এই ট্যাক্স আদায় হবে না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর উদ্বোধনী বক্তৃতায় বলেছেন সুন্দর কথা যে বড় লোকদের কাছ থেকে তিনি কর আদায় করবেন। আজকে ১৮ কোটি টাকা থেকে ২০ কোটি টাকা লাভ হয়েছে। তা যদি হয় তাহলে ৯ কোটি টাকা লাভের উপর ট্যাক্স করলেই তো হয়ে যেতো। তাহলে বড় লোকদের কাছ থেকে টাকা ডাইরেক্ট প্রসেসানে আমরা পেতে পারতাম। আমরা বুঝতে পারতাম তাঁর উদ্দেশ্য সফল হচ্ছে, তাঁর স্বপ্ন সার্থক হচ্ছে। কিন্তু যেভাবে বিল ড্রাফটেড হয়েছে এতে ট্যাক্স আদায় করা যাবে না, কিন্তু এর গুনাগার দিতে হবে গ্রামবাংলার চাষীদেরকে। এতে আরও বলা হয়েছে প্রডিউসার্স-এ 'ফর সেল, কনজামসান অর ইউস'। যদি একজন পাটচাষী নিজে ব্যবহার করে, সে নিজে কনজিউম করে, সেই লোক যদি ডায়মণ্ডহারবারের হয়, যদি ২৪-পরগনার হয়, যদি হাওড়ার হয়, যেখানে পাট উৎপন্ন হয় তবে তাকেও তো ট্যাক্স দিতে হবে। আজকে ১৯৬২ সালের—

West Bengal Taxes on entry of goods.

যে এ্যাক্ট রয়েছে তাতে ডীলারের যে ডেফিনেসান রয়েছে তা হচ্ছে সেকসান টুতে বলা আছে,

dealer used in relation to taxable goods means a person who either of his own accord or on account of his principal causes such entry.

এখানে সেকসান টুতে যারা প্রডিউসার পাটচাষী তাদেরকে বাদ দেওয়া হয়েছে। হাওড়া, হুগলী, ডায়মণ্ডহারবারে পাট হয়। আমাদের অভিজ্ঞতা কর্ডনিং-এ দিয়ে দেখেছি যখন একটা চাষী নিজের জমির ধান নিয়ে এসেছে তার থেকে পুলিশ ধান কেড়ে নিয়েছে, তার মুখের অন্ন কেড়ে নিয়েছে। আজকে ২৪-পরগনার ডায়মণ্ডহারবারের চাষী যখন সেই পাট উঠিয়ে নিয়ে আসবে তখন আপনার কর্মচারী এসে বলবে এটা এন্ট্রি অফ গুডস্ এ্যাক্টের মধ্যে পড়ছে। অর্থাৎ যে প্রডিউসার তাকেও এই ট্যাক্স দিতে হবে। আপনি যতক্ষণ পর্য্যন্ত না সেকসান টু অফ ১৯৬২ এ্যাক্টের এ্যামেন্ডমেন্ট করছেন ততক্ষণ পর্য্যন্ত যারা প্রকৃত চাষী তাদের সেই ট্যাক্সের আওতায় আসতে হতে পারে—এই অবস্থা বর্তমান বিলে রয়েছে এবং এর সংশোধন প্রয়োজন। আজকের দিনে আমরা দেখছি যে ক্যাপিটালিস্ট সেকসান যাদেরকে একচেটিয়া পুঁজিপতি বলা হয় এই পাটে তারা মুনাফা করে। হয়তো এই ৯ থেকে ১৪টি পরিবার আজ বছরের পর বছর ধরে বৃটিশ গভর্ণমেন্টের আমল থেকে চাষীকে শোষণ করছে। আর ক্যাপিটালিস্টদের যে একটা সুযোগ এবং সুবিধা আছে যেটা ইনটারেস্ট বা ব্ল্যাক মানি যেটাকে আমরা অন্য অর্থে ক্যাপিটালিজমের মেডেল বলে থাকি আজকে মাননীয় অর্থমন্ত্রীকে বলবো এই ক্যাপিটালিজমের মেডেলটা আপনি অন্ততপক্ষে সমাজতান্ত্রিক রাষ্ট্র পরিচালনা করছে এমন একটা সরকারের মন্ত্রী হিসাবে সেই মেডেলটা একচেটিয়া পুঁজিপতিদের গলায় পরিয়ে দেবেন না। কয়েকদিন আগে আপনি একটা বৈপ্লবিক বাজেট উৎথাপন করেছিলেন এবং পশ্চিমবঙ্গের মানুষের আস্থা-ভাজন হয়েছিলেন। আমি জানি পশ্চিমবঙ্গের কলেজের ছেলেরাও আপনার মাধ্যমে প্রশংসায় পঞ্চমুখ হয়েছিল। কিন্তু কোন বিল আজকে উৎথাপন করছেন মাননীয় মিঃ শংকর ঘোষ আজকের দিনে আমরা চিন্তা করছি, আমরা বুঝতে চেষ্টা করছি, আজকে প্রদেশ কংগ্রেস সভাপতি বা প্রদেশ কংগ্রেস থেকে বর্তমান সরকারের উপর ইন্দিরা সরকারের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে, পাটচাষীদের নায্যমূল্য দিতে হবে, পাটচাষীদের বঞ্চনার অভিশাপ থেকে মুক্ত করতে হবে, তখন এই যে বিল আপনি এনেছেন, এই বিলে কোন বড় লোক আপনাকে ট্যাক্স দেবে না। এই বিলে গুণাগার দিতে হবে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষকে। আজকে

বুঝতে পারি খরচ চালাতে পারছেন না, এখনই এ্যাডমিনিস্ট্রেসানের উপর কন্ট্রোল রাখতে পারছেন না। আমরা বুঝি এক হাজার টাকা থেকে ৫ হাজার টাকা যারা মাইনে পায় সেই সব মানুষ যখন'এ লড়াই বাঁচার লড়াই' বলে আন্দোলন করে বেতন বৃদ্ধির জন্য তাদের জন্য যখন রোটানডায় বসে আর আমাদের দাদারা রয়েছেন তারা তখন সেই দাবীকে সমর্থন করে মদত দেবার জন্য ফিলডে ফ্লাগ নিয়ে নেমে যান তখন আপনারা রাইটার্স বিলডিংসে বসে আতঙ্কিত হয়ে ওঠেন। আপনারা সেই দুর্নীতিমূলক সংগ্রামের মোকাবিলা করতে পারেন না।

তাই আজকে অর্থের প্রয়োজন। কিন্তু মন্ত্রিমহাশয় আপনি কি একবার ভেবে দেখবেন না যে বিল আপনি নিয়ে এসেছেন এটা পশ্চিমবঙ্গকে উন্নত করার বিল নয় এটি একটা পশ্চিমবঙ্গের অভিশাপ। এই সব বিলগুলি সরকারকে অপদস্ত করে, এই সব বিলগুলি সরকারের ভাবমূর্তি নষ্ট করে। এই সব বিলগুলি মানুষের সুকুমার মস্তিকে নষ্ট করে। যার জন্য আমরা যে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ, আমরা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি আজকে এই সব বিলগুলির দ্বারা আমরা সেইসব মানুষের কাছে এমন হেয় হয়ে যাই এমন দুর্জয় রোষ তাদের মনে এনে দেবে, যে আমরা আর রোধ করতে পারব না এবং সেদিন আর বেশী দূরে নয়, সেদিন এই বিলের জন্য সারা পশ্চিমবাংলার মানুষ এই সরকারের বিরুদ্ধে দাঁড়াবে, হয় এই বিল উঠিয়ে নিন, হয় আপনারা আমাদের শোষণ বন্ধ করুন, হয় ২০০ টাকা কুইন্টাল পাটের দাম ধার্য্য করুন নতুবা এই বিল উঠিয়ে নিন, তা নাহলে আপনারা যে মনে করছেন রাইটার্সে বিল্ডিংয়ে বসে বসে শান্তি শৃংখলার কথা বলবেন, আর পশ্চিমবঙ্গের তথা গ্রামবাংলার মানুষ আপনাদের ট্যাক্স-এর চাপে জর্জরিত হবে তা কোনদিন হবে না, কোনদিন হয় নি রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয় এ কেবল ফুটোপাত্রে জল ঢালা দিবরাত্রে, বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবার। আপনারা খরচ কমিয়ে ন্যায্য মূল্য নিয়ে যদি আজকে এই পাটচাষীদের স্বার্থ রক্ষা করিবার হাত প্রসারিত করেন, তবেই আমরা জানবো যে পশ্চিমবাংলার শান্তি শৃংখলার থাকবে নতুবা কিছুতেই নয়।

Shri Harasankar Bhattacharyya:
মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কাঁচা পাট কলকাতায়, হাওড়ায় ঢুকলে তার উপর প্রবেশকর ধার্য্য করার যে প্রস্তাব এনেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। ওঁর হিসাব অনুযায়ী ১ টাকা থেকে ৬ টাকা মানে বেল প্রতি ৫ টাকা বাড়বে হিসাব অনুযায়ী ৪০ লক্ষ বেল হয়। আমাদের এখানে হোয়া হয় এবং আরও ১০ লক্ষ বেল বাইরের থেকে আসে। তাহলে অন্ততঃ ৫০ লক্ষ বেল ৫ টাকা হিসাবে আড়াই কোটি টাকা বাড়তি আদায় হওয়ার কথা, যদি প্রবেশকর আদায় হয়। আমি এই বিল সমর্থন করি, কিন্তু শুধু এইটুকু মাত্র কশন দিতে চাই যে আমাদের যে প্রাপ্য অর্থাৎ যে প্রবেশকর আদায় হবে, সেটা গরীব চাষীদের উপর যেন না পড়ে, কারণ আমরা জানি প্রতিটি করভার আলটিমেটলি সেই গরীব চাষীদের উপরই পড়ে, এবং এখানেও যে পড়বে বলে আমরা মোটামুটি বুঝতে পারছি। কাঁচা পাটের বাজারের যে অবস্থা এবং যেভাবে কাজকর্ম চলছে এবং এতদিন চলে এসেছে। গত বছর জুট কর্পোরেশন অব ইণ্ডিয়া তৈরী হবার পর তাতে মোটামুটি আমাদের ধারণা হয়েছে যে আড়াই কোটি টাকার, বেশী ভাগ পাটচাষীদের উপর পড়বে। সত্যি সত্যি উনি যেখানে ফেলতে চান এবং উনার ইচ্ছা ঐ বড় বড় পাটকল মালিকদের উপর, সেটা হয়ত পড়বে না। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া সম্বন্ধে আমাদের বেশী কিছু বলবার নেই এটা একটা অবিশ্বাসমল ফেলিওর এটা আমরা দেখতে পাচ্ছি, মাত্র তের কোটি টাকার পাট তারা কিনেছে। শুধু কিনেছে তা নয় দেড় কোটি টাকা তারা মাত্র মিলের কাছ থেকে পেয়েছে। বাকি সাড়ে এগারকোটি টাকা মিলগুলিকে ধার দিয়েছে। যেন এটা একটা ব্যাঙ্ক। যেন মিলমালিকদের তারা ফাইনেন্স করান। একটা সরকারী প্রতিষ্ঠান রিজার্ভ ব্যাঙ্কের টাকা পাটকল মালিকদের ঘরে ঢুকিয়ে দেবার একটা প্রচেষ্টা। শুধু জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া সাড়ে ১১ কোটি টাকা পাট বাকি ফেলে দিল এবং সে টাকাটা পাটকল মালিক

ব্যবহার করছে। শুধু এই নিয়ে আর বেশী কিছু বলবার নেই। আমি আশা করি মন্ত্রিমহাশয় এ সমস্তগুলি দেখবেন। যদিও খুব বেশী আশা কিছু নেই। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গতকালের রেডিওতে আমি শুনেছি আসাম বটম কাঁচা পাটের দর ছিল ১২৯ টাকা ৮০ পয়সা। আমরা জানি জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া দাম ধার্য্য করেছিল ১৫৭ টাকা ৬৮ পয়সা। সে যায়গায় রেডিওতে শুনতে পাচ্ছি গতকাল পাটের দর কি। এখন পাট ওঠার সময় নয়। পাট যখন সত্যি সত্যি বিক্রি হয়েছে, তখন কিন্তু নিশ্চয়ই ১২৯ টাকা ৮০ পয়সা দর ছিল না, ৯৩ টাকা পর্যন্ত দর নেমেছিল এবং চাষীকে সেই দরেই বিক্রি করতে হয়েছে। এতো পাইকারী বাজারের হিসাব, আসলে গ্রামাঞ্চলের চাষীরা তারা তো পাইকারী বাজারের হিসাব মত পায় না।

[4-50—5-00 p.m.]

আই.সি.আই নিজে কোন ক্রয়কেন্দ্র করেননি। সেই পুরানো পাটের দালালরা চাষীর কাছ থেকে পাট কিনে আই.সি.আই'কে বিক্রি করছে। যেখানে ৬০ টাকা মণ হওয়া উচিৎ ছিল সেখানে চাষী ২৫।৩০ টাকা দামে পাট বিক্রি করতে বাধ্য হচ্ছে। কংগ্রেস থেকে আরম্ভ করে সব কৃষক সমিতিই বলেছেন পাটের দাম বাড়ান উচিৎ এবং ৭৫ থেকে ১০০ টাকা হওয়া উচিৎ। এই হিসাবের বেসিস কি? সেটা কৃষিমন্ত্রী বলতে পারবেন ফ্লাড কমিসান-এর রিপোর্ট থেকে। ১৯৩৯ সালে ফ্লাড কমিসান যা রিপোর্ট দেয় তা থেকে আমাদের সমস্ত চিন্তা চলে আসছে।

"If the prices of jute were to remain at Rs. 7 or 8 per maund and prices of paddy at about Rs. 2 and a half per mound I believe there will be little complaint from agriculture community in regard to price."

অর্থাৎ মোটামুটি হিসাব ছিল একমণ পাট আর ২.১ মণ চাল। ২ মণ চাল কমপক্ষে এটাই ফ্লাড কমিসান-এর রিপোর্ট'এ ছিল এবং তাতে তিনি বলেছিলেন এটা করলে চাষীদের প্রতি একটা ন্যায্য বিচার হবে। অর্থাৎ বর্তমানে যদি চালের দাম মণ প্রতি ১০০ টাকা হয় তাহলে সেই হিসেবে ১৯৩৯ সালের ফ্লাড কমিসান-এর রিপোর্ট অনুযায়ী ২০০ টাকা পার মণ পাট হওয়া উচিৎ। কিন্তু পাটের যে কস্ট অফ প্রোডাকসান তার স্ট্রাকচার-এর বদল হয়েছে চালের কস্ট অব প্রোডাকসান-এর স্ট্রাকচার-এর পরিবর্তন হয়েছে। সুতরাং চাল পাটের অনুপাত ১৯৩৯ সালের মত রেসিও এখন আর নেই। এখন কস্ট-এর সেই রেসিও নূতন অনুপাতে সৃষ্টি করতে হবে। সুতরাং ফ্লাড কমিসান-এর হিসাব অনুযায়ী বলতে হয় তাহলে ২০০ টাকা দাম হওয়া উচিৎ। কিন্তু হিসাবটা অন্যভাবে করা উচিৎ। ফ্লাড কমিশনের মত চাল পাটের কস্ট অনুযায়ী হিসাব করা উচিৎ নয়। কংগ্রেস পার্টি থেকে সমাজতন্ত্রের কথা বলা হয় সেখানে আপনাদের যদি বিন্দুমাত্র সমাজতন্ত্রের প্রতি নিষ্ঠা থাকে তাহলে পাটমালিকদের জন্য ১০।১২ পারসেন্ট প্রফিট বেঁধে দিন। অর্থাৎ তার প্রফিট-এর ১০।১২ পারসেন্ট বাদ দিয়ে পাটের মূল্য নির্ধারণ করুন।

There should be fixation of profit rate not the fixation of raw Jute rate

কাঁচা পাটের নিম্নতম দাম যেটা সেটা উর্দ্ধতন দামে পরিণত হয় আমরা কখনও উর্দ্ধতম মুনাফার হার বেঁধে দিতে পারি না। পাটজাত মুনাফার হার ১০।১২ পারসেন্ট বেঁধে দেয়াই সমাজতন্ত্রের নীতি হওয়া উচিৎ। কিন্তু আমরা এই যে করছি এটা পুরানো বঞ্চনাকে পূরণ করার জন্য। আমরা জানি সুরু থেকেই পাটমালিকরা পাটচাষীদের বঞ্চনা করছে। যখন পাট বোনা হয় তখন পাটে প্রফিট থাকে না, চালে প্রফিট থাকে। কিন্তু যখন পাট উঠে গেল তখন [illegible]রীরা এমনভাবে পাটের দাম নামিয়ে দেয় যাতে পাটচাষীর সর্বনাশ হয়। ধান বিক্রি করে যে প্রফিট সেই প্রফিট থেকে অল্প একটু বেশী প্রফিট পাটের আছে, এই রকম আভাস যেন চাষীরা পায়। মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, গত ২৬ বছর শুধু কাঁচা পাটের কালোবাজার করে, ফাটকাবাজা: করে ৪,০০০ কোটি টাকা এই চটকল মালিকরা এবং তাদের দালালরা পেয়েছে। এটা আমার হিসাব নয়,

সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশনের হিসাব। ওয়েলিস সাহেব বলে একজন ইংরাজ সাহেব একটা বই লিখেছিলেন, রোমান্স অব জুট'। নিশ্চয়ই তাহলে ইংরাজের কাছে এটা রোমান্স ছিল, সেই ইংরাজ সাহেব এতে রোমান্স পেয়েছিলেন, তার কাছে এটা রোমান্টিক মনে হয়েছিল। আর স্যার, চাষীদের কাছে ইট ওয়াজ এ ট্রাজেডি। আজ ২৬ বছর ধরে যা হচ্ছে এটা একটা গোলডেন ফাইবার, কোন স্বাধীন দেশের সরকার তার নিজের চাষীদের মেরে এই অবস্থা চালাতে লজ্জা পাচ্ছেন না এটা আশ্চর্য্যের ব্যাপার। চাষীরা বঞ্চিত হচ্ছেন, কেন্দ্রীয় সরকার আবার প্রবঞ্চনা করছেন, এটা একটু উল্লেখ করতে চাই। ১৯৩৫ সালে পাওয়ার অফ অটোনমি হয়, তারপর ১৯৩৬ সালে অটো নিমিয়ার একটা এওয়ার্ড দেন প্রভিনসিয়াল ফিনানসে। সেই এওয়ার্ড-এ ছিল রাজ্যের জুট এক্সপোর্ট ডিউটি থেকে সাড়ে ৬২ পারসেন্ট পাবে, আর সেন্ট্রাল সাড়ে ৩৭ পারসেন্ট পাবে। অটো নিমিয়ার এওয়ার্ড এত কম যে কেন্দ্রকে সেই সময় বাংলা দেশের নেতা ফজলুল হক্ সাহেব-এর কথা আমার মনে আছে, তিনি ১০০ পারসেন্ট দিতে হবে বলে দাবী করেছিলেন, দি দেন আনডিভাইডেড বেংগলে তিনি এটা চেয়েছিলেন। তাঁর এই বক্তব্য আমি একটি বইতে পড়ে ছিলাম। তবুও আনডিভাইডেড বেংগলে ছিল সাড়ে ৬২ পারসেন্ট বাংলা পাবে আর সাড়ে ৩৭ পারসেন্ট সেন্ট্রাল পাবে জুট এক্সপোর্ট ডিউটি। যখন বাংলাদেশ দ্বিখন্ডিত হলো, হোয়েন ওয়েস্ট বেংগল ওয়াজ ক্রিয়েটেড, বেংগল ওয়াজ স্লিডিং, সেই এক রাত্রের অন্ধকারে কেন্দ্রীয় সরকারের নেতারা এটা ঘোষণা করেছিলেন যে পাট থেকে রাজ্য শুধু ২০ পারসেন্ট পাবে, আর কেন্দ্রীয় সরকার ৮০ পারসেন্ট পাবে। যেমন করে স্বাধীনতা আমরা পেয়েছি, আমাদের দেশকে দ্বিখন্ডিত করে এবং তার ফলে বহু লোক উদ্বাস্তু হয়ে এসেছেন তারজন্য কোথায় আমাদের বেশী করে টাকা দেবে, সম্পদ দেবে, তা নাকরে কেন্দ্রীয় সরকার পাটের রপ্তানী মূল্যের ৮০ ভাগ নিয়ে আমাদের ২০ ভাগ দিলেন, কি তাদের আর্গুমেন্ট, না ওয়েস্ট বেংগলে কমে গিয়েছে, পাটের একারেজ কমে গিয়েছে। পাটের একারেজ ওয়েস্ট বেংগলের যেমন করে গিয়েছে, সেন্ট্রালেরও তেমনি কমে গিয়েছে, সেন্ট্রালের কিন্তু তা বাড়েনি। যদি ওয়েস্ট বেংগলের কমে থাকে তাহলে সেন্ট্রালের একারেজ বাড়েনি, তাহলে ওয়েস্ট বেংগলের সেয়ার কমে গেল কেন? তখন একারেজ ছিল ২ লক্ষ ৬৬ হাজার একর পার্টিশনের আগে, আর সাত্তার সাহেব একটু আগেই বলেছেন এখন সাড়ে ১১ লক্ষ একর জমিতে পাট হচ্ছে। আজকে যদি ৫ গুণ বৃদ্ধি পেয়ে থাকে তাহলে ২০ পারসেন্ট সেয়ার এখন এখানের থাকবে কি? ফাস্ট ফাইনান্স কমিশনে বিধানবাবু কান্নাকাটি করে কিছু পাননি, সেকেন্ড এন্ড থার্ড ফাইনান্স কমিশন জুট এক্সপোর্ট ডিউটি উঠিয়ে দিয়ে ইন লিউ অফ জুট এক্সপোর্ট ডিউটি করছে। কেন্দ্রীয় সরকারের প্রবঞ্চনা পশ্চিমবঙ্গের চাষী, গরীব চাষীরা কম পায়নি এবং পশ্চিমবঙ্গ রাজ্যও কিছু কম পাচ্ছে না।

[5-00—5-10 p,m.]

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আসল কথা হচ্ছে যে, এই বিলটা সো ফার এ্যাজ ইট গোজ এই বিলের বিরুদ্ধে হয়ত কিছু বলার নেই। কিন্তু এই বিলকে এইভাবে এনে দেশের চরম দুর্দ্দিনের সময়ে অর্থমন্ত্রী মহাশয় ঠিক করেননি। যখন এই বিধানসভার সমস্ত সদস্যরা পাটশিল্পের জাতীয়করণের কথা বলেন তখন কেমন করে পাটের মালিকের কাছ থেকে ছিনতাই করে কিছু মুনাফা আনবো, তার মুনাফার একটা অংশ আনতে পারি কিনা! কিছুটা ইনসিডেন্স পাটচাষীর উপুরে পড়বে, তা পড়ুকগে। আমি কিছু ছিনতাই করে আনতে পারি কিনা। অর্থমন্ত্রী আসলে ছিনতাই মন্ত্রী হয়েছেন। তিনি তো উন্নয়নের মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী। তিনি কি পশ্চিমবাংলার উন্নয়নের কোন পরিকল্পনা সফল করতে পারেন তার এই এ্যাকাউন্ট্যান্ট দৃষ্টিভঙ্গী থেকে, তার এই ছিনতাই দৃষ্টিভঙ্গী থেকে? কে কোথায় একটু প্রফিট করছে, আমি একটু ছিনতাই করে আনলাম। এটাই কি তার একমাত্র নীতি হবে? অথচ পাটশিল্পের জাতীয়করণ করা হয় অর্থনৈতিক পটভূমিকাতে। সেটা বজায় থাকা সত্ত্বেও পাটশিল্পের জাতীয়করণ যে প্রধান দরকার সেকথা বার বার বলা হচ্ছে। এবং কেন্দ্রীয় সরকারের কাছে চাপসৃষ্টি করবেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনাকে আমি ৯টি কারণ বলতে পারি, যে ৯টি কারণে পাটশিল্পকে জাতীয়করণ করা অবিলম্বে

দরকার এবং এ ব্যাপারে আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন। এই ৯টি কারণ এমন গুরুত্বপূর্ণ ও অকাট্য যে কারণে পাটশিল্প জাতীয়করণ অবিলম্বে দরকার। প্রথম কারণ হচ্ছে, সমস্ত অর্থনৈতিক তত্ত্বের মূল কথা হচ্ছে কি? যখন কোন শিল্প একচেটিয়া দেখা দেয়, আর প্রতিযোগিতায় কখনই সেই শিল্প আসবে না তখন সেই শিল্পকে জাতীয়করণ করা দরকার হয়। মাননীয় শংকর ঘোষ মহাশয়, তিনি ভুলে গেছেন যে, এই তত্ত্ব তিনি পড়ে এসেছেন লন্ডন থেকে। কিন্তু মূলতঃ প্রয়োগ করছেন না। কার্য্যতঃ আমরা দেখছি কি যে আমাদের এখানে ১২টি ফ্যামিলির হাতে ৭৫ ভাগ উৎপাদন আছে। প্রফিটের প্রায় ৮০ পারসেন্ট এই ১৩টি পরিবারের হাতে আছে। এই পশ্চিমবাংলায় যে ৭৬টি পাটকল আছে তার ৭৫ পারসেন্ট-এর উপর প্রোডাকসান এবং ৮০ পারসেন্ট-এর উপর প্রফিট মাত্র এই ১৩টি পরিবারের হাতে। স্যার, আপনার মাধ্যমে এই তেরটি পরিবারের নাম বলতে চাই। এই ১৩টি পরিবার কেমন করে একচেটিয়া অধিকার পেল? তারা এটা পেল যুদ্ধের সময় যে অবৈধ মুনাফা করেছিল ব্যবসা থেকে, সেই ব্যবসার মুনাফা দিয়ে তারা ইংরেজের যে ম্যানেজিং এজেন্সি হাউস, সেই ম্যানেজিং এজেন্সি হাউসগুলি তারা কিনে নিয়েছিল। আপনি জানেন সুরাজমল নাগরমল, তারা ম্যাকলিওড কোম্পানী কিনে নিয়েছিল। এদের হাতে ১১টি জুটমিল আছে। গোয়েঙ্কা গ্রুপ তারা ডানকান ব্রাদার্স কিনে নিয়েছিল। বাংগুর গ্রুপ তারা কেটেলওয়েল কিনে নিয়েছিল। আর তা ছাড়া আরো কিছু কিছু ছোট ছোট ব্রিটিশ ম্যানেজিং এজেন্সি কিনে নিয়েছিল। তাছাড়া আছে সাহু জৈন, জাতিয়া, কানোরিয়া, কোঠারী, মফত্‌লাল, বিড়লা। বিড়লার সবচেয়ে ছোট মাত্র ৫টি জুটমিল আছে। আর হচ্ছে ইংরেজের ৪টি কোম্পানী—বার্ডস, হেলজারস, এ্যানড্রু য়ুল, হ্যানডারসন। এই ১৩টি কোম্পানীর হাতে যদি প্রফিট-এর ৮০ পারসেন্ট থাকে, এই কনসেন্ট্রেশান যদি ইনডাস্ট্রিতে থাকে তাহলে উনি যে অর্থনৈতিক তত্ত্ব পড়েছেন সেই অর্থনৈতিক তত্ত্বের প্রথম এবং প্রধান সূত্রে সেই ইনডাস্ট্রিসগুলিকে জাতীয়করণ করতে হয়। এটা সোসালিজম-এর কথা হচ্ছে না। উনি যে অর্থনৈতিক তত্ত্ব লন্ডন থেকে পড়ে পাশ করে এসেছেন, সেই অর্থনৈতিক তত্ত্বের প্রথম সূত্র হচ্ছে এটা। অথচ সেদিকে উনি কোন চিন্তা করছেন না। স্যার, আমার দ্বিতীয় কারণ হচ্ছে, যে ইনটারন্যাল ম্যানেজমেন্ট। এই পাটকলগুলির যে আভ্যন্তরিন প্রশাসন সেটা সম্পূর্ণ সামন্ততান্ত্রিক। এই প্রশাসনের ভিতরে কোন বৈজ্ঞানিক চিন্তা নেই। বাপ তার ছেলেকে গদি দিয়ে যায়। গদিতে একজন ম্যানেজার থাকে। আত্মীয়-স্বজনের ভিতরেই পাটের দালাল হয় এবং সমস্ত কোম্পানীটাই একেবারে সামন্ততান্ত্রিক প্রশাসনে চলে। এটা কখনই— যেটা রপ্তানী শিল্প, প্রধান শিল্প যে রপ্তানী শিল্পের থেকে আমাদের গুরুত্বপূর্ণ আমদানী হবে। কোন রপ্তানী শিল্পকে এইরকম অবৈজ্ঞানিক প্রশাসনের হাতে রাখা আজকের দিনে চলেনা। এর কারণ প্রশাসনিক উন্নতি এবং রপ্তানী থেকে বেশী টাকা পায়, এজন্য এই শিল্পকে জাতীয়করণ করা দরকার।

তৃতীয় কারণ হচ্ছে, কাচা পাট। চাষীকে যদি সত্যি সত্যি দাম দিতে হয় তাহলে পাটশিল্পকে জাতীয়করণ করা অত্যন্ত দরকার। আপনি জানেন যে অনলি ইনডাস্ট্রিয়াল র মেটিরিয়ালস হচ্ছে র জুট যার কোন দাম বাড়েনি। এই কেন্দ্রীয় সরকার এবং এরা একমাত্র ইনডাস্ট্রিয়াল র মেটিরিয়্যালস—আপনি জানেন স্যার, তামার দাম বেড়েছে, লোহার দাম বেড়েছে, তুলার দাম বেড়েছে, কিন্তু একমাত্র ইনডাস্ট্রিয়াল র মেটিরিয়ালস কাঁচা পাট যেহেতু পশ্চিমবঙ্গে উৎপন্ন হয়, এজন্য কাঁচা পাটের দাম এই ২৬ বছরেও বাড়ান হয়নি এবং এই আই.জে.এম.এ এটাকে ম্যানিপুলেট করে এটা করেছে। সুতরাং কাঁচা পাটের মূল্য বাড়াবার স্বার্থে, চাষীর স্বার্থে জাতীয়করণ করা দরকার।

জাতীয়করণের চতুর্থ কারণ হচ্ছে, হিউজ প্রফিট। যে শিল্পে এত বেশী প্রফিট করে— কি প্রফিট সেটা আপনি শুনলে অবাক হয়ে যাবেন। শুধু প্রথম মহাযুদ্ধের সময় প্রতি বছরে ১১০ পারসেন্ট ডিভিডেন্ড এই কোম্পানী ডিক্লেয়ার্ড করেছিল। ১১০ পারসেন্ট ডিভিডেন্ড এটা আপনি শুনেছেন! কোনদিন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে যা ক্যাপিটাল ঢালা হয়েছিল সেই সমস্ত ক্যাপিটাল উঠেতো গিয়েছিলই তারপর থেকে সমস্তটাই তাদের প্রফিট। এই যেখানে প্রফিট-এর রেট সেটাকে আর ফেলে রেখে দেওয়া যায় না। এটা সত্যিই দুঃখের

কথা যে কেন্দ্রীয় সরকার এই ১৯৭৪ সালেও এক্সপোর্ট ডিউটি কনসেসান হিসাবে ৩০ কোটি টাকা কনসেসান দিয়েছেন। এই সমস্ত একচেটিয়া পুঁজিপতিদের হাতে তুলে দিয়েছেন! কিছুদিন আগে খবরের কাগজে দেখেছেন যে জুট এক্সপোর্ট ডিউটি কনসেসান টু দি টুউন অব রুপিস ৩০ ক্রোড়স। কি কারণে কেন্দ্রীয় সরকার এই কনসেসান দিলেন? কাকে দিলেন? এই টাকা কোথায় গেল? পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে তাকে জিজ্ঞাসা করা হয়েছিল কিনা আমি জানিনা। হয়ত অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলেন। আর যদি করে থাকেন তাহলে কি করে তিনি রাজী হলেন? অথবা যদি না করে থাকেন তাহলে কেন এর প্রতিবাদ করা হ'ল না তা আমি বুঝতে পারছিনা।

[5-10—5-20 p.m.]

এই পাটশিল্পের জাতীয়করণের পঞ্চম কারণ হচ্ছে এরা এই টাকাটা কখনও প্লাও ব্যাক করেনা। এরাই টাকা দিয়ে পাট শিল্পের উন্নতি করা, নতুন যন্ত্রপাতি আনা অথবা ডাইভার-সিফিকেশান করা—এই টাকাটা দিয়ে তারা অন্যান্য শিল্পে খাটায়, এবং শুনলে অবাক হয়ে যাবেন যে কিছুদিন আগে খবরের কাগজে উঠেছে যে বিড়লা সাহেব এই পাটের টাকা এত প্রফিট করেছেন যে তিনি থাইল্যান্ডে গিয়ে কারখানা করেছেন। আমরা সাম্রাজ্যবাদী ভারতবর্ষ চাইনা, আমরা চাইনা বিড়লা বিদেশে ক্যাপিটাল নিয়ে যাবে—আমরা জেনেছি আবিসিনিয়াতে এই পাটের টাকা দিয়ে বিড়লা তার সাম্রাজ্য বিস্তার করেছে। দুইদিন পরে থাইল্যান্ডে কি সরকার হবে সেটা বিড়লা নির্দেশ দেবে ভারতসরকারকে, ভারতসরকারের বৈদেশিক নীতি পাল্টে যাবে—সাম্রাজ্যবাদ বড় সোজা কথা নয়। সুতরাং আজকে যারা প্লাও ব্যাক করেনা সেই সমগ্র মূলধন যদি রাষ্ট্রের হাতে না আসে তাহলে ভারত শীঘ্রই একটা ছোটখাট ঐ দক্ষিণ-পূর্ব এশিয়ার মত সাম্রাজ্যবাদী রাষ্ট্রে পরিণত হবে। আমাদের বৈদেশিক নীতি এই ১৩টা জুটমিল ওনার দ্বারা পরিচালিত হবে। মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আমার ষষ্ঠ কারণ হচ্ছে আন্ডার ইনভয়েসিং-এর ব্যাপার—এটা তো মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, আপনিও স্যার জানেন যে আন্ডার ইনভয়েসিং করে বিদেশী মুদ্রা বৃদ্ধি করা—এটিতো পাটশিল্প চিরকালই করে এসেছে। এই ব্যাপারে পাটকলের মালিকরা একেবারে সিদ্ধহস্ত। এরা এতদূর এক্সপার্ট হয়ে গিয়েছে যে কেউ ধরতেও পারেনা। এই একটিমাত্র বার্ড এ্যান্ড হেনযেজ বলে একটা কোম্পানী আছে কলকাতায় যার ৮টা জুটমিল আছে, সেই কোম্পানী এবারে একটু ধরা পড়েছে—কাগজে দেখেছি কিন্তু আমাদের সরকারের কর্মচারীদের প্রচেষ্টায় তারা ছাড়া পেয়ে যাবে। কিন্তু এই ২৬ বছর ধরে এই যে আন্ডার ইনভয়েসিং হল এবং অন্ততপক্ষে আন্ডার ইনভয়েসিং টু দি টুউন অব ফোর হানড্রেড ক্রোড়স অব রুপিস যে বাইরে চলে গেল এর কে হিসাব দেবে? এই যে আন্ডার ইনভয়েসিং যে কোম্পানী করে—ব্যাঙ্কগুলি কেন আপনারা ন্যাশানালাইজ করেছিলেন—কারণ ব্যাঙ্কের মাধ্যমে আন্ডার ইনভয়েসিং হয়। আর যারা সত্যি সত্যি আন্ডার ইনভয়েসিং করল ব্যাঙ্কের মাধ্যমে তাদের কিন্তু আপনারা জাতীয়করণ করলেন না। এটা আপনাদের কি ধরণের নীতি হল? তারপর সপ্তম কারণ হল—এটা হচ্ছে একটা ইমপর্টটেন্ট সোর্স অব ব্ল্যাক মানি, ওয়াংচু কমিটি বলেন যে ব্ল্যাক মানি কোথা থেকে ক্রিয়েটেড হচ্ছে আমরা ধরতে পারছিনা—এই যে ৪ হাজার কোটি টাকা ফাঁকি দেওয়া হল, ফাটকাবাজীতে খেলা হল—এইগুলি হচ্ছে সোর্স অব ব্ল্যাক মানি, এই কালো টাকা ওরা কেমন করে বন্ধ করবেন জানিনা। বন্ধ করবার জন্য বাজেটে কি নীতি নেওয়া হল না ট্যাক্সের রেট কমিয়ে দাও, সব ব্যবসায়ীরা সাধু হয়ে যাবে, সাধু হয়ে সমস্ত কর দিয়ে দিবে। আমি বলি সোর্স হচ্ছে এই পাটের ফাটকাবাজী এবং পাটের আন্ডার ইনভয়েসিং করে। এই দুটোকে বন্ধ করবার জন্য জাতীয়করণ দরকার। তারপর অষ্টম কারণ হচ্ছে স্যার, কোন দেশে সদ্য স্বাধীন দেশে এত ইমপর্টটেন্ট সোর্স অব ফরেন এক্সচেঞ্জ প্রাইভেট হ্যান্ডএ রাখা যায়, প্রাইভেট হ্যান্ডে রেখে দেশের অর্থনৈতিক পরিকল্পনা সফল করা যায়? সোসালিজমএর কথা তো দূরের কথা—আপনারা যখন সোসালিজমের কথা বলেন আমার বড্ড হাসি পায়, লজ্জাও করে। কিন্তু সোসালিজমের কথা না হয় ছেড়ে দিলাম কিন্তু কোন দেশের অর্থনৈতিক উন্নয়ন করতে

পারবেন না যদি আপনারা অন্ততপক্ষে বিদেশী মুদ্রার উপরে এই যে সোর্স তাকে আপনারা জাতীয়করণ আপনারা না করে নেন। তারপর নবম কারণ হচ্ছে পাটশিল্প হচ্ছে পশ্চিম বঙ্গের ভবিষ্যত—এই পাটের উপর ভিত্তি করে আমরা ছোট ছোট অসংখ্য শিল্প আমরা তৈরী করতে পারতাম। পাট শিল্পের উপর ভিত্তি করে আমাদের স্মল এনট্রিপিউনার ছোট ছোট শিল্প কুটির শিল্প তৈরী করতে পারত, সেই পাটশিল্পকে আপনারা ১২।১৪টা পরিবারের হাতে যদি রেখে দেন তাহলে কুটির শিল্প ছোট শিল্প কখনই সম্ভবপর হবেনা এবং বাঙ্গালীর ছেলেরা চাকরী পাওয়া এটা কখনই সম্ভবপর হবেনা। তাই স্মল ইনডাসট্রির স্বার্থে নতুন নতুন শিল্পের স্বার্থে অবিলম্বে পাটশিল্পকে জাতীয়করণ করা প্রয়োজন। মাননীয় ডেপুটী স্পীকার স্যার, জাতীয়করণ বলতে গেলে কয়লার কথাটা সকলেই উত্থাপন করেন। আমি বলছি আমারও কয়লা সম্পর্কে নানারকম হেজিটেশান আছে। কয়লার জাতীয়করণ হয়েছে আমি খুবই খুসী কিন্তু আমাদের ডাঙ্গে সাহেব কি বলেছিলেন দেয়ার মাস্ট বি এ সেকেন্ড টেকওভার, গভর্ণমেন্ট নিয়ে নিল ইট ইজ নট এনাফ, টেকওভার হয়েছে ঠিকই কিন্তু ওয়াকিং ক্লাশে যদি সেকেন্ড টেকওভার না করে তাহলে কয়লার কখনই উন্নতি হবেনা। স্যার, আমি তাই বলি পাটশিল্পের জাতীয়করণ করার সঙ্গে সঙ্গে পাটকলের শ্রমিকদের হাতে পরিচালনার ভার দিন। তাহলে এটির অবস্থা আর কয়লার মত হবেনা। আর দ্বিতীয় কথা হচ্ছে কয়লা আমাদের দেশে জাতীয়করণ হল। এখন তো মনে হচ্ছে হরিয়াণার স্বার্থে; পাঞ্জাবের স্বার্থে; গুজরাটের স্বার্থে; মহারাষ্ট্রের স্বার্থে সমস্ত কয়লা যা উত্তোলিত হচ্ছে আমাদের ওয়েস্ট বেঙ্গল যা পেত সেই কয়লা লরী লরী সমস্ত কয়লা চলে যাচ্ছে। জাতীয়-করণ করার সময় চিন্তা করলেন না জুট করপোরেশান অব ইন্ডিয়া করার সঙ্গে সঙ্গে জুট করপোরেশান অব বেঙ্গল করা উচিত ছিল। বেঙ্গলের এত জুট যাতে স্টেট অব ওয়েস্ট বেঙ্গল হাতে রাখতে পারে তাহলেই একমাত্র পাটশিল্পের জাতীয়করণ করে পশ্চিমবঙ্গের অর্থনীতি পুনরুজ্জীবন হবে। সর্বশেষে আমি একটা কথা বলব আমাদের অর্থমন্ত্রী তো রায়বাহাদুর শঙ্কর ঘোষের নাতি—আরেকজন রায়বাহাদুর ছিলেন আমাদের অশোক মিত্র আই, সি, এস, তার বাবা ছিলেন রায়বাহাদুর যামিনী মোহন মিত্র, আমি তাঁকে একটু যামিনীবাবুর কথা স্মরণ করতে বলি, উনি ছিলেন রেজিস্টার অব কোঅপারেটিভ সোসাইটি ১৯৩০-৩১ সালে; যখন পাটচাষীকে পাটকলের মালিকরা মারল সমগ্র অর্থনৈতিক সংকটকে পাটচাষীদের উপর ফেলে দিল রেজিস্টার অব কোঅপারেটিভ সোসাইটি হিসাবে, সৎপ্রশাসক হিসাবে তিনি সমবায় সমিতির মাধ্যমে পাট চাষীদের পাট কিনে নেব এই চেষ্টা তিনি করেছিলেন। তিনি গ্রামে হাটে ঘুরেছিলেন এবং এক বছর তার এই কাজ দেখার পর ইংরেজ সরকার তাকে চাকরী থেকে ছাড়িয়ে দিয়েছিলেন—এটা আমাদের স্মরণ আছে। পাটের ইতিহাস আজকের ইতিহাস নয়। সুতরাং সেই যে রায়বাহাদুর যামিনী মিত্র—উনিও আরেকজন রায়বাহাদুর এর নাতি হিসাবে তাঁকে স্মরণ করুন। যামিনী মিত্রের উজ্জল দৃষ্টান্ত স্মরণ রাখুন। বাংলাদেশের যারা জাতীয়বাদী নেতা প্রত্যেকেই ইংরেজের বিরুদ্ধে লড়াই করে গিয়েছেন পাটচাষীদের স্বার্থ রক্ষার জন্য। আজকে সেই সময় এসেছে মন্ত্রী মহাশয়কে পাট শিল্পের জাতীয়করণ করতে হবে। শুধুমাত্র ছিনতাই মন্ত্রী হয়ে শুধু মাত্র ২ কোটি কি আড়াই কোটি এরওর পকেট থেকে ছিনতাই করব এই ছিনতাই মন্ত্রী হয়ে উনি ভাল এ্যাকাউন্টেন্ট হতে পারেন—উনি শুধু অর্থমন্ত্রী নন উনিও উন্নয়নমন্ত্রী এবং পরিকল্পনা মন্ত্রী তাঁকে শুধু এ্যাকাউন্টেন্ট হলে চলবেনা। অর্থমন্ত্রী হতে গেলে ছিনতাই করার চিন্তা বাদ দেওয়া অতি আবশ্যক। সমগ্র পাটশিল্পকে জাতীয়করণের মাধ্যমে এই কাজে অগ্রসর হলে পশ্চিমবঙ্গ বাঁচতে পারে। আমি এইটুকু বলে, এই বিলকে সমর্থণ করে সো ফার ইট গোজ, আমার বক্তব্য শেষ করছি।

Shri Tapan Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ (সেকেন্ড এ্যামেন্ডমেন্ট) বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করি। কারণ এই বিল অত্যন্ত সময়োপযোগী। তেল সংকটের পরিপ্রেক্ষিতে চটকল মালিকরা প্রচুর মুনাফা করে নিয়েছে। হরশঙ্করবাবু যাঁকে ছিনতাই মন্ত্রী বললেন, সেই ছিনতাই মন্ত্রী যোগ্য সময়েই সেই মুনাফার অংশ ছিনতাই করতে সমর্থ হয়েছেন। এই বিলের আলোচনা শুনে মনে হচ্ছিল ধান ভানতে শিবের গীত গাওয়া

হচ্ছে। কেউ কেউ চাষীদের কথা বলতে গিয়ে জাতীয়করণের কথা বলেছেন, কিন্তু সেল্স ট্যাক্সের কথা কেউ বলছেন না। বিধানসভার আর, এস, পি-এর নেতা শীস মহম্মদবাবু যাঁকে আমরা এতদিন এম, এল, এ বলে জানতাম, তাঁর বক্তৃতা শুনে মনে হল তিনি বুঝি একজন আই, জি, এম, এ-এর প্রতিনিধি ওখানে বসে আছেন। আসল যে ঘটনা সেই ঘটনার দিকে তাকাতে গেলে সেল্স ট্যাক্সের কথা ভাবতে হয়, কিন্তু সেই ধার দিয়েও গেলেন না। এ পার্টিমেন্টারি ভাষায় এই মুনাফাকে বলা হয় উইন্ডফল প্রফিট, যদি সেই মুনাফা এসে যায়, যাঁরা অর্থনীতি জানেন, অর্থনীতি বুঝেন, তাঁরা যোগ্য সময়ে পদক্ষেপ করেন। এরজন্য কস্ট অব প্রডাকশন বাড়বেনা। অনেক সদস্য আশঙ্কা প্রকাশ করেছেন কস্ট অব প্রডাকশন বাড়বে, আবার অনেকে আশঙ্কা করেছেন পাটচাষীরা পাটের ন্যায্য দর পাবেনা। এই সেল্স ট্যাক্সের সঙ্গে পাটচাষীদের ন্যায্য দর পাওয়া না পাওয়ার কোন সম্পর্ক নেই। সম্পর্ক নেই এই কারণে আজকে যে মালিক সেই মালিক যে সেল্স ট্যাক্স রিটার্ন দেবে তাতেই সেল্স ট্যাক্স চার্জড হবে। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব যারা মালিক, সেল্স ট্যাক্স রিটার্ন দেবেন, সেই রিটার্ন যেন অডিট করা হয়। তা যদি করা হয় তাহলে মালিকরা সেই রিটার্নের মধ্যে কোন ফাঁকি দিতে পারবেনা, সেল্স ট্যাক্স ফাঁকি দিতে পারবেনা।

আমার দ্বিতীয় কথা হচ্ছে অনেক বক্তা, আমাদের সি, পি, আই-এর বন্ধু জাতীয়করণের কথা বলেছেন। জাতীয়করণ করার যে স্লোগান তা অত্যন্ত ভাল, শুনতেও ভাল বলতেও দিল্লীকা লাড্ডু যো খায়া উহভি পস্তায়া, যো নেই খায়া ওহভি পস্তায়া। আমরা সমাজতান্ত্রিক অর্থনীতির কথা বলে থাকি। আজকে সমাজতান্ত্রিক অর্থনীতি চালু করতে গেলে আমাদের সমস্ত রকম সম্পত্তি সরকারী নিয়ন্ত্রণে আনা উচিত। আমরা জাতীয় কংগ্রেসের এই আদর্শে বিশ্বাস করে এই জাতীয়করণ করা হয়, কিন্তু সেই অর্থনীতি কোথাও কোথাও অভিশাপ হয়ে দাঁড়ায়। কয়লা তার জলন্ত উদাহরণ। আজকে এই আই সি, ব্যাঙ্ক যে কোন প্রতিষ্ঠানেই যাননা কেন, যে উদ্দেশ্যে জাতীয়করণ করা হয়েছিল, সেই উদ্দেশ্য ব্যাহত হয়েছে। শুধু তাই নয়, আজকে জাতীয়করণ করার ফলে দেখছি সেখানকার কর্মচারীদের দক্ষতা বলে আর কিছু নেই। যা ইচ্ছে করে যাবে সেই দক্ষতা অনেকখানি কমে যাবে। কার্য্যতঃ দেখা যাচ্ছে সেই দক্ষতা এমনভাবে কমেছে যে জাতীয় জীবনের কাছে সেটা একটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। আজকে চটকল পশ্চিমবঙ্গের তথা ভারতেরই সম্পদ, এই চটকলের মাধ্যমে আমরা বহু বিদেশী মুদ্রা অর্জন করে থাকি। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের কাছ থেকে রাজস্ব আদায় করে নিন, কারণ বেশীর ভাগ অংশই এই চটকল থেকে আসে।

[5-20—5-30 p.m.]

সুতরাং আজকে এই চটকলকে জাতীয়করণের নাম করে এর কর্মীদের অথর্ব করে দিয়ে যদি উৎপাদন ব্যাহত করা হয় তাহলে জাতীয় জীবনে এক অভিশাপ নেমে আসবে। কারণ উৎপাদন কম হওয়ার ফলে রাজস্ব আদায়ও কম হবে। ফলে আমরা কোন উন্নয়নমূলক কাজ করতে পারবো না। এ বিষয়ে আমাদের অর্থমন্ত্রী সজাগ ও সচেতন আছেন। আজকে এই যে সুযোগ এসেছে—উইন্ডফল প্রফিট-এর সময় যদি আমরা ট্যাক্স ধার্য্য না করি, তাহলে আমরা অনেক রাজস্ব হারাবো। কারণ এই তৈল সংকট হয়ত পাঁচ বছর বাদে থাকবে না। কাজেই ট্যাক্স আদায়ের মাধ্যমে উন্নয়ন করতে গেলে এটা এখনই করা দরকার। এই যে ট্যাক্স-ধার্য্য করা হচ্ছে এটা সেল্স ট্যাক্স-এর মাধ্যমে করা হয়েছে, এটা খুব ভাল হয়েছে। কারণ সেল্স ট্যাক্স ডিউটির মাধ্যমে এই রাজস্ব আদায় করা ছাড়া আর উপায় নাই। আমাদের পশ্চিমবঙ্গে আয় সীমিত। এই সীমিত আয়কে বৃদ্ধি করতে হলে এই সোর্সে ট্যাপ করতেই হবে। তা নাহলে আমাদের উন্নয়ন ব্যাহত হবে। যেখানে সিনথেটিক প্রোডাক্ট-এর দাম বেড়ে গেছে, পেট্রোলিয়াম প্রোডাক্ট-এর দাম বেড়ে গেছে, সেখানে আজকে এই চটকল মালিকদের কাছ থেকে ট্যাক্সের মাধ্যমে টাকা ছিনিয়ে আনবার এই তো উপযুক্ত সময়। এই সুযোগ ছাড়লে আর আমরা পাব না। মাননীয় অর্থমন্ত্রী এই ট্যাক্স ধার্য্যের প্রস্তাব এনেছেন—এটা খুবই সময়োচিত হয়েছে বলে আমি মনে করি। তিনি যোগ্যতার সঙ্গে এই ট্যাক্স ধার্য্য করেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাই।

Shri Sankar Ghose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল আমি এনেছি যাতে করে জুটমিল মালিকরা যে বিরাট মুনাফা করেছেন মাননীয় সদস্য তাপস চাটার্জী তাকে উইন্ডফল প্রফিট বলে অভিহিত করেছেন, সেই বিরাট মুনাফা থেকে আমরা কিছু পেতে পারি। জুট-মিলের মালিকরা যে বিরাট মুনাফা করেছেন তারজন্য তাদের তৈরী করবার খরচ কিছু বাড়ে নি কস্ট অফ প্রোডাকসান বাড়ে নি। বর্তমান তৈল সংকটের জন্য সিন্থেটিক ফাইবার পাওয়া যাচ্ছে না। সেইজন্য নরম্যাল ফাইবার-এর দাম বেড়ে গেছে, ফলে মুনাফাও বেড়ে গেছে জুটের। সেই মুনাফার কিছু অংশ যাতে সরকার পেতে পারেন তারজন্য এই বিল আনা হয়েছে। ওঁরা যে মুনাফা নিচ্ছেন, সেটা রাজ্যের উন্নয়নের কাজে আসবে না, তা হতে পারে না। এই বিলে করের ইনসিডেন্স ধার্য্য করা হচ্ছে মালিকদের উপরে। এটা পাট চাষীদের কোন ব্যাপার নয়। যেখানে ১২টা রেলওয়ে ষ্টেশনে পাট আসে রেলওয়ে রিসিটে, যেখানে মিলমালিকরা পাট আনে, যার উপর র জুট পারচেস্ড ট্যাক্স আছে, সেটা মিল মালিকরা দেয়, তার উপর এই ট্যাক্স ধার্য্য করা হচ্ছে। জুট এক্সপোর্ট ডিউটি আমরা যেটা পেতাম অনেক টাকা, তা আজকে নাই। এই পাট থেকে জুট মিল মালিকরা বিরাট মুনাফা করছে; এই জুট থেকে কি কোন অর্থ এ রাজ্য পাবে না, র জুট পারচেস্ড ট্যাক্স যেটা আছে, সেটাও সেন্ট্রাল সেল ট্যাক্স স্কিম ১৪ এ্যান্ড ১৫-এ বলা হয়েছে ৩ পারসেন্ট-এর বেশী করা যাবে না। জুট এক্সপোর্ট ডিউটি থেকে কেন্দ্রীয় সরকার অনেক টাকা পাচ্ছেন, মিল মালিকদের কাছ থেকে জুট এক্সপোর্ট-এর মাধ্যমে। র জুট পারচেস্ড ট্যাক্স আমরা পাই না। সেন্ট্রাল সেলস্ ট্যাক্স যেটা সেটাও লিমিট করে দিয়েছেন। সুতরাং জুট মিল থেকে, জুট প্রোডাকসান থেকে আরো অর্থ সংগ্রহ করবার সুযোগ রয়েছে। এটা আমরা করছি কোথায়? এই কর বসবে ১২টা রেলওয়ে ষ্টেশনে— যেমন আগরপাড়া, ভদ্রেশ্বর, বজবজ, কাঁকিনাড়া, নৈহাটী, টিটাগড়, শ্যামনগর, আন্দুল, বাউড়িয়া, কাশীপুর— এই সমস্ত জায়গায় এটা বিশেষ করে আসবে। কারণ এখানে আমরা র জুট পারচেস ট্যাক্স সেখান থেকে পাচ্ছি। আমরা র জুট পারচেস ট্যাক্স জুটের মালিকদের কাছ থেকে পাচ্ছি। এটা আমরা জুট গ্রোয়ারদের কাছ থেকে পাচ্ছি না। এবং যদি বলা যায় যে না জুট মালিকদের উপর কোন ট্যাক্স হবে না, জুট মালিকদের সমস্ত ট্যাক্স থেকে ছেড়ে দিতে হবে কারণ জুট মালিকদের উপর ট্যাক্স করলেই তা পাট চাষীদের উপর পড়বে তাহলে সে যুক্তি কোন সরকার মানতে পারে না। তাহলে আমাদের কি যুক্তি হবে? এই যে ডিউটি তা আমরা ১২টা রেল ষ্টেশানে তারা র জুট পারচেস ট্যাক্স দিচ্ছে। এই আইন চালু হলে দিতে হবে। যদি বলা যায় যে এর উপর রেলওয়ে ডিউটি ধার্য্য করা যাবে না কারণ ধার্য করলেই তা পাট চাষীদের ক্ষতি হবে। তারপর যুক্তি হবে জুট মালিকদের উপর কর্পোরেশান ট্যাক্স ধার্য্য করা যাবে না, কর্পোরেশান ট্যাক্স ধার্য্য করলেই তারা তো আর নিজেদের পকেট থেকে দেবে না তারা তা পাট চাষীদের কাছ থেকে নেবে। তারপর বলা হল যে জুট মালিকদের কাছ থেকে ইনকাম ট্যাক্স ধার্য্য করা যাবে না কারণ তারা তা পকেট থেকে দেবে না তারা তা পাট চাষীদের উপর চাপিয়ে দেবে। তারপর ইলেকট্রিসিটি ডিউটি দিতে হবে না কারণ তাতে পাট চাষীদের ক্ষতি হবে। এই যুক্তি যদি চলে তাহলে আমাদের কোন জিনিসই মালিকদের উপর আর কর বসাতে পারবো না, তাদের আর কোন ডিউটিই দিতে হবে না, তাদের ইনকাম ট্যাক্স দিতে হবে না, তাদের কোন ট্যাক্স দিতে হবে না। তারা ভাল ভাবেই থাকবে। আমাদের শীশ মহম্মদ সাহেব বলেছেন কিন্তু কি বলেছেন তা তিনি পরিস্কার করে বলেন নি। তাই এ বিষয়ে পরিস্কার কথা বলা দরকার। জুট মালিকদের উপর র জুট পারচেস ট্যাক্স আছে। যে পয়েন্ট থেকে যে ট্যাক্স আসে তা করা হবে সেই পয়েন্ট এই তা আদায় করা হবে ও মালিকদের কাছ থেকে আদায় করা হবে। আর পাট চাষীদের সমস্ত বিষয় সরকার বিশেষ ভাবে অবহিত আছেন। আমাদের পাট চাষীদের জন্য অনেক কিছু করতে হবে। এই বিলের আওতার ভিতর নয়। পাট চাষীদের যাতে সাপোর্ট প্রাইস দেওয়া যায়, যে সাপোর্ট প্রাইস কেন্দ্রীয় সরকার ঠিক করেছেন সেটা যাতে বাড়ান যায় তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি। সাপোর্ট প্রাইস বাড়াবার জন্য জুট কর্পোরেসান যে ভূমিকা নিয়েছে, সেই জুট কর্পোরেসানের কাজ যাতে ভাল ভাবে হয় সেটা দেখা। আমরা তার ব্যর্থতা সম্পর্কে বলেছি, আরো যাতে

পারচেজিং সেন্টার থাকে, আরো যাতে প্রকিওরমেন্ট সেন্টার থাকে, যাতে পাট চাষীরা ঠিক দাম পায় তারজন্য ভাল প্রকিওরমেন্ট সেন্টার, ভাল সাপোর্ট প্রাইস তার ব্যবস্থা করতে হবে। এই সবগুলি এই বিলের বাইরে, বিলের ভেতরে এই সমস্ত পড়ে না। বিলে যে কর ধার্য্য করা হয়েছে সেটা মিল মালিকদের উপর। যে জাতীয় কর আছে সেই করই বাড়ান হবে। তারপর বলা হচ্ছে যে ১৮০ কে,জি বা হলে কি হবে। এই কথাই বর্ত্তমান আইনে আসে না। আমাদের যে আইন যে আইন অপারেট করছি, যে আইন অনুসারে আমরা টাকা পাচ্ছি যে রুপি ১ পার বেল অফ ১৮০ কিলোগ্রাম, যে এক টাকা ছিল রুপি ওয়ান পার বেল অফ ১৮০ কিলোগ্রাম যদি কোন অসুবিধা হয় তবে আমাদের কম হবে। যদি এক টাকা কে,জি'র কম হয় তবে একটু কম হবে। কোন অসুবিধা হয় না। বিল ড্রাফটিং-এর কোন অসুবিধা নেই, যে বিলে আছে এক টাকা সে জায়গায় ৬ টাকা করা হয়েছে। কিন্তু পার বেল অফ ১৮০ কিলোগ্রাম বিলে নূতন ঢোকান হয় নি। বিলে আছে। বিলে যে আছে, ল্যাংগুয়েজ যা আছে তার মাধ্যমে আমরা কর আদায় করতে পেরেছি। ভবিষ্যতেও পারবো কোন অসুবিধা হবে না। তারপর যদি মিল মালিকদের সম্পর্কে বলতে চান বলুন। সেটা পরিস্কার করে বলুন যে মিল মালিকদের ছাড় দিতে হবে। তাদের উপর কোন কর ধার্য করা যাবে না। সেটা আপনারা পরিস্কার করে বলুন। বলুন যে তাদের উপর কর্পোরেশান ট্যাক্স ধার্য্য করা যাবে না, তাদের উপর ইনকাম ট্যাক্স ধার্য্য করা যাবে না। তাহলে লুকিয়ে বলবেন না পরিস্কার করে বলুন যে সমস্ত কিছু ছেড়ে দিতে হবে। আপনারা বিলটা পড়ে দেখুন। এই বিলের সাথে কি কি সম্পর্ক আছে। পাট চাষীদের দামের জন্য সরকার চেষ্টা করছেন যাতে নাকি তাদের সাপোর্ট প্রাইস বাড়ান যায়। যাতে জুট কর্পোরেসানের কাজ ভাল করে হয়, যাতে আরো প্রকিরওমেন্ট সেন্টার ভাল করে হয়। কিন্তু তার সাথে এই বিলের কোন সম্পর্ক নেই। আপনারা এই বিলটা দয়া করে পড়ে দেখুন তাহলেই দেখবেন যে এটা মালিকদের উপর ধার্য্য করা হয়েছে, এই করের হার যাতে বাড়ে তার বন্দোবস্তো করা হয়েছে। তারপর এ সম্বন্ধে আর একটা কথা বলা হয়েছে ন্যাশানালাইজেসানের কথা। যুক্তি দেখান হয়েছে অবশ্য এই বিল সম্পর্কে। কিন্তু এই ব্যাপারে তা আসে না। সুতরাং ন্যাশানালাইজেসান সম্পর্কে কিছু বলতে চাই না।

[5-30—5-40 p.m.]

যেটা ন্যাশনালাইজেসান সম্বন্ধে আছে সেটা হাউসে আলোচনা হয়েছে এবং ন্যাশনালাইজেসান এত গুরুত্বপূর্ণ জিনিষ যে খুচরাভাবে বা সাইড ইসুভাবে আলোচনা করা ঠিক নয়। মেজর ইসু হিসাবে তার উপর পূর্ণাঙ্গ আলোচনা করা দরকার এবং সেটা আলোচনা হওয়া উচিত। সুতরাং সে বিষয়ে আমি বলছি না। যেটা পাট চাষীর সম্পর্কে বলা হয়েছে সে সম্পর্কে বলবো সরকার পাট চাষীর স্বার্থ সম্পূর্ণ সংরক্ষিত হতে পারে তারজন্য চেষ্টা করে যাচ্ছেন। সেটা আমি আগেও বলেছি। সাপোর্ট প্রাইস এবং অন্যান্য ব্যাপারে যে সমস্ত কথা বলা হয়েছে আমি বলবো এই সমস্ত কিছুই আসে না। এখানে ছোট্ট কথা হল এই যে করটা আদায় করা হচ্ছে সেটা এক টাকা থেকে ছ টাকা করা হবে। কারণ মিল মালিকরা উইণ্ড ফল প্রফিট করেছে। সেটার ফিগার আগে দিয়েছি। যেখানে দাম ছিল গত বছর একশো টাকা হেসিয়ানের ক্ষেত্রে সেখানে ১৭৭ টাকা হয়েছে। তাদের কিন্তু সেই হেসিয়ান বানাবার জন্য খরচ বাড়ে নি। এই ৭৭ টাকা যে পেয়েছে সেই টাকাটা প্রফিট হিসাবে অধিক পেয়েছে। সেই টাকার আমরা অংশ চাই। আর স্যাকিং গত বছর যেটা ২৫১ টাকা ছিল সেটা ৩৪৩ টাকা হয়েছে। অধিক প্রায় ৯০ টাকা-যেটা বেশি পেয়েছে তার অংশ আমরা চাইছি। সুতরাং সে বিষয়ে কোন বিতর্কের অবকাশ থাকতে পারে না। সেইজন্য মাননীয় সদস্য শ্রী তপন চ্যাট্টার্জী বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়েছেন। মাননীয় সদস্য হরশঙ্করবাবুও বিলকে সমর্থন জানিয়েছেন। তিনি ন্যাশনালাইজেসান সম্বন্ধে যেটা বলেছেন সেটার পূর্ণাঙ্গ আলোচনা হওয়া উচিত। সেটা অন্য বিষয়ে। আর শীষ মহম্মদ সাহেব বিলটার বিরোধীতা করেছেন কি সমর্থন করেছেন পরিষ্কারভাবে বলেননি। তিনি বলেছেন, হ্যাঁ, মিল মালিকদের কাছ থেকে নিতে পারেন। সুতরাং আমি আশা করবো মিল মালিকদের এই যে উইণ্ডফল প্রফিট তার

কিছু অংশ সরকার পেতে পারেন এবং তা দিয়ে উন্নয়নের কাজ, গ্রামীন উন্নয়নের কাজ আমরা করতে চাই বা পাটচাষীদের কাজ করতে চাই। উন্নয়নের কাজে সম্পদের দরকার। সেই সম্পদের জন্য যে সমস্ত পুঁজিপতি এখানে যারা রয়েছেন এখানে ৭০টা মিল রয়েছে যারা বিগ বিজনেস হাউস তাদের মুনাফার অংশ সরকার নেবেই। আমরা যাতে উন্নয়নের কাজ, বিশেষ করে গ্রামীন উন্নয়নের কাজ, পাট চাষীদের উন্নয়নের কাজ, সকলের উন্নয়নের কাজ করতে পারি সেইজন্য এই বিলকে সমর্থন জানাবার জন্য হাউসের কাছে পেশ করছি।

Shri Harasankar Bhattacharyya:
উইণ্ডফল প্রফিটের উপর ট্যাক্স করলেইতো হয়।

Shri Sankar Ghose:
রাজ্য সরকারের ইনকাম ট্যাক্স নেই, রাজ্য সরকারের কর্পোরেসান ট্যাক্স নেই, রাজ্য সরকারের হাতের জুট পারচেজ ট্যাক্স ৩ পারসেন্ট আছে। সেকসান ১৪ এবং ১৫ অফ সেন্ট্রাল সেলস ট্যাক্স এ্যাক্ট বলেছে ৩ পারসেন্টের বেশি করতে পারবে না। আমাদের জুট এক্সপোর্ট ডিউটি নেই। রাজ্য সরকার কি বসে থাকবে? রাজ্য সরকারের অর্থ আনতেই হবে এবং এই বড় বড় জুট মালিকরা যে বিরাট উইণ্ড ফল প্রফিট করেছে তার উপর আমরা এক টাকা থেকে ৬ টাকা করে নিয়েছি। কেউ বলেছেন এক টাকা থেকে ৬ টাকা কোনদিন হয়নি। এই উইণ্ড ফল প্রফিটও কোনদিন হয়নি। সেইজন্য আমরা এইভাবে করেছি।

The motion of Shri Shish Mohammad that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Sankar Ghosh that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble to stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose : Mr. Deputy Speaker Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974

Dr. Md. Fazle Haque : Mr. Deputy Speaker, Sir. I beg to introduce the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974.

(Secretary then read the title of the Bill)

Dr. Md. Fazle Haque : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বিলের উদ্দেশ্য এবং হেতুর বিবরণ যদি আপনি দেখেন তাহলে বুঝতে পারবেন যে কি উদ্দেশ্যে এটা আনা হয়েছে। আমি এটা পড়ছি তাহলেই বুঝতে পারবেন—কলিকাতা নগরী ও শহরতলীতে অবৈতনিক ট্রাফিক ওয়ার্ডেন বাহিনী গঠন ও পরিচালনের জন্য কলিকাতার পুলিশ কমিশনারকে ক্ষমতাপন্ন করিবার উদ্দেশ্যে কলিকাতা পুলিশ আইন, ১৮৬৬ ও কলিকাতা শহরতলী পুলিশ আইন, ১৮৬৬ সংশোধন

করাই বর্তমান বিধেয়কের উদ্দেশ্য। ট্রাফিক ওয়ার্ডেন বাহিনী কলিকাতার পুলিশ কমিশনার কর্তৃত্ব রাজ্য সরকারের অনুমোদন লইয়া প্রনীত প্রনিয়ম অনুসারে গঠিত। ইহার কোন বৈধিক অনুমোদন নাই এবং সেই হেতু এই বাহিনীর সদস্যগণের আইনের চোখে কোন ক্ষমতা নাই অথবা কোনরূপ আইনগত রক্ষাব্যবস্থাও নাই। ট্রাফিক ওয়ার্ডেনগণ ১৯৬৪ খ্রীষ্টাব্দ হইতে কার্য করিয়া যাইতেছেন এবং ট্রাফিক আইন কার্যকর করার ব্যাপারে ও জনসাধারণের মধ্যে ট্রাফিক আইন শিক্ষাদানের ব্যাপারে তাঁহাদের প্রয়োজনীয়তা যথেষ্টভাবে প্রমাণ করিয়াছেন। গত কয়েক বৎসর যাবত ব্যাপক জনসংখ্যাবৃদ্ধি ও রাস্তায় গাড়ীর সংখ্যা বৃদ্ধির ফলে এই শহরে ট্রাফিক সমস্যা ক্রমশ জটিলতর হইয়া উঠিয়াছে। তাই ট্রাফিক ওয়ার্ডেণগনকে যদি আইনগত ক্ষমতা ও আইনগত রক্ষাব্যবস্থা প্রদান করা যায় তাহা হইলে ট্রাফিক ওয়ার্ডেনগণকে আরও প্রয়োজনীয়ভাবে কার্যে লাগানো যাইবে বলিয়া অনুভূত হয়। এই বিধেয়ক উক্ত উদ্দেশ্য সিদ্ধির জন্য রচিত হইয়াছে। এই বলে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি যাতে তাঁরা এই বিলটি গ্রহণ করেন।

Shri Sakti Kumar Bhattacharjee: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাষ্ট্রমন্ত্রী যে সংশোধনী বিলটি এনেছেন সেটা খুব সামান্য এবং এই বিল আসার আগেই একটা রেগুলেসন ছিল এখন সেটা আইন করা হচ্ছে। এতে আমাদের কোন আপত্তি নেই এবং সমর্থন জানাচ্ছি। কিন্তু একটা কথা এখানে আসছে যে, যে ট্রাফিক ওয়াডেন কলকাতায় এর আগে থেকেই আছে তারা যে কি কাজ করে এবং কোথায় থাকে এবং তারা জনসমক্ষে আসে কিনা তা আজ পর্যন্ত আমরা জনসাধারণ সম্পূর্ণ অজ্ঞাত। অথচ এটা একটা রেগুলেসন ছিল অবৈতনিকভাবে তারা কাজ করে যাচ্ছে। মন্ত্রী মহাশয় যে তাঁর বিল নিয়ে এসে আইন করে তাদের কাজে লাগাতে পারবেন তা তাদের কার্যাবলীর হিসাব নিকাশ করলে ঠিকমত সাহস করে বুঝে উঠতে পারা যায় না।

[5-40—5-50 p.m.]

কোলকাতা মহানগরীর লোকসংখ্যা আগের তুলনায় অনেক বেড়েছে। গাড়ীঘোড়াও অনেক বেড়েছে। ট্রাফিক জ্যাম এখন নিত্যনৈমিত্তিক ব্যাপার এবং এক্সিডেন্ট-এর সংখ্যা যে খুব কম তা নয়। এখন এই জনবহুল রাস্তায় যে নিত্যনৈমিত্তিক একটা এক্সিডেন্ট হয়ে যাচ্ছে তার কারণ হচ্ছে ট্রাফিক রুল্‌স সম্বন্ধে ঠিকমত ট্রাফিক চলাচলের ব্যবস্থা সম্পর্কে অনেকেই অজ্ঞ এবং তারা ঠিক বুঝে উঠতে পারে না যে তারা কি ভাবে চলাফেরা করবেন এবং এই ট্রাফিক রুল্‌স অনেকেই ভঙ্গ করেছেন। বড় বড় চওড়া যেসব রাস্তা কলকাতায় রয়েছে, আমরা যদি দেখি সেই সমস্ত রাস্তার উপর ট্রাফিক কন্ট্রোল কিছুটা পরিমাণ রয়েছে। আর সব রাস্তার ট্রাফিক কন্ট্রোল ঠিক মত হয় না। বৌবাজার ষ্ট্রীটের মত যে জনবহুল রাস্তা, চিৎপুর রোড এটা শরু গলীর মত অবস্থা। এখানে যেভাবে ট্রাফিক জ্যাম হয়, নিত্যনৈমিত্তিক এক্সিডেন্ট হয়, এই রাস্তাগুলি যে আমাদের মন্ত্রিমহাশয় রাতারাতি চওড়া করে ফেলবেন, এই রকম চিন্তা এখন করতে পারি না। কাজেই ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য যে ট্রাফিক ওয়ার্ডেন তিনি তৈরী করছেন তাদের ভাল ভাবে ট্রেইণ্ড হওয়া দরকার। গত যে কার্য্যাবলি দেখা যায় তাতে করে তাদের ট্রেনিং আছে কি নেই সে সব কিছুই বুঝতে পারি না। কাজেই এই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের একটু সজাগ হওয়া দরকার। দুর্ভাগ্যবশতঃ আমাদের দেশের যেসব গরীব জনসাধারণের ভিতরেও ট্রাফিক রুল্‌স সম্বন্ধে জ্ঞান নেই। এবং বড়লোক যারা বা শিক্ষিত ব্যক্তি যারা, তাদেরও এই ট্রাফিক সম্বন্ধে জ্ঞান খুব অল্প। ট্রাফিক রুল্‌স কিভাবে পালন করতে হবে সে সম্পর্কে জ্ঞান খুব অল্প আছে। আর এই জন্য এখানে একটা প্রস্তাব আসা উচিত ছিল যে, ট্রাফিক কন্ট্রোল করতে গেলে শুধু ট্রাফিক ওয়ার্ডেন-এর আইন-কানুন কর লই হবে না, তাদের দিয়ে জনসাধারণের ভিতরে একটা ডেমনেসট্রেশন করা দরকার। মোড়ে মোড়ে একটা যদি ডেমনেসট্রেশন থাকে তাহলে ভাল হয়। সেদিকে দৃষ্টি দেবার জন্য স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এতদিন ট্রাফিক ওয়ার্ডেনদের কোন ক্ষমতা ছিল না। তারা অবৈতনিক ছিল। তাদের ঢাল নেই, তলোয়ার নেই, নিধিরাম সর্দার হয়ে ছিলেন। তাদের কোন ক্ষমতা ছিল না। তাদের কোন ট্রেনিং ছিল কিনা মনে

হয়না। এখন তারা রাতারাতি ক্ষমতা পেয়ে যাতে ক্ষমতার অপব্যবহার কলকাতার অলিতে-গলিতে না করতে পারেন সেদিকে আমাদের একটু দৃষ্টি দেওয়া দরকার। সেদিক থেকে আমি মনে করি মন্ত্রিমহাশয় তাদের ট্রেনিং দেবার ব্যবস্থা করবেন এবং তাদের যে ক্ষমতা তার কিছু কিছু স্বার্থান্বেষী লোক, তারা এই সুযোগে তাদের হাতে করে কিছু কিছু ক্ষমতার অপব্যবহার করতে পারে। কাজেই এই বিষয়ে আমাদের দৃষ্টি রাখা দরকার। আর একটা জিনিষ হচ্ছে এই ট্রাফিক ওয়ার্ডেন, এদের যে রাখা হচ্ছে, এদের যদি পারমানেন্ট করে দেওয়া হয় তাহলে আবার বিপদ আছে। কারণ এরা অবৈজ্ঞানিক। এদের পারমানেন্ট করে দিলে যদি ক্ষমতার অপব্যবহার দেখা যায় তাহলে তাদের আর ছাড়ান যাবে না। কাজেই এদের যখন নেওয়া হয়েছে, তখন ২।৩ বছর অন্তর যেন একটা রিসাফল হয় এবং যেন পুনরায় নিয়োগের ব্যবস্থা থাকে। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এখানে স্পেশাল পুলিশ সম্বন্ধে যে কথা রয়েছে, তাতে অনেক সময় দেখা গিয়েছে, তারা তাদের পোষাকের অপব্যবহার করে এবং তারা ট্রাফিক ওয়ার্ডেনদের মধ্যে গিয়ে মাতব্বরি করে, এই দিকে একটু দৃষ্টি দেওয়া দরকার, যাতে তারা এইভাবে মাতব্বরি না করতে পারে। এই দিকে মন্ত্রিমহাশয়কে আমি দৃষ্টি দিতে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Shish Mohammad : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of June, 1974.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত স্টেট মিনিষ্টার জনাব হক সাহেব আজকে এই বিল উত্থাপন করেছেন এবং তিনি যে বক্তব্য রাখলেন তাতে তিনি এই বিলের মোটামুটি অবজেক্টস এণ্ড রিসনস বললেন। এখন আমি এই বিলের আলোচনায় অংশগ্রহণ করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। কয়েক বছর আগে '৬৬ সালে এই ব্যবস্থা নেওয়া হয়েছিল যে স্পেশাল পুলিশ অফিসারের অধীনে কিছু পুলিশ থাকবে, যাদের বেতন থাকবে না, তারা স্পনটেনিয়াস ভাবে কাজ করে যাবে অবৈতনিক-ভাবে। কিন্তু আজকে কুম্ভ কর্ণের ঘুম ভেঙেছে, এই স্পেসাল পুলিশের মধ্যে যারা কর্তব্য-পরায়ণ, যারা দেশের ভাল মানুষ, যারা দেশের অনিষ্ট করে না, যারা জনসাধারণের কল্যাণ করে, তাদের বেছে নিয়ে এই পদ দিলেন, এতে গভর্ণমেণ্টের এই বিধানসভার অনুমোদনের কোন প্রয়োজন হয়নি। ক্ষমতা দেওয়া হয়েছিল পুলিশ কমিশনারকে আই, জি কে, তারপর আরো ডেপুটি বলেছেন, এ, সি, বলেছেন তাদের ওপর ক্ষমতা অর্পণ করেছিলেন তাদের এ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য। এখন আবার নতুন ভাবে দেখা গেল সেটাকে বিধানসভায় পেশ করে এপ্রুভাল নেওয়া হচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রশ্ন স্বাভাবিক ভাবে আসছে যে এই ধরনের একটা আইনের যদি অনুমোদনের প্রয়োজন না থাকে তাহলে আজকে সেটা বিধানসভায় আসছে কেন? কাজেই এই বেআইনী কাজ এত দিন ধরে সরকার করে আসছিলেন। আজকে সরকারের ঘুম ভেঙেছে তাই বিধানসভার সম্মুখে এনে উপস্থিত করে পাশ করিয়ে নিচ্ছেন। সদস্য সংখ্যা কম নেই, ২২৮ জন, পি, ডি, এ— নিয়ে হিসাব ধরলে অনেক বেশী, কাজেই বিল পাশ করিয়ে নিতে অসুবিধা হবে না। আমাদের দেখতে গেলে অণুবীক্ষণ যন্ত্র লাগবে, সুতরাং বাধা দিলেও কিছুই হবে না, কাজেই এটি আজকে এনেছেন। তাহলেও আমাদের প্রশ্ন থেকে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এখনো, এদের নাকি বেতন থাকবে না।

[5-50—6-00 p.m.]

এদের বেতনের কোন ব্যবস্থা নেই, যেকোন সময় টারমিনেট করা যাবে। এতদিন কোন বেতন ছিল না, ভবিষ্যতে যে হবে তার কোন কথা নেই। কারণ অবজেক্টস এ্যান্ড রিজন্‌স-এর মধ্যে ফাইনানসিয়াল ব্যাপার যেখানে থাকে সেখানেও বলা হয় এত টাকা খরচ হবে। এ্যাডিসনাল পুলিশ এবং ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ এই ২ জনকে যখন এ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যবস্থা হয়েছিল তাতে ১ লক্ষের কিছু বেশী হিসাব দেখা

হয়েছিল। আর এখানে দেখছি অর্থের কোন বালাই নেই। অর্থাৎ তাহলে ধরে নে বেতনের সঙ্গে এদের কোন সম্পর্ক নেই। তাহলে এরা খাবে কি করে? গ্রামাঞ্চলে দে আমাকে খুন করে গেল, ৪।৫ ইঞ্চি ফাঁক হেয়ে গেল সে ব্যাপার নিয়ে ডাইরী করতে গে থানায় বলে পয়সা ফেঁক তারপর তামাসা দেখ। অর্থাৎ পয়সা না দিলে কিছুই হবে না এই সমস্ত সংগোষ্ঠীর উপর ভরসা করে আপনি চলতে চাইছেন। কাজেই পুলিশে উপর ভরসা করে দেশ শাসন করা যায় না। আপনারা এটা যে এ্যাপ্রুভ্যাল নেবেন তা বেতনের কোন কথা নেই। কিন্তু তাদের সংসার চালাবার জন্য যে অর্থের প্রয়োজন সে তারা কোথা থেকে পাবে? নিশ্চয় তাহলে তাদের অন্য রাস্তায় যেতে হবে। আমি ট্রে এর চেকার-এর মত যদি পুলিশকে বলা হয় তুমি চাকরী কর পয়সা দেব না, তাহ সে সেটাই স্বীকার করে নেবে। এরা দুজনেই বুচারের মত মানুষের উপর নির্যাতিত ক একথা বিধানসভার সব সদস্যই বলেন। আজও অসমঞ্জবাবু বলেছেন পুলিশ কিভা পয়সা উপার্জন করে। আমি যখন শেয়ালদা, হাওড়ায় নাবি তখন দেখি যে তারা ২ কে. চাল ধরে, আর যেখানে ট্রাকে করে চাল যাচ্ছে সেখানে আপনার পুলিশ বিভাগ তাদে ধরে না। অর্থাৎ তারা রুই-কাতলাদের ধরে না, ছোট ছোট পুঁটি, খলসেদের ধরে। তা ভদ্রলোকের ব্যাগ সার্চ করে, কিন্তু যারা জিনিষ পাচার করে তাদের সঙ্গে তাদের যোগসাজ থাকে বলে তাদের কিছু বলে না। অথচ এই সংখ্যা বৃদ্ধিই করছেন। আর ট্রাফি পুলিশ এরা ডান হাত তুলতে বাঁহাত তোলে এবং কোন কোন সময় হরিবোলের মা ২ হাত তুলে বসে থাকে। এই পুলিশ বিভাগ এতদিন ধরে বে-আইনীভাবে কাজ করছে আমি বলব সমস্ত ব্যবস্থাই এইভাবে চলছে। ভূমি বন্টনে ব্যবস্থার ক্ষেত্রে আপনারা প্রা ব্লক-এ এল.আর কমিটি করেছেন। সেই এ্যাডভাইসারি কমিটি ভূমিবণ্টন কমিটিকে হাইকোর্টে বেআইনী বলে ঘোষণা করেছেন, কিন্তু আপনি তার বিরুদ্ধে কি স্টেপ নিয়েছেন আপনি ঘোষণা করেছেন ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে কর্ডন থাকবে, কিন্তু পুলিশ বাহিনী নিজে মনগড়া থানায় থানায় কর্ডনিং করে নিয়েছে, এবং প্রচুর চাল ধরছে, প্রচুর ধান ধরছে তারা প্রচুর অর্থ আয় করছে এবং সেই অর্থ তাদের পকেটস্থ করছে। মাননীয় খাদ্যমন্ত্র যে চাল এবং ধান পুলিশ ধরেছে তার কোন হিসাব বিধান সভায় দিতে পারেন নি। এ পুলিশ বাহিনী, তারা চাল সিজ করেন, সাদা কাগজে দেখিয়ে দেন এবং সেই চাল বিক্রি করে নিজের পকেটে টাকা ভরেন, কাজেই এই পুলিশের যে রূপ তা আর কি বলব মাননীয় মন্ত্রিমহাশয়, বলেন সব বুঝি, সব দেখি কিন্তু উপায় কি? স্যার, সত্যিকারে যদি দেশের কল্যাণ করতে হয় এবং সমাজের কল্যাণ করতে হয় তাহলে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবং যে ঠ্যাঙ্গাড়ে বাহিনী যা আছে তার আর বৃদ্ধি করবেন না এব ঠ্যাঙ্গাড়ে বাহিনী বিনা পয়সায় রেখে তাদের আরো ঘুষ খাওয়ার সুযোগ করে দিচ্ছেন কাজেই আমার মনে হয় এই বিল বর্তমান সমাজ ব্যবস্থায়র পক্ষে এবং সময়ের পক্ষে যুগোপযোগী হয়নি বর্তমান এই যে ট্রাফিক ওয়ার্ডেন এবং স্পেশাল পোস্ট, যেটা আপনি করতে যাচ্ছেন, তাদের হয়ত দু-চার টাকা ভাতা দেবেন কি, দেবেন না আমরা জানি না কিন্তু এদের দ্বারা সমাজের কোন কল্যাণ হবে না। এরা সমাজকে চুষে একেবারে নিঃশে করে দেবে কাজেই আমি অনুরোধ করছি এই বিলটি উইথড্র করে দিন এবং ওয়ার্ডে স্পেশাল পুলিশ যা আছে সেগুলি বাতিল করুন। এই কয়েকটি কথা বলে আমি এই বিলে সম্পূর্ণরূপে বিরোধিতা করে এবং আমার সার্কুলেশন মোশান মুভ করে আমার বক্ত শেষ করছি।

18th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 18th report of the Business Advisor Committee which at its meeting held on the 3rd May, 1974, in my Chambe recommended the following revision in the programme of business on the 4th May 1974, namely :—

Saturday, the 4th May, 1974—

(i) The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 197 (Introduction, consideration and passing)—1 hours.

(ii) The West Bengal Workmen's House-Rent Allowance Bill, 1974. (Introduction, consideration and passing)—1 hour.

(iii) The Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974. (Introduction, consideration and passing)—1½ hours.

(iv) The West Bengal Relief Undertakings (Special Provision) (Amendment) Bill, 1974. (Introduction, consideration and passing)—30 minutes.

(v) The Prevention of Adulteration of Food, Drug and Cosmetics (West Bengal Amendment) Amending Bill, 1974. (Introduction, consideration and passing)—30 minutes.

There will be no calling attention or mention cases on that day.

The Minister in charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Shish Mohammad:
অন এ পয়েন্ট অর্ডার স্যার, গতকাল আমরা দেখলাম যে চারটি বিল আগামীকাল আনা হবে। এই বিলগুলি, যা আনা হয়েছে আমাদের [illegible] প্রায় সমস্ত আলাপ শেষ হয়ে গিয়েছে এখন এই বিলগুলি আসছে, এই বিলগুলি আমাদের [illegible] বিবেচনা করা দরকার এবং পশ্চিমবঙ্গের মানুষের ভাগ্য জড়িত। একই দিনে [illegible] বিল তাড়াহুড়া করে আনাতে আমাদের পক্ষে অংশ গ্রহণ করার অসুবিধা হবে। সেজন্য আমি এর প্রতিবাদ জানাচ্ছি। যেহেতু আপনাদের গ্রুপ-এর মেজরিটি আছে, সেহেতু ঠিকমত ডিসকাশন না করে জবরদস্তি করে পাশ করে নেওয়া ঠিক হচ্ছে না।

[6 – 6-10 p.m.]

Mr. Speaker: I am just placing the recommendation of the Business Advisory Committee before the House and the Hon'ble Minister for Parliamentary Affairs is to move the motion for acceptance. It may be accepted: it may be amended or it may be referred back to the Business Advisory Committee. Already the House has accepted four Bills to be discussed tomorrow. Another Bill i.e. the Prevention of Adulteration of Food, Drugs and Cosmetics (West Bengal Amendment) Amending Bill, has been added. That was placed before the Business Advisory Committee. It relates to amendment of one section only. The Bill has been passed by the House earlier and it has received the assent of the President a few days back. But in the meantime the Cr.P.C. has been amended by the Lok Sabha and for that reason a simple amendment is required to make this Bill workable. It is a simple amendment. It is not so much a complicated or techanical matter. I appeal to the honourable members that there is nothing in the Bill which requires much discussion in this matter.

Shri Shish Mohammad:
মাননীয় স্পীকার মহাশয়, আপনি এটা অবশ্য বলেছিলেন বিল ছোট, সামান্য এ্যামেণ্ডমেণ্ট কিন্তু আমরা আলোচনায় অংশ গ্রহণ করা একান্ত প্রয়োজন বলে মনে করি। একই দিনে পাঁচ পাঁচটি বিল হয়ে যাচ্ছে, এগুলি আমাদের পুঙ্খানুপুঙ্খরূপে পড়তে হবে, দেখতে হবে। আমি আগেই বলেছি যে এই বিলের দ্বারা সমস্ত পশ্চিমবঙ্গের ভাগ্য নিয়ন্ত্রিত হচ্ছে, এবং এই বিলের পশ্চিমবঙ্গের ভাগ্য নির্ভর করছে। আজকে পশ্চিমবঙ্গের যে দুরবস্থা চলেছে বাইরের জগতের সঙ্গে যারা যোগাযোগ রাখেন তাঁরাই জানেন। পশ্চিমবঙ্গের জনগণ আজকে একটা কঠিন অবস্থার মধ্য দিয়ে চলেছে। এই অবস্থায় যে আলোচনা হচ্ছে সেই আলোচনায় আমাদের অংশ গ্রহণ করার অধিকার আমাদের আছে। কিন্তু একটি মাত্র মাথা, তাতে আলোচনায় অংশ গ্রহণ করতে গেলে সমস্ত বিল পড়ে এ সম্বন্ধে তৈরী হওয়া

অত্যন্ত কঠিন বলে মনে হচ্ছে। এটা নিয়ম মাফিক হচ্ছে বলেও মনে করি না। সেজ যে সিদ্ধান্ত নিয়েছেন পার্লামেন্টারি এ্যাফেয়ারসের মন্ত্রিমহাশয়, তার তীব্র প্রতিবা জানিয়ে ওয়াক আউট করে চলে যাচ্ছি।

[At this stage the RSP Member walked out of the Chamber]

Mr. Speaker : I now request the Hon'ble Minister for Parliamentary Affai to move the motion.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the 18th Report of th Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Motion regarding Committee on Subordinate Legislation

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that this House is of opinion :-

(i) that as soon as may be, after the commencement of the first sessio of the Assembly in every year, a Committee on Subordinate Legislatio shall be constituted;

(ii) that the Committee shall consist of twelve members who shall b nominated by the Speaker :

Provided that a Minister shall not be a member of the Committee, and tha if a member, after his nomination to the Committee is appointed a Minister he shall cease to be a member of the Committee from the dat of such appointment;

(iii) that the term of office of the members of the Committee shall be on year;

(iv) that rules, regulations, bye-laws etc., made by the State Government in exercise of the powers conferred by the Constitution or delegated by Parliament or by the State Legislature and which are required to be laid before the House shall be laid before the Committee as soon as possible after they are made:

(v) that it shall be the duty of the Committee to scrutinise and report to the Assembly whether the powers to make rules, regulations, bye-laws etc., referred to in paragraph (iv) have been properly exercised;

(vi) that in particular and without prejudice to the generality of the foregoing powers the Committee shall consider—

(a) whether the rules, regulations, bye-laws, etc., are in accord with the general objects of the Constitution or the Act pursuant to which they are made;

(b) whether they contain any matter which in the opinion of the Committee shouled more properly be dealt with in an Act of Parliament or of the State Legislature;

(c) whether they give retrospective effect to any of the provision in respect of which the Constitution or the Act does not expressly give any such powers;

(d) whether they appear to make some unusual or unexpected use of the powers conferred by the Constitution or the Act pursuant to which they are made;

(e) whether there appears to have been unjustifiable delay in their publication or in laying them before the Committee;

(f) whether for any reason their form or purport calls for any elucidation;

(vii) (a) that if the Committee is of opinion that any rule, regulation, bye-law etc., should be annulled wholly or in part, or should be amended in any respect, it shall report that opinion together with the grounds thereof to the Assembly;

(b) that if the Committee is of opinion that any other matter relating to any rule, regulation, bye-law etc., should be brought to the notice of the Assembly, it may report that opinion and matter to this Assembly.

(viii) that the report of the Committee shall be presented to the Assembly by the Chairman or in his absence by any other member of the Committee;

(ix) The Speaker may issue such directions as he may consider necessary for regulating the procedure in connection with all matters connected with the consideration of any question of Subordinate Legislation either in the Committee or in the House;

(x) that the rules of procedure of this House relating to Assembly Committees shall apply to this Committee subject to such variations and modifications as the Speaker may from time to time direct.

Shri Biswanath Chakrabarti :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন এসেম্বলী বন্ধ হবার আগের দিনে এই রকম একটা মোসন এলো। স্বভাবতঃই যাঁরা রুলস কমিটীর মেম্বার, আমিও রুলস কমিটীর মেম্বার, এটা রুলস কমিটীর মধ্য দিয়ে না এসে, সরাসরি আনাতে আমাদের মনে হচ্ছে রুলস কমিটীর সদস্যদের অধিকার এর দ্বারা ক্ষুন্ন করা হচ্ছে। এটা রুলস কমিটীর মধ্য দিয়ে আনা উচিৎ ছিল।

অন্যান্য ষ্টেটেও এই কমিটী আছে। আমাদের যখন সময় নাই, তখন আর কয়েকটা দিন আমরা অপেক্ষা করতে পারতাম। আগামী মনসুন সেসনে এটা হতে পারতো। যাহোক আজকে মোশান এলো যখন, এতে দেখছি স্পীকার বারোজন মেম্বার নমিনেট করতে পারবেন এই কমিটী অন সাবর্ডিনেট লেজিসলেশন। আমি কথা বলে দেখেছিলাম অন্যান্য ষ্টেটেও এই নমিনেশনের প্রশ্নটা আছে এর বিপক্ষে একটা ফিলিং রয়েছে এই নমিনেটেড কমিটী সম্পর্কে। আবার কতকগুলি কমিটী ইলেক্টেডও হয়েছে হাউসের সদস্যদের আনুপাতিক ভোটের দ্বারা এগ্রিড ভোটে। আর নমিনেটেড হলে সাধারণতঃ বিভিন্ন দলের অনুপাতে সংখ্যাটা স্পীকার ঠিক করে দেবেন কারা কারা যাবেন।

কিন্তু কে কে যাবেন সেটা দলই ঠিক করে দেয়। আমার মনে হয়েছে যে নমিনেটেড কমিটিতে আমাদের কোন কোন সদস্য নমিনেটেড হয়েছেন সেটা পূর্বাহ্নে আমাদের সঙ্গে আলোচনা করা হয় নি। সেইজন্য আমি এই ছোট্ট এ্যামেণ্ডমেণ্টটা এনেছি। এখানে যে মোসানটা আছে,

That the Committee shall consist of 12 member who shall be nominated by the speaker.

সেখানে এটা করা যায়—

in consultation with the leaders of the different political parties and groups in the Assembly—

তাহলে বোধ হয় ভাল হয়। এই ছোট্ট এ্যামেণ্ডমেণ্টটা আমি দিতে চাচ্ছি।

[6-10—6-20 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker Sir, it seems honourable member is suffering from some sort of apprehensions and misgivings. I would just request him to go through the procedure in other States as also in the Lok Sabha. In this connection, Sir, I beg to refer to the Rules of Procedure and Conduct of Business in Lok Sabha where such Committee exists and formation is "the Committee shall consist of not more than 15 members who shall be nominated by the Speaker. Sir, there is nothing beyond this, that the Speaker should consult X, Y, Z. I would also draw your attention to Gurarat wherein it is stated" the Committee shall consist of Minister of Law who shall be the ex-officio member and not more than 9 other members nominated by the Speaker. Sir, here also there is nothing beyond this. Madras also have a similar Committee. It is stated there that "the Committee shall sonsist of 15 members of whom 10 shall be from the Assembly nominated by the Speaker and 5 from the Council nominated by the Chairman. Similarly, there are number of other Assemblies সেখানেও এর বাইরে কিছু বলা হয়নি। যেখানে কমিটি রয়েছে সেখানে এক্সক্লুসিভ পাওয়ার দেওয়া হয়েছে স্পীকারকে। সুতরাং আমরা নূতন কিছু করতে চাচ্ছি না।

We are only following what is followed by others.

এইজন্য এ্যামেণ্ডমেন্টটা গ্রহণ করতে পারছি না।

Shri Biswanath Chakrabarti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটা বলেছেন সেটা আমি দেখেছি। আমি পার্লামেণ্ট্রি এ্যাফেয়ার্সের মিনিস্টার যা বলেছেন তা দেখেছি যে বিভিন্ন স্টেটে ও লোক সভায় রুলস আছে যে স্পীকার নমিনেট করেন। স্বভাবতঃই আমাদের দেশে গত কয়েক বছর ২০।২৫ বছর ধরে যে পার্লামেণ্ট্রি গণতন্ত্র চলেছে তাতে রুলস এর সঙ্গে সঙ্গে কনভেনসানও ডেভলাপ করেছে। সাধারণভাবে কনভেনসান আছে যে বিভিন্ন কমিটিতে আনুপাতিক যেটা রিপ্রেজেন্টেসান এটা অনেক সময় স্পীকারের নমিনেসানে সাধারণভাবে মাননীয় স্পীকার বিভিন্ন দলকে জিজ্ঞাসা করেন যে আপনাদের মধ্যে কে আসবেন। আমাদের মাননীয় অধ্যক্ষ অত্যন্ত সুবিবেচক দক্ষ অধ্যক্ষ, তাঁর প্রতি আমার শ্রদ্ধা আছে, তার ক্ষমতা ও বিবেচনাশক্তি সম্পর্কে আমি কোন কটাক্ষ করছি না, শুধু বলছি যে, যে কয়েকটা কমিটি হয়েছে এই ব্যাপারে পূর্বাহ্নে আলোচনা হয় নি।

স্পীকারের নিশ্চয়ই রাইট আছে, তা তিনি করতে পারেন। সে রকম যদি হয় এই কনভেনসান যদি মানা হয় তাহলে এতে আমি জোর করতে চাই না যে দলের নেতাদের ব্যাপারটা। দলের তো একটা নির্দিষ্ট কর্মপদ্ধতি আছে। সেদিক থেকে পার্লামেণ্টারী গণতন্ত্রে একটা স্থান আছে। সেদিক থেকে সুবিধা হয় সেটা যদি হয়। আমার বলার কিছু নেই। সেইটা আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি।

Mr. Speaker :

আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে দুটো পয়েণ্ট তোলা হয়েছে। একটা হচ্ছে রুলস কমিটিতে না গিয়ে মোশানে এটা করা হয়েছে যার দ্বারা রুলস কমিটিকে বাই-পাস করা হয়েছে। সেই বিষয়ে আমি বলবো প্রথম যখন ইনট্রোডিউস করা হয় নূতন কমিটি লোক-সভাতেও তখন ঠিক এই রকম মোশান করেই করা হয়। আমাদের এই হাউসেও ইতি-পূর্বেও মোশান করে এই রকম কমিটি করা হয়েছে। যেমন গত দু বছর আগে সিডিউলড কাস্টদের ব্যাপারে একটা ওয়েলফেয়ার কমিটি যখন হয়েছিল সেটাও ঠিক পার্লামেণ্টারী এ্যাফেয়ারসের মিনিস্টার একটা মোশান এনেছিলেন এবং সেই মোশান করেই প্রথম কমিটি ফর্ম হয়েছিল এবং পরবর্তীকালে রুলস কমিটির মিটিং ডেকে তাকে ইনকরপোরেট করে নেওয়া হয় মেম্বাররা যেভাবে সাজেসানস করেছিলেন সেইভাবে। আজকে যেটা এসেছে

দটাও আমরা সেভাবে করছি। পরবর্তীকালে রুলস কমিটির মিটিংএ যদি কোন পরিবর্তন করতে হয় বা নূতন রুলস করতে হয় বা যে সাজেসান আমাদের মাননীয় সদস্য বিশ্বনাথ-বাবু দিলেন সেটা যদি গৃহীত হয় পরবর্তীকালে রুলস কমিটির কাছে তাহলে সেটা একটা অংশ বিশেষ হিসাবে রুলের মাধ্যমে আমাদের হাউসের কাছে আসবে। কাজেই লোকসভা এবং অন্যান্য স্টেট লেজিসলেচার এবং আমাদের লেজিসলেচারেও মোশান করে নূতন কমিটি করেছি। সুতরাং এটা কোন ডিভিয়েসান নয়, এটা আমাদের কনভেনসান এবং এটা বিভিন্ন স্টেট লেজিসলেচার এবং লোকসভাতেও আছে। সেই অনুসারে এখানে আমরা করছি। আর দ্বিতীয়তঃ যে বক্তব্যটা বলা হয়েছে, বিজনেস এ্যাডভাইসরী কমিটিতে যখন আলোচনায় বসেছিলাম এই ধরণের একটা কথা উঠেছিল এবং সেখানে মেম্বাররা যারা ছিলেন তাঁরা এই বিষয়ে অনেক আলোচনা করেছেন এবং আলোচনা করে আমাদের হাউসের কমপজিসান এবং সমস্ত দিক বিবেচনা করে আমাদের মেম্বাররা মনে করেন যে এ্যামেণ্ড-মেন্ট এসেছে এবং আমি নিজে যা বুঝতে পেরেছি তাতে আছে বিভিন্ন পার্টির লীডারসরা যাঁরা আছেন তাঁদের কনসাল্ট করে যেন কমিটির মেম্বার করা হয়—এই এ্যামেণ্ডমেন্ট এসেছে। এর সুবিধার দিক যেমন আছে তেমনি অসুবিধার দিকও আছে। গ্রুপ আমরা কাকে বলবো। এই হাউসে—

R. S. P. is not a group according to the rules of this House.

আর, এস, পি, গ্রুপের মর্য্যাদা পায় না। এখানে কংগ্রেস (অর্গানাইজেসান) যে আছে যার দুজন প্রতিনিধি মাত্র আছেন সেটাও গ্রুপ নয়। একমাত্র একটি পলিটিক্যাল পার্টি কংগ্রেস ছাড়া সেটা হল সি, পি, আই, এদের ছাড়া কারো সংগে ওই রেজুলেসান এ্যাডাপ্ট করলেও কথা বলার প্রয়োজনীয়তা ওঠে না। যেহেতু ডিফারেন্ট আন-রেকগনাইজড গ্রুপ আছে—যেমন আর, এস, পি, গোর্খা লীগ, মুসলিম লীগ, কংগ্রেস(ও), তাদেরও বিভিন্ন কমিটিতে আমাদের নিতে হয়, কারণ সমস্ত শেডস অফ ওপিনিয়ান যাতে কমিটিতে থাকে তারজন্য তাদেরও বিভিন্ন কমিটিতে নেওয়া হয়েছে। আর, এস, পিকে আমরা নিয়েছি। দু একটি কমিটিতে রাজী হচ্ছেন না, তাই সব কমিটিতে নেওয়া যাচ্ছে না, কিন্তু অনেক কমিটিতে নিয়েছি। কংগ্রেস (অর্গানাইজেসান)কে নিয়েছি এই হাউসের কমিটিতে। ছোট ছোট যে সমস্ত পলিটিকাল পার্টি এখানে রিপ্রেজেন্টেড, দু তিনজন মেম্বার আছে তাঁদেরও কমিটিতে নিয়েছি। সকল দিক বিবেচনা করে আমার মনে হয় এবং আমি রিকোয়েস্ট করি মিঃ চক্রবর্তীকে এই এ্যামেণ্ডমেন্ট যদি প্রেস না করেন তাহলে ভাল হয়। রুলস কমিটিতে যেতে হবে এবং রুলস কমিটিতে যখন সবই আসবে এবং সেখানে যেভাবে ডিসাইড করবে সেইভাবে রুলস এ্যামেণ্ড করে নোবো।

[6-20—6-30 p.m.]

তবে একটা মোসান যখন এসেছে তখন আমাকে বলতে হয়, দীর্ঘদিন পরে আমাদের এই হাউসে কমিটি অন সাবডিনেট লেজিসলেসান আমরা করতে চলেছি। কারণ বিভিন্ন জায়গায় থেকে মাইশোর, কেরালা ইত্যাদি জায়গা থেকে যখনই কমিটি অন সাবডিনেট লেজিসলেসান আমাদের এই হাউসে আসে তখন তারা কাউনটারপার্টএর সংগে কথা বলতে চায়। চেয়ারম্যান কে আছেন, মেম্বার কে আছেন তাদের সংগে কথা বলতে চায়। যখন তারা জানেন যে, ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী, এতবড় একটা পুরানো ঐতিহ্য-সম্পন্ন বিধানসভা সেখানে কমিটি অন সাবডিনেট লেজিসলেসান নেই, তখন মাথা আমাদের হেট হয়ে যায়। সেজন্য আমি অবশ্য পারলিয়ামেন্টারী এ্যাফেয়ার্স মিনিস্টার এবং লীডার অফ দি হাউসকে বলেছি অনেকদিন ধরে যে এটা একটা ইমপরট্যান্ট কমিটি, যে কমিটি আমাদের অবিলম্বে করা দরকার এবং শেষ পর্যন্ত এই ক্লিয়ারেন্স আমি পেয়েছি ফ্রম দি লীডার অফ দি হাউস এবং পারলিয়ামেন্টারী এ্যাফেয়ার্স মিনিস্টার, আজকে এই মোসান মুভ করেছেন। আপনারা জানেন যে কিছুদিন আগে আমরা কমিটি অন পাবলিক আণ্ডার-টেকিংস করেছি। অবশ্য এটা লোকসভায় আছে, সমস্ত লেজিসলেচার-এ আছে, একমাত্র আমাদের পশ্চিমবঙ্গে ছিলনা। এটা আশার কথা যে সকল মেম্বারসদের প্রচেষ্টায় এবং আমাদের লীডার অফ দি হাউস এবং মিনিস্টার ফর পারলিয়ামেন্টারী এ্যাফেয়ার্স তাঁর এবং

আরো সকলের প্রচেষ্টায় আমরা এই দুটি কমিটি এই সেসন-এ করছি। সেজন্য আ বিশ্বনাথবাবুকে অনুরোধ করবো যে লেট আস স্টার্ট এবং আমাদের রুল্স কমিটির সাম সবই আসবে এবং সেখানে বিচার করে বিবেচনা করে হাউসে প্লেস করি, যা হাউস ডিসাই করবে আমরা তাই এ্যাক্সেপ্ট করবো। কিন্তু আজকে যদি আমরা এটা এখনই না কর পারি, আগামীকালের মধ্যে এই কমিটি যদি না করতে পারি তাহলে হয়ত এই সেস মানে আবার সেই আগামী বাজেট সেসানের জন্য আমাদের অপেক্ষা করতে হবে, ওয় করতে হবে। কারণ একবছরের জন্য কমিটি হয়। নেচারেলী ফার্স্ট সেসান অফ ইয়ার আমরা যদি কমিটি না করে থাকি এবং সেই কমিটি যদি তখন না হয়ে থা তাহলে আবার একবছরের জন্য আমরা পিছিয়ে যাব। সেজন্য আর আমাদের হাউসে কম্পোজিসান আমরা এটাকে এ্যাসিওর করতে পারি। এই মোসান-এ আমার উপর দায়িত্ব দেওয়া হয়েছে তাকে যথাযথভাবে এবং হাউসের যারা উপযুক্ত সদস্য, যারা এ সম্পর্কে কন্ট্রিবিউট করতে পারবেন, সেইরকম মেম্বার-এর মধ্যে আসবেন এবং য প্রয়োজন বোধ হয় তাহলে আমি নিশ্চয়ই কারো কারো সংগে পরামর্শ করবো এবং আ সেটা করতে চাইও অনেক সময়, আবার কোন কোন সময় পরামর্শ করিনা এটাও ঠি কারণ অনেক সময় আমার অসুবিধা দেখছি যে একজন ইমপরট্যান্ট মেম্বার, সে সবস বিভিন্ন বিষয়ে পার্টিসিপেট করতে চায় এবং যার কাছ থেকে দক্ষ পারলিয়ামেনটারীয় হিসাবে আমার ক্ষুদ্র বিবেচনায় মনে হয়, আমি দেখি অনেক সময় তিনি কমিটির ম আসতে পারছেন না, সেইসময় আমার ডিসক্রিসান খাটাই। অনেক সময় হয়ত জ্ঞান সি সোহন পাল যে কথা বললেন, হয়ত আপনারাও কোন কিছু চাইছেন, আমার নিজে অভিজ্ঞতায়ও দেখেছি যে, আরো বাইরের লোক কিছু আনা দরকার, অন্ততঃ আমার ক্ষু বিবেচনায় এখানে বসে যাদের দক্ষ পারলিয়ামেনটারীয়ান দেখেছি, এই বিষয়ে অভিজ্ঞ দেখেছি, তাদের কিছু লোককে নিতে চাই। আমি মনে করি তারা কন্ট্রিবিউট বেশী কর পারবেন এ্যাজ মেম্বার অফ দি কমিটি তবে এটুকু এ্যাসিওরেন্স দিতে পারি যদি এই মোসা এ্যাক্সেপ্ট হয় তাহলে নিশ্চয়ই যথা সম্ভব তাদের সংগে কথা বলবো। কিন্তু তারা যা বলেন যে আমরা যে টার্মস ডিক্টেট করে দেব সেটা নিতেই হবে, যদি জ্ঞান সিং সোহ পাল একথা বলেন বা যদি বিশ্বনাথবাবু একথা বলেন তাহলে অনেক সময় হাউসের বাঁয়া পারলিয়ামেনটারীয়ান যারা তারা আসতে পারেন না, এবং কন্ট্রিবিউসান-এ আমা বিবেচনায় যা মনে হয় তাতে অসুবিধা হবে। সেজন্য আপনাদের সংগে নিশ্চয়ই কনসা করবো কিন্তু একেবারে চেয়ার-এর যদি কোন ডিসক্রিসান না থাকে তাহলে আমি বল যে স্পীকার-এর হাতে ভার না দিয়ে আপনারা এটা অন্যভাবে ইলেক্ট করুন। আমা ভার দিলেন অথচ আমার ডিসক্রিসান কিছু থাকবেনা তাহলে আমাকে ভার দেবেন না এটা অন্যভাবে আপনারা ইলেকসান করে নিন। কিম্বা যে কোন উপায়ে হোক আপনার বসে পার্টি লীডার বাইরে বসে ঠিক করে মোসান করে নিন, তাহলে আমার বলার কি নেই।

Shri Biswanath Chakrabarti :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেটুকু এ্যাসিওরেন্স দিলেন, একটু আমাদের সংগে আলোচনা করে নেবেন দয়া করে এইটুকু বলছি আপনাকে।

Mr. Speaker : Mr Chakrabarti is not pressing for his amendment. So, I think with the permission of the House he is allowed to withdraw his amendment. With the leave of the House permission is given for the withdrawal of his amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that this House is of opinion :

(i) that as soon as may be, after the commencement of the first session of the Assembly in every year, a Committee on Subordinate Legislation shall be constituted

(ii) that the Committee shall consist of twelve members who shall be nominated by the Speaker :

Provided that a Minister shall not be a member of the Committee, and that if a member, after his nomination to the Committee is appointed a Minister he shall cease to be a member of the Committee from the date of such appointment ;

(iii) that the term of office of the members of the Committee shall be one year ;

(iv) that rules, regulations, bye-laws, etc., made by the State Government in exercise of the powers conferred by the Constitution or delegated by Parliament or by the State Legislature and which are required to be laid before the House shall be laid before the Committee as soon as possible after they are made :

(v) that it shall be the duty of the Committee to scrutinise and report to the Assembly whether the powers to make rules, regulations, bye-laws etc. referred to in paragraph (IV) have been properly exercised .

(vi) that in particular and without prejudice to the generality of the foregoing powers the Committee shall consider :

(a) whether the rules, regulations, bye-laws etc., are in accord with the general objects of the Constitution or the Act pursuant to which they are made ;

(b) whether they contain any matter which in the opinion of the Committee should more properly be dealt with in an Act of Parliament or of the State Legislature ;

(c) whether they give retrospective effect to any of the provisions in respect of which the Constitution or the Act does not expressly give any such powers ;

(d) whether they appear to make some unusual or unexpected use of the powers conferred by the Constitution or the Act pursuant to which they are made ;

(e) whether there appears to have been unjustifiable delay in their publication or in laying them before the Committee .

(f) whether for any reason their form or purport calls for any elucidation ;

(vii) (a) that if the Committee is of opinion that any rule, regulation, bye-law, etc., should be annulled wholly or in part, or should be amended in any respect, it shall report that opinion together with the grounds thereof to the Assembly ;

(b) that if the Committee is of opinion that any other matter relating to any rule, regulation, bye-law, etc., should be brought to the notice of the Assembly, it may report that opinion and matter to the Assembly.

(viii) that the report of the Committee shall be presented to the Assembly by the Chairman or in his absence by any other member of the Committee ;

(ix) the Speaker may issue such directions as he may consider necessary for regulating the procedure in connection with all matters connected with the consideration of any question of Subordinate Legislation either in the Committee or in the House :

(x) that the rules of procedure of this House relating to Assembly Committees shall apply to this Committee subject to such variations and modifications as the Speaker may from time to time direct.

was then put and agreed to.

The Calcutta and Suburban Police (Amendmend) Bill, 1974

Shri Mrigendra Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ বেশ ভাল আলোচনা হচ্ছিল। এই এ্যামেণ্ডমেন্ট বিলা খুব সাধারণ ও ছোট ব্যাপার বলে মন্ত্রিমহাশয় নিজে বলে গেছেন। কলকাতার পুলি ১৩ দিন ধরে স্বেচ্ছাসেবকবাহিনী রাখা হচ্ছিল যাদের ট্রাফিক ওয়ার্ডেন নাম দেও হয়েছিল এদের কোন পয়সা দেওয়া হতনা এবং বর্তমানে মাইনে দেওয়া হবেনা। পোষা তৈরী করে নেবেন যেভাবে পুলিশ থেকে বলে দেওয়া হত---ব্যাজ কি রকম হবে সেই রক তারা তৈরী করে নিত। আজকে এই বিলের দ্বারা তাদের আইনগত মর্য্যাদা দেওয়া হচ্ছে বলে মনে হচ্ছে যে একটা সম্মান তারা পাবে। কোন রকম প্রোটেক্শন তাদের ছিলনা লিগ্যাল প্রোটেক্শন--মূল আইনের ৫৫।২ ধারাকে সংশোধন করে এই আইনটাকে আ হচ্ছে। আমি এই বিলকে সমর্থন করছি। কারণ এইরকম একটা ধারা থাকা উচিত তারা স্বেচ্ছাসেবকের কাজ করবে অথচ তাদের আইনগত স্বীকৃতি বা মর্য্যাদা থাকবে ন এটা ঠিক নয়। এখানে যে ট্রাফিক সমস্যা রয়েছে, সেই ট্রাফিক সমস্যা কেবলমা কলকাতার মত একটা বড় ভীষণ যানবাহনবহুল সহরে, যেখানে হার্ড কনজেশন রয়ে সেখানে একমাত্র সেটা পুলিশের হাতে না ছেড়ে স্বেচ্ছাসেবকবাহিনীরও ব্যাবস্থা থাকা উচিত যার ফলে পুলিশের উপর থেকে অনেক চাপ কমবে এবং সরকারী খরচও কমবে। আজকে কলকাতা সহরে যে হারে যানবাহন বেড়ে চলেছে এবং কলকাতা সহরে বিভিন্ন জায়গায় রাস্তাঘাট কেটে যাওয়া হচ্ছে ও ভেঙ্গে দেওয়া হচ্ছে এবং যে হারে জনসংখ্যা বেড়ে চলে তাতে সেখানে ট্রাফিক সমস্যা একটা গুরুতর সমস্যা। যারা কলকাতায় বা কলকাতা আশেপাশে থাকেন তারা সেটা ভালকরেই বোঝেন। এই সমস্যা সমাধানের জন্য একটি শুধুমাত্র ট্রাফিক পুলিশবাহিনী দিয়ে সম্ভব নয়। যারজন্য একটা অগজিলিয়ারী ফো থাকা উচিত যারা ট্রাফিক সমস্যা ঋতুপার্বণ পূজায় এই সমস্যা সমাধানে সহযোগি করতে পারবে। এই ট্রাফিক ওয়ার্ডেনদের স্বীকৃতিদান খুব জরুরী ছিল। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে-- যারা এই সমস্ত ট্রাফিক ওয়ার্ডেন হিসাবে কাজ করছিল তাদের কোন ট্রেনিং ছিল না এবং না থাকার ফলে অনেক জায়গায় বাস্তব অভিজ্ঞতায় আমি দেখেছি গাড়ি চলাচ আমাদের বেশ অসুবিধা ভোগ করতে হয়। এদের হাতে পড়লে নো-এন্ট্রী নো-এন্ট্রী ক গাড়ী নিয়ে এমন যায়গায় চলে গেল যে দেখা গেল নো-এন্ট্রী এ্যাভয়েড করতে গিয়ে সে নো-এন্ট্রীতেই পড়ে যায়। এর কারণ হল তাদের ট্রেনিং-এর অভাব। যারা কলকাতা গাড়ী চালান ব্যক্তিগতভাবে তারা এটা বোঝেন। এদের ট্রেনিং-এর যথেষ্ট অভাব রয়েছে এদের খপ্পরে পড়ে অনেক অসুবিধা ভোগ করতে হয়। এই বিলে তাদের ট্রেনিংএ ব্যবস্থা রাখা হয়েছে এবং ট্রেনিং থাকলে তারা ভাল করে ট্রাফিক কন্ট্রোল করতে পারবে সংখ্যায় এদের আরও বাড়িয়ে দেওয়া যেতে পারে এবং আস্তে আস্তে এন, সি, সি, টেরি টোরিয়াল আরমিতে যেমন আছে সেইরকম ট্রাফিক ফোর্স ট্রাফিক পুলিশবাহিনীর মধ্যে একটা অলটারনেটিভ পুলিসবাহিনী যেটা স্বেচ্ছাসেবকবাহিনী রূপে গড়ে উঠবে। এরক একটা স্বতঃস্ফূর্ত ব্যাপার যেটা আজকে সরকার ভেবেছেন বলেই এই বিল নিয়ে এসেছেন তাই আমি এই বিলকে সমর্থন করছি। তৃতীয় প্রশ্ন হচ্ছে---সব ভাল কিন্তু একটা রেমুনারে শনের কোন ব্যবস্থা এই বিলে রাখা হচ্ছে না। সব প্রাক্টিস দিয়ে কেবল তাদের মর্য্যাদা ও আইনগত স্বীকৃতি দিয়ে রেখে দেওয়া কি ঠিক হবে। তাদের যে গড়ে তুলবেন বা দক্ষ করবেন কিন্তু রেমুনারেশনের ব্যবস্থা করছেন না এটা কি সঙ্গত হবে? রেমুনারেশন না দিলে তাদের ঠিক পথে পরিচালনা করা সম্ভব নয়। তাদের বেতন বা পে-স্কেল কিংবা গ্রেডেশান এইসব জায়গায় না গিয়ে এদের ফ্লাট রেটে যদি একটা রেমুনারেশনের ব্যবস্থা রাখা হয় তাহলে এদের মধ্যে উৎসাহ আসবে এবং এদের যদি ফোর্স বাড়ানো যায় তাহলে যারা রাস্তা-ঘাটে চলে তাদের ট্রাফিক সম্পর্কে একটা ধারণা হবে, একটা প্রচার চলবে যদি এই ট্রাফিক ওয়ার্ডেন ফোর্সকে ঠিকমত সুপথে চালাতে পারি। কিন্তু তারা ওয়ার্ডেন থাকবে তাদের পকেটে একটা পয়সা থাকবে না এটা ঠিক মানাচ্ছে না। সেইজন্য মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে বলছি তিনি যেন এটা একটু ভেবে দেখেন যাতে ওরা রেমুনারেশন গোছের কিছু পায়।

.30—6-40 p.m.]

ার একটা কথা ভাবা যেতে পারে ট্রাফিক পুলিশের মধ্যে ভেকেনসি হলে তাদের মধ্যে দের ট্রেনিং এবং একসপ্রিয়েন্সি আছে তাদের কথা যেন কাউন্ট করা হয় এবং একটা ফারেন্স হিসাবে রেখে দিয়ে তাদের যাতে নিয়ে নেওয়া যায় এইরকম একটা ব্যবস্থা খা গেলে তরুণদের মধ্যে অনুপ্রেরণা আসবে এবং তারা আরো বেশী দক্ষ হবে। যেমন ামরা প্রথম প্রথম বলেছি বিচার বিবেচনার সময় আর. জি. পার্টীর অগ্রাধিকার দেওয়া য়। সেইরকম ট্রাফিক সমস্যার বেলায় ট্রাফিক ওয়ার্ডেনদের একটা আইনসিদ্ধ ক্ষমতা য়ে এবং তার সঙ্গে সঙ্গে কিছু পয়সা দেওয়া গেলে ভাল হত। এই বিলে দেখছি গুলারাইস করা হচ্ছে, কাজেই এই বিলটাকে সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে আমার ক্তব্য শেষ করছি।

Shri Satya Ranjan Bapuli :

াননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পুলিশমন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি সমর্থন রছি। তবে এই প্রসঙ্গে কয়েকটি কথা বলার বিশেষ দরকার আছে। আজকে এই বিলের য়েকটি জায়গায় আমি বলব যেমন ক্লজ ২, এতে যে নিয়োগের ব্যাপার আছে তাতে ডিসন্যাল, জয়েন্ট, ডেপুটি, এডিসন্যাল ডেপুটি, এসিসটেন্ট কমিশনার অফ পুলিশ, এই যে কটা নিয়োগের ব্যাপার তাতে ধারাবাহিক কতগুলি স্টেজ রয়েছে, আমার মনে হয় এতগুলি টেজ না করলে ভাল হত। এতগুলি স্টেজ না করে যদি ছোট করে রাখা যায় তাহলে িশ্চয়ই এই বিলকে আরো সুষ্ঠু রূপ দেওয়া সম্ভব হত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, াজকে যদি অনারারী সার্ভিস দিতে বলা হয় তাহলে যারা ভাল পরিবারের সন্তান, যারা চ্ছল পরিবারের সন্তান, যাদের দেশের জন্য কিছু কাজ করবার ইচ্ছে আছে তারা যদি িয়ে আসে তাহলে নিশ্চয়ই এই বিলের উদ্দেশ্য সাধিত হবে। কিন্তু এই ভলানটিয়ার ার্ভিস যদি অন্যদিক দিয়ে দেখা যায় তাহলে আমরা জানিনা এই বিলের পারপাস সার্ভড ়ে কিনা। কারণ সেখানে অসচ্ছল পরিবারের ভাল যুবকেরাও যদি যায় তাহলেও তারা নারারী সার্ভিস কি রকম দেবে, কতখানি দেবে তা নিশ্চয়ই আপনি অনুমান করতে ারছেন। আজকে বিলের সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি একটা কথা বলব, উনি ন্তা করেছেন এইরকম করে কিছু প্রশাসনযন্ত্রে, পুলিশ বিভাগে টোন আপ করা যায় কনা, উদ্দেশ্য অত্যন্ত সাধু এতে কোন সন্দেহ নাই। কিন্তু কিছু কিছু জায়গায় ত্রুটিবিচ্যুতি েকে গিয়েছে। এইগুলি পর্য্যালোচনা করে দেখলে নিশ্চয়ই ভাল হত। মাননীয় অধ্যক্ষ হাশয়, বর্তমানে পুলিশের যে ভূমিকা তাতে স্বেচ্ছাসেবকের নিশ্চয়ই প্রয়োজন আছে, সে িষয়ে সন্দেহ নাই। ট্রাফিক জ্যাম-এর ব্যাপারে যে সমস্ত রীতিনীতি অবলম্বন করা হয় াতে আমরা দেখি হোমগার্ডকে দাঁড় করিয়ে দেওয়া হয়েছে, পুলিশ হোমগার্ডকে দাঁড় করিয়ে দিয়ে ট্রাফিক কন্ট্রোল করছে। দেখা গেল গাড়ী একদিকে চলে যাচ্ছে, ট্রাফিক ুলিশ আর একদিকে হাত দেখিয়ে দাঁড়িয়ে আছে। তাই আমি বলছি যাদের ট্রেনিং দেওয়া বে তাদের যেন ভাল করে উপযুক্ত করে ট্রেনিং দেওয়া হয়। কিন্তু আমি জানিনা আজকে াদের কি রকমভাবে ট্রেনিং দিয়ে ঐরকম এক একটি গুরুত্বপূর্ণ স্থানে দাঁড় করিয়ে দেওয়া য়েছে। আজকে এই স্বেচ্ছাসেবকরা যেরকম ২।৪।৫ কিলো চাল চোরাচালান হলে ধরবে, সই রকম কোথাও ১০০০।১২০০ বিঘা জমির ধান ব্ল্যাক মার্কেটে বিক্রি হলেও সেটা ারা পুলিশকে পয়েন্ট আউট করে দিতে পারবে। তারপর সাধারণ মানুষ, গরীব মানুষ অনেক সময় পুলিশের কাছে যে সাহায্য পায় না, তারা স্বেচ্ছাসেবকদের কাছে গেলে নিশ্চয়ই সই বিষয়ে সাহায্য পাবে এবং স্বেচ্ছাসেবকরা সেই সুযোগ নিশ্চয়ই তাদের দেবেন। সুতরাং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি।

Prof. Chandra Kumar Dey :

স্যার, পুলিশ দপ্তর থেকে যে বিল আনা হয়েছে সেই বিল সম্পর্কে কিছু কথা বলতে চাই। এ্যাসেম্বলী প্রায় শেষ সীমায় পোঁছে গেল—আগামীকাল শেষ হয়ে যাবে। এডুকেশান-এর

উপর কোন বিল দেখতে পেলাম না। তার পরিবর্তে দেখলাম কিছু যুবককে পুলিশের পোষ পরাবার জন্য সরকার ব্যস্ত হয়েছেন। আজ যে মরালিটি, যে সোস্যাল আউটলুক দরক সেগুলি আজ আর সমাজে নেই। এ অবস্থায় পুলিশ বিভাগকে সাপ্লিমেণ্ট করার জ নুতন একটা ব্যবস্থা করা হচ্ছে। আমি জানি না এটা কতখানি সার্থক হবে। পুলিশে কর্ত্তব্য যারা পালন করে তারা সরকারী দপ্তর থেকে পয়সা নিচ্ছে, নাগরিকরা তাদে মাইনা দিচ্ছে। পয়সা নিয়ে তারা যে কর্ত্তব্য পালন করছে তাতে আমরা হতাশ হচ্ছি আবার পয়সা নিয়ে যারা কাজ করতে আসবে তারা যে কতখানি কর্ত্তব্য পালন কর সে বিষয়ে সন্দেহ আছে। স্পেশাল পুলিশ, ওয়ার্ডেন প্রভৃতি হবার জন্য আহ্ব জানান হবে। কিন্তু তাদের সোস্যাল আউটলুক কতখানি হবে তাতে সন্দেহ আছে কিছু ছেলে যারা পাড়ায় বেড়ায় তারাই এর সুযোগ গ্রহণ করবে এবং একটা যে বাহি এদের দিয়ে তৈরী হবে তারা কতটা কল্যাণকামী হবে তাতে সন্দেহ আছে। এদের কে স্পেসাল পাওয়ার থাকবে না, অথচ তারা ল এ্যান্ড অর্ডার মেনটেন করবে। এ জিনি আমি চিন্তা করতে পারছি না। আমার মনে হয় এটা সেল্ফ কনট্রাডিকসনারী হয়ে যাচ্ছে পুলিশের পোষাক পরবে, অথচ পুলিশের কর্ত্তব্য পালনের জন্য তাদের কোন ক্ষমতাই থাক না। পুলিশ বলে তারা অভিহিত হবে, অথচ পুলিশের কর্ত্তব্য করতে গেলে যে সাধার ক্ষমতার প্রয়োজন সেটা তাঁদের থাকবে না। এই দুটো জিনিষ একসঙ্গে কিভাবে চলত পারে তা বুঝতে পারছি না। তাদের যে ট্রেনিং-এর ব্যবস্থা হবে সেই ট্রেনিং দেবেন উ কর্মচারীরা। এই ট্রেনিং নিয়ে আমাদের যুবকরা হঠাৎ সমাজকল্যাণ কাজে আস এ বিশ্বাস করা যায় না। সরকারের তরফ থেকে এই বিলের পরিবর্তে এ কাজ করা উচিৎ ছি যাতে সোসাল মরালিটি ডেভেলপ হতে পারে। সোসাল মরালিটি ডেভেলপমেন্ট-এর দিকে না দিয়ে তাঁরা শুধুমাত্র ট্রাফিক কণ্ট্রোল করাবে। এই সামান্য কাজ দিয়ে যুবক সম্প্রদায়ে যে শক্তি তার প্রতি অন্যায় বিচার করা হচ্ছে বলে মনে করি। কারণ যুবকদের আর ভালভাবে ব্যবহার করা যেতে পারে বলে আমি মনে করি। শুধুমাত্র তাদের দিয়ে ট্রাফিক কণ্ট্রোল না করিয়ে সরকারের যদি প্রয়োজন হয় তাহলে তাদের সমাজের মঙ্গলে নিয়োজি করুন। যুবকদের এই ট্রেনিং সরকারের পক্ষ থেকে দেওয়া উচিৎ বলে আমি মনে করি এই যে স্পেশাল পুলিশ ফোর্স হবে সেই স্পেশাল পুলিশ ফোর্স-এ যারা নিযুক্ত হবে তাদের কাছে আর্মস থাকবে কিনা এ বিষয়ে কিছু বলা নেই। তাদের যদি আর্মস দেওয় না হয় তাহলে তাদের নিরাপত্তার অভাব হবে। তারা যে আইন প্রয়োগ করবে সেটা সমাজের উপর বাইন্ডিং হবে বলে মনে হয় না। সঙ্গে সঙ্গে এটাও মনে করি তাদে যে আর্মস দেওয়া হবে সেটা মিসইউজ হবে বর্তমান সমাজের পরিপ্রেক্ষিতে।

সুতরাং এই যে বিল এসেছে, এই বিলের প্রয়োজনীয়তা কতখানি এবং সমাজের কল্যাণে পক্ষে কতটা আসবে, সেটা সম্পর্কে আমার যথেষ্ট সন্দেহ আছে। এই বিলটা আর বিচারবিবেচনা করে আনা উচিত ছিল। চতুর্থ পয়েন্ট হচ্ছে, যারা স্পেশাল পুলিশ হবে তাদের পোষাক, আচ্ছাদনের জন্য যে সমস্ত খরচ হবে সেটা সরকারকে বহন করতে হবে এবং এই পোষাকের দায়দায়িত্ব তাদের উপর ছেড়ে দিলে, অর্থনীতির এই দুর্দিন তাদে বিশেষ কষ্ট করতে হবে এবং তাদের পরিবারের ওপরও চাপ আসবে বলে আমি মনে করি। এই বিলের মাধ্যমে শুধুমাত্র ট্রাফিক কন্ট্রোলের পরিবর্তে সমাজের বিভিন্ন কল্যাণ মূলক কাজে তাদের এনগেজড করা হোক এবং তার জন্য যদি সরকারের পক্ষ থেকে কিছু ব্যয় করতে হয় তাহলেও তা করা উচিত। যদি এইভাবে আমাদের যুবকসমাজকে চেঞ্জ করাতে পারি কল্যাণমূলক কাজের জন্য তাহলে ভবিষ্যতে সমাজ উপকৃত হবে বর্তমানে যে বিল এসেছে তাতে কর্তব্য সাধনের যে ক্ষেত্র, সেটা খুব সীমাবদ্ধ, আমি সেটা পছন্দ করতে পারছি না। স্পেশাল পুলিশ ফোর্স-এ যারা আসবেন, তারা ট্রাফিক কন্ট্রো করার পরিবর্তে সমাজের বিভিন্ন পর্য্যায়ের কর্তব্য পালনের দিকে লক্ষ্য রাখবেন। আমা মনে হয় এতে যুবক সম্প্রদায় প্রতিষ্ঠা পাবে এবং তার মাধ্যমে তারা সমাজের কল্যাণে কাজে নিযুক্ত হতে পারবে।

[6-40—6-50 p.m.]

Shri Sukumar Bandyopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রবিভাগের প্রতিমন্ত্রী আজকে যে বিল এনেছেন, সেটাকে সমর্থন করে আমি বলতে চাই যে দু-নম্বর ধারার তিন নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে যে, যেসমস্ত ট্রাফিক ওয়ার্ডেন নিযুক্ত করা হবে, তা নিয়োগ করবেন কলকাতার পুলিশ কমিশনার কিম্বা তার অনুমতি সাপেক্ষে জয়েন্ট কমিশনার ডেপুটি কমিশনার বা ছোট দারগা পর্যন্ত নেমে যেতে পারে, এই এ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যাপারে আমার মনে হচ্ছে যে খুব গুরুত্ব দেওয়া হচ্ছে না। কারণ স্যার, আপনি, হাওড়া এবং কলকাতার ট্রাফিক জ্যামের ইতিহাস জানেন। কয়েকটা মাত্র ওয়ার্ডেন নিয়োগ করে এই রকম একটা বিল এই হাউসে এনে বিরাট কাজ করলাম মনে করলে ট্রাফিক জ্যামের কোন সুরাহা হবে বলে আমি মনে করি না। আমি এই প্রসঙ্গে স্কটল্যান্ডের ইয়ার্ডের একটা বই—

The Rise of Scotland Yard by Danglas G. Brown.

এর দু-একটি অনুচ্ছেদ পড়ে শোনাতে চাই। সেখানে ট্রাফিক কন্ট্রোল কিভাবে করা হয়। এটা ১৯৫৬ সালের বই, আমি পড়ে শোনাচ্ছি।

During Sir Harold Scott's Commissionership a number of innovations of a practical nature were introduced. Such is the small Research and Planning branch a recommendation of the Dixon Committee), which, under the Deputy Commissioner, from time to time reviews the organisation and considers new ideas. A Traffic and Accident Group has been formed, consisting of cars and motor-cycles which can be called by wireless to the scene of a serious hold-up of traffic. The whole problem of London's traffic, constantly increasing in complexity, is always under review, and further experiments have been made in the use of one-way streets and of unilateral parking, a system already adopted in the provinces. School crossings and road surfaces are among the many other aspects of this question which come within the purview of the Traffic Department.

তারপর পারকিং-এর যে অবস্থা কলকাতা শহরের তা আমরা জানি। যেখানে সেখানে পার্কিং করা হয়, সেখানে চার আনা, আট আনার কারবার হয় এবং কারা যে এই পয়সা নেন সেটা স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী খুব ভাল করেই জানেন। কিভাবে ট্রাফিক কন্ট্রোল করা হয় কিনা সেটাও তিনি খুব ভাল করেই জানেন। এই সমস্ত সমস্যার সমাধান করবার চেষ্টা না করে, অর্থাৎ পুরো বিজ্ঞানসম্মত উপায়ে এই যন্ত্রকে তৈরী না করে শুধু ট্রাফিক কন্ট্রোলের জন্য কয়েকজন ওয়ার্ডেন-কে এ্যাপয়েন্টমেন্ট দিলাম এবং তাদের ট্রেনিং ইত্যাদি করিয়ে দিলাম, তাহলেই কলকাতা ও হাওড়া শহরে ট্রাফিকের সমস্যা মিটে গেল এটা যদি মন্ত্রিমহাশয় মনে করে থাকেন তাহলে তিনি ভুল করবেন।

আর একটা কথা স্যার, এই বিলের দু-নম্বর ধারার ৪নং উপধারার (বি) উপধারা আপনাকে লক্ষ্য করতে বলছি। সেখানে ট্রেনিং-এর কথা বলা হয়েছে। এই যে ট্রেনিং কি রকম তা সম্পর্কে আমি জানি। এর আগে যে হোমগার্ডদের নেওয়া হয়েছে, তাদের কি ট্রেনিং দেওয়া হয়? যে সমস্ত হোমড়া চোমড়া পুলিশ অফিসার আছে কলকাতায় এবং পশ্চিম-বাংলার অন্যান্য স্থানে, এই সমস্ত পুলিশ অফিসারদের পানীয় জল, খাদ্যদ্রব্য ইত্যাদি সরবরাহের দায়িত্বে থাকে এই সমস্ত হোমগার্ডদের উপর। সুতরাং যে ধরণের ট্রেনিং দেওয়া হয় এই ওয়ার্ডেনদের, সেটা হচ্ছে, কি করে খাদ্য পানীয় এবং ভাল ভাল জিনিষ বড় বড় পুলিশ অফিসারদের কাছে পোঁছে দিতে হয়। আমি তাই মনে করি এই ধরণের ট্রেনিং বরং না করাই ভাল। এ রকম ধরণের ট্রেনিং দেওয়া দরকার যাতে সেপাই ব্যারাকের ধরণের ট্রেনিং বা ব্যুরোক্রেটিক না হয় এমন ট্রেনিং হয় যাতে সাধারণ মানুষের কল্যাণ হয়।

আর একটা সেকশন টু ক্লজ সিক্স-এর দিকে লক্ষ্য করতে বলছি। সেখানে ক্ষমতার কথা বলা হয়েছে। সেখানে অনেক অধিকার ইত্যাদির কথা বলা হয়েছে। এই যে পাওয়ার বা ক্ষমতা দেওয়া হয়েছে তা পুলিশ অফিসারের মত, কিন্তু যারা নিয়োজিত হবে তারা কারা এবং কাদের দ্বারা নিয়োজিত হবে, সেটা লক্ষ্য রাখতে হবে। তা না হলে ক্ষমতার

অপব্যবহার হতে পারে, জোর জুলুম হতে পারে জবরদস্তি হতে পারে, হয়রাণি হতে পা সুতরাং আমি মনে করি আজকে এই যে এ্যাপয়েন্ট করার সুপ্রিম পাওয়ার দেওয়া হয়ে পুলিশ কমিশনারের হাতে বা তার অধীনস্থ দারোগার হাতে, আমি মনে করি ওয়ার্ডে এ্যাপায়েন্টমেন্টের এই প্রচেষ্টায় হয়ত কয়েকজন অফিসার সন্তুষ্ট হতে পারেন, কি তাতে সাধারণ মানুষের আশা আকাঙ্খা পূরণ হতে পারে না। আমি মনে করি এম একটা কমিটি এ্যাপয়েন্ট করে দেওয়া হোক, যে কমিটির উপর সাধারণ মানুষের আ থাকবে, যে কমিটি সাধারণ মানুষের আস্থাভাজন হবেন। তা না হলে দারোগাদের উ ওয়ার্ডেন এ্যাপয়েন্ট করার যদি ক্ষমতা থাকে তাহলে সাধারণ মানুষের যে দুঃখ ক ট্রাফিক জ্যামের ব্যাপারে তা যাবে না। মুখ্যমন্ত্রী নিজেও জানেন, তিনি নিজেও বলেছে পুলিশের যে ক্যাম্প সেটা হচ্ছে, চোর ক্যাম্প, তিনি চুরি ধরেছেনও। সুতরাং তাঁরা ওয়ার্ডেন এ্যাপয়েমেন্ট করবেন, কি ধরণের ওয়ার্ডেন এ্যাপয়েন্ট করবেন সেটা অনুধা করবার জন্য আমি আপনাকে অনুরোধ জানাই।

আর একটা কথা বলা হয়েছে, এদের বেতন দেওয়া হবে না। ওঁরা বেতনভুক হবেন ন এটা বলা হয়েছে দু নম্বর ক্লজ দিয়ে। বেতন দরকার হবে না কারণ এরা আসবে সমাজে প্রতিষ্ঠিত অংশ থেকে। তাঁরা বেতন নেবেন না কিন্তু পুলিশ দপ্তরকে অন্যান্য সুযে সুবিধার মাধ্যম হিসাবে তাঁরা ব্যবহার করবেন। সাধারণ মানুষের পক্ষ থেকে যাদে ওয়ার্ডেন নিয়োগ করবেন তাঁরা বেতন না নিয়ে কাজ করবেন, তারপরে এর পরিণ কি হবে? বেতন না পেলে কি হবে তা বিবেচনা করা প্রয়োজন। কি হবে আমি বলছি কি হতে পারে, সেটা অনুধাবন করার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রিকে অনুরোধ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল ছোট্ট বিল, স্বরাষ্ট্র বিভাগের প্রতিমন্ত্রীও বলেছেন এটা এমন কিছু গুরুত্বপূর্ণ বিল নয়। কিন্তু অনেক সময় বিন্দু বিন্দু জল নিয়ে সমুদ্র হ কণা কণা বালি নিয়ে সাহারা মরুভূমি হয়। আমি বলতে চাইছি আজকে ওয়াে এ্যাপয়েন্ট করার মধ্য দিয়ে যে সদিচ্ছার ব্যাপারটা এনেছেন, কলকাতা এবং শহরত মানুষদের ট্রাফিক জ্যামের যে সমস্যা তা থেকে রেহাই দেবার জন্য এবং যে পদ্ধতি বিলটা এনেছেন এবং যেভাবে এটাকে বলবত করার প্রচেষ্টা হচ্ছে বা বলবত করা হ তাতে আমি মনে করি যে, যে উদ্দেশ্যে সরকার এটা করছেন, সেই উদ্দেশ্য চরিতার্থ হ পারে না। আজকে কলিকাতায় এবং পার্শ্ববর্তী শহরতলীতে যে ট্রাফিক জ্যামের সম তা ভারতবর্ষের কোথাও নেই। আজকে ভারতবর্ষের সবচেয়ে বড় শহর কলিকাতায় এই ট্রাফি জ্যামের সমস্যা আমি মনে করি এটা সভ্যতার কলঙ্ক এই কলঙ্ক অপনোদন করার জ স্বরাষ্ট্রমন্ত্রী যে বিল এনেছেন, এটা পর্বতের মূষিক প্রসব বলা যেতে পারে। সমস্যা বি বিশাল এবং ব্যাপক। তার জন্য দারোগাবাবু বা এসিস্যাট্যান্ট কমিশনার বা কমিশ কতকগুলি ওয়ার্ডেন নিয়োগ করে দিলেন এবং তাদের হাতে লাঠি দিয়ে এবং তাে ব্যাজ পরিয়ে দিয়ে বলে দিলেন যাও তোমরা রাস্তায় ঘুরে ঘুরে বেড়াও ট্রাফিক সম সমাধান করার জন্য, তাতে কাজ হবে না। আমি কয়েকটি বিষয় নিয়ে আলোচনা করে আমি মনে করি স্বরাষ্ট্র দপ্তর এবং তার যে প্রতিমন্ত্রী রয়েছেন, তাঁরা আমি যে কয়ে বিষয় নিয়ে আলোচনা করলাম সেদিকে তাঁদের দৃষ্টি নিবদ্ধ হবে, সেগুলি তাঁরা বি বিবেচনা করে দেখবেন। তার তা না শুনে যদি বিলটা যেমন আছে সেই আকারে বল করার চেষ্টা করেন, তাতে শুধু আইন বলবতই হবে---সাধু প্রচেষ্টা সব সময়েই ও যদি সেটা বলবত করা হয়, আমার কথা হচ্ছে আইনটা বলবত করার জন্য যন্ত্রকে সে ভাবে তৈরী করতে হবে।

[6-50—6-57 p.m.]

Dr. Md. Fazle Haque:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উদ্দেশ্যে বলেছিলাম এমন কিছু নয়, সামান্য একটু ব্যাপা এখানে মাননীয় শীষ মহম্মদ সাহেব নাই। তাঁর বক্তব্যের উত্তরে কিছু বলছি। আ

নে হয় তিনি এই বিলটী আদৌ পড়েন নাই। কীজন্য এই বিল আনা হয়েছে, তা না দেখেশুনে কতকগুলি অবান্তর কথা তিনি বলে গেছেন। এই বিলটি যে কারণে আনা হচ্ছে, তা হচ্ছে এই—১৯৫৫ সালে ক্যালকাটা স্পেসাল পুলিশ ফোর্স (এ্যামেণ্ডমেন্ট) বিল যেটা পাস হয়েছিল, তার শুধু ছোট্ট একটা এ্যামেণ্ডমেন্ট করছি, কয়েকটি কথা যোগ করছি। এই বিলে আছে প্রথম কথা দেখবেন ২০(এ) সেক্সন ১৯৫৫ সালে এ্যামেণ্ড করেছিলেন, সেখানে যোগ করছি দেয়ার স্যাল বি এ ফোর্স অফ স্পেসাল পুলিশ অফিসার্স এ্যাণ্ড এ কোর্স অফ ট্রাফিক ওয়ার্ডেনস। এই ট্রাফিক ওয়ার্ডেনস কথাটা আগে ছিল না, এখন সেই কথাটা সেখানে যোগ করছি এ্যাক্টটা ১৯৫৫ সালে পাস হয়েছে। সব কিছু ব্যবস্থা রয়ে যাচ্ছে। এই সঙ্গে এই ট্রাফিক ওয়ার্ডেনস কথা যোগ করছি। কেন তা করছি? এখানে শীষ মহম্মদ সাহেব বলছেন ট্রাফিক ওয়ার্ডেন-এর রিক্রুটমেন্ট পলিসি সম্পর্কে বিধান সভাকে এ্যাভয়েড করে রেগুলেশন করেছিলাম। তিনি জানেন না কোন কোন ব্যাপারে বিধান সভায় আসবে, আর কোন কোন ব্যাপারে আসতে হয় না। প্রয়োজনে সরকার বিধানসভায় আসেন। তিনি না জেনে এই মন্তব্য করেছেন যে আমরা বিধান সভাকে ফাঁকি মেরে এই বিল করেছি। তিনি আরো একটা কথা বলেছেন—তিনি এখন হাউসে নাই তিনি বিল সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে ধান ভানতে শিবের গীত গেয়ে গেছেন। এই ট্রাফিক ওয়ার্ডেন হচ্ছে আমাদের একটা ভলান্টারী অরগানাইজেশন তাদের কাজ হচ্ছে খানিকটা ট্রাফিক ডিউটী করা; যদি কাইগুলি দেখেন, তাহলে দেখবেন এটা রেগুলেসন করা হয় টু এসিস্ট দি ট্রাফিক এক্সিডেণ্ড হয়ে থাকে রাস্তা পারাপারের সময় সেই এক্সিডেন্ট এ্যাভয়েড করবার জন্য বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ট্রাফিক রেগুলেসনস মেনে চলতে শেখায়, পেডিসট্রিয়নদের এ্যাসিস্ট করা, কীভাবে চললে এক্সিডেন্ট হয় না, যারা গাড়ী চালায় ড্রাইভার তাদের শিক্ষা দেয়; কোথায় গাড়ি চালাতে গলদ হয়ে যাচ্ছে তা তাদের দেখিয়ে দেয় এই সমস্ত ট্রাফিক ডিউটি তারা করে। ক্যালকাটা স্পেসাল পুলিশ ফোর্সেরও এই রকম কাজ তাদের সঙ্গে এটা যোগ করে দিচ্ছি। এদের যে কীভাবে রিক্রুটমেন্ট করা হয় সুকুমারবাবু বলেছেন দারোগা বাবুকে ক্ষমতা দেওয়া হয়েছে এদের এ্যাপয়েন্টমেন্ট দেবার। এখানে পুলিশ কমিশনার হচ্ছেন এ্যাপয়েন্টিং অথরিটী। প্রয়োজন হলে তিনি এই পাওয়ার ডেলিগেট করতে পারেন টু এ্যাডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটী কমিশনার অথবা এ্যাসিস্টেন্ট কমিশনার। তার নীচে র‍্যাংকে তিনি যাননা। আমি বুঝতে পারছি না কিকরে এখানে এই রিক্রুটমেন্ট-এর ব্যাপারে দুর্নীতি থাকতে পারে। রিক্রুটমেন্ট রুলস রয়েছে কারা কারা এলিজিবল হবে আসতে পারবে, কি কি কোয়ালিফিকেশন থাকা দরকার। তা আইনের মধ্যে—এই রেগুলেসন্স-এর মধ্যে আছে। এই এই কোয়ালিফিকেসনস থাকা চাই, আর এই এই ডিস-কোয়ালিফিকেসনস থাকলে আসতে পারবে না। আমি বার বার বলছি এরা ট্রাফিক ফোর্সের অঙ্গ; এটা ভলেনটিয়ারী অর্গানাইজেসন, আমরা এদের কাপড় চোপড় দেইনা, খাওয়া-পরা দেইনা, ব্যাজও দেইনা। এক কথায় বলা যায় কিছুই দেই না। সম্মান আছে—যাঁরা উপকার করতে চান, সোসাল সার্ভিস করতে চান, তাঁরা এতে আসেন।

এখানে আগে থেকে যদি এই ভাবে ধরে নেওয়া হয় তাহলে এটা ঠিক নয়। সুতরাং এ সম্পর্কে কিছু বলার নেই। মাননীয় সদস্যরা সকলেই একে সমর্থন করেছেন। আমাদের মাননীয় সদস্য শীষ মহম্মদ সাহেব এখানে নেই। তিনি সারকুলেসাসান মোসানের জন্য বলেছেন। সারকুলেসান মোসান সম্পর্কে তাঁর একটা বাতিগ্রস্থ দেখা যাচ্ছে। প্রত্যেক বিলের উপরই তিনি সারকুলেসান আনছেন এবং এই বিলকেও তিনি সারকুলেসানের জন্য পাঠাবার কথা বলেছেন। যা হোক তিনি এখানে নেই সুতরাং প্রশ্ন আসছে না। আমি আশা করবো মাননীয় সদস্যরা সকলে একবাক্যে এই বিলকে সমর্থন করছেন। এই বিলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

That the Bill be circulated for eliciting opinion thereon, was then put and lost.

The motion of Dr. Md. Fazle Haque that The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Md. Fazle Haque : Mr. Speaker, Sir, I beg to move that The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-57 p.m. till 9 a.m. on Saturday, the 4th May, 1974, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 4th May, 1974, at 9 a.m.

Present :

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 122 Members.

[9—9-10 a.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable members, any of you who have not yet made an oath or affirmation of allegiance may kindly do so.

[There was none to take oath]

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

মেদিনীপুর জেলায় স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৩।) **শ্রীকানাই ভৌমিক :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় নিম্নলিখিত স্বাস্থ্যকেন্দ্রগুলি নির্মাণ করার কাজ স্বাস্থ্য দপ্তরের তরফ হইতে পূর্ত বিভাগকে দেওয়া হয়েছিল—

(১) ময়না ব্লকের গড়সাকাত, রামচন্দ্রপুর ও আড়ংকিয়ারাণা স্বাস্থ্যকেন্দ্র, ও

(২) তমলুক ১নং ব্লকের পূর্বমুখী স্বাস্থ্যকেন্দ্র ; এবং

(খ) সত্য হ'লে—

(১) কোন্ সালে এই কাজের দায়িত্ব দেওয়া হয়েছিল, ও

(২) এপর্যন্ত ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলি নির্মাণের কাজ কতদূর এগিয়েছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ)

স্বাস্থ্য কেন্দ্র		সন
(১) গড়সাকাত	..	১৯৭০
রামচন্দ্রপুর	..	১৯৬৯
আড়ংকিয়ারাণা	..	১৯৭০
পূর্বমুখী	..	১৯৭১

(২) ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণকাজ প্রথমত পূর্তঅধিকারকে দেওয়া হয়েছিল। কিন্তু পরে সে কাজের দায়িত্ব কনস্ট্রাকসন বোর্ডকে দেওয়া হয়েছে। তাঁরা ঠিকাদার নিয়োগ করে কাজ সুরু করার ব্যবস্থা করছেন।

হাসপাতালে রোগী প্রতি ডায়েট বাবত মঞ্জুরীকৃত অর্থ

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১২।)। **শ্রীআব্দুলবারি বিশ্বাস :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের বিভিন্ন হাসপাতালে রোগী প্রতি ডায়েট বাবত কত অর্থ মঞ্জুরী বরাদ্দ আছে ; এবং

(খ) সমস্ত হাসপাতালে একই রকম হার চালু আছে কিনা ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) সাধারণ রোগী—এস, এস, কে, এম্ হাসপাতা ও কারমাইকেল হস্‌পিটাল ফর ট্রপিকাল ডিজিজেস্ বাদে সব হাসপাতালে রোগী প্রতি দি ২'৫০ টাকা। এস, এস, কে, এম্ হাসপাতালে ও কারমাইকেল হস্‌পিটাল ফর্ ট্রপিক্যা ডিজিজেস যথাক্রমে ৫০ পয়সা ও এক টাকা বেশী।

টি, বি, রোগী—দার্জিলিং টি, বি, হাসপাতাল বাদে অন্য সব হাসপাতালে টি, বি, রো প্রতি দিনে ৩ টাকা। দার্জিলিং টি, বি, হাসপাতালে ৫০ পয়সা বেশী।

মফঃস্বলে হাসপাতালের সহিত যুক্ত ডাক্তারদের বাইরের রোগী দেখার ফি

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৮।) **শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মফঃস্বলে হাসপাতালের সহিত যুক্ত ডাক্তারবাবুদের বাইরের রোগী দেখার জ কোন নির্দিষ্ট ফি নির্ধারিত আছে কিনা;

(খ) থাকলে তাহা কোন্ ক্ষেত্রে কিরূপ; এবং

(গ) কলিকাতা হাসপাতালসমূহের সহিত যুক্ত ডাক্তারবাবুদের বাহিরের রোগী দেখা কোন নির্দিষ্ট ফি নির্ধারিত আছে কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (গ) না।

(খ) প্রশ্ন উঠে না।

বীরভূম জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৪।) **শ্রীসচ্চিনন্দন সাউঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর, ইনামবাজার, খয়রাশোল থানায় সরকারের পরিকল্পন ধীনে ক্ষুদ্র ও কুটিরশিল্পের উন্নয়নের কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কিনা এ হয়ে থাকলে তাহা কি;

(খ) এই থানাগুলিতে বর্তমানে কি কি কুটির শিল্প আছে;

(গ) কুটির শিল্পীদের শিল্প পরিচালনার জন্য সরকারের পক্ষ হইতে কোন অনুদ দেওয়া হয় কিনা; এবং

(ঘ) হয়ে থাকলে, ১৯৭৩ সালে থানাগুলিতে কতজন কুটির শিল্পীকে সরকারী অনুদ দেওয়া হয়েছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বীরভূমের এই তিনটি থানা সরকারী পরিচালনায় কোন কেন্দ্র নাই, তবে উন্নয়নের অন্যান্য কর্মসূচী সমস্ত জেলার মত এ তিনটি থানায়ও প্রযোজ্য।

(খ) এই থানাগুলিতে বর্তমান কাঁসা ও পিতলের শিল্প, কাঠচেরাই কল, গমভাঙ্গান ক কাঠের আসবাবপত্র প্রভৃতি শিল্প আছে।

(গ) দেওয়া হয়।

(ঘ) ১৯৭৩ সালে কোন অনুদান দেওয়া হয়নি।

জেলাওয়ারী অগভীর নলকূপ

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৫।) শ্রীশিশির কুমার সেন: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বৎসরে (১৯৭৩) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি অগভীর নলকূপ (ক্লাস্টার প্রোগ্রাম) অনুমোদিত হইয়াছে;

(খ) ইহার দ্বারা কি পরিমাণ জমিতে জল সেচ হইতেছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) নিম্নবর্ণিত জেলাগুলিতে গত এক বৎসরে (১৯৭৩) মোট ৪,৬৩৪টি অগভীর নলকূপ (ক্লাস্টার প্রোগ্রাম) অনুমোদিত হইয়াছে:—

(১) নদীয়া—৮৪০
(২) ২৪ পরগণা—৩৯৭
(৩) মুর্শিদাবাদ—১০২৬
(৪) হাওড়া—৬৬
(৫) হুগলী—৪১০
(৬) বর্ধমান—৫৩৯
(৭) মেদিনীপুর (পূর্ব)—১৬৫
(৮) মেদিনীপুর (পশ্চিম)—১০০
(৯) মালদহ—৩৮৩
(১০) পশ্চিম দিনাজপুর—২০০
(১১) কুচবিহার—৯০
(১২) বীরভূম—৪০৮
(১৩) বাঁকুড়া—১২
মোট—৪,৬৩৪

(খ) মোট ৪৬,৩৪০ একর জমিতে জল দেওয়া হইতেছে।

মালদহ জেলার হরদমনগরে সার্বসিডিয়ারী হেল্‌থ সেণ্টার

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৫।) শ্রী গৌতম চক্রবর্তী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় হরিশচন্দ্রপুরের দুই নং ব্লকে হরদমনগরে যে একটি সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার হওয়ার কথা ছিল তাহার কাজ কবে নাগাদ আরম্ভ হবে;

(খ) দেরী হওয়ার কারণ কি;

(গ) হরিশচন্দ্রপুরের এক নং ব্লকে হাসপাতাল কবে থেকে চালু হবে; এবং

(ঘ) হরিশচন্দ্রপুরের হাসপাতালের শয্যা সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) জমি সংগ্রহের পর ঐ স্বাস্থ্য কেন্দ্রের নির্মাণ কার্যের অনুমোদন দেওয়া হয়েছে বিগত ২২এ ফেব্রুয়ারি ১৯৭৪ তারিখে। কবে কাজ আরম্ভ হবে তা সঠিক বলা সম্ভব নয়।

(গ) নিযুক্ত ডাক্তার কার্যে যোগদান করলেই স্বাস্থ্যকেন্দ্রটি চালু হবে।

(ঘ) না।

Seed Farm

358. (Admitted question No. 1512). **Shri Birendra Bijoy Malla Deb :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the number of seed farms proposed to be started in West Bengal during the Fifth Five-Year Plan;

(b) the estimated cost for starting each such seed farm;

(c) if the Government acquired any land for such project; and

(d) if so, the names of the places where seed farms will be started ?

The Minister for Agriculture : (a) No such proposal is under consideration of the Government at present.

(b), (c) and (d) Question does not arise.

গড়বেতার কোল্ড স্টোরেজ

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৮।) **শ্রীরজনীকান্ত দোলুই ঃ** কৃষি বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গড়বেতাতে একটি কোল্ড স্টোরেজ তৈয়ার করা হইয়াছে;

(খ) সত্য হইলে—

(১) উক্ত কোল্ড স্টোরেজটি কবে তৈয়ারী হইয়াছে;

(২) উক্ত কোল্ড স্টোরেজটি তৈয়ারী করিতে কত টাকা খরচ পড়িয়াছে; এবং

(৩) উক্ত স্টোরেজটি কবে নাগাত খোলা হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) উহা ১৯৬৭-৬৮ সালে তৈয়ারী হইয়াছে।

(২) উহা তৈয়ারী করিতে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত ১৪,৪২,৬০৬ টাকা খরচ পড়িয়াছে।

(৩) উক্ত কোল্ড স্টোরেজটির কিছু রেসিডুয়াল ওয়ার্ক বাকী আছে। ঐ কাজ চলিতেছে। উক্ত কাজ শেষ হইলে কোল্ড স্টোরেজটি ওয়েস্ট বেঙ্গল এগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর মাধ্যমে চালু করিবার কথা আছে।

উদ্বাস্তুদের দখলীকৃত জমির স্বত্ব দানের সরকারী সিদ্ধান্ত

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বসবাসকারী উদ্বাস্তুদের দখলীকৃত জমির মালিকানা উক্ত উদ্বাস্তুদের দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

(খ) সত্য হ'লে, ইহাকে সম্পূর্ণভাবে অথবা আংশিকভাবে কার্যকরী করা হয়েছে কিনা;

(গ) কার্যকরী করা হয়ে থাকলে কোথায় কোথায় তা করা হয়েছে; এবং

(ঘ) না করা হ'লে কবে নাগাত সরকার ঐ সিদ্ধান্তের বাস্তব রূপ দেবেন;

(ঙ) উক্ত সিদ্ধান্তের ফলে—

(১) কতজন উদ্বাস্তু উপকৃত হবেন; এবং

(২) মোট কি পরিমাণ জমি তাঁদের দেওয়া হবে?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) শুধু সরকারী উদ্যোগে স্থাপিত কলোনীগুলি ও বৈধকরণ যোগ্য স্বদখল কলোনীগুলির অন্তর্ভুক্ত সকল কৃষি ও বাস্তুজমির স্বত্বদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় মঞ্জুরী এখনও না পাওয়ায় সিদ্ধান্তটি আংশিকভাবেও কার্যকর করা সম্ভব হয়নি।

(গ) 'খ' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

(ঘ) কেন্দ্রীয় সরকারের অনুমোদন ও সর্তগুলি পাওয়ার সঙ্গে সঙ্গে বাস্তবরূপ দেওয়া সম্ভব হবে।

(ঙ) সিদ্ধান্তটি সম্পূর্ণরূপে কার্যকর হলে (১) ন্যূনাধিক ১ লক্ষ ৪০ হাজার উদ্বাস্তু পরিবার উপকৃত হবেন এবং (২) প্রায় ৮১ হাজার ৬ শত ৩১ একর জমির স্বত্ব তাঁদের দেওয়া হবে।

Tax for packing fish

361. (Admitted question No. 230.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether any tax is payable by the fishermen for packing fish;

(b) if the answer to (a) is in the affirmative

(i) The rate of such tax, and

(ii) and to whom it is payable;

(c) whether any tax has been imposed upon the fishermen for mixing ice with fishes in the basket; and

(d) if so, the rate of such tax?

The Minister for Fisheries : (a) and (c) No.

(b) (i), (ii) and (d) Does not arise.

পশ্চিমবঙ্গ অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীর শূন্য পদ

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৫।) **শ্রীকানাই ভৌমিক:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় মোট কতজন অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীর পদ শূন্য রয়েছে; এবং

(খ) ঐ শূন্য পদগুলিতে সেক্রেটারী নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়: (ক) ১০৪টি।

(খ) শূন্য পদগুলিতে সেক্রেটারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট প্রার্থীগণকে প্রশিক্ষণ দেওয়া হইতেছে।

Different kinds of taxes imposed upon fishermen in West Bengal

363. (Admitted question No. 220.) **Shri Md. Safiullah :** Will the Minister-in charge of the Fisheries Department be pleased to state—

(a) the kinds of taxes imposed upon the fishermen in West Bengal;

(b) whether there is any tax called "Khutigaritax"; and

(c) if so, (i) the rate of such tax, and (ii) the place where such tax is collected

The Minister for Fisheries : (a) Toll taxes are collected from fishermen wh bring fish for sale at the Fish Landing Ghat, Canning, 24-Parganas.

(b) No.

(c) (i) and (ii) Does not arise.

বেলডাঙ্গায় অবস্থিত চিনিকল

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯২।) **শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গায় অবস্থিত চিনির কলটি চালু করার জন্য সরকার কোন তদন্ত করিয়াছে কি ; এবং

(খ) করিয়া থাকিলে তাহার রিপোর্ট কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) রিপোর্টটি এখনও পরীক্ষাধীন আছে।

State-owned or State controlled Undertakings

365. (Admitted question No. 1943.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state

(a) the names of the State-owned or controlled undertakings earmarked for loan or capital assistance during the ensuing financial year by the Union Government; and

(b) the amount of loan or capital assistance proposed to be given to the undertakings?

The Minister for Public Undertakings : (a) Final decision regarding loan or capital assistance by the Union Government to the undertakings of the Department of Public Undertakings for 1975-76 has not yet been communicated by the Planning Commissioner, Government of India.

(b) Does not arise.

Sewage-fed fisheries in and around Calcutta

366. (Admitted question No. 221.) **Shri Md. Safiullah :** Will the Minister-in charge of the Fisheries Department be pleased to state—

(a) whether there is any sewage-fed fishery in and around Calcutta;

(b) if so, the number thereof;

(c) the quantity of fish produced in these fisheries during 1973-74 (up to 31 January, 1974); and

(d) whether the Government has any control over these fisheries?

The Minister for Fisheries : (a) Yes.

(b) 167.

(c) not known.

(d) No.

Recommissioning of the Producer Gas Plant of the Durgapur Projects Ltd.

367. (Admitted question No. 1938.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Public Undertakings Department be pleased to state the steps taken by the Government to ensure immediate recommissioning of the Producer Gas Plant of the Durgapur Projects Limited?

The Minister for Public Undertakings : The producer gas plant which was given to Bokaro on loan service has since been returned to D.P. Ltd. with 6 Nos. of valves damaged. The Durgapur Projects Limited has taken steps to replace the damaged valves. A few new valves have since been obtained, on getting some urgently needed electrical parts the producer gas plant will be commissioned shortly at Durgapur Projects Ltd.

Small Irrigation Projects

368. (Admitted question No. 1506.) **Shri Birendra Bijoy Malla Deb :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state--

(a) if it is a fact that the Government has a proposal to start a new small irrigation projects in four districts;

(b) if so, the names of the districts where such scheme will be started;

(c) the districtwise estimated expenditure for such projects; and

(d) the tenure of such project?

The Minister for Agriculture : (a) No.

(b), (c) and (d) Does not arise.

Incidence of hydrophobia in West Bengal

369. (Admitted question No. 49.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state -

(a) the number of cases of hydrophobia as obtained from the reports of different health centres of the rural areas in West Bengal from March 1972 to 31st January, 1974;

(b) in how many cases the patients were cured; and

(c) if the Government supply anti—rabics vaccine in rural health centres regularly?

The Minister for Health : (a) The number of cases of hydrophobia as reported by the health centres are as below :

1972—(Provisional figure).
1973—(Provisional figure).
1974 (up to 31st January 1974)—No figure is available as yet.

(b) All such patients died.

(c) Anti-rabic vaccine is supplied on submission of an indent from the Medical Officers of Health Centres, Hospitals and Dispensaries supported with full particulars of animal bite cases.

হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এ্যান্টিবায়োটিক ঔষধ বিতরণ বন্ধ

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের বহির্বিভাগে এ্যান্টিবায়োটিক ঔষধ বিতরণ বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হ'লে—

(১) এইরূপ নির্দ্দেশের কারণ কি; এবং

(২) কবে নাগাদ পুনরায় ঔষধ দেওয়া শুরু হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ইহা আংশিক সত্য। কেবলমাত্র পাহাড়ী অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র ছাড়া অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রের বহির্বিভাগ হ'তে যাতে এ্যান্টিবায়োটিক ঔষধ বিতরণ না করা হয় সেজন্য এক নির্দ্দেশ জারি করা হয়েছে।

(খ) (১) স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রোগের প্রাথমিক চিকিৎসা করা হয়। সেজন্য এ্যান্টিবায়োটিক ঔষধ ব্যবহারের সুযোগ সেখানে সীমিত। আবার এ্যান্টিবায়োটিক ঔষধের যথাযথ প্রয়োগ না হ'লে রোগীর সমূহ ক্ষতি হতে পারে এই কথা চিন্তা করে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

জটিল অবস্থায় রোগীদের স্বাস্থ্যকেন্দ্র থেকে মহকুমা ও সদর হাসপাতালে বিশেষজ্ঞের নিকট পাঠানো হয় এবং প্রয়োজনবোধে রোগীদের সেখানে এ্যান্টিবায়োটিক ঔষধ প্রয়োগ করা হয়ে থাকে।

(২) প্রশ্ন উঠে না।

Spread of hookworm disease at Khanakul

371. (Admitted question No. 50.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the spread of hookworm disease at Khanakul in Hooghly district;

(b) if so—

(i) the reasons thereof,

(ii) the preventive measures taken by Government in this regard; and

(c) whether the Government considers the desirability of sponsoring a scheme for eradication of hookworm from West Bengal?

The Minister for Health : (a) Yes.

(b) (i) The habit of indiscriminate defalcation in the open fields and the reluctance of the common people in the rural areas to use footwear and thus exposing themselves to penetration of the hookworm larva through bare foot.

(ii) The following preventive measures have been taken by Government—

(1) Extensive Health Education Programme have been taken to make people conscious about the disease and possible remedial measures, through distribution of leaflets, display of posters, models, filmshows and group talks.

(2) Patients suffering from hookworm are given treatment with specific drugs like Alkopar, Antipar, Helmacid, Mitazol, etc., at the hospitals and health centres. This is a curative as well as preventive measure since the treatment restricts transmission of the disease.

(c) At present Government is not considering any such scheme.

কুমারচকে স্বাস্থ্যকেন্দ্র

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১০।) **শ্রীকানাই ভৌমিকঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মহিষাদল থানার কুমারচক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে এই স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ কবে নাগাদ শুরু করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কুমারচকে একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন।

(খ) এখনই প্রশ্ন ওঠে না।

মাছের ভেড়ী

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯০২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মৎস্য বিভাগের মন্ত্রি**মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মাছের ভেড়ীগুলি হইতে প্রত্যহ কি পরিমাণ মাছ পাওয়া যায়;

(খ) পশ্চিমবঙ্গে মোট কত বিঘা জমি মাছের ভেড়ীরূপে ব্যবহৃত হয়;

(গ) উক্ত ভেড়ীগুলিতে যেসমস্ত শ্রমিক কাজ করেন তাদের সংখ্যা কত; এবং

(ঘ) উক্ত মাছের ভেড়ীগুলি সরকারী নিয়ন্ত্রণে আনিয়া কর্মরত শ্রমিকদের জীবিকার মান উন্নয়ন ও মাছের উন্নতি বিধানের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে মাছের ভেড়ীগুলিতে দৈনিক ৬৫০ মণ হইতে ৭০০ মণ মাছ উৎপন্ন হয়।

(খ) পশ্চিমবঙ্গে ভেড়ীরূপে ব্যবহৃত মোট জমির পরিমাণ ১,১০,০০০ বিঘা।

(গ) জানা নাই।

(ঘ) ২৪-পরগনা জেলায় উত্তর ও দক্ষিণ লবণ হ্রদের ভেড়ীগুলি সরকারী নিয়ন্ত্রণে আনিয়া নূতন প্রথায় মৎস্য চাষের পরিকল্পনা আছে। এই পরিকল্পনা রূপায়িত হইলে কর্মরত শ্রমিকদের জীবিকার মান উন্নীত হইবে।

বিবড়দা গ্রামে উপস্বাস্থ্যকেন্দ্র

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৪।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি**মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তালড্যাংরা ব্লকে বিবড়দা গ্রামে উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু হইবে; এবং

(গ) উপস্বাস্থ্যকেন্দ্র কিসের ভিত্তিতে করা হয়?

[স্বাস্থ্য বি]ভাগের মন্ত্রিমহাশয় (ক) হ্যাঁ।

(খ) এখন বলা সম্ভব নয়।

(গ) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রতিটি ব্লকে অন্তত ২টি করে উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়।

পশ্চিমবঙ্গে ভেজাল নিরোধক আইন

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২১।) **শ্রীহেমন্ত দত্ত ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালে সেপ্টেম্বর মাসে এই বিধানসভা কর্তৃক অনুমোদিত পশ্চিমবঙ্গ ভেজা নিরোধক আইনটি [দি প্রিভেনসন অফ এডালটেরেশন অফ ফুড, ড্রাগস অ্যা কসমেটিকস (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩] কার্যকরী হইতে কি না;

(খ) না হইলে—

(১) কারণ কি, এবং

(২) কবে নাগাদ কার্যকরী হইতে পারে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ও (খ) বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষা আছে। রাষ্ট্রপতির অনুমোদন পেলেই আইনটি কার্যকরী করা হবে।

সরকারী কৃষিফার্ম

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৫।) **শ্রীনরেশ চন্দ্র চাকী ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি সরকারী কৃষিফার্ম আছে;

(খ) ফার্মগুলিতে মোট কত পরিমাণ জমি আছে;

(গ) ঐ জমিতে বর্তমানে কি কি চাষ হয়; এবং

(ঘ) (১) বীজের ঘাটতি পূরণের জন্য এই সব ফার্মগুলিতে বীজ উৎপাদন ও রক্ষণ বেক্ষণ করা হয় কি; এবং

(২) করা হলে, পশ্চিমবঙ্গের মোট চাহিদার কত অংশ পূরণ করা সম্ভব হয়

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) বর্তমানে ১৯৮টি সরকারী কৃষিফার্ম পশ্চিমব চালু আছে।

(খ) প্রায় ৯০০০ হাজার একর জমি আছে ও তন্মধ্যে ৮০০০ হাজার একর চাষ হ

(গ) প্রধানতঃ ধান, পাট গম ও আলু চাষ হইয়া থাকে। ইহা ছাড়া নানাপ্রকার তৈলবী ও ডালের চাষ হয়। কোন কোন ফার্মে তুলা ও আখের চাষ হইয়া থাকে। নানাপ্রক ফলের চাষ ও ফার্মগুলিতে হইয়া থাকে।

(ঘ) (১) হ্যাঁ। সরকারী কৃষিফার্মে যত্নের সহিত বীজ উৎপাদন ও রক্ষণাবেক্ষণ করা হয়

(২) প্রধান শস্যসমূহের চাহিদার যে অংশটুকু সরকারী ফার্ম হইতে মেটান হইয়া থা তাহা নিম্নরূপ ঃ—

ধান—৮ পার্সেন্ট, গম—৭.৫ পার্সেন্ট, ডাল=১.৫ পার্সেন্ট, তৈলবীজ—১০ পার্সেন্ট, পাট- ১৬ পার্সেন্ট, আলু—৩ পার্সেন্ট, পাট ও গম বীজের চাহিদার ৫০ পার্সেন্ট এবং অন্যা বীজের চাহিদার ৭৫ পার্সেন্ট চাষীরা নিজেরাই সরবরাহ করিয়া থাকে।

নদীয়া জেলায় গম চাষ

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৯।) শ্রীনরেশ চন্দ্র চাকীঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

(ক) ১৯৭৩-৭৪ সালে নদীয়া জেলাতে কত একর জমিতে গম চাষ করবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল;

(খ) উক্ত জমির মধ্যে কত একর জমিতে গম চাষ করা হয়েছে; এবং

(গ) উক্ত জমিতে লক্ষ্য অনুযায়ী গম চাষ না হওয়ার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,৯৫,৪০০ একর।

(খ) ৬০,০০০ একর।

(গ) মুখ্যতঃ বীজ ও সারের অভাবই ১৯৭৩-৭৪ সালে লক্ষ্য অনুযায়ী গম চাষ না হওয়ার কারণ।

নশিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৬।) শ্রীমহঃ দেদার বক্স: স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকের নশিপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের শয্যাসংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

দাসপুর থানায় সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৯।) শ্রীরজনীকান্ত দলুইঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় দাসপুর থানার ১নং ব্লকে একটি সাব-সিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে;

(খ) সত্য হইলে উহার কাজ এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ কত দিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রের গৃহ নির্মাণের দায়িত্ব নতুন করে কনস্ট্রাকশন বোর্ডের উপর দেওয়া হয়েছে। আশা করা যায় শীঘ্রই কাজ সুরু হবে।

(গ) এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

নদীয়া জেলায় মঞ্জুরীকৃত রিভার লিফ্‌ট ইরিগেশন পাম্প

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৩।) শ্রীনরেশ চন্দ্র চাকীঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে নদীয়া জেলায় ব্লকওয়ারী কয়টি করিয়া রিভার লিফ্‌ট ইরিগেশন পাম্প মঞ্জুর হয়েছে;

(খ) রানাঘাট ১নং ও ২নং ব্লকে প্রয়োজনমত উক্ত পাম্প মঞ্জুর না করার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালে নদীয়া জেলায় মোট ১২০টি রিভার লিফ্‌ট ইরিগেশন পাম্প নিম্নলিখিত ব্লকগুলিতে মঞ্জুর করা হয়েছেঃ—

ব্লকের নাম ও সংখ্যা

(১) করিমপুর—১০টি।
(২) তেহট্ট ১নং—১০টি।
(৩) তেহট্ট ২নং—১০টি।
(৪) কালিগঞ্জ—১০টি।
(৫) নাকাশীপাড়া—১০টি।
(৬) নবদ্বীপ—১০টি।
(৭) কৃষ্ণনগর ১নং—৯টি।
(৮) কৃষ্ণনগর ২নং—১০টি।
(৯) কৃষ্ণগঞ্জ—১০টি।
(১০) চাপড়া—১০টি।
(১১) হাঁসখালি—১১টি।
(১২) রাণাঘাট ১নং—৬টি।
(১৩) চাকদহ—৩টি।
(১৪) হরিণঘাটা—১টি।
(১৫) শান্তিপুর—৮টি।

মোট—১২০টি।

(খ) রানাঘাট ১নং ব্লকে ছয়টি প্রকল্প মঞ্জুর করা হইয়াছে; রানাঘাট ২নং ব্লকে নদী সেচ প্রকল্পের জন্য জেলা নিবাচক কমিটি কোন স্থান নির্বাচন করেন নি।

জাঙ্গীপাড়া ইলেকট্রিক অফিস

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৪।) **শ্রীগণেশ হাটুইঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ অধীনে জাঙ্গীপাড়া ইলেকট্রিক অফিসে ১৯৭০-৭১, ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ সালে কমার্শিয়াল, ইণ্ডাস্ট্রিয়াল ও ডোমেসটিক পারপাসে ব্যবহৃত বিদ্যুৎ খরচ বাবদ কত টাকা আদায় হয়েছে;

(খ) এই তিন বৎসরে জাঙ্গীপাড়া ইলেকট্রিক অফিসে কতগুলি সাব-ট্রাকসান মিটার ও কতগুলি সার্ভিস কানেকসান দেওয়া হয়েছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) সময়		গ্রাহকদের কাছ থেকে আদায়ীকৃত টাকা		
		ডোমেস্টিক	কমার্শিয়াল	ইণ্ডাস্ট্রিয়াল
		টাকা	টাকা	টাকা
১৯৭০-৭১	—	৫০,২৯২.৬৪	৩৪,০৩৩.৯০	৬৮,৮৪১.৫০
১৯৭১-৭২	—	৪৮,৩৫০.২৪	৩৩,৯৪০.৬৬	৭১,৫৪১.৪৫
১৯৭২-৭৩	—	৫৬,৫৯৮.৪১	৪০,১৩৮.৭১	৪৫,৭৩০.৪১

(খ) সময়			কয়টি সার্ভিস কানেকসান দেওয়া হয়েছে	কয়টি সাব-ট্রাকসান মিটার দেওয়া হয়েছে
১৯৭০-৭১	—	—	৪০টি	১০টি
১৯৭১-৭২	—	—	৮৭টি	১৮টি
১৯৭২-৭৩	—	—	১০৬টি	১৩টি

Supply of drinking water in rural areas of West Bengal

382. (Admitted question No. 1752.) **Shri Rajani Kanta Doloi : Will the** Minister-in-charge of the Health (Rural Water Supply) Department **be pleased** to state the steps taken by the present Government to improve the supply of drinking water in the rural areas of West Bengal?

The Minister for Health (Rural Water Supply) : The present policy of the State Government is to provide one source of potable water (tubewells wells) for every 400 rural population or at least one source for every village. But in view of actue scarcity of drinking water in rural areas due to some natural calamities such as drought, flood, etc., the State Government sanctioned during 1972-73 a programme for construction of water sources at the rate of 35 sources for development block except 8 blocks of Darjeeling district which are non-tubewell areas. The cost of the programme was estimated at Rs. 300·00 lakhs and was proposed to be met as follows :—

		Rs. in lakhs
(1)	Normal Water Supply Programme .	60.00
(2)	Accelerated Programme under Central Sector	100.00
(3)	Flood Relief Programme	140.00
	Total ..	300.00

About 17,000 sources were constructed under this programme

During the year 1973-74 the State Government sanctioned a programme for construction of 10,137 water source (tubewells wells) for 327 development blocks at 31 sources per block at an estimated cost of Rs. 205.00 lakhs under central sector accelerated and normal water supply programme of this State. Of these more than 5,000 sources have been so far completed.

Life of a tubewell is short. It requires resinking or replacement after 5 to 10 years. The permanent solution lies in execution of piped water supply schemes. But execution of piped water supply schemes requires much capital investment. So limitation of available fund stood in the way of undertaking rural water supply programme in adequate number. If a beginning was made from 1966-67. Sixty-three rural piped water supply schemes have been sanctioned up to 1973-74 including 14 sanctioned in 1966-67. Of these 63 scheme . 18 schemes relate to the hilly areas of Darjeeling district. Besides, the Development and Planning Department sanctioned 17 such piped water supply schemes for the said areas. During the Fifth Plan a programme for execution of piped water supply schemes has been drawn up for the entire State. In the Fifth Plan a provision of Rs. 3,000.00 lakhs has been proposed for rural water supply under the Minimum Needs Programme. More than 500 rural piped water supply schemes will be undertaken and more than 8,500 water sources are proposed to be constructed during the Fifth Plan.

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগে কর্মচারা নিয়োগ

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৬।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস : স্বরাষ্ট্র** (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এই বিভাগে কোন নতুন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি;

(খ) **হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) হ্যাঁ।

(খ) ৫০ জন নিম্নলিখিত পদে নিয়োগ করা হইয়াছে—

-(১) অ্যাসিস্টেন্ট পাইলট ইন্সট্রাক্টর—১ জন।
(২) ড্রাইভার—৩ জন।
(৩) ক্লিনার অ্যাটেনডেন্ট—৯ জন।
(৪) পিওন ও আজ্ঞাবহ পিওন—৬ জন।
(৫) পাম্পম্যান—১ জন।
(৬) ঝাড়ুদার—৩ জন।
(৭) চৌকিদার—৪ জন।
(৮) নিম্নবর্গীয় করণিক—৫ জন।
(৯) নিম্নবর্গীয় মুদ্রিলেখক—৪ জন।
(১০) নিম্নবর্গীয় কোষাধ্যক্ষ—৮ জন।
(১১) ফরাস—১ জন।
(১২) দরওয়ান—১ জন।
(১৩) ইন্সপেক্টর—২ জন।
(১৪) মিস্ত্রী—১ জন।
(১৫) পোদ্দার—১ জন।

বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ডি এ

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৯।) **শ্রী মহঃ দেদার বক্স**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ঘোষণা অনুযায়ী বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী মূল বেতন বাদে যে পৃথক আট টাকা ডি. এ পাইতেন সেই আট টাকা সহ ষোল টাকা ডি এ জানুয়ারী (১৯৭৪)) হইতে মার্চ পর্যন্ত পাইবেন কিংবা উক্ত আট টাকা বাদে ষোল টাকা পাইবেন;

(খ) উক্ত বিষয়ে নির্দিষ্ট নির্দেশ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পাঠান হইয়াছে কি না; এবং

(গ) না হইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জানুয়ারী ১৯৭৪ হইতে পূর্বের ৮ টাকা ডি এ বাদে আরও ১৬ টাকা ডি এ পাইবেন।

(খ) প্রয়োজনীয় নির্দেশ প্রত্যেক জেলা বিদ্যালয় পরিদর্শকের নিকট পাঠান হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

অ্যাপেক্স সোসাইটি হইতে কো-অপারেটিভগুলি মারফৎ সার বিলি

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২০৫।) **শ্রীকানাই ভৌমিক**ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ এবং ১৯৭৩ সালে অ্যাপেক্স সোসাইটি থেকে মোট কত পরিমাণ সার কো-অপারেটিভগুলির মারফৎ বিলি করা হয়েছে; এবং

(খ) ঐ দুই বছরে কো-অপারেটিভ মারফৎ কোন জেলায় কত সার বিলি করা হয়েছে

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ এবং ১৯৭৩ সালে কো-অপারেটিভগুলির মারফৎ যথাক্রমে ৩০,৬৫৩ মেট্রিক টন এবং ৪৬,৯৯৯ মেট্রিক টন পরিমাণ সার বিক্রি করা হয়েছে।

(খ) বিভিন্ন জেলায় যে পরিমাণ সার কো-অপারেটিভ মারফৎ ঐ দুই বছরে বিক্রি করা হয়েছে তা নীচে দেওয়া হলো ঃ—

জেলার নাম			বৎসর ১৯৭২ (মেট্রিক টন)	বৎসর ১৯৭৩ (মেট্রিক টন)
১। বীরভূম	..	..	৩,৫৬৯	৮,৯২০
২। বর্ধমান	..	..	১০,০৮৯	১৩,৯৭৪
৩। মেদিনীপুর	..	..	২,০২৯	৩,৮৯৮
৪। হুগলী	..	..	৬,৩৯৮	৭,৯৬৯
৫। মুর্শিদাবাদ	..	..	২,৯৮৯	২,০৯৭
৬। নদীয়া	..	..	৯০০	২,৮২৫
৭। হাওড়া	..	..	৫৩২	৬৬৯
৮। ২৪-পরগনা	..	..	২,২২৭	১,৯০৮
৯। বাঁকুড়া	..	..	৪৬২	২,৮৬৪
১০। পুরুলিয়া	..	..	৫১	৮৮
১১। মালদা	..	..	[illegible]	১,৭৪৯
১২। জলপাইগুড়ি	..	..	৫০৮	২৯৯
১৩। পশ্চিম দিনাজপুর	..	..	৪৬৯	৯০৭
১৪। কুচবিহার	..	..	৬২৯	৪৫৮
১৫। দার্জিলিং	..	..	৩৫	২৫৪
মোট	..	..	৩০,৬৫৩	৪৬,৯৯৯

কৃষ্ণনগর-রানাঘাট স্টেট হাইওয়ে

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৯।) শ্রীনরেশ চন্দ্র চাকী ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর-রানাঘাট স্টেট হাইওয়ে (বীরনগর তাহেরপুর হয়ে) নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) ঐ রাস্তাটির নির্মাণকার্য কোন সালে মঞ্জুর হয়েছে;

(গ) উক্ত রাস্তা নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ হয়েছে এবং তন্মধ্যে কত টাকা অদ্যাবধি ব্যয় হয়েছে;

(ঘ) কবে নাগাদ উহার নির্মাণকার্য সম্পূর্ণ হবে বলে আশা করা যায়; এবং

(ঙ) উক্ত রাস্তাটির নির্মাণকার্য শেষ করতে আর কত টাকা প্রয়োজন হবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৫½ মাইল রাস্তার ৯½ মাইল পীচের কাজ হইয়া গিয়াছে। ইহা ছাড়া 8 মাইল ঝামার কাজ এবং ½ মাইল মাটির কাজ পর্যন্ত হইয়া আছে।

(খ) দ্বিতীয় পরিকল্পনাকালে রাস্তাটি নির্মাণের সিদ্ধান্ত হয়।

(গ) আনুমানিক ব্যয়বরাদ্দ ৩২,২০,০০০ টাকা ধরা হইয়াছিল। অদ্যাবধি ৩০,৪৪,০০ টাকা ব্যয় হইয়াছে।

(ঘ) যথেষ্ট অর্থের সংস্থান, প্রয়োজনীয় ভূমির দখল এবং অন্যান্য আনুসঙ্গিক বাধা দূ হইলে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে নির্মাণকার্য সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়

(ঙ) ব্রীজ সহ রাস্তা নির্মাণ করিতে অনুমানিক আরও ২০,০০,০০০ টাকা প্রয়োজন হবে

ভৈরবপুর হইতে দাঁতনা (ভায়া করণজোড়া) রাস্তা

৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯২।) শ্রীকাশীনাথ মিশ্রঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভৈরবপুর হইতে দাঁতনা (ভায়া করণজোড়া) রাস্তাটি বর্তমানে কি অবস্থায় আছে এবং

(খ) উক্ত রাস্তার কাজ কবে নাগাদ শুরু হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) উক্ত নামের কোন রাস্তা বর্তমা পরিকল্পনার অন্তর্ভুক্ত নহে; সুতরাং কাজ শুরু করার কোন প্রস্তাব নাই।

পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার ডেবরা থানায় নূতন রাস্তা

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৩।) শ্রীরবীন্দ্রনাথ বেরাঃ পূর্ত (সড়ক) বিভাগে মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ডেবরা থানায় পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কয়টি রাস্তার স্থা গ্রহণ করা হইয়াছে;

(খ) এই রাস্তাগুলির জন্য কোন টাকা বরাদ্দ হয়েছে কিনা এবং বরাদ্দ হয়ে থাক টাকার পরিমাণ কত?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা এখন চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজের বাস

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮।) শ্রীকাশীনাথ মিশ্রঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের ছাত্রছাত্রীদের জন্যে প্রা এক লক্ষ টাকা খরচ করিয়া একটি বাসের ব্যবস্থা করা হইয়াছে;

(খ) সত্য হইলে—

(১) উক্ত বাসটি তৈয়ারী করার কারণ কি,
(২) গাড়ীটি কোন মডেলের এবং অন্যান্য সরঞ্জাম ও বডি ইত্যাদি খরচা বাব কত ব্যয় টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) বর্তমানে উক্ত কলেজ এবং হাসপাতালে কয়টি অ্যাম্বুলেন্স চালু আছে এবং কয়া অকেজো অবস্থায় পড়িয়া আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কলেজ ও হাসপাতালের বিভিন্ন ইউনিটে ছাত্রছাত্রীদের যাতায়াতের সুবিধার জন্যে।

(২) মডেল—টাটা এল. পি. ১২১০ডি চেসিস, বডি নির্মাণ এবং অন্যান্য সরঞ্জামসহ মোট ১,০৯,৩৪২.৯৬ টাকা ব্যয় হয়েছে।

(গ) দুটি চালু অবস্থায় আছে এবং একটি অকেজো হয়ে রয়েছে।

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের উন্নয়ন

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৯।) **কাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের সাবিক উন্নয়নের জন্য কোন খাতে কত টাকা বরাদ্দ করা হইয়াছিল এবং কত টাকা উক্ত তারিখ পর্যন্ত ব্যয় হইয়াছে,

(খ) বর্তমানে হাসপাতালের উন্নতির জন্য কি কি কাজ চলিতেছে, এবং

(গ) জনসাধারণের জন্য গোবিন্দনগর এবং লোকপুর হাসপাতালে বিশ্রামাগার এবং পানীয় জলের ব্যবস্থার কাজ কবে নাগাত সুরু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিভিন্ন খাতে বরাদ্দের ও খরচের পরিমাণ নিম্নরূপ ঃ

বরাদ্দ ও খরচ

(১) নির্মাণ খাতে আনুমানিক নির্মাণকার্য ৩৯.০০ লক্ষ টাকা (পূর্ত বিভাগের পরিচালনায় সম্পন্ন হয়। উক্ত বিভাগে খরচের তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে)।

(২) যন্ত্রপাতি ইত্যাদি খাতে ৫.৬৯ লক্ষ টাকা—১.০০ লক্ষ টাকা।

(৩) জল সরবরাহ খাতে—২.৬২ লক্ষ টাকা (কাজ আরম্ভ হয়েছে। খরচের তথ্য সংগ্রহ করা হচ্ছে)।

(৪) টেলিফোন খাতে—০.০৩ লক্ষ টাকা (টেলিফোন বসানোর কাজ সুরু হয় নি)।

(খ) একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 390

চলতি কাজের বিবরণ

(১) বাঁকুড়া জেলা হাসপাতাল এ্যানেকসির নীচের এবং দোতালার সম্প্রসারণ এবং উপরে নূতন তিনতলা নির্মাণ।

(২) একটি দোতালা ক্যাজুয়েলটি ব্লক নির্মাণ।

(৩) ১০০ জন নার্সের জন্য একটি চারতলা আবাসগৃহ নির্মাণ।

(৪) একটি ইন্সিনরাটর নির্মাণ।

(৫) ক্যানটিনসহ রোগী ও আত্মীয়স্বজনদের বিশ্রামাগার নির্মাণ।

(৬) ১০০ জন হাউস স্টাফদের জন্য একটি চারতলা আবাসগৃহ নির্মাণ।

(৭) হাসপাতালের স্ত্রীরোগের ওয়ার্ডকে অপারেশান থিয়েটারে পরিবর্তন এবং নূতন সার্জিক্যাল ঘর ও স্টেরিলাইজেসান ঘর নির্মাণ।

(৮) জল সরবরাহ ব্যবস্থার উন্নতির কাজ।

(৯) নার্সদের হোস্টেলের উপর নূতন তলা নির্মাণ।

(গ) পানীয় জল সরবরাহ বৃদ্ধি ব্যবস্থার কাজ চলছে।

গোবিন্দনগরে বিশ্রামাগার নির্মাণের কাজ সুরু হয়েছে। লোকপুরের জন্য বিশ্রামাগার নির্মাণের বিষয়টি বিবেচনাধীন আছে।

সরকারী হাসপাতাল, স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের চাহিদা

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮০।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী হাসপাতাল, স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য বর্তমানে মোট কতজন ডাক্তার প্রয়োজন;

(খ) বর্তমানে মোট কতজন ডাক্তার স্বাস্থ্য দপ্তরের অধীনে কার্যরত আছেন; এবং

(গ) উক্ত বিভাগের শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ৪৪৫ জন।

(খ) ৪৫৫০ জন।

(গ) নিম্নলিখিত ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন ঃ---

(১) শূন্যপদগুলি পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে অবিলম্বে প্রার্থী মনোনীত করতে এবং সমস্ত যোগ্য প্রার্থীকে প্যানেলভুক্ত করতে অনুরোধ করা হয়েছে।

(২) নন্-গেজেটেড মেডিক্যাল অফিসার নিয়োগ করে কিছু শূন্যপদ পূরণ করার চেষ্টা হচ্ছে।

মেডিক্যাল বোর্ড

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) এই রাজ্যে মেডিক্যাল বোর্ড নামে কোন বোর্ড আছে কিনা;

(খ) থাকিলে, ঐ বোর্ড দ্বারা কি ধরণের রুগীদের চিকিৎসা হয়;

(গ) বিজ্ঞানাচার্য অধ্যাপক সত্যেন্দ্রনাথ বসুর চিকিৎসার জন্য কোন বোর্ড গঠিত হইয়াছিল কিনা; এবং

(ঘ) জাতীয় অধ্যাপকের চিকিৎসার জন্য কেন্দ্রীয় সরকার কোন ব্যবস্থা করিয়াছিলেন কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ঐ বোর্ড দ্বারা কোন প্রকার রোগীরই চিকিৎসা হয় না।

(গ) না, কোনও অনুরোধ আসেনি।

(ঘ) কেন্দ্রীয় সরকার কোন ব্যবস্থা করলে আমাদের জানাবেন।

কলকাতা থেকে অভিজ্ঞ ডাক্তারদের মফঃস্বলের হাসপাতালে বদলি

৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) শ্রীনরেশচন্দ্র [illegible]ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মফঃস্বলগুলিতে [illegible] সুচিকিৎসার জন্য কলকাতা থেকে পর্যায়ক্রমে [illegible] ডাক্তারদের মফঃস্বলে পাঠানোর কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি;

(খ) করে থাকলে ঐ পরিকল্পনা [illegible] হয়েছে; এবং

(গ) উক্ত পরিকল্পনা বাস্তবে রূপায়ণের পথে [illegible] বাধা থাকলে তাহা দূরীকরণ কল্পে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, প্রতি বৎসরই কলকাতা থেকে অভিজ্ঞ বিশেষজ্ঞদের মফঃস্বলের হাসপাতালে বদলি করা হয়।

(খ) বর্তমান বৎসরেও কিছু বিশেষজ্ঞ চিকিৎসককে কলকাতা থেকে মফঃস্বলের হাসপাতালে বদলির আদেশ দেওয়া হয়েছে।

(গ) কোন বাধা নাই।

মেদিনীপুরে মেডিক্যাল কলেজ স্থাপন

৬৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৭।) শ্রীরজনীকান্ত দলুইঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুরে মেডিক্যাল কলেজ স্থাপনের [illegible] অগ্রসর হইয়াছে; এবং

(খ) কবে নাগাত উক্ত মেডিক্যাল কলেজ স্থাপনের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুরে মেডিক্যাল কলেজ স্থাপনের বিষয়ে কোনো সিদ্ধান্ত নেয়া হয়নি। পরিকল্পনা কমিশন স্থির করেছেন চতুর্থ পরিকল্পনাকালে দেশে কোন নূতন মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে না।

(খ) প্রশ্ন ওঠে না।

নদীয়া জেলার সিরামিক কারখানা

৬৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৪।) শ্রীনিতাইপদ সরকারঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার আর. আই. সি. পরিচালনাধীন সিরামিক কারখানাটি বর্তমানে বন্ধ হইয়া রহিয়াছে;

(খ) সত্য হইলে,—

(১) ইহার কারণ কি; এবং

(২) উক্ত কারখানা খুলিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) বছর বছর লোকসানের মাত্রা অতিরিক্ত বৃদ্ধি পাওয়ায় এবং ৮টি সহায়ক সংস্থার নিকট হইতে বকেয়া টাকা দীর্ঘদিন আদায় না হওয়াই ইহার কারণ।

(২) উক্ত কারখানা খোলা, না-খোলা কেন্দ্রীয় সরকারের বিবেচ্য বিষয়।

কেন্দুপাতা

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৩।) **শ্রীকাশীনাথ মিশ্র:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের জানুয়ারী মাস হইতে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত জেলাওয়ারী কোন্ কোন্ এলাকায় সরকার কি পরিমাণ কেন্দুপাতা সংগ্রহ করিয়াছেন;

(খ) উক্ত সময়ে সংগৃহীত কেন্দুপাতা হইতে সরকারের কত টাকা আয় হইয়াছে; এবং

(গ) কেন্দুপাতা সংগ্রহ জাতীয়করণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি এবং থাকিলে কোন্ সময় উহা কার্যকর হইবে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কেন্দুপাতা সরকারী তরফে সংগ্রহ করা হয় না। ইহা নীলাম অথবা টেণ্ডারের মাধ্যমে ব্যবসায়ীদের নিকট বিক্রয় করা হইয়া থাকে। সুতরাং বন বিভাগের পক্ষে কেন্দুপাতা সংগ্রহের পরিমাণ জানানো সম্ভব নয়।

(খ) ১০,৫৫,৫৫৪ টাকা।

(গ) এই ধরণের কোনও পরিকল্পনা সরকারের নাই।

পরিবার পরিকল্পনা

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৭।) **শ্রীশিশিরকুমার সেন:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পরিবার পরিকল্পনা খাতে সরকার কত টাকা ব্যয় করিয়াছেন;

(খ) ঐ সময়ের মধ্যে কতজন নরনারী পরিবার পরিকল্পনায় অংশ গ্রহণ করিয়াছেন; এবং

(গ) ঐ পরিকল্পনায় বিভিন্ন পদ্ধতির মধ্যে কোন পদ্ধতি পশ্চিমবাংলা জনসাধারণ বিশেষ ভাবে গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৬ কোটি ৩৪ লক্ষ ৩৮ হাজার টাকা।

(খ) ৩ লক্ষ ২০ হাজার ৮ শত ২৭ জন।

(গ) পুরুষদের নিবীজকরণ অস্ত্রোপচার (ভেসেক্টমি অপারেশন) বিশেষভাবে গৃহীত হইয়াছে।

পুরুলিয়া জেলায় লাক্ষা উৎপাদনের জন্য কুসুম গাছ

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৮।) **শ্রীশরৎ দাস ঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উন্নত ধরনের লাক্ষা উৎপাদনে পুরুলিয়া জেলার কুসুম গাছই শ্রেষ্ঠ;

(খ) সত্য হইলে, ঐ জেলায় এই গাছের সংখ্যা কত ও বর্তমান বৎসরে লাক্ষা বাবদ ঐ জেলায় লাক্ষা চাষীদের কত টাকা আয় হইয়াছে;

(গ) উক্ত কুসুম গাছ ব্যাপকভাবে লাগানোর জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে তাহা কি,

(ঘ) যেসব কুসুম গাছ বর্তমানে আছে তাহার রক্ষণাবেক্ষণ এবং ভালভাবে এই গাছের চাষ আবাদের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন এবং এ বাবদ ১৯৭৩-৭৪ সালে কত টাকা ধার্য করিয়াছেন; এবং

(ঙ) ১৯৭৩-৭৪ সালে সরকার পুরুলিয়া জেলায় নূতন প্ল্যান্টেসনে মোট কত টাকার এবং কয়টি গাছ লাগাইয়াছেন এবং তাহার মধ্যে লাক্ষা উৎপাদনকারী কুসুম ও কুলগাছের সংখ্যা কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হাঁ।

(খ) গণনা ব্যতিরেকে প্রকৃত সংখ্যা বলা সম্ভব নয়। লাক্ষা বাবদ ঐ জেলায় লাক্ষা-চাষীদের কত টাকা আয় হইয়াছে বন বিভাগে সে সম্পর্কে কোন তথ্য নাই।

(গ) কুসুম গাছ ব্যাপকভাবে লাগানোর জন্য বন বিভাগ কোন ব্যবস্থা গ্রহণ করে নাই।

(ঘ) এ বিষয়ে বন বিভাগ কোন ব্যবস্থা গ্রহণ করে নাই, সুতরাং ১৯৭৩-৭৪ সালে টাকা ধার্যের প্রশ্ন ওঠে না। কয়েকটি অঞ্চলে লাক্ষা উন্নয়ন-পর্ষৎ লাক্ষা উৎপাদনকারী কুসুম গাছগুলির কর্তৃত্ব গ্রহণ করিয়াছেন।

(ঙ) ১৯৭৩-৭৪ সালে পুরুলিয়া জেলায় নূতন প্ল্যান্টেসন বাবদ পুরুলিয়াস্থিত বনাধিকারিক আনুমানিক ২,৪০,৯৫০ টাকা ব্যয় করিয়াছেন এবং মোট গাছের সংখ্যা হইল ১০,৯২,৫০০। কিছু কুসুম গাছ লাগান হইয়াছে তবে কুল গাছ লাগানো হয় নাই।

Post of Medical Officer in Belda Primary Health Centre

399. (Admitted question No. 1829.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be pleased to refer to G.O. No. Estt.4612/DHS/HPT/5A-22/72-II, Calcutta, dated 22nd June 1973 and to state –

(a) whether the said doctor mentioned in the G.O. has since joined the post of Medical Officer in Belda P.H.C.;

(b) if not,—

(i) the reasons thereof; and

(ii) the action taken by the Government in this respect?

The Minister for Health : (a) No.

(b) (i) No substitute could be posted in his place due to dearth of Medical Officers of the West Bengal Health Service.

(b) (ii) The Chief Medical Officer of Health, Murshidabad, was requested to release the Medical Officer (Dr. K. K. Dutta) under local arrangement. As no local arrangement could be made by the Chief Medical Officer of Health the Medical Officer could not be released.

Untouchability (Offences) Act, 1955

400. (Admitted question No. 1553.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Relief and Welfare Department be pleased to state—

(a) the number of cases in which action has been taken by the State Government under the Untouchability (Offences) Act, 1955, during 1973; and

(b) the nature of offences and the penalties imposed?

The Minister for Relief and Welfare : (a) No such case instituted under the Untouchability (Offences) Act, 1955, during 1973.

(b) The question does not arise.

মেদিনীপুর জেলায় বন বিভাগের জমিতে বিড়িপাতা

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৩।) **শ্রীকানাই ভৌমিক :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বন বিভাগের কত একর জমিতে বিড়িপাতা পাওয়া যায়;

(খ) সরকার ঐ বিড়িপাতা সরাসরি সংগ্রহ করেন কিনা;

(গ) ঐ বিড়িপাতা সংগ্রহ ও বিক্রয়ের জন্য সরকার বর্তমানে কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(ঘ) গত ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে ঐ বিড়িপাতা বিক্রয় করিয়া সরকারের কত টাকা আয় হয়েছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) প্রায় ৩,৫১,৩৬০ একর জমিতে বিড়িপাতা পাওয়া যায়।

(খ) না।

(গ) মেদিনীপুর জেলায় বিড়িপাতা নীলামের মাধ্যমে ক্রয়কারীদের নিকট তিন বৎসরের লিজে বিক্রয় করা হয়।

(ঘ) বিড়িপাতা বিক্রয় করিয়া সরকারের ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে যথাক্রমে ১,৪০,৯০৯ টাকা এবং ১,৬৬,৩৯৬ টাকা আয় হইয়াছে।

পশ্চিম বাংলায় উদ্বাস্তু কলোনী

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯০।) **শ্রীঅনন্তকুমার ভারতী :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী প্রচেষ্টায় এ পর্যন্ত পশ্চিম বাংলায় কতগুলি উদ্বাস্তু কলোনী গড়িয়া উঠিয়াছে;

(খ) বেসরকারী প্রচেষ্টায় পশ্চিম বাংলায় কতগুলি উদ্বাস্তু কলোনী গড়িয়া উঠিয়াছে;

(গ) সরকারী ও বেসরকারী প্রচেষ্টায় পশ্চিম বাংলায় যে সমস্ত উদ্বাস্তু কলোনী গড়িয়া উঠিয়াছে তাহাতে কি পরিমাণ জমি প্রয়োজন হইয়াছে;

(ঘ) যে সমস্ত জমিতে উদ্বাস্তু কলোনী স্থাপিত হইয়াছে তাহার কত অংশ বাস্তু জমি ও কত অংশ কৃষি জমি;

(ঙ) এখনও যে সমস্ত উদ্বাস্তুকে পশ্চিম বাংলায় পুনর্বাসন দিতে বাকী আছে তাহাদের জন্য কত জমি লাগিবে; এবং

(চ) পশ্চিম বাংলায় উক্ত প্রয়োজনীয় জমি সংগ্রহ করা যাইবে কিনা?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫২৮।

(খ) ১,১০৩।

(গ) সরকারী উদ্যোগে স্থাপিত কলোনীগুলির জন্য ৭৯ হাজার ২ শত ২৯ একর এবং [অ]ধিকরণযোগ্য জবরদখল কলোনীর জন্য ২ হাজার ১ শত ২ একর জমি লাগিয়াছে। তদ্ব্যতীত বেসরকারী প্রচেষ্টায় স্থাপিত কলোনীগুলির পরিমাণ এখনও পরিমাপ করা হয় [না]ই।

(ঘ) উল্লিখিত জমির মধ্যে ২৩ হাজার ৩ শত ৮৪ একর বাস্তু ও ৫৭ হাজার ৯ শত ৪৭ [এ]কর কৃষি জমি।

(ঙ) প্রায় ৩ হাজার ৫ শত ৫৫ একর।

(চ) আশা করা যায়, ইহা সম্ভব হইবে।

জমিদারী ও মধ্যস্বত্ব লোপের পর ক্ষতিপূরণ বাবত সরকার কর্তৃক প্রদত্ত অর্থ

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জমিদারী এবং মধ্যস্বত্ব লোপের পর ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত ক্ষতিপূরণ বাবত জেলাওয়ারী কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) উক্ত বাবত জেলাওয়ারী কত টাকার প্রয়োজন; এবং

(গ) জেলাওয়ারী ক্ষতিপূরণের তালিকা কবে প্রকাশিত হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনে ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত যে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে তাহার একটি জেলাওয়ারী তালিকা নিম্নে দেওয়া হইল ঃ—

জেলার নাম ও ক্ষতিপূরণের পরিমাণ (টাকা)

বাঁকুড়া—৯,৬০,৫৮,৯৮০
বীরভূম—২,০১,৬৪,২৯৯
বর্ধমান—৮,৯৫,৮৬,৪৫৫
কোচবিহার—২,৩৪,৯৩,২০৬
দার্জিলিং—৭৬,৯১,৯৮৮
হুগলী—২,২৬,৯৮,৩২৭
হাওড়া—১,৯৬,৯৫,০৬৪
জলপাইগুড়ি—১,৭৭,২২,৫৪৬
মালদা—১,৩১,৫৭,৩০৮
মেদিনীপুর—৯,৯৮,৮২,৯৩১
মুর্শিদাবাদ—২,৬১,০৮,৩৯৭
নদীয়া—১,৪২,৯৬,৮৭৭
পুরুলিয়া—১৩,৪৮,৮৫০
পশ্চিম দিনাজপুর—৯৩,৯১,৪৩৬
২৪-পরগনা—৯,৯৮,৮৬,০৩১

মোট—৫৫,২৭,২১,০৯৫ টাকা

(খ) এ প্রশ্নের উত্তর এখনই দেওয়া সম্ভব নয়, কারণ সমস্ত ক্ষতিপূরণের তালিকা এখ
প্রস্তুত করা যায় নাই।

(গ) জেলাওয়ারী কত ক্ষতিপূরণের তালিকা ৩১এ ডিসেম্বর পর্যন্ত প্রকাশিত হইয়া
তাহার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ—

জেলার নাম ও ক্ষতিপূরণের তালিকার সংখ্যা ঃ

মালদা—২৫,৭৪৬

পশ্চিম দিনাজপুর—৫৫,১৮৬

বর্ধমান—২,৯৬,১৬৯

বাঁকুড়া—২,৯১,০৭৪

২৪-পরগনা—৫,৬৯,৬৮৩

মেদিনীপুর—২,০০,৬৫৩

মুর্শিদাবাদ—২,১৪,৬৪০

বীরভূম—১,৫৯,৯৭৭

হাওড়া—১,৩১,৭৩২

হুগলী—১,৬৪,৪৭৯

নদীয়া—১,২৪,৯৪৬

কোচবিহার—৪৪,০৮৩

জলপাইগুড়ি—৩৩,৪৬৫

দার্জিলিং—৪,৬৮৪

পুরুলিয়া—৭,৮৩৫

মোট—২৩,২৪,৩৫২টি

বাঁকুড়া জেলায় গভীর নলকূপ

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪২।) শ্রীকাশীনাথ মিশ্র ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশ
অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় রিগের অভাবে গভীর নলকূপ খননের কাজ ব্যা
হইয়াছে, ফলে জেলার বিভিন্ন স্থানে উক্ত নলকূপের কাজ কার্যকরী করা স
হইতেছে না; এবং

(খ) সত্য হইলে,—

(১) ১৯৭২ সাল হইতে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত নলকওয়ারী ক
গভীর নলকূপের কাজ মঞ্জুর করা হইয়াছিল; এবং

(২) উক্ত কাজের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছিল?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলায় সরকারী পানীয় জলের নলকূপ ও কূপ

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৯।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কয়টি সরকারী পানীয় জলের নলকূপ ও কূপ আছে;

(খ) তাহার মধ্যে কতগুলি কার্যকরী ও কতগুলি অকেজো;

(গ) অকেজো নলকূপ ও কূপগুলি সংস্কার করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, কতদিনের মধ্যে ঐগুলি সংস্কার করা হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলায় বর্তমানে সরকারী পানীয় জলের নলকূপ ও কূপের সংখ্যাঃ—

নলকূপ—১৭৩৮টি।

কূপ—৫৭২৪টি।

(খ) কার্যকরী ও অকেজো নলকূপের হিসাবঃ—

কার্যকরী নলকূপ—১৬৩৫টি।

কার্যকরী কূপ—৫৬৭৪টি।

অকেজো নলকূপ—১০৩টি।

অকেজো কূপ—৫০টি।

(গ) হ্যাঁ।

(ঘ) অকেজো নলকূপ পুনর্খননের ব্যাপারে ব্লক লেভেল ওয়াটার সাপ্লাই কমিটিগুলির সহিত পরামর্শক্রমে বি.ডি.ও সিদ্ধান্ত নেন। সেই সিদ্ধান্ত অনুযায়ী বি.ডি.ও-এর তত্ত্বাবধানে পুনর্খননের কাজগুলি করা হয়। ৪০০ জন পিছু ১টি এবং প্রতি গ্রামে অন্ততঃ একটি নলকূপ স্থাপনের এই সরকারী নীতি এক্ষেত্রে মেনে চলা হয়।

নলকূপের সাধারণ মেরামতিগুলি সংবাদ পাওয়ার ৭ দিনের মধ্যে যাতে সমাধা হয় সে সম্পর্কে প্রত্যেক বি.ডি.ও-কে নির্দেশ দেওয়া আছে।

আশা করা যায় অল্প কয়েকদিনের মধ্যে সংস্কারের কাজ শেষ হবে।

ভূমি সংস্কার আইন সংশোধনের পর জমির খাস দখল ও বিলি বণ্টন

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬০।) **শ্রীনিতাইপদ সরকারঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূমি সংস্কার আইন সংশোধিত হওয়ার পর ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৪ পর্যন্ত মোট কত একর জমি সরকারের খাস দখলে আসিয়াছে;

(খ) উক্ত জমির পরিমাণ কোন্ জেলায় কত; এবং

(গ) উক্ত জমির মধ্যে কত জমি ২৮এ ফেব্রুয়ারী ১৯৭৪ পর্যন্ত বিলি বণ্টনের ব্যবস্থা হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ)—

জেলার নাম					জানুয়ারী, ১৯৭৪ অবধি সরকারে ন্যস্ত জমির পরিমাণ (একর)
পুরুলিয়া—	—	—	—	—	৪,৫৬৯
বীরভূম —	—	—	—	—	৩,৪৩৫
বাঁকুড়া —	—	—	—	—	১,৫৪৭
মালদা —	—	—	—	—	১,৮৫০
দার্জিলিং	—	—	—	—	১,১৮০
মেদিনীপুর	—	—	—	—	১৪,৫১৪
মুর্শিদাবাদ	—	—	—	—	২,৪৪৭
জলপাইগুড়ি	—	—	—	—	৮,৫৩৯
নদীয়া —	—	—	—	—	৭৪৫
পশ্চিম দিনাজপুর	—	—	—	—	৪,৩৩৩
বর্ধমান —	—	—	—	—	৩,৮৩৬
কুচবিহার	—	—	—	—	২,৬৯৩
হুগলী —	—	—	—	—	৭৮৩
হাওড়া —	—	—	—	—	১৭১
২৪-পরগনা	—	—	—	—	৪,৫১২
				মোট—	৫৫,১৫৪

(গ) মোট ৪,৯২৬ একর জানুয়ারী, ১৯৭৪ অবধি বিলি করা হইয়াছে। বিতরণের কা... ত্বরান্বিত করার জন্য জেলা অফিসারদের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

বীরভূম জেলায় নিরাময় যক্ষ্মা হাসপাতাল

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৮।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ... অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নিরাময় যক্ষ্মা হাসপাতালে কতজন রোগীর আসন সংখ্যা আছে;

(খ) সমস্ত আসনে কি সব সময়ে রোগী থাকেন;

(গ) বর্তমানে উক্ত হাসপাতালে কতজন রোগী আছেন;

(ঘ) সরকার উক্ত হাসপাতালটিকে বাৎসরিক কত টাকা অনুদান দেন;

(ঙ) কেন্দ্রীয় সরকার কোন টাকা দেন কি না এবং দিলে কত টাকা;

(চ) উক্ত হাসপাতালটিতে ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে পরিচালনার্থে কত টা... করিয়া ব্যয় হইয়াছিল;

(ছ) কিভাবে উক্ত হাসাপাতালটি পরিচালিত হয়;

(জ) সরকারের উক্ত হাসপাতালটিতে কোন নিয়ন্ত্রণ আছে কি না; এবং

(ঝ) উক্ত হাসপাতালে কিভাবে রোগী ভর্তি করা হয়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৩১টি শয্যার সংস্থান আছে, তবে ৩১১টি শয্যা চালু আছে।

(খ) না।

(গ) ২৫৯ জন (২৯এ মার্চ, ১৯৭৪)।

(ঘ) স্বাস্থ্য বিভাগে ২৫টি সংরক্ষিত শয্যার রক্ষণাবেক্ষণের জন্য বছরে একলক্ষ টাকার কিছু বেশী অনুদান দিয়ে থাকেন।

(ঙ) এ বিষয়ে কোন বিবরণ স্বাস্থ্য দপ্তরে নেই।

(চ) ১৯৭১-৭২ সালে টাকা ১২,৫০,৭৫৭,৫৪, ১৯৭২-৭৩ সালে টাকা ১৪,২৩,৮৪৬.০৬।

(ছ) নিরাময়ের জেনারেল কাউন্সিল এক্সিকিউটিভ কমিটি এবং উক্ত হাসপাতালের সদস্যরা কমিটি হাসপাতালটি পরিচালনা করেন।

(জ) ইহা একটি বে-সরকারী হাসপাতাল, তাই সরকারের নিয়ন্ত্রণ থাকার প্রশ্ন উঠে না।

(ঝ) স্বাস্থ্যদপ্তর কর্তৃক সংরক্ষিত ২৫টি শয্যায় স্বাস্থ্য অধিকারের অধীন সেন্ট্রাল সিলেকশন কমিটির সুপারিশক্রমে রোগী ভর্তি করা হয়। অন্যান্য সংরক্ষিত শয্যার ক্ষেত্রে সংরক্ষণকারী সংস্থার সুপারিশের ভিত্তিতে স্যানাটোরিয়াম কর্তৃপক্ষ রোগী ভর্তি করে থাকেন। অসংরক্ষিত শয্যায় স্যানাটোরিয়ামের নিজস্ব নিয়মানুযায়ী রোগী ভর্তি হয়।

কংসাবতী নদীতে মৎস্য চাষ

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কংসাবতী নদীতে মাছ চাষের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(খ) উক্ত নদীতে ১৯৭১ সাল হইতে ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত কি পরিমাণ মাছ চাষ করা হইয়াছিল; এবং

(গ) উক্ত চাষ হইতে বাৎসরিক আয়ের পরিমাণ কত?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কংসাবতী ও কুমারী নদীর উপর নির্মিত বাঁধের দ্বারা সৃষ্ঠিত সাধারণ জলাধারে মাছের চারাপোনা ছাড়িয়া মৎস্য চাষ করার পরে জলাধারে মৎস্য চাষের বিভিন্ন সমস্যা অনুধাবন করার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল—

(১) পরীক্ষামূলকভাবে ১৯৭২ সাল হইতে মৎস্য অধিকার মৎস্য শিকার করিতেছেন।

(২) কেন্দ্রীয় অন্তর্দেশীয় মৎস্য গবেষণা সংস্থার (সেন্ট্রাল ইনল্যাণ্ড ফিসারিজ রিসার্চ ইনস্টিটিউট) সহযোগিতায় জলাধারে মৎস্য চাষের বিভিন্ন সমস্যা সম্বন্ধে গবেষণার একটি প্রকল্প অনুযায়ী মৎস্য অধিকার ১৯৭২ সাল হইতে কাজ করিতেছেন।

(৩) আগামী আর্থিক বৎসর (১৯৭৪-৭৫) হইতে স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট কর্পোরেশন উক্ত জলাধারে মাছ চাষ করিবেন।

(খ) উক্ত সময়ে কোন মাছ ছাড়া হয় নাই।

(গ) পরীক্ষামূলক মৎস্য শিকারের কর্মসূচী অনুযায়ী মৎস্য শিকার করিয়া বাৎসরিক গড় আয় ৩৭,০০০ টাকা হইয়াছে।

পশ্চিমবঙ্গের হাসপাতালে মস্তিষ্ক অপারেশনের ব্যবস্থা

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গের কোন হাসাপাতালে বর্তমানে মস্তিষ্ক অপারেশনের কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) ইহা কি সত্য যে, ব্রেন বা মস্তিষ্ক অপারেশনের একটি যন্ত্র (মাইক্রোস্কোপিক মেসিন) মেডিক্যাল কলেজে দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি;

(ঘ) বর্তমানে কলিকাতার কোন হাসপাতালে মস্তিষ্ক অপারেশন বিশেষজ্ঞ কোন ডাক্তার আছেন কিনা; এবং

(ঙ) থাকিলে কোন্ হাসপাতালে এবং তিনি কিভাবে কাজ করিতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) আছে।

(খ) সত্য নহে।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) আছেন।

(ঙ) —

হাসপাতালের নাম এবং বিশেষজ্ঞের নাম ও পদ

(১) মেডিক্যাল কলেজ হাসপাতাল—
ডাঃ বিনয়গোপাল চক্রবর্তী, রীডার।
ডাঃ সুনীলচন্দ্র চট্টো: , জুনিয়ার নিউরো-সার্জেন।

(২) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল--
ডাঃ অশোককুমার বাগচী, প্রফেসর।
ডাঃ মহম্মদ আবদুল ওয়াসেক, লেকচারার।

(৩) এস, এস, কে, এম, হাসপাতাল ও বাঙুর ইনস্টিটিউট অব্ নিউরোলজি--
ডাঃ আর, এন, চ্যাটার্জী, প্রফেসর।
ডাঃ আর, এন, রায়, প্রফেসর।
ডাঃ শিশিরকুমার সরকার, এ্যাসোসিয়েট প্রফেসর।

(৪) কলিকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতাল (চিত্তরঞ্জন হাসপাতাল)--
ডাঃ দুর্গাদাস রায়চৌধুরী, রীডার।

মৎস্য চাষের উন্নতি

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৩।) **শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, মৎস্যচাষের উন্নতির জন্য সরকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(খ) সত্য হইলে, এই রাজ্যে মৎস্যচাষের উন্নতির জন্য পূর্বে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) বর্তমানে জনসাধারণের চাহিদার কত অংশ মৎস্য সরবরাহ করা হয়?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫।।

(খ) মৎস্যচাষের উন্নতির জন্য পূর্বে গৃহীত সরকারী কর্মসূচী সংক্ষেপে নিম্নরূপঃ

দীর্ঘমেয়াদী প্রকল্প

(১) সরকারী মালিকানাধীন হাজামজা পুকুর, দীঘি ও নিম্নভূমির মৎস্য বিভাগের তত্ত্বাবধানে সংস্কার করিয়া তাহাদের মধ্যে [illegible] কিছু এলাকায় আধুনিক বৈজ্ঞানিক উপায়ে মৎস্যচাষ ও মৎস্যবীজ উৎপাদনের জন্য মৎস্য খামার স্থাপন এবং বাকীগুলি মৎস্যচাষের জন্য উৎসাহী মৎস্যজীবী সমবায় সমিতি বা মৎস্যজীবী সম্প্রদায়ের শিক্ষিত বেকার যুবকের মধ্যে "লিজ" প্রদান;

(২) মেদিনীপুর জেলার দীঘা, জুনপুট এবং ২৪-পরগনা জেলার [illegible] স্টেট ফিসারীজ ডেভেলপমেন্ট করপোরেশন কর্তৃক মৎস্য উৎপাদন।

স্বল্পমেয়াদী প্রকল্প

(১) বেসরকারী মালিকানাধীন হাজামজা পুকুরগুলি [illegible] সংস্কার সাধন করিয়া মৎস্যচাষ করার জন্য অল্পসুদে ঋণদান;

(২) সরকারী মৎস্যচাষ ও মৎস্য [illegible] উৎপাদন খামারে [illegible] বৈজ্ঞানিক উপায়ে মৎস্যদপ্তর কর্তৃক নিজ তত্ত্বাবধানে [illegible] উৎপাদন, [illegible] সরবরাহ করা এবং মৎস্যচাষোপযোগী উন্নত জাতের দেশী ও [illegible] মাছের চারা/চারা পোনা উৎপন্ন করিয়া গ্রামীণ মৎস্যচাষীদের মধ্যে [illegible] বিক্রি করা;

(৩) ব্লকে ব্লকে উন্নত জাতের মৎস্য [illegible] সরবরাহ [illegible] ফিস সীড ফার্ম স্থাপন এবং উৎসাহী [illegible] চারা/চারা পোনা সরবরাহ;

(৪) পশ্চিমবঙ্গে দশটি [illegible] ফিসসিড ফার্ম এবং কল্যাণীতে একটি [illegible] মৎস্যজীবীদের উন্নতজাতের দেশী ও [illegible] বিতরণ করা;

(৫) রাজ্যের উৎসাহী মৎস্যচাষী[illegible] মোট চারা পোনা নামমাত্র ১০ টাকা [illegible] বিতরণ করা;

(৬) রাজ্যের বিভিন্ন 'ফিস ফার্ম' ও [illegible] অধিক মৎস্য ফলনশীল 'মিশ্রচাষ' বা [illegible] প্রদর্শন;

(৭) শিক্ষিত বেকার যুবকদিগকে উন্নত উপায়ে [illegible] শিক্ষাদান;

(৮) কৃত্রিম প্রজনন পদ্ধতিতে সরকারী ও [illegible] বেসরকারী খামারে দেশী ও বিদেশী চাষোপযোগী মাছের [illegible] উৎপাদন।

(গ) প্রয়োজনের এক-তৃতীয়াংশ মাছ রাজ্যে [illegible] হয়।

পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে মোট শয্যা সংখ্যা

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৮।) শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার ক্ষমতায় আসার পূর্বে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে মোট কত শয্যা সংখ্যা ছিল;

(খ) সর্বভারতীয় ভিত্তিতে শয্যা সংখ্যায় পশ্চিমবঙ্গের স্থান কি ছিল;

(গ) বর্তমানে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে মোট শয্যা সংখ্যা কত; এবং

(ঘ) বর্তমানে সর্বভারতীয় ভিত্তিতে পশ্চিমবঙ্গের স্থান কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৪০ হাজার ৪শ' ৫০টি।

(খ) ১৯৭১ সালে জন প্রতি শয্যা সংখ্যা হিসাবে তৃতীয় ছিল।

(গ) ৪৩ হাজার।

(ঘ) বর্তমানে পশ্চিমবঙ্গে হাজার জন প্রতি ০.৯২টি শয্যা আছে। এটা বর্তমানে ভার বর্ষের সর্বোচ্চ বলে আমাদের বিশ্বাস।

পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে প্রতিটি শয্যা পিছু ব্যয়ের পরিমাণ

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে প্রতিটি শয্যা পিছু সরকারের ব্যয়ের পরিমা কত; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থ প্রতিটি রোগীর জন্য যথাযথভাবে ব্যয়িত হয় কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বার্ষিক ৬,০০০ টাকা থেকে ৯,৫০০ টাকা।

(খ) হ্যাঁ।

রানাঘাট কল্যানী রাস্তা

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৬।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** পূর্ত (সড়ক) বিভা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট কোর্ট থেকে কল্যাণী পর্যন্ত রাস্তাটি নির্মাণের জন্য কোন পরিকল্পনা সরক গ্রহণ করেছেন কি; এবং

(খ) করে থাকলে কবে নাগাদ উক্ত রাস্তাটির নির্মাণ কার্য আরম্ভ হবে বলে আশা ক যায়?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Haldia Refinery

414. (Admitted question No. 1547.) **Shri Rajani Kanta Doloi :** Will t Minister-in-charge of the Commerce and Industries Department be pleased state—

(a) the present refining capacity of the Haldia Refinery; and

(b) whether the West Bengal Government has sent any recommendatio to the Union Government for increasing the present refining capacit

The Minister for Commerce and Industries : (a) The Haldia Refinery Proje is designed for an initial capacity of 2.5 million tonnes annual crude througho with the following production pattern :

	Production Pattern		Tonnes/Year
(1)	Liquid Petroleum gas ...	...	10,000 to 30,000
(2)	Naphtha ...	...	1,26,000
(3)	Motor spirit ...	...	2,30,000

(4)	Mineral Turpentine Oil	...	35,000
(5)	Aviation Turbine Fuel	...	1,00,000
(6)	Superior Kerosene ...	...	4,00,000
(7)	High Speed Diesel Oil ...	...	3,50,000
(8)	Jute Batching Oil ...	...	90,000
(9)	Furnace Oil ...	...	5,76,000
(10)	Lubes	...	2,00,000
(11)	Bitumen	...	1,00,000

(b) On the basis of the recommendation made by the Development Committee or Petro-Chemicals and Basic Chemical Industries set up by the Government of West Bengal, the Central Government was moved for expansion of the capacity of the Haldia Oil Refinery to seven million tonnes per annum of Crude by 1978-79.

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের কর্মচারী নিয়োগ

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৩।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস**ঃ উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বিভিন্ন পদে নিযুক্ত কর্মচারীর সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ—

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা শাখা) বিভাগ—

(১)	উপসচিব	— ১ জন।
(২)	সেকসন অফিসার	— ১ জন।
(৩)	জনসংযোগ অফিসার	— ১ জন।
(৪)	উচ্চবর্গীয় সহায়ক	— ১ জন।
(৫)	অবর বর্গীয় সহায়ক	— ১ জন।
(৬)	পিয়ন	— ২ জন।

সুন্দরবন উন্নয়ন পর্ষদ—

(৭)	সদস্য সচিব	— ১ জন।
(৮)	কার্টোগ্রাফার	— ১ জন।
(৯)	ডুপ্লিকেটিং অপারেটর	— ১ জন।
(১০)	গাড়ী চালক	— ১ জন।
(১১)	দারোয়ান	— ১ জন।
(১২)	ঝাড়ুদার	— ১ জন।
	মোট	—১৩ জন।

উল্লেখ করা যায় যে, ৫নং, ১০নং, ১১নং, এবং ১২নং পদে মোট ৪ জন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে। অপর পদগুলি উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের বিভিন্ন শাখা এবং স্বরাষ্ট্র বিভাগের উপযুক্ত লোকদ্বারা পূরণ করা হইয়াছে।

ইঁটের ভাটার জন্য কয়লা সরবরাহ

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০৯।) **শ্রীশঙ্করদাস পাল**ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে বিভিন্ন জেলা সহরগুলিতে যাদের ইঁটের ভাটা আছে এবং যাহারা নিজ বাড়ীতে ইঁট পোড়ান তাহাদের—

(১) প্রয়োজনীয় কয়লার অনুমতিপত্র কলিকাতা হইতে দেওয়া হয়,

(২) কয়লার অনুমতিপত্র বাহির করার জন্য প্রচুর অর্থব্যয় করিয়া কলিকাতায় থাকিতে হয় এবং ইহাতেও অর্থ ও সময় প্রচুর নষ্ট করিতে হয়; এবং

(খ) অবগত থাকলে, এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) ও (২)ঃ কয়লা সরবরাহের বিষয়টি বর্তমানে ভারত সরকারের কর্তৃত্বাধীন। কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পদপ্তর হইতে কোনো শিল্প প্রতিষ্ঠানকেই কয়লার অনুমতিপত্র দেওয়া হয় না। সুতরাং এই ব্যাপারে কোন অভিযোগ সম্পর্কেও এই দপ্তর অবহিত নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

Industrial Training Institutions in Calcutta and Asansol

417. (Admitted question No. 2180.) **Shri George Albert Wilson-de Roze**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the names of the Government Training Institutions in Calcutta and Asansol regions open to non-Matriculate youth for training in industrial skills;

(b) the terms and conditions of entry into such institutions; and

(c) whether any stipends are allowed to such trainees?

The Minister for Commerce and Industries: (a) Names of the Government Training Institutes in Calcutta and Asansol area open to non-Matriculate youths for training in industrial skills are :

(i) **In Calcutta—**

(a) Industrial Training Institute, Gariahata, 10 and 10/1 Gariahata Road, Calcutta-19.

(b) Industrial Training Institute, Tollygunge, 24-Chandi Ghosh Road, Calcutta-40.

(ii) **In Asansol—**

(a) Industrial Training Institute, Durgapur, Durgapur-12, district Burdwan.

(b) Terms and conditions for entry into the above institutes are as follows :—

(i) Candidates should be within 15 to 20 years, relaxable by 3 years under special circumstances for all trades and up to 25 years in the trace of Motor Mechanic. Up to 35 years for ex-servicemen rendered disable by Chinese or Pakistani aggression.

(ii) Minimum educational standard required –Class VIII pass at the time of admission.

(c) Stipend at Rs. 25 per month per trainee is paid to 33⅓ per cent. of the trainees admitted on need-cum-merit basis subject to good conduct and satisfactory progress.

The State Financial Corporation

418. (Admitted question No. 1572.) **Shri Rajani Kanta Doloi : Will the** minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased state—

(a) the total amount of loan disbursed by the State Financial Corporation to assist medium and small scale industries in West Bengal during the past two years; and

(b) the total amount of this loan disbursed in Midnapore district?

The Minister for Cottage and Small Scale Industries : (a) The total amount loan disbursed by West Bengal Financial Corporation during the last two years e as follows :

1972-73 – Rs. 80.49 laksh.

1973-74— Rs. 71.72 lakhs.

(b) The total amount of loan disbursed by West Bengal Financial Corporation Midnapore district during these last two years are as follows :

1972-73 –Rs. 8.92 lakhs.

1973-74 – Rs. Nil.

জঙ্গীপুর মহকুমায় বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিক

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৮৮।) **শ্রীহবিবুর রহমান ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় বর্তমানে কতজন শ্রমিক বিড়ি শিল্পে নিয়োজিত আছেন ;

(খ) উক্ত বিড়ি শ্রমিকদের বর্তমানে প্রতি হাজারে কত মজুরী দেওয়া হয় ;

(গ) জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের জন্য কোন মিনিমাম ওয়েজ বোর্ড আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, উক্ত বোর্ডের কোন অধিবেশন বসিয়াছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) জঙ্গীপুর মহকুমায় বর্তমানে আনুমানিক ২৭,০০০ শ্রমিক বিড়ি শিল্পে নিয়োজিত আছেন।

(খ) উক্ত শ্রমিকরা প্রতি হাজারে টাঃ ৪.৩০ হারে মজুরী পাইয়া থাকেন।

(গ) না, এরকম কোন বোর্ড নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

Recruitment through Employment Exchanges

420. (Admitted question No. 186.) **Shri Md. Safiullah :** Will the Minister-in charge of the Labour Department be pleased to state—

(a) the measures, if any, taken or proposed to be taken by the Governmen to compel all the mercantile and private firms and factories to appoin unemployed youths of the State through the Employment Exchanges and

(b) the number of private firms and factories in Calcutta who actually consulte the Employment Exchanges in connection with appointment o unemployed youths during the period from the 1st March, 1973 t the 31st January, 1974?

The Minister for Labour : (a) The State Government has not enacted an legislation as yet for compulsory recruitment through Employment Exchang but the Cabinet formed a Committee with Ministers in-charge of Labour, Financ Commerce and Industries and Cottage and Small Scale Industries Departmen to examine the question of compulsory recruitment through Employment Exchange

(b) During the period from the 1st March, 1973 to the 31st January, 197 1,578 employers in private sector used the services of Employment Exchanges.

জেলাওয়ারী বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিক

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫১।) **শ্রীআব্দুলবারি বিশ্বাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বর্তমানে কোন জেলায় বিড়ি শিল্পের উপর নির্ভরশীল শ্রমিকের সংখ্যা কত;

(খ) বিড়ি শ্রমিকেরা সপ্তাহে গড়ে কোন জেলায় কতদিন কাজ পেয়ে থাকেন; এবং

(গ) বিড়ির মজুরী প্রতি হাজারে কোন জেলায় বর্তমানে কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এই রাজ্যে বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকের জেলাওয়ারী আনুমানিক সংখ্যা নিম্নরূপ—

(১) মুর্শিদাবাদ—৩,৭০০।
(২) মালদহ—৬,০০০।
(৩) কুচবিহার—৫,০০০।
(৪) নদিয়া—৪,০০০।
(৫) বাঁকুড়া—১০,০০০।
(৬) মেদিনীপুর—১৪,০০০।
(৭) পুরুলিয়া—১৭,০০০।

(খ) এই প্রশ্নের যথাযথ উত্তর দেওয়ার মত তথ্য সরকারের কাছে নাই।

(গ) ১লা জানুয়ারি ১৯৭৪ তারিখে বিড়ি শিল্পে নিম্নতম মজুরীর জেলাওয়ারী হিসাব নিম্নে প্রদত্ত হইল ঃ—

জেলা ও হাজার প্রতি মজুরী
কলিকাতা—৮·০০
২৪-পরগনা—৭·৮৭
হাওড়া—৭·৭৫

হুগলী—৬·৫২

বর্ধমান—৫·৪৬

নদিয়া—৪·৮৬

মুর্শিদাবাদ (ধুলিয়ান,

নিমতিতা ও ঔরঙ্গাবাদ)—৪·৮৬

পশ্চিম দিনাজপুর—৪·৬৬

জলপাইগুড়ি—৬·০৬

দার্জিলিং—৫·৮৬

কোচবিহার—৬·০০

মালদহ—৪·৬০

বীরভূম—৫·৪০

মেদিনীপুর—৫·০০

পুরুলিয়া—৫·০০

ধুলিয়ান, ঔরাঙ্গাবাদ ও

নিমতিতা—৪·৬০

পুরুলিয়ার নিম্নতম মজুরীর হার প্রতি হাজারে ৮৭ পয়সা হইতে দু'টাকা পর্যন্ত। ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী মজুরীর হার প্রতি হাজারে ৬ টাকা ৬০ পয়সা নির্ধারিত হইয়াছিল। বিড়ি কারখানার মালিকগণ উক্ত বর্ধিত মজুরীর হার যাহাতে কার্যকরী করা না হয়, ও ন্যূনতম মজুরী নির্ধারণ কমিটি যাহাতে বেতন নির্ধারণ না করিতে পারে সেজন্য মহামান্য হাইকোর্ট দ্বারা ইনজাংশান জারী করাইয়াছেন।

বন বিভাগে কর্মচারী নিয়োগ

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৯।) শ্রীআব্দুলবারি বিশ্বাস: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত এই বিভাগে কোন নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কিনা, এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন পদে নিযুক্ত করা হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) সচিবালয়ে ১০ জনকে নিম্নলিখিত পদে নিয়োগ করা হয়েছে—

লোয়ার ডিভিসন এ্যাসিস্ট্যান্ট—৬ জন।

রেকর্ড সাপ্লায়ার—১ জন।

পিয়ন—৩ জন।

মোট—১০ জন।

বন অধিকারে ৩৩০ জনকে নিম্নলিখিত পদে নিয়োগ করা হয়েছে—

ভারতীয় বন কৃত্যকের জুনিয়র পদ—২ জন।

লোয়ার ডিভিসন ক্লার্ক—১৬ জন।

ক্লার্ক টাইপিস্ট—২৪ জন।

টাইপিস্ট—৬ জন।

স্টোর ক্লার্ক—১ জন।

ড্রাইভার—১ জন।

ডেপুটি রেঞ্জার/ফরেস্টার—৭০ জন।

ফরেস্ট গার্ড—১২০ জন।

দরোয়ান—৪ জন।

পিয়ন—৯ জন।

ডাকওয়ালা—৪ জন।

অর্ডারলি—৪৭ জন।

ক্লিনার—২ জন।

মালী—৪ জন।

বোটম্যান—১ জন।

কন্টিনজেন্ট মিনিয়্যালস্—৬ জন।

সুইপার—১ জন।

গ্রাসকাটার—১ জন।

বাংলো চৌকিদার—৩ জন।

ওয়াচার—৫ জন।

ডিপো ওয়াচার—২ জন।

নাইট ওয়াচার—১ জন।

মোট—৩৩০ জন।

Prevalence of "Smog" in Calcutta

423. (Admitted question No. 183.) **Shri Md. Safiullah :** Will the Minist charge of the Health Department be pleased to state—

(1) the reasons for prevalence of "Smog" in the city of Calcutta;

(2) how far the "Smog" affects the health of the people;

(3) was there any survey of air pollution made in the industrial belt Howrah, Assansol and Durgapur in recent years, and, if so, de thereof?

The Minister for Health : (1) The smoke from industrial chimneys furnaces, house-hold chullahs and garbage dumps and also automobile exha oxides of sulphur produced by power plants and factory combustion of coal oil.

(2) "Smog" affects the respiratory organs and eye tissues.

(3) Central Public Health Engineering Research Institute, Nagpur, has appointed as consultant for the survey of environmental pollution in Calcutta The scope of survey includes collection of data from industries and other sou

Employment in the Hindusthan Motors at Uttarpara

424. (Admitted question No. 185.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state -

(a) the number of persons appointed in the Hindusthan Motors at Uttarpara during the period from the 1st March, 1973 to the 31st January, 1974;

(b) if the local unemployed youths were considered for appointment; and

(c) if not, the action taken by the Government in this matter?

The Minister for Labour : (a) 606 persons were appointed in the Hindusthan Motors Ltd. during the period.

(b) Since these appointments except in one case were not made through the Local Employment Exchange, this information is not readily available.

(c) According to the present statute, recruitment though Employment Exchange is not compulsory and as such it is difficult for Government to take any action in this regard.

শালবনী ফডার ফার্ম

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৫।) **শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শালবনী থানার ফডার ফার্মে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারী পর্যন্ত মোট কত টাকা খরচ করা হইয়াছে এবং উক্ত ফার্মে কত লোকের কর্মসংস্থান হইয়াছে;

(খ) ফার্মের বিভিন্ন বিভাগে বর্তমানে কতগুলি পদ শূন্য রহিয়াছে এবং ঐ শূন্য পদগুলি কবে নাগাত ও কিভাবে পূরণ করা হইবে;

(গ) ফডার ফার্মে কর্মরত মাস্টার রোলের কর্মিগণকে সরকারী ধার্য রেট অনুসারে মাহিনা দেওয়া হয় কিনা, এবং হইলে ধার্য রেট কিরূপ;

(ঘ) উক্ত কর্মিগণ সারা বৎসর কার্য করিবার সুযোগ পান কিনা, এবং না পাইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(ঙ) বর্তমানে উক্ত ফার্মে কতগুলি ও কি কি শ্রেণীর গাভী রহিয়াছে; এবং

(চ) গত বছর নির্মিত ক্যাটেল সেড্‌গুলিতে কতগুলি গাভী রাখার ব্যবস্থা হইয়াছে এবং কবে নাগাত উহা কার্যকরী হইবে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) শালবনী ফডার ফার্মে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারী পর্যন্ত নন্‌রেকারিং খাতে সাড়ে পনের লক্ষ টাকা এবং রেকারিং খাতে পনের লক্ষ টাকা খরচ হইয়াছে। আজ পর্যন্ত মোট ৩৫৯ জন লোকের কর্মসংস্থান হইয়াছে।

(খ) ফার্মের বিভিন্ন বিভাগে বর্তমানে ৪টি পদ শূন্য রহিয়াছে। সরকারী চাকুরীতে নিয়োগের নিয়ম অনুযায়ী এই পদগুলি পূরণ করা হইবে। এই পদগুলি পূরণ করিতে কমবেশী ৬ মাস হইতে ৯ মাস পর্যন্ত লাগিতে পারে।

(গ) হ্যাঁ, জেলাশাসকের নির্দেশিত ক্ষেতমজুরের রেট অনুযায়ী কর্মিগণকে মাহিনা দেওয়া হয়। বর্তমানে রেট কার্যানুযায়ী ৩ টাকা হইতে ৫ টাকা টাকা।

(ঘ) শতকরা প্রায় ৬০ জন সারা বছর কাজ পান, বাকী কর্মিগণ চাষের মরশুম অনুযায়ী কাজ পাইয়া থাকেন। কাজের সুযোগ বাড়াইবার জন্য সেচের ব্যবস্থা গ্রহণ করিবার চেষ্টা হইতেছে। তাহা হইলেও চাষের ক্ষেত্রে ক্ষেতমজুরের চাহিদা মরশুম অনুযায়ী রকমফের হইবেই।

(ঙ) ১৩টি শংকর জাতের গাভী আছে।

(চ) ৪০টি গাভী রাখার ব্যবস্থা হইয়াছে। এই আর্থিক বছরেই কার্যকরী হইবে আশা করা যায়।

আসানসোল উপনগরী নির্মাণ

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল উপনগরী নির্মাণ পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) ঐ উপনগরী নির্মাণ পরিকল্পনা কার্যকরী করিতে কতদিন সময় লাগিবে এবং কি পরিমাণ অর্থব্যয় হইবে;

(গ) ইহা কি সত্য যে, আসানসোল উপনগরী নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কবে নাগাদ আসানসোল উপনগরী নির্মাণ কার্য শুরু হইবে?

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) আসানসোল উপনগরীর জন্য প্রস্তাবিত ৯৩৯ একর জমির মধ্যে আনুমানিক ৬০০ একর জমি ইতিমধ্যেই অধিগ্রহণ করা হইয়াছে। বাকি জমি অধিগ্রহণের কার্য সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

উপনগরীর জলসরবরাহ পরিকল্পনার কার্য সমাপ্তপ্রায়।

(খ) ঋণ প্রদানকারী সংস্থাগুলি (ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন) নিকট হইতে ঋণ সংগ্রহের চেষ্টা করা হইতেছে। উপযুক্ত পরিমাণ ঋণ সংগ্রহ হইলে উন্নয়নের কাজ কয়েক দফা (ইন ফেজেস) সম্পন্ন করা হইবে। প্রকল্পটির কাজ সমাপ্ত করিতে আনুমানিক ৮ বৎসর লাগিবে।

প্রাথমিক পর্যায়ে জমিদখল, রাস্তাঘাট, জলসরবরাহ প্রভৃতি উন্নয়নমূলক কাজে আনুমানিক ২,৮৯,১১,৬২০ টাকা ব্যয় হইবে।

(গ) হ্যাঁ। অংশতঃ, প্রস্তাবিত ৯৩৯ একরের মধ্যে ৬০০ একর জমি অধিগ্রহণ করা হইয়াছে।

(ঘ) আগামী আর্থিক বৎসরেই উপনগরী নির্মাণের কার্যাদি আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

'Toto' tribe at Jalpaiguri

427. (Admitted question No. 200.) **Shri Md. Safiullah :** Will the Minister-in charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the measures the Government has taken or proposed to take in the matter of protection as well as upliftment of the living standard of the 'Toto' tribe in the district of Jalpaiguri; and

(b) the member of 'Toto' there as on 31st January, 1974?

The Minister for Scheduled Castes and Tribes Welfare : (a) Several welfare hemes have been executed by the Scheduled Castes and Tribes Welfare Department r the benefit of the 'Totos' of which mention may be made of (1) artisan grants,) grants for reclamation of waste land, (3) house building grants, (4) cattle-purchase nats, (5) water supply and (6) minor Irrigation Scheme, etc.

A provision of Rs. 50,000 has been made in the budget for 1974-75 for plementing a special scheme for the welfare of the isolated 'Totos' of Jalpaiguri strict.

(b) 595 heads.

সাঁইথিয়া সহরে জল সরবরাহ

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১২।) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলায় সাঁইথিয়া সহরে (১) জলের পাইপ লাইন বসান হইয়াছে কিন্তু পাম্প ইত্যাদি অদ্যাবধি চালু হয় নাই;

(২) জলসরবরাহের অভাবহেতু সাঁইথিয়া সহরের জনসাধারণ প্রচণ্ড কষ্ট পাইতেছেন;

(খ) অবগত থাকিলে, উক্ত সহরে জল সরবরাহ কাজ এখনও চালু না হওয়ার কারণ কি; এবং

(গ) এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

াস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) (১) হ্যাঁ। (২) সাঁইথিয়ায় জলাভাব আছে।

(খ) কিছু যান্ত্রিক ত্রুটির জন্য সাঁইথিয়া নলবাহিত জলসরবরাহ প্রকল্পের কয়েকটি কাজ যথা-"রাইজিং মেইন", "সুইস রুম" এবং "সাক্‌শন মেইন" এখনও সম্পূর্ণ করা সম্ভব য়নি। তাছাড়া, যে ঠিকাদারের উপর এই কাজের ভার দেওয়া হয়েছিল তিনি মাঝপথে কাজ বন্ধ করে দেওয়ায় নতুন টেন্ডার ডেকে অন্য ঠিকাদার নিয়োগ করতে হয়েছে। ার উপর বহুদিন আগে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে প্রয়োজনীয় টাকা জমা দেওয়া সত্বেও বদ্যুৎ সরবরাহ পাওয়া যায়নি। সেইজন্য পাম্পিংসেটগুলি এখনও বসানো হয়নি।

(গ) ইঞ্জিনীয়ারগণের বর্তমানে কর্মবিরতির অবসান হ'লে এবং প্রয়োজনীয় বিদ্যুৎ রবরাহ পাওয়া গেলে তিন মাসের মধ্যে ঐ প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে আশা করা যায়। র্মবিরতির অবসানে কাজ তাড়াতাড়ি করার চেষ্টা হচ্ছে।

urvey regarding the possibility of catching fish in the creeks, canals and rivers of the Sunderbans

429. (Admitted question No. 214.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-harge of the Fisheries Department be pleased to state—

(a) whether any survey has been made by the Government to find out the possibility of catching fish in the creeks, canals and rivers of the Sunderbans;

(b) if so, the findings thereof;

(c) the action taken by the Government on the basis of the survey report; and

(d) the number of fishermen engaged in fishing in the Sunderbans at present?

he Minister for Fisheries : (a) No.

b) and (c) Does not arise.

d) 2,500 (approximately).

সুন্দরবনের মোহনা এলাকার মাছ ধরার জন্য মঞ্জুরীকৃত অর্থ

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মৎস্য বিভাগের মন্ত্রি শয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে, সুন্দরবনের মোহনা এলাকায় মাছ ধরার জন্য কেন্দ্রীয় সরকার যে ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন তার মধ্যে রাজ্য সরকার মাত্র দেড় লক্ষ টাকা খরচ ক'রতে পেরেছেন এবং বাকী টাকা ফেরৎ যাচ্ছে; এবং

খ) সত্য হ'লে (১) খরচ ক'রতে না পারার কারণ কি, এবং (২) এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ ক'রেছেন?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

খ) এ প্রশ্ন উঠে না।

Number of persons appointed in various offices of the State Government

131. (Admitted question No. 428.) **Shri Gangadhar Pramanick :** Will Minister-in-charge of the Finance Department be pleased to state—

a) the total number of persons appointed during the period from March, 197[illegible] to January, 1974, in various departments by the present Government ; and

b) the number and percentage of (i) Scheduled Castes ; and (ii) Scheduled Tribes candidate appointed ?

The Minister for Finance : (a) On the basis of information so far received ,115 persons were appointed in various offices of the State Government. Thi ure, however, excludes about 11,000 persons appointed under the West Benga ate Electricity Board and about 16,000 persons appointed as Primary Schoo achers.

(b) As regards the number and percentage of Scheduled Castes and Schedulec ibes candidates appointed, reports have been received so far from the Depart ents, Directorates and Establishments as mentioned in the enclosed list. On the sis of these reports, the number of Scheduled Castes and Scheduled Tribes ndidates appointed and the percentage this number bears to the total number o rsons appointed in those Departments, Directorates and Establishments are as llows :

Scheduled Castes—1,187 (10.5 per cent. approximately.).
Scheduled Castes—199 (1.8 per cent.)

Statements referred to in reply to clause (Ka) of unstarred question No. 431

Names of Departments/Offices

. Food and Supplies (Transport) Directorate.
. Irrigation and Waterways Department.
. Directorate of Cinchona and other Medical Plants, West Bengal.
. Municipal Service Department.

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. **431—contd.**

Names of Departments/Offices

5. Food and Supplies (Inspection and Quality Control).
6. Food and Supplies (Directorate of Consumer Goods).
7. Directorate of Relief.
8. Director of Industries (Training).
9. West Bengal Government Press.
10. Registrar of Co-operative Societies, West Bengal.
11. Directorate of Industries.
12. Housing Directorate.
13. Cottage and Small Scale Industries Department.
14. Panchayat.
15. Scheduled Castes and Tribes Welfare Department.
16. Office of the Financial Advisor, Development and Planning Department.
17. Food and Supplies Department (Directorate of Storage).
18. Directorate of Rationing.
19. Home (G. A.) Department
20. Department of Food and Supplies (Construction).
21. Public Service Commission.
22. Home (Poll-C. I. T.) Department.
23. Power Department.
24. Department of Animal Husbandry and Veterinary Services.
25. Directorate of Registration (Money Lender's Act).
26. Controller of Finance (Food and Supplies Department).
27. Controller of Sugar (Food and Supplies Department).
28. Home (Press) Department.
29. Vigilance Commissioner.
30. Economic and Statistical Advisor of Food and Supplies.
31. Directorate of Textile, Food and Supplies.
32. Estate Directorate.
33. Excise Department.
34. Public Works (Road) Department.
35. Co-operation.
36. Department of Relief and Welfare (Relief Branch).
37. Youth Service Department.
38. Closed and Sick Industries Department.
39. Judicial Department.
40. Legislative Department.
41. Finance (Accounts) Department.
42. Land and Land Revenue Department.
43. Financial Advisor, Food and Supplies Department.
44. Education (State Archives) Department.
45. Home (Civil Defence) Department.
46. Home (Transport) Department.
47. Housing Department (Cell II).
48. Food and Supplies Department.
49. Home (Defence) Department.
50. Fisheries Department.
51. Stationary Office.
52. Industrial Development Corporation.
53. Public Works Department.
54. High Court, Calcutta.
55. Collector of Vagrancy.
56. Labour Department and its Subordinate Offices.
57. Home (C & E) Department.

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 431—concld.

Names of Departments/Offices

58. Collector of Weights and Measures.
59. Directorate of Non-Cereal Essential Commodities (Food and Supplies Department).
60. Inspector-General of Registration.
61. Oriental Gas Co.
62. Home (Jails) Department.
63. Directorate of District Distribution, Procurement and Supply (Food and Supplies).
64. West Bengal Mineral Development and Trading Corporation.
65. Directorate of Fire Service.
66. Department of Information and Public Relation.
67. Bureau of A. E. and Statistics.
68. Chief Electrical Inspector.
69. State Lotteries Directorate.
70. Commercial Tax Directorate.
71. Entry Tax.
72. Agriculture Income Tax.
73. Bureau of Investigation.
74. Department of Animal Husbandry and Veterinary Service, Miscellaneous Br. (W.E.P. Office, Dairy Development).
75. Board of Revenue.
76. Directorate of Archaeology.
77. Executive Engineer, P. W. Department (Design Division).
78. Housing Department (Cell II).
79. Finance Department.
80. Department of Food and Supplies.
81. High Court.
82. Forest.
83. Inspector-General of Registration.
84. Directorate of Cottage and Small Scale Industries.
85. Commerce and Industries Department.
86. Irrigation and Waterways Directorate.
87. Controller of Finance (Food and Supplies Department).
88. Public Works Department (Roads).
89. F. A., Food and Supplies Department.
90. F. A., Developmental and Planning Department.
91. Superintending Engineer, Electrical Circle No. III, Public Works Department.
92. Refugee Relief and Rehabilitation Department.

Cancer detection centres

432. (Admitted question No. 180.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of cancer detection centres operating in the hospitals of Calcutta and rural areas at present;

(b) the number of persons examined at these centres during 1973-74 (up to 31st January, 1974); and

(c) whether any modern improved techniques available have been employed for early detection and treatment of Cancer cases in these hospitals?

The Minister for Health : (a) Seven.

(b) 3,540 persons were examined in four centres. Figures in respect of the remaining three centres are not readily available.

(c) Yes.

জেলাওয়ারী বন বিভাগের ট্রেনিং স্কীমে ছাত্রের সংখ্যা

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯০।) **শ্রীঅজিত কুমার গাঙ্গুলী**ঃ বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত কোন্ জেলার কতজন জেলে বন বিভাগে বিভিন্ন ট্রেনিং-এর সুযোগ পেয়েছে;

(খ) কোন্ কেন্দ্রে কতজনকে ঐরূপ ট্রেনিং দেওয়া হয়েছে; এবং

(গ) যে সময়ের জন্য ট্রেনিং দেওয়া হয় সেই সময়ে এঁরা মাসিক কত টাকা ভাতা পান?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার, মালদা, বর্ধমান, পুরুলিয়া, মেদিনীপুর, কলিকাতা ও হাওড়া জেলার যে সব জেলে বিভিন্ন কেন্দ্রে ট্রেনিং স্কিমের সুযোগ পেয়েছে তাহা নিম্নে প্রদত্ত হইলঃ—

Scheme No. 1.—Training of semi-educated youths in Nature Conservation and Wild Life Protection—

ট্রেনিং কেন্দ্রঃ দার্জিলিং—১২ জন, তিসতা—১১ জন, সিনচল—১১ জন, তাকদা—১১ জন, সুকনা—৩০ জন, গরুমারা—৩২ জন, জলদাপাড়া—১০৯ জন এবং দুর্গাপুর—৩২ জন।

দার্জিলিং জেলার ৭৩ জন ছেলে, জলপাইগুড়ি জেলার ১৪২ জন ছেলে, মালদা জেলার ১ জন ছেলে, বর্ধমান জেলার ২৬ জন ছেলে এবং পুরুলিয়া জেলার ৬ জন ছেলে।

Scheme No. 2.—Training of educated unemployed youths in Forestry operation—

ট্রেনিং কেন্দ্রঃ সুকনা—৮৯ জন, লাভা—৮১ জন, সামাসি—৮৫ জন এবং রাজাভাতখাওয়া—৮৮ জন।

কলিকাতার ৮ জন ছেলে, হাওড়া জেলার ২ জন ছেলে, পুরুলিয়া জেলার ১৬ জন ছেলে মেদিনীপুর জেলার ৫ জন ছেলে, কুচবিহার জেলার ৩ জন ছেলে, মালদা জেলার ২ জন ছেলে, জলপাইগুড়ি জেলার ৯০ জন ছেলে এবং দার্জিলিং জেলার ২২০ জন ছেলে।

Scheme No. 3.—Training-cum-production in Floriculture and training in identification and collection of herbs and medicinal plants

ট্রেনিং কেন্দ্রঃ কালিম্পং—৯ জন, খুমানি—২৩ জন, দার্জিলিং—৩৭ জন এবং পুরুলিয়া—৪৫ জন।

দার্জিলিং জেলার ১১৯ জন ছেলে এবং পুরুলিয়া জেলার ৪৫ জন ছেলে।

(গ) যে সময়ের জন্য ট্রেনিং দেওয়া হয় সেই সময়ে স্কিম নং ১-এর জন্য মাসিক মজুরী দেওয়া হয় ১৩০ টাকা (দৈনিক ৫ টাকা হারে) এবং স্কিম নং ২ এবং ৩-এর জন্য দেওয়া হয় ১৫৬ টাকা (দৈনিক ৬ টাকা হারে)।

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় সাহায্য

৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গের বন্যায় কোন্ জেলায় কি পরিমাণ ক্ষতি হয়েছে;

(খ) বন্যাপীড়িত মানুষদের সাহায্যের জন্য সরকারের পক্ষ থেকে কোন্ জেলায় কি কি সাহায্য দেওয়া হয়েছে;

(গ) যে সব জেলায় ব্যাপক শস্যহানি হয়েছিল সে সব জায়গায় শস্য ক্ষতি বাবদ কোন অনুদান দেওয়া হয়েছে কিনা; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের বন্যাদুর্গতদের সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার কি পরিমাণ অর্থ সাহায্য করেছেন এবং কিভাবে কোন্ কোন্ জেলায় উক্ত সাহায্য বণ্টিত হয়েছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি বিবরণী (১ নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) একটি বিবরণী (২ নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) শস্যক্ষতি বাবদ কোন অনুদান ত্রাণ ও কল্যাণ দপ্তর হইতে দেওয়া হয় না

(ঘ) গত বৎসর বন্যায় দুর্গতদের সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে এ যাবৎ মোট দুই কোটি টাকা ঋণ হিসাবে সাহায্য করিয়াছেন। এছাড়া বন্যাক্লিষ্ট জেলাগুলিতে কৃষিকার্যের সাহায্যের জন্য আরও তিন কোটি পনের লক্ষ টাকা কেন্দ্রীয় কৃষি মন্ত্রণালয় রাজ্য কৃষি বিভাগকে ঋণ হিসাবে সাহায্য করিয়াছেন।

কেন্দ্রীয় সরকার হইতে অর্থ সাহায্য প্রাপ্তির পূর্বেই রাজ্য সরকার নিজ তহবিল হইতে সম্ভাব্য সকল প্রকার প্রয়োজনীয় সাহায্যের ব্যবস্থা করিয়া থাকেন। সুতরাং কেন্দ্রীয় সাহায্যলাভের পর তাহা জেলাওয়ারী বণ্টনের প্রশ্ন ওঠে না।

কেন্দ্রীয় ও রাজ্য সরকারী কর্মচারীর বেতনহারের বৈষম্য

৪৩৫। (অনুমোদিত প্রশ্ন ১২৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন শিল্প ও অন্যান্য ক্ষেত্রে নিযুক্ত শ্রমিকদের বেতনহার এবং অন্যান্য সুযোগ-সুবিধার বৃদ্ধি ঘটেছে কিনা;

(খ) ঘটে থাকলে, কোন্ কোন্ শিল্পে ও কি কি হারে ও কি কি ভাবে উক্ত বৃদ্ধি ঘটেছে;

(গ) বর্তমানে ভয়াবহ দ্রব্যমূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে সকল শ্রেণীর শ্রমিকদের জন্য বেতন-হার বৃদ্ধির কথা সরকার বিবেচনা করছেন কিনা;

(ঘ) বর্তমানে কেন্দ্রীয় সরকারের শ্রমিক কর্মচারীদের বেতনহারের সঙ্গে রাজ্য সরকারের শ্রমিক কর্মচারীদের বেতনহারের কোনও পার্থক্য আছে কিনা; এবং

(ঙ) পার্থক্য থাকলে উক্ত বৈষম্যের অবলুপ্তির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এই সম্পর্কে যাবতীয় তথ্যাদি সম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) যে সমস্ত শিল্পে ত্রিপাক্ষিক চুক্তিতে অথবা সরকারী নির্দেশে ইতিমধ্যে বেতনহার বৃদ্ধি করা হইয়াছে সেই সকল ক্ষেত্রেই ভোগ্যপণ্য মূল্যবৃদ্ধির সূচক বা জীবনযাত্রার মানসূচকের সহিত মহার্ঘ ভাতাকে সংযুক্ত করিয়া মূল্য বৃদ্ধির হার অনুযায়ী মহার্ঘ ভাতা বৃদ্ধির ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) ও (ঙ) অধিকাংশ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের শ্রমিক কর্মচারীদের বেতনহারের সঙ্গে রাজ্যসরকারের শ্রমিক কর্মচারীদের বেতনহারের পার্থক্য আছে। ইতিমধ্যে পার্থক্যের পরিমাণ কমাইবার জন্য রাজ্যসরকার সমস্ত শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে মহার্ঘ ভাতা বৃদ্ধি করিয়াছেন।

পশ্চিমবঙ্গে মেডিক্যাল কলেজসমূহে আসন সংখ্যা

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কোন মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তির জন্য কয়েকটি করিয়া আসন আছে;

(খ) তন্মধ্যে জেলাভিত্তিক ভাগ কিরূপ;

(গ) বর্তমানে জেলাভিত্তিক আসন ভাগ অনুযায়ী মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি করা হয়েছে কি; এবং

(ঘ) সাধারণতঃ কিভাবে এই নির্বাচন করা হয়ে থাকে এবং অধিক সংখ্যক ছাত্রের মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ করার জন্য মেডিক্যাল কলেজগুলিতে আসন সংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের আটটি মেডিক্যাল ও ডেন্টাল কলেজের প্রি-মেডিক্যাল কোর্সে নিম্নোক্ত সংখ্যক আসন আছে—

(১)	মেডিক্যাল কলেজ, কলকাতা — — — —	১৫৫
(২)	নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলকাতা — —	১৫০
(৩)	আর জি কর মেডিক্যাল কলেজ, কলকাতা — —	১৫০
(৪)	ক্যালকাটা ন্যাশানাল মেডিক্যাল কলেজ, কলকাতা — —	১৫০
(৫)	বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, বাঁকুড়া — —	৫০
(৬)	নর্থবেঙ্গল য়ুনিভার্সিটি মেডিক্যাল কলেজ, জেলা দার্জিলিং —	৫০
(৭)	বর্ধমান য়ুনিভার্সিটি মেডিক্যাল কলেজ, বর্ধমান — —	৫০
(৮)	ডাঃ আর আমেদ ডেন্টাল কলেজ, কলকাতা — —	৫০
	মোট	৮০৫

(খ) জেলাভিত্তিক আসনের একটি তালিকা (ইংরেজীতে লেখা) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) হ্যাঁ।

(ঘ) জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে নির্ণীত মেধানুসারে। আপাততঃ নেই।

মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৫।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মেডিক্যাল কলেজগুলিতে ছাত্র ভর্তির জন্য সরকারের ডিসক্রিশনারি কোটায় কয়জন ছাত্রকে নির্বাচন করা হয়েছে; এবং

(খ) কোন্ নীতির ভিত্তিতে তাহাদের নির্বাচন করা হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দি ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল এন্ড ডেন্টাল কলেজেস্ (রেগুলেশন অফ এ্যাডমিশান) অ্যাক্ট, ১৯৭৩-এ প্রদত্ত ক্ষমতাবলে রাজ্যসরকার ১৯৭৩-৭৪ শিক্ষা বছরে প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তির জন্য ১৫ জন ছাত্রছাত্রীকে মনোনীত করেছিলেন।

(খ) প্রতিটি ক্ষেত্রে বিশেষ বিচার বিবেচনার পরে রাজ্য সরকার মনোনয়ন দিয়েছেন।

"সুন্দরী" ট্রাম

৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার গত ২৬এ জানুয়ারী ১৯৭৪ তারিখে কলিকাতায় "সুন্দরী" ট্রাম প্রবর্তন করেন; এবং

(খ) সত্য হইলে, আরও "সুন্দরী" ট্রাম চালাইবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কয়টি ও কবে থেকে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) সম্পূর্ণ নূতন নকশার ও নূতন রং বিশিষ্ট একটি নূতন ট্রামগাড়ী ঐ দিন রুটে চালু করা হয়েছিল ইহার কোন নামকরণ করা হয় নাই।

(খ) ঐরূপ আরও ১০০টি ট্রামগাড়ী পঞ্চমবার্ষিকী পরিকল্পনাকালে চালু করার প্রস্তাব আছে।

শালবনী ব্লকে নূতন উপস্বাস্থ্য কেন্দ্র

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৯।) **শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী ব্লকের কোন্ কোন্ স্থানে নূতন উপস্বাস্থ্য কেন্দ্র নির্মাণের পরিকল্পনা সরকারের রহিয়াছে;

(খ) স্বাস্থ্য কেন্দ্র নির্মাণের ব্যাপারে স্থান নির্বাচনের জন্য সরকার কি পদ্ধতি অনুসরণ করিয়া থাকেন;

(গ) উক্ত ব্লকের পীড়াকাট (আবড়াডিহি) মৌজায় যে উপস্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণের জন্য আডমিনিস্ট্রেটিভ আপ্রুভাল কয়েক বৎসর পূর্বে পাওয়া গিয়াছে তাহা নির্মাণে বিলম্বের কারণ কি; এবং

(ঘ) কবে নাগাত উহার নির্মাণকার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পিরকাটা, গোদা পিয়াশাল এবং ভীমপুরে তিনটি উপস্বাস্থ্য কেন্দ্রের নির্মাণ কার্য অনুমোদিত হইয়াছে।

(খ) জেলার মুখ্য চিকিৎসাধিকারিক, জেলাশাসক এবং পূর্ত বিভাগের স্থানীয় এঞ্জিনীয়ার একত্রে প্রাথমিক এবং উপস্বাস্থ্য কেন্দ্রের স্থান নির্বাচন করেন।

(গ) ঐ স্বাস্থ্যকেন্দ্রের জন্য নির্বাচিত জমি বন বিভাগের। ঐ বিভাগ এখনও স্বাস্থ্য বিভাগকে জমি হস্তান্তর করেন নি। ঐ জন্য কাজ আরম্ভ করা যায় নি।

(ঘ) আশা করা যায় জমি সংগৃহীত হলে কাজ আরম্ভ হবে।

Mechanisation of fishing crafts

440. (Admitted question No. 1559.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—the steps taken by the Government to accelerate the mechanisation of fishing crafts in the State?

The Minister for Fisheries : From the end of the Second Five-Year Plan Fisheries Department took up a pilot scheme for exploitation of the coastal fisheries by mechanisation of indigenous fishing crafts of the State. It has been found, after

long experiments, that "Batchary" type of boat fitted with 8 to 10 H.P. engine yields satisfactory results in coastal fishing operation. This mechanised boat can be operated for 150 days in a year. This boat can also negotiate conveniently inside estuarine creeks. At present, in addition to the existing fleet of 15 boats, 6 new boats are under construction. During the Fifth Plan, after expansion of the scheme, a total number of 100 mechanised boats are likely to be operated under the scheme. Besides, the question of taking up a of a new scheme for supply of mechanised boats on loan and subsidy basis to the coastal fishermen of the State during the Fifth Plan period is under the active consideration of Government.

জাস্টিস্ অব পিস নিয়োগের পদ্ধতি

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৮।) শ্রীঅনন্তকুমার ভারতীঃ বিচার বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে কি পদ্ধতিতে জাস্টিস্ অব পিস নিয়োগ (এ্যাপয়েণ্টমেণ্ট) করা হয়;

(খ) এই নিয়োগ পলকওয়াইজ সংরক্ষণ বা সংখ্যানিম্ন কোন সংখ্যা আছে কিনা এবং থাকিলে উহা কত;

(গ) সাধারণত কি কাজের জন্য জাস্টিস্ অব পিস নিয়োগ করা হয়;

(ঘ) উক্ত নিয়োগের ব্যাপারে পুলিশ রিপোর্ট প্রয়োজন হয় কিনা এবং হইলে তাহার কারণ কি?

(ঙ) এই সমস্ত নিয়োগের ব্যাপারে লোকাল কাউনসিলার ও লোকাল এম এল এ-দের মতামত লওয়া হয় কিনা; এবং

(চ) জাস্টিস্ অফ পিস পদে নিয়োগের যোগ্যতাবলী কি?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জাস্টিস্ অব পিস নিয়োগের জন্য সরকারের বিধিবদ্ধ নিয়মাবলী ছিল। ঐ বিধিবদ্ধ নিয়মাবলী সংশ্লিষ্ট প্রশ্নের অনুলিপি এবং নিয়মাবলী অনুযায়ী জাস্টিস্ অব পিস নিয়োগের প্রচলিত পদ্ধতির অনুলিপি এই সাথে সংযোজিত হইল।

তবে বিগত ১লা এপ্রিল হইতে পুরাতন ফৌজদারী কার্য বিধির পরিবর্তে ১৯৭৩ সালের যে নূতন ফৌজদারী কার্য চালু হইয়াছে তাহাতে জাস্টিস্ অব পিস নিয়োগ সংক্রান্ত কোন ধারা না থাকায় ঐ তারিখ হইতে কলিকাতা শহরে কোন জাস্টিস্ অব পিস নিয়োগ করা হয় না।

(খ), (গ), (ঘ), (ঙ) ও (চ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 441.

After applications in printed form available in the department are received from persons wanting to be J.Ps., those applications are sent to the Chief Presidency Magistrate and the District Magistrates concerned for report as to his recommendations or otherwise of each candidate. Then these applications with the report of the Chief Presidency Magistrate or the District Magistrate concerned are placed before the Judicial Minister for his consideration. The persons selected by the Judicial Minister are appointed as J.Ps. by notification in the Official Gazette. Persons of outstanding qualities are, however, appointed without report from the Chief Presidency Magistrate or the District Magistrate concerned.

The West Bengal Financial Corporation

442. (Admitted question No. 1086.) **Shri Birendra Bijoy Malla Deb :** Wil the Minister-in-charge of the Public Undertakings Department be pleased t state—

(a) the present working capital of the West Bengal Financial Corporatio

(b) how much capital has since been advanced so far by this Corporati to the small entrepreneurs:

(c) how many branches it has opened in different districts; and

(d) if it has any special programme of development in the backward distric of Nadia, Purulia and Midnapur?

The Minister for Public Undertakings : (a) The present working capital the West Bengal Financial Corporation is Rs. 8,57,24,180.00. The break-up shown below :

	Rs.
(i) Paid up capital	..1,50,00,000.00
(ii) Reserves	.. 61,83,800.00
(iii) Bonds and debentures	..4,03,26,000.00
(iv) Borrowings (Form Industrial Development Bank of India Rs. 1,94,14,380.00 From Reserve Bank of India Rs. 48,00,000.00)	..2,42,14,380.00
	8,57,24,180.00

(b) The Corporation has so far advanced Rs. 3.59 crores to small entrepreneu

(c) The Corporation has opened three branches in different districts, viz., Asansol, Siliguri and Malda in the districts of Burdwan, Darjeeling and Mald respectively.

(d) The district of Nadia, Purulia and Midnapore are included in the list backward districts so declared by the Government of India and are accordin entitled to special benefits and facilities by way of concessional rate of interc lower margin, etc., in the matter of loans granted by the Corporation. In additi the aforesaid three districts are eligible for 15 per cent. Central Governm subsidy subject to a maximum of Rs. 15 lakhs for investment in fixed assests respect of new units to be set up in these districts.

Import of fish from Bangladesh

443. (Admitted question No. 1234.) **Shri Rajani Kanta Doloi :** Will t Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the total value of fish imported from Bangladesh during the years 1972- and 1973-74 (up to February, 1974); and

(b) the total value of fish proposed to be imported from Bangladesh duri the above period in terms of the agreement concluded with Banglade on the 28th March, 1972?

The Minister for Fisheries : (a) The total value of fish imported from Banglade during the years 1972-73 and 1973-74 (up to February, 1974) are Rs. 78,88,610. and Rs. 1,82,65,037.70 respectively.

(b) Total value of fish which was proposed to be imported during the period from 28th March, 1972 to 27th September, 1973, covered by Limited Payment Arrangement is Rs. 9 crores.

Total value of fish which is proposed to be imported during the period from 28th September, 1973 to 27th September, 1974, covered by Balanced Trade and Payment Arrangement is Rs. 3.5 crores.

প্রাথমিক ও সাবসিডিয়ারী হেল্থ সেন্টারের সংখ্যা বৃদ্ধি

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিশেষ কয়েকটি ব্লকের ক্ষেত্রে ব্লক-ভিত্তিক দুইটি সাবসিডিয়ারী ও একটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রের পরিবর্তে দুইটি প্রাইমারী ও চারটি সাবসিডিয়ারী কেন্দ্র করিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে (১) ঐরূপ ব্লকের সংখ্যা ও (২) মোট কত টাকা ব্যয় করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

বালুরঘাট ব্লকের বয়দুল মৌজায় গভীর নলকূপ

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৩।) **শ্রীবীরেশ্বর রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বালুরঘাট ব্লকে বয়দুল মৌজায় যে গভীর নলকূপ আছে তাহাতে ঐ এলাকায় ১৯৭৩-৭৪ সালে (জানুয়ারী পর্যন্ত) মোট কত একর জমিতে জল-সেচ করা হইয়াছে; এবং

(খ) এই জলসেচের ফলে কি কি ফসল কত একর জমিতে উৎপন্ন হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) মোট ৮৮.৮০ একর

নীট ২৯.৩৮ একর।

(খ)

	মোট (একরে)	নীট (একরে)
(১) বোরো	৮৫.৭৪	২৫.২৩
(২) গম	৩.০৬	২.৯৯
(৩) আমন	—	১.১৬
	৮৮.৮০	২৯.৩৮

মৎস্য চাষ উন্নয়ন

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৫।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মৎস্যচাষ উন্নয়ন ও মৎস্যজীবীদের সমস্যার সমাধান বিষয়ে সুপারিশ করিবার জন্য সরকার একটি মাস্টার প্ল্যান কমিটি নিযুক্ত করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে উক্ত কমিটি কোন সুপারিশ সরকারের নিকট দাখিল করিয়াছেন কি না এবং করিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাঁ।

(খ) কমিটি এখনও চূড়ান্ত রিপোর্ট এবং মাস্টার প্ল্যান দাখিল করেন নাই। ৩১এ মার্চ ১৯৭৪ পর্যন্ত উক্ত রিপোর্ট দাখিলের সময় বর্ধিত করা হইয়াছে।

অন্তর্বর্তীকালীন রিপোর্টে কমিটি যেসকল বিষয়ে সুপারিশ করিয়াছিলেন সেসকল বিষয় সম্বন্ধে কমিটির চূড়ান্ত রিপোর্ট সাপেক্ষে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছেঃ

(১) ব্লক প্রতি ব্যক্তিগত মালিকানাধীন ৮০ বিঘা পরিমিত জলাশয়ে সরকারী সাহায্যে উন্নত প্রথায় মৎস্যচাষের প্রকল্প গ্রহণ করা হইয়াছে। ব্যাঙ্কের ঋণ এবং সরকারী সহায়তায় পশ্চিম দিনাজপুর, মালদহ ও ২৪-পরগনা জেলায় ব্যক্তিগত মালিকানাধীন জলাশয়ের উন্নয়ন ও উন্নত প্রথায় মৎস্যচাষের পরীক্ষামূলক প্রকল্প গ্রহণ করা হইয়াছে। অনুরূপ প্রকল্প বর্ধমান জেলায় কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং ব্যাঙ্কের সহযোগিতায় রূপায়ণের জন্য "বর্ধমান ফিস ফার্মারস ডেভেলপমেণ্ট এজেন্সী" স্থাপন করা হইয়াছে।

(২) "বিল ফিসারী ডেভেলপমেণ্ট অথরিটি" স্থাপনের প্রকল্প পঞ্চম পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং এ বিষয়ে প্রাথমিক কাজ শুরু করা হইতেছে।

(৩) দক্ষিণ লবণহ্রদে জমি অধিগ্রহণের বিরুদ্ধে মামলাগুলির মধ্যে যেগুলি সুপ্রীম কোর্টে নিষ্পত্তি হইয়াছে, সেই মামলায় বিষয়ভুক্ত জমিগুলি দখল লওয়ার ব্যবস্থা হইতেছে আরও এলাকা অধিগ্রহণের ব্যবস্থাও করা হইতেছে। এইসকল জমিতে পূর্বের প্রকল্প অনুযায়ী মৎস্যচাষ উন্নয়নের ব্যবস্থা করা হইবে।

প্রকল্প ও অধিগ্রহণ নোটিশ বহির্ভূত এলাকায় মৎস্যচাষীদের উন্নতপ্রথায় মৎস্যচাষের জন্য কিছু সুবিধা দেওয়া যায় কি না তাহা বিবেচনা করিয়া প্রকল্প রচনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হইতেছে।

(৪) পঞ্চম পরিকল্পনাকালে একটি রাজ্য বিপনন সংস্থা স্থাপনের প্রকল্প বিবেচনাধীন আছে।

(৫) বর্তমানে সরকারী মৎস্যচাষ কেন্দ্রগুলির মধ্যে ৫০টিতে মৎস্যচাষীদের শিক্ষাদান কেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন।

সরকারী মৎস্যচাষ কেন্দ্রগুলির মধ্যে কিছু কিছু কেন্দ্র মৎস্যজীবী সম্প্রদায়ের বেকার যুবকদের দ্বারা গঠিত সমবায় সমিতিকে লীজ দেওয়ার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

বেশীর ভাগ মৎস্যচাষ কেন্দ্রের সহিত সীডফার্ম স্থাপন করা হইয়াছে।

(৬) প্রতিটি ব্লকে মৎস্যচাষীদের মাছের পোনার চাহিদা পূরণ করার ব্যবস্থা করা হইতেছে

(৭) কংসাবতী জলাধারে মৎস্যচাষের ব্যবস্থা করা হইতেছে। স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট করপোরেশন লিমিটেড ১৯৭৪-৭৫ সাল হইতে ঐ ব্যবস্থা করিবেন। ইতিপূর্বে মৎস্য অধিকার ২ বৎসর ঐ জলাধারে মৎস্য শিকার করিয়াছেন। এবং

(৮) গভীর সমুদ্রে মৎস্য শিকার প্রকল্পের সহিত জড়িত সকল ব্যাপার ত্বরান্বিত করা হইতেছে।

ডোমকল ও জলঙ্গী ব্লকে ডিপ টিউবওয়েল এবং আর এল আই এ জলসেচের জন্য ওয়াটার ট্যাক্স

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৬।) ডাঃ একামল হক বিশ্বাস: কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মুর্শিদাবাদ জেলার ডোমকল ও জলঙ্গী ব্লকে ১৯৭৩-৭৪ সালে (জানুয়ারী পর্যন্ত) ডিপ টিউবওয়েল এবং আর. এল. আই এ জলসেচের জন্য ওয়াটার ট্যাক্স বাবত কত টাকা আদায় হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রি মহাশয়: ডোমকল ব্লকে ১,০৯,৬৭৬.৫৬ টাকা, এবং জলঙ্গী ব্লকে ৩৭,৩৫৯.৯৮ টাকা।

কুপার্স ক্যাম্প ও ধুবুলিয়া ক্যাম্পকে শিল্প উপনগরী হিসাবে গড়ে তোলার প্রকল্প

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৬।) শ্রী নিতাইপদ সরকার: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কুপার্স ক্যাম্প ও ধুবুলিয়া ক্যাম্পকে (নদীয়া) শিল্প-উপনগরী হিসাবে গড়িয়া তুলিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত সিদ্ধান্ত কার্যকরী করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

উদ্বাস্তুগণের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য মাস্টার প্ল্যান

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৭।) শ্রী নিতাইপদ সরকার: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার উদ্বাস্তুগণের সুষ্ঠু অর্থনৈতিক পুনর্বাসনের জন্য একটি মাস্টার প্ল্যান তৈরী করিয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত মাস্টার প্ল্যানে কি কি উন্নয়ন প্রকল্প গ্রহণের সুপারিশ করা হইয়াছে; এবং

(গ) কেন্দ্রীয় সরকার উক্ত মাস্টার প্ল্যান অনুমোদন করিয়াছেন কি?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হাঁ।

(খ) সংশোধিত ও পরিবর্ধিত মাস্টার প্ল্যানের মধ্যে নিম্নোক্ত প্রকল্পগুলি রূপায়ণের প্রস্তাব আছে—

(১) সেচ;
(২) দুগ্ধবতী গাভী সরবরাহ;
(৩) হাঁস-মুরগী পালন;
(৪) স্থলভাগের অভ্যন্তরস্থ জলাশয়ে মৎস্য শিকার;
(৫) সমুদ্রোপকূলবর্তী জলে মৎস্য শিকার;
(৬) সাইকেল রিক্সা সরবরাহ;
(৭) প্রাক্তন শিবিরবাসী উদ্বাস্তুগণের পুনর্বাসন, সরকারী সম্পত্তি জবরদখলকারী উদ্বাস্তুগণের পুনর্বাসন;

(৮) ক্ষুদ্র ব্যবসায় ঋণ;
(৯) গ্রামীন শিল্প গঠন;
(১০) শিল্প তালুক স্থাপন;
(১১) সুদ ও মজুরীবাবদ সহায়ক দান;
(১২) প্রশিক্ষণ ও শিক্ষানবীশী;
(১৩) প্রশিক্ষণ তথা স্ব-নির্ভর কর্মনিযুক্তি;
(১৪) শিক্ষা;
(১৫) চিকিৎসা বিষয়ক সাহায্যদান;
(১৬) ভূমি অধিগ্রহণ;
(১৭) কলোনীর উন্নয়ন;
(১৮) স্থায়ী সদন নির্মাণ, ও
(১৯) সদনবাসী উদ্বাস্তুগণের পুনর্বাসন।

(গ) না, ইহা এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

গংগাজলঘাটী ও বাঁকুড়া ২নং ব্লকে পানীয় জল সরবরাহ

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৯১২।) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গংগাজলঘাটী এবং বাঁকুড়া ২নং ব্লকের জনসাধারণকে পানীয় জলের জন্য বর্তমানে খুব অসুবিধা ভোগ করিতে হইতেছে;

(খ) অবগত থাকিলে, উক্ত স্থানের জনসাধারণের জলকষ্ট নিবারণের জন্য গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি না, এবং

(গ) করিয়া থাকিলে উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এ সম্বন্ধে সরকারের কাছে কোন সংবাদ নেই।

(খ) ইঞ্জিনীয়ারদের বর্তমান কর্মবিরতির ফলে এই সম্পর্কে বিশদ বিবরণ সংগ্রহ করা যাচ্ছে না তবে বর্তমান বৎসরে গৃহীত পল্লী জলসরবরাহ পরিকল্পনার মাধ্যমে প্রতি ব্লকে অন্তত ৩১টি করে জল উৎস (নলকূপ এবং কূপসহ) স্থাপন বা পুনস্থাপনের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাঁকুড়া এবং গংগাজলঘাটী ব্লক দুটিও এই কর্মসূচীর অন্তর্গত।

(গ) আশা করা যায় শীঘ্রই অসমাপ্ত কাজগুলি শেষ হইবে।

কুপার্স, রূপশ্রী, ধুবুলিয়া ক্যাম্পে বহু পরিবারের ডোল বন্ধ

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩১।) **শ্রীনিতাইপদ সরকার** ঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এখনও পশ্চিমবঙ্গে কুপার্স, রূপশ্রী ও ধুবুলিয়া ক্যাম্পে বহু পরিবারের ডোল বন্ধ হইয়া রহিয়াছে;

(খ) সত্য হইলে—

(১) উক্ত ডোল বন্ধ পরিবারের সংখ্যা বর্তমানে কোন্ ক্যাম্পে কত; এবং

(২) উক্ত পরিবারগুলির জন্য ডোল চালু করিবার ও পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কিছু সংখ্যক পরিবারের ডোল বন্ধ হইয়া রহিয়াছে;

(খ) (১) ধুবুলিয়া সদনে---২০৯টি পরিবার, কুপার্স সদনে---৫১৮টি পরিবার, রূপশ্রী পল্লী (ডি. পি. এম. এ)---৩২টি পরিবার, ১নং রূপশ্রী মহিলা সদনে---১০টি পরিবার, ২নং রূপশ্রী মহিলা সদনে---২টি পরিবার।

(২) কেন্দ্রীয় সরকার নিযুক্ত স্ক্রীনিং কমিটির সুপারিশক্রমে ডোল চালু ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বিদ্যুৎ সঙ্কট

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৭।) **শ্রীনিতাইপদ সরকার:** শ্রম বিভাগেরমন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) ১৯৭০ থেকে ১৯৭৪-এর জানুয়ারী মাস পর্যন্ত বিদ্যুৎ সঙ্কটের ফলে রাজ্যে কত টাকার উৎপাদন এবং শ্রমদিবস নষ্ট হয়েছে; এবং

(খ) এ বিষয়ে সরকার কোন্ বৎসরে কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সংগৃহীত তথ্য অনুসারী ১৯৭৩ সাল হইতে ১৯৭৪-এর জানুয়ারী মাস পর্যন্ত পাট ও ইঞ্জিনীয়ারিং শিল্পে ক্ষতির পরিমাণ যথাক্রমে ২৭.২৫ কোটি টাকা এবং ৬০.২৫ কোটি টাকা। অন্যান্য শিল্পক্ষেত্রে ক্ষতির পরিমাণ জানা যায় নাই। ১৯৭২ সালে শিল্পোৎপাদনে ক্ষতির পরিমাণ ছিল ৫০ কোটি টাকা। ১৯৭০ এবং ১৯৭১ সালের কোন পরিসংখ্যান সংগৃহীত নাই। উক্ত সময়ে শ্রমদিবস নষ্ট সম্পর্কিত পরিসংখ্যানও সরকারের নিকট নাই।

(খ) বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ বৃদ্ধির জন্য যে কোন ব্যবস্থাই সাপেক্ষ। তবে সরকার এ পর্যন্ত যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিয়াছেন।

Nationalisation of Burn and Indian Standard Wagon Companies

453. (Admitted question No. 1232.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state—

(*a*) whether the State Government has recommended to the Government of India early nationalisation of Burn and Indian Standard Wagon Companies; and

(*b*) if so, when and (*ii*) the present position thereof ?

The Minister for Closed and Sick Industries : (*a*) The management of the Burn and Indian Standard Wagon Company has recently been taken over by the Government of India under the provisions of "The Burn Company and Indian Standard Wagon Company (Taking over of Management) Act, 1973" pending nationalisation of these undertakings as declared in the preamble to the Act. The question of State Government's recommending to the Government of India early nationalisation of these units does not, therefore, arise.

(*b*) Does not arise in view of reply under (*a*).

পশ্চিমবঙ্গে বাংলাদেশ হইতে মৎস্য আমদানী

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫২।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভারত সরকারের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশ হইতে মৎস্য আমদানীর পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, বাংলাদেশ হইতে মৎস্য আমদানীর পরিমাণ গত ৬ মাসের কোন মাসে কত ছিল; এবং

(গ) উক্ত আমাদানীকৃত মৎস্যের বন্টন ব্যবস্থা কিভাবে হইয়া থাকে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রথমাবধি ভারত সরকার বাংলাদেশ হইতে মৎস্য আমদানীর বিষয়টি নিজ হস্তে গ্রহণ করিয়াছেন এবং ভারত সরকারের পক্ষে সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশন লিমিটেড ঐ মৎস্য আমদানী করিয়া আসিতেছেন। রাজ্য সরকার ঐ মৎস্য আমদানীর বিষয়ে প্রথমাবধি কর্পোরেশনকে সক্রিয় সহযোগিতা দিতেছেন।

(খ) সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশন বাংলাদেশ হইতে গত ৬ মাসে যে পরিমাণ মৎস্য আমদানী করিয়াছেন তাহা নিম্নরূপঃ

সেপ্টেম্বর ১৯৭৩—৪৯৩ মেট্রিক টন।

অক্টোবর ১৯৭৩—৩৫৩·৬ মেট্রিক টন।

নভেম্বর ১৯৭৩—৪৪ মেট্রিক টন।

ডিসেম্বর ১৯৭৩—৯৭·২ মেট্রিক টন।

জানুয়ারী ১৯৭৪—২৬৪·৩ মেট্রিক টন।

ফেব্রুয়ারী ১৯৭৪—৪৪৮·৪ মেট্রিক টন।

(গ) ঐ মৎস্য প্রধানতঃ সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশনের নিজস্ব খুচরা স্টল এবং ইহার অনুমোদিত কমিশন এজেন্টদের মাধ্যমে বিক্রয় করা হইয়া থাকে। ইহা ছাড়া কর্পোরেশনের খুচরা বিক্রয় ব্যবস্থার মাধ্যমে বন্টনযোগ্য মৎস্যের অতিরিক্ত মৎস্য আমদানী হইতে তাহা নিলামেও বিক্রয় করা হয়।

পিড়কাটা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৩।) **শ্রীরজনীকান্ত দলুই**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত শালবনী থানার পিড়কাটা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার-এর কাজ কতদূর এগিয়েছে; এবং

(খ) কতদিনের মধ্যে উহার কাজ শেষ হবে ব'লে আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কাজ সরকার অনুমোদন করেছেন। কিন্তু প্রয়োজনীয় জমি সংগৃহীত না হওয়ায় কাজ শুরু করা যায়নি। বন বিভাগ নির্বাচিত জমির মালিক। তাঁদের কাছে ঐ জমি স্বাস্থ্য বিভাগকে হস্তান্তরিত করবার জন্য অনুরোধ করা হয়েছে। জমি পেলেই কাজ শুরু করা হবে।

আয়ুর্বেদ ও হোমিওপ্যাথিক চিকিৎসা

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৪।) শ্রীকাশীনাথ মিশ্রঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক চিকিৎসার কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা;

(খ) না হইয়া থাকিলে ডাক্তারদের বর্তমান ধর্মঘটের পরিপ্রেক্ষিতে এরূপ কোন পরিকল্পনা করা হইয়াছে কিনা;

(গ) বর্তমানে রাজ্যে কতগুলি আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক কলেজ আছে;

(ঘ) বর্তমানে উক্ত কলেজগুলিতে ছাত্রছাত্রীর সংখ্যা কত;

(ঙ) উক্ত কলেজগুলি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত কি না;

(চ) উক্ত আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক হাসপাতালগুলিতে বৎসরে গড়ে কতজন রোগীর চিকিৎসা করা হয়; এবং

(ছ) আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালগুলির উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গ্রামাঞ্চলের হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আয়ুর্বেদ চিকিৎসার কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। বর্তমানে ডাক্তার নেই সুদূর গ্রামাঞ্চলের এরূপ ২৭টি উপস্বাস্থ্যকেন্দ্র আগামী আর্থিক বৎসর হ'তে হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) না।

(গ) বর্তমানে পশ্চিমবঙ্গে পশ্চিমবঙ্গ আয়ুর্বেদ পরিষদের অনুমোদিত ৬টি আয়ুর্বেদীয় শিক্ষায়তন এবং কাউনসিল অফ হোমিওপ্যাথিক মেডিসিন, ওয়েস্ট বেঙ্গল-এর অনুমোদিত ৭টি হোমিওপ্যাথিক কলেজ আছে।

(ঘ) উক্ত আয়ুর্বেদীয় শিক্ষায়তন এবং হোমিওপ্যাথিক কলেজগুলিতে বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা যথাক্রমে ৩৫৮ এবং ৬,৬৩৯ জন।

(ঙ) না।

(চ) আয়ুর্বেদ হাসপাতালগুলিতে বৎসরে গড়ে ২,২১,৬৫৯ জন এবং হোমিওপ্যাথিক হাসপাতালগুলিতে বৎসরে গড়ে ৫,৮৩,৪৫৩ জন রোগীর চিকিৎসা করা হয়।

(ছ) আয়ুর্বেদীয় হাসপাতাল ও কলেজগুলির উন্নতির জন্য যে সব ব্যবস্থা নেওয়া হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হ'ল—

(১) নিম্নলিখিত ৩টি বেসরকারী প্রতিষ্ঠানকে সরকারী প্রতিষ্ঠানে পরিণত করা:—

যামিনী ভূষণ অষ্টাঙ্গ আয়ুর্বেদীয় বিদ্যালয় ও আরোগ্যশালা।

শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ।

বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়।

(২) আয়ুর্বেদ শিক্ষার প্রতি দরিদ্র ও মেধাবী ছাত্রদের আকৃষ্ট করার জন্য প্রতি শ্রেণীতে ২৫ টাকার ৮টি বৃত্তি এবং প্রতি শ্রেণীতে ২টি ছাত্রের বিনা বেতনে এবং ২টি ছাত্রের অর্ধ বেতনে অধ্যায়ন করার সুযোগ দান।

(৩) আয়ুর্বেদীয় ডিগ্রী পাঠ্যক্রম প্রবর্তন করার জন্য রাজ্য সরকারের অনুরোধে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়ুর্বেদ ফ্যাকালটি স্থাপন।

(৪) গ্রামাঞ্চলে চিকিৎসার সুযোগ আদৌ নাই অথবা কম আছে এরকম জায়গায় সরকারী আয়ুর্বেদীয় দাতব্য চিকিৎসালয় স্থাপন, আয়ুর্বেদীয় সাবসিডাইজ দাতব্য চিকিৎসালয় স্থাপন ও বেসরকারী দাতব্য চিকিৎসালয়গুলিকে আর্থিক অনুদান মঞ্জুর।

(৫) যামিনীভূষণ রাষ্ট্রীয় আয়ুর্বেদ শিক্ষায়তন ও আরোগ্যশালা, শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ ও বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়ে সি. এম. ডি-এর সহায়তায় একটি ক'রে গভীর নলকূপ স্থাপন।

(৬) সরকার পরিচালিত আয়ুর্বেদীয় হাসপাতাল ও সরকারী আয়ুর্বেদীয় দাতব্য চিকিৎসালয়গুলিতে বিশুদ্ধ আয়ুর্বেদীয় ঔষধ সরবরাহের জন্য কল্যাণীতে একটি সরকারী আয়ুর্বেদীক ফার্মেসী ও ভেষজ উদ্যান স্থাপন। বেসরকারী হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালের উন্নতির জন্য যে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো—

(ক) রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার ও সি. এম. ডি. এ কর্তৃক আর্থিক অনুদান মঞ্জুর।

(খ) হোমিওপ্যাথিতে ডিগ্রী পাঠক্রম প্রবর্তন করার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে রাজ্য সরকারের অনুরোধ।

(গ) গ্রামাঞ্চলে চিকিৎসার সুযোগ আদৌ নেই অথবা কম আছে এরকম জায়গায় সরকারী হোমিওপ্যাথিক দাতব্য চিকিৎসালয় স্থাপন ও বেসরকারী দাতব্য চিকিৎসালয় সমূহকে আর্থিক অনুদান মঞ্জুর।

(ঘ) বেসরকারী হোমিওপ্যাথিক কলেজ হাসপাতালে রাজ্য সরকার কর্তৃক শয্যা সংরক্ষণ।

Participation of Government of India in the revival of any sick and closed units in the jute and tea sectors

457. (Admitted question No. 1249.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state whether the Union Government has agreed to participate in the revival of any sick and closed units in the jute and tea sectors ?

The Minister for Closed and Sick Industries : No scheme of participation by the Government of India in the revival of sick and closed units in the jute and tea sectors has been received from Government of India.

Taking over of the management and nationalisation of jute Mills in the State

458. (Admitted question No. 1257.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state whether the Government is considering any proposal for taking over of the management or nationalisation of any or all Jute Mills in the State ?

The Minister for Labour : The State Government has recommended to the Government of India the take over of one Jute Mill which is currently under consideration of that Government. No proposal for nationalisation of any or all the mills is now under consideration.

বিলপচা-কোপরা মৌজায় নবীপুর নামক স্থানে সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৫।) শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রাণীনগর ২নং ব্লকের বিলপচা-কোপরা মৌজায় নবীপুর নামক স্থানে একটি সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার প্রতিষ্ঠা করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, বর্তমানে উহা কি অবস্থায় আছে এবং কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এবং (খ) এ উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কাজ ২২এ ফেব্রুয়ারী, ১৯৭৪ তারিখে অনুমোদিত হয়েছে। পূর্ত বিভাগের কনস্ট্রাকসন বোর্ড এ কাজ করবেন। কবে নাগাত কাজ আরম্ভ হবে তা সঠিক এখন বলা যায় না।

Scarcity of common drugs in Health Centres

460. (Admitted question No. 1246) Shri Rajani Kanta Doloi : Will the Minister-in-charge of the Health Department be pleased to state —

(a) whether the Government has received any report that common drugs such as Sulphadiazine, Vaseline, Potassium Permanganate, Carbolic Soap, Tincture Iodine, Salicylic acid, Liquid Vitamin, etc., have become scarce in the health centres; and

(b) if the answer to (a) is in the affirmative —

(i) the reasons thereof; and

(ii) the action taken by the Government in the matter?

The Minister for Health : (a) Yes.

(b) (i) Due to non-supply or less supply of these drugs to the Central Medical Stores by the approved contracting firms.

(ii) C.M.O.Hs. of the districts have been given financial power to make local purchase of such drugs for health centres in case of emergencies.

ভেজালদার, মজুতদার ও সমাজবিরোধীদের দমনের জন্য যাবজ্জীবন কারাদণ্ড

৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১১২৩।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভেজালদার ও মজুতদার প্রভৃতি সমাজবিরোধীদের দমনের জন্য সরকার যাবজ্জীবন কারাদণ্ডের সুপারিশ করেছেন; এবং

(খ) সত্য হ'লে বর্তমানে উহা কোন্ পর্যায়ে আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ও (খ) খাদ্য, ঔষধ ও প্রসাধন দ্রব্যে ভেজাল নিরোধ কল্পে পশ্চিমবঙ্গ আইনসভা একটি বিল অনুমোদন করেছেন। উহাতে অপরাধীদের যাবজ্জীবন কারাদণ্ডের বিধান আছে। বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষায় আছে

Inclusion of the C.M.D.A.'s programme in the Fifth Plan

462. (Admitted question No. 1990.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the P.W.D. (T & C P) Department be pleased to state whether the State Government has included the C.M.D.A.'s programme in the Fifth Plan provision?

The Minister for Public Works (T. and C.P.) : Yes.

বাগনান ২নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৬।) **শ্রীসুশান্ত ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বাগনান ২নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কোন প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, ঐ প্রস্তাব এখনও কার্যকর না করার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) উপযুক্ত জমি এখনও পাওয়া যায়নি।

বাংলাদেশ হইতে আগত শরণার্থীদের জন্য তাঁবু ও ত্রিপল ক্রয়

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৯।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) শরণার্থীদের জন্য কে কিছু সংখ্যক তাঁবু ও ত্রিপল ক্রয় করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ সংস্থার নিকট হইতে কোন্ তারিখে কত টাকার তাঁবু ও ত্রিপল কেনা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, কোন্ কোন্ সংস্থাকে ঐ তাঁবু ও ত্রিপল বাবত পাওনা টাকা দেওয়া হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) হ্যাঁ, পুরো টাকা এখনও দেওয়া সম্ভব হয় নাই।

(ঘ) নিম্ন মানের তাঁবু ও ত্রিপল সরবরাহহেতু বিলের টাকা আদায় দিতে মহাগাণনিক বা অ্যাকাউন্ট্যান্ট জেনারেলের বিশেষ আপত্তি, সি, বি, আই-এর তদন্ত, টাকা না পাওয়ায় সরবরাহকারী তিনটি প্রতিষ্ঠান কর্তৃক সরকারের বিরুদ্ধে মামলা দায়ের ইত্যাদি।

মহুয়া হইতে স্পিরিট তৈরীর পরিকল্পনা

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪২।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) চিটাগুড়ের অভাবে নির্ধারিত কান্ট্রী স্পিরিট তৈরী না হওয়ায় সরকারের রেভিনিউ কমতে আরম্ভ করেছে;

(২) বাঁকুড়া ও পুরুলিয়াতে যে মহুয়া উৎপন্ন হয় তা থেকে স্পিরিট তৈরী করার পরিকল্পনা সরকার গ্রহণ করছেন; এবং

(খ) সত্য হলে, ঐ মহুয়া থেকে কত পরিমাণ স্পিরিটের অভাব দূর করা সম্ভব হবে?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) চিটাগুড়ের অভাব আছে সত্য কিন্তু কান্ট্রী স্পিরিট থেকে লব্ধ রাজস্ব এখনও পর্যন্ত কমেনি। তবে উক্ত রাজস্ব আশানুরূপ বৃদ্ধি পায়নি।

(২) বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় মহুয়া ফুলকে কাঁচামাল হিসাবে ব্যবহার করে কান্ট্রী স্পিরিট তৈরী করা যায় কিনা তা বর্তমান সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ঠিক এই মুহূর্তে মহুয়া ফুল থেকে কি পরিমাণ স্পিরিট উৎপন্ন করা যাবে তা বলা সম্ভব নয়।

টিউটোরিয়াল সেন্টার ও ওয়ান-টিচার পাঠশালার মাধ্যমে এমপ্লয়মেন্ট

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩০।) **শ্রীঅনন্তকুমার ভারতী:** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত বৎসর থেকে এই বৎসরের ফেব্রুয়ারী অবধি কিছু শিক্ষিত যুবক ডিস্ট্রিক্ট সোস্যাল এডুকেশন (ক্যালকাটা ডিস্ট্রিক্ট)-এর অধীনে টিউটোরিয়াল সেন্টার ও ওয়ান-টিচার পাঠশালার মাধ্যমে এমপ্লয়মেন্ট পেয়েছিল এই বৎসর ২৮এ ফেব্রুয়ারী থেকে সেগুলি বন্ধ হইয়া গিয়াছে;

(খ) অবগত থাকিলে এই পরিকল্পনা আবার চালু করিবার কোনো পরিকল্পনা আছে কিনা;

(গ) থাকিলে কোন্ সময় পর্যন্ত এই সমস্ত টিউটোরিয়াল সেন্টার ও ওয়ান-টিচার পাঠশালা চালু হইবার সম্ভাবনা আছে; এবং

(ঘ) যে সমস্ত শিক্ষিত যুবকদের এইগুলি বন্ধ হওয়ায় কর্মচ্যুতি ঘটিয়াছে সেই সমস্ত যুবকদের বিষয় সরকার কি চিন্তা করিতেছেন?

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়: (ক) আছেন।

(খ) না, নেই।

(গ) এ প্রশ্ন ওঠে না।

(ঘ) এ প্রকল্পে যাঁরা ভাল ভাল কাজ করেছেন বলে স্বীকৃতি পাবেন তাঁদের যোগ্যতা অনুযায়ী সমাজ শিক্ষা বিভাগের নূতন প্রকল্পের কাজে নিয়োগ করার জন্য চেষ্টা করা হবে।

"Law Violation" Programme of "Yuva Sanghs"

467. (Admitted question No. 2575.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has taken note of the decision of "Yuva Sanghs" to observe "Law Violation" programme all over the State on April 8, 1974; and

(b) if so, the action the Government is contemplating to take to maintain law and order on that day?

The Minister for Home (Police): (a) Government took note of the decision of "Yuva Sanghs" to observe "Law Violation" programme on April 8, 1974. The decision was subsequently cancelled.

(b) Does not arise.

বর্ধমান জেলার চাঁদপুর গ্রাম হইতে দেবশালা গ্রাম পর্যন্ত রাস্তা

৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বর্ধমান জেলার বুদবুদ থানার দেবশালা অঞ্চলের পানাগড়-ইলামবাজার রোডে ৫-এর মাইলে ত্রিলোক চাঁদপুর গ্রাম হইতে দেবশালা গ্রাম পর্যন্ত রাস্তাটি অন্তর্ভুক্ত হইয়াছে কিনা; এবং

(খ) হইলে, কত টাকার পরিকল্পনা করা হইয়াছে এবং কখন কাজ শুরু হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

ডেভেলপমেন্ট ফান্ড বাবদ কাটোয়া পৌরসভা কর্তৃক প্রাপ্ত টাকার পরিমাণ

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩৮।) **শ্রীসুব্রত মুখার্জী(কাটোয়া) ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) কাটোয়া পৌরসভা গত বছর (১৯৭২-৭৩) রাজ্য সরকারের কাছ থেকে ডেভেলপমেন্ট ফাণ্ড-এ কত টাকা পেয়েছিল;

(খ) সেই টাকা কি কি কাজে ও কি কি ভাবে খরচ হয়েছে এবিষয়ে কোন রিপোর্ট সরকার পেয়েছেন কি;

(গ) পেয়ে থাকলে তাহার বিবরণ; এবং

(ঘ) গত বছরের রাজ্য সরকারের দেওয়া মোটর ভেহিকিলস ট্যাক্স-এর টাকা কিভাবে খরচ হয়েছে, এর কোন রিপোর্ট সরকার পেয়েছেন কি না এবং পেলে, তাহা কি?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় ঃ (ক) ৬৭,৬৫৮ টাকা।

(খ) হ্যাঁ।

(গ) পাবনা কলোনী রোড নির্মাণ, বাণিংঘাট রোড পুনর্নির্মাণ, হরগৌরীপাড়া বাইলেন নির্মাণ ও খেড়োবাজার বাইলেন নির্মাণের জন্য এযাবৎ ৫৯,৯৭৮ টাকা খরচ হয়েছে।

(ঘ) রাজ্য সরকারের দেওয়া যোগাযোগ অনুদানের সহিত মোটর ভেহিকিলস ট্যাক্স-এর টাকার কোন সম্বন্ধ নাই। যোগাযোগ অনুদান সরকার এমনিই এক্স-গ্রাসিয়া দিয়া থাকেন গত বছরে কাটোয়া পৌরসভা যোগাযোগ অনুদান বাবত ২৫,৩০০ টাকা পাইয়াছিলেন। কিন্তু ওয়াগন অভাবে স্টোন ও সিমেন্ট সংগ্রহ করিতে না পারায়, ঐ খরচ হয় নাই।

কাটোয়া পৌরসভা কর্তৃক মোটর ভেহিকেল্‌স ট্যাক্স বাবদ প্রাপ্ত টাকা

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩৭।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) কাটোয়া পৌরসভা গত বছরে (১৯৭২-৭৩) রাজ্য সরকারের কাছ থেকে মোটর ভেহিকেল্‌স ট্যাক্স-এর দরুন কত টাকা পেয়েছিলেন; এবং

(খ) এই বছর (১৯৭৩-৭৪) মোটর ভেহিকেল্‌স ট্যাক্স-এর দরুন কোন টাকা উক্ত পৌরসভা পেয়েছেন কি না এবং পেয়ে থাকলে কত টাকা?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) কলকাতা পৌরসভা ব্যতীত অন্য কোন পৌরসভা আইনানুযায়ী মোটর ভেহিকেলস ট্যাক্স-এর দরুন কোন টাকা পান না। অতএব উক্ত ট্যাক্স বাবত ১৯৭২-৭৩ সালে কাটোয়া পৌরসভার কোন টাকা পাওয়ার প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্ন ওঠে না।

Visit of Bangladesh Prime Minister, Sheikh Mujibar Rehman, in West Bengal

471. (Admitted question No. 1998.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Chief Minister's Secretariat Department be pleased to state —

(a) whether the State Government has recently received any communication from the Union Government regarding Bangladesh Prime Minister, Bangabandhu Sheikh Mujibar Rehman's programme of visiting some places in West Bengal in course of his ensuing visit to the country; and

(b) if so, the arrangements made or proposed to be made by the State for giving reception to Bangabandhu?

The Minister for Chief Minister's Secretariat : (a) No.

(b) Does not arise.

Periodic review of all cases of detenus held in preventive custody

472. (Admitted question No. 1994.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state whether the State Government has received any directives or instructions for a periodic review of all cases of detenus held in preventive custody by the State Government?

The Minister for Home (Special) : No.

পৌরসভার নির্বাচন

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ কোন্ পৌরসভার নির্বাচন হয়েছে;

(খ) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ পৌরসভা বর্তমানে সরকারী প্রশাসকের নিয়ন্ত্রণে আছে এবং

(গ) বর্ধমান জেলার আসানসোল ও রাণীগঞ্জ পৌরসভার নির্বাচন কবে হবে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের দু'টি পৌরসভাতে নির্বাচন হয়েছে। উক্ত পৌরসভা দু'টি টাকী ও বীরনগর।

(খ) বর্তমানে যে পৌরসভাগুলি সরকারী প্রশাসকের নিয়ন্ত্রণে আছে তাহাদের নাম ঃ

(১) গার্ডেনরীচ,
(২) আসানসোল,
(৩) রামপুরহাট,
(৪) চন্দ্রকোনা,
(৫) হুগলী-চুঁচুড়া,
(৬) শ্রীরামপুর,
(৭) চাঁপদানী,
(৮) উত্তরপাড়া-কোতরং,
(৯) চন্দননগর,
(১০) হাওড়া,
(১১) বালী,
(১২) নব ব্যারাকপুর,
(১৩) কাঁচড়াপাড়া,
(১৪) নৈহাটী,
(১৫ ভাটপাড়া
(১৬) ব্যারাকপুর,
(১৭) পানিহাটি,
(১৮) কামারহাটি,
(১৯) বরাহনগর,
(২০) নর্থ দমদম,
(২১) সাউথ দমদম,
(২২) খড়দহ,
(২৩) বনগাঁ,
(২৪) বজবজ,
(২৫) রাজপুর,
(২৬) অশোকনগর-কল্যাণগড়,
(২৭) নবদ্বীপ,
(২৮) রাণাঘাট,
(২৯) চাকদহ,
(৩০) ইংলিশবাজার,
(৩১) দার্জিলিং,
(৩২) কালিম্পঙ,
(৩৩) শিলিগুড়ি,
(৩৪) কুচবিহার,
(৩৫) পুরুলিয়া,
(৩৬) রঘুনাথপুর,
(৩৭) আরামবাগ,
(৩৮) বালুরঘাট।

(গ) আসানসোল ও রাণীগঞ্জ পৌরসভা নির্বাচন তারিখ আগামী ৩০এ জুন, ১৯৭৪।

Inclusion of the Kharagpur Railway Colony within the Kharagpur Municipality

474. (Admitted question No. 1260.) **Shri Rajani Kanta Doloi :** Will the inister-in-charge of the Municipal Service Department be pleased to refer to e reply to unstarred question No. 2 (admitted question No. 90), dated the 3rd ly, 1972 and state-

(a) whether the Commissioner, Burdwan Division, has meanwhile sent his recommendations to the Government; and

(b) the present position of the proposal for inclusion of the Railway Colony within the Kharagpur Municipality?

The Minister of State in Charge of the Municipal Services : (a) Yes.

(b) the proposal for inclusion of the Railway Colony within the Kharagpur unicipality has been dropped for the present.

ধনুষ্টঙ্কার রোগের চিকিৎসা

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-াশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) পশ্চিমবঙ্গে ধনুষ্টঙ্কার রোগের চিকিৎসার জন্য মোট কয়টি হাসপাতাল আছে এবং সেগুলি কোথায় অবস্থিত;

খ) পশ্চিমবাংলার সমস্ত ব্লকের অধীন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ধনুষ্টঙ্কার রোগের চিকিৎসার জন্য উপযুক্ত ব্যবস্থা এবং প্রয়োজনীয় ঔষধ আছে কিনা; এবং

গ) না থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) একটি। সেটি বেলিয়াঘাটা, কলিকাতায় অবস্থিত। ছাড়া, বিভিন্ন জেলা এবং মহকুমা হাসপাতালেও ধনুষ্টঙ্কার রোগের চিকিৎসার জন্য আইসোলেসান ওয়ার্ড আছে এবং প্রয়োজনীয় ঔষধও আছে।

খ) হ্যাঁ; প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ধনুষ্টঙ্কার রোগের চিকিৎসার উপযুক্ত ব্যবস্থা আছে এবং াজনীয় ঔষধ আছে। উপ-স্বাস্থ্যকেন্দ্রে আইসোলেসান ওয়ার্ড না থাকায় সেখানে এ গের চিকিৎসার উপযুক্ত ব্যবস্থা নেওয়া সম্ভব নয়।

গ) উপ-স্বাস্থ্যকেন্দ্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট রোগীকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানোর ব্যবস্থা ছে। প্রয়োজনবোধে, মহকুমা এবং জেলা হাসপাতালেও পাঠানোর ব্যবস্থা করা হয়।

Naxalites and other anti-social elements

476. (Admitted question No. 1591.) **Shri Rajani Kanta Doloi :** Will the inister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has received any report that the Naxalites and other anti-social elements are trying to regroup themselves; and

(b) if so, the action taken or proposed to be taken by the Government in the matter?

The Minister of Home (Police) : *(a) Yes.*

(b) Raids were conducted at the hideouts of the Naxalites from time to time.

The Police has been advised to intensify collections of intelligence with a view to detaining and prosecuting them under the law.

মালদা সদর হাসপাতাল

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২১।) **শ্রীগৌতম চক্রবর্তী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদা সদর হাসপাতালে একশ' শয্যাবিশিষ্ট যে নতুন ভবনটি তৈরী হয়েছে তা কবে উদ্‌বোধন করা হবে; এবং

(খ) নতুন শয্যাগুলি এ পর্যন্ত চালু না হওয়ার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ(ক) আগামী মাস দুয়েকের মধ্যেই উদ্‌বোধন করা সম্ভব হবে বলে আশা করা যায়।

(খ) নতুন ভবনটিতে আসবাবপত্র ও সাজসরঞ্জামের সংস্থান নেই। অতিরিক্ত চিকিৎসক ও অন্যান্য কর্মচারীর প্রয়োজন, এ সম্পর্কে প্রয়োজনীয় সরকারী মঞ্জুরী শীঘ্র দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

Unauthorised sale of smuggled goods

478. (Admitted question No. 1592.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Press) Department be pleased to state—

(a) whether the Government has received any report that smuggled goods are being sold in open markets of Calcutta: and

(b) if so, the action the Government has so far taken to prevent such unauthorised sale?

The Minister for Home (Police) : (a) Yes.

(b) Calcutta Police has no statutory power to deal with smuggled goods.

Sale of obscene literatures and photographs in Calcutta

479. (Admitted question No. 1934.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has taken note of the accelerating trend of unauthorised sale of obscene literatures and photographs in Calcutta: and

(b) if so, the action taken or proposed to be taken by the Government in the matter?

The Minister for Home (Press) : (a) and (b) The State Government keeps watch over the unauthorised sale of obscene literatures and photographs in Calcutta. A rising trend in unauthorised sale of such publications was noticed in 1972. But the trend has appreciably gone downward since then as a result of bulk seizure of such publications and the launching of prosecution under section 292, I.P.C. against a good number of such publications.

ভিক্ষাজীবীদের কুটির শিল্পের মাধ্যমে স্বাবলম্বী করার পরিকল্পনা

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৭।) **শ্রীগৌতম চক্রবর্তীঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাস্তায় ভিক্ষারত ভিক্ষুকদের জন্য কুটির শিল্পের মাধ্যমে তাদের স্বাবলম্বী করার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা;

(খ) পশ্চিম বাংলায় মোট কত সংখ্যক ভিক্ষুক আছে যাদের ভিক্ষাবৃত্তি অবলম্বন করে জীবন নির্বাহ করতে হয় এ বিষয়ে কোন সমীক্ষা করে থাকলে তা কি; এবং

(গ) ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আছে।

(খ) এ ব্যাপারে কোনও সর্বাঙ্গীণ সমীক্ষা না হওয়ায় মোট সংখ্যা জানান সম্ভব নয়।

(গ) বিভিন্ন অবলম্বিত ব্যবস্থার মধ্যে উল্লেখযোগ্য ঃ-

(১) বেঙ্গল ভ্যাগ্রান্সি এ্যাক্ট, ১৯৪৩ অনুসারে আটক সমর্থ-ভিক্ষুকদিগকে বিভিন্ন প্রকার কুটির শিল্পের মাধ্যমে শিক্ষাদান,

(২) কারিগরী, কৃষিকর্ম ও পোলট্রী পালনে শিক্ষাদান,

(৩) সম্ভাব্য উপযুক্তক্ষেত্রে বার্ধক্য ভাতা প্রদান,

(৪) সাময়িক দুর্দশাগ্রস্ত পরিবারদিগকে সম্ভাব্যক্ষেত্রে স্বগ্রামে ফিরিয়ে যাইবার জন্য আর্থিক সহায়তা প্রদান,

(৫) এইরূপ কার্যে অগ্রণী বেসরকারী প্রতিষ্ঠানগুলিকে আর্থিক সহায়তা প্রদান,

(৬) নারী ভিক্ষুকদিগকে উপযুক্ত ক্ষেত্রে বিবাহ দান, সাধারণ উচ্চশিক্ষা ও ধাত্রীবিদ্যার মাধ্যমে সামাজিক প্রতিষ্ঠা অর্জনে সহায়তা করা।

Obscene pictures in posters, newspaper advertisements and other publicity bulletins

481. (Admitted question No. 1944.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-incharge of the Information and Public Relations Department be pleased to state—

(a) whether the State Government has taken note of the present trend of putting up obscene pictures in posters, newspaper advertisements and other publicity bulletins issued by some cinema and theatre owners in this State ; and

(b) if so, the action taken or proposed to be taken by the present Government in the matter ?

The Minister for Information and Public Relations : (a) Yes.

(b) Action is generally taken as per provision contained in Indian Penal Code. A scheme of voluntary censorship of film publicity materials by the Censor Officer appointed by Government was undertaken in the year 1959. Under that scheme such materials require to be approved by the Censor Officer before their public display. If any unapproved materials are displayed, such violation is brought to the notice of the Eastern India Motion Pictures' Association for taking action against the violator. But it has been noted with grave concern that this system of voluntary

censorship has failed to present display obscene film publicity materials and, as such, the question of introducing a legislation of enforcing compulsory censorship of film publicity materials before their public display has been taken into active consideration by the present Government. As regards action against theatre owners there is no specific scheme at present excepting the provisions contained in the Indian Penal Code.

উদ্বাস্তুদের জমির স্বত্বদান

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** ঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গত ২৬শে জানুয়ারী, ১৯৭৪ তারিখে রাজ্যের কোন্ কোন্ জায়গায় কত পরিমাণ জমির স্বত্ব উদ্বাস্তুদের দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত ব্যবস্থার জন্য সরকারের কত টাকা ব্যয় হইয়াছে?

উদ্বাস্তু ত্রান ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) সরকারী উদ্যোগে স্থাপিত ও বৈধকরণযোগ্য স্ব-দখল কলোনীগুলির অন্তর্ভুক্ত সকল কৃষি ও বাস্তুজমির স্বত্বদানের ঘোষণা উক্ত তারিখে করা হয়; এখন পর্যন্ত কোন উদ্বাস্তু পরিবারকে ঐ ঘোষণা অনুযায়ী স্বত্ব দেওয়া যায় নি।

(খ) আনুমানিক মোট ৩৬ কোটি টাকা ব্যয় হইবে বলিয়া ধরা হইয়াছে।

কলিকাতার মাছের সাব-ডিপো

৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক** ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার সম্প্রতি শুভবিবাহ ও অন্যান্য উৎসব অনুষ্ঠানে প্রয়োজনীয় মাছ সরবরাহের জন্য কলিকাতায় মাছের কতগুলি "সাব-ডিপো" খোলার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, এইরূপ সাব-ডিপো কোন্ কোন্ স্থানে খোলা হইবে এবং কখন হইতে চালু হইবে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকার এইরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না

বসন্ত রোগ

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৫।) **শ্রীঅনন্তকুমার ভারতী** ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গরম পড়িবার সাথে সাথে পশ্চিম বাংলার বিভিন্ন স্থানে বিশেষ করে শহরগুলিতে বসন্ত রোগ দেখা দিয়েছে;

(খ) অবগত থাকিলে, ইহা প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে; এবং

(গ) জানুয়ারী, ১৯৭৪ হইতে ৬ই মার্চ, ১৯৭৪ পর্যন্ত এই রোগে পশ্চিম বাংলায় কত লোকের মৃত্যু হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে—

(১) গুটি বসন্ত রোগাক্রান্ত ব্যক্তিকে খুঁজে বের করা।

(২) রোগীগণকে পৃথকীকরণ এবং হাসপাতালে চিকিৎসা করাবার ব্যবস্থা গ্রহণ।

(৩) রোগাক্রান্ত ব্যক্তির সংস্পর্শে যাঁরা এসেছেন এরূপ সকলকে টীকা দান।

(৪) যাঁরা অদ্যাবধি টীকা নেননি এরূপ ব্যক্তিগণকে খুঁজে বের করে টীকা দান।

(৫) যে সকল ব্যক্তি বিগত তিন বছরের মধ্যে টীকা নেননি তাঁদের টীকা দান।

(৬) হাসপাতালে হেল্‌থ সেন্টার প্রভৃতিতে নবজাত শিশুকে টীকা দান।

(৭) আন্তঃ জেলা ও আন্তঃ রাজ্য ভিত্তিতে বসন্ত রোগের প্রাদুর্ভাবের সংবাদের বিনিময় এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

(৮) বাধ্যতামূলক টীকা দান আইন অনুযায়ী সকলকেই টীকা লইতে বাধ্য করা।

(গ) ২২৩ জন।

সেল্‌ফ এমপ্লয়মেন্ট ও সেল্‌ফ এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রকল্পে বেকারদের ব্যবসা ও শিক্ষার ব্যবস্থা

৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৪।) শ্রীঅনন্তকুমার ভারতীঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এ বৎসর (১৯৭৩-৭৪) সেল্‌ফ এমপ্লয়মেন্ট ও সেল্‌ফ এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রকল্পে পশ্চিমবাংলায় বহু বেকার শিক্ষিত যুবককে ব্যবসা করবার ও শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়েছে;

(খ) সত্য হলে, ৬ই মার্চ ১৯৭৪ পর্যন্ত কত শিক্ষিত যুবককে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে;

(গ) প্রথমে যে দল এই দুই প্রকল্পের অন্তর্ভুক্ত হয়েছে তাদের ট্রেনিং ও সেল্‌ফ এমপ্লয়মেন্ট শেষ হলে পুনরায় অন্য বেকার যুবকদের এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হবে কিনা এবং হলে তার সংখ্যা কত;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, এই প্রকল্পে ব্যবসা করতে গিয়ে ব্যাঙ্ক লোনের ব্যাপারে প্রত্যেকটি যুবককে বহুবিধ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের প্রকল্পে ১১ হাজার ২ শত ৮১ জন।

(গ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকার বর্তমানে বিচারবিবেচনা করছেন।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ব্যবসা প্রকল্পগুলির দ্রুত নিষ্পত্তির জন্যে প্রতিটি জেলায় জেলাশাসকের সভাপতিত্বে ব্যাঙ্কের প্রতিনিধি, জেলা শিল্পাধিকারিক ও অন্যান্যদের দিয়ে একটি কার্যকর মণ্ডল বা ওয়ারকিং গ্রুপ সৃষ্টি করা হয়েছে। এ ছাড়া ব্যাঙ্কগুলির প্রধান করণের বা হেড অফিসের প্রতিনিধিদের সঙ্গে উচ্চপর্যায়ের এক আলোচনাচক্রে অনুরোধ করা হয়েছে যে তাঁরা যেন উদ্বাস্তু যুবকদের ঋণ মঞ্জুরী ব্যাপারে জামীনভিত্তিক ব্যাণিজ্যিক লেনদেনের প্রথাগত দৃষ্টিভঙ্গী পরিহার করে অপেক্ষমান ব্যবসা প্রকল্পগুলির সার্থক রূপায়ণের জন্যে প্রয়োজনীয় অর্থ সত্বর মঞ্জুর করেন।

উত্তরবঙ্গে মেডিক্যাল কলেজ

৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬৫। **শ্রীগৌতম চক্রবর্তী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) না থাকিলে, তাহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ইতিপূর্বে উত্তরবঙ্গে সুগ্রত নগরে (শিলিগুড়ি) একটি মেডিক্যাল কলেজ স্থাপন করা হয়েছে। উত্তরবঙ্গে আর কোন মেডিক্যাল কলেজ স্থাপনের পরিকল্পনা বর্তমানে নেই।

(খ) কেন্দ্রীয় পরিকল্পনা কমিশন পঞ্চম পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে কোন নতুন মেডিক্যাল কলেজ স্থাপনের প্রস্তাব অনুমোদন করেন নি।

Lamp manufacturing units

487. (Admitted question No. 1984.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of lamp manufacturers who have laid off workmen of closed down their units during the period from 1st January, 1973 to 31st January 1974 ; and

(b) the number of workers laid off during this period ?

The Minister for Labour : (a)(i) Two lamp manufacturing units laid off workmen during the period.

(ii) There is no information regarding closer of lamp manufacturing units.

(b) 2,670 workmen.

Selection of candidates from rural areas for Junior and Senior Nursing Courses

488. (Admitted question No. 1884.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the State Government is considering any proposal to increase the number of candidates from the rural areas for selection to Junior. and Senior Nursing Courses ; and

(b) whether there is any proposal for selection of these candidates on district basis ?

The Minister for Health : (a) and (b) No.

বাঁকুড়া জেলায় টি বি রোগী

৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলায় টি বি রোগের সংখ্যা দিনে দিনে বৃদ্ধি পাইতেছে কিন্তু হাসপাতালে শয্যাসংখ্যা খুব কম থাকায় সকলে ভর্তি হইতে পারে না এবং বেশীরভাগ দুঃস্থ এবং অসহায় রোগী বিনা চিকিৎসায় মারা যাইতেছে;

(খ) অবগত থাকিলে, (১) বর্তমান বাঁকুড়া হাসপাতালে কয়টি শয্যা আছে, এবং প্রতিদিন গড়ে কতজন রোগী চিকিৎসার জন্যে ঐ হাসপাতালে আসে,

(২) বাঁকুড়া জেলার দেউলিয়া গড়ে টি বি স্যানিটোরিয়াম করার প্রস্তাবটি বর্তমানে কি অবস্থায় আছে; এবং কবে নাগাত তাহা কার্যকর হইবে; এবং

(৩) রেডক্রস সোসাইটি বাঁকুড়া জেলায় কোথাও টি বি হাসপাতাল করার প্রস্তাব করিয়াছেন কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ইহা কি সত্য নহে।

(খ) (১) ২০টি। প্রতিদিন গড়ে ২৫ জন টি, বি, রোগী বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে অবস্থিত জেলা টি, বি, সেন্টারে চিকিৎসার জন্য আসে।

(২) এরূপ কোন প্রস্তাব বর্তমান সরকারের বিবেচনাধীন নেই।

(৩) না।

Strike in Medical Colleges and Hospitals

490. (Admitted question No. 1747.) **Shri RAJANI KANTA DOLOI :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of strikes resorted to in Medical Colleges and Hospitals in the State from March, 1972 to February, 1974 ;

(b) whether sufficient notice was given to the Government by the strikers ; and

(c) the action taken by the State Government in the matter ?

The Minister for Health : (a) Two.

(b) 24 hours' notice was given to the hospital authority in one case.

(c) In one case the strike period was treated as leave without pay ; in the other the period was regularised by granting admissible leave.

Master Plan for economic rehabilitation of the displaced persons

491. (Admitted question No. 1539.) **Shri RAJANI KANTA DOLOI :** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state whether the State Government's Master Plan for economic rehabilitation of the displaced persons has been approved by the Union Government ?

The Minister for Refugee Relief and Rehabilitation : No, it is still under the consideration of the Government of India.

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত ব্লকওয়ারী প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালের মধ্যে ব্লকে একটি করিয়া প্রাথমিক ও দুইটি করিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত ছিল;

(খ) সত্য হইলে, (১) কোন্ জেলার কোন্ ব্লকে এখনও ঐ পরিকল্পনামাফিক স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত করা যায় নাই; এবং

(২) ইহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) প্রতি ব্লকে একটি প্রাথমিক এবং কমপক্ষে দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত আছে।

(খ) (১) একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(২) যে যে কারণে সবগুলি ব্লকে নীতি অনুসারে প্রয়োজনীয় সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত করা যায়নি সেগুলি নীচে দেওয়া হইল ঃ—

(১) প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাব।

(২) উপযুক্ত জমির অভাব।

(৩) গৃহ নির্মাণের মাল-মসলা ও মজুরীর মূল্য বৃদ্ধি। উপযুক্ত ঠিকাদারের অভাব, গ্রাম এলাকায় বিশেষ করে সুন্দরবনে এবং পাহাড়ী অঞ্চলে মালবহন ও যাতায়াতের অসুবিধা প্রভৃতি।

Statement referred to in reply to clause (Kha) of unstared question No. 492.

যে স্থানগুলিতে সরকারী নীতি অনুসারে স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা যায়নি সেগুলির জেলা ঃ ব্লক ভিত্তিক সংখ্যা—

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

জেলার নাম	ব্লকের নাম	ঘাটতির সংখ্যা	জেলার ঘাটতি
১। বর্ধমান	— আসানসোল	— ১	১
২। মুর্শিদাবাদ	— রঘুনাথগঞ্জ	— ১	
	রাণীনগর	— ১	
	ভগবানগোলা ১নং	— ১	৩
৩। পুরুলিয়া	— নেতুরিয়া	— ১	
	মানবাজার ২নং	— ১	২
৪। ২৪-পরগনা	— মগরাহাট ১নং	— ১	১
		মোট ৭টি	৭

উপ-স্বাস্থ্যকেন্দ্র

১। বাঁকুড়া	— মেজিয়া	— ১	
	রায়পুর ২নং	— ১	
	বাঁকুড়া ২নং	— ১	৩
২। বীরভূম	— নলহাটী ২নং	— ১	
	সিউড়ী ১নং	— ১	
	সিউড়ী ২নং	— ১	৩
৩। বর্ধমান	— হীরাপুর	— ১	
	গলসী	— ১	
	কুলটী	— ২	
	আসানসোল	— ১	৫
৪। কোচবিহার	— কোচবিহার ১নং	— ১	
	মাথাভাঙ্গা	— ১	২

জেলার নাম	ব্লকের নাম	ঘাটতির সংখ্যা	জেলার ঘাটতি
৫। দার্জিলিং	কালিম্পং ১নং	১	
	কালিম্পং ২নং	১	
	গোরুবাথান	১	
	মিরিক	১	
	দার্জিলিং পুলবাজার	১	
	জোরবাঙলো সুখিয়াপুকরী	১	
	খরিবাড়ি ফাঁসিদেওয়া	১	৭
৬। হুগলী	চুঁচুড়া মগড়া	১	
	শ্রীরামপুর উত্তরপাড়া	২	৩
৭। হাওড়া	সাঁকড়াইল	২	
	পাঁচলা	১	৩
৮। জলপাইগুড়ি	কালচিনি	১	
	মেটিয়ালি	১	
	নাগরাকাটা	২	৪
৯। মালদা	কালিয়াচক ১নং	১	
	মালদা	২	৩
১০। মেদিনীপুর	দাঁতন ১নং	২	
	মহিষাদল ২নং	১	
	নন্দীগ্রাম ১নং	১	
	নন্দীগ্রাম ২নং	১	
	মেদিনীপুর	২	
	খড়গপুর ১নং	২	
	সুতাহাটা ১নং	১	
	সুতাহাটা ২নং	১	১১
১১। মুর্শিদাবাদ	সমশেরগঞ্জ	২	
	লালগোলা	১	
	রঘুনাথগঞ্জ ১নং	১	
	রঘুনাথগঞ্জ ২নং	১	
	রাণীনগর ১নং	১	
	ভগবানগোলা ২নং	১	১
১২। নদীয়া	নবদ্বীপ	১	১

জেলার নাম		ব্লকের নাম		ঘাটতির সংখ্যা	জেলার ঘাটা
১৩। পুরুলিয়া	—	ঝালদা ২নং	—	১	১
১৪। ২৪-পরগনা	—	মগরাহাট ১নং	—	১	
		মগরাহাট ২নং	—	১	
		সাগর	—	১	
		ফলতা	—	২	
		ভাঙ্গর ১নং	—	১	
		ভাঙ্গর ২নং	—	১	
		ডায়মণ্ডহারবার ১নং	—	১	
		বিষ্ণুপুর ১নং	—	১	
		বিষ্ণুপুর ২নং	—	১	
		সন্দেশখালি ১নং	—	২	
		গোসাবা	—	১	
		বসিরহাট ১নং	—	২	
		মথুরাপুর ১নং	—	২	
		বজবজ ১নং	—	২	
		বজবজ ২নং	—	১	
		মহেশতলা মেটিয়াবুরুজ		২	
		টালীগঞ্জ বেহালা	—	১	
		ক্যানিং ১নং	—	১	
		ক্যানিং ২নং	—	১	২৫
১৫। পশ্চিমদিনাজপুর	—	হিলি	—	১	১
		মোট	—	৭৯	৭৯

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	—	৭টি
উপ-স্বাস্থ্যকেন্দ্র	—	৭৯টি
মোট ঘাটতি	—	৮৬টি

বিড়ি মালিক ও শ্রমিক শ্রেণীর মধ্যে কনট্রাক্ট ব্যবস্থা

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৯।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস:** শ্রম বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিড়ি-মালিক ও শ্রমিক শ্রেণীর মধ্যে কনট্রাক্ট ব্যবস্থা এখ চালু আছে; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি; এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিক ও মালিকদের মধ্যে প্রচলিত কর্মের সর্তানুযায়ী এই ব্যবস্থা লন আছে। কনট্রাক্ট লেবার (রেগুলেশ্যান এবং অ্যাবলিশন) অ্যাক্ট, ১৯৭০, যাহা ইতিমধ্যে বিধিবদ্ধ করা হইয়াছে তাহা দ্বারা এই ব্যবস্থা নিয়ন্ত্রণ করা যাইতে পারে।

পশ্চিমবাংলায় খরা অধ্যুষিত এলাকা

৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮০।) শ্রীকাশীনাথ মিশ্রঃ ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবাংলার কয়টি জেলা এবং ব্লকে খরা অধ্যুষিত এলাকা বলিয়া ঘোষণা করা হইয়াছে;

(খ) উহা মোকাবিলা করিবার জন্য উক্ত ব্লকগুলিতে কি কি কর্মসূচী লওয়া হইয়াছে এবং

(গ) উক্ত কর্মসূচীর জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ত্রাণ ও কল্যাণ দপ্তর থেকে ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গে কোন জেলা বা ব্লকে ড্রট প্রোন এলাকা বলিয়া ঘোষণা করা হয় নাই। এইরূপ ঘোষণা করার কোন পদ্ধতি নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

বিড়ি শিল্প

৪৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৮।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিড়িশ্রম শ্রমিক কল্যাণ উপযোগী করার জন্য রাজ্যের বিড়ি শিল্প সম্বন্ধে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে পরিকল্পনার বিস্তৃত বিবরণ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) কেবলমাত্র বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকদের কোন নির্দিষ্ট শ্রমিক কল্যাণ পরিকল্পনা সরকার প্রণয়ন করেন নাই। বিভিন্ন শ্রমিক অধ্যুষিত এলাকায় প্রতিষ্ঠিত শ্রমিক কল্যাণ কেন্দ্রগুলির সুযোগ স্থানীয় বিড়ি শ্রমিকগণ গ্রহণ করিতে পারেন। মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানে মুখ্য বিড়ি শিল্প শ্রমিকদের কল্যাণের জন্য একটি মঙ্গল কেন্দ্র আছে।

Total income of the Municipalities at Kharagpur and Midnapur

496. (Admitted question No. 1750.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) the total income of the municipalities at Kharagpur and Midnapur from all kinds of taxes during the years 1971-72, 1972-73 and 1973-74 (up to February) ; and

(b) what portion of this amount was spent on development of roads and drains of the above municipalities ?

The Minister of State in-charge of the Municipal Services : (a) Total incom of the municipalities at Kharagpur and Midnapore during the three years in question

	1971-72	1972-73	1973-74
	Rs.	Rs.	Rs.
(i) Kharagpur Municipality	2,98,164.21	4,36,719.03	3,65,995.12
(ii) Midnapur Municipality	5,79,547.00	5,74,074.00	6,31,556.00

(b) Amounts spent on development of roads and drains of the above two municipalities :

	1971-72	1972-73	1973-74
	Rs.	Rs.	Rs.
(i) Kharagpur Municipality	86,965.57	1,47,775.31	65,400.70
(ii) Midnapur Municipality	50,502.00	1,44,522.00	74,718.00

Land acquired by the State Government at Haldia

497. (Admitted question No. 1544.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department be pleased to state—

(a) the total amount of land acquired by the State Government at Haldia and handed over to the Port Commissioners ; and

(b) the price paid by the Port Commissioners to the State Government for the above land?

The Minister for Land Utilisation and Reforms : (a) 5,900 acres.

(b) Rs. 3.5 crores.

অডিটর ও ইনস্পেকটরদের বেতন কাঠামো

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৬।) **শ্রীকংসারি হালদার ঃ** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অডিটরদের বেতন কাঠামো সম্পর্কে পে-কমিশন কোন সুপারিশ করিয়াছিলেন কিনা

(খ) করিয়া থাকিলে এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ;

(গ) ইহা কি সত্য যে, অডিটর ও ইন্সপেক্টরদের বেতন কাঠামো সমপর্যায়ভুক্ত ;

(ঘ) সত্য হইলে উক্ত দুইটি পদকে সংযুক্ত করার কোন প্রস্তাব সরকারের আছে কি ;

(ঙ) প্রশাসন শাখা হইতে অডিট শাখাকে পৃথকীকরণ করার বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কি ; এবং

(চ) পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে অডিটরদের নিয়োগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) সরকার পে-কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে যে সাবিক পরিবর্তিত বেতন কাঠামো প্রবর্তন করিয়াছেন তদনুযায়ী অডিটরদের নতুন বেতনক্রম ২৩০ টাকা হইতে ৪২৫ টাকা ১৯৭০ সালের ১লা এপ্রিল হইতে চালু করিয়াছেন

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) পরীক্ষামূলকভাবে একটি সমবায় রেঞ্জে পৃথকীকরণ পরিকল্পনা চালু করার বিষয় বিবেচনাধীন।

(চ) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

Big potholes in the roads on Vivekananda Bridge

499. (Admitted question No. 338.) **Shri Gobinda Chatterjee:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state

(a) whether the Government is aware of a number of big potholes in the metalled roads on Vivekananda Bridge and accidents very often happen there ; and

(b) if so, the steps taken or proposed to be taken by the Government in this regard ?

The Minister for Public Works: (a) There in no big pothole in the roadway of Vivekananda Bridge.

(b) Does not arise.

হুগলী জেলা পরিষদের তহবিল হইতে গ্রামীণ ক্লাবসমূহকে আর্থিক সাহায্য

৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৯।) **শ্রীবলাইলাল শেঠ :** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলা পরিষদের তহবিল হইতে উক্ত জেলায় গ্রামীণ ক্লাবসমূহকে আর্থিক সাহায্য দেওয়ার কোন ব্যবস্থা আছে কি;

(খ) থাকিলে, কিভাবে ঐ সাহায্য দেওয়া হয়; এবং

(গ) অন্য কোন জেলায় উক্ত ব্যবস্থা চালু আছে কি না এবং থাকিলে কোথায় কোথায়?

পঞ্চায়েৎ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় : (ক) হুগলী জেলা পরিষদের তহবিল হইতে উক্ত জেলায় অবস্থিত কানও গ্রামীণ ক্লাবকে আর্থিক সাহায্য দেওয়ার বর্তমানে কোন ব্যবস্থা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বর্তমান প্রচলিত জিলা পরিষদ আইনে সমস্ত জিলা পরিষদকেই স্ব স্ব জেলায় অবস্থিত সাধারণ পাঠাগার ও সাধারণের কল্যাণমূলক প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দেবার ক্ষমতা দেওয়া হইয়াছে এবং প্রায় সমস্ত জিলা পরিষদই নিজ নিজ আর্থিক সংগতি অনুযায়ী এই ক্ষমতা প্রয়োগ করিয়া থাকে।

কলিকাতার গংগাবক্ষে ফেরী সার্ভিস

৫০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৩।) **শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার গংগাবক্ষে ব্যাপক ফেরী সার্ভিস চালু করার কোনো পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(গ) এই খাতে কেন্দ্রীয় সরকারের কোনো অনুদান আছে কি; এবং

(ঘ) রাজ্য সরকার কি এই অর্থ নিজস্ব সংস্থার মাধ্যমে না কেন্দ্রীয় সংস্থার মাধ্যমে খরচ করিবেন?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) নিম্নোক্ত ফেরী সার্ভিসগুলি চালু করার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন—

(১) হাওড়া-বড়বাজার সার্ভিস।

(২) হাওড়া-হাইকোর্ট সার্ভিস।

(৩) হাওড়া-ফেয়ার্লি প্লেস সার্ভিস।

(গ) ১নং ও ২নং ফেরী সার্ভিস দুইটি কার্যকরী করার জন্য কেন্দ্রীয় সরকার ১০৪·৯৪ লক্ষ টাকা ঋণ হিসাবে মঞ্জুর করিয়াছেন।

(ঘ) কিছু অর্থ রাজ্যসরকারের নিজস্ব সংস্থার মাধ্যমে খরচ করা হইবে। কলিকাতা পোর্ট কমিশনার্সের মাধ্যমে কিছু অংশ খরচ করার জন্য আলোচনা চলিতেছে।

মন্ত্রীদের ভ্রমণ বাবত ব্যয়

৫০২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৯।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৭৩ সালের জানুয়ারী হইতে ফেব্রুয়ারী ১৯৭৪ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীগণের স্থলপথে, জলপথে ও আকাশপথে পরিভ্রমণের জন্য কত টাকা সরকারী বিভাগ হইতে ব্যয় করা হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ঐ সময়ে মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীগণের স্থলপথে, জলপথে ও আকাশপথে ভ্রমণ বাবত মোট ১,৫৩,১৪১·৩৫ টাকা সরকারী বিভাগ হইতে ব্যয় করা হইয়াছে। এইরূপ ভ্রমণের ভাড়ার টাকা মন্ত্রীরা নিজেরা পান না। ট্রাভেল এজেন্টরা বা এয়ার কোম্পানীরা এই টাকা শেষ পর্যন্ত পাইয়া থাকেন।

বৈদ্যবাটী পৌরসভার প্রাথমিক বিদ্যালয়

৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০১।) **শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায়ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বৈদ্যবাটী পৌরসভার প্রাথমিক বিদ্যালয়গুলি—
(১) বর্তমানে ভগ্নপ্রায় অবস্থায় পৌঁছিয়াছে,

(২) সংস্কারের জন্য সি, এম, ডি, এ, কর্তৃপক্ষ যে ১৯ হাজার টাকা প্রদান করেছিলেন সেই সমুদয় অর্থ কর্মীদের বেতনের জন্য ব্যয় করা হয়েছে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(গ) ইহা কি সত্য যে, বৈদ্যবাটী পৌরসভা তহবিল শূন্য হওয়া সত্ত্বেও বৈদ্যবাটী পৌর-কর্তৃপক্ষ ক্রমাগত কর্মী নিয়োগ করে চলেছেন; এবং

(ঘ) সত্য হলে এর কারণ কি এবং এবিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

পৌরকার্য্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) ও (২) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) একটি অনুরূপ অভিযোগ পাওয়া গিয়াছে।

(ঘ) অভিযোগটি বর্তমানে জেলা শাসকের তদন্তাধীন।

চণ্ডীপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৪।) **শ্রীসুশান্ত ভট্টাচার্যঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলা উলুবেড়িয়া ১নং ব্লকে চণ্ডীপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কোন প্রস্তাব সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, ঐ কেন্দ্রের নির্মাণকার্য এখনও আরম্ভ না হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাত ঐ স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ-কার্য আরম্ভ ও শেষ হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) চণ্ডীপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে।

(গ) এখনই সঠিক বলা সম্ভব নয়।

যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামী

৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতিটি জেলে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামী কতজন আছেন;

(খ) তন্মধ্যে কতজন ১৪ বৎসরের অধিক উত্তীর্ণ হইয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, যাহাদের সাজা ভোগ করা শেষ হইয়াছে এইরূপ অনেক আসামীকে ঐদিন পর্যন্ত ছাড়া হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের যে সকল জেলে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামী আছেন তাহাদের বিবরণ নিম্নে দেওয়া হইলঃ—

প্রেসিডেন্সি জেলে—৩৬ জন।
আলিপুর কেন্দ্রীয় কারা—৩৪৬ জন।
দমদম কেন্দ্রীয় কারা—১৬০ জন।
মেদিনীপুর কেন্দ্রীয় কারা- ২২৪ জন।
বহরমপুর কেন্দ্রীয় কারা—২০৭ জন।
সিউড়ী জেলা কারা—৬ জন।
বর্দ্ধমান জেলা কারা—১ জন।
জলপাইগুড়ি জেলা কারা—২ জন।
কৃষ্ণনগর জেলা কারা—২ জন।
কুচবিহার জেলা কারা—৩ জন।
পরুলিয়া জেলা কারা- ৯ জন।
আসানসোল বিশেষ কারা—১ জন।
বহরমপুর বিশেষ কারা—২৬ জন।

মোট—১,০২৩ জন।

(খ) যে সকল যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামীর মেয়াদ (রেমিশন সমেত) ১৪ বৎসরের অধিক উত্তীর্ণ হইয়াছে তাহাদের বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ—

প্রেসিডেন্সি জেল—১৩ জন।

আলিপুর কেন্দ্রীয় কারা—৯৬ জন।

দমদম্ কেন্দ্রীয় কারা—৮৬ জন।

মেদিনীপুর কেন্দ্রীয় কারা—৭১ জন।

বহরমপুর কেন্দ্রীয় কারা—৭০ জন।

জলপাইগুড়ি জেলা কারা—১ জন।

বহরমপুর বিশেষ কারা—২ জন।

মোট—৩৩৯ জন।

(গ) যাবজ্জীবন সাজাপ্রাপ্ত বন্দীদের সাজাভোগের কোন নির্দিষ্ট সময় সীমা নাই। তবে এসকল বন্দীদের (রেমিশন সমেত) কারা ভোগের মেয়াদ ১৪ বৎসর হইলে, সরকার তাহাদের মুক্তি দিবার বিষয় বিবেচনা করেন। সরকারের বিবেচনায় যদি কোন বন্দী এই নিয়মে মুক্তি পাইবার উপযুক্ত বিবেচিত হন তবেই তাহাকে মুক্তি দেওয়া হয়। কোন যাবজ্জীবন দণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীর (রেমিশন সমেত) ১৪ বৎসর হইলেই যে সে মুক্তি পাইবে এইরূপ কোন আইন নাই।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলায় ড্রট এরিয়া প্রজেক্টে কূপ খনন

৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৬।) **শ্রীশরৎ দাস ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় অর্থে ড্রট এরিয়া প্রজেক্ট-এ কতগুলি কূপ পুরুলিয়া জেলায় খনন করা হয়েছে এবং তন্মধ্যে মোট কয়টির কাজ সম্পূর্ণ হয়েছে;

(খ) সরকার কি অবগত আছেন যে অকস্মাৎ বরাদ্দকৃত অর্থ বন্ধ হওয়ার ফলে অনেকগুলি কূপের কাজ অর্ধ সমাপ্ত হয়ে পড়ে আছে এবং সেগুলি নষ্ট হতে চলেছে; এবং

(গ) অবগত থাকিলে, এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ১৯৭২-৭৩ সালে ড্রট রিলিফ প্রোগ্রাম, এক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই এবং নরম্যাল রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এ প্রতিটি ব্লককে অন্ততপক্ষে ৩৫টি করে সমস্ত পুরুলিয়া জেলায় ন্যূনপক্ষে মোট ৭০০টি কূপ খননের কর্মসূচী গ্রহণ করা হয়। এবং ঐ কর্মসূচী অনুযায়ী মোট ৭৩০টি কূপ খনন করা হয়।

(খ) ১৯৭৩-৭৪ সালে এক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম এবং নরম্যাল রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এ প্রতিটি ব্লককে ৩১টি করে জল উৎস স্থাপন মঞ্জুর করা হয়েছিল। এক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর মধ্যে খরাপ্রবন অঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করার কথাও আছে। এই কর্মসূচী রূপায়ণের যাবতীয় ব্যয়ভার কেন্দ্রীয় সরকার বহন

[ক]রেন ১৯৭৩-৭৪ সালে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে প্রয়োজনের তুলনায় অনেক কম [টা]কা পাওয়া যায়। তাছাড়া গত বৎসরের শেষভাগে অর্থসঙ্কটের জন্য ব্যয় সঙ্কোচের [প্র]য়োজন হয়। ফলে রাজ্যসরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণও কমে যায়।

(গ) এই সমস্ত কারণে ১৯৭৩-৭৪ সালের জন্য গৃহীত কর্মসূচী সম্পূর্ণ করা সম্ভব [হয়]নি যে কাজ অসম্পূর্ণ আছে তা ১৯৭৪-৭৫ সালের রাজ্য যোজনায় বরাদ্দকৃত অর্থে [সম্]পূর্ণ করা হবে।

হাসপাতালে ঔষধ ও খোরাকী বাবদ প্রতিটি রোগীর জন্য খরচের পরিমাণ

[*]১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৬।) শ্রীশিশিরকুমার সেন: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় [অনু]গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাসপাতালে ভর্তি একজন রোগীর খোরাকীর জন্য প্রতিদিন কত টাকা মঞ্জুরী আছে;

(খ) একজন রোগীর ঔষধের জন্য কত টাকা বরাদ্দ আছে; এবং

(গ) উপরোক্ত দুইটি খাতে এক বৎসরে (১৯৭২-৭৩) কত টাকা খরচ হইয়াছিল?

[স্ব]াস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সাধারণ রোগী—এস এস কে এম হাসপাতাল এবং [কা]রমাইকেল হসপিটাল ফর ট্রপিক্যালস্ ডিজিজেস্ বাদে অন্যান্য সমস্ত হাসপাতালে রোগী [প্রত]ি দৈনিক ২·৫০ টাকা ও এস এস কে এম হাসপাতাল ও কারমাইকেল হসপিটাল ফর [ট্রপি]ক্যাল ডিজিজেসে এই হার রোগী প্রতি যথাক্রমে ৫০ পয়সা এবং ১ টাকা বেশী। টি বি [রোগী]—দার্জিলিং টি বি হাসপাতাল বাদে অন্যান্য সমস্ত হাসপাতালে টি বি রোগী প্রতি [দৈ]নিক ৩ টাকা, দার্জিলিং টি বি হাসপাতালে এই হার ৫০ পয়সা বেশী।

(খ) সাধারণ অসুখের জন্য বহির্বিভাগীয় রোগী প্রতি দৈনিক গড়ে ২৫ পয়সা এবং [অন্ত]র্বিভাগীয় রোগী প্রতি দৈনিক গড়ে ১ টাকা। বিশেষ ঔষধের জন্য আলাদা বরাদ্দ আছে।

(গ) ঔষধ খাতে—৩,১৮,২৮,২৬৪.০০ টাকা। পথ্য খাতে—২,৮০,০০০,০০ টাকা।

জেলাওয়ারী গরীব জনসাধারণের মধ্যে বস্ত্র বিতরণ

[*]১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৪।) শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস: ত্রাণ এবং কল্যাণ বিভাগের [মন্ত্রি]মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে (জানুয়ারী পর্যন্ত) পশ্চিমবঙ্গের কোন জেলায় ও কত সংখ্যক করিয়া বস্ত্র জনসাধারণের মধ্যে বিতরণ করা হইয়াছে; এবং

(খ) উক্ত বস্ত্রের মধ্যে কোন শীতবস্ত্র ছিল কিনা এবং থাকিলে, কোন জেলায় কত সংখ্যক?

[ত্র]াণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল [(বি]বরণীর ৩য় কলম দ্রষ্টব্য)।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল (বিবরণীর ৪র্থ হইতে ৯ম কলম দ্রষ্টব্য)।

জেলাওয়ারী এনকেফেলাইটিস্ ও বসন্তরোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা

[*]১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০২।) শ্রীকাশীনাথ মিশ্র: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় [অনু]গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৭৩ সাল হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত জেলাওয়ারী এনকেফেলাইটিস্ এবং বসন্তরোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা কত; এবং

(খ) বসন্তরোগের প্রকোপ দূর করার জন্য জেলাওয়ারী কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জেলাওয়ারী আক্রান্ত ও মৃতের সংখ্যা লাইব্রে টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) প্রতি জেলাতেই (১) গুটি বসন্তরোগে আক্রান্ত ব্যক্তিদের সন্ধান করা, (২) রোগীর পৃথকীকরণ এবং হাসপাতালে চিকিৎসা করাবার ব্যবস্থা নেওয়া, (৩) রোগাক্রান্ত ব্যক্তি সংস্পর্শে এসেছেন এইরকম লোকদের টীকা দেওয়া, (৪) যাঁরা প্রাথমিক টীকা নেন তাঁদের টীকা দেওয়া, (৫) যাঁরা গত তিন বছর টীকা নেন নি তাঁদের টীকা দেওয়া, (৬) হাসপাতা হেল্থ সেন্টার ও নার্সিং হোমে নবজাতকদের টীকা দেওয়া, (৭) আন্তঃ জেলা এবং আ রাজ্য ভিত্তিতে গুটি বসন্তরোগের প্রাদুর্ভাবের সংবাদের বিনিময় এবং সেইমত ব্যবস্থা নে (৮) বহিরাগত ব্যক্তিদেরও টীকা দেওয়া, (৯) বাধ্যতামূলক আইন অনুযায়ী সকলের টীকা দেওয়া।

বর্ধমান জেলায় পৌর এলাকায় প্রাথমিক বিদ্যালয়

৫১০। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে বর্ধমান জেলার পৌর এলাকাগুলিতে (পৌরসভাওয়ারী) প্রাথ স্কুলের অনুমোদনের জন্য সরকার কয়টি আবেদনপত্র পাইয়াছেন; এবং

(খ) তন্মধ্যে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারী পর্যন্ত কোন কোন স্কুল অনুমোদন ক হইয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২-৭৩ সালে প্রাথমিক বিদ্যালয়ের আবেদন পত্র সংখ্যা পৌরসভাওয়ারী নিম্নরূপ—

১। বর্ধমান—১৪।
২। আসানসোল—১৭।
৩। রাণীগঞ্জ—৬।
৪। দাঁইহাট—৩।
৫। কালনা—৬।
৬। কাটোয়া—১০।

কাটোয়ায় বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা চালু থাকায় দরখাস্তগুলি পৌর কর্তৃপক্ষ করা হইয়াছে।

(খ) ৩১এ জানুয়ারী ১৯৭৪ সাল মধ্যে নিম্নলিখিত বিদ্যালয়গুলি অনুমোদিত হইয়াছে-

বর্ধমান পৌরসভা

(১) হরিজন ফ্রি প্রাইমারী।
(২) বিদ্যাসাগর।
(৩) নীলপুর এইচ, পি, প্রাইমারী।
(৪) বিদ্যাসাগর পাঠশালা প্রাইমারী।
(৫) বর্ধমান বিদ্যার্থী ভবন (প্রাইমারী বিভাগ বালিকা বিদ্যালয়ের)।
(৬) বর্ধমান বাণীপীঠ প্রাইমারী।
(৭) তিনের পল্লী প্রাইমারী।
(৮) ইদিলপুর শ্রীশ্রী আর, কে, প্রাইমারী।

(৯) বাদামতলা বি, এল, প্রাইমারী।
(১০) বহিলাপাড়া প্রাইমারী।
(১১) কেশবলাল হরিজন প্রাইমারী।
(১২) কেশবগঞ্জ।

আসানসোল পৌরসভা

(১) দক্ষিণপাড়া প্রাইমারী।
(২) বীণাপানি।
(৩) রব্বনিয়া গার্লস প্রাইমারী (সহরাঞ্চল)
(৪) কাজী নজরুল ইসলাম প্রাইমারী।
(৫) জাকির হোসেন উরদু।
(৬) অঞ্জুমান প্রাইমারী।
(৭) হামদার্দ প্রাইমারী।
(৮) জামিয়া আরাবীয়া মিস বহুলালিম প্রাইমারী।
(৯) আবুল কালাম আজাদ প্রাইমারী।
(১০) ফুল্লা-এ-মিল-এত প্রাইমারী।
(১১) একবালিয়া প্রাইমারী।
(১২) সন্তসুরন হরিজন প্রাইমারী।
(১৩) দুর্গা বিদ্যালয়।
(১৪) রবীন্দ্র বিদ্যালয়।
(১৫) জি, আর, সিকান্দর প্রাইমারী।
(১৬) হরিজন আদর্শ প্রাইমারী।
(১৭) তাঁতিপাড়া হরিজন প্রাইমারী।

রাণীগঞ্জ পৌরসভা

(১) গিরিজাপাড়া প্রাইমারী বিদ্যালয়।
(২) অশোক বিদ্যালয়।
(৩) হিন্দ কল্যাণ বিদ্যালয়।
(৪) সিদ্ধিতলা প্রাইমারী বিদ্যালয়।
(৫) কাশীপুরডাঙ্গা প্রাইমারী বিদ্যালয়।
(৬) নবজীবন বিদ্যালয়।

দাঁইহাট পৌরসভা

(১) পাটুলী চন্ডীতলা প্রাইমারী।
(২) পাইকপাড়া হেমচন্দ্র প্রাইমারী।
(৩) হরিজন প্রাইমারী বিদ্যালয়।

কালনা পৌরসভা

(১) বাবুইপাড়া দুলালচন্দ্র প্রাইমারী।
(২) শ্যামসুন্দর বিদ্যাপীঠ প্রাইমারী।
(৩) কালনা হরিজন প্রাইমারী।
(৪) জীউধারা মাচুরা খাতুন প্রাইমারী।
(৫) ভাতেরা মহল প্রাইমারী।
(৬) মধুবন প্রাইমারী।

কাটোয়া পৌরসভা

(১) হরিজন পল্লী ফ্রী প্রাইমারী।
(২) হরিসভাপাড়া প্রাইমারী।
(৩) মণ্ডলপাড়া ফ্রী প্রাইমারী।

তমলুক ও সংশ্লিষ্ট এলাকার জন্য মাস্টার প্ল্যান

৫১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৪।) **শ্রীকানাই ভৌমিকঃ** সেচ ও জলপথ বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মাস্টার প্ল্যানের কাজ কোন সময়ে আরম্ভ করা হইবে এবং

(খ) ঐ প্ল্যানের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) তমলুক ও সংশ্লিষ্ট এলাকার জ মাস্টার প্ল্যান প্রথম পর্যায় (আনুমানিক মূল্য ২০০·০০ লক্ষ টাকা) নামে একটি প্রব বর্তমানে প্রস্তুতির স্তরে রহিয়াছে। এই প্রকল্পটি ১৯৭৩-৭৫ সালের শেষ দিকে সম্পূর্ণ প্রস্তুত হইবে বলিয়া আশা করা যায়। প্রকল্পটি পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার চূড় খসড়ায় অন্তর্ভুক্ত হইয়াছে এবং ঐ পরিকল্পনায় এই প্রকল্পটির জন্য ১৫·০০ লক্ষ টাকা বরা করার প্রস্তাব আছে।

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে বেকারের নামে তালিকা

৫১২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৬।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শ্রম বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৭৩ সালের জানুয়ারী হইতে ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত পশ্চিমবাংলায় জেলাওয়ারীভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে কি কি শ্রেণী কত সংখ্যক বেকারের নাম তালিকাভুক্ত করা হইয়াছে?

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয়ঃ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে বৃত্তি অনুযায়ী কর্মপ্রার্থীদে পরিসংখ্যান প্রতি বৎসর মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর মাসে প্রস্তুত করা হইয়া থাবে ৩১এ ডিসেম্বর, ১৯৭৩ তারিখে প্রাপ্ত সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী প্রস্তুত এই সম্প তথ্য সম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

চা বাগান

৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৯।) **শ্রীহেমন্ত দত্তঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কোন্ জেলায় কয়টি করিয়া চা বাগান আছে;

(খ) উক্ত চা বাগানে শ্রমিকদের সংখ্যা কত;

(গ) পশ্চিমবঙ্গে চা বাগানগুলিতে গত ১৯৭৩ সালে কত চা উৎপন্ন হইয়াছিল;

(ঘ) কি পরিমাণ চা বাংলার বাহিরে রপ্তানি হইয়াছিল; এবং

(ঙ) চা রপ্তানি বাবদ পশ্চিমবঙ্গ ভারত সরকার হইতে ১৯৭৩ সালে কত টাকা পাইয়াছিল?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

জেলার নাম	চা বাগানের সংখ্যা
দার্জিলিং	১৪৪
জলপাইগুড়ি	১৫১
পশ্চিম দিনাজপুর	১
কুচবিহার	১
মোট	২৯৭

যে জেলায় চা বাগান অবস্থিত	শ্রমিক সংখ্যা
দার্জিলিং (১৪৪)	৬২,২১৩
জলপাইগুড়ি (১৫১)	১,৩৫,২৭৯
পশ্চিম দিনাজপুর (১)	২৬৪
কুচবিহার (১)	৩১৮
	১,৯৮.০৭৪

(গ) ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গে উৎপন্ন চা-এর পরিমাণ হইল ১০,৯৪,৩০,০০০ কেজি।

(ঘ) রাজ্যভিত্তিক চা রপ্তানির হিসাব রাখা হয় না।

(ঙ) পশ্চিমবঙ্গ ভারত সরকারের তহবিল হইতে যে টাকা পাইয়াছে তাহা ভারত সরকারের বণ্টনযোগ্য অর্থ এবং পশ্চিমবঙ্গের প্রয়োজন বিবেচনা করিয়া ঠিক হইয়াছে, পশ্চিমবঙ্গের কোন রপ্তানিযোগ্য সামগ্রীর পরিমাণের ওপর ভিত্তি করিয়া তাহা ঠিক করা হয় না।

বন বিভাগের অধীনস্থ বনসমূহে গণ্ডার, হরিণ ও হাতির সংখ্যা

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২২২।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বন বিভাগের অধীনে যে সব বন আছে সেই সব বনের কোনটিতে ১৯৭১, ১৯৭২ ও ১৯৭৩ সালে এবং ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কয়টি করিয়া, গণ্ডার একশৃঙ্গ গণ্ডার, হরিণ ও হাতি ছিল;

(খ) বর্তমানে ঐ বনসমূহের প্রত্যেকটিতে কোন্ প্রকারের পশু কয়টি করিয়া আছে;

(গ) গত চার বৎসরে চোরা শিকারী ঐ সমস্ত বনে কোন্ প্রকারের কয়টি পশু বধ করিয়াছে; এবং

(ঘ) এইরূপ পশুহত্যার বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুঙ্খানুপুঙ্খভাবে গন্ডারের গণনা এখনও পর্যন্ত করা হয় নাই। তবে জলদাপাড়া ও গরুমারা অভয়ারণ্যে গণ্ডারের আনুমানিক সংখ্যা নিম্নে বর্ণিত হইলঃ

বৎসর			জলদাপাড়া	গরুমারা	মোট সংখ্যা
১৯৭১-৭২	..	..	৬৭	১৩	৮০
১৯৭২-৭৩	..	..	৫১	৭	৫৮
১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি পর্যন্ত)			৪৫	৭	৫২

হরিণ এবং হাতির গণনা করা হয় নাই। সুতরাং উক্ত পশুর সংখ্যা বলা সম্ভবপর ন

(খ) ব্যাঘ্র ভিন্ন অন্যান্য পশুর গণনা (সেন্সাস) এখনও পর্যন্ত করা হয় নাই। তাই এ সংখ্যা বলা সম্ভব নয়। তবে ব্যাঘ্রের সংখ্যা নিম্নে বলা হইলঃ

বক্সা বনভুক্তি	..	১৭
জলপাইগুড়ি বনভুক্তি	..	৬
কোচবিহার বনভুক্তি	..	৭
বৈকুণ্ঠপুর বনভুক্তি	..	৭
কালিম্পং বনভুক্তি	..	২
কার্শিয়াং বনভুক্তি	..	৭
২৪-পরগণা বনভুক্তি	..	২৭ (সুন্দরবনের ⅘ অংশ গণনা করা সম্ভব হয় নাই)
		৭৩

(গ) গত চার বৎসরে চোরা শিকারী কর্তৃক পশু বধের হিসাব নিম্নে দেওয়া হইল

১৯৬৯-৭০

গণ্ডার	..	..	৩ (জলদাপাড়া)
বাঘিনী	..	..	১ (২৪-পরগণা)
চিত্রলহরিণ	..	..	১ (ঐ)
হগ ডিয়ার	..	..	২ (জলদাপাড়া)

১৯৭০-৭১

গণ্ডার	..	..	১২ (জলদাপাড়া)
চিত্রল হরিণ	..	..	২ (২৪-পরগণা)

১৯৭১-৭২

গণ্ডার	.. ..	১৯ (জলদাপাড়া ও গরুমারা)
চিত্রল হরিণ	.. ..	৩ (২৪-পরগণা)
সম্বর	.. ..	৪ (উত্তরচক্র)

১৯৭২-৭৩

গণ্ডার	.. ..	৬ (জলদাপাড়া)
চিত্রল হরিণ	.. ..	৪ (২৪-পরগণা)
সম্বর	.. ..	১ (উত্তরচক্র)
চিতা	.. ..	১ (বাঁকুড়া)
বার্কিং ডিয়ার	.. ..	৪ (উত্তরচক্র)

(ঘ) পশুহত্যা বন্ধের জন্য সতর্ক দৃষ্টি এবং যথাসাধ্য ব্যাপক টহলদারীর ব্যবস্থা রাখা হয়াছে। তাছাড়া এই রাজ্যে গত ১লা মে, ১৯৭৩ তারিখ হইতে ওয়াইল্ড লাইফ (প্রোটেক-শন) অ্যাক্ট, ১৯৭২ কার্যকরী আছে এবং উহার মধ্যে পশুশিকারের ব্যাপারে যে বাধা-নিষেধের উল্লেখ রহিয়াছে তাহা কার্যকর করার ব্যবস্থা হইতেছে।

বীনপুর থানা অঞ্চলে লোধাদের বসবাসের জন্য কলোনী

৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৭।) **শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** তফসিলী উপজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত বীনপুর থানার ৭নং অঞ্চলে লোধাদের বসবাসের জন্য যে কলোনী নির্মিত হইয়াছে তাহাতে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত কি কি উদ্দেশ্য কত টাকা ব্যয় করা হইয়াছে;

(খ) বর্তমানে কলোনীর তত্ত্বাবধানের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(গ) উক্ত কলোনীতে বর্তমানে কতগুলি লোধা পরিবার বসবাস করিতেছেন;

(ঘ) উক্ত পরিবারগুলির শিক্ষা ও আর্থিক পুনর্বাসনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(ঙ) উক্ত অঞ্চলে বহু সংখ্যক লোধা যাঁহারা কলোনীর বাহিরে দুঃখকষ্টে কালাতিপাত করিতেছেন তাঁহাদিগকে কলোনীতে রাখার কোন পরিকল্পনা সরকারের আছে কি না

তফসিলী উপজাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) উক্ত অঞ্চলে লোধাদের পুনর্বাসনের জন্য ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত মোট ৭০,০০০ টাকা ব্যয় করা হইয়াছে। এই পরিকল্পনার অধীনে ৩৫টি গৃহ এবং একটি কমিউনিটি হল নির্মাণ করা হইয়াছে। এছাড়া ২৯'৫২ একর জমিও ক্রয় করা হইয়াছে।

(খ) এই কলোনীটি সরকারী অনুদানে সমাজ সেবক সংঘ নামক একটি বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক রূপায়িত হইয়াছিল এবং বর্তমানে ঐ সংঘই কলোনীটির তত্ত্বাবধান করিতেছেন।

(গ) বর্তমানে এই কলোনীতে ৩৫টি লোধা পরিবার বসবাস করিতেছে।

(ঘ) এই পরিবারগুলির আর্থিক পুনর্বাসনের জন্য ২৯'৫২ একর জমি ক্রয় করা হইয়াছে এবং গৃহ নির্মাণ ও কমিউনিটি হল নির্মাণের ব্যবস্থাও করা হইয়াছে। ইহাদের শিক্ষার জন্য সরকার কোন পৃথক পরিকল্পনা গ্রহণ করেন নাই। অন্যান্য আদিবাসীদের জন্য সরকারের শিক্ষার যে ব্যবস্থা আছে তাহা হইতেই ইহারা সর্বপ্রকার শিক্ষার সুযোগ গ্রহণ করিতে পারে।

(ঙ) বর্তমানে এই ধরনের কোন পরিকল্পনা সরকারের নাই।

বিদ্যুৎ বিভাগে কর্মচারী নিয়োগ

৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৮।) **শ্রীবলাইলাল শেঠঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সাল হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এই রাজ্যের কতজনের পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন অফিসে কর্মসংস্থান হইয়াছে (জেলাওয়ারী হিসাব);

(খ) হুগলী জেলার তারকেশ্বর বিধানসভা কেন্দ্র হইতে কতজন উক্ত বিভাগে চাকুরি পাইয়াছে; এবং

(গ) কিসের ভিত্তিতে তাহাদের চাকুরিতে নিয়োগ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১০,৯৩১ জনের অ্যাড হক ভিত্তিতে কর্মসংস্থান হইয়াছে। জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইলঃ

Statement referred to in reply to clause (Ka) *of unstarred question No.* 516

Position as on 28th February, 1974

District	Class III Number appointed	Class IV Number appointed
Cooch Behar	58	248
Jalpaiguri	88	182
Darjeeling	126	268
West Dinajpur	128	211
Malda	144	497
Murshidabad	198	515
Nadia	114	455
24-Parganas	522	1,379
Calcutta	890	1,169
Howrah	161	375
Hooghly	280	524
Midnapur	154	529
Purulia	105	458
Bankura	120	169
Burdwan	120	389
Birbhum	120	245
Total ...	3,328	7,603
Total (Class III and Class IV) ...	...	10,931

(খ) তৃতীয় শ্রেণী কর্মী .. ৫
চতুর্থ শ্রেণী কর্মী .. ১৫

(গ) বিদ্যুৎ পর্ষদ কর্তৃক নিযুক্ত রাজ্য বিধানসভার সদস্য শ্রীগৌতম চক্রবর্তীকে লইয়া গঠিত নির্বাচন সমিতি লোকসভা ও রাজ্য বিধানসভার সদস্য, মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী, এবং উপমন্ত্রী মহোদয়গণের সুপারিশক্রমে অধিকাংশ কর্মীকে নিয়োগ করা হয়। যেহেতু এই প্রকার কর্মীর অতি সত্বর বিশেষ প্রয়োজন ছিল এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড এমপ্লয়িজ সার্ভিস রেগুলেশন-এর নিয়মানুগ কর্মী নিয়োগে প্রচুর বিলম্ব হইত, সেইজন্য অ্যাড হক ভিত্তিতে উপরোক্ত সুপারিশ অনুযায়ী উহাদের নিয়োগ করা হইয়াছে। পরবর্তীকালে সিলেকশন কমিটির মাধ্যমে উপযুক্ততা বিচার করিয়া নিয়মিত কর্মী হিসাবে নিয়োগের ব্যবস্থা করা হইবে। এতদ্ব্যতীত কিছু সংখ্যক পদে ব্যাণ্ডেল ও সাঁওতালদি তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠার জন্য দখলি জমি হইতে উৎখাত ব্যক্তিগণের প্রত্যেক পরিবার হইতে একজন করিয়া কর্মী নিয়োগ করা হইয়াছে। গ্রামীণ বিদ্যুতায়ণ সম্বন্ধীয় উপসমিতির (সাব-কমিটি) সুপারিশ অনুসারে কিছু সংখ্যাক কর্মী নিয়োগ করা হইয়াছে।

বাকী কিছু সংখ্যাক বিভাগীয় কর্মীদের উপর নির্ভরশীল আত্মীয়স্বজনদের মধ্য হইতে নিয়োগ করা হইয়াছে।

Daily newspapers in West Bengal

517. (Admitted question No. 2039.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) the names of daily newspapers, published in West Bengal, which have claimed circulation of 2,500 copies or above per day during 1973 ;

(b) the daily average circulation figures of these newspapers ; and

(c) the total number of Government advertisements made through these newspapers during 1973 ?

The Minister for Information and Public Relations : (a) (1) The Statesman, (2) The Amrita Bazar Patrika, (3) The Hindusthan Standard, (4) The Ananda Bazar Patrika, (5) The Jugantar, (6) The Dainik Basumati, (7) The Kalantar, (8) The Satyajug, (9) The Paigam, (10) The Viswamitra, (11) The Sanmarg, (12) The Azad Hind, (13) The Rozana Hind and (14) Asrejadid.

(b)

(1)	The Statesman	..	195,321 copies
(2)	The Amrita Bazar Patrika	..	139,551 copies
(3)	The Hindusthan Standard	.	65,067 copies
(4)	The Ananda Bazar Patrika	...	294,252 copies
(5)	The Jugantar	...	186,949 copies
(6)	The Dainik Basumati	..	Not available
(7)	The Kalantar	...	15,293 copies
(8)	The Satyajug	...	20,395 of cipies
(9)	The Paigam	..	14,141 copies
(10)	The Viswamitra	.	54,676 copies
(11)	The Sanmarg	...	18,505 copies
(12)	The Azad Hind		8,719 copies
(13)	The Rozana Hind	..	5,205 copies
(14)	The Asrejadid	...	5,739 copies

(c) Total number of Government advertisements released to above newspapers 4 014 Nos. (classified 3,724 Nos. and display 290 Nos.)

The undertakings taken over by the West Bengal State Electricity Board

518. (Admitted question No. 571). **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge, Power Department, be pleased to state -

(a) the names of the undertakings taken over by the West Bengal State Electricity Board under section 4(2) of the Indian Electricity Act during the years 1972 and 1973 ; and

(b) the price paid or proposed to be paid for these undertakings ?

The Minister for Power : (a) Naihati Electric Supply was taken over by the Wes Bengal State Electricity Board, on revocation of the licence under section 4(2) of the Indian Electricity Act, 1910, on the 11th December, 1972. No undertaking was taken over in the year 1973 under section 4(2) ibid.

(b) The price payable by the West Bengal State Electricity Board for taking over Naihati Electric Supply is yet to be finalised.

গ্রাম বৈদ্যুতি করণ

৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে ১০ হাজার গ্রাম বৈদ্যুতিকরণের যে সিদ্ধান্ত ছিল, সেই অনুযায়ী ডিসেম্বর, ১৯৭৩ পর্যন্ত সময়ে কয়টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৫,২১২টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে। উক্ত গ্রামগুলির জেলাওয়ারী তালিকা নিম্নে সন্নিবেশিত করা হইল ঃ

(১)	বাঁকুড়া	—	৩৪১
(২)	বীরভূম	—	৩৪৩
(৩)	বর্ধমান	—	৪৭৪
(৪)	কোচবিহার	—	১০৭
(৫)	দার্জিলিং	—	৮৩
(৬)	হুগলী	—	৪৯৬
(৭)	হাওড়া	—	২৩১
(৮)	জলপাইগুড়ি	—	৩০
(৯)	মালদহ	—	৪০৪
(১০)	মেদিনীপুর	—	৯১৪
(১১)	মুর্শিদাবাদ	—	৩১৮
(১২)	নদীয়া	—	৩২৭
(১৩)	২৪-পরগণা	—	৬২৮
(১৪)	পুরুলিয়া	—	৩২৬
(১৫)	পশ্চিম দিনাজপুর	—	১৯০
	মোট	—	৫,২১২

আপার দ্বারকেশ্বর পরিকল্পনা

৫২০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৩।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় কৃষি উন্নয়ন এবং অনুন্নত এলাকায় সেচ উন্নয়ন পরিকল্পনার জন্য গৃহীত "আপার দ্বারকেশ্বর" পরিকল্পনা এখনও কার্যকরী না হইবার কারণ কি;

(খ) উক্ত পরিকল্পনা কোন্ সালে গ্রহণ করা হইয়াছিল; এবং

(গ) উক্ত পরিকল্পনার মাধ্যমে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় কত একর জমিতে জল সেচের ব্যবস্থা হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) "আপার দ্বারকেশ্বর" এই নামে কোন পরিকল্পনা সেচ ও জলপথ বিভাগের বিবেচনাধীন নাই। তবে দ্বারকেশ্বর প্রকল্প নামে একটি প্রকল্প বর্তমানে এই বিভাগের অধীনে তথ্যানুসন্ধানের স্তরে রহিয়াছে। প্ল্যানিং কমিশন এই প্রকল্পটিকে পঞ্চম পরিকল্পনার অন্তর্ভুক্তিতে স্বীকৃত হইয়াছে। এই প্রকল্প সম্বন্ধে বিস্তারিত অথ্যানুসন্ধান কার্য শেষ না হইলে এবং প্রকল্পটি যথাযথ প্রস্তুত না হইলে প্রকল্পটির কাজ কবে আরম্ভ করা যাইবে এখনই বলা সম্ভব নয়।

(খ) এই প্রশ্ন ওঠে না।

(গ) দ্বারকেশ্বর প্রকল্পটি সম্পূর্ণরূপে চালু হইলে বাঁকুড়া জেলায় প্রায় ১,০০,০০০ একর বন্ধ্যা জমিতে সেচের জল দেওয়া সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

জাঙ্গীপাড়া বিধানসভা কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ

৫২১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৪।) **শ্রীগনেশ হাটুই ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে হুগলী জেলায় জাঙ্গীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনা ছিল; এবং

(খ) তন্মধ্যে ১৯৭৪ সালের ১৩ই ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ২৬টি গ্রাম।

(খ) ২০টি গ্রাম।

চৌকিদার ও দফাদারদের বেতন বৃদ্ধি

৫২২। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৪।) **শ্রীকানাই ভৌমিক ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বর্তমানে মোট চৌকিদার ও দফাদারদের সংখ্যা কত;

(খ) গ্রামাঞ্চলের চৌকিদার ও দফাদারদের মাহিনা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) ঐ চৌকিদার ও দফাদারদের বর্তমানে নিম্নতম বেতনের হার কত?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় ঃ (ক) পশ্চিম বাংলায় বর্তমানে অঞ্চল পঞ্চায়েতগুলির অধীনস্থ চৌকিদার ও দফাদারদের সংখ্যা যথাক্রমে ২১,৪৩৭ ও ২,৮৭৩। ইহা ছাড়া ইউনিয়ন বোর্ডগুলির অধীনে কিছু সংখ্যাক চৌকিদার ও দফাদার নিযুক্ত আছেন। তাহাদের সঠিক সংখ্যা এই বিভাগের জানা নাই।

(খ) হ্যাঁ।

(গ) বর্তমানে সরকার চৌকিদার প্রতি মাসিক টাঃ ২৭·৫০ পঃ ও দফাদার প্রতি মাসিক টাঃ ৩২·৫০ পঃ হারে অনুদান দেন। ইহা ছাড়া অঞ্চল পঞ্চায়েত/ইউনিয়ন বোর্ড ইহাদের আর্থিক সঙ্গতি অনুযায়ী নিজস্ব তহবিল হইতেও কিছু বেতন দেন।

জেলাওয়ারী যাঁতা সেন্টারের সংখ্যা

৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় জেলাওয়ারী যাঁতা সেন্টারের সংখ্যা কত;

(খ) উক্ত সেন্টারগুলিতে জেলাওয়ারী কতজন দুঃস্থ মহিলার জীবিকার সংস্থান হয়;

(গ) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার উক্ত সেন্টারগুলি অচল অবস্থার সম্মুখীন হইয়া পড়িয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, অচল হওয়ার কারণ কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)	জেলার নাম		যাঁতা সেন্টারের সংখ্যা
	মেদিনীপুর	—	৩
	বাঁকুড়া	—	৫
	পুরুলিয়া	—	২০
(খ)	জেলার নাম		মহিলার সংখ্যা
	মেদিনীপুর	—	১,৪০০
	বাঁকুড়া	—	১,০০০
	পুরুলিয়া	—	১,০০০

(গ) এ ধরনের প্রশ্ন ওঠে না, কারণ এগুলি অস্থায়ী প্রকল্পরূপেই সাময়িক অর্থনৈতিক দুর্গতি মোচনের জন্য মঞ্জুর করা হয়। প্রকৃতপক্ষে বাঁকুড়ার সেন্টারগুলি ২৬এ মার্চ, ১৯৭৪ তারিখে চারি সপ্তাহের জন্য মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

ক্ষেতমজুরদের মজুরী সংক্রান্ত বিরোধ মীমাংসার ব্যবস্থা

৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১।) শ্রীহরশঙ্কর ভট্টাচার্য এবং শ্রীঅশ্বিনী রায়ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষেতমজুরদের মজুরী সংক্রান্ত বিরোধগুলি মীমাংসা করার জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকিলে, কি কি ব্যবস্থা ও কিভাবে সেগুলি কার্যকর করা হয়?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাঁ।

(খ) মজুরী সংক্রান্ত বিরোধগুলি শিল্প বিরোধ আইন, ১৯৪৭ এবং ন্যূনতম মজুরী আইন ১৯৪৮-এর সাহায্যে নিষ্পত্তি করা যায়।

বীরভূম জেলায় সরকারের বিভিন্ন বিভাগে বেকারের চাকুরী

৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৬।) শ্রীনির্মলকুমার সিন্‌হাঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুই বৎসরে সরকারের বিভিন্ন বিভাগে বীরভূম জেলায় কতগুলি বেকার ছেলেকে চাকুরীতে নিয়োগ করা হয়েছে; এবং

(খ) যাদের চাকুরীতে নিয়োগ করা হয়েছে তাদের নাম জেলার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস থেকে যোগ্যতা অনুযায়ী নেওয়া হইয়াছিল কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ইংরাজী ৫ই ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখ হইতে ১৯এ মার্চ, ১৯৭৪ তারিখ পর্যন্ত বীরভূম জেলায় সরকারের বিভিন্ন দপ্তরে ১,৩২৮ জন বেকার যুবককে চাকুরিতে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে।

(খ) না, কারণ বিশেষ নিয়োগ কর্মসূচী আইনানুসারে মন্ত্রিসভার সদস্যদের লইয়া গঠিত সাব-কমিটি কর্তৃক নির্বাচিত কর্মপ্রার্থীদের নিয়োগ করা হইতেছে।

Manufacture of diesel engines and pumping sets

526. (Admitted question No. 1933.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) whether the Government is considering any scheme for manufacture of diesel engines and pumping sets in a large scale in any of the State Government owned or controlled undertakings; and

(b) if the answer to (a) be in the affirmative

(i) the salient features of the schemes; and

(ii) the progress made so far in the matter?

The Minister for Public Undertakings : (a) Yes.

(b) (i) and (ii) Messrs Westinghouse Saxby Farmer Ltd., a Government of West Bengal undertaking, has taken up manufacturing 5 B.H.P diesel engines and pumps at a newly set up unit in the Howrah Industrial Estate, Baltikuri, Howrah. The present manufacturing capacity is 100 such diesel pump sets per month. The pump manufacturing unit of the Company is fully equipped with the testing facilities and arrangements exist for rigid quality control of the manufactured diesel engines and pump sets.

The 5 B.H.P. cold starting, single cylinder vertical, water cooled, tooally enclosed diesel engine developed by this Company has been successfully tested in the National Test House, Government of India, Alipore, Calcutta and the engines manufactured conform to the relevant I.S. specification 1601-1966 and B.S. specification 649-1958. The pump developed by the Company has been successfully tested and certified by the Hydraulics Laboratory of the Jadavpur University and conforms to the standard laid down in I.S. 1520-1960.

Messrs Shaw Wallace and Company have since been appointed as Westinghouse Saxby Farmer's Distributors for diesel pump sets in most of the territories in India. According to the sales programme, 40 Nos. of diesel pump sets have been despatched in March, 1974 and delivery of 100 Nos. of such pump sets are being arranged from April, 1974 onwards.

West Bengal Agro-Industries Corporation, another undertaking of the West Bengal Government under the administrative control of the Department of Public Undertakings, has also designed and developed a new brand of pump set with brand name "SUJALA" which has been approved by the Committee of Experts constituted by the Agriculture and Community Development Department. The production of these pump sets in a large scale has been arranged through seven local pump set manufacturing units in collaboration with the West Bengal Agro-Industries Corporation. These collaborating firms have started production of the "SUJALA" pump sets which are being taken delivery of by the Corporation after a thorough test. One pump set has been sold in March, 1974.

কংসাবতী প্রোজেক্টে মাস্টার রোলের কাজ

৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৮।) শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: সেচ ও জল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান বৎসরে কংসাবতী প্রোজেক্টে মাস্টার রোল-এর ক হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৩-৭৪ সালে কংসাবতী প্রকল্পে মাস রোল-এ নিয়োগ কিছুটা সীমিত করা হয় এবং ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি পর্যন্ত দৈনি সর্বোচ্চ ২,০০০ লোক নিয়োগ করা হয়।

অবশ্য, ইঞ্জিনীয়ারদের সাম্প্রতিক কর্ম বিরতির জন্য উক্ত মাসের পর মাস্টার রোল- সমস্ত কাজ বন্ধ রাখা হইয়াছিল।

(খ) সাম্প্রতিক পেট্রলের অভাব ও ব্যয় সঙ্কোচের ফলে ইহার ব্যবহারের উপর বা নিষেধের দরুন এবং পরিদর্শনের জন্য যথেষ্ট সংখ্যক গাড়ী (ইন্সপেক্সন ভেহিকেল) থাকাতে কংসাবতী প্রকল্পের ন্যায় বৃহৎ প্রকল্পের অন্তর্গত বিস্তীর্ণ এলাকায় মাস্টার রোল নিযুক্ত কর্মীদের যথাসময় মাহিনা দেওয়া কষ্টকর হইয়া পড়ে। ফলে, মাস্টার রোল নিয়োগ সীমিত করা হয়।

Method of procuring materials used for the supply of pipe water

528. (Admitted question No. 1085.) **Shri Birendra Bijoy Malladeb :** W the Minister-in-charge of the Health Department be pleased to state -

(a) the method of procuring materials used for the supply of pipe water; a

(b) whether the Government has any scheme of giving preference to the sm factory owners who directly employ more labours for manufactur the materials used for the above purpose?

The Minister for Health : (a) Materials are procured through the D.G.S. a D. rate contract where the same is in force or by inviting tenders/quotations.

(b) No.

কেতুগ্রাম থানার ২নং ব্লক এলাকাকে বন্যা এলাকা হিসাবে ঘোষণা

৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৮।) শ্রীঅশ্বিনী রায়: ত্রাণ ও কল্যাণ বিভাগ মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেতুগ্রাম থানার ২নং ব্লক এলাকাকে বন্যার্ত এলাকা হিস ঘোষণা করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ কোন্ মৌজা উক্ত ঘোষণার আওতায় পড়িয়াছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এবং (খ) কোন এলাকাকে বন্যাপ্লা এলাকা হিসাবে ঘোষণা করার কোন নিয়ম নাই। তবে বর্ধমান জেলার কেতুগ্রাম থা ২নং ব্লকের নিম্নলিখিত মৌজাগুলি ১৯৭৩ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছিল: বিরে রসুই, তেওড়া, মাহিলা, বারাকি, কোমডাঙ্গা, পুরুলিয়া, অম্বলগ্রাম, চক ঘারুলিয়া, সেনপ তরালি, শিবমুন, নবগ্রাম, কাকুরহাটি, বিগুনকোলা, উদ্ধারণপুরের কিয়দংশ, চকসুজা সুজাপুর, রঘুপুর, নারায়ণপুর, মৌগ্রামের কিয়দংশ, নতুনপুর, বিষ্ণুপুর, নুরান্দির কিয় গড়, পাচীকুরী, ভুরুন্ডির কিয়দংশ।

পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদার

৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৮।) **শ্রীসুশান্ত ভট্টাচার্যঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে চৌকিদার ও দফাদারের সংখ্যা কত;

(খ) চৌকিদার ও দফাদারের মাসিক বেতন ও অন্যান্য ভাতা কত;

(গ) তাঁহারা সরকার হইতে অন্য কোন সুবিধা পাইয়া থাকেন কিনা ও পাইলে কি কি;

(ঘ) চৌকিদার ও দফাদারদের দৈনিক কত ঘণ্টা কাজ করিতে হয়; এবং

(ঙ) তাঁহাদের বেতন বৃদ্ধির কথা সরকার চিন্তা করিতেছেন কি?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবাংলায় বর্তমানে অঞ্চল পঞ্চায়েতগুলির অধীনস্থ চৌকিদার ও দফাদারের সংখ্যা যথাক্রমে ২১,৪৩৭ ও ২,৮৭৩। ইহা ছাড়া ইউনিয়ন বোর্ডগুলির অধীনে কিছু সংখ্যক চৌকিদার ও দফাদার নিযুক্ত আছেন। তাঁহাদের সঠিক সংখ্যা এই বিভাগে জানা নাই।

(খ) বর্তমানে সরকার চৌকিদার ও দফাদারের বেতন বাবদ চৌকিদার প্রতি মাসিক টাঃ ২৭-৫০ পঃ ও দফাদার প্রতি মাসিক টাঃ ৩২-৫০ পঃ হারে অনুদান দেন। ইহা ছাড়া অঞ্চল পঞ্চায়েত ইউনিয়ন বোর্ড ইঁহাদের আর্থিক সঙ্গতি অনুযায়ী নিজস্ব তহবিল হইতেও কিছু বেতন দেন।

(গ) না।

(ঘ) চৌকিদার-দফাদারগণের দৈনিক কাজের সময়সীমা নির্দিষ্ট করা নাই। তাঁহারা অঞ্চল পঞ্চায়েত/ইউনিয়ন বোর্ডের অধীনে সর্বক্ষণ কাজের জন্য নিযুক্ত।

(ঙ) হ্যাঁ।

হরিদাসপুর হইতে শ্রীরামপুর পর্যন্ত পাকা রাস্তা

৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৭।) **শ্রীকানাই ভৌমিকঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক থানার হরিদাসপুর হইতে শ্রীরামপুর পর্যন্ত পাকা রাস্তার কাজ কবে নাগাদ আরম্ভ করা হইবে;

(খ) ইহা কি সত্য যে, ঐ রাস্তাটির প্রাথমিক সার্ভের কাজ শেষ করা হইয়াছে; এবং

(গ) সত্য হইলে, ঐ রাস্তাটির জন্য কত টাকা প্রয়োজন হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আপাততঃ এরূপ কাজের কোন প্রস্তাব নাই। সড়ক নির্মাণের অর্থ বরাদ্দ আশাতীতরূপে হ্রাস পাওয়ায় এই রাস্তাটি আদৌ পরিকল্পনাভুক্ত হবে কি না এখন বলা শক্ত।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

Scheme for increasing the productivity of forests

532. (Admitted question No. 1561.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the State Government has finalised any scheme for increas the productivity of forests and for natural growing of economic valuable species like teak, sal, rosewood, deodar, etc.; and

(b) if so, the salient features of the scheme?

The Minister for Forest : (a) Yes.

(b) By raising plantations of economic species under various schemes such "Economic Plantations", "Rehabilitation of Degraded Forests" and "Soil Conservation"; by effective protection against theft, by tapping hitherto undevelop areas through new roads and sky-line cranes, etc., by cultural operations a preparation of working plans and by consolidation. Establishment of a Fore Development Corporation is in the offing. It will execute schemes for open up hitherto untapped areas in North Bengal.

Training centre in Midnapore district for poultry-keeping and poultry-farm managem

533. (Admitted question No. 2483.) **Shri Rajani Kanta Doloi :** Will t Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Departme be pleased to state—

(a) whether the State Government is considering any proposal to set up training centre in Midnapore district for training in modern techniq of poultry-keeping and poultry-farm management; and

(b) if so,—

(i) the proposed site for the aforesaid training centre, and

(ii) the number of persons proposed to be trained during 1974-75?

The Ministry for Animal Husbandry and Veterinary Services : (a) No.

(b) (i) and (ii) Does not arise.

Financial grants to the Municipalities in Midnapore

534. (Admitted question No. 2506.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department pleased to state—

(a) whether the State Government is considering any proposal for financi grants to the Municipalities in Midnapore district for improveme of working conditions of sweepers including elimination of practi of carrying night soil as headload; and

(b) if so, the details of such grants?

The Minister for Scheduled Castes and Tribes Welfare : (a) There is no su scheme in the budget of this Department at present.

(b) Does not arise.

সরকারী উকিলের অধীনে কর্মরত করণিক ও পিয়নগণকে সরকারী বেতন ও ভাতা

৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮৬।) শ্রীনিতাইপদ সরকারঃ বিচার বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার বিচার বিভাগের সরকারী উকিলের অধীনে কর্মরত করণিক ও পিওনগণকে সরকারী কর্মচারী হিসাবে গণ্য করিয়া সরকারী হারে বেতন ও ভাতাদি দেবার বিষয় বিবেচনা করিতেছেন;

(খ) সত্য হইলে, ইহা কবে নাগাদ কার্যকর হইবে;

(গ) কোন জেলায় ইতিমধ্যে উহা কার্যকর হইয়াছে কি না; এবং

(ঘ) হইলে, কোন্ কোন্ জেলায় কার্যকর হইয়াছে?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, বিবেচনা করিতেছেন।

(খ) সঠিকভাবে বলা সম্ভবপর নয়। বিষয়টি এই বিভাগ, বিধি নির্দেশক (এল, আর) এবং অর্থ বিভাগের বিবেচনাধীন আছে। জেলা শাসকদের কাছ থেকে এখনও প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যায় নি। এই জন্যই সরকার এখনও এ সম্পর্কে কোন সিদ্ধান্ত নিতে পারেন না। প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহের জন্য জেলা শাসকদের তাগাদা দেওয়া হচ্ছে।

(গ) কয়েকটি জেলায় সরকারী উকিলদের জন্য [illegible] নিয়োগ করা হইয়াছে।

(ঘ) মালদা, পশ্চিম দিনাজপুর, বর্ধমান, মুর্শিদাবাদ ও ২৪-পরগণা জেলায়।

বিজ্ঞাপন বাবদ বন বিভাগের খরচ

৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬২।) শ্রীঅজিতকুমার বসুঃ বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে বিজ্ঞাপন বাবদ বন বিভাগের মোট কত টাকা খরচ হইয়াছে;

(খ) উক্ত বিজ্ঞাপন কোন্ কোন্ পত্রপত্রিকায় প্রকাশিত হইয়াছে; এবং

(গ) ঐ সকল বিজ্ঞাপন সরকারের পক্ষে কোন্ অফিসার অনুমোদন করিয়াছিলেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) ১৯৭২-৭৩ মোট খরচ ৩,৭২৫ টাকা।
১৯৭৩-৭৪ মোট খরচ ৯,৪৪৫ টাকা।

(খ) ১৯৭২-৭৩

স্মারক পুস্তিকা—সেন্ট জন্স অ্যাম্বুলেন্স ব্রিগেড।
স্মারক পুস্তিকা—নিখিল ভারত যাদব ভলিবল ফেডারেশন প্রতিযোগিতা।
স্মারক পুস্তিকা—নিখিল ভারত কিষাণ সভা।
স্মারক পুস্তিকা—রাঙ্গাবেলিয়া কৃষি প্রদর্শনী।
স্মারক পুস্তিকা—কুলতলী ব্লক কৃষি প্রদর্শনী।
স্মারক পুস্তিকা—ভারতীয় স্বাধীনতা রজত-জয়ন্তী সংখ্যা।
স্মারক পুস্তিকা—ইন্ডিয়া ইন ইন্ডাস্ট্রিস্।
স্মারক পুস্তিকা—ইন্ডিয়ান ফরেস্টার।

১৯৭৩-৭৪

স্মারক পুস্তিকা—ঢাকুরিয়া রামকৃষ্ণ মিশন আশ্রম।

স্মারক পুস্তিকা—টেনান্টস্ অ্যাসোসিয়েশন, সরকারী আবাসন, বেহালা।

স্মারক পুস্তিকা—এ্যাপেকস্ ক্লাব, নৈহাটী।

স্মারক পুস্তিকা—দক্ষিণ হাওড়া রবীন্দ্র সংস্কৃতি সম্মেলন।

স্মারক পুস্তিকা—ভারত-সোভিয়েত-বাংলা মৈত্রী যুব উৎসব।

স্মারক পুস্তিকা—চতুর্থ প্রার্বন্ধিক সম্মেলন।

স্মারক পুস্তিকা—সেন্ট জন্স অ্যাম্বুলেন্স ব্রিগেড।

স্মারক পুস্তিকা—সিম্পোসিয়াম অন রোল অফ ফরেস্টস্।

স্মারক পুস্তিকা—পার্ক সার্কাস সংযুক্ত পূজা কমিটি।

স্মারক পুস্তিকা—রাগিনী।

স্মারক পুস্তিকা—ভারত সেবাশ্রম সংঘ।

স্মারক পুস্তিকা—শক্তি মন্দির ক্লাব।

স্মারক পুস্তিকা—অষ্টম ন্যাশনাল ফেডারেশন অফ ইন্ডিয়ান উইমেনস অধিবেশন।

স্মারক পুস্তিকা—নিখিল ভারত শিক্ষা সংঘ ফেডারেশন।

স্মারক পুস্তিকা—আনন্দ স্পোর্টিং ক্লাব।

স্মারক পুস্তিকা—কংগ্রেস সেবাদল অধিবেশন।

স্মারক পুস্তিকা—ভেটেরিনারী কলেজ প্রাক্তন ছাত্র পুনর্মিলন।

স্মারক পুস্তিকা—ভারত-সোভিয়েত সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির সেমিনার।

স্মারক পুস্তিকা—বড়বাণী ব্লক যুবকংগ্রেস।

স্মারক পুস্তিকা—সাহিত্য ও সংস্কৃতি।

স্মারক পুস্তিকা—ইণ্ডিয়ান ফরেস্টার।

স্মারক পুস্তিকা—মেইনস্ট্রীম।

স্মারক পুস্তিকা—অ্যাডভেন্ট।

স্মারক পুস্তিকা—নবান্ন ভারতী।

স্মারক পুস্তিকা—কৃষি প্রগতি।

স্মারক পুস্তিকা—পুরুলিয়া—পূজা সংখ্যা।

স্মারক পুস্তিকা—কিশোর ভারতী—পূজা সংখ্যা।

স্মারক পুস্তিকা—নটরাজ—পূজা সংখ্যা

স্মারক পুস্তিকা—চাষবাস।

স্মারক পুস্তিকা—কথামৃত।

স্মারক পুস্তিকা—অমর কন্টক।

স্মারক পুস্তিকা—সোস্যালিস্ট-পারস্পেক্টিভ।

স্মারক পুস্তিকা—স্বগতোক্তি।

স্মারক পুস্তিকা—উচ্চ মাধ্যমিক টেস্ট পেপার, পশ্চিমবঙ্গ প্রধান শিক্ষক অ্যাসোসিয়েশন।

(গ) মন্ত্রিমহোদয়ের আদেশক্রমে বিজ্ঞাপন দেওয়া হয়।

স্বরাষ্ট্র (পরিবহণ, কারা, পর্যটন ও পরিষদীয় বিষয় বাদে) বিভাগে কর্মচারী নিয়োগ

৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৩।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ স্বরাষ্ট্র (পরিবহণ, কারা, পর্যটন ও পরিষদীয় বিষয় বাদে) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) ১৯৭২ হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভাগে কোনও কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, তাহাদের কতজনকে কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ, কারা, পর্যটন ও পরিষদীয় বিষয় বাদে) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ
(ক) হ্যাঁ।

(খ) মার্চ ১৯৭২ হইতে ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত

গেজেটেড অফিসার	
ডবল্ বি সি এস — — — — —	২৮
ডবল্ বি জে সি এস — — — — —	১০
ডেপুটী সুপারিনটেন্ডেন্ট অব পুলিশ — — — —	৪
মুখ্যমন্ত্রীর স্পেশাল সেক্রেটারী — — — —	১
স্বরাষ্ট্র বিভাগ	
তৃতীয় শ্রেণী — — — — —	১৩৩
চতুর্থ শ্রেণী — — — — —	৩১
কলকাতা পুলিশ	
তৃতীয় শ্রেণী — — — — —	১৫৫
চতুর্থ শ্রেণী — — — — —	৮৮
কনস্টেবল — — — — —	১,৩৪৮
বাংলা পুলিশ	
তৃতীয় শ্রেণী — — — — —	৪৬৯
চতুর্থ শ্রেণী — — — — —	১২৯
কনস্টেবল — — — — —	১,৭৩২

বাংলা পুলিশে মোট নিয়োগের মধ্যে ৫১৬ জনকে নতুন সৃষ্ট পদে নিয়োগ করা হইয়াছে বাকি নিয়োগ সুপারঅ্যানুয়েশন বা প্রমোশনের ফলে যে পদ শূন্য হইয়াছে তাহাতে করা হইয়াছে

Shrinkage of forests due to deforestation

538. (Admitted question No. 1562.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Forests Department be pleased to state—

(a) the total area of shrinkage of forests in 1972-73 owning to deforestation; and

(b) the total area of shrinkage of—

(i) Teak forests; and

(ii) "Sal" forests?

The Minister for Forest : (a) Nil.

(b) (i) and (ii) Does not arise.

কাটোয়া শহরে ভ্রাম্যমান সিনেমা

৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪২।) শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ স্বরাষ্ট্র (র নৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া শহরে বা কাটোয়া ১নং ও ২নং ব্লকের মধ্যে বর্তমানে কতগুলি স্থ অস্থায়ী ও ভ্রাম্যমান সিনেমা চালু আছে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত এলাকায় একটি নূতন সিনেমা চালু করার জন্য ে আবেদনকারীর পক্ষে কাটোয়ার মহকুমা শাসক জেলা শাসকের (বর্ধমান) ন সুপারিশ ক'রে নোট পাঠিয়েছেন;

(গ) অতি সম্প্রতি কাটোয়ার মহকুমা শাসক কাটোয়ার পূর্বাঞ্চল সিনেমা হাউসের আি সংকটের কথা বা দুর্বল সিনেমা আখ্যা দিয়ে জেলা শাসকের কাছে কোন ে পাঠিয়েছেন কিনা;

(ঘ) নূতন সিনেমা হাউস সুপারিশ বা অনুমতি দেওয়ার পূর্বে কি কি বিষয়ের উ ভিত্তি করা হয়; এবং

(ঙ) নূতন প্রস্তাবিত সিনেমা থেকে বর্তমানের সিনেমাগুলির দূরত্ব কত ও কাছাক কোন মন্দির বা স্কুল আছে কি?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কাটোয়া ১নং ও ২নং ব্লকের ম বর্তমানে দুইটি স্থায়ী ও দুইটি অস্থায়ী সিনেমা চালু আছে। কাটোয়া মহকুমায় ে ভ্রাম্যমান সিনেমা চালু নাই।

(খ) হ্যাঁ, তিন মাসের জন্য একটি অস্থায়ী সিনেমা স্থাপনের সুপারিশ জেলা শাসক নিকট পাঠান হইয়াছে।

(গ) না, এ বিষয়ে জেলা শাসকের নিকট কোন তথ্য নাই।

(ঘ) নূতন সিনেমা হাউসের সুপারিশ/অনুমতি দেওয়ার সময় নিম্নলিখিত বিষয়গু বিবেচনা করা হয়ঃ

(১) কোন হাসপাতাল, উপাসনাস্থল অথবা গুরুত্বপূর্ণ রাস্তার সংযোগস্থলের ১০০ গজ ভিতর কোন সিনেমা (স্থায়ী বা অস্থায়ী) স্থাপন করা যাইবে না।

কোন পৌর এলাকার বাহিরে এ জাতীয় সিনেমা হল করিতে হইলে তাহা বসতি অঞ্চলে পরিবর্তে, দোকান এলাকায় করিতে হইবে।

(২) লক্ষাধিক লোক অধ্যুষিত কোন মিউনিসিপ্যালিটি, শহর অথবা ক্যানটনমেণ্টে অবস্থি কোন সিনেমার ৯০০ গজের ভিতর অতিরিক্ত কোন সিনেমা (স্থায়ী বা অস্থায় স্থাপন করা যাইবে না।

অন্য মিউনিসিপ্যালিটি, শহর অথবা ক্যানটনমেণ্টের ক্ষেত্রে উল্লেখিত দূরত্বের পরিমা কম পক্ষে ২০০ গজ হওয়া দরকার।

অন্যান্য এলাকার ক্ষেত্রে দূরত্বের ব্যবধান কম পক্ষে আধ মাইল হওয়া চাই।

(৩) সিনেমা হলের জন্য নির্দিষ্ট স্থানটিতে মোটরগাড়ী রাখিবার এবং দর্শকদের লাইন করিয়া দাঁড়াইবার পর্যাপ্ত স্থান রাখিতে হইবে। যানবাহনের চলাচলের বা সর্ব-সাধারণের ব্যবহৃত পথে বাধা সৃষ্টি না হয় এরূপ জায়গাও থাকা চাই।

(ঙ) বর্তমানে সিনেমাগুলি হইতে প্রস্তাবিত সিনেমার দূরত্ব কোন ক্ষেত্রেই দুই কিলো মিটারের কম হইবে না এবং প্রস্তাবিত স্থান হইতে ২০০ গজের ভিতর কোন মন্দির বা স্কুল নাই।

বিদ্যুৎ বিভাগে কর্মচারী নিয়োগ

৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৫।) শ্রীমধুসূদন রায়ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ২০এ মার্চ হইতে ১৯৭৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত বিদ্যুৎ বিভাগে জেলাওয়ারী তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কত জনের চাকুরী হয়েছে; এবং

(খ) তন্মধ্যে তফসিল জাতি ও তফসিল উপজাতির সংখ্যা কত?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একমাত্র কলিকাতায় বিদ্যুৎ বিভাগের অধীনে (বিদ্যুৎ অধিকার সহ) তৃতীয় শ্রেণীতে পাঁচ জনের এবং চতুর্থ শ্রেণীতে সাত জনের চাকুরী হয়েছে।

(খ) একজনও না।

স্টেট ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং ব্যুরো

৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৬৭।) শ্রীকাশীনাথ মিশ্রঃ স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, স্টেট ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং ব্যুরো-র মাস মিডিয়া ডিভিশন-এর অধীনে সঙস অ্যান্ড ড্রামা গেজেটেড অফিসারের একটি পদ ১৯৭১ সালের ১৬ই মার্চ হইতে সৃষ্টি হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত পদে কাহাকে নিয়োগ করা হইয়াছে;

(গ) সরকার হইতে উক্ত নিয়োগের ব্যাপারে এই রাজ্যের পাবলিক সার্ভিস কমিশনকে কোন চিঠি লেখা হইয়াছে কিনা;

(ঘ) হইলে, পাবলিক সার্ভিস কমিশন ঐ চিঠির উত্তরে ঐ চাকুরিপ্রাপ্ত ব্যক্তির চাকুরি সম্পর্কে সরকারের নিকট তাঁদের মতামত জানাইয়াছিলেন কিনা; এবং

(ঙ) জানাইয়া থাকিলে, সরকার এবিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তথ্য ও জনসংযোগ বিভাগের অধীনে লোকরঞ্জন শাখার জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার শ্রীদিলীপকুমার রুদ্রকে ঐ পদে নিয়োগ করা হয়েছে।

(গ) ও (ঘ) হ্যাঁ।

(ঙ) পদটি কেন্দ্রীয় সরকারের অনুমোদিত স্টাফিং প্যাটার্ন বহির্ভূত হওয়ায় কেন্দ্রীয় সরকার পদটি রাখতে রাজী হচ্ছেন না। কিন্তু পদটির প্রয়োজনীয়তা উপলব্ধি ক'রে রাজ্য সরকার ঐ পদটি রাখার জন্যে কেন্দ্রীয় সরকারকে পুনরায় অনুরোধ করেছেন। তাঁদের অনুমোদন পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকা

৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২২০১।) শ্রীহেমন্ত দত্ত: তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের প্রচারের মাধ্যম কি কি;

(খ) সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকাগুলির নাম কি ও তাদের গ্রাহক সংখ্যা কত; এবং

(গ) এই বাবত ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) সরকার কত টাকা ব্যয় করেছেন?

তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রচার কার্যের জন্য সম্ভাব্য সর্বপ্রকার মাধ্যম ব্যবহার করা হয়। এই মাধ্যমগুলি হল—সাধারণ পত্র-পত্রিকা, বেতার, চলচ্চিত্র, সংগীত, নৃত্যনাট্য প্রভৃতি। প্রয়োজন বোধে পোস্টার, ফোল্ডার, পুস্তিকা প্রভৃতিও মুদ্রণ ও বিলি করা হয়। এছাড়া হোর্ডিং-এর মাধ্যমে প্রচার কার্য চালানো হয়। প্রচার কার্যের জন্য বিশেষ বিশেষ ঘটনা উপলক্ষে সিনেমা স্লাইডও দেখানো হয়ে থাকে।

(খ)

পত্রিকার নাম			গ্রাহক সংখ্যা
(১) পশ্চিমবঙ্গ (বাংলা সাপ্তাহিক) —	—	—	৬৩২
(২) ওয়েস্ট বেঙ্গল (ইংরাজী পাক্ষিক)	—	—	১২২
(৩) শ্রমিক বার্তা (ত্রৈ-ভাষিক পাক্ষিক)	—	—	৫৮
(৪) মগ্‌রেবি বাঙ্গাল (উর্দু পাক্ষিক)	—	—	১৪
(৫) পঁছিম বাংলা (সাঁওতালী পাক্ষিক)	—	—	৮০২
(৬) পঞ্চায়েতী রাজ (বাংলা মাসিক)	—	—	৩৭
(৭) সঞ্চয়িকা (বাংলা ত্রৈমাসিক) —	—	—	—
(৮) প্রগতির পথে পশ্চিমবঙ্গ (মাসিক)	—	—	—
(৯) যুব মানস —	—	—	—
(১০) পশ্চিম বাঙ্গাল (নেপালী সাপ্তাহিক)	—	—	—

(গ)

(১) পশ্চিমবঙ্গ	—	— টা	৯২,৫২৭·০১
(২) ওয়েস্ট বেঙ্গল	—	— টা	৭,৪১২·২৪
(৩) শ্রমিকবার্তা	—	— টা	১২,৯৩২·২৪
(৪) মাগ্‌রেবি বাঙ্গাল	—	— টা	৮,৯৩৪·৮৬
(৫) পঁছিম বাঙ্গাল (সাঁওতালী)	—	— টা	৫,৪৫৯·৬০
(৬) পঞ্চায়েতী রাজ	—	— টা	৭,৫৬০·০০
(৭) সঞ্চয়িকা	—	— টা	৫,৩০৪·২৪
(৮) প্রগতির পথে পশ্চিমবঙ্গ	—	— টা	৯,১৪৪·৭৮
মোট	—	— টা	১,৪৯,২৭৪·৯৭

জেলা মাধ্যমিক শিক্ষা উপদেষ্টা বোর্ড

৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৫।) শ্রীআব্দুল বারি বিশ্বাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত জেলা মাধ্যমিক শিক্ষা উপদেষ্টা বোর্ড কর্তৃক কোন্ জেলায় কয়টি ও কোন্ প্রকারের মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা মঞ্জুরীর জন্য সুপারিশ করিয়াছেন; এবং

(খ) তন্মধ্যে কোন্ জেলায় কয়টি ক্ষেত্রে ও কোন্ কোন্ বিদ্যালয় এ পর্যন্ত মঞ্জুরী পাইয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)	জেলার নাম	হাই স্কুল	চার ক্লাস জুনিয়ার হাই স্কুল	দুই ক্লাস জুনিয়ার হাই স্কুল	হাই মাদ্রাসা	জুনিয়ার মাদ্রাসা	সিনিয়ার মাদ্রাসা
১।	কলিকাতা —	১১	৯	২	—	—	১
২।	২৪-পরগণা —	৩২	৩৩	২৭	২	৫	৩
৩।	নদীয়া —	১০	৫	৩	১	৪	—
৪।	মুর্শিদাবাদ —	১৪	৬	৭	২	৩	২
৫।	হুগলী —	১৩	৬	৭	—	১	১
৬।	হাওড়া —	৬	৬	৬	—	২	—
৭।	মেদিনীপুর —	৩৬	২৭	৩৩	১	—	—
৮।	বাঁকুড়া —	১২	৬	৮	—	—	—
৯।	পুরুলিয়া —	৮	৬	৯	—	—	—
১০।	বর্ধমান —	১৮	১০	৬	১	২	—
১১।	মালদহ —	৮	৮	৮	৩	৩	২
১২।	পঃ দিনাজপুর	১৩	৯	৪	১	২	১
১৩।	জলপাইগুড়ি—	৭	৬	৭	—	২	১
১৪।	কুচবিহার —	৯	৭	৪	—	৩	—
১৫।	বীরভুম —	৯	৩	৫	—	১	—
১৬।	দার্জিলিং —	৪	৩	৪	—	—	—

(খ) এখন পর্যন্ত বোর্ড হইতে কোন মঞ্জুরীপত্র পাওয়া যায় নাই।

জেলাওয়ারী ঔষধ সরবরাহ

৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৭।) শ্রীআব্দুল বারি বিশ্বাস: স্বাস্থ্য বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত প্রতি বৎসরে কোন্ জেলায় ক টাকার ঔষধ পাঠান হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে (প্রতি বৎসরে) জেলাগুলির বিভিন্ন হাসপাতালে ও স্বাস্থ্যকেন্দ্রে ক রোগী (১) বহির্বিভাগে ও (২) অন্তর্বিভাগে চিকিৎসিত হইয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সংশ্লিষ্ট ১নং স্টেটমেন্ট লাইব্রেরী টেবিলে উপস্থা করা হইল। ১৯৭৩-৭৪ সালের পূর্ণ ও সঠিক বিবরণ সংগ্রহ করা সম্ভব হয় নাই। বৎসর মোট প্রায় ৪ কোটি ৪০ লক্ষ টাকার ঔষধ বিভিন্ন জেলায় পাঠান হইয়াছে।

(খ) সংশ্লিষ্ট ২নং ও ৩নং স্টেটমেন্ট লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Daily allowance drawn by Ministers

545. (Admitted question No. 2270.) **Shri Monoranjan Pramanik :** Will t Minister-in-charge of the Finance Department be pleased to state the amou drawn by each Cabinet Minister, Minister of State and Deputy Minister on acc of daily allowance from January, 1973 to February, 1974?

The Minister for Finance : The amounts drawn by each Minister, Ministe State and Deputy Minister on account of daily allowance during the period fr January, 1973 to February, 1974, are as shown in the enclosed statement.

Statement referred to in reply of unstarred question No. 545.

Statement of expenditure incurred on account of daily allowance of Ministe Ministers of State and Deputy Ministers during the period from January, 19 to February, 1974.

Serial No.	Name	Daily allowance Rs.
	MINISTERS	
1.	Shri S. S. Roy, Chief Minister	3,607.50
2.	" A. Sattar	2,127.00
3.	" Dr. Abedin	1,934.50
4.	" Prof. M. Banerjee	[illegible]
5.	" A. B. A. Gani Khan Chowdhury	[illegible]
6.	" T. K. Ghosh	[illegible]
7.	" S. Ghosh	1,066.50
8.	" G. P. Khan	1,287.50
9	" S. Mahato	[illegible]
10.	" K. K. Maitra	[illegible]
11.	" Dr. G. D. Nag	1,335.00
12.	" G. S. Solanpal	2,130.00
13.	" A. K. Panja	850.00
14.	" S. K. Roy	2,617.50
15.	" B. N. Sen	2,457.50
	MINISTERS OF STATE	
16.	" P. K. Ghosh	551.25
17.	" A. C. Sinha	1,013.50
18.	" P. Bhattacharjee	2,765.75
19.	" S. Mukherjee	560.00
20.	" Md. F. Haque	918.75
21.	" G. C. Naskar	478.75
22.	" A. M. Biswas	218.75
23.	" R. K. Saraogi	616.50
24.	" D. Lakra	2,756.25
	DEPUTY MINISTERS	
25.	Shri G. Gurung	2,55,500.00
26.	" S. Chattaraj	1,276.25
27.	Sm. A. Soren	812.50
		44,858.75

মোটর গাড়ীর টায়ার ডিস্ট্রিবিউটর এজেন্ট

৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৪।) শ্রীআব্দুল বারি বিশ্বাস: স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে জেলাওয়ারী মোটর গাড়ীর টায়ার ডিস্ট্রিবিউটর এজেন্টদের সংখ্যা কত;

(খ) উক্ত এজেন্টদের নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা কি; এবং

(গ) ঐ সমস্ত এজেন্টদের এজেন্সী লাইসেন্স কিভাবে দেওয়া হয়?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জেলাওয়ারী টায়ার ডিস্ট্রিবিউটর এজেন্টদের সংখ্যা নিম্নে দেওয়া হইল:

কলিকাতা ও ২৪-পরগণা	১৬১
হাওড়া	১৮
হুগলী	৬
বাঁকুড়া	৬
বীরভূম	৫
বর্ধমান	৪৭
মেদিনীপুর	২৬
নদীয়া	১
জলপাইগুড়ি	১৮
কুচবিহার	৪
মালদা	৫
পশ্চিম দিনাজপুর	৬
দার্জিলিং	৪২
পুরুলিয়া	৬
মুর্শিদাবাদ	৫
মোট	৩৫৬

(খ) উক্ত এজেন্টদের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা এই সংগে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ওয়েস্ট বেংগল অটোমোবাইল টায়ারস্ ও টিউবস্ ডিলার্স লাইসেন্সিং অর্ডার ১৯৭৩-এর ৫(২) ও (৩) অনুচ্ছেদে বর্ণিত প্রথায় কলিকাতা ও ২৪-পরগণার জন্য ডাইরেকটার, পাবলিক ভেহিকেলস্ ডিপার্টমেন্ট এবং অন্যান্য জেলার জেলা শাসকের নিকট আবেদন পেশ করিলে উপযুক্ত প্রার্থীদিগকে উক্ত লাইসেন্সিং অথরিটি টায়ারের ব্যবসা করিবার লাইসেন্স প্রদান করেন।

জেলাওয়ারী সোসাল এডুকেসন একস্টেনসন অফিসার-এর পদের জন্য লোক নিয়োগ

৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪১।) শ্রীকাশীনাথ মিশ্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শিক্ষা দপ্তরে সোসাল এডুকেসন এক্সটেনসন অফিসার পদের জন্য শীঘ্রই লোক নিয়োগ করা হইবে;

(খ) সত্য হইলে, (১) উক্ত পদের জন্য জেলাওয়ারী দরখাস্তকারীর সংখ্যা ও (২) বাঁকুড়া জেলায় থানাভিত্তিক দরখাস্তকারীর সংখ্যা কত?

(গ) পশ্চিম বাংলায় জেলাওয়ারী এবং বাঁকুড়া জেলায় থানাভিত্তিক কতজন দরখাস্তকারী সাক্ষাত গ্রহণের (ইন্টারভিউ) সুযোগ পাইয়াছেন; এবং

(ঘ) উক্ত পদে নিয়োগের ব্যাপারে দরখাস্তকারীদের নিকট হইতে আদায়কৃত ফি বাবত টাকার পরিমাণ কত?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সত্য।

(খ) (১) জেলাওয়ারী দরখাস্তকারীর সংখ্যা নিম্নে দেওয়া হইল।
(২) থানাভিত্তিক দরখাস্ত বিচার করা হয় নি।

(গ) সাক্ষাত গ্রহণ এখনও হয় নি। যাঁরা পরীক্ষায় ভাল করবেন তারা সাক্ষাতকারের সুযোগ পাবেন।

(ঘ) মোট টাকার পরিমাণ ৩৭,৫০২.৫০ টাকা।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 547.

	District	Number of candidates applied	Number of candidates eligible for screening test
1.	Calcutta	2,993	2,897
2.	24 Parganas	3,115	2,935
3.	Nadia	1,495	1,236
4.	Murshidabad	1,561	1,396
5.	Howrah	1,020	903
6.	Hooghly	1,651	1,506
7.	Burdwan	2,093	1,817
8.	Birbhum	1,402	1,252
9.	Bankura	1,691	1,579
10.	Midnapur	3,675	3,200
11.	Malda	695	585
12.	West Dinajpur	585	524
13.	Jalpaiguri	600	537
14.	Darjeeling	258	225
15.	Cooch Behar	597	543
16.	Purulia	812	759
17.	Other States	119	109
	Total ...	24,345	22,003

মালদহ কলেজ

৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩৫।) শ্রীগৌতম চক্রবর্তীঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ কলেজে কি নতুন পরিচালক সমিতি গঠিত হয়েছে; এবং

(খ) নতুন পরিচালক সমিতি গঠিত হয়ে থাকলে, কজনকে নিয়ে উহা গঠন করা হয়েছে ও সমিতির সদস্যদের নাম কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বার জন সদস্য লইয়া নতুন পরিচালক সমিতি গঠিত হইয়াছে। সমিতির সদস্যদের নাম পর পৃষ্ঠায় দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 348

তালিকা

১। জেলা শাসক, মালদহ—সভাপতি (পদাধিকার বলে)।

২। শ্রমতী উমা রায়, প্রাক্তন লোকসভার সদস্যা, ইংলিস বাজার, মালদহ—সরকারের মনোনীত সদস্যা।

৩। শ্রীবিবেক সেন শর্মা, বি এ, এল এল বি, এ্যাডভোকেট, ইংলিস বাজার—সরকারের মনোনীত সদস্য।

৪। শ্রীনির্খিল বিহারী গুপ্ত, বি এ, এল এল বি, ইংলিস বাজার—সরকারের মনোনীত সদস্য।

৫। ডাঃ পিনাকিরঞ্জন রায়—সদস্য।

৬। শ্রীদেবপ্রসাদ দত্ত, এম এস সি (পদার্থ বিজ্ঞান), এম এ (রাষ্ট্র বিজ্ঞান), অধ্যক্ষ, শ্রীপত সিং কলেজ, মুশিদাবাদ, (শিক্ষা অধিকর্তা কর্তৃক মনোনীত) —সদস্য।

৭। স্থানীয় পৌরসভার সভাপতি—সদস্য (পদাধিকার বলে)।

৮-৯। মহাবিদ্যালয়ের ছাত্রদের অভিভাবকের দুই জন প্রতিনিধি (তাঁহাদের দ্বারা নির্বাচিত)—সদস্যগণ।

১০-১১। মহাবিদ্যালয়ের পুরাসময়ের শিক্ষকদের দুই জন প্রতিনিধি (তাঁহাদের দ্বারা নির্বাচিত)—সদস্যগণ।

১২। মহাবিদ্যালয়ের অধ্যক্ষ—সম্পাদক (পদাধিকার বলে)।

গ্রামাঞ্চলে অকেজো নলকূপ

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৫।) **শ্রীনির্মলকৃষ্ণ সিনহাঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে পানীয় জলকষ্টের প্রথা বিবেচনা করিয়া ব্লকে ব্লকে যে অকেজো নলকূপগুলি পড়িয়া আছে সেগুলি দ্রুত মেরামত করিবার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি না ও করিলে তাহা কি; এবং

(খ) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে গ্রামাঞ্চলে শতকরা কতগুলি নলকূপ অকেজো অবস্থায় পড়িয়া আছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নলকূপ অকেজো হওয়ার সংবাদ পাওয়ার সাত দিনের মধ্যে ঐগুলি মেরামত করা হয়। সেই সম্পর্কে ব্লক উন্নয়ন অফিসারগণকে নির্দেশ দেওয়া আছে।

(খ) শতকরা প্রায় ১৫ ভাগ। এগুলির পুনর্খনন প্রয়োজন।

সিউড়ী হইতে অণ্ডালগামী ট্রেণগুলিতে চোরাই চাল পাচার

৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৬।) **শ্রীশচীনন্দন সাউঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার সিউড়ী হইতে অণ্ডালগামী ট্রেনগুলিতে প্রতিদিনই চোরাই পথে প্রচুর চাল চালান যায়; এবং

(খ) অবগত থাকিলে, চোরাই চালান রোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ

(খ) সিউড়ী অণ্ডাল শাখায় পাঁচড়া রেল স্টেশনে সব কয়টি ট্রেন নিয়মিতভাবে পরীক্ষা করা হয়। ইহা ছাড়া, উর্ধ্বতন পুলিশ অফিসারদের দ্বারা আকস্মিক তল্লাসী অভিযানও চালান হয়।

যে সব যাত্রী বিনা টিকিটে ভ্রমণ করিয়া সঙ্গে চাল আনে, তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য রেল কর্তৃপক্ষকেও অনুরোধ করা হইয়াছে।

এই সব ব্যবস্থার ফলে চোরাই চালান কিছু পরিমাণে হ্রাস পাইয়াছে।

পল্লী অঞ্চলে আংশিক রেশন বরাদ্দ

৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৩।) **শ্রীশীশ মহম্মদঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার পল্লী অঞ্চলে আংশিক রেশন ব্যবস্থা চালু আছে কি না;

(খ) থাকিলে, (১) মাথা প্রতি চাল, গম ও চিনির পরিমাণ কত, (২) উক্ত চাল ও গমের কেজি প্রতি মূল্য কত; এবং

(গ) উক্ত সরবরাহ কত দিন অন্তর দেওয়া হয়?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, সংশোধিত রেশন ব্যবস্থা চালু আছে।

(খ) এবং (গ) পশ্চিম বাংলার সংশোধিত রেশন এলাকার "ক" ও "খ" শ্রেণীর কার্ড হোল্ডারগণের সপ্তাহে মাথা পিছু চাল বন্টনের নির্ধারিত হার ৭০০ গ্রাম এবং দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলির ও বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকার সন্নিহিত অঞ্চলের সর্বশ্রেণীর কার্ড হোল্ডারদের ক্ষেত্রে ঐ হার ৭৫০ গ্রাম। ইহা ব্যতীত সর্বশ্রেণীর কার্ড হোল্ডারদের ক্ষেত্রে গম/গমজাত দ্রব্য বন্টনের নির্ধারিত হার ১,২০০ গ্রাম। অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে হারের পরিমাণ সর্বক্ষেত্রেই উক্ত হারের অর্ধেক। অবশ্য সরকারের হাতে যথেষ্ট পরিমাণ চাল ও গম না থাকায়, নির্ধারিত হারে বন্টন করা অনেক ক্ষেত্রেই সম্ভব হয় না, বন্টন করা হয় প্রাপ্যতা অনুযায়ী।

চিনি বন্টনের ক্ষেত্রে কোন নির্ধারিত হার নাই। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে যে চিনি প্রাপ্যতা অনুযায়ী বন্টনের হার নির্ধারণ হয়।

কেজি প্রতি চাল, গম/গমজাত দ্রব্য এবং চিনির মূল্য হইল এইরূপঃ

বাংলার চাল	— ১.৪৯ টা হইতে ১.৬৫ টা
বাংলার বাহিরের চাল	— ১.৩৮ টা হইতে ১.৭৪ টা
গম	— ১.০৩ টা হইতে ১.১০ টা
আটা (হোল মিল)	— ১.০৬ টা হইতে ১.১১ টা
আটা (রেজালট্যান্ট)	— ১.০২ টা হইতে ১.০৭ টা
সুজি	— ১.৩৩ টা হইতে ১.৩৮ টা
ময়দা	— ১.২৭ টা হইতে ১.৩২ টা
চিনি	— ২.১৫ টা

৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৬।) শ্রীবুধনচন্দ্র টুডু: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ ও ১৯৭৩ সালে মেদিনীপুর জেলার কেশীয়ারী থানায় একটি সাব-রেজিস্ট্রি অফিস স্থাপন কল্পে সরকার কোন মাস পিটিশন পেয়েছেন কি না; এবং

(খ) পেয়ে থাকলে, এ বিষয়ে সরকার কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, পেয়েছেন—তবে ১৯৭২ সালে নয়, ১৯৭৩ সালের ২৮শে জুন তারিখে।

(খ) প্রস্তাবটি এখনও বিবেচনাধীন—কোনও সিদ্ধান্ত হয় নাই।

৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৬।) ডাঃ ওমর আলি: স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালে ব্লকপিছু কতগুলি ক'রে নলকূপ খনন/সংস্কারের কর্মসূচী গৃহীত হয়েছিল; এবং

(খ) তন্মধ্যে ১৯৭৪ সালের ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত কতগুলি ক্ষেত্রে তা কার্যকর হয়েছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৩-৭৪ সালে ব্লকপিছু ৩১টি ক'রে মোট ১০,৯৩৭টি নলকূপ/কূপখনন/পুনর্খননের কর্মসূচী গ্রহণ করা হইয়াছিল।

(খ) ঐ কর্মসূচী অনুযায়ী ১৯৭৪ সালের ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত মোট ৬,৫২০টি নলকূপ কূপ খনন/পুনর্খনন করা হয়েছে।

ক্ষুদ্র সেচ প্রকল্প

৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৩।) শ্রীশরৎ দাস: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গ সরকার ক্ষুদ্র সেচ করপোরেশন নামে একটি প্রাইভেট কোম্পানী গঠন করিয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত সংস্থা কোন্ কোন্ জেলায় কি কি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ হাতে লইয়াছেন;

(গ) স্থায়ী খরাক্লিষ্ট, অনগ্রসর ও ক্ষুদ্র সেচযোগ্য পুরুলিয়া জেলায় উক্ত করপোরেশন কোন প্রকল্প গ্রহণ করিয়াছে কি; এবং

(ঘ) করিয়া থাকিলে উক্ত জেলার কোন্ কোন্ অঞ্চলে কত কত টাকার প্রকল্প গ্রহণ করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) এই করপোরেশনের ১৯৭৪-৭৫ আর্থিক বৎসরে ২৪-পরগণা, হাওড়া, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, হুগলী, বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান, জলপাইগুড়ি ও মালদহ জেলায় বিভিন্ন ধরণের ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহণ করিবার পরিকল্পনা আছে।

(গ) উক্ত সংস্থার পুরুলিয়া জেলায় সম্ভাব্যতা পরীক্ষানিরীক্ষার পর পাঁচটি নদী সে প্রকল্প গ্রহণ করিবার পরিকল্পনা আছে।

(ঘ) এখন এই প্রশ্ন ওঠে না।

হরিণঘাটা মিল্ক কলোনীর গরু ও মহিষ

৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৯।) ডঃ শক্তিকুমার ভট্টাচার্য: পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা মিল্ক কলোনীতে বর্তমানে কয়টি গরুমহিষ আছে; এবং

(খ) উক্ত কলোনীতে গরুমহিষের সংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি না?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাসের হিসাব অনুযায়ী ২,১১১টি মহিষ আছে।

(খ) হ্যাঁ।

গভীর নলকূপ বসানোর সংখ্যা

৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮২।) শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে (ফেব্রুয়ারি পর্যন্ত) কতগুলি গভীর নলকূপ প্রোথিত করা হয়েছে;

(খ) এই প্রোথনের কাজ সরকার নিজে করেন, না ঠিকাদারদের দিয়ে করান;

(গ) সরকারের কোন ড্রিলিং রিগ মেশিন আছে কি না ও থাকলে কতদিন আগে তা কেনা হয়েছে; এবং

(ঘ) নিজেদের রিগ মেশিন দিয়ে কাজ করলে প্রতি নলকূপ পিছু সরকারের কত টাকা সাশ্রয় হতে পারে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মোট ২২৬টি।

(খ) বেসরকারী ঠিকাদারদের দিয়ে করান হয়।

(গ) অনুসন্ধান কার্য চালানোর জন্য এই সরকারের গ্রাউণ্ড ওয়াটার এ্যাণ্ড সারফেস ওয়াটার ইনভেস্টিগেসন ইউনিট-এর একটি রিগ মেশিন আছে। ইহা ১৯৭১ সনে কেনা হয়।

(ঘ) অধিক সংখ্যক নলকূপ বসানোর উপযোগী কোনও রিগ মেশিন সরকারের নাই। সুতরাং আপেক্ষিক হিসাব দেওয়া গেল না।

বি ডি ওর শূণ্যপদ পুরণের ব্যবস্থা

৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৮।) শ্রীঅমলেশ জানা: সমষ্টি উন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় বর্তমানে কতগুলি বি ডি ও-র পদ খালি রহিয়াছে;

(খ) খালি থাকার কারণ কি; এবং

(গ) এইসব শূন্য পদে বি ডি ও নিয়োগ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ও কবে নাগাত নিয়োগ করা হইবে?

সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

(১) হাওড়া	—	—	—	১
(২) মুর্শীদাবাদ	—	—	—	২
(৩) নদীয়া	—	—	—	২
(৪) ২৪-পরগণা	—	—	—	২
(৫) বাঁকুড়া	—	—	—	১
(৬) বীরভূম	—	—	—	১
(৭) বর্ধমান	—	—	—	২
(৮) হুগলী	—	—	—	২
(৯) মেদিনীপুর	—	—	—	৪
(১০) পুরুলিয়া	—	—	—	১
(১১) জলপাইগুড়ি	—	—	—	১
(১২) দার্জিলিং	—	—	—	২
(১৩) পশ্চিম দিনাজপুর		—	—	৩
(১৪) মালদহ	—	—	—	১
মোট	—	—	—	২৫

(খ) স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগ উপযুক্ত সংখ্যক অফিসার না দেওয়ার জন্য সব ব্লকে বি ডি, ও-র পদ পূরণ করা সম্ভব হয় নাই।

(গ) এই বিভাগ বি ডি ও-র পদে নিয়োগের জন্য স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগ হইতে সাধারণতঃ অফিসার পাইয়া থাকেন। উক্ত বিভাগকে উপযুক্ত সংখ্যক অফিসার দেওয়ার জন্য একাধিকবার অনুরোধ করা হইয়াছে।

অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে কয়েকজন জয়েন্ট বি ডি, ও-কে বি ডি ও-র কার্য নির্বাহ করার জন্য নিয়োগ করা হইয়াছে।

আরও ঠিক করা হইয়াছে যে কয়েকজন কৃষি সম্প্রসারণ আধিকারিককে (এ ই ও-কে) বি ডি ও-র কার্য নির্বাহের জন্য সাময়িকভাবে যথাশীঘ্র সম্ভব নিয়োগ করা হইবে।

ছোলা ও উচ্চফলনশীল গমে পোকা লাগার অভিযোগ

৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮০।) শ্রীমহঃ দেদার বক্সঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে এবছর ছোলা ও উচ্চফলনশীল গমে অত্যন্ত পোকার উপদ্রব সুরু হয়েছে; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এরূপ কোন বিবরণের কথা সরকার অবগত নহেন।

(খ) প্রশ্ন উঠে না।

বিধিবদ্ধ রেশনিং এলাকায় জোয়ার ও গমের মিশ্রিত আটা সরবরাহের ব্যবস্থা

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭১।) শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার বিধিবদ্ধ রেশনিং এলাকায় জোয়ার ও গমের সংমিশ্রণে নতুন আটার দেবার পরিকল্পনা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কোন সময় হইতে ও কি পরিমাণে উহা দেওয়া হইবে?

খাদ্য ও সরবরাহ বিভাগের রাষ্ট্রমন্ত্রি মহাশয়ঃ (ক) বিধিবদ্ধ রেশনিং-এ এরূপ কোন নূতন ধরণের আটা দিবার পরিকল্পনা সরকারের নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

বনগ্রামে সহরে দুগ্ধ সংকট

৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৪।) শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ পশুপালন ও পশু-চিকিৎসা (দোহ উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বনগ্রামে বর্তমানে দুগ্ধ সংকটের জন্য শিশুরা নিম্নতম প্রয়োজনীয় দুগ্ধ পাইতেছে না;

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকায় সরকারী উদ্যোগে দুগ্ধ সরবরাহ কেন্দ্র খোলার কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে, কবে নাগাত উহা কার্যকর হইবে?

পশুপালন ও পশুচিকিৎসা (দোহ উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিম-বঙ্গের নানা জায়গার মত বনগ্রামেও প্রয়োজনীয় দুগ্ধ সরবরাহের অভাব সরকার অবগত আছেন।

(খ) বর্তমানে দুগ্ধ যোগানের স্বল্পতা এবং গুঁড়া দুধ আমদানীর অনিশ্চিত পরিস্থিতিতে নূতন দুগ্ধ সরবরাহ কেন্দ্র খোলা সম্ভব হইতেছে না।

(গ) প্রশ্ন উঠে না।

মালদায় চোরাকারবারীদের কাছ হইতে টায়ার উদ্ধার

৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৩।) শ্রীগৌতম চক্রবর্তীঃ স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭৩ সালে মালদার ভূতপূর্ব এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট চোরাকারবারীদের নিকট হইতে ৯০টি টায়ার উদ্ধার করেন; এবং

(খ) সত্য হইলে—

(১) সেই টায়ারগুলি বর্তমানে কোথায় আছে,

(২) এগুলি বিক্রয় করা হইয়াছে কিনা, ও

(৩) বিক্রয় করা হইয়া থাকিলে, উক্ত টায়ার কিভাবে বিক্রয় করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) মালদহের সাবডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের ১০ই আগস্ট ১৯৭৩ তারিখের আদেশ অনুসারে টায়ারগুলি যে ব্যক্তির নিকট হইতে উদ্ধার করা হয় তাহাকেই ফেরৎ দেওয়া হইয়াছিল।

(২) ও (৩) ধৃত দ্রব্যাদির মধ্যে নিষিদ্ধ ধরণের দ্রব্যগুলি উক্ত জেলার বাছাই কমিটির নির্দেশ অনুসারে বিক্রয় করা হইয়াছিল।

কৃষি বিভাগের অর্থ বরাদ্দের পরিমাণ

৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৬।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ আর্থিক বৎসরের কোন্ বৎসরে কৃষি বিভাগে—

(১) কত টাকা করিয়া বরাদ্দ, এবং

(২) বরাদ্দকৃত টাকার কত ভাগ খরচ করা হইয়াছিল?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (১) ১৯৬৭-৬৮ সালে মোট ২২ কোটি ৬ লক্ষ ১ হাজার টাকা ও ১৯৬৮-৬৯ সালে মোট ২১ কোটি ৯২ লক্ষ ৮৬ হাজার টাকা কৃষির জন্য বরাদ্দ হইয়াছিল।

(২) ঐ বরাদ্দকৃত অর্থের ১৯৬৭-৬৮ সালে শতকরা ৮০·৯২ ভাগ ও ১৯৬৮-৬৯ সালে শতকরা ৮৭·৭২ ভাগ খরচ করা হইয়াছিল।

সুন্দরবন উন্নয়ন প্রকল্প

৫৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন উন্নয়ন প্রকল্পে ১৯৭৩-৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত মোট কত টাকা মঞ্জুরী দেওয়া হইয়াছে; এবং

(খ) বর্তমানে কি কি উন্নয়নমূলক কাজ গ্রহণ করা হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত সুন্দরবন উন্নয়ন প্রকল্পে ২৬,৬৮,৬৫০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) বর্তমানে সুন্দরবন অঞ্চল উন্নয়নের জন্য পায়েচলা সেতু নির্মাণ, জেটি নির্মাণ খাল ও পুষ্করিণী খনন, রাস্তা নির্মাণ, জেটি রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা, লবনমুক্ত পানীয় জলের ব্যবস্থা, তালগুড় উৎপাদনের প্রশিক্ষণ কেন্দ্র, স্রোত হইতে বিদ্যুৎ উৎপাদনের সমীক্ষা প্রভৃতি বিষয়ে কাজ গ্রহণ করা হইয়াছে।

কৃষি ঋণ

৫৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৬।) **শ্রীশিশিরকুমার সেনঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গে কৃষি ঋণ বাবদ কত টাকা কৃষকদিগকে দেওয়া হইয়াছে;

তন্মধ্যে হাওড়া জেলার কৃষকদিগকে কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(গ) বরাদ্দকৃত সমস্ত টাকা কৃষিজীবিদিগকে বিলি করা হইয়াছে কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬৬,৮৬,৭০১ টাকা।

(খ) ৬৮,৯৬০ টাকা।

(গ) না।

কেন্দু পাতা সংগ্রহে নিযুক্ত শ্রমিক

৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৭।) শ্রীকাশীনাথ মিশ্র: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কেন্দু পাতা সংগ্রহের ব্যাপারে বর্তমানে কত জন শ্রমিক নিযুক্ত আছেন;

(খ) কেন্দু পাতা সংগ্রহে শ্রমিকরা বৎসরে কয় মাস নিযুক্ত থাকেন; এবং

(গ) বর্তমানে তাহাদের দৈনিক মজুরী কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৪,০০০ হইতে ৫,০০০ ঠিকা শ্রমিক নিযুক্ত আছেন

(খ) সাড়ে তিন মাস নিযুক্ত থাকেন (১লা এপ্রিল হইতে ১৫ই জুলাই)।

(গ) শ্রমিকরা প্রতিদিন ৩ হইতে ৪ ঘন্টা কাজ করিয়া থাকেন। তাহাদের দৈনিক গড় মজুরী নিম্নে দেওয়া হইল:

পুরুষ: টাঃ ১·৫০ পঃ হইতে ২·০০ টাঃ।
মহিলা: ০·৭৫ পঃ হইতে টাঃ ১·৫০ পঃ।
শিশু: ০·২৫ পঃ হইতে টাঃ ১·০০ পঃ।

Re-opening of closed Factories

566. (Admitted question No. 965.) **Shri Biswanath Chakraborty**: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of labour-days lost due to (i) strikes, (ii) lockouts, (iii) closures and (iv) inter-union rivalries in West Bengal during 1973-74 (up to February);

(b) how many units are still closed ? and

(c) the steps the Government has taken so far for re-opening those closed units ?

The Minister for Labour : (a) The number of man-days lost due to (i) strikes, (ii) lockouts, (iii) closures, and (iv) inter-union rivalries are given below :

Number of man days lost due to	1973	1974 (January and February)
(i) Strikes	26,13,579	*16,06,298
(ii) Lock-outs	37,44,487	5,38,499
(iii) Closures	The figures are included in those shown against lock-out in so far as temporary closures are concerned. Figures of permanent closure are not maintained	
(iv) Inter-Union rivalries	6,00,000 (Approx.)	...

(b) (i) Number of units closed during the period from January 1973 to February 1974—131.

(ii) Number of units re-opened during the said period—84.

(iii) Number of units still closed—107.

(c) On receipt of notice of closure, conciliation machinery of the Government intervene and try to iron out the differences wigh a view to re-opening the closed units. When conciliation fails, attempts are made to reconstruct the affected units through I. R. C. I. and in some cases the management is taken over under the law to revive the units. In some cases the Defence of India Rules, 1971, were also applied

* The figures exclude man days lost due to general strike in Jute Mills from 14th January 1974 to 15th February 1974.

রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার তথ্য

৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪।) শ্রীঅশ্বিনী রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কোনও তথ্য আছে কি।

(খ) থাকিলে, রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাগুলির নাম কি;

(গ) উক্ত সংস্থার প্রতিটিতে গত তিন বৎসরের (১৯৭১-৭২, ১৯৭২-৭৩ এবং ১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত প্রতি বৎসরে—(১) শ্রমিক ও কর্মচারীদের সংখ্যা ও (২) বাসের সংখ্যা কত ছিল; এবং

(ঘ) গড়ে প্রতিটি বাসের বাৎসরিক কাজের ঘণ্টা (অ্যাভারেজ ওয়াকিং আওয়ারস) ও খরচ (ওয়াকিং এক্সপেন্স) কত ছিল?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন, (২) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন ও (৩) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন।

(গ)

	১৯৭১-৭২	১৯৭২-৭৩	১৯৭৩সালের ডিসেম্বর পর্যন্ত
(১) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন			
শ্রমিক কর্মচারীদের সংখ্যা — — —	১২,৭০৩	১৩,১৮৭	১৩,২২০
সর্বমোট বাসের সংখ্যা — — —	১,১২২	১,৩১৩	১,৩৩৬
মোট চালু বাসের সংখ্যা — — —	৮১০	৮৮৭	৯৭১
(২) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে			
শ্রমিক কর্মচারীদের সংখ্যা — — —	২,২১০	৪,০২৪	৪,৪৪৩
সর্বমোট বাসের সংখ্যা — — —	২৩৯	২৭৭	৩১৫
মোট চালু বাসের সংখ্যা — — —	২০০	২৩৬	২৭৪
(৩) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে			
শ্রমিক কর্মচারীদের সংখ্যা — — —	৮৩৫	৮৫৭	৮৬৯
মোট বাসের সংখ্যা — — —	১১২	১১৪	১৩৯
মোট চালু বাসের সংখ্যা — — —	৫৯	৭৫	৮৯

(ঘ)

(১) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে			
রুটে চলমান (Outshcdded) বাস প্রতি গড়ে বাৎসরিক কাজের ঘণ্টা	২,৪৮৫	২,৮৯০	২,০৩১
চালু (Serviceable) বাস প্রতি গড়ে বাৎসরিক খরচ (সুদ ও অবক্ষয় বাবত খরচ না ধরিয়া)	০.৯৫ লক্ষ টাকা	০.৯৮ লক্ষ টাকা	বাৎসরিক হিসাব নিকাশ এখনও হয় নাই

(২) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে

রুটে চলমান (Outshedded) বাস প্রতি গড়ে বাৎসরিক কাজের ঘণ্টা	২,৬৫০	২,৯০০	৩,০০০
*চালু (Serviceable)বাস ও ট্রাক প্রতি গড়ে বাৎসরিক খরচ (সুদ ও অবক্ষয় বাবত, খরচ বা ধরিয়া)	৮৮,০০০ টাকা	৯৪,০০০ টাকা	বাৎসরিক হিসাব নিকাশ এখনও হয় নাই

(৩) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে

রুটে চলমান (Outshedded) বাস প্রতি গড়ে বাৎসরিক কাজের ঘণ্টা	২,৬৯২	৩,৩০৪	২,৯৮[illegible]
চালু (Serviceable) বাস প্রতি গড়ে বাৎসরিক খরচ (সুদ ও অবক্ষয় বাবত খরচ না ধরিয়া)	৯৫,৬৯৫ টাকা	৮৯,৭০৭ টাকা	বাৎসরিক হিসাব নিকাশ এখনও হয় নাই

সতেরো হাজার বেকারের চাকুরী

৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৬৪।) শ্রীকাশীনাথ মিশ্রঃ শ্রম বিভাগের মন্ত্রিমহা[শয়] অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সতেরো হাজার বেকারের চাকুরীর জন্য বাঁকুড়া জেলায় কত জন কর্মপ্রার্থী দরখ[াস্ত] করিয়াছিল ও উহাদের মধ্যে কত জন যুবক ও যুবতী;

(খ) তন্মধ্যে ১৯৭৪ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত কতজনকে তৃতীয় ও চতুর্থ শ্রেণী[র] নিয়োগ করা হইয়াছে ও উহাদের মধ্যে তপশিলী ও উপজাতির সংখ্যা ক[ত]

(গ) সরকার কি অবগত আছেন, উক্ত জেলায় নিয়োগপত্র পাইয়াও অনেকে ব[...] যোগদান করিতে পারেন নাই; এবং

(ঘ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি ও (২) কতজন এইরূপ কাজে যোগ দি[তে] পারেন নাই?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সতেরো হাজার বেকারের চাকুরীর জন্য বাঁকুড়া জে[লা] থেকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদগুলির জন্য ২২,২৬৫ জনের দরখাস্ত পাওয়া গিয়াছি[ল]।

যুবক ও যুবতীদের হিসাব পৃথকভাবে রাখা হয় নাই।

(খ) ১৯৭৪ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদগুলি[র] জ[ন্য] ৯১১ জনের নাম সুপারিশ করা হইয়াছে। ইহাদের মধ্যে তপশিলী ১৩৫ জন এবং উপজ[াতি] ৫৩ জন।

(গ) সরকারের কাছে এই বিষয়ে কোন তথ্য নাই।

(ঘ) এই প্রশ্ন ওঠে না।

---

*বাস ও ট্রাকের আলাদা হিসাব রাখা হয় না।

আমডহরা-কোলান-রাধাকান্তপুর রাস্তা বাবত ব্যয়

৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৮৩।) শ্রীমহম্মদ দেদার বক্স: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে এস ই পি স্কীমে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকের অধীন আমডহরা-কোলান-রাধাকান্তপুর রাস্তার জন্য মোট কত টাকা ও কি কি বাবত খরচ হয়েছে; এবং

(খ) উক্ত রাস্তায় ১৯৭৩-৭৪ আর্থিক সালের জানুয়ারি পর্যন্ত মোট কত টাকা ও কি কি বাবত খরচ হয়েছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা [illegible] ব্লকে এস ই পি স্কীমে আমডহরা-কোলান-রাধাকান্তপুর রাস্তার জন্য ১৯৭২-৭৩ সালে বিভিন্ন বাবতে খরচের মোট পরিমাণ নিম্নরূপ:

			টাকা
(১)	মজুরী	—	১,৭০,৯৯০
(২)	উপকরণ	—	৮৩,৫৭৬
(৩)	তত্ত্বাবধায়ক কর্মী বেতন		১৩,৬৯৪
	মোট	—	২,৬[illegible]

(খ) উক্ত রাস্তায় ১৯৭৩-৭৪ আর্থিক সালের জানুয়ারি পর্যন্ত বিভিন্ন বাবতে মোট খরচের পরিমাণ নিম্নরূপ:

			টাকা
(১)	মজুরী	—	৮০,[illegible]
(২)	উপকরণ	—	১৫,[illegible]
(৩)	তত্ত্বাবধায়ক কর্মী বেতন		৫,০[illegible]
	মোট	—	১,০[illegible]৮৬

বাঁকুড়া জেলায় সুপার মার্কেট

৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪৭।) শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৪-৭৫ আর্থিক বৎসরে বাঁকুড়া জেলায় সুপার মার্কেট তৈয়ারী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কয়টি ও কোন্ কোন্ ব্লকে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বাঁকুড়া জেলার কোনও স্থানে সুপার মার্কেট স্থাপনের কোনও পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

জুট রেটিং-এর জন্য টাকা

৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯২।) শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে প্রতি বৎসর জুট রেটিং-এর জন্য টাকা দেন;

(খ) সত্য হইলে, ১৯৭০-৭১, ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে ঐ বাবত কত টাকা দিয়েছেন; এবং

(গ) সমস্ত টাকা খরচ হয়েছে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ)

সাল	টাকা
১৯৭০-৭১	৩৯,৪১২·৮৭
১৯৭১-৭২ ১৯৭২-৭৩	১,৫৩,০০·০০

(গ) না।

খরচের পরিমাণ নিম্নে দেওয়া হইল:

১৯৭০-৭১ সাল	২৯,৩০৬ টাকা ২৫ পঃ।
১৯৭১-৭২ সাল ১৯৭২-৭৩ সাল	১,৪১,২১১ টাকা ৮৭ পঃ।

সরকারী সাহায্যে অগভীর নলকূপ স্থাপন

৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৮।) শ্রীমহম্মদ দেদার বক্সঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ১৯৭২ সালের ২০এ মার্চ হতে ১৯৭৪ সালের ২১এ ফেব্রুয়ারি পর্যন্ত মোট কতগুলি অগভীর নলকূপ সরকারী সাহায্যে বসানো হয়েছে ও উহার দ্বারা মোট কত একর জমি সেচের আওতায় এসেছে;

(খ) উক্ত সময়ে মুর্শিদাবাদ জেলায় ঐরূপ অগভীর নলকূপের মোট সংখ্যা কত ও কত একর জমি সেচের আওতায় এসেছে; এবং

(গ) তম্মধ্যে ভগবানগোলা থানায় ঐরূপ অগভীর নলকূপের সংখ্যা কত ও কত একর জমি সেচের আওতায় এসেছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ১৪,৬৫৫টি অগভীর নলকূপ বসানো হয়েছে এবং ১,৪৫,২৫১ একর জমিতে জল সেচের ব্যবস্থা হয়েছে।

(খ) ২,০৫৫টি অগভীর নলকূপ এবং ১৪,৩৮৫ একর।

(গ) ১৮৩টি অগভীর নলকূপ এবং ১,৩৯৮ একর।

কল্যাণী স্পিনিং মিল

৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬২।) শ্রীঅনন্তকুমার ভারতী: সরকারী সংস্থা বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলে বর্তমানে কত লোক কাজ করেন;

(খ) উক্ত মিলের মাসিক উৎপাদন কি (সুতার পরিমাণ ও দাম হিঃ);

(গ) লোড শেডিং-এর ফলে উক্ত মিলের প্রোডাকসন ব্যাহত হইতেছে কিনা; এবং

(ঘ) হইলে, ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে এ কারণে কত কর্মঘণ্টা নষ্ট হইয়াছে?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ২,৮৮৬ জন।

(খ) মাসিক উৎপাদন আনুমানিক ১,৪১,০০০ কিঃ গ্রাঃ এবং ইহার মূল্য ৩৫,২৫,০০০ কা।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৭২-৭৩ সালে আনুমানিক ৪০০ কর্মঘণ্টা।

কল্যাণী স্পিনিং মিলে উৎপাদিত সুতা

৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬৩।) শ্রীঅনন্তকুমার ভারতী: সরকারী সংস্থা বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলে বৎসরে গড়ে কত সুতা উৎপন্ন হয়;

(খ) এ মিলে উৎপন্ন সুতা কোন্ কোন্ এজেন্সীর মাধ্যমে বাজারে বিক্রয় হয়;

(গ) এজেন্টদের নাম ও ঠিকানা কি কি; এবং

(ঘ) ইহা কি সত্য যে, ১৯৭০-৭১ থেকে ১৯৭৩-৭৪ অবধি একই কনসার্ন বা এজেন্সীর মাধ্যমে সুতা সরবরাহ হইতেছে?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৭,০৩,৫৪০ কিলোগ্রাম।

(খ) এ মিলে উৎপন্ন সুতা এখন এজেন্সীর মাধ্যমে বিক্রয় হয় না। পূর্বে সুতা ডিলারদের াকট বিক্রয় করা হইত এবং তাহাদের কিছু কমিশন দেওয়া হইত। কিন্তু ঐ প্রথা এখন লু নাই। সুতার নিয়ন্ত্রণ ব্যবস্থা চলাকালীন ঐ সুতা পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত ংস্থাগুলিকে বিক্রয় করা হইত। নিয়ন্ত্রণ প্রথা রহিত হওয়ার পর কোটেসন আহবান করিয়া তা বিক্রয় করা হয় এবং এ বিষয়ে কো-অপারেটিভ সোসাইটি, পাওয়ার লুম সেকটর স্বীকৃত অ্যাসোসিয়েশনগুলিকে প্রাধান্য দেওয়া হয়। ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম উইভারস কা-অপারেটিভ সোসাইটিকে বিক্রয়ের উপর কিছু কমিশন দেওয়া হয়।

(গ) এই মিলের সুতা এখন এজেন্ট মারফত বিক্রয় হয় না।

(ঘ) না।

Ban on strikes in the municipalities

575. (Admitted question No. 2640.): **Shri Rajani Kanta Doloi:** Will he Minister-in-charge of the Municipal Services Department be pleased to state whether the State Government is contemplating to impose any ban on strikes in he municipalities?

Minister-in-charge of the Municipal Services Department: No.

প্রাক্তন রাজনৈতিক বন্দীদের জন্য অর্থ মঞ্জুর

৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৮।) শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ অর্থ বিভাগের ম
মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৪ সালে জানুয়ারি মাসে আন্দা
প্রাক্তন রাজনৈতিক বন্দীদের জন্য অর্থ মঞ্জুর করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, বন্দীদের নাম ও ঠিকানা কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

পশ্চিমবঙ্গ সরকার ১৯৪৮ সালে স্বাধীনতা সংগ্রামীদের সাহায্য দানের যে পরিক
গ্রহণ করেন তাহার রূপায়ণের দিন হইতেই অন্যান্য রাজবন্দীদের সঙ্গে সঙ্গে আন্দা
রাজবন্দীদেরও সাহায্য দিতে থাকেন। ১৯৬৯ সালে কেন্দ্রীয় সরকার কর্তৃক আন্দা
বন্দীদের সাহায্য দিবার পরিকল্পনা গ্রহণের পর কেন্দ্রীয় সরকার হইতে যে সমস্ত আন্দা
রাজবন্দী পেন্সন পাইবেন তাহাদের ক্ষেত্রে রাজ্য সরকার তৎকর্তৃক দেয় পেন্সন
করিয়াছিলেন। পরে এই ব্যবস্থা সংশোধন করিয়া যে সকল আন্দামান রাজবন্দীদের যে
রাজ্য সরকার আজীবন পেন্সন দিবার নির্দেশ পূর্বে দিয়াছিলেন ১৯৭১ সাল হই
তাহাদিগকে ঐ বন্ধ পেন্সন দিবার পুনরাদেশ দেন।

যাহাদের ক্ষেত্রে এই পেন্সন নির্দিষ্ট কালের জন্য দেওয়া হইয়াছে তাহাদের ক্ষেত্রে বিষ
বিবেচনাধীন রাখা হয়। তবে এইরূপ বন্দীদের ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত সাপেক্ষ বিশেষ অ
বিবেচনা করিয়া বন্ধ পেন্সন পুনরায় দেওয়া হইয়াছে। সম্প্রতি ১লা এপ্রিল, ১৯
তারিখ হইতে ঐ সকল ক্ষেত্রেও আবেদন সাপেক্ষ আজীবন পেন্সন দিবার সিদ্ধান্ত র
সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) ১লা এপ্রিল, ১৯৭৪ সালে পূর্বোক্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বিশেষ বিবেচনা করি
শ্রীমনোরঞ্জন গুহঠাকুরতাকে ১২১বি নারিকেলডাঙ্গা মেন রোড, কলিকাতা—৫৪—১৯
সালের জানুয়ারি মাসে পেন্সন মঞ্জুর করা হইয়াছে।

পশ্চিমবঙ্গ সুপার মার্কেট

৫৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৮।) শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ কৃষি বিভাগের মা
মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় ও কোন্ কোন্ থানায় সুপার মার্কেটের স্থ
নির্দ্ধারণ করা হইয়াছে ও কোন্ কোন্ সনে (ইংরাজী);

(খ) সুপার মার্কেটের কাজ কোন স্থানে শুরু হইয়াছে কি না; এবং

(গ) কিসের ভিত্তিতে ঐ স্থান নির্দ্ধারণ করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের কোনও স্থানে সুপার মার্কেট স্থাপনে
কোনও পরিকল্পনা নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

নূতন চাকুরীপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে তপশিলী জাতি ও উপজাতির সংখ্যা

৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৪।) শ্রীমধুসূধন রায়ঃ তপশিলী জাতি ও উপজা
কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭২ সালের ২০শে মার্চ হই
১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগে যে সকল বেকারে
চাকুরী হইয়াছে, তন্মধ্যে তপশিলী জাতিভুক্ত ও তপশিলী উপজাতিভুক্তের সংখ্যা কত

তপশিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ উক্ত সময়সীমার মধ্যে
সরকারী চাকুরীতে মোট ১৪,০৪৮ জন নিয়োগের সংবাদ এ যাবৎ সংগ্রহ করা গিয়াছে
তাহার মধ্যে তপশিলী জাতি ১,৬৩৮ ও আদিবাসী ৫১০।

Employment opportunities for the physically handicapped persons

579. (Admitted question No. 1552.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Relief and Welfare Department be pleased to state—

(a) whether the State Government has any schemes for imparting education and training and providing rehabilitation and employment opportunities to the blind, the deaf, the orthopaedically handicapped and the mentally retarded persons of the State ; and

(b) if so, the details of the schemes ?

Minister-in-charge of Relief and Welfare Department : (a) Yes.

(b) Government in the Relief and Welfare Department have a scheme for bearing educational expenses including boarding charges for handicapped students studying in recognised institutions. This scheme is in addition to the scheme of providing prosthetic appliances to physically handicapped persons, so that they may be rehabilitated in their lives. Over and above harmonium's, tricycles, etc., are sometimes awarded at Government cost to suitable handicapped persons to help them to be rehabilitated in the society. Social Welfare Branch also run a Deaf and Dumb School at Raiganj in West Dinajpur and a Blind School at Cooch Behar where deaf and dumb boys and blind boys get suitable training and education for their ultimate rehabilitation. Government in the Labour Department have Special Employment Exchange for physically handicapped persons where arrangements are made for suitable employment of physically handicapped persons.

৩৪নং জাতীয় সড়ক নির্মাণ প্রকল্প

৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৫।) শ্রীনরেশচন্দ্র চাকীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেলঘরিয়া গ্রাম থেকে পায়রাডাঙ্গার মধ্য দিয়া পশ্চিম শম্ভুপুর পর্যন্ত যে ৩৪নং জাতীয় সড়ক নির্মাণের পরিকল্পনা ছিল তাহা উকিলপাড়া পর্যন্ত নির্মিত হয়েছে;

(খ) সত্য হলে, বাকি রাস্তাটুকুর নির্মাণ কার্য কবে নাগাত শেষ হবে; এবং

(গ) বাকি রাস্তাটুকুর নির্মাণ কার্য শেষ হলে ক'টি গ্রাম পাকারাস্তার সঙ্গে যুক্ত হবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পরিকল্পনা অনুযায়ী ৩৪নং জাতীয় সড়ক হইতে বেলঘরিয়া ও পায়রাডাঙ্গা হইয়া উকিলপাড়া পর্যন্ত রাস্তা নির্মিত হইয়াছে। উহা পশ্চিম শম্ভুপুর পর্যন্ত নির্মাণের কোন পরিকল্পনা ছিল না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গ সরকারের দুগ্ধ প্রকল্প

৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯৭।) শ্রীঅনন্তকুমার ভারতী: পশুপালন ও পশু-চিকিৎসা (দোহ উন্নয়ন শাখা বাদে) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলা সরকারের বিভিন্ন দুগ্ধ প্রকল্পে যে সমস্ত গরু ও মহিষ আছে তাহাদের মৃত্যু হইলে মৃত গরু ও মহিষগুলি সরকার বিক্রয় করিয়া থাকেন কি না;

(খ) করিলে কিভাবে;

(গ) উক্ত দুগ্ধ প্রকল্পে স্বাভাবিকভাবে গরু ও মহিষের মৃত্যুর হার কত?

(ঘ) প্রতি বৎসর গরু ও মহিষ শতকরা কয়টি বাচ্চা উক্ত প্রকল্পে বড় হইয়া পরে দুগ্ধবতী গাভী ও মহিষ হয়; এবং

(ঙ) ঐ প্রকল্পে জন্মগ্রহণ করিয়া যথা সময়ে দুগ্ধবতী হইয়া দুগ্ধ দান করিতেছে (কেন নয়) এমন কতগুলি গরু ও মহিষ বিভিন্ন সরকারী প্রকল্পে আছে?

পশুপালন ও পশুচিকিৎসা (দোহ উন্নয়ন শাখা বাদে) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দুগ্ধ প্রকল্পে যে সমস্ত গরু-মহিষের মৃত্যু হয় সেইগুলি বিক্রয় করা হয় না।

(খ) যাহাদের সংক্রামক ব্যাধিতে মৃত্যু হয় না সেইগুলিকে পশ্চিমবঙ্গ খাদি চর্মশিল্প কেন্দ্রকে দেওয়া হয়। খাদি কেন্দ্র নিজ খরচায় এই মৃত পশুগুলিকে লইয়া যায়।

(গ) গরু ও মহিষের স্বাভাবিক মৃত্যুহার শতকরা ৩। বাছুরের স্বাভাবিক মৃত্যুহার শতকরা ২০।

(ঘ) প্রতি বৎসর শতকরা ২০টি বকনা দুগ্ধবতী গাভী এবং মহিষ হয়।

(ঙ) বর্তমানে এই প্রকল্পে প্রায় ৪,১০০টি গরু ও মহিষ আছে, যাহারা এই প্রকল্পে জন্মগ্রহণ করিয়া যথা সময়ে দুগ্ধবতী হইয়া দুগ্ধদান করিতেছে।

পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় তহশীলদার নিয়োগ

৫৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪২।) শ্রীমহম্মদ দেদার বক্স: ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন তহশীলদার আছেন;

(খ) ১৯৭৩-৭৪ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কতজন তহশীলদার নিযুক্ত হয়েছেন ও আর কতজনকে নিয়োগ করা হবে;

(গ) মুর্শিদাবাদ জেলায় উক্ত সময়ে কতজন তহশীলদার নিযুক্ত হয়েছেন;

(ঘ) তহশীলদার নিয়োগের ব্যাপারে প্রতি জেলায় কোন কমিটি আছে কি না; এবং

(ঙ) থাকলে, মুর্শিদাবাদ জেলার কমিটির সদস্যদের নাম কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে মোট ৫,৬২৭টি তহশীলদারের পদ আছে।

(খ) ১৯৭৩-৭৪ সালে কোন তহশীলদার নিযুক্ত করা হয় নাই। কতজনকে ভবিষ্যতে নিয়োগ করার প্রয়োজন হইবে তাহা এখনই বলা সম্ভব নয়।

(গ) মুর্শিদাবাদ জেলায় ঐ সময়ে কোন তহশীলদার নিয়োগ করা হয় নাই।

(ঘ) প্রত্যেক মহকুমাতেই এই কমিটি আছে।

(ঙ) মুর্শিদাবাদ জেলায় চারটি মহকুমার জন্য পৃথক পৃথক কমিটি আছে। মহকুমা শাসক ও মহকুমা ভূমি সংস্কার আধিকারিক প্রত্যেক কমিটিতেই আছেন। ইঁহারা ব্যতিত অন্য যেসকল সদস্য আছেন তাঁহাদের নাম নিম্নে দেওয়া হইল:—

সদর মহকুমা

শ্রীবনমালী সরকার।
শ্রীবারী ইসরাইল
শ্রীমদনমোহন ঘোষ।

কান্দী মহকুমা

শ্রীবঙ্কিম ত্রিবেদী
শ্রীআবদুল্লা আনসারী।
শ্রীবিনয়েন্দ্র মুখার্জী।

লালবাগ মহকুমা

শ্রীঋষীন্দ্রনারায়ণ রায়।
শ্রীমাখনলাল রায় ঘটক।
শ্রীআতাহার রহমান।

জঙ্গীপুর মহকুমা

শ্রীরবীন পন্ডিত।
শ্রীআবদুল কুদ্দুস।
শ্রীশাজাহান বিশ্বাস।

মার্কেট ফান্ডের অধীনস্থ হাট

৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১২।) শ্রীশিশ মহম্মদঃ ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি থানা এলাকায় "মার্কেট ফান্ড"-এর অধীনে কোন হাট আছে কি না;

(খ) থাকিলে, হাটগুলির নাম কি;

(গ) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে উক্ত হাটগুলির কোন্‌টি হ'তে কত টাকা "মার্কেট ফান্ডে" জমা পড়েছে;

(ঘ) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে ঐ হাটগুলির উন্নয়নকল্পে কোন অর্থ ব্যয় করা হয়েছে কিনা; এবং

(ঙ) হয়ে থাকলে, কোন্ হাটের জন্য কত টাকা ব্যয় হয়েছে?

(১২) শ্রীজহরলাল ব্যানার্জী, বর্ধমান—চেয়ারম্যান।
(১৩) উপ-শিল্প অধিকর্তা, কুটিরশিল্প—সদস্য।
(১৪) শ্রীসুনীল ভৌমিক, বুনিয়াদ দপ্তর, পশ্চিম দিনাজপুর—সদস্য।
(১৫) সমবায় সমিতিসমূহের উপ-নিবন্ধক—সদস্য।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 657

স্কিমের নাম	অনুদান ১৯৭১-৭২ টাকা	১৯৭২-৭৩ টাকা	১৯৭৩-৭৪ টাকা
(১) খাদি ও গ্রামীণ শিল্প এবং কর্মচারীদের বেতন বাবত (২য় এবং ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনা)।	১২,০৮,০০০	১২,৪২,০০০	১২,৭৯,০০০
(২) বেত ও বাঁশশিল্প — —	১৭,০০০	২০,০০০	২০,০০০
(৩) হাতে তৈরি কাগজ শিল্প —	১,৬০,০০০	১,৮০,০০০	১,৯০,০০০
(৪) হাতে তৈরি কাগজ (ডেমনস্ট্রেশন পার্টি)	১০,০০০	১৮,০০০	১৬,০০০
(৫) হাতে তৈরি কাগজ (রিসার্চ স্কিম)	১০,০০০	১৮,০০০	২০,০০০
(৬) গুড় শিল্প — — —	৭৫,০০০	৯০,০০০	৯৫,০০০
(৭) অফিসার এবং কর্মচারীদের বেতন বাবত (৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা)।	১,৫০,০০০	২,৪৬,০০০	২,২৮,০০০
(৮) খাদি শিল্প — —	১,৫০,০০০	১,৫০,০০০	১,৫০,০০০
(৯) তাঁত ও সিল্ক কাপড় বিক্রয়ের উপর বিশেষ ছাড় (রিবেট)।	৫০,০০০	—	—
(১০) রেজিস্টার্ড ইনস্টিটিউশনকে অনুদান বাবত	—	—	২৫,০০০
	১৮,৩০,০০০	১৯,৬৪,০০০	২০,২৩,০০০

জেলা পরিষদ এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ

৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭০।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** পঞ্চায়েত বিভ
মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জিলা পরিষদ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য সরকার কোন্
পরিষদকে ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে কত টাকা আর্থিক ম
দান করেছেন; এবং

(খ) মঞ্জুরীকৃত অর্থের দ্বারা কোন্ জেলা পরিষদ কি কি উন্নয়নমূলক কাজের ক
ঐ দু'টি আর্থিক বৎসরে গ্রহণ করেছেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয় ঃ (ক) একটি বিবরণী এতদ্‌সহ নি
উপস্থাপিত করা হইল (বিবরণী ক)।

(খ) একটি বিবরণী এতদ্‌সহ নিম্নে উপস্থাপিত করা হইল (বিবরণী খ)।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 65

জেলা পরিষদ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য সরকার কোন্ জেলা পরিষ
১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে কত টাকা আর্থিক মঞ্জুরী দান করিয়া

জেলা পরিষদের নাম (১)			১৯৭২-৭৩ (২)	১৯৭৩-৭৪ (৩)	মোট (৪)
(১) বাঁকুড়া —	—	—	৪,১২,০০০	১৩,২৬,১৯৫	১৭,৩৮
(২) বীরভূম —	—	—	১১,৭১,৪৭৩	১৬,৪৩,৩৪৬	২৮,১৪
(৩) বর্ধমান —	—	—	২৩,২৮,২৬৬	১৮,৯০,৪৬৭	৪২,১৮,
(৪) হুগলি —	—	—	২৫,২০,৫৩৩	১১,৯৪,০০০	৩৭,১৪,
(৫) মেদিনীপুর	—	—	১,৭৭,০১৯	৫,১২,০০০	৬,৮৯,
(৬) পুরুলিয়া	—	—	৫,৯১,৭৩৬	১,৪৭,৭৯৮	৭,৩৯,
(৭) হাওড়া —	—	—	৭.৮০,০০০	৯,১২,৩৯০	১৬,৯২,
(৮) মুর্শিদাবাদ	—	—	—	৮৭,৫২৩	৮৭,৫
(৯) নদীয়া —	—	—	৩,৪২,১১৭	৭,৫২,৫২৮	১০,৯৪,
(১০) ২৪-পরগণা	—	—	৪,৬৪,৩৯৩	৬৫,০৮,২৭৮	৬৯,৭২,
(১১) কুচবিহার	—	—	১৩,৭৬,৮৪৫	—	১৩,৭৬,৮
(১২) দার্জিলিং	—	—	৪২,০০৩	১৩,৮৮,৪৪৪	১৪,৩০,৪
(১৩) জলপাইগুড়ি	—	—	১,৬৫,০০০	২৩,৮৬৭	১,৮৮,৮
(১৪) মালদহ —	—	—	৫,২৩,০০০	২,২৯,৩৬৫	৭,৫২,৩
(১৫) পশ্চিম দিনাজপুর	—	—	৩,৯৫,১০০	৬,১৫,৬০৮	১০,১০,৭০

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. **658**

[১৯]৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত অর্থের দ্বারা কোন্ জিলা পরিষদ কি কি উন্নয়নমূলক কর্মসূচী গ্রহণ করিয়াছেন

[জি]লা পরিষদের নাম		উন্নয়নমূলক কর্মসূচী	
		১৯৭২-৭৩	১৯৭৩-৭৪
(১)		(২)	(৩)
১। বাঁকুড়া	—	সি এস আর ই স্কিমে একটি রাস্তা এবং এস ই পি স্কিমে একটি রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি এস আর স্কিমে একটি রাস্তা এবং এস ই পি স্কিমে তিনটি বাঁধ প্রকল্প।
[২]। বীরভূম	—	সি ডি আর স্কিমে আটটি রাস্তা, সেতু, কালভার্ট প্রকল্প, এস ই পি স্কিমে দুইটি রাস্তা উন্নয়ন প্রকল্প এবং সি এস আর ই স্কিমে ১৯টি রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি ডি আর স্কিমে ১২টি রাস্তা, সেতু, কালভার্ট প্রকল্প, এস ই পি স্কিমে তিনটি রাস্তা উন্নয়ন প্রকল্প সি এস আর ই স্কিমে ১৫টি রাস্তা উন্নয়ন প্রকল্প এবং বন্যাবিধ্বস্ত কতিপয় রাস্তাঘাট মেরামত প্রকল্প।
[৩]। বর্ধমান	—	সি এস আর ই স্কিমে ১৫টি রাস্তা উন্নয়ন প্রকল্প এবং এস ই পি স্কিমে ১৪টি রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি এস আর ই স্কিমে চারটি এবং এস ই পি স্কিমে ছয়টি রাস্তা উন্নয়ন প্রকল্প।
[৪]। হুগলি	—	সি ডি আর স্কিমে পাঁচটি রাস্তা প্রকল্প, এস ই পি স্কিমে দশটি রাস্তা প্রকল্প এবং বন্যাবিধ্বস্ত কতিপয় রাস্তাঘাট মেরামত প্রকল্প।	সি এস আর ই স্কিমে ১৯টি রাস্তা উন্নয়ন প্রকল্প, সি এম ডি এ স্কিমে তিনটি রাস্তা উন্নয়ন প্রকল্প এবং বন্যাবিধ্বস্ত কতিপয় রাস্তাঘাট মেরামত প্রকল্প।
[৫]। মেদিনীপুর	—	সি ডি আর স্কিমে ১৮টি গ্রাম্য রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি ডি আর স্কিমে দুইটি গ্রাম্য রাস্তাঘাট উন্নয়ন প্রকল্প এবং ৬৯টি বন্যাবিধ্বস্ত রাস্তা মেরামত প্রকল্প।
[৬]। পুরুলিয়া	—	সি ডি আর স্কিমে তিনটি কালভার্ট প্রকল্প এবং এস ই পি স্কিমে চারটি রাস্তা এবং একটি বাস স্ট্যাণ্ড (পুরুলিয়া বাস স্ট্যাণ্ড) উন্নয়ন প্রকল্প।	১৬টি রাস্তা কালভার্ট উন্নয়ন প্রকল্প।
[৭।] হাওড়া	—	সি ডি আর স্কিমে একটি রাস্তা এবং এস ই পি স্কিমে একটি রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি বি আর স্কিমে একটি রাস্তা, এস ই পি স্কিমে চারটি রাস্তা, সি এম ডি এ স্কিমে পাঁচটি রাস্তা এবং বন্যাবিধ্বস্ত ১১টি রাস্তা কালভার্ট মেরামত প্রকল্প।
[৮।] মুর্শিদাবাদ	—	—	সি ডি আর স্কিমে ১৪টি রাস্তা, কালভার্ট নির্মাণ, উন্নয়ন প্রকল্প।

(১)		(২)	(৩)
(৯) নদীয়া	—	সি ভি আর স্কিমে দুইটি কালভার্ট নির্মাণ, সি এস আর ই স্কিমে একটি রাস্তা নির্মাণ, এস ই পি স্কিমে আটটি পুষ্করিণী পুনর্খনন এবং টি আর স্কিমে তিনটি কালভার্ট নির্মাণ।	সি ভি আর স্কিমে কালভার্ট, সি এস স্কিমে দুইটি রাস্তা এস ই পি স্কিমে এক ও একটি পুষ্করিণী এবং টি আর স্কিমে কালভার্ট নির্মাণ প্রকল্প
(১০) ২৪-পরগণা	—	সি ভি আর স্কিমে ১৮টি রাস্তা উন্নয়ন প্রকল্প এবং সি এম ডি এ স্কিমে সাতটি রাস্তা উন্নয়ন প্রকল্প।	সি ভি আর স্কিমে এ রাস্তা উন্নয়ন প্রকল্প, ডি এ স্কিমে তিনটি রা এস ই পি স্কিমে একা নির্মাণ এবং আরও সি এস আর ই এব প্রকল্প।
(১১) কুচবিহার	—	সি ভি আর স্কিমে কতিপয় গ্রাম্য রাস্তাঘাট উন্নয়ন প্রকল্প।	—
(১২) দার্জিলিং	—	সি ভি আর স্কিমে একটি সেতু ও সাতটি রাস্তা প্রকল্প।	সি ভি আর স্কিমে দুইটি ইহা ছাড়া অপর ১৩টি রাস্তা প্রকল্প। চারটি সাতটি সেতু, দুইটি মাঠ ও মহানন্দ পশু কেন্দ্র, একটি হোটেল
(১৩) জলপাইগুড়ি	—	সি এস আর ই স্কিমে তিনটি রাস্তা উন্নয়ন, এস ই পি স্কিমে একটি রাস্তা উন্নয়ন এবং টি আর রাস্তায় সাতটি কালভার্ট নির্মাণ।	সি ভি আর স্কিমে একটি উন্নয়ন প্রকল্প এবং টি স্কিমে পাঁচটি সেতু কা নির্মাণ প্রকল্প।
(১৪) মালদহ	—	সি এস আর ই স্কিমে ১৮টি রাস্তা প্রকল্প।	সি এস আর ই স্কিমে রাস্তা উন্নয়ন প্রকল্প এবং বঙ্গ উন্নয়ন বোর্ড-এর কিছু প্রকল্প।
(১৫) পশ্চিম দিনাজপুর	—	সি এস আর ই স্কিমে একটি রাস্তা পুনর্নির্মাণ (ফকিরগঞ্জ-থাকারপুর রাস্তা) প্রকল্প।	সি এস আর ই স্কিমে পার্ক (এস আর পার্ক নির্মাণ প্রকল্প।

স্বাধীনতা সংগ্রামীদের পেন্সন

৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২০২।) **শ্রীহেমন্ত দত্ত ঃ** অর্থ বিভাগের মন্ত্রি অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কতজন স্বাধীনতা সংগ্রামী কেন্দ্রীয় সরকারের নিকট পেন্সন পাইতেছেন;

(খ) উক্ত সংখ্যা কোন্ জেলায় কত;

(গ) ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবঙ্গ সরকারের তহবিল হইতে এই খাতে কত টাক হইয়াছে, এবং

(ঘ) এই সমস্ত স্বাধীনতা সংগ্রামীদের বেশী টাকা দিয়া সমাজের কোন কল্যা নিযুক্তির প্রস্তাব সরকারের আর আছে কি?

বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ভারত সরকারের বিবরণী অনুযায়ী ১৫ই মার্চ, ১৯৭৪ পর্যন্ত ৮,৮৯৭ জন স্বাধীনতা সংগ্রামী কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পেন্সন পেয়েছেন।

(খ) ভারত সরকার ঐ বিবরণীতে জেলাওয়ারী সংখ্যা দেখান নাই। যতগুলি পেন্সন ...রের পৃথক পৃথক আদেশনামা পাওয়া গিয়াছে তাহা হইতে জেলাওয়ারী পেন্সন সংখ্যা ...ন প্রদত্ত হইল ঃ

কলিকাতা	—	২,৮৬৪
মেদিনীপুর	—	১,২৫৪
২৪-পরগণা	—	১,০৫৬
হাওড়া	—	৫৫৩
বীরভূম	—	১৯১
নদীয়া	—	৩০০
মালদা	—	৯৬
কুচবিহার	—	৬৯
মুর্শিদাবাদ	—	১৯৪
হুগলি	—	৩৯২
বাঁকুড়া	—	২৯৬
পুরুলিয়া	—	২৫৮
বর্ধমান	—	২০২
জলপাইগুড়ি	—	১৬৩
দার্জিলিং	—	৯৮
পশ্চিম দিনাজপুর	—	১৮৪

(গ) ১৯৭৩-৭৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত অর্থাৎ নয় মাসে পশ্চিমবঙ্গ সরকারের ...ল হইতে স্বাধীনতা সংগ্রামীদের জন্য মোট টাকা ৭,৬৮,৬১৩'১৬ পয়সা খরচ হইয়াছে। ...তিনমাসের খরচের হিসাব এ জি ওয়েস্ট বেঙ্গল, এখনও প্রস্তুত করেন নাই।
(ঘ) কোন নির্দিষ্ট প্রস্তাব নাই তবে সরকার সমস্ত বিষয় বিবেচনা করিয়া দেখিবেন।

অর্থ বিভাগে কর্মচারী নিয়োগ

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩১।) শ্রীআব্দুল বারি বিশ্বাসঃ অর্থ বিভাগের মন্ত্রি-...য় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত এই বিভাগে কোন কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, হইয়াছে।

(খ) নিয়োগের পরিসংখ্যান নিম্নে দেওয়া হইল ঃ

পদের নাম		নিযুক্ত লোকের সংখ্যা
(১) শ্রুতলিপিলেখক (স্টেনোগ্রাফার)	—	১৮
(২) মুদ্রলেখক (টাইপিস্ট)	—	৫
(৩) অবরবর্গীয় করণিক (লোয়ার ডিভিসন ক্লার্ক)	—	৫১
(৪) পিয়ন	—	১০

খড়গ্রাম বি ডি ও অফিস

৬৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪০।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** সমষ্টি উন্নয়ন বি মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম বি ডি ও অ মোটর গ্যারেজ ও বিভিন্ন কোয়ার্টার ভেঙ্গে পড়তে আরম্ভ করেছে; এবং

(খ) অবগত থাকলে ঐগুলি সারাবার কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ। পূর্বে উক্ত গৃহগুলির একবার মের করা হয়েছিল। পুনর্বার মেরামতি আবশ্যক।

(খ) সরকার এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করছেন।

Forest Corporation in North Bengal

662. (Admitted question No. 2037). **Shri Birendra Bijoy Malladev :** Will Minister-in-charge of Forests Department be pleased to state—

(a) whether there is any proposal to establish a Forest Corporation for N Bengal:

(b) if so, when:

(c) the personnel who will constitute the said Corporation;

(d) the type of work to be undertaken by the said Corporation; and

(e) the capital the said Corporation will be vested with?

The Minister for Forests : (a) Yes.

(b) The likely date of setting up the Corporation has not yet been finalised is expected that the Corporation will be set up within next two months.

(c) This has not yet been settled.

(d) The Corporation will have many objectives, the important ones being—

(1) development of a network of road system in inaccessible forest ar

(2) introduction of mechanised logging and extraction of forest pro from existing matured and overmature forests.

(3) to raise plantations of more valuable and industrially useful specie trees.

(4) to market forest produce both inside and outside the State of West Be and to explore new market for less known timber.

(5) to encourage and establish wood-based industries in North Bengal elsewhere based on increased volume of forest produce to be obta from the project area.

(6) to develop the recreational facilities and to creat infrastructure development of tourism.

(7) to provide employment to educated and rural unemployed persons.

(e) The Finance Department have suggested that the authorised capital of Corporation should be Rs. 10 crores. The State Government will provide R crore as equity capital over a period of five years and equivalent amount of matc grant is expected from the Central Government.

Increase the number of Rhinos and Elephants in the North Bengal sanctuari

663. (Admitted question No. 1957.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Forests Department be pleased to state the steps ta or proposed to be taken by the Government to increase the breed of rhinos elephants in the North Bengal sanctuaries?

The Minister for Forests : In regard to Wild Life Sanctuaries harbouring rhinoceros, e.g., Jaldapara and Garumara, our primary objective is to prevent any further loss of rhinos through poaching or otherwise and to re-establish congenial conditions conducive to breeding of rhino in their natural haunts. Tightening of projection arrangements, engagements of Armed N.V.F. personnel, strengthening of existing protective staff, equiping the staff with more guns and rifles, deployment of plain clothed wachers, etc. are all directed towards the aforesaid objective Steps have also been taken with Central financial assistance for improvement of habitat and developing wildlife and also eventual breeding of the rhino.

The number of elephants in North Bengal is considered sufficient. These elephants invade the sanctuaries and the local habitation very frequently causing damages both to human beings and their properties. Steps to increase the breed of this species are not, therefore, under contemplation of Government.

Protection of sea coast from erosion in West Bengal

664. (Admitted question No. 1573.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state the anti-sea erosion measures adopted or proposed to be adopted by the State Government to protect sea coast in the State?

The Minister for Irrigation and Waterways : On the basis of the recommendation made by the Bench Erosion Board constituted by the Government of India a scheme with detailed estimate for protection of the vulnerable points at Digha against sea erosion by construction of sea wall supplemented by nourishment with coarse sand is now under preparation.

Pending finalisation and execution of the aforesaid scheme the State Government executed last year a temporary scheme for protection of the most vulnerable reach near the Digha market and Saikatabas covering a length of 730 ft by boulder pitching against sea-erosion. Government have decided to execute two more temporary protective works of similar nature for a total length of 1,200 ft. covering the vulnerable points at Digha between Saikatabas on the east and Cheap Hotel on the west.

The experts of the Beach Frosion Board after inspecting Frazerganj and the southern end of Sagar Island in 24-Parganas district in December, 1972, discussed the problem of erosion at the sites in detail and expressed the view that it would not be advisable to restore the forward embankment at Frazerganj. As recommended by the Beach Erosion Board measures have been taken to protect the retired embankment at Frazerganj already constructed by the State Government.

The experts of the Board also advised that careful watch be kept on the extent of erosion at Sagar Island and necessary records of observations be maintained. Accordingly, the site has been kept under watch.

জেলাওয়ারী পরিবার পরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন পদ্ধতি গ্রহণের হিসাব

৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৭।) **শ্রীমহঃ দেদার বক্স ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ ফেব্রুয়ারি পর্যন্ত এই দুই আর্থিক বছরে জেলাওয়ারী মোট কত ব্যক্তি পরিবার পরিকল্পনার অন্তর্ভুক্ত অপারেশন অথবা অন্য ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(খ) তন্মধ্যে পুরুষ এবং স্ত্রীলোকের সংখ্যা কত;

(গ) এ বাবতে মোট কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(ঘ) উপরি-উক্ত হিসাব মুর্শিদাবাদ জেলার ব্লকওয়ারী হিসাবে কত করিয়া?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) দু'টি তালিকা (১নং এবং ২নং) লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) আনুমানিক মোট দুই কোটি তের লক্ষ টাকা।

(ঘ) পরিবার পরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন পদ্ধতি গ্রহণের ব্লকওয়ারী হিসাবের তালিকা (গ) লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল। এই বাবতে পৃথকভাবে ব্লকওয়ারী খরচের হিসাব রাখা হয় না।

রায়পুর থানার চামড়াবাদ হইতে পোষদা রাস্তা

৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়পুর থানার চামড়াবাদ হইতে পোষদা ভায়া ধর্মপুর রাস্তাটি ১৯৭২ সালে মঞ্জুর হওয়া সত্ত্বেও এখনো পর্যন্ত তাহা রূপায়িত না হওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত রাস্তাটির কাজ কবে নাগাত শুরু হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাস্তাটির দুইটি সম্ভাব্য পথরেখা (অ্যালাইনমেন্ট) আছে। কোন্ পথরেখাটি চূড়ান্তভাবে লওয়া হইবে সেই সম্পর্কে সম্প্রতি নির্দেশ পাওয়া গিয়াছে। পরীক্ষা ও নিরীক্ষার কাজ চলিতেছে। প্রকল্পটি মঞ্জুর হইলে কাজ শুরু হইবে।

(খ) আনুষঙ্গিক বাধাগুলি দূর হইলে এবং প্রয়োজনীয় অর্থবরাদ্দ পাওয়া গেলে যথাশীঘ্র সম্ভব কাজ আরম্ভ করা হইবে।

তিস্তা নদীর সড়ক সেতু সম্প্রসারণ

৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৭।) **শ্রীবিজয়কৃষ্ণ মোহান্তঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তিস্তা নদীর সড়ক সেতুটি পূর্বদিকে ১,০৫০ ফুট সম্প্রসারিত করা হইতেছে;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত সেতু সম্প্রসারণের ফলে সেতুর গাইড বাঁধটি সংলগ্ন মরিচবাড়ী বাণিশ ও উল্লাডাবুরীর প্রায় এক হাজার পরিবারের নদীগর্ভে বিলীন হইবার আশঙ্কা রহিয়াছে;

(গ) অবগত থাকিলে, ঐ গ্রামবাসিগণকে রক্ষার নিমিত্ত উক্ত গাইড বাঁধটি ১,২০০ ফুট সম্প্রসারিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, কবে নাগাত উহার নির্মাণ কার্য আরম্ভ ও সমাপ্ত হইবে?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তিস্তা নদীর চরে অবস্থিত উল্লেখিত গ্রামসমূহ স্বাভাবিক কারণেই প্রতি বৎসর বন্যার সময়ে জলমগ্ন হয়। তিস্তা সেতুর সম্প্রসারণের কাজের সহিত উহার কোন সম্পর্ক নাই।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলায় কেন্দুপাতা বিক্রয় বাবত রাজস্ব

৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬৩।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঃ—

(ক) ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) বাঁকুড়া জেলায় কেন্দুপাতা বিক্রয় করিয়া কত টাকা সরকারের রাজস্ব খাতে আসিয়াছে;

(খ) ঐ পাতা কিভাবে বিক্রয় করা হইয়াছে;

(গ) কেন্দুপাতা নীলামকারীদের মধ্যে কোন শিক্ষিত বেকার বা ইঞ্জিনীয়ার ছিলেন কি ও থাকিলে, তাহাদের বিশেষ সুযোগ দেওয়ার কোন পরিকল্পনা ছিল কিনা; এবং

(ঘ) থাকিলে, উক্ত সময়ে কতজনকে ঐরূপ সুযোগ দেওয়া হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেন্দুপাতা বিক্রয় বাবত ১৯৭৩-৭৪ সালে ৫,৮৫,৪৫০ টাকা রাজস্ব পাওয়া গিয়াছে।

(খ) কেন্দুপাতা নীলামে বিক্রয় করা হইয়াছে।

(গ) কেন্দুপাতা নীলামকারীদের মধ্যে কোন শিক্ষিত বেকার বা ইঞ্জিনীয়ার ছিলেন না।

(ঘ) 'গ' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

গোপীনাথপুর-দাওনতলা ও শশাটি-বারগ্রাম রাস্তা

৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫০।) **শ্রীশিশিরকুমার সেনঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার শ্যামপুর থানার (১) গোপীনাথপুর-দাওনতলা ও (২) শশাটি-বারগ্রাম রাস্তা দুইটি নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আপাতত নাই।

(খ) প্রশ্ন উঠে না।

লুনিয়া ব্রীজ

৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোলের নিকট লুনিয়া ব্রীজ নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত ব্রীজের আয়তন কত এবং কবে থেকে উক্ত ব্রীজ নির্মাণের কাজ শুরু হয়েছে;

(গ) ঐ ব্রীজ নির্মাণ বাবত মোট কত টাকা খরচ হবে;

(ঘ) সরকার কি অবগত আছেন, উক্ত ব্রীজের অভাবে হাজার হাজার যানবাহন ও লক্ষ লক্ষ যাত্রীর প্রতিদিন খুবই অসুবিধা হয়; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং কবে নাগাদ ঐ ব্রীজ নির্মাণের কাজ শেষ হবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) "ডেকের" স্টের্জিং এবং সাটারিং-এর কাজ চলিতেছে।

(খ) পুলটির দৈর্ঘ্য ৩২৯ ফুট এবং উহার যানবাহন চলাচলের পথ ২৪ ফুট প্রস্থ। ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭২ তারিখে কাজ শুরু হইয়াছে।

(গ) আনুমানিক ৯,২২,৩০০ টাকা।

(ঘ) উক্ত পুলটির বর্তমানে নির্মীয়মান আসানসোলে জি টি রোডের বিকল্প রাস্তা অর্থাৎ "আসানসোল বাইপাস"-এ অবস্থিত। উক্ত পুলটি সহ সমগ্র "আসানসোল বাইপাস"-এর নির্মাণকার্য সমাপ্ত হইলে আসানসোলের মধ্যবর্তী জি টি রোডের বর্তমান যানবাহনের আধিক্য হ্রাস পাইবে।

(ঙ) পুলটির নির্মাণকার্য ত্বরান্বিত করিবার জন্য যথাসম্ভব ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে এবং ১৯৭৪ সালের শেষ দিকে ইহা সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

Development of Film Industry

671. (Admitted question No. 2634.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Information and Public Relations Department be plea to state—

(a) whether the State Government has received any offer for technical h or assistance from the Soviet Union or any other foreign country developing the film industry in West Bengal; and

(b) if so, the details of such offer?

The Minister for Information and Public Relations : (a) No.

(b) Does not arise.

বিদ্যুৎ বিভাগে কর্মচারী নিয়োগ

৬৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫।) **শ্রীআব্দুল বারি বিশ্বাস:** বিদ্যুৎ বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই বিভ কোন নূতন, কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি, এবং

(খ) হইয়া থাকিলে, কতজনকে ও কোন্ কোন্ পদে নিয়োগ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) বিদ্যুৎ বিভাগে দশ জন এবং এই বিভাগের অধীনস্থ বিদ্যুৎ অধিকারে দুই কর্মচারীকে নিয়োগ করা হইয়াছে। উহাদের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

বিদ্যুৎ বিভাগ	
এল ডি অ্যাসিসটান্ট	১
স্টেনো-টাইপিস্ট	২
ড্রাইভার	১
পিয়ন	৬
বিদ্যুৎ অধিকার	
এল ডি ক্লার্ক	১
পিয়ন	১

উদ্বাস্তুদের জন্য অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়

৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৩।) **শ্রীশীশ মহম্মদ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের জানুয়ারি থেকে ১৯৭১ সালের ৩১শে মার্চ পর্যন্ত সময় মধ্যে যেসব পরিবার উদ্বাস্তু হয়ে এই রাজ্যে বসবাস করবার জন্য এসেছেন এবং বসব করছেন তাঁদের পুত্র-কন্যাদের অবৈতনিক প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য ১৯৭২- সালে কেন্দ্রীয় সরকারের অনুদানে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোন পরিকল্প ছিল কি;

(খ) থাকিলে, কোন্ মহকুমায় কত সংখ্যক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হবে;

(গ) ঐ সকল বিদ্যালয়ের ছাত্র-শিক্ষক অনুপাত কত;

(ঘ) ২৮এ ফেব্রুয়ারি ১৯৭৪ সময়ের মধ্যে কোন বিদ্যালয় মঞ্জুরী লাভ করেছে কি না

(ঙ) না করে থাকলে, তার কারণ কি; এবং

(চ) মঞ্জুরীদানে বিলম্ব হওয়ার দরুণ কেন্দ্রীয় অনুদান প্রাপ্ত অর্থের কোন অসুবি সৃষ্টি হবে কি না?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৪ খ্রীষ্টাব্দের জানুয়ারি হইতে ১৯৭১ খ্রীষ্টাব্দের ৩১এ মার্চ পর্যন্ত আগত নব উদ্বাস্তুদের মধ্যে একটি সীমিত সংখ্যার জন্য অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) নদিয়া—৬৬; কুচবিহার—২২; পশ্চিম দিনাজপুর—১১; মুর্শিদাবাদ—৬; মালদহ—৫; জলপাইগুড়ি—৩; ২৪-পরগনা—১১২; হাওড়া—৫; দার্জিলিং—৬; বীরভূম—১; মেদিনীপুর-; বর্ধমান—২; বাঁকুড়া—১; হুগলি—২;

(গ) ৪০ জন ছাত্র প্রতি একজন শিক্ষক।

(ঘ) ১৪২টি বিদ্যালয় বিভিন্ন জেলাতে মঞ্জুরীকৃত হইয়াছে।

(ঙ) এই প্রশ্ন ওঠে না। (বাকিগুলি সম্বন্ধে তথ্যাদি খতিয়ে দেখা হইতেছে।)

(চ) না।

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে কর্মচারী নিয়োগ

৬৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৯।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কোন্ জেলায় কতজন করিয়া কর্মচারী নিয়োগ করিয়াছেন এবং

(খ) নিযুক্ত কর্মচারীদের মধ্যে (১) চতুর্থ এবং (২) তৃতীয় শ্রেণীর সংখ্যা কত?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জেলাওয়ারী কর্মচারী নিয়োগের তালিকা দেওয়া হইল।

(খ) চতুর্থ শ্রেণী—৭,৬০৩।

তৃতীয় শ্রেণী—৩,৩২৮।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 674

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে ২৮-২-৭৪ পর্যন্ত জেলাওয়ারী কর্মচারী নিয়োগের তালিকা

জেলা	তৃতীয় শ্রেণীতে নিযুক্তের সংখ্যা	চতুর্থ শ্রেণীতে নিযুক্তের সংখ্যা
কুচবিহার	৫৮	২৩৮
জলপাইগুড়ি	৮৮	১৮২
দার্জিলিং	১২৬	২৬৮
পশ্চিমদিনাজপুর	১২৮	২১১
মালদহ	১৪৪	৪১৭
মুর্শিদাবাদ	১৯৮	৫১৫
নদিয়া	১২৪	৪৫৫
২৪-পরগণা	৫২২	১,৩৭৯
কলিকাতা	৮৯০	১,৯৬৯
হাওড়া	১৬১	৩৭৫
হুগলি	২৮০	৫২৪
মেদিনীপুর	১৫৪	৫২৯
বাঁকুড়া	১২০	১৬৯
পুরুলিয়া	১০৫	৪৫৮

বর্ধমান	—	—	—	—	—	১২০	৩৮
বীরভূম	—	—	—	—	—	১২০	২৪
						৩,৩২৮	৭,৬০
			তৃতীয় শ্রেণী	—	—	৩,৩২৮	
			চতুর্থ শ্রেণী	—	—	৭,৬০৩	
			মোট সংখ্যা	—	—	১০,৯৩১	

Promotion of officers of West Bengal Junior Forest Service to West Bengal S Forest Service

675. (Admitted question No. 2423.) **Shri Md. Safiullah :** Will the Mir in-charge of the Forests Department be pleased to state—

(a) the number of officers of the West Bengal Junior Forest Service pron to the West Bengal Senior Forest Service between 1947 and Septe 1966;

(b) whether there was any bar to promotion of the members of the ' Bengal Junior Forest Service to the West Bengal Senior Forest Ser and

(c) if so, the reasons thereof?

The Minister for Forests : (a) Nil.

(b) Yes.

(c) Rules for recruitment to the West Bengal Senior Forest Service do provide for promotion.

Construction of Fishing Harbours

676. (Admitted question No. 1560.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether there is any proposal for construction of Fishing Harbou this State; and

(b) if so, the details of the locations of the proposed harbours and the estim cost of construction thereof?

The Minister for Fisheries : (a) Yes.

(b) Particulars are as follows :

Nature of the Harbour	Location	Estimated cc
(1) Deep Sea Fishing Harbour ...	Roychowk, police-station Diamond Harbour, district 24-Parganas.	Rs. 241.50 lakh harbour com and Rs. 35.13 l for shore com
(2) Fish Landing Jetty—a minor harbour	Mauza Narayanpur, police station Namkhana, district 24-Parganas.	Rs. 6.21 lakhs.

পুরুলিয়া জেলায় ইকনমিক্যাল রিহ্যাবিলিটেশন স্কিম-এ অর্থ মঞ্জুর

৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩১।) **শ্রীনিতাই দেশমুখ ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে পুরুলিয়া জেলায় ইকনমিক্যাল রিহ্যাবিলিটেশন স্কিম-এ কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কি না;

(খ) হইয়া থাকিলে, কোন্ সময়ে এবং কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) এই অর্থ কাহার সুপারিশক্রমে ও কোন্ কোন্ ব্যক্তিকে দেওয়া হইয়াছে?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) না।

(খ) ও (গ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন দুইটি উঠে না।

সুন্দরবন উন্নয়ন

৬৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫৯।) **শ্রীঅজিতকুমার বসু ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন উন্নয়ন বিভাগে নদী বিশেষজ্ঞ কোন হাইড্রোলজিস্টকে নিয়োগ করা হয়েছে কি; এবং

(খ) না হয়ে থাকলে তার কারণ কি?

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) না।

(খ) নদীর জল বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি সেচ ও জলপথ দপ্তর কর্তৃক পরিবেশিত হওয়ায় এই বিভাগে পৃথক ভাবে কোন হাইড্রোলজিস্টকে নিয়োগ করা হয় নাই।

দীঘায় অডিটোরিয়াম খোলার ব্যবস্থা

৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২৪।) **শ্রীহেমন্ত দত্ত ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দীঘাতে পর্যটক সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে;

(খ) সত্য হইলে, বিগত তিন বছরের কোন্ বছরে—

(১) কত সংখ্যক পর্যটক আসিয়াছেন, ও

(২) কত করিয়া আয় হইয়াছে;

(গ) কোন্ কোন্ সময়ে পর্যটক সংখ্যা বৃদ্ধি পায়; এবং

(ঘ) এই স্থানে কোন অডিটোরিয়াম খোলার পরিকল্পনা সরকারের আছে কি না?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭১-৭২ সালে আনুমানিক ৪২,০০০ জন।

১৯৭২-৭৩ সালে আনুমানিক ৫১,০০০ জন।

১৯৭৩-৭৪ সালে আনুমানিক ৬০,০০০ জন।

উপরিউক্ত পরিসংখ্যান কেবলমাত্র সরকারী পর্যটক নিবাসগুলি হিসাব অনুযায়ী দেওয়া হল।

(২) বিগত তিন বছরে আনুমানিক আয়ের অঙ্ক নিম্নে দেওয়া হইল ঃ

১৯৭১-৭২ সালে ২,৫২,০০০ টাকা।

১৯৭২-৭৩ সালে ৩,১০,০০০ টাকা।

১৯৭৩-৭৪ সালে ৩,৪৪,০০০ টাকা।

(গ) সাধারণতঃ গ্রীষ্মকালে এপ্রিল হইতে জুন ও শীতকালে অক্টোবর হইতে জানুয়ারি স পর্যন্ত পর্যটক সংখ্যা বৃদ্ধি পায়।

(ঘ) এ সম্বন্ধে কোন সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই।

জাঙ্গীপাড়া বিধানসভাকেন্দ্রে ভূমিহীনদের মধ্যে বাস্তু জমি বন্টন

৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৬।) **শ্রীগণেশ হাটুই :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বি মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার জাঙ্গীপাড়া বিধানসভাকেন্দ্রের অধীন এলাকায় বাস্তু জমির ভূমিহীনদের নামের তালিকা সরকার পাইয়াছেন কি;

(খ) পাইয়া থাকিলে, ঐ কেন্দ্রের ভূমিহীনদের সংখ্যা কত;

(গ) ১৯৭৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত ঐ কেন্দ্রের কতজন ভূমিহীনকে বাস্তু দেওয়া হইয়াছে;

(ঘ) কতজন ভূমিহীন বাস্তু জমি রেকর্ড করিবার জন্য জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা ব্ল জে. এল. আর. ও অফিসে দরখাস্ত জমা দিয়াছেন; এবং

(ঙ) জানুয়ারি ১৯৭৪ পর্যন্ত সময়ে ইহাদের মধ্যে কতজন ভূমিহীনকে রেকর্ডভুক্ত হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ও (খ) ভূমিহীনদের ন তালিকা প্রস্তুত করা হইতেছে।

(গ) পাঁচজনকে বাস্তু জমি দেওয়া হইয়াছে।

(ঘ) ২৮ জন।

(ঙ) যে পাঁচজনকে বাস্তুজমি দেওয়া হইয়াছে তাঁহাদের সকলেরই নাম রেকর্ড হইয়াছে। বাকি ২৩ জনের বিধানানুসারে জমি বন্দোবস্ত পাইবার জন্য আবেদন ক ছিলেন; ঐ আইনে চূড়ান্ত আদেশের পর তাঁহাদের নাম রেকর্ড করা হইবে।

Vested Land distributed by the Government

681. (Admitted question No. 587.) **Shri Rajani Kanta Doloi :** Wil Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Re Department be pleased to state—

(a) the total area of vested lands distributed by the Government durin year 1973; and

(b) the number of people benefited by this distribution?

The Minister for Land Utilisation and Reforms : (a) 41,940 acres.

(b) 62,910 persons.

দীঘা উন্নয়ন

৬৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৮।) **শ্রীহেমন্ত দত্ত :** উন্নয়ন এবং পরিকল্পনা বি মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকারের আমলে দীঘা উন্নয়নের কি কি পরিকল্পনা গ্রহণ করা হই

(খ) এই পর্যটন কেন্দ্রকে আকর্ষণীয় করিবার নিমিত্ত আগামী ১৯৭৪-৭৫ সালে কি পরিকল্পনা কার্যকরী করার প্রস্তাব সরকারের কাছে আছে;

(গ) সমুদ্র অবক্ষয় রোধ করিবার ব্যাপারে সি ডবলু পি সি-এর রিপোর্ট স পাইয়াছেন কি না; এবং

(ঘ) পাইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন এবং কবে থেকে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান সরকারের আমলে অর্থাৎ মার্চ, ১৯৭২ সাল হইতে মার্চ, ১৯৭৪ সাল পর্যন্ত দীঘা উন্নয়নের নিমিত্ত নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হইয়াছেঃ

(১) দীঘা উপনগরীর সামগ্রিক উন্নয়নের জন্য যেসব পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার অন্যতম হইল দীঘা উপনগরীর জমি বিভিন্ন সংস্থা ও আবাসিকদের মাধ্য বণ্টনের জন্য 'লে-আউট প্ল্যান' পুনঃ পরীক্ষা করিয়া সি এম পি ও কর্তৃক একটি সংশোধিত মাস্টার প্ল্যান তৈরী করা;

(২) পর্যটকদের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর নিমিত্ত বর্তমানে যেসমস্ত পর্যটক নিবাস আছে তাহা ছাড়া আরও কয়েকটি "টুরিস্ট কটেজ" ও একটি "রেস্ট হাউস" নির্মাণ করার প্রস্তাব গ্রহণ করা হ'য়েছে।

(৩) দীঘা উপনগরীর শ্রীবৃদ্ধির জন্য পার্ক স্থাপন ও বৃক্ষ রোপণসহ পর্যটকদের সুবিধার জন্য একটি অতিরিক্ত বাজার তৈরী করার পরিকল্পনাও আছে।

(৪) দীঘা সমুদ্র সৈকতের অবক্ষয় রোধকল্পে ইতিমধ্যেই সরকার একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছে।

(খ) ১৯৭৪-৭৫ সালের পরিকল্পনা খাতে যে ব্যয় বরাদ্দ অনুমোদিত হইয়াছে তাহা হইতে কয়েকটি "টুরিস্ট কটেজ", একটি "রেস্ট হাউস" নির্মাণ ও পার্ক স্থাপনের প্রস্তাব গ্রহণ করা হইয়াছে।

(গ) সমুদ্র অবক্ষয় রোধ করিবার ব্যাপারে সি ডব্লু পি সি-এর রিপোর্ট সম্প্রতি পাওয়া গিয়াছে।

(ঘ) উক্ত রিপোর্ট অনুযায়ী একটি ব্যাপক প্রকল্প এই সরকারের সেচ বিভাগ তৈরী করিতেছেন। এই প্রকল্পের অঙ্গ হিসাবে জরুরী ভিত্তিতে প্রায় ৩,০০০ ফুট দীর্ঘ সৈকত রক্ষার নিমিত্ত আনুমানিক ২৬ লক্ষ টাকা ব্যয়ে রক্ষণ কার্য গত জুলাই মাস হইতে আরম্ভ হইয়াছে। তন্মধ্যে প্রায় দুই লক্ষ টাকা ব্যয়ে "দীঘা মার্কেট" রক্ষাকল্পে নির্মিত একটি বিশেষ ধরণের বাঁধ রাজ্য সেচ বিভাগ গত বৎসর শেষ করিয়াছেন। ইহাতে সন্তোষজনক ফল লাভ করা গিয়াছে।

অবর পরিদর্শকের চক্র (সার্কেল) ভাগকরণ

৬৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৪।) শ্রীরজনীকান্ত দোলুইঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে জেলাওয়ারী কয়টি অবর পরিদর্শকের চক্র (সার্কেল) নূতন ভাবে ভাগ করা হইয়াছে; এবং

(খ) ইহার জন্য নূতন কতজন অবর পরিদর্শক নিযুক্ত হইয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান বৎসরে ১৩৬টি অবর পরিদর্শকের চক্র নূতন ভাবে ভাগ করা হইয়াছে। চক্রগুলির জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল।

(খ) ইতিমধ্যে মোট ১০৬ জন অবর পরিদর্শক নিযুক্ত হইয়াছেন এবং অবশিষ্ট অবর পরিদর্শকগণের নিয়োগের ব্যবস্থা হইতেছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 638.

জেলার নাম		নূতন চক	নূতন চক্রে নিযুক্ত অবর পরিদর্শকের সংখ্যা
বাঁকুড়া —	—	৮	৫
বীরভূম —	—	৫	৩
বর্ধমান —	—	—	৩
কলিকাতা	—	৬	৬
কুচবিহার	—	—	১
দার্জিলিং	—	—	১
হুগলি —	—	১০	১০
হাওড়া —	—	৪	৪
জলপাইগুড়ি	—	৭	৭
মালদা —	—	১০	৮
মেদিনীপুর	—	১৬	৬
মুর্শিদাবাদ	—	১২	৬
নদীয়া —	—	৮	৫
পুরুলিয়া	—	৮	৫
২৪-পরগণা	—	৩৩	৩৩
পশ্চিম দিনাজপুর	—	৯	৫
পশ্চিমবঙ্গ	—	১৩৬	১০৬

মন্তব্য

১। বর্ধমান, কুচবিহার ও দার্জিলিং জেলার জন্য নূতন চক্রগুলি শীঘ্র খোলা হইতেছে।

২। যেসকল অবর বিদ্যালয় পরিদর্শকের চক্র অভাবে জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) অফিসে কার্যরত ছিলেন/আছেন তাঁহাদের হিসাব এখানে দেখানো হইয়াছে।

৩। জেলার অবশিষ্ট শূন্য চক্রগুলিতে সত্বর নূতন অবর পরিদর্শক নিয়োগের ব্যবস্থা হইতেছে।

Poultry Dressing Plan

684. (Admitted question No. 1564.) **Shri RAJANI KANTA DOLOI**: Will the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services (Excluding Dairy Development) be pleased to state—

(a) whether the State Government has any proposal for encouraging broiler production in the State ; and

(b) if the answer to (a) be in the affirmative—

(i) the number of Poultry Dressing Plants proposed to be set up in the near future; and

(ii) the location of these Poultry Dressing Plants ?

The Minister for Animal Husbandry and Veterinary Services (Excluding Dairy Development): (a) Yes.

(b) (i) A Poultry Dressing Plant has already been set up.

(ii) The Poultry Dressing Plant is located in the campus of State Poultry Farm, Tollygunge.

Scheme for Cattle Feed and Fodder Development

685. (Admitted question No. 1565.) **Shri RAJANI KANTA DOLOI**: Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services (Exlcuding Dairy Development Branch) Department be pleased to state—

(a) whether the present Government has any scheme for cattle feed and fodder development in the State ; and

(b) if so, the salient features of the Scheme ?

The Minister for Animal Husbandry and Veterinary Services (Excluding Dairy Development): (a) Yes.

(b) The salient features of the schemes are indicated in the enclosed statement.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 685.

Statement

heme for Cattle Feed

1e Directorate of Animal Husbandry, West Bengal, under the Animal Husbandry d Veterinary Services Department, has a scheme for distribution of balanced ttle feed. The main object of the scheme is to supply balanced cattle feed at asonable price to the cattle-keepers of West Bengal.

The West Bengal Dairy and Poultry Development Corporation, under the Department of Public Undertakings, has set up a plant at Kalyani with a capacity of 100 M.T. r day to manufacture and supply cattle feed.

The Animal Husbandry and Veterinary Services Department has a proposal to t up a feed mixing plant with a capacity of 40 M. T. per day.

heme for Fodder Development.

The following fodder development schemes are at present in operation in the ate :

(1) **Scheme for subsidised distribution of fodder seeds and cuttings :** Its main feature is to encourage farmers to take up cultivation of fodder crops with a view to improving their cattle. The seeds and cuttings are being supplied with a 40 per cent. subsidy.

(2) **Scheme for demonstration of fodder crops on farmers' own land :** To demonstrate to the cultivators the improved type of fodder crops and agricultural practices, subsidy is given to the cultivators for the purpose.

(3) **Scheme for subsidy for chaff cutters :** Its main object is to save wastage of fodder to the extent of 25 to 30 per cent. and reduce the labour cost, etc. A subsidy is given for purchase of chaff cutter.

(4) **Scheme for silopit :** The object of the scheme is to demonstrate to the cultivators the method of preservation of green fodder keeping, its nutritive value and taste.

(5) **Scheme for seed multiplication-cum-fooder demonstration farm :** Its main object is the production of seeds and cuttings and to demonstrate cultivation of fodder crops to the farmers.

Establishment of Sheep Breeding Farm

686. (Admitted question No. 1563.) **Shri RAJANI KANTA DOLOI :** Will e Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services (Animal usbandry) Department be pleased to state —

(a) whether the State Government has any proposal for setting up of any large sheep breeding farm under the Centrally-sponsored Sector ; and

(b) if so, the name of the site selected for establishment of the farm ?

The Minister for Animal Husbandry and Veterinary Services (Animal Husbandry) :

(a) No.

(b) Does not arise.

অনাথ বালকবালিকাদের জন্য আবাসিক স্কুল

৬৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬৫।) **শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অনাথ বালকবালিকাদের শিক্ষার জন্য কোথায় কোথায় আবাসিক স্কুল আছে;

(খ) স্কুলভিত্তিক ছাত্রছাত্রীর সংখ্যা কত;

(গ) উক্ত স্কুলগুলিতে কি প্রকার শিক্ষার ব্যবস্থা আছে;

(ঘ) উক্ত স্কুলগুলির দেখাশুনার দায়িত্ব কাহাদের উপর দেওয়া হইয়াছে; এবং

(ঙ) এই স্কুলগুলির পরিচালনার জন্য সরকারের কত টাকা ব্যয় হয়?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের অধীনে দুঃস্থ, অবহেলিত ও অপরাধী বালকবালিকাদের ভরণপোষণ, সংশোধন ও শিক্ষার জন্য নিম্নলিখিত জেলায় আবাসিক প্রতিষ্ঠান আছেঃ

(১) মুর্শিদাবাদ, (২) কুচবিহার, (৩) ২৪-পরগণা, (৪) পুরুলিয়া, (৫) মেদিনীপুর, (৬) হুগলি, (৭) হাওড়া, (৮) পশ্চিম দিনাজপুর ও (৯) দার্জিলিং।

(খ) প্রতিষ্ঠান			আবাসিকের সংখ্যা (আনুমানিক)
১। বোর্স্টাল, স্কুল, বহরমপুর, মুর্শিদাবাদ	—	—	৩০
২। নিরপরাধ শিশু আবাস (হোম ফর নন-ডেলিংকোয়েন্ট চিল্ড্রেন) বহরমপুর, মুর্শিদাবাদ	—	—	২৯
৩। রিফরমেটরি স্কুল, বহরমপুর, মুর্শিদাবাদ	—	—	২১
৪। রিফরমেটরি স্কুল, কান্দী, মুর্শিদাবাদ	—	—	৮৭
৫। শিল্প বিদ্যালয় (ইণ্ডাস্ট্রিয়াল স্কুল), বেলজাতিয়া, বহরমপুর, মুর্শিদাবাদ	—	—	৪৫
৬। অন্ধ বিদ্যালয়, কুচবিহার	—	—	২০
৭। ধ্রুবাশ্রম, আড়িয়াদহ, ২৪-পরগণা	—	—	২০৬
৮। সংশোধনী ও শিল্প বিদ্যালয় (রিফর্মেটরি-কাম-ইণ্ডাস্ট্রিয়াল স্কুল), আনন্দমঠ, পুরুলিয়া	—	—	৮৩
৯। বিদ্যাসাগর বালিকা ভবন, গোপ, মেদিনীপুর	—	—	৩১৫
১০। দুঃস্থাবাস (ডেস্টিটুট হোম), উত্তরপাড়া, হুগলি	—	—	১৫৯
১১। সুন্দর বাই মুলচাঁদ মেহতা হোম, লিলুয়া, হাওড়া	—	—	৯২০
১২। মুক বধির বিদ্যালয়, রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর	—	—	২০
১৩। পার্বত্য এলাকার দুঃস্থ ও অবহেলিত শিশুদের আবাস (হোম ফর ডেস্টিটুট অ্যাণ্ড নেগ্‌লেক্‌টেড চিল্ড্রেন অব হিল এরিয়াস) কালিম্পং, দার্জিলিং	—	—	নাই (সম্প্রতি খোলা হইয়াছে)
মোট	—	—	১,৯৩৫

(গ) এইসব প্রতিষ্ঠানে সাধারণ শিক্ষার ও কারিগরী শিক্ষার (যথা দর্জির কাজ, তাঁতের কাজ, খেলনা তৈরির কাজ, ইত্যাদি) ব্যবস্থা আছে।

(ঘ) প্রতিষ্ঠানগুলির পরিচালনার দায়িত্ব সামগ্রিকভাবে সমাজ কল্যাণ অধিকর্তার (ডাইরেক্টর অব সোসিয়াল ওয়েলফেয়ার, ওয়েস্ট বেঙ্গল) উপর ন্যস্ত আছে। তিনি প্রতিটি প্রতিষ্ঠানের জন্য নিযুক্ত এক একজন অফিসারের মাধ্যমে, এগুলি দেখাশুনার দায়িত্ব পালন করিয়া থাকেন।

(ঙ) আনুমানিক বাৎসরিক ২২ লক্ষ টাকা।

ভুরকুণ্ডাখোলা ও গোস্বামীডিহি মৌজায় সরকারী খাসজমি

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০১।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার (বিভা)গের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শালতোড়া ব্লকের অধীনস্থ ভুরকুণ্ডাখোলা এবং গোস্বামীডিহি মৌজাতে কত একর জমি সরকারের খাস দখলে আছে;

(খ) উক্ত জমির মধ্যে কি পরিমাণ জমি উপজাতি এবং তপসিলী বর্গাদারদের মধ্যে বিতরণ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, উক্ত মৌজাগুলিতে ব্যাপকহারে বর্গাদার উচ্ছেদ করা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, সরকার এর প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

(ভূ)মি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ভুরকুণ্ডাখোলা মৌজাতে ৫০·৪৬ (একর) এবং গোস্বামীডিহি মৌজাতে ২৫·৮৩ একর জমি।

(খ) ভুরকুণ্ডাখোলা মৌজাতে ২৪·৭৪ একর তপসিলী উপজাতির মধ্যে এবং ২৫·৭২ (একর) তপসিলী বর্গাদারদের মধ্যে বিতরণের ব্যবস্থা করা হইতেছে।

(গ) না। এরূপ কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

আসানসোল সেন-র‍্যালে কারখানা

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বন্ধ ও দুর্বল শিল্প (বিভা)গের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সালে ১লা এপ্রিল হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত আসানসোল মহকুমায় অবস্থিত সেন-র‍্যালে সাইকেল কারখানাকে আই আর সি আই কি পরিমাণ অর্থ ঋণ বাবত মঞ্জুর করিয়াছেন;

(খ) ঐ সময়ের মধ্যে উক্ত প্রতিষ্ঠানকে রাজ্য সরকার এবং সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানগুলি হইতে কি পরিমাণ অর্থ ঋণ বাবত মঞ্জুর করা হইয়াছে;

(গ) উক্ত কারখানা এখনও দুর্বল শিল্পের পর্যায়ে পড়ে কি না এবং পড়িলে তাহার কারণ কি;

(ঘ) ১৯৭১ সালের মার্চ মাসে উক্ত কারখানা বন্ধ হইবার পূর্বে উহার অর্থনৈতিক অবস্থা কিরূপ ছিল এবং সেই সময় সরকারী ঋণ বা সাহায্য দেওয়া হইয়াছিল কি না;

(ঙ) ঋণ বা সাহায্য দেওয়া হইলে কি পরিমাণ অর্থ ঋণ বা সাহায্য হিসাবে মঞ্জুর করা হইয়াছিল;

(চ) ইহা কি সত্য যে, সরকার বিভিন্ন সূত্রে ও বিভিন্ন ভাবে উক্ত কারখানাকে আর্থিক সাহায্য দেওয়া সত্ত্বেও কারখানার আশানুরূপ উৎপাদন হয় নাই;

(ছ) সত্য হইলে, ইহার কারণ কি;

(জ) উক্ত কারখানায় নিয়োগকৃত সরকারী অর্থের উপযোগিতা ও উপযুক্ত ব্যবহার তদারকির জন্য সরকার কোন প্রতিনিধি নিয়োগ করিয়াছেন কি না; এবং

(ঝ) উক্ত কারখানাটি সম্পূর্ণভাবে সরকারী নিয়ন্ত্রণে আনার কোন পরিকল্পনা আছে কি না?

বস্ত্র ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ আই আর সি আই কেন্দ্রীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের কার্যকলাপ সংসদে আলোচনা হয় কারণ এই প্রতিষ্ঠানের কার্যকলাপের কেন্দ্রীয় অর্থ মন্ত্রক দায়ী, রাজ্যসরকার নহে। এমতাবস্থায় আই আর সি আই মনে ক যে, এই প্রতিষ্ঠানের বিষয় বিধান সভায় কোন আলোচনা সমীচীন নহে এবং আই সি আই বিধানসভার অবগতির জন্য সর্বপ্রকার বিবরণ দিতেও প্রস্তুত নহে।

সেন-র‍্যালে কারখানা আই আর সি আই কর্তৃক পুনর্গঠিত প্রতিষ্ঠান। এ সম্বন্ধে আর সি আই যতটুকু বিবরণ দিয়াছেন তাহা এই যে, ১৯৭১ সালের এপ্রিল মাস হ ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত তিনবার আই আর সি আই এই কোম্পানীকে এ ১ কোটি ৯২ লক্ষ ৫৯ হাজার টাকা ঋণ বাবত মঞ্জুর করিয়াছেন এবং সেন-র‍্যালে এখ দুর্বল শিল্পের পর্যায়ে পড়ে এবং এই দুর্বলতার কারণ বাইসাইকেলের মূল্য বৃদ্ধির ব্যা কেন্দ্রীয় সরকারের বিলম্ব। জরুরী কাঁচা মালের দুষ্প্রাপ্যতা, বিদ্যুৎ সরবরাহের অপ্রতু এবং প্রশাসনিক এবং অন্যান্য বেতন ভাতা প্রভৃতি ব্যয় বাহুল্য ইত্যাদি।

১৯৭৩ সালের এপ্রিল হইতে ১৯৭৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত সেন-র‍্যালেকে ঋণ দা জন্য রাজ্য সরকার বা রাজ্য সরকার নিযুক্ত প্রতিষ্ঠানগুলি কোনও অর্থ মঞ্জুর করেন ন

১৯৭২ সালের নভেম্বর মাসে সেন-র‍্যালের শ্রমিকদের পরিশোধনীয় ঋণ দেওয়ার রাজ্য সরকারের গ্যারান্টির বিনিময়ে স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া ঐ কোম্পানীকে ৩ ৭৪ হাজার টাকা বিশেষ ঋণ মঞ্জুর করেন। এই গ্যারান্টি মাত্র দুই বৎসর বলবৎ থাকি

১৯৭১ সালে মার্চ মাসে উক্ত কারখানা বন্ধ হইবার পূর্বে উহার আর্থনৈতিক অ কিরূপ ছিল এবিষয়ে রাজ্য সরকার কোনও তদন্ত করেন নাই এবং ঐ তারিখের কোনও সরকারী ঋণ বা আথিক সাহায্য দেওয়া হয় নাই।

সেন-র‍্যালে আই আর সি আই কর্তৃক পুনর্গঠিত শিল্প সংস্থা। এই পুনর্গঠন ব্যা রাজ্য সরকার কোন ঋণ দেন নাই এবং রাজ্য সরকারের কোন অধিকার নাই যাহার আই আর সি আই নিয়োগকৃত অর্থের উপযোগিতা ও উপযুক্ত ব্যবহার তদারকির সরকার কোনও প্রতিনিধি নিয়োগ করিতে পারেন এবং সরকার এরকম কোনও প্রতি নিয়োগও করেন নাই। আই আর সি আই যদি মনে করেন যে, তাঁহাদের নিয়ন্ত্রিত আ পুনর্গঠন পরিকল্পনা বানচাল হইতে চলিয়াছে তাহা হইলে কারখানাটি সম্পূর্ণভাবে কেন্দ্র সরকারের নিয়ন্ত্রণে আনার কথা তাঁহারাই বিচার করিবেন। এইরূপ নিয়ন্ত্রণে আ আইনগত ক্ষমতা বা পরিকল্পনা রাজ্য সরকারের নাই।

স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে কর্মচারী নিয়োগ

৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮২।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** বিদ্যুৎ বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার ১৯৭২ সালের মার্চ মাস হইতে ২৬এ ফেব্রু ১৯৭৪ তারিখ পর্যন্ত স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ তৃতীয় ও চতুর্থ শ্রে কর্মচারীসহ অনেককে চাকুরী দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কোন্ কোন্ জেলায় কতজনকে চাকুরী দেওয়া হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, সত্য।

(খ) জেলাওয়ারী কর্মচারী নিয়োগের তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 690

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে ২৮-২-৭৪ পর্যন্ত জেলাওয়ারী কর্মচারী নিয়োগের তালিকা

জেলা				তৃতীয় শ্রেণীতে নিযুক্তের সংখ্যা	চতুর্থ শ্রেণীতে নিযুক্তের সংখ্যা
কোচবিহার	—	—	—	৫৮	২৩৮
…লপাইগুড়ি	—	—	—	৮৮	১৮২
…র্জিলিং	—	—	—	১২৬	২৬৮
…শ্চিম দিনাজপুর		—	—	১২৮	২১৯
…লদহ	—	—	—	১৪৪	৪৯৭
…র্শিদাবাদ	—	—	—	১৯৮	৫১৫
…দীয়া	—	—	—	১১৪	৪৫৫
…৪-পরগণা	—	—	—	৫২১	১,৩৭৯
…লিকাতা	—	—	—	৮৯০	১,১৬৯
…ওড়া	—	—	—	১৬১	৩৭৫
…গলি	—	—	—	২৮০	৫২৪
…দিনীপুর	—	—	—	১৫৪	৫২৯
…লিয়া	—	—	—	১০৫	৪৫৮
…কুড়া	—	—	—	১২০	১৬৯
…র্ধমান	—	—	—	১২০	৩৮৯
…রভূম	—	—	—	১২০	২৪৫
				৩,৩২৮	৭,৬০৩

তৃতীয় শ্রেণী	—	৩,৩২৮
চতুর্থ শ্রেণী	—	৭,৬০৩
মোট সংখ্যা	—	১০,৯৩১

Strengthening the Administrative Machinery in Midnapore

691. (Admitted question No. 2505.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the steps taken or proposed to be taken by the Government for strengthening the administrative machinery of this Department in Midnapore district ?

The Minister for Education : As a part of the scheme for streamlining the educational administration in the districts of West Bengal, approved with effect from 1st December 1971, the following additional posts were sanctioned for the Midnapur district :—

(a) Additional District Inspector of Schools (Secondary)—2.

(b) Assistant Inspector of Schools—4 (1 for D. S. B.).

জেলাওয়ারী আবগারী দোকান

৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫২।) **শ্রীশরৎচন্দ্র দাস:** আবগারী বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২, ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি ১৯৭৪) জেলাওয়ারী ফরেন লিকার, সি এস সপ ও অন্যান্য আবগারী দোকানের সংখ্যা কত ছিল;

(খ) উক্ত সময়ে উক্ত খাতে জেলাওয়ারী কোন জেলায় সরকারের কত আয় হয়েছে;

(গ) উক্ত খাতে আয় বৃদ্ধির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(ঘ) উক্ত সময়ে উক্ত দোকান বাবত কোন্ স্থলে সরকারের কত টাকা ব্যয় হয়েছে; এবং

(ঙ) সরকারী দোকান বন্দোবস্তের নীতি কি এবং তাহা কিভাবে পালন করা হইতেছে?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সংশ্লিষ্ট বৎসরগুলি জেলাওয়ারী ফরেন লিকার, সি এস সপ ও অন্যান্য আবগারী দোকানের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে বিভিন্ন আবগারী খাতে জেলাওয়ারী আয়ের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ১৯৭৩-৭৪ (ফেব্রুয়ারি মাস পর্যন্ত) অনুরূপ আয়ের (আনুমানিক) জেলাওয়ারী তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) আয় বৃদ্ধির জন্য সরকার সম্প্রতি আবগারী দ্রব্যের শুল্ক (ডিউটি) এবং লাইসেন্স ফি বৃদ্ধি করিয়াছেন।

(ঘ) কোন আবগারী দোকানই সরকারী নহে। অতএব উক্ত দোকান পরিচালনায় সরকারকে কোনও ব্যয় বহন করতে হয় না। আবগারী দোকান পরিচালনার যাবতীয় ব্যয়ভার দোকানের মালিকরা আইন অনুযায়ী বহন করিয়া থাকেন।

(ঙ) স্থানীয় জনসাধারণের আপত্তি এবং মনোভাব বিবেচনান্তে সমস্ত বিধানসভার সদস্য সমন্বয়ে গঠিত জেলা লাইসেন্সিং বোর্ডগুলি সংশ্লিষ্ট জেলায় নূতন আবগারী দোকানের স্থান নির্দ্ধারণ করেন এবং যে সকল ব্যক্তিকে লাইসেন্স মঞ্জুর করা হইবে তাহাদের নির্বাচন করেন। আবগারী লাইসেন্সগুলি সাধারণতঃ এক বৎসরের জন্য মঞ্জুর করা হয় এবং বৎসরান্তে প্রতিটি ক্ষেত্রে উহাদের উপযুক্ততা বিবেচনা করিয়া পুনর্নবীকরণ করা হয়। কোন আবগারী দোকান মঞ্জুর করার সময় ইহা সুনিশ্চিত করা হয় যাহাতে কোন জনবহুল উন্মুক্ত স্থানে, বাজারের প্রবেশ স্থানে, স্নানের ঘাট, বিদ্যালয়, হাসপাতাল, দেবালয়, কারখানা, প্রমোদ উদ্যান, অথবা গ্রামের কোন ঘন বসতিপূর্ণ অংশে মদ্য পানের সুযোগ না

কে। এতদ্ব্যতীত আবগারী লাইসেন্স মঞ্জুর করার সময় "একটি পরিবার, একটি দোকান" উদ্দেশ্যে সরকারী নীতি পরিপূর্ণভাবে অনুসরণ করা হয়।

জেলাওয়ারী মৌজায় নলকূপ খনন

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৭।) **শ্রীনির্মলকৃষ্ণ সিনহাঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার লাভপুর থানার অধীন মহোদরী মৌজায় তিন বৎসর পূর্বে যে গভীর নলকূপটি বসানো হয়েছে তাতে এখনও পর্যন্ত পাম্প ও বিদ্যুৎ সংযোগ না করার কারণ কি; এবং

(খ) গত বৎসর বীরভূম জেলায় যে ছয়টি গভীর নলকূপ খনন করার সময় মাটির নীচে পাথর থাকার জন্য সম্পূর্ণ করা সম্ভব হয় নাই সেইগুলির কাজ শেষ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নলকূপটি ভারত সরকারের অধীন কেন্দ্রীয় গ্রাউণ্ড ওয়াটার বোর্ডের।

(খ) ১৯৭২-৭৩ সালের মার্চ পর্যন্ত তিনটি এবং ১৯৭৩-৭৪ সালের জুলাই মাস পর্যন্ত আরও তিনটি মোট ছয়টি গভীর নলকূপের খনন কার্য পরিত্যাগ করা হইয়াছে; কারণ মাটির নীচে প্রয়োজনীয় জল-স্তর পাওয়া যায় নাই।

সাউথ সুবার্বন পৌরাঞ্চলের দক্ষিণাঞ্চলের ওয়ার্ডগুলিতে পানীয় জল সরবরাহ

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪১।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ** পূর্ত (টি এবং সি পি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাউথ সুবার্বন (বেহালা) পৌরাঞ্চলের দক্ষিণাঞ্চলের ওয়ার্ডগুলিতে অর্থাৎ বড়িশা, সরশুনা, ঠাকুরপুকুরে সোদপুর ও পশ্চিম পুটিয়ারী অঞ্চলগুলিতে পানীয় জল সরবরাহের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, এই পরিকল্পনা কবে থেকে ও কিভাবে কার্যকর হইবে?

পূর্ত (টি এবং সি পি) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাঁ, আছে।

(খ) বেহালা পৌরাঞ্চলের জল সরবরাহ বৃদ্ধির জন্য সি এম ডি এ ১৯৭২ সালে একটি পরিকল্পনা তাহাদের কার্যসূচিতে গ্রহণ করে। এই পরিকল্পনায় সরশুনা মেন রোড ও ঠাকুরপুকুরে নলকূপ বসান হইয়াছে। এই নলকূপগুলি শীঘ্রই চালু করা হইবে বলিয়া আশা করা যাইতেছে। বড়িশা, সোদপুর ও পশ্চিম পুটিয়ারিতে জল সরবরাহ বৃদ্ধির জন্য আর একটি প্রকল্প রূপায়ণের কাজ অর্থ সংস্থান সাপেক্ষে পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সি এম ডি এ-র হাতে লইবার প্রস্তাব আছে। বিশদ প্রকল্প রচনার কাজ ইতিমধ্যেই আরম্ভ হইয়াছে।

Bridge at Harinkhola

95. (Admitted question No. 381.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to refer to the reply to starred question No. *476 (Admitted question No. *74) given in the House on the 9th March, 1973 and to state—

(a) whether the Construction of the Bridge over the Harinkhola river in Hooghly district has since been completed ;

(b) when the bridge is expected to be opened to traffic ; and

(c) the number of buses (long-distance and short-distance) plying daily at presen over the temporary wooden bridge at Harinkhola ?

The Minister for Public Works (Roads) : (a) No, the bridge has not been complete

(b) It is expected that the bridge will be opened to traffic in July, 1974.

(c) 45.

ডি ভি সি-র জলাধার হইতে বোরো চাষের সেচের জল সরবরাহ

৬৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৪।) **শ্রীগণেশ হাটুই ঃ** সেচ ও জলপথ বিভাগ মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি ভি সির জলাধার থেকে পশ্চিমবঙ্গ সরকারের সেচ কর্তৃপক্ষের ইনডে অনুযায়ী বর্তমানে বোরো চাষের জন্য সেচের জল ছাড়া হইয়াছে কি না;

(খ) হইয়া থাকিলে, কত কিউসেক জল ছাড়া হইয়াছে;

(গ) ডি ভি সি-র জলাধার থেকে বোরো ধান পাকাবার জন্য সেচের জল মে মাস প সরবরাহ অটুট রাখার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি;

(ঘ) করিয়া থাকিলে কি ধরণের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) ডি ভি সি-র জলাধার হইতে জল অপচয়ের কোন অভিযোগ সরকার পাইয়া কি না এবং পাইলে, এবিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যা।

(খ) ইংরাজী ১৫-৩-৭৪ তারিখ সকাল ৬টা পর্যন্ত ৫.১৮,৪৮৫ একর ফুট জল ছ হইয়াছে।

(গ) ২৬-৪-৭৪ তারিখ পর্যন্ত ব্যবস্থা হইয়াছে।

(ঘ) বোরো ধানের জন্য এগ্রিকালচার এবং কমিউনিটি ডেভেলপমেন্ট ডিপার্টমে সংগে পরামর্শক্রমে ডি ভি সি জলাধার হইতে ইংরাজী ২৬-৪-৭৪ তারিখ পর্য সরবরাহ করবার ব্যবস্থা করা হইয়াছে।

(ঙ) হ্যাঁ। উহা ডি ভি সি ও কেন্দ্রীয় সরকারের গোচরে আনা হইয়াছে।

Rhino Poaching Enquiry Committee's recommendation to stop forestry operation within the Jaldapara Wild Life Sanctuary

697. (Admitted question No. 2427.) **Shri Md. Safiullah :** Will the Mini in-charge of the Forests Department be pleased to state—

(a) if it is a fact that the Rhino Enquiry Commission strongly recommende stop forestry operation within the Jaldapara Wild Life Sanctuary ;

(b) if so,

(i) whether the recommendations have been accepted by the Governme

(ii) whether all sorts of forestry operations have been stopped within Jaldapara Wild Life Sanctuary ; and

(c) whether the same principle will be followed in the case of the Gorur Sanctuary as well ?

The Minister for Forests : (a) No.

(b) (i) and (ii) and (c)—Does not arise.

মেদিনীপুর স্কুল বোর্ড

৬৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৪৬।) **শ্রীহেমন্ত দত্ত ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর স্কুল বোর্ডকে বর্তমান আর্থিক বৎসরে (১৯৭৩-৭৪) কোন্ খাতে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) বরাদ্দকৃত অর্থ নির্দিষ্ট খাতে খরচ হইয়াছে কিনা; এবং

(গ) শিক্ষকদের বেতনখাতে মাসে ঐ জেলায় কত টাকা খরচ হয়?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) মেদিনীপুর স্কুল বোর্ডকে বর্তমান আর্থিক বৎসরে (১৯৭৩-৭৪) বিভিন্ন খাতে যে টাকা দেওয়া হইয়াছে তাহা নিম্নরূপ ঃ—

		Rs.
(1) For payment to teachers'—		
(a) Salary, D. A. P. F., etc.	...	4,53,83,768
(b) Stipendiary Schemes	..	1,93,300
(c) P. F. and Gratuity	.	7,85,000
		4,63,62,068
(2) Contingency to Schools	..	4,37,180
(3) Voluntary organisation J. B. Schools		5,10,100
(4) Mid-day meal schemes		34,000
(5) Flood advance to teachers, 1973		3,80,000
The Minister for Closed and Sick Industries : (a) The number of sick industries Vest Bengal is not known nor a census of such industries possible because sickness n internal condition which private managements generally hide.

)), (c) and (d) The questions do not arise.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. **745**

	Permanent Closure		Continuing Closure		Total Closure	
	No. of cases	Men involved	No. of cases	Men involved	No. of cases	Men involved
Present position of closure cases (as on 20th February, 1974).	400	29,744	152	11,432	552	41,176
Position of closure cases up to 19th March 1972 (as on 20th February, 1974).	341	26,381	33	2,386	374	28,767
The funds invested by Government in each of the above industries for re-opening them with what result.	Shown in a separate statement.					

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 745—concld

4. The measure the Government propose to take for the revival of the remaining closed industries.	The Government generally resort to the following four measures for re-opening of the closed units :— (a) conciliation proceedings in case of labour management disputes; (b) in case of financial stringency reconstruction of the units through IRCI and Nationalised Banks; (c) take over of the management of the closed units either by Government unilaterally or in collaboration with other institutions under the provisions of the law which circumstances justify; and (d) inducing public sector undertakings to purchase plant and machinery free from encumbrances in respect of the units under liquidation having economic viability and employment potential.

STATEMENT I

1. List of closed/sick industrial units directly assisted by State Government (March 1972 to February 1974).

	Serial number and name		Amount of loan (in terms of lakhs of Rs.)	Workers involved
1.	Manindra Mills Ltd. ...	...	7.28	500
2.	Bengal Textile Mills Ltd. ...	...	7.84	400
3.	Central Cotton Mills Ltd. ...	...	30.50	2,700
4.	Bengal Fine Spg. & Wvg. Mills Ltd. Unit No. 1	...	16.26	1,200
5.	Shree Mahalaxmi Cotton Mills	...	13.72	1,500
6.	Bengal Luxmi Cotton Mills Ltd.	...	39.00	2,200
7.	Luxmi Narayan Cotton Mills Ltd.	...	13.77	1,240
8.	Rampooria Cotton Mills Ltd.	...	20.63	1,900
9.	Krishna Silicate & Glass Works Ltd.	...	35.00	1,550
10.	Mackintosh Burn Ltd. ...	...	10.80	600
11.	Abrasives & Castings Ltd. Bally unit.	...	0.20	175
	Total	...	195.00	22,065

II. List of closed/sick industrial units indirectly assisted by State Government, i.e., in receipt of loan from West Bengal State Textile Corporation Ltd. (March 1972 to 3rd week of February 1974).

Serial number and name		Amount of loan (In lakhs of Rs.)	Workers involved
1.	Jyoti Weaving Factory	4.45	300
2.	Central Cotton Mills Ltd.	8.59	2,700
3.	Kanoria Industries (cotton Mills Section)	6.35	357
4.	Arati Cotton Mills Ltd.	6.74	300
5.	Bangashree Cotton Mills . ..	8.73	1,400
6.	Sodepur Cotton Mills	3.38	390
7.	Bengal Fine Spg. & Wvg. Mills Ltd. Unit No. 1	3.64	1,200
	Total ...	41.88	6,647

III. List of closed/sick industrial units assisted by way of guarantee of the State Government (March, 1972 to January, 1974).

Serial number and name		Amount of guarantee (In lakhs of Rs.)	Workers involved
1.	Bengal Luxmi Cotton Mills Ltd. ...	47.00	2,200
2.	Automative Enterprise Ltd.	0.035	70
3.	India Rubber Manufacturing Ltd . .	15.00	550
4.	India Machinery Co. Ltd. .. .	11.34	500
5.	Sen Pandit Industries Ltd.	0.65	592
6.	Sen Raleigh Ltd.	3.74	3,481
7.	Ancillary Industries Lugs Ltd. ...	0.06	283
8.	Ancillary Industries Cranks Ltd. ...	0.17	
9.	Ancillary Industries Forgings Ltd. ...	0.08	
10.	Rampooria Cotton Mills Ltd. ...	29.40	1,900
11.	Luxmi Narayan Cotton Mills Ltd. ...	19.60	1,240
12.	Central Cotton Mills Ltd.	10.29	2,700
	Total ...	137.365	13,516

Total number of directly and indirectly assisted units (March 1972 to 3rd week of February 1974)—24, workers involved—30,288.

STATEMENT II

List of closed/sick units the management of which has been taken over under I (D & R.) Act by the Government of India at the instance of the State Government.

Serial No.	Name of the unit	Workers involved
1.	Manindra Mills Ltd.	500
2.	Bengal Textile Mills Ltd.	400
3.	Central Cotton Mills Ltd.	2,700
4.	Smith Stanistreet & Co.	1,100
5.	Bengal Fine Spg. & Wvg. Mills Ltd. Unit No. 1 ...	1,200
6.	Bengal Luxmi Cotton Mills Ltd.	2,200
7.	Shree Mahalaxmi Cotton Mills Ltd.	1,500
8.	Rampooria Cotton Mills Ltd.	1,900
9.	Luxmi Narayan Cotton Mills Ltd.	1,240
10.	India Rubber Manufacturing Ltd.	550
11.	Carter Pooler & Co.	380
12.	India Machinery Co. Ltd.	500
13.	Containers & Closures Ltd.	800
14.	Krishna Silicate & Glass Works Ltd.	1,550
15.	Arati Cotton Mills Ltd.	300
16.	Bengal Fine Spg. & Wvg. Mills Ltd., Unit No. 2 ...	270
17.	Sodepur Cotton Mills	390
18.	Kanoria Industries (Cotton Mill Section) ...	357
19.	Bangashree Cotton Mills	1,400
20.	Jyoti Weaving Factory	300
21.	Indian Iron & Steel Co.	18,000
22.	Abrasives Castings Ltd. Bally Unit	175
23.	Burn Co.	6,750
24.	Indian Standard Wagon Co.	3,817
	Total	48,279

মেদিনীপুর জেলায় ব্লকওয়ারী ধান্য লেভী ধার্যের পরিমাণ

৭৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৫।) শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে কত পরিমাণ ধান্য লেভী ধার্য হইয়াছিল; এবং

(খ) ১৯৭৪ সালের ২৮এ ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত জেলার কোন্ ব্লক হইতে কত পরিমাণ লেভী ধান আদায় হইয়াছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের রাষ্ট্রমন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ১৯৭৩-৭৪ সালে মেদিনীপুর জেলায় ব্লকওয়ারী যে পরিমাণ লেভী ধার্য হইয়াছিল এবং ২৮এ ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত যে পরিমাণ লেভী আদায় হইয়াছিল, তাহা এইরূপঃ—

(ধানের হিসাবে টনে)

মহকুমা	ব্লক	ধার্য লেভী	২৮ ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত আদায়ের পরিমাণ
সদর (নর্থ) ..	মেদিনীপুর	৭৭১.৩০	১৮৯.৯০
	দেবরা	১,৫৯৬.৯০	৭৩২.৬৬
	গড়বেতা-১	৩৭১.৩৯	২৭০.৮৭
	গড়বেতা-২	৪৩২.২০	১৯৯.৪০
	গড়বেতা-৩	১৩৯.১৭	১২২.২৩
	সালবনি	৮৩৭.০০	৫০৭.০৮
	কেশপুর	১,১০৭.০০	৫৩০.০০
সদর (সাউথ) ..	পিংলা	৬৮৩.৯০	৫৬০.৬২
	সাবং	২৯১.৮৬	২৫৯.৫০
	কেশীয়ারী	৫৮০.০৮	৫৩১.৫৭
	দাতন-১	৪৬৫.২২	২৭৫.৬৮
	দাঁতন-২	৪৫৯.২৭	২৯৪.৪৪
	মোহনপুর	১৯০.১১	২০০.৩৪
	নারায়ণগড়	১,১১৮.০০	৭৯৯.৬৮
	খড়গপুর-১	৪২৩.৯০	১২৯.০৪
	খড়গপুর-২	১,৪৬৩.০০	১,০৭১.১২
ঝাড়গ্রাম ..	ঝাড়গ্রাম	২৬১.০৪	১৬৮.৩২
	জামবোনী	৭২.৬০	৬৮.৮২
	বিনপুর-১	১২৫.৯১	৯৭.৯৬
	বিনপুর-২	২৯০.৬৩	৯৭.৬৬
	গোপীবল্লভপুর-১	৪৫.৮৮	৩৮.৬৬
	গোপীবল্লভপুর-২	৬৪.৯৭	৭৫.৪১
	সাঁকরাইল	১৭৬.৮২	১৬৯.৮০
	নয়াগ্রাম	১৩৩.১৪	৮৭.৬৯
ঘাটাল ..	ঘাটাল	৮৬.৬৩	৪৯.৪২
	চন্দ্রকোণা-১	২০৮.৫২	১১৬.৩১
	চন্দ্রকোণা-২	২১৪.৫৪	৯১,৫০
	দাসপুর-১	৪৩.৬৩	৪,৪৯
	দাসপুর-২	৮.০৬	১,৬৫

মহকুমা	ব্লক			ধার্য লেভী	২৮ ফেব্রুয়ারি ১৯৭৪ পর্যন্ত আদায়ের পরিমাণ
তমলুক ..	তমলুক-১	—	—	৫.৪৫	৪.৭৭
	তমলুক-২	—	—	৭.৭৪	২.৩৮
	পাশকুঁড়া-১	—	—	১২.০৪	৪.১৮
	পাঁশকুঁড়া-২	—	—	১১.৪৩	৫.৬০
	ময়না	—	—	৬৪.৩০	১৩.৮৩
	মহিষাদল-১	—	—	৬২.৭০	২৪.৩৪
	মহিষাদল-২	—	—	০.৮৫	০.৩৭
	নন্দীগ্রাম-১	—	—	৩২.৮৮	১৪.৩৬
	নন্দীগ্রাম-২	—	—	৬০.০৮	৬.০৭
	নন্দীগ্রাম-৩	—	—	৪১.৪০	১৪.৫০
	সুতাহাটা-১	—	—	৭৯.৮৭	২৩.০০
	সুতাহাটা-২	—	—	২১.২৩	১১.০১
কাঁথি ..	কাঁথি-১ —	—	—	৫২.২০	২৫.৬৩
	কাঁথি-২ —	—	—	২০৫.৮৯	৯৬.০০
	কাঁথি-৩ —	—	—	১৬০.০০	৬৩.০০
	রামনগর-১	—	—	১৮.২১	১৪.৪৭
	রামনগর-২	—	—	২৩.৩৫	১৮.৬৬
	এগরা-১ —	—	—	২০৭.৬৬	৯৪.০৬
	এগরা-২ —	—	—	৮০.২৬	৬৩.৩৫
	পটাশপুর —	—	—	২৬৫.৬৩	১২১.২৬
	ভগবানপুর-১	—	—	৫৫.৫৮	৩৮.২৫
	ভগবানপুর-২	—	—	৫৪.৬১	৪০.৫১
	খেজুরী —	—	—	৩৭৫.৬২	১৪৩.৩৩

মুর্শিদাবাদের মৌজা মালদহ কালেক্টরেটের অন্তর্ভুক্তি

৭৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সমসেরগঞ্জ ও ফরাক্কা থানার গঙ্গার উত্তর ও পূর্ব পারে পারবৈদ্যনাথপুর মৌজা ও তৎসংলগ্ন ১৩টি মৌজা মালদহ কালেক্টরেটের অন্তর্ভুক্তির প্রস্তাব রাজ্যসরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্য হইলে, ঐ মৌজাসমূহের অধিবাসীদের নিকট হইতে এ সম্বন্ধে কোন মতামত লওয়া হইয়াছে কি না এবং হইলে, তাহা কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গঙ্গা ও পদ্মা নদীর মধ্যরেখা মুর্শিদাবাদ ও মালদা জিলার সীমানির্দেশ ক'রে নদীর গতিপথ পরিবর্তনের ফলে মৌজাগুলি মালদা জেলার অন্তর্ভুক্ত হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

Flood relief works during 1973-74

748. (Admitted qKestion No. 2619.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that the State Government could not fully utilise the amount of Rs. 5 crore sanctioned by the Union Government for executing the flood relief works during 1973-74 ; and

(b) if so, the reasons thereof ?

The Minister for Irrigation and Waterways : (a) and (b) The works of repairs and restoration of embankment of flood protective works, structures, etc., of the Irrigation and Waterways Department damaged by 1973 flood were started in full swing and were in progress. But due to the cease work by a section of the engineers of the Irrigation and Waterways Department with effect from 21st February 1974, the works was stalled after commencement of the cease work. In order to complete the works programme and to utilise the central assistance of the order of Rs. 5 crores fully the Zilla Parishads concerned were authorised to execute the remaining work programme for 1973-74 with the help of the available engineers of the Irrigation and Waterways Directorate and to make payments of claims for work done subject to observance of necessary formalities. Till the accounts are received it will not be possible to say how much of the funds were utilised.

কুটীর ও ক্ষুদ্র শিল্পের জন্য কাঁচামাল বণ্টন কমিটি

৭৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ক্ষুদ্র ও কুটীর শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ক্ষুদ্রশিল্প এবং কুটীর শিল্পগুলির প্রসারের জন্য যে কাঁচামাল প্রয়োজন তাহা বণ্টন করার জন্য একটি কমিটি আছে; এবং

(খ) সত্য হইলে,

(১) কতজন সদস্য লইয়া উক্ত কমিটি গঠিত হইয়াছে, ও

(২) উক্ত কমিটি মারফত ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কত পরিমাণ কাঁচামাল বণ্টিত হইয়াছে?

ক্ষুদ্র ও কুটীর শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। প্রধানত দেশজ লৌহ ও এ্যালুমিনিয়াম ও জিঙ্ক প্রভৃতি দুষ্প্রাপ্য ধাতু এবং মাটন ট্যালো ও প্যারাফিন ওয়াক্স প্রভৃতি কাঁচামাল বণ্টনের জন্য একটি 'র' মেটেরিয়াল অ্যালোকেশন কমিটি আছে।

(খ) (১) তিনজন সদস্য লইয়া উক্ত কমিটি গঠিত।

(২) ১৯৭২ সালের মে মাসে কমিটি গঠিত হওয়ার পর উহা যে পরিমাণ কাঁচামাল বণ্টন করিয়াছে তাহা নিম্নে প্রদত্ত হইল:

	১৯৭২-৭৩ মেট্রিক টন	১৯৭৩-৭৪ ফেব্রুয়ারি পর্যন্ত মেট্রিক টন
(১) ইস্পাত — — —	১৭,৫৩৯	৩৮,৪১১
(২) এ্যালুমিনিয়াম — — —	১,৩৩১	১,৫২০
(৩) জিঙ্ক — — —	—	২০,০৮০
(৪) মাটন ট্যালো — — —	৬,৮১৩	—
(৫) প্যারাফিন — — —	২,৫৪২ (১৯৭২) ৮,১১১ (১৯৭৩)	১,০৩০ (১৯৭৪)

Consumers' Co-operative Stores in rural areas of West Bengal

750. (Admitted question No. 2280.) **Shri Monoranjan Pramanik :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) whether the Government has any plan to start consumers' Co-operative stores in rural areas in West Bengal; and

(b) if so, the details of articles intended to be included in such stores?

The Minister for Co-operation : (a) Yes. In the Fifth Five-Year Draft Plan it has been proposed under the head "Distribution of consumer articles in rural areas" to strengthen un-aided or newly organised small Primary Consumers' Stores in rural areas.

(b) Consumers' Co-operative Stores are autonomous bodies. Their managing committees are the competent authority to maintain various assortment of articles needed for their members as also for general public according to their capacity and demand. It is, therefore, not possible to give the details of the articles intended to be included in such stores.

রাজ্য পর্যটন উন্নয়ন করপোরেশন

৭৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের অধীনে রাজ্য পর্যটন উন্নয়ন করপোরেশন গঠন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত করপোরেশনের বর্তমান সদস্য কাহারা এবং (২) এ পর্যন্ত উক্ত করপোরেশনের কয়টি বৈঠক হইয়াছে?

স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে রাজ্য উন্নয়ন করপোরেশন এখনও গঠিত হয় নাই। করপোরেশন গঠনের ব্যাপারে মন্ত্রিসভার সম্মতি পাওয়া গিয়াছে। করপোরেশনের মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন নথিভুক্ত করতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হইয়াছে। নথিভুক্তকরণ সম্পূর্ণ হইলে করপোরেশন গঠিত হইবে।

(খ) (১) করপোরেশনের সদস্যদের নাম এখনও ঠিক হয় নাই।

(২) প্রশ্ন ওঠে না।

Taking over all of fallow lands by Government

752. (Admitted question No. 1827.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation anf Reforms Department be pleased to state whether the State Government is considering any proposal for taking over by the State of all fallow lands for cultivation under the State supervision?

The Minister for Land Utilisation and Reforms : No.

Development of the underdeveloped areas of Jhargram

753. (Admitted question No. 1589.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning (Jhargram Affairs) Department be pleased to state the salient features of the scheme for development of the underdeveloped areas of Jhargram subdivision in the Midnapore district?

The Minister for Development and Planning (Jhargram Affairs) : Sectoral programmes of Agriculture, Industry, Power, Irrigation, etc. give particular attention to the development needs of backward areas. Furthermore, special funds have now been provided for Jhargram and similar other backward areas to meet the critical gaps in sectoral programmes so that the process of development is duly accelerated. For the year 1973-74 special funds totalling Rs. 8.71 lakhs were provided for the Jhargram area; for 1974-75 a provision of Rs. 10.85 lakhs has also been made. These funds are utilised in different sectors such as Minor Irrigation, Rural Roads, Market Improvement, Agriculture and Allied Areas, Social Services, Other amenities, etc.

বাংলাদেশ হইতে পশ্চিমবাংলায় মৎস্য আমদানী

৭৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০২।) **শ্রীঅনন্তকুমার ভারতীঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে বাংলাদেশ থেকে কি পরিমাণ মাছ পশ্চিম বাংলায় এসেছে;

(খ) এই মাছের কত অংশ পচা ব'লে সরকার নিয়ন্ত্রিত দামের কমে বিক্রয় হয়েছে; এবং

(গ) পশ্চিমবাংলার সাথে বাংলাদেশের এই মৎস্য ব্যবসায়ে পশ্চিমবঙ্গের কত লাভ বা লোকসান হয়েছে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেন্দ্রীয় সরকারের সংস্থা সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশনের মারফত ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে বাংলাদেশ থেকে পশ্চিমবাংলায় যথাক্রমে ৭৩,৮৮২ মণ এবং ৮৬,১৮৯ মণ মাছ এসেছে।

(খ) মাছের জন্য সরকার নিয়ন্ত্রিত কোন দাম না থাকায় এ প্রশ্ন ওঠে না।

(গ) ভারত সরকার প্রতিষ্ঠিত সংস্থা সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশন লিমিটেড কর্তৃক এই ব্যবসা পরিচালিত হওয়ায় পশ্চিমবঙ্গ সরকারের লাভ বা লোকসানের প্রশ্ন ওঠে না।

মূক ও বধিদের জন্য শিক্ষাকেন্দ্র

৭৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫৮।) **শ্রীঅনন্তকুমার ভারতী**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবাংলায় বর্তমানে মূক ও বধিরদের জন্য কয়টি ও কোথায় কোথায় শিক্ষাকেন্দ্র আছে;

(খ) ঐ শিক্ষাকেন্দ্রগুলিতে বর্তমানে কত ছাত্রছাত্রী আছে; এবং

(গ) ঐ ধরনের আরও শিক্ষাকেন্দ্র খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে মূক ও বধিরদের জন্য ৮টি বিদ্যালয় আছে, যথা ঃ

১। কলিকাতা মূক ও বধির বিদ্যালয়, কলিকাতা;
২। সিউড়ি মূক ও বধির বিদ্যালয়, সিউড়ি, বীরভূম;
৩। মহারাণী নীলিমাপ্রভা মূক ও বধির বিদ্যালয়, বহরমপুর, মুর্শিদাবাদ;
৪। মানভূম মূক ও বধির বিদ্যালয়, পুরুলিয়া;
৫। মূক ও বধির বিদ্যালয়, রায়গঞ্জ;
৬। বরানগর মূক ও বধির বিদ্যালয়, কলিকাতা;
৭। ওরাল স্কুল ফর ডেফ চিল্ড্রেন, কলিকাতা এবং
৮। জাতীয় বধির সম্মেলন, কলিকাতা-৬।

(খ) বর্তমানে ৫২৩ জন ছাত্রছাত্রী আছে।

(গ) হ্যাঁ।

কোচবিহার পাওয়ারলুম

৭৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৪।) **শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী**ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার পাওয়ারলুম যখন মঞ্জুর করা হয়, তখন কোন এরিয়া অব অপারেশন ঠিক করে দেওয়া হয়েছিল কি না;

(খ) হয়ে থাকলে, কোথায় ঠিক ক'রে দেওয়া হয়েছিল;

(গ) বর্তমানে ঐ পাওয়ারলুম কোথায় বসানো হয়েছে; এবং

(ঘ) এই পাওয়ারলুমে কাদের নিয়ে কো-অপারেটিভ করা হয়েছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সদর মহকুমা কোচবিহার।

(গ) আদৌ পাওয়ারলুম পাওয়া যায় নাই এবং বসানো হয় নাই।

(ঘ) এলাকায় বসবাসকারী তাঁতী অথবা পাওয়ারলুম দ্বারা জীবিকার্জনে আগ্রহী ব্যক্তিগণ যাহাদের সংখ্যা মোট সভ্যসংখ্যার এক চতুর্থাংশের বেশী নহে।

বীরভূম জেলায় এম আর সপ

৭৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪০।) শ্রীনির্মলকৃষ্ণ সিন্হাঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা থেকে সবচেয়ে বেশী চাল সংগ্রহ হওয়া সত্ত্বেও সেখানে এম আর সপ মারফত চাল দেবার কোন ব্যবস্থা হয় নি কি এবং না হলে, তার কারণ কি;

(খ) বীরভূম জেলায় যে কয়টি কো-অপারেটিভ চালকল আছে সেগুলি চালু না করার কারণ কি; এবং

(গ) আবদারপুরের চালকলটি তৈরি করতে কত টাকা খরচ হয়েছে, এবং এটি কবে নাগাত চালু করা যেতে পারে?

খাদ্য ও সরবরাহ বিভাগের রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) গত ছয় মাসে বীরভূম জেলায় এম আর সপ মারফত বিতরণের জন্য যে পরিমাণ চাল দেবার ব্যবস্থা করা হইয়াছিল, তাহা হইল—

					মেট্রিক টন
অক্টোবর, ১৯৭৩	—	—	--	--	১৫০০
নভেম্বর, ১৯৭৩	—	—	--	--	৫০০
ডিসেম্বর, ১৯৭৩	—	—	--	---	২৫০
জানুয়ারী, ১৯৭৪	—	—	--	—	২৫০
ফেব্রুয়ারী, ১৯৭৪	—	—	—	--	২৫০
মার্চ, ১৯৭৪	—	—	—	—	২৫০

(খ) বীরভূম জেলায় দুইটি নূতন কো-অপারেটিভ চালকলের মধ্যে একটি সিউড়ী থানার পুরন্দরপুর গ্রামে এবং অন্যটি ইলামবাজার থানার ইলামবাজার গ্রামে অবস্থিত। এই চালকল দুইটি চলতি খরিফ মরশুমে এফ সি আই-এর রাইস-মিলিং এজেন্ট হিসাবে কাজ করিতেছে এবং যান্ত্রিক গোলযোগের জন্য মিল দুইটিতে প্রায়ই কাজ বিঘ্নিত হয়।

(গ) আবদারপুরের চালকলটি এফ সি আই দ্বারা স্থাপিত হইতেছে। ইহা তৈরি করিতে আনুমানিক ১৬,৩০,০০০ টাকা খরচ হইবে। চালকলটি স্থাপনের কাজ প্রায় সম্পূর্ণ হইয়াছে এবং আশা করা যায়, অতি শীঘ্রই ইহা চালু করা সম্ভবপর হইবে।

কলিকাতা কর্পোরেশনের আর্থিক অস্বচ্ছলতা

৭৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪২।) শ্রীঅনন্তকুমার ভারতীঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনের আর্থিক অবস্থার উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কি উপায়ে এবং কবে নাগাত তাহা করা সম্ভব হবে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কলিকাতা কর্পোরেশন সহ পশ্চিমবঙ্গের সকল পৌরসভার আর্থিক অবস্থা পর্যালোচনা করিয়া তাহাদের আর্থিক অবস্থার কিভাবে উন্নতি করা যায় তাহার জন্য সরকার একটি মিউনিসিপ্যাল ফাইন্যান্স কমিশন গঠন করার সিদ্ধান্ত লইয়াছেন।

কমিশনের কাজ কবে নাগাত সমাপ্ত হইবে তাহা এখন বলা যায় না।

কাটোয়া ১নং ব্লকের ভূমি-সংস্কার উপদেষ্টা কমিটি

৭৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭৪।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া ১নং ব্লকের ভূমি-সংস্কার উপদেষ্টা কমিটির কতগুলি সভা ঐ কমিটি গঠিত হওয়া থেকে ২৫এ মার্চ ১৯৭৪ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে;

(খ) ঐ সভাগুলিতে কি পরিমাণ জমি বিভিন্ন ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করার প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হয়েছে;

(গ) তার মধ্যে কত পরিমাণ জমির জন্য প্রকৃতপক্ষে ভূমিহীন কৃষকদের মধ্যে লাইসেন্স দেওয়া সম্ভব হয়েছে; এবং

(ঘ) যে জমিগুলি বিলি করার প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হয়েছে অথচ ভূমিহীন কৃষকদের লাইসেন্স দেওয়া হয় নি সেগুলি না দেওয়ার কারণ কি এবং সে লাইসেন্সগুলি কবে দেওয়া হবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৬টি সভা অনুষ্ঠিত হইয়াছে।

(খ) ৭৪·৭৩ একর জমি বিলি করার প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হইয়াছে।

(গ) ৫০·১৪ একর জমি ভূমিহীন কৃষকদের লাইসেন্স দেওয়া হইয়াছে;

(ঘ) প্রধান কারণ কোর্ট ইনজাংসন। কয়েকটি ক্ষেত্রে বণ্টনকৃত জমি চাষের অযোগ্য বিবেচনা করিয়া প্রাপক বন্দোবস্ত গ্রহণে অনিচ্ছা প্রকাশ করিয়াছেন।

ইনজাংসন রহিত হইলেই চাষের যোগ্য জমির লাইসেন্স দেওয়া হইবে।

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দুগ্ধ প্রকল্পের অধীন গরু ও মহিষ

৭৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০৪।) **শ্রীঅনন্তকুমার ভারতীঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দুগ্ধ প্রকল্পে যেসমস্ত গরু আছে তার মধ্যে সব থেকে বেশী দুগ্ধ দেয় কোন্ গরুগুলি;

(খ) উক্ত প্রকল্পগুলিতে মহিষের দুগ্ধের পরিমাণ কত এবং কতগুলি মহিষ আছে; এবং

(গ) দুগ্ধ শেষ হইবার পর উক্ত প্রকল্পের গরু ও মহিষগুলিকে কি করা হয়?

পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হলস্টিন, হরিয়ানা শংকর জাতের গরুগুলি সবচেয়ে বেশী দুগ্ধ দেয়।

(খ) উক্ত প্রকল্পগুলিতে মহিষের দুগ্ধের পরিমাণ দৈনিক মোট ১১,১০০ লিটার এবং প্রায় দুই হাজার তেত্রিশটি মহিষ আছে।

(গ) দুগ্ধ শেষ হইবার পর বৃদ্ধ গরু-মহিষ যাহারা দুগ্ধ উৎপাদন ক্ষমতা হারায় তাহাদিগকে নীলামে বিক্রয় করা হয়।

হুগলি জেলায় উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে হোলটাইম হিন্দী শিক্ষক নিয়োগের আবেদন

৭৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৬।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৭২ ও ১৯৭৩ সালে হুগলি জেলার কোন্ কোন্ সরকারী সাহায্যপ্রাপ্ত উচ্চ এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় হইতে হোলটাইম হিন্দী শিক্ষক নিয়োগের জন্য ডি পি আই-এর নিকট আবেদন আসিয়াছে;

(খ) কয়টি ক্ষেত্রে এই আবেদন মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) অবশিষ্ট ক্ষেত্রে আবেদন মঞ্জুর না হইবার কারণ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নিম্নলিখিত বিদ্যালয়গুলি হইতে আবেদন আসিয়াছে—

১। জিরাট কলোনী হাই স্কুল;

২। ব্যাঙ্গাই হাই স্কুল;

৩। বাকুলিয়া আর এন ইনস্টিটিউসন;

৪। মলয়পুর হাই স্কুল;

৫। বৈদ্যবাটী বালিকা বিদ্যালয়;

৬। সাহাগঞ্জ ডানলপ হাই স্কুল;

৭। রাজহাট হাই স্কুল;

৮। শ্যামপুর হাই স্কুল;

৯। তারকেশ্বর গার্লস হাই স্কুল;

১০। বড়দঙ্গল আর এন ইনস্টিটিউসন;

১১। অধরমনী দত্ত বিদ্যামন্দির; এবং

১২। গোবিন্দপুর পূর্ণচন্দ্র বিদ্যায়তন।

(খ) ও (গ) কেন্দ্রীয় সরকারের ব্যয় সঙ্কোচন নীতি ও এক নির্দেশনামা অনুযায়ী কোন হিন্দী শিক্ষকের হোলটাইম পদ ১৯৭২ ও ১৯৭৩ সালে মঞ্জুর করা হয় নাই।

মডিফায়েড রেশনিং এলাকায় গ্রাম ও শহরাঞ্চলে রেশন সরবরাহে বৈষম্য

৭৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় গ্রাম ও শহরাঞ্চলে মডিফায়েড রেশনিং এলাকায় রেশন সরবরাহ ব্যাপারে কোন পার্থক্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, গ্রাম এবং শহরাঞ্চলে পৃথকভাবে বর্তমানে কি পরিমাণ চাল, গম, আটা এবং অন্যান্য রেশনজাত দ্রব্যসামগ্রী সরবরাহ করা হইতেছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক)ও (খ) পশ্চিমবাংলায় সংশোধিত রেশনিং ব্যবস্থায় গ্রাম এবং শহরাঞ্চলের জন্য পৃথক রেশনের হার চালু নাই। বর্তমানে যে হার চালু আছে তাহা হইল—

(১) "ক" শ্রেণীভুক্ত সকল কার্ডহোল্ডার মাথাপিছু ৭০০ গ্রাম চাউল।

(২) বৃহত্তর কলিকাতা রেশনিং এলাকার সন্নিহিত অঞ্চলের এবং দার্জিলিং জেলার ৩টি পার্বত্য মহকুমার সর্বশ্রেণীর কার্ডহোল্ডারগণ সপ্তাহে মাথাপিছু ৭৫০ গ্রাম চাউল, এবং

(৩) সংশোধিত রেশন এলাকার সর্বত্র সকল শ্রেণীর কার্ডহোল্ডার সাপ্তাহিক মাথা-পিছু ১,২০০ গ্রাম গম/গমজাত দ্রব্য।

উপরি-উক্ত হারগুলি সর্বক্ষেত্রে প্রাপ্তবয়স্কদের জন্য এবং অপ্রাপ্ত বয়স্কেরা উক্ত হারের অর্ধেক করিয়া পাইয়া থাকে।

সংশোধিত রেশনিং এলাকায় সর্বদাই প্রাপ্যতা অনুযায়ী চাউল ও গম, গমজাত দ্রব্য সরবরাহ হইয়া থাকে। কেন্দ্রীয় ভান্ডার হইতে চাউল ও গম সরবরাহ বহুল পরিমাণে হ্রাস পাওয়াতে জেলা শাসকগণ প্রাপ্যতা অনুসারে ঐসব দ্রব্য সরবরাহ করিতে নির্দেশ দিয়া থাকেন।

লেভি চিনির ক্ষেত্রেও প্রাপ্যতা অনুসারে সরবরাহ করা হয়। ইহার জন্য কোন নির্ধারিত হার নাই।

মিনিবাস ও অটোরিক্সার পারমিট

৭৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় জেলাওয়ারী ১৯৭২ সালের এপ্রিল হইতে ১৯৭৪ সালের জানুয়ারি পর্যন্ত কতগুলি মিনিবাসের পারমিট দেওয়া হইয়াছে;

(খ) এই ব্যাপারে বেকার যুবকদের ক্ষেত্রে সরকারী আর্থিক সাহায্য কিভাবে দেওয়া হইয়াছে; এবং

(গ) অটো রিক্সার কোন পারমিট দেওয়া আরম্ভ হইয়াছে কিনা এবং হইলে কোন্ সময় হইতে এবং এ পর্যন্ত কতজনকে দেওয়া হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) জেলাওয়ারী তালিকা নিম্নে প্রদত্ত হইল—

কলিকাতা — — — — —	১৫৫
হুগলি — — — — —	১
বীরভূম — — — — —	১
মেদিনীপুর — — — — —	১
দার্জিলিং — — — — —	১

অন্যান্য জেলায় কোন পারমিট দেওয়া হয় নাই।

(খ) কলিকাতা আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত মিনিবাস পারমিট প্রাপকদের মধ্যে একশত জন শিক্ষিত বেকারকে কর্মসংস্থানের উদ্দেশ্যে মোট ব্যয়ের এক-দশমাংশ ঋণদানের একটি প্রকল্প সরকারের আছে। এখন পর্যন্ত কাহাকেও ঋণ মঞ্জুর করা হয় নাই।

(গ) শিক্ষিত বেকারদের কর্মসংস্থান প্রকল্প অন্তর্ভুক্ত ১,০০০ অটোরিক্সার পারমিটের মধ্যে কোন পারমিট এখন পর্যন্ত দেওয়া হয় নাই।

দ্রব্যমূল্য বৃদ্ধি

৭৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৬।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "দ্রব্যমূল্য' অস্বাভাবিকভাবে বৃদ্ধি হওয়ার মূল কারণ কি;

(খ) যোগান কমই একমাত্র কারণ হইয়া থাকিলে অধিক মূল্যে মানুষ নিত্যপ্রয়োজনীয় জিনিস পাইতেছে কেন;

(গ) যেসকল অসাধু ব্যবসাদার দ্রব্যমূল্য বৃদ্ধি করিতেছে তাহাদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছে কি, এবং

(ঘ) করিয়া থাকিলে, আজও দ্রব্যমূল্যের একটা সমতা আসিতেছে না কেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক) ১৯৭১ সালে বাংলাদেশ জনিত সমস্যাবলী এবং তাহার পর ১৯৭২ সালে সমগ্র দেশব্যাপী তীব্র খরা ও বিদ্যুৎ সংকটের জন্য শিল্পের অবিরাম অচলাবস্থা, ১৯৭৩ সালের শেষের দিকে অশোধিত খনিজ তেল এবং পেট্রোলজাত দ্রব্যের মূল্যবৃদ্ধি ও সারের অভাব ইত্যাদি, এইসব সমস্যাই দেশব্যাপী ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির কারণ।

এই মুদ্রাস্ফীতিই 'দ্রব্যমূল্যের' অস্বাভাবিক বৃদ্ধির রূপ লইয়াছে এবং তাহা সর্বাধিক পরিলক্ষিত হয় পশ্চিমবাংলায়, যে রাজ্য সর্বপ্রকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের জন্য অন্যান্য রাজ্যের উপর বিশেষভাবে নির্ভরশীল।

(খ) উচ্চমূল্যের বিনিময়ে দুষ্প্রাপ্য সামগ্রীর প্রাপ্যতার অর্থ অপর্যাপ্ত প্রাপ্যতা নয়। উচ্চতর মূল্য, স্বল্প-স্বচ্ছল ভোক্তাদের সংখ্যা হ্রাসের মাধ্যমে সীমিত ভোগকেই বোঝায়।

(গ) মিসায় আটক সমেত সকল সম্ভাব্য ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন।

(ঘ) কিছুসংখ্যক অসাধু ব্যবসায়ীদের গ্রেপ্তারের অর্থ এই হয় যে, ঐসকল ব্যবসা সাধু ব্যবসায়ীদের দ্বারা পরিচালিত হইতেছে। উপরন্তু বর্তমানে উৎপাদক এবং বড় ব্যবসায়ী হইতে আরম্ভ করিয়া ক্ষুদ্রতম খুচরা ব্যবসায়ী পর্যন্ত সকল স্তরে দুষ্প্রাপ্য সামগ্রীর কালোবাজারী চলিতেছে। পুলিশী ব্যবস্থা দ্বারা সবকিছু সমাধান সম্ভবপর নয়। বর্ধিত উৎপাদনই একমাত্র ফলপ্রসূ প্রতিকার।

হীমক্রীম উৎপাদন

৭৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯২৪।) **শ্রীঅজিতকুমার বসুঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দোহ-উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হীমক্রীমের উৎপাদন কবে থেকে শুরু হয়েছিল;

(খ) উৎপাদন শুরু হওয়ার তারিখ থেকে জানুয়ারি, ১৯৭৪ পর্যন্ত বিক্রয় বাবত কত টাকা সংগৃহীত হয়েছে; এবং

(গ) ঐসময় হীমক্রীম উৎপাদনের জন্য কত টাকা ব্যয় হয়েছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের ২৬এ ডিসেম্বর তারিখে।

(খ) উৎপাদন শুরু হওয়ার তারিখ থেকে জানুয়ারি, ১৯৭৪ পর্যন্ত 'হীমক্রীম' বিক্রয় বাবত মোট এক লক্ষ একুশ হাজার আট শত পঁচানব্বই টাকা চল্লিশ পয়সা সংগৃহীত হইয়াছে।

(গ) ঐসময়ে 'হীমক্রীম' উৎপাদনের জন্য ব্যয় হইয়াছে চৌষট্টি হাজার এক শত আঠার টাকা পঁচাত্তর পয়সা মাত্র।

৩এ বাসরুট

৭৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৭।) **শ্রীঅনন্তকুমার ভারতীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩এ বাস (স্টেট বাস) যাহা কাঁকুড়গাছি থেকে ছাড়ে (মানিকতলা মেন রোড ও সি আই টি রোডের জাংসান) উহাকে উল্টাডাঙ্গা স্টেশনের নিকট থেকে ছাড়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, কতদিনে তা করা যাবে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

বনগাঁ-শ্যামবাজার রুটে বাস

৭৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৬।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বনগাঁ-শ্যামবাজার রুটে (৭৮এ, ৭৮ই) বাসযাত্রীদের শ্যামবাজার পেঁছাইতে বহু বিলম্ব ঘটে;

(খ) অবগত থাকিলে, অযথা এই বিলম্ব দূর করিবার জন্য ৭৯বি অথবা ৭৯ রুটের সাথে যুক্ত করিয়া ৭৮এ বাস সরাসরি (ডিরেক্ট) শ্যামবাজার চালাবার ব্যবস্থা গ্রহণ করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) খ-এর উত্তর না হইলে, ইহার কারণ কি?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) ইহাতে একটি স্থায়ী রুটের গতিপথ পরিবর্তিত হইবে এবং মধ্যমগ্রাম ও ঘোলার মধ্যে অবস্থিত এবং ব্যারাকপুর ট্রাঙ্ক রোডে স্থিত ৭৮এ রুটের অংশের যাত্রীদের অসুবিধা হইবে।

৭৮এ ও ৭৮ই রুটের বাস

৭৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম-শ্যামবাজার ৭৮এ এবং ৭৮ই রুটে বর্তমানে দৈনিক গড়ে কয়টি করিয়া বাস চলাচল করে;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত দুই রুটে যাত্রী সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়ায় যাত্রীদের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(গ) অবগত থাকিলে, উক্ত দুই রুটে বাস বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কি না?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৭৮ই রুটে বনগ্রাম হইতে সোদপুর পর্যন্ত, শ্যামবাজার পর্যন্ত নহে। উক্ত দুইটি রুটে ২৯টি বাসের পারমিট আছে এবং গড়ে দৈনিক ২৬টি বাস চলে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

পশ্চিমবঙ্গে দুগ্ধ প্রকল্পের অধীন গরুর সংখ্যা

৭৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০৩।) **শ্রীঅনন্তকুমার ভারতীঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী প্রকল্পে বর্তমানে মোট কয়টি গরু আছে;

(খ) তন্মধ্যে কতগুলি গরু দুগ্ধ দেয়;

(গ) কি কি জাতের গরু উক্ত প্রকল্পে আছে; এবং

(ঘ) উক্ত প্রকল্প সরকারের লাভজনক কি না?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারী প্রকল্পে বর্তমানে মোট ৫,৪০৭টি গরু আছে।

(খ) উপরিউক্ত গরুগুলির মধ্যে ৪,০০০টি গরু নিয়মিত দুগ্ধ দেয়।

(গ) বর্তমানে উক্ত প্রকল্পে হরিয়ানা-জারসি সংকর, হরিয়ানা হলস্টিন সংকর, হরিয়ানা ব্রাউন সুইস সংকর, দেশী জারসি সংকর, দেশী হলস্টিন সংকর, হরিয়ানা, শাস্তওয়াল এবং হলস্টিন জাতের গরু আছে।

(ঘ) না।

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন

৭৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪০।) **শ্রীমহঃ দেদার বক্স ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ (বেসরকারী) এখনও মাসের ১লা তারিখে বেতন পান না; এবং

(খ) অবগত থাকিলে, মাসের ১লা তারিখে বেতন দেওয়ার ব্যবস্থা করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) অনেক মাধ্যমিক বিদ্যালয়ে ১লা তারিখে বেতন না দেওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন দেওয়ার দায়িত্ব সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষের। সরকারী অনুদান বৎসরে তিন কিস্তিতে দেওয়া হয়। বেতন ১লা তারিখে দিতে হইলে ছাত্রদের নিকট হইতেও বেতন ঠিকমত এবং ঠিক সময়ে আদায় করিতে হইবে। সরকারী অনুদান সঠিক সময়ে পাইতে হইলে অডিট রিপোর্ট ইত্যাদি, যাহাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট যথাসময়ে পৌঁছায় তাহার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের সচেষ্ট হওয়ার প্রয়োজন। জেলা পরিদর্শকের মাধ্যমে অনুদান দেওয়ার ব্যবস্থা প্রবর্তনের পর অনুদান দেওয়ার ব্যাপারে ইতিমধ্যে কিছু উন্নতি দেখা দিয়াছে।

পশ্চিমবঙ্গে নূতন কলেজ প্রতিষ্ঠা

৭৭১। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৮।) **শ্রীঅনন্তকুমার ভারতী ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে কতগুলি কলেজ আছে;

(খ) পশ্চিম বাংলার কলেজগুলির মধ্যে কতগুলি কলেজ কি কি সরকারী সাহায্য পায়;

(গ) পশ্চিম বাংলায় নূতন কলেজ তৈরির কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(ঘ) থাকিলে, কয়টি ও কবে নাগাত উহাদের কাজ সম্পূর্ণ হইবে; এবং

(ঙ) কোন্ কোন্ জেলায় কলেজ প্রতিষ্ঠা করিবার পরিকল্পনা আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) পশ্চিম বাংলায় বর্তমানে ২৬০টি কলেজ আছে।

(খ) (১) স্পনসর্ড কলেজ-এর সমস্ত আর্থিক দায়দায়িত্ব সরকারের।

(২) বেসরকারী কলেজগুলিকে নিম্নরূপ অনুদান প্রদান করা হয়ঃ—

(অ) সংশোধিত বেতনের হার পুরাতন ইউ জি সি স্কেল সমেত, উন্নত এবং একত্রিত বেতনের হার (নিউ ইম্প্রুভড অ্যাণ্ড ইন্টিগ্রেটেড স্কেল) অনুসারে, শিক্ষক ও

অশিক্ষক কর্মচারীর মাগ্গী ভাতা, অশিক্ষক কর্মচারীদের ইন্টারিম ও অ্যাড-হক গ্রান্ট এবং কতকগুলি গ্রান্ট কলেজকে পূর্ব বৎসরের হিসাব অনুযায়ী এককালীন ঘাটতি অনুদান (লাম্প ডেফিসিট গ্রান্ট);

(আ) কলিকাতার সাতটি বড় কলেজকে ফেজড রিডাকশন অব রোল স্ট্রেন্থ স্কীম অনুসারে ছাত্রসংখ্যা হ্রাসের জন্য অনুদান;

(ই) এইগুলি ছাড়া পরীক্ষায় পাশের হার বিশেষভাবে হ্রাস পাওয়ায় কলেজগুলিতে ছাত্রসংখ্যা হ্রাসের জন্য সরকার অনেকগুলি কলেজকে অর্থসঙ্কট লাঘবের ব্যাপারে আর্থিক সাহায্য প্রদান করিয়াছেন।

(গ) সরকার এবিষয়ে এখনও পর্যন্ত কোন সিদ্ধান্তে পৌঁছাইতে পারেন নাই। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষা উপদেষ্টা কমিটির সহিত আলোচনা করিয়া এবিষয়ে সিদ্ধান্ত লওয়া হইবে।

(ঘ) এবং (ঙ) প্রশ্ন ওঠে না।

হরিণঘাটা ফার্মে গবাদি পশুদের জন্য প্রয়োজনীয় খাদ্য উৎপাদন

৭৭২। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৮।) **ডাঃ শক্তিকুমার ভট্টাচার্য**ঃ পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা ডেয়ারীতে বর্তমানে কয়টি গরু ও মহিষ আছে;

(খ) উক্ত পশুদের জন্য কি পরিমাণ খাদ্য প্রয়োজন হয়;

(গ) উক্ত খাদ্যের কত অংশ হরিণঘাটায় উৎপাদন করা হয় এবং কত অংশ আমদানি করিতে হয়; এবং

(ঘ) ডেয়ারীর অন্তর্ভুক্ত সমস্ত জমি চাষ করে ও অন্যান্য উপায়ে হরিণঘাটাতেই সম্পূর্ণ প্রয়োজনীয় পশুখাদ্য উৎপাদনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হরিণঘাটা সরকারি ফার্মে ও বেসরকারী দুগ্ধ উপনিবেশে বর্তমানে গরু-মহিষের সংখ্যা নিম্নরূপঃ—

		সরকারী	বেসরকারী
গরু —	—	১,৬১৩	—
স্ত্রী-মহিষ	—	৩৭	২,০০০
বাছুর/বকনা	—	২,০৫০	১৫০
ষাঁড় —	—	৯২	—

(খ) উক্ত পশুদের জন্য নিম্নলিখিত খাদ্যের প্রয়োজন হয়ঃ

		সরকারী মেট্রিক টন	বেসরকারী মেট্রিক টন
সবুজ ঘাস	—	১,৬০৫	৬০০
বিচালী —	—	১৬৫	৩৬০
খইল, ডাল, ভুষি (সুষম খাদ্য)	—	২৯৪	৩৬০

(গ) উক্ত খাদ্যের মধ্যে সবুজঘাস ব্যতীত অন্যান্য গো-খাদ্য আমদানি করা হয়।

(ঘ) এইরূপ একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

Proposal for establishment of Government Higher Secondary School in Urdu medium in Belgachia Constituency

773. (Admitted question No. 2170.) **Shri Nandalal Banerjee :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that a big portion of Belgachia Constituency, where mostly members of the Muslim community are living has no Higher Secondary School in Urdu medium; and

(b) if so, whether the Government is considering any proposal for establishing such Government Higher Secondary School in the area?

The Minister for Education : (a) Yes, it is a fact the Belgachia Constituency in Calcutta has no Higher Secondary School in Urdu medium.

(b) At present the Government is not considering any proposal for establishing such Government Higher Secondary School in the area.

কোচবিহার ফরেস্ট ডিভিসন হইতে আয়

৭৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৩।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে (১৯৭৩ সালের এপ্রিল মাস হইতে ৩১ মার্চ, ১৯৭৪ পর্যন্ত) কোচবিহার ফরেস্ট ডিভিসন হইতে বন বিভাগের মোট কত আয় হইয়াছে ; এবং

(খ) পূর্ববর্তী আর্থিক বৎসরের তুলনায় এই আয় হ্রাস পাইয়াছে কিনা এবং হ্রাস পাইলে, তাহার কারণ কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১১,২২,২১৪ টাকা।

(খ) ৬৯,১৭৪ টাকা হ্রাস পাইয়াছে। হ্রাস পাইবার কারণ ১৯৭৩-৭৪ সালে থিনিং প্রোগ্রাম ছিল না বলিয়া বৃক্ষ-ছাটাই (প্ল্যান্টেশন থিনিংস) হইতে আয় হয় নাই।

উত্তরবঙ্গে জলদাপাড়া জঙ্গলে গণ্ডার হত্যার তদন্ত

৭৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১২।) **শ্রীঅশ্বিনী রায় :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে জলদাপাড়া জঙ্গলে বে-আইনীভাবে গণ্ডার হত্যার তদন্ত করিবার জন্য কোন তদন্ত কমিটি গঠিত হইয়াছিল কিনা; এবং

(খ) হইয়া থাকিলে,

(১) কোন্ সময় ও কাহাদের লইয়া ঐ কমিটি গঠিত হইয়াছিল,

(২) উক্ত কমিটির রিপোর্ট সরকার পাইয়াছেন কিনা, ও

(৩) পাইলে তাহা কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭২ সালের নভেম্বর মাসে নিম্নলিখিত সদস্যদের নিয়ে ঐ কমিটি গঠিত হইয়াছিল :—

শ্রী এন রায়চৌধুরী, অবসরপ্রাপ্ত আই সি এস—চেয়ারম্যান।
শ্রীঈশ্বরচন্দ্র টিরকী, এম এল এ—সদস্য।

শ্রীনারায়ণ ভট্টাচার্য, এম এল এ—সদস্য।
জলপাইগুড়ি জিলাশাসক—সদস্য।
বনপাল, উত্তর মণ্ডল—সদস্য-সচিব।

পরে ১৯৭২ সালের ডিসেম্বর মাসে শ্রী এন রায়চৌধুরীর স্থলে অবসরপ্রাপ্ত আই পি এস শ্রী পি কে বসুকে ঐ কমিটির চেয়ারম্যান নিযুক্ত করা হয়।

(২) হ্যাঁ।

(৩) মাননীয় সভ্যগণের অবগতির জন্য উক্ত রিপোর্ট বিধানসভা দপ্তরে পাঠানো হয়েছে।

নূতন শিক্ষা ব্যবস্থা

৭৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৯।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাজ্যে নূতন শিক্ষা ব্যবস্থা চালু হ'লে মাধ্যমিক স্কুলসমূহে কর্মরত শিক্ষকদের ছাঁটাই-এর কোন সম্ভাবনা আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ শিক্ষা ব্যবস্থা পুনর্বিন্যাসের ফলে কোন সার্বক্ষণিক (হোল টাইম) কর্মরত এবং অনুমোদিত শিক্ষকের কর্মচ্যুতি ঘটিবে না।

হরিণঘাটা ফার্ম হইতে ইউরিয়া সার চুরির অভিযোগ

৭৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪১।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হরিণঘাটা ফার্ম থেকে সম্প্রতি বেশ কয়েক শ বস্তা ইউরিয়া চুরি গেছে;

(খ) অবগত থাকলে, (১) কত বস্তা চুরি গেছে, (২) চুরি যাওয়ার কারণ সম্বন্ধে অনুসন্ধান হ'লে তাহা কি, (৩) এই চুরি যাওয়া সারের আনুমানিক মূল্য কত; এবং

(গ) এ সম্পর্কে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ৯৭৪ বস্তা চুরি গেছে।
(২) এ বিষয়ে পুলিশের তদন্ত চলছে।
(৩) আনুমানিক মূল্য ৪৪,০১৩ টাকা।

(গ) এই ব্যাপারে ২১ জনের বিরুদ্ধে পুলিশ কেস হয়েছে। ১ জন স্টোর কীপারের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত হচ্ছে। উপরোক্ত ২২ জন কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে।

Increase in pay scales of Class IV employees

778. (Admitted question No. 1593.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state whether the State Government is considering any proposal for increasing the scale of pay of the Class IV employees of the State Government?

The Minister for Finance : On 3rd January, 1974, the Government announced that two instalments of D.A. of Rs. 8 each would be given to wholetime Government servants drawing pay up to Rs. 1,475 including Class IV employees, with effec

from 1st January, 1974. The Government also announced that a further instalment of additional dearness allowance of Rs. 8 per head per month with be given to the State Government employees, including Class IV employees with effect from 1st April, 1974. The cost of the three instalments of dearness allowance will be Rs. 20 crores annually.

Further, only recently the Government announced a scheme for introducing Intermediate New Selection Grades. In the case of Class IV employees also New Selection Grades will be introduced.

Besides the above provisions, the Government has not at present decided to make a further revision of the pay scales of the Class IV employees, but the situation can be reviewed if occasion arises after considering the financial position of the State as also all relevant circumstances.

জেল হাজতে আসামীদের খাবার ব্যবস্থা

৭৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪৫।) **শ্রীঅনন্তকুমার ভারতী** : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার জেল হাজতে আসামীদের কি কি খাবার দেওয়ার ব্যবস্থা আছে;

(খ) জেলেই বা আসামীদের কি কি খাদ্য দেওয়া হয়; এবং

(গ) জেলে আসামীরা সাধারণতঃ কি কি সুযোগসুবিধা পেয়ে থাকেন?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) জেল কোডের বিধান অনুযায়ী জেল হাজতে আসামীদের ভাত, রুটি, ডাল, তরিতরকারী, মাছ, মাংস, ডিম ইত্যাদি দেওয়ার ব্যবস্থা আছে। উচ্চশ্রেণীর আসামীদের চা, কোকো বা কফি, পাউরুটি, মাখন ইত্যাদি দেওয়ার ব্যবস্থা আছে।

(খ) জেলে উপরোক্ত বিধান অনুযায়ী সমস্ত খাবারই দেওয়া হয়। তবে বর্তমান রেশন ব্যবস্থার পরিপ্রেক্ষিতে যেসমস্ত জেলে চাউল, বা গমজাত দ্রব্য জেল কোডে নির্ধারিত পরিমাণে দেওয়া সম্ভব হয় না সেখানে পরিপূরক খাদ্য হিসাবে অতিরিক্ত সবজি, পাউরুটি ইত্যাদি দেওয়া হয়।

(গ) জেলে থাকাকালীন বন্দীরা তাহাদের আত্মীয়স্বজন, বন্ধুবান্ধবের সহিত দেখাসাক্ষাৎ ও পত্রালাপের সুযোগসুবিধা পাইয়া থাকেন। তাহারা আইনবিষয়ক উপদেষ্টার সহিত আলাপআলোচনারও উপযুক্ত সুযোগ পান। তাহারা দৈনিক ও মাসিক পত্রিকা এবং পুস্তক পাঠের সুবিধা পান। সেন্ট্রাল ও ডিস্ট্রিক্ট জেলে প্রাথমিক শিক্ষারও ব্যবস্থা আছে। বন্দীরা যাহাতে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা দিতে পারেন তাহারও ব্যবস্থা করা হয়। জেলে বন্দীদের চিকিৎসার বিশেষ বন্দোবস্ত আছে। জটিল রোগের ক্ষেত্রে বিশেষজ্ঞ ডাক্তার-এর পরামর্শ নেওয়া হয় এবং প্রয়োজনবোধে বন্দী রোগীকে বাহিরের হাসপাতালেও চিকিৎসার জন্য প্রেরণ করা হয়। কোন নিকট আত্মীয়ের বিবাহ, অসুস্থতা, মৃত্যু বা শ্রাদ্ধ ইত্যাদি জরুরী প্রয়োজনে বন্দীদের নিজ বাড়ীতে যাইবার জন্য ছুটি দেওয়া হইয়া থাকে। ইহা ছাড়া দীর্ঘমেয়াদী বন্দীরা কয়েক বৎসর অন্তর নিজ গৃহে যাইবারও সুযোগসুবিধা পাইয়া থাকেন। জেলখানায় বন্দীদের খেলাধূলারও ব্যবস্থা আছে। সমস্ত জেলেই চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হইয়া থাকে। প্রমোদমূলক ব্যবস্থা হিসাবে রেডিও বাজানো হইয়া থাকে। প্রাপ্তবয়স্ক বন্দীদের ধূমপানের অনুমতি দেওয়া আছে। জেলে থাকাকালীন বন্দীরা যে কাজ করেন তার জন্য তাহাদের মজুরী দেওয়া হইয়া থাকে।

সর্বোপরি, জেলখানাগুলিকে শুধুমাত্র বন্দীশালা না করিয়া যাহাতে ঐগুলিকে সংশোধনকেন্দ্রে রূপান্তরিত করা যায় সেইদিকে লক্ষ্য রাখিয়া বন্দীদের সমস্ত প্রকার সুযোগসুবিধা দিবার চেষ্টা করা হইতেছে।

বাঁকুড়া জেলায় সুপার মার্কেট

৭৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৩।) **শ্রীফণীভূষণ সিংহবাবু ঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে সুপার মার্কেট সংস্থাপিত হইতেছে;

(খ) সিমলাপাল ব্লকে লক্ষ্মীসাগরে সুপার মার্কেট সংস্থাপন করার পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকিলে কবে নাগাত উহার কাজ শুরু হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) বাঁকুড়া জেলায় সুপার মার্কেট সংস্থাপনের কোন প্রস্তাব নাই। তবে ধানচাল ক্রয়বিক্রয়ের প্রধান কেন্দ্রগুলি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রোডিউস মার্কেটিং (রেগুলেশন) অ্যাক্ট, ১৯৭২-এর আওতায় আনিবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) কংসাবতী প্রকল্পের নিয়ন্ত্রিত এলাকা সিমলাপাল লক্ষ্মীসাগরে একটি বড় বাজার স্থাপন করিবার প্রস্তাব কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠান হইয়াছে।

(গ) কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়ার সঙ্গে সঙ্গেই এই কাজ শুরু হইবে।

ডাঃ বি সি রায় পোলিও ক্লিনিক

৭৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৬৬।) **শ্রীঅনন্তকুমার ভারতী ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডাঃ বি সি রায় পোলিও ক্লিনিক-এর জন্য দীর্ঘদিন ধ'রে বহুতলবিশিষ্ট যে বাড়িটি উক্ত ক্লিনিক এক্সটেনশন-এর জন্য তৈরী হচ্ছে তাহা সম্পূর্ণ তৈরি হতে আরও কত সময় লাগবে;

(খ) যে অংশ এ পর্যন্ত তৈরি হয়েছে তাতে ঐ পোলিও ক্লিনিকের শয্যা বাড়াবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কি না; এবং

(গ) থাকিলে কবে নাগাত তাহা করা হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এখন সঠিক বলা সম্ভব নয়।

(খ) কোন অংশই সম্পূর্ণরূপে তৈরী না হওয়ায় প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

মেয়র চেস্ট ক্লিনিক

৭৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫৫।) **শ্রীঅনন্তকুমার ভারতী ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নারকেলডাঙ্গা মেইন রোডের পাশেই ফুলবাগানের মোড়ে বেশ কিছুদিন পূর্বে ক্যালকাটা করপোরেশন কর্তৃক নির্মিত একটি মেয়র চেস্ট ক্লিনিক সম্পূর্ণ হয়ে প'ড়ে আছে;

(খ) অবগত থাকলে, ঐ ক্লিনিকটি কবে নাগাত চালু হবে; এবং

(গ) ঐ চেস্ট ক্লিনিকটি নির্মাণ করতে করপোরেশন-এর কত টাকা খরচ হয়েছিল?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী মহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কর্মচারী নিয়োগের জন্য ব্যবস্থা করা হচ্ছে। তাহারা নিযুক্ত হইলেই ক্লিনিকটি চালু হবে।

(গ) ১,৮৩,৮১৫ টাকা।

শহরের সম্পত্তির সীমা নির্ধারণ

৭৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৪।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শহরের সম্পত্তির সীমা নির্ধারণ বিষয়টি বর্তমানে কি পর্যায়ে আছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ১৯৭২ সালের ২রা মে তারিখে গৃহীত একটি প্রস্তাবে পশ্চিমবঙ্গ বিধানসভা শহরের সম্পত্তির সীমা নির্ধারণের উদ্দেশ্যে একটি কেন্দ্রীয় আইন প্রণয়নের নিমিত্ত লোকসভাকে ক্ষমতা অর্পণ করিয়াছেন। বিষয়টি এখনও বিবেচনাধীন রহিয়াছে।

বাঁকুড়া জেলার মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণ

৭৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৪।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৭৩-৭৪ সালে বাঁকুড়া জেলায় ক্ষতিপূরণ (১) চূড়ান্ত ও (২) অন্তর্বর্তীকালীন কত টাকা কত জন মধ্যস্বত্বাধিকারীকে দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত জেলায় কতজনকে ক্ষতিপূরণের টাকা দেওয়া বাকি আছে ও কবে নাগাত এই টাকা দেওয়া হইবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালে চূড়ান্ত ক্ষতিপূরণ বাবত মোট ৭৫,৯৩,৯৭৫ টাকা ও অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ বাবত মোট ১,৪০,৩১৯ টাকা যথাক্রমে ৭,৯৬৪ জন এবং ৫২ জন মধ্যস্বত্বাধিকারীকে দেওয়া হইয়াছে।

(খ) ১,৬৯০টি কেসে অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ এবং ৭২,৭৫০টি কেসে চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়া বাকি আছে। বকেয়া ক্ষতিপূরণ দেওয়া ত্বরান্বিত করিবার জন্য সকল প্রকার চেষ্টা করা হইতেছে।

মালদহ জেলায় কুটির শিল্প

৭৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১৮।) **শ্রীগৌতম চক্রবর্তীঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদার আম দিয়ে মালদহ জেলায় কোন কুটির শিল্প স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, কবে নাগাত তার কাজ শুরু হবে; এবং

(গ) মালদার আম দিয়ে কি কি দ্রব্য তৈরি করা যেতে পারে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এরূপ পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) আমসত্ত্ব, জ্যাম, জেলী, চাটনী প্রভৃতি জিনিস তৈরি করা যেতে পারে।

জমির ক্ষতিপূরণ বাবত অর্থ প্রদান

৭৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক**ঃ ভূমি সদ্ব্যবহার এ সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় এস্টেট অ্যাকুইজিসন (ক্ষতিপূরণ) বিভাগ হইতে গত ১৯৭২ স হইতে ফেব্রুয়ারি, ১৯৭৪ পর্যন্ত কি পরিমাণ অর্থ ক্ষতিপূরণ প্রাপকদের ম বিলি করা হইয়াছে;

(খ) ক্ষতিপূরণ প্রাপকদের কি পরিমাণ পাওনা অর্থ এখনও মঞ্জুর করা হয় নাই; এ

(গ) ক্ষতিপূরণ প্রাপকদের সহজে অর্থ পাইবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১লা জানুয়ারি, ১৯৭২ হই ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৪ পর্যন্ত মোট ৫০,৪৫,৯৯৭ টাকা ক্ষতিপূরণ বাবত দেওয়া হইয়াছে

(খ) ১,৯২,৮০,০২৮ টাকা।

(গ) যেসব তথ্য না পাওয়ার জন্য ক্ষতিপূরণ দানে বিলম্ব হয়, সেসকল তথ্য দ্রু সরবরাহের নির্দেশ দেওয়া হইয়াছে। ৫,০০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণ প্রাপকরা তাঁহাদে ক্ষতিপূরণ নির্ধারণ রোল সম্বন্ধে বিস্তারিত তথ্যসহ অপর জেলা সমাহর্তার নিকট দরখা করিলে তাঁহাদিগকে অগ্রাধিকার ভিত্তিতে টাকা প্রদানের নির্দেশ দেওয়া হইয়াছে।

চা-বাগিচাসমূহের জমির উপর খাসের নোটিশ জারি

৭৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২১৩।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য**ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চা-বাগিচাসমূহের মোট কত জমির উপর খাসের (ভেস্ট) নোটিশ জারি করা হইয়াছে;

(খ) এ পর্যন্ত সরকারের হাতে চা-বাগিচার উদ্বৃত্ত মোট কত জমি বর্তাইয়াছে;

(গ) ঐ জমির মধ্যে মোট কত পরিমাণ জমি বন্টন করা হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, বহু ব্যক্তি চা-বাগিচার খাস জমিতে জবরদখল চালাইতেছে ও সত্য হইলে, তাহারা কে; এবং

(ঙ) চা-বাগিচার খাস জমি এই রাজ্যের শিক্ষিত বেকার যুবকদের মধ্যে বন্টনের কোন পরিকল্পনা আছে কি না?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫৭,৩১৩ একর।

(খ) ৫০,৮৫৮ একর।

(গ) ৮,০০০ একর ভূমিহীন ও ক্ষুদ্র চাষীদের মধ্যে বন্টন করা হইয়াছে এবং প্রায় ৩০,০০০ একর জমি বন বিভাগকে দেওয়া হইয়াছে।

(ঘ) দার্জিলিং জেলার কয়েকটি চা-বাগানে কিছু জবরদখলকারী আছে। তাহাদের নামধাম ও অন্যান্য বিষয় তদন্ত করিয়া দেখা হইতেছে। জলপাইগুড়ি জেলাতেও কিছু চা-বাগানের খাস জমিতে জবরদখলকারী রয়েছে। এরা প্রধানতঃ সংশ্লিষ্ট চা-বাগানের শ্রমিক।

(ঙ) এ রকম কোন পরিকল্পনা নাই।

হিনাড়ী-নারদস্তা জলনিষ্কাশন সমস্যা

৭৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৪।) **শ্রীহেমন্ত দত্ত ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার রামনগর থানার হিনাড়ী-নারদস্তা জলনিষ্কাশন সমস্যা কোন্ কোন্ রাজ্যের সহিত জড়িত; এবং

(খ) রাজ্য সরকার এ বিষয়ে কত দূর অগ্রসর হইয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) উড়িষ্যা রাজ্যের সহিত জড়িত।

(খ) সমস্যার সমাধানকল্পে উড়িষ্যা-পশ্চিমবঙ্গ সীমানায় পশ্চিমবঙ্গে অবস্থিত বাঁধের উপর একটি ৩ ফুট ৬ ইঞ্চি ব্যাসার্ধের হিউমপাইপ কালভার্ট নির্মাণের প্রস্তাব উড়িষ্যা সরকারের নিকট পেশ করা হইয়াছে। কিন্তু ঐ সরকার এই প্রস্তাব এখনও পর্যন্ত গ্রহণ করেন নাই।

এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস কর্পোরেশন

৭৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩১।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিস কর্পোরেশন-এর পক্ষ থেকে পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লকে পাঁচজন ক'রে বেকার গ্র্যাজুয়েট যুবকদের ফার্টিলাইজার ডিলার হিসাবে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে;

(খ) সত্য হ'লে কাটোয়া ২নং ব্লকের বি ডি ও এ রকম পাঁচজন যুবকের নাম সুপারিশ ক'রে কর্পোরেশনের কাছে পাঠিয়েছিলেন, তাদের মধ্যে কতজনকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে (নাম সহ);

(গ) যাদের দেওয়া হয় নাই তার কারণ কি; এবং

(ঘ) কাটোয়া ২নং ব্লকে যে যুবকদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় নাই তাদের কত দিনের মধ্যে নিয়োগপত্র দেওয়া হবে?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ইহা সত্য যে যখন পর্যাপ্ত পরিমাণে রাসায়নিক সার পাওয়া যাইতেছিল তখন ব্লক প্রতি অনধিক পাঁচজন করিয়া "ডিলার" নিয়োগ করিতে ওয়েস্ট বেঙ্গল এ্যাগ্রো-ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশন মনস্থ করিয়াছিলেন। কিন্তু পরবর্তীকালে রাসায়নিক সার পর্যাপ্ত পরিমাণে না পাওয়ায় ইহা সর্বত্র কার্যকর করা সম্ভব হয় নাই।

(খ) কাটোয়া ২নং ব্লকের বি ডি ও-এর নিকট হইতে এই কর্পোরেশন বি ডি ও এবং এম এল এ-এর সুপারিশ সহ চারজনের যথাক্রমে শ্রীজহরলাল রায়, শ্রীবিকাশবরণ নন্দী শ্রীউদয়চন্দ্র দত্ত এবং শ্রীপঞ্চানন সাহার ডিলারশিপের আবেদন উক্ত কর্পোরেশন পাইয়াছি এবং উক্ত চারজনকেই কর্পোরেশন ডিলার নিযুক্ত করিয়াছে।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া জেলার সমবায় ব্যাঙ্ক হইতে বিভিন্ন খাতে ঋণদান

৭৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭১।) **শ্রীফণীভূষণ সিংহবাবু ঃ** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে বাঁকুড়া জেলার সমবায় ব্যাঙ্ক থেকে বিভিন্ন খাতে ঋণ বাবত কত টাকা দেওয়া হইয়াছে ও তন্মধ্যে কত টাকা ফেরৎ পাওয়া গিয়াছে; এবং

(খ) টাকা আদায়ের কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ও দীর্ঘ দিন যাবত অনাদায়ী টাকা আদায় করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও প্রাথমিক সমবায় জমি বন্ধকী ব্যাঙ্ক হইতে এই জেলায় বিভিন্ন খাতে ১৯৭২-৭৩ সালে ১,১৪,৫৭,০০০ টাকা ও ১৯৭৩-৭৪ সালে (২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৪ পর্যন্ত) ৬৫,৭৩,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে। এই দুই বছরে যথাক্রমে ১,০৮,৯৩,০০০ টাকা ও ৬৪,২৬,০০০ টাকা ঋণ আদায় হইয়াছে।

(খ) প্রথমে আপসের মাধ্যমেই টাকা আদায়ের চেণ্টা করা হয়। এই উদ্দেশ্যে ঋণ গ্রহীতাদের নিকট আবেদন করা হইয়াছে। আপসে আদায় না হইলে আইনানুগ সমস্ত ব্যবস্থাই গ্রহণ করা হইতেছে। দীর্ঘদিন যাবত অনাদায়ী টাকা আদায়ের জন্য সমবায় সমিতি আইনের বিভিন্ন ধারার প্রয়োগ, সার্টিফিকেট জারী ইত্যাদি ব্যবস্থাও প্রয়োজনানুসারে গ্রহণ করা হইতেছে।

বাঁকুড়া জেলায় কুটির ও ক্ষুদ্র শিল্প

৭৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮০।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাঁকুড়া জেলায় কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপন ও সম্প্রসারণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

(১০৭) বেহালা (ও ডি আর সি), কলিকাতা—২১৬
(১০৮) সাগর মান্না রোড, বেহালা—৪০
(১০৯) আর কে ঘোষ রোড, দমদম—৭২
(১১০) রায়পাড়া লেন, দমদম—৮০
(১১১) নেতাজী সুভাষ রোড ও অশোক এভিনিউ-এর জংশন, টালিগঞ্জ—৬৪
(১১২) রাণী হর্ষমুখী রোড, কলিকাতা—৫৬
(১১৩) আর কে সমাধি রোড, কলিকাতা—৪৮
(১১৪) নেতাজী সুভাষ রোড ও মুর এভিনিউ-এর জংশন, টালিগঞ্জ—১০৪
(১১৫) বৈষ্ণবঘাটা রোড, যাদবপুর—১৩৬
(১১৬) ইব্রাহিমপুর রোড, যাদবপুর—১১২
(১১৭) বাবুরাম ঘোষ রোড, টালিগঞ্জ—১৭৬
(১১৮) রিজেন্ট পার্ক, টালিগঞ্জ—৩২

চ) **হায়ার পারচেস স্কীম ঃ**

(১১৯) বিধাননগর, কলিকাতা—৬৮৬
(১২০) বৈষ্ণবঘাটা, কলিকাতা—২৭২
(১২১) পাইকপাড়া, কলিকাতা—১৩৬
(১২২) বরানগর, কলিকাতা—৩৮০

ছ) **বিবিধ এস্টেট ঃ**

(১২৩) গড়িয়াহাট এস্টেট, গড়িয়াহাট রোড, কলিকাতা—৫৩
(১২৪) কড়েয়া রোড এস্টেট, কলিকাতা—১০৪
(১২৫) এনটালি এস্টেট, কলিকাতা—৭২

মোট সংখ্যা ২২,০৫৪

জেলাওয়ারী শিক্ষিত বেকারদের স্ব-নিযুক্ত অতিরিক্ত কর্মসূচির আওতায় আনার সংখ্যা

৮৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৪।) শ্রীমহম্মদ দেদার বক্স ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ আর্থিক বছরে পশ্চিম বাংলায় জেলাওয়ারী মোট কতজন শিক্ষিত বেকার কোন্ কোন্ স্ব-নিযুক্ত অতিরিক্ত কর্মসূচির আওতায় আনা হয়েছে;

(খ) তন্মধ্যে মুর্শিদাবাদ জেলায় ব্লকওয়ারী কতজনকে কোন্ কোন্ পরিকল্পনার আওতায় আনা হয়েছে; এবং

(গ) ইহা কি সত্য যে, আরও অধিক সংখ্যক শিক্ষিত বেকার যুবককে স্ব-নিযুক্ত অতিরিক্ত কর্মসূচির আওতায় আনার বিষয় সরকার চিন্তা করছেন?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

		এপেক্স	স্টেট লটারি	ডেয়ারি ও ক্যাটল্ কিপিং	অটো-রিকস	পিন্টিং অব উইন্টার র‍্যাপার	পিসি-কালচার	পাওয়ার লুম	এ্যাম্পুল মেকিং	টেলারি
বর্ধমান	—	—	১৮১	—	১০০	—	—	—	—	—
বীরভূম	—	—	৫৭০	—	৫০	—	—	—	—	—
বাঁকুড়া	—	১	১৬০	—	৪৮	—	—	—	—	—
মেদিনীপুর	—	—	১০	—	১২২	—	—	—	—	—
হাওড়া	—		১১৪	—	৫০	—	—	—	—	—
হুগলি	—	—	৯৫	—	৫২	—	—	—	—	—
২৪-পরগনা	—	—	১৭০	—	১২৭	—	—	—	—	—
নদিয়া	—	—	৯৪	৪৪	৬৯	১৮	৯০	৮	৩০	১৪৮
মুর্শিদাবাদ	—	—	৩১৬	—	৮০	—	—	—	—	৯১
পশ্চিম দিনাজপুর		—	১২৫	—	৩৩	—	—	—	—	৩৫
মালদহ	—	—	৩৮	—	৫০	—	—	—	—	—
জলপাইগুড়ি	—	—	২৬০	—	৮০	—	—	—	—	—
দার্জিলিং	—	—	৪৭	—	৩৯	—	—	—	—	—
কুচবিহার	—	-	৫৯	—	৫০	—	—	—	—	১৫
পুরুলিয়া	—	-	১০৪	—	৫০	—	—	—	—	—
কলিকাতা	—	২	—	—	—	—	—	—	—	—
মোট	—	৩	২,৩৪৩	৪৪	১,০০০	১৮	৯০	৮	৩০	২৮৯

		স্টেনো-গ্রাফি ও টাইপ-রাইটিং	ডিস-প্লেস্‌ড পারসন্স	সেরি-কালচার	পোলট্রি	অনদি জব ট্রেনিং	এগ্রো-সার্ভিস সেন্টার	ইঞ্জি-নিয়ারস্‌ কো-অপারে-টিভ	হাউস-ডেয়ারী	মার্জিন মানি
র্ধমান	—	—	৩২১	—	—	১১০	১০৫	১৯৫	৭	১২
রভূম	—	—	৬৩	১৮৫	২০	৫৩	৩৬	১৯২	৭২২	১১১
কুড়া	—	৯০	৩০	৮৫	২০	৮৭	১৫	১৫৫	—	—
দিনীপুর	—	—	৮৫	৮৩	২০	১৪৩	৭৫	৪৮০	৫০	২৪০
ওড়া	—	—	১৭২	—	২০	১৬৯	৫	১৪৬	—	১৩৭
গলি	—	—	৩১৩	—	১৭	৫৫	১২৫	১১৫	—	১২
৪-পরগনা	—	—	৩,৪২৪	—	১৭	১৪৩	৮৫	৫৪৫	১৩১	৩৩২
দিয়া	—	২৫	২,৬৬৬	১২৭	২০	৭৩	১৩৫	১৬০	—	—
র্শিদাবাদ	—	—	৪১০	৩৪৭	২০	৫৫	৬০	৯৯	২৮০	২৮
শ্চিম দিনাজপুর		১০০	৩৭৮	৯৪	২১	৪৪	৫	৫০	—	—
ালদহ	—	—	১৮০	৩০৩	২০	৪৪	—	১৩০	—	—
লপাইগুড়ি	—	—	৭০৫	—	২০	৩২	—	১৮০	—	—
ার্জিলিং	—	—	১৬৯	—	১২	১৪০	—	৭০	—	১২৮
চবিহার	—	—	৫৩০	—	২০	৪৩	—	৬০	—	—
রুলিয়া	—	—	৫	৮৯	২০	৩৬	—	২০০	—	৩
লিকাতা	—	—	১,৮২৭	—	—	২৫০	—	৭৩০	—	৩০০
মোট	—	২১৫	১১,২৮১	১,৩১৩	২৬৭	১,৪৭৭	৬৪৬	৩,৫০৭	১,১৯০	১,৩০৩

	.	টেক্‌নি-সিয়ান্স কো-অপা-রেটিভ	মিনিবাস	রেডিও-মেকিং	ট্রেনিং অব এম্‌ আই টি, আই টি আই বয়েজ্‌	ফ্যান্সী লেদার-গুড্‌স	টিউব-ওয়েল সিংকিং	ট্যাক্সি পাম্প স্কিম	মোট
বর্ধমান	—	৪৬	—	—	—	—	—	—	১,০৭৭
বীরভূম	—	১১	—	—	—	—	—	—	২,০১৩
বাঁকুড়া	—	১১	—	—	—	—	—	—	৭০২
মেদিনীপুর	—	৫০	—	—	—	—	—	—	১,৩৫৮
হাওড়া	—	৮	—	—	—	—	—	—	৮২১
হুগলি	—	২০	—	—	—	—	—	—	৮০৪
২৪-পরগনা	—	৯৬	—	—	—	—	—	—	৫,০৭০
নদিয়া	—	৩৫	—	—	—	—	—	—	৩,৭৪২
মুর্শিদাবাদ	—	৬	—	৫০	২৮৫	—	—	—	২,১২৭
পশ্চিম দিনাজপুর		১২	—	—	—	—	—	—	৮৯৭
মালদহ	—	১	—	—	—	—	—	—	৭৬৬
জলপাইগুড়ি	—	১৪	—	—	—	—	৬০	—	১,৩৫১
দার্জিলিং	—	১	—	—	—	—	—	—	৬০৬
কুচবিহার	—	—	—	—	—	—	—	—	৭৮৯
পুরুলিয়া	—	২১	—	—	—	—	—	—	৫২৮
কলিকাতা	—	৫৪	৫	—	—	২২০	—	৩৯	৩,৪২৭
মোট	—	৩৮৬	৫	৫০	২৮৫	২২০	৬০	৩৯	২৬,০৬৯

	বহরমপুর	বেলডাঙ্গা ১নং	বেলডাঙ্গা ২নং	হরিহর-পাড়া	নোয়াদা (২)	ডোমকল
স্টেট লটারী —	২০	১০	৪	১০	২০	—
রেডিও মেকিং —	২৫	১	১	১	১	১
টেলারিং —	৪১	২	২	২	২	২
ট্রেনিং অব এম আই টি, আই টি আই বয়েজ	১৬০	৫	৫	৫	৫	৫
হাউস ডেয়ারী —	৯০	৯০	—	—	—	—
অন দি জব ট্রেনিং —	২২	১	—	—	—	—
সেরিকালচার —	১৩৮	২৪	৪৬	—	—	—
পোল্ট্রি —	১	১	১	১	১	১
অটোরিক্সা —	৪৭	৩	২	—	৩	—
ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ —	৫৫	১৫	—	—	—	—
ডিস্প্লেস্ড পারসন্স —	২৮৮	২৩	২	—	১	১
মার্জিন মানি —	—	—	—	—	—	—
এগ্রোসার্ভিস সেন্টার	—	—	—	—	—	—
এপেক্স কো-অপারেটিভ	—	—	—	—	—	—

	জলঙ্গি	মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	রাণীনগর ১নং	রাণীনগর ২নং	ভগবান-গোলা ১নং	ভগবান-গোলা ২নং
স্টেট লটারী —	৭	১০	১০	১০	১০	১৫
রেডিও মেকিং —	১	১	১	১	১	১
টেলারিং —	২	২	২	২	২	২
ট্রেনিং অব এম আই টি, আই টি আই বয়েজ	৫	৫	৫	৫	৫	৫
হাউস ডেয়ারী —	—	১০০	—	—	—	—
অন দি জব ট্রেনিং —	—	৫	—	২	—	—
সেরিকালচার —	২৩	—	—	—	—	—
পোল্ট্রি —	১	২	—	—	—	১
অটোরিক্সা —	২	২	১	—	—	—
ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ —	—	১০	—	—	—	—
ডিস্প্লেস্ড পারসন্স	—	১৮	—	—	—	—
মার্জিন মানি —	—	—	—	—	—	—
এগ্রোসার্ভিস সেন্টার —	—	—	—	—	—	—
এপেক্স কো-অপারেটিভ	—	—	—	—	—	—

	লালগোলা	নবগ্রাম	কান্দি	খড়গ্রাম	বারওয়ান	ভরতপুর ১নং
স্টেট লটারী —	৫	২০	২০	১০	২০	১০
রেডিও মেকিং —	১	১	১	১	১	১
টেলারিং —	২	২	২	২	২	২
ট্রেনিং অব এম আই টি, আই টি আই বয়েজ	৫	৫	৫	৫	৫	৫
হাউস ডেয়ারী —	—	—	—	—	—	—
মন দি জব ট্রেনিং —	—	১	১৫	—	৪	—
এগ্রিকালচার —	—	৩৮	৪৮	১০	—	—
পোলিট্রি —	—	১	১	—	—	১
অটোরিক্সা —	১	৪	৫	—	—	—
ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ —	—	—	১৪	—	—	—
সাপ্রেস্‌ড্‌ পারসন্‌স্‌	১	—	১৫	২	৯	৩
মার্জিন মানি —	—	—	—	—	—	—
এগ্রোসার্ভিস সেন্টার —	—	—	—	—	—	—
কমপ্লেক্স কো-অপারেটিভ	—	—	—	—	—	—

		ভতরপুর ২নং	রঘুনাথ-গঞ্জ ১নং	রঘুনাথ-গঞ্জ ২নং	সুতি ১নং	সুতি ২নং	সামসের-গঞ্জ ১নং	সাগর-দীঘি	ফরাক্কা
স্টেট লটারী	—	১০	২০	১০	২০	১০	১০	৭	১৫
রেডিও মেকিং	—	১	১	১	১	১	১	১	১
টেলারিং	—	২	২	২	২	২	২	২	২
ট্রেনিং অব এম আই টি, আই টি আই বয়েজ		৫	৫	৫	৫	৫	৫	৫	৫
হাউস ডেয়ারী	—	—	—	—	—	—	—	—	—
অন দি জব ট্রেনিং		—	—	—	২	—	২	১	—
সেরিকালচার	—	—	২০	—	—	—	—	—	—
পোলট্রি	—	১	১	—	১	১	২	—	১
অটোরিক্সা	—	১	৪	১	—	—	—	—	—
ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ	—	—	—	—	—	—	—	—	—
ডিসপ্লেসড পারসন্স		৩	৩২	—	—	৬	১০	২	—

মার্জিন মানি — মোট—২৮ জন

এগ্রোসার্ভিস সেন্টার — মোট—৬০ জন

এপেক্স কো-অপারেটিভ — মোট—৬ জন

Draught Prone Areas Project in West Bengal

882. (Admitted question No. 1501.) **Shri Birendra Bijoy Malla Deb :** Will the Minister-in-charge of Forests Department be pleased to state—

(a) the progress of works under Draught Prone Areas Project in West Bengal during 1972-73 and 1973-74.

(b) if the works under D.P.A.P. would be continued during the Fifth Five-Year Plan period.

(c) if so, the estimated budget for 1974-75 with break up of expenditure for different Divisions as far as it relates to Forest Department.

(d) if the Government would lay special emphasis on Soil Conservation Programme.

The Minister for Forests : (a) The works under Draught Prone Areas Programme were started in the districts of Bankura, Midnapore and Purulia during 1972-73. The yearwise and districtwise progress of works have been as shown hereunder :

Name of District	1972-73 Physical.	1972-73 Financial	1973-74 Physical	1973-74 Financial
(1)	(2)	(3)	(4)	(5)
Bankura ...	Control of sheet erosion by cutting tenches—570.64 Km. Ground water re-charging—1081 hec.	3,29,150	Control of Sheet erosion—665.91 Km. Ground water re-charging—1003.53	5,81,150.00
Midnapore ...	Rehabilitation of degraded forest—883.08 hec.	2,38,570	Afforestation—136.39 hec.	3,47,101.85
Purulia ...	Afforestation—414 hec. Ground water recharging : Jore-bundhs—27 Nos. Earthen Dam—54 Nos. Farm Forestry on Private lands—258 hec. Conventional Avenue Planting-51 K.M.	7,20,000	Afforestation—414 hec. Upgrading of Roads—6 Km. Ground water re-charging : Jorebundhs—4 Nos. Earthen Dam—33 Nos. Farm Forestry—261 hec. Conventional Avenue Planting—62 K.M.	5,73,085.07
Total ...		12,87,720		15,01,336.92

(b) Yes.

(c) The Divisionwise break up of expenditure during 1974-75 is shown below :

	Rs.
(i) Bankura Forest Division	17,32,050.00
(ii) West Midnapore Forest Division	12,04,000.00
(iii) Purulia Forest Division	13,00,000.00
Total ...	42,36,050.00

(d) Yes.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of Relief Department will please make a statement on the subject of sanction of G.R. and T.R. and employment for the peasantry of West Bengal—attention called by Shri Mohammad Dedar Baksh, Shri Asamanja De, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay on the 3rd May, 1974.

Shri Santosh Kumar Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সর্বশ্রী অসমঞ্জ দে, কাশীনাথ মিশ্র, সুকুমার বন্দ্যোপাধ্যায় ও মহম্মদ দেদার বক্স মহাশয়গনের পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের দুর্গত এলাকাতে ব্যাপক হারে জি আর, টি আর-এর মাধ্যমে ত্রান ব্যবস্থা বিষয়ক দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জানাতে চাই যে সরকার গ্রামবাংলার ক্ষেতমজুর এবং ভূমিহীন দুঃস্থ ব্যক্তিদের দুরবস্থা সম্বন্ধে সম্পূর্ণ অবহিত আছেন এবং ইতিমধ্যেই সীমিত সম্পদের মধ্যে যথাযোগ্য ত্রান ব্যবস্থা গ্রহণ করেছেন। দুঃস্থ, পংগু, বিকলাংগ, কর্মে অক্ষম ব্যক্তিদের প্রয়োজনীয় ব্যবস্থা করা ছাড়াও অনাহারে মৃত্যুরোধের উদ্দেশ্যে যথাযোগ্য নির্দেশ সংশ্লিষ্ট সমস্ত কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে এবং এই উদ্দেশ্যে খয়রাতির সাহায্যের জন্য অগ্রিম বাবদ প্রত্যেক অঞ্চল সেক্রেটারীকে একশো টাকা ছাড়া, বি ডি ও-কে দুশো টাকা, মহকুমা শাসককে ৫শ টাকা, এবং জেলা শাসককে এক হাজার টাকা দেওয়া হয়েছে। গ্রামাঞ্চলের দুর্গত এলাকার কর্মক্ষম ব্যক্তিদের কর্মসংস্থানের উদ্দেশ্যে ব্যাপক টেস্ট রিলিফ-এর কাজ সুরু করার জন্য প্রত্যেক জেলা শাসককে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে। অপেক্ষাকৃত দুর্বল, দুঃস্থ ব্যক্তিদের কর্মসংস্থানের উদ্দেশ্যে এস টি আর প্রকল্পের মাধ্যমে অল্প দৈহিক শ্রমের কাজ চালু করার জন্য সকল জেলা শাসককে নির্দেশ দান ও অর্থ বরাদ্দ করা হয়েছে। সরকারের সীমিত সম্পদের মধ্যে দুঃস্থ কর্মক্ষম ব্যক্তিদের ব্যাপকভাবে কর্মসংস্থানের উদ্দেশ্যে অন্যান্য বিভাগের কাজের সঙ্গে ত্রান কাজের সমন্বয় সাধন করে যাতে দুর্গত এলাকায় অধিক সংখ্যক দুঃস্থ ও কর্মক্ষম অদক্ষ শ্রমিকদের নিয়োগ করা যায় তার ব্যবস্থাও গ্রহন করা হয়েছে। সরকার চলতি আর্থিক বছরে এই পর্যন্ত খয়রাতি সাহায্য বাবদ মোট ৮ লক্ষ ২৯ হাজার ৭০১ টাকা, টেস্ট রিলিফ বাবদ ৭৫ লক্ষ টাকা, ও এস এস আর বাবদ ৫ লক্ষ টাকা বিভিন্ন জেলা শাসককে বরাদ্দ করা হয়েছে এবং কর্মসংস্থান প্রকল্প মারফত আরও রিলিফ ব্যাপক ত্রান ব্যবস্থা চালু করার ব্যাপারে ত্রান দপ্তরের প্রস্তাবের উপর আজ মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুষ্ঠভাবে ত্রানকার্য্য পরিচালনার জন্য আমি মাননীয় সদস্যদের সাহায্য এবং সহযোগীতা কামনা করছি এবং আশ্বাস দিচ্ছি যে সরকার দুর্গত অঞ্চলের দুঃস্থ ব্যক্তিদের প্রয়োজনীয় সবরকম ত্রান ব্যবস্থার জন্য যথাযোগ্য ব্যবস্থা গ্রহন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতি বৎসরই সরকার সীমিত সম্পদের মধ্যে গ্রামাঞ্চলের দুঃস্থদের জন্য ধুতি, শাড়ী, শিশুদের পোষাক ও কম্বল বিনামূল্যে বিতরন করেন এবং এই বৎসরও সরকার এই বিষয়ে যথাযোগ্য ব্যবস্থা করবেন।

Shri Abdul Bari Biswas:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আজকে ত্রান মন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট দিলেন তাতে আমরা হতাশ হয়েছি। আমরা কালকেও বলেছিলাম এ সম্বন্ধে এবং আজকে বিধানসভা শেষ হতে চলেছে। আপনি স্যার, ভেবে দেখুন যেখানে আজকে তিন টাকা সাড়ে তিন টাকা চালের দর সেখানে ২-৭৫ করে রিলিফ দেওয়া হচ্ছে। উনি বল্লেন এ সম্পর্কে আজকে ক্যাবিনেট ডিসিসন নেবে। কেন স্যার, এই ডিসিসন কাল রাত্রে বা আজ সকালে নেওয়া হোল না।

(Noise)

(Shri Abdul Bari Biswas and several other members rose to speak)

Mr. Speaker : Honourable members, please take your seats. I am on my legs. I expected that honourable members would ask for some clarifications from the Hon'ble Minister. But, instead of that 7 or 8 honourable members shouted at a time. I could not follow any of you, nor could the Hon'ble Minister and the House follow you. It is not fair. May I ask Shri Abdul Bari Biswas and other 7/8 members who shouted, what useful purpose would have been served by it?

Shri Abdul Bari Biswas : Sir, I was drawing the attention of the Hon'ble Minister

Mr. Speaker : I expect some sort of decency from the honourable members. If one member stood up and asked for some clarifications, I would have allowed him. But I find that at a time 7 or 8 members are shouting uselessly. You are taking the valuable time of the House without serving any purpose. It is very unfortunate. I can allow one member for asking the clarification from the Hon'ble Minister. (Shri Abdul Bari Biswas rose to speak) Mr. Biswas, why do you stand up, when I am on my legs. Please take your seat. Do you want clarification?

Shri Abdul Bari Biswas : Yes Sir. Kindly allow me to say something.

Mr. Speaker : If the statement is not clear, certainly you can place questions for clarification on the particular item. I now allow you to ask for a clarification.

Shri Abdul Bari Biswas:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ত্রান মন্ত্রী যে বক্তব্য রেখেছন সে সম্পর্কে আপনি কালকের কলিং এ্যাটেনসন গ্রহণ করেছিলেন। পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষ মেহনতী মানুষের আজকে কি অবস্থা। আজকে বিধানসভা শেষ হয়ে যাচ্ছে। আপনি এই গুরুত্ব-পূর্ণ বিষয়টি কালকে গ্রহণ করে যে স্টেটমেন্ট রাখার সুযোগ দিয়েছেন তার জন্য মাননীয় সদস্যরা নিশ্চয় আপনাকে ধন্যবাদ জানাবে। স্যার, আপনি জানেন ২২শ ফেব্রুয়ারী থেকে বিভিন্ন জেলায় প্রতিটি সদস্য নিজেদের কনস্টিটিউয়েন্সির নিজেদের জেলার এবং প্রাদেশিক ভিত্তিতে বিভিন্ন মানুষের দুঃখ দুর্দশা অভাব অভিযোগের কথা অর্ধাশন অনশন অনাহারে মৃত্যুর, কুখাদ্য অখাদ্য গ্রহণ ইত্যাদির কথা জানিয়েছেন। তাতে ত্রাণ মন্ত্রী যে উত্তর দিলেন সেটা কি রকম হোল? সকাল পাচটা থেকে রাত ১০।১১টা পর্যন্ত খেটে তারা মাত্র ২-৫০ পয়সা পাবে। আজকে বাজারে এক কে,জি চালের দাম ৩-৫০ পয়সা। কাজেই এটা কি সমীচীন হচ্ছে?

[9-10—9-20 p.m.]

তাই আমি শুধু এই বিধানসভায় নয়, এই বিধানসভার বাইরেও বলেছিলাম যে একশত ঘনফুট মাটি কেটে অন্ততপক্ষে ৪-২৫ পয়সা দেবার মত সিদ্ধান্ত গৃহীত হোক। আমি বলেছিলাম ব্যাপক আকারে টি আর এবং জি আর-এর কাজ সম্প্রসারিত করা হোক। আমি বলেছিলাম খাদ্যদ্রব্য মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে অন্ততঃপক্ষে ঘাটতি এলাকার সংগে অন্য একটা উদ্বৃত এলাকা জুড়ে দিয়ে অন্ততঃ কিছুটা প্রশমিত করা হোক। আমি বলে-ছিলাম গ্রামাঞ্চলে যেখানে রেশন ব্যবস্থা ভেংগে পড়েছে সেখানে সম্প্রসারিত করা হোক; এবং কেন্দ্রিয় সরকারের দেয় যে বরাদ্দ সেই বরাদ্দ অবিলম্বে আনা হোক। আজকে এই যে ট্রেণ-এর ধর্মঘট চলছে, এই যে বিভ্রাট হচ্ছে, আজকে গ্রামবাংলার মানুষের এই যে অস্বা-ভাবিক পরিস্থিতির মধ্যে পড়তে হচ্ছে, তাদের সামনে দাঁড়িয়ে আমরা আশা করেছিলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন আপনি গ্রামবাংলার মানুষের স্বার্থের জন্য গতকাল এই সুযোগ করে দিচ্ছেন, হয়ত মন্ত্রীসভা কাল রাত্রে কিম্বা আজ সকালে স্পেশাল বৈঠক ডেকে ক্যাবিনেটে সিদ্ধান্ত নিয়ে একটা আলোকপাত করবেন। যে দীর্ঘ ২২শে ফেব্রুয়ারী থেকে আরম্ভ করে আজ পর্যন্ত বিভিন্ন সদস্য যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের সারাংশ তারা অনুধাবন করেছেন, এবং তারই পরিপ্রেক্ষিতে একটা সুষ্ঠু নীতি গ্রহণ করছেন যে সুষ্ঠু নীতির

ভিত্তিতে গ্রামের না খেতে পাওয়া মানুষের, আধা খেতে পাওয়া মানুষের, নিরন্ন মানুষের যারা খাবার পায়না, তাদের মুখে একটু আলোকপাত হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটাতো পেলাম না। কাজেই আমরা উদ্বিগ্ন হচ্ছিলাম এবং আপনার সময় কিছুটা এনক্রোচ করেছি। আমরা জানি, এই রকম অস্বাভাবিক অবস্থার সম্পর্কে যখন মাননীয় সদস্যরা আপনার দৃষ্টি আকর্ষণ করেন, আপনিও হয়ত বিব্রত বোধ করেন। সেজন্য ক্ষমা করবেন এবং সেই ক্ষমা আপনার কাছ থেকে চেয়ে নিচ্ছি। ক্ষমা চেয়ে নিয়ে আশা করবো আপনি আমাকে ক্ষমা করবেন। সেই সঙ্গে আশা করছি, আজকে গ্রামবাংলার মানুষ যারা আজকে বাঁকুড়া পুরুলিয়ার কথা, কালকে মেদিনীপুরের কথা, পরশু মুর্শিদাবাদের কথা, নদীয়ার কথা, নর্থ বেঙ্গল-এর কথা কিভাবে উঠেছে। আজকে বিধানসভা শেষ হচ্ছে, আমরা আজকে আশা করতে পারি মন্ত্রীসভা একটা সুষ্ঠু সিদ্ধান্ত আমাদের কাছে দেবেন এবং ২২শে ফেব্রুয়ারী থেকে আজ পর্যন্ত যে চিৎকার করা হয়েছে আপনি যেমন আপনার দায়িত্ব এবং কর্তব্য পালন করেছেন, মন্ত্রীসভার তরফ থেকেও অনুরূপভাবে পবিত্র দায়িত্ব নিয়ে তাদের কর্তব্য কি করেছেন সেটা জানাবেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সব ব্যাপারে তারা কি সিদ্ধান্ত নিয়েছেন তার ক্লারিফিকেশন চাইছি।

Mr. Speaker : I think he has stated specifically something regarding T.R., G.R., unemployment and poverty, and high prices of essential commodities for which the condition of the poorer sections of the villages is really deplorable. I request the Hon'ble Minister to clarify the position.

(Shri Sarat Chandra Das rose to speak)

Please take your seat. I have not allowed any other person to speak. According to rules there is no scope for any discussion. Shri Biswas has aksed for clarification on some points from the Hon'ble Minister; I have allowed him to place some points before the Hon'ble Minister, and the Hon'ble Minister is going to clarify the position.

Shri Santosh Kumar Roy:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের যে উদ্বেগ তারা এখানে প্রকাশ করেছেন তাদের সংগে এক মত। আমি আগেই বলেছি যে গ্রামবাংলার ক্ষেতমজুর এবং ভূমিহীন চাষী যারা তাদের অবস্থা দুর্বিসহ হয়ে উঠেছে উচ্চমূল্য বৃদ্ধির জন্য এবং সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই দেখেছেন যে আমরা আজকে মন্ত্রীসভার এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে যাচ্ছি। আমাদের ত্রাণ দপ্তরের যে প্রস্তাব মন্ত্রীসভার কাছে উত্থাপন করেছেন, বর্তমান ব্যবস্থায় ব্যাপকভাবে গ্রামবাংলায় যাতে কাজের ব্যবস্থা করা যায় তার জন্য প্রস্তাব এনেছেন। আশা করছি মন্ত্রীসভা এই প্রস্তাব অনুমোদন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা মজুরীর যে কথা বলেছেন, এটা অত্যন্ত ঠিক কথা যে আজকে খাদ্যশস্যের যে মূল্য সেই মূল্য আমরা যা টেস্ট রিলিফ-এর মাধ্যমে দিচ্ছি সেটা অত্যন্ত কম। এই সম্বন্ধে আমরা সম্পূর্ণ ওয়াকিবহাল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের আমি এই সম্বন্ধে একটু বিবেচনা করতে বলি যে, আপনার কয়েক দিন আগে পশ্চিমবাংলার অর্থ বরাদ্দ করেছেন, সুতরাং আপনারা পশ্চিমবাংলার অর্থ সামর্থের কথা সম্পূর্ণ অবগত আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় বলে গেলেন যে জি আর, অন্তত পক্ষে ৫ পারসেন্ট দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জি আর যদি ৫ পারসেন্ট করে দেওয়া হয়, তাহলে তার জন্য যে খাদ্যশস্য লাগবে, সেই পরিমাণ খাদ্যশস্য আমাদের সরকারের মজুদ ভান্ডারে নেই, আর টাকা দিয়ে যদি এটা দিতে হয় তাহলে এর জন্য প্রতি মাসে প্রায় ২ কোটি টাকার মত ব্যয় হবে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্যরা নিশ্চয়ই এটা বুঝতে পারছেন। আমি বুঝি যে অন্য কাজের কোন ব্যবস্থা না করতে পারলে মানুষকে বাঁচাবার জন্য জি আর-এর ব্যবস্থা করতে হয়। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, আপনি জানেন প্রতি বছর যখন এই রকম অসুবিধায় পড়েছি, রাজ্য সরকার যথা সাধ্য খয়রাতী সাহায্যের ব্যবস্থা করেছেন, অনেক ক্ষেত্রে ৫ পারসেণ্ট কেন, তার চেয়ে বেশী অনেক জায়গায় দিয়েছেন। কিন্তু এই বছরের অবস্থা সম্পর্কে মাননীয় সদস্যরা জানেন, এই বছর অন্যান্য বছরের চেয়ে খাদ্যশস্যের অভাব অত্যন্ত বেশী। জি আর-এর জন্য যে খাদ্য শস্যের দরকার সেই পরিমাণ খাদ্যশস্য জোগার করতে খাদ্য বিভাগ হিমসিম খাচ্ছেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে পরিকল্পনা করেছি সেই পরিকল্পনা সম্বন্ধে কাজের মাধ্যমে যে অর্থ ব্যয় সেই অর্থ ব্যয়টা সম্পূর্ণ অপব্যয় হচ্ছে।

(Noise)

Mr. Speaker : Honourable members, it is very much unfair. A statement has been made by the Hon'ble Minister. After that there is no scope, under the rules, for a debate or discussion. Even then, I have allowed the Minister to clarify the position. You may not be satisfied. I do agree that the situation in the rural areas is very grave. The Hon'ble Minister has tried to clarify the position and has announced the policy of the Government. After that, I hope, you will not disturb the proceedings of the House.

(Noise)

Shri Siddhartha Shankar Ray :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, জি আর, টি আর সম্পর্কে আমি নিজে ব্যক্তিগতভাবে দেখছি, মাননীয় সদস্যরা উত্তেজিত হবেন না, একটা ব্যবস্থা নিশ্চয়ই করব।

Shri Puranjoy Pramanik :
আপনার মন্ত্রী বললেন যে জি আর, টি আর হচ্ছে অপব্যয়।

Shri Siddhartha Shankar Ray :
টি আর আমরা বেশী করব, জি আর যত সম্ভব কম করবার চেষ্টা করব এবং এটা আমরা ঠিক করছি। কোন মাননীয় সদস্যর অসুবিধা হবে না, জনসাধারণের তো হবেই না আমাদের ভান্ডারে খুব অল্প আছে, যা কিছু আছে সেটা দিয়ে যতটা পারি চেষ্টা করব মানুষকে সাহায্য করতে। কোন মানুষকে না খেয়ে মরতে আমরা দেব না, আমরা তার জন্য সব রকম চেষ্টা করব।

[9-20—9-30 p.m.]

LEGISLATION

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1974

Dr. Gopal Das Nag : I beg leave to introduce the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1974. The Bill has already been published in the Calcutta Gazette (Extraordinary), dated April 27, 1974 and circulated amongst the members.

(Secretary then read the title of the Bill)

Dr. Gopal Das Nag : I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1974, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য হচ্ছে যে বিদ্যুৎ ঘাটতি এবং অন্যান্য কারণে গত কয়েক মাস ধরে পশ্চিমবাংলায় সংগঠিত শিল্প এবং অসংগঠিত শিল্পে ইন্টারমিটেন্ট লে অফ যেভাবে চলছে তাতে শ্রমিক সমাজ অত্যন্ত ক্ষতিগ্রস্থ হচ্ছে তাদের মজুরি

রোজকারের দিক থেকে। এই বিষয়ে বর্ত্তমানে যে ইনডাস্ট্রিয়্যাল ডিসপিউট্‌স এ্যাক্টে প্রভিশন আছে, সেটা যথেষ্ঠ ছিল। কিন্তু কিছু কিছু মালিক পক্ষ এই বর্ত্তমান ইনডাস্ট্রিয়াল ডিসপিউট্‌স এ্যাক্টে যে প্রভিশন আছে, লে অফ সম্বন্ধে তার যে ব্যাখ্যা সরকার পক্ষ থেকে করে দেওয়া হয়েছে, কিছু কিছু মালিক পক্ষ আইনের কচকচানি তুলে সেই ব্যাখ্যা মানতে চাইছে না এবং যার ফলে আমাদের এই এ্যামেন্ডমেন্ট আনতে হচ্ছে। এরা সরকারের যে ইনটারপ্রিটেশন সেটাকে বাধ্যতামূলক ভাবে সেই সমস্ত মালিক যারা মানতে চাইছে না তাদের উপর চাপ দেবার জন্য এই এ্যামেন্ডমেন্টের একমাত্র উদ্দেশ্য। সরকারের ব্যাখ্যায় যে সুবিধা শ্রমিকদের লে অফ সম্বন্ধে দেওয়ার ব্যবস্থা আছে সেটা যেহেতু কিছু কিছু মালিক পক্ষ আইনের নানা রকম প্রশ্ন তুলে মানতে চাইছে না, সেই সরকারী ব্যাখ্যা সমেত বর্ত্তমানে আইনটা আনা হচ্ছে যাতে প্রত্যেক মালিক মানতে বাধ্য হয়, তার ব্যবস্থা করে এই এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে।

Shri Shish Mohammad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মাননীয় লেবার মিনিস্টার ডাঃ গোপাল দাস নাগ মহাশয় আজকে ইনডাস্ট্রিয়্যাল ডিসপিউট্‌স এ্যাক্ট (ওয়েস্ট বেংগল) বিল এই হাউজে উপস্থাপিত করেছেন, বিলের অবজেক্ট্‌স এ্যান্ড্‌ রিজিন্‌স এবং সামান্য যেটুকু উনি পরিবর্ত্তন করতে চেয়েছেন, তাতেও তিনি প্রথমে চমকে উঠেছেন, আমি যখন সার্কুলেশনের কথা ঘোষণা করলাম। কাজেই তাঁর যে দুশ্চিন্তা, সেটা আমি একটু দূর করে দেব। এবং আশা করি তিনি সেটা শুনবেন আমি কি বলতে চাইছি। বিলটা তিনি নিয়ে এসেছেন শ্রমিকদের স্বার্থ যাতে অক্ষুন্ন না হয়, তিনি এই কথা ঘোষণা করলেন। কৌশল অতি সুন্দর ভাবে নেওয়া হয়েছে। আপনি ইনটারমিটান্ট লে-অফ করে অনেক সময় অনেক মিল মালিকরা শ্রমিকদের ন্যায্য মজুরী থেকে বঞ্চিত করবার চেষ্টা করে।

তাই তিনি চেয়েছেন যে একটা ফুটো জায়গায় সামান্য একটু সুতো দিয়ে বন্ধ করার চেষ্টা করছেন। পশ্চিমবাংলায় আমরা দেখতে পাচ্ছি লোড সেডিং-র ফলে নর্থ ও সাউথ ক্যালকাটা যতগুলি জুট মিল, বড় বড় ফ্যাক্টরি আছে সেগুলির সপ্তাহে ৬০ থেকে ৭০ পারসেন্ট লোড সেডিং হচ্ছে এবং মিল মালিকরা কাজ চালাচ্ছে না। এতে শ্রমিকদের অবস্থা খারাপ হচ্ছে এবং দেখা যাচ্ছে তাদের মজুরী মাসিক ৮০।৯০ টাকায় দাঁড়িয়েছে। তিনি যদি সত্যিকারের দরদী হন তাহলে সমস্ত ফুটো বন্ধ করতে হবে। তিনি বলেছেন যদি শ্রমিকরা কাজ করতে এসে ২।১ ঘন্টা কাজ করার পর যে কোন পরিস্থিতির দরুণ যদি তাদের কাজ বন্ধ হয়ে যায় তাহলে তাদের সমস্ত দিনের মজুরী দিতে হবে। এটা শ্রমিকদের পক্ষে কল্যাণকর সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু তাঁর জানা দরকার যে তিনি যতটুকু সেয়ানা তার চেয়ে সেয়ানা হচ্ছে মালিকপক্ষ। তিনি যদি এইভাবে এ্যামেন্ডমেন্ট আনেন যে, এ্যাটেনডেন্স সই করার পর তাদের কাজ হোক বা না হোক তাদের ন্যায্য মূল্য দিতে হবে তাহলে বুঝতাম। ২৪ ঘন্টার মধ্যে লোড সেডিং ১০।১৫ ঘন্টা চলছে। এই লোড সেডিং-এর কারণ কি সেটা অনুসন্ধান করুন। আমাদের খবর আছে ২।১ সপ্তাহের মধ্যে ২৪ ঘন্টার মধ্যে ১৪ ঘন্টাই লোড সেডিং হবে। এটা আপনারা খবর নেন। কেবলমাত্র ইনটারমিডিয়ারী লে-অফ-এর ক্ষেত্রে মজুরী দেবার কথা বড় কথা নয়, ক্লোজআপ, লে-অফ, লক আউটকে বেআইনী করুন। শ্রমিক মালিক যে যখন আছে ডিসপিউট সেখানে হবে। কিন্তু তার মীমাংসাও আছে। এই ক্লোজ আপ, লে অফ, লক-আউট-এর আমরা বরাবরই বিরোধী। সুতরাং এগুলিকে সম্পূর্নভাবে বেআইনী বলে ঘোষণা করুন। আপনি যেভাবে বিল নিয়ে এসেছেন তাতে জনসাধারনকে একটা বিভ্রান্ত করার চেষ্টা করছেন বলে মনে করি। আপনি এইভাবে বিল আনুন যে লে-অফ, লক-আউট, ক্লোজ আপ করা চলবে না, বরং যদি কেউ করে তাহলে তার শাস্তি বিধান হবে।

যেহেতু এইটুকু বলা হয়েছে যে ইন্টারমিটেন্ট যে লে অফ সেখানে পূর্ণ মজুরী দেওয়ার ব্যবস্থা করা হবে, সেজন্য হয়ত অনেকে আমরা সাপোর্ট করতে যাচ্ছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে ক্লোজার এবং লকআউট ও লে-অফ এটাকে সম্পূর্ণরূপে বাতিল করে দিন।

ামি আশা করব ভবিষ্যতে এই রকম একটা বিল এনে আপনারা পশ্চিমবাংলার শ্রমিকদের শ্চয়ই কল্যাণসাধন করবেন। এবং পশ্চিমবাংলার শ্রমিকদের কাছ থেকে সাধুবাদ াবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সার্কুলেশন মোশন মুভ করছি না। একথা লে বক্তব্য শেষ করছি।

[-30—9-40 p.m.]

Shri Girija Bhusan Mukhopadhyaya:

াননীয় অধ্যক্ষ মহাশয়, যে এ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে তা নিশ্চয়ই ভাল এবং াল হলেও আমি এই সম্বন্ধে কিছু বলতে চাই। এই যে বিল এসেছে এটা শুধু এই ষ্টিভঙ্গী থেকে এসেছে কিছু মালিক যারা বদমায়েসী করছে, ইন্টারমিটেন্ট লে-অফ রছে একদিনে দু তিনবার লে-অফ করছে সেটা বন্ধ করতে হবে। আজকে বিভিন্ন ল্পে কারখানায় এই লে-অফ সংক্রান্ত বিষয় নিয়ে বিভিন্ন রকম যে গোলমাল হচ্ছে, সেদিকে ন্তু লক্ষ্য রাখা হয় নি। শ্রমমন্ত্রী মহাশয় জানেন চটকলের একটা গন্ডগোল হচ্ছে ইন্টার-টেন্ট লে-অফ আর একটা গন্ডগোল হচ্ছে লে-অফ পাবার অধিকারী কে তা নিয়ে। মার বক্তব্য হচ্চে যারা কাজে আসবে সে পারমেনেন্ট ওয়ার্কারই হোক, বদলীই হোক য়েভার হি মে বি, সে হোল ডে ওয়েজেস পাবে। কিন্তু মালিক কি করে? না ঐ ২৪০ ন আগের বছরে কাজ করেছে কিনা সেটা হিসাব করে পয়সা দেয়। বদলী ওয়ার্কার ম্পর্কে কোন জায়গায় একথা বলা নেই যে প্রিভিয়াস ইয়ারে ২৪০ দিন কাজ করতে হবে। থচ চটকল মালিকরা বলছে ২৪০ দিন কাজ না করলে লে-অফের কম্পেন্সেসন পাবে না। ৪০ দিন কাজ হলে হি শ্যাল সিজ টু বি বদলী ওয়ারকার। কিন্তু ২৪০ দিন কোন্ বছরে টার কোন ক্লারিফিকেশন নেই। স্কেল'তে কিছু আছে কিনা আমার জানা নাই। ই হোক মালিকরা এই সমস্ত সুযোগ নেয়। এদিকে আশা করি শ্রমমন্ত্রী মহাশয় দৃষ্টি-াত করবেন। এবং ব্যাপারটা আমাদের কাছে ক্লারিফাই করবেন। তারপর আমি টা এ্যামেনমেন্ট দিয়েছি তাতে শেষের অংশটা আমি বাদ দিতে বলেছি। অর্থাৎ

" but if any such workman is not given employment by the employer within two ours of his so presenting himself, he shall be deemed to have been laid off such nd such."

টার মধ্য দিয়ে দেখা যাচ্ছে ওয়ারকাররা হাজিরা দিতে এল কিন্তু মজুরী পেল না, এট ওয়া উচিত নয়। একটা লোক কাজে এল এবং এসে শুনল মালিক বলবে কাল থেকে মি লে অফ, প্রিভিয়াস কোন নোটিশও তাকে দেওয়া হল না, আমি মনে করি এটা ঠিক জিনিষ নয়, এবং দিস ল্যাকুণা ইন ল মাস্ট বি রিমেডিড। এবং সে দিক থেকে আমি এই ংশোধনী দিয়েছি যে শেষের ঐ ক্লজটা অমিট করা হোক। শুধু তাই নয়, এটাতে আর কটা জিনিষ আছে যে, মালিকেরা যে দু ঘন্টা—যদি চান্স থাকে তাহলে মালিকেরা এক ন্টা কাজ করাবে না, এটাতে আমার মনে হয় খানিকটা লস অব প্রডাকসান হবে। যে ঘন্টা কাজ দিলে তারপর লে-অফ করাতে পারবো না তারপর হোল ডে-র ওয়েজ দিতে বে সুতরাং মালিকরা টেলিফোন করে খোঁজ খবর নিয়ে দেখে যে, যদি পাওয়ার এক ঘন্ট াকে তাহলে সে এক ঘন্টা কাজ তারা করাবে না। আমার এখানে প্রশ্ন যে লেবার কস্ট তখানি—৩ পারসেন্ট টু ১৫ পারসেন্ট ম্যাকসিমাম। যদি দিনের মধ্যে দু ঘন্টা কাজ য় সেই দু ঘন্টায় যে প্রডাকসান হয় তাতে হোল ডে-র ফুল ওয়েজ দেওয়া সম্ভব, সে দিক থকে আমার মনে হয় ঐ অংশটা বাদ দেওয়া উচিত। যে কাজে হাজির দেবে সেই পুরো নের ওয়েজেস পাবে এটাই আইন হওয়া উচিত। এবং আর একটা প্রশ্ন আমার এই জকে কেন্দ্র করে আমি বলছি যে, সেকশান কে, কে তে এক্সপ্লানেসানে আছে সেই এক্স-নেসানের থার্ড প্যারাতে এই কথা বলছে যে,

Provided further that if he is not given employment even after so presenting imself, he shall not be deemed to have been laid off for the second half of the shift r the day and shall be entitled to full basic wages and dearness allowance for at part of that day.

অর্থাৎ একজন লোক শিফ্‌টের ফার্স্ট স্পেলে এল, কাজ পেল না, আবার সেকেন্ড স্পেলে যখন বাঁশি বাজবে সে আসবে, বাঁশিটাই হচ্ছে আসতে বলার আহ্বান। বাঁশি দিল ৬টায়, সে লে-অফ হল, তারপর আবার দুটোর সময় সে যখন বাঁশি শুনে এল সেই সেকেন্ড স্পেলেও যদি তাকে কাজ না দেওয়া হয় তাহলে হি ইস্ এনটাইটেল্‌ড্ টু ফুল ওয়েজেস্।

Shri Shish Mohammad :

স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, এই ভাবে যদি মাঝখান থেকে নতুন করে হাউসে আনা হয় তাহলে কি অবস্থা হয়? এটা অন্যায়।

Shri Girija Bhusan Mukhopadhyaya :

না, না আপনি শুনুন না, এই সেকশান কে. কে তে থার্ড প্যারাতে কি বলেছে? আমার মনে হয় লস অব প্রডাকসানকে যদি রুখতে হয় তাহলে এটা করা দরকার যে—এ্যানি ওয়ান এ্যাটেনডিং দি ফ্যাকটরী উইল গেট ফুল ওয়েজেস্। এখানে অনেক জোচ্চুরি হয় সেটা আপনি জানেন স্যার, আপনার অভিজ্ঞতা আছে। আমারও আছে। ঐ সেকেন্ড স্পেলে কাজ দেয় না, লে-অফ করে, এ নিয়ে অনেক ডেপুটেশন হয় লেবার কমিশনারের কাছে, অনেক রিপ্রেজেনটেসানে দেওয়া হয়। সেদিক থেকে আমার মনে হয় এটাকে তুলে দিন, তাহলে বিলটা আরো সুন্দর হবে এবং আমরাও এটা সমর্থন করতে পারবো।

[9-40—9-50 p.m.]

Shri Bhawani Prosad Sinha Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই এ্যামেণ্ডমেন্টকে সমর্থন করছি। মাননীয় সদস্য শ্রীশিস মহম্মদ সাহেব এই সংশোধনীর ব্যাপারে সার্কুলেশনও দেবার জন্য মুভ করতে গিয়ে সেটা উইথড্র করে নিয়েছেন কিন্তু বক্তব্যের মধ্যে তিনি মুভ করতে গেলে যেসব করতে হয় তার সব কথাই বলেছেন। এখন এখানেতে আমার মনে সন্দেহ মাননীয় মন্ত্রী মহোদয় একটা জায়গায় বোধহয় ধাক্কা খেয়েছেন এবং সেই ধাক্কা থেকেই এই ছোট্ট এ্যামেণ্ডমেন্টটা এনেছেন, সেটা হচ্ছে আই, জে, এম, এ,-র কাছ থেকে। আই, জি, এম, এ,-র মালিকরা শুনছেন না, অন্যান্য মালিক যারা আছেন তাঁরা শুনছেন এবং সেই জন্যই এই ছোট্ট এ্যামেণ্ডমেন্ট টুকু আনা হয়েছে। মাননীয় সদস্য শ্রীগিরিজা মুখোপাধ্যায় মহাশয় তার যে কনটেন্স বক্তব্যের সঙ্গে আমার দ্বিমত নেই কিন্তু ব্যাপারটা হচ্ছে এই সংশোধনীর সঙ্গে এটার সম্পর্ক আছে বলে আমি মনে করি না। আসল জায়গায় বোধহয় আমরা কেউ যেতে পারছি না এবং পশ্চিমবঙ্গ সরকারও বোধহয় যেতে পারছেন না। আমরা এই সম্বন্ধে আলোচনা করেছি ও মাননীয় মন্ত্রী মহাশয়ও বারবার বলেছেন, লেবার কন্‌সালটেটিভ কমিটি থেকেও ঠিক হয়েছে, আমাদের এই সভার বহু সদস্য অভিমত প্রকাশ করেছেন সেটা হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের পরিবর্তনের কথা। ইনডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট, এটা যদি ঢেলে সাজান না যায় তাহলে এইরকম এই কাথা শিলাই করে, শুধু শলাই করে, মেরামতি করে মালিকদের বিরুদ্ধে লড়াই করা যাবে না, শ্রমিকদের স্বার্থকে রক্ষা করা যাবে না। আমি এখানে এই আবেদনই রাখতে চাইছি আপনার মাধ্যমে যে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট, এই এ্যাক্টে আমরা যে কথা বলেছি, পশ্চিমবাংলার সরকারের যে অভিমত এই সমস্ত রেখে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টকে পরিপূর্ণভাবে ঢেলে সাজান হোক। এখন পর্যন্ত আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, যে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে মালিকদের হাত যথেষ্ট শক্ত করে রেখে দিয়েছে এবং সেখানে শ্রমিকদের স্বার্থ এইরকম কাথা শেলাই করে, মেরামতি করে চালান যাবে না। মালিকরা অত্যন্ত পাওয়ারফুল এই একজিস্টিং এ্যাক্টের মধ্যে। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাবো যে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট পরিবর্তন করার জন্য যে চাপ সৃষ্টি করা দরকার

সেই চাপ সৃষ্টি করা হোক। আজকে বিধান সভার শেষ দিন আমরা আশা করেছিলাম এই ব্যাপারেতে একটা মুভ করা হবে পশ্চিমবাংলার বিধানসভা থেকে যে ইণ্ডাস্ট্রিয়াল এ্যাক্ট পরিবর্তন করা হোক এবং পশ্চিমবাংলা সরকারের যে অভিমত সেই অভিমত কেন্দ্রের কাছে রাখা হোক। আমি এই কথা বলে মন্ত্রী মহাশয়কে আমার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

Shri Rabindra Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় জানেন আজকে দীর্ঘদিন ধরে শিল্পে মালিকদের সঙ্গে শ্রমিকদের যে একটা অশান্তি চলছে, লক্ষ লক্ষ শ্রমিক আজকে বাড়ী থেকে বেরিয়ে যখন কারখানার গেটে আসে তখন সেখানে কারেন্ট অফ দেখে হতাশ হয়ে ফিরে চলে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের একটা এ্যামেণ্ডমেন্ট বিল এনেছেন যে দু'ঘন্টা শ্রমিকরা কাজ করলে শ্রমিকরা পুরো পয়সা পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শ্রমিকদের পক্ষ থেকে বক্তব্য যে শ্রমিকরা কারখানার গেটে হাজিরা খাতায় যে নাম লেখাবে বা টিকিট কাটবে সেই শ্রমিকদের পুরো হাজির হিসাবে মালিককে মেনে নিতে হবে। কারণ দু'ঘন্টা কাজ করলে পুরো দাম পাবে তাতে আজকে সেই মালিক সেই চক্রান্তের মধ্যে শ্রমিকদের ফেলবার জন্য নানা অজুহাত দেখাবার চেষ্টা করবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কারখানার কথা আপনার সামনে তুলে ধরছি। গত দুদিন আগে শ্রীহনুমান কটন মিল, যে মিল মাননীয় শ্রমমন্ত্রীর চেষ্টায় ২২ মাস পরে ১৯৭৩ সালের এপ্রিল মাসে খোলা হয়েছিল, যেটা আর কে ইনভেষ্টমেন্ট লিঃ কোম্পানী নিয়েছে, তারা গতকাল ৩।৫।৭৪ তারিখে একটা নোটিশ দিয়েছে। সেই নোটিশটা হচ্ছে এই ঃ এতদ্বারা সমস্ত শ্রমিকদের জানান যাইতেছে যে ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন কর্তৃক হঠাৎ ইলেক্ট্রিক সাপ্লাই বন্ধ করা হয়েছে। মিল ৪-৩৫ হইতে চলা সম্ভবপর হয় নাই। ইলেক্ট্রিক সাপ্লাই বন্ধের জন্য ৭টা হইতে ১০-৩০ মিনিট পর্যন্ত শ্রমিকদের লে-অফ দেওয়া হইল এবং আইন অনুযায়ী লে-অফ ক্ষতিপূরণ দেওয়া হইবে। গতকাল হইতে কারখানায় অশান্তি চলছে। এই কারখানার পাশে ল্যাডলো চটকল আছে, সেই কারখানায় ডাইনামো এবং রেফ্রিজারেটার নিয়ে এসে কাজ চালান হচ্ছে, সেখানে লে-অফ হচ্ছে না, শ্রমিকরা কাজ পাচ্ছে। সমস্ত শিল্পেই মুনাফা করেছে, মুনাফা করে টাকার ইমারত গড়ে তুলছে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করি যে তিনি এই সমস্ত কারখানায় ডাইনামো এবং রেফ্রিজারেটার নেওয়াবার ব্যবস্থা করুন, যাতে শ্রমিকরা পুরো কাজ পায় এবং তারা পুরো পয়সা পায়। কারণ বর্তমানে বাংলাদেশের যে অবস্থা আধ ঘন্টা পরিশ্রম করে এবং সেইভাবে চলে তাহলে তারা যে পারিশ্রমিক পাবে তাতে কাবুলিওয়ালার ধার মিটিয়ে দিয়ে আর কিছু নিয়ে বাড়ীতে যাবার মত পয়সা থাকবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাতে চাই যে আজকে দু ঘন্টা কাজ করা নয়, শ্রমিক হাজিরা দিলেই তাকে পুরো পয়সা দিতে হবে, এই ব্যবস্থা করতে হবে। আমি যে কারখানার কথা বললাম ৩।৫।৭৪ তারিখে দু ঘন্টা লে-অফ দিলে তাদের পয়সা কাটা যাবে, পরের দিন শনিবার হপ্তার দিন, সেখানে নানা রকম অশান্তি চলছে। মালিক আই জি এম এ, আলু-পটলওয়ালা, মুনাফা করে কোটি কোটি টাকার ইমারত গড়ে তুলছে, তাদের ইচ্ছামত তাদের কথামত যদি পশ্চিমবঙ্গ সরকার বা কেন্দ্রীয় সরকার চলেন, তাহলে আজকে পশ্চিমবঙ্গের শিল্পে অশান্তি আসবে, শ্রমিকরা না খেতে পেয়ে দিন কাটাবে। আজকে তাদের বাধ্য করতে হবে এখনি কারখানাতে ডায়নামো এবং রেফ্রিজারেটার নিতে, যাতে শ্রমিকরা পুরো কাজ পেতে পারে। দেখা যায় একটা কারখানায় যদি হাজার শ্রমিক থাকে, তাহলে সেখানে ৬০০ হচ্ছে পারমানেন্ট এবং ৪০০ হচ্ছে বদলি শ্রমিক, তারাতো নিয়মিত পাওনা পয়সা পায় না, যদি তারা কাজ না পায় তাহলে সংসারে না খেয়ে উপোস দিয়ে কাটাতে হবে। তাই এমন একটা ব্যবস্থা করুন যাতে বদলিওয়ালারা টিকিট তুললেই পুরো মাইনে পায়। শিল্পে অশান্তি রুখবার জন্য প্রত্যেক মালিককে বাধ্য করতে হবে যাতে আই জি এম এ-এর প্রতিটি কারখানায় ডায়নামো এবং রেফ্রিজারেটার নিয়ে আসে, প্রত্যেকে যাতে পুরো পয়সা পায়। মাননীয় শ্রমমন্ত্রীকে এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Jyotirmoy Mojumdar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় পশ্চিমবাংলার শ্রমমন্ত্রী ১৯৪৭ সালের তৈরী ইণ্ডাস্ট্রিয়াল ডিস্পিউট এ্যাক্ট-এর ছোট যে সংশোধনী উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থণ জানাচ্ছি। সমর্থন করে কিন্তু আমি একটা বিষয়ে বলতে বাধ্য হচ্ছি। ১৯৪৭ সালে যখন ইণ্ডাস্ট্রিয়েল ডিস্পিউট এ্যাক্ট তৈরী হয়েছিল তখন ভারতবর্ষের কেন্দ্রে এবং পশ্চিমবঙ্গে যে নেতৃত্ব ছিল, তাঁদের শ্রমিকমুখী চিন্তাধারা ছিল কিনা সন্দেহ, সেদিন গণতান্ত্রিক চিন্তাধারা কতটা ছিল বলতে পারি না। তাই সেদিন স্বাভাবিকভাবেই ইণ্ডাস্ট্রিয়েল ডিস্পিউট এ্যাক্টের চেহারা এই রকম দাঁড়িয়েছিল। আজকে যখন রাজ্যে এবং কেন্দ্রে প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত হয়েছে তখন সেই প্রগতিশীল সরকার এবং সদস্যগণ শ্রমিকমুখী চিন্তাধারার পোষণ করবে এটা স্বাভাবিক। আজকে বিদ্যুৎ বিভ্রাটের জন্য লে-অফের ক্ষেত্রে যে সমস্ত বদলী শ্রমিক রয়েছে যারা লে-অফের বেনিফিট পায় নি, সেই সমস্ত বদলী শ্রমিকরা যাতে প্রতিটি ক্ষেত্রে লে-অফের বেনিফিট পায় তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তর উদ্যোগী হয়েছেন, তারজন্য তাঁরা নিশ্চিতভাবে ধন্যবাদের পাত্র।

[9-50—10-00 p.m.]

কিন্তু এই প্রসঙ্গক্রমে আমি এ কথা বলতে বাধ্য হচ্ছি যে, সমগ্র ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট আজকে যতখানি মালিক ঘেঁষা ও সুষ্ঠু শোষণ নীতি জোরদার করে রেখেছে ঠিক ততখানি শ্রমিক-মুখীন নয়। তা সত্বেও এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এ সংশোধন প্রয়োজন আছে। এইজন্য পশ্চিমবঙ্গের শ্রমদপ্তরকে বার বার করে অনুরোধ জানিয়ে রাখছি এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এর সম্পূর্ণ সামগ্রিক সংশোধনের জন্য। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গ সরকারের প্রগতিশীল শ্রমদপ্তর নিজেরাই কাজ করবার ক্ষেত্রে বেশ অসুবিধা ভোগ করছেন। তারা এটা ভালকরে জানেন কোন সময়ে কোন কোন মালিককে কোন ডিসপিউটস-এর ব্যাপারে রাইটার্স বিল্ডিংসে আলোচনার জন্য ডেকে পাঠালেও তারা আসেন না। যখন জয়েন্ট লেবার কমিশনার বা ডেপুটী লেবার কমিশনার কোন কনসিলিয়েশন সম্পর্কে মালিকপক্ষকে ডেকে পাঠান, তখন তাঁরা তেমন গা করেন না—যাওয়া আসা সম্পূর্ণ তাঁদের ইচ্ছের উপর নির্ভর করে। কাজেই এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এর সংশোধনের প্রয়োজনীয়তা নিশ্চয়ই অনস্বীকার্য। যে সমস্ত বদলী শ্রমিক বিভিন্ন কারখানায় কাজ করে বিশেষকরে জুট মিলে, বর্তমানে বিদ্যুৎ বিভ্রাটের ফলে মাসের মধ্যে ১০।১২ দিন লে-অফ্ হচ্ছে, কোনদিন বা আধঘণ্টা লে-অফ হয়ে যাচ্ছে, সেই সমস্ত পার্মানেন্ট ওয়ার্কারস্ যে সমস্ত লে-অফ বেনিফিট্ পেতেন মালিকপক্ষ হাজার হাজার শ্রমিকদের খাতায় নাম না রেখে তাদের দিয়ে ঐ কাজ করাতেন, কোন রকম ডকুমেন্ট না রেখে শ্রমিকদের শ্রম ক্রয় করে মুনাফা সৃষ্টি করতেন। সেই সমস্ত মালিককে শ্রমদপ্তর বার বার বলা সত্বেও লে-অফের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নীতি তারা মেনে চলছিল না। পশ্চিমবঙ্গ সরকারের শ্রমদপ্তর লে-অফের ক্ষেত্রে যে সমস্ত বদলি শ্রমিক রয়েছে তাদের পূর্ণ সুযোগ-সুবিধা প্রদানের জন্য এই যে সংশোধনী বিল এনেছেন, তাকে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তরের এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট, ১৯৪৭ সালে তৈরী হয়েছিল, আজকে যুগের পরিবর্তনের সাথে সাথে, সামাজিক ও রাজনৈতিক চিন্তাধারার পরিবর্তনের সাথে সাথে এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এরও পরিবর্তনের প্রয়োজন রয়েছে। একথা পশ্চিমবঙ্গ সরকারের শ্রমদপ্তর মনে রেখে পশ্চিমবঙ্গের বিধানসভায় সর্বজনগ্রাহ্য একটী বে-সরকারী বিল পাশ করে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারতেন। আমরা অন্ততঃ আশা করবো তাঁরা সেই পথে যেন এগোন এবং ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এর একটা সুসামঞ্জস্য সংশোধন আনতে ভবিষ্যতে সচেষ্ট হন। এই কথা কয়টী বলে আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ, বন্দেমাতরম্।

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে এই এ্যামেণ্ডমেন্ট-এর মূল উদ্দেশ্য কী এই এ্যামেণ্ডমেন্ট-এর মূল উদ্দেশ্য এই নয় যে বর্তমান ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক লে-অফ্ সম্বন্ধে শ্রমিকদের যে সুবিধা দেওয়ার ব্যবস্থা আছে, সেই ব্যবস্থার কোন পরিবর্ত করা। এই এ্যামেণ্ডমেন্ট-এর উদ্দেশ্য হচ্ছে এই বর্তমানে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এ যা প্রকৃত ব্যাখ্যা হওয়া উচিত, সেই ব্যাখ্যাতে শ্রমিকরা যে সুবিধার অধিকারী বলে সরকা মনে করেন, কোন কোন শ্রেণীর মালিক সরকারের অনুরোধ সত্বেও সেই সুবিধা তাদে দিচ্ছেন না, শ্রমিকদের বঞ্চিত করছেন। তাঁরা আইনের অন্য ব্যাখ্যা দেখাচ্ছেন। আইনে জন্মের আগে সহজ পথে যে সুবিধার তারা অধিকারী, সেটা যাতে শ্রমিকদের দেওয়া যায় তারজন্যাই এই লে-অফ্ বেনিফিট একটা ক্লজ রিকাস্ট করে দিচ্ছি এমনভাবে এর মধ্যে যে বিল্ট ইন বেনিফিট আছে, যেটা কোন মালিক কোন অজুহাতে না দিয়ে যেতে পারে।

সকলে মনে করেন এই আইন যেটা আছে যে,

Management cannot lay off any worker at any time after the expiry of the two hours of commencement of a shift.

কিন্তু তা করা হচ্ছে না। কোন কোন শিল্পে সরকার মনে করেন বর্তমান যে আইন আছে এই আইন

within a sh ft or a portion is not permissible under the provisions of the Industrial Disputes Act.

কিন্তু এই কথা জানিয়ে দেওয়া সত্বেও কোন কোন বিষয়ে মালিক শ্রেণী এই নির্দেশ মানছে না। সুতরাং তারা যাতে বাধ্য হন তারজন্য একটা প্যারা রিকাস্ট করে দিচ্ছি,• এইটাই হচ্ছে এ্যামেণ্ডমেন্টের উদ্দেশ্য। নূতন কোন বেনিফিট দেওয়া সম্ভব নয়। সেইজন্য গিরিজা-বাবু যে কথা বলেছেন সম্পূর্ণ সেই প্রেমিসেসে দাঁড়িয়ে বলেছেন এবং আমি যখন এই বিল মুভ করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, তখন আমি এটা পরিষ্কার করে বলেছিলাম বর্তমান আইনের যে সুবিধার কথা আছে সেই সুবিধাটা শ্রমিক শ্রেণী পাচ্ছেন না। আইনের অপ-ব্যাখ্যা করে এক শ্রেণীর মালিক শ্রমিক শ্রেণীদের বঞ্চিত করছেন। তারা যদি সেই সুযোগ না পায় বর্তমান আইনে যে সুযোগ পাবার অধিকার তাদের আছে সেই সুযোগ যাতে পান তারজন্য একটুখানি ল্যাংগোয়েজের বদল করে এটাকে সহজ এবং সরল করে দেওয়া হচ্ছে এবং সেইজন্য এখানে অন্য কোন এ্যামেণ্ডমেন্ট, যে এ্যামেণ্ডমেন্ট গিরিজাবাবু দিয়েছেন আমি তা গ্রহণ করতে পারছি না। আমি আশা করি মাননীয় সদস্যরা আমার কথা বুঝে এবং আমার সমস্ত বক্তব্য শুনে এই এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করবার জন্য প্রেস করবেন না। দ্বিতীয় প্রশ্ন উঠেছে এই যে বেনিফিট, লে-অফ বেনিফিট ইত্যাদি সমস্ত ওয়ার্কাররা যে কাজে যাবে সে বদলি হোক আর না হোক সে পাবে কিনা—বদলি ওয়ার্কার বলতে আসলে বদলি ওয়ার্কারের কি কোয়ালিফিকেসন হবে? সকলেই কি সেই জিনিসের অধিকারী হবে? এই সমস্ত বিষয়গুলি আজকের এই এ্যামেণ্ডমেন্টে বা আজকের এই বিলের মধ্যে আসছে না। তবুও আমি যারা এই প্রসংগ তুলেছেন তাঁদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, কয়েক মাস আগে দিল্লীতে যে শ্রমমন্ত্রী সম্মেলন হয়েছিল সর্বভারতীয় সেই সম্মেলনে এই আমি এই প্রসংগে আলোচনা করেছি। সেখানে সর্ববাদী সম্মতিক্রমে সমস্ত প্রদেশের শ্রমমন্ত্রীরা কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর কাছে সুপারিশ করেছেন যে বদলি ওয়ার্কার যারা তারা আগে ১২ মাসের মধ্যে ২০০ দিন কাজ করেছেন নট নেসেসারিলি কন্টিনিউয়াস এই কথাটা সেখানে ব্যবহার করা হয়েছে, তারা লে-অফ বেনিফিটের অধিকারী হবেন, এটাই আমাদের সুপারিশ। দ্বিতীয় সুপারিশ হচ্ছে যা আমরা করেছি যে লে-অফ বেনিফিট বর্তমানে যেটা আছে ৫০ পারসেন্ট এটাকে বাড়িয়ে করা হোক ৬০ পারসেন্ট। কারণ বর্তমানে দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এটা ইউন্যানিমাস রেকমেণ্ডেসন অব দি অল ইণ্ডিয়া লেবার মিনিষ্টারস কনফারেন্স কয়েক মাস আগে এটা করা হয়েছে। এবং আমার মনে হয় এ সম্বন্ধে আমাদের কেন্দ্রীয় শ্রমমন্ত্রী মহাশয় চিন্তা করছেন এবং শীঘ্রই এই সম্বন্ধে যখন নূতন আইন আনতে যাচ্ছেন তখন

এ সম্বন্ধে তিনি একটা ব্যবস্থা অবলম্বন করবেন, আমাদের সর্ববাদীসম্মত এই সুপারিশ মত। সুতরাং আজকে এই এ্যামেণ্ডমেন্টের যে উদ্দেশ্য তা অন্য কিছুই নয়, বদলি ওয়ার্কার্সরা কত লে-অফ বেনিফিট পাবে কোয়ানটাম অব বেনিফিট কি হবে, সে সব বিষয়ে আমি এখুনি বিতর্কে যেতে চাচ্ছি না। সেটা যে ফোরামে হওয়া উচিত এবং কি রেজাল্ট হবে সেটা বললাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, ইনডাস্ট্রিয়ালস ডিসপিউট এ্যাক্টের থরো রিভিসন দরকার। এবং এই রিভিসনের জন্য চাপ সৃষ্টি করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক সদস্যই জানেন যে আমরা ১৯৭২ সালে যেদিন সরকারে এসেছি তারপরের দিনই এর প্রয়োজনীয়তা অনুভব করেছি এবং ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টের এ্যামেন্ডমেন্টের চেষ্টা করেছি। আমাদের আগে যে কোয়ালিসন সরকার ছিল সেখানে ক্লোজার সম্পর্কে যে ধারা তার পরিবর্তন হয়েছিল। আজকে সর্বভারতীয় ক্ষেত্রে এবং পরবর্তীকালে অন্যান্য ধারার পরিবর্তন করে যাতে শ্রমিকশ্রেণীর স্বার্থ যথাযথভাবে রক্ষিত হয় এবং এই স্পিরিটেই ইনডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে করা হয়েছিল, সেই স্পিরিটেই সততা অনুযায়ী যাতে ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টের বিভিন্ন ধারা পরিবর্তন করে শ্রমিক শ্রেণী সোসাল জাস্টিস পায়, শ্রমিকশ্রেণীকে যাতে আরো সংঘবদ্ধ করা যায় তার জন্য বিভিন্ন প্রস্তাব আমরা সরকারীভাবে আমাদের মন্ত্রিসভায় পাশ করিয়ে সর্ব ভারতীয় অনুমোদনের জন্য দিয়েছি। এবং সেটা সমস্ত কিছুই আজ পর্যন্ত ভারত সরকারের বিবেচনাধীনে আছে।

[10-00—10-10 a.m.]

তার ইনটারেস্ট যাতে প্রটেক্ট করা যায় তার জন্য বিভিন্ন প্রস্তাব বিভিন্ন সময়ে আমরা সরকারীভাবে মন্ত্রিসভায় পাশ করিয়ে ভারত সরকারের অনুমোদনের জন্য দিয়েছি এবং সমস্তই ভারত সরকারের আজ পর্যন্ত বিবেচনাধীন আছে। আমার দৃঢ় বিশ্বাস ভারত সরকার ইনডাস্ট্রিয়াল রিলেসানস বিল আনছেন এবং তা আমরা কাগজেও দেখতে পাচ্ছি। ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট ইত্যাদি যে পুরানো আইনগুলি আছে তার দ্বারা শ্রমিকদের স্বার্থরক্ষার একটা উদ্দেশ্য রয়েছে। কিন্তু যা মাননীয় সদস্য ভবানীবাবু বললেন বা জ্যোতির্ময় বললো স্বার্থকভাবে সেটার প্রতিফলন হচ্ছে না আইনের দুর্বলতার জন্য। সেই জন্য ভারত সরকার নিশ্চয়ই ওই বিলের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করছেন। সুতরাং একথা মনে করার কোন কারণ নেই যে আমরা ছোট প্যারার এ্যামেন্ডমেন্ট আনছি বলে আমরা ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টের থরো রিভিসান প্রয়োজন বলে মনে করি না বা আমরা এই সম্পর্কে সম্পূর্ণ নিস্ক্রিয়। বরং মাননীয় সদস্যরা জানেন নিশ্চয় তাঁদের স্মরণ করিয়ে দেওয়ার প্রয়োজন নেই ১৯৭১ সাল থেকে ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট সংশোধনের আমরা চেষ্টা করে আসছি এবং আমরা কোন কোন জায়গাতে সফলও হয়েছি এবং আগামী দিনেও যে ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট আসছে তাতেও তাঁরা দেখবেন সেই বিল যখন পার্লামেন্টে পেশ করা হবে যে আমরা যা চিন্তা করেছিলাম, আমরা যে সমস্ত কথা বলেছিলাম অতীতে বিভিন্ন সময়ে এই হাউসে তার অধিকাংশ এই ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস বিলের বিভিন্ন ধারায় প্রতিফলিত হবে অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের যে চিন্তা এই সম্পর্কে সেই চিন্তার প্রতিফলন এই বিলে পাবেন। এই কটি কথা বলে গিরীজাবাবুকে অনুরোধ করবো তাঁর এ্যামেন্ডমেন্ট আমার এই যে ব্যাখ্যা তার পরিপ্রেক্ষিতে প্রেস করবেন না, উইথড্র করে নেবেন। আর যদি না করেন আমি দুঃখিত তাঁর এ্যামেন্ডমেন্ট আমি গ্রহণ করতে পারছি না এবং আমি আনন্দিত যে শীষ মহম্মদ তাঁর সারকুলেসান মোশান প্রত্যাহার করে নিয়েছেন। এরজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Dr. Gopal Das Nag that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shrimati Ila Mitra : We are not moving our amendments.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Gopal Das Nag : I beg to move that the Industrial Disputes (West Bengal mendment) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Workmen's House-Rent Allowance Bill, 1974.

Dr. Gopal Das Nag : I beg leave to introduce the West Bengal Workmen's ouse-Rent Allowance Bill, 1974. The Bill has already been published in the ılcutta Gazette Extraordinary dated 3rd May, 1974, and circulated amongst the embers.

[Secretary then read the title of the Bill.]

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Workmen's House-nt Allowance Bill, 1974, be taken into consideration.

ননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি এখানে পেশ করতে গিয়ে আমি মাননীয় সদস্যদেব তার্থে নিবেদন করতে চাই যে বর্তমান প্রথা অনুযায়ী যে মিনিমাম ওয়েজ ধার্য করা তার মধ্যে একটা হাউস রেন্ট কমপোনেন্ট থাকে। কিন্তু নানা অর্থনৈতিক কারণে মিনিমাম ওয়েজ যেটা ধার্য করা হয় কয়েক বছর অন্তর অন্তর তার এরোসন আটকানো চ্ছ না। কণ্ট অব লিভিং ইনডেক্স-এর সঙ্গে মহার্ঘভাতা লিঙ্ক আপ করে বেসিক য়জ যেটা সেটার মধ্যে হাউস রেন্ট থাকে ঐ সামান্য এ্যানুয়েল ইনক্রিমেন্ট আছে সেটাকে ড় ইনডাস্ট্রির মধ্যে বেসিক ওয়েজ ভেরিয়েসন হয় না। সেটলড পিরিয়ডের মধ্যে ইরোসন হয় এবং আপাতদৃষ্টিতে সেই ইরোসন বন্ধ করবার কোন ব্যবস্থা নাই। সিক ওয়েজের মধ্যে যে হাউস রেন্ট কমপোনেন্ট আছে সেই হাউস রেন্ট কমপোনেন্ট রসন তার ইরোসন রুখতে পারে না। দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাদের যে সংগঠিত শিল্প আছে যেখানে প্রায় ৮ লক্ষ শ্রমিক কাজ করে এই শ্রমিকদের ধকাংশ সমীক্ষায় বলেছে যে ভাড়া বাড়ীতে বাস করে। এবং অধিকাংশই বস্তীর মধ্যে করে। এখন ভাড়া বাড়ীতে যেখানে তারা বাস করে সেখানে নানারকম কারণে বাড়ী ভাড়া বেড়ে চলেছে—অনেক সময় এটা প্রতি বছরই বেড়ে চলেছে। সুতরাং টা গিভেন টাইমে মিনিমাম ওয়েজ ধার্য করবার সময় আমরা যে বাড়ী ভাড়া ধরি ানে বাড়ী ভাড়া কনসট্যান্ট ঐ সেটল পিরিয়ডে থাকছে না এটা বাস্তব ঘটনা। এক- দিয়ে ইরোসন হচ্ছে তার ভ্যালু আর একদিকে পরোক্ষভাবে বাড়ী ভাড়ার হার বেড়ে চ্ছ। আমরা অধিকাংশ অর্গানাইজড ইনডাস্ট্রিতে যে নিম্নমানের যে শ্রমিক রয়েছে দের জন্য গত কয়েক বছরে এই এক্সটেনডেড হাউসিং বেনিফিট-এর ব্যবস্থা করতে র নি। ঐ যে পুরাতন ব্যবস্থা আছে সেই ব্যবস্থাই চলেছে। এরজন্য পশ্চিমবঙ্গ কার মনে করেন যে বৃহৎ সংগঠিত শিল্পে নিয়োজিত শ্রমিকদের একটা বাড়ীভাড়া য়া দরকার প্রতি স্তর হিসাবে এবং সেইজন্য আমরা এই আইন চালু করছি। আগামী যখন স্টেট লেবার ওয়েলফেয়ার ফান্ড বিল পাশ হবার পর একটা বোর্ড তৈরী নিশ্চয় এবং তাতে লেবার ওয়েলফেয়ার-এর এ্যাকটিভিটি আরও ব্যাপক হবে এবং কদের জীবনে সমস্ত দিকের প্রতি তারা লক্ষ্য রাখতে পারবে এবং আমি আশা করি বোর্ডের মাধ্যমে শ্রমিকদের এই হাউসিং প্রবলেমও কিছু কিছু সমাধান করা

যাবে। এখন যদি ওন ইয়োর ওন হাউস স্কীম সম্বন্ধে ওয়েলফেয়ার বোর্ড কিছু করেন বিভিন্ন সরকারী ব্যবস্থার সুযোগ নিয়ে আইনের সাহায্য নিয়ে সেখানে হাউস রেন্ট কমপোনেন্ট তার সঙ্গে থাকলে সেটা আরও সহজ হবে এবং ঐ লেবারদের ওয়েলফেয়ারের যে ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারের সেটা প্রতিষ্ঠিত হবে কার্যকরী করার ব্যাপারে যথাযথ সুযোগ পাবে। আমি এই কয়েকটি কথা বলে এই বিলটি সদস্যদের সামনে রাখছি।

[10-10—10-20 a.m.]

Shri Shish Mohammad : Sir, I beg to move that the West Bengal Workmen's House-Rent Allowance Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of May, 1974.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কমেন্স হাউস-রেন্ট এ্যালাউন্স বিল-এর আলোচনায় অংশ গ্রহণ করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই হাউসে রাখতে চাই এবং সংগে সংগে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তার পূর্বে আমি যখন বক্তব্য রাখতে উঠি তখন সুকুমারবাবু বলেছেন যে, আর কি বক্তব্য রাখবেন এখন থেকে ইতি করুন। সুকুমারবাবুতো জানেন, তিনি একজন ট্রেড ইউনিয়ন এবং ট্রেড ইউনিয়ন সম্পর্কে আমার থেকে তার যথেষ্ট অভিজ্ঞতা আছে, তিনি কি করেন সে খবর আমরা রাখি। কিন্তু তিনিও বুঝতে পারবেন যদি বিলটা পড়ে থাকেন তাহলে বিলের মেরিটস এবং ডিমেরিটস সম্পর্কে ওয়াকিবহাল হতে পারতেন। কিন্তু তিনি বিলটি পড়েছেন কিনা জানি না, যদি বিলটা পড়ে থাকতেন তাহলে তিনি আমাকে একথা বলতেন না। তাই আমার মনে হয় তিনি বিলটি পড়েন নি। আমরা বিরোধী পক্ষের সদস্য। আমাদের লাগামটি খোলা আছে। গতকাল যখন ৫টি বিলের কথা বলা হয়েছিল যে আজকে ৫টি বিল হবে তখন আমি প্রতিবাদ জানিয়েছিলাম। কিন্তু ওদের সেই উপায় নেই। কারণ ওনাদের টিকিটী বাঁধা আছে। সেই কারণে দল ছেড়ে যাবার উপায় নেই। যাই-হোক আমি আমার বক্তব্য রেখে আর সুকুমারবাবুকে উত্তপ্ত করবো না, তিনি আমার বন্ধু লোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটি আনা হয়েছে সেই বিলটি আগাগোড়া পড়ে দেখা যায় যে বিলটিতে সামগ্রিক একটা রূপ দেওয়া হয়েছে। বিলটিতে ইংরাজীর ২৬টি ওয়ার্ডের কোনটাই বাদ নেই, সবই আছে। আর আমার মনে হয় যে অক্সফোর্ড ডিক্সেনারির সমস্ত ওয়ার্ডগুলি এতে আছে। কাজেই বিলটিকে এমনভাবে সাজান হয়েছে এবং এমনভাবে কৌশল অবলম্বন করা হয়েছে যে বিলটি যদি পড়ে দেখেন তাহলে সাধারণ শ্রমিক তারা কিন্তু বিলের মর্ম প্রথমে বুঝতে পারবেন, তারা বাহবা দেবেন। কিন্তু যদি বিলের ইনটারন্যাল অবস্থা একটু অনুধাবন করা যায় তাহলে দেখা যাবে যে বিল দেখে শ্রমিকরা কোনদিনও হাততালি দেবেন না এবং গোপালবাবুও হাততালি পাবেন না। যাই-হোক মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে বলা হয়েছে তিনি বললেন যে আজকে পশ্চিমবঙ্গের শ্রমিকশ্রেণী বিশেষ করে যারা কলকাতা এলাকায় ইনডাস্ট্রিয়াল বেল্ট-এ বসবাস করেন এবং তাদেরও বাড়ীভাড়া দিতে হয়, সুতরাং বাড়ীভাড়া বাবদে বাড়ীভাড়ার জন্য তাদের কিছু সরকারের কল্যাণ করা উচিৎ। সুতরাং সরকারের গদগদকণ্ঠে, শ্রমিকের জন্য তাদের চোখের জল বুক দিয়ে বয়ে যাচ্ছে। সেজন্য গোপালবাবু করলেন কি শ্রমিকদের দুঃখে আর দাঁড়িয়ে থাকতে পারলেন না, তিনিও একটু কাঁদলেন। দেখা যাচ্ছে এই যে বিলটা এনেছেন এবং এতে যে বর্ণনা দেওয়া হয়েছে তাতে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অন্ততঃ শ্রমিকের জন্য একবার কান্নাকাটি না করে একঘটি জলও খাবেন না। যাই হোক, জল খান, নাই খান তাতে আমার কিছু যায় আসে না। বিলের মধ্যে যা দেখলাম তাতে একটা বিভ্রান্ত সৃষ্টি করা হয়েছে শ্রমিকদের মধ্যে। দেখুন, বিলে বলা হয়েছে যদি এটা পড়া যায় তাহলে দেখা যাবে যে থ্রি এ্যান্ড হাফ পারসেন্ট শ্রমিকদের দেওয়া হবে, যেখানে শ্রমিক সংগঠিত প্রতিষ্ঠান আছে নট লেস দ্যান ৫০।

৫০-এর কম নয়। সেইরকম শিল্প প্রতিষ্ঠানে যে শ্রমিকরা থাকেন তাদের সাড়ে তিন পারসেন্ট হারে হাউস রেন্ট দেওয়া হবে। যদি তাদের বেতন ১০০ টাকা হয় তাহলে ১০

টাকা পাওয়া যাবে কিন্তু ১০০ টাকার বেশী হ'লে সাড়ে তিন পারসেন্ট পাওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাকে বলতে হচ্ছে, আপনি চিন্তা করে দেখুন যে আজকে কলকাতার বস্তি এলাকায় এই হাউস রেন্ট দিয়ে থাকা যায় না। কোন শ্রমিক-এর যদি ৪০০ টাকা বেতন হয়, কোন শিল্প প্রতিষ্ঠানের কর্মচারীর যদি ৪০০ টাকা বেতন হয়, তাহলে হিসাব করে দেখা যাবে তারা ১৪ টাকা হাউস রেন্ট পাবে। এই ১৪ টাকা দিয়ে বাড়ী ভাড়া পাওয়া যায়, এটা কি কোন সভ্য দেশের মানুষ স্বীকার করবে? তারপর যদি কোন শ্রমিকের ১০০ টাকা মাইনে হয় তাহলে সে ১০ টাকা হাউস রেন্ট পাবে—আমরা ভারতবর্ষের লোক, পশ্চিমবাংলার লোক নিজেদের সভ্য বলে জাহির করি, শ্রমিকদের জন্য কল্যাণমূলক কাজ করবার কথা মন্ত্রীমহাশয় বলেন, কিন্তু এই কথা আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে জানতে চাই এই ১৪ টাকায় কলকাতায় কোন বাড়ী ভাড়া তো পাওয়া যায়ই না, কোন বস্তী এলাকায়ও বাড়ী ভাড়া পাওয়া যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই কথা বলতে চাই যে অর্গানাইজ্‌ড যে সমস্ত সংস্থা আছে, সেখানে যে সমস্যা আছে, আনঅর্গানাইজ্‌ডে সেই সমস্ত সমস্যা আরও বেশী। কিন্তু আপনি কেন সাড়ে তিন টাকা করছেন, আর যদি তাই করতে হয় তাহলে আপনি বলুন আনঅর্গানাইজ্‌ড কথাটা কেন বাদ দিয়েছেন যে আনঅর্গানাইজ্‌ড আছে, তাদের দিকে নজর দিতে হবে বেশী। সেই ক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে, যেখানে শ্রমিকের সংখ্যা ১০ জন আছে, সেটাকে এই পরিকল্পনার মধ্যে নিয়ে আসুন এবং হাউজ রেন্ট দেবার ব্যবস্থা করুন। এই যে শ্রমিক, এরাও মানুষ, এদেরও দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহ করার যে প্রয়োজনীয়তা আছে, সেটা কি বোঝবার মত ক্ষমতা আপনাদের নেই। আপনারা ৫০ জন শ্রমিকদের ক্ষেত্রে বিচার বিবেচনা করছেন, কিন্তু এদের ক্ষেত্রে কোন বিচার বিবেচনা করছেন না। এই বিষয়ে আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদিও এটায় আমি এ্যামেন্ডমেন্ট দিতে পারিনি, কারণ এ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ আপনারা দেন নি, কারণ আজকে পাঁচটা বিল এসেছে, প্রত্যেকটা বিল পড়ে তার উপর এ্যামেন্ড-মেন্ট রাখা এই অল্প সময়ের মধ্যে সম্ভব হয়ে ওঠেনি। কিন্তু তবু আমাকে আমার বক্তব্য রাখতে হচ্ছে, আমি অনুরোধ করছি যে বিলটা একটু দেখুন, আমি সাজেসন রাখছি, ১০ জনের ক্ষেত্রে যেটা বলেছি, সেটা গ্রহণ করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এছাড়া আর একটা কথা হচ্ছে, রেন্ট ফ্রি'র কথা আমরা বার বার বলে এসেছি। শ্রমিকদের ক্ষেত্রে আপনারা কেন করছেন সাড়ে তিন পারসেন্ট হাউজ রেন্ট এ্যালাউন্স দেওয়া হবে। আমরা বলছি যে এই ক্ষেত্রে মালিকদের উচিত হবে যে শ্রমিকরা যে বাড়ীতে থাকে, সেই বাড়ীটার জন্য তার যে রেন্ট লাগে, সেই রেন্ট যাতে তাকে না দিতে হয়, তার ব্যবস্থা করুন। রেন্ট ফ্রি হাউজে বাস করার সুযোগ তাদের দিতে হবে। কারণ শ্রমিকদের একটা ন্যায্য অধিকার আছে, তারা শ্রম দিচ্ছে, শিল্পোৎপাদন করছে, কাজেই তাদের প্রয়োজনীয়তার কথা সারা বিশ্বের লোক জানে, সমাজের যে সমস্ত চাহিদা তা তারা মিট করছে।

[10-20—10-30 a.m.]

কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, তাদের রেন্ট ফ্রি হাউসে বসবাস করবার ব্যবস্থা করুন। আর একটা ক্লজ এখানে দেখছি, ক্লজ ৪(৪) তাতে—

"Where the worman is an industry is given house accommodation by the employer and a deduction is made therefor from his Wages, then—

এমন শিল্প সংস্থা আছে, যাদের নিজস্ব বাড়ী আছে, সেই বাড়ীতে যদি শ্রমিকরা বাস করেন তাহলে তাদের যে রেন্ট সেই রেন্ট তাদের ওয়েজ থেকে কেটে নেওয়া হবে। কাজেই আমি এই কথা বলছি আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সেটা কেন হবে, সেই শিল্পের মালিকের গোডাউনই হোক আর গৃহই হোক, শ্রমিক বাস করলে তার মজুরী থেকে ভাড়া কাটা চলবে না, ভাড়া কাটতে দেব না। আর তা যদি না করেন তাহলে আমি বলব শ্রমমন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের শ্রমিকদের যে কল্যাণ করতে যাচ্ছেন সেটা কল্যাণ না হয়ে শ্রমিকশ্রেণীর অকল্যাণকেই ডেকে নিয়ে আসছে। মহম্মদী বেগের মত

মিকশ্রেণীর বুকে চাবুক মারতে যাচ্ছেন, পশ্চিমবঙ্গের শ্রমিকশ্রেণীকে ধ্বংস করছেন। াই আমি শ্রমিকদের হয়ে পশ্চিমবঙ্গের জনসাধারণের হয়ে আপনার মাধ্যমে অনুরোধ রব এই বিলকে এইভাবে না নিয়ে এসে, এই বিল ফিরিয়ে নিয়ে প্রকৃত শ্রমিকের ল্যাণ হতে পারে এইরকম একটা বিল নিয়ে আনুন। এইরকম বিল এনে জনসাধারণকে াওতা দেবার, ধাপ্পা দেবার, আই ওয়াস করবার চেষ্টা করবেন না। কাজেই আমি নুরোধ করব এই বিলটাকে সংশোধিত আকারে নিয়ে আসুন তাহলে শ্রমিকশ্রেণীর মর্থন পাবেন, নাহলে শ্রমিকদের সমর্থন পাবেন না, এই কথা বলে, আমার সার্কুলেশন ্ত করে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Harasankar Bhattacharyya:

ননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রমমন্ত্রী যে বিল এনেছেন আমি এই বিলকে মর্থন করি এবং এই বিল আনার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এটা ঠিক যে মাদের যে শিল্প শ্রমিকরা আছেন, তারা যে অবস্থায় বসবাস করেন, সেটা মানুষের সবাসের একেবারে অযোগ্য অবস্থা। তাতে শিল্প শ্রমিকদের পক্ষে তাদের শারীরিক এবং নসিক দক্ষতা বজায় রাখা কোন মতেই সম্ভব নয়। উৎপাদনের স্বার্থে এবং মানবিকতার ্খে শিল্প শ্রমিকদের বসবাসের ব্যবস্থা সম্পূর্ণ পাল্টে দেওয়া উচিত ছিল। যে বস্তী, যে াড়িয়া যা যে চৌহদ্দির মধ্যে তারা বসবাস করে সেটা আর কতদিন আমাদের দেশে াকবে তা জানি না। বিশেষ করে কলকাতার মত চান্স ইরেকটেড এণ্ড চান্স ডাইরেকটেড রে, এই শহরে বেসরকারী শিল্পপতিরা যেখানে কল-কারখানা তৈরী করেছে, সেইভাবে নাজের দায়দায়িত্ব তারা পালন করেননি। সুতরাং শিল্প শ্রমিকদের সাধারণভাবে সবাসের অবস্থা খুবই খারাপ। পাশাপাশি বেসরকারী বস্তীর মালিকরা অত্যন্ত উচ্চ হারে স্তির ঘর ভাড়া দিয়ে প্রচুর প্রফিট করছে। একদিকে বেসরকারী মালিকদের মুনাফা ার অন্যদিকে শিল্প মালিকদের দায়িত্ব পালনের অনিচ্ছা এই দুটি প্রধান কারণে শিল্প মিকরা আজকে এইরকম অবস্থায় পড়েছে।

আমি সেই ইনডাস্ট্রিয়াল হাউসিং সম্পর্কে দুএকটি কথা বলে এই বিল সম্পর্কে ২টি ্টির কথা বলতে চাই। শুধুমাত্র যে সাড়ে তিন পারসেন্ট হাউস রেন্ট এর ব্যবস্থা করেছেন ্টা ১০ পারসেন্ট হওয়া উচিৎ। রাজ্যসরকার তার নিম্নতম কর্মচারী পর্যন্ত ১০ ারসেন্ট দেয় এবং কেন্দ্রীয় সরকার দেয় ১৫ পারসেন্ট। সুতরাং সাড়ে তিন পারসেন্ট িভাইজ করা হোক। এতদিন ধরে যারা উচ্চ মুনাফা করেছে, উৎপন্ন দ্রব্য চোরা-াজারীতে বিক্রি করে যে সুপার প্রফিট করেছে তা থেকে যদি কিছু টাকা শ্রমিকদের ন্য আদায় করতে পারেন তাহলে আমরা খুশী হব। পেনাল্টি যে ১ হাজার টাকা াখা হয়েছে এটা একটা হাস্যকর। যে এমপ্লয়ার শ্রমিকদের ফাঁকি দিয়ে লক্ষ লক্ষ াকা লাভ করবে যে মাত্র পানিসমেন্ট বাবদ হাজার টাকা দেবে এটা একটা হাস্যকর। ই শাস্তিটা উচ্চমাত্রায় নির্ধারণ করা উচিৎ ছিল যার ফলে মালিকরা আইনকে একটু মঝে চলতে পারতো। মালিকরা লং লিটিগেসান-এর মধ্যে ফেলে দিয়ে লিটিগেসান-এর ে যে মাত্র হাজার টাকা দেবে এটা আমরা মানতে রাজী নই। এই বিল আমরা সমর্থন রি, কিন্তু আপনি বোধ হয় আসল দায়িত্ব পালন করছেন না। ইনডাস্ট্রিয়াল হাউসিং, াবসিডাইজড ইনডাস্ট্রিয়াল হাউসিং স্কিম-এ সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে টাকা স্টেট গভর্ণমেন্ট-র মাধ্যমে পারকোলেট করে। অথবা সেন্ট্রাল গভর্ণমেন্ট ইচ্ছা প্রকাশ করে যে টাকা আমরা ল্পপতিদের দিই সেই টাকা নিয়ে তারা ঘরবাড়ী তৈরী করুক। কিন্তু এ বিষয়ে স্টেট ভর্ণমেন্ট-এর পক্ষ থেকে শিল্পপতিদের বাধ্য করান হচ্ছে না। আমরা জানি কয়লা-নির মালিকরা এই টাকা নেয়নি। মেজর পোরসান সেন্ট্রাল গভর্ণমেন্ট লোন হিসেবে েতে চায় কিন্তু চা বাগান, কয়লাখনি, পাটকলের মালিকরা তা নেয়নি। আবার এমন দাহরণও জানি যে অনেকে সেই টাকা নিয়ে ব্যবসায়ে খাটিয়েছে, শ্রমিকদের জন্য রবাড়ী করেনি। আপনি জানেন এদের অনেকে বেনামীতে কনট্রাক্ট নিয়ে এইসব বাড়ী-লি তৈরী করছে। এগুলি অত্যন্ত নিম্ন মানের এবং যার ফলে ২ বছর পরে সব খারাপ হয়ে াচ্ছে। অথচ সারাবার দায়িত্ব মালিক নিচ্ছে না। এইরকম অবস্থা কেন্দ্রীয় সরকারের

কাছ থেকে মেজর পোরসান লোন-এর কিছু লো রেট ইনটারেস্ট-এ টাকা নিয়ে কিছু করছে না এবং আমাদের শ্রম দপ্তরও এ বিষয়ে যথেষ্ট পরিমাণে চাপ দেয়নি এবং মালিকদের যে দায়িত্ব শ্রমিকদের ঘরবাড়ী করা সেই দায়িত্ব পালন করতে মালিকদের বাধ্য করাননি। এবার আমি কনট্রাক্ট লেবারদের কথা বলব। পশ্চিমবাংলার কনট্রাক্ট লেবার-এর সংখ্যা কম নেই। কনট্রাক্ট লেবারদের থাকার জায়গা সম্পর্কে এই বিলে কিছু নেই। কনট্রাক্ট্ সিসটেম যতদিন চালাবেন ততদিন কনট্রাক্ট্ লেবারদের জন্য কিছু করাতে মালিকদের রাজ্যসরকার কিছু বাধ্য করাতে পারবেন না এবং রাজ্যসরকারও কোন দায়িত্ব পালন করবেন না। আমি জানি এই বিলের ভেতরে কনট্রাক্ট লেবার সম্পর্কে নিশ্চয় কিছু বলতে পারি না। কিন্তু কনট্রাক্ট লেবার সিসটেম বন্ধ না করে শুধুমাত্র অর্গানাইজ্‌ড লেবারদের কথা বড় অন্যায়। এরা বছরের পর বছর ধরে উৎপাদনে ও মুনাফা অর্জনে সাহায্য করছে। সর্বশেষে কৃষি শ্রমিকদের কথা একটু চিন্তা করুন। কেরালা সরকার ১ লক্ষ বাড়ী কৃষি শ্রমিকদের জন্য তৈরী করবে। এটা শুধু মানবিক কারণেই নয়। প্রয়োজনে করা হবে। আমি সি পি আই বলে কেরালা সরকারের এই নীতি সমর্থন করি না আমি আমার প্রত্যেকটি বক্তৃতায় যেকথা বলেছি সেটা হচ্ছে প্রাইওরিটিটা আগে ঠিক করুন। প্রাইওরিটি হচ্ছে কর্মসংস্থান ১ লক্ষ বাড়ী তৈরী করতে গেলে ১০ লক্ষ লোকের কর্মসংস্থান হবে এবং ৬ মাস ১ বছর ধরে এই কর্মসংস্থান হবে। কনট্রাক্টর-এর মাধ্যমে-এ কাজ হলেও গ্রামের কৃষি-শ্রমিকদের ঘরে টাকা যাবে।

এটা শুধু কৃষি-শ্রমিকদের কর্মসংস্থান নয়, তাদের আয়ের বৈষম্য পাল্টে যাওয়া। আমি এই বিল সমর্থন করে আমি আপনাদের বলছি যে আপনারা সর্বাঙ্গীনভাবে কৃষি-শ্রমিকদের গৃহ নির্মাণের কর্মসূচী ঘোষণা করুন। বেকারত্ব দূর করুন, প্রচ্ছন্ন বেকারত্ব দূর করুন এবং স্বভাবতঃই এই যে দেখছি বাড়ী ঘর তৈরীর ব্যাপারে কনট্রাক্টারদের হাতে অনেক পয়সা চলে যায় এই পদ্ধতিটা পাল্টে দিন। এই কথা বলে সাধারণভাবে বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[10-30—10-40 a.m.]

Shri Mohammad Dedar Baksh:
অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমমন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কম্যান্স হাউস রেন্ট এলাউয়েন্স বিল ১৯৭৪ যেটা হাউসে উপস্থাপিত করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই। এর আগে এইরকম কোন বিল ছিল না বা শ্রমিকদের কল্যানের জন্য বা তাদের বাড়ী ভাড়া দেবার জন্য কোন আইন ছিল না। কাজেই নূতনভাবে এটা এনেছেন বলে আমি মন্ত্রীমহাশয়কে সাদর অভ্যর্থনা জানাচ্ছি। শীস মহম্মদ মন্ত্রীমহাশয়কে ধাপ্পাবাজ বলেছেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে ফ্রন্টের আমলে যাঁরা মন্ত্রী ছিলেন তাঁরা কিন্তু এইরকম বিল আনতে পারেন নি। তাঁরা অনেক কিছু ভাবেন কিন্তু করতে পারেন না। আমরা দেখেছি গতকাল পাঁচটি বিল হজম করতে পারেননি বলে হাউস থেকে ওয়াক-আউট করেছিলেন। যাই হোক বিল যেটা এসেছে তার ত্রুটিবিচ্যুতি কিছু থাকতে পারে, আমি আশা করছি মন্ত্রীমহাশয় সেটা বিবেচনা করবেন। এর উদ্দেশ্যের মধ্যে বলা হয়েছে আমাদের দেশের শিল্প প্রতিষ্ঠানে যে শ্রমিকরা রয়েছে তাদের ইনকাম কম এবং কলকাতার মত একটা জায়গায় যেখানে বাড়ী পাওয়া কঠিন এবং ভাড়াও অত্যন্ত বেশী এইসব কথা চিন্তা করে প্রভিশন রাখা হয়েছে বিলে যে যেখানে ৫০ ইউনিট বা তার উর্ধে রয়েছে, সেখানে মালিককে বাধ্য করা হবে থ্রী হাফ পারসেন্ট বেতন বা দশ টাকা যেটা বেশী হয় সেটা বাড়ী ভাড়া হিসাবে দেবে। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব এই যে থ্রী হাফ পারসেন্ট বলেছেন, এটা পুনর্বিবেচনা করে, এটা যাতে বেশী হয় তার দিকে লক্ষ্য রাখুন। শীস মহম্মদ একটা কথা বলেছেন যেখানে দশ জন কর্মী থাকবে, তাদের মালিকদেরও এ আওতায় আনা উচিৎ। কিন্তু এখানেতো রয়েছে—

Provided that the State Government may, after giving not less than sixty days notice of its intention so to do, by notification, apply the provisions of this Act to

ny industry employing such number of workmen less than fifty as may be pecified in the notification.

ামি মনে করি এটার দ্বারাই হয়ত সম্ভব হবে। অর্থাৎ যেখানে ৫০-এর কম থাকবে সখানেও করা যাবে যদি স্টেট গভর্ণমেন্ট করা উচিত বলে মনে করেন। তারপর এই য় দেখছি রয়েছে কন্ট্রোলিং অথরিটি নট বিলো দি র‍্যাঙ্ক অব লেবার অফিসার করা হবে এবং অন্যান্য এলাকায় বিভিন্ন রকম কন্ট্রোলিং অথরিটি থাকবে এটা ভাল হয়েছে। শুধু তাই নয় একজন ইন্সপেক্টার থাকবেন এবং তিনি শ্রমিকরা ফল্স স্টেটমেন্ট দিচ্ছে কিনা সটা দেখার জন্য ক্ষমতাবান হবে না এই সব জিনিষ খুব ভালই হয়েছে। আমি মন্ত্রী হাশয়ের কাছে অনুরোধ করছি মালিকরা কালো-বাজারী করে, দারুণ মুনাফা করে এবং মিকদের ঠকাবার চেষ্টা করে, কাজেই ইন্সপেক্টারদের তাঁরা যেন তাঁদের পকেটে া নেন সেটা লক্ষ্য রাখবেন।

কারণ এখানে বলা হয়েছে—

No suit or other legal proceedings shall lie against the controlling authority, an nspector or any other person in respect of anything which is in good faith done.

এটা গুড ফেথে ধরে নেওয়া হবে, কিন্তু যদি কোন কিছু হয় কারণ মালিকদের সঙ্গে মিকরা পেরে উঠে না, সেজন্য আমি শ্রমমন্ত্রী মহাশয়কে বলব ইন্সপেক্টর দেখে শুনে াপয়েন্ট করা হউক যাতে শ্রমিকরা মালিকদের খপ্পরে না পড়ে যায়। হয়ত এই বিলে চ্ছু কিছু ত্রুটিবিচ্যুতি থেকে যেতে পারে কিন্তু প্রথমে একটা বিল আনতে গেলে সব টিবিচ্যুতি দেখতে পাওয়া যায় না, অভিজ্ঞতায় পরে দেখতে পাওয়া যায়, ট্রায়াল এ্যান্ড রর মেথডের মধ্যে দিয়েই ত্রুটিবিচ্যুতি কি আছে আমাদের দেখতে হবে। কিন্তু শীস হম্মদ সাহেব যে ভাষায় ধাপ্পাবাজ বললেন আমি বলতে চাই তিনি হতাশায় বললেন লেই এই সব কথা বলতে পারেন। যাই হউক মাননীয় সি পি আই সদস্য হরশঙ্করবাবু ই বিলটাকে সমর্থন করেছেন। আমি শুধু মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে শ্রমিকদের কল্যাণ সাধন করা যায় তার দিকে লক্ষ্য রেখেই তিনি কাজ করবেন। ই কয়টী কথা বলেই আমি এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। য়হিন্দ ।।

Shri George Albert Wilson-de Roze : Mr. Speaker, Sir, while I support this Bill n principle I feel that it may be wholly ineffective if, side by side, immediate measures re not taken to control the rise of rents in the bustee areas in the greater Calcutta gion. Sir, according to the CMPO figures, in 1966, there were 6 lakhs of persons ving in the bustee areas of greater Calcutta, mainly industrial labour. This figure ust now be near about 10 to 12 lakhs. These persons are all at the complete mercy f a class of landlords whose number not more than twenty thousand and are descri- ed in law as Thicca tenants but are, in fact, hut owners or bariwallas of the bustees. his small class of renteers or bustee owners own half of Calcutta. Rents in the ustees in Calcutta are no longer Rs. 10 as contemplated, but Rs. 25 to Rs. 35 for a nall hut. The only impact of this Bill will be that these bariwallas will increase their nts by Rs. 10 per hut and cyphon off not only the entire money which will be paid y the industrial houses to the workers, but will also impose higher rents upon all the ther bustee dwellers. If the Hon'ble Minister, Dr. Gopal Das Nag, wants to tackle e problem he will have to do so more directly. First of all, the Government ust control the general problem of soaring rents to which the commercial firms d industrial houses are contributing directly by renting houses for their higher ade staff at fantastic rents. Secondly, the Government must control the enormous ow of black money into land purchases and building construction because these o factors are directly forcing up rents in the bustees. Thirdly, these twenty ousand bariwallas are protected by a piece of legislation known as the Thicca enancy Act, but there is no legislation directly protecting these 10 to 12 lakhs of *haratiyas*, industrial labours, who are living in the bustees and are too poor to vail of the provisions of the West Bengal Premises Tenancy Act. Sir, it is, therefore

of great urgency that there should immediately be a specific legislation to prevent further rise of rents in the bustees of this Act is to have any effect.

[10-40—10-50 a.m.]

Shri Pradip Bhattacharyya:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিলটা এখন আলোচনার জন্য এখানে রাখা হয়েছে সেই বিলটার একটা বিশেষ তাৎপর্য আছে। আমরা যেটা দেখেছি বিভিন্ন ডিমান্ড নিয়ে আলোচনার সময়, বিভিন্ন শিল্পে, বিভিন্ন ইউনিটে শ্রমিকদের পক্ষ থেকে মিনিমাম ওয়েজেসের কথা যখন বলা হয় তখন তো স্বাভাবিকভাবেই তাঁরা হাউস রেন্টের কথা বলে থাকেন। কিন্তু দুর্ভাগ্যের কথা আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন কারখানায় শ্রমিকদের সুযোগ সুবিধা দেওয়া বলতে কেবলমাত্র তাঁরা মিনিমাম ওয়েজেসের কথাই বুঝে থাকেন। কিন্তু মিনিমাম ওয়েজেস দিলে পরেই একটা শ্রমিকের সমস্ত চাহিদা পুরণ করা সম্ভবপর নয় এই মানসিকতা, এই চিন্তাধারা এখন পর্যন্ত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে গড়ে উঠতে পারেনি। তাই আমরা এটা ভেবে দেখেছি যে শিল্পে শান্তি রক্ষা করার জন্য, শিল্পে নিরাপত্তা রক্ষা করার জন্য শ্রমিকদের কতকগুলি ফ্রিন্জ বেনিফিট দেওয়া খুবই প্রয়োজন এবং সেই ফ্রিন্জ বেনিফিটের মধ্যে তাদের হাউস রেন্ট, তাদের বাড়ীভাড়া বাবদ একটা কিছু টাকা নির্দ্দিষ্ট করে দেওয়ার প্রয়োজনীয়তা আছে। অনেকে হয়ত বলবেন যে যে পরিমাণ টাকার কথা বলা হয়েছে সাড়ে তিন পার্সেন্ট সেটা হয়ত তাদের পক্ষে একান্তই কম, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে শুধু একটা কথাই বলতে চাই সেটা হচ্ছে এই যে এই ধরণের নিয়মএর আগে পশ্চিমবঙ্গে ছিল না। কোন কোন শিল্পে হয়ত বিচ্ছিন্নভাবে বাই পার্টাইট কিম্বা ট্রাই পার্টাইট-এর মাধ্যমে হাউস রেন্ট দেওয়া হতো কিন্তু ওয়াকিং ক্লাস পিউপিলের কাছে এই জিনিসটা কোনদিনই প্রমাণ করা হয় নি যে হাউস রেন্ট সে পেতে বাধ্য। কাজ করার জন্য যেমন ৮ ঘন্টা সময় তাকে বেঁধে দেওয়া হচ্ছে, ৮ ঘন্টার মধ্যে যখন তাকে প্রডাকশন দিতে হয় এবং মিনিমাম ওয়েজেস যেমন তাকে দিতে হয়, হাউস রেন্টটাও তেমনি আবশ্যক একটা জিনিস, এই জিনিসটা প্রমাণ করার জন্য সরকারকে এই পদক্ষেপ নিতে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই আপনি জানেন যে কথা প্রারম্ভিক ভাষণে শ্রমমন্ত্রী বলেছিলেন পশ্চিমবঙ্গের অর্গানাইস্ড সেকটরে কোথাও কোথায়ও শ্রমিকদের মাইনে হয়ত সাড়ে তিন'শ, চার'শ টাকা, কোথায়ও হয়তো তার থেকে আরো একটু বেশী—৪-৫শত টাকা পর্যন্ত মিনিমাম ওয়েজেস আছে কিন্তু সেই সমস্ত শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা খুব কম এবং সেখানে হয়ত শ্রমিকরা বাড়ীভাড়া বাবদ তাঁরা কিছু টাকা পেয়েও থাকেন, আবার কোথায়ও যদি নাও পেয়ে থাকেন তাহলে সেই মিনিমাম ওয়েজেস-এর কিছুটা অংশ তারা বাড়ীভাড়া বাবদ ব্যয় করতে পারেন। কিন্তু যে সমস্ত ক্ষেত্রে শ্রমিকদের মাইনে আমরা দেখেছি প্রায়শই দু'শত-আড়াই শত টাকার মধ্যে আছে সেই সমস্ত ক্ষেত্রে হাউস রেন্ট সম্পর্কে কোন কথা বলা হয় না তাই সরকার এই বৎসর প্রথম চেষ্টা করলেন এই ধরণের একটা আইনের মধ্যে দিয়ে সেই সমস্ত শ্রমিকদের হাউস রেন্ট ফেসিলিটিস দিতে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন এই বিলের মধ্যে সরকার একথাও ঠিক করেছেন যাঁরা আইনকে অমান্য করবেন, যাঁরা এই আইনের গুরুত্বকে অনুভব করবার চেষ্টা করবেন না, ফাঁকি দেবার চেষ্টা করবেন, তাদের সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবার অধিকারও এই বিলে দেওয়া হয়েছে এবং আমি বিশ্বাস করি এই বিলটি যখন যথাযথভাবে প্রয়োগ করা হবে তখন নিশ্চয়ই শ্রমিকরা এবং ম্যানেজমেন্ট উভয়পক্ষই নিশ্চয়ই এই বিলের দ্বারা উপকৃত হবেন এবং আমি এটা বিশ্বাস করি পশ্চিমবঙ্গের ওয়াকিং ক্লাস পিপিল, শ্রমজীবী মানুষ তাঁরা নিশ্চয়ই এই বিলের দ্বারা উপকৃত হবেন এবং তাঁরা দীর্ঘ দিন ধরে যে দাবী করে এসেছিলেন, বিভিন্ন অলোচনার টেবিলে তাঁরা যেকথা উপস্থিত করেছিলেন আজকে তাঁরা জেনে খুশী হবেন যে এই সম্পর্কে আইনের মাধ্যমে বাধ্যবাধকতা করা হয়েছে। এখন থেকে হাউস রেন্ট মিনিমাম ওয়েজের সঙ্গে লিঙ্ক আপ করার প্রয়োজন হবে না। হাউস রেন্টকে আলাদা আইটেম হিসাবে কাউন্ট করে তার সম্বন্ধে বক্তব্য রাখতে পারবে। হাউস রেন্ট সম্বন্ধে যদি এই মত হয় যে আরও বেশী টাকা ফ্যাক্টরি দিতে

পারবে, দেওয়া ম্যানেজমেন্টের পক্ষে সম্ভবপর, তাহলে দ্বিপাক্ষিক কিংবা ত্রিপাক্ষিক আলোচনায় সেটা তুলতে পারবে। কোন কোন সদস্য বলেছেন মাত্র ১০ টাকা দেওয়া হয়, এর মধ্য দিয়ে ন্যূনতম প্রয়োজন যেটা সম্ভবপর হয় না। আমি একথা বলতে চাই যে বিলটা ভাল করে পড়ে দেখতে পারেন যে সাড়ে তিন পারসেন্ট মিনিমাম, সাড়ে তিন পারসেন্ট ম্যাক্সিমাম নয়। সাড়ে তিন পারসেন্টের মধ্যে দিয়ে হাউস রেন্ট পাবার যোগ্যতা বা প্রয়োজনীয়তা আছে, এটা সরকার স্বীকার করেছেন। এবার যদি শ্রমিক ইউনিয়ন বা শ্রমিক মনে করে যে কারখানার বেশী টাকা দেওয়ার ক্ষমতা আছে, যেমনভাবে মিনিমাম ওয়েজ চেঞ্জের আলোচনা করে তেমনিভাবে আলোচনা করার সুযোগ পাবে। এই আলোচনার অধিকার কেড়ে নেওয়া হয় নি। আশা করব পশ্চিমবঙ্গের অর্গনাইজ্‌ড সেক্টারের সাড়ে আট লক্ষ শ্রমিক কর্মচারী এতে উপকৃত হবে। ভবিষ্যতে বাড়ী ভাড়ার ক্ষেত্রে যে অসুবিধা হচ্ছিল তা কিছু পরিমাণে দূর করা সম্ভব হবে। এই বলে বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ॥

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শীষ মহম্মদ সাহেব যে কথা বলেছেন আপাতদৃষ্টিতে যে অর্থ মিনিমাম অর্থের কথাই বলেছি বিলে। সেটা হয়ত প্রয়োজনের তুলনায় অল্প মনে হচ্ছে। কিন্তু উনি যখন আমি বিলটা মুভ করছিলাম তখন যে কথা বলেছি হয় না সেটা অনুধাবন করতে পারেন নি, অথবা কন্ভেনিয়েন্টলি সেটা ভুলে গেছেন। আমি বলেছি যে মিনিমাম ওয়েজেস ইন্ডাস্ট্রিয়েল ওয়ারকারদের যা ধার্য করা হয় তা ন্যাশনাল ফর্মুলা অনুযায়ী করা হয়, সেই ন্যাশনাল ফর্মুলা অনুযায়ীই হাউস রেন্ট ধার্য্য করা হয়। হাউস রেন্ট এলিমেন্ট সব সময় মিনিমাম ওয়েজেস-এর মধ্যে আছে। সেজন্য হাউস রেন্টের ব্যবস্থা পৃথকভাবে করা হয় না। আমরা এই আইনটা এনেছি কেন? আমরা দেখতে পাচ্ছি মিনিমাম ওয়েজেসের যে বেসিক কমপোনেন্ট, সেটার মধ্যে হাউস রেন্ট আছে, আর এই ওয়েজেসের ইরোশন বন্ধ করার জন্য যে ব্যবস্থা লিঙ্ক আপ উইথ দি সি পি আই, সেখানে কোন হাউস রেন্টের বিচার বিবেচনা হয় না। পাঁচ বছরের যে মিনিমাম ওয়েজেস নোটিফিকেশন বলবৎ থাকে সেখানে কিন্তু হাউস রেন্ট কমেপোনেন্ট যেটা ধার্য্য করে দেওয়া হয় সেটা কন্সট্যান্ট হয়ে যায়, ভেরিয়েবল হয় না। সেখানে ইরোশন আছে, সেটা চলছে, সেই ইরোশন আটকাবার কোন পথ নাই। এখন পর্য্যন্ত সায়েন্টিফিক সিস্টেম ইন্ট্রোডিউস করতে পারি নি।

দ্বিতীয় কথা যেটা বলছেন বাড়ী ভাড়া বেড়ে চলেছে, এক দিকে ইরোশন চলছে, আর এক দিকে বাড়ী ভাড়া বাড়ছে, এটা দাবী করি না যে হান্ড্রেড পারসেন্ট কমপেন্সেসন এফোর্ট করছি। সরকার যে হাউস রেন্ট দেন, সেই সরকারও কিন্তু হান্ড্রেড পারসেন্ট কমপেনসেসন করে না।

10-50—11-00 a.m.]

খানিকটা কমপেনসেসনের ব্যবস্থা এখানে হচ্ছে। সেইজন্য আপাতঃদৃষ্টিতে এটা মনে হয় যে প্রয়োজনের তুলনায় অল্প। কিন্তু নীতির দিক দিয়ে, তার একটা কল্যাণকর ব্যবস্থার দিক দিয়ে এটা একটা বৈপ্লবিক ব্যবস্থা আজকে এখানে ইন্ট্রোডিউস হতে চলেছে এ কথা শীষ মহম্মদ সাহেব নিশ্চয়ই অস্বীকার করবেন না। পরবর্তীকালে দেশের অর্থনৈতিক অবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে, ইণ্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট-এর সঙ্গে সঙ্গতি রেখে আজকে টু এ্যাণ্ড হাফ পারসেন্ট আছে, যেটা পরবর্তী কালে আবার সরকার এই বিধান সভায় আইনটি পরিবর্তন করে বাড়াবার ব্যবস্থা করতে পারবেন। কিন্তু আজকের এই ইকনমিকাল প্রেজেন সিচুয়েসন-এ এটার বেশী করা যুক্তিযুক্ত হবে না। কারণ আমরা যে সমস্ত শিল্পকে এর মধ্যে নিয়েছি, তার মধ্যে সরকারের নিজের পরিচালনাধীন শিল্পের সংখ্যা খুব বেশী। অর্থাৎ সরকারের পরিচালনাধীন শিল্প যতগুলি পশ্চিমবঙ্গে আছে, তাতে নিযুক্ত শ্রমিকদের সংখ্যা প্রাইভেট সেকটরে নিযুক্ত শ্রমিক সংখ্যা থেকে বেশী বৈ কম নয়। দ্বিতীয়তঃ এটা

হাউস্-রেন্ট বলেই দেই, মাইনে বলেই দেই, মহার্ঘ্যভাতা বলেই দেই আফটার অল ইট ইজ দি সোসাইটী হুইচ পেস নট এ পারটীকুলার ইনডিভিজুয়াল। বর্তমানে আমাদের সমাজের যে অর্থনৈতিক অবস্থা, আমাদের সেই অর্থনৈতিক অবস্থায় আমাদের যে সীমাবদ্ধ শক্তি নিয়ে এদের জন্য করতে যাচ্ছি, ল্যাণ্ডলেস লেবার, কৃষি-শ্রমিক, কৃষিশিল্পে নিযুক্ত শ্রমিক কিংবা মধ্যবিত্ত সমাজের জন্য করতে যাচ্ছি, আমাদের সমাজের সীমিত অর্থনৈতিক শক্তি, যে ভাণ্ডার আছে, তা থেকে জোগাতে হবে। তার প্রতি দৃষ্টি রেখে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই ব্যবস্থা করতে হবে। এটা চূড়ান্ত নয়। কারণ এটা সবে প্রথম পদক্ষেপ, সুতরাং সেই হিসেবে আপাতঃদৃষ্টিতে অংকটা অল্প মনে হলেও চিন্তার দিক দিয়ে একটা নতুন পরিবর্তন, একটা নতুন যুগের সৃষ্টি হচ্ছে একথা শীষ মহম্মদ সাহেব অস্বীকার করতে পারবেন না।

দ্বিতীয় কথা তিনি যেটা তুলেছেন তিনি বোধহয় ফিল করেন নাই এখানে ক্লজ-৪তে যেটা বলেছি, এখানে আমরা তা বলি নাই আজকে যে শ্রমিক শিল্প প্রতিষ্ঠানের তৈরী করা বাড়ীতে বাস করছেন, তার বেতন থেকে ভাড়া বলে একটা টাকা কেটে নেওয়া হচ্ছে। আমরা বলছি যদি তুমি কিছু কেটে নেও, বাড়ীভাড়া বলে যা কেটে নিচ্ছ, তা থেকে ১০ টাকা বাদ দিতে হবে, যদি ১০ টাকার বেশী কাটো তার উপরের পোরসন কাটতে পারবেন আর দশটাকার কম কাটো, দশ টাকা থেকে যত টাকা কম, তা কাটার পরে যতটা উদ্বৃত্ত থাকছে তা শ্রমিকদের ক্যাশ দিতে হবে। আর উনি এর ব্যাখ্যা করলেন উল্টোটা।

আর হরশংকরবাবু বললেন ১০ পারসেন্ট, ২০ পারসেন্ট ২৫ পারসেন্ট হওয়া উচিত। এই উচিত সম্বন্ধে আমি কোন বিতর্কে যাচ্ছি না। আমি বলছি ইট ইজ আফটার অল দি সোসাইটী হুইচ পে'স নট এ্যান ইনডিভিজুয়াল এমপ্লয়ার।

আজকে যে ইভেন কণ্ডিসন আমাদের সরকারের যে অর্থনৈতিক অবস্থা, তাতে সাড়ে চার কোটি মানুষের দায়িত্ব নিয়েও সমস্ত রকম সুযোগ সুবিধা দেওয়া সম্ভব নয়। এটা তিনি নিশ্চয়ই স্বীকার করবেন। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে জাস্টিস করতে হবে ইকুইটেবল জাস্টিস এবং ইকুইটেবল ডিস্ট্রিবিউশন করতে হবে। উনি খুবই ন্যায়সঙ্গতভাবে বলেছেন। তিনি কনট্রাক্ট লেবার-এর কথা বলেন নাই। কৃষি-শ্রমিকদের কথা চিন্তা করতে হবে। আমি আগেই বললাম এটা প্রথম পদক্ষেপ, কৃষি-শ্রমিক, ও কনট্রাক্ট লেবার-দের সম্বন্ধে এখন কিছু করতে পারবো না তা বলছি না। কনট্রাক্ট লেবারদের জন্য এ্যাডভাইসরি বোর্ড হয়েছে, সেই বোর্ডের রেকমেণ্ডেসন এখনো আমরা পাই নি। তা পেলে পর এই কনট্রাক্ট লেবারদের সম্বন্ধে নিশ্চয়ই কিছু আমরা করবো। আর কৃষি-শ্রমিকদের সম্বন্ধে বলেছি এসম্বন্ধে যথেষ্ট গুরুত্বসহকারে সরকার বিবেচনা করবেন। এ বিষয়েও একটা কমিটি হয়েছে এবং খুব প্রবীণ নেতৃবৃন্দকে নিয়ে তা গঠিত হয়েছে। যাঁরা আগে মন্ত্রীসভার সদস্য ছিলেন, যাঁরা এই বিভাগে সারা জীবন নিষ্ঠার সঙ্গে কাজ করে বিশেষজ্ঞের মর্য্যাদা পেয়েছেন এমন লোকদের নিয়ে এই এগ্রিকালচারাল ওয়ার্কারদের জন্য স্টেট লেভেলে একটা কমিটি করা হয়েছে।

তারাও বিভিন্ন দিক দিয়ে তাদের সমস্যা সম্বন্ধে আলোচনা করে ঠিক করবেন। অবশ্য এই আইনের মধ্যে কৃষি-শ্রমিক, কন্ট্রাক্ট লেবারদের আনি নি। যেটা মোটামুটি বৃহৎ শিল্প অর্গানাইজড্ শ্রমিক তাদের জন্য করেছি। পরবর্তীকালে যে সাজেসানগুলি এখানে রেখেছেন আমরা তা নিশ্চয় চিন্তা করব এবং যাতে তাদের অনুরোধ নেওয়া যায় তারজন্য ব্যবস্থা অবলম্বন করবার চেষ্টা করব। পেনাল মেজারের যে কথা বলেছেন সেটা আপাততঃ সত্য, কিন্তু যদি দেখেন কাদের জন্য এই ব্যবস্থা করলাম—এই ব্যবস্থা করছি অর্গানাইজড্ বৃহৎ শিল্পের শ্রমিকদের জন্য। আগে যখনই কোন ট্রিপার্টাইট চুক্তি হয়েছে কোন নোটি-ফিকেসন হয়েছে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট সম্পর্কে, এই ধরণের শ্রমিকদের জন্য আমরা জানি যে আমরা বিলে ইমপ্লিমেনটেশনের জন্য কোন পেনাল মেজার সর্ব ভারতীয় ক্ষেত্রে সেখানে কোন ভিজিলেন্সের প্রয়োজন হবে না। কারণ সেদিক থেকে ট্রেড ইউনিয়ন আন্দোলনের বর্তমানে যে সচেতনতা সেটাই সরকারের পক্ষে ইমপ্লিমেন্টেশনের ব্যাপারে যথেষ্ট সহায়ক। শুধু এই আইন করার পরে আমার দৃঢ় বিশ্বাস যে ট্রেড ইউনিয়ন

আন্দোলন আজকে আমাদের এখানে যে পর্যায়ে পৌঁছেছে তার পূর্ণ সহযোগিতা যদি আমরা পাই সেই আন্দোলনে তাহলে পেনাল মেজারের কোন প্রশ্নই উঠবে না। ট্রেড ইউনিয়ন আন্দোলনই ইন্সপেকটরের কাজ করবে, ট্রেড ইউনিয়ন আন্দোলনই ম্যাজিস্ট্রেটের কাজ করবে এবং ট্রেড ইউনিয়ন সংগঠনগুলি সেই সহযোগিতা দিয়ে একে স্বার্থকভাবে রূপায়িত বা ইমপ্লিমেনটেশন করতে পারব বলে আশা করি তবুও আজকে আমরা একটা পেনাল ক্লজ রেখেছি যে কোন্ কোন্ ক্ষেত্রে স্পেসিফিক কেসে ডেট, ইত্যাদির জন্য যদি কোন ইণ্ডিভিজুয়্যাল কেসের মালিক এই আইন ফাঁকি দিতে চায়, যদি কোন ব্যক্তিকে সে হয়রানি করবার জন্য চেষ্টা করে তাহলে তার জন্য কালেকটিভলি একটা শিল্প পুরাপুরি এই আইন ফাঁকি দেবে, এই সন্দেহ করবার কারণ নেই। তাহলে আমাদের যদি সন্দেহ করতে হয় আমাদের যে ট্রেড ইউনিয়ন শক্তি আছে সেই ট্রেড ইউনিয়ন সংগঠনের যা শক্তি তার যে নিষ্ঠা আছে, তার প্রতি সন্দেহ এসে যায়। সেইজন্য যে পেনাল ক্লজ কালেকটিভ ফাঁকি দেবার জন্য একটা ইণ্ডিভিজুয়্যাল যদি ১০ টাকা কেউ মেরে দেবার চেষ্টা করে, কোন কারণে এখানে এই পেনাল ক্লজে প্রভিসন বেশী ভাবে প্রযোজ্য হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরশঙ্করবাবু আর একটি কথা বলেছেন। ইণ্ডাস্ট্রিয়াল হাউসিং সাবসিডাইসড স্কীমের কথা তিনি বলেছেন। তিনি চা বাগানের শ্রমিকদের কথা বলেছেন। এবং সেখানে মালিকরা কিভাবে কি করেছেন তার কিছু কিছু কথা তিনি বলেছেন। তিনি এ সম্বন্ধে যা বলেছেন সেটা আমি অনুসন্ধান করব। কয়লা খনিতে এই ধরণের জিনিস আগে হয়েছে। কিন্তু এখন ভারত সরকার কয়লা শিল্পের মালিক। সুতরাং আমার মনে হয় কয়লা শিল্প সম্পর্কে যে অভিযোগ আগে ছিল সে অভিযোগ আজকে আর নেই। চা বাগানগুলি সম্পর্কে আমরা নূতনভাবে এই সমস্যা সমাধানের চেষ্টা করছি যাতে ফ্রি হাউসিং-এর যে স্কোপ প্ল্যান্টেশন লেবার এ্যাক্ট আছে সেটা যাতে সমস্ত শ্রমিকরা পায়—হাউস রেণ্ট এ্যালাওয়েন্স-এর প্রশ্ন এখানে তোলা হয়েছে যে হাউস রেণ্ট করে যেই ১০ টাকা বাড়িয়ে দেবেন অমনি সঙ্গে সঙ্গে বাড়ীর মালিক বাড়ীওয়ালারা প্রোপোরসনেটলি হাউস রেণ্ট বাড়িয়ে দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমারও এ ভয় আছে। কেন না আমরা দেখেছি যে মিউনিসিপ্যাল এরিয়াতে এ্যাসেসমেণ্ট হবার পর মিউনিসিপ্যাল এলাকায় যে সমস্ত বস্তির মালিক সেই সব বাড়ীওয়ালারা অমনি তাদের ঘরের ভাড়া বাড়িয়ে দেন। সুতরাং এ ভয় আমারও আছে। এটা রেণ্ট কন্ট্রোল এ্যাক্ট বা ঠিকা টেনেন্সি এ্যাক্ট-এ এই সম্বন্ধে নিশ্চয় ব্যবস্থা অবলম্বন করতে হবে। এবং যাতে এই আইনের আওতার মধ্যে ব্যবস্থা অবলম্বন করা যায় তাদের যদি প্রোটেক্সান দেওয়া যায় সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ করব। এই কথাগুলি বলে আমি আবার শীশ মহম্মদ সাহেবকে অনুরোধ করব যে তিনি যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন সেই এ্যামেণ্ডমেণ্টের সারকুলেসনের আর কোন কি স্বার্থকতা আছে? যদিও শীশ মহম্মদ সাহেব এখানে উপস্থিত নেই তবুও আমি বলছি কারণ মিনিমাম বেনিফিট ১০ টাকা এটা সমস্ত শ্রমিকরাই পাবে। সমস্ত কর্মচারীরাই এটা পেতে পারবে। সুতরাং সারকুলেসানে দিলে আপনি এক মাস বা দু মাস অপেক্ষা করতে বলতে পারেন এবং এই দুই মাসে শ্রমিকদের ঐ ১০ টাকা, ১০ টাকা করে ২০ টাকা তারা লস করবে। এর বেশী তাদের কিছুই সুবিধা দেওয়াতে পারবেন না। আমি গিরিজাবাবুকেও অনুরোধ করছি যে আমি যে বক্তব্য রাখলাম তার পরিপ্রেক্ষিতে উনি যে ১০ পারসেন্টের কথা বলেছেন, অনুগ্রহ করে সেটা প্রত্যাহার করে নিন।

[11-00—11-10 a.m.]

কারণ ইন দি গিভন সিচুয়েসান যদি এই শ্রমিকদের ১০ পারসেণ্ট করে দিই তাহলে গ্রস ইনজাসটিস সমাজে করা হবে। কারণ, আরও অধিক সংখ্যক প্রায় ৫০।৬০ লক্ষ যে শ্রমজীবি মানুষ আছে তাদের জন্য নূন্যতম ব্যবস্থা আজ পর্যন্ত করতে পারি নি যা অর্গানাইজড শ্রমিকদের জন্য করেছি। এতে অত্যন্ত ইনজাসটিস করা হবে। সেই পরিপ্রেক্ষিতে ওই এ্যামেণ্ডমেণ্ট প্রত্যাহার করে নেবেন এই অনুরোধ করবো। আর যদি না করেন তাহলে ওই এ্যামেণ্ডমেন্টগুলোর আমি বিরোধীতা করবো।

The motion that the Bill be circulated to the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result—

NOES—77

Abdul Bari Biswas, Shri.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bapuli, Shri Satya Ranjan.
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Pradip.
Bhattacherjee, Shri Susanta.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chatterjce, Shri Kanti Ranjan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Bijoy.
Das, Shri Sudhir Chandra.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosh, Shri Lalit Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maitra, Shri Kashi Kanta.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Mira Rani.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mohanta, Shri Bijoy Krishna.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Nag, Dr. Gopal Das.
Nahar, Shri Bijoy Singh.
Naskar, Shri Arabinda.
Naskar, Shri Ardhendu Sekhar.
Panja, Shri Ajit Kumar.
Parul, Shri Mohini Mohon.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.

NOES—77(concld.)

Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Saradindu.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Nil Kamal.
Sarker, Shri Jogesh Chandra.
Sharafat Hussain, Shri Sheikh.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.
Besra, Shri Manik Lal.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Chakrabarti, Shri Biswanath.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Sarkar, Shri Nitaipada.

AYES—1

Shish Mohammad, Shri.

The Ayes being 1 and the Noes, 77, the motion was lost.

The motion of Dr. Gopal Das Nag, that the West Bengal Workmen's House-Rent Allowance Bill, 1974, be taken into consideration was then put and agreed to.

Mr. Speaker : Honourable members, the time, allotted for the discussion of this Bill, was one hour which is going to expire now. So, with the sense of the House I like to extend the time for discussion of this Bill by half-an-hour. I hope, the members will agree.

[Voices : Yes]

With the sense of the House I extend the time by half-an-hour.

Shri Triptimay Aich :
স্পীকার স্যার, অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন—গতকাল মাননীয় সদস্য সারাফাৎ হোসেন ইসলামপুরের মহকুমা শাসক সম্পর্কে যখন প্রশ্ন তুলেছিলেন আজকে আনন্দবাজার পত্রিকায় দেখছি যে তখন নাকি আমি বলেছিলাম যে মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠান। স্যার, আমি একথা বলি নি। আমাদের মুখ্যমন্ত্রীর উপর যথেষ্ট শ্রদ্ধা ও আস্থা আমার আছে। তাই আমি অনুরোধ করছি তাঁরা যেন এই ভুল সংশোধন করে নেন।

Clauses 1—3

The question that Clauses 1—3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 5—13 and Preamble

The question that Clauses 5—13 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Workmen's House-Rent Allowance Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Shrimati Ila Mitra :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে মুখ্যমন্ত্রী এবং জেলা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল সিভিল ডিসওবিডিয়েন্স মুভমেন্ট হয়, এবং তাতে ১৪৫১ জনকে কলকাতায় গ্রেপ্তার করা হয়েছে। এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত আছে। আমি তাঁদের সম্পর্কে খবর পেলাম যে তাদের সেখানে অনেকগুলি অসুবিধা আছে। সেই অসুবিধার প্রতিকারের জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। জেলে মোট ২২০০ লোকের এ্যাকমডেসন আছে এবং সেখানে এলরেডি ১৬০০ লোক রয়েছে তারপর আবার সেখানে ১৪৫১ জন গিয়েছে। জেলে কোন রকম জায়গা নেই। জেল থেকে তাদের মুক্তি দিন এ দাবী আমি করছি না। কিন্তু জেলে যে রকম অস্বাভাবিক অবস্থা হয়েছে তাতে সেখানে মানুষ যে থাকবে তার কোন সংকুলান নেই। সেখানে বহু লোক হয়ে গেছে জেলের ক্যাপাসিটির বাইরে চলে গেছে। তার জন্য অন্য কোন রকম ব্যবস্থা করুন। যদি ওখানে জায়গা না হয় তা অন্য জায়গায় ট্রান্সফার করুন। এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Roy :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কোন নেতাকে ধরার কোন ইচ্ছা ছিল না। আজকে ভোর সাড়ে পাঁচটার ভিতর সব নেতাদের ছেড়ে দেওয়া হয়েছে। তবে যদি কেউ ইচ্ছা করে থাকেন তাহলে আমাদের বলবার কিছু নেই। আমি অবশ্য তাদের ছেড়ে দিয়েছি আমি জানি না ম্যাজিস্ট্রেট কি অর্ডার দিয়েছে। মাননীয়া ইলা মিত্র মহাশয়া যখন বলছেন আমি দেখছি কতজন সেখানে আছে এবং কি তাদের অসুবিধা। তবে জেলে গেলে কিছু কিছু অসুবিধা হবেই। একেবারে সব সুবিধা থাকবে এটা তো হতে পারে না। তবে যাতে তারা ভালভাবে থাকতে পারেন সেদিকে আমি লক্ষ্য রাখছি।

Shrimati Ila Mitra :
ভাল থাকা বা খারাপ থাকার জন্য আমি একবারও কিছু বলি নি। এ্যাকর্ডিং টু রুল তারা যাতে সেখানে ব্যবহার পায় তার ব্যবস্থা করার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করেছি।

The Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974

Dr. Gopal Das Nag : Sir, I beg to introduce the Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974.

[Secretary then read the title of the Bill.]

[11-10—11-20 a.m.]

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974, be taken into consideration.

Sir, I made a statement on Basumati about a month ago on the floor of this Honourable House and I need hardly go into the details of the facts which led to the occupation of the position of pre-eminence by Basumati Sahitya Mandir founded by late Upendra Nath Mukherjee and expanded by this able son late Satish Chandra

Mukherjee. Sir, Messrs. Basumati Private Limited took over the business in 1963. The affairs of this Company, however, came to a crisis in 1970 and in November that year the Company declared closure. At the intervention of the State Government this closure was lifted in June 1971 but, Sir, since then the Company has been suffering chronically from mismanagement and financial difficulties. Sir, the management failed to meet its financial commitments to the workers who have been suffering very badly for the past few years. Late Moni Mukherjee, proof-reader, died reportedly of malnutrition at his place of work. It is said that the did not receive his salary regularly. Sir, two other employees, late Sabyasachi Bhattacharyya and late Moni Adak are reported to have died during the last ten months from tuberculosis and cancer respectively without getting their dues from the Company when they needed the money for their treatment. Sir, recently closure has been declared in the following Departments, namely, Book Binding, Monthly Compose, Weekly Compose, Flat Machine, Publication Compose, Type Foundry, Office and Editorial Departments of Saptahik and Masik Basumati. This has resulted in the loss of employment to about 81 workmen and members of the staff. The publication of the Dainik Basumati which has a great past and tradition has been limping. The publications of the weekly and monthly journals have been practically stopped. Other publications of Sanskrit classics in Bengali translation and Bengali classics were stopped quite some time ago. These publications were of immense use and importance to the Bengali reading public and resumption of these publications together with the efficient publication of the Dainik Basumati will be of great advantage to the public. Sir, the Company has copyrights in various publications of reputed authors, which are of great interest to the members of the public. The publication of these has stopped. Cheap editions of works of classical writers like late Sahityasamrat Bankimchandra, Girish Chandra Ghosh, Kshirode Prosad Bidyabinod etc., which these publications included, were of great interest to the public. It is, therefore, desirable that publication of books and other publications the copyrights of which—and there are many of them—the Company holds should be immediately resumed so as to benefit the members of the public. The workmen of the Company and other employees are threatened with loss of employment because of the sickness of the Company. It is, therefore, necessary that their employment should also be protected.

These are the public purposes for which, through the instrument of the proposed legislation, Government seeks to acquire the undertaking of the company, so that publication of the Dainik Basumati may be ensured and the publication of journals, periodicals and other books as earlier mentioned may be resumed so as to serve the interest of the public properly.

Sir, the plan of the Bill is that on and from the appointed day the undertaking of the company will vest in Government free from all trusts, liabilities and encumbrances. The undertaking has been defined as all assets, rights, powers, authorities, privileges, properties, moveable and immoveable, etc., and all other rights and interests arising out of such properties as were immediately before the appointed day in the ownership, power or control of the company in relation to the undertaking or in the possession of the company irrespective of the ownership thereof, with necessary exclusions. The Bill provides that on and from the appointed day every workman will be deemed to be reappointed as Government employee or employee of the Government owned or controlled corporation, as the case may be. Sir, for the vesting of all these properties an amount shall be paid to the owners of such properties and persons having any interest therein. The amount will be disbursed by a Commissioner of Payments to be appointed by the State Government in accordance with the law.

Sir, I have no doubt in my mind that this Bill having regard to the public purpose it has in view, will receive the wholehearted support of this Hon'ble House.

Shrimati Ila Mitra:
ানায় অধ্যক্ষ মহাশয়, যে উদ্দেশ্যে এই বসুমতী প্রাইভেট লিমিটেড কোম্পানীকে সরকার টক ওভার করছেন— জনসাধারনের স্বার্থে এবং একটা ঐতিহ্যমন্ডিত কাগজ বসুমতী বং শুধু ঐ ঐতিহ্যমন্ডিত কাগজ হয় বসুমতী সাহিত্য মন্দির মারফত দৈনিক বসুমতী, প্তাহিক বসুমতী, মাসিক বসুমতী, বাৎসরিক বসুমতী ছাড়াও যে সমস্ত ক্লাসিক্যাল ান্সক্রিট-এর বাংলা অনুবাদ, যেমন গিরিষ ঘোষ, বঙ্কিম চন্দ্রের ক্লাসিক্যাল বাংলা সাহিত্য নুষের ঘরে ঘরে পৌঁছে দেবার দায়িত্ব এই বসুমতী সাহিত্য মন্দিরের, তা ছাড়া সেখানকার র্মচারীদের যে দুর্দশাগ্রস্থ অবস্থা, তাদের কর্মচারীরা যে ভাবে না খেয়ে, বেতন না পেয়ে চালাচ্ছিলেন এবং পরিচালকমন্ডলীর নেতা অশোক সেন-এর নেতৃত্বে যেভাবে অপরাধ লক ষড়যন্ত্র করে লক্ষ লক্ষ টাকা সেখান থেকে সরিয়ে নিয়ে যাচ্ছিল তার দিকে তাকিয়ে, নসাধারনের স্বার্থের দিকে তাকিয়ে এবং এই বসুমতী যাতে পুনরায় তাদের ঐতিহ্য য়ে কাজ করে যেতে পারে, তারজন্য জনসাধারন যে আন্দোলন করেছিল এবং অপর ক্ষ জনসাধারনের আন্দোলন, এই দুটির দিকে তাকিয়ে পশ্চিমবঙ্গ সরকার এই াম্পানীকে যে টেকওভার করছেন তাকে আমি সমর্থন করছি। শুধু সমর্থন করছি ই নয়, এটা একটা অত্যন্ত ভাল কাজ হয়েছে। বসুমতীর ক্ষেত্রে যে সব ঘটনা ঘটেছে, ই ঘটনার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে এসেছেন তার জন্য পশ্চিমবঙ্গ রকারকে অভিনন্দন জানাচ্ছি। আমি এই কথা বলার সঙ্গে সঙ্গে আর একটা কথা তে চাই যে ভারতবর্ষের কোন জায়গায় বোধ হয় এই ধরনের অব্যবস্থা যা সেখানে ছে কাজের ব্যবস্থাতে, সেখানে এই ধরনের নজীর কোথাও নেই। এই সঙ্গে সঙ্গে রিচালনা ক্ষেত্রে ভারতের প্রাক্তন বিচারপতি শ্রী এস, আর, দাশের জামাই এবং প্রাক্তন ন্দ্রীয় মন্ত্রী অশোক সেনের বিরুদ্ধে যে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো ছয় বছর ধরে তদন্ত করে বিরাট চার্জশিট দাখিল করেছেন, আমি মনে করি সরকার এবং জনসাধারন সেই, র্জশিট দেখেছেন এবং মূল অভিযোগ সেখানে ছিল দৈনিক বসুমতীর পরিচালনার ব্যাপারে ই তদন্ত কমিটি অপরাধ মূলক ষড়যন্ত্র, প্রতারনা, চুরি এবং হিসাবের কারচুপি দেখিয়ে ক লক্ষ টাকা আত্মসাৎ করার এই যে অভিযোগ তদন্ত কমিটি উপস্থিত করেছেন, সেটাও ই সঙ্গে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

1-20—11-30 a.m.]

দৃষ্টি আকর্ষণ করতে চাই এই কারণে যে, একদিকে এই কোম্পানীটি টেকওভার করছেন রকার এই ঐতিহ্যশালী কাজটি যাতে পরিচালিত হয় তার জন্য, সঙ্গে সঙ্গে এই ব্যাপারে নি মূলতঃ দায়ী শ্রী অশেক সেন, যিনি লক্ষ লক্ষ টাকা, তছরুপ করেছেন এবং শুধু রূপ নয়, আমি বলব শ্রমিক কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড-এর প্রায় সাড়ে 8 লক্ষ টাকা রে দিয়েছেন, ই.এস.আই-র টাকা জমা দেন নি, মেরে দিয়েছেন। অথচ তার বিরুদ্ধে ন মিসা প্রয়োগ হবে না? সেই প্রশ্ন আমি সরকারের কাছে করছি। এবং এই বিষয়ে মি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে বসুমতী সাহিত্য ন্দির বেনামীতে কেনার ষড়যন্ত্র শ্রী অশেক সেন করেছিলেন এবং এ সম্পর্কে তদন্ত কমিটি রিপোর্ট বের করেছেন, তাতে শ্রী অশোক সেন সহ ১৭ জনকে আসামী করেছেন। দের বিরুদ্ধে গুরুতর অভিযোগ করেছেন এবং সেই অভিযোগ সম্পর্কে কয়েকটি কথা মি সরকারের সামনে এবং বিধানসভার সামনে উপস্থিত করতে চাই। ১৯৬২ সালের ক্টোবর এবং ডিসেম্বর মাসের মাঝা মাঝি সময়, যখন শ্রী অশোক সেন কেন্দ্রীয় আইন ী ছিলেন, সেই সময় একজন নগন্য মুদীর নামে, শ্রী এস্ কে, কন্ডুর নামে বসুমতী হিত্য মন্দির কিনে নেন এবং এই বসুমতী সাহিত্য মন্দির তিনি বন্ধ করে দেন, দৈনিক মুমতী, সাপ্তাহিক বসুমতী, মাসিক বসুমতী, এবং অন্যান্য সাহিত্য স্যান্সক্রুট থেকে ংলায় যে সব সাহিত্য অনুবাধ করে প্রকাশ করা হত, সে সব বন্ধ করে দেন। ১৯৬৩ লের ১৫ই, জানুয়ারী কাগজে কলমে বসুমতী প্রাইভেট লিমিটেড গঠণ করেন এবং াইটার হিসাবে ডি, পি, চক্রবর্তী, দিলীপ সেনগুপ্ত, এস, কে, কুন্ডু, ধীরেন দে, যারা

ন্যতম আসামী হিসাবে গণ্য হয়েছে, তাদের তিনি প্রপাইটার করেন। ইতিমধ্যে যে, ৭ জনের বিরুদ্ধে তদন্ত কমিটি রিপোর্ট করেছেন এবং অভিযোগ এনেছেন তাদের মধ্যে জন রাজসাক্ষী হয়েছেন এবং তারা অনেক কথা ফাঁস করে দিয়েছেন। আসামী অশোক ন ছাড়া সুকুমার গুহ মজুমদার, ডি, কে, রায় চৌধুরী, সুন্দর অ্যাডভানি, ধীরেন দে ত্যাদি অনেকে আছেন। এদের বিরুদ্ধে গুরুতর অভিযোগ কি ছিল, তা আমি মাননীয় ধ্যক্ষ মহাশয়, আপনার মারফত জানাতে চাই। তদন্ত কমিটির রিপোর্টে এদের বিরুদ্ধে লা হচ্ছে যে, শ্রী অশোক সেন, তিনি কেন্দ্রীয় আইন মন্ত্রী ছিলেন, সেই সময় বসুমতী াহিত্য মন্দির কেনার ব্যবস্থা করেন।

Mr. Speaker : I request honourable member, Shrimati Ila Mitra to avoid any etailed discussion. I request her only to refer the matter but not to go into the erits of the case because a criminal case is pending. She is a senior member and hope she will well understand that there is a limit.

Shrimati Ila Mitra :
ঠিক আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটা কথা আপনার দৃষ্টিতে আনতে ই যে এই বিষয়ে কত গুরুতর অভিযোগ তাদের বিরুদ্ধে আছে এবং সে বিষয়ে আমরা কলেই জানি। সেই সম্পর্কে আর একটা কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ন বলেছেন তখন আমি আর মেরিট বা ডিমেরিটের মধ্যে প্রবেশ করছি না। মাননীয় ধ্যক্ষ মহাশয়, এটা বলতে চাই যে ১৯৬৭ সালের ১৯ই, আগস্ট তারিখে কোম্পানীর টি ৮,৮৩৫টি সেয়ারের মধ্যে ৪,৫৪৫টি বেনামী হোল্ডারদের কাছ থেকে আমরা দেখতে ই মূল পরিচালক অশোক সেন তার পুত্র, কন্যার নামে ট্রান্সফার করে নেন।

আরও বলতে চাই এইযে হস্তান্তরিত করা হল সেইসময় ন্যাশনাল পাবলিসিটী বলে একটা রামের নাম এই সংস্থায় উল্লেখ করা হয়। কিন্তু এই ন্যাশনাল পাবলিসিটী ফোরাম ছে বলে জানা নেই। এই যে প্রস্তাব করা হয়েছিল এটাই একটা প্রতারণা। এমনকি ই সভার শ্রদ্ধেয় বিবেকানন্দকে সভাপতিত্ব করা হয়েছিল সেখানে তাঁর সই জাল করে ই ধরণের প্রস্তাব করা হয়। বসুমতীতে কি ধরণের কারচুপি হয়েছে সেটা দেখুন। খানে যা বিক্রি হোত তাকে ফুলিয়ে ফাঁপিয়ে দেখিয়ে তাঁরা অনেক চুরি করেছেন এবং রজন্য তাঁরা অনেক মিথ্যা সাক্ষী প্রমাণও গ্রহণ করেছেন। এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে উজ প্রিন্ট-এর বিজ্ঞাপন পাওয়া কনট্রোলার অফ সারকুলেশন ও কনট্রোলার অফ নিউজ-ন্ট-এর কাছ থেকে যাতে দৈনিক বসুমতী প্রকৃত প্রচার সংখ্যার চেয়ে বেশী বাড়িয়ে ধিক বিজ্ঞাপন সংগ্রহ করতে পারে সেই প্রতারণা করে কত অধিক টাকার বিজ্ঞাপন ংগ্রহ করেছে সেটা শ্রমমন্ত্রী মহাশয় ভাল ভাবেই জানেন। সেখানে যেসব সংস্থা ও দৈনিক সুমতীর এজেন্ট-এর নাম বলা হয়েছে; কিন্তু সেসব এজেন্ট বা সরবরাহকারীদের ান নাম নেই। যেমন ধরুন ১৯৬৬ সালের জুন মাস থেকে বসুমতীর প্রচার সংখ্যা লা হয়েছে ১ লক্ষ ৫০ হাজার। আবার প্রেস ইন ইণ্ডিয়া বইয়ের দ্বিতীয় ভাগে ১ লক্ষ ০ হাজার ৯৭৫। এইভাবে প্রতারণা করে অনেক লোকের কাছ থেকে হাজার হাজার কার বিজ্ঞাপন তারা নিয়েছে এবং সেই টাকা তারা মেরে দিয়েছে। এর একটা হিসাব খলেই বুঝতে পারবেন যে ১৯৬৫ সালে এই বিজ্ঞাপন যাতে তাদের আয় হয়েছিল ৭ লক্ষ ৬ হাজার ৩৭২ টাকা ৭২ পয়সা, ১৯৬৬ সালে ১২ লক্ষ ৬৯ হাজার ২৩২.৮১ পয়সা, ৯৬৭ সালে ১৪ লক্ষ ৮০ হাজার ৮২৬.৭২ পয়সা, ১৯৬৯ সালে ১৭ লক্ষ ৫০ হাজার ০০ টাকা। তাহলেই বুঝতে পারছেন কি রকমভাবে ভূয়ো সদস্য ও সরবরাহকারীদের াম দেখিয়ে দৈনিক বসুমতীর অনেক প্রচার হয়েছে বলে কিভাবে কারচুপি করে লক্ষ লক্ষ াকা তছরূপ করেছে। এই বসুমতীর ৮ খানা গাড়ী ছিল যা এখন আর একটাও নেই। ীঅশেক সেন ইতিমধ্যে ৮ লক্ষ টাকা সেখান থেকে সরিয়ে নিয়েছেন। বসুমতীর কর্মীদের য কি দুরবস্থা সেকথা শ্রমমন্ত্রীকে বলার দরকার নেই। তদন্ত যখন চলছিল সেই ১৯৭০ ালের মাঝামাঝি সময় বসুমতী বন্ধ হয়ে যাওয়ায় ৫০০ জনের উপর কর্মী কর্মহীন হয়ে

পড়ে। এরজন্য সেই সময় তারা ও জনসাধারণ আন্দোলন করেন। এইরকম একটা ঐতি মণ্ডিত কাগজ বন্ধ হয়ে যাওয়ার জন্য আন্দোলন হয়। ১৯৭১ সালে শ্রমমন্ত্রীর মধ্যস্থত একটা ত্রিপক্ষীয় চুক্তি হবার পর ১১ মাস পরে আবার যখন চলতে সুরু হয় তখন দে যায় সেই চুক্তির ধারাগুলি কম্পানী মানেননি এবং বেতন দেননি। তাঁরা ৮২ জনকে ছাঁ করেছেন এবং ৩ জন বসুমতীর কর্মী কর্মরত অবস্থায় বেতন না পেয়ে মারা যায়। এই নি অনেক প্রশ্ন এই বিধানসভায় বারবার উঠেছে। এখানকার কর্মীরা দিনের পর দিন খেয়ে তাঁরা কাগজ চালিয়ে গেছেন। কাজেই সরকার এটার টেক ওভার করছেন এ একটা ভাল কাজ করেছেন। সঙ্গে সঙ্গে বলতে চাই এখনও পর্যন্ত কর্মীদের বেতন বা পড়ে আছে। শুনেছি মুখ্যমন্ত্রীর ফাণ্ড থেকে তাদের কিছু টাকা দেওয়া হয়েছে। সে তাদের সব মাসের বেতন নয়, অনেকের দীর্ঘদিন ধরে টাকা বাকী আছে। কাজেই বস টেক ওভার-এর সঙ্গে সঙ্গে এইসমস্ত কর্মচারী যারা না খেয়ে মৃত্যুর সঙ্গে অনবরত সংগ্র করেছে বসুমতী পত্রিকাকে বাঁচিয়ে রাখার জন্য তাদের স্বার্থ পুরাপুরি বজায় থাকে। ি এ্যাপয়েন্টমেন্ট-এর কথায় আশা করব বসুমতীতে যারা কাজ করছিল তারা যেন পুনঃ এ্যাপয়েন্টমেন্ট পায় এবং যথাযোগ্য মর্য্যাদা পায়। টেক-ওভার করার পর একথা বল চাই এই কাগজের দ্বারা সাম্রাজ্যবাদী, এন্টি-ফেসিস্ট ও গণতান্ত্রিক আন্দোলনের ক অনেক প্রতিফলিত হয়েছে।

[11-30—11-40 a.m.]

এই কাজ সেদিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আশা করব এটা টেক ওভারের প এই কাগজ তার পুরাণ মহিমাময় ঐতিহ্য ফিরে পাবে এবং গনতান্ত্রিক আন্দোলনে প্রতিফলন, সাম্রাজ্যবাদী বিরোধী আন্দোলনের যে প্রতিফলন, এই কাগজের মাধ্যমে আম এর পূর্বে দেখেছি সেটা পুনরায় এই কাগজের মাধ্যমে প্রতিফলিত হবে। এই প্রসঙ্গে আ আর একটা কথা বলতে চাই আমরা এই বিধানসভাতেই পাশ করেছি যদি কোন মালি শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা কিম্বা ই এস্ আই-র টাকা তছরুপ করে তাহ তাকে গ্রেপ্তার করা হোক। এর পরিপেক্ষিতে আমি দাবী করব এই প্রতিষ্ঠান পরিচালন মূল নেতা অশোক সেন যিনি এখান থেকে লক্ষ লক্ষ টাকা তছরূপ করেছেন তাঁর ক্ষেত্রে মিসা প্রয়োগ করা হোক। সরকার এরকম একটা অব্যবস্থার হাত থেকে উদ্ধার করব জন্য এই যে এগিয়েছেন এবং এই কাগজের পুরাণ ঐতিহ্যের কথা মনে রেখে এ পরিচালনার দায়িত্ব গ্রহণ করছেন তার জন্য সরকারকে নিশ্চয়ই ধন্যবাদ জানাচ্ছি এব আশা করব এই কাগজ যেন তার পুরাণ মহিমা নিয়ে প্রকাশিত হয়।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় "দি বসুমতী প্রাইভেট লিমিটেড (এ্যাকুইজিস অব আন্ডারটেকিং) বিল, ১৯৭৪ হাউসে উপস্থাপিত করেছেন। আমি অপজিসন পার্টি লোক তাই কাউনসিল অব মিনিস্টার্স, সাংবাদিক এবং দেশবাসী প্রত্যেকে আজকে বিশেষ একটা উৎকণ্ঠার মধ্যে আছে যে, এই প্রসঙ্গে বক্তব্য রাখতে গি আমি কোন ভূমিকা গ্রহণ করছি। তাঁদের সকলের সেই উৎকণ্ঠা দূর করবার জ আমি বলছি আমি এই বিল সপোর্ট করছি। তবে এই সাপোর্ট করতে গিয়ে আমা কিছু সমালোচনা করতে হবে কারণ বিলের মধ্যে কিছু কিছু ত্রুটি আছে। মাননী স্পীকার মহাশয়, এই ত্রুটি বিচ্যুতি যেগুলো রয়েছে সেগুলো মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনব জন্য আমি কিছু বলতে চাই। স্যার, আপনি যদি বিলের প্রিএম্বেল নজর করে দেখে তাহলে এতে সত্যিকারের কিছু দোষত্রুটি আছে বলে আপনার মনে হবে না। কিন্তু বিলে ক্লজ বাই ক্লজ যদি আলোচনা করি তাহলে দেখব কিছু কিছু ত্রুটি আছে এবং সেটা আ যখন এ্যামেন্ডমেন্ট মুভ করব তখন সে সম্বন্ধে আমি বক্তব্য রাখব। এখন আমি জেনারে [illegible] সময় জেনারেলভাবেই আলোচনা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশ এই যে বিল নিয়ে আসা হয়েছে তাতে আমার প্রথম বক্তব্য হচ্ছে বসুমতী পত্রিকার মাধ্য

সাহিত্য প্রকাশিত হোত, যে সমস্ত সংস্কৃত পুস্তক বাংলাভাষায় অনুবাদ করে শহর এবং পল্লী অঞ্চলে পাঠকদের কাছে পৌঁছে দিত এবং মানুষের যেটা চাহিদা, মানুষের দুঃখ, ব্যথা, বেদনার কথা যা এই বসুমতী কাগজের মাধ্যমে প্রকাশিত হোত সেটা বন্ধ হয়ে গেল। এবং মানুষের যে চাহিদা, মানুষের যে ডিমান্ড, মানুষের যে দুঃখ বেদনার কথা এই বসুমতী পত্র পত্রিকার মারফৎ প্রকাশিত হত, সেটা বন্ধ হয়ে গিয়েছিল, কিন্তু আজ সেটা প্রকাশিত করবার জন্য সরকার সেই দায় দায়িত্ব নিচ্ছেন। সরকার এই কথা বিলের মাধ্যমে বলেছেন যে একজনের দ্বারাই হউক বা করপোরেশানের দ্বারাই হউক বা যে কোন উপায়েই হউক সরকার ম্যানেজমেন্ট নেবেন। এই বিলের মধ্যে বলেছেন মুভেবল এ্যান্ড ইমমুভেবল প্রপারটীর সমস্ত কিছু দায় দায়িত্ব সরকার গ্রহণ করবেন। কিন্তু সঙ্গে সঙ্গে দেখছি একটা এ্যামেন্ডমেন্ট এল জ্ঞান সিং মহাশয়ের নামে আফটার ওয়ার্ড ইনক্লুডিং ল্যান্ডস এন্ড বিলডিং যে সম্বন্ধে আমি পরে বক্তব্য রাখছি। এই বিল যদি সত্যিকারের বসুমতীর কল্যাণ করবার জন্য তাদের যে সমস্ত সাংবাদিক কর্মচারী আছেন, তাদের কল্যাণ করবার কোন চেষ্টা যদি থাকে যারা ঐ বসুমতী সাহিত্যের পুস্তক-পুস্তিকা পাঠ করতেন এবং আনন্দ উপভোগ করতেন তাদের কল্যাণের জন্য সরকার যদি কিছু করতেন তাহলে এই বিল এত দেরীতে আনা উচিত ছিল না। এই বিল আরো আগে পূর্বে আনা উচিত ছিল। এই প্রথম পশ্চিমবঙ্গ সরকার একটা সংবাদপত্র টেক ওভার করতে যাচ্ছেন, এটা একটা নতুন নজীর, একটা নতুন ইতিহাস। কিন্তু আমার আশঙ্কা এই নজীর ধরে ভবিষ্যতে আনন্দ বাজার, যুগান্তর এবং আরো যে সব পত্র পত্রিকা আছে তাদের যদি সামান্যতম ত্রুটি দেখে সেগুলি গ্রহণ না করেন তারজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তবে যে কথা বলছি যে এটা দেরীতে আনা ঠিক সংগত হয়নি, আরো অধিক পূর্বে নিয়ে আসা উচিত ছিল। কিন্তু আপাততঃ যখন নিয়ে এসেছেন তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি আর একটি বিষয়ে আমার বক্তব্য রাখছি, যদিও মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন অশোক সেন সম্বন্ধে কিছু বলতে নিষেধ করেছেন--কারণ এটা সাব-জুডিস। কিন্তু আমরা জানি এর পা থেকে মাথা পর্যন্ত সমস্ত দোষে ভরা এবং আমার মনে হয় সব জায়গায় কেস নাই, হয়ত দু একটা ক্ষেত্রে কেস আছে। সেটা সম্বন্ধে আলোচনা করবার আমাদের কোন অধিকার নেই। কিন্তু বাকি ক্ষেত্রে আলোচনা করবার অধিকার নিশ্চয় আছে এবং সেই আলোচনা আমাদের করতে দিতে হবে। এই যে বিল নিয়ে আসা হয়েছে এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি তাতে হয়ত বসুমতী ভবিষ্যতে প্রকাশিত হবে, পাঠক পাঠিকার ঘরে গিয়ে পৌঁছাবে, তারা হয়ত বসুমতী পড়ে আনন্দ পাবেন, কিন্তু এর মধ্যে একটা ক্যামোফ্লেজ দেখতে পাচ্ছি যে অশোক সেন মহাশয়কে বাঁচাবার একটা সুন্দর কৌশল করা হয়েছে।

[11-40—11-50 a.m.]

কিন্তু একথা বলতে চাই যে যিনি এই রকম দোষী, যিনি এই রকম গিল্টি, যিনি বসুমতী কার্যালয়ের সমস্ত কিছু ধ্বংস করে সমস্ত প্রপার্টিকে সরিয়ে দিয়েছেন, যাঁরা কর্মচারী তাঁদেরকে না খাইয়ে মেরে ফেলেছেন, কোটি কোটি টাকা আত্মসাৎ করেছেন —আমি আইটেম বাই আইটেম আলোচনা করতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে একটু সময় দেবেন কাজেই সে ক্ষেত্রে অশোক সেনকে বাঁচাবার একটা কৌশল অবলম্বন করা হয়েছে দলীয় লোকের স্বার্থে পুষ্ট করবার জন্য এবং এর মধ্যেও খানিকটা দলবাজী করা হয়েছে। সে করুন দলবাজীর রাজত্ব যখন পড়েছে তখন নিশ্চয়ই করবেন--করুন। কিন্তু আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই যেগুলি অবশ্য ধরা দরকার। এই বিলের প্রসঙ্গে যেগুলি অবশ্যই ধরা দরকার সেগুলি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রিমহাশয়ের, বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে তিনি এইগুলি ধরুন। যখন বসুমতী মন্দির কেনা হয়, সাহিত্য মন্দির কেনা হয়, তখন কেনা হয়েছিল মাত্র দুই লক্ষ টাকায় কিন্তু সেখান থেকে নিয়ে যাওয়া হয়েছে মাত্র দু'বৎসরের মধ্যে এক লক্ষ টাকা—সরিয়ে দেওয়া হয়েছে

নিয়ে নেওয়া হয়েছে। এটা কি করে নেওয়া হল এবং কেন নিলেন, এই অল্প সময়ের মধ্যে আত্মসাৎ করলেন? এটা কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যে তিনি এটা ধরবার চেষ্টা করুন। সঙ্গে সঙ্গে বসুমতীর ১৬৬নং যে বাড়ী বিপিন বিহারী গাঙ্গুলী রোডে সেই বাড়ীটা—অবশ্য জ্ঞান সিং বাবু সেটাকে রেহাই দেবেন অর্থাৎ তার সেই এ্যামেন্ডমেন্টটা গোপালবাবু এ্যাকসেপ্ট করবেন, তার দলের লোক, এই বিল্ডিংটা রেহাই দেবেন, অশোকবাবুকে কাঁদালে চলবে না, দলের লোক, দল পুষ্টিতো করতে হবে কিন্তু একথা আমি বলতে চাই এবং এটা দাবী করি দেশের স্বার্থের দিকে লক্ষ্য রেখে যে ১৬৬নং বাড়ী এটা দখল করলেই যথেষ্ট হবে না, বসুমতীর প্রচুর সম্পত্তি বর্তমানে যাতে লোক সেবক পত্রিকার কার্যালয় আছে—নিয়ে যাওয়া হয়েছে এবং লুকিয়ে রাখা হয়েছে, সেগুলি কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধরতে হবে। এইগুলি বের করতে হবে খুজে কেন সেখানে রাখা হয়েছে? কেন আত্মসাৎ করেছেন সেটা কি অপরাধ নয়? এটা সাবজুডিস কেস কিন্তু কেসতো একটা নয় এগুলি কি কেস হবে না, এই কারণের জন্য তাঁকে কি মিসায় দেওয়া যাবে না? যে গাড়ীগুলি ছিল সেগুলি কি চলে গিয়েছে, সে গাড়ী কি বাংলা দেশে গিয়েছে, সে গাড়ী কি চীন দেশে গিয়েছে? সে গাড়ী কি আমেরিকায় গিয়েছে, না রাশিয়ায় গিয়েছে? আছে পশ্চিমবাংলার মধ্যেই। খোজ করুন, আই, বি, ডিপার্টমেন্টের লোক লাগান খুজে পাবেন লোক-সেবক পত্রিকার সেই অফিসে আছে। আমাদের কাছে খবর আছে, গোপন তথ্য আছে, সেখান থেকে উদ্ধার করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩নং এসপ্লানেড ম্যানশন যেখানে সুধীর বেরা মহাশয় থাকেন, সেখানে বসুমতী সিটি অফিস বলে লেখা আছে। অথবা অশোক সেনের বাড়ী যদি আপনি দেখেন ভাল করে তাহলে দেখতে পাবেন যে প্রচুর বসুমতীর সম্পত্তি তাঁর বাড়ীতে আছে এবং যেখানে সিটি অফিস লেখা আছে সেখানে কিছু আছে, এইগুলি কিন্তু খুজে বের করতে হবে। কেবল বিল পাস করে নিয়ে একটা ষ্টান্টবাজী করে জনসাধারণের কাছে বাহবা পাওয়া বড় কথা হবে না, বিল পাশ করে নিয়ে যে খুব হাততালি নেবেন সেটা বড় কথা হবে না তার সঙ্গে সঙ্গে বসুমতীর সমস্ত প্রপার্টি উদ্ধার করতে হবে। যদি উদ্ধার করতে পারেন তাহলে বাহবা পাওয়ার যোগ্য হবেন তা নইলে নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এক সময় বসুমতী পত্রিকার প্রকাশ ৯ মাস বন্ধ ছিল তখন সুধীর বেরা মহাশয়—তিনি যদি থাকেন তাহলে ক্ষুব্ধ হবেন হয়তো কিন্তু সত্য কথা বলার আমার রাইট আছে আমি তা বলবো, সুধীর বেরা মহাশয় এবং তুপাল বোস বসুমতীর নাকি বহু টাকা বাকী পড়ে ছিল তাই দয়া পরবশ হয়ে প্রায় তিন লক্ষ টাকা আদায় করবার চেষ্টা করেছিলেন।

কাজেই আমি জানতে চাই সেই টাকাটা আদৌ জমা পড়েছে কিনা। টাকা যদি জমা দিয়ে থাকেন তাহলে আমার কোন আপত্তি নেই এবং তাঁরা বলে দিন যে, হ্যাঁ, আমরা টাকা জমা দিয়েছি। তবে একটি কথা হচ্ছে টাকা যদি জমা দিয়ে থাকেন তাহলে আপনার মাধ্যমে আমি তার রিসিট দেখতে চাই। আমি যখন অবজেকসন দিয়েছি তখন আমি জানতে চাই তাঁরা টাকা জমা দিয়েছেন কিনা এবং যদি জমা না দিয়ে থাকেন তাহলে স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এটা দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এছাড়া গত ৫ বছর ধরে আমরা দেখেছি বসুমতী কার্যালয়ে বহু মিসম্যানেজমেন্ট চলেছে এবং তার ফলে টাকা পয়সা তছরূপ হয়েছে। অশোক সেন যিনি ওখানকার মালিক, কর্ণধার তিনি ভাগ্য বিধাতা হয়ে কর্মচারীদের চুষে খেয়েছেন। তাদের নিষ্পেষণ করেছেন এবং শুধু খোলা ফেলে রেখে গেছেন। আমি মন্ত্রিমহাশয়কে বলব আপনি পাঁচ বছরের একাউন্ট আইটেম বাই আইটেম পুঙ্খানুপুঙ্খরূপে খতিয়ে দেখবেন এবং লক্ষ্য রাখবেন যেন দু নম্বর খাতা না দেখা হয়। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ৯১ মাস বসুমতীর কর্মচারীরা বিনা বেতনে কাজ করেছে। দেশবাসীর স্বার্থে পাঠক-পাঠিকাদের স্বার্থে এবং আমি কোন প্রভিন্শিয়েলিজমের কথা বলছি না, বাংলা ভাষায় প্রকাশিত এই রকম একটা পত্রিকাকে বাঁচিয়ে রাখা খুবই দরকার। বাঙালীর ঐতিহ্যকে রক্ষা করবার জন্য শ্রমিকরা ১১ মাস পরিশ্রম করে এটাকে বাঁচিয়ে রাখবার চেষ্টা করল এবং এটাকে প্রকাশও করল কিন্তু দুঃখের বিষয় তারা কোন পয়সা পেল না এবং তার ফলে অনাহারে তিন জন কর্মচারী

মারা গেল। যারা মারা গেছে তাদের পরিবারকে টাকা পয়সা হয়ত দেবেন কিন্তু তাতে তিনটি লোকের জীবনের মূল্য দেওয়া হয় না। আমি আজকে জানতে চাই কারা এই মৃত্যুর জন্য দায়ী? আমি জানতে চাই এই মৃত্যুর জন্য দায়ী অশোক সেন কিনা? আমি জানতে চাই অনাহারের জন্য এই যে তিন জনের মৃত্যু হল কেন তাদের বেতন দেওয়া হয়নি? বসুমতী কাগজ একটা সাপ্তাহিক ছিল, একটা মাসিক ছিল, সেটা বন্ধ হয়ে গেছে। আজকে সরকার যখন টেক-ওভার করছেন তখন আমি আশা করব সেগুলো এখন প্রকাশ করবেন এবং তার জন্য আমি আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

[11-50—12-00 noon]

কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাচ্ছি যে এগুলি যেন প্রকাশ করতে কালবিলম্ব না হয়। হাতে যখন নিচ্ছেন, আর মুহূর্তও দেরী করবেন না। দেরী করলে বিপদ আছে। সুপ্রীম কোর্ট আছে, হাইকোর্ট আছে। ইনজাংশন হতে পারে। যেমন আগে রামকৃষ্ণ সারদা মন্দির কলেজ লক্-আপ করতে গিয়ে যে অবস্থা দাঁড়িয়েছিল, দিল্লী পর্যন্ত ছোটাছুটি করতে হয়েছিল। এ ব্যাপারেও যেন এই রকমটী না হয়। কর্মচারী ৪ লক্ষ টাকা প্রভিডেন্ট ফান্ডে জমা দিয়েছিলেন। সেই টাকা আত্মসাৎ করে নেওয়া হয়েছে। তিনি কি সঙ্গে সঙ্গে সেই টাকা জমা দিতেন সরকারের ঘরে?

আরো বলি—যে সমস্ত কর্মচারী ২০।২৫।৩০ বছর ধরে ওখানে কাজ করে আসছেন, তাঁদের বহু টাকা সেখানে ছিল, সেই টাকা পর্যন্ত তিনি আত্মসাৎ করে নিয়েছেন। তার জন্য আমি অনুরোধ করবো সরকার যেন সমস্ত ব্যাপার সমস্ত বিষয়গুলি বিশেষ ভাবে খতিয়ে দেখেন।

আরো দু-একটী কথা বলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রেসটা আপনারা টেক-ওভার করে নিচ্ছেন। অনেক সময় দেখা যায় প্রেসটাতে সরকারী বিজ্ঞাপন ইত্যাদি দিয়ে সেই পেপারটীকে কন্ট্রোল করবার চেষ্টা সরকার করেন। তাই আমি অনুরোধ করবো এই যে পেপারটীর উপর আপনাদের ডাইরেক্ট ম্যানেজমেন্ট থাকছে, এটা যেন আপনাদের বুলেটীন আকারে ব্যবহার না হয় ভবিষ্যতে—এই আশংকা আমি করছি। পত্রিকা প্রকাশের যে স্বাধীনতা সাধারণতঃ থাকা উচিত এই গণতান্ত্রিক রাষ্ট্রে, সেই স্বাধীনতা যেন আপনারা হরণ না করেন এবং আমাদের আশংকা সেইখানে, কাগজটাকে আপনারা সরকারী বুলেটীন হিসেবে ব্যবহার করবেন না।

আর একটা কথা বলতে চাচ্ছি—১৯৭১ সালে যখন ক্লোজার ঘোষনা করা হয়েছিল, তখন একটা ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল। তার ফলে দেখা গেল কী? সমস্যার সমাধান হলো কীভাবে? আমাদের লেবার মিনিস্টার বুঝিয়ে ছিলেন, বোঝানোর পরে দেখা গেল কী? সমস্যার সমাধান হচ্ছে না। তখন এইভাবে ব্যবস্থা করা হয়েছিল। যে সমস্ত কর্মচারীর বিরুদ্ধে অবজেকসান দেওয়া হয়েছিল, তাঁরা কাজ ত্যাগ করে চলে যান্ এবং কথাছিল চুক্তির ৩০ দিনের মধ্যে তাদের সমস্ত বাকী বকেয়া দেনা-পাওনা শোধ করে দিতে হবে। তা শোধ করে দিতে পারেনি। স্যার, অত্যন্ত পরিতাপের বিষয় কোন রাধাও নাচেনি আজ পর্যন্ত; ঐ সমস্ত কর্মচারী যাঁরা বাধ্য হয়ে চলে গেছেন, তাদের বকেয়া পাওনা আজও শোধ করা হয়নি। আজও সেই ত্রিপাক্ষিক চুক্তি কার্যাকরী করবার ব্যবস্থা সরকার করেন নাই। এদিক থেকে আমি বলবো সরকারকে অযোগ্য বলে আখ্যায়িত করলেও অনুচিত হবে না।

আর একটা কথা বলি এই যে সংস্থাকে আপনারা টেক-ওভার করতে যাচ্ছেন, সরকার থেকে টেক-ওভার করার পূর্বদিন পর্য্যন্ত যে সমস্ত কর্মচারী ওখানে কাজ করে যাচ্ছেন, আমি বলবো তাঁদের যেন বেতন ভাতা মাসোহারা ইত্যাদি সমস্ত ঠিক থাকে। অনেক কারণে বসুমতী কাগজ নানারকম ফ্যাকড়া তুলেছেন। জোর করে তাদের মাইনে কমা করে লিখিয়ে নেওয়া হয়েছে। পেটের দায়ে মানুষ বাধ্য হয়ে তাই করেছে। চাকরীর,

খাতিরে মাইনে কম করে লিখে দিতে তাঁরা বাধ্য হয়েছেন। সেই তারিখের আগে তাদের যে মাসিক বেতন ইত্যাদি ছিল সেই রকম বেতনক্রম আপনারা রাখবেন—এই অনুরোধ করবো। দু-চার বছর আগে যে বেতন ছিল এমনকি এক বছর আগেও যে বেতন ছিল তার পূর্ববর্তী বেতন তাদের ক্ষেত্রে আপনারা গ্রহন করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর দু-একটী কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

এই যে সাপ্তাহিক ও মাসিক প্রকাশনা যা ক্লোজার করা হয়েছে। এখন যেহেতু প্রকাশন করা হবে এবং যারা পূর্বে এই কাজে নিযুক্ত ছিলেন এখন হয়তো তারা চলে গেছেন যে কোন কারণেই হোক, সে কর্তৃপক্ষের চাপে পড়েই হোক, সে যে কোন পরিস্থিতিতেই হোক, আমি অনুরোধ করবো তাদের নিতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী আমার কথা শুনতে রাজি নন—ভাল কথা বললে তিনি শুনতে চান না, তাছাড়া তিনি এখান থেকে চলে গেছেন, আমাদের শ্রমমন্ত্রী মহাশয় নেই আর তার সঙ্গে হাফ মন্ত্রী তিনিও নেই। যাহোক অন্যান্য মন্ত্রীরা আছেন তাঁদের অনুরোধ তাঁদের যেন পুনরায় কাজে বহাল রাখেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আপনারা যেদিন এটা টেক-ওভার করবেন এদের যেটুকু সম্পত্তি আছে তা চলে যাবে। আমি মনে করি যে এই বিল পাশ হবার পর থেকেই যেখানে যেখানে বসুমতী সম্পত্তি আছে সেখানে আপনি পুলিস বসান এবং তা বসিয়ে আপনি রক্ষা করুন। যদি তা না হয় তাহলে আমি বলবো মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রি মহাশয়দের যে আপনারা যতটা সেয়ানা আছেন তার থেকে অশোকবাবু সেয়ানা। সব সরিয়ে নিয়ে চলে যাবেন রামকৃষ্ণ সারদা বিদ্যালয়ের মন্দিরের মত হবে। কাজেই আমি অনুরোধ করবো যে অবিলম্বে সেখানে পুলিস বসিয়ে সেই সম্পত্তিগুলি রক্ষা করুন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sudhir Bera:

স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, মাননীয় শীশ মহাম্মদ সাহেব দু-বার আমার নামে কটাক্ষ করেছেন। তিনি বলেছেন বসুমতী সিটি অফিসে আমি আছি ও সেটা দখল করে করে নিয়েছি বসুমতীর হাত থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বছর পাঁচেক আগে এখন যারা ডায়রেকটার তাদের রেকমেন্ডেসানে বসুমতী সিটি অফিস খোলা হয়েছিলো, সেটা উঠিয়ে নিয়েছিলো। তারপর আমরা ভাড়া দিয়ে থাকি। এটা নিয়ে বিধান সভায় আমার নামে কটাক্ষ করা অন্যায়—গুরুতর অন্যায়। দ্বিতীয়তঃ তিনি বলেছেন যে বসুমতীর কিছু ফান্ড্‌স ও ফাইনান্স এ সুধীর বেরা আছে। ভূপাল সেন বলে আমি বসুমতীতে কাউকে চিনি না। তবে ভূপাল বোস বলে আছেন। ১৯৬২ সাল থেকে বসুমতীর একজন সাংবাদিক হিসাবে ও বসুমতী সাহিত্য মন্দিরের সম্পাদক হিসাবে অনেক সুখ দুঃখের সঙ্গে আমি জড়িত আছি এবং অনেক কিছু বোধ হয় জানি। সুতরাং শীশ মহাম্মদ সাহেব যদি দেখাতে পারেন যে বসুমতীর ম্যানেজমেন্টে বা তার ফাইনান্স এর সঙ্গে আমার যোগাযোগ ছিলো তাহলে আমি আমার বক্তব্য তুলে নেবো। আমি দুঃখিত যে বিধানসভার একজন মাননীয় সদস্য আর একজন সদস্যর নামে অভিযোগ করলেন অথচ তাঁকে একবার জিজ্ঞাসা করলেন না। বসুমতীর ফান্ডস ও ফাইনান্সের সঙ্গে কোন দিন যোগাযোগ ছিল না। তবে এই কথা সত্য যে আমরা যখন সাংবাদিকতা করেছি তখন আর, এস, পি, নেতাদের আমরা পাবলিসিটি দিতে পারিনি। তাদের অন্যায় অনুরোধ আমাদের টার্ন ডাউন করতে হয়েছে, ভিলিফ্লাইং ব্যবহার করা হয়েছে। এতে আমার প্রিভিলেজ ভঙ্গ হয়েছে বলে আমি মনে করি। এই সম্বন্ধে আমি যথাযথ ব্যবস্থা প্রতিকারের দাবী জানাচ্ছি।

Shri Shish Mohammad:

আমি যখন আমার বক্তব্য রাখছিলাম আমার মনে হয় তখন আমাদের মাননীয় সদস্য শ্রীবেরা হয় আমার কথাটা বুঝতে পারেন নি, না হয়তো অন্যমনস্ক ছিলেন। বসুমতী কার্যালয়ের অধিকার হরন করার কথা আমি বলিনি। কাজেই বসুমতী অফিস দখল

করে নিয়েছেন এই কথা আমি বলিনি। তিনি সেখানে থাকতেন এই কথা বলেছি। তিনিও স্বীকার করলেন যে তিনি একজন সাংবাদিক হিসাবে সেখানে থাকতেন ও তিনি তার সঙ্গে জড়িত ছিলেন এই কথা তিনি স্বীকার করেছেন। আমি কটাক্ষ করে বলিনি। তবে কালেক্‌সান হয়েছিলো। যদি জমা দিয়ে থাকেন ভাল কথা—তিনি রিসিপ্ট দেখাবেন। সুতরাং আমি এই কথা বলি নি।

Shri Sudhir Bera:

আমি বলেছি যে টাকা পয়সার সঙ্গে আমার কোন সম্পর্ক ছিলো না। কোন কালেকসানের সঙ্গে আমার যোগাযোগ ছিলো না। এইতো আমার প্রিভিলেজ ভঙ্গ করেছেন, এবং মিথ্যা কথা বলেছেন বিধানসভার ভিতরে। একজন মাননীয় সদস্য মিথ্যা কথা বলেন এর প্রতিকার চাচ্ছি।

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিথ্যা কথা এটা কি পার্লামেন্টারি? সেটা রুলিং চাচ্ছি।

Mr. Speaker:

মিথ্যা কথা এটা পার্লামেন্টারি ওয়ার্ড নয়।

You cannot force an honourable member to say that he has made a false statement.

অসত্য কথা হতে পারে।

Shri Siddhartha Shankar Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউস অফ কমনসের প্রসিডিংস পড়ছিলাম। একজন মেম্বার আর একজন মেম্বারকে বাস্টারড বলছেন। তখন যখন প্রিভিলেজ আনা হল। তখন স্পীকার সাহেব তিনি বললেন বাস্টারড আমি যতদূর জানি খুব আদরের ডাক উনি সুধীর বেরা শীষ মহম্মদকে যদি শালা বলে ডাকেন, 'শালা'তো অনেক সময় আদর করেও লোকে ডাকে, অতএব কোনটা পার্লামেন্টারী আর কোনটা পার্লামেন্টারী নয় বলা শক্ত।

Shri Shish Mohammad:

যদি এটা ব্যবহারের রেওয়াজ হয় তাহলে বলুন এবং আমাদের অধিকার দিন আজ থেকে আমরা ব্যবহার করি।

[12-00—12-10 p.m.]

Mr. Speaker : Honourable member, who has raised a point of privilege, will have to prove that the other honourable member has made the statement knowing full well that he is deliberately making a false statement and thereby he has misled the House. If on a bona fide belief an honourable member makes a statement, no question of privilege arises. So I am not satisfied that the honourable member has made the statement knowing full well that he is making a false statement deliberately, intentionally and maliciously. Therefore the point of privilege does not arise. It can only arise where an honourable member can prove beyond doubt that with the intention of misleading the House the other honourable member has made some false statements. There are a number of rulings on this point. On a bona fide belief an honourable member can make a statement and if he does so, no contempt of House is commiting [comes in.] On a bona fide belief he has made the statement knowing full well that the statement is true. So, in this particular case no point of privilege arises.

Shri Gautam Chakravartty:

অধ্যক্ষ মহাশয়, উনি যে স্টেটমেন্ট করেছেন এবং বক্তব্য রেখেছেন আমি অনুরোধ করছি সেটা হাউসের রেকর্ড থেকে বাদ দেওয়া হোক। একজন সদস্য সম্বন্ধে যে বক্তব্য রেখেছেন উনি হাউসের কাছে সেজন্য উনি দুঃখ প্রকাশ করুন এবং হাউসের রেকর্ড থেকে বাদ দেওয়া হোক।

Shri Triptimoy Aich :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা আইনের কথা বলছি। মাননীয় সদস্য শীষ মহম্মদ মহাশয় আমাদের মাননীয় সদস্য সুধীর বেরাকে বললেন অর্থ সংক্রান্ত ব্যাপারে তিনি জড়িত ছিলেন। তিনি যখন প্রতিবাদ করলেন তখন শীষ মহম্মদ বললেন আপনি প্রমাণ দিন। অভিযোগ যে আনে তার দায়ীত্ব হচ্ছে কাগজপত্র দেওয়া, অভিযোগ প্রমাণ করার জন্য। এটা সুধীর বেরা মহাশয়ের দায়ীত্ব নয় কাগজপত্র দেওয়া। একজন মাননীয় সদস্য সম্পর্কে যখন বললেন অন্য একজন মাননীয় সদস্য এটা হচ্ছে হাউসের ডিসেন্সী যে তার কাছে যথেষ্ট প্রমাণ এবং সাক্ষী থাকবে। তা না হলে মনে করি এটা চরিত্র হননের একটা চেষ্টা যেটা চিরকাল ও'রা করে আসছে।

Mr. Speaker :

মাননীয় সদস্যদের আমি জানাই যে যখন আমরা হাউসের মধ্যে এ্যালিগেসান করি— against a particular member or some strangers i.e., outsiders and officers. যে সব এ্যালিগেসান আমরা করি সেই সব এ্যালিগেসান যদি প্রত্যেকটা আমরা চ্যালেঞ্জ করি, এটা কখনও সম্ভব নয় প্রমাণ করা। ধরুন কোন মেম্বার কোন সরকারী কর্মচারী কিংবা আউট সাইডার কোন পাবলিক ম্যানের বিরুদ্ধে সিরিয়াস এ্যালিগেসন রাখছেন, করাপসন এবং আদার চার্জেস রাখছেন এই হাউসের মধ্যে তখন ইট ইজ নট পজেবল দি আউট সাইডার টু সে ইন দি হাউস। তবুও এটা আমরা এইজন্য এ্যালাউ করি— কারণ মেম্বারকে আমরা তাঁর ফুল ফ্রিডাম অব এক্সপ্রেসন দিই যেটা আণ্ডার দি কনস্টিটিউসন আছে। তবে যখন কোন মেম্বার তাঁর বক্তব্য রাখছেন তিনি ব্যক্তিগতভাবে অনেস্টলি বিলিভ করেন যে আমি এই কথা বলছি এটা সম্পূর্ণ সত্য। এই কথা বলতে গিয়ে যদি কোন সময়ে দেখা যায় যে তাঁর স্টেটমেন্ট মিথ্যা তাহলে তাঁর বিরুদ্ধে কোন প্রিভিলেজ হচ্ছে না। কারণ তিনি ডেলিবারেটলি মিথ্যা কথা বলছেন না। তবে তিনি যদি মনে করেন যে আমি যে এ্যালিগেসন করছি এটা আমি নিজের মন থেকে বিশ্বাস করি তাহলে সেটাই যথেষ্ট। তা নাহলে যখন তখন সমালোচনা করে এইসব কথা বলা যায় না। আমি আপনাদের কাছে অনুরোধ করবো হাউসের কোন মেম্বারের বিরুদ্ধে কিংবা বাইরের কোন রেসপন্সিবল লোকের বিরুদ্ধে যদি কোন কথা বলেন তাহলে এটা আগে যাচাই করা দরকার। এবং তারপর যেন এইসব এ্যালিগেসন করেন। কোন ফ্যান্টাসটিক এ্যালিগেসন হাউসের মধ্যে করা যায় না। দায়িত্বশীল মেম্বার হিসাবে তিনি নিজে স্যাটিসফায়েড হবার পর এইসব কথা বলবেন। আই হোপ দি ম্যাটার মে বি ড্রপড হেয়ার।

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের পক্ষ-থেকে রাজ্যের শ্রমমন্ত্রী বসুমতী পত্রিকার দায়িত্বভার গ্রহণের জন্য যে বিল এনেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে এই বিল বসুমতী পত্রিকার মুক্তি দিবস বলে চিহ্নিত হবে। এই বিল যে ঐতিহাসিক উদ্দেশ্য সাধনের সোপান হিসাবে আনা হয়েছে তার জন্য আমি একে স্বাগত জানাই। সাংবাদিক সংবাদপত্রের কর্মচারীদের যারা অধিকার হরণ করেন এবং তাঁদের যারা অনাহারে মৃত্যুর কাছে ঠেলে দেন তাঁদের কাছে এই বিল একটি ঐতিহাসিক চপেটাঘাত। আমি বিশ্বাস করি ভারতবর্ষে যে সমস্ত বড় বড় সংবাদপত্র পরিচালকগোষ্ঠী আছেন তাঁরা এই বিল থেকে একটা শিক্ষা গ্রহণ করবেন। তাঁদের লালসার যূপকাষ্ঠে সাংবাদিক

এবং কর্মচারীরা অসহায়ভাবে মৃত্যুকে বরণ করেনি। বরং তাঁদের রক্ষা করার জন্য পশ্চিমবাংলার মন্ত্রীসভা যে এগিয়ে এসেছেন তার জন্য তাঁদের আমি সাধুবাদ জানাই। এবং সাধুবাদ জানাই আমাদের মুখ্যমন্ত্রীকে—তিনি দেশবন্ধু দৌহিত্রের মত এই কাজ করেছেন। বসুমতী পত্রিকা কেবলমাত্র একটি পত্রিকাই নয় বরং এটা একটা জাতীয় প্রতিষ্ঠান। এই পত্রিকায় যাঁরা এসেছেন তাঁদের মধ্যে আছেন ঠাকুর রামকৃষ্ণ, স্বামী বিবেকানন্দ, নেতাজী সুভাষ চন্দ্র বসু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস প্রমুখ এবং যে সমস্ত বরেন্য সাংবাদিক এখানে সম্পাদনা করেছেন তাঁদের মধ্যে আছেন ব্রহ্মানন্দ উপাধ্যায়, সুরেশ সমাজপতি, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বারিণ ঘোষ, হেমেন্দ্র প্রসাদ ঘোষের মত দিকপালেরা। আমরা একথা সকলেই জানি যে ব্রহ্মানন্দ উপাধ্যায়কে এই পত্রিকার মাধ্যমে স্বদেশ চিন্তার জন্য কারাবরণ করতে হয়েছিল। আমরা যারা ইতিহাস পড়েছি তারা সকলেই জানি যে এখানকার অনেককেই ফাঁসির আসামী হতে হয়েছিল এবং এই পত্রিকা রাজদ্রোহের অপরাধে তিনবার বন্ধ হয়েছিল। এইসব বিচার করলে জাতীয় সাংস্কৃতিক কৃষ্টি এবং ঐতিহ্যের ক্ষেত্রে এই পত্রিকার অবদান কিংবদন্তী হয়ে আছে। এখান থেকে বহু প্রাচীন গ্রন্থও প্রকাশ করা হচ্ছিল।

[12-10—12-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত প্রাচীন যে সমস্ত গ্রন্থ এই বসুমতী সাহিত্য মন্দির থেকে প্রকাশ করা হয়েছে, কাশীদাস থেকে আরম্ভ করে হরিচরণ স্মৃতিতীর্থ, ইংরাজীর সেক্সপীয়ার থেকে আরম্ভ করে আধুনিক যুগের ইংরাজী সাহিত্যের লেখক এবং বাংলার বঙ্কিমচন্দ্র থেকে আরম্ভ করে আধুনিক যুগের মানিক বন্দ্যোপাধ্যায় পর্যন্ত যে সমস্ত দিকপালরা আছেন, তাদের সকলের রচনাবলী প্রকাশ করেছেন এই বসুমতী নামক একটি জাতীয় প্রতিষ্ঠান। সুতরাং এই বসুমতী প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হ'ল। জোরজুলুম করে ৫শত কর্মচারীকে অনাহারেও ও দুর্গতির মধ্যে ফেলে দেওয়া হল। জোরজুলুম করে মারধোর করে তাড়িয়ে ৫শত কর্মচারীর সংখ্যাকে কমিয়ে আনা হল দুইশতে। সেদিনও কিন্তু পশ্চিমবাংলার এই বিধানসভার সদস্যরা এই বিধানসভার কক্ষকে আমরা প্রকম্পিত করেছি, উদ্বেগ প্রকাশ করেছি। আমরা বলেছি বসুমতীর সাংবাদিকদের এবং কর্মচারীদের উপর এই অত্যাচার বন্ধ হোক, এই অত্যাচার আমরা সহ্য করতে রাজী নই। ১৯৭২ সাল থেকে ডাঃ গোপালদাস নাগ বারবার ত্রি-পাক্ষিক চুক্তি করেছেন ম্যানেজমেন্ট-এর সঙ্গে। ডাঃ গোপালদাস নাগের সমস্ত শুভেচ্ছা থাকা সত্ত্বেও মালিকরা বারে বারে এই ত্রি-পাক্ষিক চুক্তিকে অগ্রাহ্য করে, অবশেষে বসুমতী বন্ধ ঘোষণা করেছেন।

Mr. Speaker : Mr. Banerjee take your seat.

Shri Sukumar Bandyopadhaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত। কারণ কোন কথাই বোধ হয় বলতে পারেন না। যাই হোক ২।১টি মূল কথা বলে আমার বক্তব্য শেষ করছি। এই যে বিল আনা হয়েছে, এই বিলের ৮ নম্বর যে সেকশান রয়েছে সেখানে বলা হয়েছে যে মালিক পক্ষকে দেওয়া হবে ২ লক্ষ ৬০ হাজার টাকা। আমি জিজ্ঞাসা করছি কেন এই টাকা দেওয়া হবে?

Dr. Gopal Das Nag :

এটা মালিক পক্ষকে নয়, যারা পাওনাদার আছেন, তাদের সকলকে ভাগ করে দেওয়া হবে।

Shri Sukumar Bandyopadhaya :

তা যদি হয় তাহলে আমরা মালিক পক্ষকে টাকা দেবার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক টাকা দিয়ে বসুমতীর দায়িত্বভার গ্রহণ করা উচিৎ। আমরা জানি যে আড়াই লক্ষ টাকার এই বসুমতী কেনা হয়েছিল। ১৯৬২ সালে মালিকরা এই বসুমতী থেকে ১ লক্ষ টাকা রোজগার করেছেন। এবং ডঃ ভুপাল বসুর বেনামীতে ৩ লক্ষ টাকা রোজগার করেছেন বিজ্ঞাপন বাবদে। প্রভিডেন্ট ফান্ড-এর টাকা বাকী রয়েছে ৩ লক্ষ

টাকার এবং ই.এস.আই.-এর টাকা বাকী রয়েছে। সুতরাং যে মালিক এই টাকা বাকী ফেলতে পারেন, সেই মালিককে আমরা মনে করি মিসাতে গ্রেপ্তার করা উচিৎ। সেই মালিকরা যারা এই প্রতিষ্ঠানের কর্ণধার ছিলেন, তাদের কোন টাকা দেওয়া উচিৎ নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ লক্ষ টাকা দামের ৪৩ খানা ম্যাপ নিয়ে যাওয়া হয়েছে, ৫০ হাজার টাকার টাইপ নিয়ে যাওয়া হয়েছে। সেই সমস্ত জিনিষ উদ্ধার করার জন্য আমি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। পরিশেষে আমি এই যুগান্তকারী এবং ঐতিহাসিক বিল যা বিধানসভায় আনা হয়েছে, সেই বিলের জন্য পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম॥

Shri Bijoy Singh Nahar :

মাননীয় স্পীকার মহোদয়, সময় কম কাজেই আমি বেশী কিছু বলবো না, সংক্ষেপেই বলছি। এই বিলে ৩টি বিষয় আছে। একটা হচ্ছে, বসুমতীতে যারা কাজ করেন শ্রমিকদের মধ্যে তাদের রোজগার বন্ধ হয়ে যাচ্ছে, অফিস বন্ধ হয়ে যাচ্ছে, তাদের কি করে কাজে লাগান যায়।

দ্বিতীয় হচ্ছে যে, বসুমতী সাহিত্য মন্দির থেকে বহু সুন্দর সুন্দর পুরানো ভাল সাহিত্য প্রকাশ হ'ত সেগুলি প্রায় আজকে পাওয়া যাচ্ছে না। এটা যদি পুনরায় প্রকাশন করা যায় এতে দেশের সমাজের সাহিত্যে মঙ্গল হবে।

তৃতীয় হচ্ছে, খবরের কাগজের প্রকাশন, দৈনন্দিন যাতে বেরোয় তার ব্যবস্থা এই তিনটি বিষয় রয়েছে।

দুটি বিষয়ে কিছু বলবার নেই, খুব ভাল কাজ, আজকে যে সব কর্মীরা কাজ পাচ্ছেন না, কাজ চলে যাচ্ছে, তাদের কাজ দেবার ব্যবস্থা করলে সকলেই সুখী হবে এবং আমাদের দেশের যে বেকার সমস্যা এবং যারা অনেকদিন ধরে কাজ করে আসছেন, নুতন কাজ যাদের পাবার সুবিধা নেই, তারা আবার কাজে পুনঃপ্রতিষ্ঠিত হবে, এটা আনন্দের বিষয়। সাহিত্য প্রকাশনের যে বিষয় রয়েছে সরকার যদি হাত দেন আমি অভিনন্দন জানাবো যাতে ঐ রকম সস্তায় বার করতে পারেন, সরকারের হাত লাগালে দাম বেড়ে যায়, সেটা যেন না হয়, সস্তা সাহিত্য যেটা বসুমতী দিতেন ঠিক সেই রকম যদি প্রকাশন না করতে পারেন আপনাদের অপবাদ দেবে মনে রাখবেন। কিন্তু আমি বলবো কোন সরকার-এর দৈনিক পত্রিকায় হাত দেওয়া উচিত নয়। আজকে ভারতবর্ষে কেন, যেখানে যেখানে গণতান্ত্রিক রাষ্ট্র আছে, কোন সরকার দৈনিক কাগজ হাতে নেবার প্রয়াস করেননি। কারণ তাহলে সরকারের মুখপাত্র হিসাবে একটা কাগজ বেরোবে। যে কাগজ এমন কোন কথা বলতে পারবে না যেটা সরকারের বিরোধী এবং জনসাধারণের স্বার্থবিরোধী কাজ হবে। আমি একটা ছোট্ট দৃষ্টান্ত দেবো, কিছুদিন আগে গুজরাটে একটা কাগজ ঠিক এই রকম অবস্থা হয়েছিল, এই রকম খবরের কাগজ যে কাগজ আমাদের স্বাধীনতা সংগ্রামে অনেক সহায়তা করেছিল নাম জনসত্তা, মোরারজী দেশাই অর্থমন্ত্রী তিনি এই কথা বলেছিলেন যে সরকার যদি কাগজে হাত দেন তাহলে সেই কাগজের সাংবাদিকতায় নিজেদের যে দায়িত্ব আছে তার কণ্ঠ রোধ করে দেওয়া হবে। কারণ সেই কাগজ সরকারের বিরুদ্ধে কোন কথা বলতে পারবে না। যদি সরকারের হাতে আসে। তাই তিনি সরকারের হাতে কাগজ না নিয়ে কর্মীরা যাতে চালাতে পারে এবং সেই কর্মীদের চালাবার ব্যবস্থা করে দিয়ে বহু টাকা গ্রান্ট করেছিলেন এবং সেই কাগজ আজও চলছে। আমি সেই অনুরোধ জানাবো সরকারকে যে কাগজ নিজেদের মুঠোর মধ্যে নিয়ে কোন প্রয়াস যেন ন করেন, এটা অত্যন্ত অন্যায় হবে, অগণতান্ত্রিক হবে, এটা যেন ভুলে না যান। আজকে সরকার যদি একটা কাগজ চালাবার চেষ্টা করেন, অন্য কাগজের সঙ্গে যদি মতবিরোধা

হয় তাহলে সরকার বলবে তোমার গলা আমি টিপে ধরছি, তোমাকেও আমি নিয়ে নেবো। সরকার যদি খবরের কাগজ হাতে নেন তাহলে খবরের কাগজের কোন স্বাধীনতা থাকবে না, তার সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলবো—আমি জানি না আজকে যে বিলটা এনেছেন এই সম্বন্ধে প্রেস কাউন্সিলে কোন আলোচনা করেছিলেন কি না, যদি না করে থাকেন তাহলে আপনি যে কাগজ বের করবেন, সেখানে সাংবাদিকদের যে স্বাধীনতা আছে তাকে আপনি কিছুতেই ক্ষুন্ন করতে পারেন না, নিজের কথা বলতে তারা বলতে পারবেন না, যাকেই আপনি এডিটার করেন, এডিটোরিয়্যাল বোর্ড তারা যা লিখবে সেটা ছাপতে বাধ্য। সেখানে যদি সরকারকে চাবুক দিয়ে মারে, অন্যায় যদি বলে, তা বের করবে। আজকের খবরের কাগজে সরকাররের বিরুদ্ধে যদি চুটকি না দেওয়া যায়, সেই কাগজ চলবে না, এটা যেন ভুলে না যান। কাগজ যদি চালাতে চান, সেটা সরকারের মুখপাত্র হিসাবে বেরোবে, যেমন আজকে বাংলার কথা আছে, ওয়েস্ট বেঙ্গল আছে, এই রকম কাগজ বেরোবে এবং আজকে যে কথা বলছি জনস্বার্থ রক্ষা করবার জন্য বসুমতীকে নিতে চাচ্ছেন, সেটা কোনদিন সরকার করতে পারেন না, সরকারের মুখপাত্র, সরকারী আই,এ,এস-দের কথা এবং সরকারের মন্ত্রীদের কতকগুলো ছবি বেরোন ছাড়া এতে আর অন্য কথা, সরকার বিরোধী কোন কথা সরকারের কোন সমালোচনা সম্ভবপর কোনদিন হবে না। যদি সরকার এটাকে হাত দিয়ে নিজেদের কন্ট্রোলে রাখেন। আমি সেই ওয়ারনিং দিতে চাই, আমি এটার বিরোধিতা করছি না, আপনি অন্য সমস্ত নিন, কিন্তু খবরের কাগজ প্রকাশ করা, এটা অত্যন্ত ভুল হবে, অগণতান্ত্রিক হবে এবং ভবিষ্যতে আপনাকে আবার এই বিলের সংশোধনী দ্বারা পরিবর্তন নিয়ে আসতে হবে। কারণ এটা সম্ভবপর নয়। কাগজ যদি বার করতে চান, শ্রমমন্ত্রী নিশ্চয়ই জানেন, সেখানে যে মেশিনগুলো আছে, সেইগুলো অচল না হলেও কাজের নয়। কিছুদিন ধরে আগে বসুমতী বেরিয়েছিল, তাতে দেখেছেন বোধ হয়, অর্ধেক পড়া যায়, এবং অর্ধেক পড়া যায় না। সরকার যদি বার করেন, তাকে নূতন মেশিন কিনতে হবে। সেই নূতন মেশিন কিনতে কত টাকা লাগবে দু/আড়াই লক্ষ দিয়ে হবে না, ১০।১৫ লক্ষ টাকা লাগবে। তারপর সরকার যে কাজে হাত দেন, সেখানেই লোকসান দিতে হবে, এবং মাসের পর মাস, বছরের পর বছর বহু টাকা লোকসান দিয়ে আপনাদের কাগজ বার করতে হবে। তাতে সরকার খুসী হবেন না কাগজ বার করে, কেন না সেই কাগজ-এ এমন বিষয় বেরোবে যে সরকারের মনঃপুত অনেক সময় হবে না, রোজ ঝগড়া লেগে থাকবে। তারপর যদি মনে করে থাকেন যে কাগজ অচিরে হাতে নিয়ে অন্য লোককে বিক্রি করে দেবো, এটার মধ্যে সেই রকম কোন কথা নেই। আপনি কর্পোরেশন করতে পারেন, কিন্তু সরকারের কন্ট্রোলে এটা থাকলে, খবরের কাগজ যদি সরকারের কন্ট্রোলে থাকে তার স্বাধীনতা কোনদিন থাকবে না এবং এটা অত্যন্ত অন্যায় হবে। আমি বলবো সরকার এই দিকে চিন্তার প্রয়াস না পান, বিল পাশ হবে সকলে সমর্থন করছি কেন, সেখানে যারা কর্মী আছেন, কাজ করছেন, তাদের স্বার্থের জন্য। সেখানকার যারা অধিকার নিয়ে আছেন,. তারা অত্যন্ত অন্যায় করেছেন, চুরি করেছেন। কিন্তু খবরের কাগজ যদি বার করতে চান, দৈনিক পত্রিকা যদি বার করতে চান, আমি বলবো একটা বন্ধ হওয়া ছোট্ট কাগজকে নিচ্ছেন কেন? স্টেটসম্যানকে নিন?

সেই সাহস আপনার নেই, অমৃতবাজার পত্রিকা নিলে এখনই তরুণবাবু আপত্তি করবেন সুতরাং নিয়ে কাজ নেই এবং সে সাহস কোনদিন হবে না। আপনি এমন একটা কাগজ নেবেন যার কিছুই করবার নেই। তাই আমি বলব এই ভাবে কাগজের গলা চেপে যেন আর না ধরা হয়, সেটা উচিৎ নয়, এই প্রয়াসে সরকার যেন হাত না বাড়ান।

Shri Gautam Chakravartty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বসুমতী সাহিত্য মন্দির অধিগ্রহণ বিল মন্ত্রিমহাশয় সভা উপস্থিত করায় সকল সদস্য মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়েছেন এবং সেই সা সরকারকে ধন্যবাদ দিয়েছেন। আমিও সরকারকে অকুন্ঠভাবে ধন্যবাদ জানাচ্ছি। যখ

মাননীয়া সদস্যা ইলা মিত্র বক্তৃতা রাখছিলেন তখন তিনি বক্তৃতা রাখতে গিয়ে বললেন যে শ্রীঅশোক সেনকে মিসায় দেওয়া হোক এবং তখন মাননীয় হরশঙ্করবাবু বললেন উনি কংগ্রেসের লোক তাই মিশায় দেওয়া হবে না। স্যার, আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই কংগ্রেস এবং সি পি আই মোর্চা যতদিন ক্ষমতায় আছে ততদিন যে কোন অন্যায় অপরাধের বিরুদ্ধে সরকার সোচ্চার হবেন। খাদ্যমন্ত্রীর ব্যাপারেই তা ইতিহাস প্রমাণ করেছে, কিন্তু তিনি পদত্যাগ করেছিলেন বলেই তিনি দোষী তা বলা হচ্ছে না। আসলে যখন কোন কংগ্রেস সদস্যের বিরুদ্ধে এলিগেশন এসেছে তখনই তাকে তার পদ থেকে পদত্যাগ করতে বলা হয়েছে। স্যার, বহু কংগ্রেস সদস্যের বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে চার্জসিট দেওয়া হয়েছে। সুতরাং এই ব্যাপারে শ্রীঅশোক সেন মহাশয় দোষী প্রমাণিত হলে সরকার নিশ্চয়ই তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় ঐতিহ্যশালী বসুমতীকে নেওয়া হলো ভাল হলো, শ্রীঅশোক সেনকে মিশা করা হ'ক, তিনি কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা মেরে দিয়েছেন, কর্মচারীদের মাহিনা দেননি ইত্যাদি ইত্যাদি কথা বলা হলো। তাই আমি একটা কথা বলছি যে বসুমতী পত্রিকা ছাড়াও আরো পেপার আছে, যেমন অমৃতবাজার পত্রিকা, যুগান্তর পত্রিকা ইত্যাদি, আমরা জানি না বর্তমান সরকার এদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন? আমাদের কাছে ইন-ফরমেশন আছে, মাননীয় শ্রমমন্ত্রীরও জানা আছে যে, ওয়েজ বোর্ডের ব্যাপার নিয়ে কেস চলছে অমৃতবাজার পত্রিকা এবং যুগান্তর পত্রিকার সঙ্গে। আপনি জানেন ওয়েজ বোর্ড তৈরী হলো, কিন্তু যুগান্তর পত্রিকা, অমৃতবাজার পত্রিকা, স্টাফদের প্রভিডেন্ট ফান্ডের প্রায় ৩৪ লক্ষ টাকা এখনও জমা দিল না। তাই আমি স্যার, আপনার মাধ্যমে বলব যে আজকে বসুমতীকে নিলেও আরো ১০টা বসুমতী এগিয়ে আসছে, তাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা করছেন সে বিষয়ে আমরা কিছুই জানতে পারছি না। এই বিলকে সমর্থন করতে দাঁড়িয়ে আমি আর একটি বিষয়ের প্রতি মন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে বসুমতী পত্রিকাকে যেন এই মুহূর্তে পুলিশ সিকিউরিটি দেওয়া হয়, কেননা আমরা শুনলাম ৫ লক্ষ টাকার, ৮ লক্ষ টাকার জিনিষপত্র সেখান থেকে নিয়ে যাওয়া হচ্ছে। আজকের পর আর যেন কোন জিনিষ সেখান থেকে নিয়ে যেতে না পারে তা দেখতে হবে। তার পরে সেখানকার যে কর্মচারীরা নিজেদের গহনা বিক্রি করে, জায়গা জমি বিক্রি করে এত দিন বসুমতী চালিয়েছেন, তাদের যেন কমপেনসেট করা হয় এবং বিগত দিনের সেই সমস্ত মাইনে যেন তারা পান এবং ঐ পত্রিকার ঐতিহ্য যাতে বজায় থাকে তার দিকে লক্ষ্য রাখার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Pramanik :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বসুমতী অধিগ্রহণ বিলকে সমর্থন করতে গিয়ে সর্বপ্রথমে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে, এই বিধানসভায় আমি যখন এ বিষয়ে একটা কলিং এটেনশন মোশান তুলতে চেয়েছিলাম তখন আপনি আমাকে অনুমতি দিয়েছিলেন এবং ৬ই এপ্রিল তারিখে এই হাউসে আমিই প্রথম এই বিষয়ে একটি মেনশন করেছিলাম এবং সেদিন আপনি আমাকে বলবার অনুমতি দিয়েছিলেন।

সর্বপ্রথমে আপনাকে অভিনন্দন জানিয়ে সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রীকে এই রকম একটা বৈপ্লবিক বিল আনার জন্য অভিনন্দন জানাচ্ছি। এই বসুমতীর পত্রিকার সঙ্গে দীর্ঘদিন ধরে বহু দিকপাল সাংবাদিকরা সংযুক্ত আছেন। ঠাকুর রামকৃষ্ণ থেকে আরম্ভ করে নেতাজী সুভাষচন্দ্র, দেশবন্ধু প্রভৃতিরা এর সঙ্গে ছিলেন। বসুমতী প্রকাশন থেকে বঙ্কিমচন্দ্র, কালিদাশ, সেক্সপীয়ারের সমস্ত বই মাত্র ৯১-৫০ মূল্যে প্রকাশ করে হোত এই পত্রিকার মাধ্যমে অনেক পণ্ডিত ব্যক্তি লিখেছেন। কিন্তু বর্তমান অবস্থার জন্য সে হৃত গৌরবকে পুনরুদ্ধারের যে প্রচেষ্টা হচ্ছে তার জন্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি কর্মচারী ও সাংবাদিকরা ১১ মাস বেতন না নিয়ে সাংবাদিকতার পতাকা তুলে রেখেছিলেন বলে তাদের ধন্যবাদ জানাই। এই পত্রিকার বিবেকানন্দ মুখার্জি, কৃত্তিবাস ওঝা যুক্ত আছেন এই পত্রিকা গ্রহণের মাধ্যমে বসুমতীর কর্মচারীদের মুখে আজ যে হাসি ফুটে উঠে

দটা যেন চিরস্থায়ী হয়। সঙ্গে সঙ্গে সরকারকে বলব সুযোগ সন্ধানীদের সম্বন্ধে সরকারকে াবধান হতে হবে, না হলে সমস্ত উদ্দেশ্য ব্যর্থ হবে। এই পত্রিকা গ্রহণের পর কর্মচারীদের মস্ত সন্দেহের অবসান হবে। যারা পুরানো কর্মচারী আছে তাদের যেন আবার নেওয়া য়। কর্মচারীদের উদ্দেশ্যে বলব সমস্ত সাংবাদিক ও অসাংবাদিক কর্মচারীরা যেন তারা াদের দলাদলি ভুলে শোষণের কারাগার ভেঙ্গে এগিয়ে চলেন। পত্রিকার স্বাধীনতা যেন জায় থাকে। পরিশেষে মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও রাষ্ট্রতথ্যমন্ত্রীকে এই রকম একটা ়প্লবিক বিল আনার অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

Shri Sudhir Bera :

ার, সরকার বসুমতী সম্বন্ধে যে বিল এনেছেন তাকে সর্বতোভাবে সমর্থন ও স্বাগত ানাচ্ছি। এই বসুমতী পত্রিকা পশ্চিমবঙ্গ তথা ভারতের ঐতিহ্যমণ্ডিত পত্রিকা এবং এর ঙ্গে বহু মহানায়ক জড়িত ছিলেন। আপনারা জানেন উপেন্দ্রনাথ মুখার্জি যিনি ঠাকুর মকৃষ্ণের খুড়তুতো ভাই ছিলেন। স্বামী বিবেকানন্দ এর সঙ্গে জড়িত ছিলেন। বসুমতী ত্রিকার উপরে "যে নমঃ নারায়ণ" লেখা থাকে সেটা স্বামীজীর লেখা। শুধু পত্রিকা নয় সুমতী প্রকাশন সংস্কৃত ভাষার জ্ঞান ভান্ডার এবং বিশ্বের অন্যান্য ভাষার জ্ঞানভাষ্য কাশ করত। এর সঙ্গে অনেক লেখককুলের পরিচয় ছিল। শরৎচন্দ্র, বঙ্কিমচন্দ্র ত্যাদিদের লেখা উপন্যাস অল্প মূল্যে এখানে থেকে ছাপা হোত। আমি এর সঙ্গে জড়িত লাম—এদের একজন সাংবাদিক হিসেবে এবং সাংবাদিক হিসেবে জড়িত ছিলাম এবং ষ্টা করছিলাম যাতে এই ঐতিহ্যপূর্ণ পত্রিকা তার নিজস্ব ভূমিকা নিতে পারে। ১৯৬৭ ল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এর ভূমিকা নিশ্চয় বাঙালীরা বিস্মৃত হননি। আজ সরকার ই বসুমতীর আর্থিক দুর্গতি থেকে একে বাঁচাবার জন্য এই বিল এনেছেন। এখানে একটা থা হচ্ছে sec. 7 (1) The employee already in service তারা reappoint ent পাবে। কিন্তু শুধু রিএ্যাপয়েন্টমেন্ট ই যথেষ্ট নয় তাদের কন্টিনিউইটি অফ সার্ভিস াতে হয় সেটা যেন দেখা হয়।

[2-30—12-40 p.m.]

কারণ তা যদি না করা হয়, আজকে শুধু যদি রি-এ্যাপয়েন্টমেন্ট করে দেওয়া হয় াহলে নানা রকম সুযোগ সুবিধা গ্রাচুইটি ইত্যাদি থেকে বঞ্চিত হবে। সেদিকে সরকারের ষ্টি দেওয়া দরকার। এখন আমি সরকারের কাছে এই অনুরোধ রাখব যে যুগান্তকারী দক্ষেপ করেছেন সেই পদক্ষেপের সঙ্গে এটা করতে হবে যে বসুমতীর যে ঐতিহ্য, যে রুত্বপূর্ণ ভূমিকা, যে নিরপেক্ষতা নিয়ে জনসমক্ষে সমস্যাগুলি তুলে ধরত, সরকারের হাতে ড়ে সেটা যেন বিঘ্নিত না হয়। আমরা জানি যে গণতন্ত্রকে টিকিয়ে রাখতে হলে তিনটি নিষ বিশেষভাবে প্রযোজ্য। একটি হচ্ছে বিধান সভা, একটি হচ্ছে হাইকোর্ট, সুপ্রীম কোর্ট, ার একটা হচ্ছে প্রেস। বিধানসভার মধ্যে জনসাধারণের মতামতকে মতবাদকে যাকে য়েস অব দি পিপল্স বলে সেটাকে প্রকাশ করা যায়। বিধানসভায় দলের সংখ্যা-রিষ্ঠতা অর্জন করলেও তার পেছনে দেশের জনসাধারণের সংখ্যাগরিষ্ঠতা নাও থাকতে ারে। এবং হাইকোর্টের ভিতর দিয়ে যে জাস্টিস করা হয়, সেটা অনেক সময় টেক-নক্যাল জাস্টিস হয়ে যায়, সত্য সত্যই জাস্টিস সেখানে হয় না। প্রেসই একমাত্র ভরসা ারা দেশের জনসাধারণের দুঃখদুর্দশাগ্রস্ত তাদের কথা, ব্যাধিগ্রস্ত এবং অভাবগ্রস্ত লোকদের কথা তুলে ধরে এবং সেটা প্রেসের স্বাধীনতার উপরই নির্ভর করে এবং তাতে করে গণতন্ত্র ার্থক হয়। আপনি জানেন বিলাতে গণতন্ত্র এত কৃতকার্য্য হয়েছে কারণ সেখানকার প্রস নির্ভীক, সেখানে প্রেসকে পার্লামেন্ট পর্যন্ত ভয় পায়। এবং এমন অনেক নজির আছে যেখানে পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও শুধু প্রেসের চাপে পড়ে সেখানে ন্ত্রীসভাকে পদত্যাগ করতে হয়েছে। এই সরকার বসুমতী নিচ্ছেন খুব আনন্দের কথা কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলবো বসুমতীর যে ঐতিহ্য তাকে বজায় রাখবার দিকে নজর দিতে হবে। এটা যেন সরকারের প্রচার পত্রিকায় পরিণত না হয়। আমাদের অনেক মের মনে হয়েছে যে পেপারের মনোপলি বন্ধ করা দরকার। দু-তিনটি পেপার যদি

দেশে থাকে তাহলে কখনও গণতন্ত্র নিরাপদ হতে পারে না। দেশে আরও অনেক পত্রিকা হওয়া সরকার, ছোট পত্রিকাকেও থাকতে দেওয়া দরকার, আমি সরকারের কাছে অনুরোধ রাখব, এই পত্রিকাকে সোজাসুজি না নিয়ে একটা নিউজ পেপার ফাইনান্স কর্পোরেশন করুন দিন যা থেকে ছোট বড় কাগজকে ফিনান্স করে দেবে, সেখানে ফিনান্সিয়াল কন্ট্রোল থাকবে, পলিসির উপর হাতে দেবে না এবং তাতে করে আরও ১০টি দৈনিক পত্রিকা যদি দেশে চালু হয় তাহলে একদিকে যেমন সাংবাদিকদের চাকুরীর ক্ষেত্র প্রসারিত হবে, অন্য দিকে দেশের জনমত যথার্থভাবে প্রকাশিত হবে, গণতন্ত্র সুরক্ষিত হবে। এই বলে বক্তব্য শেষ করছি।

Shri Abdul Bari Biswas :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে এই বিল আনার জন্য মাননীয় শ্রমমন্ত্রীকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। অধ্যক্ষ মহাশয়, বসুমতী একদিন স্বাধীনতা সংগ্রামের অগ্রদূত হিসাবে পরিচিত ছিল এবং অক্লান্ত যোদ্ধা ছিল। এই বসুমতী কাগজকে একদিন বৃটিশ সরকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যান বা বাতিল করার প্রশ্ন উঠেছিল। পরবর্তীকালে বসুমতী টেলিগ্রাম নিজেদের প্রকাশনীর মাধ্যমে সারা ভারতবর্ষে স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়ে যাবার জন্য পাথেয় জুগিয়েছিল। বসুমতীর নির্ভীকতা, নির্ভীক সংবাদিকতার জন্য আজকে যখন কায়েমী স্বার্থের হাত থেকে, সরকারের নিয়ে নেবার প্রশ্ন উঠেছে, নেবার চেষ্টা চলেছে, আমি আশা করি যে সমস্ত শ্রমিক বন্ধু এর মধ্যে কাজ করেন, কাগজ সরকারের হাতে নিয়ে নেবার পরেও তাদের স্বাধীনতা অক্ষুণ্ণ থাকবে। এই আলোচনা করতে গিয়ে একটা কথা বলি, আজকে বসুমতী সাহিত্য মন্দিরের মধ্য দিয়ে যে সমস্ত সৎ সাহিত্য বেরোয়, সেই সমস্ত সৎ সাহিত্য সস্তাদরে যেভাবে গ্রামের মানুষের কাছে পৌঁছে দেওয়া হত, তেমনিভাবে যেন পৌঁছে দেবার ব্যবস্থা থাকে এই অনুরোধ করব। বসুমতীর যে ম্যানুসক্রিপ্ট আছে ম্যাপ আছে সেগুলি অতি মূল্যবান জিনিষ, প্রকাশনী হয়ত এই বিল পাশ হবার অব্যবহিত পরে কিম্বা রাত্রির অন্ধকারে পাচার হয়ে চলে যেতে পারে। তাই আমি সরকারকে অনুরোধ করব ইতিমধ্যে বসুমতীর দুয়ারে যদি পুলিশ বসিয়ে থাকেন তো খুব ভাল, আর যদি না হয়ে থাকে এখুনি পুলিশ বসিয়ে সমস্ত জিনিষগুলি নিজেদের হেফাজতে যাতে থাকে, রেকর্ড যাতে থাকে বসুমতীর ঘরে, সেই ব্যবস্থা সুরক্ষিত করুন। আমি এই প্রসঙ্গে একটা কথা আপনার সামনে বলতে চাই। বসুমতী সংস্থা যেটা হবে তাতে যেন কোন আমলার আনাগোনা না থাকে, সেখানে তাঁরা যেন অনুপ্রবেশ করতে না পারে।

এর যে সাংবাদিকতা, নির্ভীকতা, যে ঐতিহ্য সেই ঐতিহ্যমণ্ডিত ইতিহাস আগামী দিনে পশ্চিমবাংলার মানুষের কাছে পৌঁছাবে। এবং আশা করি বেশী কথা বললে খুব বড় কথা হবে না স্বর্গীয় উপেন্দ্র নাথ মুখোপাধ্যায়, সতীশচন্দ্র মুখোপাধ্যায় এদের যে ঐতিহ্য কাগজের সঙ্গে জড়িত সেই ঐতিহ্য যেন আমরা পুরোপুরি ঠিক রাখতে পারি। অনেকে আশঙ্কা প্রকাশ করেছেন যে এতে রাজনীতি ঢুকে পড়তে পারে। কিন্তু আমি একটা কথা বলব যে আজকে দেশের সাধারণ খেটে-খাওয়া মেহনতী মানুষের সামাজিক ব্যবস্থাপনায় তার রূপরেখাকে এগিয়ে নিয়ে যাবার জন্য সংবাদপত্রের যে বিচিত্র ভূমিকা আছে সেই ভূমিকা অন্ততঃপক্ষে নিরপেক্ষভাবে নির্ভীকভাবে যাতে বসুমতী চালাতে পারে সেটা নিশ্চয় সরকার দেখবেন। সরকারের এর পিছন থেকে হাতছানি দেবার কোন কারণ থাকবে না। নিরপেক্ষ মানুষ সমাজের যারা বিদ্বান, সেই সমস্ত মানুষ দ্বারা বসুমতী পরিচালিত হবে। সাংবাদিক কর্মীবন্ধু যারা আছেন তাদের এর মধ্যে পার্টিসিপেসন অবশ্য দরকার। এই যে সংস্থা তৈরী হবে যে কর্মপরিষদ তৈরী হবে সাধারণ মানুষ সাংবাদিক কর্মী এবং যারা অন্যান্য কর্মী আছেন তাদেরই মধ্য থেকে আশা করি গ্রহণ করা হবে। এবং বাহিরে থেকে যে সমস্ত শিক্ষিত মানুষ আছেন নিরপেক্ষ নির্ভীক মানুষ আছেন তাদের সাহায্যে এবং সহায়তায় এই বসুমতী কাগজ আগামী দিনে বাংলার মানুষের কাছে পৌঁছে দেবে এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nandalal Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বসুমতী সাহিত্য মন্দির সত্যিই একটা পবিত্র মন্দির হিসাবে বঙ্গ সাহিত্যকে সেবা করে এসেছে। বসুমতী পত্রিকার বৃহত্তম অবদান উপনিষদ থেকে আরম্ভ করে যে সমস্ত প্রাচীন সাহিত্য অবলুপ্তির পথে চলে যাচ্ছিল তাদের বাংলা ভাষায় অনুবাদ করে ঘরে ঘরে পৌঁছে দিয়ে শুধু প্রচার করেন নি, সেই প্রাচীন সাহিত্যের প্রতি তারা তাদের শ্রদ্ধা দেখিয়েছেন। বসুমতী কাগজ আমরা ছোটবেলায় দেখেছি। বড় লোকের বাড়ী থেকে আরম্ভ করে মুদির দোকানে বসুমতী কাগজ। প্রকৃতই সেটা জনগণের কাগজ ছিল। সেখানে মানুষের দরদের কথা, সাংবাদিকের কলম দিয়ে বেরত। যারা সেই বসুমতী সাহিত্য মন্দিরকে কলুষিত করেছেন এবং সেই মন্দিরের যারা পূজারী, যারা তাদের জীবনকে বিপন্ন করেছেন, কোর্ট আছে, আইন আছে আদালত আছে সেখানে তাদের প্রকৃত বিচার হবে। আমি মনে করি যে এই বাজেট অধিবেশনে আমরা যে সমস্ত বিল পাশ করলাম তার মধ্যে আমার মনে হয় এটা ঐতিহাসিক বিল হিসাবে পরিগণিত হবে। কারণ, ভারতবর্ষে খুব ভাল ভাল কাগজ আছে। কিন্তু বেশীর ভাগ কাগজ ব্যক্তিগত মালিকানায় চলে। পশ্চিমবঙ্গের বেশীর ভাগ কাগজ ব্যক্তিগত মালিকানা অথবা দলবাজীর কাগজ। একদিকে নিছক মিথ্যা কথা, দলীয় স্বার্থে লেখা হয় এবং সেগুলি মানুষকে গলাধঃকরণ করবার চেষ্টা হয় মালিকদের স্বার্থে এবং মালিকদের পক্ষে সাংবাদিকরা এমন নির্লজ্জভাবে লেখেন যে অনেক সময় মনে হয় এখানে যারা সাংবাদিকতা করেন তারা কি তাদের স্বাধীনতা বিসর্জন দিয়েছেন, কলমটা মাহিনার জন্য কি বিকিয়ে দিয়েছেন? অনেক সময় পড়তে পড়তে নিজেদের লজ্জা হয়। আমি আশা করি বসুমতী কাগজ নিয়ে আমার সরকার একে একটি সুন্দর নিরপেক্ষ কাগজ করবেন, জনগণের কাগজ করবেন, সাংবাদিকতার পূর্ণ স্বাধীনতা সেখানে থাকবে, আর সেই সঙ্গে প্রগতিশীল সরকারের কথাও বেরোবে। অজয়বাবু বললেন যে সরকারকে গালাগালি না দিলে কাগজ চলে না। কিন্তু আমি বলব সরকারের কথাও যেন সেখানে প্রকাশিত হয়। ৯০ হাজার ২০ হাজার টাকা খরচা করে সরকার অনেক কাগজ প্রচার করেন, সেগুলি যেন এই কাগজে প্রকাশিত হয় যেন বিজ্ঞাপনের মাধ্যমে সেটা প্রকাশিত না হয়ে নিউজ হিসাবে প্রকাশিত হয়। এই কয়টি কথা বলে এই বিলকে সাপোর্ট করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable members, 1½ hours were allotted for discussion of this Bill. The time is going to expire just now. So, with the sense of the House I want to extend the time by an hour. I hope the House will agree.

[Voices : Yes, Yes.]

So, with the sense of the House the time for discussion is extended by one hour.

[12-40—12-50 p.m.]

Shri Biswanath Mukherjee :

স্যার, এই বিলে সকলেই একমত তখন আরো এক ঘন্টা বাড়িয়ে দিচ্ছেন কেন?

Mr. Speaker :

আরো অনেক বক্তা আছেন।

The Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974

Shri Biswanath Chakraborty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বসুমতী পাবলিকেশন লিমিটেডের ম্যানেজমেন্ট টেক ওভার করে শ্রমমন্ত্রী যে বিল এনেছেন, স্বভাবতঃই তিনি এই হাউসের সমস্ত সভ্যদের কাছ থেকে সমর্থন পাবেন এবিষয় কোন সন্দেহ নেই। আমিও সমর্থন করছি। সমর্থন করতে

উঠে প্রথমেই আমাদের মাননীয় বিজয় সিং নাহার মহাশয় কয়েকটি কথা বললেন তার উত্তরে একটি কথা বলেই সুরু করছি। মাননীয় বিজয় সিং নাহার মহাশয় আশঙ্কা প্রকাশ করেছেন যে সরকার যদি একের পর এক কাগজগুলি নিতে থাকেন তাহলে খবরের কাগজের স্বাধীনতা নষ্ট হবে। আমি আপনার মারফত মাননীয় সদস্যদের বলি যে ভারতবর্ষে সংবাদগুলির ভূমিকা দেশ স্বাধীন হবার আগে যা ছিল সেটা অন্য ভূমিকা ছিল, স্বাধীন হবার পর ভারতবর্ষে আমরা যে গণতান্ত্রিক রাষ্ট্র গড়ে তুলেছি বলে দাবি করি তারমধ্যে মোটামুটিভাবে অধিকাংশ সংবাদপত্রগুলি ভূমিকা বদলাতে আরম্ভ করেছে আমাদের এই গণতান্ত্রিক রাষ্ট্রে যে তিনটি শক্তি রাষ্ট্র চালায়, একদিকে হচ্ছে রাজনৈতিক নেতারা, আর একদিকে হচ্ছে পুঁজির মালিকরা এবং আর একদিকে সংবাদপত্র। এই তিনটির একটা ফ্যুইশন হতে আরম্ভ করেছে। মনোপলি ক্যাপিট্যাল, যারা একচেটিয়া পুঁজির মালিক তারা অধিকাংশ ক্ষেত্রে গত ২৫ বৎসরে বহু পত্রিকাকে দখল করেছে এ বিষয়ে সন্দেহ নেই এবং একথা ঠিক এই সমস্ত পত্রিকার মধ্যে সুযোগ সন্ধানী রাজনৈতিক দল ঢুকে পড়েছে। বসুমতী পত্রিকা যা এক সময়ে একজন মানুষের সম্পত্তি ছিল বা কয়েকজন মানুষের সম্পত্তি ছিল তার মধ্যে অশোক সেনের অনুপ্রবেশ এইরকম একটি ঘটনা। যে মানুষ ক্যাপিটল এ্যাণ্ড পাওয়ারফুল পলিটিসিয়ান এবং প্রেস তার একসঙ্গে একটা ফ্যুইশন হচ্ছে ভারতবর্ষে। ভারতবর্ষে গণতান্ত্রিক ব্যবস্থাকে অগ্রগতি করার পথে, এগিয়ে নিয়ে যাওয়ার পথে, এটা একটা মস্ত বড় সমস্যা একথা আমাদের ভাবতে হবে। সুতরাং এই অবস্থা যদি চলতে থাকে সেইখানে যদি কোথায়ও কোথায়ও সরকার ক্ষুদ্র সংবাদপত্রগুলোকে প্রটেকশন দেয় তাকে যদি রক্ষা করতে এগিয়ে আসে সেটাকে নিশ্চয়ই সমর্থন করা উচিত। আমার বক্তব্য হচ্ছে এই, মাননীয় বিজয় সিং মহাশয়কে আমি একথা বলি, আজকে খুব কঠিন ব্যাপার টাটার কাগজ স্টেটসম্যান বা বিরলার কাগজ বা গোয়েংকার কাগজে হাত দেওয়া খুব কঠিন কিন্তু যদি ছোট সংবাদপত্রগুলি, যেগুলি মরে যাচ্ছে লড়াই করতে না পেরে তাদেরও পক্ষে সরকারের এগিয়ে আসা উচিত। এটাতো সাংবাদিকদের দীর্ঘকালের কথা। সাংবাদিকরা সারা ভারতবর্ষে দাবী করছে সেদিক থেকে আমি সরকার এই যে পত্রিকাটার ম্যানেজমেন্ট নিচ্ছেন আমি নীতিগতভাবে অন্যায় হয়েছে বলে মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বসুমতীর এই অধিগ্রহণের পিছনে বসুমতীর সাংবাদিক এবং কর্মীদের একটা দীর্ঘ দিনের লড়াই আছে। এটা ভারতবর্ষের ইতিহাসে, পশ্চিমবঙ্গের ইতিহাসে নুতন যে ১১ মাস ধরে এক পয়সা মাইনে না নিয়ে কাগজের যা রোজগার সেই রোজগারে তারা কেবল নিউজপ্রিন্ট এবং কালি কিনে কাগজ চালিয়ে যাচ্ছেন। আমাদের পক্ষে এটা আনন্দের কথা, গর্বের কথা ভারতবর্ষের সাংবাদিকদের মধ্যে মার্কিন পুঁজিবাদের অনুচরদের অনুপ্রবেশ ঘটেছে, কিছু একচেটিয়া পুঁজির লোকও আছে এবিষয়ে কোন সন্দেহ নেই। সাংবাদিকদের নীতিগত বিবেককে কিনে নেবার একটা চেষ্টা হচ্ছে বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজির মাধ্যমে, তাদের অনেক এজেন্সি ভারতবর্ষে কাজ করছে এবং ভারতবর্ষের বিভিন্ন পত্রিকায় যখনই দেখি ভারতবর্ষে সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের ঐতিহ্যকে নষ্ট করে দেবার চেষ্টা হয়, একচেটিয়া পুঁজির পক্ষে নির্লজ্জ ওকালতীর চেষ্টা হয়, কোন কোন সময়ে প্রাদেশিকতার ইন্ধন যুগিয়ে বিভিন্ন প্রদেশের মানুষের মধ্যে লড়াই বাধাবার চেষ্টা হয়। এটাতো আমরা দেখেছি সাম্প্রদায়িকতা উসকে দেবার চেষ্টা হয়, হিন্দুস্থান স্ট্যানডার্ডের ভূমিকাতো মনে আছে উড়িষ্যাতে গণ্ডগোল হল একটা এডিটোরিয়াল নিয়ে। তবে সেই সাংবাদিকদের সংখ্যাতো খুবই কম যাদের চেষ্টা করছে একচেটিয়া পুঁজি ও সাম্রাজ্যবাদীরা কোরাপ্ট করার জন্য। কিন্তু তার পাশাপাশি বহু মানুষ আছেন যাঁরা শোষিতশ্রেণী থেকে এসেছেন, সাংবাদিক তাঁরা চেষ্টা করছেন অনেক অসুবিধা থাকা সত্ত্বেও নিরপেক্ষ সাংবাদিকতা বজায় রাখার জন্য যেটা কিন্তু ক্রমে ক্রমে এ[illegible] হাতের কুক্ষিগত হওয়ার জন্য সংবাদপত্র এটা পারছে না বলে আমি মনে করি। তার মাঝখানে দাঁড়িয়ে বসুমতীর কর্মচারীরা যে লড়াই করেছে, যেভাবে অনাহারে থেকে তারা কাগজকে চালিয়ে যাবার চেষ্টা করেছে আমি তাদের ধন্যবাদ জানাই।

তারা একটা বড় কাজ করেছেন। আমি শুধু গোপালদাস নাগ মহাশয়কে বলি, ১৯৭০ সালে রাজ্যসভায় ১৯এ নভেম্বর শ্রীভগবৎ ঝা বসুমতী সম্পর্কে বলেছিলেন ব্যাপারটা রাজ্য

সরকারের এক্তিয়ারে এবং বিষয়টা পশ্চিমবঙ্গ সরকার-এর বিবেচনাধীন আছে, এটা চার বছরের আগের কথা। তারপরে বার বার বসার চেষ্টা করেছিলেন কিন্তু এতদিন দেরী হল কেন নিতে এটা বুঝতে পারছি না। এর একটা উত্তর নিশ্চয়ই তিনি দেবেন, কেননা এর ফলে এক সময় আমাদের আশঙ্কার সৃষ্টি হয়েছিল যে বোধ হয় পশ্চিমবঙ্গ সরকার হস্তক্ষেপ করছেন না। তখন থেকে যদি চেষ্টা নিতেন তাহলে এই যে দুর্ভাগ্যজনক পরিস্থিতির কথা তিনি নিজেও স্বীকার করেছেন যে তিন জন কর্মী অনাহারে মারা গিয়েছেন, এই পরিস্থিতি হয়ত সৃষ্টি হত না। তিনি এটাকে ক্ষোভ এবং সমালোচনা হিসাবে ধরতে পারেন যে সরকারের অনেক আগেই এ্যাক্ট করা উচিত ছিল। রাজ্যসভায় একথা বলা হয়েছে যে পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন আছে, সেইজন্যই এই প্রশ্ন উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন এবারে কাগজটা নিয়ে নেওয়া সম্পর্কে আলোচনা সুরু হল, এর মধ্যে যারা মালিক তারা করেছেন কি? তারা বহু জিনিষপত্র সরিয়ে নিয়ে গেছেন। এ সম্বন্ধে সীশ মহম্মদ সাহেব বলেছেন, ইলাদিও বলেছেন আরও অনেক সদস্য বলেছেন। তারা বহু জিনিষপত্র বহু দুষ্প্রাপ্য বই সরিয়ে নিয়ে গেছেন। ১৯৬৭ সালে হাজার কে জি ওজনের সীসা তারা সরিয়ে গেছেন লোকসেবক অফিসে যেটা লোয়ার সার্কুলার রোডে, অনেক গাড়ী সরিয়ে নিয়ে গেছেন। মহাভারতের একটা দুর্মূল্য ম্যাপ ছিল, সেটাও সরিয়ে নিয়ে গেছেন, এটার দাম প্রায় ৫ লক্ষ টাকা হবে। এবং নিয়ে গেছেন তাদেরই একজন ডিরেক্টার যার নামে সি বি আই তদন্ত করে অভিযোগ দিয়েছে—পাচ লক্ষ টাকার বেশী সরিয়ে নিয়ে গেছেন, প্রচুর জিনিষপত্র সরিয়ে নিয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না গোপালদাসবাবু ব্যাখ্যা করে বলবেন যে আড়াই লক্ষ টাকা, দুলক্ষ ৬০ হাজার টাকা কাদের দেওয়া হয়েছে। তারপরেও তারা কি করলেন এক সময় বিজ্ঞপ্তি দিলেন তাদের সিটি অফিসে টাকা নেওয়া হবে না যেখানে ডঃ ভূপাল বসুর ঠিকানায় তাদের যারা দেনাদার টাকা নেবেন এবং যে তিন লক্ষ টাকা নিয়েছিলেন তা জমা দেননি এবং বেনামে অশোক সেন মহাশয় এবং তার অনুচরেরা বেশ কয়েক লক্ষ টাকা নিয়ে গেছেন ঋণ হিসাবে, সেটাও পাওয়া যাবে না। কি লাইবেবিলিটি রেখে গেছেন? ৫০ হাজার টাকার মত কর্পোরেশন ট্যাক্স, ৮৬০০ টাকা বাড়ী ভাড়া, ইলেকট্রিক বিল ২০ হাজার টাকার মত, টেলিফোন ১৫ হাজার টাকার মত, গ্যাস কোম্পানীর কাছে ২৭ হাজার টাকার মত, পি. টি. আই-এর কাছে ধার ২০ হাজার টাকা, ইউ এন আই-এর কাছে ধার ৩০ হাজার টাকা, ইউ. পি. আই-এর কাছে ধার ৩৬ হাজার টাকার এইসব লাইয়েবিলিটি আকার তারা রেখে গিয়েছেন। তাছাড়া প্রভিডেণ্ট ফাণ্ড ৪ লক্ষ টাকার বেশী, একথা অনেক বলেছেন, ই. এস. আই. ৭৫ হাজার টাকার বেশী, এই ধারটা সরকার কিভাবে মেটাবেন জানিনা। আমি একটা কথা বলি, আজকে যখন বিল পাশ হচ্ছে, যতদূর মনে পড়ে কামারপুকুর সারদাদেবী মহাবিদ্যালয় বিল যখন মুখ্যমন্ত্রী পাশ করেন, সেইদিনই সেখানে পুলিশ মুভ করেছিল। কর্মচারীদের হাতে অনেক তথ্য আছে সেই সমস্ত মালমশলা কোথায় আছে তা তারা জানেন, আমার মনে সবগুলি তারা সরাতে পারেননি, যেখানে আছে তার একটা হল লোকসেবক অফিস, আর একটা হচ্ছে এসপ্ল্যানেড অফিস, আজকে যেটা সিটি অফিস বলে পরিচিত। এখনই সেখানে পুলিশ পাঠান, মালপত্রও পাওয়া যাবে। আজকে পাঁচ লক্ষ টাকা বড় কথা নয়, কিন্তু মহাভারতের যে দুষ্প্রাপ্য ম্যাপ সেটা যদি নষ্ট হয়ে যায় তাহলে ভবিষ্যতে বসুমতীর মধ্য দিয়ে সস্তা দরে বই দেবার কথা যা ভাবছেন যেটা বোধ হয় করতে পারবেন না।

আমি আর দুই একটা কথা বলি কর্মচারীদের সম্পর্কে। কর্মচারীরা অনেক ত্যাগ করেছে। ১৯৭০ সালে তাদের টোটাল স্যালারি ছিল ১ লক্ষ ২৫ হাজার টাকা। তারপর বন্ধ হয়ে গেছল। গোপাল দাস নাগ মহাশয়ের মধ্যস্থতায় ত্রিপাক্ষিক চুক্তি হল, তখন কোম্পানী চলল, মাসে শ্রমিকরা ২৫ হাজার টাকা করে ছেড়ে দিয়েছিলেন সাময়িকভাবে, তারপরে ৪২ হাজার টাকা করে ছেড়ে দিয়েছিলেন, মালিক আসা বন্ধ করেছে এক বছর, এখন প্র্যাকটিক্যালি তাঁরা কিছুই নিচ্ছেন না। আমি একথা বলি আপনাকে এই বিল কার্যকরী হওয়ার আগেরদিন যাঁরা চাকুরিতে ছিলেন তাঁদের আপনি নিন, বাকী যাদের সম্বন্ধে দুর্নীতির অভিযোগ আছে, কিছু কিছু লোক দুর্নীতিগ্রস্ত, মালিকের সঙ্গে সংযুক্ত ছিল, তাদের

া নিলেন কিন্তু ৫০০ কর্মচারী ছিল, এখন ২০০ থেকেও কম এসে দাঁড়িয়েছে, যে মস্ত নানা কারণে ছেড়ে দিয়েছে, কি ছেড়ে দিতে বাধ্য হয়েছে, বা আপনাদের সঙ্গে চুক্তিমত ছেড়ে দিতে বাধ্য হয়েছে, কিম্বা যাদের মাসে মাসে টাকা দেবার কথা ছিল তারা পায়নি, এমন অনেক লোক আছে বেকার বসে আছে, আপনি যখন বসুমতী নিচ্ছেন, তাদের জন্যে একটা ব্যবস্থা করা যায় কিনা দেখুন।

[12-50—1-00 p.m.]

কিংবা তিন মাসের মধ্যে টাকা পাবার কথা ছিল পায়নি। এখন বেকার লোক বসে আছেন। আপনি যখন নিচ্ছেন বসুমতী, তাতে এই বিলের আগে যারা ছেড়ে গেছে, তাদের যদি এখানে আবার চাকরীর ব্যবস্থা করতে পারেন, তাহলে বহুলোকের অন্ন ও চাকরীর সংস্থান হতে পারে। আর যাঁরা দীর্ঘকাল ধরে ২৫।৩০।৪০ বছর ধরে এই পত্রিকায় কাজ করেছেন সেই মানুষগুলো যেন ভিক্ষের ঝুলি নিয়ে রাস্তায় গিয়ে না দাঁড়ায়। এই কাগজের মধ্যে যেন তাঁরা কাজ পেতে পারে। এই কয়েকটী কথা বলে এই সম্পর্কে একটা আশ্বাস ও প্রতিশ্রুতি আমি শ্রমমন্ত্রীর কাছ থেকে চাচ্ছি এবং এটা তিনি করবেন বলে আশা করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোক সেন মহাশয়ের কথা উঠেছে। তাঁর সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় ইনটারভিউ করেছিলেন যে সি আই বি রিপোর্ট আছে, কেস সাব-জুডিসিয়াল এ সম্বন্ধে কিছু বলা যেতে পারে না। আমি সে কথা বলছি না। আমি একটা কথা বলি যে অবস্থায় অভিযোগ উঠেছে সেটা তেমন কিছু গুরুতর নয় বটে, কিন্তু তিনি যদি সাধারণ একজন মালিক হতেন, তাহলে তাঁর সম্পর্কে কিছু আমি বলতাম না তাতে কিছু এসে যেত না? তবে নিজস্ব একটা দৃষ্টিভঙ্গী আছে। ভারতবর্ষের মত এত পেছিয়ে পড়া দেশে, একটা গণতান্ত্রিক দেশেতে মালিকরা কীভাবে লুঠ করে তা সকলে জানেন! নানাভাবে আইন করেও তাদের আটকাতে পারা যাচ্ছে না। কিন্তু এই অশোক সেন শুধু কংগ্রেসের একজন এম পি বা কংগ্রেসের নেতা বলে নয়, কথাটা একটু ভেবে দেখা দরকার যে একজন লোক কেন্দ্রীয় আইনমন্ত্রী থাকাকালীন তাঁর গভর্ণমেণ্টাল পাওয়ার, ভারতবর্ষের কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্য হিসেবে তিনি পাওয়ার মিসিউজ করেছেন এবং তারপর যখন তিনি ক্ষমতা দখল করেছেন, সরকারের কাছে মিথ্যা বিবৃতি দিয়ে লক্ষ লক্ষ টাকা বিজ্ঞাপন ইত্যাদি বাবদ আদায় করেছেন। এটা যে কত বড় জঘন্য ও ঘৃন্য অপরাধ তা একটু-খানি ভেবে দেখা দরকার। এটাতে শুধু বসুমতীর [illegible] ক্ষতি হয় নাই, একটা [illegible] র কাগজের ক্ষতি হয় নাই, আমাদের সমস্ত গণতান্ত্রিক সমাজ জীবনটা পর্য্যন্ত কলুষিত হয়ে পড়েছে। ম্যান ইন সাচ ইলাভেটেড পজিসান তাঁরা যদি এই রকমভাবে কাজকর্ম করেন, তাহলে অন্যান্য সাধারণ মালিকেরা কী করবেন! আমি জানি না আমাদের মুখ্য-মন্ত্রীর হাতে কতখানি কী ক্ষমতা আছে অশোক সেনকে শাস্তি দেবার। আমি শুধু একটা কথা বলি এটা অন্ততঃ একটী এক্সজামপেল হয়ে থাক যে যতই পাওয়ারফুল এম পি হোক না কেন অপরাধ করলে তাকে শাস্তি পেতেই হবে। ১৯৬৯ সালের পরে কংগ্রেস যখন স্পলিট হলো দু-ভাগে ভাঙ্গলো, নীতির ভিত্তিতে ঝগড়া হয়ে যে সময় মোরাজী দেশাই ইত্যাদিরা কংগ্রেস ভাঙ্গলেন, তখন কিছু লোক যারা সত্যি সত্যি প্রগতিশীল পথে যেতে চাইছেন তাঁরা যেমন রইলেন, আর কিছু সুযোগ সন্ধানী লোক তেমন রয়ে গেল যেদিকে পাওয়ার থাকলো, পাওয়ার তো কংগ্রেসের দিকে; এই অশোক সেনকে সেই রকম একজন সুযোগ সন্ধানী লোক বলে আমি মনে করি। অরুণ মৈত্র মহাশয় এখানে আছেন। কংগ্রেসের একজন নেতা, আমাদের মুখ্যমন্ত্রী তিনিও কংগ্রেসের একজন নেতা, তাঁরা তখন কিছু করতে পারেন না এই রকম একটা ভয়ঙ্কর অভিযোগের শাস্তি হিসেবে অশোক সেন মহাশয়কে দল থেকে তাড়িয়ে দিয়ে একটা দৃষ্টান্ত স্থাপন করতে পারেন না? তাকে দল থেকে তাড়িয়ে দেওয়া হোক—এটা তাঁরা করতে পারেন না? এটা যদি করতে পারেন আমি গভর্ণমেণ্টের ক্ষমতার কথা বলছি না—দ্যাট ইজ আমি বলছি পুট এ্যান একজামপল বিফোর দি পিপীল তাতে পশ্চিমবঙ্গের কংগ্রেস দল আজকে যাঁরা গভর্নমেণ্ট চালাচ্ছেন, তাঁদের সম্মান অনেক পরিমানে বর্ধিত হবে বৈ কমবে না, ক্ষুন্ন হবে না। যে কথাটা

গৌতম চক্রবর্তী মহাশয় বললেন যে সমস্ত কংগ্রেস নেতাদের বিরুদ্ধে ভূষি কেলেংকারীর ব্যাপারে মামলা হচ্ছে, আমি সেই মামলার কথা বলছি না সি বি আই তদন্ত করছে, তা করুক কিন্তু কংগ্রেস দল থেকে বহিষ্কার করে একটা এক্সজামপেল সেট করতে পারেন না? যার ফলে অন্ততঃ পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক জনমতের শ্রদ্ধা কংগ্রেসের নেতাদের উপর খানিকটা বাড়বে। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলবো আজ বসুমতী পত্রিকাটী গ্রহণ করছেন ভাল কথা, কিন্তু বিজয় সিংহ নাহার মহাশয় যে আশঙ্কা প্রকাশ করেছেন, শীষ মহম্মদ সাহেবও বলেছেন যে এই পত্রিকাটী যে কংগ্রেসের বুলেটীন না হয়ে যায়। আমি বলবো এই আশংকা আমারও আছে। কিছু দিন আগে হাউসে একটা প্রশ্নোত্তরে তথ্যমন্ত্রী বলেছিলেন খবরের কাগজে যে বিজ্ঞাপন দেওয়া হয়, সেখানে ১২ লক্ষ টাকা হচ্ছে আনন্দবাজার পত্রিকার, আর ৬৩ হাজার টাকা বসুমতীর সরকারী বিজ্ঞাপন এক বছরে। এই রকম বৈষম্য যেন ভবিষ্যতে আর না থাকে। এখন বসুমতী যখন সরকার গ্রহণ করছেন আমি আশা করবো ১২ লক্ষ টাকা না হলেও অন্ততঃ তার কাছাকাছি বিজ্ঞাপন যেন বসুমতী এর পরে পেতে আরম্ভ করে। সাইকোলজিক্যাল দিক থেকে একটা আশংকা সকলের থাকবে যেহেতু সরকার পক্ষের একজন অফিসার ওখানে থাকবেন, সেই কারণে সরকারী বক্তব্য সেখানে বেশী করে স্থান পাবে। তবে আমি একটা বলি যে ভবিষ্যতে এই পত্রিকাটীকে দাঁড় করিয়ে দিয়ে আর একজন মালিকের হাতে তুলে দেবেন না। শ্রমিক ও কর্মচারী যারা ওখানে কাজ করবেন তাদের দিয়ে একটা সমবায় তৈরী করে কো-অপারেটিভ মারফৎ পত্রিকাটী চালাবার ব্যবস্থা করবেন। যদি দেখেন পত্রিকাটী ইকোনমিক্যালি ভ্যাওলেট হয় এবং লাইয়েবিলিটি দূর হয়, সেই রকম পর্য্যায়ে যাওয়া যাতে যায়, তার জন্য বসুমতী পত্রিকাটী সাংবাদিক কর্মচারীদের সমবায় করে চালাবার মহৎ উদ্দেশ্য যদি শ্রমমন্ত্রীর থাকে, তাহলে আমাদের এই সন্দেহের নিরসন হবে। আমি নিজে এ কথা মনে করি না যে কথা সুধীর বেরা মহাশয় বললেন যে দলীয় রাজনৈতিক পত্রিকা, যা আমাদের নন্দলালবাবু বললেন দলীয় রাজনৈতিক পত্রিকায় দলের কথাও থাকে, দলের বক্তব্যও থাকে। আমাদের তথাকথিত স্বাধীন পত্রিকাগুলিও আজকে স্বাধীন নয়, এর মাঝখানে যদি খানিকটা পরিমাণ বসুমতীর যে দৃষ্টিভঙ্গী ছিল তা যদি সে বজায় রাখতে পারে যে দৃষ্টিভঙ্গী দূর পশ্চিমবঙ্গের মানুষের কাছে বজায় রাখবার জন্য সাহায্য করতে পারেন, তাতে আপনার দলেরও কারো কোন ক্ষতি হবে না। সেই দিকে লক্ষ্য রেখে যদি কাগজটা চালাবার ব্যবস্থা করেন, তাহলে বোধ হয় ভাল হয়।

এই কথা কয়টী বলে আমি বিলটী সমর্থন করি।

Shri Shib Shankar Bandopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বসুমতী অধিগ্রহণ সম্পর্কে যে বিল এনেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। প্রথম যৌবনে বাপ মার সজাগ দৃষ্টি লুকিয়ে যখন উপন্যাস পড়া সুরু করি তখন বসুমতীর বঙ্কিমচন্দ্র আমাকে বঙ্কিমচন্দ্র চিনিয়ে ছিলো—সে দৌত্যই আমাকে মেঘদূতের সঙ্গে পরিচয় করিয়ে ছিলো। আর আমার মত অনেক হরশংকরবাবুকেই ঐ বসুমতীর হাত ধরে স্বারস্বতের মন্দিরে প্রবেশ করতে হয়েছিলো। সেই স্বারস্বতের মন্দিরে আলো নিভে যাচ্ছে। সেই আলোকে রক্ষা করবার জন্য শ্রমমন্ত্রী মহাশয় ও মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রচেষ্টা করেছেন এই ব্যবস্থাকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমাদের শ্রদ্ধেয় বিজয়দা যে কথা বলেছেন গণতান্ত্রিক রাষ্ট্রে সাংবাদপত্র নিয়ে নেবে এটা কেমন কথা। আমি এই লাইনে বলতে চাই না। সংবাদপত্র যদি গভর্ণমেন্ট নিতে চায় তাহলে পোড়া বসুমতী নেবে কেন? সেখানে অনেক বড় বড় সংবাদপত্র আছে সে সংবাদপত্র নিতে পারতো। এখানে গভর্ণমেন্ট সংবাদপত্রের মালিকানা নিয়ে গভর্ণমেন্ট-এর একটা স্পোকম্যান হিসাবে কাগজকে ব্যবহার করা নয়। এখানে উদ্দেশ্য ছিল অতীতের ঐতিহ্যমন্ডিত যে বসুমতী, সেই বসুমতী থেকে ছোট বড় বহু সাহিত্যিকের সাহিত্য সুলভে জনসাধারণের কাছে প্রচার করা এটাই এখানে মূল লক্ষ্য ছিলো। যে সাহিত্য প্রতিষ্ঠান সংস্কৃত সাহিত্যকে অনুবাদ করে তাকে জনসাধারণের মধ্যে প্রচার করা। সে প্রতিষ্ঠানকে কেমন করে রক্ষা করা যায়, কেমন করে জনসাধারণের

শিক্ষার বাহনকে রক্ষা করা যায়, সেদিকে লক্ষ্য রাখাই এই বিলের উদ্দেশ্য। এবং সঙ্গে সঙ্গে বহু কর্মচারী আজকে বসুমতীর ভাগ্যাকাশে দুষ্ট অনুপ্রবেশ ঘটিয়ে তার ফলে যে রাহু চক্র লেগেছে তারজন্য বহু কর্মচারীকে আজকে প্রায় অর্ধাহারে অনাহারে দিন কাটাতে হচ্ছে। সেই সব অনাহারক্লিষ্ট মানুষের জন্য সরকার যদি এগিয়ে আসেন তাহলে কি অন্যায় করছেন? সেই সব অনাহারক্লিষ্ট মানুষের জন্য সাংবাদিকের জন্যসরকার যদি কোন প্রোটেকসানের ব্যবস্থা করে থাকেন তাহলে আমি মনে করি যে সরকার সত্য কারের কর্ত্তব্য করেছেন? কিন্তু এই বিলের একটা জায়গায় আমার একটা কেমন লেগেছে যেখানে বলেছেন যে সাংবাদিকদের রি-এ্যাপয়েন্ট করা হবে। তাহলে তারা এতদিন যে কাজ করেছেন তাদের পিরিয়ার্ড অফ সারভিস তা বাদ যাবে? সেদিকে লক্ষ্য রাখা উচিত বলে আমি মনে করি। আমি এই বিলের ডিটেল্‌স-এর মধ্যে যেতে চাই না। আমার কথা হচ্ছে এই বিল এনে সরকার কতকগুলি দুঃস্থ সাংবাদিকদের নিশ্চিত মৃত্যুর হাত থেকে রক্ষা করবার প্রয়াশ পেয়েছেন। সঙ্গে সঙ্গে যে সমস্ত সংবাদপত্রের মালিকরা এরূপ দুষ্ট চক্র করে এরূপ ভাবে ভবিষ্যতে নানা ভাবে সংবাদপত্রের কর্মচারীদের ও সাংবাদিকদের বিপদে ফেলার চেষ্টা করছেন তাদের হুঁশিয়ার করে দিয়েছেন যে এর পরে যাওয়া চলবে না সরকারের সজাগ দৃষ্টি আছে। আমি সরকারকে বলবো যে—আমার বক্তব্য এই যে বসুমতীর অগ্রগতির আকাশে অশোক সেন রূপী যে রাহু এসেছিলো সেই রাহুকে দূর করার কথা যে তিন বিলে এসেছে এই বিলকে অভিনন্দন জানাচ্ছি, এবং আমি আশা করছি। অয়মারম্ভ শুভায় ভবতু।

1-00—1-10 p.m.]

Shri Shiddhartha Shankar Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণতঃ এক মন্ত্রীর আনীত কোন বিলের আলোচনায় অন্য কোন মন্ত্রী অংশ গ্রহণ করেন না। আমি তাই এই আলোচনায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক ছিলাম না। কিন্তু দু একটা কথা বলা দরকার বোধ করে আমি আপনার অনুমতি নিয়ে এই বিধানসভার সম্মুখে সরকারের বক্তব্য রাখতে চাই। কারণ আমি চাই না, আমার সরকারও চায় না যে এই বিল যখন আইনে পরিণত হবে তখন অহেতুক নূতন কোন বির্তকের সৃষ্টি হয়। দুটো জিনিষ আমি পরিষ্কার করে দিতে চাই সরকারের উদ্দেশ্য সম্বন্ধে। প্রথমতঃ আমি পরিষ্কার বলে দিতে চাই যে এই সরকার কোন সংবাদপত্রের অধিগ্রহণ সাধারণত গণতন্ত্রের একটা নীতি হিসাবে গ্রহণ করে না। গণতন্ত্রে সাধারণ সংবাদপত্র অধিগ্রহন করা উচিত নয় এবং পারতপক্ষে সরকারের এইরূপ অধিগ্রহণ থেকে বিরত থাকা দরকার। দ্বিতীয়তঃ বসুমতী সরকার আয়ত্বে আসার পর সরকার তার এডিটো-রিয়াল নীতি নিয়ে কোন নির্দেশ দেবে না এবং সেই এডিটোরিয়াল নীতি সম্বন্ধে কোন মতামতও প্রকাশ করবে না। ব্যক্তিগত স্বাধীনতা একটা খুব ব্যাহত স্বাধীনতা, পবিত্র স্বাধীনতা। এই ব্যক্তি স্বাধীনতার ক্ষেত্রে সরকার সজাগ থাকবে এবং ব্যক্তি স্বাধীনতা এবং ব্যক্তি মত প্রকাশের যে অধিকার আছে সে অধিকার সরকার খর্ব করবে না অবশ্য সংবিধান অনুযায়ী যে অধিকার দেওয়া আছে। এই দুটো কথা পরিষ্কারভাবে আপনার মাধ্যমে বিধানসভার সদস্যদের কাছে এবং এই বিধানসভার মাধ্যমে পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের জনসাধারণের কাছে রাখতে চাইছি। আমি চাই না যে পরে একথা কেউ বলুক যে পশ্চিমবঙ্গ সরকার গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করেনি বা গণতান্ত্রিক রীতি মেনে চলেনি। তারা সংবাদপত্র অধিগ্রহণের নীতি গ্রহণ করেছে। আমরা এই রকম কোন নীতি গ্রহণ করি নি। কেন তবু আমরা আজকে এই বিলটা আনছি? এর কারণ অত্যন্ত স্পষ্ট এবং এতে তর্কের কোন সুযোগ প্রকৃতপক্ষে নেই। আমাদের ভুললে চলবে না যে অমৃতবাজার এবং আনন্দবাজারের মতো বসুমতী প্রত্যেকটা পশ্চিমবাংলার মানুষের হৃদয়ে সুপ্রতিষ্ঠিত এবং পশ্চিমবাংলার এই শতাব্দীর সাংস্কৃতিক ইতিহাসে যদি কেউ রাখতে যান তিনি সেই ইতিহাসের বসুমতীর অবদানের কথা বাদ দিতে পারবেন না। দৈনিক বসুমতী, মাসিক বসুমতী, সাপ্তাহিক বসুমতী, এবং যে সমস্ত গ্রন্থ সমূহ বসুমতী কার্যালয় থেকে প্রকাশিত হয়েছে সেসব পশ্চিমবঙ্গের মানুষের কাছে ভারতবর্ষের মানুষের

কাছে একটা বিরাট ভান্ডার খুলে দিয়েছে। সুতরাং যদি পশ্চিমবঙ্গের মানুষ দেখতেন যে বসুমতী আস্তে আস্তে নিস্প্রাণ হয়ে গেলো, আস্তে আস্তে বসুমতীর সর্বনাশ হয়ে গেলো, আসতে আসতে বসুমতীর কোন রকম প্রকাশই আর হল না, আস্তে আস্তে বসুমতীর কর্মচারীগণ এবং জারনালিস্টরা যাঁরা আছেন তাঁরা বেকার হয়ে গেলেন, নিরন্ন হয়ে গেলেন তবে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের মানুষ খুবই বিক্ষোভ প্রকাশ করতো এবং দুঃখিত হত যে সরকারের চোখের সামনে এটা হল অথচ সরকার এটার কিছু করলেন না। তারজন্য পাবলিক পারপাসে, আর কোন কারণে নয় আমরা এই অধিগ্রহণের ব্যবস্থা করেছি। আমি জানি যে একটা দৈনিক সংবাদপত্র চালানো সরকারের পক্ষে অসম্ভব। তারজন্য সরকার এই বসুমতীর অধিগ্রহণের পর একটা সুব্যবস্থা করবার নিশ্চয় চেষ্টা করবেন। যার ফলে একটা এজেন্সীর মাধ্যমে আমরা সরকারী কর্মচারী নয় বাইরের লোক জারনালিস্টজম্ সম্বন্ধে অভিজ্ঞতা যার আছে এই রকম মানুষের হাতে সরকারের তরফ থেকে এই কাগজ চালাবার ভার দেবার চেষ্টা করবো।

এবং আমাদের সরকার এটা দেখবেন যাতে এই কাগজ সুষ্ঠুভাবে চালানো যায়। আমি বলতে পারছি না যে সবই ঠিকমত হবে। তবে এটা প্রতিশ্রুতি দিচ্ছি যে আমাদের চেষ্টার ত্রুটি থাকবে না যাতে এই পত্রিকাকে নিজের পায়ে দাঁড় করানো যায়। এখানে কেউ কেউ বলেছেন এতো বিলম্ব কেন হোল। এ বিষয়ে আমাদের পরিষ্কার উত্তর হচ্ছে যে এত বড় একটা বিষয়ে সিদ্ধান্ত তাড়াতাড়ি নেওয়া যায় না। গণতন্ত্রে একটা সংবাদপত্র নেবার পূর্বে অনেক চিন্তা করতে হয়। এবং যখন দেখা যায় সর্বনাশ হয়ে যাচ্ছে না করে উপায় নেই, সাংবাদিক কর্মচারীরা বেকার হয়ে যাচ্ছে এবং ভারতবর্ষের একটা স্বনামধন্য পত্রিকা নষ্ট হয়ে যাচ্ছে, তখন আর চুপ করে থাকা যায় না। সেইজন্য আমরা এই কাজ করেছি। আমি আমার বক্তব্য শেষ করার আগে একটি কথা বলবো কর্মচারী এবং জার্নালিস্ট বন্ধুরা যাঁরা আছেন আশা করি তাঁরা আমাদের এই কাজে সহযোগিতা করবেন। আমাদের অর্থ সীমিত তাই আশা করবো তাঁরা ফুলেস্ট কো-অপারেসন দিয়ে কাজ করবেন। আগে এই পত্রিকাকে দাঁড় করাতে হবে এবং এর প্রকাশ যেগুলি হচ্ছিল সেগুলিকে করতে হবে তারপর আমাদের অন্য কথা চিন্তা করতে হবে। প্রথম প্রথম আমাদের কিছু অসুবিধা হবে এটা আমরা জানি। কিন্তু আশা করবো এ বিষয়ে কর্মচারী ও জার্নালিস্ট বন্ধুরা কিছুটা স্বার্থ ত্যাগ করবেন এবং তাঁদের প্রচেষ্টায় এই পত্রিকা আবার ভালভাবে চালু হবে এই আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর বিতর্কে যে সমস্ত সদস্যরা অংশ গ্রহণ করেছেন তাঁরা সকলেই মোটামুটিভাবে একে সমর্থন করেছেন। সুতরাং আমার উত্তর দেবার বিশেষ কিছু নেই। তবে মাননীয় বিজয় সিং নাহার যে সাবধানবাণী উচ্চারণ করেছেন তাতে তাঁকে জানাতে পারি যে সরকার দৈনিক পত্রিকা চালানোর অসুবিধা সম্বন্ধে সজাগ এবং এইটুকু বলতে পারি যে এই পত্রিকা যাতে সরকারের কুক্ষিগত না হয় তার জন্য সরকার সমস্ত ব্যবস্থা অবলম্বন করবেন এবং আমাদের এই আশ্বাস ভবিষ্যতেই প্রমাণ করবে। এই প্রসঙ্গে অপ্রাসঙ্গিক হলেও তিনি সংবাদপত্রের স্বাধীনতা সম্বন্ধে উদ্বেগ প্রকাশ করেছেন আমি জানি যে মুহূর্তে আমার মনের কথা বলবো সঙ্গে সঙ্গে আমার ভয় থাকবে যে কাল থেকে আমি সমস্ত সংবাদপত্রের শিকার হবো। তবে উইদাউট এনি ফিয়ার অর ফেভার আমি প্রশ্ন করছি যে ভারতবর্ষে যে সমস্ত বড় বড় সংবাদপত্র আছে তাদের কি সত্যিই স্বাধীনতা নিরপেক্ষতা আছে? যদি আত্মানুসন্ধান করা যায় তাহলে দেখবো যে এই সংবাদপত্রগুলি কোন না কোন এক শ্রেণীর মানুষের দাসত্বের শিকার হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রেই তারা এই নিরপেক্ষতা রাখতে পারছে না। আজকে ভারতবর্ষে যে সমস্ত সংবাদপত্র রয়েছে তাদের যে চরিত্র সেই চরিত্র থাকার ফলে বরং আমি উল্টো কথা মনে করি।

[1-10—1-20 p.m.]

বরং আমি ঠিক উল্টো কথা মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি সরকার তার ভান্ডার থেকে অর্থ দিয়ে সাহায্য দিয়ে নিরপেক্ষ সচেতন রাজনীতির সঙ্গে সরাসরি

কোন দলের সঙ্গে সংশ্লিষ্ট নয়, এই বিষয়ে যারা প্রবীন এবং বিশেষজ্ঞ তাদের হাতে দায়িত্ব দিয়ে দেন এবং পিছনে থেকে যদি বুরোক্রেটিক কন্ট্রোল এক্সাসাইজ না করেন তাহলে একটা নিরপেক্ষ দৈনিক কাগজ হতে পারে, তাহলে এর সঙ্গে সংযুক্ত সাংবাদিকরা ভয় বা লোভের বশবর্তী না হয়ে বা কোন রকম ফেবার আনায় ব্যাপৃত না হয়ে নিরপেক্ষ সাংবাদিকতা করতে পারেন। বিজয়দা যে ভয় করছেন, আমার মনে হয় সরকার যদি এই ভাবে পরিচালনার ব্যবস্থা নেয় তাহলে এই নিরপেক্ষ সাংবাদিকতা বাঁচবে এবং এমন একটা সাংবাদপত্র প্রতিষ্ঠা হতে পারে যে সংবাদপত্র সত্যি জনসাধারণের প্রয়োজন এবং চাহিদা মেটাতে পারবে। যেটা আমি মনে করি যে ভারতবর্ষের অধিকাংশ বড় বড় সংবাদপত্রগুলি মেটাতে পারছে না। মাননীয় সদস্য বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়, বলেছেন যে ১৯৭০ সালে লোকসভায় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীআজাদ বলেছিলেন বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। বিশ্বনাথবাবু একটা ছোট অংশ একটা বিরাট ইতিহাস থেকে তুলে ধরে আমাকে প্রশ্ন করলেন, যে প্রশ্নের উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী দিয়েছেন এবং আরো একটু বিস্তারিত ভাবে দেওয়া দরকার যে এত দেরী কেন? এই বিরাট ইতিহাস হচ্ছে এই যে কেন্দ্রীয় তথ্যমন্ত্রী বহু চেষ্টা করেছিলেন সেই সময়ে এই বন্ধ হয়ে যাওয়া কাগজটাকে, এই প্রতিষ্ঠানটাকে পুনরায় চালু করার। কিন্তু যে কোন কারণেই হোক তার সেই প্রচেষ্টা সার্থক হয়নি। পরবর্ত্তীকালে ১৯৭১ সালে পশ্চিমবাংলার যে কোয়ালিশন সরকার হল, শ্রীঅজয় কুমার মুখার্জী মহাশয়ের নেতৃত্বে, সেই কোয়ালিশন সরকারের প্রচেষ্টায় ১৯৭১ সালে পশ্চিমবাংলায় একটা ত্রিপাক্ষিক চুক্তি হ'ল। তারপর এই কাগজের কাজ শুরু হল। ১৯৭২ সালের প্রথমেও এই কাগজের কাজ মোটামুটি চলছিল, খুব অসুবিধার মধ্যে পড়েনি। কিন্তু ক্রমশ এই মিস-ম্যানেজমেন্ট-এর যে কথা বলেছি, বিল ইনট্রোডাক্স করতে গিয়ে মিস-ম্যানেজমেন্ট এবং ক্রোনিক ফিনানসিয়াল ডিফিকাল্টিস্-এর জন্য আস্তে আস্তে নাভিশ্বাস দেখা দিল। তার পরবর্ত্তীকালে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যা বলেছেন বিশেষকরে আইনের নানা দিক থেকে এটাকে পরীক্ষা করতে হয়েছে, তার জন্য কিছু বিলম্ব হয়েছে। অবশ্য এতে নিশ্চয়ই কর্মচারীদের এবং এর সঙ্গে সংশ্লিষ্ট সমস্ত মানুষেরই কিছু ক্ষতি হয়েছে তার জন্য আমি দুঃখিত। কিন্তু এর থেকে তাড়াতাড়ি বোধ হয় করা সম্ভব ছিল না। তৃতীয়তঃ যে কথা তিনি বলেছেন যে, কিছু কিছু কর্মচারী যারা আগে ছেড়ে গিয়েছিল তাদের সম্পর্কে সরকার কি ভাবছেন? তিনি ঠিক কি বললেন, আমি বুঝলাম না। এক ধরনের কর্মচারী যারা ছেড়ে গিয়েছিলেন ঐ ১৯৭১ সালের চুক্তির ফলে বিশ্বনাথবাবু জানেন কিনা জানিনা। তারপর বলা হয়েছে ইউ এনজয় ডবল এ্যাপয়েন্টমেন্ট আপনি আর এক জায়গায় চাকুরী করেন সঙ্গে সঙ্গে বসুমতীতেও চাকুরী করেন। ক্যালকাটা কর্পোরেশন-এ চাকুরী করেন সঙ্গে সঙ্গে বসুমতীতেও চাকুরী করেন। ঐ চুক্তিতে ছিল যে এদের একটা নির্দ্দিষ্ট সময় সীমা বেধে দেওয়া হয়েছে, তারা অপসান দেবেন যে তারা কোথায় চাকুরী করবেন। বসুমতীতে চাকুরী করবেন না অন্য এক জায়গায় যেখানে চাকুরী করছেন সেই জায়গায় করবেন। এই অপসান অনুযায়ী বসুমতীর কর্তৃপক্ষ ঠিক করবেন কি হবে। এই অপসান কর্মচারীদের দেওয়া হয়েছে যাদের ডবল এমপ্লয়মেন্ট ছিল। তারা হয়ত অপসান দিয়েছেন যে অন্য জায়গায় যে প্রতিষ্ঠা আছে সেখানে চলে যাবেন। কাজেই সেখানে তারা চলে গেছেন। আজকে যদি তিনি তাদের ফিরিয়ে আনার কথা বলেন তাহলে অসুবিধা হবে কারণ ডবল এমপ্লয়মেন্ট তো হতে পারে না, আইনগত বাধা আছে। আর তা নাহলে এই বসুমতীর যখন সম্প্রসারণ হবে, আরো নুতন নুতন লোকের দরকার হবে পুরোনো কর্মচারীও আসতে পারেন, নুতন কর্মচারীও আসতে পারেন। যারা পরিচালনার দায়িত্বে যাবেন তারা সেই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবেন।

যারা পরিচালনার দায়িত্বে যাবেন, তারা সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন। বিশ্বনাথবাবু আরও একটা কথা বলেছেন যে ইউজ লায়েবিলিটিজ এর আছে, সত্যই আছে, কোম্পানীর হিউজ লায়েবিলিটিজ আছে, আমরা তার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা টাকা ধার্য্য করে দিয়েছি, ২ লক্ষ ৬০ হাজার টাকা সব শুদ্ধ এবং কমিশনার অব পেমেন্ট সরকার নিযুক্ত করে দিচ্ছেন যেন কোন মাইন্স অথারিটির বেলায় করা হয়েছিল, সেই কমিশনার অব পেমেন্ট সমস্ত পাওনাদারদের যা পাওনা আছে তা

এ্যাসেসমেন্ট করে ভেরিফিকেশন করে তিনি এই টাকা থেকে সমস্ত দেনা মেটাবেন। সরকার কোন লায়েবিলিটিজ গ্রহণ করছেন না, করবার কোন প্রশ্ন এই প্রসঙ্গে ওঠে না। আর একটা কথা উঠেছে, শীস মহম্মদ সাহেব বলেছেন যে অশোকবাবুকে এই সুবিধা দেওয়া হ'ল কেন? তাদের পার্টির লোক বলে কি? আমাদের মাননীয় মন্ত্রী শ্রীজ্ঞান সিং সোহন পাল যে এ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটার পরিপ্রেক্ষিতে তিনি বলেছিলেন যে বাড়ীটা ছেড়ে দেওয়া হ'ল কেন? তিনি জানেন না যে বাড়ীটা অশোকবাবুর নয়, বসুমতী সাহিত্য-মন্দিরের নয় এবং বসুমতী প্রাইভেট লিমিটেডেরও নয়। বাড়ী হচ্ছে সেবায়েতের এবং সেই সেবায়েতরা ঐ বাড়ীর একটা অংশে বাস করেন এবং আর একটা অংশ ভাড়া দেওয়া আছে। বসুমতী প্রেস ইত্যাদিকে। সরকার এ্যাকুইজিশন করে কারোর বসত বাড়ী নিয়ে নিতে পারেন না। সেই জন্য বাড়ীটাকে বাদ দেওয়া হচ্ছে, ওটা অশোকবাবুকে ফেরত দেওয়া হচ্ছে না ঐ বাড়ীর সঙ্গে অশোকবাবুর কোন সম্পর্ক নেই। দ্বিতীয় কথা হচ্ছে ২ লক্ষ ৬০ হাজার টাকার এক কপর্দকও অশোকবাবু পাচ্ছেন বলে আমার মনে হয় না। কারণ এই ২ লক্ষ ৬০ হাজার টাকা কমিশনার অব পেমেন্ট যেভাবে বণ্টন করবেন পাওনাদারদের মধ্যে, তার একটা ফর্মুলা আছে এবং এখানে প্রায়রিটিকরে দেওয়া আছে যে কি ভাবে কি প্রায়রিটিতে পড়লে, সেই ভাবে তিনি দেবেন। আমার মনে হয় অশোকবাবুর ভাগে এই টাকার কপর্দকও গিয়ে পড়বে না। মোটামুটি সরকারী পক্ষ থেকে যে সব প্রশ্ন তোলা হয়েছে, আমার মনে হয় সব প্রশ্নের উত্তর আমরা দিয়েছি এবং বিশেষ করে যে কথা বলা হয়েছে পরিচালন ব্যবস্থায়, সেটা আমি এই আশ্বাস দিতে পারি, যেটা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন পরিষ্কার ভাবে যে সরকারের মোটেই ইচ্ছা নেই এবং কোনরকম উদ্দেশ্যও নেই যে দৈনিক বসুমতীটাকে একটা সরকারী মুখপাত্রে পরিণত করা। তা যদি করতে হয় তাহলে সরকারকে মাসের পর মাস কনসোলিডেটেড ফান্ড থেকে টাকা দিয়ে যেতে হবে, সেটা আমরা বুঝি সুতরাং এটা যাতে তার পুরান ঐতিহ্য, তার যে একটা ইমেজ আছে, জনসাধারনের মধ্যে যে চাহিদা ছিল, সেই চাহিদা উপযোগী এবং মর্যাদা সম্পন্ন দৈনিক প্রকাশন পুনরায় প্রতিষ্ঠিত হতে পারে সরকার কেবল মাত্র তার জন্য অর্থ সাহায্যের দায়িত্ব গ্রহণ করেছেন, সম্পূর্ণ পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন নি। পরিচালন ব্যবস্থা সম্পূর্ণ প্রশাসন ব্যবস্থা থেকে পৃথক করা হয়েছে এবং আমার মনে হয় যখন সমস্ত বিষয়টা প্রকাশিত হবে, এখন এই সম্পর্কে কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, তখন আপনারা সন্তুষ্ট হবেন যে আশংকা করছেন, সেই আশংকা করবার কোন কারণ নেই। কিন্তু সম্পূর্ণ সফলতা নির্ভর করছে ভবিষ্যতের উপর এবং ভবিষ্যতই একমাত্র বলতে পারবে যে আমরা সার্থক হলাম কি না। এই বিষয়ে আমরা সকল সদস্যের সহযোগিতা চাই এবং সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের সহযোগিতা চাই এবং এর কর্মচারী এবং সাংবাদিক যারা এই কাগজের সঙ্গে যুক্ত থাকবেন, তাদের ও সহযোগিতা চাই, এই কথা বলে বিলটি পাশ করবার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Gopal Das Nag that the Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

[1-20—1-30 p.m.]

Shri Shish Mohammad : Sir, I beg to move that after clause 3, the following sub-clauses be added, namely :—

"(2) **For the purpose of ascertaining liabilities under clause 3(1) liabilities to pay the outstanding legal dues, if any, of the employees who are no longer in the employment of the company shall be excluded from the operation of clause 3(1).**

(3) Liabilities q to pay such outstanding legal dues as envisaged in clause 3(2) shall vest in the State Government."...

Shri Shish Mohammad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণের সময় এই বিলটির বিষয়ে যথাযথভাবে বিশ্লেষণ করে তার বক্তব্য রেখেছেন।

কিন্তু এখন পর্য্যন্ত তা দেয়নি, কাজেই আমি অনুরোধ করব যে এই এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করে এই বিলটিকে সর্বাঙ্গসুন্দর করুন। যারা এখন পর্য্যন্ত সাফার করছেন তাদের কল্যাণ হবে, কাজেই আমি আবার অনুরোধ করব যে আপনি একটু বিবেচনা করে এটা গ্রহণ করুন।

Dr. Gopal Das Nag:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা করা যায় না, কেন না এটা এ্যাকুইজিশন অফ অণ্ডারটেকিং বিল, এখানে ফ্রি ফ্রম অল এমকমব্রেন্স দিতে হবে, উইথ লায়বিলিটিস হয় না, কমপেন-সেসনের কথা দিচ্ছি উইথ এনি লায়বিলিটিস ইট ক্যান-নট বি একসেপটেড, এটা কন্ট্রা-ডিকশন হয়ে যাচ্ছে।

The motion of Shri Shish Mohammad that after clause 3, the following sub-clauses be added, namely :—

"(2) For the purpose of ascertaining liabilities under clause 3(1) liabilities to pay the outstanding legal dues, if any, of the employees who are no longer in the employment of the company shall be excluded from the operation of clause 3(1).

(3) Liabilities to pay such outstanding legal dues as envisaged in clause 3(2) shall vest in the State Government.", was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Gyan Singh Sohanpal : I beg to move that in clause 4, in sub-clause (1)

(a) in lines 3 and 4, the words "including lands, buildings" be omitted ;

(b) in line 12, after the words "does not include", the words "the right, title and interest of the owners of lands and buildings in possession of the company," be inserted.

Dr. Gopal Das Nag : I accept the amendment.

The motion was then put and agreed to.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5 to 7

The question that clauses 5 to 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Shish Mohammad : I beg to move that after clause 8, the following new sub-clause be added namely :—

"8(a) The State Government or the corporation, as the case may be, shall make payments to the employees whose employments with the company stand terminated

prior to the appointed date. All their outstanding legal dues shall be paid within 30 days from the appointed date."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৮নং ক্লজে আমরা দেখতে পাচ্ছি যে বসুমতী সাহিত্য মন্দির গ্রহণ করা হচ্ছে তাতে ২ লক্ষ ৬০ হাজার টাকা কমপেনসেট করা হবে, সেই সঙ্গে সঙ্গে আমি বলছি যে এমেন্ডমেন্ট আমি দিয়েছি তাতে কর্পোরেশনই চালাক আর ষ্টেট গভর্ণমেন্টই চালাক সেখানে যে সমস্ত কর্মচারীদের ডিউ আছে সেটা ৩০ দিনের মধ্যে পেমেন্ট করার একটা ব্যবস্থা করা দরকার। কাজেই এটা যদি একটু বিবেচনা করেন তাহলে আমার মনে হয় ভাল হবে কর্মচারীদের পক্ষে। এপয়েন্টেড ডেট থেকে তাদের লিগাল ডিউস যেগুলি আছে সেগুলি ৩০ দিনের মধ্যে দেওয়া হোক, আমরা আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা একসেপট করবেন।

Dr. Gopal Das Nag:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই টাকা আমরা দেব কমিশনার অফ পেমেন্টের হাতে, তিনি সমস্ত লায়বিলিটি ভেরিফাই করে পেমেন্ট করবেন। এখানে স্পেসিফায়েড পিরিয়ড দেওয়ায় অসুবিধা হচ্ছে এই যে, যে লায়বিলিটিস আছে এবং বহু ক্রেডিটরস আছে। সমস্ত কালেকট করা, সমস্ত ভেরিফাই করা এবং তা করে তাদের এই টাকা ডিসবার্স করতে ৯ মাসের বেশী সময় নিশ্চয়ই লাগবে, তাই এখানে সময় সীমা বেঁধে দেওয়া অসম্ভব। ভারত-সরকার সি, এম, এ'র ব্যাপারে যে ব্যবস্থা করেন আমরাও ঠিক সেই রকম ব্যবস্থা করছি। কমিশনার অফ পেমেন্টকে সময় সীমার মধ্যে গ্রুপ অফ ক্রেডিটরসকে সব কিছু দেখে পেমেন্ট করতে বলা ঠিক হবে না। তাই আমি এই এমেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Shish Mohammad that after clause 8, the following new sub-clause be added, namely :—

"8(a) The State Government or the corporation, as the case may be, shall make payments to the employees whose employments with the company stand terminated prior to the appointed date. All their outstanding legal dues shall be paid within 30 days from the appointed date.", was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 10, in sub-clause (5), for the brackets, letter and words

"(d) the issuing of any commission for the examination of Commissioner may prefer an appeal against such decision, to such authority, in such manner and within such time, as may be prescribed."

the following sub-clause be substituted, namely :—

"(6) A claimant who is dissatisfied with any decision of the Commissioner may prefer an appeal against such decision to such authority, in such manner and within such time, as may be prescribed.".

Dr. Gopal Das Nag: আমি amendmentটা accept করছি।

The motion was then put and agreed to.

The question that clause 10, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 11 to 17

The question that clauses 11 to 17 do stand part of the Bill was then put and agreed).

New Clause 18

Shri Shish Mohammad : Sir, I beg to move that after clause (17), the new clause e added, namely :—

"(18) The responsibility for formulating guiding and implementing the policy of the paper shall entirely vest in the editor who shall be a working journalist within the meaning of 2(K) of the working journalists (Conditions of Service) and miscellaneous provisions Act and shall perform the functions laid down in the Rates of Wages Order for working journalists 1967."

্যার, মুখ্যমন্ত্রী তার বক্তৃতায় বললেন জারনালিষ্ট ও এডিটরদের ওপিনিয়ন-এর ক্ষেত্রে ম্পূর্নভাবে স্বাধীনতা থাকবে। বিলের মধ্যে এডিটরদের স্বাধীনতা যে থাকবে একথা বলা নই। যাতে তাদের স্বাধীনতা থাকে সেজন্য আমি ১৭ ও ১৮নং ক্লজে বলেছি। এটা দি গ্রহণ করেন তাহলে একটা বাইনডিং থাকে। আজ আপনার সৎ উদ্দেশ্য আছে, াল নাও থাকতে পারে। কাজেই এর মধ্যে একটা সন্দেহ থেকে যাচ্ছে এবং এই এ্যা-মন্ডমেন্ট যদি গ্রহণ করেন তাহলে সেই সন্দেহ দূরীভূত হবে। আমার অনুরোধ আপনি ।টা বিবেচনা করুন।

Dr. Gopal Das Nag :

্যার, স্বাধীনতা হরণ করা হচ্ছে একথা কোথাও লেখা নেই। সমস্ত ব্যাপারটাই হচ্ছে ্যাজামশান। এটা গ্রান্ড করলেই কি স্বাধীনতা থাকবে? অর্থাৎ কোন সেফগারডই ফগারড নয়। বড় বড় সংবাদপত্রের সাংবাদিকরা সত্যি সত্যি স্বাধীনতা ভোগ করেন না এ বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। সুতরাং এরকম ধরণের বাইনিডিং ক্লজ-এ নিয়ে সে কোন লাভ হবে না। একটা এ্যাজামশান-এর মধ্যে এ জিনিষ গ্রহণ করতে পারছি না

The motion was then put and lost.

The question that New Clause 18 do stand part of the Bill was then put and lost.

Long Title

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that for the Long Title, the following long title be substituted, namely :—

"A

BILL

) provide for the acquisition, for public purpose, of the undertaking of the Basumati 'rivate Limited with a view to securing the proper administration and management hereof for the purpose of ensuring efficient publication of the Basumati, a daily newspaper in the Bengali language which has a great past and tradition and timely publication of journals and periodicals published by it and resuming the publication of books, particularly Sanskrit Classics in Bengali version and other Bengali Classics, and also with a view to assuring the retention of the services of the workmen whose continued employment has been threatened, so that the interests of the public may be better served.";

Dr. Gopal Das Nag : I accept the amendment.

The motion was then put and agreed to.

The question that Long Title, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Preamble

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that for the preamble, the following preamble be substituted, namely :—

" Whereas it will be useful to the public and it will result in benefit and advantage to the public and having regard to the public utility it is expedient to provide for the acquisition of the undertaking of the Basumati Private Limited with view to securing the proper administration and management thereof for the purpose of ensuring efficient publication of the Basumati, a daily newspaper in the Bengali language which has a great past and tradition and timely publication of jurnals and periodicals published by it and resuming the publication of books, particularly Sanskrit Classics in Bengali version and other Bengali Classics, and also with a view to assuring the retention of the service of the workmen whose continued employment has been threatened, so that the interests of the public may be better served;"

[1-30—1-40 p.m.]

Shri Biswanath Chakraborty :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা বলতে চাই এই যে ২ লক্ষ ৬০ হাজার টাকা দেওয়া হবে এর মধ্যে যে সমস্ত এমপ্লয়ীদের পুরাণ টাকা যেটা পাওনা আছে যেটা তারা পায়নি তার একটা পোর্সন এটা থেকে দেওয়া হবে কিনা?

Dr. Gopal Das Nag : I hope so.

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of Closed and Sick Industries may please reply.

Dr. Gopal Das Nag : Sir, I accept the amendment of Shri Gyan Singh Sohanpal.

The motion of Shri Gyan Singh Sohanpal that for the preamble, the following preamble be substituted, namely :—

" Whereas it will be useful to the public and it will result in benefit and advantage to the public and having regard to the public utility it is expedient to provide for the acquisition of the undertaking of the Basumati Private Limited with a view to securing the proper administration and management thereof for the purpose of ensuring efficient publication of the Basumati, a daily newspaper in the Bengali language which has a great past and tradition and timely publication of journals and periodicals published by it and resuming the publication of books, particularly Sanskrit Classics in Bengali version and other Bengali Classics, and also with a view to assuring the retention of the services of the workmen whose continued employment has been threatened, so that the interests of the public may be better served;"

was then put and agreed to.

The question that Preamble, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the Basumati Private Limited (Acquisition of Undertaking) Bill, 1974, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Arrest of Members

Mr. Speaker : I have received a communication under Rule 231. I place that before the House.

"I have the honour to inform you that the following members of the West Bengal Legislative Assembly were arrested at about 17-15 hours on 3-5-74 in connection with Hare Street P.S., case No. 244 under section 143/188 I.P.C. for violating prohibitory orders under section 144 C.R.P.C. along with others in Esplanade East area";

Shrimati Geeta Mukherjee and Shri Ali Ansar, both members of the House.

Shrimati Geeta Mukherjee and Shri Ali Ansar were remanded to the jail custody till 13-5-74."

Shri Biswanath Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই বিষয়ে কিছু বলতে চাই। কারণ গতকাল আমার একটা অদ্ভূত অভিজ্ঞতা হল। কালকে বিকেল ৫টা নাগাদ আমাদের গ্রেপ্তার করা হয় এবং বহু লোকের সঙ্গে আমাকেও গ্রেপ্তার করা হয়। আমাদের গ্রেপ্তার করে নিয়ে প্রেসিডেন্সী জেলে বাইরে মাঠে পুলিশ প্রহরায় রাখা হয়। আজকে ভোরবেলা ৪টার সময় ঘোষণা করা হয় আমরা ডিসচার্জ হয়ে গেলাম। এই সাড়ে দশ ঘণ্টা সময় আমরা মাঠের মধ্যে বসেছিলাম এবং এক কাপ শুধু চা দেওয়া হয়েছে। এই রকম একটা অদ্ভুত অবস্থায় বসে থাকলে কি অবস্থা হয় সেটা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। আজকে ভোর ৪টার সময় বলা হল আমরা ডিসচার্জ হয়েছি। কিন্তু আশ্চর্যের বিষয় এই ডিসচার্জ করবার আগে আমাদের কোন ধারায় গ্রেপ্তার করা হয়েছিল সেটা বলা হলনা এবং ম্যাজিস্ট্রেটের কাছে আমাদের হাজির করা হলনা। আমরা যখন এই বিষয় জানতে চাইলাম তখন আমাদের বলা হল আপনাদের ডিসচার্জ করা হয়েছে।

স্যার, আমি একটু বলি আমার অভিজ্ঞতা থেকে যে বৈকাল ৫।। টা থেকে রাত্রি ৩।। টা পর্য্যন্ত ১,৪৫১ জনকে গ্রেপ্তার করা হল—পুরুষ এবং মহিলা, তদের জেলখানায় নেওয়া হল, ৩।।টা পর্য্যন্ত জেলখানায় লাষ্ট ব্যাচ ঢুকেছে, আই, জি, এসেছিলেন রিভিউ করতে, তিনি বলে গেলেন সকলকে জেলাখানায় নেবার মত জায়গা আছে, সকলের খাওয়ার ব্যবস্থা আছে, আমরা জানলাম আমাদের কেন ডিসচার্জ করা হল, ও রা বললেন, জেলাখানায় আর জায়গা নেই। কি ব্যাপার? ২,২০০ লোকের জেলখানায় জায়গা আছে, তার মধ্যে ১৬৮০ জন আগে থেকে আছে, তার উপর ১,৪৫১ জনকে নেওয়া হল। ২২০০ জায়গায় ৩,১০০ পেরিয়ে গেল এবং মহিলাদের ২৫২ জনকে নেওয়া হল, তাদের যেটুকু জায়গা ধার্য করা হল—আমি আজকেই শ্রীমতী গীতা মুখোপাধ্যায় মহাশয়ার কাছ থেকে একটা ম্যাসেজ পেয়েছি সকালবেলায় তাতে তিনি বলেছেন, থালা নেই, গেলাস নেই, জল নেই, পায়খানার ব্যবস্থা নেই, সেখানে একটা অসম্ভব অবস্থা, সেখানে এতগুলো মেয়ে থাকতেই পারে না। অবশ্য ট্রান্সফার করবে, সে তো আরো ভয়ংকর ব্যাপার। ট্রান্সফার করবেন কি করবেন না সেটা জানি না কিন্তু এইরকম অব্যাবস্থা হওয়ার কোন কারণ ছিল না। কালকে যে আইন অমান্য হবে অনেক দিন আগে থেকেই সেটা গভর্ণমেন্টের জানা ছিল—তারা ধরবেন কি ধরবেন না সে পলিসি ঠিক ছিল, কিন্তু যখন ধরে নিয়ে গেলেন এই ১,৫৫০ জন লোক কে তখন তাদের কোথায় রাখবেন সেটা ঠিক করার অনেকসময় ছিল। ৫টার সময় আমাদের গ্রেপ্তার করা হয়েছে সুতরাং ৫টা থেকে রাত্রি ৪টা পর্য্যন্ত এই ১১ ঘণ্টা সময় লাগল এইটুকু বুঝতে শুনলাম নাকি ১,৫০০ লোককে এখানে রাখতে পারবেন বলে জেল কর্তৃপক্ষ জানিয়েছিলেন। কি করে জানালেন জানি না। ৫০০ মত জায়গা ছিল আর বললেন ১৫০০ মত লোককে রাখতে পারবেন। এই ১,৫০০ লোককে ঢোকাতে ঢোকাতে /ত্রি ৩।।টা বেজে গেল। আর যারা সব নেতৃস্থানীয় লোক ছিলেন তাদের বলা হল,

আপনারা এখন ঢুকবেন না, আর শেষ কালে তাদের বলা হল আর জায়গা নেই। ১৫০ জন লোককে বলা হল আর জায়গা নেই এবং এই বলে ভোর ৪টের সময় আমাদের ছেড়ে দেওয়া হল। আমি এইরকম অব্যবস্থা আর কখনও দেখি নি। কালকে গভর্ণমেন্টের পক্ষ থেকে প্রসিকিউটার তারা বললেন যে এদের ক্লাসিফিকেসান দেওয়া হবে না, ডিভিসান ওয়ান প্রিজনার বলে গন্য করা হবে না। কিন্তু যারা বিচারক তারা বললেন যে, জেল কোড নিয়ে এস, সমস্ত কাগজপত্র নিয়ে এস আমরা দেখি, তারা পরিষ্কার দেখলেন, সেখানে লেখা আছে পলিটিক্যাল প্রিজনার, ডেমোক্রাটিক মুভমেন্টের ওয়াকার, তাদেরকে ডিভিসান ওয়ান আণ্ডারট্রায়াল দেওয়া হবে। তাদের বিরুদ্ধে চার্জ কি, যে তারা ১৪৪ ধারা অমান্য করেছে, ভায়োলেন্স নেই, বোমা নেই সুতরাং বিচারক তাদের রায়ে ঘোষনা করলেন এদের সকলকে ডিভিসান ওয়ান দেওয়া হোক। শেষ মুহূর্তে আমি গিয়ে পড়েছিলাম বলে রায়টা আমাকে পড়ে শোনান হল, আর কেউ রায় শুনতে পেলেন না। তাতে দেখলাম, বিচারক বলেছেন, এরা চোর নয়, ডাকাত নয়, এরা গনতান্ত্রিক আন্দোলন উচ্চ মূল্যবৃদ্ধি ইত্যাদির ব্যাপারে এসেছেন। এসব সাংঘাতিক ব্যাপার, গভর্ণমেণ্ট সামলাতে পারছেন না, সুতরাং গভর্ণমেন্টের যদি এর ভেতর দিয়ে দৃষ্টি আকর্ষণ করা যায় তাহলে দেশের উপকারই হবে। সুতরাং আমি এই সব বিবেচনা করে আমি এদের ডিভিসান ওয়ান দিচ্ছি এবং ১৩ই মে দিন দিলেন। আর আমাদের বেলায় লাস্ট মোমেন্ট অর্ডার হল, ডিসচার্জ। স্যার, জেলের মন্ত্রীতো আছেন, তিনি একবার কালকে এসে খোঁজ খবর করলেন না, কিম্বা আজকে সকালেও এলেন না, একবার যদি যেতেন প্রেসিডেন্সি জেলের সামনে যে এতগুলি লোক আছে এবং তারমধ্যে আইনসভার দুজন সদস্য আছেন, ব্যাপারটা কি, একটু দেখে আসি, কিন্তু তাও করলেন না। শেষের ব্যাচ যারা ঢুকেছে তাদের জন্য রান্না আরম্ভ হল ৩।। টে পৌনে ৪টের সময়। এরকম অবস্থা আমি জীবনে দেখিনি। যখন বিকেলবেলায় এ্যারেস্ট করা হয়েছে, এত লোক এসেছে, এত লোকের রান্না রেডি কর, তাদের থাকবার জন্য জায়গা ঠিক কর ইত্যাদি কিছুই করা হয়নি। থালা, বাসন, পায়খানার এইরকম অব্যবস্থা এবং অস্বস্তিকর অবস্থা আমরা এর আগে কখন দেখি নি। অনেক মেয়ে নাকি শুনলাম রাত্রিবেলায় গাছের তলায় শুয়েছিল, তাদের থাকবার জায়গা ছিল না। ছেলেরা গাদাগাদি করে থেকেছে, সেখানেও চরম অব্যবস্থা ছিল। আমি খুব আনন্দিত যে মুখ্যমন্ত্রী মহাশয় এখানে এসেছেন। ইতিমধ্যে হয়ত অনেকেই তাকে অবহিত করেছেন। আমি এর প্রতিকার তার কাছে দাবী করছি। যখন তাদের বন্দী করে রেখেছেন, যখন তারিখ পড়েছে ১৩ই মে, সে পর্য্যন্ত যখন তাদের জেলে থাকতে হবে তখন তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা করুন। মানুষের মত তারা যাতে থাকতে পারেন তার ব্যবস্থা করুন। বিচারক যখন তাদের ডিভিসান ওয়ান বলে গন্য করেছেন তখন তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা করুন। আর একটা কথা বলছি, এইরকম ধরনের ব্যাপারের কোন মানে হয় না যখন আমাদের ছেড়েই দেবেন তখন রাত্রি ৪টে পর্য্যন্ত আমাদের কেন বসিয়ে রাখলেন।

সকালে খবরের কাগজে দেখলাম আমাদের এখানে শান্তিপূর্ণভাবে হয়েছে। নিশ্চয়ই হয়েছে, খবরের কাগজে পড়লাম। কিন্তু বহু জায়গায় লাঠি চার্জ হয়েছে। কাঁথিতে লাঠিচার্জ হয়েছে, রামপুরহাটে হয়েছে, বহরমপুরে লাঠিচার্জ হয়েছে, সেটা নাকি শান্তিপূর্ণ নয়। এটা বড়ই দুঃখের বিষয় যারা আইন অমান্য করতে গিয়েছে, তাদের উপর লাঠি-চার্জ হয়েছে কোন কোন জায়গায়, বিশেষ করে মফঃস্বলে দেখলাম অনেকগুলি জায়গায় লাঠিচার্জ হয়েছে। এর আগে বোলপুরে হয়েছে, এবার মেদিনীপুরে হয়েছে, কাঁথিতে হয়েছে, বহরমপুরে হয়েছে, আরও আরও জায়গায় হয়েছে। আমি মনে করি এর তীব্র প্রতিবাদ হওয়া উচিত। এবং জেলে যে অব্যবস্থা তার আশু প্রতিকারের জন্য জেলমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে আমি দাবী জানাচ্ছি।

[1-40—1-50 p.m.]

Shri Shish Mohammad :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বিশ্বনাথবাবু কিছু বলেছেন। আমাদের এখানে সংসদীয় গণতন্ত্র রয়েছে, এখানে আইন অমান্য আন্দোলন হয়, চিরকালই হয়ে আসছে।

যারা শান্তিপূর্ণভাবে আইন অমান্য আন্দোলন করেছিল, তাদের এ্যারেস্ট করে নিয়ে যাওয়া হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় এদের কোন্ ডিভিশনে রাখা হবে এটা ঠিক হয়নি বলে জেলখানায় অব্যবস্থা চলেছে, কেন এই অব্যবস্থা চলেছে? এরপর আমি বিশেষ করে যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে শান্তিপূর্ণভাবে সর্বত্র আন্দোলন হয়েছে, তথাপি বহরমপুরে, কাঁথিতে আসানসোলে এবং রামপুরহাটে বেপরোয়াভাবে লাঠিচার্জ হয়েছে। এমন কি খবর পেয়েছি আমাদের সঙ্গের সদস্য তিমিরবাবুকে বেপরোয়াভাবে পুলিশ প্রহার করেছে। সেদিন দেখলাম পশ্চিম বাংলার শিক্ষকসমিতির পক্ষ থেকে বিধানসভার দিকে আসছিলেন, এসপ্লেনেডে পুলিশ তাদের ব্যারিকেড করে রেখেছিল, তারা সেই পুলিশ বেষ্টনী ভেদ করে বিধানসভায় চলে এসেছিলেন তাসত্ত্বেও সেদিন কিন্তু লাঠিচার্জ হয়নি। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই এইভাবে শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে যারা আন্দোলন চালিয়েছে, তাদের কেন পুলিশ এভাবে লাঠিচার্জ করেছে? মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় আশা করি এর জবাব দেবেন।

Shri Shiddhartha Shankar Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশ্বনাথবাবুর বক্তৃতা খানিকটা এখানে এবং খানিকটা আমার ঘরে বসে শুনেছি। শীস মহম্মদ সাহেবের বক্তৃতা এখানে শুনলাম। কাল আইন ভঙ্গ আন্দোলনের জন্য ১,৪৬৩ জনকে গ্রেপ্তার করা হয়েছিল। তার ভিতর ২৬৬ জন মহিলা এবং ১,১৯৭ জন পুরুষ মানুষ।

(শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ গ্রেপ্তার আমাদেরও করা হয়েছিল কিন্তু ছেড়ে দেওয়া হয়েছে।)

Shri Shiddhartha Shankar Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মাননীয় সদস্যরাও দেখেছেন আমি বারংবার বলেছি আমরা নেতাদের ধরতে চাই না। কিন্তু নেতারা এক্ষেত্রে ধরা দিয়েছেন। কাজেই কোন উপায় ছিল না। নেতাদের তাই ছেড়ে দেওয়া হয়েছিল। বিশ্বনাথবাবু বললেন ভোর-বেলা চারটা পর্য্যন্ত কেন তাদের বসিয়ে রাখা হলো? চারটা পর্য্যন্ত বসিয়ে রাখা হয়েছিল এই কারণে যে কর্মীদের সামনে নেতাদের যদি ছেড়ে দেওয়া হতো, তাহলে নেতাদের কোন সুবিধা হতো না, বরং তারা খানিকটা অসুবিধা বোধ করতেন। সেইজন্য আগে সমস্ত কর্মীদের জেলে ঢোকাতে হয়েছে। এক একজনকে ঢোকাতে অনেকক্ষণ সময় লাগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সকলের জানা দরকার অনেকে জানেন না, খবরের কাগজেও এ সব বেরোয় না। প্রথম দু-ঘন্টা লেগেছে আর্গুমেন্টে, দু-ঘন্টা ঢোকান যায়নি। প্রথমে ম্যাজিস্ট্রেটের কাছে দু-ঘন্টা আর্গুমেন্ট হয়েছে, বন্দীদের ক্লাস ওয়ান, দেওয়া হবে কি হবে না। শেষ পর্য্যন্ত যেহেতু দু-ঘন্টা আর্গুমেন্ট হয়েছিল, দু-ঘন্টা পরে জাজমেন্ট হলো ঠিক আছে, ক্লাস্ ওয়ান দেওয়া হবে। তারপর এক এক করে ধরা হলো। তাদের সমস্ত নাম ঠিকানা লিখতে হয়, প্রপারটি লিখতে হয়। প্রত্যেকেরই এক এক করে ধরে ধরে লিখতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমি আপনাকে জানাতে পারি আমি সারারাত জেগেছিলাম; আমি সমস্তক্ষণ খোজ নিচ্ছিলাম আর কতক্ষণ লাগবে। কোন্ নেতার সঙ্গে কথা বলেছি না বলেছি তা আমি বলতে চাই না। বোধ হয় তিনটে নাগাৎ খবর পেলাম এখনো নেতাদের ছাড়া যাচ্ছে না। কারণ যারা কর্মী আছেন, তাদের আগে ঢোকান হচ্ছিল। আমি দুঃখিত যে নেতাদের এতক্ষণ বসতে হয়েছিল। আমাদের নেতাদের ধরবার কোন ইচ্ছে ছিল না। নেতারা যদি সেটা বলেছেন তাহলে ভবিষ্যতে আমরা তাদের আগেই ছেড়ে দিতে পারবো। কোন অসুবিধা হবে না। আমার কোন আপত্তি নাই আমরা নেতাদের সঙ্গে সঙ্গে আগেই ছেড়ে দেব।

(এ ভয়েস ঃ— এটা রসিকতার ব্যাপার না।)

এটা রসিকতা নয় আসল কথা সরকারের অসুবিধার কথা। নেতারা সকলেই আমার বন্ধু। তাদের এতক্ষণ বসিয়ে রাখা—সে তো ভাল লাগে না। তারজন্য তো নেতাদের ছেড়ে দিতে চেয়েছিলাম।

তারপর খাওয়া দাওয়ার ব্যাপারে ক্লাস ওয়ান যারা হয়েছেন তাদের জন্য সকালবেলা ব্রেক-ফাষ্ট ব্রেড, বাটার এবং টি দেওয়া হয়েছে। মুড়ি দেওয়া হয়েছে। আর লাঞ্চে দেওয়া হয়েছে রাইস, বাটার, মুগডাল, মাংস, ভেজিটেবল আর বয়েল্ড পটেটো অর্থাৎ কিনা আলুভাতে ভাত। ডিভিসান ওয়ানকে যেটা দেওয়া হচ্ছে সেটা নিশ্চয়ই দেওয়া হবে। আমরা এদের ডিভিসন ওয়ান দেওয়ার কথা বলেছি এটা তাদের দেব। তবে আজকে সকালে আমরা যে সিদ্ধান্ত নিয়েছিলাম, সেই সিদ্ধান্ত কার্যকরী এখনই করা হচ্ছে। আর মহিলাদের সকলকে আমরা ছেড়ে দিচ্ছি। শ্রীমতী গীতা মুখোপাধ্যায় মহাশয়াকে আমরা ধরতে চাইনি। তার সম্বন্ধে রিপোর্ট হচ্ছে ইট মে বি মেনটেন্ড দ্যাট শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ইনসিসটেড টু গেট ইন দি জেল এবং উইথ শ্রীমতী বিদ্যা মুন্সী এ্যান্ড আদার ওম্যান ভলেনটিয়ারস্। এস এ রেজাল্ট শি ওয়াজ লজড্ ইন দি জেল। তাকে আমরা ধরতে চাইনি। তাকে আমরা নেতাদের সঙ্গে ছেড়ে দিতে চেয়েছিলাম। কিন্তু তিনি জোর করে জেলে থাকবেন। আমরা কী করতে পারি? তিনি জেলে থাকুন, তিনি আমাদের একজন নেত্রী।

Shri Biswanath Mukherjee:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রীর তো অভিজ্ঞতা নাই। ম্যাজিস্ট্রেটের অর্ডার ছাড়া কাউকে জেল কাষ্টডিতে পুরে দেওয়া যায় না। ম্যাজিস্ট্রেটের অর্ডার ছাড়া কেউ কাউকে জেলে নিতে পারে না।

Shri Siddhartha Shankar Ray:
আমি ম্যাজিস্ট্রেটকে বলতে চেয়েছিলাম যে গীতা মুখার্জীর বিরুদ্ধে কোন কেস নাই, তাকে তাড়াতাড়ি ছেড়ে দেওয়া হোক্। অন্যের সম্বন্ধে যা বলেছিলাম গীতা মুখার্জী সম্বন্ধেও ঐ একই কথা বলেছিলাম। কিন্তু তিনি চাইলেন না। সুতরাং তাকে আর বিব্রত করতে চাইনি। না হোক এ বিষয়ে আর আমি কিছু বলতে চাই না। আমরা সিদ্ধান্ত নিয়েছি, কেউ কিছু বলার আগেই আজ সকালে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে মহিলা যত আছেন, তাদের সকলকেই ছেড়ে দেওয়া হবে।

[1-50—2-00 p.m.]

আর একটা জিনিস সর্বদাই স্মরণ রাখা দরকার যে জেল কাস্টোডিতে রাখতে গেলে মহিলাদের ব্যাপারেতে আইন অনুযায়ী প্রেসিডেন্সি জেলই আছে। আমাদের হয়তো অন্য কোন ব্যবস্থা করতে হবে যাতে মহিলাদের অন্য কোন জেল কাস্টোডিতে রাখা যায় কিন্তু এখন পর্যন্ত যায়নি। যুক্ত ফ্রন্টের আমলে যে আইন ছিল মহিলাদের জেল কাস্টোডি খালি সেই প্রেসিডেন্সি জেলই আছে। যাই হোক চিরকালই তাই ছিল। তার জন্য আমাদের চিন্তা করতে হবে যে দমদম জেলে নেওয়া যায় কিনা। আপাততঃ এই প্রশ্নটা আসছে না কারণ সমস্ত মহিলাকেই আমরা ছেড়ে দিচ্ছি। আর অন্য যারা আছেন তারা তো জেলে থাকবেন সে অর্ডার দিয়েছে। আমি শুনেছি, মাননীয় বিশ্বনাথ মুখার্জী আমাকে বললেন ম্যাজিস্ট্রেট অর্ডার দিয়েছেন তাদের জেল কাস্টোডিতে ১৩ তারিখ পর্যন্ত কিন্তু তাতে বোধ হয় বেলের কথাও আছে। কারণ ২৫ টাকা বেল এ্যামাউন্ট ফিক্স করা হয়েছে তারা যদি দিয়ে দেন তাহলে দিতে পারেন আর যদি বেল না নেন তাহলে আমি কি করতে পারি?

(শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ আমরা তাদের প্রিজনার হিসাবে সুযোগ সুবিধা দিতে বলেছি, ছেড়ে দেবার কথা বলিনি।)

আর সুযোগ সুবিধার কথা বলছেন এখানে লাঞ্চ দেওয়া হয়েছে রাইস এ্যান্ড বাটার, মিট, ভেজিটেবেল, মুগডাল, বয়েল্ড পোটাটো, তাদের দেওয়া হয়েছে।

(শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ সেটা আমরা জানি কিন্তু তারা যাতে জল পায় এবং অন্যান্য সুযোগ সুবিধা পায় এইটুকু করুন। আপনাকে জেল কোডে যা আছে সেই হিসাবে দিতে হবে।)

নিশ্চয়ই দেবো। এটা আপনারা জানবেন যে ক্লাস ওয়ান প্রিজনার রেখে আমাদের কোন লাভ নেই। একবার ভেবে দেখুন তো মাথাপিছু আমাদের কত খরচা হচ্ছে, রাইস এ্যান্ড বাটার, মিট, ভেজিটেবেল, মুগডাল, বয়েল্ড পোটাটো—মাথাপিছু কত খরচ হচ্ছে? তাই আমরা চাই না যে তারা জেলে আসুক।

(শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ কিছুদিন আগে দমদম জেলে যারা বন্দী ছিল তাদের পিছনে কত টাকা খরচ হতো?)

আমি তো আপনাকে ইনটারফিয়ার করিনি, আপনি আমাকে বলতে দিন। আপনি জানেন আমি কি করতে পারি। আমি চাই না কাউকে জেলে নিতে। আমি চাই যে শান্তির পথে আমরা সকলে চলি যাতে জেলে কাউকে না যেতে হয়। কিন্তু আমি কি করতে পারি ম্যাজিস্ট্রেট তো আমার হাতের লোক নয়। ম্যাজিস্ট্রেট, জুডিশিয়ারি ইনডিপেনডেন্ট, তিনি যে অর্ডার দেবেন সেই অর্ডার মেনে আমরা চলবো। তবে মহিলাদের সম্পর্কে আমার এক্সট্রা ডাইরেকশন যেটা আছে উইথড্র করার আমরা মহিলাদের আজকে থেকে সব ছেড়ে দিচ্ছি।

Shri Sukumar Bandyopadhaya :

স্যার, মাননীয় শীস মহম্মদ সাহেব বলেছেন যে আসানসোলে লাঠি চার্জ হয়েছে। স্যার, আমার কাছে টেলিফোন এসেছে আজকে যে আসানসোলে লাঠি চার্জ হয়নি। তার বক্তব্য সম্পূর্ণ অসত্য।

Shri Siddhartha Shankar Ray:

আর একটা কথা বলতে ভুলে গিয়েছি, অধ্যক্ষ মহাশয়, মাত্র তিনটি জায়গায় সামান্য লাঠি চার্জ হয়েছে। আমাদের পুরো নির্দ্দেশ ছিল যাতে লাঠি চার্জ কোথায়েও না করতে হয়, কোথাও যাতে বন্দুক বা টিয়ার গ্যাস না চালাতে হয়। কোথাও চালান হয়নি। যেখানে খানিকটা গোলমাল হয়েছে সেখানে দুঃখের বিষয় খানিকটা সামান্য লাঠি চার্জ করতে হয়েছে। কিন্তু এতে কারো ক্ষতি হয়নি। মাঝে মাঝে তো শান্তি রাখতে হবে। শান্তি রাখতে হবে সারা পশ্চিমবঙ্গে। সারা পশ্চিমবঙ্গে শান্তি রাখবার জন্য ২।১ জায়গায় সামান্য লাঠি চার্জ হয়েছে।

Shri Deokinandan Poddar:

अध्यक्ष महोदय, मैं एक महत्वपुर्ण घटना की ओर सरकारका इस हाउस का ध्यान आकर्षित करना चाहता हूं। आज सुबह करीब ८ बजे मेरे इलाके जोड़ासाकु में वो नृशंस हत्यायें हो गइ हैं। वो ट्राफिक पुलिस जो चितरंजन एभन्यु और मुक्तारामबाबु स्ट्रीट के मोड़ थीं, उन पर कुछ आततायियों ने गोली चलाइ। एक सिपाही उस जगह पर मार दिया गया और दुसरे सिपाही को घायल अवस्था में अस्पताल भेजा गया। उन्ही के रिवालर को छीन कर आततायियोंने गोली चलाइ। इससे एक आतंक की सृष्टि सारे कलकत्ते में—विशेष कर उस इलाके में फ़ैल गइ है। इस तरह की घटना की पुनरावृत्ति फिर न हो, इसके लिए मैं सरकार से तदन्त करने का अनुरोध करेंगा।

कुछ दिनों पहले करीब एक डेढ़ महीने के पहले एक और घटना घट चुकी है। दो लड़के बुरी अवस्था में घायल कर दिये गय थे। फिर आज यह घटना घटी। इसलिए मैं मुख्यमंत्री से अनुरोध करेंगा कि वे इस घटना का तदन्त जल्दसे जल्द करने की कृपा करें।

Shri Siddhartha Shankar Ray: Firmest action is being taken.

The West Bengal Relief Undertakings (Special Provision) (Amendment) Bill, 1974

Dr. Gopal Das Nag: Sir, I beg to introduce the West Bengal Relief Undertakings (Special Provision) (Amendment) Bill, 1974.

[Secretary then read the title of the Bill.]

Dr. Gopal Das Nag: Sir, I beg to move that the West Bengal Relief Undertakings (Special Provision) (Amendment) Bill, 1974, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বোধ হয় যে, পশ্চিমবাংলায় এখনও পর্য্যন্ত অনেকগুলি শিল্প প্রতিষ্ঠান আছে যেগুলি রুগ্ন অথবা বন্ধ। এখনও পর্য্যন্ত পশ্চিমবাংলায় গত ২ বছরে আমরা ২৪টা শিল্প প্রতিষ্ঠানের পরিচালনার ভার গ্রহণ করেছি ও তাতে ৫৫ হাজার লোক কাজে ফিরে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সময়ের মধ্যে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের মধ্যে কোথাও অনুরূপ পরিমাণ কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন কোন ক্ষেত্রে ২৪টা ইউনিটকে সরকার সরাসরি টাকা দিচ্ছেন অথবা ব্যাঙ্ক ও অন্যান্য ফাইনানসিয়াল ইনস্টিটিউসান-এর কাছে গ্যারান্টি দিয়ে ধার সংগ্রহ করে দিয়েছি। কোন কোন ক্ষেত্রে আই, আর, সি, আই, এবং স্টেট গভর্ণমেন্টের সঙ্গে রিকনস্ট্রাক্সন এ্যাসিসট্যান্স দিয়েছেন। এই সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এই রুগ্ন এবং বন্ধ শিল্পগুলি পুনরুজ্জীবিত করবার জন্য, যাতে নাকি এখানে যারা কর্মচারী ছিলেন তাদের চাকরি অটুট থাকে। এবং এটা একটা লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানে পরিণত হতে পারে। এবং আরো পরবর্তীকালে সেখানে নূতন লোক নিযুক্ত হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল এর দ্বারা আমরা পরিচালনার দায়িত্ব গ্রহণ করছি এটা একটা স্বল্পকালীন মেজার হিসাবে এর পরিচালনার দায়িত্ব আমরা গ্রহণ করতে পারি। এর পরিচালনার দায়িত্ব গ্রহণ করে কারখানাটি যদি পুনরায় তার নিজের পায়ে দাঁড়াতে পারে তাহলে পরবর্তীকালে সরকার এই কারখানাগুলির সম্পূর্ণ দায়িত্বভার গ্রহণ করতে হবে এবং মালিকানা গ্রহণ করবার পর বা অন্য কোন ব্যবস্থা এর জন্য গ্রহণ করতে হবে। সেদিকে এই স্বল্পকালীন মেয়াদে এর পরিচালনা ইণ্ডাস্ট্রিয়্যাল ডেভেলাপমেন্ট এণ্ড রেগুলেসন এ্যাক্টে আছে ম্যানেজমেন্ট টেকওভার করার প্রভিসন তার সঙ্গে আর একটা জিনিস আছে যে ওয়েস্ট বেঙ্গল রিলিফ আণ্ডারটেকিংস এ্যাক্ট, ১৯৭২, এর উদ্দেশ্য হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমস্ত কারখানাগুলি যা রুগ্ন এবং বন্ধ হয়ে গিয়েছিল তা অধিকাংশ ক্ষেত্রে সমীক্ষা চালিয়ে দেখেছি যে অধিকাংশ ক্ষেত্রেই ম্যানেজমেন্টের ব্যর্থতা নানান রকম কারচুপি এবং আর্থিক কারণে কারখানাগুলি বন্ধ হয়ে গিয়েছিল। এই কারখানার সম্পত্তির যা ভ্যালু তার থেকে তার দেনার পরিমাণ অনেক গুণ বেশী। সেইজন্য সরকারকে একটা ব্যবস্থা অবলম্বন করতে হয়েছিল। রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্টের মাধ্যমে সেই রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্টকে প্রয়োগ করে সরকার সেই পুরাতন যে দেনা আছে সেই পুরাতন দেনাকে ফ্রিজ করে রাখতে পারতেন, যতদিন পর্যন্ত এই ম্যানেজমেন্ট টেকওভার করে রিভাইভ্যালের প্রচেষ্টা চালাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্টে যে প্রভিসন আমাদের আছে সেই প্রভিসনে আমরা ৫ বছর পর্যন্ত এই রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্টে একের পর এক বছর প্রয়োগ করতে পারি। কিন্তু আমাদের গত ২ বছরের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে কোন কোন ক্ষেত্রে এই ৫ বছর সময় অত্যন্ত অল্প সময় হবে আমাদের কাজের পক্ষে। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উল্লেখ করতে চাই মহারাষ্ট্র সরকার অনুরূপ একটা এ্যাক্ট করেছেন, সেই এ্যাক্টে ব্যবস্থা আছে যে রিলিফ আণ্ডারটেকিং এ্যাক্টের মেয়াদ ১০ বছর থাকবে। [illegible] মহারাষ্ট্র সরকার এটাকে এ্যামেণ্ড করে ১৫ বছর করতে চেয়েছেন। কিন্তু আমি এখানে পশ্চিমবাংলায় এতদিন পর্যন্ত মরেটরিয়াম ক্লিয়েটের অভিপ্রায় আমার নেই এবং প্রয়োজনও মনে করি না।

[2-00—2-10 p.m.]

